012n-x400

সংকলন ও সম্পাদনা মুহাম্মদ হাবিবুর রহমান আনিসুজ্জামান

আইন-শব্দকোষ

সংকলন ও সম্পাদনা

মুহাম্মদ হাবিবুর রহমান

এম এ (ঢাকা ও অক্সফোর্ড), এলএল বি (ঢাকা), ব্যারিন্টার অ্যাট ল (লিংকনস ইন) বাংলাদেশের সাবেক প্রধান বিচারপতি এবং তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা

আনিসুজ্জামান

এম এ (ঢাকা), পিএইচ ডি (ঢাকা), ডি লিট (সাম্বানিক, রবীন্দ্রভারতী) ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের সংখ্যাভিরিক্ত অধ্যাপক



- © Her Majesty the Queen in Right of Canada, Canadian International Development Agency (CIDA) 2006
- © Sa MajestÈ la Reine du chef du Canada, Agence canadienne de dÉveloppement international (ACDI) 2006

All rights reserved. No part of this publication may be reproduced, stored in any retrieval system, or transmitted in any form or by any means, without the prior permission in writing of the copyright holder.

This book has been printed with the linancial support of the Canadian International Development Agency, as part of the CIDA Legal Reform Project: Part A, and with the technical support of the Canadian Department of Justice, as the executing agency.

সর্বস্বত্ব সংরক্ষিত। স্বত্যাধিকারীর লিখিত পূর্বানুমতি ব্যতিরেকে এই প্রকাশনার কোনো অংশ কোনোভাবে পুনঃপ্রকাশ করা, কোনো পুনরুদ্ধরণীয় ব্যবস্থায় সঞ্চয় করা, অথবা কোনো রূপে বা উপায়ে পুনঃপ্রচার করা যাইবে না।

কানাডীয় আন্তর্জাতিক উন্নয়ন-সংস্থার (সিডা) অর্থানুকূল্যে সিডার আইনি সংক্ষার প্রকল্প, প্রথম তাগের অংশরূপে এবং কানাডার বিচার বিভাগের প্রায়োগিক কৌশলগত সহায়তায় এই গ্রন্থ মুদ্রিত হইয়াছে।

প্ৰথম প্ৰকাশ	আগই ২০০৬
©]	কানাডার রাজ্যাধিকারিনী মহামান্যা রানী, কানাডীয় আন্তর্জাতিক উন্নয়ন-সংস্থা (সিডা), ২০০৬
প্রচ্ছদ	মাসুম রহমান
প্ৰকাশক	মাজহারুল ইসলাম অন্যপ্রকাশ ৩৮/২-ক বাংলাবাজার, ঢাকা-১১০০
	ফোন : ৭১২৫৮০২ ফ্যাক্স : ৮৮-০২-৯৬৬৪৬৮১
যুদ্ৰণ	কালারলাইন প্রিন্টার্স ৬৯/এফ গ্রীনরোড, পাহুপথ, ঢাকা
মূল্য	শোভন সংস্করণ ১৫০০ টাকা সুনভ সংস্করণ ১০০০ টাকা
আমেরিকা পরিবেশক	মৃক্তধারা জ্যাকসন হাইট, নিউইয়র্ক
যুক্তরাজ্য পরিবেশক	সঙ্গীতা লিমিটেড ২২ ব্রিক দেন, নভন
ÂIN-SABDAKOS	Compiled and edited by Muhammad Habibur Rahman and Anisuzzaman. Published by Mazharul Islam, Anyaprokash, Dhaka. Cover Design: Masum Rahman
	ISBN: 984 868 414 X

সৃচিপত্ৰ

সংকেত-সৃচি ছয়
ভূমিকা সাত
আইন-শব্দকোষ ১
নির্ঘণ্ট ১১৬৭
গ্রন্থপঞ্জি ১৩১১

সংকেত-সূচি

অব্য.	অব্যয়
ক্রি.	ক্রিয়াপদ
ক্রি. বিণ.	ক্রিয়াবি শে ষণ
ব্রি.	খ্রিষ্টাব্দ
বি,	বিশেষ্য
বিণ.	বিশেষণ
তু.	তুলনীয়
দ্র.	দ্রষ্টব্য
সং	সংস্করণ
সৰ্ব.	সৰ্বনাম
adj.	adjective
adv.	adverb
ed.	edited by
edn.	edition
n.	noun
prep.	preposition
pron.	pronoun
vb.	verb

ভূমিকা

বাংলাভাষায় আইনচর্চার সহিত এদেশে ইংরাজ শাসনের ইতিহাস ওতপ্রোতভাবে জডিত। ১৭৬৫ খ্রিষ্টাব্দে সম্রাট দিতীয় শাহ আলমের নিকট হইতে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলা, বিহার ও উডিষ্যার দেওয়ানি লাভ করে। ফলে এই তিন প্রদেশের রাজস্ব ও সাধারণ প্রশাসনের ভার ব্যতীত বিচারব্যবস্থার দায়িত্বও কোম্পানির উপর অর্পিত হয়। তবে সঙ্গে সঙ্গেই কোম্পানি এইসকল দায়িত্বপালনে অগ্রসর হয় নাই। গভর্ণর-জেনারেলরূপে ওয়ারেন হেন্টিংসই প্রথম নূতন বিচারব্যবস্থার ভিত্তিস্থাপন করেন। তাঁহার আমলে কয়েকটি স্থানে মফস্বল আদালত স্থাপিত হয় এবং সর্বোচ্চ আপিন আদালতরূপে প্রতিষ্ঠিত হয় সদর দেওয়ানি আদালত ও সদর ফৌজদারি আদালত। এইগুলি কোম্পানির আদালত বলিয়া পরিগণিত হইত। ১৭৭৩ সালের রেণ্ডলেটিং অ্যাক্টের অধীনে কলিকাতায় সুপ্রিম কোর্ট স্থাপিত হয়। ইহা পূর্বতন ও স্বল্পস্থায়ী মেয়র-আদালতের স্থলাভিষিক্ত হয় এবং রাজার আদালতরূপে কলিকাতা শহরের সীমানার মধ্যে ইংরাজি আইন প্রয়োগ করিতে থাকে। অন্য সকল আদালতে কিন্তু দেশীয় আইন অর্থাৎ হিন্দু ও মুসলমানের পারিবারিক আইন এবং সামান্য পরিবর্তিত হইয়া মুসলিম ফৌজদারি আইন প্রযুক্ত হইত। ১৮৬০ সাল পর্যন্ত এই দৈত ব্যবস্তা চলে। ১৮৬১ সালের মধ্যে দণ্ডবিধি এবং দেওয়ানি ও ফৌজদারি কার্যবিধি প্রণীত হইলে দ্বৈত ব্যবস্থার অবসার্ন ঘটে। ক্রমে শাসকেরা হিন্দু ও মুসলমান আইন বিধিবদ্ধ করিতে অগ্রসর হন।

এদেশে আইনি বিষয়ে দেশের প্রচলিত প্রথা ও আইনের সহিত বিদেশ হইতে আহরিত আইন ও নীতির মেলবন্ধনের একটি প্রয়াস লক্ষ করা যায়। ইংরাজ শাসনের প্রথমদিকে হিন্দু ও মুসলিম পারিবারিক আইনের আক্ষরিক ব্যাখ্যার প্রবণতা ছিল। পরবর্তীকালে সমাজপরিবর্তনের ধারায় তাহাকে যুগোপযোগী করিবার প্রয়াস দেখা দেয়। এক্ষেত্রে ইংরাজি আইন ও ইংরাজি নৈতিক চিন্তার সুদূরপ্রসারী প্রভাব যে ছিল, তাহা অনস্বীকার্য। ইংরাজ আমলে বিভিন্ন সম্প্রদায়ের ধর্মীয় আইনে জন্মমৃত্যুবিবাহ, উত্তরাধিকার, অভিভাবকত্বের বিষয়ে পরিবর্তন ছিল কম। মুসলমান রাজারা হিন্দু আইনে হন্তক্ষেপ করিবার তেমন চেষ্টা করেন নাই। ইংরাজ শাসকেরা হিন্দু-মুসলমান সকলের পারিবারিক আইনের ন্যূনতম সংস্কার করিয়াছেন মাত্র। যখন কোনো প্রথার অমানবিকতার প্রতি তাঁহাদের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে, তখন স্বতঃপ্রবৃত্ত হইয়া, অথবা হিন্দু বা মুসলমান সংস্কারকরা যখন দাবি করিয়াছেন, তখন সেই দাবির যথার্থতা

বিবেচনা করিয়া ইংরাজি আইনের আলোকে কিছু কিছু পরিবর্তন করা হইয়াছে। সতীদাহ (১৮২৯), দাসপ্রথা (১৮৪৩), বর্ণজনিত অযোগ্যতা (১৮৫০), শিতহত্যা (১৮৭০), বাল্যবিবাহ (১৮৯১)— এসকলের বিরোধী আইন এবং বিধবাবিবাহ (১৮৫৬), ধর্মান্তরিতদের পুনর্বিবাহ (১৮৮৬), ব্রাক্ষবিবাহ (১৮৭২) বা হিন্দুবিবাহ সম্পর্কিত (১৯২৫ ও ১৯২৯) আইন তাহার দৃষ্টান্ত। মুসলমান আইনের সংস্কারের উদাহরণ ওয়াক্ফ (১৯১৯, ১৯৩০), শরিয়ত (১৯৩৭) ও মুসলিম বিবাহবিচ্ছেদসম্পর্কিত (১৯৩৯) আইন। সকল নাগরিকের জন্য একই পারিবারিক সংহিতার যেদাবি অধুনা শ্রুত হয়, তাহা পূর্বে কখনো ধ্বনিত হয় নাই। সূতরাং এই মর্মে কোনো পদক্ষেপগ্রহণের প্রশ্ন ওঠে নাই। পারিবারিক আইনের বাহিরে সাধারণ আইনের ক্ষেত্রে ইংরাজ আমলে অবশ্য উল্লেখযোগ্য সংক্ষার হইয়াছে। ইংরাজদের উল্লেখযোগ্য অবদান হেবিয়াস কর্পাসের বিধান। বস্তুত, ভারত-সাম্রাজ্য ইংরাজ আইনের হটহাউস বা উক্ষোদ্যানে পরিণত হয়। ইংল্যান্ডে নৃতন আইন-প্রণয়নে যেসব ক্ষেত্রে বাধা ছিল, বিদেশি রাজশক্তির নিরক্কশ প্রতিপত্তির বদৌলতে ভারতবর্ষে সেখানে তেমন বাধা বা প্রতিবন্ধকতা দেখা যায় নাই। প্রজানুরঞ্জনে ব্যক্তিক্বাধীনতার ক্ষেত্রে এমন বহু বিধান ভারতবর্ষে রোপিত হয় যাহা রক্ষণশীল ইংল্যান্ডে সম্ববপর হয় নাই।

একাধিক আইন কমিশনের উদ্যোগ ও প্রস্তাবে চুক্তি, সম্পত্তির ক্রয়-বিক্রয় ও হস্তান্তর, খ্রিষ্টানদের বিবাহ, বিচ্ছেদ ও উত্তরাধিকার, অসবর্ণ বিবাহ, কোম্পানি ও ফ্যাক্টরি, বিক্ষোরক দ্রব্য ও বৈদেশিক মুদ্রা প্রভৃতি বিষয়ে ইংরাজ আমলে নৃতন আইন প্রণীত হয়। উল্লেখযোগ্য ব্যতিক্রম টর্ট। টর্টসংক্রান্ত কোনো আইন এদেশে গৃহীত হয় নাই। স্যার ফ্রেডরিক পোলক এ-বিষয়ে একটি বিলের মুসাবিদা করিলেও শেষ পর্যন্ত তাহা আইনে পরিণত হয় নাই। বরঞ্চ ইংল্যান্তে প্রচলিত টর্ট আইনের দিক্নির্দেশনা সুবিচার, সুনীতি ও সুবিবেকের অনুষঙ্গরূপে ব্রিটিশ ভারতের আদালতে বিবেচনা করা হয়। যেখানে আইনের অভাব বা ফাক দেখা যাইত, সেখানে আদালতে সুবিচার, সুনীতি ও সুবিবেক-অনুযায়ী বিচার করা হইত। ১৮৮৭ সালে ওয়াঘেলা বনাম শেখ মসলুদ্দিনের মামলায় ধার্য করা হয় যে, জান্টিস, ইকুইটি ও গুড কনশায়াঙ্গ অথবা সুবিচার, সুনীতি ও সুবিবেক বলিতে ভারতীয় সামাজিক পরিপ্রেক্ষিতে ইংরাজি আইনকে বুঝাইবে।

ভারতে ইংরাজকৃত আইনকে ঔপনিবেশিক আইন বলিয়া চিহ্নিত করিয়া অনেক সমালোচনা হইয়াছে। ঔপনিবেশিক আইনের ধারা পরিবর্তনের দাবিও মাঝে মাঝে শোনা যায়। কিন্তু অনুরূপ পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করিবার জন্য যে-মানসিকতা ও পরিশ্রমের প্রস্তুতি প্রয়োজন, তাহার অভাব স্পষ্টতই অনুভূত হয়। ভারতীয় আইন কমিশন ইংরাজ-প্রবর্তিত আইনকে দেশের আইন বলিয়া অভিহিত করিয়াছে। পাকিস্তানে হামিদুর রহমান আইন কমিশন উক্ত মত সমর্থন করিয়াছে। বিটিশ পার্লামেন্টে ১৯৪৭ সালের ভারতীয় স্বাধীনতা আইন পাশ হইবার পরে উপমহাদেশে

গৃহীত সাংবিধানিক পরিবর্তনের মধ্যেও ১৯৪৭-পূর্ব প্রচলিত আইনের ধারাবাহিকতা প্রায় অক্ষুণু রাখা হইয়াছে। নৃতন রাষ্ট্রের অভ্যুদয়ের ফলে স্থানবিশোষে পুরাতন আইনের রদবদল করা হইয়াছে এবং সংবিধানের সহিত সামঞ্জস্যবিধানের প্রয়াস দেখা দিয়াছে। ইংরাজের কমন ল, অন্যবিধ আইন এবং বিচারব্যবস্থার প্রভাব উপমহাদেশে এখনো বিদামান।

দুই

ওয়ারেন হেস্টিংসের আমল হইতেই সপরিষদ গভর্নর-জেনারেল নৃতন নৃতন রাজস্ব, দেওয়ানি ও ফৌজদারি আইন প্রণয়ন করিতে গুরু করে এবং একইসঙ্গে তাহার ফারসি ও বাংলা অনুবাদ প্রকাশ করা আবশ্যিক করিয়া তোলে। ১৭৮৫ সালে জনাথান ডানকান (১৭৫৬-১৮১১) সর্বপ্রথম Regulations for the Administration of Justice, in the Courts of Dewanny Adalaut (মফাবল দেওয়ানি আদালত সকলের ও সদর দেওয়ানি আদালতের বিচার ও ইনসাফ চলন *হইবার কারণ ধারা ও নিয়ম)* রচনা করেন। ডানকান বেনারসের গভর্নররূপে ইতিহাসে প্রসিদ্ধি লাভ করিয়াছেন, তবে বাংলায় আইনের ভাষা-প্রণয়ন ও পরিভাষা-উদ্ভাবনের পথিকৎরূপে তাঁহার ভূমিকা চিরস্থরণীয়। পরে তিনি আরো তিনটি আইনের অনুবাদ করেন। তিনি বাংলা, ফারসি ও ওলন্দাজ ভাষা জানিতেন। তাঁহার পদাঙ্ক অনুসরণ করিয়া অষ্টাদশ শতকে আর যাঁহারা আইনের বঙ্গানুবাদ করেন. তাঁহারা হইলেন জি. সি. মেয়ার (১৭৬৭-১৮২৩), নিল বেনজামিন এডমনক্টোন (১৭৬৫-১৮৪১), হেনরি পিটস ফরস্টার (১৭৬৬-১৮১৫) ও জর্জ ফ্রেডারিক চেরি (১৭৮৯ হইতে ১৭৯৩ পর্যন্ত ফারসি অনুবাদকের পদে অধিষ্ঠিত ছিলেন)। ইঁহাদের মধ্যে এডমনক্টোন ও ফরন্টারের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। এডমনক্টোন ফারসিনবিশ ছিলেন, তাঁহার অনুবাদ ডানকানের ন্যায় উন্নত নহে, তবে তাহাতে ফারসি শব্দের আধিক্য লক্ষণীয়। তিনি সরকারের উপ-অনুবাদক ও অনুবাদকের পদে অধিষ্ঠিত ছিলেন, উত্তরজীবনে কোম্পানির একজন ডাইরেক্টর নিযুক্ত হন। ফরন্টার কর্মজীবনের শেষে কলিকাতা টাকশালের প্রধান পদে উন্নীত হন। ফরস্টারের খ্যাতির মূলে রহিয়াছে তাঁহার A Vocabulary in Two Parts, English and Bengalee and Vice Versa (১৭৯৯)। এডমনস্টোন যে আইনের অনুবাদ নিজে করিয়াছিলেন, তাহাতে সন্দেহ নাই। তবে ফরস্টারের নামে আইনের সর্বাধিক অনুবাদ প্রকাশিত হইলেও সেগুলি তাঁহার অনুবাদ না হইয়া তাঁহার তত্ত্বাবধানে কৃত অনুবাদ হইবার সম্ভাবনাই অধিক। ইহাদের অনুবাদের, বিশেষত আইনি শব্দ ও বাক্যাংশের নমুনা উপস্থিত করিলে পাঠকের কৌতৃহল নিবৃত্ত হইতে পারে। প্রথমে ডানকানের Regulations (১৭৮৫) হইতে উদাহরণ দেওয়া যাউক:

according to justice, equity and good conscience বিচার্যা ও ন্যায্য ও ধর্মতো যে বুঝেন

as justice shall require বিচার্যামতে

being too extensive বিস্তীৰ্ণ্ন জন্যে

Decree founded on an award of an arbitrator or arbitrators সালিশি ক্রক

discontinued স্থগিত

due notice to be given to the parties or their vakeels উভয় পক্ষ স্বয়ং কিংবা ভাহার দিগের উকিলকে সংবাদ করিবেন

established চালু

Gaol কারাগার জেহেলখানা

if he [the judge] shall approve thereof ব্যবস্থাপক সাহেব যদি প্রামাণ্য বুঝেন

if they mutually consent to the same তাহাতে যদি দুই জন মন্যতো হয়

reconciled পুনক স্থৈৰ্য্য

secured to the satisfaction of the court আদালতের প্রত্যয়ের মত নিসা

such of them as shall attend তাহার মধ্যে যে সাক্ষাৎ হয় sum to be paid সরঞ্জামি দাতব্য

with a view to correct the abuses to which the use of Mohussel-Peons are liable অনাহত পেয়াদা মহসিল দিবার বারণের জন্যে

এজমনটোন প্রথমে Bengal Translation of Regulations for the Administration of Justice, in the Faujdary or Criminal Courts; in Bengal, Behar and Orissa (১৭৯১) ও পরে Bengal Translation of Regulations for the Guidance of the Magistrates (১৭৯২) প্রকাশ করেন। তাঁহার অনুবাদের কিছু নমুনা:

apprehending ধর পাখড়

authority rendered more effectual & complete এক্টেয়ার ও প্রতাপ জেয়াদা হইল

defective নাকারা ও দোসী আছে

differ in opinion মতে দিধা হয়

evince সকলকে জাহির আছে

for revising the proceedings মোকর্দমা ও মামিলিয়ত সকলের খবরদারি ও জ্ঞাত কারণ

lowest and most indigent classes of people অনেক ক্ষুদ্র ও অতি গরিব লোক

obliged to অবৰ ছিলেন shall remain গৌন করিবেন

sufferings দুঃখ ব্যামহ

ফরন্টার প্রকাশ করেন Bengal Translation of the Regulations, passed by the Governor-General in Council during the year 1793 (১৭৯৩) এবং ১৭৯৪ হইতে ১৮০০ সাল পর্যন্ত প্রতি বৎসরের অনুরূপ আইন-সংকলনের অনুবাদ। তাঁহার প্রয়াসের কিছু পরিচয়:

adherence to the principles মর্ম্মের সঙ্কলন

allowances মিনাহ্

certain articles of a proclamation যে যে বিশেষ এন্তেহার নানা ক্রমে প্রকাশ পাইয়াছে

certainty খাতিরজমা

dependent পেটাব [পেটাও]

drought, inundation or other calamity of season অনাবৃষ্টি কিষা অতিবৃষ্টি অৰ্থাৎ সুকা কিম্বা হাজা অথবা আকাশী অন্যোৎপাত

good faith and moderation ভদ্রদায়ক ও স্নেহকারক

management and industry চেষ্টা ও তবদুদ [তওদুদ]

remain unalterable for ever অস্থির ও ফেরফার নাহইয়া চিরকাল স্থিরতর ও বহাল রহিবেক

with a view to promote the future ease and happiness of the people এদেশের যাবতীয় লোকের কল্যাণ ও কুশলের বীজের প্রতি দৃষ্টি রাখিয়া

অষ্টাদশ শতাব্দীর শেষে অর্থাৎ ১৭৮৫ হইতে ১৮০০ সালের মধ্যে আইনের অনুবাদের ২৯টি গ্রন্থ প্রকাশিত হয়, তাহার মধ্যে দুইটির অন্তিত্ব এখন সম্ভবত বিলুপ্ত। সরকারি উদ্যোগে অনুবাদের এই ধারা উনবিংশ শতাব্দীর প্রথম দিকেও অব্যাহত থাকে। উনিশ শতকের শেষার্ধে বেসরকারি উদ্যোগে আইনসংক্রান্ত কিছু উল্লেখযোগ্য প্রকাশনা দেখা যায়। ১৮৬৭ সালে বাংলায় সাপ্তাহিক ল রিপোর্ট প্রকাশ করেন অভয়বন্ধু বসু। আইনের ব্যাখ্যামূলক কিছু গ্রন্থও প্রকাশিত হয়। যেমন, আওতোষ বিশ্বাসের ভারতবর্ধের দওবিধি আইন (১৮৯৩), যোগেন্দ্রনাথ ভট্টাচার্য্যের ভারতবর্ধীয় সাক্ষ্য বিষয়ক আইন (১৮৯৩), নীলকমল বন্দ্যোপাধ্যায়ের ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন (১৮৯৪), এবং রজনীকান্ত সেন ও ডি. এন. মিত্রের মহম্মদীয় আইন (১৮৯৮)। এক্ষেত্রে একটি বিশেষ উল্লেখযোগ্য প্রকাশনা ইইল জন রবিনসন-সংকলিত Dictionary of Law and Other Terms commonly employed in the courts of Bengal including many commercial words and idiomatic phrases in English and Bengali (১৮৬০)। আইনের অনুবাদে কিংবা অভিধানে পরিভাষার যে-পার্থক্য সৃষ্টি হইয়াছিল, পরবর্তীকালে ভাহা সমন্ধয় করিবার চেষ্টা হয়।

ইংরাজ প্রশাসকদের মধ্যে প্রাচ্যবাদীরা প্রাচ্যভাষাসমূহের সংরক্ষণ ও প্রয়োগের কথা চিন্তা করিতেন, তবে প্রতীচ্যবাদীরা এদেশে ইংরাজি ভাষা ও পাশ্চাত্য ধ্যানধারণা প্রবর্তনে উৎসাহী ছিলেন। প্রতীচ্যবাদীরা সংস্কৃত, আরবি ও ফারসির অপেক্ষা জ্ঞানের আকররপে ইংরাজি ভাষার প্রেষ্ঠত্বে বিশ্বাসী ছিলেন। এতদ্বাতীত তাঁহাদের একটি দাবি ছিল এই যে, যাঁহাদের জন্য প্রাচ্যভাষার রক্ষণ, সেই ভারতীয়রা নিজেরাই ইংরাজি ভাষা ও পাশ্চাত্য জ্ঞানবিজ্ঞান আয়ন্ত করিতে উৎসাহী। পরিণামে, প্রতীচ্যবাদীদের জয় হয়, তবে দেশীয় ভাষা নির্বাসিত হয় নাই।

১৮৩৭ খ্রিষ্টাব্দে রাজভাষারূপে ফারসি স্থানচ্যুত হয়, সেই আসন লাভ করে ইংরাজি। তৎসত্ত্বেও ১৮৩৮ সালের ২৩ জানুয়ারি এক সরকারি নির্দেশে বলা হয় যে,

> ...ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তঃপাতি বঙ্গাদি তাবৎ প্রদেশে আদালত ও রাজস্ব সম্পর্কীয় কার্য্যে পারস্য ভাষার পরিবর্ত্তে দেশীয় ভাষার চলন হইবে এবং এইরূপ পরিবর্ত্তনকরণার্থ ১ জানুয়ারি তারিখ অবধি ১২ মাস নির্দ্দিষ্ট হইল।

> শ্রীলশ্রীযুক্তের জ্ঞাপনার্থ এই নিয়ম সম্পাদননিমিত্ত যেরূপ উদ্যোগ হইয়াছে তাহার এক রিপোর্ট আগামী ১ জুলাই তারিখে এবং তৎপরে ১৮৩৯ সালের ১ জানুয়ারি তারিখে দিতে হইবে।

অর্থাৎ ফারসি হইতে বাংলায় পরিবর্তনের জন্য সময় দেওয়া হইয়াছিল প্রকৃতপক্ষে এক বৎসরেরও কম এবং এ-ক্ষেত্রে অগ্রগতির প্রতিবেদন দাবি করা হইয়াছিল ছয় মাসের দুই কিন্তিতে। তথু তাহাই নহে। ইহার কয়েকমাস পূর্বে জারিকৃত অপর একটি আদেশে বলা হয় যে, 'দেশীয় প্রত্যেক জিলায় কোন আমলা দেশীয় ভাষায় সুবিজ্ঞানা হইলে তাঁহাকে কর্ম্মযোগ্য বোধ করা যাইবে না।' এইরূপে নিম্ন আদালতে

বাংলাভাষার ব্যবহার প্রচলিত হইয়া অদ্যাপি বহাল রহিয়াছে। উনবিংশ শতাদীর শেষার্ধে এবং তাহার পরবর্তীকালেও বাংলাভাষায় আইনচর্চার বিষয়টিকে এই পরিপ্রেক্ষিতে দেখিতে হইবে। ইংরাজ প্রশাসকদের অনেকে উনিশ শতকের প্রথমার্ধ অবধি ধ্রুপদী প্রাচ্যভাষা ও বাংলাভাষার চর্চা করিয়াছেন এবং নানান প্রশাসনিক ও বিদ্যায়নিক বিষয়ে বাংলাভাষার প্রয়োগে আন্তরিকভার পরিচয় দিয়াছেন। এই ধারা ক্ষীণ হইতে হইতে প্রায়্ম অবসিত হইল যখন দেখা গেল, যাহাদের জন্য বাংলার চর্চা তাঁহারা নিজেরাই ইংরাজিতে কেবল পড়িতে, লিখিতে ও বলিতে নয়, এমন কী, স্বপ্র দেখিতেও আকাজ্জা করিতে লাগিলেন। আইনের ক্ষেত্রে ইহার ফল হইল এই যে, নিম্ম আদালতে ফরম, মোহর বা রোজনামচা ইত্যাদি রচনা বাংলায় প্রচলিত থাকিলেও সামগ্রিকভাবে ইংরাজির প্রাধান্য দ্রুত বৃদ্ধি পাইল।

তিন

বাংলাদেশের সংবিধানের ৩ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা। জীবনের সর্বক্ষেত্রে বাংলাভাষা প্রয়োগের বিষয়ে এই অনুচ্ছেদ আমাদের প্রতি অনপনেয় দায়িত্ব অর্পণ করিয়াছে। বাংলাভাষার ব্যবহার সম্পর্কে বাংলাদেশের অভ্যদয়ের পরে যে-উৎসাহ ও উদ্দীপনা দেখা দিয়াছিল, দুর্ভাগ্যের বিষয়, পরবর্তীকালে তাহা বহুল পরিমাণে ব্রাস পাইয়াছে। কিছু কিছু ক্ষেত্রে যে উল্লেখযোগ্য অর্জন হয় নাই, তাহা নহে। বাংলায় সংবিধান-রচনা এক্ষেত্রে একটি বড় পদক্ষেপ। পরিকল্পনার দলিল হইতে শুক্ত করিয়া রাষ্ট্রীয় জীবনের বহু ক্ষেত্রে বাংলার যথাযথ ব্যবহার ঘটিয়াছে। বাংলাভাষায় আইনচর্চার ক্ষেত্রেও কিছু অগ্রগতি সাধিত ইইয়াছে। বাংলায় রচিত আইনসংক্রান্ত বেশ কিছু গ্রন্থ বাংলা একাডেমী প্রকাশ করিয়াছে। প্রাতিজনিক প্রকাশকের উদ্যোগে আইনের অনেক বিশেষজ্ঞ প্রচলিত আইনের বঙ্গানুবাদ কিংবা বাংলায় তাহার ভাষ্য রচনা করিয়াছেন। আইনের বাংলা পরিভাষা সংকলিত ইইয়াছে এবং অন্তত একটি আইন-অভিধান প্রণীত হইয়াছে। বাংলাদেশে ১৯৮৭ সাল হইতে বাংলায় আইন প্রণীত হইতেছে।

অপরদিকে নিম্ন আদালতে বাংলাভাষার ব্যাপক প্রচলন ঘটিলেও উচ্চ আদালতে এখনো বাংলাভাষা প্রচলিত হয় নাই। দেশের সর্বোচ্চ আদালতে ইংরাজি ভাষাতেই যুক্তিতর্ক উপস্থাপন, আইনের ব্যাখ্যাদান ও আদালতের রায় ঘোষণার কার্য অব্যাহত রহিয়াছে। মুষ্টিমেয় কয়েকটি রায় বাংলায় প্রদন্ত হইয়াছে বটে, কিন্তু ইহা মূলধারাকে প্রভাবিত করিতে পারে নাই, বরঞ্চ ব্যতিক্রম হিসাবেই বিরাজ করিতেছে। আদালতের ভাষারূপে বাংলার এই অবস্থার মূলে কাজ করিতেছে ভাষাব্যবহারে ব্যক্তির অনভিজ্ঞতা, সুস্পষ্ট রাষ্ট্রীয় ভাষানীতির অভাব এবং অনেক সময়ে আইনি পারিভাষিক শব্যাবলির ক্ষেত্রে অনিশ্চয়তা।

এই পরিপ্রেক্ষিতে বাংলায় একটি আইন-শব্দকোষ প্রণয়নের প্রয়োজনীয়তা সকল মহলেই অনুভূত হয়। তবে *আইন-শব্দকোষ*-প্রণয়নের বর্তমান উদ্যোগে অগ্রসর হয় বাংলাদেশে কর্মরত কানাডীয় আন্তর্জাতিক উন্নয়ন-সংস্থার (CIDA) আইনি সংস্কার প্রকল্পের প্রথম ভাগ (Legal Reform Project: Part A) এবং ইহার নির্বাহীরূপে কানাডার বিচার বিভাগ (Department of Justice)। কানাডার দ্বিভাষিক ঐতিহ্য এই প্রতিষ্ঠানকে এই লক্ষ্যে উদ্বৃদ্ধ করিয়া থাকিতে পারে। আমাদের কর্মের সূচনায় কানাডীয় বার অ্যাসোসিয়েশন কর্তৃক সংকলিত ইংরাজিফরাসি দ্বিভাষিক Canadian Common Law Dicitionary: Law of Property and Estates (Cowansville, 1997) হাতে লইয়া আমাদের এইরূপ ধারণা হইয়াছে। উক্ত অভিধানের গূল লক্ষ্য ছিল ভূসম্পত্তিসংক্রান্ত আইনের ক্ষেত্রে ফরাসি সাধারণ আইনের (কমন ল) পরিভাষা প্রমিতকরণে সাহায্য করা। বর্তমান আইন-শব্দকোম-সংকলনের আণ্ড উদ্দেশ্য ছিল বাংলাভাষায় আইনপ্রণয়নের বিদ্যমান ধারাকে সাহায্য ও পুষ্ট করা। আশা করা যায় যে, ইহা কেবল আইনপ্রণতো ও আইনের প্রসড়ারচয়িতাদের নয়, আইনের ছাত্র ও শিক্ষক, আইনজীবী ও বিচারক, অন্যান্য পেশাজীবী এবং আইনে উৎসাহী সাধারণজনের কাজে আসিবে।

এই গ্রন্থে অবলম্বিত পদ্ধতি সম্পর্কে কিছু ব্যাখ্যা দান করা প্রয়োজন। ইহাতে প্রায় ৬০০০ ভুক্তি রহিয়াছে। ভুক্তি-নির্বাচনে বাংলাদেশে প্রচলিত আইনি কাঠামোর বিষয়টি আমরা বিশেষভাবে শ্বরণে রাখিযাছি, তবে ইহার বাহিরেও বহু বিষয় অন্তর্ভুক্ত করা আবশ্যক বিবেচনা করিয়াছি। আমরা ভুক্তি সংগ্রহ করিয়াছি ইংরাজি ভাষায় সংকলিত প্রমিত ও সর্বজনমান্য আইন-অভিধান হইতে এবং বাংলাদেশের সংবিধান ও প্রচলিত আইন হইতে। ইংরাজি গ্রন্থ হইতে ভুক্তির বিষয় বহুক্ষেত্রে অনুবাদ-অনুসরণ করিয়া গৃহীত হইয়াছে। অনেক ক্ষেত্রেই আমরা ইংরাজি আইনের উল্লেখ করিয়াছি এদেশীয় আইনে তাহাদের অতীত প্রভাব সহজে অনুধাবন ও উপলব্ধির প্রয়োজনে। কতিপয় ক্ষেত্রে ইউরোপীয় ইউনিয়নভুক্ত আইনের প্রসঙ্গ আসিয়াছে তাহাদের বর্তমান প্রভাবের বিবেচনায়। আন্তর্জাতিক আইনের নানা বিষয় অধুনা দেশের অভ্যন্তরীণ আইনে সাঙ্গীকৃত হইয়াছে এবং পররাষ্ট্রীয় সম্পর্কের ক্ষেত্রে গুরুত্ব লাভ করিয়াছে। সে-কারণে ইহাদের অন্তর্ভুক্তি আবশ্যক বিবেচিত হইয়াছে। আইনের সহিত সম্পর্কিত বিবেচিত হওয়ায় অর্থনীতি ও তথ্যপ্রযুক্তি-বিষয়ক কিছু ভুক্তিও গৃহীত হইয়াছে। বাংলাদেশের সংবিধান এবং সংবিধিবদ্ধ আইনের বিষয়গুলি তো এইরূপ গ্রন্থের জন্য অপরিহার্য। এইসব বিষয় মূলত পাবলিক ডোমেইন বা সার্বলৌকিক ক্ষেত্রের অন্তর্ভুক্ত। যাঁহারা এইসব আইন বঙ্গানুবাদ করিয়াছেন, আমরা অনেক সময়ে তাঁহাদের বাকভঙ্গি গ্রহণ করিতে দিধা করি নাই। আমরা এইসব গ্রন্থের রচয়িতা, অনবাদক ও সংকলকের নিকট অশেষ ঋণী। মূল আইন বাংলায় প্রণীত হইয়া থাকিলে আমরা তাহা বিনা পরিবর্তনে গ্রহণ করিয়াছি। ইহাতে যে বিপপ্তি ঘটে নাই, তাহা নহে। কোনো একটি আইনে লেখনী শব্দটি রচনা অর্থে ব্যবহৃত হইয়াছে। মূল আইনের ভাষা হুবহু তুলিয়া দিবার প্রয়োজনে আমরা মূলে প্রযুক্ত শব্দটি সংশোধন করি নাই। অপর একটি আইনে বাংলাভাষার নিয়মবিরুদ্ধভাবে অ-উপজাতীয় কথাটি প্রযুক্ত হইয়াছে, এই শব্দকোষের যথাস্থানে তাহাও গৃহীত হইয়াছে। যেসব পারিভাষিক শব্দ ইতিমধ্যেই নির্মিত বা প্রচলিত, আমরা সেসব শব্দ গ্রহণ করিয়াছি। তবে নৃতন পরিভাষা প্রণয়ন এবং কোনো কোনো ক্ষেত্রে বিকল্প পরিভাষাও যোগ করা হইয়াছে। প্রয়োজনমতো এক ভুক্তিতে অন্য ভুক্তির প্রসঙ্গ নির্দেশ করা হইয়াছে। ভুক্তি-সম্পাদনকালে আমরা যতদ্রসম্ভব সামঞ্জস্যবিধানের চেষ্টা করিয়াছি। সর্বত্র যে সফল হইয়াছি. এইরূপ দাবি করি না।

এই কোষগ্রন্থে ভুক্তি-শব্দটি স্বাভাবিকভাবেই ইংরাজিতে দেওয়া হইয়াছে এবং ক্ষেত্রমতো তাহার পদ-পরিচয় দেওয়া হইয়াছে। অতঃপর তাহার এক বা একাধিক বাংলা পরিভাষা এবং ক্ষেত্রমতো সেই পারিভাষিক শব্দের পদ-পরিচয় প্রদত্ত হইয়াছে। ইহার পর সন্নিবেশিত হইয়াছে ভুক্তি-শব্দটির ব্যাখ্যা। কিছু কিছু ক্ষেত্রে ব্যাখ্যার সহিত নজিরের উল্লেখ করা হইয়াছে, তবে সর্বত্র তেমন করা সম্ভবপর হয় নাই। শব্দকোষের শেষে একটি নির্ঘন্ট সংযোজিত হইয়াছে। তাহাতে ভুক্তি শব্দের বাংলা সমার্থশব্দ বর্ণানুক্রমে সংকলিত হইয়াছে। বাংলা শব্দের সংলগ্ন ইংরেজি শব্দটি দেখিলেই এতদসংক্রান্ত ব্যাখ্যা লাভ করা যাইবে। আমরা আশা করি নির্ঘন্টি এই শব্দকোষ-ব্যবহারকারীদের তাহা বিশেষভাবে কাজে আসিবে।

বাংলাদেশের সংবিধান এবং সংবিধিবদ্ধ আইনে সাধু ভাষারীতি ব্যবহৃত হইয়াছে। ইহার সহিত সামঞ্জস্য রাখিয়া বর্তমান শব্দকোষেও সাধুরীতি অবলম্বিত হইয়াছে। বানানের ক্ষেত্রে আমরা যথাসম্ভব বাংলা একাডেমীর প্রমিত বানানরীতি অনুসরণ করিয়াছি।

আইনি ভাষা সাধারণত সহজ ও সুখপাঠ্য নহে। আদালতি ভাষার লিগ্যালিজমের ন্যায় একটি দুর্নাম আছে। আইনের বিষয় বা উপকরণগত ধ্যানধারণা কুণু না করিয়া আমরা এই কোষগ্রন্থের ভাষা সহজ ও সরল রাখিবার চেষ্টা করিয়াছি। অভীষ্ট মান ও লক্ষ্যের প্রতি নিষ্ঠ ও বিশ্বস্ত থাকিতে আমরা সদাজাগ্রত ছিলাম। ইহা সত্ত্বেও গ্রন্থে যে-সকল অপূর্ণতা ও ক্রটি রহিয়া গেল, তাহার দায়িত্ব কেবল আমাদেরই।

দেশের আইন ও সংবিধান সম্পর্কে সম্যক পরিচয় ও উপলব্ধি মাতৃভাষার মাধ্যমে অর্জিত না হইলে দেশের প্রশাসনে নাগরিকের অংশগ্রহণ নিশ্চিত হইবে না এবং আইনের শাসনের আলোকে গণতান্ত্রিক শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত হইবে না। এই বিশ্বাস ও উপলব্ধি আমাদেরকে এই শব্দকোষের কাজে উৎসাহিত করিয়াছে।

পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, কানাডীয় আন্তর্জাতিক উনুয়ন-সংস্থার আইনি সংক্ষার প্রকল্পের প্রথম ভাগের উদ্যোগে এবং ইহার নির্বাহীরূপে কানাডার বিচার বিভাগের যত্নে এই শব্দকোষ সংকলন ও সম্পাদনের কর্মটি গৃহীত হয়। এইজন্য আমরা সিডার নিকট এবং কানাডার বিচার বিভাগের নিকট বিশেষভাবে ঝণী। উক্ত প্রকল্পের মাঠপর্যায়ের প্রথম পরিচালক ফারহানা পারসনস এবং বর্তমান পরিচালক আলনূর এস মেঘানীর অকৃপণ সহযোগিতার জন্য তাঁহাদের নিকট আমরা গভীরভাবে কৃতজ্ঞ। আইনি সংক্ষার প্রকল্পের পরিচালক এবং কানাডার বিচার বিভাগের আন্তর্জাতিক উনুয়ন গ্রুপের আইনি খসড়া-প্রণয়ন-বিষয়ক বিশেষ উপদেষ্টা লিওনেল এ লেভার্টা, কিউ সি, আমাদের কাজের প্রথম হইতে শেষ পর্যন্ত যেরূপ বিরল সহমর্মিতার পরিচয় দিয়াছেন, তাহার জন্য আমরা তাঁহাকে কৃতজ্ঞতা জ্ঞাপন করি।

শব্দকোষটির সংকলনে আমরা সর্বাধিক সাহায্যলাভ করিয়াছি বাংলাদেশ সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি জনাব কাজী এবাদুল হক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনন্টিটিউটের অধ্যাপক ড. জাহাঙ্গীর তারেকের নিকট হইতে। প্রথমাক্তজনের আইনজ্ঞান এবং দ্বিতীয়োক্তজনের বহুভাষাঞ্ঞান সম্পাদনার কাজেও আমাদের সহায় হইয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের অধ্যাপক আহমদ কবির ও বাংলাদেশ সুপ্রিম কোর্টের অ্যাভভোকেট জনাব মুহম্মদ শামসুল হকও সংকলনকার্যে আমাদের সহায়তা করিয়াছেন। বাংলাদেশের সাবেক অ্যাটর্নিজেনারেল জনাব মাহমুদুল ইসলাম ও চম্ব্রথমার বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের সাবেক ভিন অধ্যাপক এম শাহ্ আলম এই শব্দকোষ-সংকলনের বিষয়ে মূল্যবান পরামর্শ দিয়াছেন। শব্দকোষের কাজ শেষ করিতে আমাদের প্রায় চার বৎসর সময় লাগিয়াছে। এই সময়ে গবেষণা-সহকারীরূপে পর্যায়ক্রমে আমাদের সার্বহ্ণনিক সাহায্য করিয়াছে শামীমা আক্তার, মাহমুদুল হক, জাফরীন আন্দালীব, আফিয়া বেগম, সাদিয়া সূলতানা ও ফারহানা আফরোজ। ইহারা সকলেই আমাদের আন্তরিক ধন্যবাদভাজন।

ঢাকা ১০ আগস্ট ২০০৬ মুহাম্মদ হাবিবুর রহমান আনিসুজ্জামান A and B list এ ও বি তালিকা ১৯১৩ সালের কোম্পানি আইন-অনুযায়ী একটি দায়সীমাবদ্ধ কোম্পানির অবসায়ন হইলে ইহার সদস্যগণ তাঁহাদের শেয়ারের মূল্যের অনাদায়ী অংশ পর্যন্ত কোম্পানির দায়ের জন্য দায়ী থাকিতেন এবং তাঁহারা এ বা ক তালিকাভুক্ত হইতেন। উক্ত অর্থ দায় পরিশোধে অপর্যাপ্ত হইলে, অবসায়নের আদেশের এক বংসরের মধ্যে যাঁহারা শেয়ারের মালিক ছিলেন তাঁহারা নিজেদের শেয়ারের মূল্যের অপরিশোধিত অংশের জন্য দায়ী থাকিতেন এবং তাঁহারা বি বা খ তালিকাভুক্ত হইতেন। সদস্যগণের নিকট হইতে প্রাপ্য অর্থদ্বারা দায় রহিত না করা পর্যন্ত বি বা খ তালিকা প্রক্তুত করিবার প্রয়োজন হইত না। বর্তমানে ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৬৭ ধারা-অনুসারে আদালত কোম্পানির অবসায়নের আদেশপ্রদানের পর যথাশীঘ্রসম্ভব প্রদায়কগণের তালিকা প্রণয়ন করিবেন।

abadi আবাদি গ্রামের যে-এলাকা বসতি, দোকানপাট ইত্যাদির জন্য নির্দিষ্ট থাকে।

abandon vb. পরিত্যাগ করা ক্রি. কোনো কিছু হইতে নিজেকে প্রত্যাহার করিয়া লওয়া বা কোনো কিছুকে সম্পূর্ণরূপে পরিত্যাগ করা; সজ্ঞানে কোনো ভূমির দখল ছাড়িয়া দেওয়া ইত্যাদি। কোনো শিশুকে পরিত্যাগ করা অর্থ এই যে, শিশুটির পরিচর্যা করিতে আইনগতভাবে বাধ্য হওয়া সত্ত্বেও কোনো ব্যক্তি কর্তৃক ইচ্ছাকৃতভাবে তাহা না করা বা ইচ্ছাকৃতভাবে তাহার ব্যাপারে এমন কিছু করা যাহাতে শিশুটির নিরাপত্তা ঝুঁকিপূর্ণ হয়।

abandoned property n. পরিত্যক্ত সম্পত্তি বি. রাষ্ট্রপতির ১৯৭২ সালের ১৬ আদেশের ২(১) অনুচ্ছেদ-অনুযায়ী কোনো সম্পত্তির মালিক বাংলাদেশে অনুপস্থিত থাকিলে, বা তাঁহার অবস্থান অজানা থাকিলে বা ব্যক্তিগতভাবে তাঁহার সম্পত্তি দখল, তদারক বা ব্যবস্থাপনা করিতে ব্যর্থ হইলে তাহা পরিত্যক্ত সম্পত্তি হইবে; ইহার অন্তর্ভুক্ত হইবে (১) ১৯৭১ সালের ২৫ মার্চ তারিখের পর হইতে বাংলাদেশের সঙ্গে যুদ্ধরত রাষ্ট্রের কোনো নাগরিকের সম্পত্তি; (২) বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতির ১৯৭২ সালের ১ আদেশবলে অধিগ্রহণকৃত সম্পত্তি। তবে (ক) যে-সম্পত্তির মালিক বাংলাদেশের বাহিরে এমন উদ্দেশ্যে বসবাসরত যাহা সরকারের মতে বাংলাদেশের স্বার্থের পরিপন্থী নহে এবং (খ) যে-সম্পত্তি প্রচলিত কোনো আইনের বিধান-অনুযায়ী সরকারের দখলে বা নিয়ন্ত্রণে আছে, তাহা ইহার অন্তর্ভুক্ত হইবে না।

abandonment n. পরিত্যাগ বি. ১. কোনো আইনসম্মত অধিকার, বিশেষত কোনো সম্পত্তির স্বত্যাধিকার, ত্যাগ। পরিত্যক্ত সম্পত্তি *রেস নুল্লিয়ুস* (যে-সামগ্রীর কোনো মালিক নাই), সুতরাং কোনো ব্যক্তি উহা দখল করিলে তিনি একটি স্বামিত অর্জন করেন। যদি ইহা প্রমাণ করা যায় যে কোনো সামগ্রী আদি মানিক পরিত্যাগ করিয়াছেন এবং ভবিষ্যতে উহার কী হইবে, দৈ-বিষয়ে তিনি নিম্পূহ, তবে সে-সামগ্রী পরিত্যক্ত বলিয়া বিবেচিত হয়। এইরূপ একটি সামগ্রী চুরির অভিযোগের বিষয় হইতে পারে না। তবে আবর্জনা হিসাবে সংগৃহীত হইবে বলিয়া মালিককর্তৃক আবর্জনাস্ত্রপে নিক্ষিণ্ড সম্পত্তি পরিত্যক্ত নহে। ২. দেওয়ানি বিবাদে, একটি মোকদমায় কিংবা একটি আপিলে পেশকৃত দাবির সম্পূর্ণ বা অংশবিশেষ ত্যাগ। দেওয়ানি কার্যবিধির ২ আদেশের ২ (২) নিয়ম-অনুযায়ী বাদী তাঁহার দাবির কোনো অংশ বাদ দিয়া বা ইচ্ছাকৃতভাবে ত্যাগ করিয়া মামলা দায়ের করিলে, পরে উহা আদায়ের জন্য নৃতনভাবে মামলা করিতে পারেন না। উক্ত আদেশের ২ (৩) নিয়ম-অনুযায়ী কোনো ব্যক্তি একই কারণ হইতে একাধিক প্রতিকার পাইবার অধিকারী হইলে যে-কোনো একটি বা সব কয়টি প্রতিকারের জন্য মামলা দায়ের করিতে পারেন। কিন্তু যদি তিনি আদালতের অনুমতি-ব্যতিরেকে সব প্রতিকারের জন্য মামলা দায়ের না করিয়া কিছু বাদ দেন, তবে পরে বাদ দেওয়া প্রতিকারের জন্য তিনি মামলা দায়ের করিতে পারিবেন না। ৩. পিতামাতা বা তত্ত্বাবধায়ক কর্তৃক ১২ বৎসরের কমবয়স্ক শিশুকে সম্পূর্ণরূপে বর্জন করিবার উদ্দেশ্যে পরিত্যাগ। দণ্ডবিধির ৩১৭ ধারা-অনুযায়ী অনুরূপ পরিত্যাগকারী সাত বৎসর পর্যন্ত কারাদণ্ডে বা অর্থদণ্ডে বা উভয়প্রকার দণ্ডে দণ্ডনীয় হইবেন। ৪. নৌবিমা-অনুযায়ী পরোক্ষ সম্পূর্ণ লোকসানের ক্ষেত্রে পরিত্যাগ বলিতে জাহাজের বা জাহাজে পরিবাহিত মালামালের স্বত্যাগ বুঝায়। সেক্ষেত্রে জাহাজ বা জাহাজি মালামালের উপর সকলপ্রকার অধিকার পরিত্যাণ করিতে চাহিলে বিমাকারী যুক্তিসংগত সময়ের মধ্যে বিমাপ্রদানকারীকে অধিকার পরিত্যাগ করিবার বিজ্ঞণ্ডি দিলে তাঁহার লোকসান সম্পূর্ণ লোকসান বলিয়া গণ্য হইবে। তখন বিমাপ্রদানকারী বিমাকারীকে সম্পূর্ণ ক্ষতিপুরণ দিতে বাধ্য থাকিবেন এবং তাঁহার পরিবর্তে ওই জাহাজ ও জাহাজি মালামালে বিমাকারী সর্বপ্রকার অধিকারে অধিকারী হইবেন। ৫. রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৯২(১) (গ) ধারায় বলা হইয়াছে, যে-কোনো রায়ত নিজের জোত তিন বৎসর পর্যন্ত চাষাবাদ করা হইতে বিরত থাকিলে এবং তাঁহার খাজনা প্রদেয় হইলে তাহা পরিশোধের ব্যবস্থা না করিয়া স্বেচ্ছায় তাহার বাসস্থান ত্যাগ করিলে ওই জোতে তাঁহার স্বার্থ লোপ পায় ৷

abandonment of plea অব্ধৃহাত পরিত্যাগ দেওয়ানি কার্যবিধির ১১৫ ধারা এবং
৪১ আদেশের ১ বিধি-অনুসারে কোনো পক্ষ কর্তৃক উচ্চ আদালতে আপিলের
স্মারকপত্রে বা পুনর্বিবেচনার আবেদনপত্রে কোনো আপত্তি উত্থাপনই যথেষ্ট নহে
বরঞ্চ যুক্তিতর্কের শুনানিকালেও আপত্তিসমূহ জোরালোভাবে পেশ করিতে হয় নত্বা
সংশ্লিষ্ট পক্ষ উক্ত আপত্তিসমূহ পরিত্যাগ করিয়াছেন বলিয়া গণ্য করা হয়।

abatement n. ব্রাসকরণ, বাতিলকরণ, অপসারণ, পরিসমাপ্তি বি. ১. (ঝণ সম্পর্কে) কোনো ব্যক্তির পরিসম্পদ তাঁহার পাওনাদারদের দাবি মিটাইবার জন্য অপর্যাপ্ত হইলে আনুপাতিক হারে ঋণ-পরিশোধ হ্রাস করা। ২. (ইচ্ছাপত্রদারা অর্পিত দান সম্পর্কে) ইচ্ছাপত্রে ব্যবস্থিত সকল দান সমর্পণের জন্য কিংবা, ইচ্ছাপত্র সম্পাদিত না হইয়া থাকিলে, মৃত ব্যক্তির ঋণ-পরিশোধের পরে, সকল উত্তরাধিকার অন্তর্ভুক্ত করিবার জন্য তাঁহার পরিসম্পৎ অপর্যাপ্ত হইলে, দান বা উত্তরাধিকার হ্রাস বা বাতিল করা। ৩. (ভূমিসংক্রান্ত আইনে) প্রদেয় অর্থের পরিমাণ হ্রাস বা বাতিল করা। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৮৬ক ধারাবলে কোনো প্রজার জোতের জমি বা তাহার অংশ শিকন্তি হইলে রাজস্ব-কর্মকর্তা তাহার খাজনা বা ভূমি-উনুয়ন-কর আনুপাতিকভাবে হ্রাস বা বাতিল করিয়া দিতে পারেন। ৪. অপসারণ (উৎপাত বা উপদব সম্বন্ধে) কোনো উৎপাতের অপসার বা অবসান। কোনো ব্যক্তি উৎপাতের কারণে ক্ষতিগ্রন্ত হইলে তাঁহার উহা অপসারণ করিবার অধিকার রহিয়াছে। ৫. পরিসমাপ্তি (মোকদ্দমা সম্বন্ধে) মোকদ্দমা শুরু হইবার পরে, কিন্তু সমাপ্ত হইবার পূর্বে, যে-কোনো একটি পক্ষের স্বার্থ বা অবস্থান পরিবর্তনহেতু (দেউলিয়াত্ব বা সূত্য) আইনের প্রয়োগদ্বারা দেওয়ানি মোকদ্দমার পরিসমাপ্তি। দেওয়ানি কার্যবিধির ২২ আদেশের ৩ ও ৪ নিয়মে কোনো পক্ষের মৃত্যু বা দেউলিয়াত্ব অথবা হস্তান্তর ঘটিলে, তাহার ওয়ারিশ বা স্থলবর্তী নির্দিষ্ট সময়ের মধ্যে যদি মামলা চালাইবার আবেদন না করেন, তবে বিচারাধীন মামলা বাতিলের বিধান রহিয়াছে।

abatement of forest nuisance বন-উৎপাত ব্রাসকরণ ১৯২৭ সালের বন আইনের ৩৮ ধারা-অনুসারে, কোনো ভূমির অবস্থাদৃটে যদি ইহা প্রতীয়মান হয় যে, উহার দ্বারা রোগের প্রাদুর্ভাব, পোকা-মাকড়ের আকস্মিক বৃদ্ধি, অগ্নিসংযোগ অথবা নিকটস্থ কোনো ভূমির স্বাভাবিক প্রাকৃতিক সম্পদ ক্ষতির আশব্ধা রহিয়াছে, সেক্ষেত্রে উক্ত ভূমির আবাদযোগ্য প্রাকৃতিক সম্পদ রক্ষার জন্য আবশ্যক হইলে, সরকার উক্ত ভূমির মালিককে অথবা দখলকারীকে ৩০ দিনের মধ্যে অথবা নোটিশে দিন নির্দিষ্ট করিয়া তাহার পূর্বে, উক্ত উৎপাত বন্ধ করিতে লিখিত আদেশ প্রদান করিবেন। এই আদেশের নোটিশটি কার্যকর করিবার উদ্দেশ্যে আদেশটি ভূমির মালিককে অথবা দখলকারীকে ব্যক্তিগতভাবে প্রদান করিতে হইবে অথবা রেজিন্টার্ড এ. ডি. মারক্ষত জানাইতে হইবে অথবা উক্ত ব্যক্তির ঠিকানা জানা না থাকিলে সম্প্রিটির নিকট হইতে স্পষ্টভাবে দেখা যায় এমন দুইটি স্থানে উহা লটকাইয়া দিতে হইবে। কোনো ভূমির মালিক অথবা দখলদার যদি এই ধারার অধীনে প্রদত্ত কোনো আদেশ পালনে ব্যর্থ হন, তবে সরকার উক্ত ভূমিতে প্রবেশ করিতে পারিবেন, উক্ত উৎপাত অপসারণ করিতে পারিবেন এবং উহার ক্ষতিপূরণ সরকারি পাওনা হিসাবে আদায় করিতে পারিবেন।

abbreviation 8

abbreviation n. সংক্ষেপ বি. সংক্ষেপকরণের জন্য ব্যবহৃত পদ্ধতি। সংক্ষিপ্তরূপে লিখিত কোনো শব্দ বা বিশেষ অর্থবাধক বাক্যের অংশ যাহা গোটা বিষয়টিকে সংক্ষিপ্তরূপে বুঝাইবার জন্য ব্যবহৃত হয়। সাক্ষ্য আইনের ৯৮ ধারা-অনুসারে সংক্ষিপ্ত শব্দের অর্থ বুঝাইবার জন্য সাক্ষ্য দেওয়া যাইতে পারে।

- abda n. অন্ধ বি. পূর্ববঙ্গে, বিশেষত চট্টগ্রামে ব্যবহৃত একটি শব্দ। যে-সময়ব্যাপী পতিত জমি পুনরুদ্ধারকারী নিষ্করভাবে উক্ত জমি ভোগদখল করিতে অনুমতি লাভ করেন, ইহার দ্বারা সেরূপ সময়কাল নির্দেশ করে। খাজনা মওকুফ করা জমি, উক্তরূপে অধিকার-করা জমি।
- abduction n. অপহরণ বি. দণ্ডবিধির ৩৬২ ধারা-অনুসারে, যদি কেহ কোনো ব্যক্তিকে বলপ্রয়োগ বা শঠতা দ্বারা কোনো স্থানত্যাগে বাধ্য বা প্ররোচিত করেন, তবে তিনি উক্ত ব্যক্তিকে অপহরণ করিয়াছেন বিলয়া গণ্য হইবেন। দণ্ডবিধির ৩৬৩. ৩৬৪, ৩৬৪ক, ৩৬৫ ও ৩৬৬ ধারায় বিভিন্নপ্রকারের অপহরণের শান্তি বর্ণিত হইয়াছে। ২০০০ সালের নারী ও শিত নির্যাতন দমন আইনের ২(খ) ধারা-অনুসারে, অপহরণ বিলতে বলপ্রয়োগ বা প্রলুদ্ধ করিয়া বা ফুসলাইয়া বা ভুল বুঝাইয়া বা ভীতিপ্রদর্শন করিয়া কোনো স্থান হইতে কোনো ব্যক্তিকে অন্যত্র যাইতে বাধ্য করা বুঝায়। এতৎসহ kidnapping দ্র.।
- abet vb. অপরাধকর্মে সহায়তা করা ক্রি. অপরাধ বা দৃদ্ধর্ম সংঘটনে উৎসাহদান বা সহায়তা করা। 'অ্যাবেট' শব্দটি সাধারণত বিশেষ বাক্যাংশ 'টু এইড অ্যান্ড টু অ্যাবেট'-এর সহিত ব্যবহৃত হয়। 'এইড' এবং 'অ্যাবেট' শব্দঘয় আইনগত বিশেষ অর্থবাধক বাক্যাংশে প্রায় সমার্থক প্রতিশব্দ। কর্ম, উৎসাহ বা সমর্থনদায়ক শব্দ দারা বা প্রকৃত অথবা সহায়তার জন্য প্রয়োজনীয় পরোক্ষ উপস্থিতি দারা অপর কোনো ব্যক্তিকে দেওয়া সকল সহায়তা এই শব্দদ্বয়ের অন্তর্ভুক্ত। 'এইড' দুরভিসদ্ধির ইঙ্গিত বহন করে না, কিন্তু 'অ্যাবেট' অপরাধ-সংঘটনের উদ্দেশ্য বা তদুদেশ্যে দাতার অপরাধমূলক জ্ঞান অন্তর্ভুক্ত করে। দণ্ডবিধির ১০৭ ধারা-অনুসারে অপরাধকর্ম সংঘটনের পূর্বে বা সংঘটনের সময়ে দেওয়া সহায়তা 'অ্যাবেট' হিসাবে গণ্য হয়।
- abetment n. প্ররোচনা, অপসহায়তা বি. দণ্ডবিধির ১০৭ ধারা-অনুসারে, যে-ব্যক্তি কোনো বিষয় সম্পাদনের জন্য কোনো ব্যক্তিকে প্ররোচিত করেন; কোনো বিষয় সম্পাদনের জন্য অপর এক বা একাধিক ব্যক্তির সহিত এইরূপ ষড়যন্ত্রে লিপ্ত হন যে, সে-ষড়যন্ত্রের ফলে কোনো কার্য বা অবৈধ অকরণ উক্ত বিষয় সম্পাদনের জন্য সংঘটিত হয়, অথবা কোনো কার্য বা অবৈধ অকরণের মাধ্যমে উক্ত বিষয় সম্পাদনে ইচ্ছাকৃতভাবে সাহায্য করেন, সেই ব্যক্তি উক্ত বিষয় সম্পাদনের জন্য প্ররোচনা দেন বা অপসহায়তা করেন। যে-ব্যক্তি এমন কোনো গুরুত্বপূর্ণ তথ্য, যাহা প্রকাশ করিতে

তিনি বাধ্য, তাহা স্বেচ্ছাকৃতভাবে গোপন করিয়া কোনো বিষয় সম্পাদন করিবার ব্যবস্থা করেন বা করান কিংবা উহা সম্পাদনকরণের বা সম্পাদনের ব্যবস্থাগ্রহণের উদ্যোগ করেন, সেই ব্যক্তি উক্ত বিষয়-সম্পাদনে প্ররোচনা দান করেন বলিয়া বিবেচিত হইবেন। যে-ব্যক্তি কোনো কার্য সম্পাদনের সময়ে উক্ত কার্য সম্পাদন সুগমকল্পে কোনো কিছু করেন এবং তদ্দারা তাহার সম্পাদন সুগম করেন সে-ব্যক্তি উক্ত কার্য সম্পাদন সুহায়তা করেন বিলয়া বিবেচিত হইবেন। aid and abet দ্র.।

abettor n. প্ররোচক, অপসহায়তাকারী বি. দণ্ডবিধির ১০৮ ধারা-অনুসারে, যে-ব্যক্তি কোনো অপরাধ-সংঘটনে বা অপরাধ বলিয়া গণ্য কোনো কার্য-সংঘটনে সহায়তা করেন সেই ব্যক্তি অপসহায়তা করেন, যদি উক্ত অপরাধ বা কার্য অপসহায়তাকারী ব্যক্তির ন্যায় একই অভিপ্রায়ে বা অবগতিতে কোনো অপরাধ-সংঘটনের জন্য আইনত সমর্থ ব্যক্তি কর্তৃক সংঘটিত হইয়া থাকে। কোনো কার্যের অবৈধ অকরণ অপসহায়তার অপরাধন্ধপে গণ্য হইতে পারে যদিও অপসহায়তাকারী ব্যক্তি উক্ত কার্য করিবার জন্য স্বয়ং বাধ্য না থাকিতে পারেন। অপসহায়তার অপরাধ-সংঘটনের জন্য ইহা প্রয়োজনীয় নহে যে অপসহায়তাকৃত কার্যটি সংঘটিত হইবে বা অপরাধ-সংঘটনের জন্য প্রয়োজনীয় পরিণতি ঘটাইবে। যাঁহাকে অপসহায়তা করা হইতেছে, তাঁহার আইনত অপরাধ-সংঘটনের জন্য সমর্থ হওয়া প্রয়োজনীয় নহে অথবা অপসহায়তাকারীর ন্যায় তাঁহার একই দুষ্ট অভিপ্রায় বা তদ্বিষয়ে জ্ঞান থাকা কিংবা যে-কোনো দৃষ্ট অভিপ্রায় বা জ্ঞান থাকা প্রয়োজনীয় নহে। অপসহায়তা অপরাধরূপে গণ্য হয় বলিয়া অনুরূপ অপসহায়তার অপসহায়তাও অপরাধ হইবে। ষড়যন্ত্র করিয়া অপসহায়তার অপরাধ-সংঘটনের জন্য অপসহায়তাকারী উক্ত অপরাধ-সংঘটনকারীর সহিত একত্রে উহা সংঘটন করা প্রয়োজনীয় নহে। যে-ষড়যন্ত্রের অনুসরণে উক্ত অপরাধ সংঘটিত হয় সে-ষড়যন্ত্রে তাঁহার যোগদানই যথেষ্ট বলিয়া গণ্য হইবে। দণ্ডবিধির ১০৮ক ধারা-অনুসারে কোনো ব্যক্তি বাংলাদেশে অবস্থান করিয়া যদি ভিনু দেশের এমন কোনো অপরাধে সহায়তা করেন যাহা বাংলাদেশেও অপরাধ বলিয়া বিবেচিত হয়, তবে তিনি অপসহায়তার অপরাধে অপরাধী হইবেন। দণ্ডবিধির ১০৯ ধারা-অনুসারে, যে-ব্যক্তি কোনো অপরাধে অপসহায়তা করিলে যদি তাহার ফলে কার্যটি সংঘটিত হয় এবং এই বিধিতে অনুরূপ অপসহায়তার শাস্তির বিধান বর্ণিত না থাকে তাহা হইলে অপসহায়তাকারী সংঘটিত অপরাধের জন্য ব্যবস্থিত শান্তি ভোগ করিবেন। প্ররোচনা বা ষড়যন্ত্রের ফলে বা অপসহায়তাকারীর সহযোগিতার ফলে যে-কার্য বা অপরাধ সংঘটিত হয় তাহা অপসহায়তার ফলে সংঘটিত হইয়াছে বলিয়া গণ্য হইবে। ফৌজদারি কার্যবিধির ২৩৯ ধারা-অনুসারে অপরাধকারী ও অপসহায়তাকারীর বিরুদ্ধে একত্রে অভিযোগ গঠন করা যায়।

- abeyance n. স্থগিতাবস্থা বি. ১. সাময়িক নিদ্রিয়তা; মুলতুবি অবস্থা। ২. উত্তরাধিকারের ক্ষেত্রে এমন ছেদ যখন কোনো ব্যক্তিই সম্পত্তির স্বত্তলাভ করেন না।
- abgari n. আবগারি বি. চোলাই করা মাদক এবং মন্ততাসৃষ্টিকারী নেশাজাতীয় ঔষধ তৈয়ারি এবং বিক্রয়ের উপর আরোপিত কর বা শুরু । ইহা তাড়ি, তাল বা খেজুরের রস, পচাই, আরকজাতীয় মাদকদ্রব্য এবং মন্ততাসৃষ্টিকারী ঔষধ বা নেশাজাতীয় দ্রব্য, আফিম, তাং বা সিদ্ধিজাতীয় বস্তু, প্রক্রিয়াজাত তরল পদার্থ অথবা নির্যাস উৎপাদন ও বিক্রয়ের উপর আরোপিত শুদ্ধ হইতে উদ্ভূত রাজস্ব ।
- abide and follow the result ফলাফল মানিয়া লওয়া ও অনুসরণ করা 'ফলাফল মানিয়া লওয়া' এবং 'ফলাফল মানিয়া লইয়া উহার অনুসরণ করা' উক্তি দুইটি ভিন্নার্থক।
- ability n. সামর্থ্য বি. বৃহত্তর অর্থে, 'সমর্থ' হইবার অবস্থা। কোনো বৃত্তিতে প্রয়োজনীয় যোগ্যতা বা সামর্থ্য বা কোনো কাজ করিবার ক্ষমতা বা ধীশক্তি। ধারণ করিবার ক্ষমতা, দক্ষতা, উপায় বা কোনো কাজ করিবার জন্য প্রয়োজনীয় অন্য কোনো যোগ্যতা। তবে কোনো কোনো সময়ে বিধিবদ্ধ আইনে ইহা 'আর্থিক সামর্থ্য' বুঝাইতে ব্যবহৃত হইয়া থাকে।
- ability and capacity সামর্থ্য এবং ধারণক্ষমতা উচ্চতর বৃদ্ধিবৃত্তিক গুণাগুণের ক্ষেত্রে তুলনামূলকভাবে উক্তিঘয় কিছুটা পার্থক্য নির্দেশ করে। ধারণক্ষমতা প্রধানত গ্রহণ করিবার ক্ষমতা নির্দেশ করে এবং অর্জিত নহে সহজাত, প্রকৃত সম্ভাব্য প্রবণতা এবং মানসিক শক্তি বুঝায়। ক্রেতার হাতে বিশেষ মৃহুর্তে টাকা থাকা বা না থাকা ঘারা 'সামর্থ্য' নির্ভর করে না। যদি বিক্রেতা চুক্তি মানিয়া চলিতে প্রস্তুত থাকেন এবং ক্রেতা যথাসময়ে তাঁহার দায়িত্ব পালন করিবার জন্য অর্থসংস্থান করিতে পারেন তাহা হইলেই যথেষ্ট।
- ab initio প্রারক্তে কোনো কিছুর শুরু বা আরম্ভ হইতে। কোনো চুক্তির কোনো সময়েই আইনগত বৈধতা না থাকিয়া থাকে তবে সেই চুক্তিকে প্রারম্ভ হইতেই অসিদ্ধ, বাতিল বা অকার্যকর বলা হয়। trespass ab initio দ্র.।
- abjuration n. শপথপূর্বক পরিত্যাগ বি. শপথপূর্বক কোনো কিছুর দাবি ছাড়িয়া দেওয়া বা আনুষ্ঠানিকভাবে পরিত্যাগ করা। শপথ করিয়া কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রতি কর্তব্য অম্বীকার করা। পুরাতন আইনে ইহার দ্বারা শপথপূর্বক নির্বাসন বা চিরতরে রাজ্য বা এলাকা পরিত্যাগ করা বুঝাইত। বহুলপ্রচলিত আধুনিক ব্যবহারে ইহার অর্থ ব্যক্তি এবং স্থান পর্যন্ত সম্প্রসারিত। যেমন, কোনো ব্যক্তি কর্তৃক

মিথ্যাদাবিকারীকে শপথপূর্বক অস্বীকার করিবার অর্থ হইন, উক্ত ভানকারী বা মিথ্যাদাবিকারীর রাজকীয় কর্তৃত্ব অগ্রাহ্য করিতে অথবা তাঁহার প্রতি কোনো আনুগত্য প্রদর্শন না করিতে উক্ত ব্যক্তি (শপথপূর্বক পরিত্যাগকারী) বাধ্য।

abkari n. আবকারি বি. abgari দ্র.।

- abnormal adj. অস্বাভাবিক বিণ. কোনো ব্যক্তিকে তখনই অস্বাভাবিক বলা হয় যখন স্বাভাবিক বৃদ্ধিজ্ঞানসম্পন্ন ব্যক্তির ন্যায় তিনি ভালো-মন্দ, ন্যায়-অন্যায় বৃঝিতে পারেন না। এতৎসহ insanity দ্র.।
- abode n. আৰাসস্থল বি. বাড়ি, বাসস্থান। আবাসভূমি বা সাময়িকভাবে বসবাস করিবার স্থান।
- abolition n. বিলোপসাধন বি. বিলুপ্ত করিবার কার্য। অকার্যকর করা, বাতিলকরণ যেমন, কোনো আইন বা অধ্যাদেশ বিলুপ্তকরণ। কোনো কিছু ধ্বংস করা, বাতিল করা বা নির্মূল করা বা কোনো কিছুর অবসান ঘটানো।
- aboriginals adj. আদিম বিন. অতি প্রাচীন মানব, প্রাণী বা উদ্ভিদ সম্পর্কে প্রযুক্ত। আদিবাসী জনগোষ্ঠীর ভাষা ও শিল্প সম্পর্কেও প্রযুক্ত। ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৯৭ ধারা-অনুসারে, নিম্নলিখিত 'বর্ণ' বা 'উপজাতি' আদিম বিলিয়া চিহ্নিত: সাঁওতাল, বনাই, ভূইয়া, ভূমিজি, দলু, গারো, গন্ড, হাড়ি, হাজং, হো, খাড়িয়া, খাড়ওয়ার, কোচ, কোরা, মঘ, মাল, সৌরিয়া, পাহাড়ি, মাছে, মুন্ডা, মুন্ডাই, ওরাওঁ, তুরি। aborigine দ্র.।
- aborigine n. আদিবাসী বি. আদি মানব, প্রাণী বা উদ্ভিদ। প্রাচীনতম কাল হইতে কোনো স্থানের অধিবাসী। ঔপনিবেশিকদের আবির্ভাবের পূর্বে উক্ত উপনিবেশে বসবাসকারী জনগোষ্ঠী (যেমন, অস্ট্রেলিয়ার বা মার্কিন যুক্তরাষ্ট্রের আদিবাসী)। aboriginals দ্র.।
- abortion n. গর্ভপাত বি. গর্ভাবস্থার পরিসমাণ্ডি ঘটানো। গর্ভস্রাব, কিংবা গর্ভধারণের স্বাভাবিক মেয়াদ পূর্ণ হইবার পূর্বে গর্ভাশয় হইতে একটি জ্রণের অকাল অপসারণ। দণ্ডবিধির ৩১২ ধারা-অনুসারে, সদ্বিশ্বাসে কোনো নারীর জীবনরক্ষার উদ্দেশ্য ব্যতীত যে-ব্যক্তি স্বেচ্ছায় তাঁহার গর্ভপাত ঘটান, তিনি তিন বৎসর পর্যন্ত কারাদণ্ডে বা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন। যদি উক্ত নারী শিশুর বিচলন অনুভব করেন, তাহা হইলে সাত বৎসর পর্যন্ত কারাদণ্ডে এবং তদুপরি যে-কোনো পরিমাণ অর্থদণ্ডে দণ্ডিত হইবেন। যে-নারী নিজের গর্ভপাত ঘটান, তিনি এই ধারায় দণ্ডনীয় হইবেন। এতৎসহ miscarriage দ্রি.।

about to act

about to act কোনো কিছু করিবার উপক্রম বিশেষভাবে কোনো কিছু করিবার সুযোগ, প্রয়োজনীয় ইচ্ছা এবং প্রবণতা থাকা। কোনো ব্যক্তি কর্তৃক কোনো কিছু করিবার বা না করিবার উপক্রম তাঁহার সাধারণ মনোভাব, পূর্ববর্তী আচরণ এবং সংখ্রিষ্ট সময়ে তাঁহার প্রবণতা হইতে নির্ধারণযোগ্য। ইহা সময়, পরিমাণ, সংখ্যা, মান বা স্তর বিবেচনার কাছাকাছি একটি অবস্থা নির্দেশ করে। উল্লেখযোগ্যভাবে, যথাযথভাবে, প্রায় বা কাছাকাছি।

- abrasion n. ঘর্ষণজ্ঞনিত জখম বলপ্রয়োগের দ্বারা সৃষ্ট চারপ্রকার প্রধান জখমের একটি। ইহা এমন ধরনের আঘাত যাহার ফলে ত্বকের উপরিভাগ ঘষিয়া উঠিয়া যায়। ঘর্ষণজ্ঞনিত জখমের প্রকৃতি ও পরিধি বিশ্লেষণের ক্ষেত্রে নিম্নলিখিত প্রশৃগুলি প্রাসঙ্গিক: (১) ইহার দ্বারা ধর্ষণের আলামত বহন করে কি? (২) ইহা আক্রমণকারীর প্রতিহিংসার ফল কিনা? (৩) ইহা কি মারাত্মক না মোটামুটি ধরনের? (৪) ইহার দ্বারা কি বিকৃত যৌনকর্মের প্রমাণ বহন করে?
- abrogate vb. রদ করা ক্রি. আনুষ্ঠানিক ঘোষণাদ্বারা রহিত, বাতিল বা বিলোপ করা।
- abrogation n. রদ বি. কোনো কিছু রদ বা রহিত করিবার কার্য। আইনপ্রণয়নের ক্ষমতা বা কর্তৃত্ব দ্বারা কোনো আইন রদ বা রহিতকরণ। রদ করা বলিতে বুঝায় কোনো কিছু সম্পূর্ণরূপে বাতিল করা বা কাড়িয়া লওয়া। কোনো আইন রদ করা বলিতে বুঝায় তাহা বাদ দেওয়া বা রহিত করা।
- absconding n. ফেরার বি. আইনের প্রক্রিয়া এড়াইবার জন্য কোনো ব্যক্তির আদালতের হেফাজতে আত্মসমর্পণে ব্যর্থতা। ফৌজদারি কার্যবিধির ৮৭ ধারাঅনুসারে আসামি ফেরার হইলে তাঁহাকে আদালতে হাজির হইবার জন্য হুলিয়া জারির
 এবং ৮৮ ধারায় তাঁহার সম্পত্তি ক্রোকের বিধান আছে। ফৌজদারি কার্যবিধির ৩৩৯থ
 ধারায় ফেরারি এবং জামিনে মুক্ত আসামির অনুপস্থিতিতে তাঁহার বিচারের বিধান করা
 হইয়াছে।
- absence n. অনুপস্থিতি, গরহাজিরা বি. ১. (আদালতের কার্যপ্রণালিতে) বিবদমান কোনো পক্ষের কিংবা সাক্ষী হিসাবে তলবপ্রাপ্ত কোনো ব্যক্তির আদালতে হাজির না হওয়া। দেওয়ানি কার্যবিধির ৯ আদেশের ৩ ও ৮ নিয়মে ধার্য তারিখে বাদী বা বিবাদী অনুপস্থিত থাকিলে মামলা খারিজ করিবার অথবা একতরফা ডিক্রিপ্রদানের বিধান আছে। ২. সাক্ষ্য আইনের ১০৮ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি জীবিত বা মৃত, এই প্রশু উত্থাপিত হইলে এবং উক্ত ব্যক্তি জীবিত থাকিলে স্বাভাবিকভাবে যাঁহারা তাঁহার সংবাদ পাইতেন, তাঁহারা সাত বৎসর যাবত তাঁহার সংবাদ পান নাই বলিয়া প্রমাণিত

হইলে, উক্ত ব্যক্তি জীবিত বলিয়া যিনি দাবি করেন, উহা প্রমাণ করিবার দায়িত্ব তাঁহার উপর ন্যস্ত হয়। ৩. ফৌজদারি কার্যবিধির ২৪৯ ধারা-অনুসারে নালিশের ধারা রুজু করা মামলায় ফরিয়াদি অনুপস্থিত থাকিলে আদালত মামলার কার্যক্রম বন্ধ করিয়া দিতে এবং আসামিকে মুক্তি দিতে পারিবেন। ৪. চাকুরি আইনে বিনানুমতিতে ইচ্ছাকৃতভাবে অনুপস্থিত থাকিলে তাহা কর্মচারীর অসদাচরণ বলিয়া গণ্য হয়।

- absent for seven years সাত বংসর যাবত অনুপস্থিত সাক্ষ্য আইনের ১০৮ ধারায় বলা হইয়াছে যে, কোনো ব্যক্তি জীবিত না মৃত এই প্রশ্নে যদি প্রমাণিত হয় যে, সেই ব্যক্তি জীবিত থকিলে স্বাভাবিকভাবে যাঁহারা তাঁহার সংবাদ পাইতেন, তাঁহারা সাত বংসর যাবত তাঁহার কোনো সংবাদ পান নাই, তখন উক্ত ব্যক্তি জীবিত বলিয়া যিনি দাবি করেন, উহা প্রমাণ করিবার দায়িত্ব তাঁহার উপর ন্যস্ত হয়।
- absent without leave বিনা ছুটিতে অনুপস্থিতি অনুমতি ব্যতীত অনুপস্থিত থাকা।
 সৈনিকের ক্ষেত্রে ব্যবহৃত হইলে ইহাতে পলায়ন বুঝায় না। ১৯৬৫ সালের শ্রমিক
 নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ৫(৩) ধারা-অনুসারে, যদি কোনো শ্রমিক ছুটির
 মেয়াদ সমাপ্ত হইবার দশদিনের অতিরিক্ত বিনা ছুটিতে অনুপস্থিত থাকেন তবে তিনি
 চাকুরির অধিকার হারাইবেন। উক্ত আইনের ১৭ (২) (খ) ধারা-অনুসারে, কোনো
 শ্রমিক বিনা ছুটিতে দশদিনের বেশি অনুপস্থিত থাকিলে বা অভ্যাসগতভাবে
 অনুপস্থিত থাকিলে তাহা অসদাচরণ বলিয়া গণ্য হইবে। সংবিধানের ৬৭(১)(ঘ)
 অনুচ্ছেদ-অনুসারে, কোনো সংসদ-সদস্য সংসদের অনুমতি না লইয়া একাদিক্রমে
 নব্বই বৈঠক-দিবস অনুপস্থিত থাকিলে তাহার আসন শূন্য হইবে।

absolute discharge চূড়ান্ত অব্যাহতি discharge দ্ৰ.।

- absolute discretion চূড়ান্ত স্ববিবেচনা যদিও ইহা চূড়ান্ত তবু স্ববিবেচনা প্রয়োগ করা হয় সত্যকার বান্তব প্রয়োজনে এবং পরম দায়িত্বশীলতার সীমার মধ্যেই এই স্বাধীনতা চূড়ান্ত বা নিরত্কশ বলিয়া গণ্য হয়।
- absolute interest নির্ব্যুঢ় স্বার্থ কোনো কিছুর সম্পূর্ণ এবং সামগ্রিক মালিকানা।
- absolute liability চূড়ান্ত দায় অভিপ্রায় বা অবহেলা থাকা না-থাকা নির্বিশেষে দায়; যেমন, বিপজ্জনক কোনো বস্তুর পলায়ন বা পার হওয়া রোধ না করিবার দায়। সুস্পষ্ট বা সঠিকভাবে নির্দিষ্ট দায়।
- absolute nullity চূড়ান্ত অসিদ্ধতা নাগরিক অধিকার-সংক্রান্ত আইনে কোনো কাজ যাহা সরকারি নীতি, আইন বা আদেশের বিরোধী হইবার কারণে বাতিল বা এইরূপ বাতিল বা অসিদ্ধ হইবার অবস্থা।

- absolute privilege পরম বিশেষধিকার কোনো বক্তব্য যতই অসত্য, মানহানিকর বা ঈর্ষামূলক হউক না কেন, পরম বিশেষাধিকারের অন্তর্ভুক্ত হইলে তাহার জন্য বক্তব্যপ্রদানকারীকে দায়ী করা যাইবে না। টর্ট আইনের কতিপয় বক্তব্য পরম বিশেষাধিকারের অন্তর্ভুক্ত। সংবিধানের ৭৮ অনুচ্ছেদের (৩) উপ-অনুচ্ছেদ-অনুসারে, সংসদে বা সংসদের কোনো কমিটিতে সংসদ-সদস্যের প্রদন্ত বক্তব্য এমন একটি পরম বিশেষাধিকার।
- absolute right নির্বৃঢ় অধিকার ১. সংবিধানের ৩৯ অনুচ্ছেদের (১) উপ-অনুচ্ছেদঅনুসারে, চিন্তা ও বিবেকের স্বাধীনতা নির্বৃঢ় অধিকার। ২. মানবাধিকার-বিষয়ক
 ইউরোপীয় কনভেনশনে সন্নিবিষ্ট একটি অধিকার। জনস্বার্থে হস্তক্ষেপ যতই
 গুরুত্বপূর্ণ হউক না কেন, আইনসম্মতভাবে ইহাতে হস্তক্ষেপ করা যায় না। চিন্তা,
 বিবেক ও ধর্মের স্বাধীনতা এবং নির্বাতন, অমানবিক আচরণ বা শান্তি এবং
 অবমাননাকর আচরণ বা শান্তির উপর নিষেধাক্তা নির্বৃঢ় অধিকারের অন্তর্ভুক্ত।
- absolute title নির্বাঢ় স্বত্ব কোনো সম্পত্তিতে কোনো ব্যক্তির বৈধ মালিকানা ও দখলাধিকার যাহা অন্য কোনো ব্যক্তির অপর কোনো স্বার্থ ছারা সীমিত বা আছ্ত্রেনহে।
- abstention n. ইচ্ছাকৃতভাবে বিরড থাকা ইচ্ছাকৃতভাবে কোনো বিষয় জানা হইতে কেহ বিরত থাকিলে উক্ত বিষয় সম্পর্কে তিনি অবগত ছিলেন বিলিয়া গণ্য হইবেন। সম্পত্তি-হক্তান্তর আইনের ৩ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি কোনো বিষয় সম্পর্কে অবগত হইয়াছেন বলিয়া তখনই উল্লেখ করা যায় যখন তিনি প্রকৃতপক্ষে বিষয়টি জানিতে পারেন অথবা তদন্ত বা অনুসন্ধান হইতে ইচ্ছাকৃতভাবে বিরত না থাকিলে যে-বিষয়ে তাঁহার তদন্ত বা অনুসন্ধান করা উচিত ছিল সে-বিষয়ে অথবা ইচ্ছাকৃতভাবে অবহেলা না করিলে তিনি উহা জানিতে পারিতেন। ক্রেতার দায়িত্ব হইল ক্রীত বন্ধু সম্পর্কে অনুসন্ধান করা। সেক্ষেত্রে তিনি অনুসন্ধান ব্যতীত ক্রয় করিলে বিক্রেতা দায়ী হইবেন না। এতৎসহ absent without leave দ্র্বি.।
- abstract n. ১. সারসংক্ষেপ, সংক্ষিপ্তসার বি. কোনো বিষয়ের সংক্ষিপ্তসার। ২. বিমূর্ত বি. কোনো নিবর্ত্ত্বক বা আদর্শগত বিষয়। ৩. নির্যাস বি. নিঞ্চাশিতকরণ; পৃথক্করণ।
- abstraction n. আহরণ বি. অর্থ গ্রহণ বা আত্মসাৎ করা। ক্ষতি অথবা প্রবঞ্চিত করিবার উদ্দেশ্যে কাহারো নিকট হইতে কোনো কিছু গ্রহণ করা। 'অবৈধ আহরণ' হইল কর্তৃত্ব-বহির্ভূত এবং বেআইনিভাবে অর্থ, টাকা-কড়ি ইত্যাদি গ্রহণ করিয়া বা তুলিয়া লইয়া অনুরূপ গ্রহণকারীর স্বার্থে তাহা আত্মসাৎ করা। কৃত্রিমভাবে বা বেআইনি কৌশল বা শক্তি প্রয়োগ করিয়া অসৎভাবে আত্মসাৎ করা যায়।

- abstract of title স্বত্বের সারসংক্ষেপ স্বত্বের দলিলাদির সংক্ষিপ্তসার, যাহা জমিতে স্বত্বাধিকারীর স্বত্ব কিংবা তাঁহার জমির বিলিব্যবস্থা করিবার অধিকার প্রমাণ করে। একজন মালিক সাধারণত বিক্রয়্ম সম্পন্ন হইবার পূর্বে একজন ইচ্ছুক ক্রেতা বা বন্ধক- গ্রহীতাকে স্বত্বের একটি সারসংক্ষেপ সরবরাহ করেন এবং লেনদেন সম্পন্ন হইবার পর স্বত্বের মূল দলিল উপস্থাপন বা হস্তান্তর করা হইলে ক্রেতা বা বন্ধকগ্রহীতা উহার সহিত স্বত্বের সারসংক্ষেপ তুলনা করেন। কোনো স্থাবর সম্পত্তি হস্তান্তরের পূর্বে ওই সম্পত্তিতে দাতার স্বত্ব যথাযথ কিনা তাহা জানিবার জন্য সাবরেজিন্ট্রি অফিসে তল্পাশি দিয়া পূর্বে ওই সম্পত্তি হস্তান্তরিত বা দায়বদ্ধ হইয়াছে কিনা সে-সম্পর্কে প্রতিবেদন সংগ্রহ করা যায়।
- Abu Hanifa আবু হানিফা ইমাম আবু হানিফার (৭০০-৭৬৭ খ্রি.) পূর্ণ নাম আবু হানিফা আন-নৃমান ইব্নে সাবিত। তিনি ইরাকের অধিবাসী ছিলেন। আবু হানিফা যেভাবে এবং যে-ধারার শিক্ষা দিতেন, তাহাতে তাঁহার ব্যক্তিগত অভিমত সর্বাধিক প্রাধান্য পাইত। এইজন্য তাঁহাকে এবং তাঁহার মজহাবকে ব্যক্তিগত অভিমতবাদী (আহলুররায়) বলা হয়। তাঁহার সমসাময়িক পণ্ডিতগণের মতে আবু হানিফা দিদ্ধান্তগ্রহণের জন্য হাদিসের আলোক হইতে যুক্তির আলোককে বেশি পছন্দ করিতেন। সেই সময়ে আইনতত্ত্ববিদগণ মোটামুটি দুইভাগে বিভক্ত ছিলেন। একভাগে ছিলেন আরবের পণ্ডিতগণ। তাঁহাদেরকে হাদিসবাদী বলা হইত। অন্যভাগে ছিলেন ইরাকের পণ্ডিতগণ। তাঁহাদেরকে ব্যক্তিগত অভিমতবাদী বলা হইত। তবে ইহা ধারণা করা ঠিক হইবে না যে, হাদিসশান্ত্রে আবু হানিফার জ্ঞান অপ্রতুল ছিল বা হাদিসকে তিনি আইনের উৎস বলিয়া মনে করিতেন না। সকল ইমামই বিশ্বাস করিতেন যে, আইনের উৎস হইতেছে কোরান এবং হাদিস। কোনো কোনো ইমাম হাদিস গ্রহণ করিতে কঠোর সাবধানতা অবলম্বন করিতেন।
- abuse n. অপব্যবহার বি. যথাযথ শৃঙ্খলা বা প্রতিষ্ঠিত প্রথার বিপরীত কোনো কিছু করা। 'অপব্যবহার' বলিতে বৃহত্তর অর্থে অপরের প্রতি মন্দ বা নির্দয় আচরণ বৃঝায় এবং ক্ষমতা, স্বাধীনতা, নাগরিক অধিকার, আইন, যে-উদ্দেশ্যে প্রদন্ত বা প্রণীত হয় নাই সেইরূপ উদ্দেশ্যে ইহাদের অপব্যবহার বৃঝায়। নারীর সম্ভ্রমহানিও ইহার অন্তর্ভক্ত।
- abuse of process মোকদমার অপব্যবহার যে-ক্ষেত্রে একটি অলক্ষিত আনুষঙ্গিক উদ্দেশ্যে মামলা রুজু করিয়া প্রণযোগ্য ক্ষতিসাধন করা হয়। যেমন, যে-মামলা স্পষ্টত মৃঢ়োচিত, বিভৃষনাকর কিংবা দুরভিসদ্ধিপ্রসূত, তাহা মোকদমার অপব্যবহার বলিয়া আদালত মূলতুবি বা খারিজ করিতে পারেন। malicious prosecution দ্

- abusing of children শিশু-নির্ধাতন, শিশুপীড়ন সাধারণত ১৪ বৎসরের কমবয়স্ক বালিকার সহিত যৌনসংগম করা। দণ্ডবিধির ৩৭৫ ধারায় এই ধরনের অপরাধের শান্তির বিধান রহিয়াছে। ৩৭৫ ধারা-অনুসারে, ১৬ বৎসরের কমবয়স্ক নারীর সম্মতিতে বা সম্মতি-ব্যতিরেকে যৌন-সহবাস করিলে তাহা ধর্ষণ বলিয়া গণ্য হইবে।
- abwab n. আবওয়াব বি. যাহা জমিদার অথবা রাজস্ব-কর্মকর্তা অথবা রাজস্ব-কর্মচারী কর্তৃক প্রজার নিকট হইতে ধার্য খাজনার অতিরিক্ত হিসাবে আদায় করা হইত। ইহাতে কখনো কখনো সরকার কর্তৃক কোনো জমিদারের মহালের পুঙ্খানুপুঙ্খ তদন্তক্রমে রাজস্ব ধার্য করিবার পরিবর্তে ধার্যকৃত অতিরিক্ত রাজস্বকেও বঝাইত।
- academic freedom শিক্ষাক্ষেত্রের স্বাধীনতা শিক্ষক যাহা কিছু উপযোগী মনে করেন তাহার সবকিছু শিক্ষাদানের অধিকার। কিন্তু মন্দ বিষয় শিক্ষা দিবার অধিকার নয়। শিক্ষকদের কেবল শিক্ষাদান-সংক্রাপ্ত বক্তৃতার অধিকার ছাড়াও এই উজিটি আরো ব্যাপক বিষয় বিধৃত করে।
- academic question তান্ত্বিক প্রশ্ন ১. এমন একটি বিচার্য বিষয় আদালত কর্তৃক যাহার নিষ্পত্তি বা উত্তর প্রদান অনাবশ্যক। Qudrat-E-Elahi Panir v. Bangladesh 44 DLR (AD) 319 দ্র.। ২. কোনো উপপ্রমেয়মূলক বা বিতর্কিত প্রসন্ধ।
- accelerated succession ত্বরানিত পর্যায় পূর্ববর্তী স্বার্থ ত্যাগ বা লোপের ছারা কোনো কিছুর পরবর্তী অনুক্রম বা পর্যায় তুরানিত করা বা হওয়া।
- acceleration n. তুরণ বি. লেনদেন বা বন্দোবন্তের দ্বারা কোনো সম্পত্তিতে সৃষ্ট ভাবী স্বত্ব উক্ত লেনদেন বা বন্দোবন্তে নির্দিষ্ট পর্যায়ের পূর্বে দখলে আসা। একজন ভাড়াটিয়া যদি ইজারার মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে উহা ছাড়িয়া দেন, তবে ওই সম্পত্তিতে বাড়িওয়ালার পরাবর্তন- (reversion) স্বত্ব ত্বান্তিত হয়। একজন ঋণগ্রহীতা ঋণের শর্ত-অনুযায়ী কিন্তির টাকা সময়মতো পরিশোধ না করিলে বকেয়া কিন্তির পরিশোধ ত্বান্তিত হয়।
- acceptance n. ১. স্বীকৃতি বি. আদিষ্ট কর্তৃক আদেষ্টার বিলে স্বীকৃতিপ্রদান। বিলের শর্তানুযায়ী ইহার মূল্য পরিশোধ করিবেন বলিয়া স্বীকৃতিকারী যে-অঙ্গীকার করেন। ২. গ্রহণ বি. একপক্ষ কর্তৃক প্রদন্ত প্রস্তাবে অপরপক্ষ কর্তৃক সম্মতিজ্ঞাপন যাহার পরিণতি একটি চুক্তি। এমন-কোনো প্রস্তাবের শর্তাদি গ্রহণ করা যাহা, আরো কিছু আবশ্যকতা পূরণসাপেক্ষে, প্রস্তাবটিকে একটি আইনগত বাধ্যবাধকতাযুক্ত চুক্তিতে পরিণত করে। প্রস্তাবক যদি প্রস্তাব গ্রহণ করিবার পদ্ধতি নির্দিষ্ট করিয়া দেন,

তাহা হইলে কেবল ওই পদ্ধতিই কার্যকর হইবে। প্রস্তাবক কর্তৃক নির্দিষ্ট না হইলে, প্রস্তাবগ্রহণ বাচনিক বা লিখিতভাবে ব্যক্ত কিংবা প্রস্তাবগ্রহীতার আচরণ হইতে অনুমিত হইতে পারে। যেমন, তিনি যদি অনুমোদনপূর্বক পণ্যাদি গ্রহণ করেন এবং তাহা ব্যবহার করিতে আরম্ভ করেন; তবে গ্রহণের ক্ষেত্রে সবসময়েই, যে-ব্যক্তির কাছে প্রস্তাব করা ইইয়াছে, তাঁহার তরক্ষে কোনো না কোনো কার্য সম্পৃক্ত থাকিতে হইবে; প্রস্তাবক একথা বলিতে পারেন না যে, প্রস্তাবগ্রহীতা তাঁহার প্রস্তাব প্রত্যাখ্যান না করিয়া থাকিলে উহা গ্রহণ করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

গ্রহণের বৈধতা চারটি মূলসূত্রের দ্বারা নিয়ন্ত্রিত : (১) উহা প্রস্তাবটি কার্যকর থাকিতে, অর্থাৎ মেয়াদোত্তীর্ণ কিংবা বাতিল হইবার পূর্বে, ঘটিতে হইবে। (২) প্রস্তাব ও গ্রহণের শর্তাদি অভিনু হইতে হইবে। পরিবর্তনসাপেক্ষ গ্রহণ একটি প্রতিপ্রস্তাব বলিয়া গণ্য করা হয়। (৩) গ্রহণ অবশ্যই নিঃশর্ভ হইতে হইবে, সুতরাং চুক্তিসাপেক্ষ গ্রহণ বৈধ গ্রহণ নহে । (৪) গ্রহণ করা হইলে তাহা অবশ্যই প্রস্তাবককে জ্ঞাপন করিতে হইবে। চুক্তি আইনের ২(খ) ধারায় বলা হইয়াছে যে, যে-ব্যক্তির নিকট প্রস্তাব দেওয়া হয়, সেই ব্যক্তির তাহাতে সম্মতিজ্ঞাপনই প্রস্তাবের গ্রহণ। উক্ত আইনের ৭ ধারায় বলা হইয়াছে যে, কোনো প্রস্তাবকে অঙ্গীকারে পরিণত করিতে হইলে (১) গ্রহণ অবশ্যই নিশ্চিত ও নিঃশর্ত হইতে হইবে; (২) কী পদ্ধতিতে প্রস্তাব গ্রহণ করিতে হইবে, প্রস্তাবে যদি তাহা নির্দিষ্ট করা না হইয়া থাকে, তবে তাহা প্রচলিত ও যুক্তিসংগত পদ্ধতিতে ব্যক্ত করিতে হইবে: কী পদ্ধতিতে প্রস্তাব গ্রহণ করিতে হইবে, প্রস্তাবে যদি তাহা নির্দিষ্ট করা হইয়া থাকে এবং অনুরূপ পদ্ধতিতে তাহা গ্রহণ করা না হয়. তবে গ্রহণ সম্পর্কে জ্ঞাপিত হইবার পর প্রস্তাবক যুক্তিসংগত সময়ের মধ্যে দৃঢ়ভাবে বলিতে পারিবেন যে, কেবল নির্দিষ্ট পদ্ধতিতে, প্রকারান্তরে নহে, তাঁহার প্রন্তাব গ্রহণ করিতে হইবে এবং অপর পক্ষ তাহা করিতে ব্যর্থ হইলে তিনি উক্ত প্রস্তাব গ্রহণ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন।

acceptance as to time সময়-সম্বন্ধীয় স্বীকৃতি বিল-পরিশোধের সময়ের পরিবর্তন করিয়া বিলে স্বীকৃতিপ্রদান।

acceptance, conditional শর্তযুক্ত স্বীকৃতি conditional acceptance দ্ৰ.।

acceptance credit স্বীকৃতি ঋণ ঋণ-দলিলের পাওনা অর্থের ভবিষ্যতে পরিশোধসাপেক্ষে স্বীকৃতিপ্রদান।

acceptance for honour সন্মানার্যে স্বীকৃতি কোনো তৃতীয় পক্ষ বা প্রয়োজনে রেফারি কর্তৃক বিলের কোনো পক্ষের সন্মানে বিলে স্বীকৃতিপ্রদান।

acceptance, general সাধারণ স্বীকৃতি general acceptance দ্ৰ.।

- acceptance of a bill হৃডিস্বীকার যে-ব্যক্তির উপর হৃডি নিখিত হয় (হৃডিগ্রাহক), তৎকর্তৃক এই মর্মে নিখিত সম্বতি যে, তিনি হৃডিপ্রেরকের আদেশ মান্য করিবেন। এইরূপ সম্বতি অবশ্যই হৃডির উপর নিখিত ও স্বাক্ষরিত হইতে হইবে।
- acceptance of goods পণ্যগ্রহণ পণ্যবিক্রয় আইনের ৪২ ধারা-অনুসারে, ক্রেতা
 যখন বিক্রেভাকে অবহিত করেন যে, তিনি পণ্য গ্রহণ করিয়াছেন, অথবা পণ্য যখন
 ক্রেতাকে অর্পণ করা হয় এবং উক্ত পণ্য সম্পর্কে তিনি এমন কিছু করেন যাহা
 বিক্রেতার মানিকানার সহিত সামঞ্জস্যবিহীন, অথবা যুক্তিসংগত সময় অতিবাহিত
 হইবার পরেও যখন তিনি পণ্য নিজের অধিকারে রাখেন এবং বিক্রেতাকে জানান না
 যে তিনি উহা প্রত্যাখান করিয়াছেন, তখন ক্রেতা পণ্য গ্রহণ করিয়াছেন বলিয়া গণ্য
 হইবেন।
- acceptance, partial আংশিক স্বীকৃতি partial acceptance দ্ৰ.।
- acceptance, qualified সীমাবদ্ধ স্বীকৃতি qualified acceptance দ্ৰ.।
- acceptor n. স্বীকৃতিকারী বি. বিলে স্বীকৃতিকারী ব্যক্তি। দেনাদার বা তাঁহার নিযুক্ত যে-কোনো প্রতিনিধি বিলে স্বীকৃতিপ্রদান করিয়া স্বীকৃতিকারী হইতে পারেন।
- acceptor for honour সন্মানার্থে স্বীকৃতিদাতা অধিকতর নিরাপন্তার প্রয়োজনে কোনো হন্তি বা বিনিময়পত্র গ্রহণে আপত্তি লক্ষিত হওয়া সত্ত্বেও যখন কোনো ব্যক্তি হন্তিদাতার বা কোনো একজন প্রত্যয়নকারীর সন্মানে উহা গ্রহণ করেন বা মানিয়া লন। হন্তান্তরযোগ্য দলিল আইনের ৭ ধারায় সন্মানার্থে স্বীকৃতিদাতার সংজ্ঞা দেওয়া হইয়াছে।
- access n. ১. অভিগম বি. স্বামী ও দ্রীর মধ্যে যৌনসংগমের সুযোগ। বিবাহবন্ধনকালে একটি শিশুর জন্ম বৈধ বলিয়া আইনে অনুমিত হয়। যথাসময়ে দ্রীর সহিত স্বামীর যৌনসংগম অসম্ভব বা বড় অবান্তব ছিল এমন প্রমাণ থাকিলে আইনের অনুমান খণ্ডিত হইবে। স্বামী বা দ্রীর সাক্ষ্য এ-ব্যাপারে গ্রহণযোগ্য হইবে। ২. দর্শনাধিকার বি. বিবাহবিচ্ছেদের পরে কিংবা অভিভাবকত্বের আদেশ বলবৎ থাকাকালে একটি শিশুর যত্ন ও নিয়ন্তবের ভার পিতামাতার যে-কোনো একজনের উপর অর্পিত হইলে, শিশুটিকে দর্শন করিবার জন্য অন্যজনকে (আদালতের বিবেচনায়) যে-সুযোগ মনজুর করা হয়। ৩. প্রবেশাধিকার বি. নিকটে বা সানিধ্যে যাওয়া। যেমন সন্নিহিত জমির মালিকের মহাসড়কে যাইবার অধিকার।
- accession n. ১. অভিগমন বি. একটি রাষ্ট্রকর্তৃক কোনো আন্তর্জাতিক চুক্তির সমর্থন। ২. আরোহণ বি. কোনো পদ, পদমর্থাদা বা অবস্থা লাভ। ৩. রাজ্যপ্রাপ্তি বি. পূর্ববর্তী রাজা বা রানীর মৃত্যু কিংবা রাজ্যত্যাগের সঙ্গে সঙ্গে যে-প্রক্রিয়ায় রাজপরিবারের একজন সদস্য সিংহাসনে আরোহণ করেন। ৪. যোজন বি. নদী বা

সমুদ্র যদি ক্রমশ সরিয়া যায় অথবা ভরাট হইয়া যায় এবং সেই কারণে তীরবর্তী জমি মন্থরগতিতে ক্রমশ বৃদ্ধিপ্রাপ্ত হয় তাহা হইলে বৃদ্ধিপ্রাপ্ত জমি সংলগ্ন-তীরবর্তী জমির মালিকের প্রাপ্য হইবে এবং উক্ত মালিক বর্ধিত জমির জন্য কর্তৃপক্ষকে খাজনা প্রদান করিবেন না। ১৮২৫ সালের শিকস্তি ও পয়োস্তি আইনেও যোজনের মাধ্যমে বৃদ্ধিপ্রাপ্ত সম্পত্তিতে তীরবর্তী জমির মালিকের স্বত্ব স্বীকার করা হইত। ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৮৭ ধারা-অনুসারে নদী বা সাগরের জল সরিয়া যাইবার ফলে ক্রমান্থয়ে তীরবর্তী ভূমি ধীরগতিতে বৃদ্ধি পাইয়া তাহা যে-মালিকের জোতের সহিত সংযুক্ত হয়, কতিপয় শর্তসাপেক্ষে, তিনি তাহা বা তাহার অংশে স্বত্বান হন। ৫. সংযোজন বি. যথা গ্রন্থাগারে পুস্তক-সংযোজন।

- accessory n. ১. আনুষঙ্গিক বা সহায়ক বস্তু বা উপকরণ বি. ২. অপরাধসহায়ক বি. অপরাধ-সংঘটনে প্ররোচনা কিংবা সহায়তাপ্রদানকারী। দওবিধির ১০৮ ধারায় অপরাধসহায়কের সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে এবং ১০৯ ধারায়, অন্য কোনো ব্যক্ত বিধান না থাকিলে, অপরাধসহায়কের শান্তি মূল অপরাধের জন্য নির্দিষ্ট শান্তির অনুরূপ ধার্ম হইয়াছে।
- accessory after the fact অপরাধ-উত্তর সহায়ক অপরাধ সংঘটিত হইবার পর জ্ঞাতসারে যে-ব্যক্তি অপরাধকার্যে সহায়তা করে।
- accessory before the fact অপরাধ-পূর্ব সহায়ক অপরাধ সংঘটিত হইবার পূর্বে যে-ব্যক্তি জ্ঞাতসারে অপরাধকার্যে সহায়তা করে।
- accessory contract আনুষঙ্গিক চুক্তি পূর্ববর্তী কোনো চুক্তি বান্তবায়নের নিশ্চয়তাস্বরূপকৃত আনুষঙ্গিক চুক্তি। ইহা একই পক্ষগণ দ্বারা বা অন্যদের দ্বারাও হইতে পারে। যেমন, জামিনদার হওয়া, বন্ধক রাখা এবং প্রতিজ্ঞা করা।
- accessory liability অপরাধসহায়তার দায়িতা যদি কোনো অসম্পর্কিত ব্যক্তি জ্ঞাতসারে এবং অসাধুতাবে একজন অছিকে আমানত খেয়ানত করিতে সাহায্য করেন, তাহা হইলে তিনি একজন অপরাধসহায় হিসাবে দায়ী হইবেন। এতৎসহ breach of trust দ্র.।
- accident n. দুর্ঘটনা বি. অভাবিত বা অপরিকল্পিত অঘটন। দণ্ডবিধির ৮০ ধারাঅনুসারে, দুর্ঘটনা অথবা দুর্ভাগ্যবশত এবং কোনোপ্রকার অপরাধমূলক উদ্দেশ্য বা
 অবগতি ব্যতিরেকে আইনানুগ প্রণালিতে আইনগত মাধ্যমে এবং যথাযথ যত্ন ও
 সতর্কতার সঙ্গে সম্পাদিত কোনো আইনানুগ কার্যই অপরাধ নহে। ফৌজদারি
 মামলায় আত্মপক্ষসমর্থনের জন্য, বিশেষ করিয়া যানবাহনের দুর্ঘটনাসংক্রান্ত
 মোকদ্দমায়, আসামিপক্ষ দণ্ডবিধির উল্লিখিত ধারার আশ্রয় গ্রহণ করেন। fatal
 accident দ্র.।

accidental adj. আপতিক বিণ. দেওয়ানি কার্যবিধির ১৫২ ধারা-অনুসারে, ঘটনাক্রমে বা আপতিক ভূলের জন্য কোনো ডিক্রি, রায় কিংবা আদেশে কোনো ভূল হইলে আদালত স্বয়ং অথবা পক্ষগণের প্রার্থনায় তাহা সংশোধন করিতে পারেন।

- accidental slip or omission আৰু শিক ভুল বা বিচ্যুতি যেখানে আদালতের রীতি হইল অর্থতিক্রি স্থূগিত বা বিলম্ব না করানো সেখানে আদালতের পক্ষে আবশ্যকীয় ঘটনার প্রতি মনোযোগ দিতে ব্যর্থ হওয়া কিংবা অর্থসংক্রান্ত ডিক্রির পরিবর্তন করা আকৃষ্মিক ভল বা বিচ্যুতি বলিয়া গণ্য হয়।
- accident in doing a lawful act আইনানৃগ কার্যসম্পাদনকালে দুর্ঘটনা দুর্ঘটনা বা দুর্ভাগ্যবশত এবং কোনোপ্রকার অপরাধমূলক উদ্দেশ্য বা অবগতি ব্যতিরেকে আইনানৃগ প্রণালিতে আইনানৃগ মাধ্যমের সাহায্যে এবং যথাযথ যতু ও সর্তকতার সহিত সম্পাদিত কোনো আইনানৃগ কার্যই অপরাধ নহে।
- accommodation n. বাসস্থান বি. সাধারণ অর্থে ফ্ল্যাট, বাড়ি, ছাত্রাবাস. হোটেল ইত্যাদি স্থায়ী বা অস্থায়ী আবাস, নিবাসন, আহার ও বসবাস করিবার হান: তবে ইহা কোনো শিল্প-কারখানার স্থানকে অন্তর্ভুক্ত করে না। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে ইহা জরুরি প্রয়োজনে কাহাকেও অর্থখণ প্রদান বা কোনো বিরোধের বন্ধুত্বপূর্ণ নিম্পত্তি বা আপসরফাও বৃঝায়। আবার কাহারো সুবিধার্থে তাঁহার প্রয়োজনের সহিত সামঞ্জস্যবিধান, উপযোজন বা উপযুক্ত বন্দোবস্ত বা কোনো আনুকুল্যপ্রদানও বুঝায়।
- accommodation bill উপযোজক হন্ডি, অর্থসংস্থানকারী পত্র ১. কোনো ব্যক্তিকর্তৃক স্বীকৃত মূল্য প্রাপ্ত না হইয়া অন্যের পক্ষে প্রণীত, গৃহীত, স্বীকৃত বা অনুমোদিত পত্র বা হন্ডি যাহার দ্বারা দ্বিতীয় পক্ষ অর্থসংগ্রহ বা ঋণলাভ করিতে সমর্থ হন। ইহা জামানতরূপে প্রদন্ত একটি বিনিমরযোগ্য অর্থসংস্থানকারী হুতি বা পত্র। পাওনাদার না হইয়াও আদেষ্টা আদিষ্টের উপর এই ধরনের বিল প্রস্তুত করিয়া থাকেন এবং দেনাদার না হইয়াও আদিষ্ট আদেষ্টার বিলে স্বীকৃতিপ্রদান করিয়া থাকেন। তারপর বিলটি ব্যাংকের নিকট বাষ্টার বিনিময়ে ভাঙাইয়া অর্থের প্রয়োজন মিটানো হয়। পরবর্তীকালে ব্যাংক বিলটি পরিশোধের জন্য স্বীকৃতিকারীর নিকট উপস্থাপন করিলে তিনি উক্ত বিল পরিশোধ করিয়া দেন। ইহার মাধ্যমে কৌশলে অর্থসংস্থান করা হয়। ২. দুইজন কারবারি পরস্পর নিজেদের অর্থসংস্থানের উদ্দেশ্যে যে-বিল তৈয়ারি করেন।

accommodation paper উপযোজনপত্র accomodation bill দ্র.।

accomplice n. অপরাধে অংশগ্রহণকারী বি. কোনো অপরাধে অংশগ্রহণকারী বা সহায়তাকারী। কোনো অপরাধকর্মে যাঁহারা জড়িত থাকেন তাঁহাদের প্রত্যেকেই সেই অপরাধের দ্ধন্য দায়ী। সাক্ষ্য আইনের ১৩৩ ধারা-অনুসারে, অপরাধে অংশগ্রহণকারী ব্যক্তি আসামির বিরুদ্ধে সাক্ষ্য দেওয়ার উপযুক্ত বলিয়া গণ্য হইবেন। অপরাধে অংশগ্রহণকারীর অসমর্থিত সাক্ষ্যের ভিন্তিতে আসামিকে সাজা দেওয়া হইলে কেবল সেই কারণে উক্ত সাজা বেআইনি হইবে না। সাক্ষ্য আইনে অপরাধের স্বীকারোক্তি সমস্ত আসামিসহ যিনি স্বীকারোক্তি করেন তাঁহার বিরুদ্ধে বিবেচনা করা যাইতে পারে। সাক্ষ্য আইনের ৩০ ধারা-অনুসারে, যেখানে একই অপরাধে একাধিক ব্যক্তির যৌথভাবে বিচার হইতেছে এবং তাঁহাদের মধ্যে একজনের অপরাধের স্বীকারোক্তি, যদ্মারা তিনি নিজকে এবং অন্যকে জড়িত করিয়াছেন, তাহা প্রমাণ করা হইয়াছে সেখানে আদালত উক্ত স্বীকারোক্তিকারী ও অপর ব্যক্তির বিরুদ্ধে সেই স্বীকারোক্তি বিবেচনা করিতে পারেন। সাক্ষ্য আইনের ১১৪ ধারার বিধানসাপেক্ষে অপরাধের অংশগ্রহণকারীর সাক্ষ্য গুরুত্বপূর্ণ বিষয়ে সমর্থিত না হইলে আদালত ধরিয়া লইতে পারেন যে, অপরাধের অংশগ্রহণকারীর সাক্ষ্য বিশ্বাসযোগ্য নহে। ফৌজদারি কার্যবিধির ৩৩৭ ধারায় ম্যাজিন্ট্রেট এবং ৩৩৮ ধারায় দায়রা বিচারক অপরাধের অংশগ্রহণকারীকে সত্য সাক্ষ্যদানের শর্তসাপেক্ষে ক্ষমাপ্রদর্শন করিতে পারেন।

- accord n. মতৈক্য বি. বিবদমান একাধিক পক্ষের মধ্যে বোঝাপড়া তথা আপস চক্তি।
- accord and satisfaction মতৈক্য ও সজোষণ একটি চুক্তির দূই পক্ষের মধ্যে একপক্ষ যদি নিজের দিক হইতে শর্ত পূরণ করিয়া থাকে, তাহা হইলে অন্যপক্ষকর্তৃক তাহার দায়দায়িত্ব হইতে অব্যাহতি ক্রয়। যেমন, ক যদি চুক্তিসম্মত সেবা প্রদানের জন্য খ-কে একটি বিশেষ তারিখে ১০০০ টাকা দিতে বাধ্য থাকেন, তাহা হইলে খ ওই তারিখের পূর্ববর্তী কোনো তারিখে ৯০০ টাকা গ্রহণ করিতে রাজি হইতে পারেন; পূর্ববর্তী তারিখে পরিশোধিত ওই অর্থই সম্ভোষণ।
- account

 নি হিনাৰ বি. সাধারণ আইনে (কমন ল) এবং পরবর্তীকালে ন্যায়ানুগ
 আইনে (ইকুইটি) একটি অধিকার। এই অধিকার-অনুযায়ী কোনো সম্পর্কের (যেমন,
 অংশীদারিত্ব) একপক্ষকে অন্যপক্ষ অথবা পক্ষসমূহের কাছে প্রাপ্ত বা প্রাপ্য অর্থের
 হিসাব দিতে হয়। একটি হিসাব (১) উন্মুক্ত অথবা চলতি হইতে পারে, যে-ক্ষেত্রে
 একটি স্থিতিপত্র সকল পক্ষকর্তৃক স্বীকৃত অথবা গৃহীত হয় নাই; (২) বিবৃত হইতে
 পারে, যে-ক্ষেত্রে একটি স্থিতিপত্র সকল পক্ষকর্তৃক নির্ভুল বলিয়া স্বীকৃত হইয়াছে;
 কিংবা (৩) নিম্পানু হইতে পারে, যে-ক্ষেত্রে একটি স্থিতিপত্র স্বীকৃত ও পরিশোধিত
 হইয়াছে।
- accountability n. জবাবদিহি বি. গণতান্ত্রিক ও দায়িত্দীল সরকার ব্যবস্থার একটি অপরিহার্য উপাদান। জবাবদিহির দুইটি দিক রহিয়াছে। এক, জবাবদিহি বলিতে বুঝায় প্রধানমন্ত্রী, মন্ত্রী বা অন্য কর্মকর্তার ক্ষমতাপ্রয়োগ কতটুকু আইনসমত ও উপযুক্তভাবে সম্পন্ন হয়, তাহা তাঁহাদের দ্বারা প্রমাণ করা। তাঁহাদের মনে রাখিতে আইন-শন্দকোর: ২

হয় যে, তাঁহারা আইন-অনুযায়ী প্রতিষ্ঠান ও জনস্বার্থের তত্ত্বাবধায়ক মাত্র। দুই, জবাবদিহি নীতি কাঠামোগত একধরনের ব্যবস্থাপনা। ইহার দ্বারা কোনো ব্যক্তি যখন কোনো প্রতিষ্ঠানের পক্ষে ক্ষমতাপ্রয়োগ করেন, তখন তিনি ওই প্রতিষ্ঠানের মূল্যবোধ ও নীতির সহিত কতখানি সামঞ্জদা রাখিয়া করেন তাহা নিরূপণ করা হয়।

accounting records হিসাবপত্ত books of account দ্ৰ.।

- account of profits মুনাফার হিসাব কোনো কোনো পরিস্থিতিতে একজন দাবিদার খেসারতের বিকল্প হিসাবে দাবি করিতে পারেন, এমন একটি প্রতিকার। যেমন, কপিরাইট লচ্ছান-সম্পর্কিত কোনো মামলায় একজন দাবিদার তাঁহার ক্ষতিসাধন করিয়া বিবাদী যে-আর্থিক লাভ অর্জন করিয়াছেন, উহার সমপরিমাণ অর্থ প্রাপ্ত হইবার অধিকারী।
- account payee cheque প্রাপকের ব্যাংক-হিসাবে প্রদেয় চেক যে-দাগকাটা চেকের উপরিভাগে দুইটি সমান্তরাল রেখার মধ্যে 'Account payee' কথাটি লিখিত থাকে। এই চেকের টাকা তথু প্রাপকের ব্যাংক-হিসাবের মাধ্যমে সংগ্রহ করা যায়।
- accounts n. হিসাবনিকাশ বি. কোনো লেনদেন, ব্যবসা বা কোম্পানির আর্থিক অবস্থা-সম্পর্কিত বিবৃতি। সকল নিবন্ধিত কোম্পানিকে প্রতি বৎসর একটি সাধারণ সভায় (কোম্পানির আইনদারা বিহিত ফরম বা ছকে) অবশ্যই হিসাবনিকাশ উপস্থাপন করিতে হইবে। একটি স্থিতিপত্র, লাভক্ষতির হিসাব এবং (প্রযোজ্য হইলে) বর্গীয় হিসাব (group account) এই হিসাবনিকাশের অন্তর্ভুক্ত। ইহার সহিত পরিচালকবৃন্দের প্রতিবেদন এবং হিসাবনিরীক্ষকের প্রতিবেদন যুক্ত হয়।
- account suit হিসাবসংক্রান্ত মামলা দেওয়ানি কার্যবিধির ৭ আদেশের ২ নিয়মে বলা হইয়াছে যে, বাদী যদি অন্তর্বতীকালীন মুনাফার জন্য অথবা বিবাদীর সহিত তাঁহার অমীমাংসিত হিসাব বাবদ সম্ভাব্য পাওনা টাকার জন্য মামলা করেন, তবে আরজিতে দাবির টাকার আনুমানিক পরিমাণ উল্লেখ করিতে হইবে। দেওয়ানি কার্যবিধির ২০ আদেশের ১৬ ও ১৭ নিয়মে হিসাবসংক্রান্ত মামলায় ডিক্রিপ্রদান সম্পর্কে বলা হইয়াছে। ১৬ নিয়ম-অনুসারে, কোনো ব্যবসায়ী ও তাঁহার প্রতিনিধির মধ্যে আর্থিক লেনদেনের হিসাবসংক্রান্ত কোনো মাকদ্ময়ায় এবং ইতিপূর্বে বর্ণিত হয় নাই এইরকম কোনো মোকদ্ময়ায় এবং ইতিপূর্বে বর্ণিত হয় নাই এইরকম কোনো মোকদ্ময়ায় থাক কোনো দেনা বা পাওনা টাকার পরিমাণ নির্ণয়ের জন্য হিসাবগ্রহণের প্রয়োজন হয়, তবে আদালত চূড়ান্ত ডিক্রিদানের পূর্বে একটি প্রাথমিক ডিক্রি দ্বারা যেরূপ উপযুক্ত মনে করেন তদ্ধুপ হিসাবগ্রহণের নির্দেশ দিতে পারেন। ১৭ নিয়ম বিশেষ নির্দেশদান সম্পর্কে বলা হইয়াছে। দেওয়ানি কার্যবিধির ২৬ আদেশের ১১ নিয়ম-অনুসারে, কোনো মামলায় হিসাবপত্র পরীক্ষা বা সংশোধন করা প্রয়োজন হইলে আদালত যাঁহাকে উপযুক্ত মনে করিবেন তাঁহার নিকট কমিশন প্রেরণ করিয়া উক্ত হিসাব পরীক্ষা বা সংশোধন করিবার নির্দেশ দিতে পারিবেন।

35 accumulation

accretion n. পয়প্ত বি. যে-প্রক্রিয়ায় খাড়ির পরিবর্তনের দরুন নবগঠিত জমি
পুরাতন জমির সহিত আইনসম্মতভাবে সমীভূত হয়। এই প্রক্রিয়াটি পানি এবং
অন্যান্য মূল উপাদানের অত্যন্ত ধীর, প্রায় অলক্ষ্য, প্রাকৃতিক ক্রিয়াজনিত। রাষ্ট্রীয়
অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৮৭ ধারার বিধান-অনুসারে, নদী বা সাগরের জল
সরিয়া যাইবার ফলে ক্রমান্বয়ে তীরবর্তী ভূমি ধীরগতিতে বৃদ্ধি পাইয়া তাহা যেমালিকের জোতের সঙ্গে সংস্কুক্ত হয়, কতিপয় শর্তসাপেক্ষে, তিনি তাহা বা তাহার
অংশের স্বত্যধিকারী হন।

- accrual of income আয়ের একত্রীভবন একজন করদাতার আয় বা উপার্জন বন্ধুত হস্তগত না হইলেও উহা উপার্জিত হইতে পারে। করদাতা আয়ের অধিকার অর্জন করিলে উহা একত্রীভূত হইয়াছে বলা যায়, যদিও উহা নিরূপিত হইবার পর গ্রহণযোগ্য হয় বা বাস্তবে গ্রহণ করা হয়। মূল ধারণা হইল, কোনো ব্যাক্তি উপার্জন গ্রহণ করিবার বা তাহা লাভ করিবার নিশ্চিত অধিকার অর্জন করিয়াছেন।
- accrual of right to sue: cause of action মোকদ্দমা করিবার অধিকারের উদ্ভব: মামলার কারণ ১৮৯৯ সালের বঙ্গীয় ৩ আইনে ব্যবহৃত এই অভিব্যক্তিদ্বয় সমার্থকরূপে ব্যবহৃত হয় না। উক্ত আইনে 'মোকদ্দমা করিবার অধিকারের উদ্ভব' বলিতে মামলার কারণ সৃষ্টি হওয়া এবং সেইসঙ্গে উক্ত আইনে বর্ণিত সতকীকরণ বিজ্ঞপ্তির মেয়াদ উত্তীর্ণ হওয়া বুঝায়। কারণ উক্ত আইনে বর্ণিত মতে বিজ্ঞপ্তিদানের পরে এক মাস অভিবাহিত না হওয়া পর্যন্ত বাদীর মামলা আরম্ভ করিবার অধিকার নাই। 'উদ্ভব হওয়া, বালিতে মামলা করিবার অধিকারের উদ্ভব হওয়া, ইত্যাদি বুঝায়।
- accrue-arise একত্রিত-উদ্ভূত গ্রহণ শব্দটির সহিত বৈষম্যমূলক পার্থক্য বুঝাইবার জন্য ব্যবসায়িক ক্ষেত্রে 'একত্রিত' ও 'উদ্ভূত' শব্দ দুইটি ব্যবহার করা হয়। যখন আয় বস্তুত করদাতার নিকট পৌছে তখন উহা গ্রহণ করা হইয়াছে বুঝায় আর যখন আয় গ্রহণ করিবার কায়েমি অধিকার করদাতার উপর বর্তায় (যাহা পরবর্তীকালে করদাতার নিকট পৌছে) তখন উহা একত্রিত বা উদ্ভূত হইয়াছে বলা হয়।
- accumulated profit n. পুঞ্জীভূত মুনাফা পুঞ্জীভূত মুনাফা বলিতে প্রথমত পূর্ববর্তী বৎসরের বা বৎসরসমূহের মুনাফা নির্দেশ করে এবং দ্বিতীয়ত উক্তরূপ মুনাফা সময়ে সময়ে পুঞ্জীভূত হইয়া চলতি বৎসর গুরু হইবার পূর্বে কোম্পানির হাতে বা ব্যবসার হিসাবে কিছু মুনাফা পুঞ্জীভূত থাকা নির্দেশ করে। ইহা পুঁজি বৃদ্ধি বা চলতি বৎসরের মুনাফাকে অন্তর্ভুক্ত করে না।
- accumulation n. পুঞ্জীভবন বি. মূলধনের সহিত কোনো তহবিল হইতে উদ্ভূত আয়ের নিরন্তর সংযোজন, যাহাতে তহবিলটি অনির্দিষ্টভাবে বৃদ্ধি পাইতে পারে।

accusation 20

accusation n. অভিযোগ বি. ফৌজদারি অপরাধ সম্পর্কে কোনো আনুষ্ঠানিক অভিযোগ উত্থাপন। সাধারণত কথিত অপরাধ অনুসন্ধান করিবার এখতিয়ারসম্পন্ন বিচারক বা আদালতের নিকট অনুরূপ অভিযোগ উত্থাপিত হয়। কোনো ব্যক্তি কোনো বেআইনি বা অনৈতিক কার্যে জড়িত হইয়াছেন, এই মর্যে কোনো অনানুষ্ঠানিক বিবৃতি। এতৎসহ malicious accusation দ্র.।

- accusatorial procedure অভিযোগমূলক বিচারপদ্ধতি ইহা ইংল্যান্ডের সাধারণ আইনের একটি নীতি। ইহাতে আসামির বিরুদ্ধে অভিযোগপ্রমাণের দায়িত্ব ফরিয়াদি পক্ষের উপর বর্তায়। বাংলাদেশে সাধারণত এই নীতি অনুসরণ করা হয়।
- accused n. আসামি বি, অপরাধের অভিযোগে যাঁহার বা যাঁহাদের বিরুদ্ধে তদন্ত বা বিচার হয়। আসামি কর্তৃক দোষস্বীকার গ্রহণীয় হইতে হইলে তাহা সাক্ষ্য আইনের ২৪ হইতে ২৬ ধারায় বর্ণিত শর্তসাপেক্ষ হইতে হয়। ফৌজদারি কার্যবিধির ২৪২ ধারা-অনুসারে ম্যাজিন্ট্রেট ও ২৬৫খ ধারা-অনুসারে দায়রা আদালত কর্তৃক আসামির বিরুদ্ধে অভিযোগনামা গঠন করিতে হয়। উক্ত কার্যবিধির ৩৪০ ধারা-অনুসারে **উকিলদ্বারা আসামির আত্মপক্ষসমর্থনের অধিকার আছে। স্বেচ্ছা**য় লিখিত আবেদনের ভিত্তিতে তিনি আত্মপক্ষসমর্থনে সাক্ষ্যপ্রদান করিতে পারেন, তবে আত্মপক্ষসমর্থনে সাক্ষ্যদানে তাঁহাকে বাধ্য করা যায় না। তবে উক্ত কার্যবিধির ৩৪২ ধারা-অনুসারে আসামির বিরুদ্ধে প্রদত্ত সাক্ষ্যপ্রমাণ সম্পর্কে তাঁহাকে বক্তব্যপ্রদানের সুযোগ দিতে হয়। উক্ত কার্যবিধির ৪৯৬-৪৯৮ ধারা-অনুসারে আসামি জামিন লাভ করিতে পারেন। উক্ত কার্যবিধির ৪৩১ ধারা-অনুসারে আসামির মৃত্যু হইলে আপিল বাতিল হইয়া যায়। ফৌজদারি কার্যবিধির ৫৪০ক ধারা-অনুসারে, একাধিক আসামির মধ্যে এক বা একাধিকজন অনুপস্থিত থাকিলে বিচারক বা ম্যাজিস্ট্রেট কারণ উল্লেখপূর্বক বিচার বা তদন্ত পরিচালনার অথবা উক্ত আসামি সম্পর্কে আলাদা বিচার অনুষ্ঠানের আদেশ দিতে পারেন। আসামির উপস্থিতিতে বিচার বা তদন্ত অনুষ্ঠিত হওয়া উচিত। তবে ফৌজদারি কার্যবিধির ৩৩৯খ ধারা-অনুসারে আসামির অনুপস্থিতিতেও বিচার হইতে পারে।
 - acid n. জ্যাসিড বি. ২০০২ সালের জ্যাসিড নিয়ন্ত্রণ আইনের ২(খ) ধারা-অনুসারে 'জ্যাসিড' অর্থ গাঢ়, তরল অথবা মিশ্রণসহ যে-কোনো প্রকার সালফিউরিক অ্যাসিড, হাইড্রোক্রোরিক জ্যাসিড, নাইট্রিক অ্যাসিড, ফসফরিক অ্যাসিড, ক্ষারজাতীয় কন্টিক সোডা, কন্টিক পটাশ, কার্বলিক অ্যাসিড, ব্যাটারি ফুইড (জ্যাসিড), ক্রোমিক অ্যাসিড ও জ্যাকোয়া-রেজিয়া (aqua-regia), এবং সরকার কর্তৃক নির্ধারিত ক্ষারজাতীয় (corrosive) অন্যান্য দ্রব্যাদি। ২০০২ সালের অ্যাসিড অপরাধ দমন আইনের ২(খ) ধারা-অনুসারে, অ্যাসিড অর্থ দহনকারী, ক্ষয়কারী ও বিষাক্ত যে-কোনো পদার্থ।

23 acquisition

acid-affected person অ্যাসিডদারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি ২০০২ সালের অ্যাসিড নিয়ন্ত্রণ আইনের ২(গ) ধারা-অনুসারে, 'অ্যাসিড দারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি' অর্থ অ্যাসিড নিক্ষেপের ফলে বা অন্য কোনোভাবে অ্যাসিডদারা শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত ব্যক্তি।

- acid test ratio চূড়ান্ত হিসাবের অনুপাত এই অনুপাত-দ্বারা চলতি দায়ের তুলনায় চলতি সম্পদের পরিমাপ করা হয়। এই অনুপাত-দ্বারা কোম্পানির প্রকৃত অবস্থা জানা যায়। এই অনুপাতের স্বাভাবিক হার ১:১।
- acknowledgement n. স্বীকৃতি, প্রত্যভিজ্ঞান বি. ১. একটি পরিশোধ্য ঋণ কিংবা একটি দাবি বিদ্যমান রহিয়াছে বলিয়া স্বীকৃতি। ২. কোনো দলিলের স্বাক্ষরকারীকর্তৃক দলিলের স্বাক্ষরটি তাঁহারই বলিয়া নিশ্চিতকরণ। ৩. কোনো কিছর প্রাপ্তিস্বীকার।
- acknowledgement of service জারির প্রাপ্তিশীকার ইংল্যান্ডের আদালতে কোনো দাবিসংক্রান্ত মামলায় বিবাদীপক্ষের প্রত্যুত্তরবিশেষ। বিবাদী তাঁহার বিরুদ্ধে বাদীকর্তৃক আদীত মামলায় বিরোধিতা করিতে চাহিলে তাঁহাকে অবশ্যই একটি বিজ্ঞপ্তি অথবা একটি সাফাই অথবা উভয় দাখিলপূর্বক জবাব দিতে হইবে। বিবাদী নির্ধারিত সময়ের মধ্যে সাফাই দাখিল করিতে অপারগ হইলে কিংবা আদালতের এখতিয়ার লইয়া বিবাদে প্রবৃত্ত হইতে চাহিলে বিজ্ঞপ্তির প্রাপ্তিশ্বীকার ব্যবহার করা হয়। বিবাদী বিজ্ঞপ্তি-প্রাপ্তিশ্বীকারের ফরমের প্রাসঙ্গিক অংশটি ফেরত দিলে আদালত তাহা অবশ্যই বাদীকে লিখিতভাবে অবহিত করেন। দেওয়ানি কার্যবিধির ৫ আদেশের ১৬ বিধিতে বলা হইয়াছে, জারিকারক কর্মচারী বিবাদীকৈ সমনের নকল প্রদান করিবার সময়ে সমনের প্রাপ্তিশ্বীকারশ্বরূপ মূল সমনের উপর তাঁহার শ্বীকৃতিমূলক স্বাক্ষর গ্রহণ করিবেন।
- acquiescence n. মৌন সন্মতি সায়প্রদানমূলক কোনো কার্য বা অবস্থা; কোনো অধিকারভঙ্গে আচরণের দ্বারা ব্যক্ত বা নিহিত সন্মতি যেমন নিক্রিয়ভা বা নীরবতা। ইহার ফলে ন্যায়ানুগ বা সুবিবেচনামূলক প্রতিকারলাভে ব্যর্থতা সৃষ্টি হইতে পারে। আইনের আলোচনায়, একটি পরিস্থিতি সন্বন্ধে নিছক জ্ঞান এবং সে-বিষয়ে সুস্পষ্ট সন্মতির মধ্যে সতর্কতার সহিত পার্থক্য করিতে ইইবে। দৃষ্টান্তম্বন্ধপ, volenti non fit injuria (যে-ব্যক্তি কোনো কাজে সন্মতি প্রদান করেন তাঁহার কোনো ক্ষতি করা হয় না) বলিয়া আত্মপক্ষসমর্থনে, ক্ষতিগ্রন্ত পক্ষ ঝুঁকির বিদ্যমানতা সন্বন্ধে অবহিত ছিলেন, কেবল এই কারণেই তিনি ঝুঁকি লইতে সন্মতি দিয়াছেন, এমন বিবেচনা করা যাইবে না।
- acquisition n. অর্জন, অধিগ্রহণ বি. কোনো কিছুর দখল বা উহার উপর নিয়ন্ত্রণ; অভীষ্ট কোম্পানির পরিসম্পৎ অর্জন; লব্ধ বা অর্জিত কোনো কিছু অর্জন। বিক্রয় বা দান রূপে কাহারো নিকট হইতে অর্জন। পিতৃ বা মাতৃ সূত্রে উত্তরাধিকার অথবা

ইচ্ছাপত্র বা দানমূলে প্রাপ্ত ভূ-সম্পত্তি নহে, কোনো অনাত্মীয় হইতে লাভ করা ভূ-সম্পত্তি হইল নৃতন অর্জন। আইনে প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক কোনো সম্পত্তির অধিগ্রহণ। যে-সম্পত্তি কোনো সময়েই অন্য কাহারো সম্পত্তি ছিল না, যেমন কোনো লেখকের গ্রন্থস্বত্ব, তাহা অর্জন। শেষোক্তরূপ অর্জনকে মূল অর্জন বলা হয়।

- acquisition and requisiton অধিগ্রহণ ও ভ্কুমদখল অধিগ্রহণ বলিতে কোনো সম্পত্তি স্থায়ীভাবে গ্রহণ করা এবং মূল মালিকের নিকট হইতে উহার স্বত্ব বা মালিকানার অধিকার অধিগ্রহণকারী কর্তৃপক্ষ বা সরকারের নিকট হস্তান্তরিত হওয়া বুঝায়। হ্কুমদখল বলিতে মালিকানার অধিকার অর্জন-ব্যতিরেকে কেবল জরুরি প্রয়োজন মিটাইবার জন্য কোনো সম্পত্তি সাময়িকভাবে কর্তৃপক্ষের দখলে লওয়া বুঝায়। ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও ভ্কুমদখল অধ্যাদেশের ৩ ধারা-অনুসারে জেলা প্রশাসক জনস্বার্থে বা জন-উদ্দেশ্যে ধর্মীয় উপাসনার স্থান, গোরস্থান বা শাশান ব্যতীত যে-কোনো সম্পত্তি অধিগ্রহণ করিতে এবং ১২ ধারা-অনুসারে ভ্কুমদখল করিতে পারেন।
- acquittal n. খালাস বি. কোনো অপরাধের জন্য অভিযুক্ত একজন আসমি
 নিরপরাধ বলিয়া আদালতের সিদ্ধান্ত । কোনো আদালত 'নির্দোষ' বলিয়া রায় দিলে
 কিংবা সফলভাবে 'অতীতে খালাসপ্রান্ত' (autrefois acquit) বা 'অতীতে দোষী
 সাব্যস্ত' (autrefois convict) বলিয়া সওয়াল উপস্থাপন করা হইলে, আদালত
 অবশ্যই বিবাদীকে খালাস করিয়া দিবেন। নৃতন সাক্ষ্যপ্রমাণের ভিত্তিতে একই
 অপরাধের জন্য খালাস দেওয়া হইলে একজন বিবাদীর পুনর্বিচার করা ঘাইবে না।
 একবার খালাসপ্রান্ত হইলে নৃতন সাক্ষ্যপ্রমাণের ভিত্তিতে একজন বিবাদীর পুনর্বিচার
 করা ঘাইবে না।
 - acquittal on merits বিচারশেষে খালাস উভয়পক্ষের সাক্ষ্যপ্রমাণে আসামির বিরুদ্ধে আনীত অভিযোগ ফরিয়াদি সন্দেহাতীতভাবে প্রমাণ করিতে ব্যর্থ হইয়াছেন, এই মর্মে সিদ্ধান্ত করিয়া আদালত যখন আসামিকে খালাস দেন। ফৌজদারি কার্যবিধির ২৬৫(ট) ধারা-অনুসারে রায়প্রদানে আদালত আসামিকে খালাস দিলে তাহা এইরূপ খালাস বলিয়া গণ্য হয়।
 - acquittance п. প্রান্তিস্বীকারপত্র বি. কোনো জরিমানা সম্পূর্ণরূপে প্রদান করা ইইয়াছে কিংবা কোনো দেনা সম্পূর্ণরূপে পরিশোধিত হইয়াছে, এই মর্মে প্রদন্ত লিখিত রসিদ।
 - acre n. একর বি. ১০০ ডেসিমেল, ১০০ শতাংশ, ৪৮৪০ বর্গগজ অথবা ৩ বিঘা জমি।

20 actionable claim

Act n. আইন বি. আইনসভা কর্তৃক প্রণীত আইন। ইহার অংশবিশেষও আইন, তবে আইন বলিতে আইনের সম্পূর্ণতা বা অখণ্ডতা নির্দেশ করে।

- act n. কার্য, কর্ম বি. দণ্ডবিধির ৩৩ক ধারা-অনুসারে কোনো কার্য বলিতে ধারাবাহিক কার্যগুলিকেও একক কার্যরূপে গণ্য করা হয়। কার্য বলিতে অবৈধ অকরণও অন্তর্ভুক্ত।
- acta exteriora indicant interiora secreta বহিঃস্থ কর্ম অপ্রকাশিত চিন্তার ইপিত দেয়, অভিপ্রায়ের ইপিত দেয়।
- acting n. & adj. ১. ওকালতি বি. আদালতে উকিলের কার্যসম্পাদন বা যুক্তিতর্ক উপস্থাপন; মোকদমার কোনো পক্ষে ওকালতি; মোয়াক্কেলের পক্ষে কাজ করা। ২. সাময়িকভাবে স্থলাভিষিক্ত বিণ. সাময়িকভাবে ভারপ্রাপ্ত হইয়া কোনো পদের দায়িত্ব পালন করা; কোনো পদাধিকারীর সাময়িক অনুপস্থিতিতে নির্দেশিত বা প্রতিশ্রুত হইয়া অস্থায়ীভাবে উক্ত পদের কার্যাবলি সম্পাদন করা। ৩. অভিনয় বি. নাটক ও চলচ্চিত্র ইত্যাদিতে অভিনয় করা।
- actio in personam ব্যক্তিপ্রভাবী নালিশ কোনো নির্দিষ্ট ব্যক্তির বিরুদ্ধে প্রতিকার বা ক্ষতিপূরণ দাবি করিয়া কোনো ব্যক্তি কর্তৃক দায়ের করা মামলা।
- actio in rem সর্বপ্রভাবী নালিশ কোনো বস্তুর পুনরুদ্ধারের জন্য দায়ের করা মামলা; কোনো অধিকার প্রয়োগ করিবার জন্য সারা পৃথিবীর বিরুদ্ধে দায়ের করা মামলা। যে-কাজ করা হইয়াছে এবং যে-কাজ করা হইবে, তাহাদের উভয়কেই বুঝায়।
- action n. নালিশ বি. যে-মোকদ্দমায় আইনসন্মত অধিকার আদায়ের লক্ষ্যে কোনো পক্ষ দেওয়ানি আদালতে প্রতিবিধান প্রার্থনা করেন। এতৎসহ in personam ও in rem দ্র.।
- actionable claim নালিশযোগ্য দাবি সম্পত্তি-হস্তান্তর আইনের ৩ ধারা-অনুসারে, নালিশযোগ্য দাবি বলিতে স্থাবর সম্পত্তি বন্ধকদ্বারা বা অস্থাবর সম্পত্তি জমা রাখিয়া সংগৃহীত ঋণ ব্যতীত অন্যান্য ঋণের উপর অথবা দাবিদারের দখলে নাই এইরূপ কোনো অস্থাবর সম্পত্তির স্বত্বের প্রতি এইরূপ কোনো বর্তমান, উদীয়মান, শর্তাধীন বা ঘটনাসাপেক্ষ দাবি বুঝায় যাহা দেওয়ানি আদালত কর্তৃক প্রতিকারের ভিত্তি হিসাবে স্বীকৃত। নালিশযোগ্য দাবি দুইপ্রকার: (ক) ঋণের উপর দাবি নালিশযোগ্য। তবে স্থাবর বা অস্থাবর সম্পত্তির জামানতে গৃহীত ঋণ নালিশযোগ্য দাবির আওতায় আসে না। (খ) অস্থাবর সম্পত্তির কোনো বিশেষ ফায়দার উপর দাবিদারের দখল না থাকিলে এবং দেওয়ানি আদালতে প্রতিকারযোগ্য হইলে তাহা নালিশযোগ্য দাবি বলিয়া গণ্য হয়। চুক্তিভঙ্গের ক্ষতিপূরণের দাবি নালিশযোগ্য দাবির আওতায় আসে না।

- actio personalis moritur cum persona ব্যক্তির মৃত্যুর সঙ্গে ব্যক্তি-সম্পর্কিত মামলার বিলুপ্তি একজন ব্যক্তির মৃত্যুর সঙ্গে সঙ্গে তাঁহার মামলা করিবার অধিকার বিলুপ্ত হয়। যেমন, কতিপয় প্রণযোগ্য ক্ষতির মামলার বাদীর মৃত্যু ঘটিলে তাঁহার ওয়ারিশ বা স্থলবর্তী ওই মামলা চালাইবের অধিকার বিলুপ্ত হইয়া যায়।
- active trust (special trust) সচল ন্যাস (বিশেষ ন্যাস) যে-ন্যাসে অছির উপর ওধু ন্যাস সম্পত্তি পাইবার অধিকারী ব্যক্তির নিকট উহা হস্তান্তর করা ছাড়াও অন্য দায়িত্ব আরোপ করা হয়। এইরপ ন্যাসে অছির উপর একটা বিশেষ দায়-দায়িত্ব বা সুবিবেচনামূলক ক্ষমতা অর্পিত হয় (যেমন সম্পত্তি বিক্রয় বা রক্ষা করা)। বিকল্পে হিতথাহী যেখানে নাবালকত্ব বা অক্ষমতার জন্য তৎক্ষণাৎ সম্পত্তি পাইবার যোগ্য নহে সেখানে অছি কর্তৃক সম্পত্তির ব্যবস্থাপনা করা হয়। bare trust তু.।
- act judicially বিচার-বিভাগের ন্যায় কাজ করা কোনো ট্রাইব্যুনাল বা কোনো তদন্তকারী কর্তৃপক্ষ যখন উভয়পক্ষের বক্তব্যশ্রবণে এবং সাক্ষ্যপ্রমাণ-গ্রহণে অথবা বক্তব্যশ্রবণ ও সাক্ষ্যপ্রমাণগ্রহণে বিচারকের ন্যায় রায়ের মাধ্যমে সিদ্ধান্তে উপনীত হন।
- act of God দৈবদুর্বিপাক, প্রাকৃতিক বিপর্যর প্রাকৃতিক কারণ হইতে উদ্ভূত এমন অসাধারণ ভয়াবহ কোনো ঘটনা, যাহা কেহ পূর্বে অনুমান বা প্রতিহত করিবে বলিয়া যুক্তিসংগতভাবে প্রত্যাশা করা যায় না। force majeure দ্র.।
- act of hostility বৈরী কার্য আন্তর্জাতিক আইন-অনুযায়ী যুদ্ধের পর্যাপ্ত কারণ হিসাবে বিবেচিত হইতে পারে, এইরূপ কোনো কার্যধারা।
- Act of Parliament (statute) সংসদের আইন (সংবিধি) সংসদে বিল বা আইনের ধসড়ার আকারে উপস্থাপিত ও গৃহীত এবং রাষ্ট্রপতির সন্মতিপ্রাপ্ত আইনানুগ বিধিবিধান-সংবলিত দলিল। প্রতিটি আধুনিক সংসদীয় আইনের শুরুতে থাকে আইনটির অভীষ্টসমূহের সংক্ষিপ্তসারসূচক একটি দীর্ঘ শিরোনাম এবং সেইসঙ্গে পাকে একটি সংক্ষিপ্ত শিরোনাম, যাহা অন্যান্য দলিলে উল্লেখ করিয়া আইনটিকে বুঝানো যাইতে পারে। সংক্ষিপ্ত শিরোনামে আইনটি যে-সালে রাষ্ট্রপতির সন্মতিলাভ করিয়াছে তাহার উল্লেখ থাকে। সংবিধানের ৮০ অনুছেদের (৫) উপ-অনুছেদে বলা হইয়াছে যে, 'সংসদ কর্তৃক গৃহীত বিলটিতে রাষ্ট্রপতি সন্মতিদান করিলে বা তিনি সন্মতিদান করিয়াছেন বলিয়া গণ্য হইলে তাহা আইনে পরিণত হইবে এবং সংসদের আইন বলিয়া অভিহিত হইবে।' ১৮৯৭ সালের জেনারেল ক্লজেজ অ্যাক্টের ৩ (১ক) ধারা-অনুসারে, সংসদীয় আইনের অর্থ সংসদে পাশ করা আইন এবং কোনো বিধানমঙলী বা সাংবিধানিক দলিলদ্বারা ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি কর্তৃক বাংলাদেশে

₹¢ actual force

বা ইহার কোনো অংশে পাশ করা বা প্রণীত বলবৎ কোনো আইন অন্তর্ভুক্ত করিবে। সংসদের আইন পরিবর্তন করিতে হইলে আবার বিল-আকারে তাহা সংসদে উপস্তাপন করিতে হয়।

- act of state রাষ্ট্রের কার্য রাষ্ট্রের নির্বাহীর, প্রায়শ শক্তিপ্রয়োগসম্পৃক্ত, এমন-কোনো কার্য কিংবা একটি সার্বভৌম শক্তির আযুক্তককৃত পূর্বানুমতিপ্রাপ্ত কিংবা পরবর্তী অনুসমর্থনযুক্ত এমন-কোনো কার্য, যাহা ওই শক্তির প্রতি অননুগত কোনো ব্যক্তির উপর প্রতিকৃল প্রভাব বিস্তার করে। কোনো বিশেষ আচরণ এইরূপ কার্য কিনা, তাহা আদালত নির্ণয় করিতে পারেন, কিন্তু নির্ণয় করিলেও ইহার কোনো প্রতিকার করিবার ক্ষমতা আদালতের নাই।
- act or omission কার্য করণ বা অকরণ কার্য বলিতে অনেকগুলি কার্যের সম্পৃতিতা বুঝায় এবং কার্য হইতে অকরণ বলিতে অনেকগুলি অকরণের সম্পৃতিতা বুঝায়। অন্যায়ভাবে কর্তব্য হইতে বিরত থাকাও অকরণের অন্তর্ভুক্ত। তবে কার্য ভালো বা মন্দ উভয় অর্থে ব্যবহৃত হইতে পারে। কিন্তু কর্তব্যকর্ম হইতে বিরত থাকা মন্দ অর্থই নির্দেশ করে। অন্যায় কার্য এবং কর্তব্যকর্ম হইতে অকরণ উভয়ই শান্তিযোগ্য অপরাধ।
- act purporting to be done কৃত বা অভিপ্রেত কার্য কঠোর ব্যাকরণগত ব্যাখ্যায় ইহাদ্বারা অতীত এবং ভবিষ্যতের কর্মকে অন্তর্ভুক্ত করে। বাগ্ধারাসম্বত অপর ব্যাখায় ইহার ইন্ধিত কেবল অতীত কর্মের মধ্যেই সীমাবদ্ধ থাকে।
- actual bodily harm প্রকৃত শারীরিক অনিষ্ট উদ্দিষ্ট ব্যক্তির স্বাস্থ্য বা স্বস্তির ব্যাঘাত ঘটাইবার উদ্দেশ্যে যে-কোনো আঘাত বা অপকার। প্রকৃত শারীরিক অনিষ্টসাধক অভ্যাঘাত শান্তিযোগ্য অপরাধ। অনিষ্ট গুরুতর বা স্থায়ী প্রকৃতির হইবার প্রয়োজন নাই, তবে উহা অবশ্যই লঘুর অধিক হইতে হইবে। আঘাতের চিহ্ন সুপ্রত্যক্ষ না হইলেও, উদ্দিষ্ট ব্যক্তি যে ব্যথা বা অস্বস্তি ভোগ করিয়াছেন, তাহা প্রমাণ করিতে পারাই যথেষ্ট। দণ্ডবিধির ৩২৩ ধারায় স্বেচ্ছাকৃতভাবে আঘাতদানের জন্য এক বৎসর পর্যন্ত কারাদও বা একহাজার টাকা পর্যন্ত অর্থদও বা উভয়বিধ দণ্ডদানের বিধান করা হইয়াছে।
- actual controversy প্রকৃত বিরোধ কোনো দ্বন্দুগূলক কার্যধারায় বিবদমান পক্ষগণের আইনি সম্পর্কসংশ্লিষ্ট কথিত ঘটনাবলির মধ্যে যে-স্নির্দিষ্ট বিষয় পক্ষগণের স্বার্থসংশ্লিষ্ট বৈধ অধিকার নিশ্চিতভাবে নির্ণয় করিতে সহায়ক হয়।
- actual force প্রকৃত বলপ্রয়োগ শারীরিক শক্তিপ্রয়োগ। বিশেষ করিয়া কোনো দস্যতায় আক্রান্ত ব্যক্তির বিরুদ্ধে পরিচালিত সহিংস কর্ম।

actual fraud ২৬

actual fraud প্রকৃত প্রতারণা 'প্রতারণা'র পূর্বে ব্যবহৃত 'বাস্তব' বা 'নৈতিক' শব্দ পূর্বে 'আইনগত' বা 'প্রায়োগিক' প্রতারণার সঙ্গে পার্থক্য করিবার জন্য ব্যবহৃত হইত। এই ধরনের পৃথক্করণকে বারংবার দোষারোপ করা হইয়াছে। উজিটি অবশ্য জোর দিবার জন্য ব্যবহার করা হয়; ইহা নির্ভেজাল 'প্রতারণা'র কমবেশি কিছু নয়। 'প্রকৃত প্রতারণা' দ্বারা 'প্রতারণা'র স্বাভাবিক ও সাধারণ্যে গ্রহণযোগ্য অর্থ বুঝায়।

actual income প্রকৃত আয় আয়করযোগ্য আয়।

- actual innocence বান্তব নির্দোষত্ব ফৌজদারি আইনে কোনো আসামির বিরুদ্ধে
 দণ্ডাদেশ আরোপ করিবার জন্য পূর্বাবশ্যক ঘটনাবলির অবর্তমানতা। মৃত্যুদণ্ডের
 মামলাসমূহের ক্ষেত্রে, বান্তব নির্দোষত্ব হইল কারণ এবং পক্ষপাত, বিধির ব্যতিক্রম
 ও বিচার-আদালতে উপস্থাপিত হয় নাই, এইরপ আত্মপক্ষসমর্থনের ভিত্তিতে
 মৃত্যুদণ্ডের বিরুদ্ধে প্রতিঘদ্বিতায় সফলতা লাভ করিতে পারে। কয়েদিকে অবশ্যই
 সুস্পষ্ট এবং বিশ্বাসযোগ্য সাক্ষ্য দ্বারা দেখাইতে হইবে যে, বিচার-আদালতের
 গঠনগত ক্রটি ব্যতীত ও জুরির কোনো যুক্তিবাদী সদস্য প্রতিবাদীকে মৃত্যুদণ্ডযোগ্য
 সাব্যন্ত করিবেন না।
- actual loss প্রকৃত ক্ষতি বিমাকৃত সম্পত্তির প্রকৃত এবং সারত ধ্বংসের ফলে উদ্ভূত বিনষ্টি।
- actual residence প্রকৃত বাসস্থান মোকদ্দমার সূচনার পক্ষভুক্ত ব্যক্তিগণের প্রকৃত বাসস্থানের ঠিকানা বলিতে যেখানে তাঁহারা বাস্তবে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বসবাস করেন, তাহা বুঝায় না। দেওয়ানি কার্যবিধির ২০ ধারা-অনুসারে ইহাদারা বিবাদীর প্রকৃত ও স্বেচ্ছাকৃত বাসস্থান বুঝায়।
- actual total loss প্রকৃত সমূহহানি (নৌ-বিমায়) কোনো জাহাজ বা মালপত্রের যেহানিতে বস্তুটি এমনভাবে ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রন্ত হয় যে উহা আর কাজিকত উদ্দেশ্যে
 ব্যবহার করা যায় না, কিংবা বিমাকৃত ব্যক্তি ওই বস্তুটি হইতে অনুদ্ধরণীয়ভাবে বঞ্চিত
 হন। যদি জাহাজটি বা মালপত্র একটি মূল্যানির্রাপিত বিমাপত্রের বিষয় হয়, তাহা
 হইলে ক্ষতিপূরণের পরিমাণ হইবে ওই বিমাপত্রের দ্বারা নির্ধারিত অঙ্ক; বিমাপত্রে
 কোনো মূল্য নির্রাপিত না হইলে, ক্ষতিপূরণের পরিমাণ হইবে বিমাকৃত বস্তুটির
 বিমাযোগ্য মূল্যের সমান। constructive total loss তু.।
- actuary n. বিমা-গাণনিক বি. জীবনবিমা এবং সুদসংক্রান্ত হিসাবগণনায় দক্ষ পেশাদার ব্যক্তি। ব্যাংকের সঞ্চয়ী হিসাব রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত কর্মকর্তা অথবা জীবন, অগ্নি বা অন্যান্য দুর্ঘটনা সংক্রান্ত ঝুঁকির সম্ভাব্য দায় হিসাবকারী কোনো বিমা কোম্পানির কর্মকর্তা।

२१ adalat

actus curiae (or legis) neminem gravabit আদাপতের কোনো কাজ কোনো মানুষের অধিকার ক্ষুণ্ণ বা ক্ষতিগ্রস্ত করে না।

- actus Dei neminem gravabit (or nemini nocet) দৈবদুর্বিপাক মানুষের কোনো অধিকার ক্ষুণ্ণ করে না। দৈবদুর্বিপাকের জন্য আইনে কাহাকেও দায়ী করা হয় না।
- actus non facit reum, nisi mens sit rea কোনো কাজের উদ্দেশ্য অপরাধমূলক না হইলে তাহার জন্য কাহাকেও অপরাধী সাব্যস্ত করা হয় না। অভিপ্রায় ও কর্ম উভয়ের সংযোগে অপরাধের সৃষ্টি।
- actus reus দোষাবহ কার্য একটি অপরাধের অত্যাবশ্যকীয় উপাদান, যাহা কাহাকেও দোষী সাব্যন্ত করিবার পূর্বে অবশাই প্রমাণ করিতে হইবে। ইহা অতিযুক্ত ব্যক্তির মানসিক অবস্থার তুল্য নহে (mens rea দ্র.)। অধিকাংশ ক্ষেত্রে ইহা হইবে নিছক একটি কার্য (যেমন, সম্পত্তি আত্মসাৎ করা চুরিরূপ কার্য) এবং ইহার সহিত সুনির্দিষ্ট পরিস্থিতি (যেমন, সম্পত্তিটির মালিক অন্য কেহ) যুক্ত থাকিবে। তবে কখনো কখনো ইহা কার্যের অননুষ্ঠানও হইতে পারে (যেমন, মৃত্যু নিবারণ করিবার ব্যর্থতা নিমখুনের দোষাবহ কার্য হইতে পারে) কিংবা একটি সুনির্দিষ্ট পরিণতিও ইহার অন্তর্ভূক্ত থাকিতে পারে (কোনো কার্যের ফলস্বরূপ এক বৎসরের মধ্যে মৃত্যু ঘটিলে তাহা খুন বা নিমখুনের দোষাবহ কার্যের ফার্যের জন্য প্রয়োজনীয় পরিণতি)। কোনো কোনো ক্ষেত্রে দোষাবহ কার্যটি একটি কার্য না হইয়া একটি অবস্থাও হইতে পারে (যেমন, রাস্তায় একটি মোটরযানের দায়িত্বে নিয়োজিত থাকিয়া সুরা বা মাদকদ্রব্যের প্রভাবে গাড়িচালনার অনুপযুক্ত হওয়া)।
- ad-interim injunction অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশের ১ নিয়ম-অনুসারে, কোনো পক্ষ যখন অস্থায়ী নিষেধাজ্ঞা প্রার্থনা করে তখন জরুরি প্রয়োজনে অপরপক্ষকে নোটিশ দিবার পূর্বেই আদালত অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা জারি করিতে পারেন। পরবর্তী গুনানিসাপেক্ষে আদালত মোকদ্দমা চলাকালে অথবা নির্দিষ্ট সময় পর্যন্ত অন্তর্বর্তী নিষেধাজ্ঞা জারি করিতে পারেন। গুনানির পূর্বে আদালত স্থিতাবস্থার আদেশ দিলেও তাহা অন্তর্বর্তীকালীন আদেশ বলিয়া গণা হয়।
- adalat n আদালত বি. দেওয়ানি, ফৌজদারি, রাজস্ব, পারিবারিক ও বিভিন্ন নামে আদালত পরিচিত। ১৮৮৭ সালে দেওয়ানি আদালত আইনের ৩ ধারায় দেওয়ানি আদালতের শ্রেণীবিভাগ সম্পর্কে উল্লেখ করা হইয়াছে। উক্ত আইনের ২৫ ধারাঅনুসারে, সরকার সহকারী বিচারক ও যুগা জিলা বিচারকের উপর ছোট আদালতের বিচারকের এখতিয়ার পরিচালনার ভার অর্পণ করিতে পারেন। দেওয়ানি কার্যবিধির

adaptation ২৮

৩ ধারায় দেওয়ানি আদালতের অধস্তনতা সম্পর্কে উল্লেখ করা হইয়াছে এবং ৯ ধারায় কোন কোন বিষয় দেওয়ানি আদালতে বিচারযোগ্য, তাহা বলা হইয়াছে। ফৌজদারি কার্যবিধির ৬ ধারায় ফৌজদারি আদালতের শ্রেণীবিভাগ সম্পর্কে বলা হইয়াছে। বর্তমানে সহকারী বিচারক, জ্যেষ্ঠ সহকারী বিচারক, যুগা জিলা বিচারক, অতিরিক্ত জিলা বিচারক ও জিলা বিচারকের আদালতগুলি হইতেছে দেওয়ানি আদালত এবং দায়রা আদালত, মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট এবং প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর ম্যাজিস্ট্রেট আদালতগুলি হইতেছে ফোজদারি আদালত। সুপ্রিম কোর্ট বাংলাদেশের সর্বোচ্চ আদালত এবং ইহা আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে বিভক্ত।

- adaptation n. অভিযোজন বি. কপিরাইট আইনের ২ ধারা-অনুসারে, অভিযোজন
 অর্থ (ক) নাট্যকর্মের ক্ষেত্রে, কর্মটিকে অ-নাট্যকর্মে রূপান্তর; (খ) সাহিত্য বা
 শিল্পকর্মের ক্ষেত্রে, অভিনয় বা অন্য কোনো উপায়ে জনসমক্ষে রূপান্তর; (গ) সাহিত্য
 বা নাট্যকর্মের ক্ষেত্রে, কর্মের সংক্ষেপকরণ বা কর্মটির এমন অনুবাদ যাহাতে উক্ত
 কর্মের বিষয় বা প্রভাব সম্পূর্ণরূপে বা প্রধানত পুক্তক, সংবাদপত্র, পত্রিকা বা
 সাময়িকীতে পুনঃপ্রকাশের জন্য যথাযথ ছবির মাধ্যমে প্রকাশ করা; (ঘ)
 সংগীতকর্মের ক্ষেত্রে, উহার যে-কোনো বিন্যাস বা নকল; (ঙ) অন্য কোনো কর্মের
 ক্ষেত্রে সংশ্রিষ্ট কর্মের পুনর্বিন্যাস বা পরিবর্তনক্রমে ব্যবহার।
- adaptation order অভিযোজন আদেশ অভিযোজন করিবার উদ্দেশ্যে জারিকৃত কোনো আদেশ, বিশেষত প্রচলিত আইনের সংশোধন করিয়া জারিকৃত কোনো আদেশ, যাহার দ্বারা উহাদিগকে নতুন সাংবিধানিক বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ করা যায়।
- add, attach, affix, annex সংযোজন করা, বিচ্ছেদ্যোগ্য যোজন করা, যোজন করা, সংলগ্ন করা এই শব্দগুলি কোনো বন্ধু বা বিষয়ের সহিত অতিরিক্ত কিছুর বৃদ্ধি নির্দেশ করে। সংযোজন বলিতে একত্রিত বন্ধু বা বিষয়ের মধ্যে অত্যন্ত ঘনিষ্ঠ একাত্মতা এবং একত্রিত বন্ধু বা বিষয়ের পূর্বতন নিজস্বতা হারাইয়া ফেলা বুঝায়; যেমন, চোলাই করা ক্যথের মধ্যে পানি ঢালিয়া দিলে উহা একাত্ম হইয়া মিশিয়া যায় বা একপাত্র তরল পদার্থের সহিত এক ফোঁটা তরল পদার্থ যোগ করা হইলে যেমন উহারা একে অন্যের সহিত মিশিয়া যায় এবং পূর্বেকার পৃথক অন্তিত্ব হারয়য়, অথবা একটি সংখ্যার সহিত অপর একটি সংখ্যা যোগ করা হইলে একটি নতুন সংখ্যার সৃষ্টি হয় এবং পূর্বেকার সংখ্যা দুইটির নিজস্ব অন্তিত্ব বিল্পু হয়। বিচ্ছেদ্যোগ্য যোজন বলিতে একটি বন্ধুর সহিত অপর একটি বন্ধুর এমন সংযোজন বৃঝায় যাহাতে অপর বন্ধুটিকে প্রয়োজনমতো বিচ্ছিন্ন করা যাইতে পারে বা তাহা বিচ্ছিন্ন হইয়া যাইতে পারে। যেমন, রেলগাড়ির সহিত স্বয়ংক্রিয় ইঞ্জিনের সংযোগ ঘটানো। এইরূপ ক্ষেত্রে উত্য বন্ধু উহাদের পূর্বেকার গঠনপ্রকৃতি শক্তভাবে সংরক্ষণ করে এবং পৃথক করা

হইলে উভয়ে পূর্বাবস্থায় ফিরিয়া যায়। যোজন বলিতে কোনো কিছুকে সম্পূর্ণতা বা কার্যকরতা দানের জন্য অত্যাবশ্যক যোগ বৃঝায়। যেমন, কোনো দলিলপত্রে সাক্ষর দিলমোহর দেওয়া আবার ইহাতে এমনকিছুও বুঝায় যাহা কেবলই বহিঃস্থ এবং পরস্পরের সহিত অসম্পর্কিত। যেমন, দেওয়ালে বিজ্ঞপ্তি লাগানো। সংলগ্নী বলিতে দুই বিষয়ের পরস্পর ঘনিষ্ঠ অবস্থান বুঝায়। যেমন, দুই ভূখও একত্রিত হইলে একটি অপরটির সহিত সংযুক্ত হয় এবং উভয় অংশের মধ্যে সম্পর্ক ঘনিষ্ঠ হয়; আবার ইচ্ছাপত্রে যে-ক্রোডপত্র বা সংযোজনী ব্যবহার করা হয়, তাহাকেও সংলগ্নী বলা যায়।

addition n. সংযোজন বি. ১৯০৮ সালের রেজিন্ট্রেশন আইনের ২ ধারার ১ উপধারায় বলা হইয়াছে যে, সংযোজন অর্থ বর্ণিত ব্যক্তির বাসস্থান, পেশা, ব্যবসা, পদ এবং উপাধি (যদি থাকে) এবং তাঁহার পিতার নাম অথবা যেখানে মায়ের নামে পরিচিত সেখানে মায়ের নাম।

additional development অতিরিক্ত উন্নয়ন একর প্রতি যে-নির্দিষ্টসংখ্যক ঘরের জন্য ক্ষতিপূরণ দানের কথা অধিগ্রহণের ভিন্তি হিসাবে গ্রহণ করা হইয়াছিল তাহা অপেক্ষা অধিকসংখ্যক ঘরের জন্য জমি ভরাট বা উন্নয়ন।

additional evidence অতিরিক্ত সাক্ষ্য নিম্ন আদালতে সাক্ষ্য সমাপ্ত হইবার পর উচ্চতর আদালতে আপিল পর্যায়ে দেওয়া সাক্ষ্য। এইরকম সুযোগ কেবল বিশেষ পরিস্থিতিতে দেওয়া হয়। আপিল পর্যায়ে অতিরিক্ত সাক্ষ্য গ্রহণের বৈধ বা যৌক্তিক উপলক্ষ হইতে পারে তখনই যখন ইতিমধ্যে নিপিবদ্ধ বা গৃহীত সাক্ষ্যের মধ্যে কিছু অন্তর্নিহিত ক্রটি বা ফাঁক অত্যন্ত স্পষ্টরূপে দৃশ্যমান হয়। দেওয়ানি কার্যবিধির ৪১ আদেশের ২৭ নিয়মে আপিল আদালতে অতিরিক্ত সাক্ষ্যপ্রমাণ দাখিলের বিধান রহিয়াছে। ২৭ নিয়ম-অনুসারে, আপিলের কোনো পক্ষ মৌখিক কিংবা দালিলিক কোনোপ্রকার অতিরিক্ত সাক্ষ্যপ্রমাণ উপস্থাপনের অধিকারী হইবেন না। কিন্তু যদি যে-আদালতের ডিক্রির বিরুদ্ধে আপিল দায়ের করা হইয়াছে, সে-আদালত এমন কোনো প্রমাণ গ্রহণ করিতে অস্বীকার করিয়া থাকেন যাহা গ্রহণ করা উচিত ছিল বা রায়দানের সুবিধার্থে বা অন্য কোনো গুরুত্বপূর্ণ কারণে আপিল-আদালত কোনো দলিল উপস্থাপন করা বা কোনো সাক্ষীর জবানবন্দি গ্রহণ করা প্রয়োজন মনে করেন তবে আপিল-আদালত অনুরূপ সাক্ষ্য বা দলিল উপস্থাপন অনুমোদন করিতে পারেন বা সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করিতে পারেন। যে-ক্ষেত্রে আপিল আদালত অতিরিক্ত সাক্ষ্যগ্রহণের অনুমতি দান করেন, সে-ক্ষেত্রে আদালত উহার কারণ লিপিবদ্ধ করিবেন। উল্লিখিত আদেশের ২৮ নিয়ম-অনুসারে, আপিল-আদালত নিজে অতিরিক্ত সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করিতে পারেন অথবা যে-আদালতের ডিক্রির বিরুদ্ধে আপিল হইয়াছে সে-আদালতকে উক্ত সাক্ষ্য গ্রহণ করিয়া আপিল-আদালতে প্রেরণের নির্দেশ দিতে পারেন। ২৯ নিয়ম-অনুসারে, যে-ক্ষেত্রে আপিল আদালত অতিরিক্ত

সাক্ষ্যগ্রহণের অনুমতি দিবেন, সেক্ষেত্রে কী কী বিষয় সম্পর্কে উক্ত সাক্ষ্যপ্রমাণ গ্রহণ করা যাইবে তাহা নির্দিষ্ট করিয়া দিবেন এবং মামলার কার্যবিবরণীতে উক্ত বিষয়গুলি লিপিবদ্ধ করিয়া রাখিবেন। ফৌজদারি কার্যবিধির ৪২৮ ধারা-অনুসারে, কোনো আপিল বিবেচনার সময়ে আপিল-আদালত যদি অতিরিক্ত সাক্ষ্যগ্রহণ প্রয়োজন বলিয়া মনে করেন তাহা হইলে তাহার কারণ লিপিবদ্ধ করিবেন এবং নিজে এই সাক্ষ্য গ্রহণ করিতে পারিবেন অথবা কোনো ম্যাজিন্ট্রেট কর্তৃক তাহা গ্রহণের নির্দেশ দিতে পারিবেন অথবা আপিল-আদালত হাইকোর্ট বিভাগ হইলে দায়রা আদালত বা কোনো ম্যাজিন্ট্রেট কর্তৃক উহা গ্রহণের নির্দেশ দিতে পারিবেন।

- additional written statement অতিরিক্ত জবাব বাদীপক্ষ আরজি সংশোধন করিলে বা নতুন কোনো দাবির অবতারণা করিলে বা নতুন কোনো ব্যক্তি বাদী হিসাবে পক্ষভুক্ত ইইলে বিবাদীপক্ষ দেওয়ানি কার্যবিধির ৮ আদেশের ৯ নিয়ম-অনুসারে আদালতের অনুমতিক্রমে অতিরিক্ত লিখিত বিবৃতি বা জবাব আদালতে দাখিল করিতে পারেন।
- addition of parties পক্ষ-সংযোজন দেওয়ানি কার্যবিধির ১ আদেশের ১০ নিয়মে মোকদ্দমায় নতুনভাবে পক্ষ-সংযোজনের বিধান বর্ণিত আছে। ১০ নিয়মের ২ উপনিয়মে বলা হইয়াছে য়ে, প্রকৃতপক্ষে য়ে-ব্যক্তিকে বাদী বা বিবাদী পক্ষে অন্তর্ভুক্ত করা প্রয়োজন, তাঁহার নাম অথবা মামলাটির সৃষ্ঠু বিচার ও নিষ্পত্তির জন্য য়ে-ব্যক্তির হাজির হওয়া প্রয়োজন আদালত তাঁহার নাম সংযোজনের আদেশ দিতে পারেন। ৪ উপনিয়মে বলা হইয়াছে য়ে, মামলায় নতুন বিবাদীর নাম সংযোজন করা হইলে সেইক্ষেত্রে আদালত বিপরীত কোনো আদেশ না দিলে আরজি প্রয়োজন-মোতাবেক সংশোধন করিতে হইবে, সংশোধিত আরজি ও সমনের নকল নতুন বিবাদীর উপর জারি করিতে হইবে এবং আদালত সংগত মনে করিলে মূল বিবাদীর উপরে জারি করিতে হইবে। দেওয়ানি কার্যবিধির ৪১ আদেশের ২ নিয়ম-অনুসারে, আপিলের ওনানি মূলতবি রাথিয়া স্বার্থ-সংশ্লিষ্ট ব্যক্তিগণকে আপিল-আদালত প্রতিবাদী শ্রেণীভুক্ত করিবার নির্দেশ দিতে পারেন।
 - address for service জারির ঠিকানা একটি মামলাসংক্রান্ত সকল আনুষ্ঠানিক কাগজপত্র পাঠাইবার নিমিত্ত মামলাটির একপক্ষ আদালত অথবা অন্যপক্ষকে যে-ঠিকানা প্রদান করেন। ওই ঠিকানায় (যাহা, দৃষ্টান্তস্বরূপ, সংশ্লিষ্ট পক্ষের উকিলের ঠিকানাও হইতে পারে) প্রেরিত বিজ্ঞপ্তিসমূহ সংশ্লিষ্ট পক্ষের জন্য অবশ্যমান্য।
 - adduce evidence সাক্ষ্য উপস্থাপন করা সাক্ষীকে জেরা করিবার অধিকারের মধ্যে সাক্ষ্য উপস্থাপন করিবার অধিকার অন্তর্ভুক্ত এবং সেই অবস্থায় সকল বৈধ পদ্ধতি প্রয়োগ করিয়া সকল সম্ভাব্য এবং প্রাসঙ্গিক সাক্ষ্য-সম্পর্কিত তথ্যাদি, নথিপত্র ও

যুক্তিতর্ক বিশ্লেষণপূর্বক আদালতের মনে প্রয়োজনীয় বিশ্বাস জন্মাইবার প্রচেষ্টা আইনগতভাবে অনুমোদিত হইয়া থাকে।

- ademption n. অভিক্রয় বি. একটি দানের বিষয়বস্থু ইচ্ছাপত্রকারের মৃত্যুকালে তাঁহার সম্পত্তির আর অংশ নহে বলিয়া, কিংবা উহার বিলিব্যবস্থা করিবার কোনো ক্ষমতা তাঁহার আর নাই বলিয়া, কিংবা ইচ্ছাপত্রে বস্তুটির যে-বর্ণনা দেওয়া হইতেছে, তদ্ধপ কিছু নাই বলিয়া একটি সুনির্দিষ্ট উত্তরাধিকার বাতিল বা ব্রাস করা । দৃষ্টান্তস্বরূপ, ইচ্ছাপত্রে যদি বিশেষ একটি বাড়ি দান করা হয় যাহা ইচ্ছাপত্রকার নিজের জীবদ্দশায় বিক্রয় করিয়াছেন, কিংবা যদি তাঁহার সন্তানকে উত্তরাধিকার প্রদানপূর্বক ইচ্ছাপত্র সম্পাদন করিবার পর তাঁহাকে রিক্থাংশস্বরূপ একটি সম্পত্তি দান করেন, তাহা হইলে উভয়ক্ষেত্রে উত্তরাধিকার অভিক্রীত হইবে । ফলে বাড়িটির দান বাতিল হইয়া যাইবে এবং সন্তানের উত্তরাধিকার হইতে রিক্থাংশের সমপরিমাণ অর্থ ব্রাস করা ইইবে । এতৎসহ satisfaction দ্র. ।
- adequate adj. পর্যাপ্ত, যথেষ্ট, আশানুরূপ বিণ. হাইকোর্ট বিভাগে ত্রৈমাসিক বিবরণী প্রেরণ করিবার সময়ে জেলা জজ অধস্তন আদালতের নিষ্পন্ন কার্যের পরিমাণ সম্পর্কে মন্তব্য করিতে গিয়া (Civil Rules and Orders (CRO)-তে উল্লিখিত মেয়াদ-অনুসারে) কাজের পরিমাণ সম্পর্কে পর্যাপ্ত শব্দটি ব্যবহার করেন।
- adequate compensation পর্যাপ্ত ক্ষতিপূরণ অর্থের মূল্যমানে বিবেচ্য এবং পরিশোধ্য, রাষ্ট্রীয় ক্ষমতায় গৃহীত, সম্পদের ন্যায়সংগত মূল্য । অধিগ্রহণ করিবার সময়ে সম্পদের বাজারমূল্য এবং সম্পদের মালিক কোনো উদ্দেশ্যে বা অভিপ্রায়ে উহাতে কোনো ব্যয় করিয়া থাকিলে তাহা এবং উৎপন্ন ফসলের মূল্য বা অন্য কোনো স্বার্থের অর্থমূল্য বা সুদও বিবেচনার অন্তর্ভুক্ত হইতে পারে । সংবিধানের ৪২ অনুচ্ছেদ-অনুসারে, আইনের কর্তৃত্ব ব্যতীত নাগরিকের কোনো সম্পত্তি অধিগ্রহণ করা যাইবে না এবং অধিগ্রহণ-সম্পর্কিত আইনে ক্ষতিপূরণের বিধান থাকিতে হইবে, তবে ক্ষতিপূরণের অপর্যাপ্ততার হেতৃতে অনুরূপ কোনো আইনের বৈধতা সম্পর্কে কোনো আদালতে যোকদ্দমা দায়ের করা যাইবে না ।
- adequate notice পর্যাপ্ত বিজ্ঞপ্তি কোনো ব্যক্তিকে কোনো মামলা, কার্যধারা বা প্রস্তাব সম্পর্কে অবহিত করিবার জন্য যুক্তিসংগত বিবেচিত হয়, এইরূপ বিজ্ঞপ্তি। কোনো আপত্তি উত্থাপন বা আত্মপক্ষসমর্থন করিবার জন্য যথেষ্ট সময় বা সুযোগ দিয়া অবহিত করা। মোকদ্দমার স্বার্থসংশ্লিষ্ট সকল পক্ষকে পূর্ণভাবে অবহিত করিয়া এবং তাহাদিগকে আপত্তি দাখিলের সুযোগ দিয়া প্রচারিত বিজ্ঞপ্তি।
- adequate remedy at law আইনে পর্যাপ্ত প্রতিকার যখন কোনো মামলারত ব্যক্তি আইনে নির্দিষ্ট প্রতিকার লাভ করিতে ব্যর্থ হন এবং পরবর্তীকালে যথাযথ পরিশ্রমের

adherence ৩২

অভাবজনিত ক্রটির কারণে উক্ত প্রতিকার অন্বেষণ করিতে বারিত হইয়া আইনে কোনো প্রতিকার নাই, এই অজুহাতে ন্যায়সংগত বিচারের দাবি করিতে পারেন না; যখন অধিকারবলে প্রাণ্য ন্যায়সংগত আইনগত প্রতিকার ন্যায়বিচারের উদ্দেশ্যে এবং উহার দ্রুত ব্যবস্থাপনার স্বার্থে সম্পূর্ণ বাস্তব এবং কার্যকর হয়।

- adherence n. আসঞ্জন বি. কোনো কিছুর প্রতি বিশ্বস্ততার ভিত্তিতে সংলগ্ন থাকা; যেমন, কোনো রাজনৈতিক দলের প্রতি আনুগত্য।
- adhiar n. অধিয়ার bargadar দ্র.।
- ad idem মতৈক্য কোনো লেনদেনে উভয়পক্ষের একমত হওয়া। consensus ad idem দ্র.।
- adjacent adj. নিকটবর্তী বিগ. কোনো জমির নিকটবর্তী জমি, তবে সংলগ্ন নহে। এতৎসহ contiguous landholder দ্র.।
- adjective law পদ্ধতিগত আইন আদালতের নিকট কোনো প্রতিকার প্রার্থনা করিতে হইলে যে-সকল আইনি প্রক্রিয়া অনুসরণ করিতে হয়। যেমন, দেওয়ানি কার্যবিধি, ফৌজদারি কার্যবিধি, তামাদি আইন ইত্যাদি। substantive law তু.।
- adjournment n. মুলত্বি, স্থগিতকরণ বি. (আদালতের কার্যপ্রণালিতে) কোনো মামলার শুনানি পরবর্তী কোনো তারিখ পর্যন্ত স্থগিত বা মুলতুবি করা। শুনানি কোনো নির্দিষ্ট তারিখ পর্যন্ত কিংবা অনির্দিষ্টকালের জন্য মুলতুবি করা হইতে পারে। মামলার কোনো পক্ষের অনুরোধক্রমে মুলতুবি মনজুর করা হইলে আদালত তাহা শর্তযুক্ত করিতে পারেন।
- adjudication n. ন্যায়-নির্ণয় বি. ১. কোনো আদালত অথবা ট্রাইব্যুনালের রায় বা সিদ্ধান্ত। ২. কোনো বিরোধীয় বিষয়ে প্রশাসনিক কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত।
- adjudication order ন্যায়-নির্ণয় আদেশ দেউলিয়া আইনে দেনাদারকে দেউলিয়া ঘোষণাপূর্বক আদেশ। bankruptcy order দ্র.।
- adjustment n. উপযোজক বি. ১. একটি বিমাপত্ৰ-অনুযায়ী পাওনা অর্থের পরিমাণ নির্ধারণ। ২. একটি সাধারণ ক্ষতি বা গড় ক্ষতির ক্ষেত্রে (general average) একজন গড় উপযোজক (average adjuster)-উদ্ভূত অধিকার ও দায়িতা নির্ণয়করণ।
- adjustment of suits মোকদ্দমায় সমন্বয়সাধন আইনসংগত সন্মতি বা আপস-রফামূলে মোকদ্দমায় পক্ষদের উত্থাপিত দাবিসমূহের নিম্পত্তি। দেওয়ানি কার্যবিধির

২৩ আদেশের ৩ নিয়ম-অনুসারে মোকদ্দমা আইনসম্বত আপস বা সম্বতির ভিত্তিতে সমন্ত্র করা যায়।

- Adjutant-General অ্যাডকুটাই-জেনারেল সামরিক কর্তব্যপালনের ক্ষেত্রে সেনা-প্রধানের মুখ্য সহকারী: সেনাবাহিনীর অন্যতম প্রধান কর্মকর্তা।
- ad litem মামলার্থে মামলার্থে মনজুর করিবার অর্থ হইল কোনো রিক্থের যথার্থ প্রতিনিধিগণ কার্য করিতে অসমর্থ অথবা অনিচ্ছুক হইলে, আদালতের কার্যক্রমে ওই রিক্থের পক্ষে অংশগ্রহণ করিবার জন্য আদালতকর্তৃক কোনো ব্যক্তিকে নিয়োগ করা। দেওয়ানি কার্যবিধির ৩১ আদেশের ৩ ও ১৫ নিয়ম-অনুসারে আদালত নাবালক বা অপ্রকৃতিস্থ বিবাদীর পক্ষে মামলা প্রয়োগ করিবার জন্য একজন অভিভাবক নিযুক্ত করেন। এতৎসহ guardian ad litem দ্র.।
- administer vb. শাসন, পরিচালনা, ব্যবস্থাপনা বা প্রয়োগ করা; দায়িজ্পালন করা; শপথপাঠ করানো ক্রি. সরকারি বিষয়াবলির ব্যবস্থাপনাও ইহার অন্তর্ভুক। ফৌজদারি আইনে ইহা কোনো ব্যক্তিকে ঔষধ, নেশা বা বিষজাতীয় দ্রব্য ভক্ষণ করানো বুঝায়। কোনো ইচ্ছাপত্র-ব্যতিরেকে বা অসম্পূর্ণ ইচ্ছাপত্র রাখিয়া কেহ মৃত্যুবরণ করিলে তাঁহার সম্পত্তির ব্যবস্থাপনা করাও ইহার অন্তর্ভুক্ত।
- administration n. প্রশাসন বি. ১. নির্বাহী বা প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত কর্ম। ২. কোনো মৃত ব্যক্তির রিক্থের পরিসম্পৎ সংগ্রহ, ঋণশোধ এবং ইচ্ছাপত্রের হিতগ্রাহীদের মধ্যে সম্পত্তি বিতরণ। ৩. ইচ্ছাপত্র-অনুযায়ী কোনো নির্বাহক না থাকিলে, একজন প্রশাসককে মৃত ব্যক্তির রিক্থের প্রশাসনপত্র মনজুর করা। ৪. কোনো অপ্রকৃতিস্থ ব্যক্তি বা দেউলিয়ার সম্পত্তি সম্পর্কে কোনো ন্যাসকর্তৃক আরোপিত কর্তব্যসমূহ সম্পন্ন করিবার প্রক্রিয়া।
- administration bond প্রশাসনবিষয়ক মুচলেকা কোনো তৃতীয় পক্ষ কর্তৃক, প্রায়শ কোনো বিমা কোম্পানিকর্তৃক, এই মর্মে প্রদন্ত একটি জামানত যে, প্রশাসনপত্রপ্রপ্রে কোনো ব্যক্তি রিক্থ সম্বন্ধে যথাযথ ব্যবস্থাগ্রহণে ব্যর্থ হইলে, তজ্জনিত ক্ষতি পূরণ করিয়া দেওয়া হইবে। হিত্প্রাহীদের বিশেষ রক্ষায় আবশ্যক বিবেচিত হইলে কেবল আদালত সাধারণত প্রশাসনপত্র মনজুর করিবার জন্য একটি প্রশাসনবিষয়ক মুচলেকা দাখিল করিবার শর্ত আরোপ করেন। যেমন, প্রশাসক যদি বিদেশে বসবাস করেন, কিংবা রিক্থের প্রশাসন কে প্রয়োগ করিবেন, সে-বিষয়ে যদি কোনো বিরোধ থাকে।
- administration order প্রশাসনবিষয়ক আদেশ একজন দায়িকের বিক্থের প্রশাসনের জন্য কোনো বিচারিক আদালতের প্রদন্ত আদেশ। আদেশ-অনুযায়ী সাধারণত দায়িককে কিস্তিতে তাঁহার ঋণ শোধ করিতে হয়। যতদিন তিনি কিস্তি আইন-শন্দকোব: ৩

পরিশোধ করিতে থাকিবেন, ততদিন আদেশে উল্লিখিত উত্তমর্ণগণ আদালতের অনুমতি ব্যতিরেকে অন্য কোনো পদ্ধতিতে স্ব স্ব দাবি বলবৎ করিতে পারেন না

- administration pending suit মামলার নিম্পন্তিসাপেক্ষে প্রশাসন ইচ্ছাপত্রের বৈধতা সম্পর্কে কিংবা কোনো মনজুরি লাভ, প্রত্যাহার বা রহিত করিবার জন্য মামলা নিম্পন্তির অপেক্ষায় থাকা অবস্থায় আদালতকর্তৃক নিযুক্ত কোনো ব্যক্তির দারা কোনো মৃত ব্যক্তির রিক্থের প্রশাসন। মামলার নিম্পন্তিসাপেক্ষে নিযুক্ত প্রশাসকের একজন সাধারণ প্রশাসকের মতো সকল অধিকার, ক্ষমতা ও কর্তব্য রহিয়াছে, তবে তিনি আদালতের অনুমতি ব্যতিরেকে রিক্থের কোনো অংশ বিতরণ করিতে পারেন না।
- administration suit মৃত ব্যক্তির সম্পত্তি বিলিব্যবস্থার মামলা মৃত ব্যক্তির সম্পত্তি বিলিব্যবস্থার জন্য মামলা। দেওয়ানি কার্যবিধির ২০ আদেশের ১৩ নিয়মে বিলিব্যবস্থার জন্য মামলা। দেওয়ানি কার্যবিধির ২০ আদেশের ১৩ নিয়মের ঠ উপনিয়ম-অনুসারে, যে-ক্ষেত্রে সম্পত্তির হিসাবের জন্য এবং আদালতের ডিক্রি অনুসারে ইহার যথাবিহিত বিলিব্যবস্থার জন্য মোকদমা দায়ের করা হইয়াছে, সেক্ষেত্রে আদালত চূড়ান্ত ডিক্রি প্রদানের পূর্বে একটি প্রাথমিক ডিক্রি প্রদান করিবেন এবং তদ্মারা উক্ত সম্পত্তির প্রয়োজনীয় হিসাবাদি গ্রহণ ও অনুসন্ধানাদি পরিচালনার আদেশ দান করিবেন। মৃত ব্যক্তির বিধ প্রতিনিধিগণ মৃত ব্যক্তির নিকট পাওনাদারের দেনা পরিশোধ না করিলে পাওনাদার, মৃত ব্যক্তির নিকটতম আত্মীয়, ইচ্ছাপত্রের হিত্রাহী, সম্পত্তির নির্বাহক বা পরিচালক বিলিব্যবস্থার মোকদ্দমা আনয়ন করিতে পারেন। ১৩ নিয়মের ২ উপনিয়ম-অনুসারে, বিলিব্যবস্থার মোকদ্দমায় মৃত ব্যক্তির সম্পত্তি হইতে পাওনাদারদের সমস্ত দায় পরিশোধ করিবার মতো সম্পত্তি দেনাদারের না থাকিলে আদালত সকল পাওনাযোগ্য পাওনাদারের দাবি প্রবণ করিবেন এবং পরিশোধযোগ্য সকল পাওনাদার প্রাথমিক ডিক্রির আওতাভুক্ত হইবেন।
 - administrative expense প্রশাসনিক ব্যয় দেউলিয়াত্-বিষয়ক আবেদন দাথিল করিবার পরে দেনাদারকৃত খরচ যাহা ব্যবসার কাজকর্ম চালাইয়া যাইবার উদ্দেশ্যে দেনাদারের জন্য প্রয়োজনীয়। প্রশাসনিক খরচ অগ্রাধিকারভিত্তিতে পরিশোধযোগ্য।
 - administrative powers প্রশাসনিক ক্ষমতা ব্যাপকভাবে নির্মাপত নীতি বিশদভাবে কার্যকর করিবার নিমিত্ত আইন-প্রণয়নের দ্বারা সরকারের মন্ত্রী, সরকারি ও স্থানীয় কর্তৃপক্ষ এবং অন্যান্য সংস্থা ও ব্যক্তিকে স্ববিবেচনামূলক যে-নির্বাহী প্রকৃতির ক্ষমতা প্রদান করা হয়। যেমন, বাধ্যতামূলকভাবে জমি অধিগ্রহণ, লাইসেন্স অথবা অনুমতি প্রদান করিবার বা না করিবার, এবং প্রদেয় সেবার যথার্থ প্রকৃতি ও ব্যাপ্তি নিরূপণ করিবার ক্ষমতা। শহর ও গ্রাম-পরিকল্পনা, জনস্বাস্থ্য-নিয়মন, পরিবেশগত অন্যান্য বিষয়, কল্যাণমূলক কর্মকাণ্ড-প্রয়োগ, এবং অনেক ধরনের ব্যবসা, পেশা ও অন্যান্য

og administrator

কার্যকলাপের নিয়ন্ত্রণসহ লোকপ্রশাসনের সকল পরিমগুলেই প্রশাসনিক ক্ষমতা লক্ষ করা যায়। এসব ক্ষমতার প্রয়োগ 'ক্ষমতাবহির্ভূত' মতবাদের ভিত্তিতে আদালতের নিয়ন্ত্রণসাপেক্ষ।

- administrative tribunal প্রশাসনিক ট্রাইব্যুনাল সাধারণত কল্যাণমূলক অথবা নিয়ন্ত্রণমূলক প্রকৃতির আইনগত প্রকল্প-প্রশাসনের সহিত সম্পৃক্ততা হইতে উদ্ভূত দাবি ও বিবাদ নিম্পণ্ডির জন্য সংসদের আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোনো সংস্থা। যেমন, শ্রম-আদালত এবং ভাড়া-নিয়ন্ত্রক। ট্রাইব্যুনালগুলি সাধারণ বিচারালয়ের বহির্বর্তী, তবে ইহাদের সিদ্ধান্তগুলি সাধারণত 'ক্ষমতাবহির্ভূত' মতবাদের এবং 'নথিদৃষ্টে আইনের ভূল প্রয়োগ' মতবাদের দ্বারা বিচারবিভাগের নিয়ন্ত্রণসাপেক্ষ। সংবিধানের ১১৭ অনুচ্ছেদে কতিপয় বিষয়ে বিরোধ নিম্পণ্ডির জন্য সংসদের আইনদ্বারা এক বা একাধিক প্রশাসনিক ট্রাইব্যুনাল প্রতিষ্ঠা করিবার কর্মা বলা হইয়াছে। ১৯৮০ সালের প্রশাসনিক ট্রাইব্যুনাল আইনদ্বারা সরকারি কর্মচারীদের ও রাট্রায়ন্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মচারীদের চাকুরিসংক্রান্ত বিরোধ নিম্পন্তি করিবার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনাল অপিল ট্রাইব্যুনাল গঠিত হইয়াছে।
- administrative tribunal and administrative appeal tribunal প্ৰশাসনিক ট্রাইব্যুনাল এবং প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল ১৯৮০ সালের প্রশাসনিক ট্রাইব্যুনাল আইনের ৩ ধারা-অনুসারে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে সরকার প্রশাসনিক ট্রাইব্যুনাল গঠন করিতে পারেন। প্রশাসনিক ট্রাইব্যুনাল এক সদস্য-সমন্বয়ে গঠিত এবং জেলা বিচারক আছেন বা ছিলেন এমন ব্যক্তিকে তদ্ধপ সদস্য নিযুক্ত করা হয়। উক্ত আইনের ৫ ধারা-অনুসারে অনুরূপভাবে সরকার প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল গঠন করিতে পারিবেন। ওই ট্রাইব্যুনাল একজন চেয়ারম্যান এবং সরকার কর্তৃক নিযুক্ত দুই জন সদস্য-সমন্বয়ে গঠিত হইবে। চেয়ারম্যান সুপ্রিম কোর্টের বিচারপতি অথবা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবের পদমর্যাদার নিম্নের কোনো ব্যক্তি হইবেন না এবং সদস্যের মধ্যে একজন জেলা জজ বা জেলা জজ পদমর্যাদার ছিলেন, এমন ব্যক্তি এবং একজন যগ্য সচিবের পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি হইবেন। প্রশাসনিক ট্রাইব্যনালের রায় বা আদেশের বিরুদ্ধে প্রশাসনিক আপিল ট্রাইব্যনাল আপিল তনানি করিবার এবং সিদ্ধান্ত দিবার অধিকারী হইবেন। প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের রায় চড়ান্ত হইবে। কোন কোন ক্ষেত্রে প্রশাসনিক ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনালের সিদ্ধান্তের বিরুদ্ধে দেওয়ানি আদালতে মামলা করা যাইবে তাহা উক্ত আইনের ৭ ধারায় বলা হইয়াছে।
- administrator n. ১. প্রশাসক বি. কোনো ব্যক্তি ইচ্ছাপত্র সম্পন্ন না করিয়া মৃত্যুবরণ করিলে কিংবা ইচ্ছাপত্রে কোনো নির্বাহক নিযুক্ত করা না হইয়া থাকিলে কিংবা ইচ্ছাপত্রের নির্বাহক কার্য করিতে অসমত হইলে, ওই মৃতব্যক্তির রিক্থ সংগ্রহ

- ও বিতরণ করিবার নিমিন্ত আদালতকর্তৃক নিযুক্ত কোনো ব্যক্তি। আদালত প্রশাসনপত্র প্রদান না করা পর্যন্ত রিক্থের বিলিব্যবস্থা সম্বন্ধে প্রশাসকের ক্ষমতা শুরু হয় না। ১৯২৫ সালের উত্তরাধিকার আইনের ২১৮ ও ২১৯ ধারার বিধান-অনুসারে আদালত প্রশাসনাদেশ মনজুর করিয়া থাকেন। ২. administration order দ্র.।
- admiralty court অ্যাডমিরালটি আদালত, নৌ-আদালত জাহাজ ও সাগরসম্পর্কিত দেওয়ানি মামলাসমূহের উপর এখতিয়ারসম্পন্ন একটি আদালত। জাহাজের সংঘর্ষ, বোঝাই মালের ক্ষয়ক্ষতি, যুদ্ধধন (prize court দ্র.) ও উদ্ধারকার্যসংক্রান্ত মামলা এই আদালতের এখতিয়ারাধীন। কোনো কোনো ক্ষেত্রে বিচারকেরা মামলার ওনানিতে মূল্যনিরপকদের সাহায্য গ্রহণ করিয়া থাকেন। এই আদালতের কার্যপ্রণালির বৈশিষ্ট্যসূচক দিক হইতেছে 'বন্তুর বিরুদ্ধে' (in rem) গৃহীত আইনানুগ ব্যবস্থা, যাহাতে আইনানুগ ব্যবস্থা, যাহাতে আইনানুগ ব্যবস্থা, বাহাতে আইনানুগ ব্যবস্থা, বাহাতে আইনানুগ ব্যবস্থা, বাহাতে জাইনানুগ ব্যবস্থা, বাহাতে জাইনার্গ কান হেতুভূত সম্পত্তিটি 'গ্রেপ্তার' করা যাইতে পারে এবং দাবিদারের দাবি মিটাইবার জন্য আদালত উহা আটক করিতে পারেন। ২০০০ সালের অ্যাডমিরালটি কোর্ট আইনের বিধান-অনুযায়ী হাইকোর্ট বিভাগের একজন বিচারকের সমন্বয়ে গঠিত বেঞ্চ অ্যাডমিরালটি-এখতিয়ার প্রয়োগ করেন। উপরি-উল্লিখিত বিষয় ছাড়াও জাহাজের দখল, মালিকানা, কর্মে নিয়োগ ইত্যাদি বিষয়ও অ্যাডমিরালটি-আদালতের এখতিয়ারাধীন।
 - admissibility of evidence সাক্ষ্যপ্রমাণের গ্রাহ্যতা সাক্ষ্যপ্রমাণের কোনো বিশেষ বিষয় আদালত গ্রহণ করিতে পারেন কি না, উহা নির্ণয় করিবার মূলসূত্রাবলি। গ্রাহ্যতার কেন্দ্রীয় মূলসূত্র হইতেছে প্রাসঙ্গিকতা। সকল অপ্রাসঙ্গিক সাক্ষ্যপ্রমাণ অগ্রহণীয়, আইনত প্রাসঙ্গিক সাক্ষ্যপ্রমাণও সাক্ষ্যপ্রমাণের নিরসনাত্মক নিয়মাবলির আওতায় পড়িলে অগ্রহণীয় হইতে পারে। সাক্ষ্য আইনের ১৩৬ ধারায় বলা হইয়াছে যে, কোনো পক্ষ কোনো সাক্ষ্য উপস্থাপন করিতে চাহিলে আদালত তাহা প্রাসঙ্গিক বলিয়া মনে করিলেই তাহা গ্রহণ করিবেন, অন্যথায় নহে। এতৎসহ conditional admissibility ও multiple admissibility দ্র.।
 - admissibility of records নথিতে লিপিবদ্ধ বিষয়ের গ্রাহ্যতা দেওয়ানি মামলাগুলিতে তথ্যাদি-সংবলিত নথিতে লিপিবদ্ধ তথ্যগুলি সাক্ষ্যপ্রমাণ হিসাবে গ্রহণীয়। এইসব তথ্য যদি কেহ কর্তব্যপালনসূত্রে সংকলন করেন তবে তাহা গ্রহণযোগ্য হয়। সাক্ষ্য আইনের ৩৪ ধারায় হিসাবের খাভায় ব্যবসা-উপলক্ষে নিয়মিতভাবে লিপিবদ্ধ লিখন এবং ৩৫ ধারায় কর্তব্যপালনসূত্রে সরকারি কর্মচারী কর্ত্তক সরকারি নথিতে লিপিবদ্ধ লিখন সাক্ষ্য হিসাবে প্রাসঙ্গিক ও গ্রহণযোগ্য।
 - admissible adj. গ্রহণযোগ্য বিণ. যাহা আদালতে গৃহীত হইবার উপযুক্ত অথবা গৃহীত হইবার সম্ভাবনা এবং গুণ সম্পন্ন কিংবা বিচারসংক্রান্ত সাক্ষ্য-সাবৃদ হিসাবে প্রমাণযোগ্য বা মানিয়া লইবার উপযুক্ত। সাক্ষ্যপ্রসঙ্গে এই শব্দ্বারা কোনো সাক্ষ্য

৩৭

এমনই গুণসম্পন্ন যে আদালত বা বিচারক ইহা গ্রহণ করিতে নৈতিকভাবে বাধ্য, এইরকম বুঝায়; অর্থাৎ ইহাকে বিধিসম্মত বলিয়া স্বীকারপূর্বক সাক্ষ্যপ্রমাণের মধ্যে অন্তর্ভুক্ত করিবার যোগ্য বুঝায়।

admission n. স্বীকারোক্তি বি. দেওয়ানি বিরোধে, মোকদ্দমার কোনো পক্ষ কিংবা তৎকর্তৃক যথাযথরূপে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকর্তৃক প্রদন্ত একটি বক্তব্য, যাহা ওই পক্ষের মামলার প্রতিকূল। স্বীকারোক্তি জনানুষ্ঠানিক (অর্থাৎ দালিলিক বা বাচনিক) হইতে পারে কিংবা জানুষ্ঠানিক (অর্থাৎ মামলাসম্পর্কিত একটি বক্তব্যে কিংবা বিস্তারিত তথ্যের জন্য অনুরোধের পরিপ্রেক্ষিতে কৃত) হইতে পারে। জনশ্রুতিমূলক সাক্ষ্যবিরুদ্ধ নিয়মের একটি ব্যতিক্রম হিসাবে, স্বীকারোক্তি যিনি করিয়াছেন, তিনি ব্যতীত অন্য কোনো ব্যক্তিও আদালতে উহা বর্ণনা করিতে পারেন। সাক্ষ্য আইনের ১৭ ধারায় বলা হইয়াছে যে, স্বীকারোক্তি পরবর্তীকালে উল্লিখিত এমন কোনো পরিস্থিতিতে এমন কোনো ব্যক্তির কৃত মৌখিক বা লিখিত বক্তব্য যাহা বিচার্য বা প্রাসঙ্গিক ঘটনা সম্পর্কে কোনো অনুমান ইন্ধিত করে। উক্ত আইনের ১৮-২০ ধারায় কোন কোন ব্যক্তির কোন কোন অবস্থায় কৃত স্বীকারোক্তি প্রাসন্ধিক তাহা বলা হইয়াছে। উক্ত আইনের ২১ ধারায় স্বীকারোক্তি কাহার বিরুদ্ধে ব্যবহার করা যায় তাহা বলা হইয়াছে।

admission of claim দাবিশ্বীকার বি. দেওয়ানি কার্যবিধির ১২ আদেশে দাবি শ্বীকার করিয়া লওয়ায় বা শ্বীকারোক্তি এবং শ্বীকারমূলে রায়প্রদান সম্পর্কে বলা হইয়াছে। ১২ আদেশের ২ নিয়মে বলা হইয়াছে যে, মামলার যে-কোনো পক্ষ তাহার আরজি-জবাবের মাধ্যমে বা অন্যকোনোরূপ লিখিতভাবে জানাইতে পারিবে যে, সে অপর পক্ষের দাবির সত্যতা সামগ্রিক বা আংশিকভাবে শ্বীকার করে। ৬ নিয়মে বলা হইয়াছে যে, যে-ক্ষেত্রে দরখান্তে বা অন্যভাবে আদালতে ঘটনা সম্পর্কে শ্বীকারোজি করা হইয়াছে, সেক্ষেত্রে মোকদ্দমার যে-কোনো পর্যায়ে যে-কোনো পক্ষ আদালতে এই মর্মে আবেদন করিতে পারে যে, পক্ষগণের মধ্যে বিরোধভুক্ত অন্য যে-কোনো প্রশ্ন নির্ধারণের জন্য অপেক্ষা না করিয়া উপরিউক্ত শ্বীকারোক্তি যতদূর তাহার অনুকূলে হইয়াছে, সেই পর্যন্ত রায় বা আদেশ দান করা হউক। আদালত অনুরূপ আবেদন পাওয়ার পর যেরূপ সংগত মনে করেন সেরূপ রায় বা আদেশ দান করিতে পারিবেন। দেওয়ানি কার্যবিধির ১২ আদেশের ৬ নিয়মে রায় পাওয়ার জন্য মোকদ্দমার চূড়ান্ত গুনানির পূর্বে বাদীকে দরখান্তের মাধ্যমে প্রার্থনা করিতে হইবে।

admit vb. থাহণ করা, স্বীকার করা ক্রি. কোনো কিছুকে বিবেচনার উদ্দেশ্যে গ্রহণ করা; কোনো কিছুকে সত্য বলিয়া স্বীকার করা; সাক্ষ্য হিসাবে বিবেচনার জন্য নথিতে গ্রহণ বা অন্তর্ভুক্ত করা।

- admitted in evidence সাক্ষ্যপ্রমাণে গৃহীত স্ট্যাম্প-আইনে সাক্ষ্য হিসাবে কোনো দলিল গৃহীত হইবার অর্থ হইল দলিলটি যথাযথ স্ট্যাম্প্র্যুক, এই মর্মে আদালতের বৈচারিক সিদ্ধান্ত। অন্যভাবে এইরপে কোনো দলিল প্রত্যয়ন করিবার কালে দলিলটি গৃহীত হইবার যোগ্য কি না, সে-প্রশ্নে আদালত বৈচারিক সিদ্ধান্ত প্রয়োগ করিবেন। অপর্যাপ্ত স্ট্যাম্প্রুক্ত হইবার কারণে কোনো দলিল সাক্ষ্যে গৃহীত হইবার যোগ্য না হওয়া সন্ত্বেও আদালত উহাকে সাক্ষ্যে গৃহীত বলিয়া প্রত্যয়ন করিলে স্ট্যাম্প অপর্যাপ্ত হইবার বিষয়টি আদালতের এবং পক্ষদের দৃষ্টি এড়াইয়া গিয়াছে বলিয়া ধর্তব্য। গৃহীত হওয়া সম্পর্কিত প্রশ্নের বৈচারিক নিম্পত্তি এই যে, দলিলটির বিষয়ে কোনো আপত্তি না থাকিবার কারণেই আদালত উহাকে সাক্ষ্যরূপে গ্রহণ করিয়াছেন।
- admonition n. তিরন্ধার, ত্ঁশিয়ারি বি. ১. অপরাধের জন্য অধিকতর অভিযোগ
 হইতে অব্যাহতিপ্রাপ্ত আসামিকে বিচারকের ভর্ৎসনাবিশেষ। ২. অপরাধের জন্য
 অধিকতর অভিযোগ হইতে অব্যাহতিপ্রাপ্ত কর্মচারীকে নিয়োগকারী কর্তৃপক্ষের
 ভর্ৎসনাবিশেষ।
- adoloscence n. বয়ঃসন্ধি বি. শৈশব ও যৌবনের মধ্যবতীকাল, বয়ঃসদ্ধিকাল বা কৈশোর। ১৯৬৫ সালের কারখানা আইনে কিশোর বলিতে এমন ব্যক্তিকে বুঝায় যাহার বয়স ১৬ বৎসর পূর্ণ হইয়াছে কিন্তু এখনো ১৮ বৎসর পূর্ণ হয় নাই।
- adoption n. ১. দন্তক্ষাহণ বি. যে- প্রথা বা প্রক্রিয়ায় একজন অবিবাহিত নাবালক পুত্র বা কন্যার সম্বন্ধে পিতামাতার আইনি অধিকার ও কর্তব্য জন্য কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গের নিকট স্থানান্তরিত হয়। ইংল্যান্ডে ইহা কেবল একটি আদালতকর্তৃক প্রদন্ত দন্তকর্মহণ আদেশের মাধ্যমেই সম্পন্ন হইতে পারে। দন্তকর্মহণের সহিত পোষ্যগ্রহণের পার্থক্য এই যে, ইহার ফলে পিতামাতার সকল অধিকার ও কর্তব্য দন্তকর্মহণকারী পিতামাতার উপর স্থায়ীভাবে বর্তায়। হিন্দু আইনে সন্তান দন্তক প্রদানের ও গ্রহণের বিধান আছে, কিন্তু ইসলামি আইনে তদ্রুপ বিধান নাই। ২. স্থীকরণ বি. কোনো আদালতকর্তৃক আন্তর্জাতিক আইনের এমন-কোনো বিধি অবলম্বন, যাহা সুম্পষ্টভাবে দেশের আইনের অংশীভূত করা হয় নাই, কিন্তু যাহা উহার সহিত অসমজ্ঞস নহে। ৩. গ্রহণ বি. কোনো স্থানীয় কর্তৃপক্ষ কিংবা অনুরূপ সংস্থাকে তাহাদের ইচ্ছাসাপেক্ষে ক্ষমতা-প্রদায়ক কোনো সংসদীয় আইন স্বীয় এলাকায় বলবৎ করা হইবে বলিয়া তাহাদের সিদ্ধান্ত।
 - ad quaestiones facti non respondent judices; ad quaestiones legis non respondent juratores বিচারক তথ্যের প্রশ্নের এবং জুরিগণ আইনি প্রশ্নের সিদ্ধান্ত দেন না।

৩৯ advance

ad referendum বিবেচ্য বি. অধিকতর বিবেচনাসাপেক্ষ ইহাতে কিছু কিছু গৌণ বিষয়ের নিষ্পত্তি বাকি থাকা সত্ত্বেও স্বাক্ষরিত একটি চুক্তি বুঝায়।

- adult n. সাবালক বি. সাবালকত্ব আইনের বিধান-অনুসারে ১৮ বৎসর বয়স পূর্ণ ইইলে কোনো ব্যক্তি সাবালক বলিয়া গণ্য হয়। তবে আদালত কর্তৃক কোনো ব্যক্তির শরীর ও সম্পত্তির অভিভাবক নিযুক্ত হইলে উক্ত ব্যক্তি ২১ বৎসর বয়সে সাবালক বলিয়া গণ্য হইবে। সরকারি পাওনা আদায় আইন-অনুসারে, যাঁহাকে সাবালকত্ব আইনে প্রাপ্তবয়ন্ধ বলা হয়, তাঁহাকে বুঝায় না, বরং এমন বয়ন্ধ ব্যক্তিকে বুঝায় যিনি পরিবারের সদস্যের প্রতি প্রদত্ত নোটিশের তথ্য যথাযথভাবে বুঝিতে পারেন।
- adulteration n. ভেজাল বি. খাদ্যের সহিত অন্য বস্তুর মিশ্রণ। স্বাস্থ্যের জন্য ক্ষতিকর দ্রব্য-সংবলিত খাদ্য বিক্রয় করা কঠোর দায়িতাসম্পৃক্ত অপরাধ। বিক্রয়ের অভিপ্রায়ে খাদ্যের সহিত কোনো বিপজ্জনক দ্রব্য মিশ্রিত করাও একটি অপরাধ। যেব্যক্তি বিক্রয়ের উদ্দেশ্যে বা বিক্রীত হইবার সন্তাবনা আছে জানিয়া খাদ্য বা পানীয়
 দ্রব্য এমনভাবে ভেজাল করেন যে, তাহা খাদ্য বা পানীয় দ্রব্য হিসাবে অনিষ্টকর হয়,
 সেই ব্যক্তি দণ্ডবিধির ১৭২ ধারার বিধান-অনুসারে ছয় মাস পর্যন্ত কারাদণ্ডে অথবা
 এক হাজার টাকা পর্যন্ত অর্থদত্তে অথবা উভয়বিধ দণ্ডে দণ্ডনীয় হইবেন।
- adultery n. ব্যক্তিচার বি. পরস্পর বিবাহিত নহে, তবে একজন অন্তত অন্য কাহারো সহিত বিবাহিত, এইরূপ কোনো পুরুষ ও নারীর মধ্যে যৌনসংগম। এতদুদ্দেশ্যে যৌনসংগমের অর্থ যোনিতে লিঙ্গপ্রবেশ; যে-কোনো মাত্রায় লিঙ্গপ্রবেশই এখানে যথেষ্ট (পূর্ণপ্রবেশ আবশ্যক নহে)। দণ্ডবিধির ৪৯৭ ধারা-অনুসারে ব্যভিচার দণ্ডনীয় অপরাধ।
- ad valorem মূল্য অনুসারে, মূল্যের আনুপাতিক হারে স্বত্নাব্যন্তপূর্বক দখল-উচ্ছেদের মামলা বা কোনো দলিল রদের প্রার্থনা যে-ক্ষেত্রে বাদী দলিলে পক্ষ থাকেন, এইসব মোকদ্দমার মূল্য অনুসারে অ্যাডভেলোরেম কোর্ট ফি প্রদান করিয়া মোকদ্দমা আনয়ন করিতে হয়।
- advance n. অগ্রিম, আগাম, বায়না বি. কোনো কিছু আগাম পরিশোধ। যেমন, পরিশোধের জন্য নির্ধারিত বা সঠিক সময়ের পূর্বে কোনো অর্থ পরিশোধ করা। অগ্রিম বলিতে কেবল অগ্রিম অর্থ পরিশোধ করা বুঝায় না, ইহা অস্থাবর সম্পত্তি ও পণ্যের ক্ষেত্রেও প্রযোজ্য হইতে পারে। ইহাদ্বারা কোনো চুক্তিপত্রে সম্পত্তি বা পণ্যের সম্পূর্ণ মৃল্য প্রদেয় হইবার আগেই সম্পূর্ণ বা তাহার আংশিক অর্থ পরিশোধ করা, কোনো অনুরোধ বা প্রস্তাব নিয়া কাহারো দারস্থ হওয়া, কোনো কিছু সরবরাহ করা, দরপত্র ইত্যাদি দাখিল করা, কোনো কিছু করিবার, দিবার অথবা বিনিময় করিবার প্রস্তাবও বুঝায়।

advancement 80

advancement n. প্রবর্ধন বি. ১. একটি ন্যাসে কোনো ব্যক্তির— যে শিশু কিংবা এমন কেই যিনি কোনো বন্দোবস্ত-অনুযায়ী সম্পত্তি প্রাপ্ত হইতে পারেন (কিন্তু তাহা নিশ্চিত নহে), তাঁহার— হিতার্থে এককালীন মূলধন সরবরাহ করিবার ক্ষমতা। যেমন, বিবাহ-উপলক্ষে, হিত্যাহীর জন্য বাড়ি ক্রয়ের উদ্দেশ্যে, কিংবা তাঁহাকে কোনো ব্যবসা কিংবা পেশায় প্রতিষ্ঠিত করিবার জন্য প্রদেয় অর্থ। ২. কোনো কোনো পরিস্থিতিতে উদ্ভূত এই প্রাক্প্রত্যয় যে, কোনো ব্যক্তি অন্য কাহারো নামে সম্পত্তি ক্রয় করিলে ওই সম্পত্তির উদ্দিষ্ট অন্য ব্যক্তির প্রবর্ধন এবং উহা সেই ব্যক্তি লাভজনকভাবে নিজের দখলে রাখিবেন। প্রবর্ধন সম্বন্ধে প্রাক্প্রত্যয় তখনই উদ্ভূত হয়, যখন পিতা কিংবা পিতৃস্থানীয় কোনো ব্যক্তি একটি শিশুর জন্য সম্পত্তি ক্রয় করেন। বাংলাদেশে পিতা কিংবা পিতৃস্থানীয় কোনো ব্যক্তি একটি শিশুর বেনামিতে নিজ অর্থে কোনো সম্পত্তি ক্রয় করিলে তাহা ইংল্যান্ডের মতো ওই শিশুর প্রবর্ধনের জন্য ক্রয় করা ইইয়াছে বলিয়া কোনো প্রাক্প্রত্যয় সৃষ্টি করে না।

advance payment of tax অথিম করপ্রদান যে আয়-বৎসরে করদাতার আয়
আর্জিত হয়, তাহার পরবর্তী করনির্ধারণী বৎসরে সেই আয়ের উপর কর আরোপ করা
হয়। ইহাই আয়কর আইনের সাধারণ বিধি। কিন্তু আয়কর আইনের ৬৪ ধারাঅনুসারে আয় অর্জনের সঙ্গে সঙ্গে করপ্রদানের ব্যবস্থা করা হইয়াছে। যখন অর্জন
তখন করপ্রদান এই পদ্ধতির ভিন্তিতে করদাতাকে আয়-বৎসরেই অগ্রিম কর প্রদান
করিতে হয়। অগ্রিম করপ্রদান সাময়িক প্রকৃতির এবং ইহা এই শর্তসাপেক্ষে প্রদত্ত হয়
যে, কর-নির্ধারণী বৎসরে নিয়মিত করনির্ধারণের পর যদি দেখা যায় যে, অগ্রিম প্রদত্ত
করের পরিমাণ নিয়মিত নির্ধারিত প্রদেয় করের পরিমাণ অপেক্ষা অধিক, তাহা হইলে
অতিরিক্ত অর্থ সুদসহ করদাতাকে ফেরত দিতে হইবে। সরকার এই অগ্রিম প্রদত্ত
অতিরিক্ত অর্থের জন্য বার্ষিক ১০% হারে করদাতাকে সুদ প্রদান করিবে। যে-বৎসরে
করদাতা অগ্রিম কর প্রদান করিয়াছেন সেই বৎসরের ১ জুলাই হইতে নিয়মিত
করনির্ধারণের তারিখ পর্যন্ত সময়ের জন্য এই সুদ প্রদান করিবে, এই সময়কাল ১
জুলাই হইতে দুই বৎসরের অধিক হইবে না।

adventure n. অভিযান বি. বিমাপত্রে দুঃসাহসিক অভিযান বা ভয়ানক বিপদ-সম্পর্কিত দফায় উল্লিখিত ঝুঁকিসমূহের যে-কোনো একটি দুঃসাহসিক বা বিপজ্জনক কর্মপ্রচেষ্টা।

adversary procedure ঘনুমূলক বিচারপদ্ধতি accusatorial procedure দ্ৰ.।

adverse n. বিরুদ্ধ বি. বিরোধপূর্ণ স্বার্থ; যেখানে স্বার্থরক্ষার ক্ষেত্রে অবশ্যদ্ভাবীরূপে বিরোধিতা থাকে। 'বিরুদ্ধ পক্ষ' বলিতে কেবলমাত্র বাদী ও বিবাদীর মধ্যে বিরুদ্ধ বা শক্রতামূলক অবস্থান বুঝায় না বরং বাদী-বিবাদী-নির্বিশেষে যাঁহার বা যাঁহাদের স্বার্থ

83 adverse witness

মোকদ্দমায় সংশ্লিষ্ট অন্য কোনো পক্ষের স্বার্থের প্রকৃতপক্ষে বিপরীত হয়, অর্থাৎ তাহা এইরূপ হয় যে, কোনো পক্ষকে ক্ষতিগ্রস্ত বা প্রভাবিত করে। সংশ্লিষ্ট পক্ষ কর্তৃক বিপরীতমুখী কার্য করা বা বিরোধিতা করা। দেওয়ানি কার্যবিধির ৩২ আদেশের ৪ (১) নিয়ম-অনুসারে, কোনো সাবালক ও প্রকৃতিস্থ ব্যক্তি যাঁহার বিরুদ্ধ স্বার্থ নাই তিনি নাবালকের অভিভাবক বা আসন্ন বন্ধু নিযুক্ত হইতে পারেন।

- adverse occupation বৈরী অধিবাসন মালিক অথবা আইনসম্মত অধিকারীকে বহিদ্ধারপূর্বক কোনো অনধিকার প্রবেশককর্তৃক গৃহাদি ও সংলগ্নভূমি অধিকারকরণ। ইংল্যান্ডে অনধিকারপ্রবেশ সাধারণত কোনো দগুযোগ্য অপরাধ নহে, কিন্তু সপ্রাপ্রণগৃহ যদি আবাসিক হয় এবং কাহারো দখলে থাকে, সেই ক্ষেত্রে অনধিকারপ্রবেশককে (প্রবেশ করিবার জন্য তিনি বলপ্রয়োগ করুন বা না করুন) স্থানচ্যুত আবাসিক দখলদার কিংবা অভিরক্ষিত ইচ্ছুক দখলদার (কিংবা তাঁহাদের পক্ষে কার্যরত অন্য কেহ) তাঁহাকে ওই স্থান ত্যাগ করিতে বলা সন্ত্বেও যদি তিনি তাহা ত্যাগ করিতে অধীকৃত হন, তবে তিনি ফৌজদারি আইনে একটি দগুনীয় অপরাধের জন্য দায়ী হইবেন। খরিদ্দার, স্থানীয় কর্তৃপক্ষ, গৃহায়ন কর্পোরেশন কিংবা কোনো গৃহায়ন সমিতির নিকট হইতে প্রবেশাধিকারপ্রাপ্ত ব্যক্তি— যাঁহার ওই সপ্রাপ্তণ গৃহের উপর স্বত্বের লিখিত প্রমাণ রহিয়াছে— কিংবা দুই বৎসরের জন্য ইজারা, ভাড়াস্বত্ব বা লাইসেন্সের অধিকারী কোনো ব্যক্তি অভিরক্ষিত ইচ্ছুক দখলদারের অন্তর্ভুত। দগুবিধির ৪৪৭ ধারায় ভূমিতে এবং ৪৪৮ ধারায় গৃহাদিতে অপরাধমূলক অনধিকার প্রবেশ দগুনীয় অপরাধ।
- adverse possession বিরুদ্ধদখল নিজের বলিয়া অধিকার করিবার অভিপ্রায়ে অন্য কোনো স্বত্যাধিকারীর জমি দখল। দখলদারকে অবশ্যই জমিটি এমন প্রকাশ্যভাবে দখল করিতে হইবে, যেন তিনি উহার একমাত্র স্বত্যাধিকারী এবং তাঁহার অবশ্যই উহা নিজের বলিয়া দখল করিবার অভিপ্রায় থাকিতে হইবে। জমিটি কীভাবে ব্যবহৃত হইতেছে, তাহার দ্বারাই এই উভয় নিয়ামকের প্রমাণ দিতে হইবে। যেমন, চাষ করা, বেড়া দেওয়া ইত্যাদি। দ্ব্যর্থবাধক কার্য, যেমন সময়ে-সময়ে গরু-ছাগল চরাইবার জন্য জমির ব্যবহার কিংবা জমিতে শিশুদের খেলাধূলা করিতে দেওয়া যথেষ্ট নহে। ১২ বৎসর বিরুদ্ধদখলের পর মূল মালিকের স্বত্ব তামাদি হইয়া যায় এবং তিনি তাঁহার জমি বিরুদ্ধদখলদারের নিকট হইতে আর উদ্ধার করিতে পারেন না। তামাদি আইনের ১ তফসিলের ১৪২ অনুচ্ছেদের বিধান হইতেছে যে, স্থাবর সম্পত্তি বেদখলের ১২ বৎসরের মধ্যে দখল উদ্ধারের জন্য নালিশ দায়ের করিতে হইবে, নচেৎ উক্ত আইনের ২৮ ধারার বিধান-অনুযায়ী মালিকের স্বত্ব বিলুপ্ত হইবে।
- adverse witness প্রতিকূল সাক্ষী যে-পক্ষ সাক্ষী তলব করিয়াছেন, তাঁহার বিরুদ্ধে যে-সাক্ষী প্রতিকূল সাক্ষ্য প্রদান করেন। সাক্ষীর সাক্ষ্যপ্রমাণ যদি কেবল প্রতিকূল হয়,

advertisement 83

তাহা হইলে তলবকারী পক্ষ তাঁহাকে অভিযুক্ত না-ও করিতে পারেন (অর্থাৎ তাঁহার বিশ্বাসযোগ্যভাকে আক্রমণ না-ও করিতে পারেন), তবে বিরুদ্ধ সাক্ষ্যপ্রমাণ তলব করিতে পারেন। কিন্তু সাক্ষী বৈরী হইলে, তাঁহার অসভ্যভাষণ প্রমাণ করে, এমন সাক্ষ্যপ্রমাণ উপস্থাপনপূর্বক তাঁহাকে অভিযুক্ত করা যাইতে পারে। সাক্ষ্য আইনের ১৫৪ ধারার বিধান-অনুসারে তলবকারী পক্ষ প্রতিকূল সাক্ষীকে জেরা করিতে পারেন।

- advertisement n. বিজ্ঞাপন বি. জনসাধারণের মনোযোগ আকর্ষণ করিবার উদ্দেশ্যে প্রচারিত বিজ্ঞপ্তি অথবা জনসাধারণের নিকট প্রচারিত বা কোনো সংশ্লিষ্ট ব্যক্তিবিশেষকে প্রদন্ত তথ্য যাহা লিখিত বা মুদ্রিত কাগজখণ্ডের মাধ্যমে বা পত্রিকায় প্রকাশের মাধ্যমে প্রদান করা হয়। বিজ্ঞাপন এক ধরনের বাক্প্রকাশ বা বক্তৃতা হইতে পারে যাহার প্রকৃত বৈশিষ্ট্য উহা যে-বিষয়ে উৎসাহদানের লক্ষ্যে নিবেদিত সে-বিষয়ের দ্বারা প্রতিফলিত হয়। ইহার দ্বারা সেই সমস্ত স্বাভাবিক গুণ ও বৈশিষ্ট্যকে ধরিয়া লপ্তয়া হয় যাহা সংবিধানের ৩৯(২) (ক) অনুচ্ছেদে বর্ণিত বাক্ ও ভাব প্রকাশের স্বাধীনতার আপ্রতায় জনসাধারণকে অবহিত করিবার অধিকার সমর্থন ও সহায়তা করে। কিন্তু যথন ইহা ব্যবসায়িক পণ্যন্ত্রের বিজ্ঞাপনের অনুরূপ হয় তথন আর ইহা বাক্স্বাধীনতার ধারণার অস্তর্ভুক্ত হয় না।
- advice note নির্দেশপত্র বি. পণ্যের বিবরণ-সংবলিত একটি নির্দেশমূলক চিঠি যাহা ক্রেতার নিকট বিক্রেতা প্রেরণ করিয়া থাকে।
- advice on evidence সাক্ষ্যপ্রমাণ বিষয়ক পরামর্শ কৌসূলি বা অ্যাডভোকেটের লিখিত মতামত, যাহা সাধারণত দলিলাদির প্রকাশন ও পরীক্ষণের পর প্রস্তুত করা হয়। ইহাতে মামলাটির বিবরণে উত্থাপিত প্রশ্নগুলি শনাক্ত করা হয় এবং বিচারকালে কোন কোন সাক্ষ্যপ্রমাণ তলব করিবার প্রয়োজন হইবে, সেই বিষয়ে কৌসুলি সলিস্টিরকে কিংবা মক্তেলকে পরামর্শ দেন।
- advising bank পরামর্শদাতা ব্যাংক রপ্তানিকারক কর্তৃক প্রেরিত পণ্যের মূল্য স্থির করিবার জন্য রপ্তানিকারকের দেশে অবস্থিত ক্রেতার প্রতিনিধিত্বকারী ব্যাংককে পরামর্শদাতা ব্যাংক বলে।
- advisory jurisdiction উপদেষ্টামূলক এখতিয়ার ১. সংবিধানের ১০৬ অনুচ্ছেদঅনুসারে, 'যদি কোনো সময়ে রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হয় যে, আইনের এইরূপ
 কোনো প্রশ্ন উত্থাপিত হইয়াছে বা উত্থাপনের সম্ভাবনা দেখা দিয়াছে, যাহা এমন
 ধরনের ও এমন জনগুরুত্বসম্পন্ন যে, সেই সম্পর্কে সুপ্রিম কোর্টের মতামত গ্রহণ করা
 প্রয়োজন, তাহা হইলে তিনি প্রশুটি আপিল বিভাগের বিবেচনার জন্য প্রেরণ করিতে
 পারিবেন এবং উক্ত বিভাগ স্বীয় বিবেচনায় উপযুক্ত তনানির পর প্রশুটি সম্পর্কে

রাষ্ট্রপতিকে স্বীয় মতামত জ্ঞাপন করিতে পারিবেন। ২. আন্তর্জাতিক আদালতের এখতিয়ার। এই এখতিয়ারবলে উক্ত আদালত আইনগত প্রশ্নে মতামত প্রদান করিতে পারেন। সাধারণ আদালতের বিবাদ-নিম্পত্তিমূলক এখতিয়ারের বিপরীতে, এই ধরনের মামলায় রাষ্ট্রগুলি বিচার-প্রক্রিয়ার পক্ষ নহে এবং সেখানে কোনো বাদী বা বিবাদী থাকে না। আইনগত বিচার্য-বিষয়় নিরূপণে সহায়তা করিবার জন্য আন্তর্জাতিক আদালত রাষ্ট্র বা আন্তর্জাতিক সংস্থাগুলিকে তথ্য সরবরাহ করিবার জন্য আহবান করিতে পারেন। আন্তর্জাতিক আদালতের পরামর্শমূলক মতামত প্রদানের ক্ষমতা জাতিসংঘ সনদের ৯৬ ধারার অন্তর্ভক্ত।

- advocate n. উন্ধিল, জ্যাডভোকেট বি. যে-ব্যক্তির আদালতে 'শ্রুন্ত হইবার অধিকার' রহিয়ছে। যিনি মামলায় একজন মঙ্কেলের পক্ষে সওয়াল-জবাব করেন এবং যুক্তিতর্ক উপস্থাপন করেন। ১৯৭২ সালের বাংলাদেশ আইনজীবী ও বার কাউনসিল আদেশের অধীনে বার কাউনসিল কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি। দেওয়ানি কার্যবিধির ২ ধারার ১৫ উপধারায় উন্ধিলের সংজ্ঞার্থে বলা হইয়াছে: 'যিনি অপরের পক্ষে আদালতে হাজির হইবার এবং যুক্তিতর্ক পেশ করিবার অধিকারী।' দেওয়ানি কার্যবিধির ৩ আদেশের ৪(১) নিয়মে উন্ধিল-নিয়োগের পদ্ধতি সম্পর্কে বলা হইয়াছে যে, কোনো ব্যক্তিকর্তৃক কিংবা আমমোক্তারনামা-অনুসারে ক্ষমতাপ্রাপ্ত অথবা স্বীকৃত প্রতিনিধিকর্তৃক লিখিত বা স্বাক্ষরিত নিয়োগপত্র ঘারা নিযুক্ত না হইলে কোনো উন্দিল উক্ত ব্যক্তির তরক্ষে কোনো কার্য সম্পন্ন করিতে পারিবেন না। আদালতব্যবস্থার বিভিন্ন পর্যায়ে ওকালতি করিবার জন্য ভিন্ন যোগ্যতা রহিয়াছে; ইহাকে ওকালতি করিবার যোগ্যতা বলা হয়।
- affairs of State রাষ্ট্রীয় বিষয়াবলি জনস্বার্থ-প্রকৃতির বিষয় যাহাতে রাষ্ট্র সংশ্লিষ্ট।
 'রাষ্ট্রীয় বিষয়াবলি' শব্দসমূহ দ্বৈত অর্থপূর্ণ; যেমন, ইহাদ্বারা এমন রাষ্ট্রীয় বিষয় বুঝায়
 যাহার গোপনীয়তা প্রকাশ পাইলে জনস্বার্থ ক্ষতিগ্রস্ত হইবে, আবার ইহাদ্বারা এমন সব
 দলিপপত্র বুঝায় যাহার গোপনীয়তারক্ষার রীতি সরকারি কর্ম বা দায়িত্ব যথাযথভাবে
 প্রতিপালনের জন্য প্রয়োজনীয়। 'রাষ্ট্রীয় বিষয়াবলি' অত্যস্ত ব্যাপক অর্থবহ। রাষ্ট্রের
 সকল প্রাত্যহিক স্বাভাবিক প্রশাসনিক কার্যাবলি এবং একই সঙ্গে প্রতিরক্ষা ও
 পররাষ্ট্র-বিষয়ক কার্যাবলিসহ মন্ত্রীসভার বৈঠকের কার্যবিবরণী, মন্ত্রিগণের ও
 সরকারের অন্যান্য বিভাগীয় প্রধানদের মধ্যে বিনিময়কৃত পরামর্শ বা নির্দেশপত্র
 ইত্যাদি অতি গোপনীয় বিষয় ইহার অন্তর্ভুক্ত।
- affect vb. প্রভাবিত করা ক্রি. কোনো কিছুর কর্মফল পাওয়া। কোনো কিছুর উপর কার্যের ফলাফল উৎপন্ন করা। ইহা স্পর্শ, পারম্পরিক সম্পর্ক, গুরুত্ব বা উদ্বেগও বুঝায়।

affected 88

affected adj. ক্ষতিগ্রন্থ বিণ, প্রভাবিত, পরিবর্তিত, গঠিত।

affidavit n. হলফনামা, এফিডেভিট বি. দৃঢ়ভাবে বলিতে ও ঘোষণা দিতে আইনের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিদের ক্ষেত্রে শপথের পরিবর্তে প্রতিজ্ঞাপূর্বক কথন বা ঘোষণা। প্রধানত কোনো দরখান্তের সমর্থনে এবং কিছু কিছু ক্ষেত্রে, আদালতের কার্যাবলিতে সাক্ষ্যপ্রমাণ হিসাবে ব্যবহৃত বা দুঢ়োক্তিপূর্বক একটি লিখিত বিবৃতি। যে-ব্যক্তি হলফনামা প্রদান করেন, তাঁহাকে অবশাই শপথগ্রহণ করাইবার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির সমূবে শপথ বা দুঢ়োক্তি করিতে হইবে যে, হলফনামার বিষয়বস্তু সত্য। দেওয়ানি আদালতে হলফনামা ব্যবহার-সম্পর্কিত বিধানাবলি দেওয়ানি কার্যবিধির ১৯ আদেশে উল্লিখিত হইয়াছে। দেওয়ানি কার্যবিধির ২০ আদেশের ১-৩ নিয়মে হলফনামা সম্পর্কে বিশদ বর্ণনা দেওয়া হইয়াছে। হলফকারী সজ্ঞানে যে-সকল তথ্য প্রমাণ করিতে সমর্থ হইবেন কেবল সেইগুলিই হলফনামায় উল্লেখ করা যাইবে। তবে অন্তর্বর্তীকালীন কোনো আবেদন সম্পর্কে হলফনামা করিলে উহাতে হলফকারী যাহা বিশ্বাস করেন, এইরূপ বিষয়ও উল্লেখ করা যাইবে: কিন্তু সেক্ষেত্রে উক্ত বিশ্বাসের কারণও বর্ণনা করিতে হইবে। কোনো হলফনামায় অযথা জনশ্রুতিমূলক বা বিতর্কিত বিষয় উল্লেখ করা হইলে অথবা কোনো দলিলের নকল বা অংশবিশেষের উদ্ধৃতি দেওয়া হইলে সেই হলফনামার খরচা (আদালত কোনো বিপরীত নির্দেশ না দিলে) হলফনামা দাখিলকারী পক্ষ বহন করিবে। ফৌজদারি কার্যবিধির ৫৩৯ক ধারায় সরকারি কর্মচারীর আচরণের প্রমাণের হলফনামা সম্পর্কে বলা হইয়াছে। ওই ধারার ২ উপধারায় বলা হইয়াছে যে, আদালত হলফনামার কোনো কংসাজনক ও অপ্রাসঙ্গিক বিষয় কর্তন বা সংশোধন করিবার আদেশ দিতে পারেন।

affinity n. কুটুম্বিভা বি. বিবাহদারা একজন স্বামী এবং তাঁহার স্ত্রীর রক্ত-সম্পর্কিত আত্মীয়দের মধ্যে কিংবা একজন স্ত্রী এবং তাঁহার স্বামীর রক্ত-সম্পর্কীয় আত্মীয়দের মধ্যে যে-সম্বন্ধ সৃষ্টি হয়। কুটুম্বিভাসূত্রে সম্পর্কিত কোনো কোনো শ্রেণীর মানুষের জন্য পরস্পর বিবাহবন্ধনে আবদ্ধ হওয়া নিষিদ্ধ (prohibited degree of relationship দ্র.)। রক্ত-সম্পর্কিত আত্মীয়তার সম্বন্ধ রক্তের সম্পর্ক বা সগোত্রতা নামে পরিচিত। এতৎসহ incest দ্ব.।

affirm vb. ১. নিশ্চিত করা, সত্যাপন করা ক্রি. কোনো আইনগত সিদ্ধান্ত সমর্থন করা, বিশেষত (আপিল আদানত কর্তৃক) কোনো নিম্নতর আদানতের রায় বহাল রাখা। ২. দৃঢ়োক্তি করা সাক্ষ্যপ্রমাণ কিংবা হলফনামা প্রদানকালে দৃঢ়নিশ্চয়তাসহকারে সত্যকথনের প্রতিশ্রুতি দেওয়া। শপথ আইন-অনুযায়ী, কোনো ব্যক্তি হলফ-পূর্বক শপথ পাঠ করিতে আপত্তি করিলে কিংবা কোনো ব্যক্তিকে হলফ পাঠ করানো যুক্তিসংগতভাবে সাধ্য না হইলে, তিনি শপথ বা হলফের স্থলে দৃঢ়োক্তি

করিতে পারেন। ৩. দৃঢ় করা মিখ্যাবর্ণন কিংবা অন্য কারণে একটি চুক্তি বাতিল করিবার অধিকার (voidable contract দ্র.) প্রয়োগ না করিয়া কিংবা প্রত্যাখ্যান বা লজ্ঞানের কারণে (breach of contract দ্র.) উহা খারিজ বলিয়া ধরিয়া না লইয়া উহা এখনো বজায় আছে বলিয়া গণ্য করা। নিশ্চিতকরণ, দৃঢ়োক্তিকরণ বা দৃঢ়ীকরণ তখনই কেবল কার্যকর হয়, যখন তথ্যাবলি সম্পূর্ণরূপে জানিয়া শুনিয়া উহা সম্পন্ন করা হয়।

- affirmanti, non neganti, incumbit probatio যিনি হাা বলেন তাঁহার উপরে প্রমাণের দায়ভার, যিনি অস্বীকার করেন তাঁহার উপরে নয়।
- affray n. মারামারি বি. ইচ্ছাকৃতভাবে অন্যায় বনপ্রয়োগ করিবার অথবা বনপ্রয়োগ করিবার হুমকি প্রদানের অপরাধ। আচরণ এমন হইতে হইবে যে, তাহাতে একজন বোধশক্তিসম্পন্ন ব্যক্তি নিজের নিরাপত্তার জন্য শক্ষিত হইয়া উঠিবেন, যদিও অনুরূপ আচরণকারীর স্বয়ং উপস্থিত থাকিবার প্রয়োজন নাই। দণ্ডবিধির ১৫৯ ধারায় বলা হইয়াছে যে, দুই বা ততোধিক ব্যক্তি পরম্পর প্রকাশ্য স্থানে শক্তিপ্রয়োগ করিয়া গণশান্তি ভঙ্গ করিলে তাঁহারা মারামারি করে বলিয়া গণ্য হইবেন। দণ্ডবিধির ১৬০ ধারা-অনুসারে উক্ত অপরাধের শান্তি একমাস পর্যন্ত কারাদও বা একশত টাকা পর্যন্ত অর্থদও বা উভয়বিধ দণ্ড।
- affreightment n. পণ্যবহনচুক্তি বি. সমুদ্রপথে পণ্যবহনের জন্য একটি চুক্তি। পণ্যবহনের জন্য প্রদেয় অর্থকে বলা হয় পরিবহণ-মাণ্ডল এবং পণ্য-পরিবহণের বাহনকে বলা হয় পণ্যবাহী যান। ইহা জাহাজভাড়ার চুক্তিও হইতে পারে অথবা বহনপত্রে উল্লিখিত শূর্তাবলিও হইতে পারে।
- a fortiori অধিকতর যুক্তির দারা অধিকতর শক্তিশালী যুক্তিগ্রাহা। ইহা এমন যুক্তিকে বুঝায় যাহার দ্বারা সুনির্দিষ্ট একটি বিষয়ের উপর স্থাপিত এবং একই বিষয়ের অন্তরালে আরো একটি অবশাঞ্জাবী কিংবা অনুরূপ বিষয় নিশ্চিতভাবে নিহিত আছে। আরো বেশি শক্তিশালী যুক্তিদ্বারা সমর্থিত।
- age n. বয়স বি. যে-সময়ব্যাপী কোনো ব্যক্তি বাঁচিয়া থাকে বা কোনো বস্তু টিকিয়া থাকে সে-সময় বা সময়ের পরিমাণ। ইহাদ্বারা কোনো ব্যক্তির জীবনে সাবালকত্ব প্রাপ্তি অথবা প্রকৃতিগত, আইনগত এবং বিধিসম্মত নিয়মে কোনো কিছু বা অবস্থা প্রাপ্তির যোগ্যতা অর্জনের সময়কালও বুঝায়। যেমন, বিবাহের বয়স, চাকুরির বয়স, অবসয়য়হণের বয়স ইত্যাদি।
- age limit বয়ঃসীমা বি. যে-সর্বন্যূন বা সর্বোচ্চ বয়ঃসীমায় কোনো ব্যক্তি কোনো বিশেষ কর্মে সক্রিয় হইতে পারেন বা সংগঠনবিশেষের সদস্য হইতে পারেন।

agency n. নিয়োগিত্ব, প্রতিনিধিত্ব বি. ১. একজন নিয়োগী বা প্রতিনিধির এবং তাঁহার নিয়োজকের (principal) মধ্যকার সম্পর্ক। ২. একজন নিয়োগী বা প্রতিনিধিকর্তক পরিচালিত বাবসা।

- agency of necessity প্রয়োজনীয়তায় প্রতিনিধিত্ব যখন ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে তাঁহার নিযুক্তকারীর সম্বাতির তোয়াক্কা বা অপেক্ষা না করিয়া কোনো কোনো পরিস্থিতিতে নিজ বিবেচনায় প্রয়োজনীয় কাজ করিতে হয়। প্রী প্রয়োজনীয়তায় (স্বামীর) প্রতিনিধি হন। যেখানে পক্ষদন্তার মধ্যে কোনো পারম্পরিক সম্পর্ক স্থাপিত থাকে, সেখানে, জরুর পরিস্থিতি বিবেচনায় রাখিয়া আইন এক পক্ষকে অপর পক্ষের জন্য কাজ করিতে বিশেষ ক্ষমতা অর্পণ করে এবং সেন্ধপ পরিস্থিতিতে প্রতিনিধি অর্পিত ক্ষমতার সীমা অতিক্রম করিয়াও অভ্যাবশাকীয় কাজ করিতে পারেন।
- agent n. নিয়োগী, প্রতিনিধি বি. অন্য একজন ব্যক্তির (নিয়োজক) পক্ষে কাজ করিবার জন্য নিযুক্ত কোনো ব্যক্তি। চুক্তি আইনের ১৮২ ধারায় নিয়োগী বা প্রতিনিধির সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে: 'যদি কোনো ব্যক্তি অপর কোনো ব্যক্তির পক্ষ হইয়া কোনো কাজ করেন কিংবা তাঁহার পক্ষ হইতে তৃতীয় কোনো পক্ষের সহিত লেনদেন করিবার অধিকার বা ক্ষমতা লাভ করেন, তবেই সেই ব্যক্তিকে প্রতিনিধি বলা যাইবে।' একজন নিয়োগী বা প্রতিনিধি যদি তাঁহার সহিত লেনদেনকারী কোনো তৃতীয় পক্ষের নিকট তাঁহার নিয়োজকের নাম (কিংবা নিদেনপক্ষে তাঁহার অন্তিত্ব) ব্যক্ত করেন, তাহা হইলে নিয়োগী বা প্রতিনিধি স্বয়ং সাধারণত চক্তির ইষ্টভোগের অধিকারী হন না, চুক্তির দায়ও তাঁহার উপর বর্তায় না। একজন সার্বিক নিয়োগীর বা প্রতিনিধির একটি বিশেষপ্রকারের সমগ্র ব্যবসায় তাঁহার নিয়োজকের পক্ষে কাজ করিবার ক্ষমতা থাকে, কিংবা তিনি নিজের প্রচলিত ব্যবসা বা পেশার সূত্রে নিয়োজকের পক্ষে কাজ করেন। একজন বিশেষ নিযোগী বা প্রতিনিধি এমন একটি বিশেষ উদ্দেশ্যে কাজ করিবার ক্ষমতাপ্রাপ্ত হন, যাহা নিয়োগীর বা প্রতিনিধির ব্যবসা বা পেশার সাধারণ কার্যক্রমের মধ্যে পড়ে না। চুক্তি আইনের ১৮৩-১৮৯ ধারায় প্রতিনিধি নিয়োগ, ২১১-২১৪ ধারায় প্রতিনিধির কর্তব্য এবং ২১৭-২২৫ ধারায় প্রতিনিধির অধিকার ও ক্ষমতা সম্পর্কে বলা হইয়াছে।
 - agent provocateur উন্ধানিদাতা চর ১. যিনি সাধারণত সন্দেহভাজন অন্যায়আচরণকারীদের দলে অনুপ্রবেশ করিয়া দওনীয় কার্যাবলি উদ্ঘাটন করেন এবং
 অপরাধীদের শান্তিদানের উদ্দেশ্যে কোনো অপরাধে প্ররোচনা দেন বা অংশগ্রহণ
 করেন। ২. যে-ব্যক্তি অন্য কোনো ব্যক্তিকে দোষী সাব্যস্ত করিবার উদ্দেশ্যে তাঁহাকে
 এমন একটি অপরাধ-সংঘটনে প্রলুব্ধ, উৎসাহিত বা প্ররোচিত করেন, যাহা অন্যথায়
 সংঘটিত হইত না। এইরূপ ক্ষেত্রে এই মধ্যবর্তিতার ফলে আসামিকর্তৃক সংঘটিত
 যে-কোনো অপরাধে উসকানিদাতা অপরাধকর্মে একজন অংশগ্রহণকারী বলিয়া
 বিবেচিত হইবেন।

89 aggression

age of consent সম্বতিপ্রদানের বয়স যে-বয়সে কোনো নারী যৌনসংগমে কিংবা, অন্যথায় অশালীন হামলা বলিয়া গণ্য হইতে পারে, এমন কোনো কার্যে সম্মতি দিতে পারেন। দণ্ডবিধির ৩৭৫ ধারা-অনুযায়ী এই বয়স ১৬ বৎসর। এতৎসহ capacity to contract দ্র.।

- aggravated damages বর্ধিত খেসারত বিবাদীর আচরণ কিংবা পারিপার্শ্বিক অবস্থা যখন বাদীকে অপমান, ক্রেশ বা বিব্রতকর পাত্র করিয়া তাঁহার ক্ষতি বৃদ্ধি করে, বিশেষ করিয়া হামলা, অমূলক কারারোধ, মানহানি প্রভৃতি পূরণযোগ্য ক্ষতির ক্ষেত্রে, তখন যে-খেসারত প্রদানের রায় দেওয়া হয়।
- aggravated larceny তর্তর হরণ কিছু প্রকোপবৃদ্ধিকারক উপাদানসহ হরণ। যেমন, কাহারো শরীর হইতে চুরি। larceny দ্র.।
- aggravating circumstances প্রকোপবর্ধক পরিস্থিতি যে-পরিস্থিতিতে কোনো অপরাধ সংঘটিত হইলে উহা গুরুতর অপরাধ হয় বা অপরাধজনিত পরিণতিতে ক্ষতির মাত্রা বৃদ্ধি পায়। উদাহরণস্বরূপ, বিদ্বেষ, গুরুতর অসংযম, ভাষার তীব্রতা; দায়িত্বজ্ঞানহীনভাবে অনুভূতিতে আঘাত দেওয়া বা মানসিক কট্ট ঘটাইবার উদ্দেশ্যে ক্ষতিকর অপবাদ আরোপ করা এবং উহার অতিরিক্ত প্রচারণা; মোকদ্দমা দাখিলের আগে বা পরে প্রকাশিত মানহানিকর বিবৃতি, তাহার পুনরাবৃত্তি, তাহা প্রত্যাহার বা ক্ষমাপ্রার্থনা করিতে অস্বীকার; মামলার বিচারকালে বিবাদীর আচরণ, সত্যতা সম্পর্কে ব্যর্থ অজুহাত এবং প্রমাণ করিতে পারিবে না জানিয়াও তাহাতে অনড়, অটন থাকা।
- aggregate n. সমষ্টি বি. কোনো কিছুর সম্পূর্ণ সংখ্যা, যোগফল, ন্তুপ বা পরিমাণ। ভিন্ন ভিন্ন কিছুর সমন্বয়ে গঠিত; অনেক ব্যক্তির একত্র হওয়া দ্বারা গঠিত; বহুর সংযোগ বা মিলনের দ্বারা সম্পূর্ণ কোনো কিছু। কোনো কিছুর গঠনগত সম্পূর্ণতার জন্য ব্যক্তি বা বস্তুর সমষ্টি। ইচ্ছাপত্রের একটি শর্ত সম্পূর্ণ হইতে পারে যদি সেই শ্রেণীর আর কোনো একক না থাকে।
- aggression n. আগ্রাসন বি. (জাতিসংঘের) আগ্রাসনের সংজ্ঞার্থ সম্পর্কে আন্তর্জাতিক চুক্তিভিত্তিক কোনো মতৈক্য নাই। তবে সাধারণ পরিষদের ১৯৭৫ সালের প্রস্তাব (৩৩১৪)-অনুযায়ী, একটি রাষ্ট্রকর্তৃক অন্য একটি রাষ্ট্রের সার্বভৌমত্ব, রাষ্ট্রীয় অথওতা বা রাজনৈতিক স্বাধীনতার বিরুদ্ধে, কিংবা জাতিসংঘের সনদের সহিত সংগতিহীন যে-কোনোভাবে সশস্ত্র শক্তির ব্যবহার। উক্ত সিদ্ধান্তে তালিকাভুক্ত দৃষ্টান্তগুলির মধ্যে রহিয়াছে: (১) একটি রাষ্ট্রের সশস্ত্র বাহিনীকর্তৃক অন্য রাষ্ট্রের অধিক্রম (invasion), আক্রমণ, সামরিক শক্তিপ্রয়োগে ভূখণ্ড দখল কিংবা সংযোজন (annexation); (২) কোনো রাষ্ট্রকর্তৃক অন্য একটি রাষ্ট্রের ভূখণ্ডের উপর বোমাবর্ষণ

কিংবা যে-কোনো অন্ত্রের ব্যবহার; (৩) একটি রাষ্ট্রকর্তৃক অন্য একটি রাষ্ট্রের বন্দর বা উপকূল অবরোধ; (৪) যে-চুক্তির অধীনে কোনো রাষ্ট্রের সমস্ত্র বাহিনীকে অন্য একটি রাষ্ট্রে প্রবেশ করিতে দেওয়া হইয়াছিল, সেই চুক্তির শর্ত লচ্ছানপূর্বক শেষোক্ত রাষ্ট্রে উক্ত সমস্ত্র বাহিনীর ব্যবহার; (৫) একটি রাষ্ট্র তৃতীয় একটি রাষ্ট্রের বিরুদ্ধে আগ্রাসন প্রয়োগের উদ্দেশ্যে ব্যবহার করিবে বলিয়া নিজ ভূখও প্রথমোক্ত রাষ্ট্রের হাতে তুলিয়া দেওয়া; (৬) অন্য কোনো রাষ্ট্রের উপর এমন হামলা প্রয়োগের জন্য সমস্ত্র দল বা গেরিলা প্রেরণ করা, যাহা গুরুত্বের দিক হইতে উপরোক্ত যে-কোনো একটি কার্যের শামিল।

- agree vb. সম্মত হওয়া ক্রি. একমত হওয়া; পারস্পরিক ঐকমত্যে পৌছা: থাপ থাওয়া, অঙ্গীকার করা; চুক্তি করা; সম্মতি দেওয়া; পরস্পর মনস্থির করা ইত্যাদি। ১৮৮২ সালের সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৮(খ) ধারা-অনুসারে বন্ধকদাতা সমত হন যে, চুক্তি-অনুযায়ী তিনি অর্থ পরিশোধ করিতে ব্যর্থ হইলে বন্ধকগ্রহীতা বন্ধক-দেওয়া সম্পত্তি বিক্রয় করিতে পারিবেন এবং বিক্রয়লব্ধ অর্থ হইতে সুদসমেত ঋণের টাকা আদায় করিয়া লইতে পারিবেন। চুক্তি আইনের ২(জ)-অনুসারে আইনদ্বারা বলবৎযোগ্য সমঝোতাই চুক্তি। agreement দ্র.।
- agreed order সম্মত আদেশ বিচারপূর্ব আলোচনার মাধ্যমে পক্ষদের সম্মতিতে প্রদন্ত আদেশ। সম্মত আদেশ এবং যথাবিহিত আইনগত কার্যধারায় প্রদন্ত আদেশের মধ্যে একমাত্র পার্থক্য হইল, একটি উভয় পক্ষের সম্মতিতে অপরটি আইনগত কর্তৃত্বলে দেওয়া হয়। সম্মত আদেশ বা ডিক্রির বিরুদ্ধে কোনো আপিল চলে না।
- agreement n. সম্মতি, চুক্তি বি. চুক্তি আইনের ২(ঙ) ধারায় বলা হইয়াছে যে, 'পরম্পরের মধ্যে প্রতিদান সৃষ্টি করিতে পারে, এইরূপ প্রতিটি প্রতিশ্রুতি বা প্রতিশ্রুতির সমষ্টিকে সম্মতি বলে।'
- agreement for a lease ইজারার চুক্তি ইজারা দিবার ও লইবার জন্য একটি চুক্তি।
 এইরূপ চুক্তি মৌথিক বা লিখিত হইতে পারে। কিন্তু তদ্রূপ চুক্তিমূলে দখল প্রদান না
 করা হইলে তাহা আদালতের মাধ্যমে বলবৎ করা যায় না।
- agreement of sale বিক্রয়ের সন্মতি পণ্যবিক্রয় আইনের ৪ ধারায় বিক্রয়ের সন্মতি সম্পর্কে বলা হইয়াছে যে, যে-চুক্তির অধীনে বিক্রেভার নিকট হইতে ক্রেভার নিকট পণ্যস্বত্ব হস্তান্তরিত হয়, সেই চুক্তিকে বিক্রয় বলা হয়। কিন্তু যে-ক্ষেত্রে পণ্যস্বত্বের হস্তান্তর ভবিষ্যতে কোনো এক সময়ে হইবে, এইরূপ বৃঝায়, অথবা তাহা পরবর্তীকালে কতকগুলি শর্ভপূরণসাপেক্ষ হয়, সেক্ষেত্রে অনুরূপ চুক্তিকে বিক্রয়ের সম্মতি বলে।

agricultural adj. কৃষি-সংক্রান্ত বিণ. জীবজন্তু, ডেয়ারি ফার্ম, হাঁস-মুরগির খামারও কৃষিসংক্রান্ত বলিয়া এবং তাহার উৎপন্দ্রব্য কৃষিজ্ঞাত বলিয়া গণ্য হইবে। দেওয়ানি কার্যবিধির ৬০ ও ৬১ ধারা-অনুসারে কৃষিবিষয়ক কোন কোন সম্পত্তি ও উৎপন্দ্রব্য ডিক্রিজারিতে ক্রোক করা যায় না, সে-সম্পর্কে বলা হইয়াছে।

- agricultural holding জোতজমি বি. কৃষিজমির উপর একটি রায়তি স্বত্ব। রাষ্ট্রীয়
 অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ২ ধারায় প্রদন্ত সংজ্ঞার্থ-অনুযায়ী একটি বা একাধিক
 ভূমিখণ্ড বা দাগ বা তাহার অবিভক্ত অংশ অথবা একজন রায়ত বা দররায়তের
 অধিকারভুক্ত পৃথক প্রজাস্বত্বের অন্তর্গত ভূমি।
- agricultural income কৃষি-আয় ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২(১) ধারায় বলা হইয়াছে যে, কৃষি-আয় বলিতে বুঝায় (ক) বাংলাদেশে অবস্থিত এবং কৃষিকার্যে ব্যবহৃত যে-কোনো জমি হইতে যে-কোনো আয়, যাহা (অ) কৃষিকার্যের দ্বারা; অথবা (আ) অনুরূপ জমির ফসল বাজারজাতযোগ্য করিবার জন্য কৃষককর্তৃক অবলম্বিত প্রক্রিয়ার দ্বারা; অথবা (ই) কৃষককর্তৃক বাজারজাতযোগ্য করিবার জন্য অবলম্বিত প্রক্রিয়া ব্যতীত অন্য কোনো প্রক্রিয়া ব্যবহার না করিয়া উৎপন্ন ফসল বিক্রয়ের দ্বারা; অথবা (ঈ) অন্য কোনো ব্যক্তিকে কোনো নির্দিষ্ট সময়ের জন্য উক্ত জমি ব্যবহার করিবার অধিকার প্রদানের দ্বারা অর্জিত হয়; অথবা (খ) এমন কোনো গৃহ হইতে আয়, যাহা (অ) উপরোল্লিখিত (ক) (অ) উপদফায় বর্ণিত অনুরূপ জমির কৃষককর্তৃক দখলকৃত এবং যেখানে পূর্ববর্ণিত জমির ফসল বাজারজাতযোগ্য করিবার জন্য কোনো প্রক্রিয়া অবলম্বিত হয়; (আ) অনুরূপ জমির উপরে অথবা উহার সন্নিহিত জমিতে অবস্থিত; এবং (ই) অনুরূপ জমির সহিত সম্পর্কের কারণে কৃষককর্তৃক বাসগৃহরূপে বা গুদামরূপে বা বহির্বাটিরূপে ব্যবহারের প্রয়োজন হয়।
- agricultural land কৃষি-জমি চাষের জমি। কৃষকের বসতবাড়িও ইহার অন্তর্ভুক্ত।
- agricultural year কৃষি-বৎসর রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ২(৩ক) ধারা-অনুসারে কৃষি বৎসর অর্থ ১ বৈশাখ হইতে গুরু হওয়া বাংলা বৎসর i
- agriculture n. কৃষি বি. ১৯৯৫ সালের বাংলাদেশ কৃষি গবেষণা কাউনসিদ আইন-অনুসারে কৃষি বলিতে নিম্নবর্ণিত কার্যাবলি অন্তর্ভুক্ত হইবে: ফলমূলসহ সকল প্রকার উদ্ভিজ্জ ও ফসল উৎপাদন; উক্ত ফসল উত্তোলন, সংরক্ষণ এবং উহাদের প্রারম্ভিক প্রক্রিয়াকরণ ও ব্যবহার এবং তৎসংক্রোন্ত কার্যাবলি; বনজ সম্পদ উন্নয়ন, সংরক্ষণ এবং তৎসংক্রান্ত কার্যাবলি; পশুপালন, প্রজনন, পশুসম্পদ উন্নয়ন এবং তৎসংক্রান্ত কার্যাবলি; মৎস্যসম্পদ, খোলযুক্ত জলজ প্রাণী; এবং, সরকারি গেজেটে প্রজ্ঞাপনদারা সরকার কর্তৃক মনুষ্য-খাদ্য হিসাবে ঘোষিত, অন্য কোনো জলজ প্রাণীর

চাষ, প্রজনন, উন্নয়ন এবং তৎসংক্রান্ত কার্যাবলি। কৃষি-সংক্রান্ত কোন কোন বিষয় ডিক্রিজারিতে ক্রোক করা যায় না, দেওয়ানি কার্যবিধির ৬০ ও ৬১ ধারায় সে-সম্পর্কে বলা হইয়াছে।

Ahmad ibn Hambal আহমদ ইবনে হাম্বল (৭৮০-৮৫৫ খ্রি.) বাগদাদে জন্মগ্রহণ করেন। তিনি হামবলি মজহাবের প্রতিষ্ঠাতা। হাদিসকে পরিপূর্ণভাবে অনুসরণ করাইছিল তাঁহার প্রবর্তিত আইনের মূলসূত্র। তিনি ইজমা এবং কিয়াসকে তেমন মূল্য দেন নাই। খলিফা আল মামুনের সহিত তাঁহার মতবিরোধ হওয়ায় তিনি অভিযুক্ত ও নির্যাতিত হইয়াছিলেন। আরবের কিছু অংশ ছাড়া আজ আর কোথাও ওই হামবিল মজহাবের অনুসারী দেখিতে পাওয়া যায় না।

aid and abet অপরাধকর্মে প্ররোচনা ও সহায়তা দান করা অপরাধ-সংঘটনের পূর্বে কিংবা অপরাধ সংঘটনের কালে (কিন্তু পরে নয়) অপরাধকর্মে সহায়তাদান। সহায়তা বিলতে সাধারণত বন্তুগত সহায়তা বুঝাইয়া থাকে (যেমন, অপরাধকর্মে হাতিয়ার জোগানো)। অন্যান্য ক্ষুদ্র সাহায্যও ইহার অন্তর্ভুক্ত, যেমন, অপরাধীর হইয়া প্রহরীর কাজ করা কিংবা অপরাধকায়ীর সাহায্যার্থে অকুস্থানে গাড়ি বা কোনো যান লইয়া যাওয়া। অপরাধকর্মে প্ররোচনাদাতা ও সাহায্যকায়ীরা অপরাধসহায়করপে বিচারের আওতাভুক্ত। কেবল অকুস্থলে উপস্থিতিই অপরাধকর্মে প্ররোচনা ও সহায়তাদানরপে গণ্য হয় না। অপরাধকর্মে প্ররোচনা ও সহায়তাদানের দোষে অপরাধী সাব্যন্ত ইইবার ক্ষেত্রে অপরাধমূলক অভিসন্ধি থাকিবার কোনো আবশ্যকতা নাই, উদ্দিষ্ট ব্যক্তি অপরাধে প্ররোচনা ও সহায়তা দিয়াছেন, এই জ্ঞানই যথেষ্ট।

airspace n. আকাশসীমা বি. রোমান আইনি প্রবচনে বলা হইয়াছে, জমি যাহার, আকাশ পর্যন্ত সীমা তাহার। ইহার অনুসরণে ইংল্যান্ডের আইনে ও আন্তর্জাতিক আইনে জমির মালিকানা বৃঝাইতে সাধারণভাবে ওই জমির উপরিস্থ শূন্যস্থানও বৃঝায়। মহাশূন্য অবশ্য এইরূপ মালিকানার অন্তর্ভুক্ত নয়। ইংল্যান্ডের আইনমতে, একজন ভূমি-মালিক তাঁহার জমির উপরিভাগের শূন্যস্থানকে যথাসম্ভব ব্যবহার করিতে পারেন, যেমন প্রয়োজনে উপরের দিকে ভবন বা কাঠামো নির্মাণ করিতে পারেন। জমির সাধারণ ব্যবহার ও ইহার উপরিস্থ কাঠামোর জন্য যতথানি প্রয়োজন হয়, জমির মালিক ততখানি আকাশসীমা ব্যবহারের অধিকারী। ফলত, একজনের জমির উপরে অন্য কাহারও অভিক্ষেপণ (যেমন সাইনবোর্ড স্থাপন) অনুপ্রবেশ বলিয়া গণ্য হইবে এবং প্রভিবেশী কর্তৃক ওই শূন্যস্থানের বায়ুদ্ধণ হইবে উপদ্রব। বায়ুদ্ধণের ব্যাপারটি নানারকম সংবিধিদ্বারা নিয়ন্ত্রিত। পার্শ্ববর্তী জমি হইতে মুক্তবায়ু-প্রবাহে কাহারো স্বাভাবিক অধিকার নাই। কিন্তু নির্দিষ্ট কোনো মুক্তপথ (যেমন, জানালা বা বায়ু চলাচলের পথ) দিয়া প্রবাহিত বায়ুর বর্ত্যস্বতু লাভ করা যাইতে পারে। কোনো জমির উপর দিয়া যুক্তসংগত উচ্চতায় বেসামরিক বিমানের

উড়িয়া যাওয়া অনুপ্রবেশের পর্যায়ে পড়িবে না, তবে মানুষ বা সম্পত্তির হানি ঘটিলে ক্ষতিপূরণ দিতে ইইবে। আন্তর্জাতিক আইনমতে, কোনো রাষ্ট্রের অভ্যন্তরীণ জলভাগ ও সমুদ্রসীমার উপরিস্থ শূন্যমঞ্জলসহ জাতীয় আকাশসীমা ওই রাষ্ট্রের সম্পূর্ণ ও একচেটিয়া সার্বভৌমত্বের আওভাধীন। ফলে বিপদগ্রস্ত বিমান ব্যতিরেকে অন্যরাষ্ট্রীয় কোনো বিমান জাতীয় আকাশসীমা ব্যবহার করিতে চাহিলে সংশ্লিষ্ট রাষ্ট্রের অনুমতিগ্রহণ আবশ্যক। এই অনুমতি একপাক্ষিকভাবে দেওয়া যাইতে পারে, অথবা সচরাচর যেমন হয় (বাণিজ্যিক বিমান চলাচলের ক্ষেত্রে), দুই রাষ্ট্রের পারস্পরিক সুবিধাভোগের শর্তে দিপ্তাম্লিক চুক্তির ভিত্তিতে দেওয়া যায়।

- akini and janni ain একিনি এবং জান্নি আইন মুসলিম আইনশান্ত্রে নিশ্চিত আইনগুলিকে একিনি আইন এবং বিবেচনানির্ভর আইনগুলিকে জান্নি আইন বলা হয়।
- alamat n. আলামত বি. চিহ্ন অথবা নিদর্শন। ১. ভূমি-জরিপের সময়ে নকশায় অঙ্কিত নির্দিষ্ট প্রতীক-চিহ্ন। ২. ফৌজদারি মামলা বিচারের সময়ে অপরাধ-সংঘটনে ব্যবহৃত বস্তুগত প্রমাণ।
- alcohol n. জ্যালকোহল বি. স্পিরিট এবং যে-কোনো ধরনের মদ বা পাঁচ শতাংশের অধিক জ্যালকোহলযুক্ত যে-কোনো তরল পদার্থ।
- aleatory contract দৈবনির্ভর চুক্তি কোনো অনিশ্চিত ঘটনার উপর নির্ভর করিয়া সংশ্লিষ্ট সকল পক্ষের বা এক অথবা একাধিক পক্ষের লাভ অথবা ক্ষতি হইতে পারে জানিয়া পারম্পরিক সম্মতির ভিত্তিতে প্রদন্ত অঙ্গীকার। অধিকাংশ বিমার চুক্তি এই পর্যায়ভুক্ত। ইহা ঝুঁকিপূর্ণ চুক্তি (hazardous contract) বলিয়াও পরিচিত। বাজিনির্ভর চুক্তিও এই পর্যায়ভুক্ত।
- alibi n. অন্যত্র থাকিবার অজুহাত বি. অপরাধের দায়ে অভিযুক্ত ব্যক্তির এই মর্মে আত্মপক্ষসমর্থন যে, ঘটনাকালে বিবাদী অকুস্থলে ছিলেন না, অতএব, অপরাধের জন্য তিনি দায়ী হইতে পারেন না। অপরাধ-সংঘটনকালে বিবাদী অন্য কোনো জায়গায় অবস্থান করিতেছিলেন বলিয়া দাবি করিলে তাহার সমর্থনে উপযুক্ত সাক্ষ্যপ্রমাণ দিতে হইবে।
- alien n. বিদেশি বি. যে ব্যক্তি রাষ্ট্রের আইনানুগ নাগরিক নয়। বিদেশি দুই শ্রেণীর:
 এক, আবাসিক বিদেশি (দেশে স্থায়ীভাবে নিবাসিত); দুই, অস্থায়ী বিদেশি (পেশাগত
 কারণে কিংবা অধ্যয়ন ইত্যাদি সূত্রে অস্থায়ীভাবে নিবাসিত)। বিদেশিগণ সাধারণত
 কতিপয় নাগরিক-অধিকার পাইবার যোগ্য নহেন। যেমন, তাঁহারা কোনো নির্বাচনে
 ভোটদান করিতে পারিবেন না। বিদেশি নাগরিকগণ বন্ধু বা শক্র দুই হইতে পারেন।
 দেওয়ানি কার্যবিধির ৮৩ ধারায় বিদেশি নাগরিকদের মামলা করিবার অধিকার সম্বন্ধে

alienable ex

বলা হইয়াছে। ৮৩ ধারার ১ উপধারামতে, বাংলাদেশে বসবাসের অনুমতিপ্রাপ্ত বিদেশিগণ বাংলাদেশী নাগরিকদের মতোই মামলা করিতে পারেন। তবে, ৮৩ ধারার ২ উপধারামতে, বাংলাদেশে বসবাসকারী বিদেশি শক্ত সরকারের অনুমতি ছাড়া কোনো আদালতে মামলা করিতে পারিবেন না এবং বিদেশে থাকিলে তাঁহার মামলা করিবার কোনো অধিকার নাই।

- alienable adj. হস্তান্তরযোগ্য বিণ. বিশেষভাবে স্থাবর সম্পত্তির ক্ষেত্রে প্রযোজ্য।
- alienation n. হন্তান্তর বি, এক ব্যক্তির সম্পত্তি (বিশেষভাবে স্থাবর সম্পত্তি বা ইহার কোনো স্বার্থ) অন্য ব্যক্তির নিকট হস্তান্তর। এতৎসহ conveyance ও transfer দ্র.।
- alimony n. জ্যালিমনি, গ্রাসাচ্ছাদন বি. স্বামী বা গ্রীর পৃথক থাকাকালে, বিবাহসম্পর্কিত মামলা চলাকালে, অথবা বিবাহবিচ্ছেদের পরে আদালতের আদেশ-অনুযায়ী তাঁহাদের একজন কর্তৃক অপরজনকে প্রদেয় ভাতা। ইহা এককালীন (alimony in gross) হইতে পারে। সেক্ষেত্রে ভাতার পরিমাণ অপরিবর্তিত থাকে। আবার ইহা স্থায়ী (permanent alimony) হইতে পারে। সেক্ষেত্রে সাপ্তাহিক বা মাসিক কিন্তিতে অনির্দিষ্টকালের জন্য অথবা আদালতের আদেশে কাল নির্দিষ্ট না হওয়া অবধি ইহা প্রদেয় হয়। এইরূপ ভাতা সাধারণত কোনো গল্কের অবস্থা-পূরিবর্তনের সহিত সংশোধিত হইতে পারে। হিন্দু আইনে আদালতের আদেশক্রমে স্বামী-গ্রীর বিচ্ছিন্নভাবে বসবাসের ব্যবস্থায় একপক্ষ কর্তৃক অপরপক্ষের ভরণপোষণের জন্য দেওয়া ভাতা। maintenance ত্র।
- aliquis non debet ese judex in propria causa, quia non potest esse judex et pars কোনো মানুষ নিজের মামলার বিচার করেন না, কারণ তিনি যুগপৎ একজন বিচারক ও একজন পক হইতে পারেন না।
- allegans contraria non est audiendus যিনি পরস্পরবিরোধী অভিযোগ করেন তাঁহাকে তনিবার কোনো প্রয়োজন নাই।
- allegans suam turpitudinem non est audiendus যিনি নিজের খলন ও দুর্নামের কথা বলেন, তাঁহাকে গুনিবার প্রয়োজন নাই।
- allegation n. অভিযোগ বি. মামলার আরজি বা জবাব, হলফনামা, বা নালিশি দরখান্তে প্রদন্ত ঘটনার বিবরণ। মামলা ভনানির সময়ে অভিযোগকারীপক্ষকে তাহার বক্তব্যের সমর্থনে যথোপযুক্ত সাক্ষ্যপ্রমাণ উপস্থাপন করিতে হয়। দেওয়ানি কার্যবিধির ৮ আদেশের ৫ নিয়ম-অনুসারে আরজির অভিযোগ সুনির্দিষ্টভাবে অস্বীকার করা না হইলে তাহা স্বীকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

අත allotment

allegiance n. আনুগত্য বি. ১. রাষ্ট্র কর্তৃক সুরক্ষিত হইবার বিনিময়ে তাহার প্রতি
নাগরিকদের আনুগত্য। কোনো রাষ্ট্রের সকল নাগরিকের এবং সেই রাষ্ট্রে বসবাসকারী
সকল বিদেশির (অনুমতিপ্রাপ্ত বিদেশি শক্র, যথা অন্তরীণাবদ্ধ শক্রসহ) নিকট হইতে
ইহা রাষ্ট্রের প্রাপা।

- allocation n. নির্ধারণ বি. ১. (দেওয়ানি মামলায়) মোকদ্দমা কীভাবে বিহিত করা যাইবে সে-সম্পর্কে সিদ্ধান্তগ্রহণের পর্যায়। এই পর্যায়ের কর্ম সাধিত হইবার পরে, মামলা কীভাবে চলিবে সে-বিষয়ে আদালত বিশেষ নির্দেশ দিবেন। ২. (কোম্পানির ক্ষেত্রে) শেয়ার বরাদ্দ, বন্টন, অংশভাগ ও অর্পণ করিবার কাজ।
- allonge n. জ্যালোঙ্গে বি. একাধিকবার বিনিময়-বিলে অনুমোদনের ফলে অনেক সময়ে উলটা পৃষ্ঠায় অনুমোদনের স্থান সংকুলান হয় না। এই অবস্থায় অতিরিক্ত অনুমোদনের স্থানসৃষ্টির জন্য বিলের সহিত একখণ্ড সাদা কাগজ জুড়িয়া দেওয়া হয়়। এই কাগজটিকে অ্যালোঙ্গে বলে।
- allotment n. বরাদ্দকরণ বি. ১. মূলধন জোগানোর বিনিময়ে লিমিটেড কোম্পানিতে অবিতরিত শেয়ার লাভ করিবার পদ্ধতি। নতুন প্রবর্তিত পাবলিক কোম্পানির বিবরণ-পত্র প্রকাশিত হইলে কিংবা রাষ্ট্রায়ন্ত শিল্পের বিরষ্ট্রিয়করণ হইলে এই শেয়ারের জন্য পূর্ণ মূল্য প্রদান করিয়া আবেদন করা হয়। কোম্পানি বরাদ্দপত্র পাঠাইয়া আবেদনকারীকে তাঁহার আবেদন গ্রাহ্য হইবার বিষয় জানায় এবং কতকগুলি শেয়ার তাঁহার নামে বরাদ্দ করা হইয়াছে তাহাও জানাইয়া দেয়। এই শেয়ারগুলি প্রাপ্তিমূলে সদস্য-তালিকার বহিতে শেয়ারগ্রহীতার অন্তর্ভুক্ত হইবার শর্তহীন অধিকার জন্ময়া থাকে। যে-কয়টি শেয়ারের জন্য আবেদনকারী দরখান্ত করিয়াছেন, প্রাপ্ত শেয়ার-সংখ্যা তাহার কম হইলে, যেগুলি বাকি রহিয়া গেল সেগুলির মূল্য তিনি ফেরত পান। ২. নির্দিষ্ট কোনো ব্যক্তিকে কোনো সম্পত্তি বরাদ্দদান। যেমন, অংশীদারদের মধ্যে সম্পত্তিবন্টনের সময়ে কোনো অংশীদারকে তাঁহার সাহাম বা নির্দিষ্ট অংশ বরাদ্দ করা। ৩. সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক বন্দোবন্তের জন্য প্রার্থীদের মধ্যে কোনো সম্পত্তি বরাদ্দদান।

- allow vb. অনুমতি দেওয়া, মনজুর করা, গ্রহণ করা, অনুমোদন করা ক্রি. কোনো হিসাব অনুমোদন করা; কোনো আপিল মনজুর করা। প্রেক্ষাপট-অনুসারে ইহার দারা বাতিল করা বা হ্রাস করা, বিবেচনায় গ্রহণ করা, সরাইয়া রাখা বা তুলিয়া রাখা বুঝায়। 'অনুমোদন করা' উজিদারা কেবল মৌন সম্মতি নয়, সুস্পষ্টভাবে সম্মত হওয়াও বুঝায়।
- allowance n. ভাতা বি. ক্ষতিপূরণ, ব্রাসকরণ, বিয়োজন, ক্ষেত্রমতো খাতে দেওয়া কোনো সৃবিধা। কোনো শিত বা অন্য কোনো পোষ্যকে দেওয়া কোনো সম্পত্তির অংশ বা কোনো উপহার বা বকশিশ; অতিরিক্ত সেবাপ্রদানের বিনিময়ে কোনো কর্মকর্তাকে সমত বেতনের অতিরিক্ত কোনো অর্থ বা সুবিধা প্রদান; কোনো ব্যয় পরিশোধের জন্য বা কোনো পুরক্ষার বা দান বা অন্য কোনো মানানসই উদ্দেশ্যে মনজুরিকৃত অর্থ; বিবৃত মূল্য কমানো, বিশেষ সুবিধা, রেয়াত ইত্যাদি বুঝায়।
- allurement n. প্রলোজন বি. যদি কোনো জমির মালিক তাঁহার জমিতে শিশুদের নিকট আকর্ষণীয় এমন কিছু রাখিয়া দেন তাহা হইলে উহা প্রলোতন বা প্রলুব্ধকরণ হয় এবং জমির মালিক যদি শিশুদের দূরে রাখিবার বা তাহাদের প্রবেশ নিবৃত্ত করিবার জন্য কোনো কার্যকর ব্যবস্থা না লইয়া থাকেন তাহা হইলে তিনি শিশুদেরকে উক্ত জমিতে আমন্ত্রণ জানাইয়াছেন বা অনুমতি দিয়াছেন বলিয়া ধর্তব্য ।
- alter, change, amend পরিবর্তন করা, বদল করা, সংশোধন করা ক্রি. বদল বলিতে বস্তুনিষ্ঠভাবে একই বস্তু থাকা সত্ত্বেও উহার কোনো বিশেষ অংশে পরিবর্তন সাধন করা বুঝায়। পরিবর্তন বলিতে কোনো কিছুর সম্পূর্ণ প্রতিস্থাপন বুঝায়, যেমন একটি বস্তুর স্থলে সম্পূর্ণ ওিন্ন একটি বস্তু। সংশোধন বলিতে সংশ্লিষ্ট বস্তুর বা বিষয়ের উন্নতি করা বুঝায় যাহা বদল করিবার ক্ষেত্রে অত্যাবশ্যকীয় নহে। সংশোধনের ক্ষেত্রে উন্নয়নমূলক পরিবর্তনও করা হয়, কিন্তু পরিবর্তনের ক্ষেত্রে সবসময়ে সংশোধন অর্থাৎ উন্নয়ন নাও হইতে পারে।
- alteration n. পরিবর্তন বি. আইনি দলিলে যে-কোনো পরিবর্তন ঘটিলে তাহার বৈধতার হেরফের ঘটিতে পারে। যেহেতু ইচ্ছাপত্রের পরিবর্তন উইল নিম্পন্ন হইবার পরে সাধিত বলিয়া গণ্য হয় সেহেতু উইল অবৈধ হইবে। কিন্তু যদি প্রমাণ করা যায় যে, সম্পাদনের আগেই উইলে পরিবর্তন সাধিত হইয়াছে, কিংবা যে-নিয়মে উইল . কৃত হইয়াছে পরিবর্তনও সেই নিয়মে ঘটিয়াছে, তাহা হইলে উইল বৈধ হইবে। যদি উইলকারী নিজেই পরিবর্তন প্রত্যয়ন করিয়া থাকেন এবং তাহাতে সাক্ষীদের অনুস্বাক্ষর বা পূর্ণস্বাক্ষর থাকে, তখন উইল বৈধ বলিয়া ধরিয়া লওয়া হইবে। অবৈধ পরিবর্তনের ফলে যদি মূল উইলের লেখা সম্পূর্ণ মুছিয়া যায় তখন তাহা অলিখিত সাব্যস্ত হইবে। তবে তখনো যদি উইলের লেখাগুলি পড়া যায় তাহা হইলে সেই উইল

বলবং থাকিবে। দলিলেও কোনো পরিবর্তন দলিল-সম্পাদনের আগেই হইয়াছে বলিয়া ধরিয়া লইতে হইবে। দলিল-সম্পাদনের পরে কোনো সুস্পষ্ট ভুল সংশোধনের জন্য কৃত পরিবর্তন দলিলের বৈধতাকে প্রভাবিত করিবে না। দলিল নিম্পন্ন হইবার পর যদি উহার সহিত যুক্ত পক্ষগুলির সম্মতিব্যতিরেকে দলিলের মধ্যে কোনো গুরুত্বপূর্ণ পরিবর্তন সাধন করা হয়, সেক্ষেত্রে দলিলটি আংশিকভাবে অসিদ্ধ হইবে।

- alteration of charge অভিযোগ-পরিবর্তন ফৌজদারি কার্যবিধির ২২৭ ধারা-অনুসারে, রায় ঘোষণার পূর্বে যে-কোনো সময়ে আদালত অভিযোগ পরিবর্তন বা সংযোজন করিতে পারেন। এইরূপ প্রত্যেকটি পরিবর্তন বা সংযোজন আসামিকে পড়িয়া শুনাইতে ও বুঝাইতে হইবে।
- alteration of share capital অংশী মূলধনের পরিবর্তন কোনো কোম্পানির অনুমোদিত মূলধনের বৃদ্ধি, ব্রাস, অথবা অন্য কোনো পরিবর্তন। কোনো সীমিতদায় কোম্পানির বৃদ্ধি সংঘবিধিবলে ক্ষমতাপ্রাপ্ত হয়, তবে যথাযথ বিবেচনা করিলে নিজস্ব মূলধন বৃদ্ধি বা ব্রাস করিতে পারে। কোম্পানি আইনের ৫৩ ধারা-অনুসারে, সংঘবিধিবলে ক্ষমতাপ্রাপ্ত হইলে (ক) প্রয়োজনীয়সংখ্যক নতুন শেয়ার ছাড়িবার মাধ্যমে, (খ) শেয়ার-মূলধনকে বিদ্যমান মূল্যমান অপেক্ষা উচ্চতর মূল্যমানের শেয়ারে বিভক্ত করিবার দ্বারা, (গ) পরিশোধিত শেয়ারকে ক্টকে এবং উক্ত ক্টককে যে-কোনো মূল্যমানের পরিশোধিত শেয়ারে রূপান্তরিত করিয়া, (ঘ) শেয়ারকে স্থিরীকৃত মূল্যমানের অপেক্ষা কম মূল্যমানের শেয়ারে পুনর্বিভাজন করিয়া, অথবা (ঙ) বাতিলকৃত শেয়ারের সমপরিমাণে কোম্পানির শেয়ার-মূলধন ব্রাস করিয়া এইরূপ পরিবর্তন করা যায়।
- alternative dispute resolution (ADR) বিবাদ-মীমাংলার বিকল্প প্রক্রিয়া প্রথাগত মামলা-মোকদ্দমার আশ্রয় না লইয়া দেওয়ানি বিরোধ নিম্পত্তির নিমিত্তে বাবহৃত বিভিন্ন প্রক্রিয়ার যে-কোনো একটি। একটি ছোট বিচারসভা (আদালতি তনানির সংক্ষিপ্ত ও সরল রূপ), অনানুষ্ঠানিক সালিশি-পদ্ধতি, এবং বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত একজন মধ্যস্থতাকারীকে রাখিয়া বিধিবদ্ধ সালিশি রীতি এইসব প্রক্রিয়ার অন্তর্ভুক্ত। দেওয়ানি কার্যবিধির ৮৯ক ধারা-অনুসারে দেওয়ানি মামলায় বিবাদীর জবাব দাখিলের পর মধ্যস্থতার মাধ্যমে এবং অর্থন্ধণ আদালত আইনের পঞ্চম অধ্যায়-অনুসারে মধ্যস্থতা ও মীমাংসা-সভার মাধ্যমে বিকল্প পদ্ধতিতে বিবাদ নিস্পত্বির বিধান করা ইইয়াছে। arbitration দ্রা.।
- alternative remedy বিকল্প প্রতিকার প্রচলিত কোনো প্রতিকারের অতিরিক্ত কোনো প্রতিকার সৃষ্টি করা হইলে যদি তাহার মধ্যে মাত্র একটি বলবংযোগ্য হয় তাহা হইলে উহাকে বিকল্প প্রতিকার বলা হয়। আইনের দারা অন্য কোনো সমফলপ্রদ বিধান করা

হইয়া থাকিলে নীতিগতভাবে সংবিধানের ১০২ অনুচ্ছেদে কেহ প্রতিকার পাইতে পারেন না। সংবিধিবদ্ধ বিকল্প প্রতিকারের বিধান থাকিলেও ব্যতিক্রমী পরিস্থিতিতে ১০২ অনুচ্ছেদে প্রতিকার পাইতে পারেন। Bangladesh v. Chand Sultana 51 DLR (AD) 24; Bangladesh v. Anwar Ahmed 51 DLR (AD) 42. দ্র.। এতৎসহ cumulative remedy দ্র.।

- amalgamation n. সংমিশ্রণ, সংযোজন বি. ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধ্যিহণ ও প্রজাস্বত্ব আইনের ১১৬ ধারা-অনুসারে, একই গ্রামের মধ্যে যখন বিভিন্ন জোতে একজন কৃষকের জমি থাকে তখন উক্ত ব্যক্তি ইচ্ছা করিলে রাজস্ব-কর্মকর্তার নিকট দরখান্ত করিয়া তাঁহার জোতসমূহ একত্র করিয়া লইবার প্রার্থনা করিতে পারেন এবং রাজস্ব-কর্মকর্তা উক্ত জোতসমূহ একজোতে সংযোজন করিবার আদেশ দিতে পারেন।
- amainama n. আমলনামা বি. ভূম্যধিকারীকর্তৃক জমি বন্দোবস্ত দিয়া তাহা দখল করিবার জন্য প্রজার বরাবরে দেওয়া নির্দেশপত্র। ১৮৮৫ সালের বঙ্গীয় প্রজাস্বত্ব আইন-অনুসারে, আমলনামা সম্পত্তির স্বত্দখল প্রমাণের এক ধরনের দলিল। জমিদার বা ভূমির মালিক নির্দিষ্ট হারে খাজনা গ্রহণের শর্তে নজরানা গ্রহণপূর্বক কৃষককে জমি চাষাবাদ করিবার জন্য যে-দলিল প্রদান করিতেন তাহাই আমলনামা।
- ambiguitas verborum latens verifactione suppletur; nam quod ex facto oritur ambiguum verifactione facti tollitur শব্দের নিহিত বা হওঁ ঘার্থতার জন্য প্রমাণ দেওয়া যাইতে পারে; বহিন্ত কোনো তথ্য হইতে ঘার্থতার উদ্ভব হইলে বাহিরের প্রমাণদারা তাহা অপনোদন করা যাইতে পারে।
- ambiguity n. ছার্থবোধকতা বি. অর্থের অনিশ্চয়তা। আইনি দলিলে ছার্থতা প্রতীয়মান ও প্রচ্ছন্ন দুই-ই হইতে পারে। প্রতীয়মান ছার্থক দলিল দেখিলেই স্পষ্টভাবে বুঝা যায়, যেমন, নামের জন্য যেখানে খালি জায়গা রাখা হয়। প্রচ্ছন্ন ছার্থতা প্রথমে ছার্থহীন মনে হইলেও দলিল-বহিস্থ জ্ঞানের আলোকে তাহা স্পষ্ট হইতে পারে। উইলকারীর দুইটি সোনার ঘড়ি থাকিলে তিনি যদি লিখেন, 'আমার সোনার ঘড়ি অমুককে দান করিলাম', তবে প্রচ্ছন্ন ছার্থতা ঘটে। সাধারণভাবে প্রচ্ছন্ন ছার্থতা ব্যাখ্যায় বহিস্থ প্রমাণাদি ব্যবহৃত হইতে পারে, কিন্তু প্রতীয়মান ছার্থতার ক্ষেত্রে তাহা ঘটে না। যেসব শব্দের সাধারণ ব্যাখ্যা রহিয়াছে, তাহার ভিন্নার্থ দিবার জন্য বহিস্থ প্রমাণাদি ব্যবহার করা যাইবে না। উত্তরাধিকার আইনের ৮০ ও ৮১ ধারা-অনুসারে, ইচ্ছাপত্রে ব্যবহৃত কোনো শব্দ দ্বার্থবোধক হইলে কোন অবস্থায় বহিস্থ সাক্ষ্য গ্রহণ করা যাইবে না, তাহা উল্লিখিত হইয়াছে।

ambivalent adj. দোদুল্যমানতা বিণ. কোনো বিষয় সম্পর্কে পরস্পর প্রতিদ্বন্ধী
মনোভাব লালন করেন, এমন। অর্থাৎ কোনটি সমর্থন করিবেন, তাহা স্থির করিতে
পারেন না।

ambulatory will প্রত্যাহারযোগ্য ইচ্ছাপত্র প্রণেতার জীবদ্দশায় প্রত্যাহারযোগ্য ইচ্ছাপত্র। প্রণয়নের সময় হইতে নহে, ইচ্ছাপত্র মৃত্যুর পর কার্যকর। সূতরাং ইচ্ছাপত্রে উল্লিখিত সম্পত্তি কিংবা হিতভোগীদের বিবরণ ইচ্ছাপত্রকারের মৃত্যুকালে বিদ্যমান সম্পত্তি বা ব্যক্তি সম্পর্কিত বলিয়া গণ্য।

amendment n. সংশোধন বি. ১. আইন-সংশোধন, আইনে কিছু সংযোজন, কিংবা আইনের প্রয়োগে রদবদল সাধনের উদ্দেশ্যে আইনের পরিবর্তন। ২. দেওয়ানি মামলায় বক্তব্যে পরিবর্তন। মামলা চলাকালে মামলার পক্ষগুলি মামলার বিষয় সম্পর্কে যে-নতুন জ্ঞান লাভ করে, তাহার ভিত্তিতে আরজি, জবাব অথবা অন্যান্য দলিলে পরিবর্তনসাধন আবশ্যক হইতে পারে। উদাহরণস্বরূপ, আরজিতে দিতীয় বিবাদীর নাম যুক্ত করিতে চাহিলে আরজি সংশোধনের প্রয়োজন হয় : কখনো আরজি-জবাবের বক্তবোর ক্রটি সংশোধন করিবার প্রয়োজন হয়। মামল্য চলাকালে উদ্ভূত যেসব সামান্য ধারণা লাভ হয়, তাহার সকলই নহে, কেবল যে-সকল বিষয় মামলার উপর প্রত্যক্ষ প্রভাব বিস্তার করিতে পারে, সেগুলিই সংশোধনে প্রতিফলিত হওয়া আবশ্যক। ৩. দেওয়ানি কার্যবিধির ১৫২ ও ১৫৩ ধারা এবং ৬ আদেশের ১৭ নিয়ম-অনুসারে রায়, ডিক্রি, আদেশ ও আরজি-জবাব সংশোধন করা যায়। ১৫২ ধারা-অনুসারে, আদালতের রায়, ডিক্রি কিংবা আদেশ প্রণয়নে কোনো ক্রটি থাকিলে কিংবা লিখিয়া রাখিবার সময়ে কিছু বাদ পড়িয়া যাওয়ার দরুন ক্রটি ঘটিয়া থাকিলে আদালত নিজ হইতে কিংবা মামলারত কোনো পক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে তাহা সংশোধন করিতে পারেন। ১৫৩ ধারা-অনুসারে, আদালত কোনো মামলার প্রকৃত বিষয় নিপ্পত্তির লক্ষ্যে যে-কোনো সময়ে বা যে-কোনো উপযুক্ত শর্তসাপেক্ষে মামলার কার্যক্রমসংক্রান্ত ক্রটি সংশোধন করিতে পারেন। ৬ আদেশের ১৭ নিয়ম-অনুসারে কোনো মামলার পক্ষগুলির বিরোধের প্রকৃত ব্যাপার নির্ধারণ করিবার প্রয়োজনে আদালত মামলার যে-কোনো পর্যায়ে মামলারত কোনো পক্ষকে যথোপযুক্ত শর্তে ও নিয়ম-রীতিতে আরজি-জবাব সংশোধন করিবার অনুমতি দিতে পারেন। 8. রাষ্ট্রসমূহের মধ্যে সম্পাদিত চুক্তিতে সকল সংশ্রিষ্ট পক্ষের সমতিক্রমে প্রণীত সংশ্লিষ্ট সকল পক্ষের উপর প্রযোজ্য পরিবর্তন। এই সংশোধন-চুক্তি বিশেষ বিশেষ ধারার ক্ষেত্রে প্রযোজ্য হইতে পারে অথবা সম্পূর্ণ চুক্তির পুনর্বিবেচনার উদ্দেশ্যেও প্রণীত হইতে পারে।

amendment of the constitution সংবিধানের সংশোধন সংবিধানের ৭(২) অনুচ্ছেদ-অনুসারে, সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন এবং অন্য কোনো আইন যদি

a mensa a thoro

এই সংবিধানের সহিত অসমঞ্জস হয়, তাহা হইলে সেই আইনের যতথানি অসামঞ্জস্যপূর্ণ, ততথানি বাতিল হইবে। এইরূপে সংবিধানের প্রাধান্য স্বীকৃত হইলেও সংসদকে আইনের মাধ্যমে সংবিধান-সংশোধনের ক্ষমতা দেওয়া ইইয়ছে। সংবিধানের ১৪২ অনুচ্ছেদ এবং সংসদের কার্যপ্রণালির ৯৯ বিধিতে সংবিধান-সংশোধনের জন্য পালনীয় শর্তাদির উল্লেখ রহিয়ছে। সংবিধান-সংশোধনের জন্য কোনো বিল আনা হইলে বিলের শিরোনামে সংবিধানের কোন বিধান সংশোধনে করা হইবে তাহা স্পষ্টভাবে উল্লেখ করিতে হয়়। সংসদের মোট সদস্যের দুই-তৃতীয়াংশের ভোটে সংবিধান-সংশোধন বিল পাস করিতে হয়়। সংবিধানের বিশেষ কিছু অংশ—বেমন প্রস্তাবনা, ৮, ৪৮, ৫৬ ইত্যাদি অনুচ্ছেদ— সংশোধন করিতে হইলে দুই-তৃতীয়াংশের ভোটে বিল গৃহীত হইয়া রাষ্ট্রপতির সম্বাতির জন্য তাঁহার নিকটে প্রেরিত হইবার পর তিনি তাহাতে সম্মতি দিবেন কিনা এই প্রশ্নটি গণভোটের মাধ্যমে নিম্পত্তি করিতে হয়়। গণভোটে প্রদন্ত সমুদেয় ভোটের সংখ্যাগরিষ্ঠ বিলের পক্ষে হইলে রাষ্ট্রপতি বিলে সম্মতি দিয়াছেন বিলয়া বিবেচিত হয়। সংবিধানের প্রথম হইতে চতুর্দশ সংশোধনের জন্য যথাক্রমে First Amendment হইতে Fourteenth Amendment দ্বে।

- a mensa a thoro আহার-বাসস্থান হইতে খোরপোশ ও আবাসন হইতে আদালত কর্তৃক পৃথক্করণ, যাহা একপ্রকার সীমিত বিবাহবিচ্ছেদ। আইনসিদ্ধভাবে নিষ্পন্ন বিবাহের ক্ষেত্রে ইহা একপ্রকার আংশিক বিবাহবিচ্ছেদ। স্বামী কিংবা স্ত্রীর মধ্যে কেহ পরকীয়া বা পরকীয় প্রেমে নিমজ্জিত হইলে অথবা নিষ্ঠুর আচরণ করিলে তাঁহাদের সহাবস্থান অসম্ভব বা অসংগত হইবে। ইহাতে বিবাহবিচ্ছেদ বুঝাইবে না, তবে তাঁহাদের বাসস্থানের ভিন্নতা বুঝাইবে।
- amicus curiae আদালতের মিত্র মামলার পক্ষণ্ডলি পর্যাপ্তরূপে যে-স্বার্থের (যেমন, জনস্বার্থের) প্রতিনিধিত্ব করে নাই, তাহার সমর্থনে যুক্তিতর্ক উপস্থাপন করিয়া কিংবা অন্যথায় প্রতিনিধিত্বহীন কোনো পক্ষের সপক্ষে যুক্তিপ্রদর্শন করিয়া যে-কৌসুলি আদালতকে সাহায্য করেন। কোনো স্বার্থের (যেমন, জনস্বার্থ) সমর্থনে মামলার কার্যধারার সহিত সংশ্লিষ্ট পক্ষণ্ডলিদ্বারা ব্যাখ্যাত হয় নাই এইরূপ বিষয়ে যুক্তি দিয়া কিংবা অন্য কোনোভাবে প্রতিনিধিত্ব করা হয় নাই এমন পক্ষের অনুকূলে সওয়াল করিয়া যে-আইনজীবী আক্ষান্নতকে সাহায্য করিয়া থাকেন। আধুনিক রেওয়াজে, আদালতের মিত্রের প্রয়োজন পড়িলে আদালত প্রথানুগভাবে অ্যাটর্নি-জেনারেলকে স্বয়ং অথবা তাঁহার পক্ষে অন্য আইনজীবীকে জনস্বার্থেরুপক্ষ প্রতিনিধিত্ব করিতে বলিতে পারেন। কিছু পেশাদার প্রতিষ্ঠানের (যেমন, আইন সমিতি) পক্ষে আদালতের মিত্ররূপে কান্ধ করিয়ার অন্যও আইনজীবীকে অনুমতি দেওয়া হয়

- amin n. আমিন বি. পূর্বে দেওয়ানকর্তৃক নিযুক্ত রাজস্বধার্যকারী কর্মকর্তা। রাজস্ব ধার্য করা ছাড়াও ভূমিবিরোধ নিষ্পত্তি করা সুলতানি বা বাদশাহি আমলে তাঁহার দায়িত্ব ছিল। বর্তমানে ভূমি-জরিপকারী কর্মচারী।
- ammunition n. গোলাবারুদ বি. অন্ত্র আইনের ৪ ধারা-অনুসারে, গোলাবারুদ বলিতে, টর্পেডো ও সাবমেরিনে ব্যবহারের জন্য বিশেষভাবে প্রস্তুত সকল দ্রব্য, রকেট, বন্দুকে পুরিবার জন্য প্রয়োজনীয় বিভিন্ন পদার্থ, ডিনামাইট ও অন্যান্য বিক্ষোরক পদার্থ, পারকাশন ক্যাপ, ঘর্ষণ করিবার নল ও ফিউজ এবং গোলাবারুদ তৈরি করিবার যন্ত্রপাতি ও যন্ত্রাংশ এবং সরঞ্জমাদিকেও বুঝাইবে। তবে সীসা, গন্ধক বা শোরা ইহার অন্তর্ভুক্ত হইবে না।
- amnesia n. স্মৃতিভ্রংশ বি. দেহযন্ত্রে আঘাতের ফলে, মস্তিষ্কের ক্ষতস্থানে যন্ত্রণার প্রকোপ, মূর্ছারোগ বা কোনো স্নায়ুরোগের ফলে স্নায়ুবৈকল্যহেতু স্মৃতিশক্তিলোপ।
- amnesty n. রাষ্ট্রীয় ক্ষমা বি. অপরাধীর অপরাধমূলক আচরণের কিছু দিকের আইনগত শৃতিমোচনের কার্য। ইহা অধিকাংশ সময়ে রাজনৈতিক অপরাধের ক্ষত্রে কোনো জনগোষ্ঠীকে দেওয়া হইয়া থাকে। একজন অপরাধীর দণ্ডের মার্জনা অপেক্ষা ইহা ব্যাপক।
- amortization n. ক্রমশোধ বি. ১. কোনো দেনা ক্রমে ক্রমে শোধ হইবার কার্য বা ফলাফল। যেমন, কোনো বন্ধক। সাধারণত নিয়তকালিক সৃদ প্রদানের সময়ে আসল বাবদ অর্থ দান করা এবং এইরূপ কোনো সময়ে বন্ধকদাতার দেনা সম্পূর্ণ পরিশোধ হওয়া। মাসিক উপচীয়মান সৃদ পরিশোধের জন্য দেয় অর্থ অপর্যাপ্ত হইবার কারণে কোনো খণের আসল অবশিষ্টাংশের বৃদ্ধি ঘটিলে তাহাকে নেতিবাচক ক্রমশোধ বা ঋণের ক্রমবৃদ্ধি বলে। ২. সাধারণত পেটেন্টের ন্যায় কোনো অপরিমাপ্য সম্পদের ব্যবহারোপযোগীভাবে টিকিয়া থাকিবার কালের অতিরিক্ত সময় পর্যন্ত ইহার প্রাথমিক মৃল্য বন্টন বা বিলি করিবার কার্য বা ফলাফল। depreciation তু.।
- amount differ পরিমাণের পার্থক্য ব্যাংকের চেকে অঙ্কে ও কথায় লিখিত টাকার পরিমাণের মধ্যে পার্থক্য। এরূপ পরিস্থিতিতে ব্যাংক চেকের অমর্যাদা করিয়া থাকে।
- amusement n. আমোদ-প্রমোদ বি. বিনোদন, অবসর-বিনোদন, খেলাধুলা প্রভৃতি আনন্দদায়ক কাজ। আমোদ-প্রমোদ এবং বিনোদন বলিতে নাট্যাভিনয়, চলচ্চিত্র, খেলাধুলা ইত্যাদি ব্যাপক বিষয় অন্তর্ভুক্ত। entertainment দ্র.।
- analogous adj. অনুরূপ বিণ. দেওয়ানি মোকদ্দমার ক্ষেত্রে পক্ষগণের মধ্যে নালিশি জমি লইয়া যখন দুই বা ততোধিক মোকদ্দমা বিচারাধীন থাকে তখন উক্ত

analogy %o

মোকদ্দমাগুলি একত্রে বিচার করিবার বিধান রহিয়াছে। সাধারণত পক্ষগণের প্রার্থনা শ্রবণান্তে আদালত ন্যায়সংগত মনে করিলে একত্রে বিচার করিবার আদেশ দেন।

- analogy n. সাদৃশ্য বি. যুক্তিবিদ্যায় ব্যবহৃত একটি শব্দ যাহা কোনো কিছুর সহিত অর্থের দিক হইতে অভিনুতা বা সম্বন্ধের সমধর্মিতা নির্দেশ করে। একটি বিষয়ে যথন বিচারসংক্রান্ত কোনো নজির পাওয়া না যায় তখন আইনজীবীগণ ভিনু বিষয়ে একই সাধারণ নীতির দ্বারা নিয়ন্ত্রিত হয় এইরূপ কোনো নজির অবলম্বন করেন। ইহাকে সিদ্ধান্তের জন্য অনুসরণীয় নীতির সাদৃশ্যদ্বারা যুক্তিবিন্যাস বা যুক্তির সাদৃশ্যমূলক সম্প্রসারণ বলা হয়।
- anarchy n. নৈরাজ্য, অরাজকতা, বিশৃষ্ণালা বি. সরকার বা শাসনপদ্ধতির বিলোপ বা ধ্বংসসাধন; আইনশৃঙ্খলার অনুপস্থিতি; সমাজ বা রাষ্ট্রের এইরূপ অবস্থা যেখানে আইন, আইনের শাসন, শাসকবর্গের পরম ক্ষমতা হারানোর পরে সৃষ্ট রাজনৈতিক হইচই, আন্দোলন, উত্তেজনার অবস্থা। ব্যক্তির নিরস্কুশ স্বাধীনতা বা স্বেচ্ছাচারিতা।
- ancestor n. পূর্বপুরুষ বি. একটি পরিবারে যিনি অগ্রবর্তী। এক বংশোভূত ক্রমাগমে যিনি অন্যের চাইতে পূর্বে আগমন করিয়াছেন। হিন্দু আইনে ইহা কেবল পিতৃকুলের অথবা মাতৃকুলের অগ্রবর্তীকে বুঝায় এবং বিশেষ করিয়া প্রায়োগিক ক্ষেত্রে ইহা পিতামহ ও তাঁহার পুরুষক্রমের অগ্রবর্তীগণকে বুঝায়। কোনো ব্যক্তি যাহার বা যাঁহাদের বংশ হইতে উদ্ভূত হইয়াছেন তাঁহাকে বা তাঁহাদেরকে ওই ব্যক্তির পূর্বপুরুষ বলা হয়। successor ভূ.।
- ancestral property পৈতৃক সম্পত্তি পিতার নিকট হইতে দান হিসাবে পুত্রের নিকট সম্পত্তি আসিয়া থাকিলে উহাকে পৈতৃক সম্পত্তি বলা যায় না। সাধারণভাবে উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত পিতার সম্পত্তি হিন্দু আইনে বংশের কোনো পুরুষ অগ্রগামীর নিকট হইতে প্রাপ্ত সম্পত্তিকেই পৈতৃক সম্পত্তি বলা হয়। এইখানে পিতৃপুরুষ উজিটি পিতা সম্বন্ধীয় অর্থে ব্যবহৃত হয় এবং বিশেষত পিতার স্থাবর সম্পত্তি, তাহা তিনি যেভাবেই মালিক হইয়া থাকেন না কেন, তাহা বুঝানো হয়।
- anchorage n. নোঙ্গর বাঁধার স্থান নোঙ্গর করিবার উপযোগী সমুদ্রতল। সাধারণত জাহাজ নোঙ্গর করে, এমন স্থান; নোঙ্গর করিবার জন্য নির্দিষ্ট প্রথানুগ স্থান। কোনো পোতাশ্রয়ে জাহাজ নোঙ্গর করিবার জন্য প্রদেয় অর্থ বা শুরু।
- ancient document প্রাচীন দলিল সাক্ষ্য আইনের ৯০ ধারা-অনুসারে ৩০ বৎসরের পুরাতন দলিল যথাযথ হেফাজত হইতে দাখিল করা হইলে তাহা আদালত যথার্থ বিলয়া অনুমান করিতে পারেন।

- ancient grant প্রাচীন মনজুরি প্রাচীন মনজুরির ভাষা বা শব্দাবলি নিশ্চিত বা বোধগম্য না হইলে পরবর্তীকালের রীতিনীতি বা প্রয়োগবিধি দারা উহার ব্যাখ্যাদান যথার্থ হইতে পারে।
- ancient lights প্রাচীন আলোক কোনো মালিকের জমি হইতে তাঁহার লিখিত সম্বতি ব্যতিরেকে কোনো দাবিদারের জমিতে প্রাপ্ত আলো ক্রমাগত বিশ বছর ভোগ করিবার কারণে তামাদি হওয়ার সূত্রে প্রাপ্ত বর্তস্বত্ব।
- ancient monument প্রাচীন স্মৃতিসৌধ অনেক পুরাতন স্মৃতিনির্দশন যাহা ইতিহাসপ্রসিদ্ধ বলিয়া প্রমাণ রহিয়াছে। ইহা কোনো শিলালিপি, বাণিজ্যঘাঁটি বা কুঠি অথবা কোনো তোরণ স্কম্ভ কিংবা কোনো নদীও হইতে পারে।
- ancillary claim সহায়ক দাবি কোনো দাবি যাহা মোকদ্দমাসংখ্রিট চুক্তির আওতায় অপর কোনো দাবির সহিত যুক্তিসংগতভাবে পরস্পরসম্বন্ধযুক্ত, নির্ভরশীল বা অন্য কোনোভাবে সহায়ক বলিয়া দাবি করা হয়। কোনো দাবি সহায়ক বলিয়া গণ্য হয় যখন উহা মূল দাবির কার্যকর ঘটনার সহিত যৌক্তিক সম্পর্ক বহন করে এবং যাহা আদালতের স্বাধীন বিচারক্ষমতার আওতাভুক্ত।
- ancillary credit business সহায়ক ঋণ-ব্যবসা ঋণ-দালালি, ঋণ-সমন্ত্র, ঋণ-বিষয়ক পরামর্শ, ঋণ-সংগ্রহ বা একটি ক্রেডিট-রেফারেন্স এজেন্সির প্রয়োগ-সংশ্লিষ্ট ব্যবসা। ঋণ-দালালির মধ্যে রহিয়াছে গ্রহণেচ্ছু ব্যক্তিবর্গকে ভোক্তা-ঋণ ব্যবসায়ে নিযুক্ত ব্যক্তিদের সহিত পরিচিত করানো। যে-প্রক্রিয়ায় কোনো তৃতীয় পক্ষ ভোক্তা-ঋণ চুক্তি বা ভোক্তা-ভাডা চুক্তির অধীনে প্রদেয় দেনা হইতে দেনাদার বা ভাড়াকারীকে অব্যাহতিদানের জন্য মহাজন বা মালিকের সহিত ইহার শর্তাবলি লইয়া আলাপ-আলোচনা করেন, তাহাকে ঋণ-সমন্তম বলা হয়। দেনাদার বা ভাড়াকারী ঋণচুক্তির দায় গ্রহণ করিতে তৃতীয় কোনো পক্ষকে তাহার ঋণপরিশোধের দায়িতগ্রহণের জন্য অথবা ঋণের অবসায়নে ওই জাতীয় কোনো কার্যক্রম গ্রহণ করিবার জন্য অর্থপ্রদান করিতে পারেন। ঋণ-বিষয়ক পরামর্শ বলিতে ভোক্তা-ঋণ চুক্তি বা ভোক্তা-ভাড়া চুক্তির অধীনে প্রদেয় ঝণের অবসায়নের লক্ষ্যে দেনাদার বা ভাডাকারীকে (মূল মহাজন বা অন্য কোনো বিশেষ ব্যক্তি ব্যতীত অন্য কাহারো) পরামর্শদান বোঝায়। ঋণ-সংগ্রহের ক্ষেত্রে মহাজনের পক্ষে অপর কেহ মহাজনের প্রাপ্য ঋণের টাকা সংগ্রহের ব্যবস্থা করেন। এই উদ্দেশ্যে মহাজন একজন ঋণ-সংগ্রহকারীকে কাজে লাগাইতে পারেন। আর একটি ক্রেডিট-রেফারেন্স এজেন্সি ব্যক্তির আর্থিক সামর্থ্যবিষয়ক তথ্য সংগ্রহ করিয়া থাকে এবং যাঁহারা চাহেন, তাঁচাদিগকে এইসব তথ্য সরবরাহ করিয়া থাকে।

and (&) conj. এবং অব্য. সাধারণত সংযোজক অর্থাৎ ঘনিষ্ঠ সম্বন্ধযুক্ত শব্দ,
উপবাক্য বা বাক্যকে যোগ করে কিন্তু কখনো কখনো প্রেক্ষাপট হইতে আইনপ্রণেতাগণের উদ্দেশ্যের স্পষ্ট প্রয়োগ বা প্রতিফলন ঘটাইতে ইহা বিয়োজক অর্থে
পঠিত হয়। 'এবং' শব্দ যৌক্তিকভাবেই 'অথবা' হিসাবে ধর্তব্য হইতে পারে যেখানে
আইনের উদ্দেশ্য স্পষ্ট এবং অন্য কোনো অর্থ গ্রহণ করিলে আইনের উদ্দেশ্য ব্যর্থ
হইতে পারে। ক্রমবর্ধমান অর্থে ব্যবহৃত না হইয়া 'এবং' বিচ্ছিন্নকরণ বা বিয়োজক
অর্থে ব্যবহৃত হইতে পারে।

- angary n. যুধ্যমানের অধিকার আক্রমণ বা প্রতিরক্ষার উদ্দেশ্যে যুদ্ধরত রাষ্ট্র কর্তৃক
 নিজের বা শক্রর এলাকায় অথবা অবারিত সমুদ্রে স্থিত নিরপেক্ষ রাষ্ট্রের সম্পত্তি
 ব্যবহার (বা প্রয়োজনে ধ্বংস) করিবার অধিকার। প্রথাগতভাবে, যুধ্যমান রাষ্ট্রের
 বন্দরগুলিতে নিরপেক্ষ রাষ্ট্রের বাণিজ্যিক জাহাজগুলির উপর নিরেধাজ্ঞা আরোপ
 করিয়া, জাহাজগুলিকে আটক রাখিয়া এবং অগ্রিম ভাড়া পরিশোধসাপেক্ষে সেই
 জাহাজগুলি ও নাবিকদিগকে কোনো কোনো স্থানে সৈন্য, গোলাবারুদ ও রসদ
 পরিবহণের কাজে বাধ্য করিবার মধ্যে সীমাবদ্ধ ছিল। তবে আধুনিককালে সামরিক
 প্রয়োজন বা উদ্দেশ্যসাধনের উপযোগী হইলে জাহাজ বা অন্যান্য পরিবহণোপায়
 অন্ত্রশন্ত্র, গোলাবারুদ, রসদ অথবা অন্যান্য ব্যক্তিগত সম্পত্তিসহ সকলপ্রকার
 নিরপেক্ষ সম্পত্তি যুধ্যমানের অধিকারের বিষয় হইতে পারে।
- animal n. পত বি. নিম্নবর্ণিত সকল ধরনের পণ্ড : (আ) মানুষ ব্যতীত সকল স্তন্যপায়ী প্রাণী; (আ) পাঝি; (ই) সরীসৃপজাতীয় প্রাণী; (ঈ) মৎস্যব্যতীত অন্যান্য জলজ প্রাণী; এবং (উ) সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপনদ্বারা ঘোষিত অন্য কোনো পণ্ড।
- animal products পশুজাত পণ্য পশুর মৃতদেহ হইতে, আংশিক বা সম্পূর্ণরূপে, সংগৃহীত বা প্রস্তুতকৃত যে-কোনো পণ্য এবং পশুর মাংস, রক্ত, অস্থি, মজ্জা, দুগ্ধ বা দুগ্ধজাত পণ্য, ডিম, চর্বি, বীর্য, ভ্রূণ, শিরা-উপশিরা, লোম, চামড়া, নাড়ি-ভুঁড়ি, এবং, পশু হইতে উৎপাদিত খাদ্যসামগ্রী, সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন, দ্বারা নির্ধারিত, পশুদেহের অন্য যে-কোনো অংশের তৈরি পণ্য।
- animus n. অভিপ্রায় বি. এই অভিধাটি প্রায়শ অন্য কোনো শব্দের সহিত যুক্ত হইয়া প্রযুক্ত হয়। যেমন, চুরির অভিপ্রায় (animus turandi); দখল করিবার অভিপ্রায় (animus capiendi) কিংবা (নিবাস-সংক্রান্ত আইনের প্রয়োজনে) কোনো এক স্থানে বাস করিবার অভিপ্রায় (animus menendi)।
- annexation n. রাজ্যাধিকার, রাজ্যযোগ বি. (আন্তর্জাতিক আইনে) সাধারণত দখল বা জয়ের দ্বারা এক রাষ্ট্রকর্তৃক অন্য রাষ্ট্রের ভূখণ্ডের আইনি সার্বভৌমত্ব অর্জন।

বর্তমানে বৈধ বলপ্রয়োগদারা সম্পন্ন হইলেও (যেমন, আত্মরক্ষার প্রয়োজনে) রাজ্যদখল সাধারণত বেআইনি বলিয়া বিবেচিত হয়, তবে এই কার্য পরবর্তীকালে অন্যান্য রাষ্ট্রের স্বীকৃতিদারা আইনসম্মত হইয়া যাইতে পারে। দখলকৃত রাষ্ট্রের পূর্বকালীন দায় মানিতে দখলদার রাষ্ট্র বাধ্য নহে।

- announcement n. ঘোষণা বি. ১. ঘোষণা করিবার কর্ম। ২.সরকারি অথবা দাগুরিক প্রজ্ঞাপন। ৩. পণ্য বিক্রয় আইনের ৬৪ (২) ধারা-অনুসারে, যখন নিলাম-পরিচালনাকারী হাতুড়ির ঘা দিয়া বা অন্য কোনো প্রচলিত উপায়ে নিলামের সমাপ্তি ঘোষণা করেন। এইরূপ ঘোষণার পূর্বে যে-কোনো ডাকদাতা তাঁহার নিলাম-ডাক প্রত্যাহার করিতে পারেন। notice তু.।
- annoyance n. বিরক্তি বি, সর্বসাধারণের জন্য উন্মুক্ত কোনো স্থানে অথবা কোনো প্রাতিজনিক স্থানে এমন কিছু ফেলিয়া রাখা যাহার ফলে সংক্রমণ ঘটিতে পারে, অথবা অনুরূপ স্থান অন্যায়ভাবে দখল করা বা উহাতে বেআইনি অনুপ্রবেশ করা, অথবা এইরূপ কোনো উপায়ে উক্ত স্থানের স্বাভাবিক পরিবেশকে আঘাত করা বা তাহার ক্ষতিসাধন করা। বিরক্তিকর কিছুর দ্বারা ঘটিত সাধারণ মানুষের (কোনো খেয়ালি বা দক্ষ ব্যক্তির নহে) অনুভূতি। nuisance তু.।
- annual confidential report (ACR) বার্ষিক গোপনীয় প্রতিবেদন একজন সরকারি কর্মচারীর কর্মদক্ষতা নিরূপণ সম্পর্কে তাঁহার অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার লিখিত প্রতিবেদন। কর্মদক্ষতার মূল্যায়ন ছাড়াও কর্মকর্তার চরিত্র, আচরণ ও সততা সম্পর্কে প্রতিবেদনে সুনির্দিষ্ট পর্যবেক্ষণ লিপিবদ্ধ করা হয়। প্রতিবেদনকারী কর্মকর্তা বিরূপ কোনো মন্তব্য করিলে তাহাতে যে-কর্মকর্তা ক্ষতিগ্রস্ত ইইতে পারেন তাঁহাকে তাহা অবহিত করাইতে হইবে। সংশ্লিষ্ট কর্মকর্তা কোনো জওয়াব দিলে প্রতিবেদনকারী কর্মকর্তা সে-সম্পর্কে মন্তব্য করিবেন। প্রতিস্বাক্ষরকারী দপ্তর-প্রধান সিদ্ধান্ত লইবেন বিরূপ মন্তব্য প্রত্যাহার করা হইবে কি না।
- annual general meeting বার্ষিক সাধারণ সভা কোম্পানি আইন-অনুযায়ী প্রতিবংসর অনুষ্ঠেয় কোম্পানির সদস্যদের সভা। সাধারণ সভায় কোম্পানির হিসাবাদি, পরিচালকমণ্ডলীর ও হিসাব-নিরীক্ষকের প্রতিবেদন, লভ্যাংশ, পরিচালকবৃদ্দের নির্বাচন, হিসাবনিরীক্ষকের নিয়োগ ও পারিশ্রমিক-নির্ধারণ ইত্যাদি বিষয় লইয়া আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যান্য বিষয় বিশেষ আলোচ্যবিষয়রূপে পরিগণিত হয়। দুই সাধারণ সভার মধ্যবর্তীকাল ১৫ মাসের বেশি হইবে না এবং চৌদ্দদিনের লিখিত বিজ্ঞপ্তি দিয়া সাধারণ সভা বলিয়া উল্লেখপূর্বক তাহা অনুষ্ঠানের ঘোষণা দিতে হয়। কোম্পানি আইনের ৮১ ধারায় বার্ষিক সাধারণ

সভা অনুষ্ঠানের বিধান সম্পর্কে বর্ণিত হইয়াছে। বিভিন্ন প্রকারের সংঘ, সমিতি বা প্রতিষ্ঠানের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের রেওয়াজ সর্বত্র দেখা যায়। এইসব বার্ষিক সাধারণসভা অনুষ্ঠানের নিজ নিজ নিয়ম-রীতিও রহিয়াছে।

- annual leave with wages মজুরিসহ বার্ষিক ছুটি (১) দোকান ও প্রতিষ্ঠান আইনের ১৩ ধারা-অনুসারে, কোনো প্রতিষ্ঠানে একটানা বারো মাস চাকুরি করিয়াছেন এমন প্রত্যেক শ্রমিককে, পরবর্তী বারো মাসের মধ্যে নিম্নলিখিত হারে নির্মূপিত দিনের জন্য পূর্ণ মজুরিসহ ছুটি দেওয়া হইবে : (ক) প্রাপ্তবয়ন্ধ ব্যক্তির বেলায় পূর্ববর্তী বারো মাসে প্রকৃতপক্ষে উক্ত ব্যক্তি কর্তৃক সম্পাদিত প্রত্যেক আঠারো দিন কাজের জন্য একদিন; এবং (খ) অপ্রাপ্তবয়ন্ধ ব্যক্তির বেলায় পূর্ববর্তী বারো মাসে প্রকৃতপক্ষে উক্ত ব্যক্তি কর্তৃক সম্পাদিত প্রত্যেক চৌদ্দ দিন কাজের জন্য একদিন। শর্ত হইতেছে যে, এইরূপ ছুটির সময়ের মধ্যে কোনো অবকাশ পড়িয়া গেলে তাহা ছুটির অন্তর্ভুক্ত হইবে।
- annual return বার্ষিক বিবরণী আইন-মোতাবেক সাধারণত প্রত্যেক বৎসর কোম্পানির নিবন্ধন-দগুরে নিবন্ধনভুক্ত কোম্পানির প্রেরিতব্য বিবরণী। কোম্পানির ধরন ও ইহার ব্যবসায়িক কার্যাবলি, নিবন্ধিত কার্যালয়, পরিচালকমওলী, সদস্যবর্গ এবং কোম্পানির কিছু কিছু ঋণ সম্বন্ধে তথ্য এই বিবরণীর অন্তর্ভুক্ত। এই বিবরণী জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকে। বিবরণ লিপিবদ্ধ না করা দগুনীয় অপরাধ এবং এই কারণে কোম্পানির যে-কর্মকর্তা দায়ী তিনি অর্থদণ্ডে দণ্ডিত হইতে পারেন। কী কী বিষয় বার্ষিক বিবরণীর অন্তর্ভুক্ত হইবে, কোম্পানি আইনের ৩৬ ধারায় তাহার উল্লেখ আছে।
- annuity n. বার্ষিক বৃদ্ধি হিতভোগী ব্যক্তিকে (বৃত্তিভোগী) আমরণ বার্ষিক অথবা নির্দিষ্টকালের জন্য (যেমন, অন্য কাহারো জীবদ্দশায় কিংবা বৃত্তিভোগীর নাবালকত্বকালে) প্রদেয় টাকার অঙ্ক। ইচ্ছাপত্রে নির্দিষ্ট বার্ষিক বৃত্তি আর্থিক উত্তরাধিকার হিসাবে গণ্য হয়। একটি বার্ষিক বৃত্তি কোনো বিশেষ তহবিলের উপর ধার্যকৃত কিংবা ওইরূপ তহবিল ইইতে প্রদেয় বলিয়া নির্দেশিত ইইতে পারে কিংবা উহা সুরক্ষিত নাও হইতে পারে। যুগা বার্ষিক বৃত্তিতে একজনের বেশি বৃত্তিভোগীকে অর্থ দেওয়া হয় বটে, তবে সর্বশেষ জীবিত বৃত্তিভোগীর মৃত্যুতে এই বৃত্তিদান বন্ধ হইয়া যায়।
- annulment n. রদকরণ বি. ১. একটি বিবাহ কখনো আইনত বৈধ ছিল না, এই

 মর্মে আদালতের ঘোষণা। ২. আদালতকর্তৃক একটি দেউলিয়া আদেশ বাতিলকরণ।

 একজন দেনাদারকে ভুলক্রমে দেউলিয়া করা হইয়াছে বলিয়া আদালত মনে করিলে

 কিংবা ঋণের সম্পূর্ণ টাকা পরিশোধ করা হইয়া গেলে অথবা আদালত কোনো

স্বেচ্ছাবৃত্ত ব্যবস্থার অনুমোদন করিলে ইহা ঘটে। রদকরণের ক্ষমতা আদালতের স্ববিবেচনাসাপেক্ষ। দেউলিয়া আদেশ জারির ফলে ইতিমধ্যেই কোনো সম্পত্তি বিক্রীত কিংবা সে-সম্পর্কে অন্য কোনো পদক্ষেপ গৃহীত হইয়া থাকিলে, রদকরণের দারা উহার বৈধতা ক্ষুণ্ণ হয় না। দেউলিয়া আইনের ৪০-৪৪ ধারায় রদের বিষয় বর্ণিত হইয়াছে।

- anonymous adj. নামহীন বিণ. যে-সমস্ত মোকদ্দমার প্রকাশিত বিবরণীতে পক্ষগণের নাম দেওয়া হয় না অথবা যেগুলি স্বাভাবিক শিরোনাম ছাড়া প্রকাশিত হয়। যে-প্রকাশনায় লেখকের নাম দেওয়া হয় না তাহা নামহীন প্রকাশনা।
- answer n. উত্তর, জবাব, প্রত্যুত্তর বি. যে-কোনো প্রশ্নের মৌখিক বা লিখিত উত্তর। প্রথাগত রীতির অনুসরণ করা বা কোনো কিছুর সহিত সংগতিপূর্ণ হওয়া।
- antecedent claim পূর্ববর্তী দাবি পূর্ব হইতে বিদ্যমান দাবি। বিনিময়যোগ্য দলিল
 আইনে কোনো ব্যক্তির বিরুদ্ধে পূর্ববর্তী দাবির সমর্থনে তাঁহার নিকট হইতে কোনো
 আইনসমত দলিল, চেক ইত্যাদি গ্রহণ করিলে, পূর্ববর্তী দাবি বৈধ কিংবা অবৈধ হউক
 না কেন, ধারক উক্ত দলিলে বর্ণিত মূল্য তাঁহার প্রাপ্য হিসাবে যথাযথভাবে গ্রহণ
 করেন বলিয়া গণ্য হয়।
- antecedent debt পূর্ববর্তী ঋণ কোনো বন্ধকের বিষয়ে পূর্ববর্তী ঋণ বলিতে বর্তমান লেনদেনের পূর্ববর্তী ঋণ বোঝায় এবং কোনো মোকদ্দমার ক্ষেত্রে উহা মোকদ্দমা দাখিল করিবার পূর্ববর্তী ঋণ বুঝায়। 'পূর্ববর্তী ঋণ' বলিতে এইরূপ কোনো ঝণের জন্য কোনো বিক্রয় বা বন্ধক বুঝায় যাহা বর্তমান বিক্রয় বা বন্ধকের সময়ে প্রথমবারের মতো দায় সৃষ্টি করে নাই বরং এইরূপ কোনো ঋণ বুঝায় যাহা বর্তমান বিক্রয় বা বন্ধক হইতে স্বতন্ত্র এবং ইহা পূর্ব হইতেই বিদ্যমান ছিল।
- antecedents n. পূর্ববৃত্তান্ত বি. একজন আসামি বা দণ্ডিত ব্যক্তির পূর্ব অপরাধের বিবরণী বা দুঃশীলতা। বিচারককে পাছে অসংগতভাবে প্রভাবান্তিত করে, এজন্য বিচারকালে সাধারণত ফরিয়াদিপক্ষ আসামির মন্দ চরিত্রের প্রমাণ উত্থাপন করেন না। তবে এই নিয়ম শিথিলযোগ্য, যদি পূর্বতন আচরণ বা প্রাপ্ত দণ্ড বিচার্য বিষয়ের অন্তর্ভুক্ত হয়। যেমন, অপরাধের প্রকৃতি যদি এমন হয় যে, তাহা কেবল এমন কোনো ব্যক্তির দ্বারা সংঘটিত হওয়া সম্ভবপর, যিনি ইতিপূর্বে কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত হইয়াছেন কিংবা কোনো বিশেষ ধরনের অসদাচরণ করিয়াছেন, অথবা আসামি নিজেই যদি তাঁহার কুচরিত্র বা অপরাধের বিবরণীর বিষয় অস্বীকার করিয়া থাকেন, এইরূপ ক্ষেত্রে ফরিয়াদিপক্ষ অনুরূপ ঘটনার সাক্ষ্যপ্রমাণ উপস্থাপন করিতে পারেন। জেরার সময়ে আসামির পূর্বকৃত অপরাধ অথবা তাঁহার কুচরিত্রের বিষয়ে

অবশ্যই প্রশ্ন করা যাইবে না, যদি না এইসব অভিযোগের প্রমাণ বিচার্যবিষয়রূপে থাকে, অথবা আসামি তাঁহার সৎ চরিত্র প্রভিপন্ন করিতে চাহেন, অথবা ফরিয়াদিপন্ধ বা তাঁহার সাক্ষীদের চরিত্র সন্ধন্ধে কটাক্ষপাত করিয়া থাকেন, অথবা একই অভিযোগে অভিযুক্ত অন্য কাহারো বিরুদ্ধে সাক্ষ্য দান করিয়া থাকেন। দোষী সাব্যস্ত করিবার পরে, আসামির দণ্ডাদেশ ঘোষণার সাহায্যার্থে আদালতকে তাঁহার পূর্ববৃত্তান্ত-সংবণিত বিবরণী দেওয়া যাইতে পারে। সাধারণত ইহাতে আসামির বয়স, শিক্ষা, পেশা, বাড়ির পারিপার্শ্বিক অবস্থা এবং পূর্ব দণ্ডাদেশপ্রাপ্তির বিশদ বিবরণ থাকে। ইহাতে আসামির বিরুদ্ধে সাধারণ অভিযোগ থাকে না, তবে তাঁহার খ্যাতি-অখ্যাতির বিষয়ে প্রত্যক্ষদশীর সাক্ষ্যদ্ধারা সমর্থনযোগ্য বিবরণ অন্তর্ভুক্ত হইতে পারে। সাধারণত বিবরণীর নকল আসামিকে সরবরাহ করা হয়।

- antenuptial settlements প্রাগ্বিবাহ-নিষ্পত্তি স্ত্রী অথবা স্ত্রী ও সন্তান-সন্ততির ব্যাপারে বিবাহের পূর্বে কিংবা বিবাহ স্থির করিবার সময়ে কৃত সম্পত্তিসংক্রান্ত বিহিত ব্যবস্থা। marriage settlement দ্র.।
- anticipation n. পূর্বজ্ঞান, পূর্বাভাস বি. সম্ভাব্য কোনো পরিস্থিতির পূর্বাভাসের ভিত্তিতে পূর্বেই উপযুক্ত ব্যবস্থাগ্রহণ। সম্পত্তি-হস্তান্তরের আইনগত প্রক্রিয়ায় ইহার দারা আয় সম্পর্কে বা আয়ের উপর কোনো দায় পাওনা হইবার পূর্বেই তাহা আরোপ করা বোঝায়। পূর্ববর্তী ধারণা বা প্রত্যাশা। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৫(৬) (খ) ধারা-অনুসারে, ক্রেতা নিজে অসংগতভাবে সম্পত্তি গ্রহণ করিতে অস্বীকার করিয়া না থাকিলে দখলপ্রান্তির আশায় প্রদন্ত মূল্য ও তাহার সুদের জন্য বিক্রেতা ও তাঁহার ওয়ারিশের বিরুদ্ধে বিক্রেতার স্বত্বের সমপরিমাণ দায় উক্ত সম্পত্তির উপরে সৃষ্টি করিতে পারিবেন এবং দখল লইতে সংগতভাবে অস্বীকার করিয়া থাকিলে, চুজির নির্দিষ্ট শর্তাবলি পালন বা উহা বাতিলের উদ্দেশ্যে ডিক্রিলাভের জন্য মামলার খরচা পাইবেন।
- anticipatory bail আগাম জামিন ন্যায়বিচার পাইবার জন্য নহে বরং দুরভিসন্ধিমূলে বা রাজনৈতিক উদ্দেশ্যে কোনো ব্যক্তিকে হয়রানি করিবার জন্য তাঁহার বিরুদ্ধে কেই কোনো ফৌজদারি মামলা করিলে বা করিতে উদ্যুত হইলে, অথবা নিম্ন আদালতে তাঁহার পক্ষে কোনো কারণে হাজির হওয়া সম্ভবপর না হইলে, অথবা কোনো বিশেষ বা ব্যতিক্রমী অবস্থায় বিচারকের স্ববিবেচনায় সংগত হইলে আসামিকে অগ্রিম জামিন মনজুর করা যাইতে পারে। দায়রা বিচারক বা হাইকোর্ট বিভাগ এই ক্ষমতা প্রয়োগ করিতে পারেন। State v. M. A. Malik 43 DLR (AD) 33 দ্র.।

anticipatory breach প্রত্যাশিত লব্দন breach of contract দ্র. ৷

৬৭ anything

antidumping regulation অববিক্রয়-বিরোধী প্রবিধান dumping দ্র.।
antitrust law একচেটিয়া ব্যবসাবিরোধী আইন competition law দ্র.।

- anxiety n. উদ্বেগ বি. একটি অপ্রীতিকর ফলাফলপূর্ণ অবস্থা যাহাতে কোনো কিছু ঘটিবার প্রত্যাশা থাকে কিছু নিশ্চয়তা থাকে না। কথনো ইহা ভীতিরূপে প্রকাশিত হয়। বিষয়টি তালোভাবে বুঝিতে না পারিবার কারণে অথবা যুক্তিসংগত কারণ ছাড়া ইহার সৃষ্টি হয়; উদ্বেগ বা উৎকণ্ঠার ক্ষেত্রে বর্তমান বিপদ অপেক্ষা আসনু বিপদের আশন্ধাই বিশেষভাবে উপলব্ধ হয়।
- any adj. & pron. কোনো, যে-কোনো বিণ. ও সর্ব. পারিপার্শ্বিক অবস্থা অনুসারে এই শব্দটি ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহৃত হইতে পারে। ইহার দারা সমস্ত, প্রত্যেক, সকল, কিছু, কেহ, কতক লোক বা বন্তু ইত্যাদির মধ্যে এক বা একাধিক লোক বা বন্তু ইত্যাদির পূর্বে অবস্থাভেদে ইহার নানারপ ব্যবহার হইয়া থাকে।
- any other person অপর কোনো ব্যক্তি এই উক্তিয়ারা সম্পত্তি-হস্তান্তরের ফলে যেসমন্ত ঋণদাতা ক্ষতিগ্রন্থ ইইতে পারেন তাঁহাদের অন্তর্ভুক্ত করা হয় না। সংসদ প্রণীত
 আইনের কোনো ধারায় এক এক করিয়া কিছু পদাধিকারীর নাম উল্লেখ করিবার পর
 যদি 'অপর কোনো ব্যক্তি বা ব্যক্তিগণ যাহা হউক না কেন' উক্তি যোগ করা হয়, তাহা
 ইইলে ejusdem generies নীতি প্রাসঙ্গিক হয়, অর্থাৎ ওইরূপ ক্ষেত্রে 'অপর
 কোনো ব্যক্তি' বলিতে উল্লিখিত পদাধিকারীগণের অনুরূপ পদাধিকারী অপর ব্যক্তি বা
 ব্যক্তিগণকেও বুঝায়। দেওয়ানি কার্যবিধির ৫ আদেশের ১৬ নিয়ম-অনুসারে, সমনজারিকারক কর্মকর্তা বিবাদীকে ব্যক্তিগতভাবে বা বিবাদীর পক্ষে অপর কোনো
 ব্যক্তিকে সমনের অনুলিপি প্রদান করিবার সময়ে তাঁহার নিকট হইতে
 আবশ্যকীয়ভাবে প্রাণ্ডিস্বীকারস্বরূপ মূল সমনে তাঁহার দন্তখত গ্রহণ করিবেন।
- any person যে-কোনো ব্যক্তি অভিভাবকত্ব আইনের ৩১ ধারার (৪) উপধারার শেষাংশে ব্যবহৃত 'যে-কোনো ব্যক্তি' বলিতে কেবল বন্ধু বা আত্মীয় বুঝায় না, ব্যাপক অর্থে নাবালকের বন্ধু বা আত্মীয়স্বন্ধন ছাড়াও অন্য কোনো ব্যক্তির আবেদনকেও অন্তর্ভুক্ত করে। বিভিন্ন প্রেক্ষাপটে এই অভিব্যক্তিটি ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহৃত হইতে পারে। 'যে-কোনো ব্যক্তি' বলিতে কোনো সম্পূর্ণ আগন্তুক, যাঁহার সঙ্গে বাদীপক্ষের দূরবর্তী পর্যায়েও সংযোগ ছিল না এবং যাঁহার বাদীপক্ষকে সাহায্য করিবার ইচ্ছা কেবল ব্যক্তিগত আক্রোশপ্রসূত, এইরূপ ব্যক্তিকে বুঝায় না।
- anything prep. যে-কোনো কিছু প্রেক্ষাপট-অনুসারে এই উক্তিটি বহুলবিস্তৃত ও তাৎপর্যপূর্ণ এবং ইহা 'সবকিছু' অর্থের সমত্ল্য।

apartheid %b

apartheid n. বর্ণবাদ বি. যে-নীতির ছারা বর্ণবৈষম্যকরণ ও পৃথক্করণ করা হয়। বর্ণভিত্তিক পৃথকীকরণের নীতি।

- a person জনৈক ব্যক্তি জেনারেল ক্লজেজ অ্যাকটের ১৩ ধারার বিধানমতে 'এক ব্যক্তি' শব্দদারা একাধিক ব্যক্তিও বৃঝাইতে পারে।
- apology n. ক্ষমাপ্রার্থনা বি. (১) যে-সকল অসাংকল্পিক অবমাননার ক্ষেত্রে বিবাদী সরলচিত্তে ও বিনা অবহেলায় বাদীর মানহানি করিয়াছেন, কিন্তু একটি উপযুক্ত সংশোধনপ্রদান ও ক্ষমাপ্রার্থনা করিয়াছেন এবং ক্ষতিপূরণ করিয়াছেন, কিংবা (২) যেসকল ক্ষেত্রে বিদ্বেষ বা সূপ্রকট অবহেলা ব্যতীত একটি লিখিত কুৎসা (libel) কোনো সংবাদপত্র বা সাময়িকীতে প্রকাশিত হইয়াছে এবং মামলা শুরু হইবার পূর্বেই একটি ক্ষমাপ্রার্থনা প্রকাশ করা হইয়াছে, এইরূপ মানহানির মামলায় একপ্রকার আত্মপক্ষসমর্থন। এইসব মামলায় আত্মপক্ষসমর্থন ছাড়াও বিবাদী কর্তৃক ক্ষমাপ্রার্থনা বা ক্ষমাপ্রার্থনার প্রস্তাব প্রদান ক্ষতিপূরণের দায়ের নিবৃত্তি ঘটাইয়াছে বলিয়া ধরিয়া লওয়া হয়। বাংলাদেশের বিচারব্যবস্থায় আদালত-অবমাননাকারী শুরুতেই ক্রটিস্বীকারপূর্বক ক্ষমাপ্রার্থনা করিলে আদালত তাঁহার ক্রটি মার্জনা করিয়া এবং তাঁহার দণ্ডাদেশ মওকুফ করিয়া তাঁহাকে অব্যাহতি দিতে পারেন।
- apostacy n. বধর্মত্যাগ, ব্যাতবর্জন বি. কোনো ব্যক্তি কর্তৃক নিজের ধর্ম সম্পূর্ণরূপে পরিত্যাগ করিয়া অন্য কোনো ধর্ম গ্রহণ বা কোনো ধর্মই গ্রহণ না করা। মূলত ইহা খ্রিষ্টানদের ক্ষেত্রে প্রযোজ্য ছিল। এখন ইহা অন্য ধর্মাবলম্বীর ক্ষেত্রেও প্রযুক্ত হয়। ধর্মান্তরের দরুন পূর্বে হিন্দুদের উত্তরাধিকার বাতিল হইয়া যাইত। ১৮৫০ সালের হিন্দু উত্তরাধিকার (অযোগ্যতা ও অসমর্থতা) দুরীকরণ আইনদারা ওই ব্যবস্থা রহিত হইয়াছে। তবে কোনো হিন্দু ইসলামধর্ম গ্রহণ করিলে তাঁহার সম্পত্তি ইসলামি আইন-অনুসারে বণ্টিত হইলে তাঁহার হিন্দু উত্তরাধিকারীগণ হিন্দু আইনে প্রদত্ত উত্তরাধিকার দাবি করিতে পারিবেন না। পিতার ধর্মান্তরগ্রহণের কারণে নাবালক সন্তানের উপর তাঁহার অভিভাবকত্বের অধিকার নষ্ট হয় না। তবে পিতা যদি তাঁহার এই দায়িতু অন্য কাহারো উপর অর্পণ করেন বা সন্তানের ভরণপোষণ ও শিক্ষার ভার অন্যের উপর দেন, তাহা হইলে আদালত তাঁহার ধর্মান্তরিত পিতাকে পুনরায় অভিভাবকত্ব দিবেন না। আমাদের দেশে সাধারণত সন্তান তাঁহার পিতার ধর্ম অনুসরণ করিয়া থাকে। সেহেতু হিন্দু মা ধর্মান্তরিত হইলে নাবালকের স্বার্থে নাবালক সন্তানকে মায়ের অভিভাবকত্ব হইতে অপসারণ করিয়া কোনো হিন্দুকে অভিভাবকত দিতে হইবে। ইসলামধর্মে দীক্ষিত কোনো হিন্দু পিতা পালক বা দত্তক হিসাবে একজন হিন্দুর নিকট স্বীয় পুত্রকে প্রদানের ব্যাপারে অযোগ্য নহেন। খ্রিষ্টানধর্ম গ্রহণের ফলে হিন্দু পিতা তাঁহার সন্তান-সন্ততির হেফাজতের অধিকার

হইতে কিংবা তাহাদের লেখাপড়ার ব্যাপারে আদেশ বা নির্দেশ প্রদানের ব্যাপারে স্বীয় অধিকার হইতে বঞ্চিত হইবেন না। কোনো হিন্দু স্ত্রী ইসলামধর্ম গ্রহণ করিলেই স্বামীর সহিত তাঁহার বিবাহ-বিচ্ছেদ ঘটিবে না। মুসলিম আইন-অনুসারে কোনো হিন্দু কোনো মুসলমানের ভূসম্পত্তির উত্তরাধিকারী হইতে পারেন না। মুসলিম আইনটি কেবল জন্মসূত্রে মুসলমানদের ক্ষেত্রেই প্রযোজ্য নহে বরং উহা দীক্ষিত বা ধর্মান্তরিত মুসলমানদের ক্ষেত্রেও প্রযোজ্য। মুসলিম আইন-অনুযায়ী, স্বধর্মত্যাগী কোনো মুসলমান তাঁহার নাবালক সন্তানের বিবাহচ্ক্তি সম্পাদনের অধিকারী নহেন।

- a posteriori কার্য হইতে কারণ পর্যবেক্ষণ বা জ্ঞাত তথ্য হইতে লব্ধ সিদ্ধান্তভিত্তিক অর্থাৎ আরোহী পদ্ধতি-নির্ভর যুক্তিবিন্যাস-সম্পর্কিত। a priori ত্.।
- apparatus n. যন্ত্রপাতি বি. ১. কোনো কার্য বা উদ্দেশ্য সাধনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি। ২. কোনো সংগঠনের অভ্যন্তরীণ কাঠামো। ৩. কোনো জীবিত প্রাণীর সামগ্রিক দেহযন্ত্র।
- apparent adj. প্রতীয়মান বিণ. স্পষ্ট; প্রতিভাত; দৃষ্টিতে বা মনে যাহা পরিষ্কার; আপাতদৃশ্যমান যাহা বাস্তব হইতে ভিন্ন (তবে বিপরীত নহে)।
- apparent authority প্রতীয়মান কর্তৃত্ব এজেন্ট বা প্রতিনিধি বিষয়ক আইনে ইহা দ্বারা এইরূপ কর্তৃত্ব বুঝায় যাহা নিয়োগকারী জ্ঞাতসারে বা অবহেলাক্রমে তাঁহার প্রতিনিধিকে প্রতিগ্রহণ করিতে বা অনুমান করিয়া লইতে দেন। একজন যুক্তিসংগত বিচক্ষণ মানুষ হিসাবে তাঁহার নিয়োগকারীর আচরণের পরিপ্রেক্ষিতে শ্রম ও সুবিবেচনার সঙ্গে এইরূপ ক্ষমতা প্রয়োগের সুযোগ একজন প্রতিনিধির আছে বলিয়া স্বাভাবিকভাবে গণ্য করা হয়।
- apparent error প্রতীয়মান ভ্রম স্পষ্টত প্রতীয়মান ভূল যাহা বিশদ যুক্তিতর্ক ছাড়াই কাহারো পক্ষে শনাক্ত করা সহজ।
- appeal n. আপিল বি. সাধারণত নিম্নতম আদালতের রায়ের বিরুদ্ধে উর্ধ্বতন আদালতে বিচার প্রার্থনা করাকে আপিল বলা যায়। ১৮৮৭ সালের দেওয়ানি কার্যবিধিতে আপিলের কোনো সংজ্ঞার্থ প্রদান করা হয় নাই। কার্যবিধির ৯৬ ধারা হইতে ১১২ ধারা এবং ৪১ আদেশ হইতে ৪৫ আদেশ পর্যন্ত আপিলসংক্রান্ত নিয়মাবলি বর্ণিত হইয়াছে। ২০ ও ২১ ধারায় কোন আদালতের ডিক্রি বা আদেশের বিরুদ্ধে উর্ধ্বতন কোন আদালতে আপিল দায়ের করা যাইবে, সে-সম্পর্কে উল্লেখ করা হইয়াছে। ৯৬ ধারা-অনুসারে, দেওয়ানি কার্যবিধি আইনের কোনো অংশে অথবা বর্তমানে প্রচলিত অন্য কোনো আইনে স্পষ্টত অন্য কোনো বিধান না থাকিলে,

মূল এখতিয়ারসম্পন্ন কোনো আদালতের ডিক্রির বিরুদ্ধে বা উক্ত আদালতের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল শ্রবণের ক্ষমতাসম্পন্ন আদালতে আপিল দায়ের করা চলিবে। একতরফা মূল ডিক্রির বিরুদ্ধেও আপিল করা যাইতে পারে। বিবদমান পক্ষদয়ের সম্বতিক্রমে আদালত কোনো ডিক্রি দান করিলে তাহার বিরুদ্ধে কোনো আপিল চলিবে না। ৯৭ ধারা-অনুসারে, কোনো পক্ষ প্রাথমিক ডিক্রির বিরুদ্ধে আপিল দায়ের না করিয়া থাকিলে চডান্ত ডিক্রির বিরুদ্ধে দায়েরকৃত আপিলে প্রাথমিক ডিক্রির ভদ্ধতা সম্পর্কে প্রশ্ন উথাপন করিতে পারিবেন না। আপিলের নিয়মাবলি ৪১ আদেশে বর্ণনা করা হইয়াছে। ৪২ আদেশে বলা হইয়াছে यে, আপিল-আদালতের ডিক্রির বিরুদ্ধে আপিল হইলে সেক্ষেত্রে ৪১ আদেশের নিয়মসমূহ যতদূরসম্ভব প্রযোজ্য হইবে। ফৌজদারি কার্যবিধির ৪০৪ হইতে ৪৩১ ধারায় ফৌজদারি মোকদ্দমার আপিল সম্পর্কে বিধান রহিয়াছে। উক্ত কার্যবিধির ৪০৪-৪১০ ধারায় কোন আদালতের দোষী সাব্যস্তকরণ বা দণ্ডাদেশ ইত্যাদির বিরুদ্ধে উর্ধ্বতন কোন আদালতে আপিল দায়ের করা যাইবে, সে-সম্পর্কে উল্লিখিত হইয়াছে। ফৌজদারি কার্যবিধির ৪১৮ ধারা-অনুসারে, বিষয়ের প্রশ্নে এবং আইনের প্রশ্নে আপিল হইতে পারে। ৪১৯ ধারায় বলা হইয়াছে যে, প্রত্যেক আপিল লিখিত আবেদনপত্রের আকারে করিতে হইবে, তাহা আপিলকারী বা তাঁহার অ্যাডভোকেট কর্তৃক দায়ের হইতে হইবে এবং এইরূপ প্রত্যেকটি আবেদনপত্রের সহিত (যে-আদালতে আপিল দায়ের করা হইতেছে সে-আদালত ভিনুরূপ নির্দেশ না দিলে) যে-রায় বা আদেশের বিরুদ্ধে আপিল করা হইতেছে তাহার একটি নকল দিতে হইবে। আপিল দায়েরকৃত মামলার ক্রমধারায় অবিচ্ছিন্ন বিধায় মামলাটি লোপ বা বাতিল হওয়ার আইন প্রযোজ্য হইবে যদিও মামলার ডিক্রি জারির পর এবং আপিন বিদ্যমান থাকাকালীন ওই আইন প্রয়োগ হয়। Province of East Pakistan v. S. A. Khan 40 DLR (AD) 202 দ্র.। আপিলে বিচারকার্য পুনঃশুনানির মাধ্যমে সম্পন্ন হয়। এই ক্ষেত্রে সাক্ষীদের ব্যক্তিগতভাবে গুনানি না করিয়া নিম্ন আদালতে গহীত সাক্ষ্যপ্রমাণাদি ব্যবহার করিয়া উচ্চ আদালত নিম্ন আদালতের মামলার রায় পুনর্বিবেচনা করেন। নিম্ন আদালতের মতো উচ্চ আদালত সাধারণভাবে যে-কোনো নির্দেশ দিতে পারে, কিন্তু এই ক্ষমতা ব্যবহারের ক্ষেত্রে কিছু বাধানিষেধ রহিয়াছে; যেমন, ফৌজদারি মামলার ক্ষেত্রে আপিল আদানত নিম্ন আদানত অপেক্ষা কঠোর দও আরোপ করিতে চাহেন না। প্রাথমিক আপিল আদালত ঘটনার প্রশ্নে নিম্ন আদালতের সিদ্ধান্ত মানিতে বাধ্য নহেন এবং সাক্ষ্যপ্রমাণ বিবেচনা করিয়া ভিন্ন সিদ্ধান্তে উপনীত হইতে পারেন, কিন্ত প্রাথমিক আপিল আদালত ঘটনার প্রশ্নে যে-সিদ্ধান্তে উপনীত হন উচ্চতর আপিল আদালত আইনগত ক্রটি ব্যতীত তাহা বাতিল করেন না।

- appeal against order আদেশের বিরুদ্ধে আপিল দেওয়ানি কার্যবিধির ১০৪ ধারার
 (১) উপধারা ও ৪৩ আদেশের ১ নিয়মে উল্লিখিত আদেশসমূহের বিরুদ্ধে আপিল
 করা চলিবে এবং অন্য কোনো আদেশ বা আপিলে প্রদন্ত আদেশের বিরুদ্ধে আপিল
 চলিবে না।
- appear vb. হাজির হওয়া ক্রি. প্রবেশ করা, হাজির হওয়া বা হাজির দেখানো।
 কোনো পক্ষ বা আইনজীবী হিসাবে আদালতের বা ট্রাইব্যুনানের সম্মুখে দপ্তায়মান
 হওয়া। দেওয়ানি কার্যবিধির ৯ আদেশের ১৩ নিয়ম-অনুসারে কেবলমাত্র কোনো
 পক্ষকে ধার্যতারিখে আদালত চত্বরে দেখা গিয়াছিল, এই কারণেই উক্ত পক্ষ
 আদালতে উপস্থিত হইয়াছিলেন বলিয়া সাব্যস্ত করা যায় না। নিয়ুক্ত আইনজীবী যদি
 শুনানিতে অংশগ্রহণমূলক কিছু করিয়া থাকেন যাহা আইনজীবীর মাধ্যমে পক্ষের
 উপস্থিতি বলিয়া গণ্য হইতে পারে, তাহা হইলে মুলত্বিকরণের আবেদন নামনজুর
 করিবার পর সংশ্লিষ্ট আইনজীবীকে মোকদমা হইতে প্রত্যাহার করিয়া লওয়া হইলেও
 উহা পক্ষের অনুপস্থিতি বলিয়া গণ্য হয় না। সমন বা গ্রেপ্তারি পরওয়ানা ব্যতীত
 আসামির স্বেছয় আদালতে আত্মসমর্পণিও হাজির হওয়ার অন্তর্ভক্ত।
- appellant n. আপিলকারী বি. যিনি বা যাঁহারা আপিল-মোকদ্দমা আনয়ন করেন। আপিলকারী বিদেশে বসবাস করিলে এবং আপিলের বিষয়বন্তু-সংক্রান্ত সম্পত্তি ছাড়া আপিলকারীর স্থাবর সম্পত্তি না থাকিলে দেওয়ানি কার্যবিধির ৪১ আদেশের ১০ নিয়ম-অনুসারে আদালত আপিলকারীর নিকট হইতে জামানত তলব করিতে পারেন। ৪১ আদেশের ১৭ নিয়মে বলা হইয়াছে যে, (১) আপিলের শুনানির জন্য ধার্য তারিখে অথবা গুনানি মূলতুবি হইলে পরবর্তী তারিখে গুনানির জন্য ডাক পড়িলে যদি আপিলকারী হাজির না হন তবে আদালত আপিল থারিজের আদেশ দিওে পারিবেন। (২) যদি আপিলকারী হাজির হন, কিন্তু প্রতিবাদী হাজির না হন তবে একতরফাভাবে আপিলের গুনানি হইবে। ২২ আদেশের ১১ নিয়ম-অনুসারে, আপিলকারীর মৃত্যু হইলে তাঁহার ওয়ারিশগণ পক্ষ হইয়া আপিল চালাইতে পারিবেন। দণ্ডিত ব্যক্তি জেলে থাকিলে তিনি ফৌজদারি কার্যবিধির ৪২০ ধারা-অনুসারে দণ্ডদেশের বিরুদ্ধে কারাকর্তৃপক্ষের মাধ্যমে আদালতে আপিল প্রেরণ করিতে পারিবেন। উক্ত কার্যবিধির ৪৩১ ধারা-অনুসারে ফৌজদারি আপিলে জরিমানার বিরুদ্ধে আপিলের ক্ষেত্রে আপিলকারীর মৃত্যুতে আপিল বাতিল হয় না। কিন্তু অন্যান্য ক্ষেত্রে আসামির বা আপিলকারীর মৃত্যুতে আপিল বাতিল হয় না। কিন্তু অন্যান্য ক্ষেত্রে আসামির বা আপিলকারীর মৃত্যুতে আপিল বাতিল হয় না। কিন্তু অন্যান্য ক্ষেত্রে আসামির বা আপিলকারীর মৃত্যুতে আপিল বাতিল হয় না।
- appellate court আপিল-আদালত যে-আদালতে আপিল দায়ের করা হয় এবং যে-আদালতের উক্ত আপিল নিম্পত্তির ক্ষমতা রহিয়াছে। দেওয়ানি কার্যবিধির ১০৭ ধারায় আপিল-আদালতের ক্ষমতা সম্পর্কে বলা হইয়াছে যে, যেরূপ শর্ত বা সীমানা নির্ধারণ করা হয়, তৎসাপেক্ষে কোনো আপিল-আদালতের নিম্নলিখিত ক্ষমতাগুলি

থাকিবে: কোনো মোকদ্দমার চূড়ান্ত নিম্পত্তি করা; কোনো মোকদ্দমা পুনর্বিচারের জন্য প্রেরণ করা; ইস্যুগঠন ও সেগুলি বিচারের জন্য প্রেরণ করা; অতিরিক্ত সাক্ষ্যগ্রহণ বা এইরূপ সাক্ষ্যগ্রহণের নির্দেশদানের ক্ষমতা; কোনো মৌলিক এখতিয়ারসম্পন্ন আদালতের উপর উক্ত আদালতের এখতিয়ারহুক্ত মামলার ব্যাপারে যেরূপ ক্ষমতা ও কর্তব্য আরোপিত হইয়া থাকে, উল্লিখিত শর্তসাপেক্ষে আপিল-আদালতের উপরও এইরূপ ক্ষমতা এবং প্রায় একইরূপ কর্তব্য বর্তাইবে। ফৌজদারি কার্যবিধির ৪২৩ ধারায় আপিল-আদালতের ক্ষমতা সম্পর্কে বলা হইয়াছে। খালাস আদেশের বিরুদ্ধে আপিলের ক্ষেত্রে আপিল-আদালত তাহা বাতিল করিতে, আসামির পুনর্বিচার করিতে, বা আসামিকে দোষী সাব্যস্ত করিতে এবং দগুদেশ দিতে পারিবেন। ঘোষী সাব্যস্তকরণ আদেশের বিরুদ্ধে আশিল-আদালত সিদ্ধান্ত ও দগুদেশ বাতিল করিয়া আসামিকে খালাস দিতে, তাঁহার পুনর্বিচারের আদেশ দিতে, দোষী সাব্যস্তকরণ আদেশ পরিবর্তন করিতে, দগুদেশ ব্রাস করিতে বা তাহা বৃদ্ধি না করিয়া তাহার প্রকৃতি পরিবর্তনে আদেশ দিতে পারেন। দগুদেশবৃদ্ধির জন্য আনীত আপিলে আদালত তাহা বৃদ্ধি করিতে পারেন।

appellate division আণিল বিভাগ (ক) ১৯৭২ সালের ১৬ ডিসেম্বরের পূর্বের বাংলাদেশ হাইকোর্টের আপিল বিভাগ, এবং (খ) উহার পরে যে-কোনো সময়ের জন্য সংবিধানের অধীন গঠিত বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।

appellate jurisdiction আপিলের এখতিয়ার নিম্ন আদালতের রায় বিবেচনার জন্য উচ্চ আদালতে দায়েরকৃত আপিলের শুনানি সম্পর্কে বিচারকের ক্ষমতা। দেওয়ানি আদালত আইনের বিধান অনুসারে যুগা জেলা জজ, অতিরিক্ত জেলা জজ ও হাইকোর্ট বিভাগ দেওয়ানি মামলায় এবং ফৌজদারি কার্যবিধির বিধান-অনুসারে জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত দায়রা জজ, দায়রা জজ ও হাইকোর্ট বিভাগ ফৌজদারি মামলায় আপিল গুনিবার এখতিয়ারপ্রাপ্ত। কিন্ত কেবল জেলা জজ ও হাইকোর্ট বিভাগের পক্ষে দেওয়ানি আপিল গ্রহণ করিবার এবং জেলা ম্যাজিক্রেট, দায়রা জজ এবং হাইকোর্ট বিভাগের পক্ষে ফৌজদারি আপিল গ্রহণ করিবার এখতিয়ার আছে। আপিল গ্রহণ করিবার পর ওই আদালত স্বয়ং তাহার বিচার করিতে পারেন অথবা তাহা বদলি করিলে এখতিয়ারসম্পন্ন অপর কোনো আদালত তাহার বিচার করিতে পারেন। সংবিধানের ১০৩ অনুচ্ছেদ-অনুসারে হাইকোর্ট বিভাগের রায়, ডিক্রি, আদেশ বা দহাদেশের বিরুদ্ধে আপিল গুনানির এখতিয়ার আপিল বিভাগের আছে। হাইকোর্ট বিভাগকর্তৃক কোনো ব্যক্তিকে আদালত-অবমাননার জন্য দণ্ডদান অথবা কোনো ব্যক্তিকে মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ড দান করিলে কিংবা মামলাটিতে সাংবিধানিক ব্যাখ্যার বিষয়ে আইনের গুরুত্বপূর্ণ প্রশ্ন জড়িত রহিয়াছে, এই মর্মে সার্টিফিকেট প্রদান না করিলে আপিল বিভাগের অনুমতি ছাড়া আপিল বিভাগ কোনো আপিল গ্রহণ বা শ্রবণ করেন না।

- appendix n. পরিশিষ্ট বি. সংযুক্ত, সংশ্লিষ্ট, আনুষঙ্গিক, উপান্ধ। যাহা কোনো বৃহত্তর বস্তুর সঙ্গে যুক্ত করা হইয়াছে। সহায়ক বস্তু যাহা অপরিহার্য নয়। কোনো দলিল বা বইয়ের শেষে অনুযোজিত কোনো সংযুক্তি যাহার সহায়ক মূল্য আছে, কিন্তু উক্ত দলিল বা বইয়ের সম্পূর্ণতার জন্য অত্যাবশ্যক নহে। দেওয়ানি কার্যবিধির ৪৮ আদেশের ৩ নিয়মে বলা হইয়াছে যে, পরিশিষ্টে ফরমগুলি ক্ষেত্রবিশেষে প্রয়োজনীয় সংশোধনী সহকারে উহাতে উল্লিখিত উদ্দেশ্যে ব্যবহৃত হইবে।
- appertaining সংশ্রিষ্ট থাকা কোনো কিছুর অংশস্বরূপ হওয়া; সম্পর্ক থাকা; স্বাভাবিক নিয়মে দখলিভুক্ত থাকা বা পরিব্যাপ্ত থাকা; কোনো কিছুর সহিত বৈশিষ্ট্যপূর্ণ হওয়া। সম্পূর্ণের অংশবিশেষ কোনো কিছু।
- applicable law প্রযোজ্য আইন কোনো বিশেষ লেনদেন বা চুক্তি সম্পর্কে প্রযোজ্য এখতিয়ার-সম্পর্কিত আইন। বহু রাষ্ট্র আন্তর্জাতিক রোম কনভেনশনের স্বাক্ষরকারী (১৯৮০ সালে অনুষ্ঠিত এই কনভেনশন ১ এপ্রিল ১৯৯১ হইতে কার্যকর হয়)। এই কনভেনশনে বলা হইয়াছে যে, পক্ষগুলির পছন্দকৃত আইনকে সম্মান করা ইইবে এবং প্রাসঙ্গিক চুক্তিতে নির্দিষ্ট কোনো শর্ত না থাকিলে চুক্তির সঙ্গে দেশটির নিকটতম সম্পর্কযক্ত আইনগুলি প্রযোজ্য হইবে।
- applicant n. দরখান্তকারী বি. যে-ব্যক্তি দরখান্ত করেন; যে-ব্যক্তির নিকট হইতে বা যাঁহার মাধ্যমে দরখান্তকারী দরখান্ত করিবার অধিকার লাভ করেন। তামাদি আইনের ২(১) ধারায় বলা হইয়াছে যে, বিষয়বন্তু বা প্রসঙ্গের পরিপন্থী না হইলে, যে-ব্যক্তির নিকট হইতে বা যাহার মাধ্যমে দরখান্তকারী তাঁহার দরখান্ত করিবার অধিকার লাভ করেন, সেই ব্যক্তিও দরখান্তকারীর অন্তর্ভুক্ত হইবেন।
- application n. আবেদনপত্র বি. আদালতের নিকট কোনো দরখান্ত; বিচারবিভাগীয় কোনো কর্মকর্তার নিকট অনুরোধ; কোনো অনুরোধ করিবার কার্য। যদি ইহা কোনো কর্তৃপক্ষের নিকট কোনো প্রতিকারের প্রার্থনায় বা অপর কোনো কর্তৃপক্ষের আদেশ রদ বা রহিত করিবার জন্য দাখিলকৃত বিধিবদ্ধ আইনের অধীন কোনো আবেদনপত্র হয়, তাহা হইলে ইহা আপিল হিসাবে গণ্য হইবে।
- applied adj. প্রয়োগকৃত বিণ. যদি কোনো নির্দিষ্ট পরিমাণ অর্থ অনুদ্ধরণীয়ভাবে পরহিতকর বা ধর্মীয় উদ্দেশ্যে বরাদ্দপূর্বক নির্ধারিত করিয়া রাখা হয়, তাহা হইলেই উহা উক্ত উদ্দেশ্যে প্রয়োগ করা হইয়াছে বিলয়া গণ্য করা যায়। নিঃশেষিত বা সম্পূর্ণরূপে ব্যবহার করা হইয়াছে, ইহা আবশ্যকীয়ভাবে এমন বুঝায় না। এতৎসহ apply দ্র.।
- apply vb. প্রয়োগ করা ক্রি. বাস্তবে কার্যকর করা; কোনো কিছুর সহিত কোনো বৈধ সম্বন্ধ থাকা; কোনো বিশেষ উদ্দেশ্যে ব্যবহার বা প্রয়োগ করা; কোনো বিশেষ ব্যবহার,

- লক্ষ্য, চাহিদা বা বিষয়বস্তুর সহিত বা উদ্দেশ্যে যথাযথভাবে নিয়োজিত করা; আবেদনপত্র দাখিল বা আবেদন করা; কোনো কিছুর সংস্পর্শে রাখা বা স্থাপন করা।
- applying the proviso শর্ত বা অনুবিধির প্রয়োগ proviso দ্র.।
- appointed adj. নিযুক্ত বিণ. কোনো বিশেষ বা নির্দিষ্ট কার্যে বা পদে কোনো ব্যক্তির নিয়োগ। নিয়োগের কোনো বিশেষ শর্ত নির্ধারিত না হইয়া থাকিলে উক্ত পদে তাঁহার নিয়োগ নিয়মিত নিয়োগের সমপর্যায়ভুক্ত বলিয়া বিবেচিত হইবে।
- appointed day নির্ধারিত তারিখ কোনো আইন প্রবর্তনের বা বলবংকরণের নিমিত্তে ধার্য তারিখ।
- appointee n. নিযুক্ত ব্যক্তি ১. যে-ব্যক্তির অনুকূলে নিয়োগক্ষমতা প্রয়োগ করা হয়। ২. বিশেষ উদ্দেশ্যসাধনের জন্য নির্বাচিত ব্যক্তি।
- appointment निয়োগ বি. power of appointment দ্ৰ.।
- appointor n. নিয়োগকারী বি, নিয়োগদানের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি।
- apportion vb. ভাগ করা ক্রি. বিভাজন করা; যথাযথ অংশ নির্দিষ্ট করিয়া দেওয়া; বন্টন করা; বরাদ্দ করা। অংশানুপাতে সাহাম বন্টন এবং বিলি করা।
- apportionment n. অংশানুপাতে বিভাজন একাধিক ব্যক্তির মধ্যে তাঁহাদের স্বত্ব ও দায় অংশহারে ন্যায়ানুপাতিক বিভাজন।
- apportionment of contract চুক্তির অংশবিভাজন একটি চুক্তির এক বা একাধিক অংশের পালনকারী ওই চুক্তির অংশ বা অংশহার বলবৎ করিতে অধিকারী হইবেন যদি অপর অংশ বাদ দিয়া সম্পূর্ণ চুক্তিটি বে-আইনি না হয়।
- appraisal n. মৃশ্যায়ন বি. বিশেষভাবে নির্ণয় করিতে উপযুক্ত কোনো ব্যক্তি কর্তৃক বিবেচনা বা মৃশ্যায়ন বা মৃশ্যনির্ধারণ।
- appraisement n. মূল্যনির্ধারণ বি. কোনো পণ্য বা সম্পত্তির মূল্যনির্ধারণ, বিশেষ করিয়া কোনো ডিক্রিজারির কার্যে জব্দ বা ক্রোককৃত কিংবা আদালতের আদেশের অধীন মালামালের মূল্যনির্ধারণ করা। শুল্কধার্যের জন্য তদুদ্দেশ্যে নিযুক্ত শুল্ক-কর্মকর্তা কর্তৃক আমদানিকৃত পণ্যের মূল্যনির্ধারণ।
- appraiser n. মৃল্য নির্ধারণকারী বি. উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত কোনো ব্যক্তি যিনি তাঁহার পরিদর্শনাধীন বিষয়ের বা সম্পত্তির মূল্য, মান ও কার্যকরতা নির্ধারণ করেন।

90 appropriate

appreciate vb. যথাযথ মূল্যায়ন করা ক্রি. কোনো কাজের প্রকৃতি ও ফলাফলের সহিত সম্বন্ধযুক্তভাবে মূল্য বা মান নির্ধারণ করা; ঠিকভাবে মূল্যায়ন করা। ইহা জানা, বুঝা বা উপলব্ধি করিবার সমার্থক হইতে পারে।

- apprehend vb. আশকা করা, গ্রেপ্তার করা ক্রি. আইনগত কার্যধারাবলে ধরা; প্রহরায় আটক করা; বৈধ পরওয়ানাবলে বা বৈধ কর্তৃপক্ষ কর্তৃক গ্রেপ্তার করা; কোনো উদ্বেগ বা ভয়-ভীতির পূর্ব-অনুমান করা।
- apprehension n. আশঙ্কা, সন্দেহ পুলিশ অফিসার কোনো ব্যক্তিকে কৌজদারি কার্যবিধির ৫৪, ৫৫ এবং ৫৭ ধারায় যুক্তিসংগত সন্দেহবশত গ্রেপ্তার করিতে পারেন।
- apprentice n. শিক্ষানবিশ বি. শিক্ষাগ্রহণকারী; যাহাকে কোনো ব্যবসা-বাণিজ্য বা কোনো কিছু তৈরি, মেরাযত ইত্যাদির কাজ শিক্ষা দেওয়ার জন্য ভর্তি করা হইয়াছে। সাধারণত কোনো নাবালক যে শিক্ষানবিশি-সংক্রান্ত আইনানুগ চুক্তির আওতায় তাহার শিক্ষাদাতার নিকট হইতে কোনো শিল্প, বাণিজ্য বা ব্যবসা শিক্ষালাভ করিতে এবং তাহার নিয়োণকর্তাকে শিক্ষানবিশির কাল পর্যন্ত সেবা দান করিতে বাধ্য। শিক্ষাগ্রহণ করিতে ইচ্ছুক কোনো ব্যক্তি যিনি কোনো হস্তুশিল্প বা ব্যবসা ইত্যাদি শিক্ষালাভের নিমিত্ত বৈধ চুক্তির আওতায় নিয়োগকর্তাকে নির্দিষ্ট সময়কাল সেবা প্রদান করিতে সক্ষত। ১৯৬২ সালের শিক্ষানবিশি অধ্যাদেশের ২(ক) ধারা-অনুসারে শিক্ষানবিশ বলিতে এমন কোনো ব্যক্তিকে বুঝায় যিনি শিক্ষানবিশি ব্যবস্থায় প্রশিক্ষণ গ্রহণ করিতেছেন। ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ স্থায়ী আদেশ আইনের ২ (ক) ধারা-অনুসারে 'শিক্ষানবিশ' বলিতে যে-শিক্ষার্থীকে প্রশিক্ষণ-গ্রহণকালে ভাতা দেওয়া হয় তাহাকে বুঝাইবে।
- approbate and reprobate গ্রহণ ও বর্জন করা কেহ কোনো দলিলের (যেমন, দানের দলিল) সুবিধা ভোগ করিবেন অথচ উক্ত দলিলসংশ্লিষ্ট দায় বহন করিবেন না, ইহা অনুজ্ঞেয় নহে।
- appropriate adj. উপযুক্ত, মানানসই বিণ. বিশেষ উদ্দেশ্যে অন্য সকল কিছু হইতে আলাদা করিয়া রাখা; আত্মসাৎ করা; বৈশিষ্ট্যপূর্ণ করা; অনন্য বা একচেটিয়া ভোগাধিকার দাবি করা; শব্দসমূহকে বা কোনো উন্ধিকে প্রয়োজনীয় ও যথাযথ ধারণার সহিত খাপ-খাওয়ানো; সহিংস বা অহিংসভাবে অন্যের নিকট হইতে কোনো কিছুকে নিজের করিয়া লওয়া। বরাদ্দ করা, নিয়োজিত করা, আলাদা করা, বা কোনো নির্দিষ্ট ব্যক্তি বা বন্ধুর প্রতি বা কোনো বিশেষ উদ্দেশ্যে কোনো কিছুর প্রয়োগ করা। কোনো নির্দিষ্ট অর্থ কোনো নির্দিষ্ট উদ্দেশ্যে বা কোনো নির্দিষ্ট অর্থ কোনো নির্দিষ্ট উদ্দেশ্যে বা কোনো নির্দিষ্ট দাবি পরিশোধে ব্যয় করিবার জন্য নির্ধারিত করা বা পরামর্শ দেওয়া। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৮(ঘ)

appropriation

96

ধারা-অনুসারে খাইখানাসি বন্ধকে বন্ধকদাতা বন্ধকি সম্পত্তির দখন বন্ধকগ্রহীতাকে অর্পণ করেন এবং বন্ধকের টাকা ও তাহার সদ পরিশোধের জন্য ওই সম্পত্তির আয় ব্যবহার করা হয়।

- appropriation n. নির্দিষ্টকরণ বি. (প্রশাসনিক আইনে) কোনো বিশেষ উদ্দেশ্যে অর্থবরাদ। বার্ষিক নির্দিষ্টকরণ আইন-অনুযায়ী প্রতি বংসর সরকারি ব্যয়নির্বাহের জন্য সঞ্চিত নিধি হইতে প্রয়োজনীয় মনজরি দান করা হয়। ইহাতে বিভিন্ন সরকারি দপ্তরের জন্য এবং বিভিন্ন খাতে ব্যয়বরাদ্দ নির্দিষ্ট হইয়া থাকে।
- appropriation of payments ঋণশোধের বরাদ্ধ একই উত্তমর্ণের নিকট একজন অধমর্ণের কতিপয় প্রদেয় ঝণের মধ্যে একটি বিশেষ ঝণের জন্য এক বা একাধিক পরিশোধ বরাদ্দকরণ। প্রথমে বরাদ্দের ক্ষমতা অধমর্ণেরই থাকে. কিন্তু তিনি যদি ঝণশোধকালে বরাদ্দ নির্দিষ্ট না করেন, তবে উত্তমর্ণই বরাদ্দ স্থির করিতে পারেন। চলতি হিসাবের ক্ষেত্রে, কোনো সুস্পষ্ট নির্দিষ্টকরণের অনুপস্থিতিতে, সাধারণত সর্বাপেক্ষা পরাতন অপরিশোধিত ঋণের খাতে পরিশোধ নির্দিষ্ট করা হয়।
- approval and permission অনুমোদন এবং অনুমতি সাধারণভাবে 'অনুমোদন' এবং 'অনুমতি' শব্দ্বয়ের এইরূপ পার্থক্য করা হয় যে, অনুমোদনের ক্ষেত্রে কোনো কাজ অসমর্থিত হইবার পর্ব পর্যন্ত যথায়থ বলিয়া গণ্য হয়। অনমতির ক্ষেত্রে অনুমতি লাভ না করা পর্যন্ত কোনো কাজ কার্যকর বা বৈধ হইবে না। তবে পরবর্তীকালে প্রদত্ত অনুমতিও পর্ববর্তী কাজকে বৈধতা দান করিতে পারে।
- approve vb. অনুমোদন করা ক্রি. কাজ্ফিত উদ্দেশ্যের জন্য যথেষ্ট বলিয়া এইণ করা। ভালো বলিয়া ঘোষণা করা; কোনো কিছুর উপযুক্ততা বা উৎকর্ষ স্বীকার করা। সন্তুষ্ট হওয়া। পণ্যদ্রব্য পরীক্ষাকালে অনুমোদন করা: প্রশাসনের নীতি অনুমোদন করা ।
- approved adi. অনুমোদিত বিণ, চুক্তির কোনো পক্ষ সমঝোতার মুসাবিদার শেষ প্রান্তে অনুমোদিত লিখিয়া নিজের স্বাক্ষরযুক্ত করিলে উহার দ্বারা তিনি উক্ত মুসাবিদাকে বাধ্যতামূলক চুক্তিতে পরিণত করেন এবং উহার দ্বারা কেবল দলিল কর্তৃক প্রদন্ত রূপের অনুমোদন ব্যক্ত করেন না।
- approver n. রাজসাক্ষী বি. যে-ব্যক্তি নরহত্যা, সশস্ত্র ডাকাতি, সরকারি তহবিল লুটপাট ইত্যাদির ন্যায় কোনো অপরাধ নিজে করিয়াছেন বলিয়া স্বীকারপর্বক উক্ত অপরাধ-সংঘটনে অন্যদেরকে অভিযুক্ত করেন। যিনি নিজে কোনো গুরুতর অপরাধ করিয়া উহা স্বীকার করেন এবং উক্ত অপরাধ বা ওই ধরনের অন্য কোনো অপরাধ-সংঘটনে তাঁহাকে যাঁহারা সহায়তা করিয়াছিলেন তাঁহাদেরকে অভিযক্ত করেন এবং

- অনুরূপ সহায়তার বিষয়ে প্রমাণ করিতে সমত হন। যে-ব্যক্তি দোষস্বীকারপূর্বক রাষ্ট্রপক্ষে সাক্ষ্য দান করেন। ফৌজদারি কার্যবিধির ৩৩৭ ধারা-অনুসারে ম্যাজিস্ট্রেট এবং ৩৩৮ ধারা-অনুসারে সম্পূর্ণভাবে সত্য ঘটনা প্রকাশ করিবার শর্তে দায়রা আদালত রাজসাক্ষীকে ক্ষমা প্রদর্শন করিতে পারেন।
- approximately adv. মোটামুটি ক্রি. বিণ. বিক্রীত পণ্যের বর্ণনায় 'মোটামুটি' উজি বিক্রেতাকে কিঞ্চিৎ (কমবেশি বৃঝাইবার) স্বাধীনতা দেয় যাহা তুলনামূলকভাবে তুচ্ছ বা নগণ্য। যেমন, পরিমাপের ক্ষেত্রে কোনো কিছু মোটামুটি ৩৬ ফুট বলিলে উহা ৩৫ বা ৩৭ ফুট হইতে পারে, কিছু ৩০ ফুট বা ৪০ ফুট হইবে না। দেওয়ানি কার্যবিধির ৭ আদেশের ২ নিয়ম-অনুসারে, যে-ক্ষেত্রে বাদী টাকা আদায়ের জন্য মামলা করেন, সেক্ষেত্রে দাবির টাকার সঠিক পরিমাণ আরজিতে উল্লেখ করিতে হইবে। কিন্তু বাদী যদি অর্প্তবিভালীন মুনাফার জন্য অথবা বিবাদীর সহিত তাঁহার অমীমাংসিত হিসাববাবদ সম্ভাব্য পাওনা টাকার জন্য মামলা করেন তবে আরজিতে দাবির টাকার মোটামুটি পরিমাণ উল্লেখ করিতে হইবে।
- appurtenance n. অঙ্গীভূত ৰস্তু জমি বা সম্পত্তি সংক্রান্ত মূল অধিকারের সহিত যুক্ত আনুষঙ্গিক অধিকার।
- appurtenant adj. আনুষঙ্গিক, সংশ্লিষ্ট বিণ. ভূমির সঙ্গে সংযুক্ত বা সংলগ্নীকৃত এবং ভূমি বা ভূমির ব্যবহার বর্ধক। একটি বর্তস্বত্ব (easement) অবশ্যই একটি প্রধান ভূম্যধিকারের (dominant tenement) ভূমি-সংলগ্ন হইতে হইবে, তবে একটি ফলভোগাধিকারের (profit a prendre) পক্ষে তাহা হইবার প্রয়োজন নাই।
- a prendre অপরের জমি হইতে সুফল লাভ করিবার অধিকার ইহা অন্যের জমির উপর দিয়া চলাচল করিবার অধিকার হইতে ভিন্ন এমন সুফল বা সুবিধা লাভের বা গ্রহণের অধিকার যাহা উক্ত জমিতে কোনোপ্রকার স্বার্থ সৃষ্টি করে না।
- a priori কারণ হইতে কার্য বিমূর্ত ভাব-নির্ভর যে-যুক্তিবিন্যাস বিশেষ বিশেষ কারণের কার্য পূর্বেই অনুমান করে কিংবা (আরো শিথিলভাবে) এমন একটি প্রাক্প্রত্যার অঙ্গীকার করে, যাহা যতদূর জানা যায় সত্য, সেই যুক্তিবিন্যাস-সম্পর্কিত, অর্থাৎ অবরোহী যুক্তিবিন্যাস। a posteriori তু.।
- arable land চাষযোগ্য জমি কর্ষণ করিবার উপযুক্ত ভূমি।
- arbitrage n. মূল্যপার্থক্য হইতে মুনাফা একই সময়ে ভিন্ন ভিন্ন স্থানে একই বস্তুর ভিন্ন ভিন্ন দাম থাকা অবস্থায় একস্থান হইতে ক্রয় করিয়া অন্যস্থানে বিক্রয় করিয়া মুনাফা করা। যেমন, কোনো কোম্পানির শেয়ার ক্রয়-বিক্রয় করিয়া একই সময়ে ঢাকা ও চট্টগ্রামের দামের পার্থক্য হইতে মুনাফা করা।

arbitrary adj. স্বেচ্ছাচারী বিণ, ন্যায়-অন্যায় তোয়াক্কা না করিয়া আকাজ্ফা বা অভিরুচি-মাফিক কিছু করা: মতামত বা পছন্দ-নির্ভর বিধায় খেয়ালখুশিপূর্ণ কাজ।

arbitration n. সালিশি বি. আদালতের পরিবর্তে এক বা একাধিক নিরপেক্ষ তৃতীয় পক্ষের দ্বারা কোনো বিরোধের নিষ্পত্তি। সালিশি চুক্তির শর্তানুযায়ী বিবদমান পক্ষণ্ডনি কিংবা অনুরূপ শর্তের অবর্তমানে আদালত সালিশকারী নিযুক্ত করেন। একজন সালিশকারী নির্ভুলভাবে আইন প্রয়োগ করিতে বাধ্য, তবে সাধারণভাবে তিনি তাঁহার পছন্দ-অনুযায়ী যে-কোনো পদ্ধতি অবলম্বন করিতে পারেন। তিনি সাক্ষ্য-আইনের নিরাকরণাত্মক বিধিসমূহ (exclusionary rules) মানিতে বাধ্য নহেন, তবে তাঁহাকে স্বাভাবিক ন্যায়নীতি মানিয়া চলিতে হয়। একজন সালিশের সিদ্ধান্তকে সালিশি রোয়েদাদ বলা হয় এবং এই রোয়েদাদ আইনি প্রশ্নে হাইকোর্টে আপিলের বিষয় হইতে পারে। কতিপয় বিশেষ ধরনের সালিশিতে মামলারত দুই পক্ষকর্তৃক সালিশকারী নিয়োগ করিবার রীতি রহিয়াছে। যদি সালিশকারীগণ বিবাদের বিষয়ে একমত হইতে ব্যর্থ হন, তবে তাঁহারা একজন অতিরিক্ত সালিশ নিযুক্ত করিবেন। সালিশি রোয়েদাদ দিবার ক্ষেত্রে তাঁহার নির্ণায়ক ভোট থাকে (Alternative Dispute Resolution দ্র.)। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের মধ্যে সম্পাদিত জে চক্তির (Jav treaty) সত্রে আধুনিককালে আন্তর্জাতিক সালিশির সূচনা হইয়াছে। এই চুক্তি মিশ্র কমিশনদ্বারা রাষ্ট্রগুলির আইনি বিবাদ মীমাংসা করিবার ব্যবস্থা লইয়াছে। ১৮৯৯ ও ১৯০৭ সালের হেগ সম্মেলনে যে-সালিশিবিধি প্রণীত হইয়াছিল তাহাই এখন প্রথানুগ আন্তর্জাতিক আইনের অংশ হইয়াছে। ১৮৯৯ সালের হেগ সম্মেলন স্থায়ী সালিশি আদালত গঠন করিয়াছে। প্রকৃতপক্ষে ইহাকে আদালত বলা যাইবে না, তবে ইহা রাষ্ট্রগুলির বিবাদ-মীমাংসার জন্য মধ্যস্থতাকারী সংঘ বা সমিতি। একটি সালিশি ব্যবস্থায় তিনভাবে সম্মতি দেওয়া যায় : (১) কোনো চক্তিতে বিশেষ সালিশি ধারা যুক্ত করিয়া, (২) ভবিষ্যৎ বিবাদ মীমাংসার জন্য সালিশি পদ্ধতির আয়োজন-সংক্রোন্ত একটি সালিশি চুক্তির মাধ্যমে, এবং (৩) বর্তমান বিবাদ মীমাংসাকল্পে একটি বিশেষ সালিশি চ্ক্তি প্রণয়নের মাধ্যমে। ২০০১ সালের সালিশি আইন-অনুসারে, বাংলাদেশের নাগরিক ও প্রতিষ্ঠানের মধ্যে এবং বাংলাদেশী নাগরিক বা প্রতিষ্ঠান এবং বিদেশি নাগরিক, বিদেশি অভিবাসী, বিদেশি কোম্পানি বা বিদেশিদের নিয়ন্ত্রিত সংস্থা অথবা বিদেশি সরকারের মধ্যে বাণিজ্যিক বিষয়ে সালিশির এবং সালিশের রোয়েদাদ আদালতের ডিক্রিব্রপে জারি করিবার সুযোগ রহিয়াছে। সালিশি রোয়েদাদের কার্যকরতা-সম্পর্কিত দেওয়ানি কার্যবিধির কিছু শর্তসাপেক্ষে বিদেশি সালিশি রোয়েদাদ জারি করিবারও সুযোগ রহিয়াছে। সংশ্রিষ্ট পক্ষণ্ডলির সম্বতিক্রমে সালিশির যে-কোনো পর্যায়ে মধ্যস্থতা, আপস বা অন্য কোনো উপায়ে বিবাদের মীমাংসা করা যাইতে পারে। আন্তর্জাতিক বাণিজ্যিক বিষয়ে সালিশি রোয়েদাদ হাইকোর্ট বিভাগ বাতিল করিতে পারিবেন ৷ আন্তর্জাতিক বাণিজ্ঞাক বিষয় বাতীত অন্য যে-কোনো বিষয়ে সালিশি রোয়েদাদ দেওয়ানি আদালত বাতিল করিতে পারিবেন, তবে দেওয়ানি আদালতের অনুরূপ বাতিল-আদেশের বিরুদ্ধে হাইকোর্ট বিভাগে আপিল করা যাইবে।

arbitration agreement সালিশি চুক্তি বর্তমান অথবা ভবিষ্যৎ একটি আইনি বিবাদ নিষ্পত্তির জন্য সালিশিতে প্রেরণের চুক্তি। এইরূপ চুক্তি দুইপ্রকার : ১. একটি বিদ্যমান বিবাদ সালিশিতে প্রেরণের চুক্তি সম্পর্কে, ২. ভবিষ্যতে উদ্ভূত হইতে পারে এমনসব বিবাদ সম্পর্কিত। দ্বিভীয় প্রকারের চুক্তি অনেক বেশি প্রচলিত। সালিশি চুক্তির জন্য বিশেষ কোনো নির্দিষ্ট রীতি অনুসরণের প্রয়োজন নাই; তবে তাহাতে সালিশির স্থান উল্লেখ থাকিবে এবং হয় সালিশকারী বা সালিশকারীদেরকে নিয়োগদান করা হইবে অথবা (সচরাচর যাহা ঘটে) নচেৎ দুইপক্ষের মতৈক্য না ঘটিলে কীভাবে তাঁহাদেরকে নিয়োগদান করা হইবে তাহা বিবৃত থাকিবে। দুইজন সালিশকারী যুক্ত থাকিয়াও বিষয়ের নিম্পত্তি করিতে ব্যর্থ হইলে আম্পায়ার নিয়োগদান করিবার পদ্ধতিও চুক্তিতে থাকিতে ও ব্যাখ্যাত হইতে হইবে। ২০০১ সালের সালিশ আইনের ২(ঢ) ধারা-অনুসারে উক্ত আইনে আম্পায়ার-নিয়োগের কোনো সুযোগ নাই।

arbitration clause সালিশি দফা চুক্তি হইতে উদ্ভূত বিবাদ-বিসংবাদ সালিশিতে প্রেরণের সম্মতি বিষয়ে চুক্তিতে লিখিত একটি সুস্পষ্ট দফা।

arbitration council সালিশি পরিষদ ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশের ২(ক) ধারায় বলা হইয়াছে যে, ওই অধ্যাদেশে, বিষয়বন্থ বা প্রসদ হইতে বিপরীত কিছু না থাকিলে, সালিশি পরিষদ বলিতে চেয়ারম্যান ও ওই অধ্যাদেশে আলোচিত বিষয়ে প্রত্যেক পক্ষের একজন করিয়া প্রতিনিধি লইয়া গঠিত কোনো সংস্থাকে বুঝাইবে এবং ২(খ) ধারা-অনুসারে চেয়ারম্যান বলিতে ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান বা নগর করপোরেশনের মেয়রকে বুঝাইবে। ওই অধ্যাদেশের ৬(১) ধারা-অনুসারে সালিশি পরিষদের পূর্বানুমতি ছাড়া কোনো পুরুষ একটি বিবাহ বলবৎ থাকাকালে অপর একটি বিবাহ করিতে পারিবেন না এবং ওই অধ্যাদেশের ৬(৫) ধারা-অনুসারে যে-পুরুষ সালিশি পরিষদের অনুমতি ব্যতিরেকে আরেকটি বিবাহ করিবেন তাঁহাকে অবিলম্বে তাঁহার বর্তমান স্ত্রী বা স্ত্রীগণের তলবি অথবা বিলম্বিত দেনমোহরের যাবতীয় টাকা পরিশোধ করিতে হইবে এবং অভিযোগক্রমে অভিযুক্ত হইলে তিনি একবংসর পর্যন্ত বিনাশ্রমে কারাদও অথবা দশহাজার টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয় প্রকারের দণ্ডে দণ্ডনীয় হইবেন। ওই অধ্যাদেশের ৭ ধারা-অনুসারে তালাকের বিজ্ঞপ্তি পাইবার ত্রিশদিনের মধ্যে চেয়ারম্যান সালিশি পরিষদ গঠন করিয়া পক্ষদের পুন্র্মিলনের উদ্দেশ্যে সকলপ্রকার

archives 50

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। সানিশি পরিষদে দায়েরকৃত মামলার কোনো পক্ষই ওই পরিষদের সদস্য হইতে পারিবে না। সানিশি পরিষদের যে-কোনো সিদ্ধান্ত সংখ্যাগরিষ্ঠের মতের ভিত্তিতে গৃহীত হইবে।

- archives n. মহাফেজখানা বি. সরকারি অথবা প্রাতিষ্ঠানিক দলিল-দন্তাবেজ বা অন্যান্য ঐতিহাসিক দলিলপত্রের সংগ্রহ; যেখানে ওই সকল গুরুত্বপূর্ণ দলিলপত্র প্রণালিবদ্ধভাবে সংরক্ষণ করা হয়।
- argument n. সওয়াল-জবাব, যুক্তিতর্ক বি. সাধারণত মোকদ্দমায় সাক্ষ্য সমাও হইবার পর উভয় পক্ষ বা তাঁহাদের নিযুক্ত কৌসুলিগণ নিজ নিজ মোকদ্দমার সপক্ষে যে-বক্তব্য বা বিবৃতি আদালতে লিখিত বা মৌখিকভাবে প্রদান করেন। ফৌজদারি কার্যবিধির ২৬৫(এ৯) ধারায় যুক্তিতর্ক সম্পর্কে বলা হইয়াছে যে, আসামি পক্ষের সাক্ষীদের (যদি থাকে) জবানবন্দি গৃহীত হইবার পর সরকারি কৌসুলি তাঁহার বক্তব্যের সারসংক্ষেপ পেশ করিবেন এবং আসামি বা তাঁহার উকিল উহার উত্তরদানের অধিকারী হইবেন। তবে শর্ত থাকে যে, যে-ক্ষেত্রে আসামি বা তাঁহার উকিল আইনগত কোনো প্রশ্নের অবতারণা করেন, সেক্ষেত্রে সরকারি কৌসুলি আদালতের অনুমতিক্রমে প্রশ্নটি সম্পর্কে তাঁহার বক্তব্য পেশ করিতে পারিবেন। দেওয়ানি মোকদ্দমার ক্ষেত্রে যুক্তিতর্ক শ্রবণ বা যুক্তিতর্কের জন্য দিন ধার্য করা আবশ্যকীয় বিধান নহে। তবে পক্ষগণের ইচ্ছায় আদালত যুক্তিতর্ক শ্রবণ করিতে পারেন। ও যুক্তিতর্কের জন্য দিন ধার্য করিতে পারেন।
- arise vb. উবিত হওয়া, উদ্ভূত হওয়া ক্রি. কোনো উৎস হইতে উবিত হওয়া, প্রবাহিত হওয়া বা উদ্ভূত হওয়া; জন্মলাভ করা; অস্তিত লাভ করা।
- arising out of employment কর্ম হইতে উদ্ভূত ১৯২৩ সালের শ্রমিক ক্ষতিপূরণ আইনের ৩ ধারা-অনুসারে এই অভিব্যক্তিটি এতই ব্যাপক অর্থবহ যে-কোনো ঘটনাকে ইহার অন্তর্ভুক্ত করিতে শ্রমিকের কর্ম এবং দুর্ঘটনাজনিত ক্ষতির মধ্যে সরাসরি কোনো যোগাযোগ থাকা আবশ্যক হয় না। তবে সাধারণত দুর্ঘটনার ফলে ক্ষতি এবং কর্মের মধ্যে একটি সংযোগ থাকা 'কর্ম হইতে উদ্ভূত' অভিব্যক্তির আবশ্যকীয় উপাদান।
- armchair principle আরামকেদারা নিয়মসূত্র ইচ্ছাপত্র-ব্যাখ্যার ক্ষেত্রে প্রযুক্ত একটি বিশেষ নিয়ম। এই নিয়মে ইচ্ছাপত্রের লিখন ব্যাখ্যা-বিশ্লেষণের জন্য ইচ্ছাপত্র প্রণয়নের সময়কার বিদ্যমান পরিস্থিতিকে সাক্ষ্যপ্রমাণ হিসাবে ব্যবহার করা যায়। উদাহরণস্বরূপ, এইরূপ সাক্ষ্যপ্রমাণ ইচ্ছাপত্রে গুধু ডাকনামের দ্বারা উল্লিখিত একজন হিতভোগীর পরিচয় প্রতিষ্ঠিত করিতে পারে। এই মূলসূত্রের উদ্ভব হয় একটি

by arms license

সুপরিচিত বৈচারিক পর্যবেক্ষণ হইতে, যাহাতে বলা হইয়াছে যে, একটি ইচ্ছাপত্র ব্যাখ্যা করিবার সময়ে নিজেকে ইচ্ছাপত্রকারের আরামকেদারায় বা স্থানে স্থাপনপূর্বক ইচ্ছাপত্রকার তাঁহার ইচ্ছাপত্র প্রণয়নের সময়ে যে, পারিপার্শ্বিকতার দ্বারা পরিবেষ্টিত ছিলেন, তাহা বিবেচনা করা যাইতে পারে।

armed conflict সশস্ত সংঘৰ্ষ war দু.।

- armed insurrection সশস্ত্র অভ্যুত্থান প্রতিষ্ঠিত বৈধ কর্তৃত্ব বা সরকারি নিয়ন্ত্রণের বিরুদ্ধে সশস্ত্র প্রতিরোধ; প্রাথমিক বা সীমিত বিদ্রোহও বুঝায়।
- armistice n. যুদ্ধবিরতি বি. যুদ্ধরত দেশ বা বাহিনীর মধ্যে শত্রুতার বা যুদ্ধের সাময়িক বিরতি। বিবদমান পক্ষদের মধ্যে সমঝোতা বা মতৈক্যের ভিত্তিতে বিরোধের বা যুদ্ধের সাময়িক বিরতি বা অবসান।
- armistice and peace যুদ্ধবিরতি ও শান্তি যুদ্ধবিরতির ক্ষেত্রে অবকাশের পর আবার যুদ্ধ সংঘটনের সম্ভাবনা থাকে; শান্তি বলিতে পরস্পর বন্ধুত্বপূর্ণ সম্পর্ক স্থাপন ও মেলামেশার অবস্থায় এমন উত্তরণ বুঝায় যেখানে পুনরায় বৈরিতা শুরু করিবার কোনো ইঙ্গিত থাকে না। যুদ্ধবিরতিতে যুদ্ধের প্রশুটি অমীমাংসিত থাকে, কিছু শান্তিতে অন্যায়ের প্রতিকার অর্জিত হইয়াছে বা প্রতিকারের দাবি আনুষ্ঠানিকভাবে পরিত্যক্ত হইয়াছে বলিয়া ইঙ্গিত দেয়।
- arms n. অন্ধ্র বি, আক্রমণ করিবার বা আত্মরক্ষা করিবার হাতিয়ার। অন্ধ্র বলিতে এমন কিছু বোঝায় যাহা আত্মরক্ষার নিমিত্ত কোনো ব্যক্তি পরিধান করেন অথবা কাহাকেও আঘাত করিবার জন্য হাতে তুলিয়া লন বা আক্রমণ করিবার উদ্দেশ্যে ব্যবহার করেন। ১৮৭৮ সালের অন্ধ্র আইনের ৪ ধারা-অনুসারে, প্রসঙ্গ বা বিষয়বন্তু অনুসারে বিপরীত কোনো অর্থ না বুঝাইলে, অন্ত্রশন্ত্র বলিতে সকল প্রকার আগ্নেয়ান্ত্র, বেয়োনেট, তরবারি, ছোরা, বর্শা, বর্শাফলক, তীর-ধনুক এবং কামান ও অন্ত্রশন্ত্রর ধুচরা যন্ত্রাংশসমূহ এবং অনুরূপ অন্ত্র-নির্মাণের যন্ত্রপাতিকে বুঝাইবে। দণ্ডবিধির ১২২ ধারা-অনুসারে, যে-ব্যক্তি বাংলাদেশের বিরুদ্ধে যুদ্ধ করা বা যুদ্ধের অভিপ্রায়ে প্রস্তৃতিগ্রহণের মতলবে লোকজন, অন্ত্রশন্ত্র বা গোলাবারুদ সংগ্রহ করেন বা পক্ষান্তরে যুদ্ধের প্রস্তৃতি নেন, তিনি যাবজ্জীবন বা দশ বৎসর পর্যন্ত কারাদত্তে এবং তদুপরি অর্থদন্তে দণ্ডিত হইতে পারেন। এতৎসহ arms licence দ্র.।
- arms license অন্ত্রশন্ত্রের অনুমতিপত্র ১৮৭৮ সালের অন্ত্র আইনের অধীনে প্রদন্ত লাইসেন্স বা অনুমতিপত্র। লাইসেন্সকৃত বলিতে যে-অন্ত্রশন্ত্র সম্পর্কে অনুরূপ লাইসেন্স প্রদন্ত ইইয়াছে তাহাকে বুঝায়। অন্ত্র আইনের ১৩ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি লাইসেন্স ব্যতীত এবং লাইসেন্স অনুমোদিত পরিমাণ ও পদ্ধতি ব্যতীত কোনো অন্ত্রশন্ত্র বহন করিতে পারিবেন না।

- arraign vb. অভিযুক্ত করা ক্রি. লিখিত অভিযোগের ভিত্তিতে প্রকাশ্য আদানতে আসামিকে নাম ধরিয়া কাঠগড়ায় ডাকিয়া, তাঁহাকে অভিযোগপত্র পড়িয়া গুনাইয়া এবং তিনি দোষী না নির্দোষ তাহা জিজ্ঞাসা করিয়া কোনো ফৌজদারি বিচার গুরু করা। তখন বিবাদী অভিযোগ সম্পর্কে তাঁহার বক্তব্য উপস্থাপন করেন এবং এইভাবে অভিযোগ দায়েরের কাজ সম্পূর্ণ হয়। indictment দ্র.।
- arrangement n. ব্যবস্থা বি. ১. (বাণিজ্যিক ও কোম্পানি আইনের ক্ষেত্রে) scheme of arrangement ও voluntary arrangement দ্র.। ২. (আন্তর্জাতিক আইনের ক্ষেত্রে) treaty দ্র.।
- arrangement with creditors ঋণদাতার সহিত বন্দোবস্ত বা সমঝোতা দেনাদার ও ঋণদাতার মধ্যে দাবি-নিম্পন্তির ব্যাপারে মতৈক্য।
- arrears n. বকেয়া বি. বকেয়া বলিতে কেবল অর্থ অপরিশোধিত বুঝায় না, বরং
 নির্দিষ্ট সময়ে অর্থ অপরিশোধিত থাকাও বুঝায়। এই উক্তিটি দেনাদার কর্তৃক কিছু
 নিয়ম-লজ্ফন এবং ঋণ-পরিশোধে অক্ষমতা সম্পুক্ত করে।
- n. প্রেপ্তার, প্রেফতার বি. অপরাধকর্ম করিবার সন্দেহে কোনো ব্যক্তিকে আটক। পুলিশই সাধারণত গ্রেপ্তার করিয়া থাকে, যদিও নির্ধারিত অবস্থায় যে-কোনো ব্যক্তি গ্রেপ্তার করিতে পারেন। কোনো কোনো ক্ষেত্রে পুলিশের কাছে ম্যাজিক্রেটের স্বাক্ষরযুক্ত গ্রেপ্তারি পরওয়ানা থাকিতে হইবে এবং সেই পরওয়ানা অবশ্যই অভিযুক্তকে দেখাইতে হইবে (যদিও ইহা যে গ্রেপ্তারের সময়েই দেখাইতে হইবে এমন কোনো কথা নাই)। গ্রেপ্তারযোগ্য অপরাধের জন্য পরওয়ানার প্রয়োজন নাই। অধিকন্ত যদি পুলিশ যুক্তিসংগতভাবে মনে করে যে গ্রেপ্তারযোগ্য নহে এমন একটি অপরাধ সংঘটিত হইয়াছে বা হইতেছে, তবে ওই সন্দেহভাজন ব্যক্তিকে নিম্নোক কারণে গ্রেপ্তার করিতে পারে : (১) যদি গ্রেপ্তারকারী মনে করেন যে, সমনজারি বাস্তবসম্মত বা উপযুক্ত নহে, কারণ সাধারণভাবেই গ্রেপ্তারের অবস্থা সেখানে বিদ্যমান (যেমন, যদি তিনি যুক্তিসংগতভাবে বিশ্বাস করেন যে, সন্দেহভাজন ব্যক্তিকে গ্রেপ্তার করা প্রয়োজনীয়, অন্যথায় তিনি অনিষ্ট করিতে পারেন): অথবা (২) গ্রেপ্তারি পরওয়ানা ছাড়াও গ্রেপ্তার করিবার মতো সুনির্দিষ্ট সংবিধিবদ্ধ ক্ষমতা তাঁহার রহিয়াছে (যেমন মাতাল অবস্থায় মোটরগাডি-চালনা কিংবা অনৈতিক কর্মে আমন্ত্রণজ্ঞাপনের ক্ষেত্রে): অথবা প্রথাসিদ্ধ আইনে গ্রেপ্তারের ক্ষমতা রহিয়াছে (breach of peace দ্র.)। গ্রেপ্তারের সময়ে অভিযুক্তকে অবশ্যই জানাইতে হইবে যে, তাঁহাকে গ্রেপ্তার করা হইতেছে এবং তাঁহাকে গ্রেপ্তার করিবার কারণও অবহিত করিতে হইবে। যে-ব্যক্তিকে পলিশ গ্রেপ্তার করিতেছেন, তাঁহার বিরুদ্ধে সাক্ষ্যপ্রমাণ হিসাবে বাবহৃত হইতে পারে এমন যে-কোনো জ্বিনিস পুলিশ তন্মাশ করিতে পারেন। যিনি গ্রেপ্তার করিতেছেন বা

গ্রেপ্তারে সাহায্য করিতেছেন, তিনি পরিস্থিতি-অনুযায়ী অপরিহার্য বলও প্রয়োগ করিতে পারেন। আইনসম্মত গ্রেপ্তার প্রতিরোধের প্রয়াস পুলিশকে আঘাত করা বা তাঁহার কর্তব্যকর্মে বাধাদান-ঘটিত অপরাধ হইতে পারে। যে-ব্যক্তি বিশ্বাস করেন যে, তাঁহাকে অন্যায়ভাবে গ্রেপ্তার করা হইয়াছে, তিনি হেবিয়াস কর্পাসের জন্য আবেদন করিতে পারেন এবং অকারণ কারাবাসের জন্য গ্রেপ্তারকারীর বিরুদ্ধে মামলা করিতে পারেন। bail, caution, detention, remand দ্র.।

বাংলাদেশে ফৌজদারি কার্যবিধিতে পলিশ-কর্মকর্তাকে পরওয়ানাসহ কিংবা কতিপয় ক্ষেত্রে পরওয়ানা ছাড়াই কোনো ব্যক্তিকে গ্রেপ্তার করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে। ইহা ছাড়া কোনো কোনো ক্ষেত্রে সাধারণ মানুষও প্রয়োজনে অপরাধীকে গ্রেপ্তার করিতে পারেন। ম্যাজিস্টেটের সম্বাথে অপরাধ সংঘটিত হইলে তিনিও গ্রেপ্তার করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির পঞ্চম অধ্যায়ের ৪৬ হইতে ৬৬ পর্যন্ত ধারায় গ্রেপ্তারের নিয়মকানুন বা বিধি-পদ্ধতির বিবরণ আছে। সরকারি পাওনা আইনের ২৯ ও ৩০ ধারায় সার্টিফিকেট দেনাদারের গ্রেপ্তারের নিয়ম বর্ণনা করা হইয়াছে। বাংলাদেশ দথবিধির ২২৪ ও ২২৫ ধারায় আইনসমত গ্রেপ্তারে প্রতিবন্ধকতা সৃষ্টির জন্য শান্তির বিধান রহিয়াছে। বাংলাদেশের সংবিধানের ৩৩ অনুচ্ছেদের ১ দফা-অনুসারে গ্রেপ্তারকত কোনো ব্যক্তিকে যথাসম্ভবশীঘ গ্রেপ্তারের কারণ না জানাইয়া প্রহরায় আটক করিয়া রাখা যাইবে না এবং উক্ত ব্যক্তিকে তাঁহার মনোনীত আইনজীবীর সহিত পরামর্শের বা তাঁহার দ্বারা আত্মপক্ষসমর্থনের অধিকার হইতে বঞ্চিত করা যাইবে না। উক্ত ৩৩ অনুচ্ছেদের ২ দফায় বলা হইয়াছে যে, গ্রেপ্তারকৃত ও প্রহরায় আটক প্রত্যেক ব্যক্তিকে গ্রেপ্তারের ২৪ ঘণ্টার মধ্যে নিকটতম ম্যাজিট্রেটের নিকট হাজির করা হইবে এবং ম্যাজিস্ট্রেটের আদেশ ব্যতীত তাঁহাকে তদতিরিক্তকাল আটক রাখা যাইবে না। ৩৩ অনুচ্ছেদের ১ ও ২ দফা সেই ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, (ক) যিনি বর্তমান সময়ের জন্য বিদেশী শক্ত্র অথবা (খ) যাঁহাকে নিবর্তনমূলক আটকের বিধান-সংবলিত কোনো আইনের অধীনে গ্রেপ্তার বা আটক করা হইয়াছে।

arrestable offence গ্রেপ্তারযোগ্য অপরাধ ইংল্যান্ডের আইনে যে-অপরাধের জন্য
নির্ধারিত বাধ্যতামূলক দণ্ড অথবা পাঁচ বছরের কারাদণ্ডের বিধান রহিয়াছে (যেমন,
চুরি)। আরো কিছু অপরাধ রহিয়াছে, যেগুলি গ্রেপ্তারযোগ্য অপরাধের মধ্যে পড়ে,
যদিও সেগুলি ওইরূপ অপরাধের স্বাভাবিক শর্ত পূরণ করে না। উদাহরণ হিসাবে বলা
যায়, না জানাইয়া কাহারও মোটরগাড়ি সাময়িক ব্যবহারের জন্য লইয়া যাওয়া
গ্রেপ্তারযোগ্য অপরাধ, যদিও এই অপরাধের জন্য সর্বোচ্চ কারাদণ্ড মাত্র তিন বৎসর।
গ্রেপ্তারযোগ্য অপরাধ করিবার জন্য প্ররোচিত করা, অনুরূপ অপরাধ করিতে প্রবৃত্ত
হওয়া, বা অপরাধ করিবার জন্য ষড়যন্ত্র করা, অথবা অপরাধের সহযোগী হওয়াও
গ্রেপ্তারযোগ্য অপরাধ। অন্য সকল অপরাধ গ্রেপ্তার-অযোগ্য অপরাধ বলিয়া অভিহিত

হয়। গ্রেপ্তারযোগ্য অপরাধে লিপ্ত অথবা গ্রেপ্তারযোগ্য অপরাধে সন্দেহভাজন লোক**কে** যে-কোনো ব্যক্তি আইনসন্মতভাবে গ্রেপ্তার করিতে পারেন। গ্রেপ্তারযোগ্য অপরাধ সংঘটিত হইলে ন্যায়সংগতভাবেই সন্দেহভাজন অপরাধীকে বিনা পরওয়ানায়ও গ্রেপ্তার করা হইতে পারে। পুলিশ যদি সন্দেহ করিয়া থাকে যে, গ্রেপ্তারযোগ্য অপরাধ ঘটিয়া গিয়াছে তাহা হইলে ন্যায়সংগতভাবে অপরাধীকে গ্রেপ্তার করিতে পারে। অপরাধ করিতে প্রবৃত্ত অনুরূপ ব্যক্তিকে কিংবা অনুরূপ অপরাধ করিতে পারেন বলিয়া পুলিশ যুক্তিসংগতভাবে সন্দেহভাজন ব্যক্তিকে গ্রেপ্তার করিতে পারে। যদি পুলিশের এমন সন্দেহ হয় যে, গ্রেপ্তারযোগ্য অপরাধীকে আশ্রয় দেওয়া হইয়াছে তাহা হইলে যে-কোনো স্থান তল্লাশ করিতে পারে। গ্রেপ্তারযোগ্য অপরাধে দোষী ব্যক্তিকে গ্রেপ্তার করিতে বা তাঁহার বিরুদ্ধে আদালতে মামলা রুজু করিবার ক্রেত্রে বাধাদান বিশেষ অপরাধ বলিয়া গণ্য। ফৌজদারি কার্যবিধির ৪(চ) ধারা-অনুসারে আমলযোগ্য অপরাধে পুলিশ-কর্মকর্তা আসামিকে বিনা পরওয়ানায় গ্রেপ্তার করিতে পারেন। ইংল্যান্ডের মতো বাংলাদেশে অপরাধকে গ্রেপ্তারযোগ্য ও গ্রেপ্তার-অযোগ্য অপরাধে বিভক্ত করা হয় না বরং আমলযোগ্য ও আমল-অযোগ্য অপরাধে বিভক্ত করা হয়। কেবল আমলযোগ্য অপরাধে পলিশ বিনা পরওয়ানায় আসামিকে গ্রেপ্তার করিতে পারে। এতৎসহ cognizable offence দ্র.।

arrest and detention in the civil prison প্রেপ্তার ও দেওয়ানি ফাটকে আটক দেওয়ানি কার্যবিধির ৫১(গ) ধারা ও ২১ আদেশের ৩৭-৪০ নিয়ম-অনুসারে, ডিক্রিদারের আবেদনক্রমে দায়িককে গ্রেপ্তার ও দেওয়ানি ফাটকে আটক রাখা যায়। তবে মহিলা, নাবালক এবং অপ্রকৃতিস্থ ব্যক্তিগণকে দেওয়ানি ফাটকে আটক রাখার নির্দেশ দেওয়া বা আটক রাখা যাইবে না।

arrest and imprisonment শ্রেণ্ডার এবং কারাবাস দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ৩৯ নিয়ম-অনুসারে, কোনো ব্যক্তিকে যদি দেওয়ানি কারাগারে আটক রাখা হয়, তাহা হইলে যাঁহার আবেদনক্রমে উক্ত আটক-আদেশ দেওয়া হইবে তাঁহাকে উক্ত ব্যক্তির বোরপোশ বাবদ আদালত-নির্ধারিত মাসিক ভাতা প্রত্যেক মাসের পয়লা তারিখের পূর্বেই জমা দিতে হইবে।

arrest before judgment রায় ঘোষণার পূর্বে শ্রেপ্তার আদালতের রায় ঘোষণার পূর্বেও গ্রেপ্তার করা যাইতে পারে। দেওয়ানি কার্যবিধির ৩৮ আদেশের ১ নিয়মঅনুসারে কতিপয় ক্ষেত্রে আদালত বিবাদীকে গ্রেপ্তার করিবার জন্য পরওয়ানা জারি
করিতে পারিবেন এবং কেন তিনি আদালতে হাজির হইবার জন্য জামানত প্রদান
করিবেন না তাহার কারণ দশহিবার জন্য তাঁহাকে আদালতের সম্মুখে আনিবার
আদেশ দিতে পারিবেন। বিবাদী যদি পরওয়ানা জারিকারক কর্মকর্তার নিকট বাদীর
দাবিকৃত অর্থ জমা দেন তবে তাঁহাকে গ্রেপ্তার করা যাইবে না।

- arrest on suspicion সন্দেহবশত শ্লেপ্তার ফৌজদারি কার্যবিধির ৫৪ ধারা-অনুসারে পুলিশ ওয়ারেন্ট বা পরওয়ানা ব্যতীত সন্দেহবশত কোনো ব্যক্তিকে প্রেপ্তার করিতে পারেন, যদি যুক্তিসংগত সন্দেহ থাকে। বর্তমান ৫৪ ধারায় একজন পুলিশ কর্মকর্তা প্রেপ্তার করিবার কোনো কারপ প্রেপ্তারকৃত ব্যক্তিকে জানাইতে বাধ্য নন। ইহা সংবিধানের ৩৩(১) অনুচ্ছেদের পরিপাস্থী। ওই অনুচ্ছেদ-অনুসারে প্রেপ্তারকৃত কোনো ব্যক্তিকে যথাসম্ববশীঘ্র প্রেপ্তারের কারণ জ্ঞাপন না করিয়া প্রহরায় আটক রাখা যাইবে না এবং উক্ত ব্যক্তিকে তাঁহার মনোনীত আইনজীবীর সহিত এবং তাঁহার দ্বারা আত্মপক্ষসমর্থনের অধিকার হইতে বঞ্চিত করা যাইবে না। BLAST v. Bangladesh 55 DLR 363 মামলায় হাইকোর্ট বিভাগ ফৌজদারি কার্যবিধির ৫৪ ও ১৬৭ ধারা সংবিধানের ২৭, ৩১, ৩২, ৩৩ ও ৫ অনুচ্ছেদের সহিত অসমঞ্জস বলিয়া উক্ত ধারা দুইটিকে সংশোধন করার জন্য সুপারিশ করেন।
- arrest without warrant বিনা পরওয়ানায় প্রেপ্তার বিনা পরওয়ানায় পূলিশ কোন কোন ব্যক্তিকে কখন গ্রেপ্তার করিতে পারে তাহা ফৌজদারি কার্যবিধির ৫৪, ৫৫ ও ৫৭ ধারায় বলা হইয়াছে। ফৌজদারি কার্যবিধির ৫৮ ধারা-অনুসারে, কোনো ব্যক্তিকে বিনা পরওয়ানায় গ্রেপ্তারের ক্ষমতাপ্রাপ্ত কোনো পূলিশ-কর্মকর্তা বাংলাদেশের যে-কোনো স্থানে উক্ত ব্যক্তিকে অনুসরণ করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ১৫১ ধারা-অনুসারে, কোনো পুলিশ-কর্মকর্তা আমলযোগ্য অপরাধ প্রতিরোধের জন্য বিনা-পরওয়ানায় হড়যন্ত্রকারী ব্যক্তিকে প্রেপ্তার করিতে পারেন। কোন কোন অপরাধের ক্ষেত্রে বিনা পরওয়ানায় গ্রেপ্তার করা যাইবে তাহা ফৌজদারি কার্যবিধির ২ তফসিলে বলা হইয়াছে। ফৌজদারি কার্যবিধির ৪(১) ধারা-অনুসারে, আমলযোগ্য অপরাধের ক্ষেত্রে দ্বিতীয় তফসিল অথবা বলবৎ অন্য কোনো আইন-অনুসারে কোনো পূলিশ-কর্মকর্তা বিনা পরওয়ানায় গ্রেপ্তার করিতে পারেন।
- arrive vb. গন্তব্যে পৌছানো ক্রি. ভ্রমণ করিয়া কোনো নির্দিষ্ট গন্তব্যের স্থানে পৌছানো বা উপস্থিত হওয়া।
- arrived ship উপনীত জাহাজ জাহাজভাড়া-চুক্তিপত্রের বিধান-অনুসারে, জাহাজ যখন জাহাজঘাটায় পৌছিবার খুব নিকটবর্তী স্থানে নোঙ্গর করিয়া পণ্য খালাসের জন্য প্রস্তুত, এই মর্মে বিজ্ঞপ্তি দেয় এবং জাহাজঘাটায় প্রবেশের জন্য নির্ধারিত, প্রথাণত এবং স্বাভাবিক স্থানে অপেক্ষমাণ থাকিয়া নিজের প্রস্তুত অবস্থায় থাকা সম্পর্কে ঘোষণা দিয়া থাকে। এত্যসহ Lay days দ্র.।
- arson n. অগ্নিসংযোগ বি. কোনো আইনসম্মত অজুহাত ছাড়া ইচ্ছাকৃতভাবে অগ্নিযোগে ধ্বংসসাধন বা সম্পত্তিহানি। দণ্ডবিধির ৪৩৫-৪৩৮ ধারা-অনুসারে অগ্নিসংযোগে ক্ষতিসাধন দণ্ডনীয় অপরাধ।

article n. অনুচ্ছেদ বি. ইহা নানা অর্থ জ্ঞাপন করে। যেমন, সংবিধান, দলিল বা চুক্তির অংশ বা অনুচ্ছেদ; একাধিক বস্তুর একটি; স্বতন্ত্র অংশ বা ভাগ; সাময়িকীতে প্রকাশিত রচনা ইত্যাদি। বহুবচনজ্ঞাপক articles শব্দ বলিলে সাধারণত সম্পূর্ণ দলিলটি বুঝাইয়া থাকে। যেমন, সংঘবিধি (articles of association)।

- articles of association সংঘবিধি বি. নিবন্ধনকৃত কোম্পানির ব্যবস্থাপনার নিয়মাবলি। সংঘশ্বারকের বিধানাবলি ও ওই নিয়মাবলি সমবায়ে কোম্পানির গঠনতর গঠিত হয়। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২(প) ধারা-অনুসারে কোম্পানির সংঘবিধি। তবে শর্ত থাকে যে, কোম্পানি-সংক্রান্ত যে-কোনো আইন, যাহা ওই আইন-প্রবর্তনের পূর্বে বলবৎ ছিল, তাহার অধীনে গঠিত কোনো কোম্পানির সংঘবিধি, ওই আইনের বিধানাবলির সহিত অসংগতিপূর্ণ না হইলে, ওই আইনের বিধান-অনুসারে প্রণীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।
- artificial humidification কৃত্রিম অর্দ্রেতা উৎপাদন-প্রক্রিয়ার কারণে বায়ুমণ্ডনে অনিবার্যভাবে তাপ অথবা জলীয় বা নির্গমন ছাড়া যে-কোনো কৃত্রিম প্রক্রিয়ায় কারখানার কোনো কক্ষের বাতাসে অর্দ্রেতা সৃষ্টি করা। শর্ত হইতেছে, কক্ষের তাপমাত্রা ৮০ ডিগ্রি বা তাহার অপেক্ষা বেশি থাকা অবস্থায় জানালা, দরজা, ভিজামাদুর অথবা পর্দা দারা বাহির হইতে সরাসরি বাতাস তুকিলে তাহাকে কৃত্রিম অর্দ্রতা সৃষ্টি বিদিয়া গণ্য করা হইবে না।
- artificial insemination কৃত্তিম গর্ভসঞ্চার human assisted reproduction দ্র.। artificial person কৃত্তিম ব্যক্তি juristic person দ্র.।
- artisan n. মিন্ত্রি, কারিগর, নির্মাভা, যন্ত্রী বি. কোনো হস্তশিল্পী বা কোনো শিল্প-কারখানার দক্ষ মিন্ত্রিকে বুঝাইতেই ইহার ব্যবহার সংগত। কোনো যন্ত্র-পরিচালনায় বিশেষ জ্ঞান আছে এবং উহা নষ্ট হইয়া গেলে মেরামত করিবার জ্ঞান আছে, এমন যন্ত্রী। একজন মোটরগাড়ি-চালক কোনো যন্ত্রী বা কারিগর নাও হইতে পারেন।
- artist n. শিল্পী বি. ২০০১ সালের বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট আইনের ২(জ) ধারা-অনুসারে, শিল্পী অর্থ সাহিত্যিক, স্থপতি, ভাস্কর, চিত্রকর, অভিনরশিল্পী, সংগীতশিল্পী, নৃত্যশিল্পী, আবৃত্তিকার এবং সৃজনশীল কোনো কাজে নিয়োজিত ব্যক্তি।
- artistic work শিল্পকর্ম বি. ২০০০ সালের কপিরাইট আইনের ২(৩৬) ধারা-অনুসারে, (ক) শিল্পসূলভ গুণ থাকুক বা না থাকুক, চিত্রকর্ম, ভান্ধর্ম, ড্রয়িং (রেখাচিত্র, মানচিত্র, চার্ট, নক্শাসহ), খোদাই বা ফটোগ্রাফ; (ঝ) স্থাপত্য শিল্পকর্ম; এবং (গ) শিল্পসূলভ কারিকরসমৃদ্ধ অন্য কোনো কর্ম।

- as and when যখন যেভাবে এই শব্দটি ভবিষ্যতে কোনো কিছু ঘটিবার অর্থে সাধারণত ব্যবহৃত হয় যদি সঞ্জাব্য ঘটনার কিছু পূর্বশর্ত বাস্তবে সংঘটিত হয়। যেমন, 'প্রাথমিকভাবে নির্বাচিত হইলেই আমরা যথাশীঘ্রসম্ভব পরবর্তী বৈঠকে মিলিত হইব'।
- as a whole সামথিকভাবে, মোটের উপর কোনো কিছু সমগ্রভাবে দেখা বা গণ্য করা। 'কোনো ব্যবসায়ের পরিসম্পদের সামথিকভাবে নিট মূল্য' এই বাক্যে 'সামথিকভাবে' বলিতে উক্ত ব্যবসায়ের মোট দেনা হিসাবে লইয়া উহার সম্পদের মূল্য নির্ধারণ করা বুঝায়।
- ascend vb. আরোহণ করা ক্রি. উপরে উঠা; কোনো ধারার নিম্নপর্যায় হইতে উপরের পর্যায়ের দিকে অগ্রসর হওয়া।
- ascertained goods নিরূপিত পণ্য যে-পণ্যের বা মালামালের পরিচয় বা স্বরূপ কোনো না কোনো উপায়ে নির্ধারণ করা ইইরাছে। unascertained goods তু.।
- ascertainment of price মূল্যনিরূপণ পণ্য-বিক্রয়় আইনের ৯ ধারা-অনুসারে, বিক্রয়-চুক্তির মাধ্যমে মূল্য স্থিরীকৃত হইতে পারে, অথবা তাহা চুক্তির ঘারা পক্ষণণের মধ্যে সম্মত পদ্ধতিতে স্থির করিবার জন্য রাখিয়া দেওয়া যাইতে পারে, অথবা তাহা পোয়াগণের ব্যবসার কার্যধারার মাধ্যমে স্থিরীকৃত হইতে পারে। যে-ক্ষেত্রে পূর্ববর্তী বিধানাবলি-অনুসারে মূল্য স্থির করা না হয়, সে-ক্ষেত্রে বিক্রেতাকে ক্রেতা যুক্তিসংগত মূল্য প্রদান করিবেন। সেই যুক্তিসংগত মূল্য কী হইবে তাহা একটি তথ্যগত প্রশ্ন, যাহা প্রত্যেক বিশেষ ক্ষেত্রের অর্বস্থার উপর নির্ভরশীল।
- as far as possible যতদ্রসম্ভব এই শব্দসমষ্টি কোনো বাক্যের অংশ হিসাবে ব্যবহৃত হয় এবং প্রকৃতপক্ষে ইহা কোনো বিষয়ে উহার মূলনীতি যতদ্রসম্ভব অনুসরণ করিয়া চলা বৃঝায় যতক্ষণ পর্যন্ত না কোনো বিশেষ অবস্থায় ইহা অনুসরণ করা অসম্ভব হইয়া পড়ে। অনুরূপ অসম্ভব পরিস্থিতিতে মূলনীতি বা আইনের বিধান অনুসরণের ব্যর্থতা তৎসম্পর্কিত কার্যধারাকে হীনবল করিবে না। যেমন, জব্দ তালিকায় নির্দিষ্টসংখ্যক সাক্ষী না পাওয়া।
- Asian Clearing Union (ACU) এশীয় নিকাশ ইউনিয়ন (এ সি ইউ) ১৯৭৪ সালের ৯ ডিসেম্বর এশিয়ান ক্লিয়ারিং ইউনিয়ন প্রতিষ্ঠিত হয়। ইহার মূল উদ্দেশ্য হইল, এশিয়া ও দ্রপ্রাচ্যের দেশগুলির মধ্যে আন্তর্জাতিক লেনদেনের পরিবেশ সহজতর করিয়া তোলা এবং সদস্য-দেশসমূহের মুদ্রাব্যবহার বৃদ্ধি করা। এশীয় নিকাশ ইউনিয়নের কার্যাবলি অনেকটা নিকাশ-ঘরের মতো। সদস্য-দেশগুলির মধ্যে লেনদেনের নিম্পান্তিবিধান করা ইহার প্রধান কাজ। বাংলাদেশ এশীয় নিকাশ ইউনিয়নের সদস্য।

- Asian Development Bank এশীয় উন্নয়ন ব্যাংক (এ ডি বি) এশীয় উন্নয়ন ব্যাংক জাতিসংঘের এশীয় ও দ্রপ্রাচ্যের অর্থনৈতিক কমিশনের উদ্যোগে এতদঞ্চলের দেশসমূহের জন্য একটি বহুজাতিক আঞ্চলিক উন্নয়ন ব্যাংক হিসেবে ১৯৬৬ সালে প্রতিষ্ঠিত হয়। ম্যানিলায় ইহার প্রধান কার্যালয় অবস্থিত।
- Asian Dollar এশীয় ছলার এশীয় ছলার কোনো কাগজি মুদ্রা নহে। ছলার বলিতে এশীয় লোকজনের মালিকানাধীনে স্থিত ছলারকে বুঝায়। এই ছলারের উদ্ভব এই অঞ্চলে মূলধন-ব্যবহারের সুযোগ সৃষ্টি করিয়া দিয়াছে।
- Asian Monetary Unit এশীয় মুদ্রা একক ইহা আন্তর্জাতিক মুদ্রা তহবিলের বিশেষ উত্তোলনাধিকার বা এসডিআর-এর সহিত সামঞ্জস্য রাখিয়া মূল্যনির্ধারিত এশীয় মুদ্রার একক। ইহা আঞ্চলিক তারল্যের একটি মাধ্যম। এশীয় নিকাশ-ঘরের লেনদেন-সম্পাদনে এই মুদ্রা-একক ব্যবহৃত হয় এবং চালান, হুভি, ড্রাফট ইত্যাদি এই মুদ্রার এককে উর্বোলন করা হয়।
- as of right অধিকারবলে বৈধ অধিকারের সুবিধায় কোনো কিছু করা। এই অভিব্যক্তিদ্বারা কোনো ব্যক্তি কর্তৃক প্রকাশ্যে কোনো অধিকার ভোগ করিবার আইনগত সমর্থন থাকা বুঝায়, যাহা গোপনে, কৌশলে বা অপর কোনো ব্যক্তির অনুমতি বা মৌন সম্বতিতে করিবার প্রয়োজন হয় না।
- asphyxia n. শাসরোধ বি. (চিকিৎসা-সম্পর্কিত আইনগান্ত্রে) মূর্ছাজনিত বা শ্বাসরোধজনিত বা সজীবতারহিত অবস্থা, যাহার উপশম না হইলে মৃত্যু ঘটে এবং যাহা স্বাভাবিক শ্বাসক্রিয়ায় মারাত্মক বাধার ফলে সংঘটিত হয়। যে-অবস্থায় বিষাজ্ঞ বায়ু বা অত্যন্ধ অক্সিকেনযুক্ত বায়ু গ্রহণের ফলে শ্বাসনালি বন্ধ হইয়া যায়।
- assassination n. হত্যা বি. সাধারণত অর্থের বিনিময়ে বা রাজনৈতিক কারণে কাহাকে, বিশেষত সর্বজনবিদিত কোনো ব্যক্তিকে, হত্যা। হত্যাকারীকে কোনো প্রকার প্ররোচনাদান, অথবা বিরক্ত বা অসন্তুষ্ট করিবার কারণ ব্যতিরেকে কোনো ব্যক্তিকে গোপনে হত্যা। ইহাদ্বারা এককালে গুপুহত্যা বুঝাইলেও বর্তমানে সাধারণতাবে হত্যা বুঝায়। murder দ্র.।
- assault n. হামলা বি. কোনো ব্যক্তির তাৎক্ষণিক শারীরিক ক্ষতির আশঙ্কা সৃষ্টি করিতে পারে, এমন ইচ্ছাকৃত বা বেপরোয়া কার্য। সবসময়ে শরীর-সংস্পৃষ্ট হামলা নাও হইতে পারে (যেমন, কাহারও প্রতি বন্দুক তাক করাও হামলা)। কিছু ভীতিপ্রদর্শন ও শারীরিক সহিংসতা উভয় বুঝাইতে শব্দটি প্রায়শ শিথিলভাবে প্রয়োগ করা হয়। তবে কেবল মুখের কথা হামলা নহে। হামলা হইল কোনো ব্যক্তির দেহে বেআইনিভাবে হস্তক্ষেপ করা। ইহা যেমন একটি ফৌজদারি অপরাধ

তেমনি একটি পূরণযোগ্য দেওয়ানি ক্ষতি (tort)। সাধারণ হামলা সংক্ষেপে বিচারযোগ্য একটি অপরাধ। শোচনীয় হামলারপে পরিচিত আরো কতিপয় গুরুতর হামলা রহিয়াছে এবং এইসব হামলার শান্তি কঠোরতর। যেমন, আইনগত গ্রেপ্তার প্রতিহত করিবার অভিপ্রায়ে হামলার জন্য শান্তি দুই বৎসরের কারাদও, শারীরিক হানিজনিত হামলার জন্য পাঁচ বৎসর কারাদও, ডাকাতির উদ্দেশ্যে হামলার জন্য যাবজ্জীবন কারাদও। দওবিধির ৩৫১ ও ৩৫২ ধারায় হামলার সংজ্ঞার্থ, বিবরণ ও হামলাকারী ব্যক্তির বর্ণনা রহিয়াছে। ৩৫২ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি যদি বিনা কারণে অন্য কাহারো উপর হামলা করেন কিংবা অপরাধমূলক শক্তি প্রয়োগ করেন, তাহা হইলে তাঁহার শান্তি সর্বোচ্চ তিন মাস পর্যন্ত কারাদও অথবা পাঁচশত টাকা জরিমানা অথবা উভয়বিধ দও।

- assault and battery হামলা ও পীড়ন কাহাকেও বে-আইনিভাবে আক্রমণ বা আঘাত করা। পূর্বে ক্ষতি করিবার ভীতি প্রদর্শন করিয়া পরবর্তীকালে বাস্তবে বলপ্রয়োগ করিয়া কাহারো দেহে বা পরিধেয় পোশাকে আঘাত করিবার বে-আইনি কাজ। এইখানে পূর্ববর্তী ভূমকি একটি আবশ্যকীয় উপাদান। assault, battery ও threat দ্র.।
- assembly n. সভা, সমাবেশ বি. সাধারণত কোনো বিতর্ক, আইন-প্রণয়ন, উপাসনা বা সামাজিক বিনোদন ইত্যাদির উদ্দেশ্যে কোনো স্থানে উপস্থিত কিছু ব্যক্তির সমাবেশ। কোনো সাধারণ উদ্দেশ্যে কোনো স্থানে পাঁচ বা ততোধিক ব্যক্তির একত্র হওয়াকে সমাবেশ বলা যাইতে পারে। ইহাঘারা বেশ কিছু লোকজনের মিলিত হইবার স্থান অর্থাৎ সভাস্থল এবং সভায় আগত লোকদিগকেও বুঝায়; প্রার্থনার উদ্দেশ্যে উপাসনালয়ে তিনজন লোকের মিলন হইলে উহাকে সভা বা সম্মিলন বলা যাইতে পারে।
- assent n. সন্মতি বি, যে-দলিলের সাহায্যে ব্যক্তিগত প্রতিনিধিরা হিতভোগীকে ইচ্ছাপত্রের বলে কিংবা ইচ্ছাপত্রহীন অবস্থায় সম্পত্তি হস্তান্তর করেন। এই প্রতিনিধিরা লিখিত সম্মতি দিয়া হিতভোগীকে স্থাবর সম্পত্তি (ইজারাধীন সম্পত্তিসহ) হস্তান্তর করিতে পারেন। এই সম্মতি অবশ্যাই ব্যক্তিগত প্রতিনিধিগণকর্তৃক স্বান্ধরিত হইতে হইবে। এই সম্মতি কার্যকর না হওয়া পর্যন্ত সম্পত্তিতে হিতভোগীর স্বত্ব পূর্ণ হইবে না। ব্যক্তিগত প্রতিনিধিরা অছির নিকটও সম্পত্তির অধিকার অর্পণের জন্য সম্মতির ব্যবহার করিতে পারেন। সম্মতি একবার কার্যকর হইয়া গেলে, উহা সম্মতিদাতার মৃত্যুর সহিত সম্পর্কিত হইয়া যায়।
- assessed valuation ধার্যকৃত মূল্য কর-কর্মকর্তা বা কর্তৃপক্ষ কোনো সম্পত্তির যে-মূল্য ধার্য করেন এবং যাহার উপর করের হার প্রয়োগ করা হয়।

assessee %c

assessee n. করদাতা বি. ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২(ক) ধারাঅনুসারে, যে-ব্যক্তি এই অধ্যাদেশের আওতাধীনে কোনো কর অথবা অন্য কোনো
অর্থ প্রদান করিতে বাধ্য থাকেন। এই সংজ্ঞার্থে উপরিউক্ত ব্যক্তি ছাড়াও নিমনিধিত
ব্যক্তিগণকেও করদাতার অন্তর্ভুক্ত করা হইয়াছে: (ক) যাহার আয়নিরূপণের কারণে,
অথবা অন্য ব্যক্তির আয়ের জন্য তাঁহার উপর করনির্ধারণের জন্য, অথবা তাঁহাকে
প্রদেয় অথবা অন্য ব্যক্তিকে প্রদেয় কর ফেরতের জন্য উক্ত অধ্যাদেশের বিধানঅনুসারে কোনো ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে, এইরূপ ব্যক্তি; (খ) এই অধ্যাদেশের
৭৫, ৮৯ বা ৯১ ধারা-অনুসারে যে-ব্যক্তি আয়কর রিটার্ন (আয়ের বিবরণী) দাখিল
করিতে বাধ্য; (গ) যে-ব্যক্তি স্বেচ্ছায়, তাঁহার উপর কর ধার্য হউক এই উদ্দেশ্যে,
তাঁহার আয়ের বিবরণী দাখিল করেন; এবং (ঘ) এই অধ্যাদেশের আওতাধীনে যেব্যক্তি করদাতা বলিয়া অথবা খেলাপি করদাতা বলিয়া বিবেচিত হন।

- assessment n. নির্ধারণ বি. কর ধার্য করিবার লক্ষ্যে কোনো ব্যক্তির সম্পদ অথবা ব্যবসা-বাণিজ্য, বৃত্তি বা পেশার আয় নির্ধারণ করিবার কাজ; ভূমিরাজস্ব নির্ধারণ করিয়া করারোপ। সাধারণত ধার্যকরণ ইইল লোক্গ্রাহ্যরূপে পরিশোধ্য করারোপের প্রতিশব্দ। 'ধার্যকরণ' উক্তি 'আয়গণনা' হিসাবে অথবা 'পরিশোধ্যোগ্য করের পরিমাণ নির্ধারণ' বুঝাইতে ব্যবহৃত হয়। ইহা সরকারি কর্মকর্তা কর্তৃক কোনো ব্যক্তির কোনো নির্দিষ্ট পরিমাণ কর পরিশোধ করিতে দায় নির্ধারণ করা বুঝায়। করদাতার সম্পদের পরিমাণ নির্ধারণ এবং কর পরিশোধ করিতে তাঁহার দায়ের পরিমাণ নির্ধারণসহ সম্পূর্ণ কার্যধারাই ধার্যকরণের অন্তর্ভুক্ত। ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২(৮) ধারা-অনুসারে, কর-নির্ধারণ বলিতে ব্যাকরণিক বিভিন্নতা এবং সমোদ্ভব অভিব্যক্তিসহ করের পুনর্নির্ধারণ এবং অতিরিক্ত বা তদভিরিক্ত কর নির্ধারণ বঝায়।
- assessment of costs ব্যয়-নির্ধারণ ইংল্যান্ডের আইনে আদালতের কর্মকর্তায়ার
 এক পক্ষকর্তৃক আরেক পক্ষকে কিংবা মামলাকারীকর্তৃক মামলা-পরিচালককে
 পরিশোধ্য ব্যয়ের পরিমাণ নির্ধারণের পদ্ধতি। ব্যয়-নির্ধারণ সংক্ষিপ্ত বা বিস্তারিত
 ইইতে পারে। সংক্ষিপ্ত পদ্ধতিতে শুনানি শেষ ইইবার পরপরই দেয় অর্থের পরিমাণ
 আদালত স্থির করিয়া দেন। এই ক্ষেত্রে ব্যয়ের পরিমাণ নির্ধারণের জন্য আদালত ওই
 সময়ে লভ্য সকল প্রমাণ চাহিতে পারেন। অন্যপক্ষে, বিস্তারিত ব্যয়-নির্ধারণের
 বেলায় মামলার শুনানির পরে ব্যয়্ম-নির্ধারক কর্মকর্তা কোনো একসময়ে খরচের
 পরিমাণ স্থির করিতে বসেন। ইংল্যান্ডে অধিকাংশ ক্ষত্রে জেলা জজ্বগণ বিস্তারিত
 খরচ্ নির্ধারণ করিয়া থাকেন। হাইকোর্টের ব্যয়-নির্ধারণের জন্য সৃপ্রিম কোর্টের
 একটি ব্যয়-নির্ধারক অফিস রহিয়াছে। দেওয়ানি কার্যবিধির ৩৫ ধারা-অনুসারে
 মামলার পরিশোধ্য ব্যয়প্রদান আদালতের স্ববিবেচনার্থীন।

- assessment of tax কর-নির্ধারণ আয়কর আইনে করনির্ধারণ-প্রণালি বলিতে করনির্ধারণের উদ্দেশ্যে নিম্নলিখিত পদক্ষেপগুলিকে নির্দেশ করে। প্রথমে, করদাতার করযোগ্য মোট আয় নিরূপণ করা। দ্বিতীয়ত, নির্ধারিত আয়ের ভিত্তিতে প্রদেয় করনির্ধারণ করা। সর্বশেষে, নির্দেশিত ফরমে প্রদেয় করের অঙ্ক উল্লেখ করিয়া করধার্যের নোটিশ করদাতার উপর জারি করা। পুনঃকরনির্ধারণ এবং অতিরিক্ত বা তদরিক্ত কর নির্ধারণ ইহার অন্তর্ভক্ত।
- assets n. পরিসম্পৎ বি. যে-ভৌত সম্পত্তি বা অধিকারের অথবা উভয়ের আর্থিক মূল্যমান রহিয়াছে এবং যাহা একটি আইনগত সন্তা বা একটি বাভাবিক ব্যক্তিসন্তার (যেমন, মানুষ) মালিকানাধীন হইতে পারে। ইহা বান্তব পরিসম্পৎ (স্থাবর সম্পত্তি) ও ব্যক্তিগত পরিসম্পৎ (ব্যক্তিগত সম্পত্তি) উভয়ই হইতে পারে। আইনগত সন্তার ক্ষেত্রে, যেমন কোনো সংস্থার ক্ষেত্রে, স্থায়ী বা মূলধন পরিসম্পৎ (যাহা ব্যবসায়িক কার্যে অব্যাহতভাবে রক্ষিত ও ব্যবহৃত বলিয়া চিহ্নিত হয়, যথা, যন্ত্রপাতি) এবং চলতি বা সংবাহী পরিসম্পদের (যাহা ব্যবসায়িক কার্যে অব্যাহতভাবে ব্যবহৃত হয় না, কিন্তু ব্যবসায়িক লেনদেনকালে উসুল করা হয়) অন্তর্ভুক্ত। স্বাভাবিক ব্যক্তিসন্তার মৃত্যুতে তাঁহার সকল স্থাবর ও ব্যক্তিগত সম্পত্তি তাঁহার পরিসম্পদের অন্তর্ভুক্ত হইবে এবং মৃত্যের যদি কোনো ঋণ বা দায় থাকে তাহা হইলে এই পরিসম্পৎ হইতে তাহা মিটানো হইবে।
- assignment n. স্বত্বার্পণ বি. ১. কোনো ব্যক্তি (স্বত্বদাতা) কর্তৃক অপর কোনো ব্যক্তির (স্বত্বনিয়োগী) নিকট কোনো বস্তু বা স্বত্ব হস্তান্তর । ইংল্যান্ডের সাধারণ আইনে কেবল নালিশের অধিকার হস্তান্তর অনুমোদিত ছিল না। ক যদি চুক্তিসূত্রে খ-য়ের পাওনাদার হইতেন, তবে গ যাহাতে পাওনা টাকা আদায়ের জন্য খ-য়ের বিরুদ্ধে মামলা করিতে পারেন, সেই উদ্দেশ্যে ক গ-য়ের নিকট স্বত্ব হস্তান্তর করিতে পারিতেন

না। এখন অবশ্য কোনো কোনো স্বতের অর্পণ অনুমোদিত এবং বিশেষ সংবিধিঘার। নিয়ন্ত্রিত। নালিশের অধিকারের স্বতার্পণ সাধারণভাবে আইনসম্মত (যেমন, একটি চুক্তির সুবিধাদি) হউক বা ন্যায়বিচারনির্ভর (যেমন, ন্যাসের অধীন অধিকার) হউক, ন্যায়পর বা আইনসমতভাবে তাহা হস্তান্তর করা যায়। ন্যায়বিচারনির্ভর স্বত্বার্পণের জন্য কোনো আনুষ্ঠানিকতার প্রয়োজন হয় না। ইহার জন্য স্বত্তনিয়োগীর নিকট স্বত্দাতার স্বত্যাধিকার হস্তান্তর করিবার সুস্পষ্ট অভিপ্রায়ই যথেষ্ট। তবে স্বত্যার্পিত বন্ধ যদি মামলাদ্বারা বলবৎযোগ্য হয়, তবে স্বতুনিয়োগীকে নিজের অধিকার প্রয়োগের জন্য অবশ্যই স্বতুদাতাকে মামলার কার্যধারার সহিত যুক্ত করিতে হইবে। উপরের দৃষ্টান্তে গ ঋণের জন্য খ-য়ের বিরুদ্ধে মামলা করিতে পারেন, তবে তাঁহাকে অবশ্যই সহদাবিদার বা সহবিবাদীরূপে ক-য়ের সহিত যক্ত হইতে হইবে অথবা তাঁহাকে বিবাদীর সহিত যুক্ত করিতে হইবে। সংবিধিবদ্ধ স্বত্যুর্পণের ক্ষেত্রে স্বত্তনিয়োগী নিজের নামে অর্পিত স্বতাধিকার বলবৎ করিতে পারেন। ইহার জন্য স্বত্দাতাকে মামলায় পক্ষভুক্ত করিবার প্রয়োজন নাই, যদিও এই নালিশের অধিকার আইনসম্মত। ইহার বৈধতার জন্য তিনটি পূরণীয় শর্ত রহিয়াছে— যথা, ইহাকে অবশ্যই নিরঙ্কুশ হইতে হইবে, ইহা লিখিত হইবে, এবং যে-ব্যক্তির বিরুদ্ধে এই আইন বলবংযোগ্য, তাঁহাকে অবশ্যই লিখিত বিজ্ঞপ্তি দিতে হইবে। এইসব উদ্দেশ্যসাধনের জন্য, নিরঙ্কুশ স্বত্বার্পণের ক্ষেত্রে স্বত্দাতাকে শর্ভহীনভাবে তাঁহার যাবতীয় স্বার্থ স্বত্নিয়োগীর নিকট হস্তান্তর করিতে হয়। যদি তাঁহার সম্পূর্ণ স্বার্থ হইতে কম অংশ (যেমন, ঋণের অংশবিশেষ) হস্তান্তরিত হয় কিংবা হস্তান্তরের ক্ষেত্রে শর্ত যুক্ত করা হয় (যেমন, তৃতীয় পক্ষের সম্বতি লইবার শর্ত) তাহা হইলে স্বত্বার্পণ নিরঙ্কুশ হইবে না। তবে নিরক্কুশ হইবার জন্য স্বত্বার্পণ স্থায়ী হইবার প্রয়োজন নাই— ইহার দৃষ্টাত্তস্থল মামলাধীন কোনো স্বত্বের বন্ধক। যেমন, গ-য়ের নিকট ঋণী ক যদি খ-য়ের নিকট প্রাপ্য ঋণের জন্য গ-কে জামিনরূপে এই অনুবিধিতে স্বত্যুর্পণ করেন যে ক পাওনা মিটাইয়া ফেলিলে গ ঋণ পুনরায় অর্পণ করিবেন, তাহা হইলে পুনঃস্বত্বার্পণের অনুবিধি সত্ত্বেও স্বতার্পণ হইবে নিরঙ্কশ। চুক্তিঘটিত অধিকারের স্বত্বার্পণ (যাহা অবশ্যই নব্যচুক্তি হইতে পথক বিবেচিত হইবে) কতকগুলি সীমারোপণসাপেক্ষ। জননীতির কারণে একজন সরকারি কর্মকর্তা তাঁহার বেতনাদির, কিংবা একজন খ্রী দাম্পত্য মামলায় প্রাপ্ত খোরপোশের স্বত্বার্পণ করিবেন না। চাকুরির চুক্তি-অনুযায়ী ব্যক্তিগত সেবাপ্রান্তির অধিকার অর্পিত হওয়ার যোগ্য নহে। বৃদ্ধিবৃত্তিক সম্পত্তির অধিকার স্বত্তদাতাকর্তৃক অবশ্যই লিখিত দলিলের দারা অর্পিত বা হস্তান্তরিত হইবে।

কোনো ইজারার মেয়াদের অবশিষ্টাংশের সম্পূর্ণ হস্তান্তর। চুক্তিপত্রের শর্তানুযায়ী
বাধা না থাকিলে জমির ইজারাদার তাঁহার ইজারার স্বত্মর্পণ করিতে পারেন। জমির
মালিকের সম্মতি ছাড়া স্বত্ম্বাপণের বিরুদ্ধে প্রায়ই একটি শর্ত থাকে। যদি ইজারায়
সুস্পষ্ট বিধান না থাকে, তাহা হইলে জমির মালিক তাঁহার সম্মতির জন্য কোনো ফি

৯৩ association

ধার্য করিতে পারেন না এবং তিনি অযৌক্তিকভাবে তাঁহার সম্রতি দিতে অস্বীকারও করিতে পারেন না। যে-কোনো ধরনের স্বতার্পণ নিষিদ্ধ করিয়াও ইজারায় শর্ত থাকিতে পারে। একটি চুক্তিতে যদি জমির মালিকের সন্মতিব্যতিরেকে কোনোরূপ স্বত্বার্পণের বিরুদ্ধে শর্ত থাকে, তবে এইরূপ সম্মতিদান করিতে অযৌক্তিকভাবে অস্বীকৃত হওয়া যায় না বলিয়া জমির মালিকের কিছু সংবিধিবদ্ধ কর্তব্য থাকে। এইগুলি হইল জমির মালিকের সম্মতির জন্য ইজারাদার অনুরোধ করিবার যুক্তিসংগত সময়ের মধ্যে মালিককে নিজের সিদ্ধান্ত জ্ঞাপন করিতে হইবে: তিনি সম্মতিজ্ঞাপনে অপারণ হইলে তাহার কারণ কিংবা সম্মতি শর্তসাপেক্ষ হইলে (শর্তগুলি অযৌক্তিক হইলে চলিবে না) সেইসকল শর্ত বিজ্ঞপ্তিতে ব্যাখ্যাত হইবে: মালিকের সম্মতিব্যতীত লেনদেন সম্পূর্ণ করিলে ইজারাদার চক্তিভঙ্গের জন্য দায়ী হইবার সম্ভাবনা না থাকিলে সম্পত্তির মালিক সম্মতিদান হইতে বিরত থাকিবেন না। সম্পত্তি-হস্তান্তর আইনের ৬ ধারায় কোন কোন সম্পত্তি হস্তান্তর করা যায় ও কোন কোন সম্পত্তি হস্তান্তর করা যায় না, তাহা উল্লেখ করা হইয়াছে। উক্ত আইনের ৬(ঙ) ধারা-অনুসারে, ৩ধু নালিশের অধিকার হস্তান্তর করা যায় না। উক্ত আইনের ১০৮(ঞ) ধারা-অনুসারে, ইজারাদার তাঁহার স্বত হস্তান্তর করিতে পারেন। উক্ত আইনের ১৩০ ধারায় নালিশযোগ্য দাবি কীভাবে হস্তান্তর করা হইবে তাহার বিধান করা হইয়াছে। উক্ত আইনের ১৩৫ ধারায় অগ্নিবিমা ও ১৩৫ক ধারায় জাহাজি বিমার স্বত্তার্পণের বিধান করা হইয়াছে।

- assistance n. সাহায্য, সহায়তা বি. উপকার করিবার কাজ; আণ; সমর্থন করা; কষ্ট লাঘব করা; সাহায্য জোগানো ইত্যাদি।
- assistant n. সহকারী বি. কোনো উচ্চপদস্থ কর্মকর্তার অধস্তন কর্মকর্তা যিনি তাঁহার মনিব বা উর্ধবতন ব্যক্তির সহায়তাকারী এবং যিনি তাঁহার কাজের জন্য উক্ত ব্যক্তির আদেশ-নিষেধের অধীন।
- associate n. সহযোগী বি. কোনো সাধারণ উদ্দেশ্যে বা পারস্পরিক স্বার্থে ঐক্যবদ্ধ সংঘের সদস্য; জুড়ি; সঙ্গের অন্তরঙ্গ সহকর্মী বা মর্যাদার সহচর।
- association n. সংঘ বি. বাংলাদেশের সংবিধানের ৩৮ অনুচ্ছেদ-অনুসারে, জনশৃঙ্খলা ও নৈতিকতার স্বার্থে আইনের দ্বারা আরোপিত যুক্তিসংগত বাধানিষেধ-সাপেক্ষে সমিতি বা সংঘ করিবার অধিকার প্রত্যেক নাগরিকের থাকিবে। মূল সংবিধানে এই অধিকারের একটি শর্ত ছিল যে-রাজনৈতিক উদ্দেশ্যসম্পন্ন বা লক্ষ্যানুযায়ী কোনো সাম্প্রদারিক সমিতি বা সংঘ কিংবা অনুরূপ উদ্দেশ্যসম্পন্ন বা লক্ষ্যানুযায়ী ধর্মীয় নামযুক্ত বা ধর্মভিত্তিক অন্য কোনো সমিতি বা সংঘ গঠন করিবার বা তাহার সদস্য হইবার বা অন্য কোনোগ্রপ্রারে তাহার তৎপরতায় অংশগ্রহণ করিবার অধিকার কোনো ব্যক্তির থাকিবে না। পরে সংবিধানের পঞ্চম সংশোধনের দ্বারা ওই শর্তটি বিলুপ্ত হয়।

- association agreement সংঘচ্ন ১৯৫৭ সালের রোম চ্কির ৩১০ অনুচ্ছেদঅনুসারে, ইউরোপীয় ইউনিয়নভুক্ত কোনো দেশ বা সংস্থা এবং ইউরোপীয় ইউনিয়নবহির্ভূত কোনো দেশ বা সংস্থার মধ্যে সাধিত চুক্তি। কোনো দেশ, বা আন্তর্জাতিক
 সংস্থার সহিত এই চুক্তি সাধিত হইতে পারে এবং তাহার ফলে পারস্পরিক অধিকার
 ও দায়, সাধারণ কার্যক্রম এবং বিশেষ কার্যপ্রণালি-সংবলিত একটি সংঘ প্রতিষ্ঠিত
 হয়।
- as soon as may be যথাশীঘ্রসম্ভব যুক্তিসংগত অধ্যবসায় বা পরিশ্রম-সহকারে করিলে যত তাড়াতাড়ি করা যায়, ওইরকম সময়ে কোনো কিছু করা বুঝায়। ইহাদারা সুবিধাজনকভাবে কার্যটি করা যায়, এইরকম যুক্তিসংগত সময় নির্দেশ করে।
- as soon as practicable যথাসাধ্যশীঘ্র ইহা ব্যবহারিকভাবে 'দ্রুততার সহিত'
 উক্তির সমার্থক। ইহা যথাশীঘ্রসম্ভব উক্তি অর্থাৎ যতটা শীঘ্র সাধারণ যুক্তিসংগতভাবে
 আশা করা যায় এইরূপ নমনীয় অর্থবহ উক্তির সমার্থক নহে, বরং ইহা
 ব্যবহারিকভাবে অধিক দ্রুততা নির্দেশ করে।
- assume vb. ধরিয়া লওয়া ক্রি. ১. অনুমান করা। ২. দায়িত্গ্রহণ করা; শপথদ্বারা আবদ্ধ হওয়া; অঙ্গীকার করা। ৩. ভান করা। ৪. বিনা অধিকারে ভোগ করা; অন্যায়ভাবে দখল করা। ৫. আফালন করা।
- assumpsit n. জ্যাজম্পসিট যদ্দারা কোনো ব্যক্তি কিছু করিতে বা অন্য কাহাকেও কোনো কিছু দিতে স্বেচ্ছাপ্রণোদিতভাবে অঙ্গীকারাবদ্ধ হন। পণের বিনিময়ে মৌথিক অঙ্গীকার ইহার অন্তর্ভুক্ত। ইহা কোনো মৌথিক বা লিখিত চুক্তি সম্পাদনের সুম্পষ্টভাবে বর্ণিত বা ফলিতার্থ অঙ্গীকার। চুক্তি আইনে এইরূপ অঙ্গীকার মৌথিক অথবা লিখিত হইতে পারে তবে, উহাতে কোনো সিলুমোহর থাকে না।
- assumption п. দায়িত্বগ্রহণ বি. অপর কাহারো ঋণ বা দায়ভার গ্রহণ করিবার অঙ্গীকার বা প্রতিশ্রুতি। অনুমান, গ্রহণ, দখল বা জব্দ করিবার কাজ।
- assurance n. নিশ্চয়তা বি. কোনো দলিল বা সম্পত্তি হস্তান্তর করিবার জন্য কোনো সাধনপত্র; সম্পত্তি-হস্তান্তর সংক্রান্ত আইনগত সাক্ষ্যপ্রমাণাদি। কোনো ব্যক্তির মৃত্যু হইলে কোনো নির্দিষ্ট পরিমাণ অর্থ বা কোনো সম্পত্তি নষ্ট হইয়া গেলে উহার মূল্য পরিশোধ করিবার নিশ্চয়তা; আত্মপ্রত্যয়সৃষ্টির উদ্দেশ্যে দেওয়া কোনো সুনির্দিষ্ট ঘোষণা।
- assure vb. নিশ্চয়তাবিধান করা ক্রি. নিশ্চিত করা বা নিশ্চয়তা প্রদান করা। প্রতিজ্ঞা, ঘোষণা বা অন্য কোনো সাক্ষ্য দ্বারা বিশ্বাসযোগ্য করা বা আস্থাশীল করা।

- as the case may be অবস্থা-অনুযায়ী ইহাতে বিভিন্ন পরিস্থিভির কোনো একটি পরিস্থিভিতে বিভিন্ন বিকল্পের (উক্ত পরিস্থিভিতে মানানসই) কোনো একটি বিকল্পই প্রয়োগযোগ্য হইবে, এইরূপ বৃঝায়।
- asylum n. আশ্রয় বি. কোনো বিদেশী সরকার যে-ব্যক্তির বহিঃসমর্পণ দাবি করিতেছে, এমন ব্যক্তিকে আশ্রয়দান। আশ্রয়দানকারী দেশের কোনো ভূখণ্ডে (স্থানিক আশ্রয়), অথবা দৃতাবাসে (কূটনৈতিক আশ্রয়) এইরপ আশ্রয় দান করা যাইতে পারে। শেষেরটি বিশেষভাবে বিবাদমূলক, কারণ ইহা দেশীয় রায়্রের সার্বভৌমত্বের পক্ষে অবমাননাকর। অধিকভু, সাধারণ অপরাধের জন্য নহে, কেবল কথিত রাজনৈতিক অপরাধের জন্য কুটনৈতিক আশ্রয় মনজুর করা হইতে পারে। ল্যাটিন আমেরিকার দেশগুলিতে রাজনৈতিক আশ্রয় উত্তমন্ধপে স্বীকৃত। রাজনৈতিক আশ্রয়-সম্পর্কিত কনভেনশনগুলির মধ্যে রহিয়াছে হাভানা কনভেনশন (১৯২৮), মন্টিভিডিও কনভেনশন (১৯৩৩) এবং কারাকাস কনভেনশন (১৯৫৪)। যুক্তরাজ্যের আশ্রয় ও অভিবাসন আইন-অনুযায়ী, যে-ব্যক্তির উপর অভিবাসন-নিয়ত্রল বলবৎযোগ্য, তাঁহাকে চাকুরিদান করা ফৌজদারি অপরাধ। এতৎসহ immigration ও political asylum দ্রা.।
- at any stage যে-কোনো পর্যায়ে মোকদ্দমার রায়ঘোষণার পূর্ববর্তী একটি পর্যায়। যে-কোনো পর্যায়ে উক্তিদ্বারা প্রয়োজনীয়ভাবে ধরিয়া লওয়া হয় যে, মোকদ্দমার কার্যধারাটি একটি পর্যায়ে আছে এবং উহা মীমাংসিত হয় নাই।
- at any time যে-কোনো সময়ে এই শব্দসমষ্টি প্রেক্ষাপট-নির্বিশেষে অত্যন্ত বিস্তৃত
 অর্থ নির্দেশ করে। তবে কোনো কোনো প্রেক্ষাপটে ইহা 'যুক্তিসংগত সময়ের মধ্যে',
 'নির্দিষ্ট সময় অতিবাহিত হইবার পরে', 'কোনো শর্ত পূর্ণ করিবার পরে', 'সকল
 সময়ে', 'যে কোনো একটি সময়ে', বা 'সময়ে সময়ে', ইত্যাদি অর্থ নির্দেশ করিতে
 পারে। যদিও দেওয়ানি কার্যবিধির ১৫৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে কোনো আদালত
 মোকদ্দমার রায় ও ডিক্রি বা আদেশ যে-কোনো সময়ে সংশোধন করিতে পারেন,
 তথাপি ইহাদ্বারা স্পষ্টত প্রতীয়মান হয় যে, উক্ত রায়, ডিক্রি বা আদেশের পূর্ণ
 কার্যকরতাকালেই উহা সংশোধনযোগ্য এবং উচ্চ আদালতের কোনো মোকদ্দমায়
 উহা সামিল বা অঙ্গীভূত হইলে বা বাতিল হইলে আর সংশোধনযোগ্য থাকে না।
- at least অন্ততপক্ষে এতগুলি দিন বা এতসংখ্যক দিন হিসাবে সময় গণনা করিবার কালে 'অন্ততপক্ষে' বলিতে কমপক্ষে ততসংখ্যক সুনির্দিষ্ট দিন বুঝায়।
- at once তৎক্ষণাৎ ক্রি-বিণ. তৎক্ষণাৎ বা অবিলম্বে বলিতে যুক্তিসংগত ও বাস্তবসম্মতভাবে যতদ্রুতসম্ভব বুঝায়।

- at or about the time যথাযথ বা কাছাকাছি সময়ে সাক্ষ্য-আইনে এই উ<্কিব্যবহারের ক্ষেত্রে প্রধান বিবেচ্য হইল যে, পারিপার্শ্বিক অবস্থার পরিপ্রেক্ষিতের যুক্তিসংগঠভাবে যত দ্রুত আশা করা যায় তদ্ধ্যপ সময়ের মধ্যে বিবৃতি প্রদান করা হইয়াছিল কি না। অর্থাৎ বিবৃতিদাতার শিখানো বা মিথ্যা কাহিনী তৈয়ারি করিবার সুযোগ পাইবার আগেই বিবৃতি দেওয়া হইলে উহা যথাযথ সময়ের বিবৃতি হিসাবে মূল্যবান বলিয়া গণ্য হয়।
- at sea সমুদ্রে কোনো বন্দর বা পোতাশ্ররের সীমার বাহিরে। সমুদ্র-উপকূলে; মুক্ত সমুদ্রে।
- attached to the earth মাটির সহিত সংযুক্ত সম্পত্তি-হস্তান্তর আইনের ৩ ধারা—
 অনুসারে, মাটির সহিত যুক্ত বলিতে গাছ বা ঝোপের ন্যায় মাটিতে শিকড়াবদ্ধ থাকা,
 প্রাচীর বা দালানের ন্যায় মাটিতে প্রবিষ্ট অবস্থায় থাকা, বা যাহা মাটিতে প্রবিষ্ট হইয়া
 আছে তাহার স্থায়ী সুবিধাজনক ব্যবহারের জন্য উহার সহিত সংযুক্ত থাকা বুঝায়।
- attachment

 ा. ক্রোক বি, ইংল্যান্ডের আইনে কোনো ব্যক্তিকে অথবা তাঁহার সম্পত্তি অথবা উভয়ই আটক করিবার জন্য আদালতের হুকুমবিশেষ। আদালত— অবমাননার দৃণ্ডস্বরূপ আদালত এই ক্রোক-আদেশ দান করিতে পারেন। তবে ক্রোকের সচরাচর দৃষ্টরূপ ইইল আয়-উপার্জন ক্রোক, যাহার দ্বারা আদালত ডিক্রি, দেনা ও আদালতের আদেশবলে পরিশোধযোগ্য অন্যান্য অর্থ (যেমন, খোরপোশ) দেনাদারের উপার্জন ইইতে সরাসরি কর্তন করিবার নির্দেশ দিয়া থাকেন। এইরূপ পরিশোধ সাধারণত কিন্তিতে ইইয়া থাকে এবং দেনাদারের নিয়োগকর্তা তাহার জন্য আদালতের নিকট দায়ী থাকেন। দেওয়ানি কার্যবিধির ৬০-৬৪ ধারা ও ২১ আদেশের ৪১-৫৭ নিয়মে আদালত কর্তৃক ডিক্রিজারিতে সম্পত্তি ক্রোকের এবং ও৮ আদেশের ৫-১৩ নিয়মে রায়প্রকাশের পূর্বে সম্পত্তি ক্রোকের বিধান করা হইয়াছে। ফৌজদারি কার্যবিধির ৮৮-৮৯ ধারায় পলাতক ব্যক্তির সম্পত্তি ক্রোক ও ক্রোকি সম্পত্তি প্রত্যর্পণের বিধান করা হইয়াছে।
- attachment before judgment রায়-ঘোষণার পূর্বে ক্রোক দেওয়ানি কার্যবিধির

 ৩৮ আদেশের ৫ নিয়ম-অনুসারে মামলার যে-কোনো পর্যায়ে হলফনামা দ্বারা বা অন্য
 উপায়ে যদি আদালতের নিকট সন্তোষজনকরপে প্রতীয়মান হয় যে, বিবাদীর বিরুদ্ধে
 কোনো ডিক্রি প্রদন্ত হইলে ভাহা জারিকরণে বাধাদান বা বিলম্বিত করিবার উদ্দেশ্যে
 তাঁহার সমস্ত সম্পত্তি বা উহার কোনো অংশ ভিনি হস্তান্তরিত করিবার উপক্রম
 করিয়াছেন অথবা তাঁহার সমস্ত সম্পত্তি বা উহার কোনো অংশ আদালতের
 এখতিয়ারভুক্ত এলাকার সীমানা হইতে অপসারণের উপক্রম করিয়াছেন, তবে
 আদালত নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট পরিমাণ টাকা জামানত হিসাবে দাখিল

করিবার জন্য অথবা উক্ত সম্পত্তি বা উহার মূল্য বা ডিক্রি পরিশোধ হওয়ার মতো উপযুক্ত অংশ আদালতের এখতিয়ারে ন্যন্ত করিবার জন্য অথবা, বিবাদী কেন জামানত দাখিল করিবেন না, উহার কারণ দর্শাইতে হাজির হওয়ার জন্য বিবাদীর প্রতি নির্দেশ দিতে পারিবেন। আদালত অনুরূপ নির্দেশ না দিলে, যে-সম্পত্তি ক্রোক করিতে হইবে বাদী তাহা নির্দিষ্ট করিয়া দিবেন এবং উক্ত সম্পত্তির আনুমানিক মূল্য উল্লেখ করিবেন। আদালত বাদী কর্তৃক নির্দিষ্ট সম্পত্তির কোনো অংশ শর্তসাপেক্ষেক্রোকের নির্দেশও দিতে পারিবেন। অন্যরূপ কোনো বিধান না থাকিলে ডিক্রিজারির দক্ষন সম্পত্তি-ক্রোকের যে-পন্থা বর্ণিত হইয়াছে তদনুসারে উপরিউক্ত ক্ষেত্রেও ক্রোক করা যাইবে।

- attachment of property সম্পত্তি-ক্রোক কোনো দায়ের জন্য দায়ী ব্যক্তির সম্পত্তি
 আটক অথবা বিক্রয় নিষিদ্ধকরণ। সকলপ্রকার সম্পত্তি ডিক্রি অথবা সার্টিফিকেট
 জারিতে ক্রোক করা যাইবে এবং প্রয়োজনীয় নিলাম বিক্রয় করিয়া পাওনাদারের
 পাওনা পরিশোধ করা যাইবে। ফেরারি আসামিকে আদালতে হাজির হইতে বাধ্য
 করিবার জন্য তাঁহার সম্পত্তি ক্রোক করা যায়।
- attack vb. আক্রমণ করা ক্রি. বলপ্রয়োগ, বা হিংস্রতা সহকারে ঝাঁপাইয়া পড়া। কাহারো বিরুদ্ধে বৈরিতাপূর্ণ কাজ শুরু করা। অন্ত্রদ্বারা আক্রমণ বা আঘাত করিবার উদ্দেশ্যে বলপ্রয়োগ করা ইত্যাদি।
- attempt n. উদ্যোগ, প্রয়াস বি. ফৌজদারি আইনে, অভিপ্রেত অপরাধ-সংঘটনের প্রন্তুতির অপেক্ষা গুরুতর যে-কোনো কর্ম। খোদ এই কর্মটিই একটি অপরাধ। উদাহরণস্বন্ধপ, কাহারো দিকে তাক করিয়া গুলি করিলে সেই গুলি যদি ওই ব্যক্তির গায়ে নাও লাগে, তবু তাহা হত্যা-প্রচেষ্টা বলিয়া গণ্য হইবে, কিন্তু একটি রিভলভার ক্রয় হত্যা-প্রচেষ্টা হইবে না। যে-অপরাধ করা অসম্ভব তাহার প্রয়াসের জন্যও কেহ দোষী হইতে পারেন (যেমন্ খালি হ্যান্ডব্যাগ হইতে চুরির প্রচেষ্টা)। দণ্ডবিধির ১২১ ধারায় বাংলাদেশের বিরুদ্ধে যুদ্ধের প্রচেষ্টা, ৩০৭ ধারায় খুনের প্রচেষ্টা, ৩০৮ ধারায় নরহত্যার প্রচেষ্টা ও ৩০৯ ধারায় আত্মহত্যার প্রচেষ্টা যেমন দণ্ডনীয় অপরাধ তেমনি অপর কোনো অপরাধের প্রচেষ্টাও দওনীয় অপরাধ। দওবিধির ৫১১ ধারা-অনুসারে, যে-ব্যক্তি ওই বিধিবলে যাবজ্জীবন কারাদণ্ডে বা কারাদণ্ডে দণ্ডনীয় কোনো অপরাধ সংঘটন করিবার বা অনুরূপ অপরাধ সংঘটন করাইবার উদ্যোগ করেন এবং অনুরূপ উদ্যোগে উক্ত অপরাধ অনুষ্ঠানের অভিমুখে কোনো কাজ করেন, অনুরূপ উদ্যোগের শান্তির ব্যাপারে দণ্ডবিধিতে কোনো স্পষ্ট বিধান না থাকিবার ক্ষেত্রে, সেই ব্যক্তি উক্ত অপরাধের জন্য ব্যবস্থিত যে-কোনো বর্ণনার কারাদণ্ডে যাহা, উক্ত অপরাধের জন্য নির্দিষ্ট দীর্ঘতম মেয়াদের কারাদণ্ড বা তাহার অর্ধেক মেয়াদ পর্যন্ত হইতে পারে. অথবা অনুরূপ অপরাধের জন্য ব্যবস্থিত অর্থদণ্ডে, বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন।

attendance %#

attendance n. হাজিরা, উপস্থিতি বি. হাজিরা বা উপস্থিত হইবার বা থাকিবারে কার্য বা অবস্থা।

- attest vb. প্রত্যয়ন করা ক্রি. সাক্ষ্য দেওয়া; সত্যায়িত করা; সত্য বলিয়া হলফ্ষ করা; মৌথিকভাবে বা লিখিতভাবে শপথপূর্বক কোনো ঘটনা সমর্থন করা; কোনো সরকারি দলিলের অনুলিপির যথার্থতা প্রত্যয়ন করা ইত্যাদি। কোনো দলিল প্রত্যয়িত হওয়া প্রয়োজন বলিতে বুঝায় যে, উহা সম্পাদন করিবার সময়ে একজন সাক্ষী উপস্থিত থাকিয়া প্রমাণ করিবেন যে, উহা যথায়থ ব্যক্তি কর্তৃক যথায়থভাবে সম্পাদিতা হইয়াছে।
- attestation n. প্রত্যয়ন, তসদিক বি. ১. কোনো ইচ্ছাপত্র বা দলিল প্রস্তুতকরণের সাক্ষীদের স্বাক্ষর। ইচ্ছাপত্র-রচনাকারীকে দুইজন সাক্ষীর উপস্থিতিতে স্বাক্ষরদান করিতে হয় এবং সাক্ষী দুইজনও একই সময়ে তাঁহার উপস্থিতিতে স্বাক্ষরদান করেন acknowledgement দ্র.। ২. কোনো দলিলের সঙ্গে যুক্ত প্রত্যেক পক্ষের স্বাক্ষর একজন সাক্ষীকে প্রত্যয়িত করিতে হয়। সম্পত্তি-হক্তান্তর আইনের ৩ ধারা-অনুসারে, দলিল প্রত্যয়িত বলিতে দলিলদাতা দলিল সম্পাদন করিয়াছেন জানিয়া দুই বা ততােধিক সাক্ষী কর্তৃক দলিলে স্বাক্ষরদান করা বুঝায়। ৩. ভূমি জারিপের সময়ে আমিন কর্তৃক প্রস্তুত খসড়া খতিয়ান ভূমি-মালিকের নিকট বিতরণের পর একজন রাজস্ব-কর্মকর্তা তাহা পরীক্ষানিরীক্ষা করিয়া যথার্থ হইলে তাহা প্রত্যয়ন করেন। এতৎসহ confirmation ও verification দ্ব
- attested adj. প্রত্যয়িত বিণ. সম্পত্তি-হস্তান্তর আইনের ৩ ধারায় বলা হইয়াছে বে, দিলিলের ক্ষেত্রে প্রত্যয়িত বলিতে বৃঝায় এবং সর্বদাই বৃঝানো হইয়াছে বলিয়া ধরিয়া নিতে হইবে যে, দুই বা ততোধিক সাক্ষী উহা প্রত্যয়ন করিয়াছেন এবং তাঁহাদের প্রত্যেক দলিলদাতাকে দলিল সম্পাদন করিতে বা চিহ্ন দিতে দেখিয়াছেন অথবা দলিলদাতার উপস্থিতিতে বা নির্দেশে অন্য কোনো লোককে দলিলে স্বাক্ষরদান করিতে দেখিয়াছেন, কিংবা দলিলদাতার নিকট হইতে তাঁহার স্বাক্ষরদান বা চিহ্ন বা উক্ত অন্য লোকের স্বাক্ষরদান সম্বন্ধে ব্যক্তিগত স্বীকৃতি লাভ করিয়াছেন এবং যাঁহারা প্রত্যেকেই দলিলদাতার উপস্থিতিতে দলিলে স্বাক্ষরদান করিয়াছেন। কিন্তু এইরূপ সাক্ষীগণের একজনের বেশি সাক্ষীকে একই সময়ে উপস্থিত থাকিবার প্রয়োজন হইবে না এবং কোনো বিশেষ ধরনের প্রত্যয়নের প্রয়োজন হইবে না।
- attesting witness প্রত্যয়নকারী সাক্ষী ১৯২৫ সালের উত্তরাধিকার আইনের ৬৩ (গ) ধারায় বলা হইয়াছে যে, প্রত্যয়নকারী সাক্ষী সেই ব্যক্তি যিনি উপস্থিত থাকিয়া ইচ্ছাপত্র সম্পাদন করিতে দেখিয়াছেন অথবা ইচ্ছাপত্র সম্পাদন সম্পর্কে ইচ্ছাপত্রকারীর ব্যক্তিগত স্বীকৃতি লাভ করিয়াছেন এবং তিনি ইচ্ছাপত্রকারীর

አъ attornment

উপস্থিতিতে ইচ্ছাপত্রে স্বাক্ষর দান করিয়াছেন। সাক্ষ্য আইনের ৬৮ ধারা ইইতে ৭২ ধারায় প্রত্যয়নকারী সাক্ষীর সাক্ষ্যগ্রহণ এবং যেসব দলিল প্রত্যয়ন করা বাধ্যতামূলক নহে সেইসব দলিল প্রমাণ সম্পর্কে বিধান বর্ণিত হইয়াছে। সাক্ষ্য আইনের ৬৮ ধারা-অনুসারে যে-দলিল প্রত্যয়ন করা আইনত প্রয়োজন, সেই দলিল আদালতে প্রমাণ করিতে হইলে অন্ততপক্ষে একজন প্রত্যয়নকারীকে সাক্ষীরূপে আদালতে উপস্থিত করা আবশ্যক— যদি প্রত্যয়নকারী জীবিত থাকেন, আদালতের নাগালে থাকেন এবং সাক্ষ্যপ্রদানে সমর্থ হন। সাক্ষ্য আইনের ৭১ ধারা-অনুসারে, প্রত্যয়নকারী সাক্ষী যদি দলিলটির সম্পাদনের কথা অস্বীকার করেন অথবা স্বরণ করিতে না পারেন তবে অন্য সাক্ষীর দ্বারা উহার সম্পাদন প্রমাণ করা যাইতে পারে।

attorney n. অ্যাটর্নি, আইনানুগ প্রতিনিধি বি. একব্যক্তি কর্তৃক নিযুক্ত অপর ব্যক্তি, যাঁহার অন্য ব্যক্তির পক্ষে কাজ করিবার কর্তৃত্ব রহিয়াছে। power of attorney দ্র.।

Attorney General অ্যাটর্নি-জেনারেল ইংল্যান্ডের-আইন অনুযায়ী রাজা বা রানীর প্রধান আইন-কর্মকর্তা। তিনি সরকারের প্রধান আইন-উপদেষ্টা। তিনি নিম্নকক্ষে অর্থাৎ হাউস অব কমনসে আইনসংক্রান্ত প্রশ্লাবলির উত্তর দেন এবং তিনি ক্রাউন প্রসিকিউশন সার্ভিস, ডাইরেক্টর অব পাবলিক প্রসিকিউশন, ট্রেজারি সলিসিটর ইত্যাদি কয়েকটি সরকারি আইনি সংস্থার পক্ষে রাজনৈতিকভাবে দায়ী থাকেন। কতিপয় ফৌজদারি মামলা— প্রধানত রাষ্ট্রবিরোধী, জনশৃঙ্খলা-বিরোধী ও দুনীতি-সংক্রান্ত মামলা— রুজু করিতে অ্যাটর্নি-জেনারেলের সম্মতি লাগে। বিশেষ ধরনের জনস্বার্থমূলক মামলায় অ্যাটর্নি-জেনারেলকে কখনো কখনো আদালতে উকিলের ভূমিকা পালন করিতে হয়। বিশেষ কার্যপদ্ধতি অবলম্বনপূর্বক যে-কোনো ফৌজদারি কার্যধারা সমাপ্ত করিবার অধিকার তাঁহার রহিয়াছে। এতৎসহ Solicitor General দ্র.।

বাংলাদেশ সংবিধানের ৬৪ অনুচ্ছেদে অ্যাটর্নি-জেনারেলের নিয়োগ, দায়িত্ব, অধিকার ও পারিশ্রমিক সন্বন্ধে বিবরণ রহিয়াছে। বলা হইয়াছে যে, সৃপ্রিম কোর্টের বিচারক হইবার যোগ্য কোনো ব্যক্তি রাষ্ট্রপতিকর্তৃক বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল নিযুক্ত হইবেন এবং তাঁহার কার্যকাল ও পারিশ্রমিক রাষ্ট্রপতি কর্তৃক নির্ধারিত হইবে। অ্যাটর্নি-জেনারেল সরকারপক্ষের প্রধান উকিল। তিনি সংবিধান, রাজস্ব, আন্তর্জাতিক চুক্তি বা আইন ইত্যাদি সংক্রান্ত বিষয়ে সরকারকে পরামর্শ দেন এবং ওইসব বিষয়সংক্রান্ত মামলায় আদালতে উপস্থিত থাকেন। সরকার অ্যাটর্নি-জেনারেলের অধন্তন অ্যাডিশনাল অ্যাটর্নি-জেনারেল, ডেপুটি অ্যাটর্নি-জেনারেল, অ্যাসিস্ট্যান্ট অ্যাটর্নি-জেনারেল, সরকারি উকিল প্রভৃতিও নিয়োগ করিয়া থাকেন।

attornment n. স্বীকৃতিদান বি. ১. আদালত কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কোনো কর্মকর্তার পক্ষে অন্য কোনো ব্যক্তির পণ্যসামগ্রীর জিম্মাদারি। জিম্মাদার স্বীকৃতি দিবেন যে, attributable to 500

তিনি ওই ব্যক্তির পক্ষে পণ্যসামগ্রী রক্ষা করিবেন। এই স্বীকৃতিদানে ধারণাগতভাবে অন্যের নিকট পণ্য হস্তান্তরিত হয় এবং এইভাবে বিক্রীত পণ্যের অর্পণও সম্পন্ন হয়। ২. রায়ত হিসাবে কাহারো জমি ভোগদখলে রাখিবার সম্মতি। কোনো কোনো বন্ধক-চুক্তিতে এই ব্যবস্থা রহিয়াছে যে, জমির মালিক কোনো বন্ধকগ্রহীতা রায়তকে কয়েক বংসরের জন্য জমি ভোগদখলের স্বীকৃতি দান করিবেন, তবে ঋণ পরিশোধিত ইইয়া গেলেই স্বীকৃতির অবসান ঘটিবে।

- attributable to আরোপযোগ্য কোনো কিছুর প্রতি আরোপণীয়। এই উক্তি 'কোনো কিছু হইতে উদ্ভূত' উক্তি অপেক্ষা বিস্তৃত অর্থ নির্দেশ করে।
- attrition n. ক্রমক্ষর, ঘর্ষণজ্ঞনিত ক্ষয়, অবনতি বি. উক্তিটি কোনো বন্ধু সম্পর্কে সরকারি উপযোগিতার নিম্নগতি নির্দেশ করিতে ব্যবহৃত হয়, যাহা বিনিময়হারবৃদ্ধি বা ক্রিয়াশীল রাখিবার ব্যয়বৃদ্ধি বা উভয় কারণে রাজস্বের হারবৃদ্ধিকে পিছনে ফেলিয়া যায়। অস্বাভাবিক বৃদ্ধি ছাড়াও কোনো ঘটনার উপস্থিতি যাহা সহগামী রাজববৃদ্ধি ছাড়াই ব্যয়ের হারকে উর্ধ্বমুখী করে।
- n. নিলাম বি. এক বিশেষ ধরনের বিক্রয়-পদ্ধতি। ইহাতে কোনো auction পণ্যক্রয়ার্থে প্রতিযোগিতামূলক মূল্য প্রস্তাব করিবার জন্য লোকজনকে আহ্বান করা হয়। বিক্রেতার প্রতিনিধিরূপে নিলামকারী ব্যক্তি তাঁহার টেবিলে হাতুড়ির আঘাত করিয়া সর্বোচ্চ দরদাতার অনুকলে দ্রব্য বিক্রয়ের ঘোষণা দিয়া নিলামের সমাঙ্ডি ঘোষণা করেন (অবশ্য প্রথাসিদ্ধ যে-কোনো পদ্ধতিতে তিনি নিলামকর্ম প্রয়োগ করিতে পারেন)। চূড়ান্ত ঘোষণার আগে নিলামে অংশগ্রহণকারী যে-কোনো ব্যক্তি তাঁহার দর প্রত্যাহার করিতে পারেন এবং নিলামকারী ব্যক্তিও বিক্রয়ের জন্য আনীত পণ্য নিলাম হইতে প্রত্যাহার করিয়া লইতে পারেন। বিক্রয় বিক্রেতার নিলাম ডাকার অধিকারসাপেক্ষ বলিয়া ঘোষিত না হইলে বিক্রেতা নিলাম ডাকিতে পারেন না। তথ্ নিলামের বিজ্ঞাপন-দান নিলামকারীকে পণ্যবিক্রয়ে বাধ্য করে না। তবে তিনি যদি শর্তহীনভাবে নিলামের বিজ্ঞাপন দেন এবং নিলামের ডাক গ্রহণ করেন, তাহা হইলে তিনি নিলামে সর্বোচ্চ দরদাতার নিকট পণাবিক্রয়ে বাধ্য থাকিবেন। একজন নিলামকারী যখন তাঁহার নিয়োগীত ঘোষণা করেন, তখন তিনি ওই পণ্যবিক্রয়ে তাঁহার অধিকার জ্ঞাপন করেন এবং তাঁহার জানামতে উক্ত পণ্যে বিক্রেতার স্বত্যে কোনো ক্রটি নাই বলিয়া জানান, কিন্তু ক্রেতা যে একটি বিশেষ পণ্যের উত্তম স্বত্বলাভ করিবেন, এমন প্রতিশ্রুতি দান করেন না। দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ৬৫ নিয়ম-অনুসারে ডিক্রিজারিতে ক্রোকি সম্পত্তি প্রকাশ্য নিলামের বিধান করা হইয়াছে।
- auctioneer n. নিলামদার বি. অন্য কোনো ব্যক্তির কোনো জমি বা মালামাদ প্রকাশ্য ডাকে বিক্রয় করিবার জন্য আইনগত ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি। কোনো ব্যক্তি যিনি প্রকাশ্য নিলাম বিক্রয়কার্য পরিচালনা করেন।

- auction of immovable property স্থাবর সম্পত্তির নিলাম স্বল্প এখতিয়ার আদালত ব্যতীত যে-কোনো আদালত ডিক্রি জারির জন্য স্থাবর সম্পত্তি নিলামবিক্রয়ের আদেশ দিতে পারেন।
- auction of movable property অস্থাবর সম্পত্তির নিলাম দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ৭৪ নিয়ম-অনুসারে, যে-সম্পত্তি নিলামে বিক্রয় হইবে, তাহা যদি কৃষিজাত দ্রব্য হয়, তবে নিয়্নলিখিত স্থানে নিলাম অনুষ্ঠিত হইবে : কৃষিজাত দ্রব্য যদি ক্ষেতে থাকে, তবে সেই ক্ষেত্তের উপর বা উহার সন্নিকটে, অথবা কৃষিজাত দ্রব্য যদি ক্ষেতে হইতে কর্তিত বা সংগৃহীত হইয়া থাকে, তবে উহা যেখানে মাড়াই হইবে সেখানে অথবা যেখানে উহা গোলাজাত করা হইবে, সেখানে । কিন্তু আদালত যদি মনে করেন যে, জনসাধারণের গম্য নিকটবর্তী কোনো স্থানে নিলাম অনুষ্ঠিত হইলে উক্ত দ্রব্যটি অধিকতর সুবিধাজনক শর্তে বিক্রয় হইবে তবে আদালত অনুরূপ স্থানে নিলাম অনুষ্ঠানের নির্দেশ দিতে পারিবেন । অস্থাবর সম্পত্তি কৃষিজাত দ্রব্য না হইলে তাহা প্রকাশ্য নিলামে না অন্যভাবে বিক্রয় হইবে, সে-সম্পর্কে দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ৭৬-৮১ নিয়মে বর্ণিত হইয়াছে।
- auction purchaser নিলাম খরিদ্দার থিনি কোনো নিলামে খরিদ্দার বলিয়া ঘোষিত হন। দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ৭৩ নিয়মে কোনো নিলামকারী কর্মকর্তা উক্ত নিলামের ক্ষেত্রে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিলাম খরিদ্দার হইতে পারেন না। পণ্যবিক্রয় আইনের ৬৪ ধারার ৪ উপধারা-অনুসারে পূর্ব হইতেই ঘোষণা না করিলে নিলামকারী ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিলাম খরিদ্দার হইতে পারেন না। দেওয়ানি কার্যবিধির ৬৫ ধারা-অনুসারে ডিক্রিজারিতে কোনো স্থাবর সম্পত্তির বিক্রয় হইয়া থাকিলে এবং অনুরূপ বিক্রয় চূড়ান্তভাবে সম্পন্ন হইয়া গেলে উক্ত সম্পত্তির মালিকানা বিক্রয়ের তারিখ হইতে নিলাম খরিদ্দারের উপর বর্তাইবে, বিক্রয় চূড়ান্তভাবে নিশ্পন্ন হইবার তারিখ হইতে নহে।
- auction sale নিলামবিক্রয় দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ৬৪ নিয়ম-অনুসারে ডিক্রিজারিকারক যে-কোনো আদালত তৎকর্তৃক ক্রোককৃত কোনো সম্পত্তি বা ডিক্রির টাকা পরিশোধের জন্য উক্ত সম্পত্তির প্রয়েজনীয় অংশ নিলামে বিক্রয়ের আদেশ দিবেন এবং বিক্রয়লব্ধ অর্থ বা উহার আনুপাতিক অংশ ডিক্রি-অনুসারে পাওনাদার পক্ষকে প্রদানের আদেশ দিবেন।
 - পণ্য বিক্রয় আইনের ৬৪ ধারা-অনুসারে নিলামে বিক্রয়ের ক্ষেত্রে : (১) যখন পণ্য পৃথক পৃথক স্থূপ আকারে বিক্রয়ের জন্য উপস্থাপন করা হয়, তখন প্রভ্যেক স্তূপ আপাতদৃষ্টিতে একটি পৃথক চুক্তির বিক্রয় বিষয় বলিয়া গণ্য হয়; (২) বিক্রয় তখন সম্পূর্ণ হয় যখন নিলামদাতা হাতুড়ির পতন দারা বা অন্য কোনো প্রচলিত পদ্ধতিতে

হার সমাপ্তি ঘোষণা করেন এবং এইরূপ ঘোষণা না করা পর্যন্ত কোনো নিলামডাককারী তাঁহার নিলাম-ডাক প্রত্যাহার করিতে পারেন; (৩) প্রকাশ্যভাবে বিক্রেডা
কর্তৃক বা তাঁহার পক্ষে নিলাম ডাকিবার অধিকার সংরক্ষণ করা যাইতে পারে এবং
যখন উক্ত অধিকার এইরূপে প্রকাশ্যভাবে সংরক্ষিত হয় এবং অন্য কোনো প্রকারে
নহে, তখন বিক্রেডা বা তাঁহার পক্ষে কোনো ব্যক্তি, অতঃপর বিধৃত বিধানাবদি
সাপেক্ষে নিলাম ডাকিতে পারিবেন; (৪) যখন বিক্রেডার পক্ষে নিলাম ডাকিবার
অধিকারের শর্তসাপেক্ষে পণ্যবিক্রয়ের কথা ঘোষণা করা না হয়, তখন বিক্রেডার
পক্ষে নিজে নিলাম ডাকা বা ডাকিবার জন্য কোনো ব্যক্তিকে নিয়োগ করা অথবা তাহা
জানিয়া নিলামদারের পক্ষে বিক্রেডা বা অনুরূপ কোনো ব্যক্তির নিকট হইতে
নিলামের ডাক গ্রহণ করা আইনসংগত হইবে না এবং এই বিধি লম্ভ্রন করা হইলে
যে-কোনো বিক্রয় ক্রেডা কর্তৃক প্রভারণাপূর্ণ বিলিয়া গণ্য হইতে পারে। (৫) বিক্রয়
সংরক্ষিত বা নিম্নতম মূল্যের শর্তসাপেক্ষে হইবে বলিয়া ঘোষণা করা যাইতে পারে;
(৬) যদি বিক্রেডা মূল্যবৃদ্ধি করিবার জন্য ভান করিয়া নিলাম ডাকেন তাহা হইলে
ক্রেডার ইচ্ছায় উক্ত বিক্রয় বাতিলযোগ্য হইয়া যায়।

- audi alteram partem অপরপক্ষকে তনা কোনো ব্যক্তিকে আত্মপক্ষ-সমর্থনের সুযোগ না দিয়া অর্ধাৎ তাঁহাকে না তনিয়া তাঁহার বিরুদ্ধে কোনো রায় বা আদেশ দেওয়া যাইবে না, এইরূপ নীতি। কোনো সিদ্ধান্তে পৌছিবার পূর্বেই উভয় পক্ষকে তনানির সুযোগ দিতে হইবে। স্বাভাবিক ন্যায়বিচারের প্রতিষ্ঠিত নীতি-অনুযায়ী সিদ্ধান্তে পৌছিবার পূর্বে পক্ষদিগকে সমান সুযোগ দেওয়া আদালতের একটি দায়িত্ব।
- auditor n. হিসাব-নিরীক্ষক বি. কোনো রেজিন্টার্ড কোম্পানির হিসাবের বহি ও হিসাবাদি পরীক্ষণ এবং কোম্পানির সদস্যদের নিকট ওই হিসাবের বিবরণদানের জন্য নিযুক্ত ব্যক্তি। হিসাব-নিরীক্ষক কোম্পানির আর্থিক অবস্থার একটি সঠিক ও পরিচ্ছন্ন চিত্র দান করিবেন। হিসাব-নিরীক্ষকের প্রতিবেদনে, নিরীক্ষকের মতানুসারে, হিসাব যথাযথভাবে প্রস্তুত করা ইইয়াছে কি না সেই সম্বন্ধে অবশ্যই মন্তব্য থাকিতে হইবে।
- Auditor-General মহা হিসাব-নিরীক্ষক সংবিধানের ১২৭ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, বাংলাদেশে একজন মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতঃপর মহা হিসাব-নিরীক্ষক নামে অভিহিত) থাকিবেন এবং তাঁহাকে রাষ্ট্রপতি নিয়োগ করিবেন। সংবিধান ও সংসদকর্তৃক প্রণীত যে-কোনো আইনের বিধানাবলি সাপেক্ষে মহা হিসাব-নিরীক্ষকের কর্মের শর্তাবলি রাষ্ট্রপতি আদেশের দ্বারা যেরূপ নির্ধারণ করিবেন সেইরূপ হইবে। সংবিধানের ১২৮ অনুচ্ছেদ-অনুসারে, মহা হিসাব-নিরীক্ষক প্রজাতন্ত্রের সরকারি হিসাব এবং সকল আদালত, সকল সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর সরকারি হিসাব নিরীক্ষা করিবেন ও অনুরূপ হিসাব সম্পর্কে রিপোর্টপ্রদান

করিবেন। এই উদ্দেশ্যে তিনি বা এই প্রয়োজনে তাঁহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত যে-কোনো ব্যক্তির দখলভুক্ত সকল নথি, বহি, রসিদ, দলিল, নগদ অর্থ, স্ট্যাম্প, জামিন, ভাভার বা অন্য প্রকার সরকারি সম্পত্তি পরীক্ষা করিতে পারিবেন।

- authentication n. প্রমাণীকরণ বি. সাক্ষ্য আইনে ইহাদারা কোনো দলিলে আইনগত সত্যতাদানের কাজ বুঝায়; যথাযথ কর্মকর্তা কর্তৃক এই মর্মে প্রত্যয়ন করা যে, কোনো দলিল বা নথি আইনের নির্দিষ্ট নিয়ম-অনুযায়ী যথার্থ।
- authenticity n. প্রামাণিকতা বি. যথার্থতার মান; কর্তৃত্বপূর্ণ, অকৃত্রিম, সত্য ও যথাযথ বলিয়া গ্রহণ করিবার উপযুক্ত। যেমন, কোনো ধর্মগ্রন্থ, প্রতিকৃতি বা বিবৃতির প্রামাণিকতা।
- author n. প্রণেতা বি. কপিরাইট আইনের ২(ঘ) ধারা-অনুসারে, ১. সাহিত্য বা
 নাট্যবিষয় সম্পর্কিত কর্ম হইলে, উহার প্রণেতা; ২. সংগীত সম্পর্কিত কর্ম হইলে,
 উহার সুরকার বা কম্পোজার; ৩. ফটোগ্রাফ ব্যতীত অন্য কোনো শিল্পসম্পর্কিত
 হইলে, উহার নির্মাতা বা আর্টিক্ট; ৪. ফটোগ্রাফ-সম্পর্কিত কর্ম হইলে উহার
 চিত্রগ্রাহক; ৫. চলচ্চিত্র-সম্পর্কিত কর্ম হইলে কাজটির সমাপ্তিকালে উহার
 স্বত্মধিকারী; এবং ৬. রেকর্ড-সম্পর্কিত কর্ম হইলে প্লেট তৈরির সময়ে যে-মূল প্লেট
 হইতে রেকর্ড করা হয়, তাহার স্বত্যধিকারী।
- authority n. কর্তৃপক্ষ, কর্তৃত্ব বি. ১. বিশেষ ধরনের কর্ম সম্পাদনের উদ্দেশ্যে কোনো ব্যক্তি ও প্রতিষ্ঠানকে প্রদন্ত ক্ষমতা। যাঁহাকে অনুরূপ ক্ষমতা প্রদান করা হয়, তিনি ক্ষমতাপ্রাপ্ত বা নিয়োগী বলিয়া এবং যিনি অনুরূপ ক্ষমতা প্রদান করেন, তাঁহাকে ক্ষমতাপ্রদানকারী বা নিয়োগকর্তা বলিয়া সাধারণত অভিহিত করা হয়। ২. স্থানীয় সরকারের বা কলেজের গভর্নিং বডির মতো কোনো প্রতিষ্ঠান, কতিপয় কর্ম সম্পাদনের জন্য যাহার কর্তব্য ও ক্ষমতা নির্দিষ্ট করিয়া দেওয়া হইয়াছে। ৩. কোনো আইনি বিষয় উত্থাপনের সপক্ষে প্রদর্শিত বৈচারিক সিদ্ধান্ত বা আইনের অন্য কোনো উৎস। ৪. আদেশ প্রদানের এবং সেই আদেশ বলবৎকরণের ক্ষমতা ও অধিকার।
- authorization অধিকারপ্রদান, ক্ষমতাপ্রদান বি. কোনো ব্যক্তি বা সংস্থাকে অধিকার বা ক্ষমতা প্রদান করা। প্রাপ্ত অধিকার, প্রদন্ত অধিকার।
- authorized capital অনুমোদিত মূলধন কোম্পানি যে-পরিমাণ মূলধন লইয়া
 নিবন্ধিত হয়। কোম্পানির স্মারকলিপিতে এই মূলধনের উল্লেখ থাকে। মূলধন
 সংগ্রহের উদ্দেশ্যে রেজিস্টার্ড কোম্পানি কর্তৃক ইস্যুকৃত শেয়ারসমূহের মোট
 মূল্যমান। শেয়ারের সংখ্যা ও নামমাত্র মূল্যসহ সীমাবদ্ধ দায়যুক্ত কোম্পানির

(limited company দ্র.) অনুমোদিত মূলধন কোম্পানির স্বারকপত্রে অবশ্যই উত্নেধ করিতে হইবে। উদাহরণস্বরূপ, ২০,০০০০০ (বিশ লক্ষ) টাকার অনুমোদিত মূলধনকে প্রত্যেকটি একশত টাকা মূল্যমানের (নামমাত্র মূল্য) ২০,০০০ শেয়ারে তাগ করা যায়। যদি কোম্পানি ইহার মধ্যে দশ হাজার শেয়ার বাজারে ছাড়ে, তাহ হইলে বলা যাইতে পারে যে, কোম্পানির ইস্যুক্ত মূলধন হইল ১০,০০০০০ (দশ লক্ষ) টাকা। এই অবস্থায়ও কোম্পানি মূলধন না বাড়াইয়া ভবিষ্যতে আরো শেয়ার ছাড়িবার সামর্থ্য রাখে। কোম্পানি যদি ইস্যুক্ত শেয়ারগুলির নামমাত্র মূল্য সম্পূর্ণ পাইয়া থাকে, তাহা হইলে পরিশোধিত মূলধন ইস্যুক্ত মূলধনের সমান সমান হইবে। যখন কোম্পানি নামমাত্র মূল্য পূরাপুরি পরিশোধের জন্য আহ্বান জানায় না, তখন তাহাকে না-তলবি মূলধন বলা হয়। কোম্পানির না-তলবি মূলধনের যে-অংশ কোম্পানির সিদ্ধান্ত-মোতাবেক কেবল কোম্পানির কাজকর্ম গুটাইবার প্রয়োজন ছাড়া অন্য সময়ে চাওয়া হয় না, তাহাকে সংরক্ষিত মূলধন বলা হয়।

- authorized dealer অনুমোদিত ডিলার ১৯৪৭ সালের বৈদেশিক বিনিময় নিয়ন্ত্রণ আইন-অনুযায়ী বৈদেশিক মুদ্রা ও বৈদেশিক বিনিময়-কার্যসমূহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ও পরিচালিত হয়। বাংলাদেশ ব্যাংক জনসাধারণের সহিত বৈদেশিক বিনিময়-সংক্রান্ত লেনদেন করিবার জন্য বৈদেশিক বিনিময়-নিয়ন্ত্রণ আইনের ৩ ধারা-অনুযায়ী যে-সমন্ত বাণিজ্যিক ব্যাংক বা প্রতিষ্ঠানকে লাইসেন্স বা ক্ষমতা প্রদান করে, তাহাদিগকে অনুমোদিত ভিলার বলা হইয়া থাকে।
- automated teller machine (ATM) স্বয়ংক্রিয় গণনাকারী যন্ত ১. ইলেকট্রনিক তহবিল স্থানান্তর বা হস্তান্তর সেবার এই যান্ত্রিক পদ্ধতির ঘারা ব্যাংকের গ্রাহক দিবারাত্র ২৪ ঘণ্টার যে-কোনো সময়ে টাকা জ্ঞমা বা উন্তোলন করিতে পারেন এবং এক হিসাব হইতে অন্য হিসাবে টাকা স্থানান্তর, ঋণ পরিশোধ, বিল পরিশোধ ইত্যাদি কাজ করিতে পারেন। ২. এই ধরনের স্বয়ংক্রিয় যন্ত্র ব্যাংকের লবিতে, আমানতগ্রহণকারী প্রতিষ্ঠানের বাহিরে দেওয়ালে সংলগ্ন অবস্থায়, অ্যাপার্টমেন্ট কমপ্রেক্স, বাণিজ্যিক এলাকা, শশিং সেন্টার বা কারখানা ছাড়াও সড়ক ইত্যাদি যে-কোনো স্থানে স্থাপন করা যায় এবং তুলনামূলকভাবে কম খরচে গ্রাহকদের সেবা প্রদান এবং ব্যাংকের মুনাফা বৃদ্ধি করা যায়।
- automatic reservation স্বয়ংক্রিয় শর্ড কোনো রাষ্ট্রের পক্ষে আন্তর্জাতিক আদালতের বাধ্যতামূলক এখতিয়ার-স্বীকারের ক্ষেত্রে শর্তারোপ। এই শর্ত আন্তর্জাতিক আদালতের সংবিধির ঐচ্ছিক ধারা-অনুযায়ী প্রয়োগ করা হয়। ইয় শর্তপ্রদানকারী রাষ্ট্রকে একপাক্ষিকভাবে শর্তের আওতা স্থির করিবার অধিকার দিয়া থাকে।

automatism n. স্বয়ংক্রিয়তা, যান্ত্রিক আচরণ বি. কোনো বাহ্য নিয়মঘটিত নির্জাত অনৈচ্ছিক আচরণ। এইরকম মানসিক অবস্থায় সাধিত কর্মের জন্য একজন ব্যক্তি অপরাধী হইবেন না, যেহেতু তাঁহার আচরণ সম্পূর্ণরূপে অনৈচ্ছিক। এই ধরনের আচরণের অন্তর্ভুক্ত হইল স্বপুচারিতা, অথবা কোনো চাপজনিত কারণে প্রবল উত্তেজনা, কিংবা সম্মোহিত ভাব-বিহ্বলতা, থিচুনি, অথবা অনিচ্ছাকৃত কোনো কাজ। যে বহুমূত্র রোগী শারীরিক বৈকল্যজনিত কারণে ঘোরের মধ্যে থাকেন, তাঁহার কাজও এইরপ আচরণ বলিয়া সাব্যস্ত হইবে। মান্ত্রিক আচরণ বেচ্ছাপ্রণোদিত হইলে (যেমন, মদ্যপান কি মাদক-সেবন) তাহা সাফাই বলিয়া গণ্য হইবে না। মনোরোগের কারণে যান্ত্রিক আচরণ ঘটিলে তাহা অপ্রকৃতিস্থতার সাফাই বলিয়া গণ্য হইবে। কেবল আনমনা ভাব, ধরা যাক, যদি তাহা বিষণ্ণতা ও বহুমূত্র রোগের মিলিত কারণে ঘটিয়া থাকে, তাহা হইলেও বিচারক্ষমতার অভাব বলিয়া উহা অপ্রকৃতিস্থতার সাফাইস্বরূপ বিবেচিত হইবে না। তবে অভিযোগ-সংঘটনকালে আসামি যে মানসিকভাবে অপরাধপ্রবণ ছিলেন না, ইহাদ্বারা অনুক্রপ সিদ্ধান্তের ভিত্তি লাভ করা যাইতে পারে। দওবিধির ৩৯ ধারায় ইচ্ছাকৃত কর্ম বা বিচ্যুতির ব্যাখ্যা দেওয়া হইয়াছে।

- autonomy n. স্বায়ন্তশাসন বি. স্বশাসিত বা স্বাধীন অবস্থা। নিজেদের দ্বারা পরিচালিত হইবার অধিকার ও ক্ষমতা; কোনো জাতির রাজনৈতিক স্বাধীনতা। স্বায়ন্তশাসনের ক্ষমতা অর্থ সংশ্রিষ্ট ক্ষেত্রে ক্ষমতাভোগকারীর এইরূপ সুনির্দিষ্ট ক্ষমতা থাকা যাহাতে কেন্দ্র সেই ক্ষমতার সীমা লম্ভন করিতে পারে না।
- autopsy n. ময়না তদন্ত বি. মৃত্যুর কারণ সাব্যস্ত করিবার জন্য শব-ব্যবচ্ছেদ। post-mortem দ্র.।
- autrefols acquit পূর্বে খালাসপ্রাপ্ত আসামির বিরুদ্ধে আনীত একই বা মূলত একই প্রকার অভিযোগ হইতে পূর্বেই কোনো উপযুক্ত আদালত তাঁহাকে মুক্তি দিয়াছেন কিংবা পূর্বেই তিনি দণ্ডিত হইতে পারিতেন, এই মর্মে উত্থাপিত বিশেষ অজুহাত। বিচারক অনুরূপ অজুহাতের নিষ্পত্তি করেন। অজুহাত গৃহীত হইলে অভিযোগ লইয়া অতঃপর আইনি কার্যক্রম বন্ধ হইয়া যাইবে। অভিযোগ অস্বীকার করিবার সঙ্গে এই অজুহাত যুক্ত হইতে পারে। nemo debet bis vexari দ্র.।
- autrelois convict পূর্বে দণ্ডপ্রাপ্ত আসামির বিরুদ্ধে আনীত একই বা মূলত একই প্রকার অভিযোগে পূর্বেই কোনো উপযুক্ত আদালতে তিনি দণ্ডিত হইয়াছেন কিংবা পূর্বেই তিনি দণ্ডিত হইতে পারিতেন, এই মর্মে উত্থাপিত অজুহাত। বিচারক অনুরূপ অজুহাতের নিষ্পপ্তি করেন। অজুহাত গৃহীত হইলে অভিযোগ লইয়া অতঃপর আইনি কার্যক্রম বন্ধ হইয়া যাইবে। অভিযোগ অধীকার করিবার সঙ্গে এই অজুহাত যুক্ত হইতে পারে। nemo debet bis vexari দ্র.।

average n. গড় ক্ষতি ১. (নৌবিমায়) সামুদ্রিক কোনো ঘটনা বা বিপর্যয়ের কারণে সংঘটিত ক্ষতি। ২. সম্পত্তির আংশিক ক্ষয়ক্ষতির সূত্রে বিমাপত্রের আওতায় প্রদেয় অর্থের পরিমাণ হ্রাস। ইংল্যান্ডের ১৯০৬ সালের নৌবিমা আইন-অনুসারে সকল নৌবিমাপত্র গড়পড়তা ক্ষতিসাপেক্ষ। অন্য বিমাপত্রে অনুরূপ স্পষ্ট বিধান থাকিলে তাহাও গড়পড়তা ক্ষতিসাপেক্ষ হইতে পারে। সামুদ্রিক আইনে সাধারণ বা মোট ক্ষতি কথাটি কতকণ্ডলি ক্ষেত্রে কী ধরনের ক্ষতি সাধিত হয় এবং তাহার ফলে কী ধরনের অনুদানের অধিকার জন্মে, সে-বিষয়ে প্রযুক্ত হয়। সাধারণ ক্ষতি বলিতে সমুদ্রযাত্রায় সংশ্রিষ্ট সম্পত্তি সংরক্ষণের উদ্দেশ্যে ইচ্ছাকৃতভাবে বা যুক্তিসংগতভাবে কৃত ত্যাগ বা ব্যয় বুঝায়। দৃষ্টান্তস্বরূপ, ঝড়ের সময়ে জাহাজ ভাসাইয়া রাখিবার প্রয়োজনে কিছু মাল সমুদ্রে ফেলিয়া দেওয়া হইল সাধারণ ক্ষতিমূলক কার্য। এই কার্য হইতে সরাসরি উদ্ভূত ক্ষতিকে বলা হয় গড় ক্ষতি এবং ইহার ফলে যাঁহাদের মান রক্ষা পাইয়াছে তাঁহারা যথানুপাতে ওই ক্ষতি পূরণ করিবেন। উদাহরণস্বরূপ, জাহাজের মালিক এবং রক্ষাপ্রাপ্ত মালপত্রের মালিকের নিকট হইতে সমুদ্রে ফেলিয়া দেওয়া মালপত্রের মালিক ক্ষতিপূরণলাভের অধিকারী। এই ধরনের ক্ষতিপূরণকে সাধারণ গড় অনুদান বলে। সাধারণ ক্ষতির নীতি সকল উপকৃনবর্তী রাষ্ট্রের পক্ষে একই রকম, কিন্তু ইহার বিস্তারিত নিয়মকানুন এক রকম নহে। আইনের দ্পু ঘুচাইতে উনিশ শতকে ইয়র্ক ও আন্টওয়ার্পে অনুষ্ঠিত জাহাজ-মালিকদের আন্তর্জাতিক সম্মেলনে আদর্শ নিয়মাবলি অনুসরণে সকলে সম্মত হন। ইহা ইয়র্ক-আন্টওয়ার্প বিধি নামে পরিচিত। এই বিধিতে আইনের কর্তৃত্ব নাই, কিন্তু সমুদ্রপথে মালবহন করিবার চুক্তিসমূহে জাতীয় আইনসমূহের স্থলে ইহা অন্তর্ভুক্ত করা একটি সাধারণ রীতি। মূলনীতি হইল এই যে, সাধারণ গড়ক্ষতির সূত্রে যে-বিমাকারী ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইয়াছেন, অনুদানের অধিকার বলবৎ না করিয়াও তিনি দায়গ্রাহীদের নিকট হইতে উক্ত ক্ষতি সর্বাংশে পূরণ করিয়া লইতে পারেন। তখন দায়গ্রাহীরা এই অধিকারগুলি বলবৎ করিবেন। তুলনায় বিশেষ ক্ষতি (ইহাকে সাধারণ বা গৌণ ক্ষতিও বলা হয়) সম্পূর্ণভাবে সমুদ্রবিমার সহিত সম্পর্কিত। সাধারণ ক্ষতি-বহির্ভূত যে-কোনো ধরনের আংশিক ক্ষতি (যেমন, সমুদ্রজলে মাল নষ্ট হইয়া যাওয়া) ইহার অন্তর্ভুক্ত। যে-ব্যক্তি এইরূপ ক্ষতিগ্রস্ত ইইয়াছেন, তিনিই কেবল এই ক্ষতি বহন করিবেন এবং কিছু সীমাবদ্ধ ক্ষেত্রে এই ক্ষতি বিমাপত্রের দ্বারা পরণ করিবেন। বিক্রয় ইইয়া যাওয়া ক্ষতিমুক্ত জাহাজ যে-কোনো ধরনের দাবি-দাওয়ার বাহিরে থাকে। York-Antwerp rules ज्.।

average pay গড় মজুরি থে-সময়ের জন্য মজুরি নির্ধারণ করা হয় সেই সময়কে তিত্তি ধরিয়া প্রাসঙ্গিক দিনগুলির মজুরি। গড়পড়তা বেতনের শ্রমিকগণ 'দৈনিক শ্রেণীভুক্ত শ্রমিক' হিসাবে মজুরি দাবি করিতে পারেন, যদিও মালিকপক্ষ বা নিয়োগকারী কর্তৃপক্ষ সাধারণত পাক্ষিক হিসাবে মজুরি প্রদান করিয়া থাকেন। ১৯৬৫

۵۰۹ award

সালের কারখানা আইনের ৮১ (খ) ধারা-অনুসারে, শ্রমিকের প্রাপ্য অবকাশ বা ছুটি বাবদ তাঁহাকে গড় অর্ধবেতনসহ ছুটির বেলায় প্রতিদিন কাব্বের জন্য তিনি যে-মজুরি ও মহার্ঘভাতা (যদি থাকে) পাইতেন তাহার গড় অর্ধদিনের হিসাবের সমাহারে দিতে হইবে। ১৯৩৯ সালের মাতৃকল্যাণ আইনের ৩(২) ধারা-অনুসারে, মাতৃকল্যাণের সুবিধা প্রদানের জন্য দৈনিক গড় আয় হিসাব করা হইবে, সংশ্লিষ্ট মহিলা ৫(১) ধারা-অনুসারে প্রয়োজনীয় বিজ্ঞপ্তি প্রদানের তারিখের অব্যবহিত পূর্ববর্তী তিন মাসে তিনি যে-মজুরি উপার্জন করিয়াছেন, তাহার ভিত্তিতে।

avulsion n. নদীর গতি-পরিবর্তন বি. নদীর গতির এমন আকস্মিক ও প্রবল পরিবর্তন, যাহাতে পুরানো নদীখাত শুকাইয়া যায়। ইহা বন্যা, জলোচ্ছ্মাস, সামুদ্রিক ঝড় ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগের কারণে সাধিত হইতে পারে। এইরপে কোনো অঞ্চল বা এলাকার পরিবর্তন ঘটিলে ওই এলাকার স্বত্ত্বাধিকারে কোনো পরিবর্তন ঘটে না। তাই দ্রুত সংঘটিত ভূতাত্ত্বিক পরিবর্তন হইতে লাভবান হইতে পারে বলিয়া প্রতীয়মান কোনো রাষ্ট্রের নতুন দাবি অগ্রাহ্য হইয়া যাইবে। accretion তু.।

award n. রোয়েদাদ বি. arbitration দ্র. ৷

- back to back credit পারস্পরিক আকলন পণ্য আমদানিকারক কর্তৃক রপ্তানিকারকের অনুকৃলে ইস্যুকৃত আকলপত্রটি জামানত হিসাবে জমা রাখিয়া রপ্তানিকারক যদি তাঁহার দেশীয় কোনো ব্যাংক হইতে পণ্যের মূল্যের সরবরাহকারীর অনুকৃলে আরেকটি আকলপত্র খুলিতে অনুরোধ করেন, সেইক্ষেত্রে পারস্পরিক আকলনের উদ্ভব হয়।
- backwater n. পশ্চাদোদক বি. যে-পানি আটকাইয়া রাখা হইয়াছে। যে-পানি পশ্চাদ্দিক হইতে প্রবাহিত হয়। কোনো প্রবাহ বা জলাশয়ের যে-পানি নিম্নে কোনো বাঁধ বা প্রতিবন্ধহেতু অবরুদ্ধ হইয়া পড়িয়াছে কিংবা পিছনের দিকে প্রবাহিত হইতেছে। নদীখাত বা স্রোতঃপথের তলানি পরিঞ্চার করিবার উদ্দেশ্যে জোয়ারের সময়ে কৃত্রিমভাবে সঞ্জিত ও জলাশয়ে সংরক্ষিত পানি।
- bad character দুর্জন বি., দুক্তরিত্র ব্যক্তি ১৮৭২ সালের সাক্ষ্য আইনের ৫৪ ধার-অনুসারে, যে-ব্যক্তির সামথিক আচরণ ও ব্যবহার মন্দ কিংবা যাঁহার সামথিক আচরণ . ও ব্যবহার নিষ্ণলঙ্ক নয়।
- bad debt নষ্ট ঋণ, বিলাত বাকি যে-ঋণ যুক্তিসংগতভাবে আদায় করা সম্ভবপর নং কিংবা যে-ঋণ আদায়ের যুক্তিসংগত আশা নাই।
- bad faith n. অসদন্তিপ্রায় বি. সদন্তিপ্রায় বা সরলবিশ্বাসের বিপরীত। সাধারণত ইহার দ্বারা উপলক্ষিত হয় বা ইহার সঙ্গে সম্পৃক্ত থাকে প্রকৃত বা সংরচনাম্বক (constructive) প্রতারণা, অন্যকে বিভ্রান্ত বা বিপ্রলব্ধ করিবার অভিসন্ধি। নিজের অধিকার বা কর্তব্য সম্বন্ধে কোনো সততাপ্রস্ত প্রমাদের দ্বারা নহে, বরঞ্চ কোনো স্বার্থান্থেমী বা কৃটিল অভিপ্রায়ের দ্বারা প্রণোদিত হইয়া কোনো কর্তব্য বা কোনো চুক্তিঘটিত দায়দায়িত্ব পালনে অবহেলা বা অধীকৃতি। good faith তু.।
- bad title দুর্বল স্বত্ব যে-স্বত্ব ভূসম্পত্তির ক্রেতার নিকট কোনো সম্পত্তি হস্তান্তরযোগ্য করে না; এমন মৌলিক ক্রটিযুক্ত স্বত্ব যে উহা বিক্রয়যোগ্য নহে। এইরূপ স্বত্ব যাহা অনিচ্ছুক ক্রেতাকে গ্রহণ করিতে জাের করা যায় না। উত্তম স্বত্বের বিপরীত।
- bail n. জামিন বি, বিচারের অপেক্ষায় থাকাকালে কিংবা অপরাধহেতু দোষী সাব্যন্ত হওয়ার বিরুদ্ধে আপিল করিবার সময়ে আইনানুগ হেফাজত হইতে কোনো ব্যক্তিকে পুলিশ বা আদালতকর্তৃক মুক্তি দেওয়া। পুলিশকর্তৃক জামিনে মুক্তিপ্রাপ্ত একজন

50% bailment

ব্যক্তির উপর শর্তাদি আরোপ করা যাইতে পারে। একজন জামিনপ্রাপ্ত ব্যক্তি আদালতকর্তৃক ধার্য তারিখে হাজির না হইলে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করিতে বাধ্য থাকিবেন বলিয়া অঙ্গীকার করেন। ইহা স্বপ্রতিজ্ঞাপত্রে জামিন (bail in one's own recognizance) নামে পরিচিত। আদালত প্রায়শ নিশ্চয়তাদানকারীদের (জামিনদার নামে পরিচিত) এইরূপ নির্দেশ দেন যে, তাঁহারা আসামিকে হাজির করিবেন, অন্যথায় আদালতকর্তৃক ধার্য অর্থ বাজেয়াপ্ত করা হইবে। এইরূপ ক্ষেত্রে, তত্ত্বত, আসামিকে জামিনদারদের হেফাজতে মুক্তি দেওয়া হয়। জামিন মনজুর করা উচিত না অনুচিত এবং কী পরিমাণ অর্থের বিনিময়ে তাহা করা হইবে, সে-বিষয়ে বিচারকদের স্ববিবেচনা প্রয়োগের ব্যাপক ক্ষমতা রহিয়ছে। ফৌজদারি কার্যবিধির ৪৯৬-৫০২ ধারায় জামিন ও জামিনদার সম্পর্কে বিধান রহিয়াছে।

bailable offence জামিনযোগ্য অপরাধ যে-অপরাধে বন্দি জামিন পাইতে পারেন। ফৌজদারি কার্যবিধির ৪(খ) ধারা-অনুসারে, জামিনযোগ্য অপরাধ বলিতে সেই সকল অপরাধ বুঝাইবে, যাহা দ্বিতীয় তফসিলে জামিনযোগ্য বলিয়া দেখানো হইয়াছে অথবা যাহা বর্তমানে বলবৎ বা কোনো আইনদারা জামিনযোগ্য করা হইয়াছে।

bail bond জামিননামা, জামিনের মুচলেকা বি. ফৌজদারি কার্যবিধির ৪৯৮ ধারায় বলা হইয়াছে যে, জামিনসংক্রান্ত অধ্যায়ের (৩৯ অধ্যায়ের) অধীনে সম্পাদিত প্রত্যেক মুচলেকার অর্থের পরিমাণ মামলার যথাযথ পরিস্থিতি বিবেচনা করিয়া নির্ধারণ করিতে হইবে এবং ইহা অত্যধিক হইবে না। দণ্ডের পর আপিলযোগ্য হউক বা না হউক দায়রা আদালত বা হাইকোর্ট দাবিকৃত জামানত ব্রাসের আদেশ দিতে পারেন।

bailee n. জিমাদার বি. bailment দ্র.।

 হিসাবে ওইগুলি রক্ষা করিতে তিনি চুক্তিবদ্ধ হন, তবে এই চুক্তিদ্বারা তিনি জিম্মানার এবং ওই বস্তুর মালিক-জিম্মাদাতা হইয়া যাইবেন। এক্ষেত্রে যদিও বস্তুটি ফেলত দেওয়া হয় নাই, তথাপি ইহা জিম্মাদান বলিয়া গণ্য হইবে। জিম্মাদাতা ও জিম্মাদারের দায়দায়িত্ব সম্পর্কে চুক্তি আইনের ১৪৯ ধারা হইতে ১৮১ ধারায় বলা হইয়াছে।

bailor n. জিম্মাদাতা বি. bailment দ্ৰ.।

- balance of trade বাণিজ্যিক ভারসাম্য কোনো দেশের নির্দিষ্ট একটি সময়ের (সাধারণত এক বছরের) বস্তুগত বা দৃশ্যমান পণ্যসামগ্রী— যেমন ধান, পাট, চাম্ছা, যন্ত্রপাতি প্রভৃতির— আমদানি ও রপ্তানির মোট মূল্যের পার্থক্য।
- balance order ভারসাম্য আদেশ বেচ্ছাকৃত বা আদালতের তত্ত্বাবধানে কোপান্রি অবলুণ্ডির ক্ষেত্রে যে-আদেশদারা শেয়ারহোন্ডারের নিকট শেয়ারের অপরিশোধ্য মূল্য তলব করা হয়। ১৯৯৪ সালের কোপানি আইনের ২৬৯ ধারা-অনুসারে আদালভ অনুরূপ আদেশ দিতে পারেন।
- balance sheet স্থিতিপত্র বি. একটি নির্দিষ্ট সময়ে (যেমন অর্থ-বৎসরের শেষে)
 সংক্ষিপ্ত আকারে কোনো কোম্পানির আর্থিক অবস্থার যথার্থ ও নিরপেন্দ্র
 আলেখ্যসংবলিত একটি দলিল। ইহার উদ্দেশ্য, কোম্পানিটি তৎক্ষণাৎ গুটাইয়া
 ফেলিলে এবং উহার পরিসম্পদের বিক্রয়লব্ধ অর্থ হইতে সকল দায় শোধ করা হইলে,
 সদস্যগণের লভ্য হিসাবে কী পরিমাণ অর্থ উদ্বৃত্ত থাকিতে পারে, তাহা উদ্ঘাটন করা।
 ১৯৯৪ সালের কোম্পানি আইনের ১৮৩ ধারা-অনুসারে, বার্ষিক সাধারণ সভার্য
 স্থিতিপত্র ও লাভক্ষতির হিসাব দাখিল করিতে হইবে।
- balancing the equities ন্যায়পরতা তুল্যীকরণ অন্যের জমির সীমালচ্ছনপূর্বৰ
 নির্মিত ভবনাদি-সম্পর্কিত মামলায় সচরাচর উল্লিখিত একটি মতবাদ। এইরপ ক্ষেদ্রে
 সীমানালচ্ছান ভুলক্রমে এবং কোনো অসদুদ্দেশ্য-ব্যতিরেকে ঘটিয়া থাকিলে এবং
 কৃতাপরাধ পক্ষকে অপসারণের নির্দেশ দিলে তাঁহাকে যে-ক্ষতি স্বীকার করিতে
 হইবে, উহার তুলনায় সীমানালচ্ছান যৎসামান্য হইলে, আদালত ক্ষতিগ্রন্ত পক্ষকে
 ন্যায়পরতাসম্মত প্রতিকারের (equitable relief) স্থলে আর্থিক ক্ষতিপূরণ প্রদান
 করিবেন। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫১ ধারায় উক্ত মতবাদটি গৃহীত হইয়াছে।
- ballistics n. ক্ষেপণাস্ত্রবিদ্যা বি. ১. গোলাগুলি ইত্যাদি দ্রবেধী অস্ত্রের গতি-সম্পর্কিত বিজ্ঞান। ২. বিশেষত ফৌজদারি মামলায়, একটি বন্দুকের গুলিবর্ধণ-ক্ষমতা এবং একটি নির্দিষ্ট গুলি একটি বিশেষ বন্দুকের দ্বারা নিক্ষিপ্ত হইয়াছে কি না, তাথ নির্ণয়ের জন্য কোনো অস্ত্রের গুলিবর্ষণের বৈশিষ্ট্য বিশ্লেষণ।

balloon payment শূন্যগর্ভ পরিশোধ কোনো ঝণের চূড়ান্ত পরিশোধ। ইহার পরিমাণ পূর্ববর্তী স্বাভাবিক কিন্তির পরিমাণের চাইতে বেশি হইতে পারে। কারণ ইহাতে অবশিষ্ট ঝণ পরিশোধিত হইয়া যায়।

ballot n. ব্যালট বি., গোপন নির্বাচন ব্যালট পেপার বা ভোটপত্র দ্বারা কোনো পদে গোপনে প্রার্থী নির্বাচিত করিবার পদ্ধতি। ওই পদ্ধতিতে ভোটদাতাকে প্রার্থীদের নামান্ধিত একটি ভোটপত্র দেওয়া হয়। তিনি নিজের পছন্দ-অনুযায়ী একজন প্রার্থীর অনুকৃলে চিহ্ন দিয়া ভোটপত্রটি এমনভাবে ভাঁজ করেন যে, তাহা যেন দৃশ্যমান না হয়। অতঃপর ব্যালট-বাক্স নামে পরিচিত ভোটপত্র জমা দিবার সিলমোহরযুক্ত বাব্দ্রে তিনি ওই ভাঁজ করা ভোটপত্র জমা করেন। পরে বিধি-অনুযায়ী ভোটপত্র গণনা করিয়া ফলাফল নির্ধারণ করা হয়।

ballot box ভোটবাক্স, ব্যালট-বাক্স বি. ballot দ্ৰ.।

ballot paper ভোটপত্র, ব্যালট পেপার বি. ballot দ্র.।

bandhu n. বন্ধু বি. আত্মীয় বা জ্ঞাতি। হিন্দু আইনে, একজন দূরসম্পর্কিত সগোত্র জ্ঞাতি। মিতাক্ষরায় বন্ধু পরিশব্দটির সংজ্ঞার্থে বলা হইয়াছে : 'ভিন্নু গোত্র সপিও', অর্থাৎ ভিন্নু পরিবার হইতে উদ্ভূত এবং একই দেহকণিকা বা রক্তের দ্বারা সম্পর্কিত। মিতাক্ষরা-মতানুযায়ী সপিও ও সমানোদকের পর বন্ধু মৃতব্যক্তির উত্তরাধিকারী হন।

Bangladesh Bank বাংলাদেশ ব্যাংক ১৯৭২ সালের বাংলাদেশ ব্যাংক আদেশের অধীন স্থাপিত বাংলাদেশ ব্যাংক। ইহা বাংলাদেশে অর্থ ও মুদ্রা ব্যবস্থা পরিচালনার জন্য স্থাপিত কেন্দ্রীয় ব্যাংক। ইহা অভ্যন্তরীণ মুদ্রামান এবং সর্বোত্তম জাতীয় স্বার্থে দেশের উৎপাদনক্ষম সম্পদের ক্রমবর্ধমান প্রবৃদ্ধি ও উন্নতির পরিপ্রেক্ষিতে বাংলাদেশী টাকার প্রতিযোগিতামূলক বৈদেশিক প্রতিমূল্য বিধানকরণে পদক্ষেপ গ্রহণসহ ব্যাংক-ব্যবস্থার তদারকি করে এবং সরকারের ব্যাংকার হিসাবে কাজ করে।

Bangladeshi Biman বাংলাদেশী বিমান ১৯৯৭ সালের বিমান-নিরাপত্তাবিরোধী অপরাধ দমন আইনের ২(গ) ধারা-অনুসারে, এমন একটি বিমান, যাহা (অ) বাংলাদেশে নিবন্ধনকৃত; অথবা (আ) আপাতত কোনো দেশে নিবন্ধনকৃত না থাকা সত্ত্বেও উহার ব্যবস্থাপনা-কর্তৃপক্ষ বা উহার আইনানুগ অধিকারসম্পন্ন বা সুবিধালাভের অধিকারসম্পন্ন প্রত্যেক ব্যক্তি— (১) বাংলাদেশে নিবন্ধনকৃত কোনো বিমানে আইনানুগ অধিকার বা সুবিধালাভের অধিকার অর্জনে যোগ্যতা রাখেন; অথবা (২) বাংলাদেশে বাস করেন বা তাঁহার বা উহার প্রধান কর্মস্থল বাংলাদেশে অবস্থিত; অথবা (ই) বাংলাদেশ ব্যতীত অন্য কোনো দেশে নিবন্ধনকৃত, কিন্তু উহা এমন ব্যক্তিবা ব্যক্তিগণের দ্বারা এককভাবে ভাড়ায় ব্যবহারের জন্য চুক্তিবন্ধ যে উক্ত ব্যক্তি বা ব্যক্তিগণ উপদক্ষা (আ)-এর অনুচ্ছেদ (১) ও (২) এর শর্ত পুরণ করেন।

- Bangladeshi work বাংলাদেশী কর্ম ২০০০ সালের কপিরাইট আইনের ২(১) ধারা-অনুসারে, এমন সাহিত্য, নাট্য, সংগীত বা শিল্পকর্ম (ক) যাহার প্রণেতা বাংলাদেশের নাগরিক; বা (খ) যাহা প্রথম বাংলাদেশে প্রকাশিত হইয়াছে; বা (গ) অপ্রকাশিত কর্মের ক্ষেত্রে, যাহার প্রণেতা উহা তৈরির সময়ে বাংলাদেশের নাগরিক ছিলেন।
 - Bangladesh Law বাংলাদেশ আইন ১৮৯৭ সালের জেনারেল রুজেজ অ্যাক্টের ৩ (৮কক) ধারা-অনুসারে, বাংলাদেশে বলবৎ কোনো আইন, অধ্যাদেশ, প্রবিধান, বিধি, আদেশ বা স্থানীয় আইন।
 - bank n. ব্যাংক বি. (বাণিজ্যিক আইনে) যে-স্থানে প্রভূত পরিমাণে অর্থ গচ্ছিত থাকে, বিনিময়ের মাধ্যমে প্রত্যার্পিত হয় কিংবা অন্যথায় মুনাফার জন্য বিনিব্যবয় করা হয়। ব্যাংকিং ব্যবসায়ে নিয়োজিত যে-কোনো প্রতিষ্ঠান। ব্যাংক হইতেছে এমন একটি প্রতিষ্ঠান যাহা সুদ প্রদানের শর্তে আমানত গ্রহণ করে এবং কর্জ প্রদান করে এবং এইভাবে ব্যবসা বাণিজ্যে সহায়তা প্রদান করে। ১৯৯১ সালের ব্যাংক-কোম্পানি আইনের ৭ ধারা-অনুসারে, ব্যাংক-কোম্পানি ব্যাংক-ব্যবসা ছাড়াও ওই ধারায় বর্ণিত যে-কোনো ব্যবসায়ে নিয়োজিত হইতে পারিবে যাহাতে ঋণ গ্রহণ, অর্থ সংগ্রহ বা গ্রহণ, কর্জ প্রদান, বিনিময়যোগ্য দলিল প্রস্কৃতকরণ, বাট্টাকরণ, ক্রয়, বিক্রয়, সংগ্রহ ও লেনদেন, ধাতব মুদ্রা ক্রয়-বিক্রয় এবং বৈদেশিক মুদ্রার লেনদেন অন্তর্ভূক্ত।
 - bankable paper ব্যাংকে গ্রহণযোগ্য দলিল কাগজের টাকা, ব্যাংকের চেক, ^{বিন}, হুভি বা ড্রাফট এবং অন্যান্য সাধনপত্র যাহা ব্যাংক কর্তৃক নগদরূপে গ্রহণযোগ্য হয়।
 - bank business ব্যাংক-ব্যবসা ১৯৯১ সালের ব্যাংক-কোম্পানি আইনের ৫(ত) ধারা-অনুসারে, কর্জপ্রদান বা বিনিয়োগের উদ্দেশ্যে জনসাধারণের নিকট হইতে টাকার এইরূপ আমানত গ্রহণ করা যাহা চাহিবামাত্র বা অন্য কোনোভাবে পরিশোধযোগ্য এবং চেক, ড্রাফট, আদেশ বা অন্য কোনো পদ্ধতিতে প্রত্যাহারযোগ্য।
 - bank company ব্যাংক-কোম্পানি ১৯৯১ সালের ব্যাংক-কোম্পানি আইনের ৫(গ)
 ধারা-অনুসারে, বাংলাদেশে ব্যাংকের কার্যাবলি পরিচালনাকারী কোনো কোম্পানি,
 এবং যে-কোনো নতুন ব্যাংক ও বিশিষ্ট ব্যাংকও অন্তর্ভুক্ত। যে-কোম্পানি মূলত পণ্যউৎপাদন ও বাণিজ্য-পরিচালনা করে এবং শুধু উক্ত উৎপাদন ও বাণিজ্যের
 অর্থসংস্থানের জন্য জনগণের নিকট হইতে অর্থ গ্রহণ করে, সেই কোম্পানি এই দফার
 অর্থীন ব্যাংক-ব্যবসা করিতেছে বলিয়া গণ্য হইবে না। নৃতন ব্যাংক অর্থ ১৯৭২
 সালের বাংলাদেশে ব্যাংক্স (ন্যাশনালাইজেশন) অর্ডারে ব্যাখ্যাত কোনো নৃতন
 ব্যাংক। বিশিষ্ট ব্যাংক অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা ইহার অধীন

স্থাপিত বা গঠিত কোনো ব্যাংক; ১৯৯১ সালের ব্যাংক-কোম্পানি আইনের উদ্দেশ্যপূরণকালে সরকারি গেজেটদ্বারা সরকার কোনো ব্যাংককে বিশিষ্ট ব্যাংকরূপে ঘোষণা করিলে তাহাও উহার অন্তর্ভুক্ত হইবে।

banker n. ব্যাংকার বি. ব্যাংকের মালিক, প্রশাসক বা পরিচালক, কিংবা ব্যাংকিং ব্যবসা বা প্রতিষ্ঠানে নিয়োজিত নির্বাহী ব্যক্তি। ব্যাংকার বলিতে এখন সেইসব বেসরকারি ব্যক্তিকেও বুঝায়, যাঁহাদের নিকট টাকা গচ্ছিত রাখা হয় এবং যাঁহাদের নিকট হইতে মালিকগণ প্রয়োজনমতো টাকা তুলিয়া লন। ১৮৮১ সালের হস্তান্তরযোগ্য দলিল আইনের ৩ ধারায় বলা হইয়াছে যে, ব্যাংকার বলিতে ব্যাংক-পরিচালক হিসেবে কাজ করেন, এমন ব্যক্তি কিংবা সংস্থা বা কোম্পানিও বুঝায়।

banker's lien ব্যাংকের লিয়েন ঋণ পরিশোধ না করা পর্যন্ত ব্যাংক কর্তৃক ঋণপ্রহীতার সম্পদ আটক করিয়া রাখিবার অধিকার।

bank holiday ব্যাংক ছুটি, ব্যাংক ছুটির দিন ব্যাংকিং ও বিনিময়যোগ্য দলিল আইন-অনুযায়ী যে-সকল দিন ব্যাংকগুলির জন্য ছুটির দিন বলিয়া ঘোষিত এবং সরকারি ছুটি হিসাবে পরিগণিত। যেসব দিনে ব্যাংকের লেনদেন বন্ধ থাকে বা থাহক-সংশ্লিষ্ট কর্মকাণ্ড বন্ধ থাকে। তবে ব্যাংক ছুটিতে অনেক সময়ে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণকে ব্যাংকে উপস্থিত থাকিয়া অভ্যন্তরীণ কর্মকাণ্ড সম্পাদন করিতে হয়।

banknote ব্যাংক নোট কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক প্রচারিত মুদ্রা।

bankrupt adj. দেউলিয়া বিণ. ১৯৯৭ সালের দেউলিয়া-বিষয়ক আইনের ২(১৮) ধারা-অনুসারে, উক্ত আইনের ১০, ৪৫ বা ৪৬ (১৩) ধারার অধীনে দেউলিয়া হিসাবে ঘোষিত কোনো দেনাদার। এতৎসহ bankrupt and insolvent ও bankruptcy দ্র.।

bankrupt and insolvent দেউলিয়া ও ঋণশোধনাক্ষম ব্যক্তি আইনের দৃষ্টিতে সেই ব্যক্তি দেউলিয়া যে-ব্যক্তি দেউলিয়া হিসাবে আদালতকর্তৃক ঘোষিত এবং যে-ব্যক্তির সম্পত্তির তুলনায় পাওনাদারের পাওনার পরিমাণ অধিক। একটি উপযুক্ত আদালত কোনো ব্যক্তিকে দেউলিয়া বলিয়া ঘোষণা না করা পর্যন্ত সেই ব্যক্তিকে দেউলিয়া বলা যাইবে না। সাধারণত ঋণশোধনাক্ষম ব্যক্তিকে insolvent বা মুফলিস বলে। ১৯৯৭ সালের দেউলিয়া-বিষয়ক আইনের ১১৬ ধারা-অনুসারে, আপাতত বলবৎ অন্য কোনো আইনে উল্লিখিত insolvent শব্দ বা তদুভ্বত অন্য শব্দ থাকিলে তদ্দারা যথাক্রমে bankrupt শব্দ বা তদুভ্বত অনুরূপ শব্দকে বুঝানো হইয়াছে বলিয়া গণ্য করিতে হইবে।

bankruptcy n. দেউলিয়াত্ব বি. কোনো আদালতকর্তৃক দেউলিয়া বলিয়া সাব্যস্ত একজন ব্যক্তির অবস্থা (winding up তু.)। আদালত একজন দেউলিয়ার বিষয়সম্পত্তির বাধ্যতামূলক প্রশাসনের জন্য আদেশ প্রদান করেন, যাহাতে তাঁহার পরিসম্পৎ তাঁহার উত্তমর্গদের মধ্যে ন্যায়সংগতভাবে বন্টন করা যাইতে পারে। একজন অধমর্ণকে দেউলিয়া ঘোষণা করিবার জন্য একজন উত্তমর্ণ কিংবা স্বয়ং অধমর্ণকে অবশ্যই আদালতে একটি দরখান্ত (দেউলিয়াত্বের আরজি নামে পরিচিত) দাখিল করিতে ইইবে। এতৎসহ bankrupt, bankrupt and insolvent, bankruptcy order ও bankruptcy petition দ্র.।

bankruptcy court দেউলিয়া-বিষয়ক আদালত ১৯৯৭ সালের দেউলিয়া-বিষয়ক আইনের ৪ ধারা-অনুসারে গঠিত জেলা জজের আদালতকে দেউলিয়া-বিষয়ক আদালত বলে। দেউলিয়া-বিষয়ক আইনের অন্যান্য বিধানসাপেক্ষে জেলা আদালত ইইতে দেউলিয়া আইনের অধীনে এখতিয়ারসম্পন্ন আদালত এবং উক্ত আদালতের এখতিয়ারাধীন এলাকায় দেউলিয়া আইনের অধীন উদ্ভূত কার্যধারাসমূহের বিচার ও নিম্পত্তিকারী বিচারক হইবেন জেলা জজ। জেলা জজ তাঁহার সহিত কর্মরত যে-কোনো অতিরক্ত জেলা জজকে দেউলিয়া মামলা বিচার ও নিম্পত্তি করিবার ক্ষমতা প্রদান করিতে পারেন।

bankruptcy order দেউলিয়াত্বের আদেশ আদালতের যে-আদেশবলে একজন অধমর্প দেউলিয়ায় পরিণত হন। ১৯৯৭ সালের দেউলিয়া-বিষয়ক আইনের ১০ ধারার অধীন কোনো ব্যক্তিকে দেউলিয়া ঘোষণা করিয়া আদালতকর্তৃক কোনো আদেশ। আদেশ প্রদান করা হইলে দেনাদারের সকল সম্পত্তি সরকারি রিসিভার নামে পরিচিত আদালতের একজন কর্মকর্তা কিংবা পাওনাদারগণকর্তৃক নিযুক্ত একজন অছির নিকট স্থানান্তরিত হয়।

bankruptcy petition দেউলিয়াত্বের আরঞ্জি একজন ঋণশোধনাক্ষম দেনাদারের বিরুদ্ধে দেউলিয়াত্বের আদেশ জারি করিবার নিমিত্ত আদালতের নিকট দরখাত্ত। ১৯৯৭ সালের দেউলিয়া-বিষয়ক আইনের ১০ ধারা-অনুসারে, দেনাদার কোনো দেউলিয়া কর্ম করিলে এক বা একাধিক যথাযোগ্য পাওনাদার বা উক্ত দেনাদার দেউলিয়া-বিষয়ক আইনের বিধানাবলি সাপেক্ষে আরজি পেশ করিতে পারিবেন, এবং আদালত উক্ত আরজির পরিপ্রেক্ষিতে উক্ত দেনাদারকে দেউলিয়া ঘোষণা করিয়া একটি আদেশ প্রদান করিতে পারিবেন। এইরূপ আদেশ দেউলিয়া ঘোষণাদেশ বলিয়া অভিহিত। এত্যসহ bankruptcy, bankrupt, bankrupt and insolvent ও bankruptcy order দ্র.।

ኦኦሮ bargadar

Bar n. আইনজীবী সম্প্রদায় সামষ্টিকভাবে সকল আইনজীবী। 'To be called to the Bar'-এর অর্থ ইংল্যান্ডের যে-কোনো একটি ইন অফ কোর্ট কর্তৃক আহৃত হইয়া আইনজীবীর পেশায় বৃত হওয়া।

- bar n. ১. প্রতিবন্ধ বি. কোনো আইনগত বাধা। ২. বার বি. আদালতে একটি কাল্পনিক প্রতিবন্ধ। আদালতের অধিবেশন চলাকালে আদালতের কর্মকর্তা এবং সশরীরে উপস্থিত মামলাকারী ভিন্ন অন্য কাহাকেও বার ও এজলাসের মধ্যখানে প্রবেশ করিতে দেওয়া হয় না। ৩. সংসদভবনের প্রবেশদারের নিকটবর্তী একটি বেষ্টনী, যাহা অসদস্যরা অভিক্রম করিতে পারেন না, কিন্তু যেখানে তাঁহাদের তলব করা যাইতে পারে (যেমন, ভিরন্ধার করিবার জন্য)।
- Bar Association আইনজীবী সমিতি আইনজীবী সম্প্রদায়ের সদস্যদের সংগঠন। যেমন, ঢাকা জেলা আইনজীবী সমিতি, সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি।
- Bar Council বার-কাউনসিল আইনজীবীদের পেশার সনদপ্রদান-নিয়ন্ত্রণকারী পরিষদ। এই পরিষদ সকল আইনজীবীর কর্মকাও নিয়ন্ত্রণ করে, আইনজীবীদের পেশার মান রক্ষা করে এবং তাঁহাদের বিরুদ্ধে অভিযোগ বিবেচনা করে। ১৯৭২ সালের বাংলাদেশ লিগাল প্রাকটিশনার্স ও বার কাউনসিল অর্ডার দ্বারা দেশের বার কাউনসিলের নির্বাচন, গঠন ও পরিচালন নিয়ন্ত্রিত হয়।
- bare trust উন্মুক্ত ন্যাস, সরল ন্যাস যে ন্যাস-সম্পত্তি সম্পর্কে কেবল আইনি অযোগ্যতাহীন ও সাবালক হিতগ্রাহীকে ন্যাস-সম্পত্তি অর্পণ করা ব্যতীত অছির অন্য কোনো দায়িত্ব থাকে না বা অন্য কোনো কর্তব্য পালন করিতে হয় না।

barga land

পরিব্যয় ছাড়া, চাষের পরিব্যয়ে সমানুপাতে এক-তৃতীয়াংশ গ্রহণ করিবেন। উজ অধ্যাদেশের ১৬ ধারায় বলা হইয়াছে যে, বর্গাদার বা জমির মালিকের মধ্যে উৎপন্ন ফসলের বিভাজন বা অর্পণ, বর্গাচুক্তির অবসান এবং উৎপন্ন ফসলের গোলাজাত ও মাড়াইয়ের স্থান সম্পর্কে কোনো বিরোধ উদ্ভূত হইলে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট তিন মাসের মধ্যে বিরোধ মীমাংসার জন্য সংক্ষুদ্ধ পক্ষকে দরখান্ত-আকারে প্রার্থনা করিতে হইবে।

barga land আধি জমি, বর্গা জমি ১৯৮৪ সালের ভূমিসংস্কার অধ্যাদেশের ২(গ) ধারা-অনুসারে, বর্গাদার হিসাবে কোনো ব্যক্তির চাষাধীন জমি।

barratry n. প্রক্ষ, ব্যারাট্রি বি. কোনো পোতাধ্যক্ষ বা জাহাজের নাবিকগণকর্তৃক উদ্দেশ্যপ্রণোদিতভাবে সংঘটিত যে-কার্য ওই জাহাজের মালিক বা ভাড়াকারীর জন্য ক্ষতিকর। যেমন, জাহাজ ডুবাইয়া দিয়া মালপত্র আত্মসাৎ করা। যেসব কার্যকলাপের জন্য জাহাজটি বাজেয়াপ্ত হইতে পারে (যেমন, নিষিদ্ধ ব্যক্তিদের বহন করা), তাহাও প্রলম্ভ বলিয়া গণ্য। প্রলম্ভ নৌ-বিমাপত্রের অন্তর্গত ঝুঁকিগুলির অন্যতম।

barrister n. ব্যারিন্টার বি. ইংল্যান্ডের ইনস্ অব কোর্টের তালিকাভুক্ত ছাত্র হিসাবে কাউনসিল অব লিগ্যাল এডুকেশনের শিক্ষাক্রম-অনুযায়ী অধ্যয়ন ও প্রশিক্ষণ সমাও করিয়া যাঁহারা সনদপ্রাপ্ত। একজন ব্যারিন্টারকে অবশ্যই লন্তনের চারটি ইন্স অব কোর্টের যে-কোনো একটির সদস্য হইতে হয়। ব্যারিন্টারেরা সাধারণত বিশ্ববিদ্যালয়ে তিন বংসর মেয়াদি আইনের একটি ডিগ্রি গ্রহণ করেন, তারপর বার কুলে এক বংসরের কোর্স সমাও করিয়া আইনজীবীর পেশায় বৃত হন। অতঃপর তাঁহারা চেম্বারে শিক্ষানবিশি গ্রহণ করেন এবং পরে আদালতে ওকালতি করিবার অধিকার লাভ করেন। ব্যারিন্টার ব্যতীত কলিকাতা হাইকোর্টের উকিলগণ উজ্জ আদালতের আদি বিভাগে ওকালতি করিতে পারিতেন না। তথু ব্যারিন্টারগণ অ্যাটর্নিদের হারা নিযুক্ত হইলে উক্ত আদালতের আদি বিভাগে মামলা পরিচালনা করিতে পারিতেন। ১৯২৬ সালের বার কাউনসিল আইনে ব্যারিন্টার ও উকিলদের মধ্যে বিভেদ দূর করিয়া সকলকে একই শ্রেণীর আ্যাডভোকেট হিসাবে তালিকাভুক্ত করিবার বিধান হইয়াছিল। বাংলাদেশ বার কাউনসিল হইতে সনদপ্রাপ্ত হইলেই মাত্র একজন ব্যারিন্টার অ্যাডভোকেট হিসাবে বাংলাদেশে আইনপেশায় নিয়োজিত হইতে পারেন।

barter n. পণ্যবিনিময় বি. পণ্যের বদলে পণ্যপ্রদানের মাধ্যমে বাণিজ্ঞা। পণ্যবিনিময় ও বিক্রয়ের মধ্যে পার্থক্য এই যে, শেষোক্ত ক্ষেত্রে সর্বদা পণ্যের বিনিময়ে অর্থপ্রদান করা হয়। 559 bastard

barter trade পণ্যবিনিময়-বাণিজ্য এক দেশের সহিত অন্য দেশের পণ্যবিনিময় বাণিজ্য। বৈদেশিক মুদ্রা ঘাটতি আছে এমন কোনো কোনো দেশে বাণিজ্যের আদিমতম পস্থা হিসেবে পরিচিত এই বাণিজ্য প্রচলিত আছে।

- baseline n. ভূমিরেখা বি. (আর্ন্ডজাতিক আইনে) স্থল ও সমুদ্রের মধ্যে বিভাজন-রেখা, যাহার সাহায্যে একটি উপকূলীয় অধিকার-ক্ষেত্রের বিস্তৃতি পরিমাপ করা হয়। এই রেখা একটি রাষ্ট্রের স্থলভাগের দিকে অভ্যন্তরীণ জলরাশি (internal waters দ্র.) এবং সমুদ্রাভিমুখ দিকে রাষ্ট্রীয় সাগরের (territorial sea) মধ্যে সীমা রচনা করে (territorial waters দ্র.)। রাষ্ট্রের অন্যান্য উপকূলীয় এলাকা, যেমন সন্নিহিত এলাকা, অনন্যগ্রাহী অর্থনৈতিক এলাকা এবং অনন্যগ্রাহী মৎস্য-আহরণ এলাকা ওই ভিত্তিরেখা হইতে পরিমাপ করা হয়।
- basic feature or structure of the Constitution সংবিধানের মূল বৈশিষ্ট্য বা কাঠামো সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সিদ্ধান্ত এই যে, সংবিধানের মূল বৈশিষ্ট্য বা কাঠামো সংবিধান-সংশোধনের মাধ্যমে পরিবর্তন করা যায় না। Anwar Hossain Chowdhury v. Bangladesh, 1989 41 DLR(AD)165 দ্র.।
- basic norm মৌল আদর্শ হানস্ কেলসেনের আইনতত্ত্বে মৌল আদর্শ হইতেছে সেই
 আইন যাহা হইতে সমাজের অন্যান্য আইন উদ্ভূত হয়। কেলসেনের বিশুদ্ধ
 আইনতত্ত্ব-অনুযায়ী আইন হইতেছে আদর্শ। সূতরাং কোনো সমাজের আইনব্যবস্থা
 আদর্শদ্বারা গঠিত হয় এবং প্রত্যেক আইনি আদর্শ অন্যান্য আইনি আদর্শ হইতে
 বৈধতা অর্জন করে। সকল আইনের বৈধতা মূল আদর্শের ভিত্তিতে পরীক্ষিত হয়,
 যাহার অর্থ হইতেছে সার্বভৌমের সকল ঘোষণাই মান্য। অথবা সংবিধানের মতো
 ইহা আইনপ্রণয়নকারী ব্যাপক ব্যবস্থা। ইহা Grund norm হিসাবেও পরিচিত।
- basis point ভিত্তিবিন্দু, বেসিস পয়েন্ট ইহা একটি নির্দেশনামা, যাহাতে কোনো আমদানিকারক কিসের ভিত্তিতে, কী ধরনের পণ্যদ্রব্যাদি আনয়নের ক্ষমতা রাখেন এবং কোন ধরনের পণ্যাদি আনয়নের ক্ষমতা হারান, তাহা নির্দেশিত হয়।

bata plot

২৮০ দিনের মধ্যে কোনো সন্তান জন্মগ্রহণ করিলে উক্ত সন্তান বৈধ বলিয়া গণ্য হইবেন, যতক্ষণ না অন্যপক্ষ প্রমাণ করেন যে, উক্ত ব্যক্তি মাতৃগর্ভে আসিবার সম্ভাব্য সময়ে বিবাহিত পক্ষন্বয়ের মধ্যে মিলিত হইবার সুযোগ ছিল না। হিন্দু আইনে অবৈধ সন্তান কেবল ভরণপোষণের অধিকারী, তবে বণ্টনদাবির অধিকারী নহেন।

bata plot বাটা দাগ নকশায় দাগ নম্বর দেওয়ার সময়ে কোনো দাগে নম্বর দেওয়া না

হইলে অথবা কোনো দাগ বিভক্ত করিয়া নৃতন দাগ সৃষ্টি করা হইলে ছুট দাগের
পাশের দাগ নম্বর অথবা মূল দাগের নম্বরের নিচে নকশার শেষ দাগ নম্বরের পরবর্তী

নম্বর দিয়া ছুট দাগ অথবা বিভক্ত নৃতন দাগকে চিহ্নিত করা হয়।

batil, fasid and makruh বাতিল, ফাসিদ ও মকরুত্ void in Islamic law দ্ৰ.।

battered child নিগৃহীত শিশু যে-শিশু তাহার পিতা বা মাতা, বিপিতা বা বিমাতাকর্তৃক কিংবা সে যে-ব্যক্তির সহিত বসবাস করে, তৎকর্তৃক শারীরিক নিগ্রহ বা অপব্যবহারের শিকার। পিতামাতার মধ্যে অপর জন (কিংবা যে-ব্যক্তি শিশুটির দেখাতনা করেন) আইনানুযায়ী একটি আদেশের জন্য আদালতে আবেদন করিলে নিগৃহীত শিশুকে সুরক্ষিত করা যাইতে পারে।

battered spouse or cohabitant নিগৃহীত স্বামী, স্ত্রী বা একত্রবাসী স্বামী, স্ত্রী,

" বা একত্রবাসী কর্তৃক শারীরিক নিয়হের পাত্র কোনো ব্যক্তি। নিগৃহীত একত্রবাসী
(কিংবা যিনি ভবিষ্যতে নিগৃহীত হইবেন বলিয়া শক্ষিত) নানাভাবে আদালতের সুরক্ষা
প্রার্থনা করিতে পারেন। অপর সঙ্গী যাহাতে তাঁহাকে উত্ত্যক্ত, উপদ্রুত বা নিগৃহীত না
করেন, সেইরূপ নির্দেশপ্রদানপূর্বক নিরুপদ্রব আদেশ জারি করিবার জন্য কেহ
আদালতের নিকট আইনানুযায়ী আবেদন করিতে পারেন, কিংবা বৈবাহিক নিবাসের
উপর নিগ্রহকারী সঙ্গীর অধিকার নিষিদ্ধ, স্থগিত বা সংকৃচিত করিয়া আবেদনকারীকে
ওই নিবাসে দখল বজায় রাখিবার অধিকার প্রদানপূর্বক একটি দখল আদেশ জারি
কবিবার জন্য আবেদন করিতে পারেন।

battery n. পীড়ন, নিপ্রহ বি. কোনো ব্যক্তির সম্মতি-ব্যতিরেকে তাঁহার উপর অভিপ্রায়পূর্বক বা বেপরোয়া শারীরিক বলপ্রয়োগ। ইহা ওই ব্যক্তির উপর একপ্রকার অন্যায় হস্তক্ষেপ। ইহার ফলস্বরূপ প্রকৃত অনিষ্ট সাধিত না হইলেও ইহা সংক্ষেপে বিচারযোগ্য একটি অপরাধ (যাহা জরিমানা এবং অথবা ছয়্ম মাসের কারাদণ্ডে দওনীয়) এবং ইহা একটি দেওয়ানি ক্ষতিও বটে।

batwara n. বাটোয়ারা বি. কোনো সম্পত্তি বা ফসলের অংশ অথবা অন্য কোনো সম্পদ আইন-অনুসারে প্রাপ্য অংশীদারদের মধ্যে আদালত কর্তৃক অথবা কোনো দলিলের মাধ্যমে অথবা আপসমূলে বিভাগ-বন্টন করিয়া দেওয়া বা নেওয়া।

- bay n. উপসাগর বি. একটি উপকূল-বরাবর একটি সুচিহ্নিত স্থূলত অর্ধবৃত্তাকার ভগ্নরেখা। উপসাগর কিসে গঠিত হয় এবং কিসে হয় না, তাহা একটি রাষ্ট্রের উপকূলীয় জলরাশির উপর রাষ্ট্রটির নিয়ন্ত্রণ-নির্ণয়ের ক্ষেত্রে প্রাসঙ্গিক হইতে পারে।
- baynanama (baynapatra)

 া. বায়নানামা, বায়নাপত্র বি. কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সঙ্গে অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের কোনো বিষয় সম্পাদনের বা কোনো বিষয় সম্পর্কে চুক্তিবদ্ধ হইবার দলিল। সাধারণত কোনো বিক্রয়ের চুক্তিকে বায়নানামা বলা হয়। বায়নানামা-অনুসারে সম্পত্তির বিক্রেতা বায়নাকৃত সম্পত্তি রেজিন্ত্রি করিয়া না দিলে অপরপক্ষ সুনির্দিষ্ট প্রতিকার আইনের বিধান-অনুসারে আদালতের মাধ্যমে বায়নাকৃত সম্পত্তি রেজিন্ত্রি করিয়া লইতে পারেন।
- bazar n. বাজার বি. ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ২(১২) ধারা-অনুসারে, হাট অথবা বাজার বলিতে এমন কোনো স্থানকে বুঝায় যেখানে মানুষ প্রত্যহ বা সপ্তাহের কোনো বিশেষ দিনে প্রধানত কৃষিজাত ও বাগানজাত উৎপন্ন দ্রব্য, গৃহপালিত পশু, হাঁসমুরগি, চামড়া, মাংস, ডিম, দুধ, দুগ্ধজাত দ্রব্য অথবা অন্যান্য খাদ্য বা পানীয় অথবা জীবনধারণের জন্য আবশ্যকীয় অন্যান্য দ্রব্য ক্রয়-বিক্রয়ের জন্য একত্র হয়। হাট-বাজার এলাকার মধ্যবর্তী স্থানে যদি কোনো জিনিসপত্র অথবা শিল্পজাত দ্রব্য ক্রয়-বিক্রয়ের দোকান থাকে তবে সেগুলিও হাট-বাজারের অন্তর্ভুক্ত হইবে।
- bearer n. বাহক বি. এমন-কোনো ব্যক্তি, যিনি একটি হুন্তি বা বিনিময়পত্র কিংবা বাহককে প্রদেয় প্রতিশ্রুতিপত্রের ধারক।
- bearer cheque বাহককে প্রদের চেক, বাহকের চেক যে-চেকে প্রাপকের নামের পর 'অথবা বাহককে' কথাটি লিখিত থাকে এবং যে-চেকের টাকা ব্যাংক চেকের মানিক বা অন্য যে-কোনো বাহককে পরিশোধ করে।
- bearer paper বাহকপত্র বি. কোনো সাধনপত্র যাহাতে উল্লিখিত অর্থ উক্ত আদেশঅনুযায়ী, কোনো সুনির্দিষ্ট ব্যক্তিকে নহে, সাধনপত্রের ধারককে উহা উপস্থিত করিবার
 সঙ্গে সঙ্গে পরিশোধযোগ্য হয়। বাহক সাধনপত্র সাদামাটাভাবে কোনো গ্রহীতার
 নিকট হস্তান্তর করিলেই তাহা বিনিময়কৃত হয়। ইহাকে বাহক দলিল বা বাহক
 সাধনপত্রও বলা হয়।
- beer n. বিয়ার বি. মল্ট বা হপস সহযোগে ভাটিখানায় চোলাইকৃত অন্যূন ৫% বা অনুর্ধ্ব ৮.৫% (ভলিয়ুম) অ্যালকোহলযুক্ত যে-কোনো পানীয়।
- before prep., adv., conj. পূর্বে, সম্মুখে অব্য., ক্রি.-বিণ. অগ্রভাগে; কাহারো আনুষ্ঠানিক কর্তৃত্বের আওতায়। কাহারো উপস্থিতিতে; কাহারো অধিক্ষেত্রের অধীন; কোনো নির্দিষ্ট সময়ের পূর্বে।

- begin vb. তব্ধ করা, আরম্ভ করা ক্রি. দেওয়ানি মামলা কোন পক্ষ প্রথম তব্ধ করিবেন, দে-বিষয়ে দেওয়ানি কার্যবিধির ১৮ আদেশের ১ নিয়মে বলা হইয়াছে যে, মামলায় বাদীপক্ষ প্রথমে বক্তব্য পেশ করিবার অধিকারী। তবে বিবাদীপক্ষ যদি বাদীপক্ষের অভিযোগের ঘটনাসমূহ স্বীকার করিয়া এইরূপ যুক্তি প্রদর্শন করে যে, আইনগত কোনো প্রশ্ন কিংবা বিবাদীকর্তৃক উত্থাপিত কোনো অতিরিক্ত ঘটনাগত অভিযোগের বিবেচনায় বাদী তাঁহার প্রার্থিত প্রতিকারলাভের অধিকারী নহেন, তবে সেক্ষেত্রে বিবাদীপক্ষই প্রথমে বক্তব্য পেশ করিবার অধিকারী হইবেন।
 - belief and knowledge বিশ্বাস ও জ্ঞান কোনো ব্যক্তির মনে বিশ্বাস নিবিষ্ট হয় বিভিন্ন নিয়ামকের ছারা, সাক্ষীদের সাক্ষ্যপ্রমাণ বা প্রাপ্ত হেতৃবাক্য হইতে অনুমানের ছারা। কিছু জ্ঞানের ক্ষেত্রে সে রকম হয় না। একজন ব্যক্তি জ্ঞান অর্জন করেন তাঁহার প্রত্যক্ষণশক্তি ব্যবহারের ছারা এবং বিশ্বাসের সঙ্গে উহার পার্থক্য সুস্পষ্ট। 'বিশ্বাস' ও 'জ্ঞানে'র মধ্যে পার্থক্য মূলত নিশ্চয়তার মান্রোঘটিত। যেসব জিনিস মনে গভীর রেখাপাত করে না, উহাদের সন্ধন্ধে 'বিশ্বাস' কথাটি প্রয়োগ করা যাইতে পারে, 'জ্ঞান' কোনো ব্যক্তির দৃঢ় বিশ্বাসমাত্র। বিশ্বাস ও জ্ঞানের মধ্যে একটি প্রকৃতিগত পার্থকাও থাকিতে পারে। জ্ঞান একটি অন্তর্গৃষ্টিভিত্তিক নিশ্চয়তা; বিশ্বাস একটি অনুভৃতিভিত্তিক নিশ্চয়তা।
 - belief in good faith সততাপ্রণোদিত বিশ্বাস ১৮৮২ সালের সম্পত্তি-হস্তান্তর আইনের ৫১ ধারায় সততাপ্রণোদিত বিশ্বাস বলিতে বুঝায় যথোচিত অনুসন্ধানের পরে অকপটে বিশ্বাস। কোনো ব্যক্তি কোনো বিষয়ে সচেতনভাবে অনুসন্ধান করা হইতে বিরত থাকিলেও, তিনি উক্ত বিষয়টি বিশ্বাস করেন বলা যাইতে পারে, তবে সেক্ষেত্রে এইরূপ বিশ্বাস সততাপ্রণোদিত বিশ্বাস হইবে না।
 - believed to be stolen property চোরাই মান্স বনিয়া বিশ্বাস দওবিধির ৪১১ ধারা-অনুসারে, যে-ব্যক্তি কোনো মান চোরাই বনিয়া জানিয়া বা উহা চোরাই মান্স বনিয়া বিশ্বাস করিবার কারণ থাকা সন্ত্যেও উক্ত চোরাই মান অসাধূভাবে গ্রহণ করেন বা রক্ষণ করেন, সেই ব্যক্তি তিন বৎসর পর্যন্ত কারাদণ্ডে বা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত ইইবেন।
 - belligerency n. **যুধ্যমানতা** বি. প্রকৃতপক্ষে যুদ্ধে নিয়োজিত থাকার অবস্থা।
 - belligerent communities, recognition of যুধ্যমান সম্প্রদায়সমূহের স্বীকৃতি
 একটি রাষ্ট্রকর্তৃক অন্য একটি রাষ্ট্রের কেন্দ্রীয় সরকার এবং উহার রাষ্ট্রীয় সীমানার
 অভ্যন্তরস্থ কোনো এলাকার জনগণের মধ্যে গৃহযুদ্ধের অন্তিত্বের আনুষ্ঠানিক স্বীকৃতি।
 এইরূপ স্বীকৃতির ফলে গৃহযুদ্ধের নিয়মকানুনের প্রথাসিদ্ধ প্রয়োগ, বিশেষ করিয়া

যোদ্ধাদের উপর সশস্ত্র শক্তি-সম্পর্কিত আন্তর্জাতিক আইনের ঘারা প্রবর্তিত মানবকল্যাণমূলক বিধিনিষেধ বলবৎ হয়। যুধ্যমানতার স্বীকৃতির ফলস্বরূপ বিদ্রোহীগণ ও কেন্দ্রীয় সরকার, উভয় পক্ষই যুধ্যমানের অধিকার প্রয়োগের অধিকারী হন এবং যুধ্যমানদের উপর আরোপিত দায়-দায়িত্বের আওতায় আসেন। স্বীকৃতির পরে তৃতীয় রাষ্ট্রগুলির নিরপেক্ষতার অধিকার ও দায়-দায়িত্ব রহিয়াছে। insurgency তু.।

belonging to a territory কোনো ভৃখণ্ডে সম্পৃক্ত 'কোনো ভৃখণ্ডে সম্পৃক্ত' বলিতে কাহারো গুধু উক্ত ভৃখণ্ডে জন্মগ্রহণ করা বুঝায় না, রাষ্ট্রের ব্যক্তিবর্গের সহিত তাঁহার কিছুটা সংসর্গ কিংবা অন্তরঙ্গ সম্পর্কও অবশ্যই থাকিতে হইবে।

benamdar n. বেনামদার বি. যে-ব্যক্তি বা ব্যক্তিবর্গের নামে অন্য ব্যক্তি নিজ অর্থে সম্পদ খরিদ করেন। খরিদা সম্পত্তিতে বেনামদার কোনো স্বত্বদখলের মালিক হন না বরং যাঁহার অর্থে খরিদ হয় তিনিই উক্ত সম্পত্তির প্রকৃত মালিক। ১৯৮৪ সালে ভূমি-সংশ্বার অধ্যাদেশের ৫ ধারা-অনুসারে, কৃষি-জমি বেনামিতে ক্রয় করা বা অন্য কোনোভাবে বেনামি করা নিষিদ্ধ করা হইয়াছে। যদি কেহ সম্পত্তি বেনামিতে হস্তান্তর করেন তবে, তাহা যে-ব্যক্তির নামে হস্তান্তরিত বা অর্জিত হইয়াছে, সেই ব্যক্তি তাহার প্রকৃত মালিক বলিয়া গণ্য হইবেন এবং তদ্বিরুদ্ধ কোনো সাক্ষ্যপ্রমাণ গ্রহণযোগ্য হইবেন।

benami adj. বেনামি বিণ. নামহীন, কাল্পনিক, প্রতারণাত্মক। কোনো কারণে সম্পত্তির প্রকৃত মালিক অন্যের নামে যে-সম্পত্তি অর্জন করেন। ১৯৮৪ সালের ভূমি-সংশ্পার অধ্যাদেশের ৫ ধারা-অনুসারে, কৃষি সম্পত্তি বেনামি করা নিষিদ্ধ হইয়াছে। অ্যক্রয়ের ক্ষেত্রে বেনামির প্রশ্নুটি নির্ধারণ করা সম্ভব নহে। Ashwini Kumar v. Hari Mohan Sill 35 DLR (AD) 334 দ্র.। এত্যসহ benami transaction দ্র.।

benami transaction বেনামি লেনদেন সম্পত্তি ক্রয় বা হস্তান্তরের ক্ষেত্রে পরিশব্দটি একটি বিশেষ আইনগত তাৎপর্য বহন করে। সাধারণত কোনো ব্যক্তি যখন নিজ অর্থে এবং নিজ স্বার্থে কোনো সম্পত্তি ক্রয়কালে অন্য ব্যক্তির নামে উক্ত সম্পত্তির দলিল করেন, তখন এই ধরনের লেনদেনকে বেনামি লেনদেন বলা হয়। যেমন খ-য়ের নিকট হইতে ক নিজ অর্থে একটি সম্পত্তি ক্রয় করিলেন কিন্তু গ-য়ের নামে দলিল সম্পাদন করিলেন, এই ক্ষেত্রে গ ক-য়ের বেনামদার এবং এইরূপ লেনদেন বেনামি লেনদেন। ১৯৮৪ সালের ভূমি-সংস্কার অধ্যাদেশের ৫ ধারায় স্থাবর সম্পত্তির বেনামি লেনদেন নিষিদ্ধ করা হইয়াছে।

bench n. এম্বলাস, বেঞ্চ বি. ১. আক্ষরিকভাবে, আদালতে একজন বিচারকের আসন। সাধারণত এটি আদালত-কক্ষের এক পার্ধে কৌসুলি, মামলাকারী ও

bench clerk

অন্যদের মুখামুখি একটি উচ্চ অবস্থানে স্থাপিত। ২. একটি আদালতে বিচারকারী এব বা একাধিক বিচারক বা ম্যাজিস্ট্রেট কিংবা সামষ্টিকভাবে সকল বিচারক। বেঞ্চ গঠন করিবার একচ্ছত্র এখতিয়ার প্রধান বিচারপতির এবং তাহা কাহারো কারণে গঠিত হয় না। Habibul Islam Bhuiyan 51 DLR (AD) 68।

- bench clerk পেশকার বি. যে-করণিক আদালতের কাগজ-সংক্রান্ত দায়িত্ব পালন করেন, আদালতের নথিপত্র ও সিলমোহর রক্ষণাবেক্ষণ করেন, শুনানির জন্য নথিপত্র বিচারকের নিকট পেশ করেন, রায় ও আদেশ নথিভুক্ত করেন এবং অনুরূপ অন্য কর্ম সম্পাদন করেন। আদালতের প্রধান করণিক। তিনি আদালত নহেন, আদালতের প্রতিনিধি নহেন এবং আদালতের পক্ষে কোনো কাজ করিবার অধিকারী নহেন।
- benchmark n. তুল্যমান বি, কোনো কিছুর মূল্য বা মান নির্ধারণকালে ব্যবহৃত যে-আদর্শ বা মানকে দৃষ্টান্ত বা উপমানের সহিত তুলনা করিয়া দেখা হয়।
- bench warrant এজলাদের পরওয়ানা আদালতে হাজির হইবার জন্য সমন বা সপিনাপ্রাপ্ত কোনো ব্যক্তি আদালতে হাজির না হইলে তাঁহাকে, কিংবা আদালত অবমাননার জন্য কোনো ব্যক্তিকে সোপর্দ করিবার আদেশ জারি করা হইলে এবং তাঁহাকে পাওয়া না গেলে, তাঁহাকে গ্রেপ্তার করিবার জন্য একটি পরওয়ানা। আদালতের কোনো অধিবেশন চলাকালে পরওয়ানাটি জারি করা হয়।
- beneficial interest হিত্যাহীর স্বত্ব্ ন্যাস-সম্পত্তিতে হিত্যাহীর অধিকার। এতৎসহ equilable interest দ্র.।
- beneficially entitled to possession হিতকরভাবে দখলের অধিকারী হিতকরভাবে দখলের অধিকারীর পক্ষে দখল হইতে কোনো সুবিধাভোগ বুঝায় না, কিন্তু হিতকরভাবে অধিকারী বলিতে আত্মস্বার্থ ভোগ করিবার অধিকারী বুঝায় এবং কেবল অন্যের স্বার্থে ন্যাসরক্ষক থাকা বুঝায় না।
- beneficial owner হিত্যাহী মালিক যে-স্বত্যাধিকারী তাঁহার নিজের হিতার্থে জমি দখল বা ব্যবহার বা তজ্জনিত আয় ভোগ করিবার অধিকারী।
- beneficiary n. হিতপ্রাহী বি. ১. ন্যাসাধীন সম্পত্তি হইতে হিতলাভের অধিকারী কোনো ব্যক্তি। হিতপ্রাহী ওই সম্পত্তিতে হিতপ্রাহীর স্বত্ব প্রাপ্ত হন এবং ন্যাসরক্ষক ওই সম্পত্তিতে আইনি স্বত্ব লাভ করেন। ২. যে-ব্যক্তি কোনো ইচ্ছাপত্র বা অছিয়ত হইতে হিত লাভ করেন। ১৯৬২ সালের বাংলাদেশ ওয়াক্ফ অধ্যাদেশের ২(২) ধারায় বলা হইয়াছে যে, হিতপ্রাহীর অর্থ ওয়াক্ফ ইইতে কোনো আর্থিক বা বাস্তব অধিকার পাইবার অধিকারী ব্যক্তি। হিতপ্রাহী বলিতে অনুরূপ কোনো কোনো সুবিধা পাইবার অধিকারী কোনো প্রতিষ্ঠান, যেমন মসজিদ, মাজার, দরগাহ, খানকাহ, স্কুল, মাদ্রাসা, ঈদগাহ বা কবরস্থানকেও বুঝাইবে।

benefit n. সুবিধা বি. ইষ্ট, হিত, সুযোগ, বিশেষ অধিকার, লাভ, মুনাফা, স্বার্থ।

১. যাহা কিছু ব্যক্তির উনুতি ঘটায় বা সমৃদ্ধি আনয়ন করে কিংবা সম্পদের মূল্য বৃদ্ধি
করে। নিয়োগকারী কর্তৃপক্ষ, বিমা সংস্থা, রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত আর্থিক
সহায়তা। ইহাদ্বারা কেবল বস্তুগত লাভ বুঝায় না, অন্যবিধ সুযোগ-সুবিধাও বুঝায়।

২. ১৯৬২ সালের বাংলাদেশ ওয়াক্ফ অধ্যাদেশের ২(৩) ধারা-অনুসারে, সুবিধা
বলিতে গুধু এমন সুবিধাই বুঝাইবে না যাহা একজন মৃতওয়াল্লি কেবল মৃতওয়াল্লি
ইইবার কারণেই দাবি করিবার অধিকারী।

benefit-of-the-bargain rule সংবিদাপ্রযুক্ত সুবিধার নিয়ম ১. চুক্তির একপক্ষ চুক্তিডস করিলে তাহাকে অবশ্যই ক্ষতিগ্রন্ত পক্ষকে, চুক্তিটি সম্পূর্ণরূপে পালন করা হইলে, মুনাফাসহ যাহা কিছু উক্ত পক্ষ প্রাপ্ত হইত, তাহা প্রদান করিতে হইবে, এই মূলসূত্র। ২. একজন প্রতারিত ক্রেতা ক্ষতিপূরণ-স্বরূপ বিক্রেতার নিকট হইতে সম্পত্তির অযথার্থতাবে বর্ণিত মূল্য এবং প্রকৃতপক্ষে প্রাপ্ত মূল্যের মধ্যেকার পার্থক্যটুকু আদায় করিতে পারেন, এই মূলসূত্র।

benefit of the doubt সন্দেহাবকাশ বি. আসামির দোষিতা সম্বন্ধে সন্দেহ হইতে উদ্ভূত একটি সুবিধা। সাধারণত ফৌজদারি মামলায় বিচার নিম্পত্তি হইবার পূর্ব পর্যন্ত ধরিয়া লওয়া হয় যে আসামি নির্দোষ। আসামি যে-আনীত অভিযোগের অপরাধে অপরাধী, তাহা প্রমাণের দায়িত্ব অভিযোগকারী পক্ষের। অভিযোগকারী পক্ষ যদি আসামির বিরুদ্ধে আনীত অভিযোগ নির্দিষ্টভাবে প্রমাণ করিতে না পারেন অথবা যে-প্রমাণ আনীত হইয়াছে তাহাতে যদি দেখা যায় যে, আসামি উক্ত অপরাধ করিয়াছেন বিলয়া নিশ্চিতভাবে প্রমাণিত হয় না, তাহা হইলে সন্দেহাবকাশের পরিপ্রেক্ষিতে আসামি খালাস পাইতে পারেন এবং নির্দোষ নীতির সুবিধা আসামি পাইবেন। বিচারকের স্ববিবেচনার উপর এই নীতির কার্যকরতা অনেকাংশে নির্ভরশীল। Sufdar Ali v. Crown 5 DLR (FC)107।

benevolent, charitable and religious পরহিতার্থক, দাতব্য ও ধর্মীয় 'পরহিতার্থক' শব্দটি 'দাতব্য' বা 'ধর্মীয়' অপেক্ষা অধিক অনির্দিষ্ট এবং অনেক বেশি ব্যাপক। দান বা উপহার-সামগ্রীর প্রতিগ্রহীতা করুণার পাত্র হউন বা না হউন, প্রতিগ্রহীতার প্রতি শুভেচ্ছা বা অনুকম্পা-প্রণোদিত যে-কোনো দানই 'পরহিতার্থক' পদবাচ্য। শব্দটির প্রচলিত অর্থ হইতে পথক কোনো আইনগত অর্থ নাই।

benevolent purposes লোকহিতকর উদ্দেশ্য যে-সব উদ্দেশ্য জনগণের জন্য কল্যাণমূলক, তবে অপরিহার্য দাক্ষিণ্যমূলক নহে, সেইসব উদ্দেশ্য। ইহা জনকল্যাণমূলক উদ্দেশ্যের অপেক্ষা ব্যাপক। charitable trust দ্র.। bequeath 528

bequeath vb. অর্পণ করা ক্রি. ইংল্যান্ডে ইচ্ছাপত্রদারা জমি ভিন্ন অন্য সম্পত্তি উপহারস্বরূপ প্রদান। বাংলাদেশে ১৯২৫ সালের উত্তরাধিকার আইনের ৫৯ ধারা-অনুসারে ইচ্ছাপত্রদারা জমিসহ সর্বপ্রকার সম্পত্তি প্রদান করা যায়। devise ও legacy দ্রি.।

- bequest n. প্রদান বি. (জমি ভিনু অন্য সম্পত্তি) ইচ্ছাপত্রদারা উপহারস্বরূপ প্রদান। devise ও legacy দ্র.।
- Berne Convention বার্ন কনভেনশন সাহিত্য ও শিল্প -কর্মের সুরক্ষার জন্য ১৮৮৬ সালের সেপ্টেম্বর মাসে রচিত একটি আন্তর্জাতিক বিধি। ইহাতে জাতীয় পর্যায়ে কপিরাইট সংরক্ষণের জন্য নিয়মাবলি প্রণীত হইয়াছে। ইহা অনেকবার সংশোধন করা হইয়াছে। বহু জাতি এই কনভেনশনের স্বাক্ষরদাতা।
- best-evidence rule শ্রেষ্ঠ সাক্ষ্যপ্রমাণ বিধি এই বিধি-অনুযায়ী মামলার একটি পক্ষকে, মামলাটির প্রকৃতি বিচারে যতটা সম্ভব, শ্রেষ্ঠ সাক্ষ্যপ্রমাণ অবশ্যই তলব করিতে হয়। পূর্বকালে ইহা মূল গুরুত্বসম্পন্ন বলিয়া বিবেচিত হইত, আধুনিক আইনে ইহা আবশ্যকীয় শর্ত নহে, প্রধানত একটি রেওয়াজঘটিত নিয়মের মধ্যে সীমাবদ্ধ। এই বিধি-অনুযায়ী একটি প্রাতিজনিক দলিলের বিষয়বস্তু প্রমাণ করিবার জন্য দলিলটির মূলকপি অবশ্যই উপস্থাপন করিতে হইবে। যদি মূলকপি উপস্থাপন করা না যায়, তাহা হইলে তাহার অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করিতে হইবে।
 - bestiality n. পশ্বাচার, পশুগমন বি. পশুর সঙ্গে নর বা নারীর পায়ু বা যোনিপথে সংগম। নিঙ্গপ্রবেশ প্রমাণিত হইলে পশ্বাচার একটি অপরাধ। দওবিধির ৩৭৭ ধারা- অনুসারে সংশ্রিষ্ট ব্যক্তি যাবজ্জীবন কারাদওে বা দশ বংসর পর্যন্ত কারাদওে এবং তদুপরি অর্থদওে দণ্ডিত হইবেন। এতৎসহ buggery দ্র.।
 - betting and gaming বাজিধরা ও জুয়াখেলা চলিত বাচনরীতিতে 'বাজিধরা' পরিশন্দটি কখনো কখনো জুয়াখেলার সঙ্গে পরস্পরবিনিময়যোগ্যভাবে ব্যবহৃত হইতে পারে, তবে সর্বদা নয়। যদি দুই ব্যক্তি অর্থের নিমিত্ত তাস খেলেন, তাহা হইলে তাঁহারা জুয়া খেলেন বলা যায়; তবে তাঁহারা যে জুয়া খেলিতেছেন, তাহার কারণ তাঁহারা একটা পণ ধরিয়াছেন কিংবা খেলার ফলাফলের উপর বাজি রাখিয়াছেন; সুতরাং তাঁহারা বাজি ধরিয়াছেন বলাও সমভাবে সংগত। কিন্তু দুই ব্যক্তি যদি কোনো নির্বাচনের ফলাফলের উপর পণ ধরেন, তাহা হইলে তাঁহারা বাজি ধরিয়াছেন বলা যাইবে, কিন্তু জুয়া খেলিতেছেন বলা যাইবে না। পণ ছাড়া কোনো জুয়াখেলা হয় না সতা, তবে এমন বাজিধরাও রহিয়াছে, যাহার সম্বন্ধে 'জুয়াখেলা' পরিশব্দটি সচরাচর ব্যবহার করা হয় না।

bias n. পক্ষপাত বি. natural justice দ্ৰ. ।

bicameral adj. দিকক্ষবিশিষ্ট বিণ. (একটি আইনসভা সম্বন্ধে) আইন-প্রণয়নের জন্য দুইটি সভাবিশিষ্ট সংসদ।

bid n. নিলামডাক বি. auction দ্ৰ.।

bid bond প্রতিশ্রুত বন্ধ ব্যাংক কর্তৃক তাহার গ্রাহকের সন্মতিসাপেক্ষে এক ধরনের গ্যারাট্যি অথবা জামিন হিসাবে কাজ করিবার প্রতিশ্রুতিদান।

bid or offer rate ডাক অথবা প্রস্তাব-হার প্রদানকারী ব্যাংক যে-হারে মুদ্রা ক্রয় অথবা গ্রহণে প্রস্তুত থাকে তাহাকে ডাক (bid)-হার বলে। অপর দিকে প্রদানকারী ব্যাংক যে-হারে মুদ্রাবিক্রয়ে প্রস্তুত থাকে তাহাকে প্রস্তাব (offer)-হার বলে। মুদ্রাবাজারে ব্যবসায়ীগণ এই দুই হারে মুদ্রার কারবার করিয়া থাকেন।

bigamy n, দ্বিবিবাহ, দ্বিগামিতা বি, একই সময়ে দই পত্নী বা স্বামী গ্রহণ। দর্থবিধির ৪৯৪ এবং ৪৯৫ ধারায় স্বামী বা স্ত্রীর সম্পর্ক বিদ্যমান থাকাকালে পুনরায় অবৈধ বিবাহের শান্তির বিধান বর্ণিত হইয়াছে। দণ্ডবিধির ৪৯৪ ধারায় বলা হইয়াছে যে. যদি কোনো ব্যক্তি এক স্বামী বা এক স্ত্রী জীবিত থাকা সত্ত্বেও এমন কোনো পরিস্থিতিতে বিবাহ করেন, যে-পরিস্থিতিতে স্বামী বা স্ত্রী জীবিত থাকা অবস্থায় অনুষ্ঠিত বলিয়া অনুরূপ বিবাহটি অবৈধ হইয়াছে, তাহা হইলে সেই ব্যক্তি সাত বৎসর পর্যন্ত সম্রম বা বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইবেন। অনুরূপ স্বামী বা স্ত্রীর সহিত যে-ব্যক্তির বিবাহ কোনো উপযুক্ত আদালত কর্তৃক অবৈধ বলিয়া ঘোষণা করা হইয়াছে, সে-ব্যক্তির ক্ষেত্রে এই ধারাটি প্রযোজ্য হইবে না। যে-পূর্ববর্তী স্বামী বা ত্রীর জীবদশায় বিবাহ অনুষ্ঠিত হইতেছে, বিবাহের সময় পর্যন্ত উক্ত পূর্ববর্তী স্বামী বা স্ত্রী যদি পূর্ববর্তী সাত বৎসর পর্যন্ত ক্রমাগত পরবর্তী বিবাহ-অনুষ্ঠানকারীর নিকট হইতে অনুপস্থিত থাকেন এবং সাত বৎসর তাঁহার কোনো খবর না পাইয়া থাকেন অথবা জীবিত আছেন বলিয়া ওনিয়া না থাকেন, তাহা হইলে তাঁহার ক্ষেত্রে এই ধারা প্রযোজ্য হইবে না। তবে পরবর্তী বিবাহকালে বিবাহ-অনুষ্ঠানকারী ব্যক্তিকে যাঁহার সহিত তাঁহার বিবাহ হইতেছে তাঁহাকে বিবাহের পূর্বে তাঁহার জ্ঞাত সকল ঘটনাসংক্রান্ত বাস্তব পরিস্থিতি সম্পর্কে অবহিত করিতে হইবে। এইখানে উল্লেখযোগ্য যে, মুসলিম আইন-অনুসারে স্ত্রীর বর্তমানে কোনো পুরুষ দ্বিতীয় বিবাহ করিলে তাহা অবৈধ নহে, তবে ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ-অনসারে স্ত্রীর অনমতি ছাড়া স্বামী বিবাহ করিলে তাহা অপরাধ হইবে এবং তাহার জন্য স্বামী দণ্ডিত হুইতে পারেন। মুসলিম আইন-অনুসারে স্বামী বর্তমান থাকাকালে কোনো স্ত্রীলোক দ্বিতীয় স্বামী গ্রহণ করিলে দণ্ডবিধির ৪৯৪ ধারা-অনুসারে অপরাধী হইবেন। দ্বিবিবাহ সম্পর্কে কে অভিযোগ আনয়ন করিতে পারেন, তাহা ফৌজদারি কার্যবিধির ১৯৮ ধারায় বলা হইয়াছে। যদি আসামি আন্তরিকভাবে এবং যুক্তিসংগতভাবে বিশ্বাস করিয়া থাকেন যে, তাঁহার প্রথম স্ত্রী বা স্বামী মৃত কিংবা তাঁহার প্রথম বিবাহ ভাঙ্গিয়া দেওয়া হইয়াছে কিংবা বাতিল করা হইয়াছে কিংবা তাহা আইনত অসিদ্ধ ছিল তবে তাঁহার আত্মপক্ষ-সমর্থনের সুযোগ রহিয়াছে। যদি স্বামী বা স্ত্রী অন্যূন সাত বংসর ধরিয়া অনুপস্থিত থাকেন এবং সেই কারণে আসামিকর্তৃক তিনি মৃত বলিয়া বিবেচিত হন, তাহা হইলে ইহা আসামির পক্ষে একটি বিশেষ সাফাই হইতে পারে।

- bigha n. বিঘা বি. ভূমির পরিমাণবিশেষ। উপমহাদেশের বিভিন্ন অঞ্চলে ইহার পরিমাণ বিভিন্ন প্রকার। উত্তর ভারতে ইহা সাধারণত ৩০২৫ বর্গগজ; বাংলাদেশে ১৬০০ বর্গগজ। তবে কোনো কোনো এলাকায় বিঘাকে পাখি. কেদার, মঘী ইত্যাদি নামে উল্লেখ করা হয় এবং তাহা মানসম্মত বিঘার পরিমাণ হইতে কমবেশি হয়।
- bilateral contract দ্বিপাক্ষিক চুক্তি যে-চুক্তি পারম্পরিক বাধ্যবাধ্যকতা সৃষ্টি করে, অর্থাৎ প্রত্যেক পক্ষ অপর পক্ষের অঙ্গীকারের বিনিময়ে কিছু করিবার বা না করিবার জন্য অঙ্গীকার করে। অধিকাংশ চুক্তি দ্বি-পাক্ষিক প্রকৃতির। unilateral contract তু.।
- bilateral discharge দিপান্দিক মৃক্তি নির্বাহযোগ্য কোনো চুক্তি-অনুযায়ী কোনো পক্ষই নিজের বাধ্যবাধকতা পালন করিয়া না থাকিলে, উভয়পক্ষের সম্মতিক্রমে ওই চুক্তির পরিসমাপ্তি। প্রত্যেক পক্ষ অপরপক্ষকে তাহার বিদ্যমান বাধ্যবাধকতা হইডে অব্যাহতিদানপূর্বক মৃক্তিদানে সম্মতির জন্য পরিবর্ত সরবরাহ করে। unilaterial discharge তু.। এতৎসহ accord and satisfaction দ্র.।
- Bill n. বিল, খসড়া আইন বি. বিল সংসদ বা আইনসভা কর্তৃক পাশ হইবার পর আইনে পরিণত হয়। প্রত্যেক বিলে অপরিহার্যভাবে একটি সংক্ষিপ্ত শিরোনাম থাকে। তাহার পর থাকে দীর্ঘ শিরোনাম। এই দীর্ঘ শিরোনামে বিলের মূল উদ্দেশ্য ও বিষয়ের সারকথা থাকে। অনেক সময়ে বিলে একটি প্রস্তাবনা থাকে। এই অংশে বিল উথাপনের কারণ ব্যাখ্যা করা হয়। বিল বিভিন্ন দফা এবং উপদফায় বিভক্ত হয়। বিষয়, উথাপনের উপায় ও পাশের নিয়ম-অনুযায়ী বিল শ্রেণীভুক্ত হয়। কোন বিষয়ে বিল প্রণীত হইয়াছে তাহা বিবেচনায় রাখিয়া পাবলিক বা সার্বজনিক বিল, প্রাইভেট বা প্রাভিজনিক বিল, বা মিক্সড্ বা মিশ্র বিল শ্রেণীভুক্ত হয়। যেসব বিল পাশ করিতে সংসদের সাধারণ সংখ্যাপরিষ্ঠতাই যথেষ্ট, সেইসব বিলকে সাধারণ বিল বলে। যেসব বিল পাশ হইতে দুই-ভৃতীয়াংশ সদস্যের সম্মতির দরকার এবং প্রয়োজনে গণভোট অনুষ্ঠান করিতে হয়, সেইসব বিলকে বিশেষ বিল বলে। বিল পাশ হইবার নিয়ম সকল দেশে সম্পূর্ণত একরকম নহে। তবে সাধারণ কিছু নিয়ম সব সংসদেই পালিত হয়। সংসদে উথাপন, বিলের উপর আলোচনা, প্রয়োজনে কমিটিতে প্রেরণ, সংসদ

১২৭ bill of costs

কর্তৃক অনুমোদিত হইবার পর রাষ্ট্রপ্রধানের স্বীকৃতি ইত্যাদি নিয়ম প্রায় সকল দেশেই অনুসূত হয়। একটি সার্বজনিক খসডা আইন সর্বজনীন স্বার্থসংশ্রিষ্ট বিষয়ের সঙ্গে সম্পুক্ত। ইহা সরকার কিংবা কোনো প্রাতিজনিক সদস্য উপস্থাপন করেন। সরকার সমর্থন না করিলে একজন প্রাতিজনিক সদস্যকর্তৃক উপস্থাপিত একটি খসড়া আইন সকল পর্যায় সাফল্যের সঙ্গে অতিক্রম করিয়া আইনে পরিণত হইবার সম্ভাবনা নিতান্ত অল্প। একটি প্রাতিজনিক খসড়া আইনের অভীষ্ট কোনো বিশেষ ব্যক্তি, স্থানীয় কর্তৃপক্ষ বা অন্য সংস্থার উপকারসাধন। অনুরূপ ব্যক্তি, স্থানীয় কর্তৃপক্ষ বা অন্য সংস্থা বসড়া আইনটি উপস্থাপন করিতে দিয়া থাকেন। একটি মিশ্র খসড়া আইন হইতেছে এমন একটি সরকারি খসড়া আইন, যাহা নিছক ব্যক্তিগত বা স্থানীয় প্রকৃতির এবং ইহা একটি শ্রেণীর বহু স্বার্থের মধ্যে কেবল একটির সঙ্গে সম্পর্কিত। যেমন, বেসরকারি খাতের অনেকগুলি এয়ারলাইনের মধ্যে একটিমাত্র এয়ারলাইনকে রাষ্ট্রায়ত্ত করিবার জন্য একটি সরকারি খসড়া বিল হইবে একটি মিশ্র খসড়া বিল। সংবিধানের ৮০(১) অনুচ্ছেদ-অনুসারে আইনপ্রণয়নের উদ্দেশ্যে সংসদে আনীত প্রত্যেকটি প্রস্তাব বিল-আকারে উত্থাপিত হইবে। অর্থ-আইন প্রণয়নের উদ্দেশ্যে আনীত প্রস্তাবকে অর্থ-বিল বলা হয়। যখন আইনসভা কর্তৃক গৃহীত হয় তখন তাহা আইনে পরিণত হয়। এতৎসহ money bill দ্র.।

bill n. বিল, লেখ্য, আদেয়ক বি. ১. বিভিন্নপ্রকার দলিল বা সাধনপত্রের যে-কোনো একটি। যেমন, bill of exchange, bill of indictment, bill of lading (সবগুলি দ্র.)। ২. পাওনা অর্থের লিখিত হিসাব। যেমন, bill of costs (দ্র.)।

bill, dishonour of বিল প্রত্যাখান dishonour of bill দ্র. ।

bill, documentary দালিলিক বিল documentary bill দ্ৰ.।

bill, domiciled নিবেশিত বিল domiciled bill দ্ৰ.।

bill, foreign বৈদেশিক বিল foreign bill দ্ৰ.।

bill, inland অভ্যন্তরীণ বিল inland bill দ্ৰ.।

bill of costs মামলার খরচপত্র ইংল্যান্ডে মক্কেলকে প্রদন্ত আইনগত সেবা সম্বন্ধে
একজন সলিসিটরকর্তৃক প্রস্তুত ব্যয়ের হিসাব। সাধারণত একজন সলিসিটরের পক্ষে
তাঁহার মক্কেলকে একটি বিল সরবরাহ করা আবশ্যক, যদি না তাঁহারা লিখিতভাবে
অন্যপ্রকার চুক্তিপত্র প্রণয়ন করিয়া থাকেন। এইরূপ চুক্তিপত্র স্বাক্ষরিত না হইয়া
থাকিলে, আইনজীবী হাইকোর্টের অনুমতি-ব্যতিরেকে ব্যয়ের হিসাব প্রদানের পর
একমাস অতিবাহিত না হওয়া পর্যন্ত খরচ আদায়ের জন্য মামলা করিতে পারেন না।

bill of entry

bill of entry আগমনপত্র বি. এক ধরনের আমদানি-দলিল, যাহা আমদানিকারকদের পক্ষে তাঁহাদের পণ্যছাড়-প্রতিনিধি (clearing agent) প্রস্তুত করিয়া শুল্ক প্রাধ্যক্ষের নিকট পেশ করিয়া থাকে। ইহার উপর ভিত্তি করিয়া শুল্ক বিভাগ আমদানিকৃত পণ্যের উপর শুল্ক ধার্য করে।

- bill of exchange বিনিময়পত্র, হুন্তি এক ব্যক্তি (হুন্তিপ্রেরক) কর্তৃক অন্য এক ব্যক্তির (হুন্তিগ্রাহক) উদ্দেশে প্রদন্ত এবং তৎকর্তৃক স্বাক্ষরিত এই মর্মে একটি নিঃশর্ত আদেশ যে, হুন্তিগ্রাহক চাহিবামাত্র কিংবা ভবিষ্যতে কোনো নির্ধারিত কিংবা নির্ধারণযোগ্য সময়ে একজন নির্দিষ্ট ব্যক্তিকে (প্রাপক) কিংবা তাঁহার আদেশক্রমে বা বাহককে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করিবেন। তামাদি আইনের ২(২) ধারা-অনুসারে, বিনিময়পত্র বলিতে হুন্তি ও চেক বুঝায়। ১৯৮১ সালের বিনিময়যোগ্য দলিল আইনের ৫ ধারায় হুন্তির সংজ্ঞার্থ দেওয়া ইইয়াছে।
- bill of indictment নালিশনামা বি. ইংল্যান্তে কোনো ব্যক্তিকে একটি অভিযোগ্য অপরাধে অভিযুক্ত করিয়া লিখিত একটি আনুষ্ঠানিক নালিশ। একটি নালিশনামা দাখিল করিবার প্রচলিত পদ্ধতি হইল উহা সোপর্দকরণের ক্রিয়াবিধির মাধ্যমে কোনো ম্যাজিক্রেটের আদালতে উপস্থাপন করা। commital for trial ও complaint দ্র.।
- bill of lading n. বহনপত্র বি. জাহাজে পণ্য বোঝাইয়ের পর জাহাজ-কর্তৃপক্ষ পণ্য বোঝাই বা ভাড়াচুক্তি স্বীকার করিয়া রপ্তানিকারককে যে-রিদদ প্রদান করেন। বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে ইহা একটি অতি প্রয়োজনীয় দলিল। একজন চালানদাতার মাল সমুদ্রপথে বহন করিবার জন্য জাহাজ বোঝাই করিবার স্বীকৃতিস্বরূপ একটি দলিল। একটি সর্বজনীন জাহাজ যখন অনেক চালানদাতার পণ্য বহন করে, তখনই প্রধানত ইহা ব্যবহৃত হয়। এইক্ষেত্রে প্রত্যেক চালানদাতা জাহাজের মালিক বা ভাড়াকারীর পক্ষে প্রদন্ত (সাধারণত জাহাজের কর্ণধারকর্তৃক) একটি রিসিদ প্রাপ্ত হন। বহনপত্রটি একইসঙ্গে পণ্যের একটি রিসিদ, পরিবহণ-চুক্তির শর্তাবলির একটি সারসংক্ষেপ, এবং পণ্যের স্বত্ত্বাধিকারের একটি দলিল। কোনো ভাড়াকারী তাঁহার নিজের পণ্য বহন করিবার জন্য জাহাজ ব্যবহার করিলে, তাঁহাকেও জাহাজ-মালিক একটি বহনপত্র সরবরাহ করেন। clean bill of lading দ্র.। sea waybill তু.।
 - bill of rights অধিকারপত্র ১. সাধারণত কোনো সংবিধানে, একটি পরিচ্ছেদ বা সংযোজন, যেখানে একটি রাজনৈতিকভাবে সংগঠিত সমাজ কোন কোন পরিস্থিতিতে অবাধ, স্বতঃস্কৃত্ ও প্রাতিশ্বিক কর্মকাণ্ড পরিচালনার অনুমতি দিবে, তাহা বর্ণিত হয় এবং সরকারি ক্ষমতা কতকগুলি বিশেষ প্রণালিতে ব্যবহার করা হইবে না বলিয়া নিশ্চয়তা দেওয়া হয়। বাংলাদেশ সংবিধানের তৃতীয় অনুচ্ছেদে বর্ণিত মৌলিক

অধিকারসমূহ অধিকারপত্রের আরেকটি নিদর্শন। ২. বিশেষত মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের প্রথম দশটি সংশোধনী। ৩. ইংল্যান্ডে স্বাধীনতার চারটি মহাসনদের একটি, যাহাতে অন্য তিনটি সনদের (যথা ম্যাগ্না কার্টা, পিটিশন অব রাইট ও হেবিয়াস কর্পাস অ্যান্ট) সকল মূলসূত্র সংবিধি-আকারে সুসংবদ্ধ করা হইয়াছে। ১৬৮৯ সালে ব্রিটিশ পার্লামেন্ট এই আইন পাশ করে। ইহা ব্রিটিশ সাংবিধানিক ইতিহাসের এক গুরুত্বপূর্ণ দলিল। ইহার মূল শিরোনাম হইল 'অ্যান অ্যান্ট ডিক্র্যায়ারিং দ্য রাইটস অ্যান্ড লিবার্টিজ অব দি সাবজেন্ট অ্যান্ড সেটলিং দি সাকসেশন অব দ্য ক্রান্টন'। রাজা দ্বিতীয় জেমস পার্লামেন্টের অধিকারে হস্তক্ষেপ করিয়া যেসব কাজ করিয়াছিলেন তাহার বিরুদ্ধে এক প্রবল প্রতিরোধের ব্যবস্থা ছিল বিল অব রাইটস। বিল অব রাইটস পার্লামেন্টের অধিকার সমুনুত রাখে। এই আইনে বলা হয়, পার্লামেন্টের সম্মৃতি ছাড়া রাজা কোনো আইন প্রণয়ন ও রহিত করিতে পারিবেন না। বিল অব রাইটস উইলিয়াম ও মেরিকে ব্রিটিশ রাজতন্ত্রের উত্তরাধিকার লাভ করিবার স্যোগ করিয়া দেয়।

bill of sale বিক্রয়পত্র বি. যে-দলিলদ্বারা কোনো ব্যক্তি পণ্যের মালিকানা অন্য কোনো ব্যক্তির নিকট হস্তান্তর করেন। সাধারণত পণ্য হস্তান্তর করা হয় শর্তসাপেক্ষে, কোনো ঋণের জামিনরূপে এবং এই হিসাবে একটি শর্তাধীন বিক্রয়পত্র পণ্যের বন্ধকস্বরূপ। বন্ধকদাতার ঋণ পরিশোধপূর্বক পণ্য পুনকদ্বার করিবার অধিকার রহিয়াছে। একটি নির্বাঢ় বিক্রয়পত্রদারা পণ্য নির্বাঢ়ভাবে হস্তান্তরিত হয়। পণ্য-বিক্রয় আইনের ৪ ধারায় পণ্য-বিক্রয় ও বিক্রয়ের চুক্তির সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে।

bill payable দেয় বিল যে-বিলের টাকা পরিশোধ করিতে হইবে। ইহা স্বীকৃতিকারীর একটি দায়।

bill, presentation of বিল-উপস্থাপন presentation of bill দ্ৰ.।

bill receivable প্রাপ্য বিল যে-বিলের টাকা পাওয়া যাইবে।

bill, renewal of বিশের নবায়ন renewal of bill দ্র.।

bill, retirement of বিলের নিরন্তকরণ retirement of bill দ্র.।

biman n. বিযান বি. Bangladeshi biman দ্ৰ.।

bind vb. মানিতে বাধ্য করা ক্রি. (কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর) এক বা একাধিক আইনসম্মত কর্তব্য আরোপ করা।

binding authority অবশ্যমান্য নজির precedent এ.। আইন-শন্মকোষ : ৯ bind over 500

bind over অঙ্গীকারাবদ্ধ করা কোনো ব্যক্তিকে একটি মুচলেকা বা প্রতিজ্ঞাপত্র দিতে আদেশ দেওয়া, যদ্বারা তিনি কোনো কার্য সম্পাদন করিবার (যেমন তাঁহাকে জামিন দেওয়া হইয়া থাকিলে, যথাসময়ে আদালতে হাজির হইবার) কিংবা কোনো অপরাধ না করিবার (যেমন, শান্তিভঙ্গ না করিবার) নিশ্চয়তা প্রদান করেন। ফৌজদারি কার্যবিধির ১০৬ ধারায় দণ্ডিত অপরাধীকে, ১০৭ ধারায় শান্তিভঙ্গকারীকে, ১০৮ ধারায় রাষ্ট্রদ্রোহমূলক বিষয় প্রচারকারীকে, ১০৯ ধারায় ভবদুরে ও সন্দেহভাজন ব্যক্তিকে ও ১১০ ধারায় অভ্যাসগত অপরাধীদের মুচলেকা প্রদানের আদেশ দেওয়া যায়।

birth n. জন্ম বি. কোনো ব্যক্তির জীবিত ভূমিষ্ঠ হওয়া।

- birth certificate জন্মের প্রত্যয়নপত্র জন্ম ও মৃত্যুর নিবন্ধন-বহিতে সন্নিবিষ্ট একটি ভুক্তির অনুলিপি, যাহা নিবন্ধন-বহিতে বিবৃত তথ্যাদির প্রমাণ। registration of birth দ্র.।
- birth or death certificate জন্ম বা মৃত্যুর সনদ ২০০৪ সালের জন্ম ও মৃত্যু নিবন্ধন আইনের অধীন জন্ম বা মৃত্যুর নিবন্ধন-বহিতে লিপিবদ্ধ তথ্যের নিবন্ধক কর্তৃক প্রত্যয়িত অনুলিপি। কোনো ব্যক্তির আবেদনক্রমে নিবন্ধক নির্ধারিত ফি ও পদ্ধতিতে নিবন্ধিত ব্যক্তির জন্ম বা মৃত্যুর সনদ প্রদান করিবেন। নিবন্ধনসংক্রান্ত সকল নথিপত্র ও নিবন্ধন-বহি সাধারণ দলিল বলিয়া গণ্য হইবে।
- black box ব্ল্যাক বন্ধ, তথ্য-বান্ধ জটিল ক্রিয়াসাধনে সমর্থ স্বয়ংক্রিয় যন্ত্রবিশেষ। বিমান উড্ডয়নের পর হইতে যাত্রার যাবতীয় তথ্য সংগ্রহ করিবার জন্য বিমানে রক্ষিত বান্ধবিশেষ। বিমান ধ্বংস হইলে সম্ভাব্য ধ্বংসের কারণানুসন্ধানে ইহা পরীক্ষা করিয়া দেখা হয়।
- blacklist n. কালো তালিকা বি. কোনো কর্তৃপক্ষকর্তৃক বেতনভুক্ত কর্মী বা চুক্তিবদ্ধ পেশাদারের ক্ষেত্রে বৈধম্যমূলক আচরণ করিবার নিমিত্ত তাঁহাদের নামধাম-সংবলিত তালিকা।
- blackmail n. ব্ল্যাকমেইল বি. নিজের জন্য বা অন্যের জন্য আর্থিক লাভের উদ্দেশ্যে কিংবা হুমকিপ্রাপ্ত ব্যক্তির আর্থিক ক্ষতিসাধনের নিমিন্ত ভীতিপ্রদর্শনপূর্বক কোনো অন্যায্য দাবি করিবার অপরাধ। এইরূপ ভীতিপ্রদর্শনের মধ্যে বলপ্রয়োগ বা অনিষ্টকর কার্যের হুমকি থাকিতে পারে, যেমন, অভীতের নীতিগর্হিত কার্য বা অসদাচরদের বিষয় প্রকাশ করিয়া দেওয়ার হুমকি। ইংল্যান্ডে ব্র্যাকমেইল ১৪ বংসর পর্যন্ত কারাদণ্ডে এবং তৎসহ অর্থদণ্ডে দণ্ডনীয়। বাংলাদেশে দণ্ডবিধির ৩৮৩ ধারায় বর্ণিত অপরাধ ব্ল্যাকমেইলের অনুরূপ।

blackmarketing n. কালোবাজারি বি. সরকারনিয়ন্ত্রিত বা দুর্প্রাপ্য পণ্যের অবৈধ ব্যবসা। আইনদারা বা আইনের অধীন নির্ধারিত সর্বোচ্চ মূল্যের অধিক মূল্যে আইন-বিগর্হিত পণ্য বিক্রয়, বিনিময়, সরবরাহ বা হস্তান্তর। ১৯৬৯ সালের গুরু আইনের ২(৩৯) ধারায় কালোবাজারির সংজ্ঞার্থ প্রদান করা হইয়াছে। ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২৫ ধারায় চোরাচালানের জন্য মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ড বা ১৪ বংসর পর্যন্ত সম্রম কারাদণ্ড এবং তৎসহ অর্থদণ্ডের বিধান করা হইয়াছে। ওই ধারায় অপরাধী সাব্যস্ত হইলে আসামিকে সর্বনিম্ন দুই বৎসরের কারাদণ্ডপ্রদান বাধ্যতামূলক।

black money কালো টাকা বৈধ অথবা অবৈধ উপায়ে অর্জিত এবং ঘোষিত আয়ের হিসাব-বহির্ভত।

blank cheque ফাঁকা চেক চেকের উপর টাকার অঙ্ক উল্লেখ না করিয়া যে-চেক অঙ্কন করা হয়। প্রাপক ইহার টাকার অঙ্ক বসাইয়া ব্যাংকে উপস্থাপন করিলে ব্যাংক তাহ পরিশোধ করিয়া থাকে।

blank endorsement ফাঁকা পৃষ্ঠান্ধন ১৮৮১ সালের হস্তান্তরযোগ্য দলিল আইনের ১৬ ধারা-অনুসারে, যখন কোনো দলিলপত্রে গ্রহীতার নাম উল্লেখ না করিয়া পৃষ্ঠান্ধন করা হয়, তখন তাহাকে ফাঁকা পৃষ্ঠান্ধন বলা হয়।

blasphemy n. ধর্মাবমাননা বি. যে-সকল বিবৃতি বা রচনা আক্রমণাত্মক বা অবমাননাকরভাবে ধর্মপুস্তকের সত্যতা কিংবা সৃষ্টিকর্তার অন্তিত্ব অধীকার করে। ধর্মাবমাননা প্রথানুগ আইন-অনুযায়ী একটি অপরাধ এবং ইহা প্রকাশিত হইলে, ধর্মানুভ্তিতে আঘাত দেওয়া বা অমর্যাদা করিবার অভিপ্রায় কিংবা প্রকাশনাটি যে ধর্মের জন্যে অবমাননাকর, সে-বিষয়ে সচেতনতা প্রমাণ করিবার প্রয়োজন নাই। দওবিধির ২৯৫ক ধারা-অনুসারে, ইচ্ছাকৃত ও বিশ্বেষমূলকভাবে কোনো সম্প্রদায় বিশেষের ধর্মাবমাননা দওনীয়।

blockade n. অবরোধ বি. শক্রপক্ষের বন্দরে যাহাতে কোনো জাহাজ প্রবেশ করিতে কিংবা বন্দর হইতে জাহাজ নিদ্ধান্ত হইতে না পারে, সেইজন্য যুধ্যমান কোনো শক্তিকর্তৃক কোনো জাহাজ বা কোয়াড্রন এমনভাবে স্থাপন করা, যাহাতে কোনো নৌযান ওইরূপ বন্দরে প্রবেশ করিতে বা বন্দর হইতে নিদ্ধান্ত হইবার চেষ্টা করিলে উহার গতিরোধ করা যায়। কোনো নিরপেক্ষ বাণিজ্যিক নৌযান অবরোধ ভঙ্গের চেষ্টা করিলে, উহা আটক এবং আটককারীর যুদ্ধধন-আদালতে দণ্ডিত হইতে পারে।

blocked account সংক্রদ্ধ হিসাব কোনো ব্যাংক বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠানে একটি হিসাব, সরকার বা কোনো ক্ষমতান্বিত ব্যক্তিকর্তৃক যাহাতে প্রবেশাধিকার blood bag

নিবারিত করা হইয়াছে। একটি হিসাব বিবিধ কারণে সংক্রদ্ধ করা হইতে পারে। যেমন, দুইটি দেশের মধ্যে যুদ্ধ শুরু হইলে একটি দেশ অন্যটির হিসাবে প্রবেশের অধিকার সংক্রদ্ধ করিলে। এইরূপ হিসাবেক frozen account-ও বলা হয়। ১৯৪৭ সালের বৈদেশিক বিনিময় নিয়ন্ত্রণ আইনের ৬ (৩) ধারা-অনুসারে, বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে বাণিজ্যিক ব্যাংকের কোনো শাখায় খোলা হইয়াছে এমন যে-হিসাব এই আইন বলবতের আগে বা পরে বাংলাদেশ ব্যাংকের নির্দেশে সংক্রদ্ধ করা হইয়াছে।

blood bag রক্তর্থান বি. রক্তদাতা হইতে রক্ত, রক্তের উপাদান ও রক্তজাত সাম্মী সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণের জন্য ব্যবহৃত ঘনীভবনরোধক (অ্যান্টিকোয়াণ্ডনেন্ট) সংবলিত সরকার কর্তৃক স্বীকৃত থলি।

blood relationship রক্তসম্পর্ক consanguinity দ্র.।

blood specimen রক্তের নমুনা specimen of blood দ্র.।

blood test রক্তপরীক্ষা বি. ১. কোনো ব্যক্তি যে একটি নির্দিষ্ট শিশুর পিতা হইতে পারেন না, তাহা প্রমাণ করিবার জন্য রক্তের একটি বিশ্লেষণ (ওই ব্যক্তি যে পিতা, তাহা প্রতিষ্ঠিত করা সম্ভবপর নহে)। আদালত পিতৃত্যটিত বিবাদে রক্তপরীক্ষার আদেশ দিতে পারেন, তবে কোনো ব্যক্তিকে তাঁহার ইচ্ছার বিরুদ্ধে রক্তপরীক্ষায় বাধ্য করা যায় না। কিন্তু তাঁহার অধীকৃতি হইতে আদালত বিরূপ সিদ্ধান্ত গ্রহণ করিতে পারেন। DNA fingerprinting ও specimen of blood দ্র.।

blue book নীল বই নীল মলাটযুক্ত এক ধরনের ব্রিটিশ সরকারি প্রকাশনা, যেমন কোনো কমিটি, অনুসন্ধান বা কমিশনের রিপোর্ট।

blue chip নির্ভরযোগ্য ও মৃল্যবান শেয়ার উচ্চমূল্য বা মানসম্পন্ন শেয়ার। কোনো বিনিয়াগকারীর বিবেচনায় অত্যন্ত খ্যাতিসম্পন্ন শিল্প ও বাণিজ্যিক কোম্পানির সাধারণ শেয়ার সম্পর্কে সাধারণত উক্তিটি প্রযোজ্য হয়। কোনো বিনিয়োগ এইরূপ নির্ভরযোগ্য ও মূল্যবান কি না, তাহা নিরূপণের পরীক্ষা অত্যাবশ্যকীয়ভাবে বিষয়ীগত।

board of inquiry তদন্ত-পর্ষদ কোনো ঘটনার যথার্থতা সম্বন্ধে অনুসন্ধান ও প্রতিবেদন পেশ করিবার জন্য (যেমন, প্রতিরক্ষা বাহিনীর সম্পত্তির হানি বা বিনষ্টি সম্বন্ধে), বিশেষ করিয়া শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা উচিত কি না, তাহা নির্ণয় করিবার জন্য সেনাবাহিনী, নৌবাহিনী বা বিমানবাহিনীর কর্তৃপক্ষকর্তৃক গঠিত একটি পর্ষদ। bond bond

bodily harm শারীরিক আঘাতদান, শারীরিক ক্ষতি দণ্ডবিধির ৩১৯ ধারা-অনুসারে, যে-ব্যক্তি কোনো ব্যক্তির দৈহিক যন্ত্রণা, পীড়া বা বৈকল্য ঘটান, সেই ব্যক্তি আঘাত দান করেন বলিয়া গণ্য হইবেন। actual bodily harm, assault ও grievous bodily harm দ্র.।

body corporate সংস্থা, কর্পোরেশন বি. corporation দ্র.।

bona fide সরদবিশ্বাসে খাঁটি, প্রকৃত। প্রভারণা বা প্রবঞ্চনার অভিপ্রায়-ব্যতিরেকে।

bona fide mistake সরলবিশ্বাসপ্রসৃত তুল কোনোরূপ অসৎ বা প্রতারণামূলক অভিপ্রায় ব্যতীত হঠাৎ করিয়া কোনো তুল হইলে উহা সরলবিশ্বাসপ্রসৃত তুল বলিয়া গণ্য হয়। তামাদি আইনের ৫ ধারা-অনুসারে, তামাদির দায় হইতে পরিত্রাণ পাইতে ইইলে আবেদনকারীকে প্রমাণ করিতে হইবে যে, তাঁহার ভুলক্রটি সরলবিশ্বাসপ্রসৃত ছিল। দেওয়ানি কার্যবিধির ১৫১ ধারায় আদালতের অন্তর্নিহিত ক্ষমতাপ্রয়োগের ক্ষেত্রেও তুলক্রটি সরলবিশ্বাসপ্রসৃত বলিয়া প্রমাণ করা আবশ্যক।

bona vacantia অস্বামিক সম্পত্তি মৃতব্যক্তির ইচ্ছাপত্রে যে-সম্পত্তির বিলিব্যবস্থা করা হয় নাই এবং ইচ্ছাপত্রের অভাবের দরুন যে-সম্পত্তিতে কোনো আত্মীয়ের কোনো অধিকার নাই। escheat দ্র.।

bond n. মুচলেকা, জামানত বি. ১. ইহা একটি দলিল, যাহার মাধ্যমে একজন ব্যজি (মূচলেকাপ্রদানকারী) কোনো কার্য করিবেন বলিয়া কিংবা কোনো কার্য হইতে বিরত থাকিবেন বলিয়া অন্য কোনো ব্যক্তির (মুচলেকাগ্রহীতা) নিকট অঙ্গীকারাবদ্ধ হন। ইহাতে অর্থপ্রদানের প্রতিশ্রুতি থাকিলে ইহা সাধারণ আর্থিক মুচলেকা নামে অভিহিত হয়। একটি চুক্তি কার্যকর করিবার জন্য জামিনসহ মুচলেকা দেওয়া হইলে উহা সম্পাদন মুচলেকা নামে অভিহিত হয়। ২. সুদসহ দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ করিবার অঙ্গীকারপূর্বক কোনো সরকার, স্থানীয় কর্তৃপক্ষ, কোম্পানি বা অন্য সরকারি সংস্থাকর্তৃক প্রমুক্ত বা ইস্যুক্ত একটি দলিল। ৩. কোনো ঋণগ্রাহক চাঁদার অর্থ পরিশোধের বিনিময়ে বিনিয়োগকারীদের নিকট যে-ঋণ প্রমোচন করেন, তাহাকে প্রতিজ্ঞাপত্র প্রমোচন বলা হয়। তামাদি আইনের ২(৩) ধারায় বলা হইয়াছে যে. মুচলেকা বলিতে এমন কোনো দলিল বুঝায়় যাহার ঘারা কোনো ব্যক্তি অপর কোনো ব্যক্তিকে অর্থপ্রদানের জন্য নিজেকে এই শর্তে বাধ্য করেন যে, নির্দিষ্ট কোনো কাজ সম্পাদিত হইলে বা না হইলে উক্ত বাধ্যবাধকতা বাতিল হইয়া যাইবে। ১৮৯৯ সালের স্ট্যাম্প অ্যাক্টের ২(৫) ধারাতেও বন্ড বা মুচলেকার সংজ্ঞার্থ প্রদান করা হইয়াছে। ফৌজদারি কার্যবিধিতে শান্তিরক্ষার মুচলেকা, সদাচরণের মুচলেকা জামিনের মুচলেকা, জামিনদারের মচলেকা-সংক্রান্ত বিধান বর্ণিত হইয়াছে।

ফৌজদারি কার্যবিধির ১২১ ধারায় বলা হইয়াছে যে, যে-ব্যক্তি মুচলেকা সম্পাদন্দ করিবেন, মুচলেকা তাঁহাকে শান্তিরক্ষা বা সদাচরণে বাধ্য রাখিবে এবং সদাচরণেব্র ক্ষেত্রে কোনো কারাদণ্ডযোগ্য অপরাধ করা বা করিবার চেটা করা বা করিবার সহায়তাা করা, তাহা যে-স্থানেই হউক না কেন, মুচলেকার লচ্চ্মন হইবে। ফৌজদারি কার্যবিধির ৫১৩ হইতে ৫১৪, ৫১৪ক ও ৫১৪ব ধারায় জামিনসংক্রান্ত ক্ষেত্রে মুচলেকা-সংক্রান্ত ব্যাপারে বিধান বর্ণিত হইয়াছে। ৫১৪ ধারায় জামিনদারা আসামিকে হাজির করিতে বার্থ হইলে জামিনে উল্লিখিত অর্থ পরিশোধ করিতে বাধ্য । জামিনদার মারা গেলে তাঁহার ব্যক্তিগত সম্পত্তি ক্রোক ও বিক্রয়ের মাধ্যমে উক্ত অর্থ আদায়যোগ্য। তবে মুচলেকা বাজেয়াণ্ডির পূর্বে জামিনদার মারা গেলে তাঁহার সম্পত্তি: মুচলেকার দায় হইতে মুক্ত হইয়া যাইবে। মুচলেকায় দায়বদ্ধ ব্যক্তি মুচলেকায় উল্লিখিত টাকা পরিশোধ না করিলে তাঁহার সম্পত্তি ক্রোক বা বিক্রয় করিবার দ্বারা যদি আদায় করা না যায় তাহা হইলে মুচলেকায় আবদ্ধ ব্যক্তিকে দেওয়ানি কার্যাারে দুইমাস পর্যন্ত আটক রাখা যায়। আদালত স্ববিবেচনায় মুচলেকায় উল্লিখিত অর্থের পরিমাণ অংশবিশেষ মণ্ডকুফ করিতে পারেন।

bonded warehouse মুচলেকাবদ্ধ গুদাম সরকারকে গুল্ক ও কর পরিশোধ করিবার মুচলেকা দিয়া যে-গুদামে মাল রাখা হয়।

bonus n. বোনাস বি. ১. অংশীদার, বিমাকারী প্রভৃতির মধ্যে বন্টিত অতিরিক্ত লভ্যাংশ। ২. ব্যবসায় প্রতিষ্ঠানের কর্মচারীদেরকে বেতনের অতিরিক্ত কোনো অর্থ প্রদান। সাধারণত দুইটি অবস্থার পরিপ্রেক্ষিতে বোনাসের দাবি গ্রহণযোগ্য হয়। যথন ব্যবসায় প্রতিষ্ঠান বা শিল্পকর্তৃক প্রদন্ত মজুরি একজন শ্রমিকের পক্ষে সপরিবাবে জীবনধারণের জন্য পর্যাপ্ত হয় না এবং যথন শিল্পটির মুনাফা-অর্জনে শ্রমিকের আংশিক অবদান থাকে। ৩. বিশেষ উৎসব-পার্বণ উপলক্ষে শ্রমিক-কর্মচারীদেরকে অতিরিক্ত অর্থ প্রদান।

bonus issue বোনাস প্রমোচন কোনো কোম্পানির বর্তমান সদস্যদের মধ্যে আরো শেয়ার প্রমোচনপূর্বক কোম্পানির প্রমুক্ত বা ইস্যুকৃত মূলধন (issue capital ও authorized capital ড.) বৃদ্ধির একটি পদ্ধতি। এই শেয়ারগুলির মূল্য পরিশোধ করা হয় কোম্পানির অবশ্টিত মুনাফা, শেয়ারের অধিমূল্য হিসাব কিংবা মূলধন পরিক্রয়নিচয় হইতে। অংশীদারদের মধ্যে তাঁহাদের বর্তমান শেয়ার-সংখ্যার অনুপাতে বোনাস প্রমোচন বন্টন করা হয়।

book n. পুস্তক বি. ২০০০ সালের কপিরাইট আইনের ২(২২) ধারা-অনুসারে, ^{(যে}কোনো ভাষায় প্রভ্যেক খণ্ড, খণ্ডের অংশ বা ভাগ, পৃস্তিকা এবং আলাদাভাবে মুদ্রিত বা প্রস্তরে অঙ্কিত, সংগীতের প্রত্যেক শিট, মানচিত্র, চার্ট বা নকশা। সংবাদপত্র বা সাময়িকপত্র ইহার অন্তর্ভুক্ত হইবে না। book debt খতিয়ানি ঋণ, হিসাবের পাওনা নিত্যনৈমিত্তিক ব্যবসায়িক লেনদেনের জন্য কোনো ব্যক্তির কাছে বিক্রেতার জমাখরচের খাতায় উল্লিখিত পাওনা।

books of account n. হিসাববহি বি. যেসব বহি যে-কোনো সময়ে একটি কোম্পানির আর্থিক অবস্থা উদ্ঘাটন ও ব্যাখ্যা করে এবং কোম্পানির পরিচালকমণ্ডলীকে উহার হিসাব প্রস্তুত করিতে সাহায্য করে। এই বহিগুলিতে দৈনিক ভিত্তিতে লেনদেন, পরিসম্পদ ও দায়িতার বিস্তারিত বিবরণসহ প্রাপ্ত ও ব্যয়িত অর্থ এবং (যেক্ষেত্রে উপযুক্ত) ক্রীত ও বিক্রীত পণ্যের বিবরণ উদ্ঘাটিত হওয়া উচিত। সার্বজনিক কোম্পানিগুলিকে তাহাদের বহিসমূহ অবশ্যই ছয় বৎসর এবং প্রাতিজনিক কোম্পানিগুলিকে তিন বৎসর সংরক্ষণ করিতে হয়। কোম্পানির কর্মকর্তা এবং হিসাবনিরীক্ষকদের (তবে সদস্যদের নহে) বহিগুলি পরিদর্শন করিবার অধিকার রহিয়াছে।

book value খতিয়ানি মূল্য হিসাবের বহিতে কোনো ব্যবসায়ের পরিসম্পৎ বা দায় সম্পর্কে লিখিত মূল্য।

booty n. গনিমত, গানিমা বি. স্থলপথের যুদ্ধে প্রয়োজনে হউক অথবা কেবল শক্রসম্পত্তি বলিয়াই হউক শক্রর নিকট হইতে অধিকৃত সম্পত্তি। prize তু.।

borrow vb. ঋণ করা ক্রি. কোনো বস্তু এই শর্তে ধার লওয়া যে, উহা বা উহার সমতুল্য কোনো বস্তু ফেরত দেওয়া হইবে।

borrowed capital কৃতখাণ মূলধন সংস্থা ও পরিপণদারদের (stockholders) মধ্যে বিভিন্ন লেনদেন-সূচক একটি পরিশব্দ। সাফল্যজনকভাবে ব্যবসা চালাইবার জন্য পরিপণদারদের সম্মতিক্রমে সংস্থা যে-নগদ লভ্যাংশ রাখিয়া দেয়, সচবাচর ইহা সেই নগদ লভ্যাংশ নির্দেশ করে।

bottomry n. জাহাজি বন্ধক hypothecation দ্ৰ.।

boundary n. সীমানা, চৌহন্দি বি. ১. (আন্তর্জাতিক আইনে) একটি রাষ্ট্রের ভ্বওগত সীমা-নির্ধারক একটি কাল্পনিক রেখা। এইরূপ সীমানা প্রত্যেকটি রাষ্ট্রের কার্যকর অধিক্ষেত্র বা এখতিয়ারের অবধি নির্ণয় করে। এই সীমানার প্রকৃতি ত্রিমাত্রিক এই অর্থে যে, রাষ্ট্রটির আকাশসীমা ও অধােমৃত্তিকা, সীমানার অভ্যন্তরস্থ স্থলভাগ এবং রাষ্ট্রটির অভ্যন্তরীণ জলসীমার ও রাষ্ট্রাধীন সাগরের সমুদ্র-এলাকা ইহার অন্তর্ভূত। এতৎসহ accretion, avulsion ও thalweg দ্র.। ২. স্থাবর সম্পত্তির পরিচয়ের ক্ষেত্রে সীমানা একটি গুরুত্বপূর্ণ বিষয়। দেওয়ানি কার্যবিধির ৭ আদেশের ও নিয়মে বলা হইয়াছে যে, মামলার বিষয়বস্তু স্থাবর সম্পত্তি হইলে আরজিতে উক্ত সম্পত্তি শাক্ত করিবার উপযোগী বর্ণনা থাকিতে ইইবে এবং যে-ক্ষেত্রে সীমানাদারা উক্ত

সম্পত্তি বর্ণনা করা সম্ভব, সেক্ষেত্রে আরজিতে সীমানা উল্লেখ করিতে ইইবে। দণ্ডবিধির ৪৩৪ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি সরকারি কর্মচারী কর্তৃক স্থাপিত কোনো সীমানানির্দেশটিহু ধ্বংস বা স্থানান্তর ইত্যাদির মাধ্যমে অনিষ্টসাধন করিলে এক বংসব্র পর্যন্ত কারাদণ্ড বা অর্থদণ্ড বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন। ফৌজদারি কার্যবিধির ১৪৫ ধারার বিধান-অনুসারে, সীমানাসংক্রান্ত ব্যাপারে কোনো বিরোধের ফলে শান্তিভঙ্গের সম্ভাবনা থাকিলে ম্যাজিন্ট্রেট ব্যবস্থা গ্রহণ করিতে পারেন।

poundary commission সীমানা কমিশন ১. ব্রিটেনে জনসংখ্যার পরিবর্তন বিবেচনা করিয়া নির্দিষ্ট সময় অন্তর অন্তর সংসদীয় নির্বাচনক্ষেত্রগুলির সীমানা পুনর্নির্ধারণ করিবার জন্য প্রতিষ্ঠিত স্বাধীন সংস্থা। বাংলাদেশের নির্বাচনী আইন-অনুযায়ী প্রত্যেক নির্বাচনের পূর্বে নির্বাচন-কর্তৃপক্ষ সংসদীয় বা স্থানীয় নির্বাচনের জন্য নির্বাচনী এলাকা চিহ্নিত করেন। ২. ১৯৪৭ সালে ভারত ও পাকিস্তানের মধ্যে পাঞ্জাব ও বঙ্গপ্রদেশ বিভক্তির জন্য লর্ড র্যাডক্লিফের নেতৃত্বে গঠিত সীমানা কমিশন।

bounty n. অভিদান ১. কোনো পদক্ষেপগ্রহণ বা সেবাপ্রদানে উৎসাহিত করিবার উদ্দেশ্যে, বিশেষত সরকার কর্তৃক, প্রস্তাবিত বা প্রদন্ত একটি পুরস্কার বা সুবিধা। ২. বিশেষত একটি ইচ্ছাপত্রে, একটি দান; বদান্যতা।

boycott n. & vb. বর্জন, বর্জন করা বি. ও ক্রি. ১. কোনো দেশ বা কোম্পানির পণ্য বর্জন। যেমন, ১৯০৫ সালে বঙ্গভঙ্গ-আন্দোলনের সময়ে পণ্যবর্জনের কর্মসূচি গ্রহণ করা হয়। ২. সংসদীয় পরিভাষায় ইহার অর্থ সংসদ বর্জন। ৩. স্থানীয় আইনজীবীগণকর্তৃক সর্বাত্মকভাবে আদালত-বর্জন। এইরূপ বর্জনকালে যদি কোনো মোকদ্দমা খারিজ হয়, তাহা হইলে আদালত-বর্জনের কারণে উক্ত খারিজ রদ হওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে। ৪. সর্বপ্রকার সামাজিক ও অর্থনৈতিক সম্পর্ক ছিন্ন করা; একঘরে করা।

brain death মন্তিকের অবসান ১৯৯৯ সালের মানবদেহে অঙ্গপ্রত্যঙ্গ-সংযোজন আইনের ৫ ধারা-অনুসারে, এই ধারার অন্যান্য শর্ত পূরণসাপেক্ষে, মেডিসিন, নিউরোলজি অথবা ক্রিটিকাল কেয়ার মেডিসিনে বিশেষজ্ঞ নিম্নবর্ণিত পদমর্যাদার অন্যুন দুইজন চিকিৎসক যৌথভাবে কোনো ব্যক্তির ব্রেইন ডেথ ঘোষণা করিতে পারিবেন : (ক) অধ্যাপক অথবা সহযোগী অধ্যাপক অথবা সমমর্যাদাসম্পন্ন চিকিৎসক এবং (খ) সহকারী অধ্যাপক অথবা সমমর্যাদাসম্পন্ন চিকিৎসক এবং (খ) সহকারী অধ্যাপক অথবা সমমর্যাদাসম্পন্ন চিকিৎসক। তবে শর্ত থাকে যে, এই উপ-ধারার অধীন ব্রেইন ডেথ ঘোষণাকারী চিকিৎসক গারে শর্ত থাকে যে, এই উপধারার অধীন ব্রেইন ডেথ ঘোষণাকারী কোনো চিকিৎসক বা তাহার

কোনো নিকট আত্মীয় যে-ব্যক্তির ব্রেইন ডেথ ঘোষণা করা হইবে তাঁহার অঙ্গ-প্রত্যঙ্গ অন্য কোনো ব্যক্তির দেহে সংযোজন-প্রক্রিয়ার সহিত কোনোভাবে জড়িত থাকিতে পারিবেন না।

breach of close বৃতিলচ্ছন বি. অন্যের জমিতে বিনা অনুমতিতে প্রবেশ। ইহা জমিতে একধরনের অনধিকারপ্রবেশ। বৃতির অর্থ অন্যদের মালিকানাধীন জমি বা এজমালি জমি হইতে পৃথকীকৃত একখণ্ড জমি।

breach of confidence আস্থাহানি বি. ১. বিনা অনুমতিতে বিশ্রব্ধ তথ্য প্রকাশ করণ। ২. ইহা নিবারণার্থে আদালতকর্তৃক প্রদন্ত একটি নিষেধাজ্ঞা অমান্যকরণ। সচরাচর ব্যবসাঘটিত গোপন তথ্যাদি (সংবিধির ঘারা সুরক্ষিত কৃতিস্বত্ব, নিবন্ধিত ডিজাইন ও লেখকস্বত্ব ব্যতিরেকে) সুরক্ষার জন্য নিষেধাজ্ঞা মনজুর করা হয়। তবে ইহা বিবাহিত অবস্থায় স্বামী-প্রীর মধ্যে কিংবা, সম্ভবত, একত্রবাসীদের মধ্যে তাঁহাদের এক্তরবাসকালে, সংবাদ-বিনিময়ের গোপনীয়তা রক্ষার জন্যও মনজুর করা যাইতে পারে।

breach of contract চুক্তিভঙ্গ, চুক্তিলচ্ছান বি. কোনো চুক্তির একটি পক্ষকর্তৃক চুক্তি-অনুযায়ী তাঁহার অবশারুক্তব্যাদি পালনে প্রকৃত ব্যর্থতা কিংবা তিনি যে উহা পালন করিবেন না, সেইরূপ অভিপ্রায়ের ইঙ্গিত। একটি চুক্তি ভবিষ্যতে ভঙ্গ করা হবৈ বলিয়া প্রদন্ত ইঙ্গিতকে বলা হয় প্রত্যাখ্যান বা প্রবেক্ষণমূলক চুক্তিভঙ্গ এবং কথার হারা ইহা ব্যক্ত হইতে পারে, কিংবা আচরণের দ্বারাও ইহার ইঙ্গিত পাওয়া যাইতে পারে। চুক্তি আইনের ৭৩-৭৫ ধারা-অনুসারে চুক্তিভঙ্গের জন্য ক্ষতিগ্রন্ত পক্ষ ক্ষতিপূরণ ও সুনির্দিষ্ট প্রতিকার আইনানুসারে চুক্তিপ্রবল বা নিষেধাজ্ঞার প্রতিকার পাইতে পারে।

breach of covenant প্রতিজ্ঞান্তক বি., চুক্তি বা চুক্তির শর্ত-শজ্ঞান কোনো কার্য করিবার অথবা উহা হইতে বিরত থাকিবার বিষয়ে কোনো দলিলে বর্ণিত কোনো চুক্তি, প্রতিজ্ঞা বা শর্ত লঙ্ফান করা।

breach of duty কর্তব্যলম্ভান বি. আইনানুগ দায়দায়িত্বের খেলাপ; কর্তব্যপালনে ব্যর্থতা।

breach of privilege অধিকারলজ্ঞন বি. parliamentery privilege দ্ৰ.।

breach of statutory duty সংবিধিবদ্ধ কর্তব্যলম্ভন কোনো ব্যক্তি বা সংস্থার উপর কোনো সংবিধির দ্বারা আরোপিত কর্তব্য লম্জন। সংবিধিবদ্ধ কর্তব্য লম্জনকারী ব্যক্তি বা সংস্থা সংবিধির দ্বারা আরোপিত যে-কোনো ফৌজদারি দণ্ডে দণ্ডিত হইতে পারেন। তবে তিনি লচ্ছানের দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে ক্ষতিপূরণ প্রদানের জন্যও দায়ী হইচ্ছে পারেন। যদি ওই ব্যক্তি, যাঁহাদের সুরক্ষার জন্য সংবিধিটি গৃহীত হইয়াছিল, সেই শ্রেণীর অন্তর্ভুক্ত হন।

breach of the peace শান্তিভঙ্গ বি. যে-অবস্থায় কোনো ব্যক্তির কিংবা (তাঁহার উপস্থিতিতে) তাঁহার সম্পত্তির অনিষ্ট সাধিত হয়, কিংবা হইতে পারে, কিংবা যথন কোনো ব্যক্তি হামলা, মারামারি কিংবা অন্য বিশৃঙ্খলার দরুন নিজের অনিষ্ট হইবার ভয়ে ভীত হন। ফৌজদারি কার্যবিধির ১০৭, ১২৭, ১২৮, ১৪৪-১৪৭ ধারায় শান্তিভঙ্গ সম্পর্কে বিধানাবলি সন্ত্রিবিষ্ট হইয়াছে।

breach of trust বিশ্বাসভঙ্গ বি. কোনো ন্যাসের শর্তাবলির ঘারা একজন ন্যাসরক্ষক কিংবা ন্যাসরক্ষক-স্থানীয় ব্যক্তির উপর আরোপিত কর্তব্যের সহিত অসংগত, ওই ব্যক্তিকর্তৃক কৃত কোনো অসমীচীন কার্যকরণ কিংবা কার্যের অননুষ্ঠান। বিশ্বাসভঙ্গ ইচ্ছাকৃত কিংবা অসাধু হইবার প্রয়োজন নাই। সকল ক্ষেত্রে ন্যাসরক্ষক হিতথাহীদের নিকট ব্যক্তিগতভাবে দায়বদ্ধ এবং ন্যাসের যে-কোনো হানির জন্য দায়ী।

break vb. ভাঙা, ভগ্ন করা ক্রি. শব্দটি নানান অর্থে ব্যবহৃত হয়। যেমন, যে-কোনোভাবে ধারাবাহিকতা নষ্ট করা; ক্রম বা বিন্যাস ভঙ্গ করা; তন্ধরের মতো কোনো গৃহে প্রবেশ করা; কোনো ইতিবাচক কার্য অবহেলার দ্বারা বা পালন না করিয়া (আইন বা চুক্তি) ভঙ্গ করা।

break clause নিবৃত্তি অনুচ্ছেদ নির্দিষ্ট-মেয়াদি বাড়ি-ভাড়া বা ইজারার চুক্তিতে প্রায়শ অন্তর্ভুক্ত একটি অনুচ্ছেদ, যাহা একটি বিশেষ সময়ে বা কোনো বিশেষ ঘটনাসাপেকে বাড়ি-ভাড়া বা ইজারা পরিসমাপ্ত করিবার অধিকার প্রদান করে।

breakdown of marriage বিবাহসম্পর্কে অচলাবস্থা marital breakdown দ্র.।

break in বলপূর্বক প্রবেশ কোনো বাড়িতে (বিশেষত চোর, ডাকাত ইত্যাদি কর্তৃক) বেআইনি প্রবেশ।

Bretton Woods Conference ব্রেটন উড্স্ সম্বেলন মার্কিন যুক্তরাষ্ট্রের অঙ্গরান্তা নিউ হ্যাম্পাশায়ারের ব্রেটন উড্স্ শহরে ১৯৪৪ সালের ১ জুলাই হইতে ২২ জুলাই পর্যন্ত মিত্রশক্তির ৪৪টি দেশের অংশগ্রহণে জাতিসংঘের মুদা ও অর্থ সংস্থান-সংক্রান্ত এই সম্বেলন অনুষ্ঠিত হয়। এই সম্বেলনে আন্তর্জাতিক অর্থ তহবিল বা IMF ও বিশ্ব ব্যাংক IBRD নামে দুইটি আর্থিক প্রতিষ্ঠান স্থাপনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। ১৯৪৫ সালের ২৭ ডিসেম্বর IBRD-র কর্মকাণ্ড শুরু হয়। এই প্রতিষ্ঠানটি ওয়ার্জ বা বিশ্বব্যাংক হিসাবে বহুলপরিচিত।

brewery n. ভাটিখানা বি. যে-স্থানে মদ্যাদি চোলাই করা হয়।

bribery n. মুস, উৎকোচ বি. বাংলাদেশ দণ্ডবিধির ১৬১ ধারা হইতে ১৬৫ ধারা পর্যন্ত সরকারি কর্মচারী কর্তক ঘস বা উৎকোচ গ্রহণ বা উৎকোচগ্রহণে উৎসাহিত করা ইত্যাদির শান্তি বর্ণিত হইয়াছে। ১৯৪৭ সালের দুর্নীতি দমন আইনে সরকারি কর্মচারী কর্তৃক ঘুস বা উৎকোচ গ্রহণ সম্পর্কে বিধান বর্ণিত হইয়াছে। দণ্ডবিধির ১৬১ ধারায় বলা হইয়াছে যে, যদি কোনো ব্যক্তি সরকারি কর্মচারী হইবেন বলিয়া আশা করিয়া কোনো সরকারি কার্য করিবার কিংবা করা হইতে বিরত থাকিবার উদ্দেশ্যে বা পরস্কার হিসাবে, কিংবা সরকারি দায়িত্ব সম্পাদনকালে কোনো ব্যক্তিকে অনুগ্রহ প্রদর্শন বা নিগ্রহ প্রদর্শন না করিবার জন্য বা করা হইতে বিরত থাকিবার জন্য কিংবা বাংলাদেশ সরকার বা আইনসভার দ্বারা কিংবা কোনো সরকারি কর্মচারীর দ্বারা কোনো ব্যক্তির উপকার বা অপকার করিবার জন্য বা তাহা করিবার চেষ্টায় নিজের কিংবা অন্য কোনো ব্যক্তির জন্য কাহারো নিকট হইতে আইনসম্মত পারিশ্রমিক ব্যতীত অন্য যে-কোনোরপ পারিতোষিক গ্রহণ করেন বা লাভ করেন, গ্রহণ করিতে সম্বত হন বা লাভ করিতে চেষ্টা করেন, তাহা হইলে সেই ব্যক্তি তিন বৎসর পর্যন্ত সম্রম বা বিনাশ্রম কারাদও কিংবা জরিমানা অথবা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন। যদি কোনো ব্যক্তি সরকারি পদে সমাসীন হইবার প্রত্যাশা না করিয়া সে-পদে সমাসীন হইবেন এবং অন্যদের উপকার সাধন করিবেন বলিয়া অন্যদের এইরূপ বিশ্বাস জন্যাইয়া প্রতারণার সাহায্যে বকশিস গ্রহণ করেন, তাহা হইলে সেই ব্যক্তি প্রতারণার দায়ে দোষী সাব্যস্ত হইতে পারেন, কিন্তু তিনি এই ধারায় বর্ণিত দোষে দোষী হইবেন না।

bribery and corruption উৎকোচ ও দুর্নীতি কোনো কোনো দায়িত্বপূর্ণ পদে অধিষ্ঠিত ব্যক্তিগণকে অনুচিতভাবে প্রভাবান্বিতকরণঘটিত অপরাধসমূহ। কোনো সরকারি সংস্থার সদস্য বা কর্মচারীকে ওই সংস্থা-সংশ্লিষ্ট কোনো বিষয়ে কিছু করিবার জন্য কোনো পারিভোষিক বা সুবিধা প্রদান বা প্রস্তাব করা একটি অপরাধ। কোনো সরকারি কর্মকর্তা বা কর্মচারীর পক্ষে অসৎভাবে এইরূপ পারিভোষিক গ্রহণ বা যাচনা করাও একটি অপরাধ। দগুবিধির ১৬১-১৬৫ ধারায় সরকারি কর্মচারীকর্তৃক উৎকোচগ্রহণ ও উৎকোচগ্রহণে উৎসাহিত করা ইত্যাদির শাস্তি বর্ণিত হইয়াছে। ১৯৪৭ সালের দুর্নীতি দমন আইনের ৪ ধারা-অনুসারে, দুর্নীতি দওনীয়।

bridge financing ব্রিজ ফিনান্সিং, অর্থায়নে সহায়তা নবগঠিত কোম্পানিকে আর্থিক সাহায্য প্রদান করিবার জন্য আর্থিক প্রতিষ্ঠান যে-পত্মা অবলম্বন করে। ইহা উক্ত কোম্পানির শেয়ার ক্রয়ের মাধ্যমে করা হইয়া থাকে।

brief n. উকিলের নথি বি. ১. আদালতে মোকদ্দমা প্রয়োগের জন্য উকিলকে দায়িত্বদান। ২. উকিলের ব্যবহারের জন্য মক্কেলের আরজি, জবাব, দরখান্ত ইত্যাদির বিবরণ, যুক্তিতর্ক এবং প্রাসঙ্গিক নজিরাদির সারসংক্ষেপ। ৩. যে-দলিলের দ্বারা একজন সলিসিটর একজন ব্যারিস্টারকে উকিল হিসাবে আদালতে হাজির হওয়ার নির্দেশ প্রদান করেন।

- British Commonwealth ব্রিটিশ কমনওয়েলথ Commonwealth দ্র.।
- broadcasting n. সম্প্রচার বি. বেতার বা টেলিভিশনের মাধ্যমে বাণী ও চিত্র প্রেরণ করিবার কাজ।
- broker n. দালাল বি. যে-ব্যক্তি ক্রেতা ও বিক্রেতার পক্ষে কিছু ক্রয়-বিক্রয় করেন কিংবা ক্রেতা ও বিক্রেতার নির্দেশে ক্রয়-বিক্রয় প্রয়োগ করেন। একজন দানানের কাজ হইতেছে ক্রয়-বিক্রয়ে দুই পক্ষের মধ্যে চুক্তি-সম্পাদনে সহায়তা করা, যদিও বিক্রীত বস্তু দালালের নহে কিংবা তাঁহার দখলেও থাকে না।
- brothel n. বেশ্যালয় বি. নারী বা পুরুষের বেশ্যাবৃত্তির উদ্দেশ্যে ব্যবহৃত কোনো স্থান। prostitution দ্র.।
- Buddhist law of inheritance বৌদ্ধ উন্তরাধিকার আইন যখন বাদী ও বিবাদী উভয়পক্ষ বৌদ্ধধর্মাবলম্বী এবং তাঁহারা স্বীকার করেন যে, হিন্দু দায়ভাগ দ্বারা তাঁহাদের উন্তরাধিকারের প্রশ্ন নির্ধারিত হয়, তখন বৌদ্ধদের ক্ষেত্রে হিন্দু আইন প্রযোজ্য। Karatala Lakshmi Bihar v. Hriday Ranjan Chowdhury 40 DLR (AD) 137 দ্র.।
- budget n. বাজেট বি., বার্ষিক আর্থিক বিবৃতি ফরাসি শব্দ Bouge ইইডে
 ইংরেজি বাজেট শব্দটি উৎপত্তি। Bouge অর্থ ছোট ব্যাগ। বাজেট সরকারের বার্ষিক
 আয়- ব্যয়ের হিসাব। সরকারের আয়ের মোট পরিমাণ ও উৎস ইহাতে বিবৃত থাকে।
 প্রতি অর্থ-বৎসরে সরকার কী কী খাতে ব্যয়় করিবে বাজেটে তাহা উল্লেখ থাকে।
 বাংলাদেশের সংবিধানের ৮৭ অনুচ্ছেদ-অনুসারে, প্রত্যেক অর্থ-বৎসর সম্পর্কে উজ
 বৎসরের জন্য সরকারের অনুমোদিত আয় ও ব্যয়-সংবলিত একটি বিবৃতি সংসদে
 উপস্থাপিত হইবে। ইহাকে বার্ষিক আর্থিক বিবৃতি বলা হয়। সরকারের পক্ষে অর্থমন্ত্রী
 প্রত্যেক আর্থিক বৎসর আরম্ভ হইবার পূর্বেই সংসদে অনুমোদনের বাজেট উপস্থাপন
 করেন।
 - buggery n. পায়ুকাম বি. কোনো পুরুষ বা নারীর সঙ্গে কোনো পুরুষের পায়ুপথে সংগম। পায়ুকাম দণ্ডবিধির ৩৭৭ ধারা-অনুসারে দণ্ডনীয়। এতৎসহ gross indecency, indecency ও indecent assault দ্র.।
 - bugging n. আড়িপাতা ক্রি.বিণ. electronic surveillance দ্র. :
 - building n. ভবন, ইমারত, দালান বি. কোনো গৃহ, বহির্বাটি, কুটির-প্রাচীর এবং গাঁথুনি। ইট, ঢেউটিন, ধাতু, টালি, কাঠ, বাঁশ, কাদা, পাতা, ঘাস, খড়, কিংবা অন্য যে-কোনো উপকরণ হউক, উহার তৈরি যে-কোনো কাঠামো। যেহেতু কোনো গৃহ,

বহির্বাটি, গ্যারাজ কিংবা অন্য যে-কোনো নির্মাণ যে-জমির উপর উহা দাঁড়াইবে, তাহা বাদ দিয়া নির্মাণ করা সম্ভবপর নহে, সেহেতু 'ভবন' শব্দটির অন্তর্ভুক্ত মেঝে, দেয়াল ও ছাদ, যে-জমির উপর দেওয়ালগুলি স্থাপিত, সেই জমি এবং উক্ত দেওয়ালগুলির অন্তবর্তী জমি। ভবনমাত্রেরই যে ছাদ থাকিতে হইবে, এমন কোনো কথা নাই। আবাসিক ভবনগুলি সচরাচর ছাদবিশিষ্ট হইয়া থাকে, তবে এমন আবাসিক ভবন থাকিতে পারে, যাহার ছাদ থাকা আবশ্যক নয়।

building contracts নির্মাণ-চুক্তি একটি ভবন-নির্মাণের জন্য শর্তাবলির যথাযথ ও পুস্থানুপূজ্খ বর্ণনা, বিবরণ কিংবা বিশদ বৃত্তান্ত-সংবলিত চুক্তি।

building lease নির্মাণার্ম্বে ইজারা 'জমির খাজনা' (ground rent) নামে অভিহিত একটি খাজনা প্রদানের শর্তে দীর্ঘ মেয়াদের জন্য (সচরাচর ৯৯ বৎসর) ভূমির ইজারা। ইজারাদার জমিতে বিবরণ-অনুযায়ী কতকগুলি ইমারত নির্মাণ এবং ইজারার মেয়াদব্যাপী সেগুলি রক্ষণাবেক্ষণ করিবার জন্য চুক্তিবদ্ধ হন।

building preservation notice ভবন পরিরক্ষণ বিজ্ঞপ্তি তালিকাভুক্ত করিবার উপযুক্ত বলিয়া বিবেচিত এবং ধ্বংস বা পরিবর্তিত হওয়ার বিপদের সমুখীন ভবনকে একটি তালিকাভুক্ত ভবন হিসাবে অস্থায়ী নিয়ন্ত্রণে ন্যন্তকরণপূর্বক একটি স্থানীয় পরিকল্পনা কর্তৃপক্ষকর্তৃক প্রদন্ত বিজ্ঞপ্তি। পৌরসভা ও নগরনিগম আইনে ভগ্নোনুখ ভবন সংরক্ষণ বা প্রসারণের জন্য বিজ্ঞপ্তি প্রদানের বিধান আছে। এতৎসহ town and country planning দ্র.।

building society বিন্ডিং সোসাইটি ১৯৯৩ সালের আর্থিক প্রতিষ্ঠান আইনের ২(ড) ধারা-অনুসারে, যে-সমিতি গৃহনির্মাণ এবং সম্পত্তিক্রয়ের জন্য সঞ্চয়গ্রহণ ও ঋণপ্রদান করে।

Bukhari বোখারি আবদুল্লাহ মুহাম্মদ আবু ইসমাইল আল বোখারি (৮১০-৮৭০ খ্রি.)। তিনি ইমাম হামবলের ছাত্র ছিলেন এবং বোখারি নামেই তিনি পরিচিত হন। সংগৃহীত ছয় লক্ষ হাদিসের মধ্যে তিনি মাত্র সাত হাজার হাদিস সহি বলিয়া ঘোষণা করেন।

burden of proof প্রমাণের দায়ভার মোকদ্দমার কোনো পক্ষের কোনো বিচার্য তথ্য
ার তথ্যাবলি প্রমাণ করিবার কর্তব্য। দেওয়ানি ও ফৌজদারি উভয়বিধ মামলায় এই
শব্দটি একটি বিশেষ তাৎপর্য বহন করে। ইহার অর্থ ইইতেছে তথ্যগুলির সত্যতা
সাক্ষ্যপ্রমাণের দারা আদালতের সন্তোষসাধনপূর্বক প্রমাণ করিয়া মামলাটি প্রতিষ্ঠিত
করিবার দায়িত্। সাক্ষ্য আইনের ১০১-১১৪ ধারায় প্রমাণের দায় সম্পর্কে বলা
হইয়াছে। সাধারণত প্রমাণের দায় সেই পক্ষের উপর বর্তায়, যে-পক্ষ কোনো বিশেষ
তথ্যের সত্যতা দৃঢ়ভাবে ও সারত ঘোষণা করেন। সাক্ষ্য আইনের ১০১ ধারা-

অনুসারে, যিনি কোনো বিষয়ের অস্তিত্বের দাবি করিয়া তদুপরি নির্ভরশীল কোনো আইনগত অধিকার বা দায় সম্পর্কে আদালতের রায় কামনা করেন, তিনি সেই বিষয়ের অস্তিত্ব অবশাই প্রমাণ করিবেন। কোনো ব্যক্তি যখন কোনো বিষয়ের অস্তিত্ব প্রমাণ করিবের দায়িত্ব সেই ব্যক্তির উপর ন্যস্ত । যে-বিষয় বিরুদ্ধপক্ষের ভালো জানা আছে তাহা প্রমাণ করিবার প্রয়েজন নাই । দেওয়ানি মামলায় পক্ষগণের মধ্যে প্রমাণের দায়িত্ব সর্বদা স্থান পরিবর্তন করে । ফৌজদারি মামলায় সাধারণত আসামির বিরুদ্ধে অভিযোগ প্রমাণের দায়িত্ব অভিযোগকারীর । তবে সাক্ষ্য আইনের ১০৫ ধারা-অনুসারে, কোনো আসামির বিরুদ্ধে মামলাটি দণ্ডবিধির ব্যতিক্রমমূলক নীতির আওতাভুক্ত বলিয়া আসামিপক্ষ দাবি করিলে তাহা প্রমাণের দায়িত্ব আসামিপক্ষের । সাক্ষ্য আইনের ১০৬ ধারা-অনুসারে, ঘটনার সময়ে আসামির অল্যন্ত থাকিবার অজুহাত (alibi)-সহ যে-বিষয়ে যে-ব্যক্তির বিশেষ জ্ঞান আছে তাহা প্রমাণের ভার ওই ব্যক্তির উপর ।

bureaucracy n. আমশাতন্ত্র বি. যে-শাসনব্যবস্থায় নির্বাচিত প্রতিনিধিরা নহেন, সরকারি কর্মকর্তারা সিদ্ধান্ত গ্রহণ করিয়া থাকেন। আমলাগণের হাতে অধিক ক্ষমতা ন্যন্ত হইলে তাহা নাগরিকের ব্যক্তিগত জীবনেও হস্তক্ষেপ করিতে পারে।

burglary n. সিঁধেল চুরি বি. ইংল্যান্ডে কোনো ভবন, জাহাজ বা অধ্যুষিত যানবাহনে (যেমন, কোনো ক্যারাভানে) চারটি সুনির্দিষ্ট অপরাধের যে-কোনো একটি সংঘটিত করিবার অভিপ্রায়ে অনধিকার প্রবেশ করা (অভিপ্রায়পূর্বক সিঁধেল চুরি) কিংবা তথু অনধিকার প্রবেশ করিয়া পরবর্তীকালে সেখানে দুইটি সুনির্দিষ্ট অপরাধের যে-কোনো একটি সংঘটিত করা (অনভিপ্রায়পূর্বক সিঁধেল চুরি)। অভিপ্রায়পূর্বক সিঁধেল চুরির চারটি সুনির্দিষ্ট অপরাধ হইতেছে: (১) চুরি; (২) গুরুতর শারীরিক অনিষ্টসাধন; (৩) দওনীয় ক্ষতিসাধন; এবং (৪) ভবনে কোনো ব্যক্তিকে ধর্বণ। এতৎসহ ulterior intent দ্র.। অনভিপ্রায়পূর্বক সিঁধেল চুরির দুইটি সুনির্দিষ্ট অপরাধ হইতেছে: (১) চুরি বা চুরির চেটা, এবং (২) গুরুতর শারীরিক অনিষ্টসাধনে কিংবা অনিষ্টসাধনের চেটা। সিঁধেল চুরি ১৪ বৎসর পর্যন্ত কারাদওে দওনীয়। অনধিকারপ্রবেশক কোনো মারণান্ত্র বা বিক্ষোরক বহন করিলে তাহা শোচনীয়তর অপরাধে পরিণত হয় এবং সেজন্য সর্বোচ্চ যাবজ্জীবন কারাদও প্রদান করা যাইতে পারে। বাংলাদেশে সিঁধেল চুরি দগুবিধির ৩৮০/৪৫১ ধারায় দওনীয়। এতৎসহ housebreaking দ্র.।

Burmese Buddhist law বর্মার বৌদ্ধ আইন ইচ্ছাপত্রের দ্বারা মৃতের সম্পণ্ডি কোনো বিলিবন্দোবস্ত করিবার বিধান বর্মার বৌদ্ধ আইনে নাই ৷ উস্তরাধিকারীদের ব্যতীত মৃতের রাখিয়া যাওয়া সম্পণ্ডি সম্পর্কে অন্য কোনো পারিবারিক বিলিব্যবস্থা ওই আইনে সিদ্ধ নহে। Chanjury Talukder v. Chingneshay Magni 44 DLR (AD) 152 দ্ৰ.।

business n. ব্যবসায় বি. মুনাফার উদ্দেশ্যে সম্পাদিত অর্থ উপার্জন বা সেবাসহ সবরকম উৎপাদন, বন্টন এবং উৎপাদন ও বন্টনের সহায়ক কার্যাবলি। ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২(১৪) ধারা-অনুসারে, যে-কোনো প্রকার ক্রয়-বিক্রয়, বাণিজ্য, পণ্য-উৎপাদন অথবা এইসকল ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ কারবার বুঝায়। উক্ত অধ্যাদেশের ২৮ ধারায় ব্যবসায় বা পেশাগত আয় কীভাবে করযোগ্য হইবে তাহা বর্ণিত রহিয়াছে।

business homestead ব্যবসায়িক বাস্তুভিটা যে-প্রাঙ্গণে কোনো পরিবারের ব্যবসা-প্রতিষ্ঠান অবস্থিত।

business liability ব্যবসায়িক দায়িতা ব্যবসাসূত্রে (কোনো সরকারি বিভাগ কিংবা স্থানীয় বা জনসংস্থার কর্মকাণ্ড যাহার অন্তর্ভুক্ত হইতে পারে) কিংবা ব্যবসায়সম্পৃক্ত গৃহাদির দখল হইতে উদ্ভূত দায়-দায়িত্ব বা কর্তব্য লব্জানের দরুন (চুক্তিঘটিত বা অপকারজনিত) দায়িতা।

business name ব্যবসায়িক নাম নিজের নামের পরিবর্তে যে-নামে একজন একক ব্যবসায়, অংশীদারিত্বের ব্যবসা অথবা কোম্পানি-ব্যবসা করেন।

business tenancy ব্যবসায়িক ভাড়াস্বত্ব ইংল্যান্ডে কোনো ব্যবসা, পেশা বা চার্লরির উদ্দেশ্যে অধিগত গৃহাদির ভাড়াস্বত্ব। ব্যবসায়িক ভাড়াটিয়াদের জন্য বিশেষ সংবিধিমূলক সুরক্ষা রহিয়াছে। বাড়িওয়ালা বাড়ি ছাড়িবার বিজ্ঞপ্তি প্রদান করিলে, ভাড়াটিয়ারা সাধারণত একটি নতুন ভাড়াস্বত্বের জন্য আদালতে আবেদন করিতে পারেন। বাড়িওয়ালা একটি নতুন ভাড়াস্বত্ব মনজুর করিবার বিরোধিতা করিতে চাহিলে, তাঁহাকে অবশ্যই প্রমাণ করিতে হইবে যে, তাঁহার সংবিধিমূলক হেতু রহিয়াছে (ভাড়াটিয়া কর্তৃক চুক্তির শর্ভকুক দায়-দায়িত্ব লজ্ঞন কিংবা বাড়িওয়ালা কর্তৃক উপযুক্ত বিকল্প আবাসনের ব্যবস্থা)। অন্যথায় আদালত উভয়পক্ষসমত শর্তে কিংবা, দুই পক্ষ মতৈক্যে উপনীত হইতে না পারিলে, আদালত উভয়পক্ষসমত শর্তে কিংবা, দুই পক্ষ মতৈক্যে উপনীত হইতে না পারিলে, আদালত ব্যব্দেশত ব্রেকানা করেন, সেই শর্তে একটি নতুন ভাড়াস্বত্ব মনজুর করিবেন। ভাড়াস্বত্ব পরিসমাপ্ত ইলৈ ভাড়াটিয়া, তৎকর্তৃক সাধিত যে-কোনো উনুয়নমূলক কার্যের জন্য, ক্ষতিপূরণ দাবি করিতে পারেন। বাংলাদেশে ১৯৯১ সালে বাড়িভাড়া নিয়ন্ত্রণ আইন-অনুসারে, ভাড়া প্রদানের ব্যর্থতার কারণে অথবা বাড়ির মালিকের প্রকৃত ব্যবহার ও দখনের প্রয়োজনে আবাসিক বা ব্যবসায়িক ভাড়াম্বত্ব ছিন্ন করা যায়।

- business, trade, profession n. ব্যবসা, বাণিজ্য, পেশা বি. জীবিকার ক্ষেত্রে তিনটি শব্দই সমার্থক তবে ব্যবসা সাধারণ এবং বাণিজ্য ও পেশা বিশেষ অর্থে ব্যবহৃত হয়। সকল বাণিজ্যই ব্যবসা কিন্তু সকল ব্যবসা বাণিজ্য নহে। বাণিজ্যের সঙ্গে পণ্যের ক্রয় ও বিক্রয়ের অচ্ছেদ্য সম্পর্ক আছে। লাভের উদ্দেশ্যে মেধা ও অভিজ্ঞতার ব্যবহারই বাণিজ্য। জ্ঞান বা বিশেষ দক্ষতার প্রয়োজন হয় পেশায়।
- bustee n. বন্ধি বি. ১৮৯৯ সালের বেন্ধল মিউনিসিপ্যাল অ্যান্টে বস্তি বলিতে বুঝায় কতকণ্ডলি কুঁড়েঘর-অধ্যুষিত কিংবা কুঁড়েঘরের নিমিত্ত জমি-সংবলিত কোনো এলাকা। কুঁড়েঘরগুলি (ক) কর-নির্ধারণের খাতায় একটিমাত্র নম্বরের অধীনে অন্যূন দশ কাঠার একটি দাগে নির্মিত হইতে পারে; কিংবা (খ) পরস্পরসংলগ্ন দুই বা ততোধিক দাগের উপর নির্মিত হইতে পারে এবং দাগগুলির মোট পরিমাণ এক বিঘার বেশি হইতে পারে।
- buyer n. কেতা বি. পণ্যবিক্রয়ের জন্য চুক্তির একটি পক্ষ, যিনি পণ্যের মালিকানা আর্জন এবং উহার মূল্য পরিশোধ করিতে সন্মত হন। ১৯৩০ সালের পণ্য-বিক্রয় আইনের ২(গ) ধারা-অনুসারে, এমন কোনো ব্যক্তি যিনি পণ্য ক্রয় করেন অথবা ক্রয় করিতে সন্মত হন।
- buyer's right of examining the goods ক্রেভার পণ্য পরীক্ষা করিবার অধিকার যে-ক্ষেত্রে ক্রেভা কর্তৃক পণ্য পরীক্ষা করিবার পূর্বে তাঁহাকে পণ্য অর্পণ করা হয়, সেক্ষেত্রে ভিনি উক্ত পণ্য চুক্তির সহিত সামঞ্জস্যপূর্ণ কি না, তাহা পরীক্ষা করিবার যুক্তিসংগত সুযোগ লাভ করা পর্যন্ত উহা গ্রহণ করিয়াছেন বলিয়া মনে করা হয় না। পক্ষদের মধ্যে মতৈক্য না হইলে, বিক্রেভা যখন ক্রেভার নিকট পণ্য অর্পণের প্রস্তাব করেন, তখন ক্রেভার অনুরোধক্রমে বিক্রেভা উক্ত পণ্য চুক্তির সহিত সামঞ্জস্যপূর্ণ কিনা ভাহা নিরূপণ করিবার জন্য পরীক্ষা করিবার যুক্তিসংগত সুযোগ দিতে বাধ্য।
- buying and selling rate ক্রয় ও বিক্রয়ের হার বিনিময়-ব্যবসায়ীরা বিনিময়কালে উল্লেখ করিবার সময়ে সর্বদা দুইটি হার ব্যবহার করিয়া থাকেন। ইহার একটি ইইতেছে বৈদেশিক মুদা ক্রয়ের এবং অন্যটি তাহা বিক্রয়ের হার। কোনো ব্যাংকের দর-উল্লেখ যদি ১ ডলার = ৪০.৪০ ৪০.৯০ হয় সেইক্ষেত্রে বুঝিতে হইবে উক্ত ব্যাংক ৪০.৪০ টাকায় ডলার ক্রয়় করিতে এবং ৪০.৯০ টাকায় বিক্রয় করিতে ইচ্ছুক।
- byelaw n. অনুবিধান বি. প্রধানত স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত ক্ষয়তাবলে প্রণীত একপ্রকার অধন্তন আইন।

১8∉ byway

by-election n. উপনির্বাচন বি. সংসদের বা অন্য কোনো পরিষদের কোনো সদস্যের মৃত্যু হইলে, তিনি পদত্যাগ করিলে বা অযোগ্য বলিয়া ঘোষিত হইলে তাঁহার শূন্য আসন পূরণ করিতে যে-নির্বাচন অনুষ্ঠিত হয়। জাতীয় সংসদের কোনো সদস্য একাধিক আসন হইতে নির্বাচিত হইলে তাঁহাকে একটি আসন রাখিয়া বাকি আসন ছাড়িয়া দিতে হয় এবং তাঁহার পরিত্যক্ত আসনে উপনির্বাচন অনুষ্ঠিত হয়।

bystander n. পার্শ্বস্থজন বি. যে-ব্যক্তি ঘটনাস্থলে উপস্থিত, কিন্তু ঘটনায় অংশগ্রহণ করেন না।

byway n. উপপথ, উপবর্থ বি. একটি নিভূত, প্রাভিজনিক বা নির্জন পথ। কোনো দূরবর্তী, অপ্রসিদ্ধ পথ বা সরণি। cabinet n. মন্ত্রিসভা বি. সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের প্রধানদের লইয়া গঠিত মন্ত্রি-পরিষদ। তবে মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত না হইয়াও কেহ মন্ত্রী হইতে পারেন। মন্ত্রিসভার মুখ্য ব্যক্তি হইলেন প্রধানমন্ত্রী। তিনিই মন্ত্রিসভা গঠনকালে সদস্যদের নাম ঘোষণা করেন। যুক্তরাজ্যে মন্ত্রিসভা হইল সরকারের মুখ্য নির্বাহী। ইহার প্রধান কাজ সরকারি নীতি নির্ধারণ করা এবং বিশেষ করিয়া প্রণীত আইনের সাহায্যে তাহা বলবং করা। যুক্তরাজ্যের মন্ত্রিসভার সংবিধিবদ্ধ কোনো ভিত্তি নাই। ইহা সম্পূর্ণরূপে প্রথা বা রেওয়াজের উপর গড়িয়া উঠিয়াছে, যদিও বিভিন্ন সময়ে প্রণীত নানা সংবিধিতে ইহার উল্লেখ রহিয়াছে। যৌথ দায়িত্বের রীতি-অনুযায়ী মন্ত্রিসভাকে সম্মিলিত দায়িত্ব স্বীকার করিতে হয়। যেমন, মন্ত্রিসভার সকল সদস্যকে মন্ত্রিসভার যে-কোনো সিদ্ধান্ত সমর্থন করিতে হইবে। যে-সদস্য সিদ্ধান্ত মানিবেন না তাঁহাকে পদত্যাগ করিতে হইবে। সরকার যদি কমন্স-সভায় আস্থাভোট হারায় তাহা হইলে গোটা মন্ত্রিসভাকে অবশ্যই পদত্যাগ করিতে হইবে। বাংলাদেশে ১৯৯১ সালে সংসদীয় গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত হওয়ায় স্বাভাবিক নিয়মে সংসদে সংখ্যাগরিষ্ঠ দলের নেতা হন প্রধানমন্ত্রী। তিনি তাঁহার সংসদীয় দলের মধ্য হইতে সদস্য লইয়া মন্ত্রিসভা গঠন করেন। অবশ্য সংসদ-সদস্য না হইয়াও কেহ মন্ত্রী হইতে পারেন। প্রধানমন্ত্রী সরকারের মুখ্য নির্বাহী। তিনি তাঁহার মন্ত্রিসভার সাহায্যে একটি নির্দিষ্ট মেয়াদে দেশের শাসনকার্য প্রয়োগ করিয়া থাকেন। এতৎসহ minister ও Prime Minister দ্র.

cadastral survey ভূমি-জরিপ ভূমিতথ্যসংক্রান্ত নিবন্ধন-তালিকা। ক্যাডা বলিতে মাঠ অথবা ভূমিখও বৃঝায়। ক্যাডাট্রাল জরিপ বলিতে প্রতিটি ভূমিখও পরিমাপ করিয়া তাহার অবস্থান, আয়তন ও ব্যবহারের প্রকৃতি নির্দেশক একটি স্থানীয় (মৌজা) নকশা এবং প্রতিটি ভূমিখণ্ডের মালিক-দখলকারের বিবরণ-সংবলিত খতিয়ান প্রণয়ন করা বুঝায়। ১৯১০-২০ সালের মধ্যে এই খতিয়ানগুলি প্রস্তুত হইয়াছিল। বর্তমানে ইহাকে সাবেক খতিয়ান বলা হয়।

called meeting আহুত সভা special meeting দ্ৰ.।

call loan তলবি ঋণ ব্যাংক কর্তৃক প্রদন্ত একপ্রকার অগ্রিম ঋণ। ইহা স্বল্পকালের নোটিশে আদায়যোগ্য।

call money তলবি অর্থ ব্যাংক কর্তৃক প্রদন্ত একপ্রকার ঋণ। ঋণগ্রহীতার নিকট ইইতে কয়েকদিনের নোটিশে ব্যাংক ইহা আদায় করিতে পারে।

Calvo clause কালভো ধারা আর্জেন্টিনার আইনজ্ঞ কার্লোস কালভোর (১৮২৪-১৯০৬) নামে সুপরিচিত আন্তর্জাতিক চুক্তির একটি ধারা। এই ধারায় উল্লেখ করা হইয়াছে যে, কোনো বিরোধের উদ্ভব ঘটিলে চুক্তিবদ্ধ পক্ষগুলি গুধু অভ্যন্তরীপ প্রতিকারের ভিত্তিতে ওই বিরোধের নিম্পত্তি করিতে সম্মন্ত থাকিবে। একটি চুক্তিতে এইরপ একটি ধারার সন্মিবেশ, মূলত ল্যাটিন আমেরিকার দেশসমূহকর্তৃক, কোনো বিদেশি নাগরিকের সঙ্গে বিরোধের ক্ষেত্রে, কূটনৈতিক হস্তক্ষেপ নিরসন করিবার একটি প্রয়স। এই ধরনের চুক্তি সম্পাদন করিলে বিদেশি নাগরিক তাঁহার নিজের সরকারের রক্ষা-ব্যবস্থাকে আনুষ্ঠানিকভাবে ত্যাগ করিয়াছেন বলিয়া ধরিয়া লওয়া হয়। প্রকৃতপক্ষে অধিকাংশ ক্ষেত্রে এই ধারাটি অর্থহীন। কারণ, প্রথমত, কূটনৈতিক হস্তক্ষেপ গুধু রাষ্ট্রীয় অধিকারভুক্ত, সূতরাং কোনো ব্যক্তি তাহা ত্যাগ করিতে পারেন না; দ্বিতীয়ত, অভ্যন্তরীণ ব্যবস্থাদি নিঃশেষিত হওয়া কূটনৈতিক হস্তক্ষেপ প্রার্থনা করিবার একটি পূর্বশর্ত বলিয়া সর্বদাই ধরিয়া লওয়া হয়। ১৯৩০ সাল হইতে আন্তর্জাতিক বিবাদে এইরূপ ধারা ব্যবহার করা হয় নাই।

cancellation n. বাতিলকরণ বি. ১. (ইকুইটি বা ন্যায়পর আইনে) আদালতের থে-আদেশ কোনো বিশেষ দলিলের কার্যকরতার সমাপ্তি ঘটায়। এইরূপ অবস্থার উদ্ধব ইইতে পারে যখন দেখা যায়, দলিলের উদ্দেশ্য পূর্ণ ইওয়া সত্ত্বেও ইহার অব্যাহত অন্তিত্ব দলিল-নির্মাতার বিরুদ্ধে অন্যায় দাবির কারণ ইইতে পারে। ২. (বাণিজ্যিক আইনে) বাণিজ্যিক চুক্তি সম্পাদনের পরে তাহা বাতিল করিবার অধিকার। এই অধিকার সাধারণত দ্বে সম্পাদিত চুক্তিসমূহের ক্ষেত্রে বলবৎ হয়। যেমন, ডাকযোগে বা ইন্টারনেটের মাধ্যমে ক্রয়-বিক্রয়ের ব্যবস্থায়। এই চুক্তি ভোজার ক্ষেত্রে বিশেষভাবে মেয়াদি-শেয়ার বিক্রয় ও ভোগ্যঋণ ইত্যাদি খাতে কার্যকর ইইয়া থাকে। ১৮৭৭ সালের সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৩৯ ধারা-অনুসারে, আদালত স্ববিবেচনায় দলিল বাতিলের আদেশ প্রদান করিতে পারেন।

cancellation of instruments দলিল বাতিলকরণ ১৮৭৭ সালের সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৩৯ ধারা-অনসারে, যে-কোনো ব্যক্তি যাঁহার বিরুদ্ধে লিখিত দলিল বাতিল বা বাতিলযোগ্য, যাঁহার যুক্তিসংগত আশঙ্কা রহিয়াছে যে তেমন দলিল যদি অনিষ্পন্ন অবস্থায় ছাড়িয়া দেওয়া হয় তবে তাহা তাঁহার গুরুতর ক্ষতির কারণ হইবে; তবে তিনি তাহা বাতিল বা বাতিলযোগ্য ঘোষণার জন্য মোকদ্দমা দায়ের করিতে পারেন এবং আদালত স্ববিবেচনামূলক ক্ষমতাবলে তেমন রায় প্রদান করিতে এবং চুক্তি বিলুপ্ত হিসাবে ত্যাগ করিবার নির্দেশ প্রদান করিতে পারেন। যদি নিবন্ধন আইন-অনুসারে দলিল নিবন্ধনকৃত হইয়া থাকে তবে আদালত ইহার ডিক্রির একটি নকল সেই অফিসারের নিকট প্রেরণ করিবেন যাঁহার অফিসে দলিল নিবন্ধন করা হইয়াছে; এবং তেমন অফিসার তাঁহার বহিতে অন্তর্ভুক্ত দলিলের নকলে ইহা বাতিলের বিষয় লিপিবন্ধ করিবেন।

- C and F (cost and freight) মূল্য এবং ভাড়া আন্তর্জাতিক বাণিজ্যে ব্যবহৃত একটি বিক্রয়-শর্ত। এই বিক্রয়-শর্ত ব্যবহৃত হইলে গন্তব্য বন্দর পর্যন্ত পণ্যের পরিবহণ-ব্যয় এবং জাহাজ-ভাড়া বিক্রেভাকে বহন করিতে হয়।
- candidate n. প্রার্থী বি. দণ্ডবিধির ১৭১ক ধারা-অনুসারে, প্রার্থী অর্থ কোনো
 নির্বাচনের প্রার্থী হিসাবে মনোনীত হইয়াছেন, এমন ব্যক্তি। কোনো নির্বাচন অনুষ্ঠিত
 হইবে বলিয়া ধারণা করিয়া উক্ত নির্বাচনে নিজেকে একজন সম্ভাব্য প্রার্থী হিসাবে
 প্রকাশ করেন, এমন ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবেন এই শর্তে যে, পরবর্তীকালে
 অনুরূপ নির্বাচনে তাঁহাকে একজন প্রার্থী হিসাবে মনোনীত করা হইবে।
- cannon n. কামান বি. সকল হালকা কামান, মর্টার, ওয়ালপিস, মাইট্রেইলিউস এবং মেশিনগান ও অন্যান্য যুদ্ধান্ত। উহাদের সকলপ্রকার খুচরা যন্ত্রাংশ, উহাদের বাহন বা বাহনের গাড়ি, নিক্ষেপণ মঞ্চ, নিক্ষেপণ যন্ত্রপাতি এবং সকলপ্রকার গোলাবারুদ ও কার্তুজ ইত্যাদি ইহার অন্তর্ভুক্ত হইবে।
- canon law খ্রিষ্টধর্মীয় আইন, চার্চ-আইন খ্রিষ্টধর্মীয় আইন যথা রোমান ক্যাথলিক বিধি কিংবা অ্যাংলিকান চার্চের আইন। পরবর্তী সময়ে আইন বা প্রথায় পরিণত না হইলে ইহা ইংল্যান্ডের আইনের অংশ হয় না; তবে ইহা পাদ্রি ও ধর্মীয় দফতরে কর্মরত ব্যক্তিদের জন্য অবশ্যমান্য।
- canteen n. ক্যান্টিন বি, অফিস বা কারখানা প্রভৃতির নিজস্ব ভোজনালয়। যেসব কারখানায় সাধারণত ১৫০ জনের বেশি শ্রমিক নিযুক্ত থাকেন, সেসব কারখানার প্রত্যেক মালিককে সরকারি গেজেটে নির্ধারিত এবং বিধিমালায় নির্দিষ্ট মান-অনুযায়ী একটি পর্যাপ্ত ক্যান্টিনের ব্যবস্থা করিতে হইবে।
- capacity n. যোগ্যতা, সামর্খ্য বি. আইনি যোগ্যতা (অর্থাৎ আইনি বয়স), উপযুক্ততা। নিজ কার্যের প্রকৃতি ও পরিণাম উপলব্ধি করিবার মানসিক ক্ষমতা।
- capacity of a child in criminal law ফৌজদারি আইনে শিশুর দণ্ডিত হওয়ার যোগ্যতা ইংল্যান্ডে দশ বছরের কমবয়সী শিশুরা কোনো অপরাধ করিতে সমর্থ নহে বলিয়া ধরিয়া লওয়া হয়। পূর্বে এমনও মনে করা হইত যে, দশ হইতে চৌদ্দ বৎসর

বয়ঙ্কেরা কোনো অন্যায় করিতে পারে না। এই ধারণা এখন বিলুপ্ত হইয়াছে। বাংলাদেশে দণ্ডবিধির ৮২ ধারা-অনুসারে, সাত বংসরের কমবয়ঙ্ক কোনো শিশুর কোনো কার্য কোনো অপরাধ হইবে না। দণ্ডবিধির ৮৩ ধারা-অনুসারে, অপরিণত বৃদ্ধির সাত হইতে বারো বংসরের কোনো শিশুর কোনো কার্যও কোনো অপরাধ হইবে না।

capacity to act মামলা করিবার যোগ্যতা ১৮৭৫ সালের নাবালকত্ব আইনের ২ ধারায় বর্ণিত মামলা করিবার যোগ্যতার ক্ষেত্রে কোনো নাবালক ব্যক্তি যদি তাহার ব্যক্তিগত আইনে সাবালকত্ব অর্জন করিয়া থাকেন তবে তিনিও বিবাহ, দেনমোহর বা বৌতুক, দত্তকগ্রহণ বা ধর্ম ও ধর্মীয় অনুষ্ঠানের বিষয়ে মামলা করিতে পারিবেন। দেওয়ানি কার্যবিধির ৩২ আদেশের ১ নিয়মে নাবালক তাহার আসন্ন বন্ধু মারফত দেওয়ানি মামলা করিতে পারে।

capacity to contract চুক্তি করিবার যোগ্যতা আইনত অবশ্যমান্য কোনো চুক্তিতে আবদ্ধ হইবার যোগ্যতা। নাবালক, মানসিকভাবে অপ্রকৃতিস্থ, ও পানোনাত ব্যক্তি এবং রাজকীয় সনদদ্মারা প্রতিষ্ঠিত নহে, এমন প্রতিষ্ঠান আইনি চক্তি করিবার সম্পূর্ণ অযোগ্য। অবশ্য নাবালক তাহার স্বীয় প্রয়োজনে দরকারি জিনিসপত্রের জন্য বৈধ চুক্তি করিতে পারে এবং সে যেসব হিতকর সেবা-চুক্তির (যেমন তাহার জন্য সুবিধাজনক যে-কোনো চাকুরি কিংবা প্রশিক্ষণ-সংক্রান্ত চক্তি) আওতাধীন হইয়াছে. সেইগুলি সে মানিয়া চলিতে বাধ্য। পরিণত বয়সে পৌছিবার পূর্বে কিংবা তাহার পরে একটি যুক্তিসংগত সময়সীমার মধ্যে নাবালক তাহা অস্বীকার করিতে পারে বলিয়া কিছু স্বত্যাধিকারমূলক চুক্তি (যেমন সার্বিক বিবেচনায় রায়তি চুক্তি, কোম্পানির শেয়ার ক্রয়ের চুক্তি, অংশীদারিত চুক্তি ইত্যাদি) বাতিলযোগ্য। যদি নাবালক অস্বীকার করিতে ব্যর্থ হয় তাহা হইলে চুক্তিগুলি তাহার জন্য অবশ্যমান্য হইয়া যাইবে। মানসিকভাবে অপ্রকৃতিস্থ কিংবা পানোনাত্ত ব্যক্তি কর্তৃক সাধিত চুক্তি অকার্যকর হইবে, যদি চুক্তিবদ্ধ অন্য পক্ষ জানে যে, উক্ত ব্যক্তি মানসিক অপ্রকৃতিস্থতা কিংবা নেশাগ্রস্ততার জন্য তিনি কী করিতেছেন তাহা অনুধাবন করিতে অক্ষম। ইহার অর্থ হইল এই, কিছু সীমাবদ্ধতা সাপেক্ষে, ওই ব্যক্তি চুক্তি প্রত্যাখান করিতে পারেন। রাজকীয় সনদের বলে স্থাপিত প্রতিষ্ঠানের চুক্তিসাধনের পূর্ণ যোগ্যতা রহিয়াছে কিন্তু সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানের ক্ষেত্রে, যে-উদ্দেশ্যে ওই প্রতিষ্ঠানটি স্থাপিত হইয়াছে কেবল তাহার সহিত সংগতিপূর্ণ বিষয়ে চুক্তি করিবার ক্ষমতা রহিয়াছে। অন্য চুক্তিসমূহ এইরূপ প্রতিষ্ঠানের এখতিয়ার-বহির্ভূত ও বাতিলযোগ্য। ১৮৭২ সালের চুক্তি আইনের ১১ ধারা-অনুসারে, একজন সাবালক, প্রকৃতিস্থ ব্যক্তি এবং তাঁহার প্রতি প্রযোজ্য কোনো আইনদারা যিনি অযোগ্য ঘোষিত নন, তিনি চুন্তি কবিবাব যোগা।

capital 300

capital n. পুঁজি, মূলধন বি. ১. (শেষার মূলধন) শেষারের বিনিময়ে কোম্পানিকে শেয়ারহোন্ডারদের দের চাঁদা হইতে সঞ্চিত অর্থ। কোনো কারণে কোনো দায়সীমিত বা লিমিটেড কোম্পানি আর্থিক অসুবিধায় পড়িলে পাওনাদারদের স্বার্থরক্ষা করিবার প্রয়োজনে ব্যবহারের জন্য এই মূলধন গঠিত। ইংল্যান্ডের ১৯৮৫ সালের কোম্পানি আইনের বিধিতে নিশ্চিত করা হইয়াছে যে, নিতান্ত প্রয়োজন না হইলে এই অর্থভারের ব্রাস করা যাইবে না। প্রত্যেক শেয়ারধারীকে কোম্পানিতে তাঁহার স্বার্থ ও দায় পরিমাপ করিবার জন্য তাঁহার নামে বরাদ্দকৃত প্রতি শেয়ারের নামমূল্য বা সমমূল্য (nominal or par value) দেওয়া হয়। শেয়ারের দ্বারা সীমিত কান্টোনতে শেয়ারহোন্ডারের দায় শেয়ারের অপরিশোধিত ক্রয়্যুল্যদ্বারা সীমিত থাকে। যদি কোনো কোম্পানি শেয়ারের নামমূল্যের উপরে শেয়ারের বাজারমূল্য চড়াইতে পারে, তাহা হইলে ওই দুই মূল্যের ব্যবধান প্রিমিয়াম বা অধিমূল্য বলিয়া গণ্য হয়। কোম্পানির স্বারক্পত্রে শেয়ারের মোট সংখ্যা ও তাহাদের নামমূল্য অবশ্যই উল্লেখ করিতে হইবে। ইহা হইল কোম্পানির অনুমোদিত শেয়ার মূলধন। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৩০-৭৪ ধারায় কোম্পানির অংশী মূলধন সম্পর্কে বিধানাবনি করা হইয়াছে। ২. loan capital দ্র.।

capital allowance মূলধনি দন্তুরি বিশেষ খাতে মূলধনি ব্যয়ের জন্য নির্ধারিত করদন্তুরি। এই খাতে রহিয়াছে যন্ত্রপাতি ও কলকজা, শিল্প ও কৃষি ভবনাদি, খনি ও
তৈলকূপ, শক্তি-সংরক্ষক বৈজ্ঞানিক সরঞ্জামাদি। অন্য ধরনের ব্যয়ের ক্ষেত্রে করের
বিপরীতে মূলধনি ব্যয় কিংবা অবচয়ন কোনোটিই অনুমোদনীয় নয়। ব্যয়ের রকমঅনুযায়ী অনুমোদিত ব্যয়ের হার ১০০% পর্যন্ত উঠানামা করিতে পারে। যদি কোনো
ব্যবসায়ের মূলধনি দন্তুরি ইহার মুনাফা ছাড়াইয়া যায়, তাহা হইলে উদ্বর্ত হিসাবকে
ভবিষ্যৎ মুনাফার বিপরীতে জেররূপে টানিতে হইবে।

capital assets মূলধনি সম্পদ আয়কর অধ্যাদেশের ২(১৫) ধারা-অনুসারে, করদাতার মালিকানাধীন যে-কোনো সম্পত্তি (উহা ব্যবসার বা পেশার সহিত সংশ্লিষ্ট হইতেও পারে, নাও পারে) মূলধনি-সম্পত্তির অন্তর্ভুক্ত; কিন্তু নিম্নলিখিত বিষয়ওলি মূলধনি সম্পদের অন্তর্ভুক্ত হইবে না: ১. ব্যবসা, পেশা বা বৃত্তির উদ্দেশ্যে রন্ধিত মন্ত্বদ পণ্য, উৎপাদনকার্যে ব্যবহার্য মালমসলা বা কাঁচামাল; ২. করদাতার নিজেঃ অথবা পরিবারের কোনো পোষ্যের ব্যক্তিগত ব্যবহার্য জিনিসপত্র, অর্থাৎ পরিধের বন্ধ্র আলংকার, যত্ত্র, যানবাহন এবং আসবাবপত্রসহ অস্থাবর সম্পত্তি; ৩. বাংলাদেশে অবস্থিত কৃষিভূমি। তবে নিম্নলিখিত কয়েকপ্রকারের ভূমি ইহার অন্তর্ভুক্ত হইবে না: ১. যে-পৌরসভার লোকসংখ্যা আয়-বৎসরের পূর্বের লোকগণনা-অনুসারে ন্যুনপক্ষেদ্দ হাজার, সেই পৌরসভার অন্তর্গত কোনো ভূমি (পৌরসভা বলিতে এখানে কোনো

১৫১ capital loss

পৌর করপোরেশন, কোনো শহর বা অন্য কোনো নামযুক্ত এলাকা বুঝায়); অথবা ২. পৌরসভা হইতে যে-এলাকার দূরত্ব পাঁচ মাইলের বেশি নহে এবং যে-এলাকা শহরে রূপান্তরিত হইবার সম্ভাবনা আছে সেইরূপ অন্য এলাকার ভূমি।

- capital gains মৃলধনি লাভ ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২(১৫) ধারায় বর্ণিত মূলধনি সম্পত্তির বিক্রয়, বিনিময় অথবা হস্তান্তরের ফলে যে-লাভ হয়। যে-আয়-বংসরে এই প্রকার বিক্রয়, বিনিময় অথবা হস্তান্তর ঘটে উক্ত বংসরে উক্ত মূলধনি লাভকে আয়কর অধ্যাদেশের ৩১ ধারা-অনুসারে মূলধনি লাভ থাতের আয়ের অন্তর্ভুক্ত করা হয় এবং আয়কর অধ্যাদেশের ৩২ ধারা-অনুসারে উহা গণনা করা হয়।
- capital gains tax মূলধনি মুনাফা কর পরিসম্পৎ-বিক্রয়সূত্রে প্রাপ্ত মুনাফার উপরে আরোপিত কর। দেয় কর আরোপনীয় মুনাফার অনুপাত-অনুযায়ী হইবে। আরোপনীয় মুনাফা বলিতে সাধারণভাবে সেই পরিমাণ অর্থ বুঝায় যাহাদ্বারা সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ সম্পত্তিক্রয়ের সময়ের মোট খরচকে ছাড়াইয়া যায়। বিক্রয় লোকসানজনক হইয়া থাকিলে, ওই বৎসরের বা পরবর্তী বৎসরগুলিতে অন্যান্য আরোপনীয় মুনাফার বিপরীতে ওই ক্ষতি পুষাইয়া লইতে হয়। এইভাবে যে-সকল পরিসম্পদের উপরে কর ধার্য করা হইয়া থাকে, সেইগুলি হইল উক, শেয়ার, ইউনিট ট্রান্ট, জমি. ভবন, যন্ত্রপাতি, অলংকার ও শিল্পকর্মসমূহ। অবশ্য ইহাদের মধ্যে কোনো কোনোটির জন্য রেয়াতের ব্যবস্থা রহিয়াছে, যেমন, ব্যক্তিগত মোটরযান, ব্যক্তির মূল বাসভবন, জাতীয় সঞ্চয়পত্র এবং কিছু একান্ত অস্থাবর সম্পত্তি। ১২ মাসের অধিককাল সংগ্রহে থাকিলে বিপণন-উপযোগী সরকারি ঋণপত্রও রেহাই দেওয়া হয়। ব্যবসায়িক পরিসম্পদের বিক্রয়জাত মুনাফাকে স্থলাভিষিক্ত পরিসম্পদের ক্রয়মূল্যের বিপরীতে সমন্ত্রয় সাধন করা যাইতে পারে। ইহা আবর্তনজনিত সুবিধা (roll-over relief) হিসাবে সুপরিচিত । ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ৩১ ধারা-অনুসারে মূলধন মুনাফা করারোপযোগ্য এবং উক্ত অধ্যাদেশের ৩২ ধারা-অনুসারে মূলধনি মুনাফা হিসাব করা হয়।
- capitalization n. মূলধন-সংস্থান বি. ১. কোনো বাণিজ্যিক বা ব্যবসায়-সংক্রান্ত প্রতিষ্ঠানে অর্থের সংস্থান বা বিনিয়োগ। ২. মূলধনীকরণ বি. মুনাফা বা আয়কে পুঁজিতে রূপান্তর। ৩. মূলধন-বর্ধন বি. কোম্পানি আইন-অনুসারে বোনাস শেয়ারের মাধ্যমে কোম্পানির মূলধন বৃদ্ধিকরণ। এতৎসহ bonus issue দ্র.।

capitalization issue মূলধনীকরণের প্রমোচন bonus issue দ্র. ।

capital loss মূলধন ক্ষতি মূলধন পরিসম্পৎ বিক্রয় বা বিনিময় করিবার ফলে যে-ক্ষতি হয়। capital gains তু.। capital market মৃলধন-বাজার, পুঁজি-বাজার পারস্পরিকভাবে সম্পর্কযুক বিছু বাজারের সমষ্টি যেখানে মধ্যম ও দীর্ঘমেয়াদের জন্য আর্থিক পুঁজির ঋণ দান ও গ্রংন এবং বিনিয়াগ-কার্য সম্পাদিত হয়। মূলধন-বাজারে মুদ্রাদ্ধিত সম্পদ যথা মূদ্রা, বভ, শেয়ার ইত্যাদি কেনাবেচা হয়। যে-সকল প্রতিষ্ঠান দীর্ঘমেয়াদি ঝণের জোগান চাইলা লইয়া কারবার করে, যথা— উক এক্সচেঞ্জ, বাণিজ্যিক ব্যাংক, বিমা সংস্থা ইত্যাদি— এ সবই মূলধন-বাজারের অন্তর্ভুক্ত। শেয়ারের সহজ বিক্রয়যোগ্যতা একটি মূলধন-বাজারেক কার্যকর করিয়া তোলে। অনুমূত দেশে মূলধন-বাজারের অভাব প্রাম্মান উন্নয়নের পথে বাধা সৃষ্টি করে। মূলধন-বাজারে ও মূদ্রা-বাজারের কাজ মূলত একই। তথু খণের মেয়াদগত পার্থক্য বিদ্যমান। মূলধন-বাজারে দীর্ঘমেয়াদি ঋণদান্যোগ্য সঞ্চিত অর্থ লগ্নি করা হইয়া থাকে। পক্ষান্তরে মুদ্রা-বাজারে বল্পমেয়াদি ঋণ লইয়াই কারবার। ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বাংলাদেশে মূলধন-বাজারের সামগ্রিক কার্যক্রম নিয়ন্তরণ করে।

capital money মূলধনি অর্থ বন্দোবস্তকৃত জমি বা বিক্রয়ের জন্য ধারণকৃত ন্যাসের জমিবিষয়ক কিছু লেনদেন হইতে প্রাপ্ত অর্থ। বিভিন্ন উৎস হইতে এই অর্থ পাওয়া যাইতে পারে। যেমন, বিক্রয়, কিছু কিছু ইজারা প্রদান এবং অনুরূপ লেনদেন, বন্ধকের জামিনের টাকা হইতে ঋণগ্রহণ এবং সেইসব অবস্থা যেখানে টাকাকেই নিম্পত্তির মূলধন হিসাবে গণ্য করা উচিত (যেমন, ভূমিসম্পর্কিত অগ্নিবিমার দাবির সূত্রে প্রাপ্ত অর্থ)। সাধারণ নিয়মে ন্যাসের অছিরাই মূলধনি অর্থ গ্রহণ করিকেন, হিতভোগীরা নন। মূলধনি অর্থ যখন কোনো বিশেষ উদ্দেশ্যে তোলা হয় বা পরিশোধ করা হয়, তখন উহা সেই উদ্দেশ্যেই ব্যবহার করিতে হইবে। অন্যথায় অছিগণ উহা সেই ন্যাসেই বিনিয়োগ বা ধারণ করিবেন, যে-ন্যাসে খোদ জমিটি ধারণ করা হয়াছে।

capital punishment মৃত্যুদণ্ড বি. কৃত অপরাধের জন্য মৃত্যুদণ্ডদান (সাধারণঅ ফাঁসি দিয়া)। যুক্তরাজ্যে ১৯৬৫ সালের খুন (মৃত্যুদণ্ড রহিত) আইনে খুনের জন্য মৃত্যুদণ্ড রহিত করা হইয়াছে। তবে অল্প কিছুসংখ্যক অপরাধের জন্য, যেমন জলদস্যতা বা রাষ্ট্রদ্রোহিতার বেলায়, মৃত্যুদণ্ড চালু ছিল। যুক্তরাজ্য কর্তৃক মানবাধিকার-বিষয়ক ইউরোপীয় সম্মেলনের ষষ্ঠ প্রোটোকল অনুসমর্থিত হওয়ায় এবং ১৯৯৮ সালের মানবাধিকার আইন প্রবর্তিত হওয়ায় যুদ্ধকালে সংঘটিত কর্মের জন্য মৃত্যুদণ্ডদানের বিশেষ বিধান ব্যতীত যুক্তরাজ্য হইতে মৃত্যুদণ্ড সম্পূর্ণরূপে বৃদ্ধ হইয়ছে। এই আইনের পুনঃপ্রবর্তন হইবে মানবাধিকার আইনের লজ্জন এবং আন্তর্জাতিক পর্যায়ে চুক্তির আইনগত বাধ্যবাধকতার খেলাপ। বাংলাদেশে দণ্ডবিধির ১২১ ধারায় সরকারের বিরুদ্ধে মৃদ্ধ করা, ৩০২ ও ৩০৩ ধারায় খুন করা, ৩৯৬ ধারায় ডাকাতির সহিত খুন করা প্রভৃতি অপরাধের জন্য মৃত্যুদণ্ডের বিধান আছে। ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২৫ ধারায় মঞ্জুতদারি ও কালাবাজারি, ২৫ক ধারায়

১৫৩ capitulation

কারেঙ্গি নোট ও সরকার ফ্যাম্প জাল, ২৫খ ধারায় চোরাচালান, ২৫গ ধারায় ভেজাল দেওয়া অথবা ভেজাল খাদ্য, পানীয়, ঔষধ ও প্রসাধনী বিক্রয় এবং ২৫ঘ ধারায় উপরিউক্ত অপরাধ করিবার চেষ্টা বা ষড়যন্ত্র করা বা প্রস্তুতি গ্রহণ করা অথবা অনুরূপ অপরাধে সহায়তা করা প্রভৃতির জন্য মৃত্যুদণ্ডের বিধান আছে। ২০০০ সালের নারী ও শিশু নির্যাভক আইনের ৪(১) ধারায় ক্ষয়কারী, বিষাক্ত ও দাহ্য পদার্থ ঘারা কোনো শিশু বা নারীর মৃত্যু ঘটানোর চেষ্টা করা, ৪(২) ধারায় কোনো ক্ষয়কারী, বিষাক্ত বা দাহ্য পদার্থ ঘারা কোনো শিশু বা নারীরে এমনভাবে আঘাত করা, যাহার ফলে উক্ত শিশু বা নারীর— ক. চোখের জ্যোতি বা দৃষ্টি শক্তি নষ্ট হয়; ব. মাথা বা মুখ্যগুল নষ্ট হয়; গ. কানের শ্রবণশক্তি নষ্ট হয়; বা ঘ. শরীরের কোনো অঙ্গ বা গৃছি শক্তি কাই হয়; বা ছ. শরীরের কোনো অঙ্গ বা গৃছি ক্ষাই হয়; বা ছ. শরীরের জন্য কোনো অঙ্গ বিকৃত হয়; এবং ৫ ধারায় নারী পাচার, ৬ ধারায় শিশু পাচার ও ৮ ধারায় মুক্তিপণ আদায়ের উদ্দেশ্যে কোনো নারী বা শিশুকে আটক প্রভৃতি অপরাধের জন্য মৃত্যুদণ্ডের বিধান আছে। ২০০২ সালের অ্যাসিড অপরাধ দমন আইনের ৪ ধারায় অ্যাসিডছারা কোনো ব্যক্তির মৃত্যু ঘটানোর অপরাধের জন্য মৃত্যুদণ্ডের বিধান আছে।

- capital redemption reserve পুঁজি পরিক্রয় তহবিল যে পুঁজি বা মূলধন কাম্পানির পরিসম্পৎ বুঝাইয়া থাকে, তাহা যে কমে নাই, এই মর্মে নিশ্চয়তা দান করিয়া ঋণদাতাদের স্বার্থ সংরক্ষণে গঠিত একটি তহবিল। কিছু কিছু সীমিত পরিস্থিতিতে কোম্পানিকে নিজের শেয়ারগুলি পুনঃক্রয় করিবার অনুমতি দেওয়া হয়। যদি মূল শেয়ার-চুক্তির শর্তে কিনিবার ব্যবস্থা থাকে, তাহা হইলে কোম্পানি নিজের শেয়ার পুনরুদ্ধার করিয়াছে বলিয়া ধরিতে হইবে। এই ধরনের শর্ত না থাকিলে কোম্পানি নিজের শেয়ার ক্রয় করিয়াছে বলিয়া মনে করিতে হইবে। উভয় ক্ষেত্রে পুঁজির অঙ্কের মূলা, যে-পরিমাণে শেয়ার ক্রয় বা পরিক্রয় করা হইয়াছে, সেই পরিমাণে ব্রাসপ্রাপ্ত হইবে, যদি না সমপরিমাণ অর্থ এমন একটি সংরক্ষিত তহবিলে স্থানাত্রিত করা হয়, যাহা পুঁজির অনুরূপ বাধানিষেধসাপেক্ষ।
- capital transfer tax (CTT) পুঁজি হস্তান্তর কর পূর্বকালে কোনো ব্যক্তির মৃত্যুতে তাঁহার সম্পত্তি-হস্তান্তরের উপর আরোপিত কর এবং কোনো ব্যক্তির জীবদ্দশায় তাঁহার পরিসম্পৎ-হস্তান্তরের উপর আরোপিত কর।
- capital, venture ঝুঁকিবহ মূলধন অধিক ঝুঁকিপূর্ণ এবং অধিক মুনাফা অর্জনের সঞ্চাবনাযুক্ত কোনো নতুন ব্যবসায়ে নিয়োজিত তহবিল।
- capitulation n. আত্মসমর্পন বি. ১. শর্তাধীনে কোনো সশস্ত্র বাহিনীর সেনাদলের আত্মসমর্পন করিবার চুক্তি ু।জৈতে আবদ্ধ দুইদলের পারস্পরিক স্বার্থজনিত আলাপআলোচনা হইতে ওই ব্যবস্থা উদ্ভূত হয়। একপক্ষ বিবাদ করিয়া অর্থহীন ক্ষতি
 পরিহার করিতে চাহে, অনাপক্ষ ক্ষতিপরিহার ছাড়াও আরো অধিক সময়ক্ষয় ও

ঝামেলা ইইতে মুক্ত থাকিতে চাহে। আত্মসমর্পণের চুক্তি ও শর্তহীন আত্মসমর্পণ সম্পূর্ণ আলাদা জিনিস। শর্তহীন আত্মসমর্পণ উভয় পক্ষকর্তৃক স্বাক্ষরিত একটি সাধনপত্রের ভিন্তিতে কার্যকর হইবার প্রয়োজন নাই এবং ইহা কোনো চুক্তি নহে। ২. রাষ্ট্রবহির্ভৃত এখতিয়ার। অংশত প্রচলিত প্রথা এবং অংশত একপাক্ষিক দায়দায়িত্বটিত চুক্তি-ভিন্তিক এই ব্যবস্থা-অনুযায়ী বিদেশি নাগরিক-সম্পর্কিত মামলার বিচারকার্য সংশ্লিষ্ট দেশের আইন-অনুযায়ী পরিচালিত কূটনৈতিক বা দূতাবাস-আদালতে সম্পন্ন ইইত। অবশ্য এই ধরনের বিচাররীতি এখন অপ্রচলিত, কারণ ইহা সুম্পষ্টভাবে রাষ্ট্রগুলির সার্বভৌম-সমানাধিকার লব্জন।

- capture, seizure and detention দখল, জব্দকরণ ও আটক শব্দণে কখনো কখনো কমার্থকভাবে ব্যবহৃত হইলেও অর্থের পরিধির দিক হইতে ইহাদের মধ্যে পার্থক্য রহিয়াছে। প্রত্যেকটি শব্দের মধ্যে পরেরটি অন্তর্ভুক্ত, কিন্তু পূর্বেরটি নয়। দিখল' মাত্রই জব্দকরণ ও আটক এবং 'জব্দকরণ' মাত্রই আটক। কিন্তু 'জব্দকরণ' এমন হইতে পারে— যেমন কোনো রাজস্ব আইন-লজ্ঞানের কারণে— যাহা দখল নয়, এবং 'আটক' এমন হইতে পারে— যেমন নিষেধাজ্ঞা বা আরোধের (embargo) দ্বারা— যাহা দখল নয়, জব্দকরণও নয়।
- capture, seizure and prize অধিকারগ্রহণ, জব্দকরণ ও যুদ্ধধন 'অধিকারগ্রহণ' ও 'জব্দকরণে'র মধ্যে পার্থক্য পদ্ধতিগত। অধিকারগ্রহণ সম্পন্ন হয় অন্তবলে, জব্দকরণ সম্পন্ন হয় প্রত্যক্ষ ও ব্যক্তিগত বলপ্রয়োগে। একটি শহর অধিকারগ্রহণের জন্য সৈন্যদল প্রয়োজন; সম্পত্তির জব্দকরণ সম্পন্ন করেন একজন বেলিফ বা পেয়াদা। জব্দকরণের জন্য সর্বদা কিছুটা বলের প্রয়োজন, কিন্তু প্রতিরোধের অবর্তমানে কোনো বন্তু বিনা-বলপ্রয়োগে অধিকারগ্রহণ করা যাইতে পারে। বাণিজ্যিক নৌযান 'দখল' করা হয়, নিষিদ্ধ পণ্য 'জব্দ' করা হয়। দখল ও জব্দকরণ কাড়িয়া লইবার কার্য এবং করায়ন্ত বন্তু এতদুভয়ের সঙ্গে সম্পূক্ত, কিন্তু 'যুদ্ধধন' কেবল করায়ন্ত বন্তু এবং আটককারী ব্যক্তির নিকট উহা মূল্যবান।
- care and control প্রয়ন্ত ও পরিনিয়ন্ত্রণ নাবালকের রক্ষণ ও নির্দেশনা এবং শৃঙ্খলাবিধান। ক্ষেত্রবিশেষে আদালত শিশুর যত্ন লইবার এবং তাহাকে নিয়ন্ত্রণ করিবার জন্য প্রয়োজনীয় আদেশ দিতে পারেন। এতৎসহ parental responsibility দ্র.।
- carelessness and misconduct অনবধানতা ও অসদাচরণ 'অসদাচরণ' একটি
 নির্দিষ্ট আইনেব্র লঙ্খন; 'অনবধানতা' একটি অনির্দিষ্ট আইন-অনুযায়ী স্ববিবেচনার
 অপব্যবহারবিশ্যেষ'। অসদাচরণ একটি নিষিদ্ধ কার্য; অনবধানতা একটি কার্যের একটি
 নিষিদ্ধ গুণ এবং অবধারিতরূপে অনির্দিষ্ট।

careless statement অসতর্ক বক্তব্য negligent statement দ্র.।

caretaker n. তত্ত্বাবধায়ক বি. যে-ব্যক্তি কোনো কিছুর তত্ত্বাবধান করেন। যাঁহার কাজ গৃহবাটিকাদির ক্ষয়ক্ষতি সম্বন্ধে সতর্ক থাকা। বিপদ সৃষ্টি করিতে পারেন, এমন ব্যক্তি তত্ত্বাবধায়ক পদবাচ্য নন।

Caretaker Government তত্তাবধায়ক সরকার সংসদ ভাঙ্গিয়া দিবার পর অথবা মেয়াদ অবসানের কারণে সংসদ ভঙ্গ হইবার পর প্রধানত পরবর্তী নির্বাচন পরিচালনার জন্য গঠিত অন্তর্বতী সরকার। ইহা একটি দলনিরপেক্ষ সরকার। বাংলাদেশে তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠার লক্ষ্যে সংবিধানের ত্রয়োদশ সংশোধন গৃহীত হয়। সংবিধানের ৫৮(গ) অনুচ্ছেদের ১ দফা-অনুসারে, প্রধান উপদেষ্টার নেতৃত্বে প্রধান উপদেষ্টা এবং অপর অনধিক দশজন উপদেষ্টার সমন্তরে নির্দলীয় তথাবধায়ক সরকার (Non-Party Care-taker Government) গঠিত হইবে, যাঁহারা রষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন। ২ দফা-অনুসারে, সংসদ ভাঙ্গিয়া দেওয়ার বা ভঙ্গ হইবার পরবর্তী পনের দিনের মধ্যে প্রধান উপদেষ্টা এবং অন্যান্য উপদেষ্টাগণ নিযুক্ত **হইবেন। ৩ দফা-অনুসা**রে, বাংলাদেশের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিগণের মধ্যে যিনি সর্বশেষে অবসরপ্রাপ্ত হইয়াছেন এবং যিনি এই অনুচ্ছেদের অধীন উপদেষ্টা নিযুক্ত **হইবার যো**গ্য, রাষ্ট্রপতি তাঁহাকে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন। তবে শর্ত থাকে যে, যদি উক্তরূপ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদগ্রহণে অসমত হন, তাহা হইলে সর্বশেষ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতির অব্যবহিত পূর্বে অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে রাষ্ট্রপতি প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন। ৪ দফা-অনুসারে, যদি কোনো অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদগ্রহণে অসমত হন, অহা হইলে রাষ্ট্রপতি আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারকগণের মধ্যে যিনি সর্বশেষে অবসরপ্রাপ্ত হইয়াছেন এবং যিনি এই অনুচ্ছেদের অধীন উপদেষ্টা নিযুক্ত হইবার যোগ্য তাঁহাকে প্রধান উপদেষ্টা নিযোগ করিবেন। যদি আপিল বিভাগের কোনো অবসরপ্রাপ্ত বিচারককে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদগ্রহণে অসমত হন, তাহা হইলে রাষ্ট্রপতি, যতদুর সম্ভব, প্রধান রাজনৈতিক দলসমূহের সহিত আলোচনাক্রমে, বাংলাদেশের যে-সকল নাগরিক এই অনুচ্ছেদের অধীনে উপদেষ্টা নিযুক্ত হইবার যোগ্য তাঁহাদের মধ্য হইতে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন। যদি ৩, ৪ ও ৫ দফাসমূহের বিধানাবলি কার্যকর করা না যায়, তাহা হইলে রাষ্ট্রপতি এই সংবিধানের অধীন তাঁহার স্বীয় দায়িতের অতিরিক্ত হিসাবে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব গ্রহণ করিবেন। ১০ দফা-অনুসারে, প্রধান উপদেষ্টা বা কোনো উপদেষ্টা এই অনুচ্ছেদের অধীন নিয়োগের যোগ্যতা হারাইলে তিনি উক্ত পদে বহাল থাকিবেন না। ১১ দফা-অনুসারে, প্রধান উপদেষ্টা প্রধানমন্ত্রীর পদমর্যাদা এবং পারিশ্রমিক ও সুযোগ-সুবিধা লাভ করিবেন। ১২ দফাঅনুসারে, নতুন সংসদ গঠিত হইবার পর প্রধানমন্ত্রী যে-তারিখে তাঁহার পদ্দের
কার্যভার গ্রহণ করেন সেই তারিখে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার তথা উপদেষ্টাগণ্যের
কার্যকালের বিলুপ্তি হইবে। উল্লেখ্য যে, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রতিরক্ষাসম্পর্কিত কোনো এখতিয়ার নাই।

- cargo n. জাহাজবাহিত পণ্যসামগ্রী ব্যক্তিগত মালপত্র ছাড়া জাহাজে বা উড়োজাহাজে বাহিত অন্য সব ধরনের পণ্যসামগ্রী। সাধারণত (তবে বিমা-সম্পর্কিত ক্ষেত্রে নয়) জাহাজবাহিত পণ্যসামগ্রী বলিতে জাহাজে যাহা বোঝাই করা হইয়াছে, তাহার সকলই বুঝায়। জাহাজতাড়া ও মালবহন-সংক্রান্ত চুক্তি-অনুয়ায়ী জাহাজ্র মালিককে দেয় মাণ্ডল সাধারণত প্রতি টন মালের ভিত্তিতে হিসাব করা হয়। চুক্তিতে অন্য কিছু না থাকিলে একটি পূর্ণ পণ্যসম্ভার সরবরাহ করা জাহাজ-ভাড়াকারীর কর্তব্য, অন্যথায় ফাঁকা মাণ্ডল (dead freight) বলিয়া গরিচিত ক্ষতি প্রণের জন্য তিনি দায়ী থাকেন।
- carriage of goods by air আকাশপথে পণ্যসাম্মী বহন উড়োজাহাজে পণ্যসাম্মী বহনের কাজ যাহা সাধারণত পণ্যপ্রেরক ও পণ্য-পরিবাহকের মধ্যে সম্পাদিত চুক্তিঅনুযায়ী হইয়া থাকে। আন্তর্জাতিক পণ্য পরিবহণ বেশ কয়েকটি আন্তর্জাতিক
 কনভেনশনের উপজীব্য, ইহাদের মধ্যে উল্লেখযোগ্য ওয়ারশ (১৯২৯), হেগ
 (১৯৫৫), গুয়াদালাজারা (১৯৬১), গুয়াতেমালা (১৯৭১) এবং মন্ট্রিল (১৯৭৫)
 কনভেনশন। এইসব কনভেনশনের সিদ্ধান্ত-অনুযায়ী প্রণীত আইনে পণ্যপরিবাহকের দায়দায়িত্বের প্রকৃতি ও সীমা, যাত্রাপথে বিরতির অধিকার, বিমানবাহিত
 পণ্যের দলিল-প্রণয়ন এবং কে, কাহার বিরুদ্ধে ও কতদিনের মধ্যে পণ্য-পরিবহণ
 সংক্রান্ত মামলা রুজ্ব করিতে পারেন, তাহা বাাখ্যাত হইয়াছে।
- carrier n. পণ্য-পরিবাহক বি. এক স্থান হইতে অন্য স্থানে মানুষ বা পণ্য পরিবহণের দায়িত্বপালনকারী। পরিবহণের কাজ সাধারণত একটি চুক্তির আওতায় সম্পন্ন হয়। অন্যথায় আইনের দ্বারা আরোপিত কর্তব্যর উপর এইরূপ চুক্তি প্রভাব বিস্তার করিতে পারে কিংবা তাহা সীমাবদ্ধ করিতে পারে। তবে এই ধরনের চুক্তি সংবিধি দ্বারা নিয়ন্ত্রণসাপেক্ষ হইতে পারে। পণ্য-পরিবাহকেরা পরিবাহিত পণ্যের জিম্মাদার। একজন সাধারণ পরিবাহক অর্থের বিনিময়ে নির্ধারিত গমনপথে পণ্য বা মানুষ পরিবহণের দায়িত্ব প্রকাশ্যে গ্রহণ করিয়া থাকেন। এতৎসহ common carrier দ্র.।
- carrier's lien পরিবাহকের পূর্বস্বত্ব পরিবহণের মাণ্ডল বা ভাড়া পরিশোধ না কর। পর্যন্ত সাধারণ পরিবাহকের পক্ষে নিজের কাছে পরিবাহিত পণ্য রাখিয়া দিবার অধিকার।

V(9 case stated

cartel n. বিনিময়-চুক্তি বি. ১. যুধ্যমান দুই রাষ্ট্রের মধ্যে কোনো কোনো ধরনের অবৈরিতামূলক লেনদেন, বিশেষত, বন্দি-বিনিময় ও বন্দিদের প্রতি আচরণ সম্পর্কে একটি চুক্তি। ২. বাণিজ্ঞা-জোট কোনো শিল্পে একচেটিয়া ব্যবসা প্রতিষ্ঠার জন্য গঠিত স্বাধীন শিল্পোদ্যোগসমূহের একটি জাতীয় কিংবা আন্তর্জাতিক জোট।

case n. মামলা বি. ১. আদালতের মামলা। ২. আইনি বিবাদ। ৩. আদালতের মামলার সহিত জড়িত যে-কোনো পক্ষ কর্তৃক উপস্থাপিত সামগ্রিক যুক্তি।

casebook method কেসবহি-পদ্ধতি আইন-শিক্ষাদানের একটি আরোহী। পদ্ধতিবিশেষ। অধ্যাপক ক্রিস্টোফার সি. ল্যাংডেল ১৮৬৯ সালে ইহা হার্ভার্ড ল স্কুলে প্রবর্তিত করেন।

case law পূর্বতন মামলার আইনি দৃষ্টান্ত সংবিধিবদ্ধ আইনের সহিত বৈপরীত্যক্রমে, বৈচারিক সিদ্ধান্তসমূহের মধ্যে সন্নিবিষ্ট আইনসমূহ। এতৎসহ precedent দ্র.।

case management মামলা-ব্যবস্থাপনা ইংল্যান্ডের দেওয়ানি কার্যবিধির অধীনে দেওয়ানি মামলা-ব্যবস্থাপনার নৃতন পদ্ধতি। ন্যায়বিচারপ্রাপ্তির অধিকার (Access to Justice) নামে লর্ড উলফের প্রতিবেদনে (১৯৯৬) এই পদ্ধতি প্রস্তাবিত হয়। এই ব্যবস্থায়, বিচারক মামলার ব্যবস্থাপকের ভূমিকায় অবতীর্ণ হন। বিবাদ-বিষয়ের মূল্য ও মামলার জটিলতার ভিত্তিতে একটি মামলাকে তিনটি প্রণালির যে-কোনো একটির তর্ভুক্ত করা হয়। এইগুলি হইল— (১) ক্ষুদ্র দাবির বিচারপ্রণালি, (২) দ্রুত বিচারপ্রণালি, ও (৩) বহুমুখী বিচারপ্রণালি। বিবদমান পক্ষণ্ডলির মধ্যে সহযোগিতা সহজসাধ্য এবং উৎসাহিত করা, বিবাদের ক্ষেত্রগুলি শনাক্ত করা এবং মামলার সুন্দর নিশত্তিসাধনের লক্ষ্যে আদালত-নিয়ন্ত্রিত সময়সূচি-অনুযায়ী বিচারক প্রত্যেক মামলা সক্রিয়ভাবে প্রয়োগ করিয়া থাকেন। আদালত যে-কোনো মামলার অগ্রগতি নিয়ন্ত্রণ করিতে পারেন, এমনকি মামলাটি বাদও দিতে পারেন। একটি বিশেষ ধরনের ত্নানির উপকারিতা বিবেচনা-পূর্বক যেসকল আইনজীবী দেওয়ানি কার্যবিধির মামলা-পূর্ব বিধিমালা (pre-action protocol) এবং/অথবা ব্যবহার-সংক্রান্ত নির্দেশনা (practice directions) অমান্য করেন, আদালত তাঁহাদের বিরুদ্ধে শুখ্বনামূলক ব্যবস্থা হিসাবে মামলার ব্যয়বহন এবং মেয়াদবৃদ্ধির আবেদন না-মনজ্বসহ নানাবিধ পদ্ধতিগত কৌশল প্রয়োগ করিতে পারেন।

case stated বর্ণিত মামলা যে-কোনো আইনি প্রশ্নে বা এখতিয়ারের প্রশ্নে উচ্চতর আদালতের (High Court) অভিমতের জন্য ম্যাজিস্ট্রেট-আদালত বা ট্রাইব্যুনাল কর্তৃক প্রাপ্ত তথ্যাদির একটি লিখিত বিবরণ। মামলার সিদ্ধান্তে যে-কোনো পক্ষ সংক্ষুদ্ধ হইলে তিনি আদালত বা ট্রাইব্যুনালকে মামলা বর্ণিত করিতে অনুরোধ করিতে

- পারেন। আদালত বা ট্রাইব্যুনাল অনুরূপ অনুরোধ অন্যায়ভাবে প্রত্যাখ্যান করিলে বাধ্যতামূলক আদেশবলে (mandatory order) আদালত বা ট্রাইব্যুনালকে মামলা বর্ণিত করিতে বাধ্য করা যাইতে পারে।
- caste system বর্ণাশ্রম বা জাতিভেদ প্রথা গোত্র ও পেশার পার্থক্যের ভিত্তিতে হিন্দু সম্প্রদায় চারটি শ্রেণীতে বিভক্ত : ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্র। প্রথাগতভাবে এই বর্ণগুলির মধ্যে জলচল, বিবাহ, যানবাহনের ব্যবহার ও সামাজিক যোগাযোগ নিষিদ্ধ। বিবাহ ও দত্তক গ্রহণে এখনো এই বর্ণভেদের গুরুত্ব রহিয়াছে। বাংলাদেশে কায়স্থ ও নমশূদ্র উভয়ই শূদ্রশ্রোণীভুক্ত বলিয়া গণ্য। Sudhangshu Shekhar v. Anath Bandhu 28 DLR (1976) 313 দ্র.।
- casual adj. সাময়িক বিণ, আকস্মিক, অভাবিতপূর্ব, উপস্থিতমতো, অনিয়মিত, ঘটনাক্রমে।
- casual pauper সাময়িক নিঃস্ব যে-দুর্গত পথিক বা ভ্রমণকারী ত্রাণসামগ্রীর জন্য আবেদন করেন বা ত্রাণসামগ্রী গ্রহণ করেন।
- casualty loss প্রাণহানিকর দুর্ঘটনাজনিত ক্ষতি অপ্রত্যাশিত বা সচরাচর ঘটে না.

 এমন ঘটনা (যেমন, কোনো মোটরগাড়ি দুর্ঘটনা বা কোনো ধ্বংসাত্মক ঘূর্ণিঝড়)

 ইইতে উদ্ভূত কোনো পরিসম্পদের সার্বিক বা আংশিক হানি।
- casual ward সাময়িক বিভাগ কোনো ওয়ার্ড, দালান বা স্থান, যাহা দুর্গত পথিক বা ভ্রমণকারীদের আশ্রয় ও ত্রাণ দানের জন্য আলাদা করিয়া রাখা হয়।
- casus belli যুদ্ধের উপলক্ষ যে-ঘটনার কারণে যুদ্ধ বাধিয়া যায় অথবা যে-ঘটনা যুদ্ধ-সংঘটনের অছিলা হিসাবে উল্লেখ করা হয়। এক্ষণে যুদ্ধের একমাত্র বৈধ উপলক্ষ প্ররোচনাহীন আক্রমণের বিরুদ্ধে আত্মরক্ষায় আক্রান্ত রাষ্ট্রের প্রতিরোধ।
- casus omissus বিধিব্যবস্থাহীন বিষয় একটি ক্রটিপূর্ণ সংবিধিতে অনবধানতাবশত বিধান না থাকিবার ফলে যে-বিষয়ের নিষ্পত্তি করা যায় না। অনুরূপ ক্ষেত্রে ইংল্যান্ডে সাধারণ আইনের বিধান-অনুযায়ী মীমাংসা করা হয়।
- catching bargain অযৌক্তিক দর-কষাকষি অতি অনুচিত শর্তে সাধিত চুক্তি। ইহার
 একটি দৃষ্টান্তে— সম্পত্তির উত্তরাধিকারী হইবেন, এইরূপ আশা করিয়া অর্থের আগ প্রয়োজনে অত্যন্ত কমমূল্যে ওই সম্পত্তিতে ভবিষ্যত স্বার্থ বিক্রয় করিয়া দেওয়া। এই ধরনের চুক্তি ন্যায়-আদালত নাকচ বা পরিবর্তিত করিতে পারেন।
- cattle n. গৰাদি পশু বি. মালিকানাধীন গৃহপালিত পশু। হাতি, উট, মহিষ, ঘটক, ঘোটকী, খাসিঘোড়া, টাট্টুঘোড়া, অশ্বশাবক, বান্ধাঘোটকী, খন্ধর, গর্দভ, শুকর, ভেড়া, ভেড়ি, মেষশাবক, ছাগল এবং ছাগলছানা গবাদিপশুর অন্তর্ভুক্ত।

১৫% çausation

cattle trespass গবাদি পশুর অনধিকারপ্রবেশ অন্যের জায়গায় অনধিকার প্রবেশকারী গবাদি পশু বা অন্যান্য পালিত পশুর (কুকুর বা বিড়াল নয়) দ্বারা কৃত ক্ষয়ক্ষতির জন্য কঠোর দায়িতার একটি আদি রূপ। ইংল্যান্ডে এই আইনের পরিবর্তে ১৯৭১ থ্রিষ্টাব্দে নতুন পশু আইন প্রণীত হইয়াছে। এই আইন-অনুযায়ী, যদি একজনের পালিত পশু অন্যের জায়গা-জমির উপর আসিয়া পড়ে এবং জমির বা জমির উপরস্থ কোনো সম্পত্তির ক্ষতিসাধন করে, তবে ওই পশুর মালিক ওই ক্ষতির জন্য দায়ী হইবেন। পশুগুলির রক্ষণাবেক্ষণ করিতে কিংবা উহাদের মালিকানা নির্ধারণ করিতে যে-খরচ হয়, ভাহাও পশুর মালিককে বহন করিতে হইবে।

causation n. কার্য-কারণ সম্বন্ধ কোনো কার্য ও তাহার পরিণামের মধ্যে সম্বন্ধ। যেখানে কর্মটির ফল অপরাধের সংজ্ঞাভুক্ত (যেমন, খুন), সেখানে অভিযুক্ত ব্যক্তিকে অপরাধের জন্য দোষী সাব্যস্ত করিবার পূর্বে কৃত কর্মের কার্য-কারণ সম্বন্ধ অবশ্যই প্রমাণ করিতে হইবে। সাধারণত ইহা প্রমাণ করাই যথেষ্ট যে, পরিমাণ সম্বন্ধে অভিযুক্তের অপরাধ-সচেনতা (অভিপ্রায় বা অপরিণামদর্শিতা) ছিল। অভিযোগ প্রমাণের ভার অভিযোক্তার। বিবাদীকে কোনো ক্ষতির জন্য দায়ী করিবার পূর্বে ইহা অবশ্যই প্রতিষ্ঠা করিতে হইবে যে, বিবাদীর ক্ষতিকর আচরণ বাদীর সমূহ ক্ষতি করিয়াছে কিংবা ক্ষতির কারণ হইয়াছে। কখনো কখনো ক্ষতির বান্তবিক বা তাংক্ষণিক কারণ (causa causans) এবং যে-ঘটনাপ্রবাহের পরিণামে ক্ষতি ঘটিয়াছে, তাহার মধ্যে সংঘটিত অন্য কোনো কারণের (causa sine que non) মধ্যে পার্থক্য করা হয়। কার্যকারণের সাধারণ সমস্যাসমূহ 'নচেৎ' নিকষ প্রয়োগ করিয়া সমাধান করা হয় (যেমন, বিবাদী দোষ না করিলে এইরূপ ক্ষতি হইত কি ?)। কিন্তু এই নিকষটি একই সময়ে সংঘটিত কিংবা পুঞ্জীয়মান কারণসমূহের ক্ষেত্রে পর্যাপ্ত নহে (যেমন, দুই ভিনু ভিনু অনিষ্টকারকের কার্যের প্রত্যেকটি অনুরূপ ক্ষতিসৃষ্টি করিতে পারিত কিনা ?)। কখনো কখনো একটি নতুন কার্য বা ঘটনা (novus actus (or nova causa) interveniens) কার্য-কারণ সম্বন্ধের আইনি শৃঙ্খল ভঙ্গ করিতে পারে এবং দায়ভার হইতে বিবাদীকে রেহাই দিতে পারে। যেমন, স্থানীয় কর্তৃপক্ষের উপদ্রবের কারণে যদি কোনো বাডি খালি পডিয়া থাকে এবং কেহ যদি বিনা অনুমতিতে ওই বাড়ি দখল করিয়া লয় এবং বাড়িটির ক্ষতিসাধন করে, তাহা হইলে স্থানীয় কর্তৃপক্ষ ওই ক্ষতির জন্য দায়ী হইবে না। একইভাবে, 'ক' যদি 'খ'-কে ছুরিকাঘাত করেন এবং এই আঘাত হইতে অনেকটা সারিয়া উঠিবার পর 'খ' যদি চিকিৎসাজনিত ক্রটির কারণে মারা যান, তাহা হইলে ধরিয়া লইতে হইবে যে, 'ক' 'খ'-য়ের মৃত্যু ঘটান নাই। তবে ইহা সাব্যস্ত হইয়াছে যে, যদি কোনো রোগী অন্যের দারা আঘাতপ্রাপ্ত হইয়া মরণাপন্ন অবস্থায় থাকেন এবং ডাক্তারি মতে রোগীকে মত সাব্যস্ত করিয়া জীবন-সহায়ক যন্ত্রের বিদ্যুৎ-সংযোগ কাটিয়া দেওয়া হয়, সেক্ষেত্রে চিকিৎসক নন, উক্ত আক্রমণকারীই রোগীর সৃত্যু ঘটাইয়াছেন। কোনো অস্বাভাবিক

cause 560

শারীরিক বৈশিষ্ট্যের কারণে (যেমন, সরু করোটি) অথবা বিশেষ কোনো বিশ্বাস বা সংকারহেতু (যেমন, ধর্মীয় কারণে রক্ত-পরিসঞ্চালনে অসম্বতি) কোনো ব্যক্তির মৃত্যু ঘটিলে কার্য-কারণ শৃঙ্খলে কোনো ব্যাঘাত ঘটে না এবং সেক্ষেত্রে আক্রমণকারীই দোষী থাকিবেন।

cause n. ১. মামলা, মোকদমা বি.। ২. হেতু বি. causation দ্ৰ.।

Cause List মামলার তালিকা আদালতে গুনানির জন্য আদালত-প্রাঙ্গণে প্রদর্শিত মামলার তালিকা। daily cause list দ্র.।

cause of action মামলার কারণ থে-ঘটনা কোনো ব্যক্তিকে মামলা করিবার
অধিকার দেয়। মামলার কারণ একটি অন্যায় কর্ম (যেমন, অন্যের জায়ণায়
অনধিকারপ্রবেশ) অথবা অন্যায় কর্মজনিত ক্ষতি (যথা, গাফলতির কারণে ক্ষতি)
হইতে পারে।

causing death by careless driving অসাবধানে গাড়ি চালাইয়া মৃত্যু ঘটানো মদ্যপান বা মাদকসেবন করিয়া বেসামাল অবস্থায় গাড়ি চালাইয়া কিংবা নির্ধারিত গতিসীমার উপরে বেপরোয়া গাড়ি চালাইয়া কাহারো মৃত্যু ঘটাইবার অপরাধ। ইংলাভের আইন-অনুয়ায়ী ওইরকম গাড়িচালনাকে 'বিপজ্জনক' না বলিয়া 'অসাবধান' বলা হইত। এই অপরাধের জন্য সর্বোচ্চ শান্তি পাঁচ বৎসরের কারাদও এবং গাড়িচালককে বাধ্যতামূলকভাবে অযোগ্য ঘোষণা। ১৯৮৩ সালের বাংলাদেশে মোটরযান অধ্যাদেশের ১৪২ ধারায় নির্ধারিত গতি অপেক্ষা দ্রুতগতিতে গাড়ি চালনার জন্য একমাস হইতে তিন মাসের কারাদও, তিন শত টাকা হইতে পাঁচ হাজার টাকা অর্থদও বা উভয়বিধ দণ্ডের বিধান আছে। উক্ত অধ্যাদেশের ১৪৩ ধারায় বেপরোয়া বা বিপজ্জনকভাবে গাড়ি চালনার জন্য ছয় মাস পর্যন্ত কারাদও এবং পাঁচ শত হইতে এক হাজার টাকার অর্থদও অথবা উভয়বিধ দণ্ডের বিধান আছে। উক্ত অধ্যাদেশের ১৪৪ ধারায় মদ্যপান বা মাদকদ্রব্য সেবনের পর গাড়ির উপর নিয়ত্রণ হারাইয়া গাড়ি চালনার অপরাধে তিন মাস হইতে দুই বৎসরের করাদও এবং এক হাজার টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়বিধ দণ্ডের বিধান আছে। drunken driving ও causing death by dangerous driving দ্রা.।

causing death by corrosive substance ক্ষয়কারী, বিষাক্ত অথবা দাহা পদার্থ দারা মৃত্যু ঘটানো ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন আইনের ৪(১) ধারা-অনুসারে, ক্ষয়কারী, বিষাক্ত ও দাহ্য পদার্থ দারা যদি কোনো ব্যক্তি কোনো শিশু বা নারীর মৃত্যু ঘটান বা মৃত্যু ঘটানোর চেষ্টা করেন তাহা হইলে তিনি মৃত্যুদণ্ডে অথবা যাবজ্জীবন কারাদণ্ডে এবং অনুর্ধ্ব একলক্ষ টাকার অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

363 caution

causing death by dangerous driving বিপজ্জনকভাবে গাড়ি চালাইয়া মৃত্যু ঘটালা বিপজ্জনকভাবে গাড়ি চালাইয়া কাহারো মৃত্যু ঘটাইবার অপরাধ। ইংল্যান্ডের আইন-অনুযায়ী গাড়িচালনা হইতে উদ্ভূত বিপদের মাত্রা যদি এইরপ হয় যে, ইহাতে অন্য মানুষের সুস্পষ্ট ও মারাত্মক বিপদ ঘটিবার অথবা সম্পত্তির প্রভূত ক্ষতি সাধিত ইইবার ঝুঁকি থাকে এবং গাড়িচালক হয় বিপদের ঝুঁকি উপলব্ধি করিয়াছেন কিংবা অনুরূপ বিপদের ঝুঁকি যে রহিয়াছে তাহা আগে চিন্তা করেন নাই, তাহা হইলে এইরকম কাজ বিপজ্জনকভাবে গাড়ি চালাইয়া মৃত্যু ঘটানো তো বটেই, তদুপরি বেপরোয়া নরহত্যার সামিল হইবে। বিপজ্জনকভাবে গাড়ি চালাইয়া মৃত্যু ঘটানোর জন্য সর্বোচ্চ শান্তি দশ বছরের কারাদও এবং অবশ্যই কমপক্ষে দুই বছরের জন্য চালককে বাধ্যতামূলকভাবে অযোগ্য ঘোষণা। এতৎসহ causing death by careless driving তু.।

causing grievous injury by corrosive substance ক্ষমকারী, বিষাক্ত বা দায় পদার্থ দারা শুক্ষতর আঘাতদান ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইনের ৪(২) ধারা-অনুসারে, যদি কোনো ব্যক্তি কোনো ক্ষয়কারী, বিষাক্ত বা দাহ্য পদার্থ দারা কোনো শিশু বা নারীকে এমনভাবে আঘাত করেন যাহার ফলে উক্ত শিশু বা নারীর— ক. চোথের জ্যোতি বা দৃষ্টিশক্তি নষ্ট হয়; খ. মাথা বা মুখমণ্ডল নষ্ট হয়; গ. কানের শ্রবণশক্তি নষ্ট হয়; বা ঘ. শরীরের কোনো অঙ্গ বা প্রস্থি কাষ্ট হয়; বা ৬. শরীরের অন্য কোনো অঙ্গ বিকৃত হয়; সেক্ষেত্রে ওই ব্যক্তি অবস্থাভেদে মৃত্যুদণ্ড, যাবজ্ঞীবন কারাদণ্ড বা সাত বৎসর হইতে চৌদ্দ বৎসর পর্যন্ত কারাদণ্ডে ও অনুর্ধ্ব এক বন্ধ ইহতে অনুন পঞ্চাশ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।

caution n. সতন্ধীকরণ বি. ১. (ফৌজদারি আইনে) ক. ইংল্যান্ডের আইন-অনুযায়ী কোনো পুলিশ-কর্মকর্তার যখন এইরূপ বিশ্বাস করিবার কারণ থাকে যে, কোনো ব্যক্তি অপরাধ করিয়াছেন, এবং যখন তিনি তাঁহাকে গ্রেপ্তার করিতে যান, তখন উক্ত কর্মকর্তা কর্তৃক প্রদেয় সতকীকরণ। কোনো প্রশ্ন করিবার পূর্বেই সতকীকরণের ক্যাণ্ডলি বলিতে ইইবে। সতকীকরণের সময়ে উদ্দিষ্ট ব্যক্তিকে যদি প্রেপ্তার করা না হয়, তাহা হইলে কর্মকর্তাকে তাহা বলিতে ইইবে। অবশ্য ওই ব্যক্তি থানায় চলিয়া আসিলে কর্মকর্তা তাঁহাকে ইহাও বলিবেন যে, তিনি চলিয়া যাইতে পারেন এবং প্রেজেনবোধে আইনি পরামর্শ লইতে পারেন। কর্মকর্তাকে অবশ্যই নিজের সুবিধাঅনুযায়ী তাঁহার নোট বহিতে কিংবা সাক্ষাৎকারের নথিতে সতকীকরণের প্রসঙ্গ লিবিয়া রাথিতে ইইবে। right of silence দ্র.। খ. কোনো সন্দেহভাজন ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করা হইবে না, এই সিদ্ধান্ত গ্রহণপূর্বক ওই ব্যক্তিকে মুক্ত করিয়া দেওয়ার সময়ে পুলিশ কর্মকর্তা কর্তৃক প্রদেয় এই মর্মে সতকীকরণ যে, পরে অন্য কোনো অপরাধের জন্য অভিযুক্ত হইলে তাঁহার বর্তমান অভিযোগসংক্রোভ

ঘটনাসমূহ খতাইয়া দেখা হইবে। পুলিশের এই ধরনের সতকীকরণ একটি সাধারণ রীতি, যদিও এই রীতির কোনো সংবিধিবদ্ধ ভিত্তি নাই। পালন না করিলে ইহার কোনো আইনি পরিণামও নাই।

২. (ভূমি আইনে) ইংলান্ডের আইন-অনুযায়ী কোনো নিবন্ধীকৃত জমিতে হিসসা আছে এমন ব্যক্তি কর্তৃক ভূমি নিবন্ধন দফতরে উপস্থাপিত দলিল। ইহার উদ্দেশ্য হইল, এইরূপ নির্দেশ প্রদান যে, সতর্ককারী ব্যক্তিকে অবহিত না করিয়া ওই জমিসংক্রান্ত কোনো বিলিব্যবস্থা নিবন্ধন করা হইবে না, যাহাতে তিনি একটি আপত্তি পেশ করিতে পারেন। দৃষ্টান্তস্বরূপ, কোনো ব্যক্তি প্রতারণার দ্বারা প্ররোচিত হইয়া তাঁহার জমি হক্তান্তর করিয়া থাকিলে তিনি, প্রতারণাশ্রয়ী গ্রহীতা যাহাতে তাঁহার স্বত্ত্ব নির্বন্ধিত করিতে না পারেন, সেই জন্য একটি সত্রকীকরণ দাখিল করিতে পারেন। সত্রকীকরণ ঘদি অযৌজিকভাবে করা হয়, তাহা হইলে সত্রকীকরণের দ্বারা ক্ষতিগ্রন্ত যে-কোনো ব্যক্তিকে ক্ষতিপূরণ প্রদানের জন্য সত্রককারীকে আদেশ দেওয়া যাইতে পারে। অন্যায্য মনে করিলে ভূমি নিবন্ধক সত্রকীকরণ থারিজ করিয়া দিতে পারেন।

৩. সতর্কতা বি. যত্নশ্বীকার, হঠকারিতা-পরিবর্জন। দুর্ঘটনাজনিত নরহত্যা এড়াইবার জন্য আইনে যে-ধরনের সতর্কতা-অবলম্বন প্রত্যাশিত, তাহা চরম অবলম্বনীয় সতর্কতা নহে। কেহ সর্বদা অক্ষরে অক্ষরে যথাযথ কাজ করিবেন, আইন তাহা প্রত্যাশা করে না। জীবন ও সম্পদের নিরাপত্তাহানির বেলায় যুক্তিসংগত সতর্কতা, অর্থাৎ অনুরূপ ক্ষেত্রে দীর্ঘকালের অভিজ্ঞতায় যাহা সাধারণ ও প্রচলিত, তদ্দ্রপ সতর্কতা অবলম্বন যথেষ্ট বলিয়া বিবেচিত হইবে।

cautionary judgment সভর্কতামূলক রায় একটি ক্ষতিপ্রণের মামলা চলাকালে
বাদী যদি আশঙ্কা করেন যে, বিবাদী রায়ের পূর্বে তাঁহার সম্পত্তির বিলিব্যবস্থা করিয়া
ফেলিবেন, তাহা হইলে সম্পত্তির উপর একটি পূর্বস্বত্ব (lien)-সহ একটি
সতর্কতামূলক রায় লিপিবদ্ধ করা যাইতে পারে। দেওয়ানি কার্যবিধির ৩৮ আদেশের
৫ নিয়ম-অনুসারে, অনুরূপ অবস্থায় রায় ঘোষণার পূর্বে বিবাদী সম্পত্তি ক্রোকাবদ্ধ
করিতে পারে।

caveat n. সে সতর্ক পাকুক একটি নিবন্ধন-বহিতে সচরাচর একটি ভুক্তির আকারে লিপিবদ্ধ এই মর্মে একটি বিজ্ঞপ্তি যে, বিজ্ঞপ্তিদাতা ব্যক্তিকে পূর্বে না জানাইয়া একটি বিশেষ ধরনের ব্যবস্থা গ্রহণ করা হইবে না। দৃষ্টান্তম্বরূপ, কোনো মৃত ব্যক্তির সম্পত্তিতে অধিকার দাবি করিয়া কোনো ব্যক্তি ইচ্ছাপত্র-প্রমাণক নিবন্ধন-দফতরে (Probate Registry) একটি বিজ্ঞপ্তি নিথিভুক করিতে পারেন। অন্য কোনো ব্যক্তি যাহাতে বিজ্ঞপ্তিদাতার উল্লেখবিহীন একটি প্রতিনিধিভ্-মনজুরি (grant of representation) লাভ করিতে না পারেন, এই বিজ্ঞপ্তি তাহা নিশ্চিত করে। এইরূপে বিজ্ঞপ্তিদাতা ব্যক্তি সম্পত্তির ভাগ-বাটোয়ারার ক্ষেত্রে তাঁহার দাবিদাওয়ার নিম্পত্তি নিশ্চিত করিতে পারেন।

caveat actor কর্মসম্পাদনকারী সতর্ক থাকুক caveat তু.।

caveat emptor ক্রেভা সতর্ক থাকুক বিক্রেভার নিকট হইতে সুস্পষ্ট গ্যারান্টি প্রাপ্ত হইয়া নিজেকে সুরক্ষিত করিতে না পারিলে ক্রেভা তাঁহার ক্রীত দ্রব্যাদি ক্রেটিপূর্ণ বিন্যা দাবি করিতে পারিবেন না, সাধারণ আইনে এইরূপ সতর্কমূলক একটি প্রবচন। ইয় সংবিধির দ্বারা পরিবর্তিত হইয়াছে। ইংল্যান্ডে ১৯৭৯ সালের পণ্য আইন-অনুযায়ী, পণ্যবিক্রয়-চুক্তিগুলিতে এইরূপ নিহিত শর্ত থাকে যে, বিক্রীত দ্রব্যাদি তাহাদের বিবরণ ও নমুনা মাফিক হইবে এবং ব্যবসায়সূত্রে বিক্রয় করা হইলে দ্রব্যগুলি জানামতে সন্তোষজনক মানের ও প্রয়োজনের উপযোগী হইতে হইবে। এই নিহিত শর্তগুলির প্রত্যেকটিই পণ্যবিক্রয়-চুক্তিরও শর্ত। অধিকাংশ বাণিজ্যিক চুক্তিতে নিহিত শর্তগুলি বর্জন করা হয়। তবে চুক্তিরও শর্ত। অধিকাংশ বাণিজ্যিক চুক্তিতে নিহিত শর্তগুলি বর্জন করা হয়। তবে চুক্তির অন্যান্য শর্ত-সম্পর্কিত আইন-অনুযায়ী এই বর্জন অযৌক্তিক বা অন্যায্য না হইলে, ইহ্য সাধারণত বৈধ হইবে। যে-জমির অবস্থা সম্পর্কে 'ক্রেভা সতর্ক থাকুক' প্রবচনটি এখনো প্রযোজ্য, সেই জমির বিক্রয় সম্বন্ধে সংবিধিবদ্ধ শর্তগুলি প্রযোজ্য নহে। তবে সাধারণত এইরূপ একটি শর্ত নিহিত থাকে যে, বিক্রেভা জমির একটি উত্তম স্বত্ব হস্তান্তর করিবেন, যাহা এমন সকল ঝঞ্জাট হইতে মুক্ত, যাহা দলিল সম্পাদিত হওয়ার পূর্বে ক্রেভার নিকট প্রকাশ করা হয় নাই।

caveat subscriptor (চুক্তি) স্বাক্ষরকারী সতর্ক থাকুক caveat তৃ.। caveat venditor বিক্রেতা সতর্ক থাকুক caveat তৃ.।

censure n. নিন্দন, গর্হণ বি. দাপ্তরিক তিরস্কার বা নিন্দা; কড়া সমালোচনা।

certificate n. সার্টিফিকেট, প্রত্যয়নপত্র, প্রমাণপত্র বি. ১৯১৩ সালের সরকারি দাবি আদায় আইনের ৪ ধারায় বলা হইয়ছে যে, যদি কোনো সার্টিফিকেট অফিসারের এইরূপ বিশ্বাস জন্মে যে, কালেক্টরের নিকট দেয় সরকারি পাওনা অনাদায়ী অবস্থায় আছে, তাহা হইলে উক্ত অফিসার নির্ধারিত ফরমে সরকারি পাওনার বিবরণ লিপিবদ্ধ করিয়া ইহাতে স্বাক্ষর দান করিবেন এবং ইহা নিজ অফিসে দখলের ব্যবস্থা করিবেন। সংক্ষেপে ইহাই সার্টিফিকেট। সরকারি দাবি বলিতে সরকারি গৃহঝণ সংস্থা, ব্যাংকের পাওনা ইত্যাদিকেও বুঝায়। সরকারি সংস্থার অন্যান্য কর্মকর্তা ৫ ধারা-অনুসারে অনুরোধপত্র প্রেরণ করিয়া সরকারি পাওনা আদায়ের ব্যবস্থা করেন। সার্টিফিকেট-জারির পদ্ধতি সরকারি দাবি আদায় আইনে বলা হইয়াছে।

certificate debtor সার্টিফিকেট-দেনাদার ১৯১৩ সালের সরকারি পাওনা আদায় আইনের ৩ ধারা-অনুসারে, সার্টিফিকেট-দেনাদার বলিতে এইরূপ ব্যক্তিকে বুঝায় যাঁহার বিরুদ্ধে সার্টিফিকেট স্বাক্ষরিত হইয়াছে এবং উক্ত ব্যক্তির নিকট কী পরিমাণ সরকারি দাবি পাওয়া যাইবে, তাহা সার্টিফিকেট বর্ণনা করিতেছে। certificate holder 548

certificate holder সার্টিফিকেট-ধারক সরকারি পাওনা আদায় আইনের ৩ ধারা-অনুসারে, সার্টিফিকেট-ধারক বলিতে যাহার অনুকূলে উক্ত আইনের অধীনে সার্টিফিকেট দাখিল করা হইয়াছে এবং সার্টিফিকেট অফিসার কর্তৃক যাঁহার নাম স্থলাভিষিক্ত অথবা পাওনাদার হিসাবে পক্ষভুক্ত করা হইয়াছে তাঁহাকে বুঝাইবে।

- certificate officer সার্টিফিকেট-অফিসার ১৯১৩ সালের সরকারি পাওনা আদায় আইনের ৩ ধারা-অনুসারে, সার্টিফিকেট-অফিসার বলিতে সেই ব্যক্তিকে বুঝায়, যিনি সরকারি পাওনা আদায় আইনের আওতায় সার্টিফিকেট প্রস্তুত করিতে পারেন। নিম্নলিখিত ব্যক্তিগণ সার্টিফিকেট-অফিসার হিসাবে পরিচিত: কালেক্টর, থানা নির্বাহী অফিসার, অথবা কালেক্টর কর্তৃক এই উদ্দেশ্যে নিযুক্ত অন্য যে-বে:নো অফিসার। উক্ত আইনের ১১ ধারা-অনুসারে, যে-সার্টিফিকেট অফিসারের কার্যালয়ে সার্টিফিকেট দাখিল করা হয় অথবা যে সার্টিফিকেট-অফিসারের নিকট ১২(১) ধারা-অনুসারে জারির জন্য সার্টিফিকেট পাঠানো হয়, তিনি তাহা জারি করিতে পারেন। যে-কোনো সার্টিফিকেট-অফিসার সরকারি পাওনা আদায় আইনের অধীনে কার্যসম্পাদন করিবার সময়ে সাক্ষ্যগ্রহণ, শপথ, দলিল-উপস্থাপন এবং সাক্ষীকে আদালতে হাজির হইতে বাধ্য করিতে পারেন।
- certificate of incorporation নিগমবন্ধনের প্রত্যয়নপত্র কোনো কোম্পানির নিবন্ধনের পরে কোম্পানিটি নিগমিত হইয়াছে, এই মর্মে প্রত্যয়নপূর্বক কোম্পানিসমূহের নিবন্ধককর্তৃক প্রদন্ত প্রত্যয়নপত্র। এই পত্র ইহাও প্রত্যয়ন করে যে, লিমিটেড কোম্পানির ক্ষেত্রে কোম্পানির সদস্যরা সীমিত দায়যুক্ত এবং পাবলিক কোম্পানির ক্ষেত্রে ইহা সার্বজনিক কোম্পানি। নিগমবন্ধনের প্রত্যয়নপত্রের বৈধতা লইয়া পরবর্তীকালে প্রশ্নু তোলা যায় না।
- certificate of origin উৎসের সার্টিফিকেট রপ্তানিকারক কর্তৃক প্রেরিত এবং স্থানীয় বণিকসভা কর্তৃক সত্যায়িত রপ্তানিদ্রোর উৎপাদন সম্পর্কে প্রদত্ত ঘোষণাপত্র।
- Certification Officer (CO) প্রত্যয়নকারী কর্মকর্তা ইংল্যান্ডে ১৯৯২ সালের শ্রমিক সংঘ ও শ্রমিক সম্পর্ক (সংহতকরণ) আইনের অধীনে কর্ম ও পেনশন (ইতিপূর্বে কর্মসংস্থান) দফতরের সেক্রেটারি অব ক্টেট কর্তৃক নিযুক্ত একজন কর্মকর্তা। তাঁহার প্রধান কাজ বিধিভুক্ত সংঘ হিসাবে শ্রমিক সংঘ ও মালিক সমিতিসমূহের হিসাব বিবরণাদি রক্ষণ এবং তাঁহার নিকট উহাদের নিরীক্ষিত প্রতিবেদন ও হিসাব জমাদানের দায়দায়িত্ব তত্ত্বাবধান করা।। শ্রমিক সংঘতলি যে স্বাধীনভাবে কাজ করে, উপযুক্ত ক্ষেত্রে তাহা প্রত্যয়ন করাও তাঁহার দায়িত্ব।
- certiorari পূর্ণব্ধপে অবগত হওয়া ইহা রিট আবেদনের একটি প্রক্রিয়া। quashing order দ্র. ।

cessation n. বিরন্ডি, নিবৃত্তি বি. ক্ষান্তি, সমাপ্তি। শেষ হওয়া, পরিত্যাগ করা, বন্ধ করা। কর্মের বা চাকুরির সাময়িক বিরাম' দ্বারা কারবারের অবসান বুঝায় না, বরং শ্রমিকের চাকুরির বিরাম বা পদ্যুতি বুঝায়।

- cesser n. অবসান, নিবৃত্তি বি. কোনো অধিকার বা স্থার্থের অকাল-অবসান।
 দৃষ্টান্তম্বরূপ, ক যতদিন বিবাহ না করিবেন, ততদিন তাঁহার যাবজ্জীবন ভোগের জন্য
 এবং অতঃপর খ-য়ের যাবজ্জীবন ভোগের জন্য যদি একটি জমি ন্যাস রাখা হয়, তাহা
 হইলে ক বিবাহ করিলে তাঁহার ভোগস্বত্বের অবসান হইবে। বন্ধকনামায় বন্ধকদাতা
 বন্ধঝহীতার রায়তকে জমি ভোগদখলের অধিকার দিয়া থাকিলে ঋণের অর্থ
 পরিশোধ করা হইলেই সেই অধিকারের অবসান হইবে। attornment দ্রু, ।
- cesser clause অকাল অবসানের ধারা জাহাজ-ভাড়াকারী পণ্য বহন করাইবার
 অধিকার একজন পণ্য-চালানকারীর নিকট হস্তান্তরিত করিতে চাহিলে, জাহাজভাড়ার চুক্তিতে সন্নিবিষ্ট একটি ধারা। ইহাতে এইরূপ বিধান থাকে যে, জাহাজভাড়ার চুক্তি অনুযায়ী পরিশোধ্য ভাড়ার ব্যাপারে পণ্যচালানকারীর উপর জাহাজমালিকের একটি পূর্বস্বত্ব থাকিবে এবং সেইমতো একটি পূর্ব পণ্যসম্ভার জাহাজচালান করা হইলে উক্ত ভাডার জন্য জাহাজ-ভাডাকারীর দায়িতার অবসান ঘটিবে।
- cession n. স্বত্বত্যাপ, স্বত্ব-হস্তান্তর বি. একটি চুক্তির মাধ্যমে কোনো ভূখণ্ডের উপর সার্বভৌমত্ হস্তান্তর। ইহা শান্তিচুক্তির মাধ্যমে ইইতে পারে (যেমন, ১৮৭১ সালে ফ্রান্স ও জার্মানির মধ্যে শান্তিচুক্তির ফলে আলসাস-লোরেন জার্মান সাম্রাজ্যের অংশে পরিণত হয়); ভূখণ্ড-বিনিমরের মাধ্যমে ইইতে পারে (যেমন, ১৮৯০ সালের সন্ধির দারা যুক্তরাজ্য জাঞ্জিবারের বিনিময়ে হেলিগোল্যান্ড জার্মানির নিকট ছাড়িয়া দেয়)। অথবা বিরল ক্ষেত্রে, উপহারচুক্তির মাধ্যমেও হইতে পারে। derivative title দ্য়।
- cestui que trust ন্যাদের হিত্পাহী যাঁহার জন্য ট্রান্ট বা ন্যাস করা হইয়াছে। trust ্র.।
- cestui que use ভোগাধিকারী বি যাঁহার ব্যবহার বা ভোগের জন্য অন্য ব্যক্তি সম্পন্তি রক্ষা করিয়া থাকেন। আধুনিক অর্থে হিতগ্রাহী। use দ্র.।
- cestui que vie জাজীবনভোগী বি. যাঁহার আজীবন ভোগের জন্য অন্য কোনো রাক্তি সম্পত্তিতে স্বার্থরক্ষা করিয়া থাকেন।
- chairman n. চেয়ারম্যান বি. ১৯৬১ সালের মুসলিম পারিবারিক অধ্যাদেশের ২ (খ) ধারায় বলা হইয়াছে যে, চেয়ারম্যান বলিতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভার চেয়ারম্যান, নগর.কর্পোরেশনের মেম্বর বা প্রশাসক অর্থবা চেয়ারম্যানের

কার্যপালনের নিমিন্তে ক্যান্টনমেন্ট এলাকায় সরকারকর্তৃক নিযুক্ত ব্যক্তিকে বুঝাইবে। যে-ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ, পৌরসভা বা নগর করপোরেশন বাতিল করা হয়, সেক্ষেত্রে উক্ত পরিষদ, পৌরসভা বা করপোরেশনের কার্যপালনকারীকে অথবা ক্ষেত্রমতে, ওই অধ্যাদেশের অধীনে চেয়ারম্যানের কার্যপালন করিবার জন্য সরকারকর্তৃক নিযুক্ত ব্যক্তিকে বুঝাইবে। তবে যেখানে ইউনিয়ন পরিষদ অথবা পৌরসভার চেয়ারম্যান একজন অমুসলমান অথবা তিনি নিজে সালিশি পরিষদের নিকট কোনো দরখান্ত করিতে চাহেন বা অন্য কোনো কারণে চেয়ারম্যানের দায়িত্বপালনে অসমর্থ, সেখানে উক্ত ইউনিয়ন পরিষদ বা পৌরসভার একজন মুসলমান সদস্য এই অধ্যাদেশের কার্যপরিচালনার জন্য চেয়ারম্যান নিযুক্ত হইবেন।

- **chamber business খাস কামরার কান্ধ** একজন বিচারকের যে-দাণ্ডরিক কার্য বিচারকক্ষের বাহিরে অর্থাৎ খাসকামরায় নির্বাহ করা হয়। chambers দ্র.।
- chamber of commerce ৰণিক সমিতি ব্যবসা-বাণিজ্যের উনুয়ন এবং সদস্যদের ব্যবসায়িক স্বার্থ সুসংহত করিবার উদ্দেশ্য লইয়া গঠিত ব্যবসায়ী সম্প্রদায়ের সংগঠন।
- chambers n. ১. কক্ষ্, দপ্তর বি. একজন বা একদল আইনজীবীর দপ্তর। ২. বিচারকের একান্ত কক্ষ্ণ বেশির ভাগ অন্তর্বতীকালীন বিচার-কার্যক্রম একান্ত কক্ষেই সম্পাদিত হইয়া থাকে এবং সেখানে জনসাধারণ প্রবেশ করিতে পারে না। তবে মামলা জনসাধারণের স্বার্থসংশ্লিষ্ট হইলে রায় প্রকাশ্য আদালতে দেওয়া যাইতে পারে।
- champerty n. অংশগ্ৰহণ বি. maintenance and champerty দ্ৰ. া
- change n. পরিবর্তন, বদল, বিনিময় বি. এক শ্রেণীর মুদার পরিবর্তে অন্য শ্রেণীর মুদা বদল করা। অর্থ বিনিময় করা; পরিবর্তন করা বা ভিনুত্রপ করা; এক স্থান হইতে অন্য স্থানে গমন করা। 'পাল্টানো' অর্থাৎ ভিনুত্রপ করা বা হওয়া, রূপান্তর বা পরিবর্তন করা।
- change in circumstances আর্থিক অবস্থায় পরিবর্তন যে-সকল পরিস্থিতি খোরপোশের আদেশপ্রদান নিয়ন্ত্রিত করে, তাহাদের মধ্যে অন্যতম জীবনযাত্রার মূল্য । জীবনযাত্রার মূল্য বৃদ্ধি পাইলে স্ত্রীর আর্থিক অবস্থার পরিবর্তন সূচিত হয়, যে-কারণে তিনি খোরপোশের পরিমাণ বৃদ্ধি দাবি করিতে পারেন।
- change of circumstances পারিপার্শ্বিকতার পরিবর্তন গার্হস্থ্য সম্পর্কাদি-বিষয়ক আইনে, জিম্মা বা ভরণপোষণ আদেশের পরিবর্তনের প্রয়োজনীয়তা প্রমাণ করিবার

አ⊎ዓ character

জন্য ব্যবহৃত অবস্থা। জিশ্বাসংক্রান্ত প্রশ্নাদিতে ইহা শিশুটির যথোচিত যত্ন লওয়ার ব্যাপারে আবেদনকারী পক্ষের কিংবা জিশ্বাদার পিতা বা মাতার সামর্থ্য সম্বন্ধে একটি পরিবর্তন নির্দেশ করে।

change of name নাম-পরিবর্তন একটি ভিনু নাম অনবরত ব্যবহার করিয়া একজন ব্যক্তি নৃতন নামে পরিচিত হওয়ার মাধ্যমে সহজে নিজ বংশনাম পরিবর্তন করিতে পারেন। সাধারণত এই পরিবর্তন আনুষ্ঠানিকভাবে প্রচার করা হয় (যেমন সংবিধিবদ্ধ ঘোষণা দিয়া, দলিল করিয়া কিংবা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করিয়া); তবে ইহা আইনত প্রয়োজনীয় নহে। বিবাহ করিবার পর একজন নারীও আইনের প্রয়োগসূত্রে নিজের বংশনাম পরিবর্তন করিতে পারেন। শিশুর অবশ্য নাম-পরিবর্তনের ক্ষমতা নাই এবং তাহার পিতামাতার একজনেরও এরকম কোনো ক্ষমতা নাই (পিতামাতার মধ্যে একজন এককভাবে শিশুর নাম পরিবর্তন করিতে চাহিলে উহা নিবারণের জন্য আদানতের নিষেধাজ্ঞা প্রার্থনা করা যায়)। যদি একজন তালাকপ্রাপ্ত মাতা পুনর্বিবাহ করেন কিংবা অন্য পুরুষের সঙ্গে একত্রে জীবনযাপন করেন এবং তাঁহার শিতর নাম পরিবর্তন করিয়া তাঁহার নৃতন সঙ্গীর নাম রাখিতে চাহেন, তবে তাঁহাকে আদালতের আদেশ আনিতে হইবে। এইক্ষেত্রে শিশুর কল্যাণচিন্তা হইবে প্রথম ও প্রধান বিবেচনার বিষয়। কোনো খ্রিষ্টানের প্রথম নাম (খ্রিষ্টধর্মে দীক্ষার সময়ে গৃহীত নাম) পরবর্তীকালে (সম্প্রদায়ে তাঁহার স্থায়ীভূক্তির কালে) কেবল গির্জার আইনে বিশপ কর্তৃক পরিবর্তিত হইতে পারে। একটি আইনি ব্যক্তিত্ব (juristic person) নাম-পরিবর্তন করিতে পারে, তবে এই পরিবর্তিত নাম কার্যকর হওয়ার পূর্বে আনুষ্ঠানিক পদ্ধতিসাপেক্ষ হইতে পারে। দৃষ্টান্তস্বরূপ, কেবল অসাধারণ (extraordinary) বা বার্ষিক সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব পাশের মাধ্যমে শেয়ারদারা সীমিত একটি কোম্পানিব নাম পবিবর্তন করা সম্ভব।

chapter n. অধ্যায় বি. জেনারেল ক্লজেজ অ্যাক্টের ৩ (৯) ধারা-অনুসারে, অধ্যায় বনিতে আইন বা প্রবিধানের যে-অধ্যায়ে শব্দটি আছে তাহা বুঝাইবে।

character n. চরিত্র, চারিত্র বি. ১. (সাক্ষ্য আইনে) মামলার কোনো পক্ষের বা সাক্ষীর চারিত্রিক সুনাম বা দুর্নাম। সরাসরি বিষয়ীভূত না হইলে দেওয়ানি মামলায় কোনো পক্ষের চারিত্রিক সুনামের বিষয় প্রাহ্য হয় না। মানহানির মামলায় ইহা গ্রাহ্য হয়তে পারে। ফৌজদারি মামলায় আসামি নিজের সক্ষরিত্রতার পক্ষে ওকালতি করিতে পারেন কিংবা বাদীপক্ষের সাক্ষীর মন্দ চরিত্র তুলিয়া ধরিতে পারেন। তাহা করিলে তাহার অভিযোগ খগুনের জন্য সাক্ষ্য চাওয়া যাইতে পারে। কিন্তু এই ধরনের সাক্ষ্যপ্রমাণ অবশাই চারিত্রিক সুনাম প্রমাণের ক্ষেত্রে সীমিত থাকিবে এবং ইহাতে আসামির স্বভাববৈশিষ্ট্য বা স্বভাবের প্রবণতা সম্বন্ধে মতামত যুক্ত হইবে না। কোনো সাক্ষীর সত্যবাদিতা প্রমাণের জন্য তাহার চারিত্রিক সুনামের সাক্ষ্যপ্রমাণ দেওয়ানি ও

charge ১৬৮

কৌজদারি উভয় মামলায় দেওয়া যাইতে পারে। সাক্ষ্য আইনের ৫২ ধারায় বলা হইয়াছে যে, সংশ্লিষ্ট ব্যক্তির উপর যেরূপ আচরণ আরোপ করা হইয়াছে, তাঁহার চরিত্র-অনুযায়ী তাঁহার পক্ষে ওইরূপ আচরণ সম্ভব অথবা অসম্ভব, তাহা দেওয়ানি মামলায় অপ্রাসঙ্গিক; কিন্তু অন্যভাবে প্রাসঙ্গিক ঘটনা হইতে চরিত্র যতটা প্রকাশিত হয়, ততটা প্রাসঙ্গিক। সাক্ষ্য আইনের ৫৩ ধারা-অনুসারে ফৌজদারি মামলায় কৃত অপরাধীর চরিত্র যে ভালো, ইহা প্রাসঙ্গিক বিষয়। সাক্ষ্য আইনের ৫৫ ধারায় বলা ইইয়াছে যে, কোনো ব্যক্তির চরিত্র যদি এইরূপ হয় যে, সেই ব্যক্তির ন্যায্যত প্রাপ্য ক্ষতিপূরণের পরিমাণ তদ্ঘারা প্রভাবিত হয়, তবে দেওয়ানি মামলায় তাহা প্রাসঙ্গিক ঘটনা। সাক্ষ্য আইনের ১৪০ ধারা-অনুসারে, যেসব সাক্ষ্যী চরিত্র সম্পর্কে সাক্ষ্য প্রদান করেন, তাঁহাদের জেরা ও পুনঃজবানবন্দি গ্রহণ করা যাইতে পারে। সাক্ষ্য আইনের ১৫৫ ধারা-অনুসারে, সাক্ষ্যীর চরিত্র এবং সন্মান সম্পর্কে জেরা করা যায়। ২. সাধারণত মামলার কোনো পক্ষের স্বভাব বা বৈশিষ্টা।

charge n. অভিযোগ বি. ১. ফৌজদারি কার্যবিধির ২২১ ধারা হইতে ২৪০ ধারায় অভিযোগের বিষয়বন্তু, গঠনপ্রণালি এবং আদালতের ক্ষমতা সম্পর্কে বলা হইয়াছে। কোনো আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন ছাড়া তাঁহাকে শান্তি দেওয়া যায় না। ফৌজদারি কার্যবিধির ২২১ ধারায় অভিযোগ গঠন সম্পর্কে বলা হইয়াছে যে, এই বিধির অধীন প্রত্যেক আসামি যে-অপরাধ করিয়াছে তাহার বিবরণ থাকিবে. অপরাধের নাম উল্লেখই যথেষ্ট বিবরণ; যে-আইনদারা অপরাধটি সৃষ্টি হইয়াছে, তাহাতে উহার কোনো নির্দিষ্ট নাম না থাকিলে অভিযোগে কেবল সেই নামেই উহার বিবরণ দেওয়া যাইবে। যে-আইনের দ্বারা অপরাধটি সৃষ্টি হইয়াছে, তাহাতে তাহার কোনো নির্দিষ্ট নাম থাকিলে উহার সংজ্ঞার্থ এমনভাবে উল্লেখ করিতে হইবে যাহাতে আসামি তাঁহার বিরুদ্ধে আনীত অভিযোগ সুস্পষ্টরূপে বুঝিতে পারেন; যে-আইন এবং যে-ধারা-অনুসারে অপরাধ করা হইয়াছে বলিয়া উল্লেখ করা হইয়াছে, অভিযোগে তাহা উল্লেখ করিতে হইবে। কোনো ক্ষেত্রে অভিযোগ প্রণয়ন করা হইলে তাহা এই মর্মে বিবৃতি দেওয়ার শামিল হয় যে, উক্ত বিশেষ ক্ষেত্রে সংশ্রিষ্ট অপরাধটি সংঘটনের জন্য আইনগত যে-সকল শর্ত রহিয়াছে, তাহা পুরণ করা হইয়াছে। অভিযোগ ইংরেজিতে বা আদালতের ভাষায় নিখিতে হইবে। আসামি পূর্বে কোনো অপরাধের দায়ে দণ্ডিত হইবার কারণে পরবর্তী অপরাধের ক্ষেত্রে বর্ধিত দণ্ড বা ভিনু প্রকৃতির দণ্ডে দণ্ডনীয় হইলে এবং পরবর্তী অপরাধের দণ্ডবৃদ্ধি বা প্রকৃতি পরিবর্তনের জন্য পূর্ববর্তী দও প্রমাণ করিবার প্রয়োজন হইলে অভিয়োগে পূর্ববর্তী দণ্ডের ঘটনা, তারিখ, স্থান উল্লেখ না করিয়া থাকিলে আদালত দণ্ডদানের পূর্বে যে-কোনো সময়ে উহা যোগ করিতে পারিবেন। ২৭৭ ধারা-অনুসারে, আদালত অভিযোগ পরিবর্তন করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ২৬৫ঘ ধারা-অনুসারে, গুনানির পর যদি আদালত এই অভিমতে উপনীত হন যে, আসামি অপরাধ করিয়াছেন, এইরূপ মনে করিবার হেতু আছে, তবে আদালত আসামির বিরুদ্ধে লিখিত অভিযোগ প্রণয়ন করিবেন। যে-ক্ষেত্রে আদালত ১ উপধারা-অনসারে অভিযোগ প্রণয়ন করেন, সেক্ষেত্রে আসামিকে অভিযোগ পড়িয়া গুনাইতে ও ব্যাখ্যা করিতে হইবে এবং আসামিকে জিজ্ঞাসা করিতে হইবে যে, তিনি দোষ স্বীকার করেন না বিচার প্রার্থনা করেন। indictment দ্র. । ২. নির্দেশ বি. জুরির প্রতি বিচারকের নির্দেশ। ৩, দায় বি. পাওনা আদায়ের নিচয়তার জন্য জমিজমায় আইনি বা ন্যায়িক দায়। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০০ ধারা-অনুসারে পক্ষসমূহের কার্যদারা অথবা আইন প্রয়োগের ফলে যে-ক্ষেত্রে একজনের স্থাবর সম্পত্তি অর্থপরিশোধের জন্য অপর একজনের জামানতে চলিয়া যায়, এবং লেনদেনটি রেহেনরূপে পরিগণিত হয় না, সেক্ষেত্রে যে-ব্যক্তির জামানতে bनिया यात्र, উক্ত সম্পত্তির উপর তাঁহার দায় রহিয়াছে বলিয়া উল্লেখ করা হয়। এইরপ ক্ষেত্রে ইতিপর্বে বর্ণিত অমিশ্র রেহেন-সম্পর্কিত বিধানসমূহ যতদূরসম্ভব এইরপ দায়ের প্রতি প্রযোজ্য হয়। অছি-সম্পত্তি প্রয়োগের ব্যাপারে অছি যথাযথভাবে যে-ব্যয় করিয়া থাকেন, তাহার জন্য এই ধারার কোনো বিধান প্রযোজ্য হইবে না এবং বর্তমানে বলবৎ অপর আইনে সম্পষ্টরূপে বর্ণিত না থাকিলে যে-ব্যক্তির নিকট মন্যের বিনিময়ে এবং দায় সম্পর্কে অবহিত না করিয়া সম্পত্তি হস্তান্তর করা হইয়াছে, তাঁহার উপর উক্ত সম্পত্তির ব্যাপারে উক্ত দায় প্রয়োগ করা হইবে না। অভিভাবক ও প্রতিপাল্য আইনের ২৮ ধারার অর্থে কোনো সম্পত্তির উপর দায়ভার বা আর্থিক দায় আরোপ। ৪. মূল্য, মান্তল, ভাড়া বি, সেবাপ্রদানের বা পণ্যসরবরাহের বিনিময়ে দাবিকৃত মূল্য, মাণ্ডল, বা ভাড়া। ৫. আদায়ের নির্দেশ দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশের ৯ নিয়ম-অনুসারে আদালত কর্তৃক অর্থ বা মূল্য আদায়ের নির্দেশ। ৬. **বিদাৎ সরবরাহ** ব্যাটারি প্রভৃতিতে বিদ্যুৎ সরবরাহ। এতৎসহ fixed charge ও floating charge 语、I

chargeability and assessability করারোপণীয়তা ও করনিরূপণীয়তা করারোপণীয়তা করপ্রদানের বাধ্যবাধকতা নির্দেশ করে; করনিরূপণীয়তা প্রধানত সংগ্রহণীয় করের পরিমাণ নির্ধারণের পদ্ধতির সহিত সম্পর্কিত।

chargeable gain কর-আরোপযোগ্য লাভ পরিসম্পৎ বিক্রয় বাবদ যে-লাভ হয় এবং যাহার উপর মূলধন মুনাফা কর কিংবা কর্পোরেশন কর ধার্য করা যায়।

charge and discharge দায় ও দায়হীনতা বলা হইয়া থাকে যে, দায় হইতেছে

এমন কোনো কৃতকর্ম, যাহা উহার কর্তাকে বাধিত করে; আর দায়হীনতার অর্থ উক্ত

দায় অপসারণ বা অপনোদন। হিসাবনিকাশের মামলায় খাতাপত্র পরীক্ষা করিয়া

আদালত বিবাদীর দায় বাদীর খাতায় এবং বাদীর দায় বিবাদীর খাতায় দেখিতে

পাইলে আদালত যে-পক্ষের পাওনা বেশি, সে-পক্ষকে দেনার দায় হইতে অব্যাহতি

দিয়া অপরপক্ষের বিরুদ্ধে অতিরিক্ত পরিমাণ অর্থের ডিক্রি প্রদান করিবেন।

charge by way of legal mortgage আইনসম্মত বন্ধকজনিত দায় mortgage

charge certificate দায়ের প্রত্যয়নপত্র স্বত্বের প্রমাণরূপে নিবন্ধিত জমির আইনি বন্ধকর্মহীতাকে ভূমি নিবন্ধন অফিস কর্তৃক প্রদন্ত সার্টিফিকেট বা প্রত্যয়নপত্র। প্রমির সার্টিফিকেট বন্ধককালের জন্য ভূমিনিবন্ধন দফতরে জমা দিলেই কেবল ইহা দেওয় হয়।

Chargé d'affaires n. শ্যাদ্যাফেয়া, দৃত বি. যে-কর্মকর্তা রাষ্ট্রদৃতের অবর্তমানে তাঁহার স্থান গ্রহণ করেন। নিজ নিজ সরকারের বিষয়াবলি সম্পর্কে দায়িত্প্রাপ্ত বেব্যক্তি বিদেশে অবস্থিত কূটনৈতিক মিশনে কর্মরত। রাষ্ট্রদৃত বা মিনিন্টারের পদ-মর্যাদার নিম্নপদস্থ কূটনৈতিক প্রতিনিধি বা রাষ্ট্রীয় বার্তাবহ: যে-দেশে উচ্চ মর্যাদার কূটনীতিক প্রেরণ করা হয় না, সেদেশে প্রেরিত দৃত: রাষ্ট্রদৃতের পরবর্তী পদমর্যাদার কূটনীতিক।

charge sheet অভিযোগপত্র, চার্জশিট বি. কোনো সন্দেহভাজন ব্যক্তির বিরুদ্ধে থানায় পুলিশ-কর্মকর্তা কর্তৃক লিপিবদ্ধ একটি দলিল। ফৌজদারি কার্যবিধির ১৭৩ ধারা-অনুসারে, পুলিশ চূড়ান্ত রিপোর্ট অথবা অভিযোগপত্র প্রেরণ করেন। ফৌজদারি কার্যবিধির ১৭৩ ধারার উপধারা-অনুসারে প্রত্যেকটি তদন্ত অনাবশ্যক বিলম্ব না করিয়া সমাপ্ত করিতে হইবে এবং উহা সমাপ্ত হইবার সঙ্গে সঙ্গে থানার ভারপ্রা^{প্ত} অফিসার পুলিশ রিপোর্টের ভিত্তিতে অপরাধটি আমলে লওয়ার জন্য ক্ষমতা-সম্পন্ন কোনো ম্যাজিস্ট্রেটের নিকট সরকারকর্তৃক নির্ধারিত ফরমে পক্ষগণের নাম, সংবাদের প্রকৃতি, যাঁহারা ঘটনা সম্পর্কে অবহিত, তাঁহাদের নাম, আসামিকে গ্রেপ্তার করা হইয়া থাকিলে তাঁহাকে হেফাজতে প্রেরণ করা হইয়াছে কিনা অথবা নিজ মুচলেকায় ছাড়িয়া দেওয়া হইয়াছে কিনা এবং মুচলেকায় ছাড়িয়া দেওয়া হইলে জামিনদারসহ ন জামিনদার ব্যতীত তাহা উল্লেখ করিয়া একটি রিপোর্ট প্রেরণ করিবেন । ১৭৩ ^{ধারার} ৩-খ উপধারায় সম্পুরক অভিযোগ দাখিল সম্পর্কে বিধান বর্ণিত হইয়াছে। থা^{নার} ভারপ্রাপ্ত কর্মকর্তা কোনো অপরাধের খবর বা অভিযোগ পাওয়ার সর্বোচ্চ ১২০ দিনের মধ্যে রিপোর্ট প্রদান করিবেন। আসামির বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তকারী পুলিশের নিকট যথার্থ বলিয়া প্রতীয়মান হইলে যে-রিপোর্ট দেওয়া হয় তাহাই চার্জশিট বা অভিযোগপত্র। অভিযোগপত্র দাখিলের পর পুলিশ একই ঘটনার উপর পুনরায় তদন্ত করিতে পারেন না, কিন্তু ম্যাজিস্ট্রেটের অনুমতি লইয়া অতিরিক্ত তদন্ত কবিতে পাবেন।

charges register দায়-নিবন্ধনৰহি registration দ্ৰ.।

)9) charitable trust

charging clause অছির প্রাপ্য পারিশ্রমিকের বিধান কোনো ন্যাসের অছিকে তাঁহার সেবার বিনিময়ে কিছু অর্থদানের আইনি ধারা। কোনো আইনজীবী বা অন্য কোনো পেশাজীবীকে অছি নিযুক্ত করা হইলে, তাঁহার সেবাদানের বিনিময়ে তিনি কিছু অর্থদিব করিতে পারেন। অনুরূপ ধারার অবর্তমানে তিনি অথবা তাঁহার ব্যবসায়-প্রতিষ্ঠান পেশাগত সেবাদানের জন্য কোনো অর্থ চাহিতে পারেন না। তবে অছি হিসাবে কার্যকালে তিনি যে-ব্যয় করিয়াছেন, তাহা তিনি আদায় করিতে পারেন।

charging order দায়সৃষ্টিকারী আদেশ ডিক্রির পাওনাদার কর্তৃক প্রাপ্ত আদালতের একটি আদেশনামা। ইহার দ্বারা ঋণ ও সুদ পরিশোধের নিমিত্ত ডিক্রির দেনাদারের সম্পত্তি (অর্থ, জমি ও শেয়ারসহ) জামানতে পরিণত হয়।

charitable purpose দাতব্য উদ্দেশ্য দাতব্য উদ্দেশ্য বলিতে দরিদ্রের সাহায্য, শিক্ষার উন্নতি, চিকিৎসার সহায়তা এবং জনকল্যাণমূলক যে-কোনো কর্মের অগ্রগতি সাধন করা বুঝায়। কোনো দাতব্য প্রতিষ্ঠান সম্পর্কে মোকদ্দমা করা আবশ্যক হইলে দেওয়ানি কার্যবিধির ৯২ ধারা-অনুসারে তাহা আনয়ন করিতে হয়। আয়কর আইন-অনুসারে কোনো করদাতা দাতব্য উদ্দেশ্যে কোনো দান করিয়া যে-অর্থ ব্যয় করেন গণনার সময়ে মোট আয় হইতে তাহা বাদ যায়। ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ১২ ধারায় বলা হইয়াছে যে, করদাতা তাহার আয়-বৎসরে নিম্নলিখিত ক্ষেত্রে দান করিয়া যে-অর্থ ব্যয় করেন উহা তাঁহার মোট আয় হইতে রেয়াত হিসাবে বাদ যাইবে: বিশ্ববিদ্যালয় অথবা শিক্ষাবোর্ডের অন্তর্ভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান এবং সরকার অথবা বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত অথবা পরিচালিত শিক্ষাপ্রতিষ্ঠান; সরকার অথবা সায়ন্তশাসিত প্রতিষ্ঠানক স্কৃত্ত অনুমোদিত অথবা পরিচালিত অথবা সরকার বা উপরিউক্ত প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত হাসপাতাল; সরকার কর্তৃক প্রতিষ্ঠিত অথবা অনুমোদিত বন্যা বা দুর্ভিক্ষ প্রতিকার তহবিল; এবং ধর্মীয় অথবা দাতব্য উদ্দেশ্যে প্রতিষ্ঠিত যে-কোনো প্রতিষ্ঠান বা তহবিল যাহা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত।

charitable trust দাতব্য ন্যাস আইনের দৃষ্টিতে দাতব্য বলিয়া পরিগণিত উদ্দেশ্য সাধনের জন্য প্রতিষ্ঠিত ন্যাস। দাতব্য শব্দটির কোনো সংবিধিবদ্ধ সংজ্ঞার্থ নাই। তবে আইনি অর্থে ধর্মকর্মের উনুয়ন, শিক্ষার প্রসার, দারিদ্র্য দৃরীকরণ কিংবা অন্য কোনো লোকহিতকর উদ্দেশ্যকেই কেবল দাতব্য বলা যাইবে। প্রত্যেক দাতব্য কর্মের মুখ্য উদ্দেশ্য অবশ্যই জনসাধারণের অথবা ইহার কোনো অংশের কল্যাণসাধন (গদিও দারিদ্যালাঘবের ক্ষেত্রে এই উদ্দেশ্য অতি সহজেই পূরণীয়)। সম্যক অর্থ নির্ভর করে দাতব্য প্রতিষ্ঠানটির শ্রেণীর উপর। সর্বশেষ শ্রেণীটির অন্তর্ভুক্ত জনসাধারণের জন্য সাধারণ উপযোগিতামূলক যে-কোনো বস্তু। এইগুলির মধ্যে রহিয়াছে সাধারণভাবে জীবজন্তু সংরক্ষণ ও দমকল-বাহিনী গঠনের জন্য ন্যাস। একমাত্র ও একান্তভাবে দাতব্য উদ্দেশ্য প্রতিষ্ঠিত না হইলে কোনো ন্যাস দাতব্য বলিয়া গণ্য

charity

হইবে না। কল্যাণমূলক ও জনহিত্তকর উদ্দেশ্য যে সবসময়ে দাতব্য হইবে, এমন নহে। প্রধানত রাজনৈতিক উদ্দেশ্যে স্থাপিত ন্যাস দাতব্য নহে। প্রাতিজনিক জ-দাতব্য ন্যাসের তুলনায় দাতব্য ন্যাসের অনেক সুযোগ-সুবিধা রহিয়াছে। ন্যাসের লক্ষ্য ও উদ্দেশ্য নির্দিষ্ট হইবার প্রয়োজন নাই । দাতব্য ন্যাস চিরস্থায়িত্ব বা চিরস্থায়ী ন্যাস-বিরোধী নিয়মাবলির অধীন নহে। যদি উদ্দেশ্য অসম্ভব বা অসাধ্য হয়, ^{তাহা} হইলে যথাসম্ভব নিকটবর্তিতা মতবাদের দ্বারা ন্যাসটি রক্ষা করা যায়। অছিগণ সংখ্যাগরিষ্ঠের মতানুসারে কাজ করিতে পারেন। দাতব্য ন্যাসের সর্বোত্তম সুবিধা এই যে, ইহা আয়কর, কর্পোরেশন কর, মূলধন মূনাফা কর, উত্তরাধিকার কর, স্ট্যাপ্প তৎ ও কাউনসিল কর ইত্যাদি হইতে সম্পূর্ণ বা আংশিকভাবে মুক্ত। আয়কর আইন-অনুসারে কোনো করদাতা দাতব্য উদ্দেশ্যে কোনো দান করিয়া যে-অর্থ ব্যয় করেন, তাহা মোট আয় হইতে গণনার সময়ে বাদ যায়। ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ১২ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, করদাতা তাঁহার আয়-বৎসরে নিম্নলিখিত ক্ষেত্রে দান করিয়া যে-অর্থ ব্যয় করেন, উহা তাঁহার মোট আয় হইতে রেয়াত হিসাবে বাদ যাইবে: বিশ্ববিদ্যালয় অথবা শিক্ষাবোর্ডের অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান এবং সরকার অথবা স্বায়ন্তশাসিত প্রতিষ্ঠানকর্তৃক অনুমোদিত অথবা পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান; সরকার অথবা স্বায়ন্তশাসিত প্রতিষ্ঠানের সাহায্যে পরিচালিত অথবা সরকার বা উপরিউক্ত প্রতিষ্ঠানকর্তৃক অনুমোদিত হাসপাতাল; সরকারকর্তৃক প্রতিষ্ঠিত অথবা অনুমোদিত বন্যা বা দুর্ভিক্ষ প্রতিকার তহবিল; ধর্মীয় অথবা দাতব্য উদ্দেশ্যে প্রতিষ্ঠিত যে-কোনো প্রতিষ্ঠান বা তহবিল, যাহা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত। কোনো ন্যাস সম্পর্কিত দেওয়ানি মোকদ্দমা আনয়ন করিতে ইইলে দেওয়ানি কার্যবিধির ৯২ ধারা-অনুসারে তাহা করিতে হইবে।

- charity n. দাতব্য প্রতিষ্ঠান সংবিধিদ্বারা নির্দিষ্ট কোনো দাতব্য উদ্দেশ্যে স্থাপিত প্রতিষ্ঠান (নিগমবদ্ধ বা অন্যবিধ)। অনুরূপ প্রতিষ্ঠানমাত্রই দাতব্য প্রতিষ্ঠান সম্বন্ধে হাইকোর্টের এখতিয়ারের নিয়ন্ত্রণাধীন। কিছু কিছু ব্যতিক্রম বাদে, ইংল্যান্ডে সকল দাতব্য প্রতিষ্ঠানকে চ্যারিটি কমিশনারদের নিকট নিবন্ধন করিয়া লইতে হয়। charitable trust দ্র.।
- charter n. সনদ বি. ১. দুই পক্ষের মধ্যে চুক্তি সাধিত হওয়ার সাক্ষ্যপ্রমাণাদিযুক্ত দলিল। শব্দটি ইংল্যান্ডে সাধারণত রাজার নিকট হইতে প্রাপ্ত কোনো অধিকার বা সুযোগসুবিধা সম্বন্ধে প্রয়োগ করা হয়। যেমন, কোনো বিশ্ববিদ্যালয়কে প্রদন্ত রাজকীয় সনদ। ২. একটি সংবিধান। যথা, জাতিসংঘের সনদ।
- charterparty n. জাহাজভাড়ার চুক্তি ভাড়াপ্রদানসাপেক্ষে সমুদ্রপথে পণ্য পরিবহণের জন্য জাহাজ বা জাহাজের অংশবিশেষ ব্যবহার করিবার জন্য জাহাজ-মালিক এবং অন্য কোনো ব্যক্তির অর্থাৎ পণ্যপ্রেরকের (charterer) মধ্যে সম্পাদিত

্ছি । জাহাজভাড়ার চুক্তি একটি নির্দিষ্ট কালপর্বের (time charter) জন্য হইতে পারে, কিংবা একাধিক নির্দিষ্ট সমুদ্রবাত্রার (voyage charter) জন্যও হইতে পারে । ভাড়াকারী কেবল নিজের মাল বহনের জন্য অথবা একাধিক পণ্যপ্রেরকের মালবহনের জন্য জাহাজভাড়া করিতে পারেন এবং শেষোক্ত ক্ষেত্রে তাঁহার মাল অন্তর্ভুক্ত হইতে পারে, নাও হইতে পারে । বিশেষ অথচ অধুনাবিরল ধরনের একটি চুক্তি হইল জমি ইজারার সমতৃল্য একপ্রকার হস্তান্তরের মাধ্যমে চুক্তি (charter by dernise) — ইহা ভাড়াকারীকে জাহাজের পূর্ণ দখল ও নিয়ন্ত্রণের কর্তৃত্ব দিয়া থাকে । স্বাভাবিক জাহাজ ভাড়ার চুক্তি হইল একটি সাধারণ চুক্তি (simple charter) — ইহার বলে লাহাজমালিক জাহাজের অধিকার ও নিয়ন্ত্রণ বজায় রাখেন । জাহাজে পণ্য বোঝাই করিবার ও পছন্দমতো বন্দর-নির্বাচনের প্রাথমিক অধিকার থাকে ভাড়াকারীর । বিশেষ বিশেষ বাণিজ্যের জন্য চুক্তির অনেকগুলি প্রমিত রূপ গড়িয়া উঠিয়াছে এবং এইগুলি বিভিন্ন সাংকেতিক নামে (code name) পরিচিত (Austwheat, Shelltime) । এতৎসহ bill of lading ও cesser clause দ্র. ।

chastisement n. শাসন বি. নিয়মশৃঙ্খলা বজায় রাখিবার প্রয়োজনে শারীরিক শান্তিদান। সন্তানের উপর যুক্তিসংগত ও পরিমিত শান্তি আরোপের সাধারণ আইনি অধিকার মাতাপিতার বা অভিভাবকের রহিয়াছে। পিতৃমাতৃতুল্য অন্য কাহাকেও তাহারা শান্তিদানের ক্ষমতা অর্পণ করিতে পারেন; যেমন, শিশুর তত্ত্বাবধায়ক, আয়া ও বিদ্যালয়-কর্তৃপক্ষ। সাম্প্রতিক কালে ইংল্যান্ডে বিদ্যালয়গুলি শারীরিক শান্তিদান নিষ্কি করিয়াছে, তবে পিতামাতার অনুমতিসাপেক্ষে বেসরকারি বিদ্যালয়গুলিতে ইহা এখনো আইনসন্মত। স্বামীর অবশ্য গ্রীকে শান্তি দেওয়ার কোনো অধিকার নাই, পক্ষান্তরে গ্রীরও স্বামীকে শান্তিদানের অধিকার নাই। বেআইনি শান্তিদান ব্যক্তির বিরুদ্ধে অপরাধ বলিয়া গণ্য হইতে পারে।

chattel n. অস্থাবর সম্পত্তি লাখেরাজ সম্পত্তি ছাড়া অন্য যে-কোনো অস্থাবর সম্পত্তি। ইজারাধীন জমিকে স্থাবরতুল্য অস্থাবর সম্পত্তি বলা হয়, কারণ তাহাতে স্থাবর ও ব্যক্তিগত উভয় সম্পত্তির বৈশিষ্ট্য বিদ্যমান। ম্পর্শযোগ্য বস্তুকে ব্যক্তিগত অস্থাবর সম্পত্তি বলা হয়। ইংল্যান্ডের ১৯২৫ সালের ভূসম্পত্তি প্রশাসন আইনে ব্যক্তিগত অস্থাবর সম্পত্তির সংজ্ঞার্থে ইচ্ছাপত্র-ব্যতিরেকে মৃত ব্যক্তির উত্তরাধিকার নির্ণয় করিবার প্রয়োজনে, উক্ত ব্যক্তির মৃত্যুর পরে ব্যবসায়িক খাতে নিয়োজিত অর্থবিত্ত অধাপত্র ইত্যাদি অস্থাবর সম্পত্তি হইতে বাদ দেওয়া ইইয়াছে।

chattel paper অস্থাবর সম্পত্তির সাধনপত্র সুনির্দিষ্ট পণ্যে বা তাহার ইজারায় আর্থিক বাধ্যবাধকতা এবং জামানতি স্বার্থ প্রদর্শন করে, এমন লিখন। ভোগ্যপণ্য লেনদেনের ক্ষেত্রে ক্রেতা যখন বাকিতে পণ্য ক্রেয় করেন, সাধারণত তখন ইহা ব্যবহৃত হয়। প্রতিশ্রুতিপত্র দিয়া ভোক্তা পণ্যটির মূল্য পরিশোধ করিবার অঙ্গীকার করেন এবং বিক্রেতা সেই পণ্যে নিজের জামানতি স্বার্থ রক্ষা করেন। cheat n. প্রতারণা বি. cheating দ্র.।

cheating n. প্রতারণা বি. দণ্ডবিধির ৪১৫ ধারা-অনুসারে, যে-ব্যক্তি অপর কোনো ব্যক্তিকে ছলনা করিয়া প্রবঞ্চনামূলকভাবে, দুর্নীতিমূলকভাবে বা অসাধুভাবে অপর কাহাকেও কোনো সম্পত্তি প্রদানে প্ররোচিত করেন কিংবা কোনো ব্যক্তির কোনো সম্পত্তি রাখিয়া দেওয়ার ব্যাপারে সম্মতিপ্রদানে তাঁহাকে প্ররোচিত করেন কিংবা ইচ্ছাপূর্বকভাবে বা উদ্দেশ্যমূলকভাবে অনুরূপ প্রতারিত ব্যক্তিকে এমন কোনো কার্য করিতে বা করা হইতে বিরত থাকিতে প্ররোচিত করেন, যে-কার্য সেই ব্যক্তি অনুরূপভাবে প্রতারিত না হইলে করিতেন না বা করা হইতে বিরত থাকিতেন না । তবে উক্ত কার্য করিবার বা করা হইতে বিরত থাকিবার ফলে তাঁহার দেহ, মন, খ্যাতি বা সম্পত্তির যদি কোনো ক্ষতির সম্ভাবনা থাকে, তাহা হইলে সেই ব্যক্তি প্রতারণা করিয়াছে বলিয়া গণ্য হয়।

check, chide, reprimand, reprove, rebuke vb. সংযত করা, বকা, নিন্দা করা, তিরন্ধার করা, ভৎর্সনা করা ক্রি. কোনো ব্যক্তির আচরণ সম্বন্ধে অননুমোদন প্রকাশ করা সবগুলি শন্দেরই মূলকথা। একজন ব্যক্তিকে সংযত করা হয়, যাহাতে তিনি অপ্রিয় কার্যটি আর না করেন। তাঁহাকে বকুনি দেওয়া হয়, তিনি যাহা করিয়াছেন তাঁহার জন্য, যাহাতে তিনি উহার পুনরাবৃত্তি না করেন। নিন্দা করা অপেক্ষা বকুনি দেওয়া তীব্র বিরাগ সূচিত করে এবং তিরন্ধার বা ভৎর্সনা করা অপেক্ষা নিন্দা করা তীব্র বিরাগ সূচিত করে। একজন ব্যক্তি ক্রোধভরে বকুনি দিতে বা নিন্দা করিতে পারেন, কিন্তু তিনি তিরন্ধার বা ভৎর্সনা করেন শান্তভাবে। বড় ধরনের অপরাধের জন্য বকুনি দেওয়া আবশ্যক; অকরণ (omission) বা ভুলের জন্য নিন্দা করা প্রয়োজন; আচরণের উচ্চুঙ্খলতা তিরন্ধারযোগ্য, এবং অনুচিত আচরণের জন্য ভৎর্সনা করা যাইতে পারে।

- checks and balances ক্ষমতার ভারসাম্য সরকারি ক্ষমতা ও বৃত্তিসমূহ সন্থরে থেতত্ত্ব অনুযায়ী সরকারের যে-কোনো শাখার কার্যকলাপকে সংযত করিবার সামর্থ্য
 সরকারের অন্য যে-কোনো শাখার রহিয়াছে, যাহাতে কোনো একক শাখা গোটা
 সরকারকে নিয়ন্ত্রণ না করে। এতৎসহ separation of powers দ্র.।
- chemical examiner রাসায়নিক পরীক্ষক ১৯৬৬ সালের দ্য ক্যান্টনমেন্ট পিওর
 মুড অ্যাক্ট-অনুযায়ী জনস্বাস্থ্য ল্যাবরেটরির পরিচালক এবং সরকার কর্তৃক অন্য যেকোনো কর্মকর্তা, যাঁহাকে উক্ত আইনের উদ্দেশ্যে রাসায়নিক পরীক্ষক হিসাবে নিযুক্ত
 করা হইয়াছে।
- cheque n. চেক বি. চাহিবামাত্র পরিশোধ করিতে হইবে, এই মর্মে ব্যাংককে নির্দেশিত গ্রাহককে টাকাপ্রদানের আদেশপত্র। যেহেতু চেক চাহিবামাত্র পরিশোধ্য, সেই কারণে যে-ব্যাংক হইতে টাকা লওয়া হইবে সেই ব্যাংকে গ্রাহকের চেকদান

এবং চেকের অর্থপ্রদানপূর্বক গ্রাহকের হিসাব হইতে বিকলন ব্যাংকের জন্য নির্দেশাত্মক বাধ্যতামূলক কাজ। চেকের গায়ে 'কেবল হিসাবধারীকে দেয়' লেখা থাকিলে সেই চেক হস্তান্তর,অযোগ্য হইবে।

cheragi n. চেরাগি বি. মসজিদ অথবা গোরস্থানে বাতি দেওয়ার শর্তে প্রদন্ত নিষ্কর ভূমি।

chief n. প্রধান বি. ১৯৮৯ সালের পার্বত্য জেলাসমূহ (আইন রহিত ও প্রয়োগ এবং বিশেষ বিধান) আইনের ৫(১) ধারা-অনুসারে ১৯০০ সালের পার্বর্ত্য চট্টগ্রাম রেগুলেশন রহিত ইইবার পূর্বে পার্বত্য জেলাসমূহে প্রচলিত চিফ বা প্রধান। circle chief দ্র.।

Chief Adviser প্রধান উপদেষ্টা বাংলাদেশ সংবিধানের ৫৮(গ) অনুচ্ছেদের অধীন প্রধান উপদেষ্টার পদে নিযুক্ত কোনো ব্যক্তি। Caretaker Government দ্র.।

Chief Election Commissioner প্রধান নির্বাচন কমিশনার Election Commission দ্র.।

Chief Justice প্রধান বিচারপতি উচ্চতর আদালতের বিচারপতিদের মধ্যে যিনি প্রধান। সংবিধানে প্রধান বিচারপতির নিয়োগ, কার্যকাল, কার্যক্রম, ক্ষমতা প্রভৃতি সম্পর্কে বলা হইয়াছে। সংবিধানের ৯৪ অনুচ্ছেদ-অনুসারে, প্রধান বিচারপতি এবং, রাষ্ট্রপতি যেরপ বিচারকের নিয়োগের প্রয়োজন মনে করিবেন, সেরপ সংখ্যক বিচারপতি লইয়া সুপ্রিম কোর্ট গঠিত হইবে। ৯৫ অনুচ্ছেদ-অনুযায়ী, প্রধান বিচারপতি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন এবং রাষ্ট্রপতি প্রধান বিচারপতির সহিত গ্রমণ্ করিয়া অন্যান্য বিচারপতি নিয়োগ করিবেন।

chief rent মুখ্য খাজনা rentcharge দ্ৰ.।

child n. শিশু বি. ১. অল্পবয়সী শিশুর সুনির্দিষ্ট সংজ্ঞার্থ নাই। শিশু অভিধাটি সেই ব্যক্তিদের বুঝায় যাহাদের বয়স চৌদ্দ, ষোল বা কথনো কথনো আঠারো বৎসরের কম। প্রতিটি ক্ষেত্র নির্ভ্তর করে উহার প্রসঙ্গ এবং উহার নিয়ন্ত্রক সংবিধির শদবিন্যাসের উপর। যুক্তরাজ্যের আইন-অনুযায়ী, শিশু বা বালক-বালিকা হইল আঠারো বৎসরের কমবয়সী ব্যক্তি। বাংলাদেশে ১৯৭৪ সালের শিশু আইনের ২(৮) ধারা-অনুসারে, ১৬ বৎসরের কমবয়স্ক ব্যক্তিকে শিশু বলা হয়। ১৯২৯ সালের শিতবিবাহ-নিরোধ আইনের ২(৫) ধারা-অনুসারে, শিশু বলিতে পুরুষের ক্ষেত্রে ২১ বৎসরের কমবয়স্ক এবং মেয়েদের ক্ষেত্রে ১৮ বৎসরের কমবয়স্ক দের বুঝায়। দণ্ডবিধির ৮২ ধারায় বলা ইইয়াছে যে, সাত বৎসরের কমবয়স্ক শিশুকর্তৃক কৃত কোনো কিছুই অপরাধ নহে। ৮৩ ধারায় বলা হইয়াছে যে, সাত বৎসরের অধিক ও ১২ বৎসরের

child abuse 596

কমবয়স্ক শিশু কর্তৃক কোনো কিছুই অপরাধ নহে, উক্ত অপরাধের ব্যাপারে যে-শিশুর বোধশক্তি এতদূর পরিপক্তা লাভ করে নাই যে, সে স্বীয় আচরণের প্রকৃতি ও পরিণতি বিচার করিতে পারে। দণ্ডবিধির ৯০ ধারা-অনুসারে, ১২ বৎসরের কমবয়স্ক কোনো ব্যক্তির সম্বতি দণ্ডবিধি-অনুসারে সম্বতি বলিয়া গণ্য হইবে না। ১৯৬৫ সালের কারখানা আইনের ২(গ) ধারা-অনুসারে, যাহার বয়স ১৬ বৎসর পূর্ণ হয় নাই তাহাকেই শিশু বলে। যাহার বয়স ১৪ বৎসর পূর্ণ হয় নাই, তাহাকে কারখানার কাজে নিয়োগ করা যাইবে না। ২. সম্ভান ইংল্যান্ডের ১৯৮৭ সালের পারিবারিক আইন সংক্ষার অ্যান্ট অনুসারে, উইলে, সংবিধিতে ও অন্যান্য আইনি দলিলে সন্তান শব্দটির মধ্যে অবৈধ সন্তানও অন্তর্ভুক্ত। দন্তক পুত্র বা দন্তক কন্যা পিতামাতার বৈধ সন্তানরূপে পরিগণিত। এতৎসহ illegitimacy ও qualifying child দ্র.।

- child abuse n. শিশুপীড়ন বি. পিতামাতা বা অন্য কেহ কর্তৃক শিশুর ঘোর অবহেলা বা অযত্ন, নির্মম অনাদর, শারীরিক নিগ্রহ বা উৎপীড়ন। উৎপীড়ন যদি যৌনপ্রকৃতির হয়, তাহা হইলে অপরাধকারী শিশুদের উপর চরম অশোভন হামলা কিংবা তাহাদের সহিত ঘোরতর অশালীনতার জন্য দোষী হইতে পারেন। ১৬ বছরের কমবয়়সী বালক-বালিকার অশ্লীল ছবি তোলা বা ছবি তোলার জন্য অনুমতিদান, অনুরূপ ছবির বিতরণ বা প্রদর্শন, কিংবা বিতরণ বা প্রদর্শনের জন্য কোনো ব্যক্তির অভিপ্রায়-অনুযায়ী বিজ্ঞাপনদান, অথবা বৈধ কারণ ছাড়া অনুরূপ ছবি সংরক্ষণ ইত্যাদি সকল কর্মই অনুরূপ অপরাধ। ইন্টারনেটে ও কম্পিউটারে এই ধরনের আলোকচিত্র আইনের আওতাধীন আদালতে বিচারযোগ্য। এতৎসহ battered child দ্ব.।
- child destruction শিত-বিনষ্টি গর্ভাবস্থায় বা প্রসবকালে একটি প্রাণধারণক্ষম অজাত শিতর মৃত্যু ঘটানো। গর্ভাবস্থায় ২৪ সপ্তাহ পার হইলে জ্রণ প্রাণধারণক্ষম অর্থাৎ জীবিত ভূমিষ্ট হইবার উপযুক্ত বলিয়া সাধারণত মনে করা হয়। ইত্যার অভিপ্রায়ে জ্রণ নষ্ট করিলে, তাহা মায়ের জীবনরক্ষার জন্য একান্ত সরল বিশ্বাসে করা হয় নাই বলিয়া প্রমাণিত হইলে, এই অপরাধের সর্বোচ্চ শান্তি যাবজ্জীবন কারাদও। abortion তু.।
- child employee শিশু কর্মী বিদ্যালয়ে বাধ্যতামূলকভাবে পড়াশুনার বয়সে (পাঁচ হইতে ষোল বছর বয়সের মধ্যে) যে-শিশু বেতনভোগী চাকুরিয়া হয়। কিছু ব্যতিক্রমসাপেক্ষে এইরকম চাকুরি অনেক দেশে নিষিদ্ধ এবং ১৩ বছরের কম বয়সে এই ধরনের যে-কোনো চাকুরিগ্রহণ কোথাও কোথাও সম্পূর্ণরূপে নিষিদ্ধ। শিল্প-প্রতিষ্ঠানে, কল-কারখানায় অথবা খনিতেও শিশুর চাকুরি অনেকক্ষেত্রে নিষিদ্ধ। অবশ্য সামান্য ছাড় আছে থিয়েটার, চলচ্চিত্র, ক্রীড়া ও কর্ম-অভিজ্ঞতার কিছু ক্ষেত্রে ও প্রশিক্ষণে এবং হালকা ধরনের কিছু কাজকর্মে। তবে এইগুলির প্রত্যেকটিতে শিশুর

চাকুরির ক্ষেত্রে কঠোর শর্তাবলি যুক্ত হইয়াছে। অধিকাংশ ক্ষেত্রে এইরকম ব্যতিক্রমের জন্য প্রস্তাবিত কর্মের বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষের পূর্ব-অনুমোদন নিতে হয়। বিশেষভাবে, যেসব শিশু চাকুরিয়া উপরে বর্ণিত ব্যতিক্রমের আওতাভুক্ত, তাহারা অবশ্যই স্কুল খোলা থাকিবার দিনগুলিতে (স্কুলের সময়ের বাহিরে) দুই ঘণ্টার বেশি কাজ করিবে না। চাকুরির শর্তাবদ্ধ সময়সীমা সপ্তাহে ১২ ঘন্টার বেশি হইবে না। শিশু কর্মীর ক্ষেত্রে সকাল সাভটার আগে এবং সন্ধ্যা সাভটার পরে কোনোক্রমেই কাজ শুরু হইবে না। স্কুলের ছুটির সময়ে এবং ১৩ হইতে ১৫ বছর বয়সী কিশোর-কিশোরীর ক্ষেত্রে ওইসব বিধিনিষেধের কড়াকড়ি থাকিবে না। রাত আটটা ও সকলে ছয়টা সময়সীমার মধ্যে নৈশ চাকুরি নিষিদ্ধ। যেসব শিশু প্রতিদিন সাড়ে চার ঘটা কাজ করে, তাহারা ৩০ মিনিটের কর্মবিরতি পাইবে। স্থানীয় কর্তৃপক্ষ উপবিধি প্রণয়নদারা শিশুর চাকুরি নিয়ন্ত্রণ করিবার ক্ষমতা পাইয়াছে। বিভিন্ন কর্তৃপক্ষের উপবিধিসমূহের মধ্যে পার্থক্য থাকিলেও সেইগুলি শিশুর চাকুরি-বিষয়ক সরকারি বিধিবিধান ও নির্দেশের সঙ্গে সংগতিপূর্ণ হওয়া আবশ্যক। ১৫ হইতে ১৮ বছর বয়সী শিশু শ্রমিকদের বলা হয় তরুণ বা কিশোর শ্রমিক (voung or adolescent workers) । তাহাদের চাকুরিও বিধিনিষেধের আওতাভুক্ত । বর্তমানে তাহারা দৈনিক সাড়ে ৪ ঘণ্টার বেশি কাজ করিলে প্রত্যেক কর্মদিবসে ১২ ঘণ্টা বিশ্রাম, দুইদিন সাগুহিক ছটি এবং ৩০ মিনিটের কর্মবিরতি ভোগ করিতে পারে। তরুণ ও কিশোর চাকুরেদের কর্মসংক্রান্ত আরও বিধিনিষেধ আরোপের কথা কর্তৃপক্ষের বিবেচনায় রহিয়াছে। এইসব বিধিনিষেধের মধ্যে রহিয়াছে, ১, কর্মদিবস আট ঘণ্টা এবং কর্মসপ্তাহ ৪০ ঘণ্টার মধ্যে সীমিত করা; ২. মধ্যরাত হইতে ভোর ৪টা পর্যন্ত নৈশ চাকুরির উপর বিধিনিষেধ; ৩, রাত ১০টা হইতে সকাল ৬টা পর্যন্ত কিংবা রাত ১১টা হইতে সকাল ৭টা পর্যন্ত নৈশ চাকুরির উপর বিধিনিষেধ।

child in need দৃষ্থ শিত দুরবস্থাহেতু যেসব শিত ইংল্যান্ডে স্থানীয় কর্তৃপক্ষের বিশেষ রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থার মুখাপেক্ষী। যেসব শিত প্রতিবন্ধী এবং যেসব শিত বিশেষ সেবা ও পরিচর্যা ছাড়া স্বাস্থ্যের ও জীবনবিকাশের যথোপযুক্ত মান বজায় রাখিতে সমর্থ নহে, তাহারা ইংল্যান্ডের ১৯৮৯ সালের শিত আইন-অনুসারে এই শ্রেণীভূক।

child protection in divorce বিচ্ছিন্নবিবাহ পিতামাতার শিশুসন্তানের সংরক্ষণ বিচ্ছিন্নবিবাহ পিতামাতার শিশুসন্তানের সংরক্ষণের জন্য প্রণীত আইনি বিধিসমূহ। অতীতে বিচ্ছিন্নবিবাহ পিতামাতার সন্তান-সন্ততির রক্ষণাবেক্ষণ ও দেখাসাক্ষাতের সম্বন্ধে আদালত যথারীতি আদেশ জারি করিতেন। ইংল্যান্ডে ১৯৮৯ সালের শিশু আইনে অবশ্য এ ব্যাপারে হস্তক্ষেপ না করিবার একটি প্রাক্ত্পতায় সন্নিবিষ্ট করা ইইয়াছে অর্থাৎ এক্ষেত্রে আদালত ধরিয়া লইবেন যে, পিতামাতা নিজেদের সন্তানের জন্য নিজস্ব ব্যবস্থা করিতে সমর্থ। প্রয়োজন হইলেই— যেমন, পিতামাতার মধ্যে এআইন-শবক্ষের ১১১

ব্যাপারে মতানৈক্য হইলে— কেবল আদালত আদেশ দিবেন। পরিবারের শিতদের অনুক্লে আর্থিক সংস্থান, সম্পত্তির সমন্বয়ের ব্যবস্থা এবং কল্যাণসাধনে হকুম জারি করিবার বিবাহবিচ্ছেদ-সংক্রান্ত আদালতে ব্যাপক ক্ষমতা রহিয়াছে। বিবাহবিচ্ছেদের মামলা চলাকালে আদালত সন্তানসন্ততিদের প্রযত্ন ও তত্ত্বাবধানের জন্য কোনো আদেশ দিতে পারেন না। তবে, মামলার নিম্পত্তি হওয়ার পূর্বেই যদি আদালত সন্তানের কল্যাণ লইয়া ভাবিত হন, তাহা হইলে আদালত সন্তানের অবস্থা সম্পর্কে অনুসন্ধান করিবার জন্য স্থানীয় কর্তৃপক্ষকে নির্দেশ দিতে পারেন। ইহার উদ্দেশ্য, আদালতের হস্তক্ষেপ প্রয়োজনীয় কিলা, তাহা নির্ধারণ করা।

children's guardian শিতদের অভিভাবক একটি নাবালকের স্বার্থঘটিত (যেমন, দত্তক বা পোষ্য গ্রহণ অথবা পরিচর্যাবিষয়ক) মামলায় নাবালকের স্বার্থরকার্থে আদালতকর্তৃক নিযুক্ত ব্যক্তি (পূর্বে মামলাকালীন অভিভাবকরণে অভিহিত)। তাঁহারা অবশ্যই নিশ্চিত করিবেন যে, আদালতের সামনে যেসব পথ খোলা রহিয়াছে, সেইতলি সম্পূর্ণ তদন্ত করিয়া দেখা হইয়াছে। তবে একটি শিশু নিজের কথা উকিলকে বুঝাইয়া দিতে সমর্থ বলিয়া মনে হইলে সে তাহা করিতে পারে, এমন কি যদি তাহা অভিভাবকের স্বার্থবিরোধীও হয়।

child support maintenance শিতর ভরণপোষণ ইংল্যান্ডের আইন-অনুসারে পিতা এবং মাতার মধ্যে যিনি সন্তানের সঙ্গে বসবাস করেন না, তাঁহাকে অবশ্যই সন্তানের ভরণপোষণের জন্য রক্ষণাবেক্ষণকারী পিতা বা মাতাকে কিংবা যাঁহার সঙ্গে বসবাস করিবার জন্য সন্তানটি আদালতের নির্দেশনামা পায়, সেই ব্যক্তিকে একটি নির্দিষ্ট অঙ্কের অর্থ দিতে হয়। এক্ষেত্রে বিবাহিত পিতামাতা ও অবিবাহিত পিতামাতার মধ্যে কোনো পার্থক্য করা হয় না। মুসলিম ও হিন্দু আইন-অনুসারে সন্তানের ভরণপোষণের বিধানের জন্য maintenance দ্র.।

child witness শিত সাক্ষী আদালতে সাক্ষ্য দিতে হইলে শপথ গ্রহণ করিতে হয়।
কম বয়সের কারণে যে-শিতর পক্ষে এই শপথের প্রকৃতি উপলব্ধি করা সম্ভবপর নহে,
ইংল্যান্ডে সে দেওয়ানি মামলায় উপযুক্ত সাক্ষী নহে, যদিও ফৌজদারি মামলায়
অনুরূপ অল্পবয়সীকে শপথহীন সাক্ষ্যদানের অনুমতি দেওয়া হয় । সাক্ষ্যদানে
অযোগ্যতার কোনো সর্বনিম্ন বয়ঃসীমা নির্ধারণ করা হয় নাই । কিত্তু অল্পবয়সের
কারণে সাক্ষ্য দিতে শিতু যোগ্য কি অযোগ্য, তাহা নির্ধারণ করিবার এথতিয়ার
বিচারকের রহিয়াছে । শিতদের ক্ষেত্রে তিভিও সাক্ষ্য দেওয়ার বিশেষ নিয়ম রহিয়াছে ।
শিতসংশ্রিষ্ট যৌন অপরাধ অথবা শিতুর উপর হামলাজনিত মামলায় তিভিও-যোগে
১৪ বছরের কমবয়সী শিতু সাক্ষ্য দিতে পারে । কিত্তু অল্পবয়সের কারণে সে
ভালোমতো সাক্ষ্য দিতে পারিবে কিনা তাহা নির্ধারণ করা বিচারকের এথতিয়ারভূত্ত ।

যখন সাক্ষ্যে শিশুর পূর্বধারণকৃত বিবৃতি ব্যবহার করা হয়, তখন যে-সাক্ষাৎকার হইতে তাহা রেকর্ড করা হইয়াছে তাহা এক ঘণ্টার বেশি স্থায়ী হইতে পারিবে না এবং শিশুকে কোনো ইন্দিতবহ প্রশ্ন করা যাইবে না। ভিডিওতে ধারণকৃত সাক্ষ্যের ক্ষেত্রে জেরা করা যায় না এবং তাহা জীবন্ত সাক্ষ্যের গুরুত্ব বহন করে না। সাক্ষ্য আইনের ১১৮ ধারা-অনুসারে, সকল ব্যক্তি সাক্ষ্যপ্রদানের যোগ্য, যদি না আদালত মনে করেন যে, তাহারা অল্পবয়স, বার্ধক্য, দৈহিক বা মানসিক ব্যাধি বা অনুরূপ অন্য কোনো কারণে জিজ্ঞাসিত প্রশ্ন বুঝিতে কিংবা সেই প্রশ্নের যুক্তিসংগত উত্তর দিতে অক্ষম।

chip n. চিপ বি. তাপ বা বিদ্যুৎ পরিবাহী অর্ধবৃত্তবিশেষ যাহা অঙ্গীভূত হইয়া একটি সম্পূর্ণ পরিক্রম গঠিত হয়। একটি জটিল ইলেকট্রনিক বর্তনী বহনের জন্য ব্যবহৃত কোনো অর্ধপরিবাহী পদার্থের একটি অতিক্ষুদ্র খণ্ড।

chita n. চিটা বি. ১. জরিপের সময়ে প্রস্তুত ম্যাপের খসড়া। ২. কোনো ক্ষুদ্র বিচ্ছিন্ন এলাকার ভূমির পরিমাণ, রকম, ইত্যাদির পূর্ণ বিবরণ।

choice n. পছন্দ, বাছাই, নির্বাচন বি. দুইটি বিকল্পের মধ্যে নির্বাচন। পছন্দ বলিতে বঝায় দুই বা ততোধিক বস্তুর মধ্যে বাছাই করিবার ক্ষমতা। বিকল্প না থাকিলে পছন্দ করা সম্ভবপর নয়। সম্পত্তি-হস্তান্তর আইনের ৩৫ ধারা-অনুসারে, যে-ক্ষেত্রে কোনো ব্যক্তি এমন কোনো সম্পত্তি হস্তান্তর করিতে চান, যাহা হস্তান্তর করিবার কোনো অধিকার তাঁহার নাই এবং একই লেনদেনের অংশ হিসাবে উক্ত সম্পত্তির মালিককে কোনো সুবিধা দান করেন, সেক্ষেত্রে মালিককে অবশ্যই হস্তান্তর অনুমোদন করিতে হইবে অথবা উহাতে অসম্মতি জ্ঞাপন করিতে হইবে; অসম্মতি জ্ঞাপন করিলে মালিক তাঁহাকে প্রদন্ত সুবিধা পরিত্যাগ করিবেন এবং এইরূপ সুবিধা দাতা বা তাঁহার প্রতিনিধির নিকট ফিরিয়া যাইবে ও উহা কথনও হস্তান্তর করা হয় নাই বলিয়া গণ্য হইবে। তবে, যে-ক্ষেত্রে হস্তান্তর পণবিহীন, নির্বাচনের পূর্বে দাতার মৃত্যু ঘটিয়াছে বা দাতা অন্য কোনোভাবে পুনরায় হস্তান্তর করিতে অক্ষম হইয়া পড়িয়াছেন, এবং যে-সমন্ত ক্ষেত্রে হস্তান্তরের দরুন পণ গ্রহণ করা হইয়াছে, সে-সমন্ত ক্ষেত্রে উপরিউক্ত সুবিধার মধ্য হইতে গ্রহীতাকে তাঁহার নিকট যে-সম্পত্তি হস্তান্তরের প্রস্তাব করা হয়য়ছিল, তাহার মূল্য দিয়া ক্ষতিপূরণ করিতে হইবে।

chose n. বস্তু বি. বস্তু দৃইপ্রকার: ১. যাহা স্পর্শযোগ্য এবং সত্যকারভাবে দখল ও ভোগ করা যায়। যেমন, বই, আসবাবপত্র ইত্যাদি (chose in possession)। ২. নালিশযোগ্য বস্তু যাহা আইনি ব্যবস্থাগ্রহণের মাধ্যমে কার্যকর হয়। ইহা একটি অধিকার। যেমন, ঋণ পুনরুদ্ধার করিবার অধিকার (chose in action)।

chowkidar n. চৌকিদার বি. গ্রাম পাহারাদার। চৌকিদারকে বর্তমানে গ্রামপুলিশও বলা হয়। চৌকিদার ইউনিয়ন পরিষদের অধীনস্থ একজন কর্মচারী। Christian Law

Christian Law খ্রিষ্টান আইন ১৮৭২ সালের খ্রিষ্টান আইন, ১৮৬৯ সালের বিবাহ-বিচ্ছেদ আইন এবং ১৯২৫ সালের উত্তরাধিকার আইন দ্বারা খ্রিষ্টান সম্প্রদায়ের বিবাহ, বিবাহবিচ্ছেদ ও উত্তরাধিকার নিয়ন্ত্রিত হয়। বাংলাদেশের মুসলমান ও হিন্দুদের বিবাহ ও উত্তরাধিকারের বিষয়গুলি তাঁহাদের নিজ নিজ ধর্মগ্রন্থের বিধানদ্বারা নিয়ন্ত্রিত, ^{যদিও} এইগুলি রাষ্ট্রীয় আইনে কিছুটা পরিবর্তিত হইয়াছে।

- c. i. f. মূল্য, বিমা ও পরিবহণ-ভাড়া cost, insurance, freight দ্র. ।
- cinematographic picture চলচ্চিত্র ২০০০ সালের কপিরাইট আইনের ২(১৪) ধারা-অনুসারে, যে-কোনো মাধ্যমে অবধারিত দৃষ্টিগ্রাহ্য প্রতিচ্ছবিসমূহের অনুক্রম যাহা হইতে চলমান ছবি তৈরি করা যায় এবং যাহা শব্দরেকর্ড সহযোগে দৃষ্টিগ্রাহ্য রেকর্ড অন্তর্ভুক্ত করে। চলচ্চিত্র বলিতে ভিডিও ছবিসহ ক্যাসেট, ভিডিও, সি. ডি., এল. ডি., ইন্টারনেট, কেবল্ নেট-ওয়ার্ক এবং ভবিষ্যতে চলচ্চিত্রের অনুরূপ কোনো মাধ্যমে তৈরি করা যায় এমন কর্মকে বুঝাইবে।
- circle chief সার্কেন চিফ চাকমা রাজা বা বোমাং রাজা বা মং রাজা।
- circular letter of credit ভ্রাম্যমাণ ঋণপত্র যে-ঋণপত্র প্রদানকারী ব্যাংক তাহার বিদেশস্থ শাখা বা প্রতিনিধিকে উদ্দেশ্য করিয়া ইস্যু করে।
- circular note আম্যমাণ চিঠা যে-প্রতায়পত্রে ইস্যুকারী ব্যাংক কোনো নির্দিষ্ট ব্যক্তিকে নির্দিষ্ট পরিমাণ অর্থ শ্রদানের জন্য ইহার বিদেশস্থ কোনো শাখা বা প্রতিনিধিকে নির্দেশ প্রদান করে।
- circulating capital ব্যাবর্ডক মূলধন, পরিচল মূলধন কোনো ব্যবসা-প্রতিষ্ঠানে সাধারণ ব্যবসাক্রমে কাঁচামাল ক্রয়, কর্মচারীদের পারিশ্রমিক এবং অন্যান্য চলতি ব্যয় নির্বাহের জন্য যে-অর্থ সরবরাহ করা হয়। capital দ্র.।
- circumstantial evidence পারিপার্শ্বিক অবস্থাগত প্রমাণ যে-পারিপার্শ্বিক সাক্ষ্যপ্রমাণ হইতে বিচারক বা জুরি মামলাঘটিত কোনো ঘটনার অন্তিত্ব-বিষয়ে অনুমান করিয়া সিদ্ধান্তে আসিতে পারেন। তবে ইহা সরাসরি ঘটনার অন্তিত্ব প্রমাণ করে না। নজির-আইনে পারিপার্শ্বিক সাক্ষ্যপ্রমাণকে প্রাসঙ্গিক (এবং সে কারণে গ্রহণযোগ্য) বলা হইয়াছে, তবে প্রমাণ হিসাবে ইহার মূল্য কম। direct evidence তু.।
- citation n. উল্লেখ বি., বিচ্ছপ্তি-জারি ১. কোনো নজির বা প্রামাণ্য গ্রন্থের উল্লেখ।

 ২. ইংল্যান্ডে ইচ্ছাপত্র-প্রমাণক নিবন্ধন দফতরে (Probate Registry Office)
 ইচ্ছাপত্র-প্রমাণকারী নির্বাহক (executor) কর্তৃক তাঁহার বরাবরে ইচ্ছাপত্রটির
 প্রমাণকৃত প্রত্যয়নপত্র প্রদান-বিষয়ে কাহারো আপন্তি থাকিলে তাঁহাকে আহ্বানপূর্বক

r) civil court

জারিকৃত বিজ্ঞপ্তি। বাংলাদেশে উত্তরাধিকার আইনের ২৮৩ ধারা-অনুসারে, ইচ্ছাপত্র-প্রমাণক অথবা প্রশাসনপত্র প্রদানের পূর্বে মৃত ব্যক্তির সম্পত্তিতে স্বার্থবান সকল বাজিকে বিজ্ঞপ্তি প্রদান করিতে হয়। ৩. কোনো ব্যক্তিকে আদালতে হাজির হইবার পরওয়ানা।

itizen's arrest নাগরিককর্তৃক শ্রেপ্তার পুলিশ-কর্মকর্তা ব্যতীত যে-কোনো নাগরিক কর্তৃক অপরাধীকে গ্রেপ্তার। এইরকম গ্রেপ্তার আইনসিদ্ধ। ফৌজদারি কার্যবিধির ৫৯ ধারা-অনুসারে যে-কোনো সাধারণ নাগরিক তাঁহার দৃষ্টির মধ্যে জামিনের অযোগ্য ও আমলযোগ্য অপরাধকারী ব্যক্তিকে গ্রেপ্তার করিতে পারেন, তবে তিনি অনাবশ্যক বিলম্ব না করিয়া উক্ত ব্যক্তিকে পুলিশে অর্পণ করিবেন। এতৎসহ arrest ও arrestable offence দে।

citizenship n. নাগরিকত্ব বি. কোনো রাষ্ট্রের প্রজা বা নাগরিক বলিয়া আইনি স্বীকৃতি। নাগরিকত্ব জাতীয়তা হইতে স্বতন্ত্র। নাগরিকত্ব দেশের অভ্যন্তরীণ আইনদারা নির্ধারিত হয়। সংবিধানের ৬ অনুচ্ছেদ-অনুসারে, (১) বাংলাদেশের নাগরিকত্ব আইনের দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত হইবে। (২) বাংলাদেশের নাগরিকগণ বাংলাদেশী বলিয়া পরিচিত হইবেন। জন্মসূত্রে নাগরিকের স্থায়ী নিবাস আদি স্থায়ী নিবাস সদৃশ, যাহা পছন্দ বা স্বাধীন মতপ্রকাশের উপর নির্ভর করে না। আইনি প্রক্রিয়ায় জনুসূত্রে ইহা প্রাপ্য বা প্রদত্ত হয়। ইহার বিরুদ্ধে সুপ্রভাবী সাক্ষ্যপ্রমাণের প্রয়োজন রহিয়াছে যে, জন্মসত্রের নিবাস ত্যাগ করিয়া সংশ্রিষ্ট ব্যক্তি ভিন্ন কোনো দেশে স্থায়ী নিবাস গ্রহণ করিয়াছেন। দেশের উচ্চ আদালত সাধারণত নাগরিকত্ রক্ষণ করিবার পক্ষে এবং তাহা বিনষ্ট করিবার বিপক্ষে আইনের ব্যাখ্যা দিয়া থাকেন। সংবিধানে সংরক্ষিত বেশির ভাগ অধিকার নাগরিকত্তের উপর নির্ভর করে। ১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশে বাংলাদেশ নাগরিকত্ব (অস্থায়ী বিধানাবলি) আইনে নাগরিকত্ব দাবি করিবার জন্য প্রয়োজনীয় বিধান রহিয়াছে। ১৯৫১ সালের নাগরিকত্ব আইন-অনুসারে একজন ব্যক্তি ১৫ ডিসেম্বর ১৯৭২ বা তাহার পরে জন্ম বা উত্তরাধিকারের ভিত্তিতে নাগরিকত দাবি করিতে পারেন। Banaladesh v. Professor Golam Azam 46 DLR (AD) 192 ব্. ।

civil court দেওয়ানি আদালত যে-আদালত ফৌজদারি মামলার নহে, কেবল দেওয়ানি মামলার বিচারকার্য প্রয়োগ করিয়া থাকেন। ইংল্যান্ডে মুখ্য দেওয়ানি আদালতের মধ্যে রহিয়াছে কাউন্টি বা জেলা কোর্ট এবং হাইকোর্ট। ম্যাজিস্ট্রেট কোর্টের সীমিত দেওয়ানি বিচারকার্যের ক্ষমতা রহিয়াছে, বিশেষত বিবাহসংক্রান্ত মামলার বিষয়ে। বাংলাদেশে সহকারী জজ, সিনিয়র সহকারী জজ, যুগ্ম সহকারী জজ, অতিরিক্ত জেলা জজ ও জেলা জজ আদালত এবং সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ নামক দেওয়ানি আদালত রহিয়াছে।

civil death ১৮২

civil derth সামাজিক মৃত্যু ১. অপরাধী সাব্যন্ত, সমাজ হইতে বহিছ্ বা সংসারং ্যাগের জন্য আইনগত নাগরিক অধিকার যথা ভোটাধিকার, উত্তরাধিকার, চুক্তির অধিকার বা আইনের আশ্রয়লাভের অধিকার হইতে বঞ্চনা। কোনো কোনো দেশে যাবজ্জীবন কারাদণ্ডের ফলে ভোটাধিকার বা সরকারি পদগ্রহণের অধিকার হারাইতে হয়। ২. যেখানে কোনো কর্পোরেশন বা সংস্থা আনুষ্ঠানিকভাবে অঙ্গিয়া দেওয়া হয় বা দেউলিয়া ঘোষিত হয় এবং তাহার সম্পদ-পরিসম্পৎ কেবল শেয়ারহোন্ডারদের বা পাওনাদারদের উপকারার্থে পরিচালিত হয়, তখন অনুরূপ সংস্থার মৃত্যু ঘটিয়াছে বলিয়া বিবেচিত হয়।

- civil defence অসামরিক প্রতিরক্ষা আপৎকালে ও দুর্যোগে, বিশেষ করিয়া যুদ্ধের সময়ে, অসামরিক অর্থাৎ সাধারণজনের রক্ষার্থে ও সাহায্যার্থে জনহিতকর কর্তব্যপালনের অভিপ্রায়ে স্থাপিত প্রতিষ্ঠান বা সংঘ।
- civil law দেওয়ানি আইন ১. আন্তর্জাতিক আইনের বিপরীতে যে-কোনো বিশেষ রাষ্ট্রের আইন। ইহাকে সাধারণত দেশীয় আইন বলা হয়। ২. রোমান আইন। ৩. রোমান আইনভিত্তিক একটি ব্যবস্থা। ইহা ইংল্যান্ডে প্রথাগত সাধারণ আইনব্যবস্থা হইতে স্বতন্ত্র। ৪. ফৌজদারি আইন, প্রশাসনিক আইন, সামরিক আইন ও ধর্মীয় আইনের বিপরীতপক্ষে দেওয়ানি ও প্রাতিজনিক আইন।
- civil liability contribution দেওয়ানি দায়ের অংশপ্রদান একই ক্ষতির জন্য দায়ী ব্যক্তিদের যে-কোনো একজনের নিকট হাইতে অপরজন কর্তৃক তাঁহার দায়িতার অংশস্বরূপ ক্ষতিপূরণের অর্থ চাহিবার অধিকার। দুই বা ততােধিক ব্যক্তি একই ক্ষতিসাধনের জন্য অভিযুক্ত হইলে, ক্ষতিগ্রন্ত ব্যক্তি উক্ত ব্যক্তিদের যে-কাহারাে নিকট হইতে পূর্ণ ক্ষতিপূরণ পাইবার অধিকারী। অন্যায়কারী ব্যক্তি (যাঁহার বিরুদ্ধে মামলা করা হইয়াছে) অতঃপর অন্য অন্যায়কারীদের নিকট ক্ষতিপূরণের অংশ দাবি করিতে পারেন। ক্ষতিসাধনের সহিত জড়িত ব্যক্তিদের দায়িত্রের কথা বিবেচনা করিয়া আদালত যথার্থ ও ন্যায়বিচারপূর্ণ বিবেচনার ভিত্তিতে ক্ষতিপূরণের অংশের পরিমাণ নির্ধারণ হারেন।
- civil liberty নাগরিক স্বাধীনতা সরকারের অনুচিত হস্তক্ষেপ বা নিয়ন্ত্রণ হইতে মুক্তি। ইহার দারা সাধারণত বাক্স্বাধীনতা ও ধর্মীয় স্বাধীনতা বুঝানো হয়। ইহা civil rights নামেও পরিচিত।
- civil prison দেওয়ানি কয়েদ বা কারাগার দেওয়ানি কয়েদ বা কারাগার বলিতে জেলখান। বুঝায়, আদালত-ভবন বুঝায় না। আদালত-ভবনে আটক করাকে দেওয়ানি কারাগারে আটক বলা যাইবে না। দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ৩৭ ইইতে ৪০ নিয়মে দেওয়ানি কারাগারে আটক রাখা সম্পর্কে বিধান বর্ণিত হইয়াছে।

אלס civil service

উক্ত আদেশের ৩৯ নিয়মের ২ উপনিয়ম-অনুসারে, যে-ক্ষেত্রে ডিক্রিজারির জন্য সাবান্ত দেনাদারকে দেওয়ানি কারাগারে সোপর্দ করা হয়, সেক্ষেত্রে আদালত তাঁহার খোরপোশের জন্য এই আইনের ৫৭ ধারায় বর্ণিত হারে মাসিক ভাতা নির্ধারণ করিবেন; যে-ক্ষেত্রে এইরপ কোনো হার নির্ধারণ না হইবে সেক্ষেত্রে দেনাদারের সামাজিক শ্রেণী বিবেচনায় আদালত উপযুক্ত ভাতা নির্ধারণ করিবেন। ৩ উপনিয়মে বলা হইয়াছে যে, যে-পক্ষের আবেদনক্রমে সাব্যন্ত দেনাদারকে গ্রেণ্ডার করা হয়, আদালতের নির্ধারিত মাসিক ভাতা সেই পক্ষকেই বহন করিতে হইবে এবং প্রত্যেক মাসের প্রথম তারিখের পূর্বেই উক্ত টাকা অগ্রিম জমা দিতে হইবে। দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশের ২(৩) নিয়মে বলা হইয়াছে যে, নিষেধাজ্ঞা-জারিকারক আদালত নিষেধাজ্ঞা-খেলাফকারীর সম্পত্তি ক্রোক করিতে পারিবেন এবং উক্ত ব্যক্তিকে অনধিক ছয়মাস (যদি ইতিমধ্যে আদালত তাঁহার মুক্তির নির্দেশ না দেন) পর্যন্ত দেওয়ানি কয়েদে আটক রাখার আদেশ দিতে পারেন।

Civil Procedure Code দেওয়ানি কার্যবিধি ১৯০৮ সালের দেওয়ানি কার্যবিধিতে দেওয়ানি আদালতের মাধ্যমে নিম্পত্তিযোগ্য মোকদ্দমার ধরন, বিভিন্ন শ্রেণীর দেওয়ানি আদালতের এখতিয়ার, দেওয়ানি মোকদ্দমার কার্যপ্রণালি, আপিল রিভিশন বা পর্যালোচনা, পুনরীক্ষণ ইত্যাদি সম্পর্কে আইন, আদেশ ও বিধি লিপিবদ্ধ কর ইইয়াছে।

civil remedy দেওয়ানি প্রতিকার remedy দ্র.।

civil rights নাগরিক অধিকার দেশের আইনের বলে নাগরিকেরা যে-অধিকার ভোগ করিতে পারেন। জীবন, স্বাধীনতা ও নিরাপত্তার অধিকার, আইনকর্তৃক সমভাবে রক্ষিত হইবার অধিকার, ন্যায়বিচার লাভের অধিকার, স্বাধীনভাবে চলাফেরার এবং দেশের যে-কোনো স্থানে বসবাসের অধিকার, সম্পত্তির অধিকার, বাক্-স্বাধীনতা, বিবেক ও ধর্মীয় স্বাধীনতার অধিকার প্রভৃতি নাগরিক অধিকারের অন্তর্ভূক। বাংলাদেশের সংবিধানের তৃতীয় ভাগে মৌলিক অধিকারের যে-বিধানাবলি রহিয়াছে, তাহাতে পৌর ও রাজনৈতিক অধিকারসহ নাগরিকের সকল প্রকার অধিকারের উল্লেখ করা হইয়াছে।

civil service অসামরিক সরকারি কর্ম সরকারি নীতি বান্তবায়নের জন্য সৃষ্ট রাষ্ট্রীয় কর্ম। এই কর্মে নিযুক্ত কর্মকর্তারা সরকারের বিভিন্ন বিভাগের (প্রশাসন, শিক্ষা, স্বাস্থ্য, অর্থ, যোগাযোগ, পররাষ্ট্র, স্বরাষ্ট্র ইত্যাদি) প্রশাসনিক ও নির্বাহী দায়িত্ব পালন করিয়া থাকেন এবং বিধি-অনুযায়ী রাষ্ট্রীয় কোষাগার হইতে বেতন ভাতাদি পাইয়া থাকেন। প্রতিরক্ষা বাহিনীর অর্থাৎ স্থল, নৌ ও বিমান বাহিনীর কর্মকর্তারা ইহার অন্তর্ভুক্ত নহেন। সংযুক্ত তহ্ববিল হইতে বাহাদের বেতন বা পারিশ্রমিক এবং ভাতাদি দেওয়া হয় তাহারা ইহার অন্তর্ভুক্ত নহেন।

civil wrong 568

civil wrong দেওয়ানি অপকৃত্য, পূরণযোগ্য ক্ষতি কোনো ব্যক্তির যে-সকল অধিকার লজ্ঞিত হইলে তিনি ক্ষতিপূরণ অথবা অন্য কোনো দেওয়ানি প্রতিকার দাবি করিতে পারেন। পূরণযোগ্য ক্ষতি, চুক্তিভঙ্গ ইত্যাদি এইরপ অপকৃত্য।

- claim n. দাবি বি. কোনো অপকৃত্যের প্রতিকার দাবি কিংবা কোনো অধিকার দাবি। এই শব্দটি কতিপয় মামলার আরজি বা জবাবে ব্যবহৃত হয়। যেমন, দাবির বিবরণী। এতৎসহ claim form দ্র.।
- claimant n. দাবিদার বি. মামলা-মোকদ্দমা, আরজি অথবা অন্য যে-কোনো উপায়ে আদালতের প্রতিকারপ্রার্থী। এতৎসহ plaintiff ও defendant দ্রি.।
- claim form দাবিনামা বি, ইংল্যান্ডে দেওয়ানি মামলায় বাদী ও বিবাদীর পরিচয় এবং প্রার্থিত প্রতিকারের বিস্তারিত বিবরণ-সংবলিত আনুষ্ঠানিক লিখিত বিবৃতি। দাবিনামায় দাবির বিস্তারিত বিবরণ থাকিতে পারে, আবার অনুরূপ বিবরণ আলাদাভাবেও দেওয়া যায়।
- claim in the nature of defence আত্মপক্ষসমর্থনস্বরূপ দাবি প্রতারণাহেতু চুক্তি
 নাকচ করা হইলে, নাকচকারী পক্ষ চুক্তি-অনুযায়ী যে-সকল সুবিধা প্রাপ্ত হইয়াছেন,
 তাহা বিবাদীকে ফেরত দিতে বাধ্য। বিবাদী আবেদন না করিলেও আদালতের উচিত
 এইরূপ প্রত্যর্পণের জন্য আদেশ প্রদান করা। বিবাদীর এইরূপ দাবি
 আত্মপক্ষসমর্থনমূলক, যেহেতু দাবি আদায়ের নিমিত্ত তিনি একটি পৃথক মামলা রুজু
 করিতে পারেন না।
- claim of privilege বিশেষ অধিকার দাবি privilege দ্র.।
- class action শ্রেণী-মোকদ্দমা মামলাবিশেষ, যাহাতে কোনো একক ব্যক্তি বা একটি ছোট দল একটি বৃহত্তর গোষ্ঠীর স্বার্থের প্রতিনিধিত্ব করে।
- class rights শেয়ারের শ্রেণী-অধিকার কোনো বিশেষ ধরনের শেয়ারের (যেমন, অগ্রাধিকার শেয়ার) সঙ্গে সম্পৃক্ত অধিকার। প্রতিভৃস্থানীয় শ্রেণী-অধিকারগুলি কোম্পানির লভ্যাংশপ্রাপ্তি, মূলধন ফেরত পাওয়া বা কোম্পানির পরিচালনা-পর্বদে পরিচালক নিয়োগ ইত্যাদির সঙ্গে সম্পর্কিত। ইংল্যান্ডে শ্রেণী-অধিকার পরিবর্তন করা যাইতে পারে কেবল কোম্পানির গঠন-সংক্রান্ত দলিলাদির একটি ধারা-অনুযায়ী কিংবা ১৯৮৫ সালের কোম্পানি আইন দ্বারা যে-শ্রেণী ক্ষতিগ্রস্ত হইয়াছেন, তাঁহাদের সম্বতিক্রমে। ক্ষতিগ্রস্ত শ্রেণীর যে-সকল শেয়ারধারী পরিবর্তনে সম্বত নহেন, তাঁহার ২১ দিনের মধ্যে উক্ত পরিবর্তন বাতিল করিবার জন্য আদালতে আবেদন করিতে পারেন। বাংলাদেশে ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৭১ ধারা-অনুসারে শেয়ারের শ্রেণী-অধিকার পরিবর্তন করা যায়।

lause n. দকা বি. প্রথমদিকে closing বা termination অর্থে ব্যবহৃত হইত। পরবর্তীকালে ইহার অর্থ পরিবর্তিত হইতে থাকে। ১. একটি দলিলের উপরিভাগবিশেষ। লিখিত চুক্তির একটি দফায় চুক্তির একটি শর্ত বা বিধান উল্লিখিত থাকে। দফাগুলি সাধারণত এক দুই করিয়া ক্রমান্ত্রয়ে সংখ্যায়িত করা হয়। উপদফা নিম্নরীতিতে লেখা হইতে পারে— যেমন, ১.১, ১.১.১ ইত্যাদি। ২. আইনের একটি অনুচ্ছেদের অংশবিশেষ।

Clayton's case ক্রেটনের মামলা কোনো গ্রাহকের একাধিক হিসাবে ঋণ থাকিলে তিনি অর্থ জমাদানের সময়ে যদি কোনো নির্দিষ্ট হিসাবে রাখার নির্দেশ প্রদান না করেন, তবে ওই অবস্থায় ব্যাংকার নিজের সুবিধামতো তাহা গ্রাহকের যে-কোনো হিসাবে জমা রাখিতে পারেন। কিন্তু গ্রাহক অর্থ জমা করিয়া নির্দিষ্ট কোনো হিসাবের বিপরীতে কোনো চেক ব্যবহার (জ্র) করিলে এবং তাহা অন্য কোনো হিসাবে জমা করিয়ার জন্য গ্রাহকের চেক ফেরত দেওয়া হইলে গ্রাহক তাহার জন্য ক্ষতিপূরণ দাবি করিতে পারেন। এই ধরনের বিষয়ে সঠিক প্রয়োগনীতি ক্রেটনের মামলা রায়ে পরিষারভাবে উল্লেখ করা হইয়াছে।

clean bill of lading নিষ্কৃতিক বহনপত্রে যে-বহনপত্রের প্রান্তদেশে উহাতে লিপিবদ্ধ কথাগুলিকে বিশেষায়িত করিয়া কিছু লেখা হয় নাই। একটি বহনপত্রের প্রান্তদেশে যদি লিখিত হয় যে, ওজন বা গুণমান বা পরিমাণ অজ্ঞাত, তাহা হইলে উহা নিষ্কৃতিক বহনপত্র হইবে না, যেহেতু উহাতে একটি বিশেষ মন্তব্য লিখিত হইয়াছে। পক্ষান্তরে, কোনো বহনপত্রের প্রান্তদেশে এইরূপ কোনো বিশেষ মন্তব্য না থাকিলে, উহা একটি নিষ্কৃতিক বহনপত্র হইবে। bill of lading দ্র.।

clean hands পরিষার মন ন্যায়পরতা আইনের একটি প্রবচন। ন্যায়বিচারের দাবিদারকে অবশ্যই পরিষ্কার মন লইয়া আসিতে হইবে অর্থাৎ কোনো ব্যক্তি যদি ন্যায়বিচার দাবি করিয়া থাকেন, তাহা হইলে তাঁহার দাবিতে প্রতারণার বা মিধ্যাচারের লেশমাত্র থাকিবে না। দৃষ্টান্ত হিসাবে, যে-ব্যক্তি চুক্তি কার্যকর করিতে চাহেন, তিনি অবশ্যই চুক্তিভঙ্গের সহিত জড়িত থাকিবেন না।

clearance n. ছাড়পত্র বি. ১. পণ্যবাহী জাহাজ গুৰুসংক্রান্ত পালনীয় শার্তাবলি পালন করিয়াছে, এই মর্মে স্বীকৃতিসূচক প্রত্যয়নপত্র। ২. কোনো বিশেষ লেনদেনের ক্ষেত্রে কোনো বিশেষ বিধান প্রযোজ্য নহে বলিয়া কর-কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত একটি নির্দেশনা। কোনো কোনো ক্ষেত্রে সংবিধি দ্বারা ইহার পদ্ধতি বিধিবদ্ধ করা হইয়াছে।

clear and present danger doctrine স্পষ্ট ও বিদ্যমান বিপদ নীতি মার্কিন যুক্তরাষ্ট্রে মোকদ্দমায় সর্বপ্রথম সূত্রবদ্ধ, সাংবিধানিক আইন্ঘটিত, একটি নীতিবিশেষ। এই নীতি-অনুযায়ী, সরকার যে-সকল স্বার্থ আইনসম্মতভাবে রক্ষা করিতে পারেন, উহাদের প্রতি গুরুতর ও অব্যবহিত বিপদ নিবারণার্থে, প্রয়োজন হইলে, যুক্তরাষ্ট্রের সংবিধানের প্রথম সংশোধনীতে কথিত বাক্ ও সংবাদপত্রের স্বাধীনতার উপর আরোপিত সরকারি বিধিনিষেধগুলি সমুনুত রাখা যাইতে পারে।

- clearing agent ক্লিয়ারিং এজেন্ট, নিকাশকারী নিয়োগী যে-ব্যক্তি বা যে-কোম্পানি কোনো প্রাতিভাব্যের (securities) লেনদেনে মধ্যস্থ হিসাবে কাজ করেন কিংবা প্রাতিভাব্যের লেনদেন সম্পর্কে উপান্ত ভুলনা করিবার সুযোগসুবিধা প্রদান করেন। যে-নিয়োগী বা প্রতিনিধি বন্দর হইতে শুদ্ধ পরিশোধ করিয়া আমদানি করা পণ্য ছাড়ে সহায়তা করেন।
- clear letter of credit পরিচ্ছন ঋণপত্র যে-ঋণপত্রে রপ্তানি-সংক্রান্ত দলিলপত্রাদি উপস্থাপন ছাড়াই বিনিময়-বিল পরিশোধের নিশ্চয়তা প্রদান করা হয়।
- client n. মক্কেল বি. যে-ব্যক্তি নিজের বা অন্য কাহারো পক্ষে মামলা প্রয়োগ করিবার জন্য আইনজীবী নিযুক্ত করেন। আইনজীবী ও মক্কেলের মধ্যে সম্পর্ক পারম্পরিক আস্থাভিত্তিক এবং তাঁহাদের দুইপক্ষের মধ্যে অন্য যে-কোনো ধরনের লেনদেন অসংগত প্রভাবের দ্বারা প্রভাবিত হইতে পারে। এতৎসহ undue influence দ্র.।
- clog on the equity of redemption বন্ধকধালাসের আইনত অধিকারে বাধা ঝণপরিশোধপূর্বক কিংবা যে-দায়ের জন্য জামানত রাখা হইয়াছে, উহা পালনপূর্বক বন্ধকথালাস নিবারিত করিবার জন্য বন্ধকনামায় সন্নিবিষ্ট যে-কোনো বিধান। এই বিধান আইনত অকার্যকর। উদাহরণস্বরূপ বন্ধক খালাসের পূর্বে বা পরে বন্ধকি জমি ক্রয় করিবার জন্য বন্ধকনামায় বন্ধকগ্রহীতার সিদ্ধান্তগ্রহণের অধিকারের কথা উল্লেখ করা যায়। বন্ধকনামায় সন্নিবিষ্ট অযৌক্তিক বিধানও (যেমন, ১০০ বছরের জন্য বন্ধক খালাসে বাধাদান) অকার্যকর। কোনো লেনদেনের জন্য অযৌক্তিক বিধানও বৈধ হইতে পারে যদি ওই বিধান-সংবলিত লেনদেন বন্ধকসংক্রান্ত না হইয়া বাণিজ্যসংক্রান্ত হয়।
 - closed-shop agreement ৰুদ্ধ-বিপণি চুক্তি কর্মচারীদের একটি বিশেষ দলের সদস্যদের নির্দিষ্ট ট্রেড ইউনিয়নের সদস্য হইতে হইবে, এই মর্মে একটি যৌথ চুক্তি। একটি প্রাক্-প্রবেশ চুক্তি (pre-entry agreement)-অনুযায়ী কোনো নিয়োগকারী কোনো সংখ্রিষ্ট কর্মচারীকে কাজে নিযুক্ত করিতে পারেন না, যদি না সেই কর্মচারী আগে হইতে সংশ্রিষ্ট ইউনিয়নের সদস্য হইয়া থাকেন। প্রবেশ-উত্তর চুক্তি (postentry agreement)-অনুসারে যথারীতি চাকুরিতে যোগদানের পরে একটি নির্ধারিত সময়ের মধ্যে কর্মচারীদের নির্দিষ্ট ট্রেড ইউনিয়নে যোগদান করিতে হয়। ইংল্যান্ডের ১৯৯২ সালের ট্রেড ইউনিয়ন ও প্রমিক সম্পর্ক (সমন্থিত) আইন-অনুসারে সকল

কর্মচারী নিজেদের ইচ্ছানুযায়ী ট্রেড ইউনিয়নে যোগ দিতে পারেন, আবার নাও পারেন। যদি কোনো নিয়োগকর্তা ট্রেড ইউনিয়নের সদস্যতা বলবৎ করিবার জন্য বরধান্ত না করিয়া একজন কর্মচারীর বিরুদ্ধে অন্য কোনো ব্যবস্থা গ্রহণ করেন, তাহা হইলে ওই কর্মচারী কর্মসংস্থান ট্রাইব্যুনালে (employment tribunal) অভিযোগ করিতে পারেন। ট্রাইব্যুনাল তবন কর্মচারীকে ক্ষতিপূরণ দানের জন্য কর্মচারীর চাকুরিচ্যুতি বভাবতই অসংগত (inadmissible reason দ্র.)। এইরূপ ক্ষেত্রে বিশেষ ক্ষতিপূরণ দানের সর্বনিম্ন হার রহিয়াছে। ট্রেড ইউনিয়নে যোগ না দেওয়ার কারণে ট্রেড ইউনিয়নের চাপের ফলে নিয়োগকারী কোনো কর্মচারীকে চাকুরিচ্যুত করিলে চাকুরিচ্যুতি রবিরুদ্ধে আনীত মামলায় নিয়োগকারী নিজেই ট্রেড ইউনিয়নের সঙ্গে পক্ষভুক হইয়া ক্ষতিপূরণ দানের দায় ট্রেড ইউনিয়নের উপর চাপাইয়া দিতে পারেন। ট্রেড ইউনিয়ন ধর্মঘটের দ্বারা রুদ্ধ-বিপণি নীতি কার্যকর করিতে চাহিলে উহা আইনি ব্যবস্থা হইতে দায়মুক্তির যোগ্যতা হারাইয়া ফেলে। রুদ্ধ-বিপণি চুক্তি অবৈধ নহে, তবে তাহা নিয়োগকারী বা ইউনিয়ন কর্তৃক বলবৎযোগ্য নহে।

- closed union সংবৃত সংঘ যে-সংঘের সদস্য হওয়ার শর্তাবলি নিয়ন্ত্রণমূলক। যেমন, উচ্চহারে চাঁদা এবং দীর্ঘ শিক্ষানবিশির কাল।
- close of pleadings আরজি বা জবাবের সমাপ্তি ইংল্যান্ডে পূর্বকালে হাইকোর্টের একটি মামলার ওকালতিসূত্রে জবাব দাখিল, পালটা দাবির বিরুদ্ধে আত্মপক্ষসমর্থন বা সাফাইয়ের ১৪ দিন পরে উদ্ভূত একটি পর্যায়। বর্তমানে মামলা-ব্যবস্থাপনা ও উপায়বরাদ্দকরণ পদ্ধতি এই পর্যায়ের স্থান দখল করিয়াছে।
- closure n. বন্ধকরণ বি. সংসদে প্রস্তাব (motion) আনিয়া কোনো প্রশ্নে বিতর্কের অবসান ঘটানো। এই প্রস্তাব লইয়া কোনো বিতর্ক করা যায় না। প্রস্তাবে বলা হয়, প্রশ্নটি এখন ভোটের জন্য সংসদে দেওয়া হউক। তখন বিতর্কের বিষয়টি সঙ্গে সঙ্গে সংসদ-সদস্যদের ভোটের জন্য দিতে হইবে।
- closure of shop দোকান বন্ধ (১) প্রত্যেক দোকান অথবা বাণিজ্যিক প্রতিষ্ঠান অথবা শিল্প প্রতিষ্ঠান প্রতি সপ্তাহে উপর্যুপরি অন্তত দেড় দিন সম্পূর্ণ বন্ধ থাকিবে। (২) যেসব দিনে দোকান অথবা বাণিজ্যিক প্রতিষ্ঠান অথবা শিল্প প্রতিষ্ঠানসমূহ সম্পূর্ণ বন্ধ থাকিবে প্রধান পরিদর্শক প্রত্যেক শহর অথবা এলাকার এইসব দিন নির্দিষ্ট করিয়া দিবেন। কিন্তু প্রধান পরিদর্শক জনস্বার্থের খাতিরে সময়ে সময়ে প্রত্যেক শহর অথবা এলাকার জন্য সেসব দিন পুনর্নির্দিষ্ট করিতে পারেন। (৩) রাত ৮টার পর কোনো দোকান কোনোদিন খোলা থাকিবে না। শর্ত হইতেছে কোনো খরিদ্ধার জিনিস কিনিবার জন্য এই সময়ে দোকানে উপস্থিত থাকিয়া অপেক্ষা করিতে থাকিবে সেই

club 344

সময়ের ঠিক পরের ত্রিশ মিনিটের মধ্যে তাঁহার নিকট জিনিস বিক্রয় করা যাইতে পারে। আরো শর্ত ইইতেছে, বিশেষ অবস্থা বিবেচনা করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে আরোপিতব্য শর্তে কোনো মণ্ডণ্ডমে যে-কোনো এলাকার দোকান বন্ধ করিবার সময় পরিবর্তন করা যাইতে পারে।

club n. ক্লাব বি. নিয়মবিধির দ্বারা নিয়ন্ত্রিভ ও পরিচালিত একটি সমিতি। চূজিআইনের বিধান-অনুযায়ী সদস্যেরা ক্লাবের নিয়মকানুন মানিয়া চলিতে বাধ্য। ক্লাবের
সম্পত্তি হয় সদস্যদের পক্ষে অছিদের উপর অর্পিত থাকে (এই ধরনের ক্লাব হইল
সদস্য-ক্লাব বা member's club) কিংবা একজন মালিকও ক্লাবের সম্পত্তির
বত্যধিকারী হইতে পারেন (অঙ্গীকারাবদ্ধ সীমিত কোম্পানি), যিনি লাভের জন্য
ক্লাবটিকে ব্যবসায়িক ভিত্তিতে পরিচালনা করিয়া থাকেন (মালিকানাধীন ক্লাব বা
proprietary club)। সদস্য-ক্লাবের ক্ষেত্রে ক্লাবের যাবতীয় খণের জন্য সাধারণত
ক্লাব কমিটি দায়ী হইয়া থাকেন, আর মালিকানাধীন ক্লাবের ক্ষেত্রে সে-দায়িত্

coastal waters উপক্লীয় জলসীমা territorial waters দ্ৰ.।

- code n. আইন-সংকলন, আইন-সংহিতা সম্পূর্ণ লিখিতভাবে আইনের বিধানসমূহ
 সূত্রবন্ধকরণ (যেমন, ফ্রান্সে Code Napoleon বা নেপোলিয়ন-সংহিতা)।
 ইংল্যান্ডের আইনের কোনো সংহিতা নাই, তবে সংহিতাবন্ধকরণের মাধ্যমে কিছু
 বিশেষায়িত বিষয়ে এইভাবে ব্যবস্থাগ্রহণ করা হইয়াছে। উচ্চ আদালতের নজির ভিন্ন
 বাংলাদেশের সকল আইন সংবিধিবন্ধ। সে-সকল আইন সংকলনের প্রয়াসে সরকার
 কর্তৃক ১৯৮৮ সাল পর্যন্ত বাংলাদেশ কোডের ১১টি খও প্রকাশিত হইয়াছে এবং
 তাহাতে ১৮৩৬ হইতে ১৯৩৮ সাল পর্যন্ত প্রশীত সকল আইন সংকলিত হইয়াছে।
- code of conduct আচরণ-বিধি বি. আইনজীবী, সরকারি কর্মচারী কিংবা কোম্পানির কর্মচারী প্রভৃতি সুনির্দিষ্ট গ্রুপসমূহের আচরণ নিয়ন্ত্রণার্থে একটি লিখিত বিধিমালা।
- code of practice n. ব্যবহার-সংহিতা বি. কেবল ব্যবহার-বিষয়ক নির্দেশনার জন্য কিংবা আচরণের পেশাগত মানসূচক কতকগুলি বিধির সমষ্টি, যাহার কোনো আইনি বল নাই, যেমন রাজপথ-সংহিতা। সাধারণভাবে, ব্যবহার-সংহিতা মানিয়া না চলিবার জন্য অমান্যকারী পক্ষকে অবশ্যঞ্জাবীরূপে অভিযুক্ত করা যায় না কিংবা তাঁহার বিরুদ্ধে কোনো দেওয়ানি প্রতিকারের ব্যবস্থা নেওয়া যায় না ৷ তবে তিনি যে কিছু প্রাসঙ্গিক সংবিধিবদ্ধ অবশ্যপৃরণীয় শর্ভ পালন করেন নাই, তাহার প্রমাণ হিসাবে ইহার উপর নির্ভর করা যায়।

codicil n. ইচ্ছাপত্রের সম্প্রক সংযোজনী দলিল ইচ্ছাপত্র আইনের একই আনুষ্ঠানিকতা দ্বারা সম্পাদিত ইচ্ছাপত্রের সম্প্রক একটি দলিল। ইহা ইচ্ছাপত্রের সম্প্রক একটি দলিল। ইহা ইচ্ছাপত্রের শর্ত-বিধিতে নতুন কিছু যোগ করে, উহার ধারার পরিবর্তনসাধন করে কিংবা বাতিল করে। ইহাকে ইচ্ছাপত্রের সংযোজনী সাধারণত অনুমোদিত হইয়া উহাকে পুনরায় কার্যকর করিয়া থাকে। ইচ্ছাপত্রের প্রণেতার সুম্পষ্ট অভিপ্রায়-অনুযায়ী বাতিলকৃত ইচ্ছাপত্র পুনরায় কার্যকর হইতে পারে। অধিক পরিবর্তন হইলে নৃতন একটি ইচ্ছাপত্র প্রণয়ন করা বাঞ্কুনীয়। republication of will দ্র.।

codification n. সংহিতাবদ্ধকরণ ১. কোনো নির্দিষ্ট অধিকারক্ষেত্রের কিংবা আইনের কোনো পৃথক শাখার আইনসমূহ সংকলিত, বিন্যস্ত ও প্রণালিবদ্ধ করিয়া একটি সুশৃঙ্খল সংহিতায় পরিণত করিবার প্রক্রিয়া। ২. ওই প্রক্রিয়া হইতে উদ্ভূত সংহিতা।

codifying statute সংহিতাকরণের সংবিধি কোনো বিশেষ বিষয়ে বিদ্যমান সকল আইন (সংবিধিবদ্ধ আইন ও সাধারণ আইন) সংকলন করিয়া প্রণীত সংবিধি। এইরূপ সংবিধি খুবই বিরল।

coercion n. বলপ্রয়োগ বি. শারীরিক শক্তিপ্রয়োগ কিংবা শারীরিক শক্তিপ্রয়োগের জীতিপ্রদর্শন দ্বারা কাহাকেও কিছু করিতে বাধ্য করা। চুক্তি আইনের ১৫ ধারাঅনুসারে, বলপ্রয়োগ হইতেছে কোনো ব্যক্তিকে কোনো চুক্তিতে আবদ্ধ করিবার
অভিপ্রায়ে দণ্ডবিধিতে নিষিদ্ধ কোনো অপরাধ করা বা করিবার জন্য ভীতিপ্রদর্শন করা
কিংবা কোনো ব্যক্তির স্বার্থের প্রতিকূলে কোনো সম্পত্তি বেআইনিভাবে আটক করা
বা আটক করিবার হুমকি দেওয়া। বলপ্রয়োগ করিয়া কোনো চুক্তি করা হইলে তাহা
চুক্তি আইনের ১৫ ধারা-অনুসারে বাতিলযোগ্য। এতৎসহ duress, threat ও
pressure দ্র্য়।

cognates n. সমোদ্ভব জ্ঞাতি একই মূল পূৰ্বপুৰুষ হইতে বংশানুক্ৰমিকভাবে উদ্ভূত ব্যক্তিবৰ্গ।

cognizable offence and cognizable case আমলযোগ্য অপরাধ ও আমলযোগ্য মামলা ফৌজদারি কার্যবিধির ৪(চ) ধারা-অনুসারে, আমলযোগ্য অপরাধ ও আমলযোগ্য মামলা অর্থে সেই সকল অপরাধ ও মামলা বুঝাইবে, যাহাতে দ্বিতীয় তফসিল অথবা বর্তমানে বলবৎ যে-কোনো আইন-অনুসারে কোনো পুলিশ-কর্মকর্তা কোনো ব্যক্তিকে বিনা পরওয়ানায় গ্রেপ্তার করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ১৪৯ ধারা-অনুসারে, প্রত্যেক পুলিশ-কর্মকর্তা আমলযোগ্য অপরাধ প্রতিরোধের জন্য হস্তক্ষেপ করিতে পারিবেন এবং কোনো আমলযোগ্য অপরাধ-সংঘটনে তিনি যথাসাধ্য প্রতিরোধ করিবেন। আমলযোগ্য অপরাধের খবর পাইলে

পুলিশ-কর্মকর্তার কর্তব্য সম্পর্কে ফৌজদারি কার্যবিধির ১৫৪ ধারায় বলা হইয়াছে যে, মৌখিক অথবা লিখিতভাবে খবর দিলে তিনি এজাহার গ্রহণ করিবেন, মৌখিক খবর লিখিবেন বা লিখাইবেন, সংবাদদাতার স্বাক্ষর লইবেন এবং রক্ষিত বহিতে ও সরকার কর্তৃক নির্ধারিত ফরম-অনুসারে তাহার সারমর্ম লিপিবদ্ধ করিবেন।

- cognizance n. অপরাধ আমলে লওয়া কোনো অপরাধ বিচারের জন্য গ্রহণ করা।
 ফৌজদারি কার্যবিধির ১৯০ ধারা-অনুসারে, বিহিত ব্যতিক্রম ব্যতীত কোনো
 মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, জেলা ম্যাজিস্ট্রেট এবং এ-বিষয়ে বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত
 ম্যাজিস্ট্রেট যে-কোনো অপরাধ আমলে আনিতে পারিবেন। উক্ত অপরাধ সংঘটিত
 হয় এমন বিষয়াবলি সম্পর্কে নালিশ পাইয়া, এইরূপ বিষয়াবলি সম্পর্কে কোনো
 পুলিশ-কর্মকর্তার নিকট ইইতে প্রতিবেদন পাইয়া, অথবা এইরূপ অপরাধ সংঘটিত
 হয়য়াছে বলিয়া পুলিশ-কর্মকর্তা ব্যতীত অপর কোনো লোকের নিকট ইইতে খবর
 পাইয়া, অথবা নিজের জ্ঞানমতে বা সন্দেহবশত তিনি এইরূপ করিবেন। কোন কোন
 অবস্থায় আদালত কোন অপরাধ আমলে লইবেন এবং কোন কোন ক্ষেত্রে লইবেন না
 তাহা ফৌজদারি কার্যবিধির ১৯৫ ধারা হইতে ১৯৯খ ধারায় বলা হইয়াছে।
- cohabitation n. একত্রে বসবাস স্বামী বা স্ত্রীর সঙ্গে বিবাহিত ব্যক্তির একসঙ্গে বাস করিবার অধিকার রহিয়াছে। স্বামী বা স্ত্রীরূপে বসবাসরত একত্রবাসী অবিবাহিত ব্যক্তিবর্গ বিবাহিত দম্পতির মর্যাদার অধিকারী নহেন। তবে ইংল্যান্ডের বিধি-অনুযায়ী, সামাজিক নিশ্চয়তার সুবিধাদি দাবি করিবার নিমিত্তে একত্রে বসবাসরত অবিবাহিত দম্পতির সম্পদ ও চাহিদা দুইজনের মধ্যে যৌন সম্পর্ক না থাকিলেও এক করিয়া ফেলা হয়। common law marriage দ্র.।
- coin n. মুদ্রা বি. দণ্ডবিধির ২৩০ ধারা-অনুসারে, মুদ্রা হইতেছে আপাতত অর্থ হিসাবে ব্যবহৃত ধাতু, যাহা অনুরূপ ব্যবহারের জন্য কোনো রাষ্ট্র বা সার্বভৌম শক্তির কর্তৃত্বলে সিলমোহর ও ইস্যু করা হয়। উক্ত ধারা-অনুসারে বাংলাদেশী মুদ্রা হইতেছে মুদ্রা হিসাবে ব্যবহৃত হইবার জন্য বাংলাদেশ সরকারের কর্তৃত্বলে সিলমোহরকৃত ও ইস্যুকৃত ধাতু এবং যে-ধাতু অনুরূপভাবে সিলমোহর ও ইস্যু করা হইয়াছে, তাহা অর্থ হিসাবে উহার ব্যবহার বন্ধ হইয়া যাওয়া সত্ত্বেও বাংলাদেশী মুদ্রা হিসাবে অব্যাহত থাকিবে। দণ্ডবিধির ২৩১ ধারা হইতে ২৫৪ ধারা পর্যন্ত মুদ্রা জাল করা ও পরিবর্তন করার শান্তি বর্ণিত হইয়াছে।
- collapse n. পতন, ধ্বংস বি. পতিত বা ধ্বংস হইবার কর্ম বা ঘটনা; হঠাৎ একত্রে
 সক্ষোচন অথবা বাহ্যিক চাপ, দৃঢ়তালোপ বা অবলম্বনহানির ফলে ভাঙ্গিয়া পড়া।
 গৃহতলের, মেঝের বা ছাদের কোনো একটি পাটাতন বা উহার অংশবিশেষ ভাঙ্গিয়া
 যাওয়াকে পতন বা ধ্বংস বলা যায় না। কোনো তলার কেবল ক্ষতিসাধন অথবা
 শক্তিপ্রয়োগে কোনো ভবনের ধস, পতন বা ধ্বংস ইহার অন্তর্ভুক্ত হয় না।

collateral adj. ১. সমবংশোদ্ধৃত বিণ. একই পূর্বপুরুষ হইতে কিন্তু বংশানুক্রমের বিভিন্ন ধারা হইতে জাত। ২. পরোক্ষ বিণ. প্রধান বিষয়ের সঙ্গে যুক্ত গৌণ বা প্রাসঙ্গিক। ৩. অতিরিক্ত জামানত কোনো ঝণসংশ্লিষ্ট প্রধান জামানতের অতিরিক্ত জামানত (ইহা বন্ধক্যহীতার সুদদানের অতিরিক্ত সুবিধাস্বরূপ)। দৃষ্টান্তস্বরূপ, ঝণ্মহীতার বাড়ি বন্ধকের প্রধান জামানতের অতিরিক্ত বিমাপত্র দাবি করিয়া ঝণ্দাতা অতিরিক্ত জামানত চাহিতে পারেন। এতৎসহ consanguinity দ্র.।

collateral benefit পরোক্ষ সৃবিধা প্রণযোগ্য অনিষ্ট ও ক্ষতির জন্য তৃতীয় পক্ষ হইতে ক্ষতিগ্রন্থ র্যক্তির প্রাপ্ত সৃবিধাদি। যেমন, বিমার অর্থ, অসুস্থতা-ভাতা, অক্ষমতা-ভাতা, ঋণ, সামাজিক নিরাপত্তা ভাতা, দুর্যোগ খাত হইতে প্রাপ্ত সাহায্য ইত্যাদি। ক্ষতির পরিমাণ নির্ধারণ করিতে ক্ষতির জন্য দায়ী ব্যক্তিকর্তৃক দের ক্ষতিপুরণ নির্ধারণের সময়ে কিছু পরোক্ষ সৃবিধার হিসাব করা হয়, তবে বিমার অর্থ বা উপহার ভাহার অন্তর্ভুক্ত হয় না।

collateral contract পরোক্ষ চুক্তি প্রধান চুক্তিতে আবদ্ধ হইবার জন্য উৎসাহ প্রদায়ক একটি অতিরিক্ত চুক্তি। যেমন, যদি ক খ হইতে গ-রের দ্রব্যাদি কিনিতে সম্বত হন এবং দ্রব্যাদির মান খুবই ভালো, এই মর্মে গ-রের নিকট হইতে আশ্বন্ত হইয়া খ যদি মালগুলি কিনিয়া ফেলেন, তাহা হইলে ক ও গ একটি পরোক্ষ চুক্তিতে আবদ্ধ হইয়াছেন বলিয়া ধরিয়া লওয়া যাইতে পারে। এই পরোক্ষ চুক্তিতে দ্রব্যাদির মান বিষয়ে গ-রের প্রতিশ্রুতিদানের কারণে ক খ-রের সহিত প্রধান চুক্তিতে আবদ্ধ হইতে অগ্রসর হইয়াছেন।

collateral contract doctrine সম্পার্শ্বিক চুক্তি-তত্ত্ব একটি লিখিত চুক্তি-সম্পর্কিত বিবাদের ক্ষেত্রে প্রযোজ্য এই মূলসূত্র যে, একটি দ্বিতীয় (কিন্তু মৌখিক) চুক্তির প্রমাণ মৌধিক সাক্ষ্য-প্রমাণ বিধি (parole-evidence rule)-অনুযায়ী অগ্রাহ্য করা হইবে না, যদি মৌখিক চুক্তিটি লিখিত চুক্তি হইতে স্বতন্ত্র হয় এবং লিখিত চুক্তির সহিত উহা অসংগতিপূর্ণ না হয় এবং যদি মৌখিক চুক্তিভুক্ত তথ্য এমন হয় যে, উহা লিখিত চুক্তির অন্তর্ভুক্ত হইবে বলিয়া সাধারণত প্রত্যাশিত নয়।

collateral securities অতিরিক্ত জামানত ঋণ আদায় বা পরিশোধ নিশ্চিত করিবার উদ্দেশ্যে ঋণগ্রহীতার ব্যক্তিগত জামানত ছাড়াও যে-সম্পদ জামানত হিসাবে গ্রহণ করা হয়।

collection n. সংগ্ৰহ বি. ১. সংগৃহীত বস্তু। স্তৃপ, পুঞ্জ। ২. সংগ্ৰহের কাজ। collective agreement যৌথ চুক্তি collective bargaining দ্র.। collective bargaining যৌথ দর-ক্ষাক্ষি চাকুরির বিধি ও শর্তাবলি সম্পর্কে ট্রেড ইউনিয়ন (তাহার সদস্যদের পক্ষে) ও নিয়োগকারীর মধ্যে আলাপ-আলোচনা বা দরদস্কুর। ইংল্যান্ডের ১৯৯২ সালের ট্রেড ইউনিয়ন ও শ্রমিক-সম্পর্ক (সমন্বিত) আইন-অনুযায়ী অনুরূপ দরদস্তুরের ফলে উপনীত যৌথ চুক্তি আইনত বাধ্যবাধক নহে, যদি না তাহা লিখিতরূপে হয় এবং চুক্তিতে আবদ্ধ পক্ষগুলি যদি না তাহা মান্য করিবার সুস্পষ্ট অভিপ্রায় জ্ঞাপন করিয়া থাকে। যেসব যৌথ চুক্তি বলবৎযোগ্য নহে, সেগুলি প্রায়শ বেতন, শৃঙ্খলা ইত্যাদি বিষয়ক এমন সব শর্ত অন্তর্ভুক্ত করে, যাহা একজন কর্মচারীর চাকুরিসংক্রান্ত চুক্তির অন্তর্গত হইবে। এতদিষয়ে নিয়োগকর্তা নিয়োগের অধিকার আইন-অনুযায়ী কর্মচারীদের চুক্তির যে-সকল লিখিত বিবরণ দিতে বাধ্য, তাহাতে অবশ্যই যৌথ চুক্তির প্রতি কর্মচারীর দৃষ্টি আকর্ষণ করিতে হইবে এবং কর্মচারীর পক্ষে অদ্ধপ চুক্তি যুক্তিসংগতভাবে লভ্য হইতে হইবে। যৌথ চুক্তির শর্তের মধ্যে নারীপুরুষভেদে তারতম্য করা হইলে সমদৃষ্টির নীতিবিরুদ্ধজ্ঞানে কোনো কর্মচারী ইহার ন্যায্যতার প্রশ্ন তুলিয়া কর্মসংক্রান্ত ট্রাইব্যুনাল বা আদালতের শরণাপন্ন হইতে পারেন। যৌথ চুক্তিতে ব্যক্তি হিসাবে কর্মচারীদের ধর্মঘট করিবার অধিকার সীমিত করা হইলে কর্মচারীরা তখনই কেবল ওই চক্তি মানিতে বাধ্য, যদি এই বিধানটি তাঁহাদের চুক্তিতে সন্নিবিষ্ট করা হইয়া থাকে, যদি একটি স্বাধীন ট্রেড ইউনিয়নের সহিত আলাপ-আলোচনার ভিত্তিতে যৌথ চুক্তি সম্পাদিত হইয়া থাকে, যদি চুক্তিটি লিখিত হয়, এবং যদি চুক্তিটি কর্মচারীদের নিকট সহজলতা হয়। অন্যায়ভাবে চাকুরিচ্যতির অভিযোগ নির্ণয়ের পদ্ধতি যৌথ চুক্তিতে বর্ণিত হইয়া থাকিলে, চুক্তিতে আবদ্ধ পক্ষগুলি কর্মসংক্রান্ত ট্রাইব্যুনালগুলির সংবিধিবদ্ধ এখতিয়ারের স্থলে উক্ত পদ্ধতি প্রতিকল্পিত করিবার জন্য সেক্রেটারি অব ক্টেটের নিকট আবেদন করিতে পারেন। এইরূপ আদেশ তখনই কেবল দেওয়া যাইতে পারে যদি চুক্তিটি একটি স্বাধীন ট্রেড ইউনিয়নের সহিত আলাপ-আলোচনার মাধ্যমে সম্পাদিত হয়, উহা ক্ষতিগ্রন্ত কর্মচারীদের পর্যাপ্তরূপে শনাক্ত করে এবং তাঁহাদের সংবিধিবদ্ধ প্রকল্পের তুল্য হিতকর প্রতিকার এবং স্বাধীন সালিশি ব্যবস্থা বা ন্যায়বিচার পাইবার অধিকার প্রদান করে। বাংলাদেশে ১৯৬৯ সালের শিল্প সম্পর্ক অধ্যাদেশের ২২ ধারায়, কোনো প্রতিষ্ঠানের কর্মচারীদের পক্ষে যৌথ দর-ক্ষাক্ষির প্রতিনিধি কীভাবে নিযুক্ত হয় এবং যৌথ দর-কষাকষির প্রতিনিধি শ্রমিকদের পক্ষে মালিকের সহিত কোন কোন বিষয়ে দর-কষাকষি করিতে পারিবেন এবং যৌথ ^{দর}-কষাক্ষির প্রতিনিধির কীব্রপ অধিকার থাকিবে, তাহা উল্লেখ করা হইয়াছে।

collective punishment সামষ্টিক শান্তি কোনো আচরণের জন্য পৃথকতাবে ব্যক্তিগত দায়িতা বিবেচনা-ব্যতিরেকে একদল মানুষের উপর আরোপিত শান্তি। ১৯৪৯ সালে জেনেভা কনভেনশনের দ্বারা সামষ্টিক শান্তি অবৈধ ঘোষিত হইয়াছে। collective redundancy অতিরিক্তভান্তনিত যৌথ চাকুরিচ্যুতি প্রয়োজনের অতিরিক্ত বা বাড়তি সাব্যন্ত করিয়া নিয়োগকর্তাকর্তৃক বিশ বা ততোধিক কর্মচারীর একযোগে চাকুরিচ্যুতি। এইরকম অবস্থায় প্রচলিত আইন-অনুসারে নিয়োগকর্তার করণীয় হইল চাকুরিচ্যুতির বিষয়ে সুস্পষ্টভাবে জানাইয়া দেওয়া এবং ইহা লইয়া কর্মচারীদের নির্বাচিত প্রতিনিধির সহিত অথবা স্বীকৃত ট্রেড ইউনিয়নের প্রতিনিধিদের সহিত আলাপ-আলোচনা করা, যাহাতে চাকুরিচ্যুতি পরিহারের পথ বাহির করিতে মতৈক্যে আসা যায়, কমসংখ্যুক কর্মচারীকে চাকুরিচ্যুত করা যায় এবং চাকুরিচ্যুতির ফলে ক্ষতিগ্রন্ত কর্মচারীদের ক্ষোভ প্রশমিত করিবার ব্যবস্থা লওয়া যায়। নিয়োগকর্তা এইসব শর্তপ্রণে ব্যর্থ ইইলে কর্মসংক্রান্ত ট্রাইব্যুনালের নিকট ট্রেড ইউনিয়ন অভিযোগ করিতে পারে। অভিযোগ প্রতিপন্ন হইলে ট্রাইব্যুনাল কর্মচারীদের সুরক্ষামূলক রোয়েদাদ (protective award) ঘোষণা করিতে পারেন। কর্মসংক্রান্ত ট্রাইব্যুনালগুলি এই অভিমত পোষণ করে যে, বাড়তি কর্মচারীদের আসন্ন চাকুরিচ্যুতির বিজ্ঞপ্তি থথাসত্বর প্রদান করা আবশ্যুক, যাহাতে ট্রেড ইউনিয়নের অভিযোগ বিবেচনা করা যায়। এতৎসহ retrenchment দ্র.।

collective responsibility যৌথ দায়িত্ব মন্ত্রিসভার যৌথ দায়িত্ব ধারণার অর্থ ইইল মন্ত্রিসভা সামগ্রিকভাবে যে-সিদ্ধান্ত গ্রহণ করে তাহার দায়িত্ব প্রত্যেক মন্ত্রী গ্রহণ করেন। মন্ত্রিসভা যখন সিদ্ধান্ত গ্রহণ করেন, তখন যে-কোনো মন্ত্রী যে-কোনো সময়ে তাঁহার নিজস্ব মতামত ব্যক্ত করিতে পারেন। কিন্তু সিদ্ধান্ত গৃহীত ইইবার পর প্রকাশ্যে তাহার বিরোধিতা করিতে পারেন না। মন্ত্রিসভার গৃহীত কোনো সিদ্ধান্ত সম্পর্কে যদি কোনো মন্ত্রীর প্রবল আপত্তি বা ভিনুমত থাকে, তাহা ইইলে তিনি পদত্যাগ করিতে পারেন। এ ক্ষেত্রে বড়জোর তিনি পার্লামেন্টে একটি বিবৃতি দিতে পারেন। মন্ত্রিসভার কোনো বৈঠকে যদি কোনো সদস্য উপস্থিত না থাকেন, সেক্ষেত্রে তিনি মন্ত্রিসভার সিদ্ধান্ত সম্পর্কে তাঁহার দায়িত্ব অবীকার করিতে পারেন না। ব্রিটিশ মন্ত্রিসভার সদস্যেরা সবসময়ে যে যৌথ দায়িত্বের কথা শ্বরণ রাখিয়াছেন, তাহা নহে। বিভিন্ন গঙ্গুত্বপূর্ণ ইস্যুতে মন্ত্রিসভার সদস্যদের জনসমক্ষে ভিনুমত প্রকাশ ও সরকারের আনুষ্ঠানিক মতের বিরুদ্ধে বক্তব্য উপস্থাপন এবং সংসদে ভোট দিতে পর্যন্ত দেখা গিয়াছে। বাংলাদেশে মন্ত্রিসভার যৌথ দায়িত্ব নীতি অনুসৃত ও প্রযুক্ত হইয়াছে। সংবিধানের ৫৫(৩) অনুচ্ছেদে স্পষ্টভাবে বলা হইয়াছে: মন্ত্রিসভা যৌথভাবে সংসদের নিকট দায়ী থাকিবেন। cabinet দ্র.।

collective security যৌথ নিরাপত্তা আন্তর্জাতিক বিধানাবলির কেন্দ্রীভূত ব্যবস্থা, যাহা এখন জাতিসংঘের সনদে রূপলাভ করিয়াছে। এই ব্যবস্থা আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা বজায় রাখিবার কিংবা পুনঃপ্রতিষ্ঠার উদ্দেশ্যে জাতিসংঘের কর্তৃত্বে যৌথ শক্তিপ্রয়োগের বিষয়টি নিয়ন্ত্রণ করে। দৃষ্টান্ত হিসাবে ১৯৯১ সালে উপসাগরীয় যুদ্ধে আন্তর্জাতিক সম্প্রদায়কর্তৃক গৃহীত ব্যবস্থার কথা বলা যাইতে পারে। লক্ষ করিবার বিষয়, ওই বিরোধের আইনি যৌক্তিকতা ছিল অনিশ্চিত; জাতিসংঘ নিরাপত্তা পরিষদের ৬৭৮ সিদ্ধান্তে এইমাত্র বলা হইয়াছে যে, জাতিসংঘ সনদের ৭ অধ্যায়ে অনুরূপ কার্যধারার আইনি ভিত্তি রহিয়াছে।

collective trespass যৌথ অনধিকারপ্রবেশ trespass দ্র.।

- collector n. কালেকটর, সমাহর্তা বি. রাষ্ট্রীয় অধ্গ্রহণ ও প্রজাস্বত্ আইনের ২ ধারা-অনুসারে, কালেকটর বলিতে জেলার কালেকটর বা সমাহর্তা এবং ডেপুটি কমিশনারসহ এই আন্দের অধীনে সমাহর্তার সবল অথবা যে-কোনো কাজ করিবার জন্য সরকার কর্তৃক নিযুক্ত অন্য সকল কর্মকর্তা বুঝায়। গুল্ক আইনের ও মূল্য সংযোজন কর আইনের অধীনে নিযুক্ত গুল্ক বা কর সংগ্রাহককেও কালেকটর বলা হয়। জেনারেল ক্লজেজ অ্যাক্টের ৩(১০) ধারা-অনুসারে, কালেকটর বলিতে কোনো জেলার রাজস্ব-প্রশাসনের ভারপ্রাপ্ত প্রধান কর্মকর্তাকে বুঝাইবে, এবং উক্ত জেলার ডেপুটি কমিশনারকে অন্তর্ভুক্ত করিবে।
- collision clause সংঘর্ষ-সংক্রান্ত ধারা নৌ-বিমাপত্রের ধারাবিশেষ। এই ধারামতে কোনো বাণিজ্যিক জাহাজের দায়য়হণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অবশ্যই ওই জাহাজের সহিত অন্য একটি জাহাজের সংঘর্ষজনিত ক্ষতিপূরণ দিতে হইবে। সাধারণ আইনে এরূপ বমাপত্রে কেবল বিমাকৃত ব্যক্তির ক্ষতিপূরণের ব্যবস্থা থাকে। প্রথাগতভাবে বিমার এই ধারা ক্ষতির তিন-চতুর্থাংশ পূরণ করিয়া থাকে। যথন দুই জাহাজের মধ্যে সংঘর্ষ হয়, তখন উভয় জাহাজের ক্ষতি একসঙ্গে ধরিয়া হিসাব করা হয় এবং ইহাকে উভয়ের সাধারণ ক্ষতি হিসাবে গণ্য করা হয়। ক্ষতিয়ত্ত দুই জাহাজের কাহার কতখানি দায়ত্ব, সেই-অনুযায়ী ক্ষতিপূরণ বিমাকারীদের মধ্যে ভাগ করিয়া দেওয়া হয়। যদি তাহা না করা যায়, তবে সমানভাবে ক্ষতিপূরণ ভাগ করিতে হইবে।
- collusion n. যোগসাজ্বস বি. একপক্ষ আরেকপক্ষের বিরুদ্ধে মামলা করিবে, এই মর্মে সাধিত একটি অসংগত চুক্তি। ইহা এখন আর বিবাহবিচ্ছেদের বা বিবাহ-বাতিলের মামলার অন্তরায় নহে, কিন্তু ইহা বৈধতাঘোষণার সিদ্ধতার ক্ষতিসাধন করিতে পারে।
- colourable alteration সত্যসংকাশ বৈকৃত্য শুধুমাত্র একটি উদ্ভাবন বা শিল্পসামথীকে একটি বিদ্যমান কৃতিস্বত্ব (patent) বা কপিরাইট হইতে পৃথক করিবার জন্য কৃত হেরফের, যাহা কোনো সত্যকার বা সারগত পরিবর্তন সূচিত করে না।

5%¢ commencement

comity (comitas gentium) n. ১. আন্তর্জাতিক শিষ্টাচার আইনগত বাধ্যবাধকতা ব্যতীত এক দেশকর্তৃক প্রতিবেশী দেশ বা দেশগুনির প্রতি সদিচ্ছা ও সৌজন্য-জ্ঞাপন রীতি। দেশগুনির মধ্যে সার্বভৌমত্বের সমতার ভিত্তিতে এই সৌজন্য বা সদিচ্ছা প্রদর্শিত হয় এবং ইহা পারস্পরিক হইবে বলিয়া প্রত্যাশিত। দীর্ঘকাল ধরিয়া রাষ্ট্রগুলির পারস্পরিক সদাচরণ ও অনুশীলনের মধ্য দিয়া সৌজন্য-বিনিময় একটি রীতিসিদ্ধ আন্তর্জাতিক আইনে পরিণতি লাভ করিতে পারে, তবে তাহার জন্য এইরূপ আচরণের একটি অবশ্যমান্য বা অলজ্ঞনীয় গুণ অর্জন করা আবশ্যক। এতৎসহ custom ও opinio juris দ্র.। ২. আদালতের সদিচ্ছা কোনোরপ বাধ্যতা ব্যতিরেকে পারস্পরিক শ্রন্ধানশত, এক এখতিয়ারসম্পন্ন আদালতের শিদ্ধান্তের প্রতি অন্য এখতিয়ারসম্পন্ন আদালতের শ্বীকৃতিজ্ঞাপনের সদিচ্ছা।

comity of nations জাতিসমূহের পারস্পরিক সৌজন্য একদিকে আন্তর্জাতিক কর্তব্য ও আচারাদির প্রতি শ্রদ্ধা এবং অপরদিকে নিজ রাষ্ট্রের আইনে আশ্রিত নাগরিকদের প্রতি দায়িত্বের কথা স্বরণে রাখিয়া এক রাষ্ট্র কর্তৃক নিজস্ব ভূখণ্ডে অপর রাষ্ট্রের আইনি, নির্বাহী ও বৈচারিক কর্মের স্বীকৃতিদান।

command n. & vb. আদেশ, কর্তৃত্ব, নিয়ন্ত্রগ্রন্থকাত বি. কোনো কর্তৃত্ব্যঞ্জক আদেশ; ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের নির্দেশ; আদালতের বা কর্তৃপক্ষের নিষেধাজ্ঞা। আদেশ করা, হকুম করা; নিয়ন্ত্রণ বজায় রাখা ক্রি. 'আদেশ' উক্তিটি ব্যবহৃত হয় যখন কোনো ব্যক্তির অপর কোনো ব্যক্তির উপর নিয়ন্ত্রণ, ক্ষমতা বা কর্তৃত্ব থাকে, যেমন কর্মচারীর উপর মালিক বা নিয়োগকর্তার কর্তৃত্ব, তখন কর্তাব্যক্তি কর্তৃক্ অধীনস্থ ব্যক্তির প্রতি কোনো কার্য সম্পাদন করিবার জন্য আদেশ বা নির্দেশ প্রদান করা হয়। সেনা আইনে, কোনো নির্দিষ্ট কর্মকর্তার নিয়ন্ত্রকত্বক্ত সেনাদল; কর্তৃত্বের অধিকার। ইচ্ছাপত্র-বিষয়ক আইনে, কোনো ইচ্ছাপত্রে ইচ্ছা', 'অভিক্রটি', 'আদেশ করা', বা 'দিক-নির্দেশনা দেওয়া' উক্তিসমূহ একজন ইচ্ছাপত্রকারকের ইচ্ছাপত্র করিবার বা সম্পত্তির বিষয় নিম্পত্রি করিবার একাগ্রতা প্রমাণের জন্য যথাযথ।

Command Papers সংসদে উপস্থাপিত দলিল রাজকীয় আদেশের সূত্রে, সংসদে বিবেচনার জন্য উপস্থাপিত সরকারি দলিলপত্র। ইহা দুই প্রকার— শ্বেতপত্র (white papers) ও সবুজপত্র (green papers)। শ্বেতপত্রে নীতিগত বিবৃতি এবং প্রস্তাবিত আইন-প্রণয়নের ব্যাখ্যা থাকে, সবুজপত্র কোনো বিষয় সম্পর্কে আলোচনার দলিল।

commencement n. তব্দ বি. জেনারেল ক্লজেজ আ্যাক্টের ৩(১২) ধারা-অনুসারে, কোনো আইন বা প্রবিধানে ব্যবহৃত 'শুরু' শব্দ বলিতে যে-দিনে আইন বা প্রবিধানটি বলবৎ হয় তাহাকে বুঝায়।

- commercial agent বাণিজ্যিক প্রতিনিধি বাণিজ্যিক প্রতিষ্ঠানের মুখ্য কর্মকর্তার পক্ষে সম্ভাব্য গ্রাহকদের নিকট হইতে ব্যবসা আদায়ের জন্য নিমৃক্ত প্রতিনিধি। ইউরোপীয় ইউনিয়নে অনেক বাণিজ্যিক প্রতিনিধির চুক্তি যে-নির্দেশ দ্বারা পরিচালিত হয়, তাহা তাঁহাদের চুক্তির পরিসমাপ্তিতে ক্ষতিপূরণ বা খেসারত দাবি করিবার প্রভূত অধিকার প্রদান করে এবং তাঁহাদের চুক্তিতে অন্য শর্তের উপস্থিতি সূচিত করে, যেমন কমিশন বা দালালির অর্থপরিশোধ এবং চুক্তি সমাপনের জন্য বিজ্ঞপ্রিকাল (notice period) নির্ধারণের শর্ত।
- commercial court বাণিজ্যিক আদালত ইংল্যান্ডে হাইকোর্টের অংশরূপে, বিশেষ করিয়া বাণিজ্যিক মামলাগুলির বিচারকার্য চালনার উদ্দেশ্যে স্থাপিত আদালত। এই আদালত প্রধানত জাহাজে পণ্যাদি আনা-নেওয়া কিংবা পণ্যাদির ব্যবসা-সংক্রান্ত মামলা প্রয়োগ করিয়া থাকে। এই আদালতের বহু মামলা সালিশি রোয়েদাদ ইইতে উদ্ভূত। ফ্রান্সে বাণিজ্যিক বিরোধ নিষ্পত্তি করিবার জন্য সর্বনিম্ন আদালত হইতেছে বাণিজ্যিক আদালত নামক পৃথক নিম্ন আদালত। এই আদালতের বিচারকগণ ব্যবসায়ী সম্প্রদায়কর্তৃক তাঁহাদের মধ্য হইতে প্রথমে দুই বৎসরের জন্য নির্বাচিত হন এবং তাঁহারা পরে চার বৎসর মেয়াদে পুনর্নির্বাচিত হইতে পারেন। সাধারণত বাণিজ্যিক এলাকাগুলিতে বাণিজ্যিক আদালতগুলি প্রতিষ্ঠিত হইয়াছে। অন্ততপক্ষেতিনজন বিচারক একত্রে বসিয়া এই আদালতে মামলার বিচার করেন। এই আদালতের রায়ের বিরুদ্ধে দেওয়ানি আপিল বিচারের জন্য প্রতিষ্ঠিত আপিল আদালতে আপিল করা যায়। এতৎসহ arbitration দ্র.।
- commercial dispute বাণিজ্যিক বিরোধ আমদানি-রগুনি বাণিজ্যে লেনদেনের ক্ষেত্রে ভুল বুঝাবুঝির বা মতানৈক্যের ফলে উভয় পক্ষের মধ্যে উদ্ভত বিরোধ।
- commercial frustration বাণিজ্ঞ্যিক বিষ্ণলতা পূর্ব পরিজ্ঞেয় নহে এবং নিয়ন্ত্রণযোগ্য নহে এইরূপ পরিস্থিতির কারণে কার্য সম্পাদন না করিবার বিষয়ে কোনো পক্ষের অজুহাত— যাহাকে অর্থনৈতিক বিষ্ণলতাও বলা হয়।
- commercial impracticability বাণিজ্যিক অসাধ্যতা কোনো আকন্মিক ঘটনার সংঘটন, যাহা সংঘটিত না-হওয়াই চুক্তির সময়ের অনুমান ছিল, যাহার ফলে কোনো এক পক্ষ চুক্তিমতো কাজ করিতে পারে না।
- commercial law বাণিজ্যিক আইন পণ্যসামগ্রী বিক্রয় ও বিতরণ, বিক্রীত পণ্যের প্রাতিভাব্যের (security) উপর ধারে লেনদেনের জন্য অর্থসংস্থান এবং হস্তান্তরযোগ্য সাধনপত্র সম্বন্ধে মূলগত (substantive) আইন।

১৯৭ commissioner

commercial paper বাণিজ্যিক সাধনপত্র অর্থ-পরিশোধের জন্য নগদ ব্যতীত, অন্য কোনো সাধনপত্র বা দলিল। সাধারণত আদেশনামা (যেমন, চেক) বা চিঠার (যেমন, জমাদানের শংসাপত্র) আকারে ইহা দেখা যায়। সমরূপ বাণিজ্যিক নীতিমালা (Uniform Commercial Code) দ্বারা ইহা নিয়ন্ত্রিত হয় বটে, কিন্তু ওই নীতিমালা প্রচলনের পূর্বেই বাণিজ্যিক শব্দরূপে ইহা প্রচলিত ছিল। পূর্বেই হা বিনিময়যোগ্য সাধনপত্র বা হন্তি বা চিঠার সমার্থক ছিল, এমনকি কখনো কখনো বিনিময়যোগ্য নহে, এমন দলিলও বুঝাইত। এখন ইহা বিশেষ ধরনের বিনিময়যোগ্য দলিল (যেমন, চেক, চিঠা, জমাদানের শংসাপত্র) বুঝায়।

commission n. কমিশন বি. ১, কোনো ক্ষমতার ব্যবহার কিংবা কোনো কর্তব্যসম্পাদনের নির্দেশদানের কর্তৃত্ব। যেমন, বিচারক কর্তৃক গঠিত কমিশন। ২. কোনো বিশেষ কর্তব্য সম্পাদনের উদ্দেশ্যে পরিচালিত সংস্থা বা প্রতিষ্ঠান। যেমন আইন কমিশন, বেতন কমিশন ইত্যাদি। ৩, আদালতের কার্যধারায় ব্যবহারের প্রয়োজনে সাক্ষ্যপ্রমাণাদি পাইতে আদালত, বিচারক কিংবা অন্যকোনো ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকর্তৃক সাক্ষীর শপথপূর্বক জবানবন্দি গ্রহণের জন্য আদালত বা বিচারককর্তৃক প্রদত্ত কর্তৃত্ব। ওনানির সময়ে সাক্ষী আদালতে হাজির হইতে না পারিলে (যেমন, অসুস্থতার কারণে) এই পদ্ধতি প্রয়োগ করা হয়। ইহার পরেও সাক্ষী হাজির হইতে অপারগ হইলে লিখিত সাক্ষ্য আদালতে পাঠ করিবার সূত্রে গুনানির কাজ চলে। দেওয়ানি কার্যবিধির ৭৫, ৭৬ ও ৭৭ ধারাসমূহে এবং ২৬ আদেশে মামলার শাক্ষ্যহণ, স্থানীয় তদন্তকার্য, হিসাবাদি নিরীক্ষা ও সম্পত্তির ভাগবাটোয়ারার জন্য কমিশন গঠন এবং কমিশনের বিধানাবলি, এখতিয়ার ও ক্ষমতা ইত্যাদি বর্ণনা করা ইইয়াছে। ৪. দন্তরি বি. কোনো বিশেষ কর্মসম্পাদনের বিনিময়ে কোনো ব্যক্তি বা প্রতিনিধিকে দেয় অর্থ বা দন্তরি। উদাহরণ হিসাবে, কোনো ব্যক্তির সম্পত্তি বিক্রয়সূত্রে চুক্তি-অনুযায়ী বিক্রয়মূল্যের একটি নির্দিষ্ট হার প্রতিনিধির প্রাপ্য। কোন পরিস্থিতিতে কীরকম কমিশন দিতে হইবে তাহা নিয়োগকর্তা ও প্রতিনিধির মধ্যে সম্পাদিত চুক্তির উপর নির্ভর করে।

 সদস্যরষ্ট্রেগুলির পারম্পরিক চ্ক্রির বলে এই সদস্যেরা নিযুক্ত হন। ফ্রান্স, জার্মানি, ইতালি, স্পেন ও যুক্তরাজ্য— ইউনিয়নের এই পাঁচটি প্রধান সদস্যরাষ্ট্রের দুইজন করিয়া সদস্য এবং অন্য রাষ্ট্রগুলির একজন করিয়া সদস্য থাকিবে। ইহাদের নিযুক্তি অবশ্যই ইউরোপীয় পার্লামেন্ট দ্বারা অনুমোদিত হইবে। প্রত্যেক কমিশনার কোনো বিশেষ কর্মক্ষেত্রের দায়িত্ব গ্রহণ করিবেন এবং সংশ্লিষ্ট বিভাগ নির্দিষ্ট ক্ষেত্রে নিরেদিত কিনা তাহা দেখাশোনা করিবেন। নিযুক্তির পরে কমিশনারদের অবশ্যই ইউরোপীয় ইউনিয়নের স্বার্থে কাজ করিতে হইবে। তখন তাহারা স্ব স্ব দেশনিরপেক্ষ হইবেন, অর্থাৎ তাহারা নিজেদেরকে স্বীয় দেশের প্রতিনিধি ভাবিবেন না, তাহারা অবশ্যই স্বীয় দেশের সরকারের বা অন্য কোনো সংস্থার নির্দেশ চাহিবেন না কিংবা লইবেন না। প্রত্যেক কমিশনারের নিযুক্তিকাল চার বৎসর (নবায়নযোগ্য)।

commissioner for oath হলক কমিশনার দেওয়ানি বিধি ও আদেশসমূহের ২৭ বিধি-অনুসারে দেওয়ানি আদালতের সেরেস্তাদার হলক কমিশনার হিসাবে হলক প্রদান করেন। হাইকোর্ট বিভাগের বিধিসমূহের ৩২ বিধি-অনুসারে ওই বিভাগের একজন কর্মকর্তা হলক কমিশনার নিযুক্ত হইয়া হলক প্রদান করেন এবং আপিল বিভাগের বিধিসমূহের ৮ আদেশের ৭ বিধি-অনুসারে রেজিন্ট্রার বা প্রধান বিচারপতিকর্তৃক নিযুক্ত কমিশনার হলক প্রদান করেন। ইংল্যান্ডে শপথ-প্রয়োগ বা হলকনামা গ্রহণের জন্য লর্ড চাঙ্গেলরকর্তৃক নিযুক্ত ব্যক্তি। সংবিধি-অনুযায়ী, আইন-ব্যবসায়ের সার্টিকিকেটধায়ী প্রত্যেক সলিসিটর শপথগ্রহণকায়ী কমিশনারের ক্ষমতা ধারণ করেন; কিছু এমন কোনো মামলায় তিনি এই ক্ষমতা প্রয়োগ করিতে পারেন না যাহাতে তিনি কোনো পক্ষের প্রতিনিধিত্ব করেন কিংবা যাহাতে তাঁহার নিজের স্বার্থ রিহয়াছে। এইভাবে হলকনামায় শপথ গ্রহণের সময়ে মক্কেল তাঁহার সলিসিটরকে ব্যবহার করিতে পারেন না। তাঁহাকে অবশ্যই আরেকজন সলিসিটরের কাছে যাইতে ইইবে, যিনি শপথগ্রহণের সাক্ষীরূপে থাকিবেন।

commission for examination of account হিসাবপরীক্ষার জন্য কমিশন দেওয়ানি কার্যবিধির ২৬ আদেশের ১১ নিয়ম-অনুসারে, কোনো মামলায় হিসাবপত্র পরীক্ষা বা সংশোধন করা প্রয়োজন হইলে আদালত যাঁহাকে উপযুক্ত মনে করিবেন, তাঁহার নিকট কমিশন প্রেরণ করিয়া উক্ত হিসাব পরীক্ষা বা সংশোধন করিবার নির্দেশ দিতে পারিবেন। দেওয়ানি কার্যবিধির ২৬ আদেশের ১২ নিয়ম-অনুসারে, কমিশনের নিকট যে-সকল নির্দেশ এবং কার্যবিধরণীর যে-সকল অংশ প্রেরণ করা দরকার হইবে, আদালত তাহা প্রেরণ করিবেন। কমিশনারকে কেবল তাঁহার তদত্তের কার্যবিবরণী আদালতে প্রেরণ করিতে হইবে অথবা তদত্তের জন্য তাঁহার নিকট প্রেরিত বিষয়টি সম্পর্কে তাঁহার নিজ অভিমত-সংবলিত রিপোর্টও প্রেরণ করিতে হইবে, উপরিউক্ত নির্দেশ তাহা স্পটররণ উল্লেখ থাকিবে। কমিশনারের কার্যবিবরণী

এবং রিপোর্ট (যদি থাকে) মামলায় প্রমাণরূপে ব্যবহৃত হইবে। কিন্তু কোনো ক্ষেত্রে কমিশনারের কার্যবিবরণী ও রিপোর্ট আদালতের নিকট সন্তোষজনক না হইলে আদালত প্রয়োজনমতো অতিরিক্ত তদন্তের নির্দেশদান করিতে পারিবেন।

commission for partition সম্পত্তি-বাটোয়ারার জন্য কমিশন দেওয়ানি কার্যবিধির ২৬ আদেশের ১৩ ও ১৪ নিয়ম-অনুসারে, কোনো ক্ষেত্রে যদি সম্পত্তি-বাটোয়ারার জন্য প্রাথমিক ডিক্রি প্রদত্ত হইয়া থাকে এবং বিষয়টি যদি দেওয়ানি কার্যবিধির ৫৪ ধারার আওতায় না পড়ে, তবে আদালত যাঁহাকে উপযুক্ত মনে করিবেন, তাঁহার নিকট কমিশন প্রেরণ করিয়া প্রাথমিক ডিক্রিতে বর্ণিত স্বত্-অনুসারে সম্পত্তিটি বাটোয়ারা করাইবেন। প্রয়োজনীয় তদন্ত অনুষ্ঠানের পর কমিশনার আদালতের আদেশ-অনুসারে সম্পত্তিটি বিভক্ত করিবেন এবং সংশ্রিষ্ট পক্ষগণকে একেকটি অংশ প্রদান করিবেন। বিভিন্ন অংশের মূল্যের সমতাসাধনের জন্য আদালত কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হইয়া কমিশনার নগদ টাকায় সম্পত্তির মূল্যের তারতম্য পরিশোধের নির্দেশ দিতে পারিবেন। অতঃপর কমিশনার অথবা (যদি একাধিক ব্যক্তির নিকট কমিশন প্রেরিত হইয়া থাকে এবং তাঁহারা যদি একমত হইতে না পারেন) কমিশনারগণ সংশ্রিষ্ট প্রত্যেক পক্ষের অংশ নির্দেশ করিয়া এক বা একাধিক রিপোর্ট প্রণয়ন বা স্বাক্ষর করিবেন (আদালত কর্তৃক আদিষ্ট হইয়া থাকিলে)। সম্পত্তির পরিমাণ বা চৌহদ্দি উল্লেখপূর্কক প্রত্যেক পক্ষের অংশ তাহাতে নির্দেশ করিতে হইবে। উক্ত রিপোর্ট সম্পর্কে কোনো পক্ষ কোনো আপত্তি উত্থাপন করিলে তাহা শ্রবণের পর আদালত উক্ত রিপোর্ট অনুমোদন, সংশোধন বা বাতিল করিবেন। কমিশনের রিপোর্ট অনুমোদন বা সংশোধন করিলে উক্ত অনুমোদিত বা সংশোধিত রিপোর্ট-অনুসারে আদালত একটি ডিক্রিদান করিবেন: কিন্তু আদালত যদি কমিশনের রিপোর্ট নাকচ করেন, তবে আদালত নতুন কমিশন প্রেরণ করিবেন অথবা উপযুক্ত অন্য কোনো আদেশ দান কবিবেন।

Commission for settlement of the land rights in Hill Chittagong পার্বত্য চট্টগ্রাম ভূমি-বিরোধ নিষ্পত্তি কমিশন ২০০১ সালের ৫৩ সংখ্যক আইনদ্বারা পার্বত্য চট্টগ্রাম ভূমি-বিরোধ নিষ্পত্তি কমিশন গঠিত হয়। এই কমিশনের সদস্য: (ক) বাংলাদেশ সূপ্রিম কোর্টের একজন অবসরপ্রাপ্ত বিচারপতি, যিনি উহার চেয়ারম্যানও হইবেন; (ঝ) আঞ্চলিক পরিষদের চেয়ারম্যান বা তাঁহার প্রতিনিধি হিসাবে তৎকর্তৃক মনোনীত উক্ত পরিষদের একজন সদস্য; (গ) সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান, পদাধিকারবলে; (ঘ) সংশ্লিষ্ট সার্কেল চিফ, পদাধিকারবলে; (ঙ) চট্টগ্রাম বিভাগের বিভাগীয় কমিশনার বা তৎকর্তৃক মনোনীত একজন অতিরিক্ত বিভাগীয় কমিশনার। কমিশনের কাজ নিম্নব্ধপ: (ক) পুনর্বাসিত শরণার্থীদের ভূমিসংক্রান্ত বিরোধ পার্বত্য চট্টগ্রামের প্রচলিত আইন ও রীতি-অনুযায়ী নিষ্পত্তি করা;

(খ) আবেদনে উল্লিখিত ভূমিতে আবেদনকারী, বা ক্ষেত্রমতো সংশ্লিষ্ট প্রতিপক্ষের. স্বত্ব বা অন্যবিধ অধিকার পার্বত্য চট্টগ্রামের প্রচলিত আইন ও রীতি-অনুযায়ী নির্ধারণ এবং প্রয়োজনবোধে দখল পুনর্বহাল; (গ) পার্বত্য চট্টগ্রামে প্রচলিত আইন-বহির্ভূতভাবে কোনো ভূমি বন্দোবস্ত প্রদান করা হইয়া থাকিলে উহা বাতিলকরণ এবং উক্ত বন্দোবস্তজনিত কারণে কোনো বৈধ মালিক ভূমি হইতে বেদখল হইয়া থাকিলে তাহার দখল পুনর্বহাল; তবে শর্ত থাকে যে, প্রযোজ্য আইনের অধীনে অধ্গ্রহণকৃত ভূমি এবং রক্ষিত বনাঞ্চল, কাণ্ডাই জলবিদ্যুৎ প্রকল্প এলাকা, বেতবুনিয়া ভূ-উপগ্রহ এলাকা, রাষ্ট্রীয় মালিকানাধীন শিল্পকারখানা এবং সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের নামে রেকর্ডকৃত ভূমির ক্ষেত্রে এই উপ-ধারা প্রযোজ্য হইবে না। কমিশনের কার্যাবলি পার্বত্য চট্টগ্রামে সীমিত থাকিবে। উক্ত কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত কমিশন যে-কোনো সরকারি বা সংবিধিবদ্ধ সংস্থার কর্তৃপক্ষকে প্রয়োজনীয় তথ্য, উপাত্ত বা কাগজপত্র সরবরাহের এবং প্রয়োজনে উক্ত কর্তৃপক্ষের যে-কোনো কর্মকর্তাকে স্থানীয় তদন্ত, পরিদর্শন বা জরিপের ভিত্তিতে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিতে পারিবে এবং উক্ত কর্তৃপক্ষ বা কর্মকর্তা উহা পালনে বাধ্য থাকিবেন। কমিশন বা চেয়ারম্যান অথবা কমিশন কর্তৃক ক্ষমতাপ্রদন্ত কোনো সদস্য কোনো বিরোধীয় ভূমি সরেজমিনে পরিদর্শন করিতে পারিবেন।

commission to examine witnesses সাক্ষীর জবানবন্দি-গ্রহণের জন্য কমিশন দেওয়ানি কার্যবিধির ২৬ আদেশের ১ নিয়ম-অনুসারে, আদালতের এখতিয়ারভুক্ত এলাকায় বসবাসকারী কোনো ব্যক্তি ব্যক্তিগতভাবে আদালতে হাজিরা হইতে অব্যাহতি পাইয়া থাকিলে অথবা অসুস্থ বা অচল হওয়ার দরুন আদালতে হাজির হইতে অপারগ হইলে প্রশাবনির মাধ্যমে বা অন্যভাবে উক্ত ব্যক্তির জবানবন্দি গ্রহণের জন্য আদালত যে-কোনো মামলায় কমিশন প্রেরণ করিতে পারিবেন।

committal for trial বিচারের জন্য সোপর্দকরণ ১৯৭৮ সালের আইন সংস্কার অধ্যাদেশদ্বারা ম্যাজিন্ট্রেটের প্রাথমিক তদন্তসংক্রান্ত ফৌজদারি কার্যবিধির ২০৬-২২০ ধারা বাতিল করিবার পর সংশোধিত ২০৫ গ ধারা-অনুসারে বর্তমানে দায়রা আদালতে বিচার্য মামলায় ম্যাজিন্ট্রেট আদালতে আসামি হাজির হইলে বা হাজির করানো হইলে তাঁহাকে ম্যাজিন্ট্রেট বিচারের জন্য মামলাটি দায়রা আদালতে পাঠাইয়া দিবেন। ইংল্যান্ডে ম্যাজিন্ট্রেটদের প্রাথমিক অনুসন্ধানশেষে কোনো মামলার সুষ্ট্র বিচারের জন্য ম্যাজিন্ট্রেট আদালত হইতে মামলা ক্রাউন কোর্টে প্রেরণ। সকল সাক্ষীর মৌবিক সাক্ষ্য গ্রহণ করিয়া উচ্চ আদালতের উপর মামলা চালনার দায়িত্ব অর্পিত হয়। মামলা প্রেরণ আইন-অনুসারে স্বল্প সময়ের মধ্যেও সম্পন্ন হইতে পারে। অভিযুক্ত ব্যক্তি সম্মত হইলে বাদীপক্ষ তাহার সকল সাক্ষ্যপ্রমাণ লিখিতভাবে হাজির করিবে। বিচারক সাক্ষ্যপ্রমাণ বিবেচনা না করিয়া বিচারের জন্য ক্রাউনকোর্টে মামলা

প্রেরণ করিতে পারেন। বিচারকালে অভিযুক্ত ব্যক্তি তাঁহার আত্মপক্ষসমর্থনে কী বলিতে চাহেন, তাহা প্রকাশ করিবার দরকার নাই, কিন্তু মামলাপ্রেরণের সাত দিনের মধ্যে তাঁহাকে অভিপ্রেত সাফাই বিজ্ঞাপিত করিতে হইবে এবং ওই সাফাইয়ের সমর্থনকারী সকল সাক্ষীর পূর্ণ বিবরণ দিতে হইবে। অভিযুক্ত ব্যক্তির পক্ষে আইনজীবী প্রতিনিধিত্ব করিলে সাক্ষ্যপ্রমাণের অপেক্ষা না করিয়া মামলা প্রেরণ করা যাইতে পারে। সংবাদপত্র সাধারণত কেবল প্রেরিত মামলার কার্যধারা সম্বন্ধে কিছু সীমিত তথ্যের বিবরণ প্রকাশের অনুমতি পার। যেমন, অভিযুক্তর নাম এবং তাঁহার বিক্তন্ধে দায়েরকৃত অভিযোগনামা। যদি অভিযুক্ত ব্যক্তি চাহেন যে, সংবাদপত্রে বিবরণদানের ক্ষেত্রে বিধিনিষেধ উঠিয়া যাক, তাহা হইলে সেই ক্ষেত্রে বিচারক মামলা-বিষয়ক যাবতীয় বিবরণ প্রকাশের অনুমতি দিতে পারেন। নিম্ন আদালত ইইতে উচ্চ আদালতে মামলা প্রেরণ বা মামলা-স্থানান্তর অধিক ফলপ্রস্ করিবার জন্য আরো নতুন ব্যবস্থা গৃহীত হইয়াছে।

committing magistrate সোপর্দকারী ম্যাজিস্ট্রেট কোনো বিচারক যিনি ফৌজদারি মামলার প্রাথমিক শুনানি গ্রহণ করেন এবং অপর্যাপ্ত সাক্ষ্যের কারণে আসামিকে মুক্তি দিবার আদেশ, বিচারের জন্য সোপর্দ করিবার অপেক্ষায় কারাগারে প্রেরণ করিবার আদেশ, অথবা জামিনে মুক্তিদানের আদেশ দিতে পারেন।

common n. সর্বসাধারণের ব্যবহারযোগ্য স্থান এমন কিছু স্থান আছে, যাহা অন্যের মালিকানাধীন হইলেও সর্বসাধারণের ব্যবহার্য মাঠ-ময়দান, প্রাঙ্গণ বা চত্বর। ওই স্থানের সুযোগ-সূবিধা ভোগ করিবার অধিকার সামগ্রিকভাবে অন্যদের, বিশেষ করিয়া প্রতিবেশীদের, রহিয়াছে। প্রতিবেশীর গরু-ছাগলকে এই সাধারণস্থানে এদিক-ওদিক বিচরণ করিবার অনুমতি দিতে হইবে। সাধারণত এইরূপ স্থান ব্যবহারের জন্য সর্বসাধারণের অধিকারসমূহের মধ্যে রহিয়াছে পশুচারণ, মৎস্য আহরণ, ঘাস উত্তোলন, বৃক্ষকর্তন ইত্যাদি। এইসবের প্রয়োজন না হইলে এই স্থান মালিকের যুক্তিসংগত প্রয়োজন মিটাইবার জন্য সীমাবদ্ধ থাকে।

common carrier সাধারণ পরিবাহক যে-ব্যক্তি বা কোম্পানি নির্ধারিত পথে প্রকাশ্যে মানুষ বা পণ্য বহন করিয়া থাকে। সাধারণ পরিবাহক দায়িত্বপালনের তিনটি সাধারণ আইন মানিয়া চলিবেন: (১) তাঁহার পরিবহণে জায়গা থাকিলে তাঁহাকে অবশ্যই যে-কোনো ধরনের মাল বা মানুষ বহন করিতে হইবে; (২) তাঁহাকে যুক্তিসংগতভাবে পণ্য বহনের বরচ লইতে হইবে; এবং (৩) পরিবহণকালে মালের ক্ষতিসহ সকল ক্ষতির দায় তাঁহাকে সম্পর্ণরূপে গ্রহণ করিতে হইবে। carrier দ্র.।

common design যৌথ অভিসন্ধি অবৈধ কর্মে যৌথভাবে নিয়োজিত ব্যক্তিবর্গের অভিসন্ধি। অনুরূপ উদ্যোগের সহিত যুক্ত প্রত্যেক পক্ষ ওই কর্ম চলাকালে সংঘটিত যে-কোনো ঘটনার জন্য, এমনকি অপ্রত্যাশিত পরিস্থিতির উদ্ভবের জন্যও, দায়ী থাকিবে। তবে যদি কোনো পক্ষ পূর্বসমতি-ব্যতিরেকে কিছু করিয়া থাকে, তাহার পরিণামের জন্য অন্যেরা দায়ী ইইবেন না।

- common duty of care সম্পত্তি ভোগদখলকারীর সাধারণ কর্তব্য কোনো জমির বা অঙ্গনের ভোগদখলকারীর কর্তব্য । এইরূপ স্থানে বা অঙ্গনে যাঁহার। আমন্ত্রিত ইইয়া আসেন বা ওই স্থান ব্যবহারের অনুমতি লাভ করেন, তাঁহার। যাহাতে ওই স্থান ব্যবহারকালে যথাযোগ্য নিরাপত্তা পাইতে পারেন, তাহা দেখার দায়িত্ব ওই জমির ভোগদখলকারীর । এতৎসহ occupier's liability দ্র. ।
- common heritage of mankind principles মানবজাতির সাধারণ উত্তরাধিকার
 নীতি এই নীতির মূলকথা হইল যে, আন্টার্কটিকা মেরুমহাদেশ, সমূদ্রগর্ভ ও মহাশৃন্য
 কেবল এক রাষ্ট্রের বা কতকগুলি রাষ্ট্রের একচেটিয়া সুবিধাভোগের জন্য নয়, বয়ং
 সকল মানুষের কল্যাণের জন্য ব্যবহার্য বলিয়া গণ্য । দৃষ্টান্ত হিসাবে, ১৯৭৯ সালের
 চন্দ্রচুক্তির ৪ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, চন্দ্রাভিযান হইবে সকল মানুষের এখতিয়ার
 এবং তাহা পরিচালিত হইবে অর্থনৈতিক বা বৈজ্ঞানিক বিকাশের মাত্রানির্বিশেষে সকল
 দেশের কল্যাণে ও স্বার্থে।
- common intention অভিন্ন অভিপ্রার বাংলাদেশের দণ্ডবিধির ৩৪ ধারা-অনুসারে সংশ্লিষ্ট সকলে যে-অভিপ্রায়ের অংশভাক । ইহা একটি পূর্ববিহিত পরিকল্পনা সূচিত করে । সংঘটিত অপরাধটি যে ওই পরিকল্পনা-অনুসারে সকলের সহযোগিতায় সংঘটিত হইয়াছে, তাহা প্রমাণ করা উচিত । দণ্ডবিধির ৩৪ ধারায় বলা হইয়াছে যে, যখন কতিপয় ব্যক্তিকর্তৃক অভিন্ন অভিপ্রায় অর্জনার্থে একটি অপরাধমূলক কার্য সম্পাদিত হয়, তখন অনুরূপ ব্যক্তিগণের প্রত্যেকেই উক্তকার্যের জন্য এইরূপে দায়ী হইবেন যেন উক্ত কার্য তাঁহার দারা সম্পাদিত হইয়াছে ।
- common law সাধারণ আইন 'সাধারণ আইন' ত্রিবিধ অর্থে গৃহীত হয়। প্রথমত, ইহা অন্য সকল আইন হইতে বিচ্ছিন্ন করিয়া শুধুমাত্র ইংল্যান্ডের আইন হিসাবে গ্রহণ করা হয়। দ্বিতীয়ত, সংবিধিদ্বারা সৃষ্ট আইনের বিপরীতপক্ষে আদালতকর্তৃক বিকশিত সাধারণ আইনব্যবস্থা বুঝায়। তৃতীয়ত, 'সাধারণ আইন' বলিতে বুঝায় কোনো সংবিধি প্রণয়নের পূর্বে কোনো বিষয়ে যাহা কিছু আইন বলিয়া গণ্য হইত। ব্যাপকতম অর্থে পরিশব্দটি এখন ইংল্যান্ডের সর্বত্র প্রচলিত আইনের মূলসূত্র ও দম্ভুরে সমষ্টিকে বুঝায়।
- common-law marriage সাধারণ আইনের বিবাহ ১. বিবাহের প্রচলিত শর্তাবলি পূরণ না করিলেও সাধারণ আইনে বৈধ বলিয়া স্বীকৃত বিবাহ। এই ধরনের বিবাহ স্বীকৃতিপ্রাপ্ত হয়, যদি (১) এইরূপ বিবাহ ইংল্যান্ডের বাহিরে অনুষ্ঠিত হয় এবং পক্ষদ্বয়ের জন্য যুক্তিসংগতভাবে লভ্য কোনো স্থানীয় বিবাহপদ্ধতি না থাকে, (২)

₹oo commorientes

সৈনিকদের যাজকদারা বিদেশি ভৃথওে বিবাহ অনুষ্ঠিত হয় এবং পক্ষদ্বয়ের একজন ওই ভৃথওে কর্তব্যরত সেনাবাহিনীর সদস্য হন। এই বিবাহরীতিতে একটি ঘোষণার মাধ্যমে বর ও বধূ একে অপরকে গ্রী ও স্বামী হিসাবে গ্রহণ করেন। ২. স্থূলভাবে দুই মানব-মানবীর স্বামী ও গ্রীব্রপে একত্রে বসবাসের অবস্থা। আইনের চোখে ইহারা অবিবাহিত, যদিও কোনো কোনো পাশ্চাত্য দেশে সাম্প্রতিককালে তাঁহাদিগকে বিবাহিতদের সমতুল্য হিসাবে মানিয়া লওয়া হইতেছে। ইহার মূল উদ্দেশ্য ইইদিগকে সামাজিক নিগ্রহ হইতে রক্ষা করা। বাংলাদেশে এই ধরনের বিবাহ আইনি শ্বীকৃতি লাভ করে নাই। cohabitation দ্র.।

common mistake সাধারণ ভুল mistake দ্র.।

common money bond সাধারণ আর্থিক মুচলেকা bond দ্র.।

common object অভিন্ন বা সাধারণ উদ্দেশ্য সাধারণত বেআইনি সমাবেশ-সংক্রান্ত অপরাধের ক্ষেত্রে সাধারণ উদ্দেশ্য বান্তবায়নে যিনি বা যাঁহারা বেআইনি সমাবেশের সদস্য হন, তাঁহারাই দওবিধি-অনুসারে অপরাধী হন। দওবিধির ১৪৯ ধারায় বলা হইয়াছে যে, সাধারণ উদ্দেশ্য বান্তবায়নে অনুষ্ঠিত অপরাধের জন্য বেআইনি সমাবেশের প্রত্যেক সদস্যই দোষী বলিয়া গণ্য হইবেন।

Commonwealth n. কমনওয়েলথ বি. যুক্তরাজ্য এবং বর্তমানে আন্তর্জাতিক আইনে স্বতন্ত্র স্বাধীন রাষ্ট্র হিসাবে স্বীকৃত ইহার বহু পূর্বতন উপনিবেশ বা অধীন রাজ্যসমূহের সমবায়ে গঠিত একটি স্বেচ্ছাজ্যেট। এই জোটগঠনের উদ্দেশ্য অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, শিক্ষাগত, ক্রীড়াসংক্রান্ত ইত্যাদি ক্ষেত্রে সদস্যরম্ভ্রীওলির মধ্যে পারস্পরিক সম্প্রীতি ও সহযোগিতা অটুট রাখা। কমনওয়েলথ রাষ্ট্রওলির মধ্যে পারস্পরিক সম্প্রীতি ও সহযোগিতা অটুট রাখা। কমনওয়েলথ রাষ্ট্রওলির মধ্যে ১৯৩১ সালের ওয়েন্টমিনন্টার সংবিধির বলে আগে স্বাধীনতা লাভ করে কানাডা ও অস্ট্রেলিয়া, কিন্তু অধিকাংশ রাষ্ট্র পরবর্তীকালের স্বাধীনতা আইন-অনুসারে স্বাধীন হয়। কিছু রাষ্ট্র যেমন, কানাডা ও অস্ট্রেলিয়া, আইনের সৃক্ষ্মৃটিতে এখনো ইংল্যান্ডের রাজশক্তির অধীন ভূখও, কিন্তু অন্য দেশগুলি যেমন, ভারত, পাকিস্তান ও বাংলাদেশ স্বাধীন প্রজাতন্ত্রে পরিণত ইইয়াছে। কমনওয়েলথভুক্ত সকল সদস্য দেশ ইংল্যান্ডের রাজা বা রানীকে কমনওয়েলথের প্রতীক ও প্রধান বলিয়া স্বীকার করে।

commorientes n. সহমৃত বি. যেসব ব্যক্তি একই সময়ে মারা যান। যথন দুই ব্যক্তি এমন এক পরিস্থিতিতে মৃত্যুবরণ করেন যে, তাঁহাদের মধ্যে কে আগে বা কে পরে মরিয়াছেন, তাহা নির্ণয় করা দুরহ, তখন ইংল্যান্ডের ১৯২৫ সালের সম্পত্তি আইন-অনুসারে সম্পত্তির উত্তরাধিকার বিষয়ে এই ধারণা করিতে হইবে যে, জ্যেষ্ঠ কনিষ্ঠের আগে মারা গিয়াছেন। এইরূপ ক্ষেত্রে কনিষ্ঠকর্তৃক জ্যোষ্ঠকে উইল করিয়া

commutation 208

সম্পত্তিদানও কার্যকরতা হারাইবে। কিন্তু ইংল্যান্ডের ১৯৫২ সালের ইচ্ছাপত্রবিহাঁন মৃত ব্যক্তিদের সম্পত্তি আইন-অনুসারে ইচ্ছাপত্রবিহীন স্বামী-স্ত্রী সহমৃত হইলে ६ই বিধি প্রযোজ্য হয় না এবং মনে করা হয় যে, একজন অন্যজনের পূর্বে মারা যান নাই। কোনো ইচ্ছাপত্রে ভিন্ন অভিপ্রায় ব্যক্ত করিয়াও তাহা করা যাইতে পারে।

- commutation n. ১. বিনিমন্ন, প্রতিসারণ বি. কোনো বিনিমন্ন বা প্রতিসারণের কাজ। ২. ব্রাসকরণ বি. (ফৌজদারি আইনে) কোনো বিশেষ ক্ষেত্রে কিছ-প্রক্রিয়ায় বিবাদীকে ইতিপূর্বে প্রদন্ত একটি গুরুতর দণ্ডের স্থলে রাষ্ট্রের নির্বাহী প্রধানকর্তৃক কম গুরুদণ্ডদান। ৩. প্রতিকল্পন বি. (বাণিজ্যিক ও দেওয়ানি আইনে) অর্থপ্রদানের এক পদ্ধতির স্থলে অন্য পদ্ধতি প্রতিকল্পন; উপকল্পন।
- commutative contract সম্পত্তির বিনিময়-চুক্তি এমন একটি চুক্তি, যাহার ফনে
 চুক্তির একপক্ষ অন্যপক্ষের সহিত আরেকটি সম্পত্তির পরিবর্তে চুক্তিতে নিধিফ সম্পত্তির বিনিময় করিতে পারে।
- ... Companies Court কোম্পানি-আদালত কোম্পানি আইন হইতে উদ্ভূত বিষয়াদির
 মীমাংসাকল্পে প্রতিষ্ঠিত আদালত। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২(খ) ধারাঅনুসারে, ওই আইনের অধীনে এখতিয়ার-প্রয়োগকারী আদালতকে কোম্পানিআদালত বলা হয়। এই আদালত প্রধানত সীমাবদ্ধ দায়ের কোম্পানির গঠন,
 ব্যবস্থাপনা ও ব্যবসায় গুটাইয়া ফেলা ইত্যাদি বিষয় দেখিয়া থাকেন।
 - Companies Registry কোম্পানির নিবন্ধন-অফিস কোম্পানিসমূহের নিবন্ধবের কার্যালয়। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৩৪৭ ধারা-অনুসারে, নিবন্ধনের জন্য একটি কেন্দ্রীয় কার্যালয় ও সরকার নির্ধারিত অন্যান্য স্থানে আঞ্চলিক কার্যালয় থাকিবে। এই অফিসে কোম্পানিকে নিবন্ধনভুক্ত বা তালিকাভুক্ত হইতে হয়। উজ্ আইনের ২৩ ধারা-অনুসারে, নিবন্ধনের সময়ে সংঘ-য়ারক ও সংঘ-বিধি দান্বিক করিতে হয়। ইংল্যান্ডে তালিকাভুক্তির সময়ে সীমিতদায় কোম্পানির হিসাবপর, বার্ষিক বিবরণী, কোম্পানির অনুষ্ঠানপর্র, সংঘ-য়ারক, সংঘ-বিধি, কোম্পানির পরিচালক ও সচিবের বিবরণ ইত্যাদি জমা দিতে হয়।
 - company n. কোম্পানি বি. ব্যবসায় বা ওই ধরনের কারবার প্রয়োগের জন্য স্থাপিত সংস্থা। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২(খ) ধারা-অনুসারে, কোম্পানি বলিতে ওই আইনের অধীনে গঠিত নিবন্ধনকৃত কোম্পানিকে ও বিদ্যমান কোম্পানিকে বুঝাইবে। অধিকাংশ কোম্পানি নিগমবদ্ধ। কোম্পানির সদস্যদের ব্যক্তিসন্তার মত্যেই কোম্পানিরও স্বতন্ত্র একটি আইনি সন্তা রহিয়াছে। কোম্পানি নানাবিধ। কোনো কোম্পানি শেয়ারদ্বারা সীমিত কোম্পানি, কোনোটি জামানতদ্বারা সীমাবদ্ধ কোম্পানি, কোনোটি থাইভেট কোম্পানি ও কোনোটি আবার পাবলিক কোম্পানি।

company meeting কোম্পানির সভা মূলত কোম্পানির সাধারণ সভা। সাধারণ সভায় গৃহীত কোম্পানির সদস্যদের সিদ্ধান্তসমূহদারা কোম্পানির কার্য পরিচালিত হয়। কোম্পানি আইনে নির্দিষ্টকৃত কিছু কিছু সংরক্ষিত ক্ষমতা কেবল একটি সাধারণ সভাকর্তৃক প্রযুক্ত হইতে পারে। এইগুলির মধ্যে রহিয়াছে কোম্পানির সংঘ-যারক ও সংঘ-বিধির নিয়মবিধির পরিবর্তন, নির্দিষ্ট মেয়াদপূর্তির আগে কোম্পানির কোনো পরিচালককে বরখান্তকরণ, শেয়ার মূলধনের পরিবর্তন, অভিটর অর্থাৎ হিসাবনিরীক্ষক নিয়োগ, স্বেচ্ছাপূর্বকভাবে কোম্পানির ব্যবসা গুটাইয়া ফেলা ইত্যাদি। কোনো বিশেষ কোম্পানির সংঘ-বিধি-অনুযায়ীও ক্ষমতা সংরক্ষিত থাকিতে পারে। কোম্পানির সংঘ-বিধিত সংরক্ষিত ক্ষমতা ছাড়া অন্য ক্ষমতা কোম্পানির পরিচালকদের উপর অর্পণ করা হয়়। সাধারণ সভা বলিতে বার্ষিক সাধারণ সভা (annual general meeting) অথবা অসাধারণ সভা (extraordinary general meeting) বৃঝাইয়া থাকে। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৮১-৮৯ ধারায় কোম্পানির বার্ষিক সাধারণ সভা ও সাধারণ সভা অনুষ্ঠানের নিয়মাবলি উল্লিখিত আছে।

company member কোম্পানির সদস্য থিনি সীমিতদায় কোম্পানির শেয়ারধারী, অথবা যে-কোম্পানির শেয়ার এখনও বাজারে ছাড়া হয় নাই, এমন কোম্পানির সংঘযারকে থিনি স্বাক্ষর দিয়াছেন, অথবা যাহাকে কোম্পানির পরিচালকমগুলীর সদস্য
করা হইয়াছে।

company name কোম্পানির নাম কোম্পানির সংঘ-ত্মারক এবং কোম্পানির নিবন্ধন-বহি অনুযায়ী কোম্পানির নিবন্ধনকৃত নাম। কোম্পানি যেসব নামে নিবন্ধনকৃত হইতে পারে, তাহা বিধিনিষেধের দ্বারা সীমাবদ্ধ। কোম্পানির নিবন্ধিত অফিসে ও অন্যান্য ব্যবসায় অঙ্গনে কোম্পানির সিলমোহরে, নোট কাগজ ও চালানসহ কোম্পানির কতিপন্ন দলিলপত্রে কোম্পানির নাম সুম্পষ্টভাবে লিখিত থাকিতে হইবে। এই বিধান অমান্য করা অপরাধ এবং এই অপরাধে জরিমানা ধার্য করা যাইতে পারে। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ১১ ধারায় কোম্পানির নাম ও তাহা পরিবর্তনের বিধান উরিখিত আছে।

company secretary কোম্পানির সচিব কোম্পানির একজন কর্মকর্তা, যাঁহার কাজ কোম্পানির ধরন-অনুযায়ী নির্ধারিত হইয়া থাকে, তবে সাধারণত তিনি কোম্পানি আইন-অনুযায়ী কোম্পানির প্রশাসনিক দায়িত্ব পালন করেন। আইন-অনুযায়ী প্রত্যেক কোম্পানির একজন সচিব থাকিতে হইবে। কোনো কোম্পানির একজনমাত্র পরিচালক থাকিলে, তিনি একই সঙ্গে সচিব হইতে পারিবেন না। সার্বজনিক সরকারি কোম্পানির সচিবকে উক্ত দায়িত্ব পালনের যোগ্যতাসম্পন্ন হইতে হইবে। কোম্পানি আইনের ২(খ) ধারায় কোম্পানি সচিবের সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে।

সাক্ষ্যপ্রদানের যোগ্যা, যদি আদালত মনে না করেন যে, অল্পরয়স, বার্ধকা, দৈহিক বা মানসিক ব্যাধি বা অনুরূপ অন্য কোনো কারণে তাঁহাদিগকে জিজ্ঞাসিত প্রশ্ন বুঝিতে বা সেই প্রশ্নের যুক্তিসংগত উত্তর দিতে তাঁহারা অক্ষম। তবে কোনো অপ্রকৃতিস্থ ব্যক্তি যদি তাঁহাকে জিজ্ঞাসিত প্রশ্ন বুঝিতে বা উহার যুক্তিসংগত উত্তর দিতে অক্ষম না হন, তবে সেই ব্যক্তি সাক্ষ্যদানের অযোগ্য হইবেন না। compellable witness দ্রা.।

- competent to contract চুক্তি করিতে সমর্থ চুক্তি আইনের ১১ ধারায় বলা হইয়াছে যে, যিনি ব্যক্তিগতভাবে যে-আইনের অধীন সে-আইনে সাবালক, যিনি সুস্থ মনের অধিকারী এবং যিনি কোনো আইন-অনুসারে চুক্তি করিবার অযোগ্য নন, এইরূপ যে-কোনো ব্যক্তি চুক্তি করিবার যোগ্য বিলয়া গণ্য হইবেন। চুক্তি আইনের ১২ ধারামতে, অপ্রকৃতিস্থ ব্যক্তি সময়ে সময়ে প্রকৃতিস্থ হইলে সুস্থতাকালে তিনি চুক্তি করিবার যোগ্য এবং প্রকৃতিস্থ ব্যক্তি যদি অপ্রকৃতিস্থ হইয়া পড়েন তবে অসুস্থতাকালে চুক্তি করিতে অসমর্থ হইবেন।
- competent witness থোগ্য সাক্ষী আদালতে সাক্ষ্য দিতে পারেন, এইরপ আইনত যোগ্যতাসম্পন্ন সাক্ষী। সাক্ষ্যের বিষয়বস্তু সম্বন্ধে ব্যক্তিগত জ্ঞানের অধিকারী হইলে একজন অবিশেষজ্ঞ সাক্ষী সাক্ষ্য দেওয়ার যোগ্য হইবেন। competence ও witness দ্র.।
- competition law প্রতিযোগিতা আইন প্রতিযোগিতা-বিরোধী অবাধ ব্যবসায়ের নিয়ন্ত্রণ, নিয়মনাত্মক বাণিজ্যকর্ম, ব্যবসায়ে নিয়কুশ অধিপত্যের অপব্যবহার বা বিপণন ক্ষমতার অপব্যবহার ইত্যাদি বিষয়ে আইনের একটি বিশেষ শাখা। এই আইনে একচেটিয়া ব্যবসায়ের উদ্দেশ্যে ব্যবসায়ী প্রতিষ্ঠানসমূহের মিলিত উদ্যোগ (cartel) এবং নিয়মনাত্মক অন্যান্য বাণিজ্য-চুক্তি নিমিদ্ধ। যুক্তরাজ্যে প্রতিযোগিতা-আইন এবং ন্যায়্য ব্যবসা আইনে সংশ্লিষ্ট বিধানসমূহ বিধৃত রহিয়ছে। ইউরোপীয় ইউনিয়নে রোমচুক্তির কতিপয় অনুচ্ছেদ ও তদধীন প্রণীত বিধানাবলি এতদ্বিষয়ে আইনি বিধিব্যবস্থার ধারক। যুক্তরাস্ট্রের প্রতিযোগিতা-আইন একচেটিয়াত্-বিরোধী আইন (antitrust law) নামে পরিচিত।
- competitive tendering প্রতিযোগিতামূলক দরপত্র-ব্যবস্থা ব্যয়ের সাশ্রয় ও দেবার মানোনুতি ঘটাইবার লক্ষ্যে জনসেবা কার্যক্রমের ব্যবস্থায় প্রতিযোগিতার প্রবর্তন। স্থানীয় কর্তৃপক্ষ হইতে আরম্ভ করিয়া কারাগার প্রভৃতি নানাধরনের জনসেবা কার্যক্রমের জন্য ইহা প্রযোজ্য। পাশ্চাত্য দেশগুলিতে সাধারণত সার্বজনিক সেবার ক্ষেত্রে সর্বাপেক্ষা প্রতিযোগিতামূলক দরদাতার (সাধারণত কোনো বেসরকারি প্রতিষ্ঠান) উদ্যোগ গ্রহণ করা হয়, যেমন, আবর্জনা-স্থানান্তর, বিদ্যালয়ের শিক্ষাখীদের

২০৯ completion

জন্য খাবার সরবরাহ কিংবা বৃদ্ধদের জন্য আবাস-সংস্থান ইভ্যাদি। অধুনা এইসকল ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ মিতব্যয়িতা, দক্ষতা ও ফলপ্রসূতার উপর বেশি নজর দিতেছেন।

- complainant n. অভিযোগকারী, ফরিয়াদি, বাদী বি. অপরাধ সংঘটিত হইয়াছে বিলয়া যিনি অভিযোগ উত্থাপন করেন। ফৌজদারি কার্যবিধির ২০০ ধারায় যিনি মামলা করিয়া থাকেন। ধর্ষণ, ধর্ষণে প্ররোচনা বা সহযোগিতা দান ইত্যাদি অপরাধকর্মের অভিযোগের ক্ষেত্রে ইংল্যান্ডে অভিযোগকারী বিধিমতে নিজের নাম গোপন রাখিতে পারেন। (আদালত ভিনু আদেশ না দিলে) তাঁহার পূর্ব যৌন-অভিজ্ঞতা সম্বন্ধে সাক্ষ্যপ্রমাণ দেওয়া যায় না।
- complaint n. অভিযোগ, নালিশ বি. ১. দেওয়ানি মোকদ্দমায় ইহাই প্রারম্ভিক পদক্ষেপ। বাদীর যে-অভিযোগের ভিত্তিতে দেওয়ানি মামলা উথাপিত হইয়া থাকে। ইহাতে বাদীকৃত নালিশের সম্পূর্ণ বিবরণ থাকিবে। বিবাদীর প্রতি সমনপ্রদানের নির্দেশের মাধ্যমে মামলার কার্যক্রম শুরু করা হয়। ২. ফৌজদারি অপরাধের মিলার হইয়াছেন, তিনি অপরাধ ঘটিবার পরপরই অভিযোগ। যিনি যৌন অপরাধের শিকার হইয়াছেন, তিনি অপরাধ ঘটিবার পরপরই অভিযোগ করিলে তাহা অভিযোক্তার বর্ণনার সংগতিপূর্ণতার সাক্ষ্যপ্রমাণরূপে গ্রহণযোগ্য হয়। ফৌজদারি কার্যবিধির ৪(জ) ধারায় বলা হইয়াছে যে, অভিযোগকারী ওই বিধি-অনুসারে ব্যবস্থাগ্রহণের উদ্দেশ্যে ম্যাজিস্ট্রেটের নিকট মৌথিকভাবে বা লিখিতভাবে কোনো ব্যক্তির বিরুদ্ধে কৃত অপরাধ সম্পর্কে যে-নালিশ করেন। কোনো পুলিশ কর্মকর্তার প্রতিবেদন ইহার অন্তর্ভুক্ত নহে। ইংল্যান্ডে ম্যাজিস্ট্রেটের বা তাঁহার কেরনির সম্মুথে অভিযোগ পেশ করিতে হয়।

completely constituted trust পূর্ণভাবে গঠিত ন্যাস executed trust দ্র.।

- complete usufructuary mortgage সম্পূর্ণ খাইখালাসি বন্ধক কোনো দেনাদার প্রজা যখন কর্জ পরিশোধ অথবা অগ্রিম প্রদন্ত হইবে এমন শস্যের প্রত্যাবর্তন নিশ্চিতকরণের উদ্দেশ্যে কোনো ভূমিতে তাঁহার দখলের অধিকার এই শর্তে হস্তান্তর করেন যে, সমন্ত সুদসহ কর্জকৃত অর্থ বন্ধকের মেয়াদকালে উক্ত ভূমি হইতে অর্জিত লভ্যাংশ (উপস্বত্ত) দ্বারা পরিশোধিত হইবে।
- completion n. পূর্ণতাসাধন বি. (ভূমি আইনে) ইংল্যান্ডে জমি বিক্রয়কালে জমির মালিকানা হস্তান্তর-বিষয়ক চুক্তি সম্পূর্ণকরণ। জমির নিবন্ধন না হইয়া থাকিলে জমির ক্রেতা জমির দলিল ও বৈধ হস্তান্তরের বিনিময়ে জমির মূল্যের অপরিশোধিত যে-কোনো দেয় পরিশোধ করেন। অন্যদিকে জমি নিবন্ধিত হইলে জমির ক্রেতা জমি ইস্তান্তরের গুধু একটি ফরম প্রাপ্ত হন, যাহা জমির সনদসহ জেলা নিবন্ধন অফিসে জমা দিতে হয়। সম্পন্তি-হস্তান্তর আইনের ৫৪ ধারা-অনুসারে বাংলাদেশে জমি বিক্রয় করিতে হয়।

- complicated larceny জটিল হরণ ব্যক্তির প্রতি সহিংসতাসহ হরণ। ইহা যৌগিক হরণ (compound larceny) বা মিশ্র হরণ (mixed larceny) বলিয়াও পরিচিত। larceny দ্র.।
- composition n. আপস, মিটমাট বি. ঝণের টাকা অংশত পরিশোধ করিয়া ঋণ হইতে অব্যাহতিলাভের জন্য মহাজনের সহিত খাতকের চুক্তি। খাতককে এই ব্যবস্থা একটি চুক্তিপত্র হিসাবে নিবন্ধন করিতে হইতে পারে। এতৎসহ scheme of arrangement ও voluntary arrangement দ্রি.।

composition and scheme of arrangement আপস মীমাংসা এবং পুনর্বিন্যাস পরিকল্পনা ১৯৯৭ সালের দেউলিয়া আইনের ৪৩ ধারা-অনুসারে, (১) দেউলিয়া ঘোষণাদেশ প্রদানের পর যদি কোনো দেনাদার তাঁহার দেনার দায় মিটাইবার জন্য কোনো আপস-মীমাংসা প্রস্তাব বা তদুদ্দেশ্যে তাঁহার বিষয়াদি সম্পর্কে পুনর্বিন্যাস-পরিকল্পনা-সংবলিত প্রস্তাব উপস্থাপন করেন, তাহা হইলে আদালত উক্ত প্রস্তাব বিবেচনার জন্য একটি তারিখ নির্ধারণ করিবেন এবং তৎসম্পর্কে সকল পাওনাদারকে বিধিদারা নির্ধারিত পদ্ধতিতে, অথবা এইরূপ বিধি না থাকিলে, আদালতের বিবেচনামতো যথায়থ নোটিশ প্রদান করিবেন এবং প্রস্তাবটির বাস্তবায়নযোগ্যতা সম্পর্কে নির্ধারিত সময়ের মধ্যে একটি প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করিবার জন্য রিসিভারকে নির্দেশ দিবেন। অতঃপর রিসিভার তাঁহার সুনির্দিষ্ট মতামতসহ উক্ত প্রতিবেদন দাখিল করিবেন। (২) আদালতে প্রমাণিত সকল দেনার ভিত্তিতে এবং নথিতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যদি দুই-ভৃতীয়াংশ পাওনাদার আদালতে ব্যক্তিগতভাবে বা তাঁহাদের আইনজীবী বা তাঁহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো প্রতিনিধির মাধ্যমে আদালতে উপস্থিত হইয়া (১) উপধারায় উল্লিখিত প্রস্তাব বিবেচনা করিয়া গ্রহণ করেন এবং আদালত উহা অনুমোদন করেন, তাহা হইলে উক্ত প্রস্তাব সকল পাওনাদার যথাযথভাবে গ্রহণ করিয়াছেন বলিয়া বিবেচিত হইবে। (৩) উপরিউক্ত (২) উপধারায় বণির্তমতে প্রস্তাবটি বিবেচনার জন্য দেনাদার তাঁহার প্রস্তাবের শর্তাবলি সংশোধন করিতে পারিবেন এবং আদালত উক্ত সংশোধন অনুমোদন করিতে পারিবেন, যদি আদালতের মতে উক্ত সংশোধন সামগ্রিকভাবে সকল পাওনাদারের জন্য কল্যাণকর হয়। (৪) প্রস্তাবটি সম্পর্কে রিসিভারের প্রতিবেদন এবং কোনো পাওনাদার কর্তৃক বা তাঁহার পক্ষে উত্থাপিত আপত্তি তনানি ও বিবেচনার পর আদালত যদি মনে করেন যে, প্রস্তাবটির শর্তাবলি যুক্তিসংগত নহে বা সামগ্রিকভাবে পাওনাদারগণের জন্য কল্যাণকর হইবে না, তাহা হইলে আদালত উক্ত প্রস্তাবটির অনুমোদন প্রত্যাখান করিবেন। (৫) যদি প্রস্তাবটি সম্পর্কে এমন কোনো বিষয় আদালতের গোচরীভূত হয়, যাহা প্রমাণিত হইলে আদালতকে দেনাদারের দায়মক্তি প্রত্যাখ্যান, স্থগিত বা তৎসম্পর্কে শর্ত আরোপ করিতে ইইবে, যদি না উক্ত বিষয়ে পাওনাদারগণকে নোটিশ প্রদান এবং শুনানির পর পাওনাদারগণের পাওনা পরিশোধের উদ্দেশ্যে দেনাদার আদালতের বিবেচনামতে যুক্তিসংগত জামানত প্রদান করেন। তবে শর্ত থাকে যে, এই উপধারার উদ্দেশ্যপূরণকল্পে, জামানতবিহীন পাওনাদারগণের প্রাণ্য সকল পাওনার ৯০% হইতে ৬৫% এবং ব্যাংক ঝণের পাওনাদারগণের প্রাণ্য সকল পাওনার ২৫% হইতে ৭৫%, যাহা আদালত নির্ধারণ করেন, তাহার সমপরিমাণ অর্থ প্রদান করা হইলে, যুক্তিসংগত জামানত প্রদন্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে। আরো শর্ত থাকে যে, উক্ত যুক্তিসংগত জামানত নির্ধারণের ক্ষেত্রে আদালত দেনাদারের দেনা সম্পর্কে নিম্নবর্ণিত পরিস্থিতিগুলি বিবেচনা করিবেন: দেনাদার সম্পূর্ণভাবে তাহার নিয়ন্ত্রণ-বহির্ভূত কারণের শিকার হইয়া থাকিলে, উক্ত কারণের মাত্রা; কোনো উদ্যোগে অর্থায়নের জন্য দেনাদার অর্থ গ্রহণ করিয়া থাকিলে, উক্ত উদ্যোগের সহিত সম্পৃক্ত ঝুঁকির মাত্রা; দেনাদার ক্র কার্যকলাপ সংবদ্ধিবিরোধী বা নৈতিকতাবিরোধী কিনা।

composition with creditors পাওনাদারগণের সহিত আপস-মীমাংসা ঝণশোধনাক্ষম অবস্থায় বা বিব্রুতকর পরিস্থিতিতে, একজন দেনাদার কিংবা তাঁহার পক্ষে অন্য কোনো ব্যক্তিকর্তৃক তাঁহার সকল কিংবা কতিপয় পাওনাদারের সহিত সম্পাদিত একটি চুক্তি। এই চুক্তির দ্বারা একদিকে এই মর্মে সম্মতি জ্ঞাপন করা হয় যে, চুক্তিসম্পাদনকারী পাওনাদারগণের প্রত্যেককে একটি সুনির্দিষ্ট আন্ধ কিংবা তাঁহাদের দাবির একটি শতকরা অংশ (উভয় ক্ষেত্রেই সমগ্র অপেক্ষা কম) প্রদান করা হইবে, কিংবা দেনাদারের সম্পত্তির সবটা বা একটা নির্দিষ্ট অংশ ওই সকল দাবি আনুপাতিক হারে মিটাইবার জন্য ব্যবহার করা হইবে; অন্যদিকে তাঁহাদের দাবি মিটাইবার জন্য এইভাবে যাহা কিছু প্রস্তাব করা হয়, পাওনাদারগণ তাহা গ্রহণ করিতে সম্মতি জ্ঞাপন করেন। ১৯৯৭ সালের দেউলিয়া বিষয়ক আইনের ৪৩ ধারা-অনুসারে, দেউলিয়া ঘোষণাদেশ প্রদানের পরও দেনাদার তাঁহার দায় মিটাইবার জন্য পাওনাদারগণের নিকট আপস-মীমাংসার প্রস্তাব দিতে পারেন এবং পাওনাদারগণের দুই-তৃতীয়াংশ তাহা গ্রহণ করিলে এবং আদালত তাহা অনুমোদন করিলে সকল পাওনাদার তাহা গ্রহণ করিয়াছেন বলিয়া গণ্য ইইবে।

compound vb. আপস করা, মিটমাট করা ক্রি. ১. ঋণদাতার সহিত ঋণ-বিষয়ে মিটমাট করা। ২. অপরাধের বিষয়ে আপস করা। compounding an offence দ্র.।

compounding an offence অপরাধের বিষয়ে রফা বা আপস-মীমাংসা গ্রেফতারযোগ্য অপরাধীকে অভিযুক্ত করিবার বা তাঁহাকে বিচারে সোপর্দ করিবার সহায়ক তথ্যসমূহ প্রকাশ না করিবার জন্য প্রতিলাভ গ্রহণ করা বা গ্রহণ করিতে সম্মত হওয়ার অপরাধ (অপরাধজনিত ক্ষতি বা আঘাতের জন্য যুক্তিসংগত ক্ষতিপূরণ এই প্রতিলাভের অন্তর্ভূক্ত নহে)। চোরাইমাল ফেরত দিলে 'কোনো প্রশ্ন জিজ্ঞাসা করা হইবে না' কিংবা মাল ফেরতপ্রদানকারী ব্যক্তিকে তদন্তের সম্মুখীন হইতে হইবে না, এই মর্মে পুরস্কারের বিজ্ঞাপন দেওয়াও একটি বিশেষ সংবিধিবদ্ধ অপরাধ। ফৌজদারি কার্যবিধির ৩৪৫ ধারা-অনুসারে, এদেশে কতিপয় অপরাধের বিষয়ে আপস-মীমাংসা করা যায়।

- comprehensive guarantee ব্যাপক নিশ্চয়তা রপ্তানি-ঋণ-বিমা প্রকল্পের অধীনে রপ্তানিকারকদেরকে প্রদন্ত বাণিজ্যিক ও রাজনৈতিক ঝঁকির নিশ্চয়তা।
- compromis d'arbitrage সালিশি মীমাংসা বিবদমান রাষ্ট্রগুলিকর্তৃক বিবাদের বিষয়সমূহ একটি সালিশি আদালতে (tribunal) উপস্থাপন করিবার বিষয়ে মতৈক্য। arbitration দ্র.।
- compromise n. আপস বি. ইংল্যান্ডে বিবদমান পক্ষগুলির মধ্যে মতৈক্যসাপেক্ষে দাবি নিষ্পত্তির কাজ। ইহার ফলে আদালতে চলমান যে-কোনো মামলার অবসান হয়। বিবাদের নিষ্পত্তির শর্তাবলি আদালতের রায়ের সহিত একীভূত হইয়া যাইতে পারে, কিংবা শর্তগুলি বিবদমান পক্ষগুলির মধ্যে সম্পাদিত একটি চুক্তির অন্তর্ভুক্ত করা যায়। বাংলাদেশে দেওয়ানি কার্যবিধির ২৩ আদেশের ৩ নিয়ম-অনুসারে, আদালতে যদি সন্তোষজনকরপে প্রমাণিত হয় যে, আইনসংগত চুক্তি বা আপস-নিষ্পত্তিমূলে কোনো মামলা সামগ্রিক বা আংশিকভাবে বাদীর সন্তোষসাধন করিয়া থাকে, তবে আদালত উক্ত চুক্তি, আপস-নিষ্পত্তি বা সন্তোষসাধনের বিষয়টি লিপিবদ্ধ করিবার আদেশ দিবেন এবং তদনুসারে মামলার একটি ডিক্রিদান করিবেন।
- compromise of suit সোলে, মোকদ্দমা-আপস দেওয়ানি কার্যবিধির ২৩ আদেশের ৩ নিয়মে বলা হইয়াছে যে, আদালতের নিকট যদি সন্তোষজনকরূপে প্রমাণিত হয় যে, কোনো আইনসন্মত চুক্তি বা আপসের দ্বারা মোকদ্দমা যুক্তিসংগতভাবে সামপ্রিক বা আংশিকভাবে মিটমাট হইয়াছে অথবা মামলার বিষয়বস্তু সম্পর্কে বিবাদী সামপ্রিক বা আংশিকভাবে বাদীর সন্তুষ্টিসাধন করিয়াছেন তবে আদালত উক্ত চুক্তি, আপসনিম্পত্তি বা সন্তুষ্টিসাধনের বিষয়টি লিপিবদ্ধ করিবার আদেশ দিবেন এবং সেই অনুযায়ী মামলার নিম্পত্তি বা ডিক্রিদান করিবেন। আপস বা সোলে ডিক্রি বা নিম্পত্তি সম্পর্কে কোনোরূপ প্রতারণার অভিযোগে মামলা বা দরখান্ত আনিতে হইলে আদালত উক্ত ডিক্রি বা নিম্পত্তি বাতিল করিতে পারেন।
- compulsory open space আবশ্যিক উন্মুক্ত স্থান ১৯৯৬ সালের ইমারত নির্মাণ বিধিমালা-অনুযায়ী ইমারতের চতুম্পার্শ্বের প্রয়োজনীয় খালি জায়গা। উক্ত জায়গায় কোনো কাঠামো নির্মাণ করা যাইবে না।

compulsory purchase বাধ্যতামূলক ধরিদ জনস্বার্থে সংবিধিবদ্ধ কর্তৃপক্ষকর্তৃক ভূমির বাধ্যতামূলক অধিগ্রহণ। ইংল্যান্ডে সুনির্দিষ্ট অধিগ্রহণের জন্য ক্ষমতা প্রদান করা যাইতে পারে, কিন্তু কোনো জনস্বার্থমূলক কার্যক্রম গ্রহণের প্রয়োজনে, যেমন শিক্ষাপ্রসারের জন্য, সরকারি ও স্থানীয় কর্তৃপক্ষের যে-কোনো ভূমি অধিগ্রহণের ব্যাপক ক্ষমতা রহিয়াছে। সাধারণত ভূমি-অধিগ্রহণ আইন-অনুযায়ী এই ক্ষমতা প্রয়োগ করা এবং ইহার জন্য বিধি-অনুযায়ী ক্ষতিপূরণও নির্ধারণ করা হয়। ভূমি মন্ত্রণালয় বিজ্ঞপ্তি দিয়া ভূমি-অধিগ্রহণের কথা জমির মালিককে জানাইবে। জমির মানিকের আপত্তি থাকিলে তাহা নিম্পত্তির ভার মন্ত্রণায়ের উপর থাকে। এইসব বিষয় আদালত পর্যন্ত গড়ায়। শেষে জমির মালিক ক্ষতিপূরণের বিনিময়ে বিষয়াটি মানিয়া লইতে বাধ্য হন। ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদথল অধ্যাদেশের বিধান-অনুসারে বাংলাদেশে ভূমি অধিগ্রহণ ও ক্ষতিপূরণ প্রদান করা হয়। এতৎসহ acquisition and requisition দ্র.।

compulsory winding up বাধ্যতামূলকভাবে ব্যবসা শুটানো যথাযথ দরখান্তের ভিত্তিতে আদালতকর্তৃক কোনো ব্যবসায়িক প্রতিষ্ঠানের কারবার শুটাইয়া ফেলার নির্দেশদানের আইনিং পদ্ধতি। এইরকম দরখান্তের প্রধান কারণ এইরূপ: (ক) কাম্পানি তাহার ঋণ পরিশোধে অসমর্থ; অথবা (খ) সবকিছু দেখিয়া শুনিয়া আদালত এই অভিমত জ্ঞাপন করেন যে, কোম্পানির সার্থেই যথার্থরূপে ও ন্যায়সংগতভাবে ব্যবসা শুটাইয়া ফেলা উচিত। কোম্পানির চাঁদাদাতা বা ঋণদাতা যে-কোনো ধরনের পরিচালক কিংবা কোনো তত্ত্বাবধানকারী কোম্পানির কারবার শুটাইবার জন্য দরখান্ত করিতে পারেন। আদালতকর্তৃক নিযুক্ত একজন অবসায়ক (liquidator), অবসায়ন কমিটি এবং সরকারের বাণিজ্য মন্ত্রণালয় মিলিয়া কোম্পানির কাজ-কারবার শুটাইয়া ফেলার কর্ম সম্পন্ন করে। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৩৪ ধারায় আদালতকর্তৃক, স্বেচ্ছায় বা আদালতের তত্ত্বাবধানে এদেশে কোম্পানির ব্যবসায় শুটাইয়া ফেলা যায়। এই আইনের পরবর্তী ধারাসমূহে তাহার বিশেষ বিধান করা ইইয়াছে।

computer n. কম্পিউটার বি. ২০০০ সালের কপিরাইট আইন-অনুসারে, তথ্য প্রক্রিয়াকরণের ক্ষমতাসম্পন্ন কোনো ইলেক্ট্রনিকস বা অনুরূপ যে-কোনো যন্ত্র।

computer documents কম্পিউটার দলিলাদি (সাক্ষ্য আইনে) ইংল্যান্ডে দেওয়ানি মামলায় কম্পিউটার কর্তৃক সরবরাহকৃত যে-কোনো দলিল উহাতে লিপিবদ্ধ যে-কোনো তথ্য সম্বন্ধে সাক্ষ্যপ্রমাণাদিদানের সাধারণ বিধিমতে আদালতে গ্রহণযোগ্য হইবে। ফৌজদারি মামলায় কম্পিউটার-মূদ্রিকা (print out) প্রমাণ হিসাবে আদালতে গ্রহণযোগ্য, যদি ওই তথ্য সম্বন্ধে প্রত্যক্ষ মৌখিক সাক্ষ্য-প্রমাণ গ্রহণযোগ্য হয়। সাক্ষ্য আইনের ৩ ধারা-অনুসারে কম্পিউটার তথ্যাদি দলিল, সেইহেতু সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য।

- computer misuse কম্পিউটারের অপব্যবহার অনুনমোদিত তথ্য কম্পিউটারে নিবেশিত করা কিংবা বিনা অনুমতিতে কম্পিউটার হইতে কোনো তথ্য বাহির করা। ইহা একটি অপরাধ। hacking দ্র.।
- computer programme কম্পিউটার প্রোগ্রাম ২০০০ সালের কপিরাইট আইন-অনুসারে, পাঠযোগ্য মাধ্যমে যন্ত্রসহ শব্দ, সংকেত, পরিলেথ অথবা অন্য কোনো প্রকারে প্রকাশিত নির্দেশাবলি যদ্ধারা কম্পিউটারকে কোনো বিশেষ কাজ করানো বা বাস্তবে ফলদায়ক করানো যায়।
- concealment n. তথ্যগোপন বি. nondisclosure দ্ৰ.।
- concealment of securities জ্ঞামানত বা দলিল-দন্তাবেজ সঙ্গোপন আত্মস্বার্থে বা অন্যের ক্ষতিসাধনের উদ্দেশ্যে মূল্যবান কাগজপত্র, দলিল কিংবা আদালত হইতে প্রাপ্ত বা সরকারি যে-কোনো দলিল-দন্তাবেজ অসংভাবে লুকাইয়া রাখা, সেইগুলি ধ্বংস করিয়া ফেলা কিংবা সেইগুলির বিকৃতিসাধন করা ইত্যাদি ইংল্যান্ডে অপরাধযোগ্য অপকর্ম। মূল্যবান কাগজপত্র বলিতে বুঝায় সম্পত্তির অধিকারসংক্রান্ত দলিলাদি, অর্থ-লেনদেনের বৈধ কাগজপত্র, সম্পত্তি বিলি-বন্টনের কাগজ বা এসবের প্রমাণপত্র কিংবা যে-কোনো দায়মোচন-পত্র। দণ্ডবিধির ৪৭৭ ধারা-অনুসারে ইচ্ছাপত্র, দন্তকগ্রহণের অনুমোদন বা কোনো মূল্যবান জামানত প্রতারণামূলকভাবে বাতিল, বিকৃতি, বিনষ্ট অথবা গোপন করিবার অপরাধ যাবজ্জীবন বা সাত বংসর পর্যন্ত কারাদণ্ড ও অর্থদণ্ড দ্বারা শান্তিযোগ্য।
- conciliation n. মধ্যস্থতা বি. ১. দেওয়ানি বিরোধের নিম্পণ্ডি বা মীমাংসা alternative dispute resolution দ্র.। ২. আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ সমাধানপদ্ধতি। বিবাদের বিষয়টি বিবদমান পক্ষগুলির সম্বতির ভিত্তিতে স্থায়ী বা অ্যাডহক সালিশি কমিশনে পাঠানো হয়। বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষভাবে বিবাদসম্পূক্ত বিষয়গুলি ভালো করিয়া বিচার-বিশ্রেষণ করা এবং তাহার পরে একটি চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করা এই কমিশনের কাজ। এই প্রতিবেদনে বিরোধ-মীমাংসার সুনির্দিষ্ট প্রস্তাব থাকিবে। তবে প্রস্তাব মানিয়া লওয়ার ক্ষেত্রে বিবদমান পক্ষগুলির কোনো আইনি বাধ্যবাধকতা নাই। এতৎসহ good offices ও mediation দ্র.।
- conciliation council সালিশ পরিষদ ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ-অনুসারে, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং উক্ত অধ্যাদেশের আওতাভুক্ত কোনো বিষয়ের সহিত জড়িত বিষয়বন্তুর পক্ষসমূহের প্রত্যেক পক্ষ হইতে একজন করিয়া প্রতিনিধি লইয়া গঠিত পরিষদ।
- conciliation court সালিশি আদালত জাতীয় বা আর্ত্তজাতিক ক্ষেত্রে আপস-মীমাংসা বা শান্তিপূর্বভাবে বিরোধ নিষ্পত্তি করিবার জন্য স্থাপিত আদালত।

conciliation in labour dispute শ্রম-বিরোধের মধ্যস্থতা মজুরি, অন্যান্য সুযোগ-সুবিধা ও প্রাপ্তি ইত্যাদি লইয়া নিয়োগকর্তা, মিল বা কারখানার মালিকের সহিত শ্রমিকদের বিরোধ দেখা দিলে আলাপ-আলোচনার মাধ্যমে উহা মীমাংসা করিবার জন্য সালিশি। ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশ-অনুসারে, শিল্পবিরোধ-নিম্পত্তির অন্যতম পদ্ধতি।

- conciliation in Muslim divorce মুসলিম বিবাহবিচ্ছেদে মধ্যস্থতা আদালতে না গিয়া এবং মুসলিম আইন-অনুসরণ করিয়া স্বামী-স্ত্রীর শান্তিপূর্ণ বিবাহবিচ্ছেদ। ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশের ৭ ধারা-অনুসারে গঠিত সালিশি পরিষদ বিবাহবিচ্ছেদে মধ্যস্থতা করেন।
- conclusive evidence চূড়ান্ত প্রমাণ কোনো বিচার্য তথ্যের প্রতিষ্ঠায় যে-সাক্ষ্য চূড়ান্তভাবে গৃহীত হইয়াছে এবং যাহা লইয়া আর বাদানুবাদ করা যায় না। দৃষ্টান্ত হিসাবে, কোম্পানির নিগমবন্ধনপত্রই কোম্পানির নিগমবন্ধ হইবার বৈধ প্রমাণ।
- conclusive proof চ্ড়ান্ত প্রমাণ সাক্ষ্য আইনের ৪ ধারায় বলা হইরাছে যে, যখন একটি বিষয়কে অপর একটি বিষয়ের চ্ড়ান্ত প্রমাণ বলিয়া ঘোষণা করা হয়, তখন আদালত প্রথমাক্ত বিষয় প্রমাণিত হইলেই অপর বিষয়ও প্রমাণিত বলিয়া গণ্য করিবেন এবং উহা মিথ্যা প্রমাণ করিবার জন্য সাক্ষ্যদানের অনুমতি দিবেন না। সাক্ষ্য আইনের ৪১ ধারা এবং ১১২ ও ১১৩ ধারায় বর্ণিত বিষয়াবলি চ্ড়ান্ত প্রমাণ বলিয়া গণ্য হইবে।
- concurrence n. মতৈক্য বি. ইহাদ্বারা মনের ধ্যান-ধারণার একই পথ নির্দেশ করে এবং বোঝাপড়ায় উপনীত হওয়া বুঝায়।
- concurrent interests সংযুক্ত স্বার্থ একই সময়ে একাধিক ব্যক্তিকর্তৃক জমির স্বত্যধিকার। যেমন, যুক্ত স্বত্যধিকার। joint tenancy ও tenancy in common দ্র.।
- concurrent jurisdiction সহবর্তমান এখডিয়ার অভিনু পক্ষণণ বা বিষয়বন্তু সম্পর্কে একই সময়ে দুই বা ততোধিক আদালতের এখতিয়ার। উদাহরণস্বরূপ, দেওয়ানি কার্যবিধির ১৭ ধারা-অনুসারে বিভিনু আদালতের স্থানীয় সীমার মধ্যে অবস্থিত স্থাবর সম্পত্তি সম্পর্কিত কোনো মামলা উক্ত সম্পত্তির অংশবিশেষ যে-আদালতের এখতিয়ারে অবস্থিত সেইরূপ যে-কোনো আদালতে দায়ের করা যায়।
- concurrent lease সহবর্তমান ইজারা ইজারার মেয়াদ শেষ হইবার পূর্বেই জমি বা ভবনের মালিকের সহিত সম্পাদিত নৃতন ইজারা। সহবর্তমান ইজারার ফলে ইজারাগ্রহীতা পূর্ববর্তী ইজারা সম্পর্কে মালিকের অধিকার ও দায়িত্ব অর্জন করেন।

concurrent sentence সমান্তরাল দপ্তাদেশ, একত্র দপ্তাদেশ আসামি একাধিক অপরাধের জন্য বিভিন্ন মেয়াদে দণ্ডিত হইলে তাহা একযোগে ভোগ করা। সমান্তরাল দপ্তাদেশ সাধারণত বিভিন্ন মেয়াদের কারাদণ্ড এবং ইহাতে আসামি কার্যত দীর্ঘতম দপ্তাদেশ ভোগ করিয়া থাকে। ফৌজদারি কার্যবিধির ৩৫ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি একই বিচারে দৃই বা ততোধিক অপরাধের জন্য দণ্ডিত হইলে এবং এইরূপ শান্তি কারাদণ্ড হইলে আদালত তাহা একসঙ্গে ভোগ করিবার আদেশ দিতে পারেন। অন্যথায় একটির পর অন্য শান্তি ভোগ করিতে হইবে। consecutive sentence দ্র.।

concurrent tortleasors সমগামী অপকর্তা পরস্পরের যোগসাজসে অপকর্মের দারা অন্যের ক্ষতিসাধনকারী একাধিক ব্যক্তি। joint tortleasors দ্র.।

condition n. শর্ত বি. ১. চুক্তির প্রধান উপাদান হইল শর্ত। শর্তকে সবসময়ে চুক্তির মূল হিসাবে ধরা হয়। বস্তুতপক্ষে ইহা চুক্তির সারাৎসার। শর্ত ও নির্ভরপত্র (warranty) এক নয়। নির্ভরপত্রের গুরুতু গৌণ। শর্তভঙ্গ হইলে চুক্তির মূলবস্তুই নষ্ট হইয়া যায়। তখন ক্ষতিগ্রন্ত পক্ষ চুক্তি খারিজ হইয়া গিয়াছে বলিয়া গণ্য করিতে পারে; পক্ষান্তরে নির্ভরপত্র লঙ্খিত হইলে কেবল ক্ষতিপুরণের মামলা করিয়া তাহার প্রতিকার করা যায়, অবশ্য চুক্তিতে বিপরীত শর্ত থাকিলে ভিনু কথা। শর্ত ও নির্ভরপত্র ব্যক্ত বা নিহিত হইতে পারে। ব্যক্ত হইলে, চুক্তিতে যে উহা শর্ত বা ওয়ারান্টি বলিয়া আখ্যায়িত হইয়াছে, এই বিষয়টিকে আদালত উহার মর্যাদার চূড়ান্ত প্রমাণ বলিয়া গণ্য করেন না। ২. যে-বিধান চুক্তি হইতে উদ্ভূত দায়ের অংশস্বরূপ নহে অথচ যাহা কোনো বিশেষ শর্ত পূরণ না করা পর্যন্ত চুক্তির কার্যকরতা স্থণিত রাখে (পূর্বশর্ত) অথবা কতিপয় বিশেষ পরিস্থিতিতে চুক্তির অবসায়ন ঘটায় (পরবর্তী শর্ত)। যেমন, 'ক' 'খ'-য়ের গাড়ি কিনিবেন, যদি গাড়িটির কলকজা ঠিক থাকে এবং তাহা পরিবহণ কর্তৃপক্ষের পরীক্ষায় উত্তীর্ণ হয়, ইহা একটি পূর্বশর্ত। পক্ষান্তরে, ক্রীত মালামাল সন্তোষজনক না হইলে বিক্রেতার কাছে ক্রেতা সমুদয় মাল ফিরাইয়া দিবেন, চুক্তির এই শর্তটি হইল পরবর্তী শর্ত। ১৯৩০ সালের পণ্যবিক্রয় আইনের ১১-২৭ ধারাসমূহে পণ্য বিক্রয় চুক্তির শর্ত ও নিশ্চয়তা সম্পর্কে বিধান করা ইইয়াছে। breach of contract, condition precedent ও condition subsequent র.।

conditional acceptance শর্তসাপেক্ষ স্বীকৃতি কোনো একটি ঘটনা সংঘটিত হওয়া বা না-হওয়া সাপেক্ষে হডিপ্রদানের চুক্তি।

conditional admissibility (সাক্ষ্যের) শর্তসাপেক্ষ গ্রহণযোগ্যতা কোনো সাক্ষ্যের গ্রহণযোগ্যতা অপর একটি ঘটনার অস্তিত্বের প্রমাণ প্রদানের উপর নির্ভরশীল ইইলে তাহা পরবর্তীকালে প্রদানের শর্তসাপেক্ষে গ্রহণযোগ্য। বিচার-কার্যক্রমের পরবর্তী পর্যায়ে তদ্ধপ ঘটনা প্রমাণের শর্তে আদালত অনুরূপ সাক্ষ্য প্রথম পর্যায়ে গ্রহণ করিয়া থাকেন। সাক্ষ্য আইনের ১৩৬ ধারা-অনুসারে, বিচারক তাঁহার স্ববিবেচনায় সঠিক মনে করিলে দ্বিতীয় ঘটনা প্রমাণের পূর্বে প্রথম ঘটনা সম্পর্কে সাক্ষ্যদানের অথবা প্রথম ঘটনা সম্পর্কে সাক্ষ্যদানের অনুমতি দিতে পারেন।

conditional agreement শর্তসাপেক্ষ চুক্তি কোনো চুক্তির কার্যকরতা যদি অপর কোনো অনিশ্চিত ঘটনা ঘটিবার উপর নির্ভরশীল হয়, তাহা হইলে তদ্রেপ চুক্তিকে শর্তসাপেক্ষ চুক্তি বলা হয়। চুক্তি আইনের ৩১ ধারা-অনুসারে, চুক্তির আনুষঙ্গিক কোনো ঘটনার বা না ঘটিবার উপর যদি তাহার কার্যকরতা বা অকার্যকরতা নির্ভর করে, তবে ওই চুক্তিকে ঘটনার শর্তসাপেক্ষ চুক্তি বলা হয়। উক্ত আইনের ৩২ ধারায় বলা হইয়াছে যে, ভবিষ্যতে কোনো অনিশ্চিত ঘটনা ঘটিবার উপর কোনো কিছু করিবার বা না করিবার চুক্তি হইলে উক্ত ঘটনা না ঘটা পর্যন্ত উক্ত চুক্তি আইনত কার্যকর হয় না। উক্ত অনিশ্চিত ঘটনা ঘটা যদি অসম্ভব হয় তাহা হইলে উক্ত চুক্তি বাতিল হইবে। উক্ত আইনের ৩৩ ধারায় বলা হইয়াছে যে, ভবিষ্যতে কোনো অনিশ্চিত ঘটনা না ঘটিবার উপর কোনো কিছু করিবার বা না করিবার চুক্তি থাকিলে উক্ত ঘটনা না ঘটিবার উপর কোনো কিছু করিবার বা না করিবার চুক্তি থাকিলে উক্ত ঘটনা ঘটা অসম্ভব হইবার পর তাহা কার্যকর করা যায়, তৎপূর্বে নহে।

conditional discharge শর্তসাপেক্ষ অব্যাহতি ফৌজদারি মামলায় আসামিকে শান্তি প্রদান না করিয়া, নির্দিষ্ট সময়ের মধ্যে তিনি কোনো অপরাধ করিবেন না, এই শর্তে বিচারককর্তৃক তাঁহাকে অব্যাহতি প্রদান করা। ইংল্যান্ডের আইনে বিচারককর্তৃক আসামিকে শর্তাধীন অব্যাহতি দেওয়ার বিধান থাকিলেও বাংলাদেশের আইনে অদুপ বিধান নাই। ফৌজদারি কার্যবিধির ১৪১ক ধারায় আসামির বিরুদ্ধে আনীত অভিযোগ ভিত্তিইন ইইলে কেবল ম্যাজিস্ট্রেট এবং ২৬৫গ ধারায় আসামির বিরুদ্ধে মামলা চালাইবার পর্যাপ্ত হেতু না থাকিলে কেবল দায়রা বিচারক আসামিকে অব্যাহতি দিয়া থাকেন। ওইসকল ধারায় শর্তসাপেক্ষ অব্যাহতি প্রদানের কোনো বিধান নাই। discharge দ্র.।

conditional fee agreement শর্তসাপেক্ষ ফি প্রদানের চুক্তি মামলা পরিচালনার জন্য মামলায় জয়লাভ করিবার শর্তে আইনজীবী ও মক্কেলের মধ্যে আইনজীবীকে যে-ফি প্রদানের চুক্তি হয়। এইরপ চুক্তির অধীনে মামলায় পরাজিত হইলে আইনজীবী তাঁহার মক্কেলের নিকট সেবাদানের জন্য কোনো ফি দাবি করিতে পারেন না। শর্তাধীন ফি প্রদানের চুক্তি ইংল্যান্ডে কেবল কতিপয় নির্দিষ্ট মামলার ক্ষেত্রে অনুমোদিত এবং বেশির ভাগ ক্ষেত্রে তাহা বেআইনি; কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্রসহ অনেক দেশে উহা বহলপ্রচলিত। বাংলাদেশে তদ্ধপ চুক্তি অবৈধ। সম্পত্তি-হস্তান্তর আইনের ১৩৬ ধারার বিধান-অনুসারে, কোনো আইনজীবী তাঁহার মক্কেলের সহিত

নালিশযোগ্য দাবির অংশ বা স্বার্থ গ্রহণ করিবার জন্য কোনোপ্রকার চুক্তি করিতে পারেন না এবং তদ্ধপ চুক্তি আদালতে বলবংযোগ্য নহে। এতৎসহ contingency fee ও maintenance and champerty দ্র.।

- conditional interest শর্তসাপেক স্বার্থ যেমন, ক যদি খ-য়ের নিকট খাজনা প্রাপ্তিসাপেক ভূমি হস্তান্তর করেন এবং খ খাজনা প্রদান না করিলে উহা বাজেয়াও করিবার অধিকার সংরক্ষণ করেন, তবে তাহা একটি শর্তাধীন স্বার্থ। সম্পত্তি-হস্তান্তর আইনে ও ঘরবাড়ি ভাড়া নিয়ন্ত্রণ আইনের বিধান-অনুসারে ঘরবাড়ির মাসিক ভাড়াটিয়ার স্বার্থ চুক্তির শর্ত ভঙ্গ করিলে বাতিলযোগ্য। তদ্রূপ স্বার্থ শর্তাধীন স্বার্থ মাত্র। contingent interest ও determinable interest তু.।
- conditional sale agreement শর্তসাপেক বিক্রয়-চুক্তি যে বিক্রয়-চুক্তিতে এইরূপ শর্ত থাকে যে, মূল্য কিন্তিতে পরিশোধযোগ্য এবং বিক্রীত পণ্য ক্রেতার নিকট অর্পণ করিবার পর ও সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবার পূর্বে ওই পণ্যের মালিকানা বিক্রেতার থাকিবে, সেইরূপ চুক্তিকে শর্তাধীন বিক্রয়-চুক্তি বলা হয়। এইরূপ চুক্তিতে মূল্য পরিশোধ না করা পর্যন্ত বিক্রেতা জামিনস্বরূপ বিক্রীত পণ্যে তাহার মালিকানা বজায় রাখেন। পণ্যবিক্রয় আইনের ২৫ ধারার বিধানমতে বিক্রয়-চুক্তির শর্ত প্রণ না করা পর্যন্ত বিক্রীত পণ্য ক্রেতার নিকট অর্পণ করিবার পরও তাহাতে বিক্রেতার মালিকানা বজায় থাকে এবং তদ্রূপ শর্তপূরণ না করিলে বিক্রেতা ওই পণ্য অন্যত্র বিক্রয় করিবার অধিকার সংরক্ষণ করিতে পারেন।
- condition of warranty নিশ্চয়তার শর্জ পণ্যসংক্রান্ত নিশ্চয়তাদানের— যেমন, মেরামত বা বদল করার— শর্জ। শর্জ ইইতেছে এমন একটি কড়ার যাহা চুজির মূল উদ্দেশ্যের জন্য অপরিহার্য, যাহা ভঙ্গ হইলে চুক্তি প্রত্যাখ্যাত বলিয়া গণ্য করিবার অধিকারের উদ্ভব হয়। নিশ্চয়তা হইতেছে এমন একটি কড়ার যাহা চুক্তির মূল উদ্দেশ্যের সহায়ক, যাহা ভঙ্গ হইলে ক্ষতিপূরণ দাবির উদ্ভব হয় এবং তদ্ধারা পণ্য প্রত্যাখ্যান করা এবং উক্ত চুক্তি প্রত্যাখ্যাত বলিয়া গণ্য করিবার অধিকার সৃষ্টি হয় না। বিক্রয়-চুক্তিতে কোনো কড়ার, শর্জ কিংবা নিশ্চয়তা যুক্ত আছে কি না, তাহা প্রত্যেক ক্ষেত্রেই উক্ত চুক্তির ব্যাখ্যার উপর নির্ভরশীল। চুক্তিতে কোনো কড়ারকে নিশ্চয়তা বলা হইলে উহা একটি শর্জ হইতে পারে।
- condition precedent পূর্ববর্তী শর্ত যে-শর্ত চুক্তির দায়ের অংশ নহে, কিন্তু যাহা সুনির্দিষ্ট ঘটনা না ঘটা পর্যন্ত চুক্তির প্রয়োগ স্থগিত রাখে। condition দ্র.।
- condition subsequent পরবর্তী শর্ত যে-শর্ত চুক্তির দায়ে**র অংশ শব্দে, কিন্তু** যাহা সুনির্দিষ্ট ঘটনা ঘটিলে চুক্তি বাতিল করিবার অ**ধিকার প্রদান** র্করে। condition **এ.**!

২১৯ confession

condominium n. যৌথ অধিকার ১. যৌথ সার্বভৌমত্ব কোনো ভূখণ্ডের উপর দুই বা ততোধিক রাষ্ট্রের যৌথ সার্বভৌমত্ব। ইহার দ্বারা যৌথ সার্বভৌমত্বের অধীন কোনো ভূখণ্ডকেও বুঝায়। উদাহরণস্বরূপ, ১৯৮০ সাল পর্যন্ত দক্ষিণ প্রশান্ত মহাসাগরের নিউ হেবরাইডিস দ্বীপপুঞ্জের উপর ফরাসি ও ব্রিটিশ যৌথ সার্বভৌমত্ব।
২. আংশিক ব্যক্তিমালিকানাসহ যৌথ অধিকার কোনো দালানের একাংশের ব্যক্তিমালিকানাসহ কতিপয় অংশ অপর অংশীদারদিগের সহিত যৌথ ব্যবহারের অধিকার। যেমন, বহুতল দালানের ফ্ল্যান্টের মালিকের পক্ষে উক্ত দালানের পথ, সিড়ি, ছাদ, প্রবেশদার ইত্যাদি অপর মালিকদের সহিত যৌথভাবে ব্যবহারের অধিকার।

condonation n. পরিমার্জনা বি. কোনো দাম্পত্য অপরাধ ক্ষমা বা উপেক্ষা করা।

condonation of delay বিলম্ব মওকৃষ্ণ বিলম্বের দোষ বা ক্রটি মার্জনা করা। তামাদি আইনের ৫ ধারার বিধান-অনুসারে, যুক্তিসংগত কারণ দর্শানো হইলে আদালত তামাদি-উত্তীর্ণ কোনো দরখান্ত বা আপিল দেরিতে দাখিলের ক্রটি মার্জনা করিয়া তাহা ত্বনানির জন্য গ্রহণ করিতে পারেন।

conduct n. আচরণ বি. ব্যক্তিগত চালচলন, যাহা সক্রিয় বা নিদ্ধিয়— দুইভাবেই প্রকাশ পাইতে পারে।

confederation n. মিত্রসংঘ বি. একাধিক স্বাধীন সংঘ বা রাষ্ট্র তাহাদের সাধারণ
বার্থ-সংরক্ষণের জন্য চুক্তির দ্বারা সংযুক্ত সংঘ বা যুক্তরাষ্ট্র গঠন করিলে তাহাকে
মিত্রসংঘ বলা হয়। যেমন, ভূতপূর্ব সংযুক্ত সোভিয়েত সমাজতান্ত্রিক প্রজাতন্ত্রসমূহ।
মিত্রসংঘে যোগদানকারী যে-কোনো রাষ্ট্র ওই সংঘ হইতে বাহির ইইয়া যাইবার
অধিকার সংরক্ষণ করিয়া থাকে। শ্রমিক-সংগঠনগুলিও তাহাদের সাধারণ স্বার্থসংরক্ষণের জন্য একত্র হইয়া মিত্রসংঘ গঠন করিয়া থাকে। federal state তূ.।

confession n. অপরাধরীকারোক্তি বি. শারীরিক নির্যাতন, ভয়ভীতি প্রদর্শন বা প্ররোচনা ব্যতীত কোনো অপরাধীকর্তৃক স্বেচ্ছায় নিজের অপরাধের কথা স্বীকার। সাক্ষ্য আইনের ২৪-৩০ ধারায় কোন কোন অবস্থায় আসামির অপরাধরীকারোক্তি সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য তাহা বলা হইয়াছে। ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারায় ম্যাজিট্রেটকে আসামির অপরাধ-স্বীকারোক্তি লিপিবদ্ধ করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে এবং উক্ত কার্যবিধির ৩৬৪ ধারায় তাহা লিপিবদ্ধ করিবার পদ্ধতি উল্লেখ করা হইয়াছে। আদালত যদি মনে করেন যে, আসামির অপরাধস্বীকারোক্তি আইনের উপরিউক্ত যে-কোনো বিধান লচ্ছান করিয়া লিপিবদ্ধ করা হইয়াছে, তবে আদালত মামলা বিচারে তাহা বিবেচনায় গ্রহণ নাও করিতে পারেন।

- confession and avoidance অগরাধস্বীকারোক্তি ও পরিহার আসামি নিজের বজব্যে অপরাধ সম্পর্কে তাঁহার বিরুদ্ধে আনীত অভিযোগ-সংক্রান্ত ঘটনার সত্যতা স্থীকার করিয়াও অপরাধের অভিযোগ হইতে পরিত্রাণ পাইবার উদ্দেশ্যে তৎকর্তৃক প্রদন্ত অভিরিক্ত বক্তব্য। আসামি তাঁহার স্থীকারোক্তিতে কী অবস্থার পরিপ্রেক্ষিতে অপরাধ সংগঠন করিয়াছেন, তাহা উল্লেখ করিতে পারেন। তদ্মারা যদি তিনি অপরাধের দায় হইতে অব্যাহতি লাভ করিতে পারেন, তাহা হইলে তদ্রূপ অপরাধস্বীকারোক্তিও পরিহার বলা হয়। দওবিধির ৯৬-১০৬ ধারায় বলা হইয়াছে যে, আত্মরক্ষার্থে কেহ কোনো ঘটনা ঘটাইলে তিনি অপরাধের দায় হইতে অব্যাহতি পাইবেন। যদি আসামি তাঁহার স্বীকারোক্তিতে উল্লেখ করেন যে, তিনি যে-ব্যক্তিকে হত্যা করিয়াছেন সেই ব্যক্তি তাঁহাকে প্রাণে মারিতে উদ্যত হুয়াছিলেন, তাই আসামি আত্মরক্ষার্থে তাঁহাকে হত্যা করিতে বাধ্য হুইয়াছেন. তবে এইরূপ স্বীকারোক্তি অপরাধস্বীকারোক্তি ও পরিহারমূলক বক্তব্য।
- confidential communication একান্ত তথ্যজ্ঞাপন বিশ্বাসপূর্বক একজন মঞ্চেল তাঁহার আইনজীবীর নিকট বা একজন রোগী তাঁহার চিকিৎসকের নিকট যদি তাঁহার মামলা বা রোগসংক্রান্ত কোনো তথ্য জ্ঞাপন করেন, তাহা হইলে ওই আইনজীবী বা চিকিৎসক তাহা সংরক্ষণ করিবার অধিকারী। সাক্ষ্য আইনের ১২১-১২৯ ধারায় বিচারক, পতিপত্নী, সরকারি কর্মচারী, ম্যাজিস্ট্রেট, পুলিশ-কর্মকর্তা, আইনজীবী প্রভৃতি কর্তৃক তাঁহাদের নিকট প্রদন্ত বার্তার বা দলিলের গোপনীয়তা কোন অবস্থায় রক্ষা করিতে পারেন, তাহা বলা হইয়াছে।
- confidential information একান্ত তথ্য বিশ্বাসপূর্বক গোপনে প্রদন্ত তথ্য সংরক্ষণের অধিকার ইংল্যান্ডের সাধারণ আইনে বিদ্যমান এবং বিশ্বাসপূর্বক গোপনে প্রদন্ত তথ্য প্রকাশ করা আদালত নিষেধাক্তা জারির মাধ্যমে বারণ করেন। যে-তথ্য পৃথিবীর যে-কোনো স্থানে প্রকাশিত ইইয়াছে তাহা কোনো চুক্তির গোপনীয়তা রক্ষার শর্তের পরিপন্থী না ইইলে পরবর্তীকালে কোনো আদালত তাহার প্রকাশ বারণ করিতে পারেন না। যে-সকল সরকারি নথিপত্র সম্পর্কে সরকারি গোপনীয়তা রক্ষা আইন প্রযোজ্য, ওইসকল নথিপত্র-সংক্রান্ত কোনো তথ্য কেহ গোপনে কাহারো নিকট প্রদান করিলে তিনি আইনত তাহা সংরক্ষণের অধিকারী নহেন। breach of confidence দ্র.।
- confirm vb. দৃঢ়ভাবে প্রতিপন্ন করা, সমর্থন ও অনুমোদন করা বি. নিশ্চিত করা, সত্যতা প্রতিপাদন করা। আনুষ্ঠানিক সম্মতিদ্বারা বৈধ করা, দৃঢ় করা। দৃঢ়ভাবে প্রতিপন্ন করা বলিতে, যেমন, কোনো সিদ্ধান্ত বা মতকে নিশ্চিত করা বুঝায়। সমর্থন করা বলিতে, যেমন, কোনো সাক্ষ্যকে সমর্থন করা বুঝায়।

২২১ conflict of laws

confirmation of sale নিলাম-বহাল দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ৯২ নিয়মে নিলাম-বিক্রয় চূড়ান্তরূপে নিম্পন্ন হওয়া সম্পর্কে বিধান বর্ণিত হইয়াছে। ৯২(১) নিয়ম-অনুসারে, যে-ক্ষেত্রে ৮৯, ৯০ বা ৯১ নিয়ম-অনুসারে কোনো আবেদন করা হয় নাই অথবা আবেদন করা হইয়া থাকিলেও তাহা মনজুর হয় নাই, সেক্ষেত্রে আদালত একটি আদেশদ্বারা নিলামে বিক্রয় অনুমোদন করিবেন এবং তদ্ধারা উক্ত নিলাম-বিক্রয় চূড়ান্তরূপে নিম্পন্ন হইবে।

- confirming bank নিশ্চয়তাপ্রদানকারী ব্যাংক আন্তর্জাতিক বাণিজ্যে যে-ব্যাংক ক্রেতার ব্যাংকের পক্ষে বিক্রেতাকে তাঁহার পাওনা-পরিশোধে বা প্রত্যয়পত্রের অধীনে দেয় ড্রাফ্ট গ্রহণের নিশ্চয়তা অথবা দায়িত্গ্রহণের অঙ্গীকার প্রদান করে।
- confiscation বাজেয়াপ্তকরণ বি. ১. সরকারি কোষাগারের জন্য সম্পত্তি জব্দকরণ। ২. প্রকৃত বা অনুমিত কর্তৃপক্ষ কর্তৃক সম্পত্তি জব্দকরণ।
- confiscation order বাজেয়াপ্তি আদেশ আসামি অপরাধ সংঘটন করিয়া সম্পত্তি
 অর্জন করিলে এবং বিচারে দোষী সাব্যন্ত হইলে আদালত ওই সম্পত্তি বাজেয়াপ্ত
 করিয়া যে-আদেশ প্রদান করেন। ফৌজদারি কার্যবিধির ৫১৭ ধারায় বলা হইয়াছে
 যে, ফৌজদারি আদালত কোনো বিচার বা তদন্ত সমাপ্ত হইবার পরে ওই আদালতের
 নিকট উত্থাপিত বা উহার তত্ত্বাবধানে রক্ষিত এমন কোনো সম্পত্তি বা দলিল, যাহার
 সম্পর্কে কোনো অপরাধ সংঘটিত হইয়াছে বা যাহা উক্ত অপরাধ সংঘটনের জন্য
 ব্যবহৃত হইয়াছে, তাহা বাজেয়াপ্ত করিবার আদেশ দিতে পারেন। controlled drug

 য়.।
- conflict of interest স্বার্থের সংঘাত সরকারি কর্মকর্তা বা আস্থাভাজন এবং তাঁহাদের প্রাভিজনিক স্বার্থঘটিত বিষয়াদির সঙ্গে তাঁহাদের সম্পর্ক সম্বন্ধে ব্যবহৃত একটি পরিশন্ধ। এতৎসম্পর্কিত শ্রেয়োনীতিঘটিত সমস্যাগুলি অধিকাংশ অধিক্ষেত্রে সংবিধির দ্বারা নিম্পত্তি করা হয়। আইনজীবীদের পেশাগত দায়িত্ববিধি এবং পেশাগত আচরণের আদর্শ বিধিমালা আইনজীবী ও মক্কেলের মধ্যে প্রকৃত বা সম্ভাব্য স্বার্থের সংঘাতের মান নির্দেশ করে। সাধারণত, কোনো সরকারি কর্মকর্তার কৃতশপথ-কর্তব্য পালনে তাঁহার যোগ্যতাভাবের প্রতি ইন্দিত করিবার জন্য ব্যবহৃত হইলে স্বার্থের সংঘাত' জনস্বার্থ এবং সংশ্লিষ্ট ব্যক্তির প্রাতিজনিক আর্থিক স্বার্থের মধ্যে একটি সংঘাত নির্দেশ করে।
- conflict of laws আইনের সংঘাত যদি এক দেশে কোনো চুক্তি সম্পাদন করিয়া অন্য দেশে তাহা বলবৎ করিবার বিধান করা হয়, তবে ওই চুক্তি যে-দেশে সম্পাদিত হুইয়াছে, সে-দেশের আইন এবং যে-দেশে চুক্তি বলবৎ করিবার বিধান করা হইয়াছে সে-দেশের আইনের মধ্যে বিরোধ দেখা দিলে কোন দেশের আইন উক্ত চুক্তি বলবৎ

করিবার জন্য প্রযোজ্য হইবে, তাহা প্রাতিজ্ঞানিক আন্তর্জাতিক আইনের বিষয়। সাধারণত প্রত্যেক দেশের নিজস্ব আইনের যে-অংশে বিদেশে সম্পাদিত চুক্তি বা বিদেশে প্রদন্ত সালিশের রোয়েদাদ বা আদালতের ডিক্রি বলবৎ করিবার যে-সকল বিধান আছে, তাহাই প্রাতিজনিক আন্তর্জাতিক আইন। সাধারণত রাষ্ট্রসমূহের মধ্যে সম্পাদিত আন্তর্জাতিক চুক্তির শর্তানুযায়ীও দুই দেশের আইনের মধ্যে কোন দেশের আইন কোন কোন ক্ষেত্রে প্রযোজ্য হইবে তাহা সাব্যস্ত হয়। যেমন, ১৯৮০ সালের রোম কনভেনশন-অনুযায়ী লিখিত চুক্তিপত্রে যে-দেশের আইন প্রযোজ্য হইবে বলিয়া উল্লিখিত থাকে তাহা প্রযোজ্য হয়। অন্যথায় চুক্তিপত্রে তদ্রূপ কিছু উল্লিখিত না থাকিলে উক্ত কনভেনশনের বিধানাবলি দ্বারা কোন দেশের আইন প্রযোজ্য হইবে তাহা হিরীকৃত হয়। private international law দ্র.।

confusion of goods পণ্যসান্ধর্য দুই বা ততোধিক মালিকের পণ্য যদি এমনভাবে
মিশিয়া যায় যে, তাহাদের সাবেক অংশ কোনোভাবে চিহ্নিত করা যায় না, তাহা
ইইলে মালিকগণ তাঁহাদের হিস্সা অনুপাতে ওই পণ্যে যৌথভাবে অধিকারী হন।

conjugal rights দাম্পত্য-অধিকার বিবাহিত দম্পতির পরস্পরের মধ্যে যে-সকল
অধিকার আইনে বা বিবাহের চুক্তিতে স্বীকৃত। বিবাহিত দম্পতির মধ্যে দ্রীর বাসস্থান
ও ভরণপোষণ দিতে স্বামী যেমন বাধ্য, তেমনি স্বামীর সহিত কতিপয় ক্ষেত্র ছাড়া
একত্রে দাম্পত্য জীবনযাপন করিতে দ্রী বাধ্য। স্বামী বা দ্রী কোনো যুক্তিসংগত কারণ
ছাড়া যদি একে অপরের সহিত একত্রে দাম্পত্য জীবনযাপন না করেন, তাহা ইইলে
সংক্ষ্কর পক্ষ ১৯৮৫ সালের পারিবারিক আদালত অধ্যাদেশের ৫ ধারার বিধানঅনুসারে পারিবারিক আদালতে দাম্পত্য-অধিকার পুনরুদ্ধারের মামলা দায়ের করিতে
পারেন। consummation of marriage দ্র.।

conjunctim সংযোগত (ইংল্যান্ডের প্রাচীন আইনে) যৌথভাবে।

connivance n. মৌন সম্বৃতি বি. কোনো ব্যক্তির এমন ব্যবহার, যাহা তাঁহার স্বামী বা স্ত্রীকে অপর কোনো ব্যক্তির সহিত বিবাহ সংক্রান্ত কোনো অপরাধ— যেমন, ব্যভিচার— করিতে সাহায্য করে। দওবিধির ৪৯৭ ধারায় বলা হইয়াছে যে, কোনো ব্যক্তি কাহারো প্রকাশ্য বা মৌন সম্বৃতি ব্যতীত তাঁহার স্ত্রীর সহিত যৌন সহবাস করিলে এবং তাহা বলাৎকার না হইলে ব্যভিচারের অপরাধ বলিয়া গণ্য হইবে।

conquest n. রাজ্যজয় বি. যুদ্ধ বন্ধ হইবার পর যুদ্ধকালীন সামরিক বাহিনীকর্তৃক
অধিকৃত শক্ররাজ্য বা রাজ্যাংশের সংযোজন। শান্তি-চুক্তির শর্তানুযায়ী অর্জিত ভূখও
ইহার অন্তর্ভুক্ত নহে। যুদ্ধজয়ের ফলে বিজিত রাষ্ট্রের অন্তিত্ব বিলুপ্ত হইলে যেহেতু
কোনো শান্তি-চুক্তি সম্পাদন করা যায় না, সেহেতু তদবস্থায় বিজিত রাষ্ট্রের ভূখও
অর্জনকে বশীকরণ বলা হয়। জাতিসংঘ সনদের ২(৪) অনুচ্ছেদে আক্রমণাম্মক যুদ্ধ

२२७ consent

স্পষ্টভাবে নিষিদ্ধ করায় এবং সাধারণ পরিষদের ১৯৭৫ সালের ৩৩১৪(২৯) সিদ্ধান্তে যুদ্ধজয়ের ফলে অর্জিত ভূখণ্ডের উপর বিজয়ীপক্ষের আইনত স্বত্ত্ কার্যকরভাবে বাতিল যোষিত হওয়ায় বিজয়দারা অর্জিত ভূখণ্ড আইনসংগতভাবে অধিকার করা যায় না।

- consanguinity n. রক্তসম্পর্ক, সগোত্রতা বি. একই পূর্বপুরুষের বংশধরগণের মধ্যকার সম্পর্ক। একজন সমপূর্বপুরুষের বংশধরগণ অর্ধরক্তসম্পর্কীয় এবং দুইজন সমপূর্বপুরুষের বংশধরগণ অর্ধরক্তসম্পর্কীয় এবং দুইজন সমপূর্বপুরুষের বংশধরগণ পূর্ণরক্তসম্পর্কীয়। মুসলিম আইনে যিনি রক্তসম্পর্কে মৃত ব্যক্তির নিকটতম, তিনি রক্তসম্পর্কে দূরবর্তী ব্যক্তিকে বাদ দিয়া মৃত ব্যক্তির সম্পত্তির উত্তরাধিকারী হন। যেমন, পুত্র এবং পৌত্র রাখিয়া কোনো মুসলমান মারা গেলে রক্ত-সম্পর্কে নিকটবর্তী পুত্রই তাঁহার সম্পত্তির উত্তরাধিকারী; তাঁহার পৌত্র নহেন। কিন্তু মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশের ৪ ধারার বিধান-অনুসারে, বর্তমানে মৃত ব্যক্তির মৃত পুত্র বা কন্যার সন্তানগণ মৃতব্যক্তির জীবিত পুত্রকন্যাদের সহিত তাঁহার সম্পত্তির উত্তরাধিকারী হন। affinity তৃ.।
- conscientious objector বিবেকী বিরুদ্ধবাদী যে-ব্যক্তি নৈতিক বা ধর্মীয় কারণে যে-কোনো যুদ্ধে অংশগ্রহণের বিরোধী এবং সেহেতু যাঁহাকে সেনাবাহিনীতে বাধ্যতামূলক ভর্তি হইতে অব্যাহতি দেওয়া হয়। তবে জাতির মঙ্গল ও নিরাপত্তার স্বার্থে তিনি অসামরিক কর্মকাণ্ডে যোগ দিতে বাধ্য।
- consecutive sentences একাদিক্রম কারাদগুদেশ বিচারে কোনো আসামি একাধিক অপরাধের জন্য দোষী সাব্যস্ত হইয়া প্রত্যেক অপরাধের জন্য ভিন্ন ভিন্ন মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত হইলে আদালত ফৌজদারি কার্যবিধির ৩৪ ধারার বিধানঅনুসারে ওই কারাদগুদেশগুলি একটির পর অপরটি কার্যকর করিবার আদেশ দিতে
 পারেন। এতৎসহ concurrent sentence দ্বা
- consensus ad idem একই বিষয়ে সন্মতি একটি আইনত অবশ্যমান্য চুক্তি
 সম্পাদনের জন্য চুক্তির শর্তাবলি সম্পর্কে চুক্তি-সম্পাদনকারী পক্ষণণের অভিনুমত।
 চুক্তি আইনের ২(খ) ধারায় বলা হইয়াছে যে, কোনো ব্যক্তি অপর কোনো ব্যক্তির
 প্রস্তাবে সন্মতি প্রদান করিলে তাহা অঙ্গীকারে পরিণত হয়। উক্ত আইনের ২(ঙ)
 ধারায় বলা হইয়াছে যে, অনুরূপ প্রতিটি অঙ্গীকার এবং অঙ্গীকারসমষ্টি একটি
 অপরটির পণস্বরূপ হইলে তাহা সমঝোতায় পরিণত হয়। উক্ত আইনের ২(ছ) ধারায়
 বলা হইয়াছে যে, আইনত কার্যকর সমঝোতাই চুক্তি। এতৎসহ acceptance,
 mistake ও offer দ্র.।
- consent n. অনুমতি বি. প্রকাশ্য বা নিহিত সন্মতি; প্রস্তাবিত কর্মধারার বিষয়ে মতৈক্য। উভয় পক্ষের সন্মতি ব্যতীত চুক্তি ও বিবাহ অসিদ্ধ। সন্মতি অবশ্যই স্বাধীনভাবে, বলপ্রয়োগ বা প্রতারণা ব্যতিরেকে এবং পর্যাপ্ত আইনগত যোগ্যতা

সহকারে প্রদন্ত হইতে হইবে। চুক্তি আইনের ১০ ধারায় বলা হইয়াছে যে, চুক্তি সম্পাদন করিতে সমর্থ ব্যক্তিবর্গের স্বাধীনভাবে প্রদন্ত সম্মতিতে উপনীত সমঝোতা আইনসম্মত উদ্দেশ্যে এবং আইনসম্মত পণ-প্রবৃত্তিমূলে করা হইলে, যাহা এই আইনে স্পষ্টভাবে বাতিল বলিয়া ঘোষণা করা হয় নাই, তাহাই চুক্তি। দগুবিধির ৪৯৭ ধারা-অনুসারে, কোনো বিবাহিত ব্যক্তির মৌন সম্মতিক্রমে অপর কোনো ব্যক্তি তাঁহার প্রীর সহিত যৌন সহবাস করিলে তাহা ব্যভিচারের অপরাধ বলিয়া গণ্য হইবে না। age of consent, battery, conveyance ও rape দ্র.।

consequential loss ফলত লোকসান ক্ষতি হইতে প্রত্যক্ষত উদ্ভূত না হইয়া ক্ষতির ফলাফল হইতে উদ্ভূত ক্ষতি, হানি বা লোকসান। যথন কোনো পরিস্থিতিতে অন্যায় আচরণের স্বাভাবিক ও সম্ভাব্য প্রভাব কোনো মধ্যবর্তী কারণকে ক্রিয়াশীল করে এবং তাহা হইতে ক্ষতিটি সরাসরি উদ্ভূত হয়। কোনো ক্ষতি অন্যায় আচরণের স্বাভাবিক এবং সম্ভাব্য পরিণতি না হইলে তাহা দূরবর্তী ক্ষতি বা পরোক্ষ ক্ষতি হিসাবেও বিবেচিত হয়।

conservation area সংরক্ষিত এলাকা একটি স্থানীয় পরিকল্পনা কর্তৃপক্ষকর্তৃক সংরক্ষিত এলাকা হিসাবে নির্ধারিত একটি এলাকা, কেননা ওই এলাকার এমন কোনো স্থাপত্যিক বা ঐতিহাসিক আকর্ষণ আছে, যাহা সংরক্ষণ বা বৃদ্ধি করা আবশ্যক। ওই এলাকার প্রত্যেকটি দালান সংরক্ষণ করা হয়, যেন উহা একটি তালিকাভুক্ত দালান; এবং কর্তৃপক্ষকে বিজ্ঞপ্তি প্রদানপূর্বক কেবল সেইসকল বৃক্ষই কাটা বা ছাঁটা যায়, যাহা কোনো বৃক্ষ সংরক্ষণের আদেশের দ্বারা সংরক্ষিত নহে। ঐতিহাসিক ও পুরাতাত্ত্বিক নিদর্শন সংরক্ষণ আইনের বিধান-অনুসারে যে-সকল স্থানে ঐতিহাসিক ও পুরাতাত্ত্বিক নিদর্শন অবস্থিত, সরকার ওই সকল এলাকাকে সংরক্ষিত এলাকা ঘোষণা করিয়া তাহা সংরক্ষণ করেন।

consideration n. পণ, বিবেচনা, মূল্য, প্রতিলাভ বি. চুক্তির একপক্ষের কোনো কাজ, বিরতি, বা অঙ্গীকার যাহার মূল্যে বা বিনিময়ে তিনি অপরপক্ষের অঙ্গীকার অর্জন করেন। দালিলিক চুক্তি ব্যতীত অন্যপ্রকার চুক্তির বৈধতার জন্য পণ আবশ্যক। পণ-ব্যতিরেকে বিনা দলিলে উপনীত কোনো সমঝোতা বাধ্যকর নহে, ইহা একটি নগু সমঝোতা (nudum pactum) মাত্র যাহা ল্যাটিন ex nudo pacto non oritur actio (নগু সমঝোতা হইতে কোনো মামলা করিবার অধিকার জন্মার না) নীতির দ্বারা নিয়ন্ত্রিত। ইংল্যান্ডে পণ-সম্পর্কিত মতবাদ চারটি প্রধান নীতির দ্বারা নিয়ন্ত্রিত। (১) পণ মূল্যবান হইতে হইবে। অর্থাৎ কার্য, নিবৃত্তি বা অঙ্গীকারের অর্থনৈতিক মূল্য থাকিতে হইবে। স্বাভাবিক প্রীতি ও ভালোবাসা বা নৈতিক দায়িত্বের মতো পণ অঙ্গীকারকে কার্যকর করিবার জন্য যথেষ্ট নহে। (২) পণ পর্যাপ্ত হইবার প্রয়োজন নাই কিন্তু যথেষ্ট হইতে হইবে। এই পরিপ্রেক্ষিতে পর্যাপ্ত নহে বলিতে বুঝায় যে, উহার

দারা যে-অঙ্গীকার খরিদ করা হইতেছে, বাস্তবসমত 🗠 হইলেও তাহার একটি অর্থনৈতিক মূল্য থাকিবে। যদি 'ক' তাঁহার ৫০,০০০ টাকা মূল্যের বাড়ি 'খ'-য়ের নিকট ৫০০০ টাকা সূল্যে বিক্রয় করিতে অঙ্গীকার করেন, তাহা হইলে 'খ' মূল্যবান পণ দিতেছেন যদিও তাহা যথেষ্ট নহে। অনেক সময়ে এক টাকা পণে বাণিজ্যিক চুক্তি করা হয়। যথেষ্ট হওয়ার অর্থ, আইনত ইহা যথেষ্ট হইতে হইবে। কোনো ব্যক্তির দায়িত্ব পালন বা বর্তমান দায়িত্ব পালনের অঙ্গীকার আইনত পণ বলিয়া গণ্য হইতে পারে না। (৩) পণের সূত্রপাত অঙ্গীকারপ্রাপ্ত ব্যক্তির দ্বারা হইতে হইবে। এইরূপে যদি 'ক' অঙ্গীকার করেন যে, 'খ' 'গ'-কে চাকুরি দিবার বিনিময়ে তাঁহাকে ১০০০ টাকা দিবেন, তবে 'গ' 'খ'-য়ের অঙ্গীকার কার্যকর করিতে পারিবেন না, কারণ সে কোনো পণ দেয় নাই। (৪) পণ সম্পাদিত বা সম্পাদিতব্য হইতে পারে, তবে তাহা অবশ্যই অতীতের পণ হইবে না। একটি অঙ্গীকারের পরিবর্তে অপর একটি অঙ্গীকারকে (যেমন বিক্রয়ের চুক্তিতে হয়) সম্পাদিতব্য পণ বলা হয়। কোনো মঙ্গীকারের পরিবর্তে কোনো কার্য বা নিবৃত্তিকে (যেমন পুরস্কার লাভ করিবার জন্য খবর প্রদানের ক্ষেত্রে হয়) সম্পাদিত পণ বলা হয়। তবে কোনো সমাপ্ত কার্য বা নিবৃত্তি কোনো পরবর্তী অঙ্গীকারের বেলায় অতীতের পণ মাত্র। উদাহরণস্বরূপ, 'ক' **য**দি অকারণে (বিনামূল্যে) 'খ'-কে খবর সরবরাহ করেন এবং পরে যদি 'খ' 'ক'-কে পুরস্কৃত করিতে অঙ্গীকার করেন, তখন তাহা অতীত পণ মাত্র, যাহা পণ বলিয়া গণ্য হয় না। চুক্তি আইনের ২(খ) ধারায় পণের নিম্নরূপ সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে : 'যখন মঙ্গীকারকারীর ইচ্ছানুযায়ী, অঙ্গীকার-প্রাপক অথবা অন্য কোনো ব্যক্তি কোনো কিছু করিতে বা করা হইতে বিরত থাকিয়াছেন, অথবা কিছু করেন বা করা হইতে বিরত থাকেন, অথবা কোনো কিছু করিবার বা করা হইতে বিরত থাকিবার অঙ্গীকার করেন, তখন সেই কাজ, বিরতি বা অঙ্গীকারকে প্রথমোক্ত অঙ্গীকারের পণ বলা হয়।' উক্ত মাইনের ২৩ ধারায় বলা হইয়াছে যে. কোনো সমঝোতার পণ বা উদ্দেশ্য বেআইনি হইলে তাহা বাতিল হইবে। উক্ত আইনের ২৫ ধারায় বলা হইয়াছে যে, কতিপয় ক্ষেত্র ন্যতীত বিনা পণে উপনীত সমঝোতা বাতিল বলিয়া গণ্য হয়। ব্যতিক্রম ইইতেছে কোনো নিকট আত্মীয়কে স্বাভাবিক প্রীতি ও ভালোবাসার জন্য লিখিত ও রেজিন্ট্রিকৃত দলিলমূলে কোনো কিছু দিতে অঙ্গীকার করিলে অথবা কোনো ব্যক্তি স্বেচ্ছায় অঙ্গীকারকারীর জন্য কিছু করিয়া থাকিলে, তাঁহাকে ক্ষতিপূরণ দিবার অঙ্গীকার করিলে বা অঙ্গীকারকারীকে কোনো কিছ করিতে আইনত বাধ্য করিলে, সেই ক্ষেত্রে অথবা পাওনাদারকে তামাদিতে বারিত ঋণ পরিশোধ করিবার জন্য দেনাদার নিখিতভাবে অঙ্গীকার করিলে তাহা আইনত কার্যকর হয়।

consignment n. ১. ন্যন্তকরণ বি. হেফাজত বা বিক্রয়ের জন্য পণ্যাদি সমর্পণ বা হস্তান্তরকরণ। ২. চালান, পণ্যচালান বি. উপরিউক্ত প্রক্রিয়ায় হস্তান্তরিত পণ্যের পরিমাণ, বিশেষত জাহাজে একবারে যে-পরিমাণ পণ্য প্রেরণ করা হয়। যখন-পণ্যের মালিক বা উৎপাদক নিজ দায়িত্বে কোনো প্রতিনিধির মাধ্যমে কমিশনের বিনিময়ে নির্ধারিত মূল্যে বিক্রয়ের জন্য এক জায়গা হইতে অন্য জায়গায় পণ্য প্রেরণ করেন, তখন তাহাকে চালান বলে। যে-ব্যবসায়ী বিক্রয়ের উদ্দেশ্যে প্রতিনিধিকে পণ্য প্রেরণ করেন, তাঁহাকে চালানপ্রেরক বলে। বিক্রয়ের উদ্দেশ্যে যাঁহার নিকট পণ্য প্রেরণ করা হয়, তাহাকে চালানপ্রাপক বলা হইয়া থাকে।

- consolidated fund সংযুক্ত তহবিল সরকারি রাজস্ব গ্রহণ করিবার জন্য এবং সরকারি ব্যয় মিটাইবার জন্য সরকার কেন্দ্রীয় ব্যাংকে যে-হিসাব চালু রাখিয়াছেন, তাহাকে সংযুক্ত তহবিল বলা হয়। এই হিসাব হইতে সংযুক্ত তহবিল আইনের বিধান-অনুযায়ী প্রতিবংসর বেশিরভাগ অর্থ প্রদান করা হইয়া থাকে। কিতু কাতপ্যক্ষেত্রে (যেমন, বিচারকদের বেতনাদি) অর্থপ্রদান ইহার উপর স্থায়ী বিধিবদ্ধ দির সংবিধানের ৮৪(১) অনুচ্ছেদে বলা হইয়াছে যে, সরকারকর্তৃক প্রাণ্ড সকল ঝাও সরকারকর্তৃক প্রণ্ড সকল ঝাও বং কোনো ঝাণপরিশোধ হইতে সরকারকত্ত্র প্রাণ্ড সকল অর্থ একটিমাত্র তহবিলের অংশে পরিণত হইবে এবং তাহা সংক্রত তহবিল নামে অভিহিত ইইবে । সংবিধানের ৮৫ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, সংগ্রহ তহবিলে অর্থপ্রদান বা তাহা হইতে অর্থপ্রত্যাহার... সংসদের আইনদারা এবং অনুত্রত অর্থপ্রত্যাহার করিবান না হওয়া পর্যন্ত রাষ্ট্রপতিকর্তৃক প্রণীত বিধিসমূহদ্বারা নিয়ান্তিত হউবে সংবিধানের ৮৮ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, রাষ্ট্রপতি, ম্পিকার, ডেপুটি কিং সুপ্রিম কোর্টের বিচারক এবং সাংবিধানিক পদাধিকারীগণের পারিশ্রমিকসহ অন্তর্গ কতিপয় ব্যয় সংযুক্ত তহবিলের উপর দায়্যুক্ত হইবে।
- consolidating statute সংহতকরণ সংবিধি কোনো বিষয়-সম্পর্কিত প্রচলিত আইন বা সংবিধিসমূহ রহিত করিয়া তংস্থলে নৃতনভাবে যে-বিধিবদ্ধ আইন প্রণিত হয়। ইহার উদ্দেশ্য হইতেছে ওইসকল আইনের সংযুক্ত পরিণাম বিবৃত করিয় আইনের উপস্থাপন সহজ করা। ইহার উদ্দেশ্য আইন পরিবর্তন করা নহে, যদি নাইহার সম্পূর্ণ শিরোনামায় উল্লেখ থাকে যে, ইহা সংশোধনসহ সংহতকরণ আইন। উদাহরণস্বরূপ, ২০০০ সালের কপিরাইট আইনের প্রস্তাবনার শিরোনামায় বলা হইয়াছে যে, কপিরাইট আইন সংশোধন ও সংহতকরণের জন্য উক্ত আইন প্রণীত হইয়াছে। interpretation of statutes দ্রা.।
- consolidation of actions মামলাসমূহের এক্ট্রীকরণ যে-পদ্ধতিতে দুই বা ততোধিক দেওয়ানি মামলা একত্রিত করা যাইতে পারে। এক্ট্রীকরণের জন্য সাধারণত দেখানো প্রয়োজন যে, ওইসকল মামলায় একইপ্রকার তথ্য বা আইনের প্রশ্ন দেখা দিবে। এক্ট্রীকরণের উদ্দেশ্য হইল সময় ও খরচ সাশ্রয় করা। দেওয়ানি কার্যবিধির ১৫১ ধারায় একইপ্রকার ঘটনা বা আইনের প্রশ্ন উত্থাপিত হইলে দেওয়ানি আদালত একাধিক বিচারণ কি ক্ট্রানি কার্যবিধির ১৫১ বারায় একইপ্রকার ঘটনা বা আইনের প্রশ্ন উত্থাপিত হইলে দেওয়ানি

consolidation of mortgages বন্ধকসমূহের একত্রীকরণ একজন বন্ধকর্যহীতা একই বন্ধকদাতার নিকট হইতে দুই বা ততোধিক বন্ধক রাখিলে, সবগুলি সম্বতির ধালাসের চুক্তিসম্বত তারিখ উত্তীর্ণ হইবার পর, বন্ধকদাতাকে বন্ধকর্যহীতার এইরূপ নির্দেশ দেওয়ার অধিকার যে, তিনি হয় সবগুলি বন্ধক খালাস করিবেন, নচেৎ একটিও নহে। সম্পত্তি-হস্তান্তর আইনের ৬১ ধারায় বলা হইয়াছে যে, বিপরীত কোনো চুক্তির অবর্তমানে একই বন্ধকদাতা দুই বা ততোধিক সম্পত্তি একই বন্ধকর্যহীতার নিকট বন্ধক দিয়া থাকিলে, যখন যে-কোনো দুই বা ততোধিক বন্ধকের মূল টাকা দেওয়া হইবে, তখনই তিনি তদ্ধপ যে-কোনো একটি বন্ধক পৃথকভাবে অথবা দুই বা ততোধিক বন্ধক একত্রে উদ্ধার করিতে পারিবেন। tacking দ্র.।

consortium n. ১. সংসর্গের অধিকার স্বামী-ন্ত্রীর একে অপরের সঙ্গ, সাহচর্য ও
আলোবাসা লাভের অধিকার। ১৯৮৫ সালের পারিবারিক আদালত অধ্যাদেশের ৫
ধারার বিধান-অনুযায়ী সাহচর্য হইতে বঞ্চিত হইলে স্বামী-ন্ত্রী একে অপরের বিরুদ্ধে
পারিবারিক আদালতে দাম্পত্য অধিকার পুনরুদ্ধারের মামলা দারের করিতে পারেন
কনসোর্টিয়াম বি., সহায়-সংঘ বিশেষ কোনো উদ্দেশ্যসাধনের জন্য একাধিক
শংস্থা সাময়িকভাবে একত্র হইয়া যে-সংঘ গঠন করে। বিশেষ কয়েকটি দেশকে
অর্থসাহায়্য প্রদানের উদ্দেশ্যে আন্তর্জাতিক ব্যাংক কনসোর্টিয়াম গঠন করা হয়
ভারত, পাকিস্তান ও বাংলাদেশকে সাহায়্যপ্রদানের জন্য 'কনসোর্টিয়াম' আছে। দাতাসংস্থা যদি আবেদনপত্র অনুমোদন করে, তাহা হইলেই কনসোর্টিয়াম ঋণ মনজুর
করিয়া থাকে।

conspiracy n. ষড়যন্ত্র বি. দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে এমন আচরণ করিবার সমঝোতা যাহা স্বয়ংক্রিয়ভাবে তাঁহাদের অন্তত একজনের একটি অপরাধ সৃষ্টি করিবে। উদাহরণস্বরূপ, দুই ব্যক্তি যদি সম্মত হন যে, তাঁহাদের একজন যখন চুরি করিবেন তখন অন্যজন প্রবেশপথে গাড়িতে অপেক্ষা করিবেন, সেক্ষেত্রে উভয়ে ষড়যন্ত্রে লিগু হন। দগুবিধির ১২০ক ধারা-অনুসারে, দুই বা ততোধিক ব্যক্তি কোনো অবৈধ কার্য, অথবা অবৈধ নহে এমন কোনো কার্য অবৈধ উপায়ে সম্পাদন করিতে বা করাইতে সম্মত হইলে অনুরূপ চুক্তি অপরাধমূলক ষড়যন্ত্র বলিয়া গণ্য হইবে। তবে শর্ত থাকে যে, কোনো অপরাধ অনুষ্ঠানের চুক্তি ব্যতিরেকে, অন্য কোনো চুক্তি, অনুরূপ চুক্তির অনুসরণে অনুরূপ চুক্তিভুক্ত এক বা একাধিক দলকর্তৃক চুক্তিটি ব্যতীত অন্য কোনো কার্য সম্পাদিত না হইলে, তাহা অপরাধমূলক ষড়যন্ত্র বলিয়া গণ্য হইবে না।

constituency n. নির্বাচনী এলাকা বি. দেশের একটি এলাকা, যেখান হইতে ভোটদাতাদের দ্বারা একজন জনপ্রতিনিধি নির্বাচিত হন। ১৯৭২ সালের জনপ্রতিনিধিত্ব আদেশের বিধান-অনসাত্ত্ব সংম্প্র সংক্রাদ্দশ্ব ৩০০ নির্বাচনী এলাকায় constitution २२৮

বিভক্ত এবং ওইরূপ প্রভ্যেকাট নির্বাচনী এলাকা হইতে একজন সংসদ-সদস্য নির্বাচিত হন। ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন প্রভৃতি প্রতিনিধিত্বশীল স্থানীয় সংস্থার প্রতিনিধিদের নির্বাচনী এলাকা ওইসকল আইনের বিধান-অনুসারে গঠন করা হয়।

constitution n. সংবিধান বি. সাধারণ অর্থে সংবিধান হইল কোনো প্রতিষ্ঠান বা সংগঠন পরিচালনার মৌল নীতিমালা। রাজনৈতিক পরিভাষায় সংবিধান হইল রাষ্ট্রের মৌল ও সর্বোচ্চ আইন। সংবিধানে রাষ্ট্রের বিভিন্ন সংগঠন পরিচালনার মৌলিক নীতিমালা লিপিবদ্ধ থাকে। সরকারের ক্ষমতা ও দায়িত্ব, জনগণের মৌলিক অধিকার, সরকার-পদ্ধতি, বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান কীভাবে পরিচালিত হইবে, তাহা সংবিধানে লিপিবদ্ধ থাকে। সংবিধানকে রাষ্ট্রের সর্বোচ্চ আইন বলিয়া মান্য করা হয়। সংবিধানের মৌল নীতিমালার পরিপন্থী কোনো আইন প্রণীত হইতে পারে না। লিখিত না অলিখিত এইদিক বিবেচনায় সংবিধানকে দুই শ্রেণীভুক্ত করা হয়। অধিকাংশ দেশের সংবিধানই লিখিত ও গ্রন্থভুক্ত। আবার সংবিধান অলিখিতও হয়। কিছু মৌলিক আইন, প্রথা, পূর্ব-অভিজ্ঞতা সংবিধানের মতো গণ্য হয়। যেসব সংবিধান সাধারণ আইনের মতো আইনসভা পরিবর্তন করিতে পারে, সেগুলি সুপরিবর্তনীয়। আর যেসব সংবিধান সংশোধন করিতে বিশেষ ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হয়, আইনসভা সাধারণ সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে পরিবর্তন করিতে পারে না. সেগুলি দুম্পরিবর্তনীয় সংবিধান।

constitutional conventions সাংবিধানিক রীতি ইংল্যান্ডের মতো যে-দেশে লিখিত সংবিধান নাই, সেদেশে রাষ্ট্রপরিচালনায় রাজা বা রানী, সরকার, পার্লামেন্ট বা বিচারবিভাগ যেসব অলিখিত নিয়ম ও প্রথা মানিয়া চলেন, যদিও তাহা পালন করিবার কোনো আইনগত বাধ্যবাধকতা তাঁহাদের নাই। যেমন, রাজা বা রানী তাঁহার সাংবিধানিক ক্ষমতা কমন্স-সভার সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সমর্থনপুষ্ট মন্ত্রিসভার পরামর্শ-অনুযায়ী প্রয়োগ করেন। কমন্স-সভার সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সমর্থিত নেতাকে মন্ত্রিসভা গঠন করিতে আহ্বান করা বা সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সমর্থিব হারাইলে প্রধানমন্ত্রীর পদত্যাগ করা প্রভৃতি অলিখিত রীতি ইংল্যান্ডে রাষ্ট্রপরিচালনার ক্ষেত্রে মানিয়া চলা হয়। বাংলাদেশের রাষ্ট্রপরিচালনার প্রায় সকল বিষয়ই সংবিধানে উল্লিখিত নিয়ম ও পদ্ধতি-অনুসারে পরিচালিত হয়। সংবিধানের চতুর্থ সংশোধনের ঘারা সুপ্রিম কোর্টের বিচারক-নিয়োগের বেলায় বাংলাদেশের প্রধান বিচারপতির পরামর্শগ্রহণের বিধান বাতিল করা হইলেও সুপ্রিম কোর্টের বিচারকদের নিয়োগের বেলায় প্রধান বিচারপতির সুপারিশ স্তত্র্যা হয়। ইহা একটি অলিখিত সাংবিধানিক বীতি।

constitutional questions সাংবিধানিক প্রশ্ন কোনো মামলায় যদি আদালতের নিকট প্রতীয়মান হয় যে, দেওয়ানি কার্যবিধির ২৭-ক আদেশের ১ নিয়ম-অনুসারে শাসনতান্ত্রিক আইনের কোনো গুরুত্বপূর্ণ ব্যাখ্যা সম্পর্কে কোনো প্রশ্ন মামলায় জড়িত রহিয়াছে, তবে প্রশ্নটি সরকারের সহিত সংশ্লিষ্ট হইলে অ্যাটর্নি-জেনারেলকে নোটিশ না দেওয়া পর্যন্ত আদালত উক্ত প্রশ্নটি নিম্পত্তি করিবেন না। অ্যাটর্নি-জেনারেলের আবেদনক্রমে কোনো সাংবিধানিক গুরুত্বপূর্ণ প্রশ্ন-সম্পর্কিত মামলায় আদালত যেকানো সময়ে সরকারকে পক্ষভুক্ত করিতে পারেন।

Constitution of Bangladesh বাংলাদেশের সংবিধান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের প্রস্তাবনায় বলা হইয়াছে যে, বাংলাদেশের জনগণ ১৯৭১ খ্রিষ্টাব্দের মার্চ মাসের ২৬ তারিখে স্বাধীনতা ঘোষণা করিয়া জাতীয় স্বাধীনতার জন্য ঐতিহাসিক যুদ্ধের মাধ্যমে স্বাধীন ও সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ প্রতিষ্ঠা করিয়া ১৯৭২ খ্রিষ্টাব্দের নভেম্বর মাসের ৪ তারিখে বাংলাদেশের সংবিধান রচনা করিয়াছেন। ওই সংবিধান ১৯৭২ সালের ডিসেম্বর মাসের ১৬ তারিখ হইতে বলবং হইয়াছে। সংবিধানে প্রজাতন্ত্রের সীমানা, রাষ্ট্রভাষা, জাতীয় সংগীত, জাতীয় পতাকা, জাতীয় প্রতীক, রাজধানী, নাগরিকত ও সংবিধানের প্রাধান্যসহ রাষ্ট্রপরিচালনার মলনীতি, মৌলিক অধিকার, নির্বাহী বিভাগ, আইনসভা, বিচার বিভাগ, বিভিন্ন কর্তৃপক্ষের নির্বাচন, নিয়োগক্ষমতা ও দায়িত্ত এবং সংবিধান-সংশোধনের পদ্ধতিসহ রষ্ট্রেপরিচালনার অন্যান্য আনষঙ্গিক বিষয় উল্লিখিত আছে। বাংলাদেশের সংবিধান বাংলাদেশের মৌলিক আইন। এই দেশের জন্য যে-কোনো আইন এই সংবিধানের সহিত যতখানি অসামঞ্জস্যপূর্ণ হইবে ততখানি বাতিল হইবে। এতদ্ব্যতীত এই সংবিধানের মৌলিক অধিকারের পরিপন্তী যে-কোনো আইনও বাতিল হইবে। কোনো আইন বাতিল হইবে কী বহাল থাকিবে, এইরূপ প্রশ্ন উঠিলে বাংলাদেশের সুপ্রিম কোর্ট তাহা নির্ধারণ করিবার অধিকারী, নির্বাহী বিভাগ নহে। সংবিধানে ১৫৩টি जनुरुष्ट जारह। সংবিধান চৌদ্দ বার সংশোধন করা হইয়াছে। সংশোধনের জন্য যথাক্ষম First Amendment, Second Amendment ইত্যাদি দ্ৰ. 1

construction n. ব্যাখ্যা বি. interpretation দ্ৰ.।

constructive adj. পরোক্ষ, বিনির্মিত বিণ. এমন কোনো বর্ণনা-সম্পর্কিত, যাহা বিদ্যমান বা সংঘটিত বলিয়া আইনত গণ্য করা হয়, যদিও তাহা বাস্তবে স্থিত বা ঘটিত নহে।

constructive desertion পরোক্ষ পরিত্যাগ স্বামী-স্ত্রীর মধ্যে একজনের এমন আচরণ যাহার ফলে অন্যজন দাম্পত্য আবাসন ত্যাগ করেন। একজনের আচরণ যদি এতই মন্দ হয় যে, অপরজন অনুরূপভাবে_গৃহত্যাগ করিতে বাধ্য হন, তবে আইনের চোখে গৃহত্যাগকারী নহেন, বরঞ্চ যিনি গৃহে রাইয়া যান, তিনিই অপরজনকৈ পরিত্যাগ করিয়াছেন বলিয়া গণ্য হন। ইংল্যান্ডের ১৯৯৫ সালের পারিবারিক আইনে ইহা বিবাহবিচ্ছেদের আদেশলান্ডের কোনো ভিত্তি নহে। কিন্তু বাংলাদেশে ১৯৩৯ সালের মুসলমান বিবাহবিচ্ছেদ-আইনের ২(৮)(ক) ধারার বিধান স্বামীর নিয়ত নিষ্ঠুর আচরণের কারণে শ্রীকে বিবাহবিচ্ছেদে ডিক্রিলাভ করিবার অধিকার দিয়াছে।

constructive dismissal পরোক্ষ পদচ্চতি চাকুরির চুক্তির কতিপয় আবশ্যকীয়
শর্তপালনে নিয়োগকর্তার অনিচ্ছা প্রকাশ পাইলে কর্মচারীকর্তৃক উক্ত চুক্তি
বাতিলকরণ। উদাহরণস্বরূপ, নিয়োগকর্তা বেতন দিতে ইচ্ছুক নহেন বলিয়া প্রকাশ
করিলে চুক্তির মেয়াদ শেষ হইবার পূর্বেই কর্মচারী তাঁহার চাকুরি ত্যাপ করিতে
পারেন। এইরূপ ক্ষেত্রে কর্মচারী পদত্যাগ করিলেও অন্যায়ভাবে পদচ্যুত কর্মচারীর
ন্যায় তিনি শ্রম আদালতে আবেদন জানাইবার অধিকারী। unfair dismissal দ্রা.

constructive force পরোক্ষ বলপ্রয়োগ নিয়ন্ত্রণ অর্জনে বাধা ঠেকাইবার জন্য হুমকি। ভীতিপ্রদর্শন, বিশেষ করিয়া, দস্যুতার শিকার কোনো ব্যক্তির বিরুদ্ধে পরিচালিত ভীতিপ্রদ উক্তি বা হাবভাব।

constructive fraud পরোক্ষ প্রভারণা (আইনি প্রভারণা) কোনো কোনো প্রকারের অনিচ্ছাকৃত তঞ্চকতা বা ভূল উপস্থাপনার যে-কোনো একটি। ন্যায় আদালত উপরোক্ত ধারণাটি প্রয়োগ করিয়া কতিপয় লেনদেন (যেমন, চুক্তি) এই হেতু বলবৎ করিতে অস্বীকার করেন বা বাতিল করেন যে, ওই আদালতের মতে, কোনো ব্যক্তির পক্ষে ওই লেনদেন সম্পূর্ণ করিবার জন্য পীড়াপীড়ি করা অন্যায় বা বিবেকবিরুদ্ধ। এইরূপ অন্যায় চুক্তির শর্তাবলি হইতে (যদি শর্তগুলি এমন হয় যে সুপরামর্শপ্রাপ্ত কোনো ব্যক্তিই অদ্রুপ লেনদেন করিতেন না) অং পক্ষগুলির মধ্যে বিদ্যামান সম্পর্ক হইতে (যেমন, উকিল-মক্কেলের মধ্যে লেনদেন) অনুমেয়। ১৮৭২ সালের চুক্তি আইনের ১৬ ধারায় অসংগত প্রভাববিস্তার ও ১৮ ধারায় ভূল উপস্থাপনা কাহাকে বলে, তাহা বর্ণিত হইয়াছে। উক্ত আইনের ১৯ ধারায় বলা হইয়াছে যে, অসংগত প্রভাববিস্তার করিয়া বা ভূল উপস্থাপনা করিয়া কোনো চুক্তি সম্পাদিত হইলে, যাহার উপর অদ্রুপ প্রভাববিস্তার করিয়া বা উপস্থাপনা করিয়া তাহা করা হইয়াছে, তাঁহার ইচ্ছানুসারে তাহা বাতিলযোগ্য।

constructive intent সংরচনাম্বক অভিপ্রার আইনের এই মূলসূত্র যে, একটি কার্যের যে-ফল হইয়াছে, সেই ফল যে-কার্যটি হইতে উদ্ভূত হইবে, তাহা যুক্তিসংগতভাবে প্রত্যাশিত হইলে, প্রকৃত অভিপ্রায় অনুমান করিতে হইবে। সংরচনাম্বক অভিপ্রায় একটি মনঃকল্পনা, যাহার সাহায্যে এই ধা১...র প্রতি মৌথিক

আনুগতা প্রকাশ করা যায় হয়, অপরা।বতার হক্ত ৯ ৬৯।য় একটি অপারহায় বস্তু এবং সেইসঙ্গে ইহাও স্বীকার কারয়া লওয়া যায় যে, একটি কার্যের অনুদ্দিষ্ট পরিণাম কখনো কখনো কোনো কোনো দুজার্যের দোষের জন্য যথেষ্ট হইতে পারে।

constructive larceny পরোক্ষ হরণ এমন হরণ যেখানে হরণ করিবার পূর্বে বিবাদীর অপরাধমূলক অভিপ্রায় না থাকিলেও, উক্ত জিনিস আত্মসাৎকালে বিবাদীর আচরণ হইতে তাঁহার অপরাধমূলক অভিপ্রায় অনুমিত হয়।

constructive notice পরোক্ষ বিজ্ঞপ্তি কোনো ব্যক্তি কোনো ঘটনা সম্পর্কে জ্ঞাত না হইলেও যে-জ্ঞান তাঁহার আছে বলিয়া আইনত ধরিয়া লওয়া হয়। ১৮৮২ সালের সম্পত্তি-হস্তান্তর আইনের ৩ ধারার ১ ব্যাখ্যায় বলা ইইয়াছে যে, স্থাবর সম্পত্তি সম্পর্কে কোনো লেনদেন নিবন্ধনকৃত দলিলের মাধ্যমে সম্পন্ন করা আইনত আবশ্যক হইলে এবং অদ্ধ্রপ রেজিন্ত্রিকৃত দলিলমূলে তাহা করা হইলে পরবর্তীকালে সেই সম্পত্তির্ম্জানকারী কোনো ব্যক্তি উক্ত দলিল নিবন্ধনের তারিখ হইতে সেই দলিল সম্পর্কে আইনত জ্ঞাত বলিয়া গণ্য হন। উক্ত ৩ ধারার ২ ব্যাখ্যায় বলা হইয়াছে যে, কোনে
য়্রবর সম্পত্তি অর্জানকারী ওই সম্পত্তির প্রকৃত দখলকারের স্বত্ত্ব সম্পর্কে আইনত জ্ঞাত
ালিয়া গণ্য হন। উক্ত ৩ ধারার ৩ ব্যাখ্যায় বলা হইয়াছে, যে-কোনো ঘটনা সম্পর্কে.
ানো ব্যক্তির প্রতিনিধি জ্ঞাত থাকিলে সেই ব্যক্তি সে-সম্পর্কে আইনত জ্ঞাত বলিফ

constructive possession পরোক্ষ দখল সাধারণত প্রতিনিধি বা ভাড়াটিয়ার
াধ্যমে দখল করাকে পরোক্ষ দখল বলী হয়। প্রকৃত দখলকার না ইইয়াও যখন কেহ
কানো সম্পত্তির উপর নিয়ন্ত্রণ বা কর্তৃত্ব প্রয়োগ করেন, তখন পরোক্ষ দখলের উদ্ভব
ইয়। কোনো জমি অনাবাদি পড়িয়া থাকিলে উক্ত জমির স্বত্যুধিকারীর দখলকেও
পরোক্ষ দখল বলা হয়। পরোক্ষ দখলকে দখলও বলা হয় যদিও কার্যত দখলকারীর
প্রকৃত দখল প্রমাণিত না হয়। জমিতে যে-পক্ষের স্বত্ব্ থাকে, সেই পক্ষের দখল
ধরিয়া লওয়াকে পরোক্ষ দখল বলা যায়। actual possession তু.।

constructive res judicata পরোক্ষ দোবারা দোষ দেওয়ানি কার্যবিধির ১১ ধারার ৪ ব্যাখ্যার আলোকে পরোক্ষ দোবারা দোবের নীতি প্রয়োগ করা হইয়া থাকে। ৪ ব্যাখ্যা-অনুসারে, পূর্ববর্তী মামলায় যে-বিষয়় আত্মপক্ষসমর্থন বা বিপক্ষের মুক্তিথওনের জন্য ব্যবহৃত হইতে পারিত বা হওয়া উচিত ছিল, তাহা উক্ত মামলার প্রত্যক্ষ বা মূল বিবেচ্য বিষয়় ছিল বলিয়া ধরিয়া লইতে হইবে। অর্থাৎ পূর্ববর্তী মামলায় যে-বিষয়টি আত্মপক্ষসমর্থন বা বিপক্ষের যুক্তিথওনের জন্য ব্যবহৃত হইতে পারিত বা হওয়া উচিত ছিল, কোনো পক্ষই যদি তাহা ব্যবহার না করিয়া থাকেন. তবে পরবর্তী মোকদ্দমায় উক্ত বিষয়ের উদ্ভব হইলে পরবর্তী মোকদ্দমাট পরোক্ষ দোবারা দোষে দৃষ্ট হইবে।

- constructive total loss পরোক্ষ সমূহহানি কোনো জাহাজ বা উহাতে বাহিত মালামালের যে-হানি আংশিক হইলেও জাহাজি বিমাপত্রের উদ্দেশ্যে প্রকৃত সমূহহানি বিলায়া গণ্য করা হয়। যখন প্রকৃত সমূহহানি পরিহার করা অসম্ভব মনে হয় (উদাহরণস্বরূপ, যখন জাহাজে বাহিত পচনশীল মালামাল অনির্দিষ্টকাল আটক থাকে) অথবা কেবল জাহাজ বা জাহাজে বাহিত মালামালের মূল্য হইতে অধিক অর্থব্যয় করিয়া তাহা পরিহার করা যায়, তখন এইরূপ পরোক্ষ সমূহহানি ঘটিতে পারে। এতদুদ্দেশ্যে মেরামতের খরচ প্রাকৃকলন করিবার সময়ে অপর বিমাকারীদের সাধারণ গড় দেনা হিসাবের বাহিরে রাখা হয়, কিন্তু উদ্ধারকার্যের খরচ একটি নিয়মাবত প্রাসঙ্গিকরূপে গণ্য করা হয়। বিমাকারী অবশাই বিমাপ্রদানকারীকে জাহাজ বা জাহাজে বাহিত পণ্য পরিত্যাগ করিবার বিজ্ঞপ্তি দিবেন। ইহা অবশাই নিঃশর্ত হইবে এবং লোকসান সম্পর্কে জ্ঞাত হইবার যুক্তিসংগত সময়ের মধ্যে ইহা জারি করিতে হইবে। বিমাপ্রদানকারী একবার তাহা গ্রহণ করিলে তাহা আর বাতিলযোগ্য থাকে না। এমতাবস্থায় বিমাপ্রদানকারী বিমাকারীকে সম্পূর্ণ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকেন এবং বিনিময়ে তিনি জাহাজ বা জাহাজে বাহিত মালামালে বিমাকারীর সর্বপ্রকার অধিকারে অর্জন করেন।
- constructive trust পরোক্ষ ন্যাস, বিনির্মিত ন্যাস কোনো অছি বা অন্য কোনো আস্থা সম্পর্কের ব্যক্তি নিজ অবস্থানের দ্বারা কোনো সুবিধা লাভ করিলে ন্যায়আদালত ইষ্টভোগীদের স্বার্থরক্ষার্থে যে-ন্যাস আরোপ করেন। ইহা প্রচ্ছন্ন ন্যাস
 হইতে এইজন্য ভিন্ন যে, ইহাতে সাধারণত পক্ষগুলির কোনো ব্যক্ত বা অনুমিত
 অভিপ্রায়ের উল্লেখ থাকে না। পরোক্ষ ন্যাসাধীন সম্পত্তিকে ন্যায়বিচারের স্বার্থে
 আদালতের একটি কৌশল হিসাবে গণ্য করা হয়। ১৮৮২ সালের অছি আইনের ৮১৯৪ ধারায় বেনামি ইত্যাদি বহুপ্রকার পরোক্ষ ন্যাসাধীন সম্পত্তির বিষয় উল্লিখিত
 আছে।
- consul n. কনসাল বি. কোনো রাষ্ট্রকর্তৃক অপর একটি বন্ধুরাষ্ট্রে নিজ দেশের রাজনৈতিক ও বাণিজ্যিক স্বার্থের প্রতিনিধিত্ব করিবার জন্য প্রেরিত কূটনৈতিক প্রতিনিধি। diplomatic mission দ্র.।
- consular invoice বাণিজ্য-দৃতের চালান যে-চালানপত্রে বাণিজ্য-দৃতের স্বাক্ষর থাকে।
- consuler officer কনসিউলার অফিসার জেনারেল ক্লজেজ অ্যান্ট-অনুযায়ী, কনসাল-জেনারেল, কনসাল, ভাইস কনসাল, কনসিউলার-এজেন্ট, প্রো-কনসাল এবং প্রাসঙ্গিক সময়ে কনসাল-জেনারেল, কনসাল, ভাইস কনসাল অথবা কনসিউলার-এজেন্ট হিসাবে দায়িত্বপালন করিতে ক্ষমতাপ্রাপ্ত অন্য যে-কোনো ব্যক্তি।

consultation n. পরামর্শ বি. ১. পরামর্শগ্রহণের মর্মার্থ হইতেছে আন্তরিকভাবে পরামর্শ চাওয়া এবং আন্তরিকভাবে সেই পরামর্শ বিবেচনা করা। সংবিধান প্রবর্তনকালে ইহার ৯৫(১) অনচ্ছেদ-অনুসারে সপ্রিম কোর্টের বিচারক-নিয়োগের ব্যাপারে প্রধান বিচারপতির সহিত রাষ্ট্রপতির পরামর্শ করিবার যে-বিধান ছিল তাহা চতুর্থ সংশোধন দ্বারা বিলোপ করা হয়। ১৯৯৪ সালের ফেব্রুয়ারিতে যখন রষ্ট্রেপতি প্রধান বিচারপতির সহিত কোনো পরামর্শ না করিয়া নয়জন অতিরিক্ত বিচারক নিয়োগ করেন, তখন সুপ্রিমকোর্ট বার সমিতি এই মত প্রকাশ করেন যে, চতুর্থ সংশোধনের পূর্বে এবং পরে হাইকোর্ট বিভাগের বিচারক-নিয়োগের ক্ষেত্রে রষ্ট্রপতি প্রধান বিচারপতির সহিত যে-পরামর্শ করিয়া আসিতেছেন তাহা এক অনক্রমণীয় রেওয়াজে রূপলাভ করিয়াছে ৷ তৎকালীন সরকার বার সমিতির বক্তব্য অস্বীকার না করিয়া প্রথমবারের মতো বিচারপতি-নিয়োগের নোটিফিকেশনে প্রধান বিচারপতির সহিত রাষ্ট্রপতির পরামর্শ করার কথা উল্লেখ করে। সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদ-অনুসারে, সরকারি কর্ম কমিশনের সহিত রাষ্ট্রপতির পরামর্শ করিবার কোনো বাধ্যবাধকতা নাই, তবে যখন কোনো আইন বা বিধি পরামর্শের বিধান দেয় তখন পরামর্শ গ্রহণ করা না হইলে আদালত জনস্বার্থে বিরোধীয় আদেশ বা নির্দেশের ক্ষেত্রে হন্তক্ষেপ করিতে পারেন। Bangladesh v. Shafiuddin 50 DLR (AD) 27 দ্র. ২. এক বা একাধিক আইনজ্ঞের সহিত আলাপ-আলোচনার মাধ্যমে মঞ্চেলের পরামর্শগ্রহণ এবং নিযুক্ত আইনজ্ঞদের মধ্যে আলাপ-আলোচনার মাধ্যমে মামল পরিচালনার পদ্ধতি-নির্ধারণ ৷ ৩. একাধিক রাষ্ট্রের মধ্যে পারম্পরিক আলোচনার মাধ্যমে বিরোধের পরিহার বা নিষ্পত্তি।

consumer ভোক্তা বি. যে-ব্যক্তি পণ্যদ্রব্য ও সেবা ভোগ করেন। ভোক্তাদের স্বার্থসংরক্ষণের জন্য বাংলাদেশে ১৯৫৬ সালের আবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন ও ১৯৫৯ সালের বিশুদ্ধ খাদ্য অধ্যাদেশের মতো কিছু আইন আছে। বাংলাদেশ এনার্জি রেগুলেটিং কমিশন আইনের ২(ম) ধারা-অনুসারে, সংশ্লিষ্ট আইন, বিধি, প্রবিধান, উপ-আইন, বিধি, প্রবিধান, উপ-আইনের ক্ষমতাসম্পন্ন যে-কোনো দলিল-অনুযায়ী যে-ব্যক্তি তাঁহার মালিকানাধীন বা দখলকৃত কোনো আঙ্গিনা বা স্থাপনায় লাইসেন্সি কর্তৃক বিদ্যুৎ বা গ্যাস পাইয়াছেন।

consumer goods ভোগ্যপণ্য বি. যে-সকল পণ্য সাধারণত ব্যক্তিবিশেষের ব্যবহার বা ভোগের জন্য সরবরাহ করা হয়। যে-সকল দেশে ভোজা-স্বার্থসংরক্ষণ আইন প্রণীত হইয়াছে, সে-সকল দেশে কোনো ভোগ্যপণ্য ক্রটিপূর্ণ প্রমাণিত হইলে উৎপাদনকারী বা বিতরণকারী ক্ষতিগ্রস্ত ভোজাকে ক্ষতিপূরণ দিতে বাধ্য হন। ভোগ্যপণ্য ক্ষতিকারক বা নিম্নমানের হইলে বা তাহা বিতরণে, ওজনে বা মাপে কারচুপি করা হইলে কোন কোন অবস্থায় তাহা দণ্ডনীয় অপরাধ, তাহা তদ্রুপ আইনে

উল্লেখ থাকে। দণ্ডবিধির ২৬৪-২৬৬ ধারায় ওজনে বা মাপে কারচুপি করা হইলে এবং দণ্ডবিধির ২৭২-২৭৬ ধারায় খাদ্যদ্রব্য, পানীয় ইত্যাদিতে ক্ষতিকারক বা ভেজাল মিশ্রিত করা হইলে কারাদণ্ডের বিধান আছে।

consumer-hire agreement ভোক্তার ভাড়ার চুক্তি কোনো ব্যক্তিকর্তৃক অপর একজন ব্যক্তি, অংশীদারী প্রতিষ্ঠান বা কোনো অনিবন্ধিত সংস্থার (ভাড়াকারী) নিকট পণা জিম্মায় রাখিবার জন্য সম্পাদিত চুক্তি। তদ্দেপ চুক্তি অবশ্যই ভাড়াক্রয় চুক্তি ইইবে না, তাহা অবশ্যই তিন মাসের অধিক সময়ের জন্য বিদ্যুমান থাকিবে এবং তাহা ভাড়াকারীকে একটি নির্দিষ্ট পরিমাণের অধিক অর্থ প্রদান করিতে বাধ্য করিবে না। সূতরাং কোনো কোম্পানিকর্তৃক ভাড়ার ক্ষেত্রে এই ধারণাটি প্রযোজা নহে। ভোক্তার ভাড়ার চুক্তিসমূহ অব্যাহতিপ্রাপ্ত না হইলে ইংল্যান্ডে ১৯৭৪ সালের ভোক্তাঝণ গাইনের দ্বারা নিয়ন্ত্রিত হয়। ভোক্তার ভাড়ার চুক্তি-অনুযায়ী পণ্যসামগ্রীর জিমা-ঘটিত বা তৎসম্পর্কিত যে-কোনো ব্যবসা। কতিপয় ব্যতিক্রম ব্যতীত (যেমন, স্থানীয় শিয়ার ক্ষেত্রে) ভোক্তার ভাড়ার ব্যবসা প্রয়োগ করিতে লাইসেন্সের (অনুমতিপত্রের) শ্যোজন হয়। বাংলাদেশে ওইরপ কোনো আইন প্রণীত না হওয়ায় পক্ষগুলির মধ্যে প্রাদিত চুক্তির শর্তানুসারে তদ্ধপ ব্যবসা পরিচালিত হয় এবং ইহার জন্যে কোনো বাত্ত পক্ষের নিকট ইইতে গুদামের লাইসেন্স গ্রহণ করিতে হয়।

consumer protection ভোক্তা-সংরক্ষণ বিশেষত আইনি উপায়ে ভোক্তাদের । যাঁহারা ব্যবসা-সূত্রে ছাড়া পণ্য বা সেবা সরবরাহের জন্য ব্যবসা-সূত্রে অনুরূপ পণ্য বা সেবা সরবরাহের জন্য ব্যবসা-সূত্রে অনুরূপ পণ্য বা সেবা সরবরাহকারীর সহিত চুক্তিবদ্ধ হন) স্বার্থসংরক্ষণ । প্রচলিত আইনের নীতি হইতেছে ভোক্তাদের অন্যায্য চুক্তির শর্ত হইতে রক্ষা করা । ইংল্যান্ডে ভোক্তাদের স্বার্থসংরক্ষণের জন্য ১৯৭৭ সালের অন্যায্য চুক্তির শর্ত আইন, ১৯৭৩ সালের অন্যায্য বাণিজ্য আইন, ১৯৭৪ সালের ভোক্তাঝণ আইন ও ১৯৮৭ সালের ভোক্তা সংরক্ষণ আইন রহিয়াছে। এইরূপ আইন বাংলাদেশে প্রচলিত না থাকায় ভোক্তাদের স্বার্থ রক্ষা করা কঠিন।

consumer trade practice ভোক্তাসংক্রান্ত ব্যবসায়িক দন্তুর ভোক্তাদের নিকট
পণ্য (বিক্রয় বা অন্যভাবে) অথবা সেবা সরবরাহের ক্ষেত্রে অনুসৃত যে-কোনো
দন্তুর। এই সকল ব্যবসায়িক দন্তুরের মধ্যে থাকে সরবরাহের শর্তাবলি এবং
ভোক্তাদিগকে উক্ত শর্তাবলি জ্ঞাপনের উপায়, পণ্য ও সেবা সরবরাহের প্রবর্ধন,
ভোক্তাদের সহিত ব্যবহারের ক্ষেত্রে অনুসৃত বিক্রয়-কৌশল, পণ্য মোড়কবদ্ধ করিবার
পদ্ধতি অথবা পণ্য বা সেবার মূল্য দাবি ও প্রাপ্তি নিশ্চিতকরণের উপায়। বাংলাদেশে
ইংল্যান্ডের মতো অন্যান্য বাণিজ্য আইন না থাকায় ভোক্তা সম্পর্কিত অন্যায্য
ব্যবসায়িক আচরণ বন্ধ করিবার সুযোগ প্রচলিত অন্যান্য আইনে সীমিত।

- consummation of marriage বিবাহোত্ত্ব যৌন সহবাস যৌন সহবাসের মাধ্যমে বিবাহের সম্পূর্ণতা। বিবাহিত দম্পতির একপক্ষ যৌন সহবাসে অসম্মত বা অক্ষম হইলে অপরপক্ষ বিবাহবিচ্ছেদ দাবি করিবার অধিকারী হয়। মুসলমান আইনে অনিয়মিত (ফাসিদ) বিবাহের ক্ষেত্রে যৌন সহবাস না হইলে স্ত্রী দেনমোহরের টাকা দাবি করিতে পারেন না। তাহা ছাড়া ১৯৩৯ সালের মুসলমান বিবাহবিচ্ছেদ আইনের ২(৭) ধারা-অনুসারে কোনো নাবালিকাকে তাহার পিতা বা অন্য অভিভাবক বিবাহ দিয়া থাকিলে, তাহার বয়স ১৫ বৎসর পূর্ণ হইবার পূর্বে তদ্রুপ বিবাহ হইয়া থাকিলে, বিবাহোত্ত্বর যৌনসহবাস না হইলে এবং সে তাহার ১৮ বৎসর বয়স পূর্ণ হইবার পূর্বে ওই বিবাহ অস্বীকার করিয়া থাকিলে সে বিবাহবিচ্ছেদের ডিক্রি পাইবার অধিকারী। পিতা বা পিতামহ ব্যতীত অপর কোনো অভিভাবক কোনো মুসলমান নাবালিকাকে বিবাহ দিয়া থাকিলে সে বয়ঃসন্ধিতে উপনীত হইবার পর বিবাহ সম্পর্কে জানিবামাত্র তাহা অস্বীকার করিতে পারে।
- contact n. সংসর্গ বি. বিবাহবিচ্ছেদ বা অন্য কোনো কারণে কোনো শিশুসন্তান
 যদি পিতামাতার মধ্যে একজনের সঙ্গে অথবা তাঁহাদের একজনের কোনো নিকটমাত্মীয়ের সঙ্গে বসবাস করে, তবে পিতামাতার মধ্যে যে-জন ওই শিশু-সন্তানের সঙ্গ
 ইইতে বঞ্চিত হন, তাঁহার সঙ্গে ওই শিশুর সংসর্গের সুযোগ। এইরপ সংসর্গের মাত্রা
 টেনিফোন আলাপ ইইতে গুরু করিয়া দীর্ঘকাল পর্যন্ত অবস্থান অথবা বিদেশভ্রমণও
 ইইতে পারে এবং আদালত তাহা সংসর্গ-আদেশের মাধ্যমে নির্দিষ্ট করিয়া দিতে
 পারেন। সাধারণত নাবালকের তত্ত্বাবধান-সংক্রান্ত মামলায় যে-পক্ষ তত্ত্বাবধানের
 দায়িত্ব লাভ করেন, সে-পক্ষের উপর অপরপক্ষ কখন কোথায় কতক্ষণ এবং কীভাবে
 নাবালকের সংসর্গ লাভ করিবেন সে-সম্পর্কে আদেশ দেওয়া হয়। পারিবারিক
 আদালত নাবালকের তত্ত্বাবধানের মামলায় নাবালকের মঙ্গলের জন্য ওইরপ আদেশ
 দিয়া থাকেন।
- contemporanea expositio সমকালীন ব্যাখ্যা দলিল-সম্পাদনের সময়ে যে-রূপে কোনো দলিলের ব্যাখ্যা করা যাইত, সেইরূপ ব্যাখ্যা। এই নীতি বিশেষত প্রাচীন দলিল-ব্যাখ্যার বেলায় অনুসৃত হয়।
- contempt of court আদালত-অবমাননা আদালতের আদেশ-নির্দেশ এবং আদালতের মর্যাদার অবমাননা। আদালত বা বিচারক সম্পর্কে কটুক্তি বা মর্যাদাহানিকর উক্তি বা লিখিত বক্তব্য উপস্থাপন করিলে আদালতের অবমাননা হয়। আদালত চলাকালে বা আদালতের বাহিরেও আদালত-অবমাননার অপরাধ সংঘটিত হইতে পারে। আদালত-অবমাননা বলিতে দেওয়ানি ও ফৌজদারি উভয়ই হইতে পারে। ফৌজদারি কার্যবিধির ৪৮০ ধারা-অনুসারে কোনো দেওয়ানি, ফৌজদারি ও

রাজস্ব আদালতের উপস্থিতিতে দণ্ডবিধির ১৭৫ ধারায় দলিল দাখিল করিতে বাধ্য এমন কোনো ব্যক্তি দলিল দাখিলে অবহেলা করিলে, ১৭৫ ধারায় শপথ নিতে বাধ্য কিন্ত শপথ গ্রহণ না করিলে, ১৭৯ ধারায় উত্তর দিতে বাধ্য এমন কোনো ব্যক্তি উত্তর না দিয়া সত্য গোপন করিলে, ১৮০ ধারায় প্রযোজ্য অথচ কোনো ব্যক্তি বিবরণ দিয়া তাহা স্বাক্ষর করিতে অস্বীকার করিলে, ২২৮ ধারায় বিচারক কাজে নিয়োজিত থাকাকালে কেহ ইচ্ছা করিয়া আদালত অবমাননা করিলে বা আদালতের কাজে বিয় সৃষ্টি করিলে, আদালত সঙ্গে সঙ্গে অপরাধীকে আটক করিতে পারিবেন, সেই অধিবেশনেই অপরাধ আমলে নিতে পারিবেন, এবং অপরাধীকে ২০০ টাকা পর্যন্ত অর্থদণ্ড অনাদায়ে একমাসের কারাদণ্ড দিতে পারিবেন। সাধারণত অবমাননাকারীকে কারণ দর্শাইতে ১০ হুইতে ১৫ মিনিট সময় দিয়া কারণ দর্শানোর উত্তর দিতে বলিতে হইবে। কারণ দর্শানো সন্তোষজনক না হইলে আদালত-অবমাননাকারীর অপরাধের প্রকৃতি বর্ণনা করিয়া শান্তি উল্লেখ করিবেন। এই ধরনের বিচারের ক্ষেত্রে সাক্ষ্যগ্রহণের বিধান নাই। এই ধরনের বিচারের ক্ষেত্রে আদালত বৈচারিক সুবিবেচনা প্রয়োগ করিবেন। ফৌজদারি কার্যবিধির ৪৮০ ধারা ছাডা আদালত-অবমাননার বিচার ১৯২৬ সালের আদালত অবমাননা আইন-অনসারে হইয়া থাকে। ওই আইনে অবমাননাকারীর শান্তি দেওয়ার এখতিয়ার হাইকোর্ট বিভাগের। যে-আদালতকে অবমাননা করা হয়, সেই আদালত অবমাননার প্রকৃতি উল্লেখ করিয়া অবমাননাকারীকে কারণ দর্শাইতে বলিবেন: কারণ দর্শানো সম্ভোষজনক না হইলে আদালত মোকদ্দমার আকারে বিষয়টি হাইকোর্ট বিভাগে প্রেরণ করিবেন। হাইকোর্ট বিভাগে দোষী সাব্যন্ত হইলে আদালত ১৯২৬ সালের আদালত-অবমাননা আইনের বিধান-অনুযায়ী আদালত-অবমাননাকারীকে ৬ মাস পর্যন্ত বিনাশ্রম কারাদণ্ড অথবা ২০০০ টাকা পর্যন্ত অর্থদণ্ড দান করিতে পারেন। একজন মূন্সেফ ম্যাজিট্রেট-আদালত চলাকালে বিচারের পদ্ধতি সম্পর্কে বিচারককে কটুক্তি করায় এবং বেঞ্চ সহকারীকে কাজ করিতে নিষেধ করায় তাঁহাকে আদালত অবমাননাকারী সাব্যস্ত করেন। State v. Abdul Karim 38 DLR 189 দ্র.। জনৈক এস.ডি.ও সাবজজের অস্থায়ী নিষেধাজ্ঞা মানা সম্ভব নয় বলিয়া চিঠি দেওয়ায় আদালত-অবমাননা দোষে দোষী হন। State v. Abdur Rouf 37 DLR 158 দ্র.। সংবিধানের ১০৮ অনুচ্ছেদে বলা ইইয়াছে যে, সুপ্রিমকোর্ট একটি কোর্ট অব রেকর্ড ইইবেন এবং ইহার অবমাননার জন্য তদন্তের আদেশদান বা দণ্ডদানের ক্ষমতাসহ আইনসাপেক্ষে অনুরূপ আদালতের সকল ক্ষমতার অধিকারী থাকিবেন। কোর্ট অব রেকর্ড ভিনু অন্য কোনো আদালত তাঁহার অবমাননার জন্য বিশেষ অবস্থায় ভিনু কাহাকেও দণ্ড দিতে পারেন না। সেইজন্য আদালত-অবমাননার ঘটনা ঘটিলে যে-কোনো নিম্ন আদালত তাহা তদন্ত করিয়া শান্তিপ্রদানের জন্য বিষয়টি সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগকে অবহিত করেন।

contempt of Parliament সংসদের অবমাননা কেহ সংসদ-সদস্যের অধিকার ক্ষ্ করিলে অথবা সংসদকে হেয় প্রতিপন্ন করিলে তাঁহাকে সংসদ-অবমাননার জন্য দোষী সাব্যস্ত করিয়া সংসদ দওদান করিতে পারেন। অধিকার ক্ষুণ্ন করিবার উদাহরণস্বরূপ উল্লেখ করা যায়্ বিশেষাধিকারপ্রযুক্ত বক্তব্যের বিরুদ্ধে মানহানির মামলা করা এবং গোপন অধিবেশনের বিষয়ে খবর প্রকাশ করা। সংসদের কোনো কমিটির নিকট সাক্ষ্যদানে অস্বীকৃতি, সদস্যদের উৎকোচপ্রদান অথবা সংসদের অমর্যাদাকর কাজ বা বক্তব্যও সংসদের অবমাননা বটে। কোনো আচরণ সংসদের অবমাননাকর কিনা এবং যদি তাহা হয় তবে কী শান্তি প্রদান করা উচিত, বিশেষ অধিকার রক্ষা কমিটি তাহা বিবেচনা করিয়া প্রতিবেদন দাখিল করেন। আলোচনার পর সংসদ ওই প্রতিবেদন গ্রহণ বা অগ্রাহ্য করিতে পারেন। সংবিধানের ৭৬(১) (খ) অনুচ্ছেদে সংসদের প্রত্যেক অধিবেশনের প্রথম বৈঠকে বিশেষ অধিকার কমিটি নামে একটি স্থায়ী কমিটি গঠন করিবার বিধান আছে। সংবিধানের ৭৫ অনুচ্ছেদের বিধান-অনুযায়ী প্রণীত জাতীয় সংসদের কার্যপ্রণালির ২৪০-২৪৩ বিধিতে বিশেষ অধিকার কমিটি গঠন এবং ইহার কার্যাবলি ও ক্ষমতা উল্লেখ করা হইয়াছে। ওই কমিটির নিকট সংসদে উত্থাপিত বিশেষ অধিকার ক্ষণ্র করিবার কোনো প্রশ্ন প্রেরিত হইলে, কমিটি প্রত্যেক মামলার ঘটনা বিবেচনা করিয়া বিশেষ অধিকার ক্ষুণ্র হইয়াছে কি না, সে-সম্পর্কে সংসদে প্রতিবেদন পেশ করেন। ওই প্রতিবেদন আলোচনা ও বিবেচনা করিয়া সংসদ শামিপ্রদান সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করেন।

contemptuous damages তুচ্ছ ক্ষতিপূরণ আইনের সৃক্ষবিচারে বাদী জয়লাভের অধিকারী হইলেও আদালত যদি মনে করেন যে, তদ্রুপ মামলা করা উচিত হয় নাই, তথন আদালত বাদীকে যে-সামান্য পরিমাণ ক্ষতিপূরণ দিয়া থাকেন।

contentious business প্রতিঘদ্যিতামূলক ব্যবসা সংশ্লিষ্ট পক্ষণ্ডলির মধ্যে কোনো বিরোধ, বিশেষত মামলা-মোকদ্দমা, থাকিলে আইনজীবীর কার্য। মামলার খরচনির্ধারণের বেলায় মামলা প্রতিঘদ্যিতামূলকভাবে কী বিনা প্রতিঘদ্যিতায় নিষ্পত্তি
হইয়াছে তাহা ইংলাভে বিশেষভাবে বিবেচা বিষয়।

contentious probate business ইচ্ছাপত্র প্রত্যয়নের জন্য প্রতিবন্ধিতামূলক দরখান্ত কোনো মৃত ব্যক্তির সম্পত্তি বিলিব্যবস্থার জন্য আদালতে তাঁহার ইচ্ছাপত্র প্রত্যয়নের দরখান্তের বিরুদ্ধে দরখান্তদ্বারা ইচ্ছাপত্রের বৈধতা সম্পর্কে প্রশ্ন তোলা এবং সম্পত্তি বিলিব্যবস্থার জন্য পরম্পরবিরোধী বক্তব্য উত্থাপন করা। একই সময়ে ইচ্ছাপত্র প্রত্যয়নের ও ইচ্ছাপত্রের বৈধতার প্রশ্নে আদালতে পক্ষগুলির প্রতিদ্বিতা। ১৯২৫ সালের উত্তরাধিকার আইনের ২৯৫ ধারা-অনুসারে তদ্রুপ মামলা যতদূরসম্ভব একটি নিয়মিত দেওয়ানি মামলার অনুরূপ হইবে যাহাতে দরখান্তকারী হইবেন বাদী ও প্রতিদ্বিদ্যুতাকারী হইবেন বিবাদী।

contentious suit বিবাদমূলক মামলা সম্পত্তি-হস্তান্তর আইনে 'বিবাদমূলক' শর্দটি বলিতে ইহাই বুঝায় যে, মামলাটি চক্রান্তমূলক নয়, প্রকৃত।

- contested election প্রতিযোগিতাপূর্ণ নির্বাচন একটি ভোটগ্রহণ যে-সময়ে দাবি করা হয়, তখন হইতেই নির্বাচন শুরু হয়, যেহেতু ভোটগ্রহণই গণ-নির্বাচনের যথাবিহিত পদ্ধতি। হাত তুলিয়া ভোট দেওয়া নির্বাচকগণের মনোভাবের একটি স্থূন ও অসম্পূর্ণ প্রকাশ।
- contiguous landhoider পাশালি বি., পার্শ্ববর্তী জমির মালিক ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৯৬ ধারা-অনুসারে, ক্ষেত্রবিশেবে পার্শ্ববর্তী জমির মালিক অগ্রক্রয়ের মোকদ্দমা আনয়ন করিতে পারেন। নালিশি জমির বৃনিয়াদি শারিক বা থারদ্দার শারিক অগ্রক্রয়ের মোকদ্দমা আনয়ন না করিলে, পার্শ্ববর্তী জমির মালিক মামলা করিলে ওয়ারিশ ও থরিদসূত্রে শরিক ও পার্শ্ববর্তী অন্যান্য মালিক আবশ্যকীয় পক্ষ হইবেন।
- contiguous zone সমিহিত এলাকা রাষ্ট্রীয় জলসীমার বাহিরে সমুদ্রের মধ্যে ২১ নৌমাইল পর্যন্ত এলাকায় রাষ্ট্র কতিপয় বিষয়ে এখতিয়ার প্রয়োগ করিতে পারে থেমন, কর, ভব্ধ, অভিবাসন, অথবা স্বাস্থ্য-সম্পর্কিত বিধিবিধান ওই এলাকায় রাষ্ট্র প্রয়োগ করিতে পারে। এতৎসহ territorial waters দ্র.।
- continental shelf সামৃদ্রিক মহীসোপান কোনো সমৃদ্রোপকূলবতী রাষ্ট্রেং সমুদ্রতীরসংলগ্ন এবং রাষ্ট্রীয় জলসীমার বহির্ভূত সমুদ্রপৃষ্ঠ ও তাহার নিমন্থ ভূমি সামুদ্রিক মহীসোপান সংক্রান্ত ১৯৫৮ সালের জেনেভা কনভেনশনে মহীসোপানের বিস্তার সমুদ্রের ২০০ মিটারের কম গভীরতা অথবা ওই সীমার বাহিরে সমুদ্রপৃষ্ঠে যে-গভীরতায় প্রাকৃতিক সম্পদ আহরণ করা সম্ভব, সেই পর্যন্ত সীমিত করা ইইয়াছে। সমুদ্রতীরবর্তী রাষ্ট্রের সামুদ্রিক মহীসোপানে ওই রাষ্ট্রের এককভাবে খনিজ সম্পদ ও গতিহীন প্রজাতি আহরণের সার্বভৌম ক্ষমতা স্বীকৃত। তবে শর্ত এই যে, তদ্মারা যেন জাহাজ-চলাচল, মৎস্য-আহরণ, বা বৈজ্ঞানিক গবেষণায় অযৌক্তিক বাধা সৃষ্টি না হয়। ১৯৮২ সালের সামুদ্রিক আইন সম্মেলন কতিপয় ক্ষেত্রে সামুদ্রিক মহীসোপান-উপকূলবর্তী যে-ভূমিরেখা হইতে সমুদ্রে রাষ্ট্রীয় জলসীমার প্রস্থ মাপা হয়, তাহা ২০০ নৌমাইল দূরত্ব পর্যন্ত বর্ধিত করিয়াছে। ইহা সংলগু বা পরস্পর মুখামুখি অবস্থিত রষ্ট্রসমূহের মধ্যে মহীসোপানের সীমানা-নির্ধারণের জন্য বিশেষ বিধানাবলি প্রণয়ন করিয়াছে কিন্তু তদ্রুপ সীমানা-নির্ধারণের জন্য আইনের বিধান প্রণয়ন করে নাই। যে-সকল সামুদ্রিক পাহাড়ে জনবসতি সম্ভব নহে তাহাদের কোনো মহীসোপান নাই। সংবিধানের ১৪৩ অনুচ্ছেদের (১) (খ) দফা-অনুসারে, বাংলাদেশের রাষ্ট্রীয় জলসীমার অন্তর্বতী মহাসাগরের অন্তঃস্থ কিংবা বাংলাদেশের মহীসোপানের উপরিস্থ মহাসাগরের

অতঃশ্ব সকল ভূমি, খনিজ ও অন্যান্য মূল্যসম্পন্ন সামগ্রী প্রজাতন্ত্রের উপর ন্যস্ত ইইবে। উক্ত অনুচ্ছেদের (২) দফা-অনুসারে, সংসদ সময়ে সময়ে আইনের দ্বারা বাংলাদেশের রষ্ট্রীয় সীমানার এবং বাংলাদেশের রাষ্ট্রীয় জলসীমা ও মহীসোপানের সীমা-নির্ধারণের বিধান করিতে পারিবেন। এতংসহ law of the sea দ্র.।

contingency fee জয়সাপেক্ষ ফি কেবল মামলায় জয়লাভ করিলে আইনজীবীকে দেয় ফি। বাংলাদেশসহ কমনওয়েলথভুক্ত দেশগুলিতে জয়সাপেক্ষ ফি প্রদানের চুক্তি বেআইনি। কিন্তু যুক্তরাষ্ট্রসহ অনেক দেশে তাহা প্রচলিত।

contingent contract ঘটনাসাপেক্ষ চুক্তি চুক্তি আইনের ৩১ ধারা-অনুসারে, কোনো ঘটনা ঘটিলে কোনো কাজ করিবার চুক্তি। ৩২ ধারায় বলা ইইয়াছে যে, ভবিষ্যতে কোনো অনিশ্চিত ঘটনা ঘটিলে কোনো কিছু করিবার বা না করিবার চুক্তি থাকিলে উক্ত অনিশ্চিত ঘটনা না ঘটা পর্যন্ত উক্ত চুক্তি কার্যকর করা যায় না। উক্ত অনিশ্চিত ঘটনা বাটা থাকি অসম্ভব হয় তবে উক্ত চক্তি বাতিল ইইবে।

contingent interest শর্তসাপেক্ষ স্বার্থ নির্দিষ্ট কোনো ঘটনা ঘটিলে যে-স্বার্থের সৃষ্টি হয়। সম্পত্তি-হস্তান্তর আইনের ২১ ধারায় বলা হইয়াছে যে, যখন সম্পত্তি-হস্তান্তর দারা কোনো ব্যক্তির বরাবরে এই শর্তে কোনো স্বার্থ সৃষ্টি করা হয় যে, কোনো নির্দিষ্ট অনিচিত ঘটনা ঘটিলে উক্ত স্বার্থটি কার্যকর হইবে অথবা কোনো নির্দিষ্ট অনিচিত ঘটনা না ঘটিলে তাহা কার্যকর হইবে, তখন এই ব্যক্তি তাহার দ্বারা সম্পত্তিতে শর্তসাপেক্ষ স্বার্থলাভ করেন। প্রথম ক্ষেত্রে ঘটনাটি ঘটিলে এইরূপ স্বার্থ ন্যন্ত স্বার্থে পরিণত হইবে এবং দ্বিতীয় ক্ষেত্রে ঘটনাটি ঘটা অসম্ভব হইলে এইরূপ স্বার্থ ন্যন্ত স্বার্থে পরিণত হইবে। conditional interest ও determinable interest 5. ।

contingent legacy অনিশ্চিত উত্তরদান যে-উত্তরদান কেবল একটি বিশেষ শর্ত পূরণ করা হইলেই কার্যকর হয়। ইচ্ছাপত্রে যদি উল্লিখিত থাকে যে 'ক' পাঁচ বৎসরের মধ্যে বিবাহ করিলে উত্তরদানপ্রাপক হইবে, তবে ওই শর্তে কৃত ইচ্ছাপত্রমূলে সম্পত্তি-প্রাপক অনিশ্চিত উত্তরদানপ্রাপক। ১৯২৫ সালের উত্তরাধিকারী আইনের ১২৪ ও ১২৫ ধারায় অনিশ্চিত উত্তরদানের সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে। তাহাতে বলা হইয়াছে যে, অনিশ্চিত নির্দিষ্ট ঘটনা ঘটিবার পরই প্রাপক উত্তরদানপ্রাপ্ত হইবে, অন্যবায় নহে।

contingent liabilities সম্ভাব্য দায় ব্যাংকের এমন ধরনের দায় যাহা এই মুহূর্তে কোনো দায় নয়, কিন্তু ভবিষ্যতে যে-কোনো সময়ে দায়ে পরিণত হইতে পারে।

continuing objection চলমান আপত্তি অবিরাম আপত্তি বা নিরবচ্ছিন্ন আপত্তি। প্রশ্ন করিবার কোনো নির্দিষ্ট গতিপথের সকল প্রশ্নের বিরুদ্ধে একটিমাত্র আপত্তি। বিচারক অনেক প্রশ্নের বিরুদ্ধে প্রদেশ্যে, ব্রুশ্তি নাকচ করিয়া দিয়াছেন এবং আইনজীবী continuous bail

আপিলসম্বনীয় লেখ্য প্রমাণের জন্য আপত্তি সংরক্ষণ করিতে চাহেন এইরূপ ফেত্রে বিচারক একজন আইনজীবীকে নিরবিচ্ছিন্ন আপত্তি করিবার অনুমতি দিতে পারেন॥

- continuous bail একটানা শর্তসাপেক্ষ জামিন একটি নির্দিষ্ট সময়ে হাজতবাস্থে পর আদালতে হাজির হইবার নির্দেশের বিপরীতে আসামিকে মামলার শুনানি মূলত্বি হইতে পারে এমন যে-কোনো তারিখে ও স্থানে হাজির থাকিবার নির্দেশক্ষ্ ম্যাজিস্ট্রেটকর্তৃক প্রদন্ত জামিন।
- continuous employment নিরবিচ্ছিত্র চাকুরি একই ব্যবসায়ে কোনো ব্যক্তির চাকুরির সময়পরিধি। ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ২(২) ধারায় 'স্থায়ী শ্রমিক বলিতে দোকান অথবা বাণিজ্যপ্রতিষ্ঠানে বা শিল্পপ্রতিষ্ঠানে স্থায়ী ভিত্তিতে নিয়োজিত অথবা সন্তোষজনকভাবে অনেক্ষাধীন থাকিবার মেয়াদপুরণকারী শ্রমিককে বুঝায়।' কোনো স্থায়ী শ্রমিককে উক্ত আইনের বিধান লব্ধন করিয়া বরখান্ত, কর্মচ্যুত, ছাঁটাই, লে-অফ অথবা অন্যভাবে চাকুরি হইতে অপসারণ করিলে অথবা তাঁহার পাওনা পরিশোধ না করিলে তিনি প্রতিকারের জন্য এখতিয়ারসম্পন্ন শ্রম্ম আদালতে মামলা করিতে পারেন। maternity rights দ্র.।
- continuous possession নিরবচ্ছিত্র দখল বিরতিহীনভাবে দখলকার্য পরিচালন।
 তামাদি আইনের ২৬ ধারা-অনুসারে, কোনো আলো, বায়ু, পথ, জলপথ ও জল
 ব্যবহারের বর্তস্বত্ব শান্তিপূর্ণভাবে এবং অধিকার হিসাবে বিশ বংসর পর্যত্ত
 নিরবচ্ছিন্নভাবে দখল বা ভোগ করিলে তদ্রূপ ভোগ বা দখলকারীর তাহাতে বর্তস্থ
 জন্মাইবে।
- contraband n. নিষিদ্ধ পণ্য ১. যে-পণ্যের আমদানি-রপ্তানি নিষিদ্ধ। ২. যুদ্ধকানে
 একটি নিরপেক্ষ দেশের জাহাজ বা বিমানে বাহিত এবং একটি যুধ্যমান দেশের
 বিরুদ্ধে ব্যবহারের জন্য অভিপ্রেত বা ব্যবহারযোগ্য অন্য একটি যুধ্যমান দেশের পণ্য
 (যেমন, গোলাবারুদ)। অন্ত্রশন্ত্র ও সামরিক প্রকৃতির অন্যান্য পণ্যকে নিরঙ্কুশ নিষিদ্ধ
 পণ্য এবং যে-সকল পণ্য শান্তিপূর্ণ কাজে ব্যবহারযোগ্য হইলেও যুধ্যমান পক্ষের
 সাহায্যে লাগে তাহাকে শর্তাধীন নিষিদ্ধ পণ্য বলা হয়। শক্রজাহাজে করিয়া শক্রর
 এলাকায় নীত নিরপেক্ষ দেশের মালিকানাধীন পণ্যও নিষিদ্ধ পণ্য। অপর শক্ররাট্ট
 তাহা আটক ও বাজেয়াপ্ত করিতে পারে। prize court ও search of ship দ্র.।
- contra bonus mores সুনৈতিকতা-বিরোধী সাধারণত সুনৈতিকতাবিরোধী কোনে আচরণকে অপরাধ হিসাবে গণ্য করা হয় না, যদি না তাহা কাহারো পক্ষে ক্ষতিকারক হয়। তবে ব্যতিক্রম হইতেছে দগুবিধির ৩৭৭ ধারা। এই ধারার বিধান-অনুযায়ী কেই প্রাকৃতিক নিয়মবিরোধীভাবে কোনো পুরুষ, খ্রীলোক বা পণ্ডর সহিত ইচ্ছাকৃতভাবে

যৌন ক্রিয়া করিলে তাঁহাকে যাবজ্জীবন কারাদণ্ড অথবা দশ বৎসর পর্যন্ত যে-কোনো ধরনের কারাদণ্ড ও অর্থদণ্ড প্রদানের বিধান আছে। conspiracy ও obscene publication দ্র.।

ontract n. ছুক্তি বি. আইনত অবশ্যমান্য সমঝোতা। পক্ষণ্ডলির মধ্যে প্রস্তাব প্রদান ও গ্রহণের মাধ্যমে সমঝোতা হয়। কতিপয় শর্তপূরণ করা হইলেই কেবল একটি সমঝোতা চুক্তিতে পরিণত হয়। লিখিত চুক্তি না হইলে সমঝোতার জন্য অবশ্যই পণ থাকিতে হইবে। পক্ষগণের আইনত চুক্তি করিবার সামর্থ্য থাকিতে হইবে অর্ধাৎ তাঁহারা সাবালক হইবেন এবং অপ্রকৃতিস্থ হইবেন না। চুক্তি করিতে কিছু প্রয়োজনীয় আনুষ্ঠানিক শর্ত পালন করিতে হয়। তবে চুক্তি লিখিত, অলিখিত, আর্থাক লিখিত ও আংশিক অলিখিত হইতে পারে। চুক্তি আইনসম্মত হইতে হইবে এবং তাহা কোনো আইনের পরিপন্থী হইবে না। ১৮৭২ সালের চুক্তি আইনের ২(জ) ধারায় বলা হইয়াছে যে, আইনে বলবৎযোগ্য সমঝোতাকে চুক্তি বলে। উক্ত আইনের ১০ ধারায় বলা হইয়াছে, চুক্তি করিতে সমর্থ ব্যক্তিদের স্বাধীনভাবে প্রদন্ত সম্বতির তিরিতে আইনসম্মত উদ্দেশ্যে এবং পণে উপনীত যে-সমঝোতা উক্ত আইনে বাতিল বিদ্যা গণ্য হয় না, তাহাই চুক্তি। তবে দেশে প্রচলিত আইনে কোনো চুক্তি লিখিত হইবার বা সান্ধীর সম্মুখে হইবার বা নিবন্ধনকৃত হইবার বিধান থাকিলে তাহা প্রযোজ্য হবৈ। বিনাপণে যে-কতিপয় ক্ষেত্রে বৈধ চুক্তি করা যায়, উক্ত আইনের ২৫ ধারায় তাহা উর্বিখিত হইয়াছে। voidable contract দ্ব.।

contract carriage চুক্তিবদ্ধ বাহন দুইটি স্থানের মধ্যে সম্পূর্ণ দূরত্ব অতিক্রম করিবার জন্য এক বা একাধিক ব্যক্তিকর্তৃক ভাড়া-করা বাহন।

contract of employment চাকুরির চুক্তি যে-চুক্তির অধীনে কোনো ব্যক্তি নির্দিষ্ট
মন্থুরি বা বেতনের বিনিময়ে মালিকের নির্দেশ ও নিয়ন্ত্রণে থাকিয়া কতিপয় দায়িত্ব
পালন করিতে সন্মত হন। বর্তমানে চাকুরির শর্তাবলি ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ
(য়য়ী আদেশ) আইন এবং দোকান ও প্রতিষ্ঠান আইনের পরিপন্থী ইইলে তাহা
বলবংযোগ্য নহে। কোনো স্থায়ী শ্রমিককে মালিক আইন-বহির্ভৃতভাবে কর্মচ্যুত
করিলে বা তাঁহার পাওনা আদায় না ইইলে তিনি শ্রম আদালতে প্রতিকার প্রার্থনা
করিতে পাবেন।

contract of exchange বিনিময়-চুক্তি বি. বিনিময়-চুক্তিতে একপক্ষের সম্পত্তির বিনিময়ে অপরপক্ষ তাঁহার সম্পত্তির প্রথম পক্ষকে হন্তান্তর করেন। এইরূপ লেনদেনে একপক্ষ অপরপক্ষকে কোনো অর্থ প্রদান করেন না। সম্পত্তি-হন্তান্তর আইনের ১১৮ ধারায় বলা ইইয়াছে যে, যদি দুই ব্যক্তি পরস্পরের মধ্যে একটি সম্পত্তির মালিকানা অপর সম্পত্তির মালিকানার পরিবর্তে হন্তান্তর করেন এবং ইহার কোনোটি বা উভয়টি অর্থ না হয়, তবে ওই লেনদেনকে বিনিময় বলা হয়। sale of goods দ্র.।

- contract of indemnity ক্ষতিপূরণ-চুক্তি বি. চুক্তি আইনের ১২৪ ধারা-অনুসারে, যে-চুক্তি দ্বারা একপক্ষ অপরপক্ষকে স্বয়ং অঙ্গীকারকারীর আচরণ অথবা অন্য কোনো ব্যক্তির আচরণ হইতে উদ্ভূত ক্ষতি হইতে রক্ষা করিবার অঙ্গীকার করেন।
- contract of record দায়স্বীকৃতি রায় বা মুচলেকা একটি কোর্ট অব রেকর্ডের কার্যধারার রেকর্ডে লিপিবদ্ধ একটি মুচলেকা বা রায়, যদ্দারা পক্ষগুলির মধ্যে কোনো চুক্তি ব্যতীত আদালতের নথিতে লিপিবদ্ধ হইবার কারণে ঋণের উদ্ভব হয়।
- contract of sale বিক্রয়-চুক্তি বি. যে-চুক্তিবলে বিক্রেতা অর্থমূল্যের বিনিময়ে পণ্যের মালিকানা ক্রেতার নিকট হস্তান্তর করেন বা হস্তান্তর করিতে সম্মত হন। যদি মালিকানা পরে বর্তাইবার কথা থাকে, তবে ওই চুক্তিকে বিক্রয়ের সমঝোতা বলা হয়। এই চুক্তি লিখিত হওয়ার দরকার নাই এবং ইহাতে সুম্পষ্ট শর্ত থাকিতে পারে। চুক্তির শর্ত আইনের দ্বারা দ্যোতিতও হইতে পারে, যেমন, বিক্রেতা পণ্য বিক্রয় করিবার অধিকারী; পণ্য যে বর্ণনা-অনুযায়ী বিক্রয় করা হইয়াছে, সেই বর্ণনার-অনুরূপ; পণ্য সন্তোষজনক মানের এবং যুক্তিসংগতভাবে ক্রেতার উদ্দেশ্যসাধনের উপযুক্ত। পক্ষগুলি অন্য কোনোভাবে মতৈক্যে না পৌছিলে বিক্রেতাকে মূল্যের পরিবর্তে অবশ্যই পণ্য হন্তান্তর করিতে হইবে। ১৯৩০ সালের পণ্য-বৃক্রয়ে আইনের ৪ ধারায় পণ্য-চুক্তির সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে, পণ্য-বিক্রয়ের বিধানাবলি উক্ত আইনে বিধিবদ্ধ করা হইয়াছে। sale ও sale of goods দ্রা.।

contract of service কর্মের চুক্তি contract of employment দ্র.।

contracts not specially enforceable যে-চুক্তি সুনির্দিষ্টভাবে কার্যকর করা যায় না (ক) যে-চুক্তির কার্য সম্পাদন না করিলে আর্থিক ক্ষতিপূরণ পর্যাপ্ত প্রতিকার হয়। (খ) যে-চুক্তি এত জটিল ও অসংখ্য পুজ্বানুপুজ্ব বিবরণের সমষ্টি অথবা তাহা পক্ষসমূহের ব্যক্তিগত যোগ্যতা অথবা সংকল্পের উপর এত নির্ভরশীল অথবা অন্য কোনোভাবে উহার প্রকৃতিই এমন যে, আদালত উক্ত চুক্তির উল্লেখযোগ্য শর্তাবিলির সুনির্দিষ্ট কাজ সম্পাদন কার্যকর করিতে পারেন না। (গ) যে-চুক্তির শর্তাবলি আদালত যুক্তিসংগত নিশ্চয়তার সহিত নির্ণয় করিতে পারেন না। (গ) যে-চুক্তি উহার প্রকৃতির কারণেই বাতিলযোগ্য। (ঙ) জিম্মাদার কর্তৃক কৃত চুক্তি যাহা হয় তাঁহাদের ক্ষমতা লচ্ছান করিয়া রক্ষা হইয়াছে অথবা তাঁহাদের জিম্মাদারী চুক্তি ভঙ্গ করা হইয়াছে। (চ) বিশেষ উদ্দেশ্যে গঠিত একটি করপোরেশন অথবা পাবলিক কোম্পানির পক্ষে অথবা তােমন কোম্পানির কলে অথবা তােমন কোম্পানির উদ্দোন্ডাগণ কর্তৃক কৃত চুক্তি যাহা তাঁহাদের ক্ষমতার অতিরিক। (ছ) যে-চুক্তির কার্য সম্পাদন করিতে হইলে তক্ষ করিবার তারিখ হইতে তিন বংসরের বেশি সময়কাল ক্রমাণত কাজ করিয়া যাইতে হইবে। (জ) যে-চুক্তি বিষয়বর্ত্বর উল্লেখযোগ্য অংশ উভয় পক্ষ বর্তমান ধরিয়া লইলেও চুক্তি স্বাক্ষরিত হইবার আগেই

উহার বিনুপ্তি ঘটিয়াছে। ১৯৪০ সালের সালিশি আইনে যেমন বিধান আছে তাহা বাতিরেকে বর্তমান বা ভবিষ্যৎ মতানৈক্য সালিশির জন্য প্রেরণ করিবার কোনো চুক্তিই সুনির্দিষ্টভাবে কার্যকর করা যাইবে না। কিন্তু যদি কোনো ব্যক্তি সালিশি চুক্তি করেন, যাহার উপর পূর্বোক্ত আইনের বিধান প্রযোজ্য এবং ভাহা সম্পাদন করিতে অধীকার করেন এবং এমন কোনো বিষয়ে মামলা দায়ের করেন, যাহা তিনি সালিশের জন্য প্রেরণ করিতে চুক্তিবদ্ধ, তেমন চুক্তির অস্তিত্ব মামলার পক্ষে প্রতিবন্ধকতার সৃষ্টি করিবে।

contribution n. অংশপ্রদান বি. দুই বা ততোধিক ব্যক্তি যৌথভাবে ক্ষতিপূরণ দিতে বাধ্য হইলে তাঁহাদের প্রত্যেকের প্রদন্ত অংশ। দেওয়ানি ক্ষতি বা টর্টের জন্য দুই বা ততোধিক ব্যক্তি সমভাবে দায়ী হইলে এবং ক্ষতিগ্রন্ত ব্যক্তি তাঁহাদের যেকানো একজনের নিকট হইতে ক্ষতিপূরণ আদায় করিয়া লইলে, ওই ব্যক্তি অন্য দায়ী ব্যক্তিদের নিকট হইতে তাঁহাদের দেনার অংশ আদায় করিয়া লইতে পারেন। একটি গড় (জেনারেল এভারেজের) ক্ষতির ক্ষেত্রে ক্ষতিগ্রন্ত ব্যক্তি সম্পত্তিতে স্বার্থসম্পন্ত অন্যদের নিকট হইতে তাঁহাদের অংশ আদায় করিতে পারেন।

contributory n. অংশপ্রদায়ক বি, কোনো কোম্পানির অবসায়ন হইলে কোম্পানির পরিসম্পদের সম্ভাব্য অংশপ্রদায়ক কোম্পানির সাবেক বা বর্তমান সদস্যগণের যে-কোনো একজন । তদ্ধ্রপ অংশপ্রদায়কের সর্বোচ্চ দায় একটি সীমিতদায় কোম্পানিতে তাঁহার অংশের অপরিশোধিত অর্থের সমপরিমাণে সীমাবদ্ধ । একজন সাবেক সদস্য এই অর্থ পরিশোধ করিতে দায়বদ্ধ থাকেন, যদি অবসায়ন এক বংসরের মধ্যে ঘটে । ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৩৫ ধারায় অংশপ্রদায়কের দায় সম্পর্কে উল্লেখ করা হইয়াছে।

contributory infringement অংশগ্রাহী অধিকারলজ্ঞন ১. অপর কোনো ব্যক্তির অধিকার লজ্ঞনমূলক কার্যে অংশগ্রহণ বা সহায়তা। অনুরূপ অধিকারলজ্ঞনের জন্য আইন অংশগ্রাহীর প্রতি প্রাতিনিধিক দায় আরোপ করে। ২. অপর কোনো ব্যক্তির সরকারি সনদবলে প্রদন্ত পেটেন্টের অধিকারলজ্ঞনে সহায়তা বা প্ররোচনাদান, যাহা জ্ঞাতসারে এমন কোনো অপ্রধান পণ্য বিক্রয় করিয়া করা হয়, যাহার অধিকারলজ্ঞান ব্যতীত অন্য কোনো গুরুত্বপূর্ণ ব্যবহার নাই।

contributory negligence অংশপ্রদায়ক অবহেলা কোনো ব্যক্তির নিজের নিরাপত্তা বা স্বার্থের প্রতি অবহেলা, যাহা অংশত তাঁহার নিজের এবং অংশত অন্য কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গের ক্রটির ফলে তাঁহাকে যে-ক্ষতি স্বীকার করিতে হইয়াছে, তাহাতে গুরুত্বপূর্ণ অবদান রাখে। যেমন, অসতর্ক গাড়িচালনা, জ্ঞানত একজন মাতাল চালকের সঙ্গে অমণ এবং সিট বেল্ট পরিধান (যেখানে আব্যশক) না করিয়া রাজপথে দুর্ঘটনা ঘটানো অংশপ্রদায়ক অবহেলার নমুনা। অংশপ্রদায়ক অবহেলার ফলে বাদীর প্রাপ্ত ক্ষতিপূরণ আদালত উচিত ও ন্যায়সংগত পরিমাণে কমাইয়া দেন। অবহেলাজনিত কারণে আনীত ক্ষতিপূরণের মামলায় এই বলিয়া সাফাই গাওয়া হয় যে, বাদী অংশপ্রদায়ক অবহেলার জন্য দোষী।

- controlled drugs নিয়ন্ত্রিত মাদকদ্রব্যাদি যে-সকল মাদকদ্রব্য জীবনরক্ষাকারী ঔষধের উপাদান হিসাবে ব্যবহৃত না হইয়া গুধু নেশার দ্রব্য হিসাবে ব্যবহৃত হয় এবং যাহাদের উৎপাদন, বিতরণ ও ব্যবহার দেশের প্রচলিত আইনদ্বারা নিয়ন্ত্রিত। ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে অ্যালকোহল ব্যতীত অন্য সকলপ্রকার মাদকদ্রব্যের উৎপাদন ইত্যাদি নিষিদ্ধ। তবে লাইসেন্স ও পারমিটবলে অনুমোদিত ঔষধ প্রতৃত ও গবেষণার কাজে তাহা ব্যবহার করা যায়। অ্যালকোহল উৎপাদন, বিতরণ ও ব্যবহারের জন্য লাইসেন্স প্রয়োজন এবং উক্ত আইনের বিধানাবলি তন্স করিলে দঙ্কের বিধান করা হইয়াছে। repeat offender দ্র.।
- controller n. নিয়ন্ত্রক বি. ১৯৯১ সালের বাড়ি ভাড়া নিয়ন্ত্রণ আইনের ৩ (১) ধারার অধীন নিযুক্ত কোনো নিয়ন্ত্রক। এই আইনের ৩ (২) ধারার অধীন নিযুক্ত কোনো অতিরিক্ত নিয়ন্ত্রক ও উপনিয়ন্ত্রক ইহার অন্তর্ভুক্ত হইবেন।
- controlling interest নিয়ামক শরিকানা একটি কোম্পানির পরিচালকগণ, ওই কোম্পানি একদা যে-কোম্পানির সংখ্যাগরিষ্ঠ শেয়ারহোন্ডার ছিল, সেই কোম্পানির নিয়ামক শরিকানা লাভ করেন, যদি প্রথমোক্ত কোম্পানির একজন পরিচালক অন্য কোম্পানিটি নিয়ন্ত্রণ করেন।
- controversy n. বাদানুবাদ বি. ১. কোনো মতবিরোধ বা বিবাদ, বিশেষত প্রকাশ্যে। ২. একটি বিচারযোগ্য বিবাদ। ৩. (আন্তর্জাতিক আইনে) যে-মামলায় একটি প্রকৃত বিবাদের (নিছক কাল্পনিক, তাত্ত্বিক বা জল্পনামূলক আইনগত প্রশ্ন নয়) ন্যায়নির্ণয়ের জন্য কথিত তথ্যসমূহের ভিত্তিতে একটি নিশ্চায়ক আইনগত নিম্পত্তি আবশ্যক।
- convenience n. সুবিধা বি. কোনো বিষয়ের উপযুক্ততা। সুবিধামতো পরিশোধ করিবার শর্তযুক্ত চুক্তি বলিতে কোনো ব্যক্তি পরিশোধ করিতে যুক্তিসংগতভাবে সমর্থ হইলে তাঁহার পরিশোধ করিবার বাধ্যবাধকতা জন্মায়, এইরূপ চুক্তি। এই বাক্যদারা ইচ্ছামাফিক বা খুশিমতো বুঝায় না, বরং যুক্তিসম্বত ও বিচারবিবেচনাপ্রসূত একটি ব্যক্তিগত সুবিধাজনক সময়ে বা অবস্থায় পরিশোধ করিবার স্বাধীনতা বুঝায়। ইহা কোনো বিবেকবান ও সাধারণভাবে দক্ষ ব্যক্তির পক্ষে উপযুক্ত বলিয়া মনে করা স্বাভাবিক। ইহা নিজের সুবিধা ও দায়িভুবোধের একটা ভারসাম্যপূর্ণ অবস্থা নির্দেশ করে।

₹8¢ conveyance

convention n. বহুপক্ষীয় চুক্তি বি. ১. সাধারণত বহুপক্ষীয় কোনো চুক্তি। আন্তর্জাতিক আইন কমিশন বিভিন্ন বিতর্কিত বিষয়ে বহুপক্ষীয় চুক্তির খসড়া প্রণয়ন করিয়া থাকে। ২. আন্তর্জাতিক সংস্থাগুলি কর্তৃক নিজেদের নিয়ন্ত্রণের জন্য প্রণীত লিখিত দলিল। ৩. সাংবিধানিক রীতি। constitutional conventions দ্র.।

conversion n. রূপান্তর বি. ১. কোনো ব্যক্তি যদি অন্যের পণ্য এমনভাবে ব্যবহার করেন যে তাহাতে মালিকের অধিকার অস্বীকৃত হয় অথবা উক্ত পণ্য সম্পর্কে এমন অধিকার জাহির করেন, যাহা মালিকের অধিকারের সঙ্গে অসংগতিপূর্ণ, তাহা হইলে যে-অপকার সাধিত হয়। এইভাবে কেহ অন্যের পণ্য ব্যবহার করিলে বা তাহাতে অধিকারের দাবি জাহির করিলে পণ্যের মালিক তাঁহার বিরুদ্ধে ক্ষতিপূরণের জন্য আদালতে মামলা আনয়ন করিতে পারেন। উদাহরণস্বরূপ, জামিনের শর্ত ভঙ্গ করিয়া জামিনদার-কর্তৃক জামিনে প্রদন্ত পণ্যের ব্যবহার। ২. ইচ্ছাপত্রকারী অথবা দাতার নির্দেশানুযায়ী কোনো ভূসম্পত্তিকে অর্থে অথবা অর্থকে ভূসম্পত্তিতে পরিবর্তিত করা।

converted tenancy রূপান্তরিত প্রজাষত্ম চুক্তির দ্বারা ব্যবস্থিত প্রজাষত্মের আইনের দ্বারা নিয়ন্ত্রিত প্রজাষত্মের রূপান্তর। বঙ্গীয় প্রজাষত্ম আইন এবং অকৃষি প্রজাষত্ম আইন সংশোধনের ফলে চুক্তিদ্বারা নিয়ন্ত্রিত অস্থায়ী প্রজাদের স্বত্ম স্থায়ী প্রজাষত্ম রূপান্তরের কথা উল্লেখ করা যাইতে পারে।

convertibility of currency মুদ্রার বিনিময়যোগ্যতা দেশীয় মুদ্রাকে বিদেশি মুদ্রায় এবং বিদেশি মুদ্রাকে দেশীয় মুদ্রায় রূপান্তর। বাংলাদেশ সরকার ১৯৯৩ সালে মুদ্রাকে আংশিক বিনিময়যোগ্য হিসেবে ঘোষণা করে। ইহা বর্তমানে কার্যকর রহিয়াছে।

conveyance n. হস্তান্তর-দলিল, যানবাহন বি. ১. ইচ্ছাপত্র ব্যতীত অন্য যে-দলিল দারা স্থাবর সম্পত্তিতে কোনো ব্যক্তির স্বত্ব, স্বার্থ, দখল, অধিকার ইত্যাদি অপর কোনো ব্যক্তির নিকট হস্তান্তরিত হয়। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৪ ধারার বিধান ইইতেছে যে, কোনো স্থাবর সম্পত্তির মূল্য একশত টাকা বা তদ্ধর্ধ ইইলে তাহা নিবন্ধনকৃত দলিলদারা হস্তান্তর করা যায়। উক্ত আইনের ৫৯ ধারার বিধান ইইতেছে যে, স্বত্তের দলিল জমা রাখার দারা সৃষ্ট বন্ধক ব্যতীত অন্যপ্রকার বন্ধকে বন্ধকি ঝণের পরিমাণ একশত টাকা বা তদ্ধর্ধ ইইলে নিবন্ধনকৃত দলিল দারা স্থাবর সম্পত্তি বন্ধক দেওয়া যায়। উক্ত আইনের ১০৭ ধারার বিধান হইতেছে যে, স্থাবর সম্পত্তি বন্ধক দেওয়া যায়। উক্ত আইনের ১০৭ ধারার বিধান হইতেছে যে, স্থাবর সম্পত্তি বাৎসরিক ভিত্তিতে অথবা এক বৎসরের বেশি মেয়াদের জন্য খাজনায় বন্দোবন্ত দিলে বা তজ্জন্য বাৎসরিক খাজনা নির্ধারিত খাকিলে নিবন্ধনকৃত দলিলদারা তাহা বন্দোবন্ত দেওয়া যায়। উক্ত আইনের ১১৮ ধারার বিধান হইতেছে যে, বিক্রয়-দলিল যে-পদ্ধতিতে করা হয়, সেই পদ্ধতিতে স্থাবর সম্পত্তির বিনিময় করা যায় এবং ১২৩ ধারায় বলা

হইয়াছে যে, স্থাবর সম্পত্তির দান নিবন্ধনকৃত দলিলদ্বারা করা যায়। ২. এক বা একাধিক ব্যক্তিকে বহনের জন্য নির্মিত কিংবা পরবর্তীকালে রূপান্তরিত যে-কোনো স্থল্যান, নৌযান অথবা বিমান। এতৎসহ interfering with vehicles দ্র.।

- conveyancing n. সম্পত্তির হস্তান্তর-প্রক্রিয়া, ভূসম্পত্তিতে মালিকানা সৃষ্টি, বাতিন ও হস্তান্তরের প্রক্রিয়া ইংল্যান্ডে যেমন চুক্তিপূর্বক ফি গ্রহণ করিয়া সলিসিটরগণ ভূসম্পত্তির মালিকানা ইত্যাদি হস্তান্তরের দলিল প্রণয়ন ও নিবন্ধন প্রভৃতি কাজ করেন, তেমনি বাংলাদেশে লাইসেক্সপ্রাপ্ত দলিল লেখকগণ তাহা করিয়া থাকেন। এতৎসহ electronic conveyancing দ্র.।
- conviction n. দোষী সাব্যস্ত হওয়া, দোষনিশ্চয় বি. ফৌজদারি মামলায় আনীত অভিযোগ আসামি স্বীকার করিলে অথবা অস্বীকার করিবার পর তাঁহার বিরুদ্ধে সাক্ষ্যপ্রমাণ বিবেচনা করিয়া জুরি অথবা বিচারককর্তৃক আসামিকে দোষী প্রতিপাদন। আসামি দোষী সাব্যস্ত হইলে বিচারক তাঁহাকে দণ্ড প্রদান করেন। ইংল্যান্ডে দায়য়া মামলায় আসামি দোষ স্বীকার না করিলে তাঁহার বিরুদ্ধে প্রুদত্ত সাক্ষ্যপ্রমাণ বিবেচনা করিয়া জুরিগণ তাঁহাকে দোষী বা নির্দোষ সাব্যস্ত করেন। জুরি ও এসেসরের সাহায্যে দায়রা বিচারপদ্ধতি বাতিল হওয়ায় বর্তমানে বাংলাদেশে দায়রা বিচারকই আসামি দোষী না নির্দোষ তাহা সাব্যস্ত করেন। ম্যাজিক্রেট-আদালতে জুরি-বিচারের পদ্ধতি কথনো ছিল না। সেইজন্য ম্যাজিক্রেট পূর্বের মতো বর্তমানেও সাক্ষ্যপ্রমাণ বিবেচনা করিয়া আসামি দোষী কি নির্দোষ তাহা সাব্যস্ত করেন। ফৌজদারি কার্যবিধির ২৪৩ ও ২৪৫ ধারায় ম্যাজিক্রেট এবং ২৬৫ (ঙ) ও ২৬৫ (ঞ) ধারায় দায়রা বিচারক আসামিকে দোষী সাব্যস্ত করিতে পারেন। এতৎসহ spent conviction দ্রে.।
- co-operative society সমবায় সমিতি সকলে মিলিয়া উৎপাদনমূলক কর্মকাও পরিচালনার নিমিত্ত সাধারণত শ্রমিক, কৃষক, ব্যবসায়ী, ক্ষুদ্র পুঁজিপতি প্রভৃতি ব্যক্তিবর্গের সমিতিবিশেষ। সমিতির আয় প্রত্যেক সদস্যকর্তৃক প্রদন্ত পুঁজি বা শ্রমের পরিমাণ-অনুযায়ী ভাগ করিয়া দেওয়া হয়। ২০০১ সালের সমবায় সমিতি আইনের ২(২০) ধারা-অনুসারে, 'সমবায় সমিতি' অর্থ এই আইনের অধীনে নিবন্ধিত বা নিবন্ধিত বলিয়া গণ্য কোনো সমবায় সমিতি।
- cooperative year সমবায় বর্ষ কোনো খ্রিষ্টীয় বৎসরের ১ জুনাই তারিখ হইতে ওরু করিয়া পরবর্তী বৎসরের ৩০ জুন তারিখ পর্যন্ত সময়।
- coparcener n. সহ-উত্তরাধিকারী বি. পূর্বপুরুষের সম্পত্তিতে যিনি অন্যদের সহিত সমভাবে উত্তরাধিকার লাভ করেন।
- copier n. অনুলিপিকারী যন্ত্র ২০০০ সালের কপিরাইট আইন-অনুসারে, যে-যন্ত্র বা যান্ত্রিক কৌশল কোনো কর্মের অনুলিপি তৈরিতে ব্যবহৃত হয় বা হইতে পারে।

- copy n. অনুনিপি, প্রতিনিপি বি. ১. আইনি অর্থে, একটি মূল লেখার হবহু নকল।
 ২. ২০০০ সালের কপিরাইট আইন-অনুসারে, ইহা লিখিত, ধ্বনি, রেকর্ডিং, চলচ্চিত্র,
 ছবি বা অন্য কোনো বস্তুগত আকারের দ্বিমাত্রিক বা ত্রিমাত্রিক নির্বিশেষে
 পুনরুৎপাদন।
- copying in violation of copyright কপিরাইট লজ্ঞনকারী অনুলিপি (ক) সাহিত্য, নাট্য, সংগীত বা শিল্পকর্মের ক্ষেত্রে, চলচ্চিত্র বা ছবি ব্যতীত অন্য কোনোভাবে সমগ্র কর্ম বা উহার অংশবিশেষের পুনরুৎপাদন। (খ) চলচ্চিত্র বা ছবির ক্ষেত্রে উক্ত কর্মটির সম্পূর্ণ বা অংশবিশেষ, যে-কোনোভাবে প্রণয়ন। (গ) শব্দ রেকর্ডিংয়ের ক্ষেত্রে, যে-কোনো মাধ্যমে অভিনু শব্দ রের্কড ধারণকারী অন্য যে-কোনো রেকর্ড। (ঘ) কপিরাইট আইনের অধীন সম্প্রচার পুনরুৎপাদন অথবা সম্পাদনকারীর অধিকার বিষয়ক কোনো প্রোগ্রামের ক্ষেত্রে, এই আইনের কোনো বিধান লক্ষনক্রমে সংশ্লিষ্ট প্রোগ্রামের পূর্ণ বা আংশিক চলচ্চিত্র, ছবি বা শব্দ রেকর্ড করা বা তৈরি বা আমদানি করা।
- copyright n. কপিরাইট স্বত্ব বি. সাহিত্য, নাট্য, সংগীত, শিল্পকর্ম, স্থাপত্য, ভার্ম্বর্ম, চলচ্চিত্র, আলোকচিত্র এবং শিল্পস্লভ অন্য কোনো কর্ম। পুনরুৎপাদন অথবা অন্য কাহাকে তাহা পুনরুৎপাদন করিবার ক্ষমতা অর্পণের একক অধিকার। কপিরাইট আইনের ২০০০ সালের ১৪ ধারায় কপিরাইটের অর্থ কী তাহা বিশদভাবে বর্ণনা করা হইয়াছে। উক্ত আইনের ১৫ ধারায় বলা হইয়াছে যে, সাহিত্য, নাট্য, সংগীত ও শিল্প-সুলভ আদিকর্ম, চলচ্চিত্র ছবি ও শব্দ রেকর্ডিংয়ের ক্ষেত্রে এই ধারার বিধান এবং এই আইনের অন্যান্য বিধানসাপেক্ষে কপিরাইট থাকিবে। উক্ত আইনে বলা হইয়াছে যে, প্রণেতার জীবদ্দশায় প্রকাশিত কোনো সাহিত্য, নাট্য, সংগীত বা শিল্পকর্ম প্রভৃতির কপিরাইট তাঁহার মৃত্যুর পর ষাট বৎসর পর্যন্ত বিদ্যমান থাকিবে। উক্ত আইনের ৭৬ ধারায় বলা হইয়াছে যে, কপিরাইট লক্ষন করিলে কপিরাইটের স্বত্যাধিকারী নিষেধাজ্ঞা, ক্ষতিপূরণ, হিসাব, এবং আইনে প্রদন্ত অন্যান্য প্রতিকার পাইবেন। উক্ত আইনের ৮২ ধারায় বলা হইয়াছে, ইচ্ছাকৃতভাবে কপিরাইট লক্ষনকারী অন্যুন ছয় মাস হইতে অনুর্ধ্ব চার বৎসরের কারাদণ্ড এবং অন্যুন পঞ্চাশ হাজার টাকা হইতে অনুর্ধ্ব দুই লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।
- copyright infringement কপিরাইট-অধিকারলজ্ঞান কপিরাইট আইনের দ্বারা প্রদন্ত কপিরাইট-মালিকের অনন্য অধিকারসমূহের কোনোটি লজ্ঞান। কপিরাইটের আওতাভুক্ত শিল্পকর্মসমূহে কপিরাইট-মালিকের নিম্নোক্ত অধিকারসমূহসহ কিছু অনন্য অধিকার রহিয়াছে: (১) কর্মটির পুনরুৎপাদন করা; (২) কর্মটির উপর ভিত্তিশীল ব্যুৎপন্ন কর্ম প্রস্তুত করা; (৩) কর্মটির প্রতিলিপি বিতরণ করা; (৪) কোনো কোনো

ধরনের শিল্পকর্মের ক্ষেত্রে উহা প্রকাশ্যে সম্প্রচার বা পরিবেশন করা; (৫) কোনো কোনো ধরনের শিল্পকর্মের ক্ষেত্রে উহা প্রকাশ্যে প্রদর্শন করা; (৬) ধারণকৃত ধ্বনির ক্ষেত্রে উহা প্রকাশ্যে পরিবেশন করা; (৭) অন্যত্র অর্জিত অনুলিপি দেশে আমদানি করা।

coram judice বিচারের সমুখে যথাযথ বা উপযুক্ত আদালতের সমুখে।

- coram non judice কোনো বিচারকের সমুবে নয় ১. কোনো বিচারকের উপস্থিতি ব্যতিরেকে। ২. এমন-কোনো আদালতে বা বিচারকের সামনে, যাঁহা বা যিনি উপযুক্ত নন কিংবা যাঁহা বা যিনি বিষয়টি বিচারার্থ গ্রহণ করিতে পারেন না।
- co-respondent n. সহ-উত্তরবাদী বি. একটি দরখান্তের জবাব দেওয়ার জন্য অন্য একজন উত্তরবাদীর সহিত আদালতে তলবকৃত কোনো ব্যক্তি। বর্তমানে প্রধানত বিবাহঘটিত মামলায় উত্তরবাদীর সহিত ব্যভিচারে লিপ্ত ব্যক্তিকে চিহ্নিত করিবার জন্য ব্যবহৃত হয়। respondent দ্র.।
- coroner n. করোনার বি. রাষ্ট্রনিযুক্ত কর্মকর্তা, যাঁহার প্রধান কর্তব্য হইতেছে সহিংস বা অস্বাভাবিক মৃত্যুর ঘটনা তদন্ত করা। ময়না-তদন্তের নির্দেশ দান করিয়া কিংবা আইনগত অনুসন্ধানের দ্বারা তিনি ওই দায়িত্ব পালন করেন। মালিকহীন সম্পদ বা গুপ্তধন সম্পর্কেও তিনি আইনগত অনুসন্ধান করিয়া থাকেন। ইংল্যান্ডে পাঁচ বংসরের অভিজ্ঞ ব্যারিষ্টার, সলিসিটর এবং যোগ্যতাসম্পন্ন চিকিৎসকদের মধ্য হইতে রাজা বা রানী করোনার নিযুক্ত করেন। বাংলাদেশে করোনার নিযুক্ত করিবার কোনো বিধান নাই। করোনারের দায়িত্ব পুলিশ ও ম্যাজিস্ট্রেট পালন করেন।
- corporate personality সংস্থার ব্যক্তিত্ব আইনদারা গঠিত সংস্থার সদস্যদের ব্যক্তিত্ব হইতে পৃথকভাবে ওই সংস্থার ব্যক্তিত্ব। কোম্পানি আইনের বিধান-অনুসারে কতিপয় সদস্য কোনো কোম্পানি গঠন করিয়া তাহা নিবন্ধিত করিলে ওই কোম্পানি তাহার অংশীদারদের ব্যক্তিত্বের অতিরিক্ত স্বতন্ত্র ব্যক্তিত্বের অধিকারী হয় এবং কোম্পানি নিজ নামে সম্পত্তি অর্জন, ধারণ ও হস্তান্তর করিতে পারে। কোম্পানি একজন স্বাভাবিক ব্যক্তির ন্যায় যে-কোনো আইনগত অধিকারের অধিকারী হয় এবং মামলা দায়ের ও প্রতিদ্বন্দিতা করিবার ক্ষমতা রাখে। incorporation দ্র.।
- corporate tax কোম্পানি-কর নিবন্ধিত কোম্পানির ব্যবসায়িক লাভের উপর ধার্য কর। কোম্পানির সদস্যদের অংশের জন্য ঘোষিত লভ্যাংশের উপর ধার্য আয়করের অতিরিক্ত যে-কর কোম্পানিকে তাহার ব্যবসায়ের লাভের উপর দিতে হয়।
- corporate welfare কোম্পানি-কল্যাণ কোনো বৃহৎ কোম্পানিকে সাধারণত ভর্তুকি আকারে প্রদন্ত সরকারি আর্থিক সাহায্য।

- corporation n. সংস্থা, নিগম বি. আইনগত ব্যক্তিত্বসম্পন্ন কোনো সংস্থা, যাহা একজন স্বাভাবিক ব্যক্তির ন্যায় আইনত অধিকার ভোগ করিতে পারে এবং সকলপ্রকার দায়ের জন্য দায়ী থাকে।
- corporeal hereditament উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত ভৌত সম্পত্তি কোনো ব্যক্তির মৃত্যুর পর যে-ভূসম্পত্তি, বাড়িঘর ইত্যাদি তাঁহার উত্তরাধিকারীতে বর্তায়। hereditament দ্র.
- corrupt and illegal practices বেআইনি ও দুর্নীতিপরায়ণ আচরণ সংসদ বা স্থানীয় সরকারের নির্বাচন পরিচালনার সময়ে যে-সকল আচরণ ১৯৭২ সালের জনপ্রতিনিধি নির্বাচন আদেশে অথবা স্থানীয় সরকার আইনসমূহে নিষিদ্ধ এবং শান্তিযোগ্য অপরাধ বলিয়া ঘোষণা করা হইয়াছে। নির্বাচনের সময়ে বা নির্বাচন-উপলক্ষে ঘুসপ্রদান, অবৈধ প্রভাববিস্তার, নাম ভাঁড়ানো, মিথ্যা অপবাদ প্রচার করা, ভোটপ্রদানে বাধা দেওয়া বা প্রভাবিত করা, ভোটকেন্দ্রে যানবাহনে করিয়া ভোটার আনা-নেওয়া, বা ভোটপ্রদানের পূর্বে ভোটারকে ভোটকেন্দ্র ত্যাগ করাইতে চেষ্টা করা বা বাধ্য করা প্রভৃতি দুর্নীতিপরায়ণ আচরণ এবং কোনো প্রার্থিকর্তৃক নির্বাচন আগাইয়া লইতে বা বাধ্যপ্রত করিতে কোনো সরকারি কর্মচারীর সাহায্য গ্রহণ বা গ্রহণের চেষ্টা, জালভোট প্রদান বা প্রদানের চেষ্টা, এলাধিকবার ভোট প্রদান বা প্রদানের চেষ্টা, ভোটকেন্দ্র হইতে ব্যালট কাগজ অপসারণ করা অথবা জ্ঞাতসারে উপরিউক্ত কাজগুলি করিবার জন্য অপর কাহাকেও সংগ্রহ করা বা প্ররোচিত করা বেআইনি আচরণ হিসাবে নির্বাচনী আইনে উল্লেখ করা হইয়াছে।
- corruption n. দুর্নীতি বি. কোনো সরকারি কর্মচারী বা পদাধিকারীকে ঘুসপ্রদানে অথবা অন্য যে-কোনো অবৈধভাবে প্রভাবিত করা অথবা তাঁহাদের ক্ষমতা অপব্যবহারের ফলে কাহাকে অন্যায়ভাবে লাভবান বা ক্ষতিগ্রস্ত প্রভৃতি করা। ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনে দুর্নীতির সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে এবং ওই অপরাধের শান্তির উল্লেখ করা হইয়াছে। ১৯৫৭ সালের দুর্নীতি দমন আইনে দুর্নীতির ঘটনা তদন্ত করিবার বিধান করা হইয়াছে। এতৎসহ bribery and corruption দ্র.।
- corruption of public morals গণনৈতিকতা-বিরোধী দুর্নীতি সমাজের নৈতিকতা-বিধ্বংসী আচরণ। এইরূপ আচরণ অনেক সময়ে অপরাধ হিসাবে গণ্য হয় কি না তাহা অনিশ্চিত, যদিও বেশ্যাদের নাম-ঠিকানা-সংবলিত পঞ্জিকা প্রকাশ করা অথবা সাময়িকপত্রে বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া সমকামে উৎসাহিত করা ইংল্যান্ডে গণনৈতিকতা-বিরোধী দুর্নীতি বলিয়া গণ্য। এতৎসহ conspiracy ও contra bonos mores স

co-sharer 400

co-sharer

ा. শরিক বা অংশীদার বি. ৹কোনো সম্পণ্ডির যৌথ মানিকগণের
প্রত্যেকে। যৌথ সম্পণ্ডির যে-কোনো শরিক বন্টনমূলে তাঁহার অংশ এবং বাজনা
প্রদানের জন্য তাঁহার জমাখারিজ পৃথক করিয়া লইতে পারেন। কোনো শরিক তাঁহার
অংশ অপর শরিক ব্যতীত অন্য কাহারো নিকট বিক্রয় করিলে যে-কোনো শরিক অহা
অপ্রক্রয়ের অধিকার লাভ করেন। যৌথ সম্পণ্ডির কোনো শরিক অপর কোনো
শরিককে দখল হইতে উৎখাত না করিলে তাঁহার বিরুদ্ধে কোনো বিরুদ্ধ দখলের দাবি
করিতে পারিবেন না।

- cost, insurance, freight মূল্য, বিমা ও পরিবহণ ভাড়া বৈদেশিক পণ্য বিক্রয়ের বেলায় বিক্রেতা শুধু পণ্যবিক্রয়ের জন্য সম্মত হন না. যে-বন্দরে পণ্য সরবরাই করা হইবে, সেই বন্দর পর্যন্ত সামুদ্রিক পরিবহণকারীর সহিত পণ্য পরিবহণের জন্য এবং বিমাপ্রদানকারীর সহিত পরিবহণকালের ক্ষতি পূরণের জন্য বিমার চুজিও সম্পাদন করেন। পণ্যবিক্রয়ের এইরূপ চুক্তিকে পণ্যমূল্য, বিমা ও পরিবহণ ভাড়া চুক্তি বনা হয়। পণ্যের বিবরণ ও মূল্য-সংবলিত একটি রসিদ, পণ্য-পরিবহণ চুক্তির প্রমাণস্বরূপ একটি বহনপত্র বা বিল অব লেডিং, বিমার একটি চুক্তিপত্র এবং চুক্তিতে উল্লিখিত অন্য কোনো দলিল সরবরাহের মাধ্যমে বিক্রেতা তাঁহার চুক্তি পালন করেন। ওইরূপ চুক্তিতে সাধারণত দলিল-হস্তান্তর সাপেক্ষে মূল্যপরিশোধ করিবার বিধান থাকে। জাহাজে পণ্য বোঝাই করিবার পর হইতে সাধারণত দুর্ঘটনাজনিত ক্ষতি বা লোকসানের ঝুঁকি ক্রেতার উপর বর্তার।
- costs n. মামলা-খরচ বি. দেওয়ানি মামলায় জয়ী পক্ষ পরাজিত পক্ষের বিরুদ্ধে মামলা খরচের ডিক্রি পান। দেওয়ানি কার্যবিধির ৩৫ ধারায় বলা হইয়াছে য়ে, মামলার খরচ-প্রদান আদালতের স্বেচ্ছাধীন এবং ৩৫ক ধারায় বলা হইয়াছে য়ে, মিথ্যা ও হয়রানিমূলক মামলা বা প্রতিদ্বন্দ্বিতার জন্য আদালত পাঁচ হাজার টাকা পর্যবিক্ষতিপূরণমূলক খরচ ডিক্রি দিতে পারেন। মামলা খরচের ডিক্রিতে কোন পক্ষকে অথরচ প্রদান করা হইবে, তাহা আদালতের স্ববিবেচনার উপর নির্ভর করে। এতৎসহ costs in the case ও costs reserved দ্রি.।
- costs draftsman মামলা-খরচ-হিসাবকারী যে-ব্যক্তি (সাধারণত একজন আইনবিষয়ক কর্মকর্তা, যোগ্যভাসম্পন্ন সনিসিটর নন) মামলা-খরচের দাবিনামা মুসাবিদা করিতে পারদর্শী। এইসকল কর্মকর্তার কেহ কেহ সনিসিটরদের প্রতিষ্ঠানে এবং কেহ কেহ মামলা-খরচ-বিশেষজ্ঞদের প্রতিষ্ঠানে কাজ করেন।
- costs in the case অন্তর্বতী খরচ মামলার অন্তর্বতী কার্যধারায় প্রদন্ত খরচ-প্রদানের একটি আদেশ যদনুযায়ী সংশ্লিষ্ট শুনানির খরচ, বিচারকালে খরচ-প্রদানের যে-আদেশ দেওয়া হইবে, সেই আদেশ-অনুযায়ী প্রদেয়। সাধারণত ইহার ফল হয় এই যে, মামলায় পরাজিত পক্ষই অদেপ খরচ প্রদান করে।

₹€\$ counterfeit

costs officer খরচ-নির্ধারণকারী কর্মকর্তা আদালতের যে-কর্মকর্তা খরচের দাবিনামা পরীক্ষা করিয়া খরচ মনজুরির জন্য আদেশ প্রদান করেন অথবা অনুরূপ আদেশ প্রদানের জন্য আদালতের নিকট সুপারিশ করেন।

- costs reserved খরচ-সংরক্ষিতকরণ মামলার অন্তর্বতী কার্যধারায় প্রদন্ত একটি আদেশ, যদ্ধারা সংশ্লিষ্ট শুনানির খরচ কোন পক্ষ প্রদান করিবে, তাহা আদালতের মাটার বা জেলাজজ কর্তৃক শুনানিকালেই নির্ধারিত না হইয়া মামলার মূল বিচারকের সিম্বান্তের জন্য রাখিয়া দেওয়া।
- costs thrown away অপচিত খরচ মামলার একপক্ষের কার্যবিধি-সংক্রান্ত ভূলের ছন্য অপরপক্ষ যে-অপ্রয়োজনীয় খরচ করে অথবা একপক্ষের পরবর্তী কার্যের ফলে অপরপক্ষের প্রয়োজনীয় যে-খরচ নিক্ষল হইয়া যায়।
- counsel n. কৌসুদি,পরামর্শদাতা বি. মামলার কোনো পক্ষের প্রতিনিধিত্বকারী ব্যারিটারকে এককভাবে বা ব্যারিস্টারদের যৌথভাবে পরামর্শদাতা নামে অভিহিত করা হয়। ইহা একটি সম্মানসূচক অভিধা।
- count n. অভিযোগের সংখ্যা আসামি যখন একাধিক অপরাধের জন্য অভিযুক্ত হন, তবন প্রত্যেকটি অপরাধের জন্য তাঁহার বিরুদ্ধে পৃথক অভিযোগ গঠন করিতে হয়। অভিযোগপত্রে প্রত্যেকটি অপরাধের অভিযোগ ভিন্ন ভিন্ন অনুচ্ছেদে ব্যক্ত করা হয়। এইরপ একাধিক অভিযোগের প্রত্যেকটিকে একটি কাউন্ট বা সংখ্যা হিসাবে গণ্য করা হয়। আসামি যদি একই ঘটনায় ভিন্ন ভিন্ন অপরাধ করিয়া থাকেন, যাহার মধ্যে যে-কোনো একটির জন্য তিনি দোষী সাব্যস্ত হইতে পারেন, তবে তাঁহার বিরুদ্ধে বিকল্প অভিযোগে গঠন করা হয়। ওইরূপ বিকল্প অভিযোগের প্রত্যেকটিকে একটি কাউন্ট বা সংখ্যা বলা হয়। indictment দ্র.।
- counterclaims n. পালটা দাবি বি. দেওয়ানি মামলায় বাদী যদি বিবাদীর বিরুদ্ধে পাওনা আদায়ের জন্য দাবি করেন, তবে বাদীর নিকট বিবাদীর স্বতন্ত্র কোনো পাওনা থাকিলে তাহা আদায় করিবার জন্য বিবাদী তাঁহার জবাবে দাবি জানাইতে পারেন। এইরপ স্বতন্ত্র দাবি আদায়ের প্রার্থনাকে পালটা দাবি বলা হয়। দেওয়ানি কার্যবিধির ৮ আদেশের ৬ বিধিতে পালটা দাবি সম্পর্কে উল্লেখ করা হইয়াছে। এতৎসহ set-off দ্র.।
- counterfeit n. জাল, নকল বি. দগুবিধির ২৮ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি সদৃশতার সাহায্যে ভ্রান্তি উৎপাদনের অভিপ্রায় বা তদ্দারা ভ্রান্তি ঘটিবার সম্ভাবনা আছে জানিয়া এক বস্তুকে অন্য কোনো বস্তুর সদৃশ করিলে তিনি নকল করেন বলিয়া অভিহিত ইইবেন। নকলকরণের ব্যাপারে অনুকরণ অবিকল হওয়া অপরিহার্য নহে।

যে-ক্ষেত্রে কোনো ব্যক্তি এক বস্তুকে অন্য বস্তুর সদৃশ করেন এবং সদৃশতা এইরূপ হয় যে-তদ্দারা কোনো ব্যক্তি প্রতারিত হইতে পারেন, সে-ক্ষেত্রে ভিনুতর প্রমাণিত না হওয়া অবধি এইরূপ ধরিয়া লওয়া হইবে যে, এক বস্তুকে অন্য বস্তুর সদৃশকারী ব্যক্তি উক্ত সদৃশতার সাহায্যে ভ্রান্তি উৎপাদনের সম্ভাবনা রহিয়াছিল বলিয়া জানিতেন। দওবিধির ২৩১ ধারা হইতে ২৬৩ (ক) ধারা পর্যন্ত মুদ্রা ও সরকারি স্ট্যাম্প জানকরণ বা নকলকরণ সম্পর্কে শান্তি বর্ণিত হইয়াছে।

- counterfeiting government stamp সরকারি স্ট্যাম্প জালকরণ দওবিধির ২৫৫ ধারা হইতে ২৬৩ ধারা পর্যন্ত সরকারি স্ট্যাম্প জালকরণ, জালকরণ করিবার যন্ত্র, জাল স্ট্যাম্প রাখা, জাল সরকারি স্ট্যাম্প বিক্রি করিবার শান্তি বর্ণিত হইয়াছে। দওবিধির ২৫৮ ধারা-অনুসারে, যদি কোনো ব্যক্তি সরকার কর্তৃক রাজস্বের উদ্দেশ্যে প্রবর্তিত কোনো স্ট্যাম্প জাল করিয়া বিক্রয় করেন বা বিক্রয়ার্থে বাজারে ছাড়েন যাহা জাল বিলিয়া তিনি জানেন বা তাঁহার বিশাস করিবার কারণ আছে, তাহা হইলে সেই ব্যক্তি সাত বৎসর পর্যন্ত সম্প্রম বা বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইবেন এবং তাঁহাকে অর্থদণ্ডেও দণ্ডিত করা যাইবে। দণ্ডবিধির ২৫৫ ধারা-অনুসারে, যদি কোনো ব্যক্তি সরকার কর্তৃক রাজস্বের উদ্দেশ্যে প্রবর্তিত কোনো স্ট্যাম্প জাল করেন বা জ্ঞাতসারে অনুরূপ কোনো স্ট্যাম্প জাল করিবার প্রক্রিয়ার অংশবিশেষ সম্পাদন করেন, তাহা হইলে সেই ব্যক্তি যাবজ্জীবন কারাদণ্ডে কিংবা দশ বৎসর পর্যন্ত সম্প্রম বা বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা যাইবে।
- counter-insurgency বিদ্রোহ-দমনমূলক অভিযান বিদ্রোহী কার্যকলাপ দমনার্থে সংগঠিত সামরিক প্রস্তুতি ও অভিযান।
- countertrade n. পালটা বাণিজ্য বি. এক ধরনের বাণিজ্যরীতি, যাহাতে পণ্য অথবা সেবার রপ্তানিকারক আমদানিকারকের নিকট হইতে বিনিময়ে অর্থ নয় বরং পণ্য বা সেবা গ্রহণ করিতে অঙ্গীকারাবদ্ধ হন।
- coup d'etat সামরিক অভ্যুত্থান, রাষ্ট্রাঘাত বি. সহিংস বা অবৈধ পস্থায় সরকার-পরিবর্তন।
- courier service কুরিয়ার সার্ভিস দেশের অভ্যন্তরে বা দেশের বাহিরে অর্থের বিনিময়ে বার্তা, সংবাদ, তথ্য দলিলপত্র, বা পণ্য প্রেরণে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা (সরকারি ডাক বিভাগ এবং ফ্রেইট ফরোয়ার্ডস এবং ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং কার্যে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ব্যতীত)।
- course of employment চাকুরিতে কর্মরত অবস্থা চাকুরিতে কর্মরত অবস্থায় দুর্ঘটনার ফলে কোনো শ্রমিক দৈহিক জখমপ্রাপ্ত হইলে মালিক তাঁহাকে ১৯২৩ সালের শ্রমিকদের ক্ষতিপূরণ আইনের ৩ ও ৪ ধারার বিধান-অনুযায়ী ক্ষতিপূরণ-প্রদানের

জন্য দায়ী থাকিবেন। এতদ্ব্যতীত টর্ট আইনে চাকুরিতে কর্মরত অবস্থায় কোনো কর্মচারী অবৈধ কাজের দারা অন্য কাহাকে ক্ষতিগ্রস্ত করিলে সেই ব্যক্তি ওই কর্মচারীর মনিবের নিকট হইতে বদলি দায়ের নীতি-অনুযায়ী ক্ষতিপুরণ আদায় করিতে পারেন।

court n. আদালত বি. ১. বিচারক বা ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার-কার্য প্রয়োগ করিবার জন্য আইনদারা প্রতিষ্ঠিত একটি প্রতিষ্ঠান। ২. যে-ভবন অথবা হলঘরে আদালতের অধিবেশন হয়। ৩. রাজা বা রানীর প্রাসাদ। ৪. রাজা বা রানী তাঁহার পরিবার-পরিজন এবং অনুচর অথবা রাজকর্মচারিগণ।

court fee কোর্ট ফি, রসুম বি, আইনানুগ কোনো কার্যক্রমে প্রতিকার পাইতে হইলে অবশ্যই প্রতিকার-প্রার্থীকে কোর্ট ফি বা রসম দিতে হইবে। ক্ষেত্রবিশেষে যিনি প্রার্থিত প্রতিকারের বিরোধিতা বা আপন্তি করিতেছেন, তাঁহাকেও রসুম দিতে হয়। এই রসুম সরকার তথা রাষ্ট্রের রাজম্ব। রসুম সাধারণত আঠাযুক্ত টিকিটবিশেষ। উহা সরকারের তত্ত্বাবধানে প্রস্তুত কর। হয় এবং ট্রেজারির মাধ্যমে সরবরাহ করা হয়। দেওয়ানি আদালত ফৌজদারি আদালত ব্যতীত যে-কোনো ট্রাইব্যুনালে, কোনো প্রশাসনিক অফিসে, কর অফিসে, রাজস্ব অফিসে কোনো কার্যক্রম পরিচালনা করিতে গেলে বিধিমোতাবেক রসম দিতে হয়। কোর্ট ফি আইন বস্তুত রাষ্ট্রীয় রাজস্বসংক্রান্ত আইন। কতিপয় ক্ষেত্রে রাষ্ট্রীয় রাজস্ব আদায় নিশ্চিতকরণার্থে এই আইন প্রণয়ন করা ইইয়াছে। কোর্ট ফি আইন প্রধানত দুইভাগে বিভক্ত। প্রথম ভাগে ইহার মূল ধারাসমূহ এবং দিতীয় ভাগে ইহার প্রথম, দিতীয় ও তৃতীয় তফসিল সন্নিবেশিত করা হইয়াছে। প্রথম তফসিলে অ্যাড ভ্যালোরেম অর্থাৎ মোকদ্দমার বিষয়বস্তুর মূল্যানুসারে এবং দিতীয় তফসিলে উল্লিখিত বিষয়সমূহে নির্ধারিত কোর্ট ফি প্রদানের বিষয় দেখানো হইয়াছে। তৃতীয় তফসিলে সম্পত্তির মূল্যায়নের ছক প্রদর্শিত হইয়াছে। এই আইনের মূল ধারাসমূহদারা ইহার তফসিলে বর্ণিত বিষয়াদি নিয়ন্ত্রিত হইবে। কোর্ট ফি আইন বিচারপ্রার্থী জনসাধারণ এবং সরকারের প্রতি সমভাবে প্রযোজ্য।

Court Fee and Stamp Act কোর্ট ফি ও ক্ট্যাম্প আইন কোর্ট ফি আইন ও ক্ট্যাম্প আইন দুইটি পৃথক আইন। কোর্ট ফি ক্ট্যাম্প কোর্ট ফি আইনের আওতায় প্রদেয়। নন জুডিসিয়াল ক্ট্যাম্পসমূহের ব্যবহারিক বিষয়সমূহ কোর্ট ফি আইনের অন্তর্ভুক্ত নহে। কোর্ট ফি ক্ট্যাম্প সাধারণত দুই প্রেণীতে বিভক্ত যাহা আঠাযুক্ত (অ্যাডহেসিভ) এবং ছাপযুক্ত (ইমপ্রেসভ) ক্ট্যাম্প নামে পরিচিত। ২৫ টাকা মূল্যমান পর্যন্ত অ্যাডহেসিভ ক্ট্যাম্প এবং তদ্ধ্ব মূল্যমানের ক্ট্যাম্পসমূহ ইমপ্রেসড ক্ট্যাম্প হিসাবে বর্তমানে চালু আছে।

Court Fee and Suit Valuation Act কোর্ট ফি এবং স্যুট ভ্যালুয়েশন অ্যাষ্ট্র স্যুট ভ্যালুয়েশন আইন, কোর্ট ফি আইনের আওতায় প্রণীত সিভিল রুলস অ্যান্ত অর্ডারের সংশ্লিষ্ট বিধি, এবং দেওয়ানি কার্যবিধি আইনের ১৪৮, ১৪৯ ধারা ও ৭ আদেশের ১১ নিয়মের বিধানসমূহের সমন্বয়ে কোর্ট ফি আইনের বিধান ব্যাখ্যা করিতে ইইবে। কোর্ট ফি আইনের বিধানসমূহকে বিচ্ছিত্রভাবে বিশ্লেষণ করিলে অন্য সংশ্লিষ্ট আইনের সহিত কোথাও কোথাও সংঘাত দেখা দেওয়ার সম্ভাবনা থাকে। যেহেতু ইহা আর্থিক দায়-দায়িত্ব আরোপসংক্রান্ত আইন সেহেতু এই আইনে স্পষ্ট ভাষায় যাহা উল্লেখ আছে সেই অর্থেই ইহার ব্যাখ্যা করিতে হইবে।

court fee, inadequate অপর্যাপ্ত কোর্ট ফি কোনো আরজিতে অপর্যাপ্ত রসুম বা কোর্ট ফি সংযোজিত হইলে আদালত সেই আরজি প্রত্যাখান করিয়া দিতে পারেন। তবে শর্ত থাকে যে, সংযুক্ত অপর্যাপ্ত ফি পর্যাপ্ত করিয়া দিবার জন্য আদালত বাদীকে একটি নির্ধারিত অতিরিক্ত সময় প্রদান করিবেন। এই সময়ের মধ্যে যদি বাদী উক্ত ফি পর্যাপ্ত করিয়া না দেন, তাহা হইলে আদালত চডাত্তভাবে বাদীর উক্ত আরজি প্রত্যাখান করিয়া দিবেন। এই প্রসঙ্গে দেওয়ানি কার্যবিধির ৭ আদেশের ১১ নিয়ম বিশেষভাবে উল্লেখযোগ্য। সাধারণত মামলা দায়ের করিবার সময়ে নির্ধারিত পূর্ণ কোর্ট ফি প্রদান না করিলে মামলাটি পরবর্তী কার্যক্রমের জন্য বৈধ হইবে না। তবে অসম্পূর্ণ কোর্ট ফি প্রদত্ত হইলে সেই ক্ষেত্রে আদালত উহা সম্পূর্ণ করিবার জন্য অনুমতি ও সময় দিতে পারেন। এই প্রসঙ্গে দেওয়ানি কার্যবিধির ৭ আদেশের ১১ নিয়ম এবং ১৪৯ ধারা স্বরণ করা যাইতে পারে। পরপর তিনটি স্যোগ লাভ করিয়াও যদি আপিলকারী অসম্পর্ণ কোর্ট ফি সম্পর্ণ না করেন, তবে আপিলটি সরাসরি খারিজ হইয়া যাইবে। বর্তমানে বলবং কোনো আইন-অনসারে কোনো দলিলের নির্ধারিত রসুম আংশিক বা সামগ্রিকভাবে পরিশোধ করা না হইয়া থাকিলে, আদালত ইচ্ছা করিলে যে-কোনো পর্যায়ে সংশ্লিষ্ট ব্যক্তিকে এইরূপ রসুমের আংশিক বা সামগ্রিক, যাহাই প্রয়োজন, পরিশোধ করিতে অনুমতি দিতে পারেন এবং এইরূপে পরিশোধের ফলে উক্ত দলিলের বলবংযোগ্যতা ও বাস্তবতা সেইরূপই থাকিবে অনুরূপ রসুম পরিশোধ করিলে প্রারম্ভেই যেরূপ থাকিত। নিঃসম্বল ব্যক্তি হিসাবে আপিলের অনুমতি নাকচ করা হইলেও আপিল আদালত রসুম দাখিলের জন্য সময় মনজুর করিতে পারেন।

court martial সামরিক আদালত সৈনিকদের চাকুরির শৃঙ্খলাভঙ্গজনিত অপরাধের বিচার করিবার জন্য সেনা-কর্মকর্তাদের লইয়া গঠিত একটি আদালত। কতিপয় সেনা-কর্মকর্তাদের লইয়া গঠিত এই আদালত আইনের প্রশ্নে জজ-অ্যাডভোকেট নামক আইনি যোগ্যভাসম্পন্ন একজন কর্মকর্তার দেওয়া পরামর্শ-অনুযায়ী বিচারকার্য প্রয়োগ করেন।

Court of Appeal আপিল আদালত ইংল্যান্ডের সুগ্রিম কোর্ট অব জুডিকেচারের হাইকোর্ট এবং কোর্ট অব আপিল নামক দুইটি অংশ আছে। এই দুইটি আদালত লইয়াই সুপ্রিম কোর্ট অব জডিকেচার গঠিত। হাইকোর্টের রায় ও আদেশ এবং

Record to Court of Probate

কাউন্টি কোর্টের অনেক সিদ্ধান্তের বিরুদ্ধে কোর্ট অব আপিলে সংক্ষুব্ধ ব্যক্তি আপিল দায়ের করিতে পারেন। কতিপয় ক্ষেত্রে কোর্ট অব আপিলই সর্বশেষ আপিল-আদালত। কিন্তু অনেক ক্ষেত্রে কোর্ট অব আপিল অথবা হাউজ অব নর্ভসের অনুমতিপ্রাপ্ত হইলে উক্ত আদালতের সিদ্ধান্তের বিরুদ্ধে হাউস অব নর্ভসে আপিল দায়ের করা যায়। এই আদালত দেওয়ানি বিভাগে ও ফৌজদারি বিভাগে বিভক্ত। দেওয়ানি বিভাগের প্রধান হইলেন মাস্টার অব দি রোলস এবং ফৌজদারি বিভাগের প্রধান ইইলেন নর্ভ চিফ জাস্টিস। উক্ত আদালতের সাধারণ বিচারকগণ নর্ভ জাস্টিস অফ আপিল নামে অভিহিত হন। ইংল্যান্ডের সুপ্রিম কোর্ট অব জুভিকেচারের আদলে বাংলাদেশের সুপ্রিম কোর্ট হাইকোর্ট বিভাগে ও আপিল বিভাগ লইয়া গঠিত হইয়াছে। সুপ্রিম কোর্টের আপিল বিভাগ বাংলাদেশের সর্বশেষ আপিল-আদালত। দেওয়ানি কার্যবিধির ৯৬ ধারা হইতে ১১০ ধারায় দেওয়ানি মোকদ্দমার আপিল সম্পর্কে এবং জাজদারি কার্যবিধির ৪০৪ হইতে ৪৩১ ধারা পর্যন্ত এবং ৪৪২ক ধারায় আপিল ও আপিল আদালতের কার্যক্রম সম্পর্কে বলা হইয়াছে।

- court of first instance প্রথম আদালত ব্যে-আদালতে প্রথমবার মামলা দায়ের ও তাহার বিচার হয়। বাংলাদেশে ম্যাজিস্ট্রেট-আদালত ও সহকারী বিচারকের আদালত যথাক্রমে ফৌজদারি ও দেওয়ানি-বিষয়ে প্রথম আদালত।
- court of inquiry তদন্ত আদালত সেনাবাহিনী এবং নৌবাহিনীতে কোনো কর্মকর্তা বা সৈনিকের কোনো লেনদেনের কিংবা তাঁহার বিরুদ্ধে কোনো অভিযোগের অথবা তাঁহার উপর কোনো দোষারোপের প্রকৃতি পরীক্ষার জন্য একটি আদালত !
- court of last resort সর্বশেষ আপিল আদালত যে-আদালতের সিদ্ধান্তের বিরুদ্ধে আর কোনো আদালতে পুনরায় আপিল দায়ের করা যায় না। যদিও কতিপয় ক্ষেত্রে ইংল্যান্ডে ইহার সিদ্ধান্তের বিরুদ্ধে ইউরোপীয় কোর্ট অব জান্টিসে আপিল দায়ের করা যায়, সাধারণত হাউস অব লর্ডসই হইতেছে ইংল্যান্ডের সর্বশেষ আপিল-আদালত। কতিপয় ক্ষেত্রে বিধিবদ্ধ আইনের বিধান-অনুযায়ী কোর্ট অব আপিলই সর্বশেষ আপিল-আদালত। বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগ বাংলাদেশের সর্বশেষ আপিল আদালত।
- Court of Probate ইচ্ছাপত্রের সত্যতা প্রমাণকারী আদালত ইচ্ছাপত্রের সত্যতা প্রমাণীকরণের জন্য ইংল্যান্ডে সাবেক ধর্মীয় আদালতের এখতিয়ার প্রয়োগ করিবার উদ্দেশ্যে ১৮৫৭ সালের আইনদ্বারা গঠিত আদালত। ১৮৭৩-৭৫ সালের আইনে হাইকোর্টের প্রবেট, ডিভোর্স এবং অ্যাডমিরালটি ডিভিশনে এই এখতিয়ার স্থানান্তরিত ইইয়াছে। ১৯২৫ সালের উত্তরাধিকার আইনের বিধান-অনুযায়ী বাংলাদেশে জেলা বিচারক ইচ্ছাপত্র প্রত্যয়ন করিবার এখতিয়ার প্রয়োগ করেন। ক্ষমতাপ্রাপ্ত হইলে যুগ্ম জেলা বিচারক ইচ্ছাপত্র প্রত্যয়িত করিবার একতরফা মামলা বিচার করিতে পারেন।

- Court of Protection সংরক্ষণকারী আদালত অপ্রকৃতিস্থ ব্যক্তিদের সম্পত্তি ও বিষয়াদির পরিচালন ও সংরক্ষণকারী আদালত। ইংল্যান্তে এই আদালতের প্রধানকে মান্টার নামে অভিহিত করা হয়। ১৯১২ সালের অপ্রকৃতিস্থতা আইনের বিধান-অনুযায়ী বাংলাদেশে জেলা বিচারক অপ্রকৃতিস্থ ব্যক্তিদের সম্পত্তি ও বিষয়াদি পরিচালন ও সংরক্ষণ করেন।
- court of record নথিসংরক্ষণকারী আদালভ, লেখ্য আদালভ, কোর্ট অব রেকর্ড
 যে-আদালতের যাবতীয় কর্ম ও বৈচারিক কার্যধারা স্থায়ীভাবে নথিবদ্ধ ও রক্ষিত হয়।
 আদালত অবমাননার জন্য এইরূপ আদালত শান্তি প্রদান করিতে পারেন। বাংলাদেশ
 সংবিধানের ১০৮ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, সুথ্রিম কোর্ট একটি কোর্ট অব রেকর্ড
 ইইবেন এবং ইহার অবমাননার জন্য তদন্তের আদেশদান অথবা দধ্যদেশদানের
 ক্ষমতাসহ আইনসাপেক্ষে অনুরূপ আদালতের ক্ষমতার অধিকারী হইবেন।
 contract of record দ্র.।
- Court of Session দায়রা আদালত পার্বতা জেলাওলি ব্যতীত প্রত্যেক জেলায় দায়রা আদালত এবং প্রত্যেক নগরে মেট্রোপলিটান দায়রা আদালত আছে। ফৌজদারি কার্যবিধির ৯ ধারার বিধান-অনুযায়ী বাংলাদেশ সরকার জেলা বিচারককে দায়রা বিচারক, জেলা বিচারককে পদমর্যাদার বিচারককে মেট্রোপলিটান দায়রা বিচারক, অতিরিক্ত জেলা বিচারককে অতিরিক্ত দায়রা বিচারক, অতিরিক্ত জেলা বিচারককে অতিরিক্ত মেট্রোপলিটান দায়রা বিচারক, মুগা জেলা বিচারককে সহকারী দায়রা বিচারক এবং মুগা জেলা বিচারককের পদমর্যাদার বিচারকক, মহকারী মেট্রোপলিটান দায়রা বিচারক, অতিরিক্ত দায়রা বিচারককে সহকারী মেট্রোপলিটান দায়রা বিচারক নিযুক্ত করেন। দায়রা বিচারক, অতিরিক্ত দায়রা বিচারক ও সহকারী দায়রা বিচারকদের লইয়াই প্রত্যেক জেলায় ও নগরে দায়রা আদালত গঠিত হয়। পূর্বে দায়রা আদালতে জুরি বা এসেসরের সাহায্যে আসামির বিচার করা হইত। বর্তমানে এই ব্যবস্থা প্রচলিত নাই।
- court of summary jurisdiction সংক্ষিপ্ত বিচারের এখতিয়ারসম্পন্ন আদানত যে-সকল অপরাধের সংক্ষিপ্ত বিচারের বিধান আছে অথবা যে-সকল অপরাধে আসামি সংক্ষিপ্ত বিচার প্রার্থনা করিতে পারেন, সেইসকল অপরাধের বিচার ম্যাজিস্ট্রেটগণ জুরির সাহায্য ব্যতীত নিম্পন্ন করিয়া আইন ও ঘটনার প্রশ্নে সিদ্ধান্ত পৌছেন। ইংল্যান্ডে ম্যাজিস্ট্রেটগণ ক্লার্ক টু দি জান্টিসেসের সহায়তায় এইরূপ ফৌজদারি মামলার সংক্ষিপ্ত বিচার করেন। বাংলাদেশে ফৌজদারি কার্যবিধির ২৬০ ধারার বিধান-অনুযায়ী জেলা ম্যাজিস্ট্রেট, মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট অথবা প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কতিপয় অপরাধের মামলার সংক্ষিপ্ত বিচার করিতে পারেন।

२৫९ coverage

court of wards কোট অব ওয়ার্ডস নিঃসন্তান অথবা নাবালক অথবা অপ্রকৃতিস্থ সন্তান রাখিয়া মৃত্যুবরণকারী জমিদারের ভূসম্পত্তি ১৮৭৯ সালের কোট অব ওয়ার্ডস আইনের বিধান-অনুযায়ী সরকারের নিয়ন্ত্রণে তত্ত্বাবধান করিবার কর্তৃপক্ষ। সংশ্রিষ্ট বিভাগীয় কমিশনার ওইরূপ ভূসম্পত্তি বা মহাল তত্ত্বাবধান করিবার জন্য একজন ম্যানেজার অথবা বাবস্থাপক নিযুক্ত করিতেন।

- court order আদালতের আদেশ অথবা নির্দেশ ১. আদালতের আদেশ অথবা নির্দেশ যাহা আদালতের রায়ের সমত্ন্য। ২. আদালতের সিলমোহরাঙ্কিত দলিল, যাহাতে কোনো মামলার রায় লিপিবদ্ধ থাকে। ৩. দেওয়ানি কার্যবিধির আদেশনামীয় বিধিমালা।
- court which passed a decree ডিক্রিদানকারী আদালত দেওয়ানি কার্যবিধির ৩৭ ধারার বলা ইইরাছে যে, 'যে-আদালত ডিক্রি প্রদান করিয়াছেন' বলিতে অনুরূপ কোনো শব্দ্বারা, ডিক্রি জারির ব্যাপারে সংশ্লিষ্ট প্রসঙ্গ বা বিষয়বস্তুতে বিপরীত কিছু না থাকিলে, (ক) জারিযোগ্য ডিক্রি আপিল আদালত কর্তৃক প্রদন্ত ইইলে প্রথম আদালত এবং (খ) প্রথম আদালত উঠিয়া যাইয়া থাকিলে বা তাঁহার এখতিয়ার রহিত ইইয়া থাকিলে যদি মোকদ্দমাটি সেইখানে দায়েরের পর ডিক্রি ইইয়া থাকে তবে ডিক্রিজারির আবেদন করিবার সময়ে সংশ্লিষ্ট মোকদ্দমায় যে-আদালতের বিচারের এখতিয়ার থাকিত সেই আদালত বুঝাইবে।
- covenant n. অঙ্গীকার বি. কোনো দলিলে উল্লিখিত অঙ্গীকার পণপ্রবৃত্তিবিহীন হইলেও বাধ্যকর। অঙ্গীকার ব্যক্ত বা নিহিত হইতে পারে। সম্পত্তি-হন্তান্তর আইনের ৫৫ ধারায় স্থাবর সম্পত্তি বিক্রয়ের দলিলে এবং ১০০ ধারায় স্থাবর সম্পত্তি বন্দোবন্তের দলিলে বিপরীত কোনো কিছু উল্লিখিত না থাকিলে পক্ষণ্ডলির কতিপয় অধিকার ও দায় থাকিবে বলিয়া উল্লেখ করা হইয়াছে। এইসকল অধিকার ও দায় নিহিত অঙ্গীকার বটে। এতৎসহ deed, lease ও restrictive covenant দ্র.।
- covenant running with the land ভূসম্পত্তির সহিত চলমান অঙ্গীকার সম্পত্তি বন্ধক দেওয়া হইলে বন্ধক-দলিলে বিপরীত কিছু উল্লেখ না থাকিলে বন্ধকগ্রহীতা অথবা তাঁহার স্থলবতীদের বন্ধকি সম্পত্তি বক্ষা করিবার জন্য বন্ধকদাতা কতিপয় অঙ্গীকারে আবদ্ধ বলিয়া ধরিয়া লওয়া হয়। সম্পত্তি-হস্তান্তর আইনের ৬৫ ধারায় বলা হইয়াছে যে, বিপরীত কোনো চুক্তির অবর্তমানে বন্ধকদাতা বন্ধকি সম্পত্তি রক্ষা করিবার জন্য কতিপয় দায়িত্ব পালন করিবেন এবং এই দায়িত্ব বন্ধকি সম্পত্তির সহিত চলমান থাকিবে।
- coverage n. প্রচ্ছাদন বি. কোনো বিমাপত্রে একটি ঝুঁকি অন্তর্ভুক্তকরণ; একটি বিমাপত্রের আওতাভুক্ত ঝুঁকিসমূহ।

coverture n. নারীর বিবাহকালীন মর্যাদা বিবাহ হইতে উদ্ভূত এবং বিবাহবালে গ্রীলোকের অবস্থা। ইংল্যান্ডের সাধারণ আইনে বিবাহের সঙ্গে সঙ্গে গ্রীর ব্যক্তির লোপ পাইয়া স্বামীর ব্যক্তিত্বের সহিত একীভূত হইত এবং গ্রী কেবল স্বামার ছত্রচ্ছায়ায় ও সংরক্ষণে কোনো কিছু করিতে পারিতেন। ইংল্যান্ডের নারীগণ বর্তমানে তদ্রুপ অসুবিধা ভোগ করেন না। সাক্ষ্য আইনের ১২২ ধারায় বলা হইয়াছে ছে, বিবাহিত ব্যক্তিদের মধ্যে কোনো দেওয়ানি মামলায় অথবা একজন বিবাহিত ব্যক্তিকর্তৃক তাঁহার স্বামী বা গ্রীর বিরুদ্ধে আনীত ফৌজদারি মামলায় ব্যতীত বিবাহিত অবস্থায় তাঁহাদের মধ্যে একজন অপরজনের নিকট যাহা কিছু ব্যক্ত করেন, তাহা প্রকাশ করিতে তাঁহাদের মধ্যে কাহাকেও বাধ্য করা যায় না অথবা তাঁহাদের মধ্যে কেহ তাহা প্রকাশ করিতে পারেন না, যদি না যিনি তাহা ব্যক্ত করেন তিনি বা তাঁহার স্বার্থের প্রতিনিধি তাহাতে সম্মতি প্রদান করেন। মুসলমান আইনে অথবা হিন্দু আইনে বিবাহিত নারী তদ্ধ্যপ অসুবিধা কখনো ভোগ করেন না। এতৎসহ unity নে personality দ্র.।

- cover up for আড়াল করা অন্য কাহাকেও শান্তি হইতে বাঁচাইতে কোনো অন্যায় বা লজ্জাজনক ব্যাপার আডাল বা গোপন করা।
- craft union কারুশিল্প-সংঘ শ্রমিকগণ যেখানে কাজ করেন, সেই শিল্প-কারথান-নির্বিশেষে একই জীবিকা বা ব্যবসায় নিযুক্ত শ্রমিকদের সংঘ। যেমন, কাঠমিন্ত্রি বা পানির মিন্ত্রিদের সংঘ। ইহাকে সমান্তরাল সংঘও বলা হয়।
- creativity n. সৃষ্টিশীলতা বি. (কপিরাইট আইনে) একটি শিল্পকর্মে সাধারণ শক্তিসম্পন্ন একজন ব্যক্তির সৃষ্টিক্ষমতার অতিরিক্ত যে-পরিমাণ কল্পনাশক্তির পরিচয় পাওয়া যায়।
- credibility n. বিশ্বাসযোগ্যতা বি. আস্থা-স্থাপনের উপযোগিতা।
- credible information বিশ্বাসযোগ্য তথ্য বিশ্বাসযোগ্য তথ্য বলিতে এমন তথ্য বুঝায় না, যাহা প্রকৃতপক্ষে সৃত্য ক্রানো তথ্য যে-কর্মকর্তাকে দেওয়া হয়, উহা

তাঁহার বিবেচনায় ওই বিশেষ ক্ষেত্রে বিশ্বাসের যোগ্য বলিয়া প্রতীয়মান হইলেই উহা বিশ্বাসযোগ্য তথ্য। যে-ব্যক্তি তথ্য প্রাপ্ত হন, তাঁহার মানসিক অবস্থার সহিত ইহার সম্বন্ধ রহিয়াছে।

credit n. ঋণ বি. উভয়পক্ষের সম্মতিক্রমে একটি ঋণশোধের বিলম্বন। ইংল্যান্ডে ১৯৭৪ সালের ভোক্তাঝণ আইনে নগদ ঝণসহ অন্য যে-কোনো প্রকার আর্থিক সহায়তাকে ঋণ হিসাবে গণ্য করা হয়। ব্যবসায়িক লেনদেনে বাকিতে পণ্য বিক্রয় করা হইলে ক্রেতা বিক্রীত পণ্যের মূল্য বিক্রেতাকে সম্মত সময়ের মধ্যে পরিশোধ না করা পর্যন্ত বিক্রেতা পাওনাদার থাকেন এবং ক্রেতা দেনাদার থাকেন।

credit card ক্রেডিট কার্ড ব্যাংক অথবা কোনো আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রাষ্টিক কার্ড, যাহার সাহায্যে ওই কার্ডের অধিকারী বাকিতে কেনাকাটা করিতে পারেন। ক্রেডিট কার্ডের ব্যবহারের সঙ্গে সাধারণত তিনটি চক্তি সংশ্রিষ্ট থাকে: ১. ক্রেডিট কার্ড-প্রবর্তনকারী কোম্পানি ও ক্রেডিটকার্ডধারীর মধ্যে একটি চুক্তি, যাহাতে ক্রেডিট i কার্ডধারী উক্ত কার্ড ব্যবহার করিয়া পণ্য ক্রয় করিতে পারেন এবং বিনিময়ে পণ্য সরবরাহকারীর দাবিকৃত মূল্য ক্রেডিট কোম্পানিকে পরিশোধ করিতে অঙ্গীকার করেন। কার্ডধারী সাধারণত ক্রেডিট কোম্পানির নিকট হইতে একটি মাসিক হিসাব পাইয়া থাকেন, যাহা তিনি কয়েকদিনের মধ্যে বিনা সুদে সম্পূর্ণ পরিশোধ করিতে পারেন। বিকল্প হিসাবে তিনি একটি ন্যুনতম নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করিতে পারেন এবং পরে অবশিষ্ট অর্থ উচ্চহারে সুদসহ পরিশোধ করিতে পারেন। ২. ক্রেডিট কোম্পানি ও সরবরাহকারীর মধ্যে একটি চুক্তি, যাহাতে সরবরাহকারী ক্রেডিট কার্ডের দ্বারা মূল্যগ্রহণে সম্মত হন এবং ক্রেডিট কোম্পানি সরবরাহকারীকে সরবরাহকৃত পণ্যের মূল্য বাটাবাদে পরিশোধ করিতে সন্মত হন। ৩. ক্রেডিট কার্ডধারী এবং সরবরাহকারীর মধ্যে একটি চুক্তি, যাহাতে সরবরাহকারী এই শর্তে পণ্য সরবরাহ করিতে সম্মত হন যে তিনি ক্রেডিট কোম্পানির নিকট হইতে মন্য आमार्ग करित्वत ।

credit instrument ঋণের দলিল যে-দলিলের মাধ্যমে নির্দিষ্ট অঙ্কের ঋণের স্বীকৃতি প্রদান করা হয় অথবা নির্দিষ্ট অঙ্কের ঋণের টাকা চাহিবামাত্র বা নির্দিষ্ট সময়ান্তে ফেরত দেওয়ার অঙ্গীকার করা হয় অথবা চাহিবামাত্র বা নির্দিষ্ট সময়ান্তে নির্দিষ্ট পরিমাণ টাকা কাহাকে অথবা তাঁহার আদেশে অন্যকে পরিশোধ করিবার নির্দেশ প্রদান করা হয়। আন্তর্জাতিক লেনদেনসমূহ নিষ্পত্তি করিবার লক্ষ্যে ব্যাংক যে-সকল মাধ্যম ব্যবহার করে বৈদেশিক মুদ্রা-বিনিময়ের ভাষায় তাহাদিগকে ক্রেডিট ইনট্রমেন্ট বলা হইয়া থাকে। যেমন, ড্রাফট, টিটি ইত্যাদি। তহবিল-স্থানান্তরের প্রয়োজনে ক্রেডিট ইনট্রমেন্টর ব্যবহার করা হয়।

credit limit ২৬০

credit limit ঋণের সর্বোচ্চ সীমা কোনো ঋণগ্রহীতাকে প্রদন্ত ঋণের সর্বোচ্চ সীমা।
পক্ষগুলির মধ্যে সম্পাদিত চুক্তিতে অথবা কোনো আইনে তাহা নির্দিষ্ট থাকিতে পারে।

- credit note আকলপত্র, পাওনার চিঠি মূল চালানপত্রে ভুলক্রমে দ্রব্যাদির মূল্য অধিক দেখানো ইইলে অথবা ক্রটিযুক্ত পণ্য ক্রেতা ফেরত দিলে পণ্যের অতিরিক্ত মূল্য সংশোধনের জন্য যে-চিঠি ক্রেতার নিকট প্রেরণ করা হয়।
- creditor n. পাওনাদার, মহাজন বি. অন্য কোনো ব্যক্তির নিকট যে-ব্যক্তির অর্থ পাওনা আছে। মহাজনি আইনে যে-ব্যক্তি অন্য কোনো ব্যক্তিকে সুদ পাওয়ার শর্তে টাকা ধার দেন, তাঁহাকে মহাজন অথবা পাওনাদার বলা হয়।
- creditors' committee পাওনাদার সমিতি কোনো দেউলিয়ার বিষয়াদি পরিচালনার জন্য নিযুক্ত অছির কাজ তদারকি করিবার জন্য পাওনাদারদের দ্বারা গঠিত একটি সমিতি। তিন হইতে পাঁচজন পাওনাদারকে লইয়া গঠিত এইরূপ সমিতির দায়িত্ব হইতেছে অতিসত্ত্বর কম খরচে দেউলিয়ার সম্পদ বিলিব্যবস্থা করা। ১৯৯৭ সালের দেউলিয়া বিষয়ক আইনের ৩৬ ধারায় পাওনাদার কমিটি গঠনের বিধান আছে। এতৎসহ bankruptcy দ্র.।
- creditors' meeting পাওনাদারগণের সভা ইংল্যান্ডে অছির সভাপতিত্বে পাওনাদারগণের এবং ন্যায়পরতা জামানতের ধারকগণের প্রথম সভা যাহাতে দেউলিয়াত্ব-বিষয়ক অছি নির্বাচিত হইতে পারেন এবং শপথগ্রহণপূর্বক দেনাদারকে পরীক্ষা করা যাইতে পারে।
- credit report ঋণপরিশোধ সামর্থ্যের প্রতিবেদন, ক্রেডিট প্রতিবেদন ১. কোনো ব্যক্তির আর্থিক অবস্থা সম্বন্ধে একটি ক্রেডিট ব্যুরোর প্রতিবেদন, যাহাতে সচরাচর কোনো ব্যক্তির ব্যাংকের হিসাবসমূহের আনুমানিক পরিমাণ ও অবস্থান, জমান্থিতির হিসাব, কর্জ ও অন্যান্য ঋণ, বিল পরিশোধের অভ্যাস, খেলাপ, দেউলিয়াত্ব, প্রাঙ্নিরোধ (foreclosures), বৈবাহিক দশা, পেশা, আয় ও মামলা-মোকদ্দমা সন্নিবিষ্ট করা হয়। ২. ঋণপরিশোধ সামর্থ্য সম্বন্ধে প্রতিবেদন-প্রস্তুতকারী কোনো ব্যুরোর প্রতিবেদন, যাহাতে সচরাচর কোনো ব্যক্তির বন্ধুবান্ধব, প্রতিবেদী ও সহকারীদের সাক্ষাৎকারের মাধ্যমে সংগৃহীত অতীব ব্যক্তিগত তথ্যাদি সন্নিবিষ্ট করা হয়।
- credit sale agreement বাকিতে বিক্রয়-চুক্তি কিন্তিতে মূল্য পরিশোধের শর্ত-সংবলিত পণ্যবিক্রয়ের চুক্তি। এইরূপ চুক্তি এমন শর্তাধীন বিক্রয়ের চুক্তি নহে যাহাতে ক্রেতাতে পণ্যের মালিকানা বর্তায়। বাকিতে বিক্রয়ের চুক্তি ভোক্তার ঋণ-চুক্তিবিশেষ।

crime n. অপরাধ বি. যে-কার্যকে (অথবা কখনো কখনো কার্য করিবার ব্যর্থতাকে) সংবিধি বা প্রথাগত আইনে ক্ষতিকারক বলিয়া গণ্য করা হয় এবং সেইজন্য তাহা রষ্ট্রকর্তৃক ফৌজদারি বিচারে শান্তিযোগ্য হয়। প্রতিটি অপরাধ একটি দোষাবহ কর্ম এবং তৎসহ একটি সুনির্দিষ্ট অপরাধী মন লইয়া গঠিত হয় (যদি না অপরাধটি কঠোর দায়িতাযুক্ত হয়) এবং বিচারের সময়ে ফরিয়াদি পক্ষকে অপরাধের এইসকল উপাদান যুক্তিসংগত ও সন্দেহাতীতভাবে প্রমাণ করিতে হয়। ১৮৬০ সালের দওবিধির ৪০ ধারায় বলা হইয়াছে যে, কতিপয় ক্ষেত্র ব্যতীত যে-ঘটনা দণ্ডবিধিতে, কোনো বিশেষ আইনে, অথবা স্থানীয় আইনে শান্তিযোগ্য, তাহাই অপরাধ। ফৌজদারি কার্যবিধিতে কতিপয় অপরাধকে আমল্যোগ্য এবং কতিপয় অপরাধকে আমল-অযোগ্য হিসাবে শ্রেণীবদ্ধ করা হইয়াছে। আমলযোগ্য অপরাধে পুলিশ-কর্মকর্তা বিনা পরওয়ানায় আসামিকে গ্রেপ্তার করিতে পারেন কিন্তু আমল-অযোগ্য অপরাধে ম্যাজিট্রেটকর্তৃক প্রেরিত গ্রেপ্তারি পরওয়ানা ব্যতীত তাহা পারা যায় না। আমলযোগ্য অপরাধে কেবল পুলিশ-কর্মকর্তা এজাহার গ্রহণ না করিলে এবং আমল-অযোগ্য অপরাধে সর্বক্ষেত্রে ফরিয়াদির অভিযোগ বিবেচনা করিয়া ম্যাজিস্ট্রেট অপরাধ আমলে নিতে পারেন। সামান্য ও লঘ অপরাধের বিচার করেন ম্যাজিস্টেটগণ এবং গুরুতর অপরাধের বিচার করেন দায়রা আদালত অথবা দায়রা বিচারকের সমমর্যাদাসম্পন্ন বিচারক লইয়া গঠিত বিশেষ ট্রাইব্যনাল বা আদালত।

crime against humanity মানবতাবিরোধী অপরাধ war crimes দ্র. ৷

crime against international law আন্তর্জাতিক আইন-বিরুদ্ধ অপরাধ ১.
আন্তর্জাতিকভাবে বিহিত ফৌজদারি আইন-অনুযায়ী দওনীয়, কিংবা কোনো
আন্তর্জাতিক কনভেনশনের দ্বারা নিরূপিত এবং সদস্য রাষ্ট্রগুলির ফৌজদারি আইনঅনুযায়ী দওনীয় করা আবশ্যক, এমন-কোনো অপরাধ। ২. আন্তর্জাতিক আইনঅনুযায়ী দওনীয় কোনো অপরাধ। এমন কোনো কার্য, যাহার অপরাধমূলক প্রকৃতি
সহক্ষে আন্তর্জাতিক মতৈক্য বিদ্যমান, যেমন, যুদ্ধাপরাধ, গণহত্যা, জলদস্যতা কিংবা
দাস-ব্যবসায়ে আত্মনিয়োগ। এইরূপ অপরাধ crime against the law of
nations নামেও পরিচিত।

crime against law and order আইনশৃষ্পলা বিদ্নকারী অপরাধ ২০০২ সালের আইনশৃঙ্বলা বিদ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইনের ২(খ) ধারা-অনুসারে, আইন-শৃঙ্বলা বিদ্নকারী অর্থ (অ) কোনোপ্রকার ভয়ভীতি প্রদর্শন করিয়া বা বেআইনি বনপ্রয়োগ করিয়া— (১) কোনো ব্যক্তি, বা সংবিধিবদ্ধ সংস্থা বা প্রতিষ্ঠানের নিকট ইইতে চাঁদা, সাহায্য বা অন্য কোনো নামে ভ্রর্থ বা মালামাল দাবি, আদায় বা অর্জন করা বা অন্য কোনোপ্রকার সুযোগ-শুক্ধি আদায় করা বা আদায়ের চেষ্টা করা, অথবা

(২) স্থলপথ, রেলপথ, জলপথ বা আকাশপথে চলাচলে প্রতিবন্ধকতা বা বিঘু সৃষ্টি করা বা কোনো যানচালকের ইচ্ছার বিরুদ্ধে যানের গতি ভিন্নপথে পরিবর্তন করা; অথবা (আ) ইচ্ছাকৃতভাবে কোনো যানবাহনের ক্ষতিসাধন করা; অথবা (ই) ইচ্ছাকৃতভাবে সরকার বা কোনো সংবিধিবদ্ধ সংস্থা বা কোনো প্রতিষ্ঠান বা কোনো ব্যক্তির স্থাবর বা অস্থাবর যে-কোনো প্রকার সম্পত্তি বিনষ্ট বা ভাঙচুর করা; অথবা (ঈ) কোনো ব্যক্তির নিকট হইতে কোনো অর্থ, অলংকার, মূল্যবান জিনিসপত্র বা অন্য কোনো বস্তু বা যানবাহন ছিনতাইয়ের চেষ্টা করা বা ছিনতাই করা বা জোরপূর্বক कां ज़िय़ा ने उंग्रा; जेथवा (है) कांत्रा द्वारन, वार्ज़-घरत, पाकान-भारटे, शरटे-वाजारत, রাস্তা-ঘাটে, যানবাহনে বা প্রতিষ্ঠানে পরিকল্পিতভাবে বা আকম্মিকভাবে একক বা দলবদ্ধভাবে শক্তির মহড়া বা দাপট প্রদর্শন করিয়া ভয়ভীতি বা ত্রাস সৃষ্টি করা বা বিশৃঙ্খলা বা অরাজক পরিস্থিতি সৃষ্টি করা; অথবা (উ) কোনো সংবিধিবদ্ধ সংস্থা বা প্রতিষ্ঠানের দরপত্র ক্রয়, বিক্রয়, গ্রহণ বা দাখিলে জোরপূর্বক বাধাপ্রদান বা প্রতিবন্ধকতা সৃষ্টি করা বা কাহাকেও দরপত্র গ্রহণ করিতে বা না করিতে বাধ্য করা; অথবা (ঝ) কোনো সরকারি বা সংবিধিবদ্ধ সংস্থা বা কোনো প্রতিষ্ঠানের কোনো কর্মকর্তা বা কর্মচারীকে বা তাঁহার কোনো নিকট-আত্মীয়কে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ভয়ভীতি প্রদর্শন করিয়া উক্ত কর্মকর্তা বা কর্মচারীকে কোনো কার্য করিতে বা না করিতে বাধ্য করা কিংবা তাঁহার দায়িত্বপালনে কোনোপ্রকার বাধা সৃষ্টি করা। ওই আইনের ৪ ধারা-অনুসারে (১) কোনো ব্যক্তি কোনো আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ করিলে তিনি অন্যূন দুই বৎসর এবং অনধিক পাঁচ বৎসর পর্যন্ত সশ্রম কারাদণ্ডে এবং তদুপরি অর্থদণ্ডেও দণ্ডণীয় হইবেন। (২) উপরিউক্ত (১) উপ-ধারার অধীন দণ্ডপ্রাপ্ত কোনো ব্যক্তি অপরাধ-সংঘটনকালে সরকার কিংবা সংবিধিবদ্ধ সংস্থা বা কোনো প্রতিষ্ঠান বা কোনো ব্যক্তির আর্থিক ক্ষতিসাধন করিলে তজ্জন্য আদালত তদ্বিবেচনায় ক্ষতিগ্রন্ত সরকার বা সংবিধিবদ্ধ সংস্থা বা প্রতিষ্ঠান বা ব্যক্তির অনুকূলে উপযুক্ত ক্ষতিপূরণ প্রদান করিবার জন্য উক্ত দণ্ডপ্রাপ্ত ব্যক্তিকে আদেশ দিতে পারিবেন এবং এই ক্ষতিপুরণের অর্থ সরকারি দাবি হিসেবে আদায়যোগ্য হইবে। ওই আইনের ৫ ধারায় বলা হইয়াছে যে, কোনো ব্যক্তি কোনো আইন-শৃঙ্খলা বিঘুকারী অপরাধ-সংঘটনে সহায়তা করিলে তিনি 8 ধারায় উল্লিখিত দণ্ডে দণ্ডণীয় হইবেন।

crime against peace শান্তির বিরুদ্ধে অপরাধ war crimes দ্র.।

crime, vice, sin n. অপরাধ, দোষ বা ব্যসন, পাপ বি. একটি অপরাধ একটি সামাজিক দৃষ্কৃতি; যে-কার্য ব্যষ্টিক বা সামষ্টিকভাবে অন্যদের ক্ষতিসাধন করে, উহা একটি অপরাধ। যাহা নিজের ক্ষতিসাধন করে, তাহা একটি ব্যসন। অপরাধদ্বারা মানবিক আইন লচ্ছিতে হয়, দোষ বা ব্যসন নৈতিক আইনের লচ্ছন, পাপ ঐশ্বিক আইনের লচ্ছন। সূতরাং অপরাধ ও দোষ বা ব্যসন, এতদৃভয়ই পাপের অন্তর্ভুক্ত;

কিন্তু এমন অনেক পাপ আছে, যাহা অপরাধ নয়, দোষ বা ব্যসনও নয়। অপরাধের বিচার করা হয় মানবিক আদালতে এবং দগুবিধান করা হয় বিচারকের রায়-অনুযায়ী; ব্যসন ও পাপের বিচার হয় বিবেকের আদালতে।

criminal breach of trust অপরাধজনক বিশ্বাসভঙ্গ দণ্ডবিধির ৪০৫ ধারাঅনুসারে, যদি কোনো ব্যক্তি কোনোভাবে কোনো সম্পত্তির বা সম্পত্তি পরিচালনার
দায়িত্বপ্রাপ্ত হইয়। অসাধুভাবে সেই সম্পত্তি আত্মসাৎ করেন বা নিজের ব্যবহারে
প্রয়োগ করেন, কিংবা অনুরূপ দায়িত্ব যেভাবে পালন করিবার জন্য বিহিত আইনে
নির্দেশ করা হইয়াছে, তাহা খেলাফ করিয়া সে-দায়িত্ব পালন সম্পর্কে প্রকাশ্য বা
অনুরূপভাবে যে-আইনগত চুক্তি করিয়াছেন তাহা খেলাফ করিয়া সে-সম্পত্তি
অসাধুভাবে ব্যবহার করেন বা হস্তান্তর করেন কিংবা ইচ্ছাপূর্বক অন্য কোনো ব্যক্তিকে
তাহা করিতে দেন, তাহা হইলে তিনি অপরাধজনক বিশ্বাসভঙ্গের অপরাধ করিবেন।
দণ্ডবিধির ৪০৬ ধারা-অনুসারে, যিনি অপরাধজনক বিশ্বাসভ্য করেন, তিনি তিন
বংসর পর্যন্ত যে-কোনো মেয়াদের সম্রম বা বিনাশ্রম কারাদ্যে কিংবা অর্থদণ্ডে কিংবা
উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন।

criminal conspiracy অপরাধজনক ষড়যন্ত্র দণ্ডবিধির ১২০ক ধারা-অনুসারে, যদি দুই বা ততোধিক ব্যক্তি (১) একটি বেআইনি কার্য কিংবা (২) যে-কার্যটি বেআইনি নয়, এমন একটি কার্য বেআইনি উপায়ে করিতে বা করাইতে সম্মত বা একমত হন, তাহা হইলে অনরূপ সম্মতি বা মতৈক্যকে অপরাধজনক ষড়যন্ত্র বলে। তবে একটি অপরাধ সংঘটনের জন্য উপনীত সম্বতি ব্যতীত অন্য কোনো সম্বতি অপরাধজনক ষড়যন্ত্র বলিয়া বিবেচিত হইবে না, যদি না উপরিউক্ত সম্মতি-অনুসারে সংশ্লিষ্ট এক বা একাধিক ব্যক্তি কর্তৃক সম্মতির বহির্ভূত কোনো কার্য সম্পন্ন হয়। বেআইনি কার্যটি অনুরূপ সম্মতি বা মতৈক্যের চূড়ান্ত লক্ষ্য কিংবা তাহা গুধু উদ্দিষ্ট লক্ষ্যের আনুষঙ্গিক মাত্র, তাহা গুরুত্বপূর্ণ নহে। ১২০খ ধারায় অপরাধজনক ষড়যন্ত্রের শাস্তি বর্ণিত আছে। যে-ব্যক্তি মৃত্যুদণ্ডে, যাবজ্জীবন কারাদণ্ডে বা দুই বা ততোধিক বৎসরের জন্য সশ্রম কারাদত্তে দর্থনীয় কোনো অপরাধমূলক ষডযন্ত্রে অংশগ্রহণ করেন, সেই ব্যক্তির অনুরূপ ষড্যন্ত্রের শান্তিবিধানের জন্য এই বিধিতে কোনো স্পষ্ট বিধান না থাকিলে. তিনি এইরূপে দণ্ডিত হইবেন যেন তিনি অনুরূপ অপরাধে সহায়তা করিয়াছেন এবং যে-ব্যক্তি পূর্বোক্তরূপে দণ্ডনীয় কোনো অপরাধ-অনুষ্ঠানের অপরাধমূলক ষডযন্ত্র ব্যতীত অন্য কোনো অপরাধমূলক ষড়যন্ত্রে অংশগ্রহণ করেন, সেই ব্যক্তি ছয়মাস পর্যন্ত কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে কিংবা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন।

criminal conviction certificate ফৌজদারি অপরাধে সাজাপ্রাপ্তির প্রত্যয়নপত্র কেহ ফৌজদারি অপরাধে তাঁহার সাজা পাওয়া সম্পর্কে নথিভূক্ত তথ্য জানিতে চাহিলে তাঁহাকে সেই সম্পর্কে যে-প্রত্যয়নপত্র দেওয়া হয়। ইংল্যান্ডে ১৯৯৭ সাল্রের পুলিশ criminal court 368

আইনের অধীনে গঠিত অপরাধ-নথিভুক্তিকারী কর্তৃপক্ষের নিকট হইতে এইরপ প্রত্যয়নপত্র গ্রহণ করা যায়। বাংলাদেশে এইরূপ কোনো কর্তৃপক্ষ না থাকিলেও প্রত্যেক থানায় ওই থানার এলাকাধীন অপরাধীদের সাজার তথ্য নথিভুক্ত থাকে। ওই নথিকে সাজাপ্রাপ্ত আসামিদের তালিকা বলা হয়।

- criminal court ফৌজদারি আদালত যে-আদালত দেওয়ানি মামলায় নহে গুধ্
 ফৌজদারি মামলায় এখতিয়ার প্রয়োগ করিবার অধিকারী। ফৌজদারি কার্যবিধির ৬
 ধারায় বলা হইয়াছে, বাংলাদেশে সুপ্রিম কোর্ট এবং বর্তমানে বলবং অন্য আইনদারা
 গঠিত আদালতসমূহ ব্যতীত দায়রা আদালত, মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট, প্রথম
 প্রেণীর ম্যাজিস্ট্রেট, দ্বিতীয় প্রেণীর ম্যাজিস্ট্রেট ও তৃতীয় প্রেণীর ম্যাজিস্ট্রেট নামক পাঁচ
 প্রেণীর ফৌজদারি আদালত থাকিবে। কতিপয় গুরুতর অপরাধ বিচার করিবার জন্য
 দাররা বিচারকের সম্মর্যাদার বিচারকদের লইয়া বিশেষ ট্রাইব্যুনাল ও বিশেষ
 আদালত ইত্যাদি অন্যান্য আইনের অধীনে গঠিত ইইয়াছে। সামান্য ও কম গুরুতর
 অপরাধের বিচার করেন ম্যাজিস্ট্রেটগণ এবং গুরুতর অপরাধের বিচার করেন দায়রা
 আদালত অথবা দায়রা বিচারকের পদমর্যাদাসম্পন্ন বিচারক লইয়া গঠিত বিশেষ
 ট্রাইব্যুনাল অথবা বিশেষ আদালত।
- criminal damage অপরাধন্ধনিত ক্ষতি ইচ্ছাকৃত অথবা বেপরোয়াভাবে আইনসমত অন্ত্যুত ব্যতীত অপরের সম্পত্তি ধ্বংস অথবা ফতিসাধন করাকে অপরাধন্ধনিত ক্ষতি বলা হয়। দওবিধির ৪২৫ ধারায় কাহাকেও ইচ্ছাকৃতভাবে ক্ষতিপ্রস্ত করিবার উদ্দেশ্যে তাঁহার সম্পত্তি ধ্বংস অথবা ফতি করা শান্তিযোগ্য অপরাধ। এতদ্ব্যতীত ২০০২ সালের আইনশৃঙ্খলা বিঘুকারী অপরাধ (দ্রুত বিচার) আইনের ২(২) (ই) ধারায় বলা হইয়াছে যে, ইচ্ছাকৃতভাবে সরকার অথবা কোনো বিধিবদ্ধ সংস্থা অথবা কোনো প্রতিষ্ঠান অথবা কোনো ব্যক্তির স্থাবর অথবা অস্থাবর যে-কোনো প্রকার সম্পত্তি বিনষ্ট অথবা ভাঙচুর করা আইনশৃঙ্খলা-বিঘুকারী অপরাধ। উক্ত আইনের ৪ ধারায় বলা হইয়াছে, কোনো ব্যক্তি উক্ত অপরাধ করিলে তাঁহাকে অন্যন দুই বৎসর এবং অনধিক পাঁচ বৎসর পর্যন্ত সম্রুম কারাদওসহ অর্থদণ্ডে দণ্ডিত করা হইবে। এতৎসহ arson দ্যান
- criminal force অপরাধজনক বলপ্রয়োগ দণ্ডবিধির ৩৫০ ধারা-অনুসারে, যদি
 কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তির সন্মতি ব্যতীত তাঁহার উপর বলপ্রয়োগ করেন এবং
 কোনো অপরাধ স্ংঘটনের উদ্দেশ্যে কিংবা অনুরূপ শক্তিপ্রয়োগ দারা যে-ব্যক্তির
 উপর বলপ্রয়োগ করা হইল তাঁহার জখম বা ভয় বা বিরক্তি উৎপাদনের উদ্দেশ্যে
 কিংবা তাঁহার শক্তিপ্রয়োগের ফলে যাঁহার উপর শক্তিপ্রয়োগ করা হইল তাঁহার জখম,
 ভয় বা বিরক্তি উৎপাদিত হইতে পারে জানা সত্ত্বেও যদি তিনি অনুরূপ বলপ্রয়োগ

- করেন, তাহা হইলে সেই ব্যক্তি অপর ব্যক্তির উপর অপরাধজনক বলপ্রয়োগ করিয়াছেন বলিয়া বিবেচিত হইবেন। দণ্ডবিধির ৩৫২ ধারা হইতে ৩৫৮ ধারায় অপরাধজনক বলপ্রয়োগের শান্তির বিধান রহিয়াছে।
- criminal infringement অপরাধজনক অধিকারলজ্ঞান সংবিধিবদ্ধ ফৌজদারি অপরাধ, (১) বাণিজ্যিক সুবিধা বা আর্থিক মুনাফা লাভের উদ্দেশ্যে ইচ্ছাকৃতভাবে একটি কপিরাইট অধিকার লঙ্খন করিবার, অথবা (২) জাল মার্কাযুক্ত করিবার সংবিধিবদ্ধ ফৌজদারি অপরাধ।
- Criminal Injuries Compensation Scheme অপরাধজনিত আঘাতের ক্ষতিপূরণ প্রকল্প অপরাধজনিত আঘাতের শিকারকে দেওয়ানি মামলায় যেভাবে ক্ষতিপূরণ দেওয়া হয়, সরকারি তহবিল হইতে সেইভাবে ক্ষতিপূরণ দেওয়ার জন্য একটি রাষ্ট্রীয় প্রকল্প। ইংল্যান্ডে অপরাধজনিত আঘাতের শিকারকে অথবা আঘাতের ফলে তাঁহার মৃত্যু ঘটিলে তাঁহার উত্তরাধিকারীদের রাষ্ট্রীয় তহবিল হইতে ক্ষতিপূরণ প্রদানের বিধান আছে। বাংলাদেশে অপরাধীর বিরুদ্ধে দেওয়ানি মামলায় ক্ষতিপূরণ দাবি করা ছাড়া তদ্ধপ ক্ষতিগ্রন্ত ব্যক্তি রাষ্ট্রীয় তহবিল হইতে কোনো ক্ষতিপূরণ পান না। এতৎসহ riot দ্রা,।
- criminal injury অপরাধন্ধনিত আঘাত ইংল্যান্ডে অপরাধন্জনিত আঘাতের ক্ষতিপূরণ প্রকল্পের প্রয়োজনে, অন্য কোনো ব্যক্তির বিরুদ্ধে বলপ্রয়োগঘটিত যেকোনো অপরাধক্র্য। ধর্ষণ, আঘাত, অগ্নিসংযোগ, বিষপ্রয়োগ এবং সম্পত্তির অপরাধন্জনিত ক্ষতি, যাহাতে জীবনসংশয়ের আশঙ্কা থাকে, তাহা এইরূপ অপরাধ। কিছু ইচ্ছাকৃতভাবে গাড়ি চাপা দিবার চেষ্টা ভিনু যানবাহন চালনাসংক্রান্ত অপরাধ অনুপ অপরাধের আওতায় পড়ে না। গর্ভধারণ, রোগ, তাৎক্ষণিক শারীরিক আঘাতের (এমনকি অন্য ব্যক্তিরও) আশঙ্কাজনিত অথবা অন্য কোনো ব্যক্তির শারীরিক আঘাতপ্রাপ্ত হইবার সময়ে উপস্থিতি হইতে উদ্ভূত মানসিক অশান্তি এইরূপ আঘাতর অন্তর্ভুক্ত। বাংলাদেশে উক্তর্নপ কোনো ক্ষতিপূরণ প্রদানের প্রকল্প না থাকায় অপরাধজনিত আঘাত বলিতে আত্মরক্ষার্থে ব্যতীত অন্য কোনো ব্যক্তির উপর বলপ্রয়োগ বঝায়, যাহা দণ্ডবিধির ২৯৯-৩৭৭ ধারায় বর্ণিত অপরাধ।
- criminal intent অপরাধমূলক অভিপ্রায় কোনো যুক্তিসংগত কারণ, অজুহাত বা অন্য সাফাই ব্যতীত একটি দোষাবহ কার্য (actus reus) করিবার অভিপ্রায়। mens rea দ্র.।
- criminal intimidation অপরাধজনক ভীতিপ্রদর্শন দণ্ডবিধির ৫০৩ ধারা-অনুসারে, যে-ব্যক্তি অন্য কোনো ব্যক্তিকে আভদ্ধিত করিবার অভিপ্রায়ে তাঁহার দেহ, সুনাম বা সম্পত্তির ক্ষতিসাধন করিবার অথবা যে-ব্যক্তিতে তাঁহার স্বার্থ নিহিত রহিয়াছে, সেই

criminalization ২৬৬

ব্যক্তির দেহ বা সুনামের ক্ষতিসাধন করিবার ভীতি প্রদর্শন করেন, অথবা সেই ব্যক্তিকে অনুরূপ ভীতিপ্রদর্শনের বাস্তবায়ন এড়াইবার উপায় হিসাবে তিনি আইনত যে-কাজ করিতে বাধ্য নহেন, তাহা করিতে বাধ্য করিবার বা সেই ব্যক্তির যে-কাজ করিবার আইনানুণ অধিকার রহিয়াছে তাহা হইতে তাঁহাকে বিরত রাখিবার উদ্দেশ্যে অনুরূপ ভীতি প্রদর্শন করেন, সেই ব্যক্তি অপরাধমূলক ভীতিপ্রদর্শন করেন। ভীতি প্রদর্শিত ব্যক্তির স্বার্থ নিহিত রহিয়াছে এমন কোনো মৃত ব্যক্তির সুনাম নষ্ট করিবার ভীতিপ্রদর্শন এই ধারার আওতাধীন হইবে।

- criminalization n. ১. অপরাধে রূপান্তরীকরণ ইতিপূর্বে বৈধ ছিল, এমন-কোনো কার্যকে সচরাচর সংবিধি প্রণয়নের দ্বারা অপরাধমূলক কার্যে পরিণতকরণ। ২. অপরাধীতবন, দুর্বৃত্তায়ন বি. যে-প্রক্রিয়ায় কোনো ব্যক্তি অপরাধীতে পরিণত হন।
- criminal libel অপরাধন্ধনিত ক্ৎসা লিখিত, চিত্রিত অথবা চলচ্চিত্রায়িত ইত্যাদি স্থায়ী আকারে মানহানিকর বক্তব্য। লিখিত কুৎসাও একটি অপরাধ হইতে পারে। অপরাধন্ধনিত কুৎসায় তৃতীয় ব্যক্তির নিকট বক্তব্য প্রকাশ করিবার প্রমাণ আব্যশক নহে এবং কেবল জনস্বার্থে প্রকাশ করা হইলে অদ্ধুপ বক্তব্যের সত্যতা একটি সাফাই হইতে পারে। দওবিধির ৪৯৯ ধারায় মানহানির যে-সংক্রার্থ দেওয়া হইয়াছে, তাহাতে মৌখিক এবং লিখিত, সাংকেতিক ও দর্শনযোগ্য প্রতিরূপের মাধ্যমে অন্যকে ক্ষতিগ্রন্ত করিবার জন্য জ্ঞাতসারে তাঁহার সম্পর্কে নিন্দনীয় বক্তব্য প্রকাশ করাকে মানহানি বলা হইয়াছে। ইংল্যান্ডে মৌখিক মানহানি ও লিখিত মানহানির মধ্যে যেরূপ পার্থক্য করা হয়, বাংলদেশে সেরূপ পার্থক্যর কোনো সুযোগ নাই। libel দ্র.।
- criminal negligence অপরাধমূলক অবহেলা অভিযোগ-সম্পৃক্ত সকল পরিস্থিতি বিবেচনা করিলে, সাধারণভাবে জনসাধারণের বা কোনো ব্যক্তিবিশেষের ক্ষতি নিবারণার্থে অভিযুক্ত ব্যক্তির যে-যুক্তিসংগত ও যথোচিত সাবধানতা অবলম্বন এবং সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ অবশ্যপাননীয় কর্তব্য ছিল, সেই বিষয়ে তাঁহার জাজ্জ্বল্যমান ও দওনীয় অবহেলা বা ব্যর্থতা।
- criminal proceeding ফৌজদারি কার্যক্রম কোনো অপরাধে অভিযুক্ত কোনো ব্যক্তিকে শান্তিপ্রদানের উদ্দেশ্যে তাঁহার বিরুদ্ধে রাষ্ট্রকর্তৃক রাষ্ট্রের নামে দায়েরকৃত ও পরিচালিত একটি মামলা।
- criminal tresspass অপরাধজনক অনধিকারপ্রবেশ দণ্ডবিধির ৪৪১ ধারা-অনুসারে যদি কোনো ব্যক্তি অপর কোনো ব্যক্তির দখলভুক্ত সম্পত্তির অভ্যন্তরে বা উপরে প্রবেশ করেন এবং কোনো অপরাধ সংঘটনের বা অনুরূপ সম্পত্তি দখলকারী ব্যক্তিকে ভীতিপ্রদর্শন, অপমান বা বিরক্ত করিবার উদ্দেশ্যে অনুরূপ প্রবেশ করেন, কিংবা আইনসম্মতভাবে অনুরূপ সম্পত্তির অভ্যন্তরে বা উপরে প্রবেশের পর বেআইনিভাবে

সেখানে অবস্থান করেন, এবং অনুরূপ ব্যক্তিকে ভীতিপ্রদর্শন, অপমান বা বিরক্ত করিবার উদ্দেশ্যে কিংবা কোনো অপরাধ সংঘটনের উদ্দেশ্যে অনুরূপ বেআইনিভাবে সেখানে অবস্থান করেন, তাহা হইলে সেই ব্যক্তি অপরাধজনক অনধিকারপ্রবেশ করিয়াছেন বলিয়া কথিত হয়।

- criminology n. অপরাধবিজ্ঞান বি. সামাজিক প্রপঞ্চ হিসাবে অপরাধ এবং অপরাধপ্রযুক্ত শান্তির পর্যালোচনা। অপরাধের কারণসমূহের আলোচনা, যাহা দুই ভাগে বিভক্ত: (১) অপরাধঘটিত জীববিজ্ঞান, যাহার আলোচ্য সেই সকল কারণ যাহা অপরাধীর মানসিক ও শারীরিক গঠনের মধ্যে পাওয়া যাইতে পারে (যেমন বংশানুক্রমিক প্রবণতা ও শারীরিক ক্রটিবিচ্যুতি); (২) অপরাধঘটিত সমাজতত্ত্ব, যাহার উপজীব্য অপরাধিতার কারণ হিসেবে পরিবেশের প্রভাব সম্বন্ধে অনুসন্ধান।
- cross-appeals n. পালটা আপিল নিম্ন আদালতের রায়ে কোনো পক্ষই সন্তুষ্ট না ইইলে উভয়পক্ষকর্তৃক উক্ত রায়ের বিরুদ্ধে উর্ধ্বতন আদালতে দায়েরকৃত আপিল। ক্ষতিপূরণের ডিক্রির দারা সংক্ষুদ্ধ হইয়া বিবাদী যেমন নিম্ন আদালতের রায়ের বিরুদ্ধে আপিল দায়ের করিতে পারেন, তেমনি ক্ষতিপূরণের পরিমাণ কম হইলে বাদী তাহার বিরুদ্ধে আপিল দায়ের করিতে পারেন। দেওয়ানি কার্যবিধির ৪১ আদেশের ২২ নিয়মে বলা হইয়াছে যে, রেসপন্তেট অথবা প্রতিবাদী ডিক্রির কোনো অংশের বিরুদ্ধে আপিল দায়ের না করিয়াও ডিক্রির বিরুদ্ধে আপিলে যে-আপত্তি উত্থাপন করিতে পারিতেন, নির্দিষ্ট সময়ের মধ্যে অপর পক্ষের দায়েরকৃত আপিলের পালটা আপত্তি দাখিল করিয়া তাহা করিতে পারেন।
- cross-claim n. পালটা দাবি একটি মামলায় সহবিবাদীগণ কিংবা সহবাদীগণের মধ্যে উত্থাপিত একটি দাবি, যাহা মূল দাবি বা প্রতিদাবির সহিত সম্পৃক্ত।
- cross-examination n. জেরা বি. সাক্ষ্য আইনের ১৩৭ ধারায় বলা হইয়াছে যে, যে-পক্ষ সাক্ষীকে হাজির করিয়াছেন সেই পক্ষ যখন সাক্ষীকে প্রশ্ন করেন, তখন তাঁহাকে সাক্ষীর জবানবন্দিগ্রহণ বলা হয়। জবানবন্দি নেওয়ার পর বিরুদ্ধপক্ষ উক্ত সাক্ষীকে যখন জিজ্ঞাসাবাদ করেন তখন তাহাকে জেরা বলে। সাক্ষ্য আইনের ১৩৮ ধারা-অনুসারে সাক্ষীর জবানবন্দিগ্রহণ ও জেরা প্রাসঙ্গিক বিষয় সম্পর্কে ইইতে হইবে। কিন্তু সাক্ষী তাঁহার জবানবন্দিতে যে-সকল বিষয় সম্পর্কে সাক্ষ্য দিয়াছেন কেবল সেই সকল বিষয়েই জেরা করা চলিবে, এমন নহে। জেরা-প্রসঙ্গে সাক্ষ্যী যে-সকল বিষয়ের উল্লেখ করেন পুনঃজবানবন্দিতে সেই সকলের ব্যাখ্যা চাওয়া যায়। পুনঃজবানবন্দি গ্রহণের সময়ে যদি আদালতের অনুমতি লইয়া কোনো নতুন বিষয়ের অবতারণা করা হয়, তবে বিরুদ্ধপক্ষ সেই সকল বিষয়ে আরও জেরা করিতে পারিবেন। জেরাকালে সাক্ষ্যীকে কী ধরনের প্রশ্ন করা যাইবে, তাহা সাক্ষ্য আইনের ১৪৩ ধারা হইতে ১৫৬ ধারায় বলা হইয়াছে। সাক্ষ্য আইনের ১৩৮, ১৪৫ ও ১৫২

cross-rale ২৬৮

ধারা-অনুসারে বিরক্তিকর কিংবা অপ্রাসঙ্গিক বিষয় সম্পর্কে প্রশ্ন করিতে বিচারক বাধা দিতে পারিবেন। সাক্ষ্য আইনের ১৪৩ ধারায় বলা হইয়াছে যে, জেরায় ইঙ্গিতবাহী প্রশ্ন করা যাইবে। সাক্ষ্য আইনের ১৪৬ ধারা-অনুসারে সাক্ষীর সত্যবাদিতা পরখ করিবার জন্য, তাঁহার সামাজিক মর্যাদা জানিবার জন্য, এবং তাঁহার বিশ্বস্ততাকে আঘাত করিবার জন্য প্রশ্ন করা যায়। সাক্ষ্য আইনের ১৬৫ ধারা-অনুসারে আদালত কোনো সাক্ষীকে কোনো প্রশ্ন করিলে উক্ত প্রশ্নের উত্তরে সাক্ষী যাহা বলিবেন তৎসম্পর্কে আদালতের অনুমতি ব্যতীত সাক্ষীকে কোনো জেরা করা চলিবে না।

- cross-rate আড়াআড়ি হার অন্যান্য মুদ্রার সহিত মার্কিন ডলারের বিনিময়-আলোকে স্বদেশী হারের সহিত অন্যান্য মুদ্রার যে-হার নির্ধারণ করা হয়।
- cross the floor দলত্যাণ বি. কোনো আইনসভার সদস্যের দলত্যাগ বা স্বদল ত্যাগ করিয়া বিরোধী পক্ষে যোগদান।
- crown n. রাজা বা রানী, মুকুটধারী বি. যুক্তরাজ্যে রাজা বা রানীর পদ
 উত্তরাধিকারসূত্রে সৃষ্ট। এই পদাধিকারী তত্ত্বত সার্বভৌম, তবে তাঁহার অধিকাংশ
 ক্ষমতা বর্তমানে সংবিধিবদ্ধভাবে মন্ত্রিসভার সদস্যেরা, বিচার বিভাগের কর্মকর্তারা
 এবং অন্যান্য কর্তৃপক্ষ, ব্যক্তি বা ব্যক্তিবর্গ পরিচালনা করেন। সাধারণ আইনের দ্বারা
 সৃষ্ট সীমিতসংখ্যক দায়িত্ব ও কর্তব্য তিনি এখনো পালন করেন। এইসকলকেই
 রাজকীয় বিশেষাধিকার বলা হয়। অন্যান্য কার্যের ক্ষেত্রে তিনি মন্ত্রিসভার পরামর্শঅন্যায়ী চলেন, যদিও তাহা রাজা বা রানীর কার্য বলিয়া অভিহিত হয়।
- cruel, inhuman, barbarous, brutal and savage adj. নিষ্ঠুর, অমানবিক, বর্বরোচিত, পাশবিক, কুর বিণ. এই শব্দগুলির মধ্যে নিষ্ঠুর' সর্বাধিক পরিচিত এবং সর্বাপেক্ষা কম জোরালো। ইহা সেই সাধারণ প্রবণতা নির্দেশ করে, যাহা উৎকৃষ্টতর মূলনীতির দ্বারা পরাভূত না হইলে অনিবার্যত অন্যদের কষ্ট দেওয়া বা তাঁহাদের আরাম-আয়াস ক্ষুণু করিবার ইচ্ছার দ্বারা প্রকাশ পাইবে; 'আমানবিক' ও 'বর্বরোচিত' শব্দদ্বারা নিষ্ঠুরভার উচ্চতর মাত্রা নির্দেশ করে; 'পাশবিক' ও 'কুর' অন্য বিশেষণগুলি অপেক্ষা এত অধিক উচ্চমাত্রার যে উহারা যেন সম্পূর্ণ ভিন্ন প্রকৃতির নিষ্ঠুরতা। তিনি নিষ্ঠুর, যিনি যে-মানুষটির যত্ন লওয়া এবং নিরাপত্তা নিশ্চিত করা তাঁহার কর্তব্য, তাহার প্রতি অবহেলা করেন; তিনি অমানবিক, যিনি একজন মানুষের প্রতি অন্য একজন মানুষের নিকট হইতে প্রত্যাশিত মামুলি মায়া-মমতা বা অনুকম্পা প্রদর্শনে ব্যর্থ হন: তিনি বর্বর, যিনি পীডন করিয়া আমোদ পান।
- cruelty n. নিষ্ঠুরতা বি. ১৯৩৯ সালের মুসলিম বিবাহবিচ্ছেদ আইনে স্ত্রীর প্রতি স্বামী নিষ্ঠুরতা দেখাইলে স্ত্রী বিবাহবিচ্ছেদের ডিক্রি পাইবার অধিকারী হন। ওই আইনে নিষ্ঠুরতা বলিতে বুঝায় (ক) স্বামীকর্তক অভ্যাসবশত স্ত্রীকে শারীরিক আঘাত

করা, অথবা শারীরিক নির্যাতন না হইলেও নিষ্ঠুর আচরণ করা; অথবা (খ) স্বামীকর্তৃক মন্দচরিত্রের স্ত্রীলোকের সহিত মেলামেশা করা অথবা অনৈতিক জীবনযাপনে বাধ্য করা; অথবা (গ) স্বামীকর্তৃক স্ত্রীকে অনৈতিক জীবনযাপনে বাধ্য করা; অথবা (ঘ) স্বামীকর্তৃক স্ত্রীর সম্পত্তি বিক্রয় করা অথবা স্ত্রীকে তাহাতে তাহার আইনতসংগত অধিকার প্রয়োগে বাধা দেওয়া; অথবা (ঙ) স্বামীকর্তৃক স্ত্রীকে তাহার ধর্মীয় ক্রিয়াকর্মাদিপালনে বাধাদান; অথবা (চ) স্বামীর একাধিক স্ত্রী থাকিলে কোনো স্ত্রীকে কোরানের অনুশাসন-অনুযায়ী সমদৃষ্টিতে না দেখা।

culpability n. দোষিতা, অপরাধিতা বি. দূষনীয়তা বা নিন্দনীয়তা।

culpable homicide দণ্ডার্হ নরহত্যা দণ্ডবিধির ২৯৯ ধারা-অনুসারে, যে-ব্যক্তি কোনো কার্যের সাহায্যে মৃত্যু ঘটাইবার অভিপ্রায়ে বা মৃত্যু ঘটাইবার সম্ভাবনা রহিয়াছে এইরূপ দৈহিক জখম ঘটাইবার অভিপ্রায়ে, অথবা উক্ত কার্যের সাহায্যে তিনি মৃত্যু ঘটাইতে পারেন এমন সম্ভাবনা রহিয়াছে জানিয়া অনুরূপ কার্যের সাহায্যে মৃত্যু ঘটান, তাহা হইলে সেই ব্যক্তি দগুর্হ নরহত্যার অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন। দণ্ডবিধির ৩০২ ধারায় খুন বলিয়া গণ্য দণ্ডার্হ নরহত্যার শান্তি বর্ণিত হইয়াছে এবং দওবিধির ৩০৪ ধারায় খুন বলিয়া গণ্য নহে এইরূপ দণ্ডার্হ নরহত্যার শাস্তি বর্ণিত হইয়াছে। ৩০২ ধারায় শাস্তি মৃত্যুদও বা যাবজ্জীবন কারাদও এবং তদুপরি অর্থদও হইতে পারে। ৩০৪ ধারা-অনুসারে, যে-ব্যক্তি খুন বলিয়া গণ্য নহে এইরূপ দগুর্হ নরহত্যা অনুষ্ঠান করেন সেই ব্যক্তি যে-কার্যের সাহায্যে মৃত্যু সংঘটিত হয় তাহা মৃত্যু ঘটাইবার অভিপ্রায়ে বা মৃত্যু ঘটাইবার সম্ভাবনা রহিয়াছে এমন গুরুতর আঘাতপ্রদানের অভিপ্রায়ে সম্পাদিত ইইলে যাবজ্জীবন কারাদণ্ডে বা দশ বৎসর পর্যন্ত কারাদণ্ডে দণ্ডিত হইবেন তদুপরি অর্থদণ্ডেও দণ্ডনীয় হইবেন। অথবা যদি কার্যটি এইরূপ অবগতি সহকারে সম্পাদিত হয় যে উহার ফলে মৃত্যু ঘটিতে পারে অথচ মৃত্যু ঘটাইবার বা মৃত্যু ঘটাইতে পারে এইরূপ আঘাতপ্রদানের অভিপ্রায় ব্যতিরেকে সম্পাদিত হয়, তাহা হইলে সেই ব্যক্তি দশ বৎসর পর্যন্ত কারাদণ্ড বা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন।

cum testamento annexo ব্যবস্থাপনাপত্রের সহিত ইচ্ছাপত্রের সংযুক্তি কোনো ব্যক্তি তাঁহার সম্পত্তির মরণোত্তর ব্যবস্থাপনার জন্য কোনো ইচ্ছাপত্র সম্পাদনা না করিয়া মৃত্যুবরণ করিলে অথবা তাঁহার ইচ্ছাপত্রে নির্বাহকের নাম উল্লেখ না থাকিলে অথবা উল্লিখিত নির্বাহক তাঁহার মৃত্যুর পর ওই ইচ্ছাপত্র প্রত্যায়ন না করিলে স্বার্থবান বে-কোনো ব্যক্তির আবেদনক্রমে মৃত ব্যক্তির সম্পত্তির ব্যবস্থাপনার জন্য আদালত ব্যবস্থাপনাপত্র মনজুর করেন। যদি মৃত ব্যক্তি ইচ্ছাপত্র রাথিয়া মারা যান, তবে ওই ব্যবস্থাপনাপত্রের সহিত ইচ্ছাপত্রের অনুলিপি সংযুক্ত করিয়া দেওয়া হয়।

- cumulative punishment পৃঞ্জিত দণ্ড পূর্বে প্রাপ্ত দণ্ডের মেয়াদ অতিবাহিত হইবার পরে বিচারে একই ব্যক্তিকে যে-দণ্ড আরোপ করা হয়।
- cumulative remedy পুঞ্জিত প্রতিকার বলবৎয্য্যে প্রতিকারের অতিরিক্ত সংবিধিসৃষ্ট অন্য প্রতিকার।
- cumulative sentences পুঞ্জিত দণ্ডাদেশ সময়ে সময়ে ব্যবহৃত এই অভিব্যক্তির দারা একাদিক্রমিক বা ধারাবাহিক দণ্ডাদেশ বুঝানো হইয়া থাকে।
- cumulative voting পৃঞ্জিত ভোটদান যে-ভোটদানপদ্ধতিতে যত আসন ভোটদাতার তত ভোট থাকে এবং ভোটদাতা ইচ্ছামতো একজন প্রার্থীকে তাঁহার সকল ভোট বা একাধিক প্রার্থীকে তাঁহার ভোটগুলি ভাগ করিয়া প্রদান করিতে পারেন।
- cur. adv. vult (c.a.v.) আদালত বিষয়টি বিবেচনা করিতে চান মামলার শুনানি সমাপ্ত হইবার সঙ্গে সঙ্গে রায় ঘোষণা না করিয়া পরবর্তীকালে রায় ঘোষণা করা। ল রিপোর্ট তথা নজির আইন প্রতিবেদনে উল্লিখিত এই সংক্ষেপের অর্থ হইতেছে আদালত মামলা শুনানিশেষে বিনা প্রস্তুতিতে রায় ঘোষণা না করিয়া পরবর্তীকালে রায় ঘোষণা করিয়াছেন।
- curfew order সাদ্ধ্য আইন আদেশ কোনো এলাকায় আইনশৃঞ্জলার অবনতির কারণে সামরিক আইন জারি করা হইলে সামরিক আইন প্রশাসক ওই এলাকার জনসাধারণকে নির্দিষ্ট সময়ে রান্তার বাহির না হইয়া গৃহে আবদ্ধ থাকিবার জন্য যেআদেশ দেন, তাহা সাদ্ধ্য আইন আদেশ। ফৌজদারি কার্যবিধির ১৪৪ ধারার বিধানঅনুসারে, জনশৃঙ্গলার অবনতি ঘটিলে জেলা ম্যাজিস্ট্রেট, উপজেলা ম্যাজিস্ট্রেট অথবা
 বিশেষ ক্ষমতাপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট তদ্ধপ আদেশ দিতে পারেন। ১৯৭৪ সালের বিশেষ
 ক্ষমতা আইনের ২৪ ধারা-অনুসারে, (১) জেলা ম্যাজিস্ট্রেট অথবা মেট্রোপলিটান
 এলাকায় পুলিশ কমিশনার সরকারের নিয়ন্ত্রণসাপেক্ষে, আদেশজারির মাধ্যমে
 আদেশে উল্লিখিত ব্যতিক্রম বাদে, নির্দেশ দিতে পারিবেন যে, আদেশে নির্দিষ্ট এলাকা
 বা এলাকাসমূহে উপস্থিত কোনো ব্যক্তি আদেশে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট কর্তৃপক্ষ
 বা ব্যক্তির লিখিত অনুমতি ছাড়া ঘরের বাহিরে আসিতে পারিবেন না। (২) কোনো
 ব্যক্তি এই ধারায় প্রদন্ত নির্দেশ লব্দান তিনি এক বৎসর পর্যন্ত কারাদণ্ড, অর্থদণ্ড
 অথবা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন।
- currency rate n. মূদার বিনিময়-হার প্রতি একক দেশী মূদার বিনিময়-হার বৈদেশিক মূদায় প্রকাশ করা হইলে তাহাকে কারেন্সি রেট বলে। যেমন, টাকা ১ =জাপানি ইয়েন .৪১১৪২।

২৭১ customary law

current account চলতি হিসাব ১. যে-ব্যাংক হিসাবে জমা টাকার উপর সুদ অর্জিত হয় না এবং যে-হিসাব হইতে বিজ্ঞপ্তি ব্যতীত অর্থ উত্তোলন করা যায় ৷ ২. ১৯৯১ সালের মূল্য সংযোজন কর আইনের অধীন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক নির্ধারিত ফরমে কালেক্টরের সহিত রক্ষিত হিসাব যাহাতে তাঁহার ক্রয়, বিক্রয়, ট্রেজারি জমা, প্রদেয় এবং রেয়াদযোগ্য মূল্য সংযোজন কর এবং প্রযোজ্য ক্ষেত্রে, অন্যান্য বিবরণী লিপিবদ্ধ থাকিবে ৷

- curriculum vitae জীবনবৃত্তান্ত বি, কোনো চাকুরিপ্রার্থী কর্তৃক বিধিমতো প্রস্তুত শিক্ষাদীক্ষা, পূর্বতন বৃত্তি, পদ, অভিজ্ঞতা ইত্যাদির সংক্ষিপ্ত বিবরণ।
- custodian n. জিম্মাদার, অভিভাবক, ভত্ত্বাবধায়ক বি. ১. সম্পত্তি, দলিলাদি কিংবা অন্যান্য মূল্যবান সামগ্রীর রক্ষণাবেক্ষণ বা তত্ত্বাবধানের দায়িত্বপ্রপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান। ২. (দেউলিয়া আইনে) আবেদন-প্রাক্কালীন যে-নিয়োগী দেনাদারের মালিকানাধীন কোনো পরিসম্পদের দায়িত্ব গ্রহণ করিয়াছেন।
- custody n. জিখা, হেফাজত, হাজত বি. ১. কোনো আইনানুগ কর্তৃপক্ষ কর্তৃক কোনো ব্যক্তিকে আটক করিয়া নির্দিষ্ট স্থানে রাখা। ফৌজদারি কার্যবিধির ১৬৭ ধারায় পুলিশ কোনো ব্যক্তিকে গ্রেপ্তার করিয়া আটক করিলে এবং চবিবশ ঘণ্টার মধ্যে তদন্ত সমাপ্ত করিতে না পারিলে ওই ব্যক্তিকে নিকটবর্তী ম্যাজিস্ট্রেটের নিকট হাজির করিলে উক্ত ব্যক্তিকে ম্যাজিস্ট্রেট অন্যূন পনের দিনের জন্য পুলিশের হেফাজতে আটক করা অথবা কারাগারে আবদ্ধ করার আদেশ দিতে পারেন। ২. আইনত দখল, অভিভাবকত্ব, অথবা নিয়ন্ত্রণ। পিতামাতার মধ্যে কে নাবালক সন্তানের হেফাজত পাওয়ার অধিকারী, পারিবারিক আদালত তাহা নির্ধারণ করেন। ৩. কোনো ব্যক্তির তত্ত্বাবধানে কোনো কিছু রাখা। custodian দ্র.।
- custom n. প্রধা বি. যে-রীতি কোনো বিশেষ এলাকায় এমনভাবে অনুসৃত হয় যে, উহাকে ওই এলাকার আইনের অংশস্বন্ধপ গ্রহণ করিতে হয়। প্রথাণত আইন হিসাবে স্বীকৃত হইতে হইলে ইহাকে যুক্তিসংগত প্রকৃতির হইতে হয় এবং ইহা স্মরণাতীত কাল হইতে নিরবচ্ছিন্নভাবে অধিকার হিসাবে অনুসৃত হইতে হয়। বাংলাদেশের সংবিধানের ১৫২ (১) অনুচ্ছেদে প্রথাকেও আইন হিসাবে গণ্য করা হইয়াছে।
- customary law প্রথাগত আইন যে-আইন আইনগত শর্ত বা অবশ্যপালনীয়
 আচরণ-বিধি হিসাবে গৃহীত রীতিনীতির সমন্বয়ে গঠিত। যে-সকল লোক-ব্যবহার
 একটি সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থার এতই সারভূত ও সাংসিদ্ধিক অংশ যে
 ওইগুলি আইন বলিয়া গণ্য করা হয়।

customs duty 292

customs duty তব্ধ বি. দেশ হইতে রপ্তানি অথবা দেশে আমদানির সময়ে কোনো কোনো পণ্যের উপর যে-কর দিতে হয়। সাধারণত তদ্রুপ পণ্যের পরিমাণের উপর নির্দিষ্ট হারে অথবা পণ্যের মূল্যের উপর শতকরা হারে উক্ত তব্ধ দিতে হয়। তব্ধ আইনের বিধান-অনুযায়ী তব্ধ-কর্তৃপক্ষ আমদানি ও রপ্তানি পণ্যের উপর তব্ধ আদায় করেন। excise duty তূ.।

- cut price, cut rate ব্রাসকৃত মূল্য বাজারের দর হইতে শস্তায় বিক্রয় অথবা বিক্রীড মাল বা পণা। শস্তায় মাল বিক্রয় করে, এমন দোকান।
- cybercrime n. সাইবার-অপরাধ বি. ইন্টারনেটের মাধ্যমে যে-সকল অপরাধ করা হয়। ইন্টারনেট-সংক্রান্ত অপরাধ সম্পর্কে কোনো নির্দিষ্ট আইন এখন পর্যন্ত প্রণীত না হইলেও ইন্টারনেটে বাধাসৃষ্টি, মানহানি, কপিরাইট লজ্ঞান অথবা তঞ্চকতা প্রভৃতি সাইবার অপরাধ হিসাবে গণ্য হয়।
- cyberspace n. সাইবার স্পেস মহাজাগতিক সকল বস্তুর আধার। কম্পিউটার হইতে কম্পিউটারে প্রেরিত হইবার সময়ে ইলেকট্রনিক বার্তা, ছবি ইত্যাদি যে-কাল্পনিক স্থানে বিরাজ করে।
- cy-pres doctrine যথাসম্ভব নিকটবর্তিতা মতবাদ এই মতবাদ-অনুসারে, পরহিতের উন্দেশ্যে কৃত দান সেই উন্দেশ্যে কার্যকর করা না গেলে তাহা যথাসম্ভব নিকটবর্তী উদ্দেশ্যে ব্যয় করা যায়। কোনো দাতার ইচ্ছা আক্ষরিকভাবে কার্যকর করা না গেলে তাহা দাতা যেইভাবে কার্যকর করিতে অভিপ্রায় ব্যক্ত করিয়াছিলেন, যথাসম্ভব তাহার নিকটবর্তীভাবে কার্যকর করিতে হইবে। এই মতবাদ দাতব্য ন্যাস ব্যবস্থার ক্ষেত্রে প্রযোজা, যখন আক্ষরিকভাবে ন্যাস-ব্যবস্থা কার্যকর করা অসম্ভব অথবা অতিশয় অসুবিধাজনক হয়। তবে শর্ত থাকে যে, তাহাতে পরহিতের একটি সাধারণ অভিপ্রায় প্রতীয়মান হওয়া চাই। এইরূপ ক্ষেত্রে আদালত ন্যাস-ব্যবস্থার অর্থ যেই উদ্দেশ্যে খরচ করা যায়, সেইরপ একটি পরিকল্পনা প্রণয়ন করিতে পারেন এবং সে-সম্পর্কে উপযুক্ত নির্দেশ দিতে পারেন। পরহিতার্থে কত দান যেভাবে ব্যয় করিতে বলা হইয়াছে সেইভাবে ব্যয় করিবার অপারগতা হেত্ তাহা যেন একেবারে ব্যর্থ হইয়া না যায়, সেইজন্য আদালত উক্ত মতবাদ-অনুযায়ী তাহা যে-উদ্দেশ্যে করা হইয়াছে যথাসম্ভব তাহার নিকটবতী উদ্দেশ্যে খরচ করিবার জন্য নির্দেশ দিয়া পরহিতকর কার্য বলবৎ রাখেন। এতদ্বাতীত দানকৃত সম্পত্তি অথবা অর্থ যেই উদ্দেশ্যে ব্যয় করিতে বলা হইয়াছে, সেই উদ্দেশ্যে ব্যয় করিবার পরও যদি উদ্বন্ত থাকে, তাহা হইলে আদালত উদ্বন্ত অর্থ উক্ত উদ্দেশ্যের যথাসম্ভব নিকটবর্তী উদ্দেশ্যে ব্যয় করিবার জন্য নির্দেশ দিতে পারেন।

- dacoity n. ডাকাতি বি. দণ্ডবিধির ৩৯১ ধারা-অনুসারে, যদি পাঁচ বা ততোধিক ব্যক্তি যুক্তভাবে দস্যুতা সংঘটিত করেন বা দস্যুতা-সংঘটনের চেষ্টা করেন, কিংবা কোনো ক্ষেত্রে যুক্তভাবে দস্যুতা-সংঘটনকারী বা দস্যুতা-সংঘটনে প্রচেষ্টারত ব্যক্তির ও অনুরূপ কার্যে বা প্রচেষ্টার সাহায্যকারী ব্যক্তির মোট সংখ্যা পাঁচ বা ততোধিক হয়, তাহা হইলে অনুরূপ কার্যের সংঘটনকারী বা সাহায্যকারী প্রত্যেক ব্যক্তি ডাকাতি করিয়াছেন বলিয়া গণ্য হইবেন। দওবিধির ৩৯৫ ধারা-অনুসারে, যদি কোনো ব্যক্তি ডাকাতি করেন তাহা হইলে সেই ব্যক্তি যাবজ্জীবন বা দশ বৎসর সম্রুম কারাদণ্ডে দণ্ডিত হইবেন এবং তাঁহাকে অর্থদণ্ডেও দণ্ডিত করা যাইবে। ৩৯৬ ধারায় খুনসহ ডাকাতির শান্তির বিধান রহিয়াছে। যদি যুক্তভাবে ডাকাতি সংঘটনকালে পাঁচ বা ততোধিক ব্যক্তির যে-কোনো একজন অনুরূপ ডাকাতি সংঘটনকালে খুন করেন, তাহা হইলে তাঁহাদের প্রত্যেককে মৃত্যুদণ্ডে কিংবা যাবজ্জীবন কারাদণ্ডে কিংবা দশবৎসর পর্যন্ত সম্রুম কারাদণ্ডে দণ্ডিত করা যাইবে এবং তাঁহাদিগকে অর্থদণ্ডেও দণ্ডিত করা যাইবে । দওবিধির ৩৯৯ ধারায় ডাকাতি করিবার প্রস্তুতিগ্রহণের জন্য শান্তির বিধান রহিয়াছে।
- dadan n. দাদন, দাদনি বি. তাঁতি অথবা অন্যান্য কারিগরকে অগ্রিম প্রদন্ত অর্থ। উৎপাদিত দ্রব্য বা ফসলের মূল্যের সঙ্গে দাদনের অর্থ সমন্তব্য করা হইয়া থাকে।
- dag (plot) n. দাগ বি. ভূমিখণ্ড। ভূমির ভাগ বা অংশ যাহা পরিমাপ করা ইইয়াছে

 এবং যে-সময়ে পরিমাপ করা ইইয়াছিল সেই সময়ে ক্রম-অনুসারে প্রদন্ত উক্ত
 পরিমাপ-সম্পর্কিত নম্বর বা চিহ্ন, ভূমিচিহ্ন। সরেজমিনে জরিপ করিবার পর আমিন
 বা জমি-জরিপকারী সর্বপ্রথম প্রামের চতুঃসীমা নির্ধারণ করেন এবং গ্রামের প্রতিটি
 ভূমিখণ্ড পরিমাপ করিয়া তাহার অবস্থান উক্ত গ্রামের প্রস্তুয়মান নকশায় প্রদর্শন
 করিবার জন্য সংখ্যায়িত করেন। এইভাবে নকশায় প্রদর্শিত প্রতিটি ভূমিখণ্ডের
 সংখ্যাকে দাগ নম্বর বলা হয়। দাগকে স্থানীয়ভাবে কিন্তা বলা হয়।
- dagchitta n. দাগচিটা বি. ভূমি-রেকর্ডসমূহের মধ্যে একটির (আসামে) প্রচলিত নাম। বন্টনের প্রাথমিক ডিক্রির মর্মানুসারে আদালতকর্তৃক নিযুক্ত জরিপ-অভিজ্ঞ কমিশনারের প্রস্তুতকৃত ভূমি-বন্টনের নকশায় প্রদর্শিত দাগকেও চিটাদাগ বলা হয়।
- daily cause list দৈনিক শুনানির তালিকা হাইকোর্ট বিভাগে প্রত্যেক কার্যদিবসে যে-সকল মামলার শুনানি হইবে, তাহা একটি মুদ্রিত তালিকায় প্রকাশ করা হয়। ওই তালিকায় হাইকোর্ট বিভাগের কোন বেঞ্চে কোন কোন মামলার শুনানি হইবে, তাহা আইন-শনকোর: ১৮

dakhainama ২৭৪

এবং কোন কোন বেঞ্চ কোন কোন বিচারককে নিয়া গঠিত, তাহাও উল্লিখিত থাকে। সাপ্তাহিক শুনানির তালিকা হইতে সাধারণত মামলা বিচারাধীন থাকিবার ক্রম-অনুযায়ী দৈনিক শুনানির তালিকায় স্থান পায়। তাহা ছাড়া প্রত্যেক বেঞ্চের বিচারক অথবা বিচারকগণ কোনো পক্ষ অথবা উভয় পক্ষের আবেদনক্রমে কোনো মামলাকে বিশেষভাবে দৈনিক শুনানির তালিকাভুক্তির আদেশ দিতে পারেন। আপিল বিভাগের দৈনিক শুনানির তালিকা সাইক্লোফাইল করিয়া প্রকাশ করা হয়। নিম্ন আদালতে দৈনিক শুনানির তালিকা হাতে লিখিয়া দৈনিক শুনানির বইয়ে লিপিবদ্ধ করা হয়। দৈনিক শুনানির তালিকা দেখিয়া উকিল ও মক্কেলগণ জানিতে পারেন নির্দিষ্ট দিনে কোন আদালতে কোন মামলা শুনানির জন্য ধার্য আছে। cause list দ্র.।

dakhila n. দাখিলা বি. সরকার বা সম্পত্তির মালিককে খাজনা দিলে যে-রসিদ প্রদান করা হয়। দাখিলাকে রেন্ট রিসিন্ট (rent reciept) বলা হয়। দাখিলা কোনো স্বত্ত্বের দলিল নহে তবে ইহা দখল সম্পর্কে গুরুত্বপূর্ণ প্রমাণ।

damage n. ক্ষতি, লোকসান বি. অর্থ, স্বাচ্ছন্য, স্বাস্থ্য, সম্পত্তি অথবা অনুরূপ কোনো কিছুর হানি। সকলপ্রকার ক্ষতি হইতে মামলা দায়ের করিবার কারণ উদ্ভূত হয় না। উদাহরণস্বরূপ, জমির দখলকারকে তাঁহার প্রতিবেশীর যুক্তিসংগত কোলাহল সহ্য করিতে হইবে। কোনো ব্যক্তি দুর্ঘটনার শিকার হইলে সাধারণত আইন তাঁহার আত্মীয়স্বজনদের দুঃখশোকের জন্য কোনো ক্ষতিপূরণ প্রদান করে না, যদি না সীমিত ক্ষেত্রে বিধিবদ্ধ আইনে শোকের জন্য ক্ষতিপূরণের বিধান থাকে। যে-ক্ষতির জন্য আইনত কোনো প্রতিকারের বিধান নাই, তাহাকে বলা হয় damnum sine injuria বা যে-ক্ষতিকর কর্মের আইনি প্রতিকার নাই। অন্যপক্ষে, কোনোরূপ ক্ষতি অথবা লোকসান ছাড়াই কাহারো আইনগত অধিকার লঙ্কনে করা হইলে তিনি— নামমাত্র হুইলেও— ক্ষতিপূরণ পাওয়ার অধিকারী এবং আদালতে মামলা করিয়া তাহা আদায়

२१७ damages

করিতে পারেন। এইরূপ অধিকার-লজ্ঞানকে injuria sine damno বা অধিকার-লজ্ঞানবিহীন ক্ষতি বলা হয়। উদাহরণস্বরূপ অ্যাশবি বনাম হোয়াইট মামলার কথা উল্লেখ করা যায়। ওই মামলার বাদীকে বৈধ কারণ ব্যতিরেকে ভোটাধিকার প্রয়োগ করিতে না দেওয়ায় তাঁহার কোনো আর্থিক ক্ষতি না হওয়া সত্ত্বেও আদালত তাঁহাকে নামমাত্র ক্ষতিপ্রণের ডিক্রি প্রদান করেন। প্রায়শ ক্ষতিগ্রস্ত হইলেই পূরণযোগ্য ক্ষতির মামলা করা যায়।

damage, general and special সাধারণ ও বিশেষ ক্ষতি অভিযোগকৃত অন্যায় হইতে আইনদ্বারা যে-ক্ষতি অনুমিত হয়, তাহাকে সাধারণ ক্ষতি বলে। আইনদ্বারা যে-ক্ষতি অনুমিত হয়, তাহাকে সাধারণ ক্ষতি বলে। আইনদ্বারা যে-ক্ষতি অনুমিত হইবে না এবং যে-ক্ষতির ব্যাপারে এইরূপ প্রকাশ্যভাবে দাবি উথাপিত হইবে যাহার ফলে বিবাদী দাবির প্রকৃতি সম্পর্কে জ্ঞাত হইতে পারিবেন, সেই ক্ষতিকে বিশেষ ক্ষতি বলা হইবে। বিশেষ ক্ষতি বলিতে প্রকৃতই যে-ক্ষতি সাধিত হইয়াছে তাহাকে বুঝার। সাধারণভাবে বাদী বিশেষ ক্ষতি প্রমাণ করিতে বাধ্য এবং এইরূপ প্রমাণ ব্যতিরেকে বাদীর মামলা চলিবে না। (১) প্রলোভন, (২) কুৎসা, (৩) প্রতারণা, (৪) ষড়যন্ত্র, (৫) বর্জন, (৬) ক্ষতিপুরণের জন্য মালামাল আটক ও (৭) ক্ষতি-সংক্রান্ত উৎপাতের মামলায় বিশেষ ক্ষতি অবশ্যই প্রকৃতভাবে প্রমাণ করিতে হইবে।

damage, legal আইনি ক্ষতি যে-ক্ষতি টর্টের মামলায় দায়-দায়িত্ব আরোপ করে।
প্রকৃত ক্ষতি বা আর্থিক ক্ষতি ব্যতিরেকেই কোনো সাধিত ক্ষতি আইনি ক্ষতিরূপে
বিবেচিত হইতে পারে। কোনো ব্যক্তির আইনি অধিকার লজ্জিত হইলে বা তাঁহার
সম্পত্তিতে অনুমোদিতভাবে হস্তক্ষেপ করা হইলে আইনি ক্ষতির উদ্ভব হয়। অর্থাৎ
বিবাদীর অন্যায় কার্যের ফলে কোনো ক্ষতিগ্রস্ত ব্যক্তির কোনো আর্থিক ক্ষতি সাধিত
না হইলেও ক্ষতিগ্রস্ত ব্যক্তি যদি প্রমাণ করিতে পারেন যে, তাঁহার আইনগত অধিকার
লক্ষন করা হইয়াছে, তাহা হইলে আইনি ক্ষতি সাধিত হইয়াছে বলিয়া অনুমিত
হইবে।

damages n. ক্ষতিপূরণ বি. ক্ষতিপূরণ হইতেছে প্রতিটি ক্ষতির জন্য আদালত কর্তৃক টাকার অঙ্কে প্রদন্ত ক্ষতিপূরণ; কিন্তু ক্ষতি হইতেছে প্রতিটি আইনত ক্ষতি হইতে উদ্ভূত এবং ক্ষতিপূরণের জন্য ধরা হইয়া থাকে এমন কিছু। 'ড্যামেজেস' বা ক্ষতিপূরণ হইতেছে আর্থিক ক্ষতিপূরণ যাহা পূরণযোগ্য ক্ষতি বা টর্টের মামলায় বাদী অর্জন করিতে পারেন। ওধু সেইসব ক্ষতিপূরণ আদায় করা যায়, যেসব ক্ষতি অন্যায় কার্যের প্রত্যক্ষ ফল হিসাবে উদ্ভূত হয়। injuria non remota causa sed proxima spectatur অর্থাৎ আইনে যে-কোনো ব্যাপারে প্রত্যক্ষ কারণ বিবেচনা করিতে হয়, পরোক্ষ কারণ নহে। চুক্তিভঙ্গ অথবা পূরণযোগ্য ক্ষতির জন্য আদালত ক্ষতিপূরণস্বরূপ যে-পরিমাণ টাকা মনজুর করেন। ক্ষতিপূরণ সাধারণত থোক টাকায়

মনজুর করা হয়। সাধারণ নীতি হইতেছে এই যে, ক্ষতির জন্য বাদী সম্পূর্ণ ক্ষতিপূরণ পাওয়ার অধিকারী। প্রকৃত ক্ষতি করা হইলে মোটা দাগে ক্ষতিপূরণ (substantial damages) দেওয়া হয়। কিন্তু চুক্তিভঙ্গ অথবা পূরণযোগ্য ক্ষতির ক্ষেত্রে (যেমন, অনধিকারপ্রবেশ) কোনো ক্ষতি না হইলেও আদালত বাদীর অধিকার বজায় রাথিবার জন্য নামমাত্র ক্ষতিপূরণ (nominal damages) প্রদান করিতে পারেন। ক্ষতিকর কাজের পরিস্থিতি-অনুযায়ী ক্ষতিপূরণের পরিমাণ বর্ধিত হইতে পারে। পূরণযোগ্য ক্ষতির বেলায় (কিন্তু চুক্তির বেলায় কখনো নয়) ব্যতিক্রমী ক্ষত্রে বিবাদীকে ক্ষতিকর কাজের শান্তিম্বরূপ দৃষ্টান্তমূলক ক্ষতিপূরণ দিতে বাধ্য করা যায়। কোনো পক্ষ চুক্তির কোনো শর্ত ভঙ্গ করিলে কী পরিমাণ ক্ষতিপূরণ দিবে, তাহা আগেই চুক্তিতে উল্লেখ থাকিলে তাহাকে সুনির্দিষ্ট ক্ষতিপূরণ (liquidated damages) বলা হয়। সুনির্দিষ্ট ক্ষতিপূরণের পরিমাণ যদি চুক্তিভঙ্গের ন্যায়সংগত সম্ভাব্য আনুমানিক হিসাব হয়, তবে তাহা আদায়যোগ্য । কিন্তু শান্তি হিসাবে প্রয়োগ করা হইলে, তাহা আদায়যোগ্য নহে। যে-ক্ষতিপূরণের পরিমাণ আদালত নির্ধারণ করেন, তাহাকে অনির্দিষ্ট ক্ষতিপূরণ (unliquidated damages) বলা হয়। ক্ষতিপূরণকে সাধারণ (general) ও বিশেষ (special) হিসাবেও শ্রেণীবদ্ধ করা যায়।

damages, contemptuous অবজ্ঞাসূচক ক্ষতিপূরণ ক্ষতিপূরণ প্রধানত চার ভাগে বিভক্ত। যথা— (১) অবজ্ঞাসূচক, (২) নামমাত্র, (৩) সাধারণ বা প্রকৃত, (৪) দৃষ্টান্তমূলক বা শান্তিমূলক। এতদ্বাতীত ইহাকে সাধারণ ও বিশেষ এবং সঞ্জাব্য ও চলমান ক্ষতিপূরণ হিসেবেও বিভক্ত করা যায়। যে-ক্ষেত্রে আদালত মনে করেন যে, বাদীর আচরণ এমন যে, তাঁহাকে ক্ষতিপূরণ দেওয়া যুক্তিসংগত নহে, কিন্তু আইনত ক্ষতিপূরণ দিতে বাধ্য, সেক্ষেত্রে আদালত বিরক্তিসহকারে নগণ্য ক্ষতিপূরণের নির্দেশ দেন। এইরূপ ক্ষতিপূরণের নির্দেশ বাদীর আচরণের প্রতি আদালতের অবজ্ঞার ইঙ্গিতব্বরূপ। সাধারণত মানহানির ক্ষেত্রে এইরূপ অবজ্ঞাসূচক ক্ষতিপূরণ দেওয়া হয়।

damages, measure of ক্ষতিপূরণের পরিমাপ টর্ট ও চুক্তিভঙ্গজনিত মামলায় ক্ষতিপূরণ আদায় সাধারণ প্রতিকার হিসাবে বিবেচিত হইয়া থাকে। চুক্তিভঙ্গর মামলায় ক্ষতিপূরণ সাধারণত দেনাশোধ করিবার ক্ষেত্রে প্রযোজ্য হয়, অর্থাৎ চুক্তিতে পূর্বনির্ধারিত পরিমাণ অর্থ পরিশোধ করিতে হয়। টর্টের বা পূর্বনির্ধারিত অর্থ মামলার ক্ষেত্রে ক্ষতিপূরণ সর্বদাই অনির্ধারিত অর্থাৎ কোনো পূর্বনির্ধারিত অর্থ ক্ষতিপূরণ হিসাবে আদায় করা যায় না। টর্টের মামলায় আদালত ক্ষতিপূরণ নির্ধারণ করিয়া থাকেন।

damages, nomînal নামমাত্র ক্ষতিপূরণ damages দ্র.।

damdupat দামদুপাত হিন্দু আইনের দামদুপাত বিধি। আসল টাকার সমপরিমাণের অতিরিক্ত পরিমাণ বকেয়া কোনো সৃদ একবারে আদায় করা যাইবে না, এইরূপ নীতি। ইহা কেবল নৈতিক অনুশাসন নহে বা ইহার প্রয়োগ নির্ধারিত সৃদ ব্যতীত অন্যান্য ক্ষেত্রে সীমিত, এইরূপ নহে। ১৯৪০ সালের মহাজনি আইনের বিধান অনেকটা দামদুপাত নীতির অনুরূপ। ওই আইনের বিধান-অনুসারে, মহাজন খাতকের নিকট হইতে ধার দেওয়া আসল অর্থের সমপরিমাণের অধিক অর্থ সৃদ হিসাবে আদায় করিতে পারেন না। একদিকে সৃদ যাহাতে আসল টাকার সমপরিমাণের অতিরিক্ত না হয়, সেজনা একবারে একইসঙ্গে আসল টাকা ও সৃদ সমুদয় পরিশোধ করিবার জন্য দায়িককে উৎসাহদান এবং অন্যাদিকে আসল টাকার অধিক পরিমাণ সৃদ যাহাতে পুঞ্জীভ্ত না হয় (হইলে পাওনাদারকে অতিরিক্ত সুদের দাবি ত্যাগ করিতে হইবে), সেজন্য যুক্তিসংগত সমরের মধ্যে ঋণগ্রহীতার নিকট হইতে পাওনা আদায় করিতে পাওনাদারকে প্রবর্তনাদানের উদ্দেশ্যে দায়দুপাত নীতি বিকশিত হইয়াছিল।

damnum absque injuria অধিকার-লজ্ঞনবিহীন ক্ষতি damnum sine injuria দ্ৰ.।

damnum sine injuria যে-ক্ষতিকর কর্মের আইনি প্রতিকার নাই যেখানে সাধারণ
অধিকার প্রয়োগের ফলে কাহারো কোনো ক্ষতি সাধিত হয় সেইখানে সেই ব্যক্তিকে
তাহা মানিয়া নইতে হয়। আইনগত অধিকারভঙ্গ ব্যতিরেকে সংঘটিত ক্ষতিও ক্ষতি,
কিন্তু তাহা প্রতিকারযোগ্য নহে অর্থাৎ তাহার জন্য কোনো ক্ষতিপূরণ দাবি করা যায়
না। বিপরীতপক্ষে ক্ষতি-ব্যতিরেকে অধিকারভঙ্গ প্রতিকারযোগ্য অর্থাৎ তাহার জন্য
আদালতের মারফত ক্ষতিপূরণ লাভ করা যায়। injuria sine damnum তু.।

danapatra n. দানপত্র বি, লিখিতভাবে কোনো দান করা হইলে তাহার লিখন।
মুসলিম আইনের বিধান-অনুসারে দানপত্র রেজিন্ত্রি করা হউক বা না হউক তাহার
আইনগত মর্যাদা একই ছিল। সম্পত্তি-হস্তান্তর আইনের বিধান-অনুসারে মুসলমান
ছাড়া অন্য যে-কোনো ধর্মাবলম্বী কোনো স্থাবর সম্পত্তি দান করিলে এবং উক্ত দানের
বিষয়বস্তু একশত টাকার উর্ম্বায়ূল্যের হইলে সেক্ষেত্রে দানপত্র অবশ্যই রেজিন্ত্রি
করিতে হইবে। বর্তমানে মুসলিম আইন-অনুসারে কোনো দান করা হইলে দানপত্রটি
রেজিন্ত্রি করিতে হইবে। deed of gift দ্র.।

dangerous driving বিপজ্জনক গাড়িচালনা একজন যোগ্য ও সতর্ক মোটরগাড়িচালকের নিকট হইতে যে-মানের গাড়িচালনা প্রত্যাশা করা যায়, তাহা অপেক্ষা
অনেক নিম্নমানের গাড়িচালনা একটি অপরাধ। দণ্ডবিধির ২৭৯ ধারায়
হঠকারিতামূলক অথবা অসর্তক গাড়িচালনার দ্বারা কোনো ব্যক্তির প্রাণসংশয় অথবা
শারীরিক আঘাত অথবা ক্ষতি হইবার সম্ভাবনা থাকিলে তাহা শান্তিযোগ্য অপরাধ।
১৯৮৩ সালের মোটরযান অধ্যাদেশের ১৪৩ ধারা-অনুসারে, বেপরোয়া বা বিপজ্জনক
মোটরযান-চালনা শান্তিযোগ্য অপরাধ।

- dangerous machinery বিপজ্জনক যন্ত্রপাতি বিপজ্জনক যন্ত্রপাতি হইতে কর্মচারীদের নিরাপদ রাখা মালিকের দায়িত্ব। কারখানা আইনের ২৩ ধারায় কারখানার সম্ভাব্য নিরাপত্তামূলক ব্যবস্থার জন্য প্রত্যেক যন্ত্রপাতির নির্দিষ্ট এবং বিপজ্জনক অংশ ঘিরিয়া রাখিবার বিধান আছে।
- dangerous materials বিপজ্জনক পদার্থ যে-পদার্থের রাসায়নিক বা জৈব-রাসায়নিক ধর্ম এমন যে, উহার উৎপাদন, মজুদ, অবমুক্তি বা অনিয়ন্ত্রিত পরিবহন পরিবেশের জন্য ক্ষতিকর।
- dangerous weapon বিপজ্জনক অন্তর মৃত্যু অথবা গুরুতর দৈহিক আঘাত ঘটাইতে পারে কিংবা জীবন বিপন্ন করিতে পারে, এইরূপ অন্তর।
- dangers of the seas সামুদ্রিক বিপদ (নৌবিমায়) সামুদ্রিক বিপত্তি; বিশেষভাবে সমুদ্র-সংক্রান্ত বিপদ; সমুদ্রের অবশ্যঞ্জাবী বিপদ বা দুর্ঘটনা। এই উক্তির ব্যাপ্তি 'দৈব-দুর্বিপাক' অপেক্ষা বিস্তৃত এবং 'সামুদ্রিক বিপদ' বা 'সমুদ্রের ভয়ানক বিপদ'র সমার্থবােধক। 'সামুদ্রিক বিপদ ও দুর্ঘটনা' উজির ব্যাখ্যা 'সমুদ্রের ভয়ানক বিপদ' উজি হইতে সংকীর্ণ হইতে পারে না। সকল চুক্তির ক্ষেত্রে থথার্থভাবে প্রয়োজ্য হইবে, এই বিশিষ্ট বাক্যের এইরূপ সংজ্ঞার্থ সুনির্দিষ্ট করা বাস্তবসম্মত হইবে না। কেবল সমুদ্রের স্বাভাবিক দুর্ঘটনার ক্ষেত্রে এই উজি সুস্পষ্ট অর্থবহ। সমুদ্রে সৃষ্ট হয় এইরূপ দুর্ঘটনার ক্ষেত্রে ইহা বিস্তৃত অর্থে প্রয়োজ্য। এই বিশিষ্ট অর্থবােধক উক্তি প্রাকৃতিক দুর্ঘটনার ক্ষেত্রে ইহা বিস্তৃত অর্থে কিংবা উদ্ভূত অনিবার্য দুর্ঘটনার অধাকতর বিস্তৃত অর্থে যে-ভাবেই ধরা হউক না কেন, যে-কোনাে ক্ষেত্রেই ইহাদ্রারা অস্বাভাবিক ধরনের ক্ষতি কিংবা অপ্রতিরাধ্য শক্তি হইতে উদ্ভূত বা অভিভূত করিয়া ক্ষেলে এইরূপ ক্ষমতাদ্বারা সাধিত ক্ষতি বুঝায়, যাহা সাধারণ মানবীয় দক্ষতা ও জ্ঞানের প্রয়োগ বা প্রচেষ্টা দ্বারা প্রতিরোধ করা যায় না।
- Darul Islam and Darul Harb দারুল ইসলাম এবং দারুল হর্ব অমুসলমানদের সাইত মুসলমানদের সম্পর্ক অমুসলমানদের দেশের চরিত্রের উপর নির্ভরণীন। ইসলামি আইনতত্ত্ববিদগণ এই দৃষ্টিকোণ হইতে দেশগুলিকে দারুল ইসলাম এবং দারুল হর্ব এই দৃই নামে চিহ্নিত করিয়াছেন। যে-রাষ্ট্রের রাষ্ট্রপতি হইতেছেন মুসলমান এবং যে-রাষ্ট্রের আইন হইতেছে ইসলাম, সে-রাষ্ট্রকে নিঃসদ্দেহে দারুল ইসলাম বা নিরাপদ অঞ্চল বলা হয়। যে-রাষ্ট্রের রাষ্ট্রপতি অমুসলমান এবং যেথানে মুসলমান নিরাপত্তা ও স্বাধীনতার সহিত নিজের ধর্ম প্রতিপালন করিতে পারে না, সেই রাষ্ট্র দারুল হর্ব বা যুদ্ধের অঞ্চল।
- database n. ডাটাবেইজ, উপাত্ত-ভাগার বি. কম্পিউটারজাত উপাত্তের বৃহৎ ভাগার, বিশেষত প্রতিবেদন, বৃত্তান্ত ইত্যাদির তালিকা কিংবা সারাংশ। তথ্য মজুদ ও নিপুণভাবে ব্যবহার করিবার পদ্ধতিবিশেষ। পদ্ধতিটি কেবলমাত্র ফ্লাট ফাইল সম্বন্ধীয়,

যাহা পূর্বলেখ প্রস্তুত করিবার যোগ্য নহে, এইরূপ সাধারণ হইতে পারে অথবা উহা এইরূপ উপান্ত-ভাগ্রর উৎপাদনকারীও হইতে পারে, যাহা বিবরণদান এবং পূর্বলেখ প্রস্তুত করিতে সমর্থ। কম্পিউটারে মজুদকৃত সুসংবদ্ধ উপান্তনিচয়, যাহা দৃষ্টিগোচর এবং নানাভাবে ব্যবহার করা যাইতে পারে। কপিরাইট আইনে ডাটাবেইজ বা কম্পিউটার যন্ত্রে ধারণকৃত সুবিন্যস্ত তথ্যসংগ্রহের নিরাপন্তা দেওয়া হইয়াছে।

- data protection উপাত্ত-রক্ষা ব্যক্তিসংক্রান্ত উপাত্ত-রক্ষাব্যবস্থা। যেমন, কোনো ব্যক্তির কিশিউটারে ধারণকৃত ব্যক্তিগত উপাত্ত। উপাত্ত-রক্ষার মূলনীতিসমূহ, উপাত্ত-ব্যবহারকারীর দায়-দায়িত্ব এবং যাঁহার সম্পর্কে উপাত্তের বিষয়ীদের অধিকার আইনদারা নির্ধারিত হয়। বিদেশে অদ্ধুপ আইন থাকিলেও বর্তমানে বাংলাদেশে তাহা নাই।
- date n. তারিখ বি. যেদিন বা যে-নির্দিষ্ট সময়ে কোনো কিছু ঘটে বা অবশ্যই ঘটিবে। কোনো দলিলের তারিখ বলিতে প্রকৃতপক্ষে যে-সময়ে দলিলটি লিখিত বা সম্পাদিত হইয়াছিল তাহা বুঝায় না, বরং সম্পাদনের যে-সময় উক্ত দলিলে বর্ণিত থাকে উহাই ওই দলিলের তারিখ। কোনো মোকদ্দমার শুনানির জন্য নির্ধারিত তারিখ বলিতে বুঝায় যে-তারিখে শুনানি আরম্ভ হয়, এবং শুনানি মুলতবি করা হইলে, যে-তারিখ পর্যন্ত মুলতবি করা হইয়াছে তাহাও ওই তারিখের অন্তর্ভুক্ত।
- date of decree ডিক্রির তারিখ দেওয়ানি কার্যবিধির ২০ আদেশের ৭ নিয়মে ডিক্রির তারিখ দম্পর্কে বলা হইয়াছে যে, যে-তারিখে রায় দেওয়া হইয়াছে ডিক্রিতে সেই তারিখ দিতে হইবে, এবং বিচারক যখন এই মর্মে সন্তুষ্ট হইবেন যে, রায়-অনুসারে ডিক্রি প্রণীত হইয়াছে, তখন ডিক্রিতে স্বাক্ষর দান করিবেন। দেওয়ানি বিধি ও আদেশসমূহের (C.R.O.) বিধান-অনুসারে রায় লিখিত হইবার সাতদিনের মধ্যে ডিক্রি প্রস্তুতপূর্বক স্বাক্ষর করিতে হইবে। যে-তারিখে ডিক্রিতে স্বাক্ষরদান করা হয় আপিল দায়েরের ক্ষেত্রে ওই তারিখ ইইতে তামাদি গণনা করা হয়।
- date stamp তারিখের সিলমোহর দলিল-দস্তাবেজে তারিখ বসাইবার জন্য ব্যবহৃত যে-রবারস্ট্যাম্পে ছাপ তারিখ বদলাইয়া লওয়া যায় বা ওই রবার স্ট্যাম্পের ছাপ বা ছাপে-চিহ্নিত তারিখ।
- day n. দায় বি. কোনো জমিদারি, তালুক, জোত, প্রজাস্বত্ব অথবা জমি সম্পর্কে উক্ত জমিদারি, তালুক, জোত, প্রজাস্বত্ব অথবা জমির অধিকারী কর্তৃক ইহার উপরে সৃষ্ট কোনোপ্রকার বন্ধক, দায়, পূর্বদায়, অধীন প্রজাস্বত্ব, বর্তস্বত্ব অথবা অন্য কোনো অধিকার অথবা স্বার্থ যাহাদারা উক্ত জমিদারি, তালুক, জোত, প্রজাস্বত্ব অথবা জমির অধিকারীর নিজ স্বার্থের ওপর সীমাবদ্ধতা আরোপিত হয়।
- day n. দিন, দিবস বি. 'দিন' শব্দদারা, ইংরেজি কালগণনার পদ্ধতিতে মধ্যরাত্রিতে গুরু হইয়া পরবর্তী ২৪ ঘণ্টাকাল পর্যন্ত সময় বুঝায়। অর্থাৎ রাত্রি ১২টা হইতে পরবর্তী রাত্রির ১২টা পর্যন্ত সময়কে একদিন ধরা হয়। আদিপাঠে বিপরীত কিছু না

dayabhagha ২৮০

থাকিলে 'দিন' বলিতে অবশ্যই চবিবশ ঘণ্টাকাল বুঝাইবে— বারো ঘণ্টা কাল নহে। প্রাকৃতিক দিন চবিবশ ঘণ্টায় পূর্ণ হয় এবং সৌরদিনও রাত্রিকে ধারণ করে, অন্যদিকে অ-প্রাকৃতিক বা কৃত্রিম দিন সূর্যোদয় হইতে শুরু হইয়া সূর্যান্ত পর্যন্ত বিস্তৃত থাকে। আইনে কোনো কোনো ক্ষেত্রে দিন বলিতে কর্মদিবস বুঝায় আবার কোনো কোনো ক্ষেত্রে পঞ্জিকার ধারাণত দিন বুঝায়। ফৌজদারি কার্যবিধির ২৪৭ ধারায় ব্যবহৃত অর্থ-অনুসারে, দিন বলিতে শুনানির জন্য মামলাটির ডাক পড়িবার সময়কে বুঝানো হয়— আদালতের সমস্ত কর্মদিবসকে বুঝায় না। দিন বাংলা পঞ্জিকামতে সূর্যোদয় হইতে এবং হিজরি পঞ্জিকা মতে সূর্যান্ত বা নিশাগম হইতে শুরু হয়।

- dayabhagha n. দায়ভাগ বি. দায়ভাগ নীতি কোনো নির্দিষ্ট সংহিতা নয়; বরং বলা যায় বিভিন্ন সংহিতার সমিলিত রূপ। দ্বাদশ শতান্দীতে জীমৃতবাহন ইহা রচনা করেন। ইহা বাংলাদেশে ও পশ্চিমবাংলায় হিন্দুদের গৃহীত মতবাদ। দায়ভাগ নীতিকে হিন্দু আইনের প্রগতিশীল মতবাদ হিসাবেও গণ্য করা হয়। ইহাকে বাংলায় হিন্দু মতবাদও বলা যায়।
- daybook n. দৈনিক বহি প্রতিদিনের তাৎক্ষণিক হিসাবের খাতা। ব্যবসায়ী এবং বণিকগণ কর্তৃক রক্ষিত খাতা যাহাতে প্রতিদিনের বিক্রয় বা লেনদেন তাৎক্ষণিকভাবে লিপিবদ্ধ করিয়া পরবর্তীকালে বৃহৎ জমা-খরচের খাতা বা খতিয়ান বইতে স্থানান্তর করা হয়।
- days of grace অনুগ্রহ দিবস, বাড়িত দিন বিলের মেয়াদ পূর্ণ হইবার পর বিল পরিশোধের জন্য স্বীকৃতিকারীকে অতিরিক্ত তিনদিনের সময় দেয়া হয়। এই তিনদিনের সময়কে অনুগ্রহ দিবস বলা হয়। চাহিবামাত্র দিবার অঙ্গীকারাবদ্ধ হুঙি ব্যতীত অন্য প্রকার হুঙিতে টাকা পরিশোধের ধার্য তারিখের সহিত যে-অতিরিক্ত তিনদিন যোগ করা হয়, তাহাকে বাড়িত দিন বলা হয়। হস্তান্তরযোগ্য দলিল আইনের ২২ ধারায় তদ্রুপ বিধান আছে।
- day-training centre দিবস-প্রশিক্ষণ কেন্দ্র যে-স্থানে সামাজিক শিক্ষাপ্রদান এবং
 অবেক্ষাধীনদের নিবিড় তত্ত্বাবধানের ব্যবস্থা করা হয়। ইংল্যান্ডে ছোটখাটো
 অপরাধের জন্য আদালত প্রথমবার দোষী সাব্যস্ত ব্যক্তিদের কারাদণ্ডের পরিবর্তে
 অবেক্ষাধীন শান্তি প্রদান করিয়া ওইরূপ কেন্দ্রে যোগ দিবার আদেশ দিয়া থাকেন।
 ফৌজদারি কার্যবিধির বাতিলকৃত ৫৬২ ধারায় কতিপয় অপরাধে প্রথমবার দোষী
 সাব্যস্ত ব্যক্তিদের অবেক্ষাধীন শান্তিপ্রদানের বিধান ছিল।
- dead freight সৃঙ জাহাজভাড়া রগুনিকারকের জাহাজে চুক্তি-অনুসারে পর্যাপ্ত পরিমাণ পণ্য বোঝাই করিতে না পারিলে শূন্যস্থানের ভাড়ার ক্ষতিপূরণের জন্য জাহাজিকে যে-অর্থ প্রদান করা হয়।

२৮১ death row

dead hand নৈর্ব্যক্তিক মালিকানা কোনো ধর্মীয়, জনসেবামূলক ইত্যাদি প্রতিষ্ঠানের হল্তে স্থায়ীভাবে জমি, সম্পত্তি ইত্যাদি যে-বিধিব্যবস্থামতে ন্যন্ত হয়।

- dead loan মৃত ঋণ যে-ঋণ আদায় হইবার আর কোনো সম্ভাবনা নাই।
- deadly force মারাত্মক বলপ্রয়োগ মৃত্যু বা গুরুতর দৈহিক ক্ষতি ঘটাইবার প্রকৃত ঝুঁকি সৃষ্টি করিতে পারে, এমন সহিংস কর্ম। কোনো ব্যক্তি কেবল প্রাণঘাতী আঘাতের জবাবেই আত্মরক্ষার্থে পালটা প্রাণঘাতী শক্তি ব্যবহার করিতে পারেন। গ্রেপ্তার এড়াইতে লঘু অপরাধে অভিযুক্ত পলায়নমান ব্যক্তির বিরুদ্ধে মারাত্মক বলপ্রয়োগ অনুমোদিত নহে।
- dead security মৃত জামানত যে-জামানতকৃত সম্পদকে সহজে অর্থে রূপান্তর করা যায় না।
- dead weight অন্যন ওজন জাহাজ, রেলগাড়ি বা বিমান-বাহিত পণ্যের পরিমাপনির্বিশেষে যে-ওজনের জন্য পরিবহণ মাতল দেওয়া হয়।
- deaf and dumb বোবা ও বধির সাক্ষ্য আইনের ১১৯ ধারা-অনুসারে, বোবা ও বধির ব্যক্তি সাক্ষ্য দেওয়ার যোগ্য। যে-সাক্ষী কথা বলিতে অক্ষম, তিনি তাঁহার বক্তব্য অন্য কোনোভাবে অর্থাৎ লিখিয়া বা ইঙ্গিতে বুঝাইতে পারেন এবং সেইভাবে সাক্ষ্য দিতে পারেন, তবে সেই সাক্ষ্য প্রকাশ্য আদালতে লিখিতভাবে বা ইঙ্গিতে দিতে হইবে। এইরূপভাবে যে-সাক্ষ্য দেওয়া হইবে তাহা মৌখিক সাক্ষ্য বলিয়া গণ্য হইবে।
- death certificate মৃত্যুর প্রত্যয়নপত্র কাহারো মৃত্যুতে কোনো যোগ্যতাসম্পন্ন চিকিৎসক মৃত ব্যক্তির মৃত্যুর কারণ ও সময় নির্দেশ করিয়া যে-প্রমাণপত্র রচনা ও স্বাক্ষর করেন।
- death duties মৃত্যুকর বি. কোনো ব্যক্তি নির্দিষ্ট পরিমাণের অতিরিক্ত সম্পত্তি রাখিয়া মারা গেলে ওই সম্পত্তির উপর ধার্য কর। এই করকে ভূসম্পত্তি করও বলা হয়।
- death penalty মৃত্যুদও বি. capital punishment দ্ৰ.।
- death row মৃত্যুদণ্ডিতদের সারি মৃত্যুদণ্ডাজ্ঞাপ্রাপ্ত বন্দিদের কারাকক্ষের সারি।

death warrant 252

death warrant মৃত্যু-পরওয়ানা কোনো অপরাধী ব্যক্তির বিরুদ্ধে প্রদন্ত মৃত্যুদণ্ডাদেশ কার্যকর করিবার জন্য আদালতের বিচারকের লিখিত আদেশপত্র বা পরওয়ানা।

- debatable adj. অমীমাংসিত, বিতর্কিত, তর্কসাপেক্ষ বিণ. যে-বিষয়ে মতান্তরের বা মতবিরোধের সুযোগ রহিয়াছে; যে-ভূখণ্ডে একাধিক দেশের দাবি রহিয়াছে।
- debattar, debutter n. দেবোত্তর বি. devattar দ্র.।
- de bene esse কল্যাণকর বিণ, বিদ্যমান অবস্থার পরিপ্রেক্ষিতে অথবা ভবিষ্যতে যাহা ঘটিতে পারে, তাহা অনুমান করিয়া যে-কার্যপন্থা অবলম্বন করা সর্বোত্তম। উদাহরণস্বরূপ, মামলা শুনানির সময়ে যে-সাক্ষীর অনুপস্থিত থাকিবার সম্ভাবনা, তাঁহার জবানবন্দি আগেই গ্রহণ করা।
- debenture n. কোম্পানির ঋণপত্র সাধারণত কোনো কোম্পানিকে প্রদন্ত ঋণের বীকৃতি ও শর্তাবলি-সংবলিত একটি দলিল। এইপ্রকার ঋণ সাধারণত দীর্ঘমেয়াদি হয় এবং তাহা কোম্পানির সম্পত্তির উপর দায় সৃষ্টি করিয়া নিরাপদ করা যায়; কোম্পানির উন্মুক্ত ঋণপত্র অর্থ পরিশোধ করিবার অঙ্গীকার ভিনু অন্য কিছু নহে। কোম্পানির ঋণপত্র কোনো একজন ঋণদাতার বরাবরে (একজন ঋণপত্র ধারণকারী) দেওয়া যায় অথবা একদল ঋণদাতার (অংশীদারী ঋণপত্রধারণকারী) পক্ষে তাহাদের অছির বরাবরে দেওয়া যায়। কোম্পানির ঋণপত্র দ্বারা যে-মূলধন সংগ্রহ করা হয়, তাহাকে দেনা মূলধন বলা হয়। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২(চ) ধারা-অনুসারে, কোম্পানির পরিসম্পদের উপর কোনো চার্জ বা দায় সৃষ্টি করুক বা না করুক, কোম্পানির ডিবেঞ্চার, উক, বন্ড ও অন্যবিধ সিকিউরিটিও এই সংজ্ঞার্থের অন্তর্ভুক্ত হইবে।
- debit n. বরচ, বিকলন বি. বতিয়ান বই বা জমা-বরচের বাতার বাম দিকের পৃষ্ঠা, যেখানে কোনো হিসাবের সকল দায় লিপিবদ্ধ করা হয়। সংশ্লিষ্ট হিসাবের ধারকের নিকট হইতে ন্যায্য পাওনা হিসাবে যাহা দাবি বা কর্তন করা হয়।
- de bonis non administratis মৃতের অব্যবস্থিত সম্পত্তি-ঘটিত মৃত ব্যক্তির সম্পত্তির ব্যবস্থাপনা সমাপ্ত করিবার পূর্বেই কোনো নির্বাহী না রাখিয়া আদালতকর্তৃক নিযুক্ত ব্যবস্থাপকের মৃত্যুর কারণে নির্বাহ কার্যের ধারাবাহিকতা ভঙ্গ হইলে আদালত মৃত ব্যক্তির সম্পত্তির ব্যবস্থাপনার জন্য নতুনভাবে ব্যবস্থাপনাপত্র মনজুর করেন। উত্তরাধিকার আইনের ৩১৩ ধারায় বলা হইয়াছে যে, অব্যবস্থিত সম্পত্তির ব্যবস্থাপকের ক্ষমতা আদি ব্যবস্থাপকের ক্ষমতার অনুরূপ হইবে। অর্থাৎ নতুন ব্যবস্থাপক আদি ব্যবস্থাপকের ন্যায় একইরূপ ক্ষমতার অধিকারী হইবেন।
- debt n. খপ बि. ১. ফেরত দিবার শর্ডে এক ব্যক্তি বা একাধিক ব্যক্তির নিকট হইতে একাধিক ক্ষান্ত ক্র্যক্তিক সাময়িক ব্যবহারের জন্য গৃহীত অর্থ। ২০০৩ সালের অর্থঝণ আদালত আইনের ২ ধারা-অনুকাশ্রে, অপ্রিম, ধার, নগদ ঋণ, ওভারদ্রাফট, ব্যাংকিং

ক্রেডিট, বাটাকৃত বা ক্রীত বিল, ইসলামি শরিয়া মোতাবেক পরিচালিত আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগকৃত অর্থ বা অন্য যে-কোনো আর্থিক আনুকূল্য বা সুযোগ-সুবিধা, তাহা যে-নামেই অভিহিত হউক না কেন। গ্যারান্টি, ইনডেমনিটি, ঝণপত্র বা অন্য কোনো আর্থিক বন্দোবস্ত যাহা ঝণগ্রহীতার পক্ষে কোনো আর্থিক প্রতিষ্ঠান প্রদান বা জারি করে বা দায় হিসাবে গ্রহণ করে। কোনো আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক উহার কোনো কর্মকর্তা বা কর্মচারীকে প্রদন্ত কোনো ঝণ এবং উপরিউল্লিখিত ঋণ বা, ক্ষেত্রমতো, ইসলামি শরিয়া-অনুযায়ী পরিচালিত আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগকৃত অর্থের উপর বৈধভাবে আরোপিত সুদ, দণ্ড সুদ বা মুনাফা বা ভাড়া। ২. দেনা অর্থ পরিশোধের দায়িতু।

debtor n. & adj. দেনাদার বি. বিণ. যে-ব্যক্তি ঋণের অর্থ গ্রহণ করেন। লাডক্ষতির ভাগাভাগির ভিত্তিতে টাকার আমানতগ্রহণকারী ব্যক্তি, কোম্পানি বা প্রতিষ্ঠান।
লাভ-ক্ষতির ভাগাভাগি, ভাড়ায় খরিদ বা ইজারার ভিত্তিতে বা অন্য কোনোভাবে
আর্থিক সুযোগ-সুবিধা গ্রহণকারী ব্যক্তি, কোম্পানি বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত।
কেহ যদি অন্যের নিকট হইতে নগদ অর্থ ধার নেন অথবা বাকিতে পণ্য অথবা সম্পত্তি
খরিদ করেন, তাহা হইলে তিনি ধার দেওয়া অর্থ অথবা খরিদ করা পণ্য অথবা
সম্পত্তির মূল্য পরিশোধ না করা পর্যন্ত উক্ত ব্যক্তির নিকট দেনাদার থাকেন। দেওয়ানি
আদালত যে-ব্যক্তির বিরুদ্ধে অর্থ অথবা সম্পত্তি ফেরত দিবার ডিক্রি প্রদান করেন,
তাঁহাকে দায়িক বলা হয়।

debtor-creditor agreement পাওনাদার-দেনাদার চুক্তি ইংল্যান্ডে ভোজাঝণ আইনের দ্বারা নিয়ন্ত্রিত একপ্রকার ভোজাঝণ চুক্তি। বাংলাদেশে ভোজাঝণ আইন না থাকায় চুক্তি আইনদারা ওইরূপ চুক্তি নিয়ন্ত্রিত হইতে পারে।

debtor-creditor-supplier agreement পাওনাদার-দেনাদার-সরবরাহকারী চুক্তি ইংল্যান্ডে ভোজাঝণ আইনের দ্বারা নিয়ন্ত্রিত এক প্রকার ভোজাঝণ চুক্তি। (১) ইহা পাওনাদার ও দেনাদারের মধ্যে কোনো লেনদেনে অর্থপ্রদানের জন্য সীমাবদ্ধ ব্যবহারের ঝণ্চুক্তি হইতে পারে, যাহা উক্ত চুক্তির অংশ হইতে পারে বা না-ও হইতে পারে (উদাহরণস্বরূপ, বাকিতে পণ্যক্রয়় উল্লেখ করা যায়); (২) দেনাদার ও সরবরাহকারীর মধ্যে কোনো লেনদেনে পাওনাদারকর্তৃক তাঁহার ও সরবরাহকারীর মধ্যে হিরীকৃত অর্থপ্রদানের জন্য সীমাবদ্ধ ব্যবহারের ঝণ্চুক্তি হইতে পারে; অথবা (৩) দেনাদার ও সরবরাহকারীর মধ্যে কোনো লেনদেনে পাওনাদার ও সরবরাহকারীর মধ্যে পূর্বস্থিত কোনো ব্যবস্থার অধীনে উক্ত ঝণ ব্যবহার করা হইবে জানিয়া সীমাহীন ব্যবহারের ঝণ্চুক্তি হইতে পারে। বাংলাদেশে ভোজাঝণ আইন না থাকায় চুক্তি আইন্দারা ওইরেপ চুক্তি নিয়ন্ত্রিত হইতে পারে।

deceit 2v8

deceit n. প্রতারণা, প্রবঞ্চনা বি.. যদি কেহ জ্ঞাতসারে অথবা হঠকারিতাপূর্বক কোনো ঘটনা সম্পর্কে এমন উদ্দেশ্যে মিথ্যা কথা বলেন যে, অপর কোনো ব্যক্তি তাহার উপর নির্ভর করিয়া কাজ করেন এবং উক্ত ব্যক্তি যদি মিথ্যা কথার উপর নির্ভর করিয়া সেই কাজ করিয়া ক্ষতিগ্রস্ত হন, তবে যে-অপকার সাধিত হয় এইরূপ ক্ষেত্রে প্রথমাক্ত জন পূরণযোগ্য ক্ষতির দায়ে দায়ী হন। 'প্রতারণা' বা 'প্রতারকের কৌশন' একটি সৃক্ষ, ধূর্ত ফন্দি বা পরিকল্পনা যাহার অন্য কোনো নাম নাই। সকল ধরনের শঠতা, সৃক্ষতা, চাতুর্য, প্রবঞ্চনা, ধূর্ততা, অবজ্ঞা, দক্ষতা, গোপন চুক্তি, আচরণ ও আক্রমণ এবং অন্যকে প্রতারিত করিবার জন্য যে-কোনো উপায়, যাহার 'অপরাধ' বাতীত কোনো যথার্থ বা সনির্দিষ্ট নাম নাই। এতৎসহ cheating দ্র.।

decentralization n. বিকেন্দ্রীকরণ ক্রি. শিল্প, শ্রমিকসাধারণ, জনমওলী ইত্যাদি কোনো অতিসমাবেশস্থল হইতে দূরে বিস্তৃত অঞ্চল জুড়িয়া স্থানান্তর। কোনো অতিকেন্দ্রিক (অর্থাৎ যাহার কোনো বিশেষ অংশ বা কর্তৃগোষ্ঠীতে সমূহ ক্ষমতা বা অধিকার জমা হইয়াছে) সংগঠন বা প্রতিষ্ঠানে ক্ষমতা বিভিন্ন অংশের মধ্যে বন্টন করিয়া দিয়া প্রাতিষ্ঠানিক পুনঃসংগঠন।

deception n. প্রবঞ্চনা বি. কথা অথবা আচরণের দারা তথ্য (অভিপ্রায়সহ) বা আইন ঘটিত কোনো বিষয় ইচ্ছাকৃতভাবে অথবা হঠকারিতাপূর্বক অন্য কোনো ব্যক্তির নিকট মিথ্যা উপস্থাপনা। ইংল্যান্ডে প্রবঞ্চনা এমনিতে কোনো অপরাধ নহে, তবে ছয় প্রকার কারাদণ্ডযোগ্য অপরাধের সঙ্গে প্রবঞ্চনা জড়িত থাকে: (১) সম্পত্তি হস্তগত করা; (২) বার্ষিক ভাতা, চুক্তিপত্র, বিমা-চুক্তিপত্র, ব্যাংক হইতে ওভারড্রাফট গ্রহণ অথবা চাকুরিতে অতিরিক্ত টাকা আয় করিবার বা বাজিতে অর্থলাভের সুযোগ্গ্রহণ; (৩) কোনো সেবালাভ করা (উদাহরণস্বরূপ গাড়িচালক, টাইপিস্ট বা মোটরগাড়ি ভাড়া করা); (৪) সম্পূর্ণত বা অংশত স্থায়ী খেলাপের উদ্দেশ্যে অর্থ পরিশোধের একটি বর্তমান দায় (নিজের হউক অথবা অন্যের হউক) হইতে অব্যাহতি লাভ করা; (৫) পাওনা ঝণের টাকা আদায়ে কাহাকেও অপেক্ষমাণ রাখা অথবা তাহা ছাড়িয়া দিতে উদুদ্ধ করা: (৬) কোনো কিছুর জন্য অর্থপ্রদানের দায় হইতে অব্যাহতি বা ছাড় লাভ করা (উদাহরণস্বরূপ, বয়ন্ধ নাগরিক বলিয়া ভান করিয়া বিনা ভাড়ায় অথবা শস্তায় ভ্রমণ করা)। অন্য কোনো অবস্থায় কাহাকেও প্রবঞ্চিত করা কোনো অপরাধ নহে, যদি না তাহাতে জালিয়াতি অথবা ভুয়া হিসাবের কোনো উপাদান থাকে। দওবিধির ৪১৭ ও ৪১৬ ধারায় প্রবঞ্চনার অপরাধের সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে এবং 8১৭ হইতে ৪২০ ধারায় বিভিন্ন প্রকারের প্রবঞ্চনার জন্য শান্তির বিধান করা হইয়াছে। এতৎসহ cheating দ্ৰ.।

₹₩ declaration

decertify vb. বারিজ করা ক্রি. কোনো প্রতিষ্ঠানাদির কোনো বিশেষ অধিকার বা অনুমতিপত্র খারিজকরণ; কোনো প্রতিষ্ঠান বা কোনো ব্যক্তিকে কোনো দলিল বা অনুমতিপত্রবলে যে-বিশেষ কর্ম পালন করিবার অধিকার পূর্বে দান করা হইয়াছে তাহা বাতিল করা।

- decide vb. কয়সালা করা, রায় দেওয়া ক্রি. কোনো প্রশু, বিতর্ক বা উৎস সঠিকভাবে নিরূপণ করা। সুনির্দিষ্ট মতামত গঠন করা; রায় প্রদান করা; আদালতে কোনো মোকদ্দমা বা কার্যধারায় কোনো পক্ষের সপক্ষে বা বিপক্ষে রায় দেওয়া।
- decide on the merits তণাতণের ভিন্তিতে ফয়সালা করা যথাযথভাবে সাক্ষ্যপ্রমাণ বিবেচনা করিয়া ঘটনা সম্পর্কিত গুরুত্বপূর্ণ প্রশ্নের নিষ্পত্তি। কোনো কোনো ক্ষেত্রে নিষ্পত্তি করা বলিতে গুণাগুণের ভিন্তিতে ফয়সালা করা বুঝায় না, কেবল নিষ্পত্তি করা বুঝায়। দেওয়ানি কার্যবিধির ১৭ আদেশের ৩ নিয়মে বর্ণিত 'মোকদ্মমাটি তৎক্ষণাৎ নিষ্পত্তি' করা বলিতে আদালতের সম্মুখে এমন কিছু উপাদান বিদ্যমান থাকা নির্দেশ করে, যাহার উপর নির্ভর করিয়া আদালত সিদ্ধান্ত গ্রহণ করিতে পারেন। ইহা বাদীকর্তৃক কোনো সাক্ষ্য উপস্থাপন না করা অবস্থায় মোকদ্দমা সরাসরি খারিজ করিবার সমত্বল্য নহে।
- decide the suit forthwith অবিলম্বে মোকদ্দমাটির রায় দেওয়া দেওয়ানি কার্যবিধির ১৭ আদেশের ৩(ক) নিয়মে বর্ণিত এই উক্তিদ্বারা আদালতের সম্মুখে এইরূপ কোনো তথ্য বা সাক্ষ্যপ্রমাণ থাকা বুঝায় যাহার উপর নির্ভর করিয়া মোকদ্দমায় সিদ্ধান্ত প্রদান করা হয়়। যখন বাদী কর্তৃক কোনো সাক্ষ্য প্রদান না করিবার কারণে মোকদ্দমা খারিজ করা হয়, ইহা তাহার সমপর্যায়ের নহে।
- declaration n. ঘোষণা বি. ১. (সাক্ষ্য আইনে) হলফপাঠ ব্যতিরেকে প্রদত্ত মৌথিক অথবা লিখিত বক্তব্য। জনশ্রুতিমূলক সাক্ষ্যের নিয়মের ব্যতিক্রম হিসাবে আদালত-বহির্ভূত যে-ধরনের বক্তব্য সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য, সে-সম্পর্কে এই পরিশব্দটি প্রায়শ প্রয়োগ করা হয় (উদাহরণস্বরূপ, নিজ স্বার্থবিরুদ্ধ ঘোষণা, বংশপরিচয় সম্পর্কে ঘোষণা, সাধারণের অধিকার-সম্পর্কিত ঘোষণা, এবং কর্তব্যসম্পাদনসূত্রে ঘোষণার কথা উল্লেখ করা যায়)। কী কী প্রকার জনশ্রুতিমূলক সাক্ষ্য কোন কোন অবস্থায় গ্রহণযোগ্য, তাহা সাক্ষ্য আইনের ৩২ ধারায় বলা

হইয়াছে। ২. কোনো ব্যক্তির পদমর্যাদা অথবা সম্পত্তিতে অধিকার থাকা সম্পর্কে আদালতের স্ববিবেচনাধীন একটি প্রতিকার। এইরূপ ঘোষণামূলক ডিক্রি বলবৎ করা যায় না। সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৪২ ধারায় পদমর্যাদা অথবা সম্পত্তিতে কাহারো অধিকার সম্পর্কে আদালতকর্তৃক স্ববিবেচনাধীন ঘোষণামূলক ডিক্রি প্রদানের কথা বলা হইয়াছে। ৩. সংবিধানের ১০২ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে কোনো সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনক্রমে হাইকোর্ট বিভাগ প্রজাতন্ত্র অথবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলির সহিত সংশ্রিষ্ট যে-কোনো দায়িত্বপালনরত ব্যক্তির কৃত কোনো কার্য বা গৃহীত কোনো কার্যধারা আইনসংগত কর্তৃত্ব্যতিরেকে করা হইয়াছে বা গৃহীত হইয়াছে ও তাহার কোনো আইনগত কার্যকরতা নাই বলিয়া ঘোষণা করিয়া আদেশ দান করিতে পারেন। এই প্রকারের মামলায় কোনো আইন অথবা নিম্ন আদালতের বা প্রশাসনিক কর্তৃপক্ষের অথবা ট্রাইব্যুনালের সিদ্ধান্ত অবৈধ বলিয়া ঘোষণা করা যায়। এইরূপ মামলায় দরখান্তকারীকে তাঁহার যে মামলা দায়ের করিবার অধিকার আছে অর্থাৎ ওই মামলার বিচার্য বিষয়ে তিনি যে সরাসরি জডিত, তাহা প্রদর্শন করিতে হয়। তবে জনস্বার্থে মামলা দায়ের করিলে দরখাস্তকারী সরাসরি জড়িত না থাকিলেও মামলা চালাইতে পারেন। কেবল কিছু অনানুষ্ঠানিকতার কারণে যে-ঘোষণা গ্রহণযোগ্য নহে তাহা দওবিধির ১৯৯ ও ২০০ ধারায় ব্যবহৃত অর্থে একটি ঘোষণা। 8. কোনো ব্যক্তিকে কোনো নাবালকের অভিভাবক হিসাবে স্বীকৃতিপূর্বক জেলা আদালতের কোনো আদেশ।

declaration of trust ন্যাস-ঘোষণা সম্পত্তি ন্যাস-ব্যবস্থাধীনে থাকিবে, এই মর্মে নির্দেশমূলক একটি বিবৃতি। সম্পত্তি ন্যাস-ব্যবস্থাধীনে থাকিবের অভিপ্রায় পরিষ্কারভাবে ব্যক্ত করা হইলে ন্যাস-ঘোষণার জন্য সুনির্দিষ্ট শব্দাবলি ব্যবহারের প্রয়োজন নাই। একবার ন্যাসের ঘোষণা প্রদান করা হইলে অছি নিযুক্ত হইবার জন্য অভিপ্রেত ব্যক্তি সম্পত্তির দখলে থাকিলেও তিনি তাহা নিজের উপকারার্থে ব্যবহার করিতে পারেন না। ১৮৮২ সালের ন্যাস আইনের ৫ ধারায় বলা হইয়াছে, স্থাবর সম্পত্তি নিবন্ধনকৃত দলিল অথবা ইচ্ছাপত্রমূলে এবং অস্থাবর সম্পত্তি মানিকানাহন্তান্তরের মাধ্যমে ন্যাস করা যায়। উক্ত আইনের ৬ ধারায় বলা হইয়াছে, যিনি সম্পত্তি ন্যাস করিবেন তিনি (ক) ন্যাস করিবার অভিপ্রায়, (খ) ন্যাস করিবার উদ্দেশ্য, (গ) ন্যাসের হিতভোগী, এবং (ঘ) ন্যাস-সম্পত্তি সম্পর্কে যুক্তিসংগতমতে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিলে এবং (ইচ্ছাপত্রদারা ন্যাস ঘোষণার অথবা যিনি ন্যাস করেন তিনি নিজে অছি হওয়ার ক্ষেত্র ব্যতীত) সম্পত্তি অছির নিকট হস্তান্তরিত হইলে উক্ত ৫ ধারার বিধানসাপেক্ষে ন্যাসের সৃষ্টি হয়।

declaration of war যুদ্ধঘোষণা কোনো দেশের সার্বভৌম কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত সেই দেশ এবং বর্ণিভ অন্য কোনো দেশের মধ্যে যুদ্ধের বিদ্যমানতা জানাইয়া লিখিত ঘোষণা বা ঘোষণাপত্র। সংবিধানের ৬৩ অনুচ্ছেদ-অনুসারে, সংসদের সম্মতি २৮९ decree

ব্যতীত, যুদ্ধ ঘোষণা করা যাইবে না কিংবা প্রজাতন্ত্র কোনো যুদ্ধে অংশগ্রহণ করিবেন না। ৭২(৩) অনুচ্ছেদ-অনুসারে, যুদ্ধে লিপ্ত থাকিবার কালে সংসদের মেয়াদ (সংসদের প্রথম বৈঠকের তারিখ হইতে পাঁচ বৎসর) এককালে অনধিক এক বৎসর বর্ধিত করা যাইতে পারিবে তবে যুদ্ধ সমাপ্ত হইলে বর্ধিত মেয়াদ কোনোক্রমে ছয় মাসের অধিক হইবে না। ৭২(৪) অনুচ্ছেদ-অনুসারে, যুদ্ধাবস্থার বিদ্যমানতার জন্য রাষ্ট্রপতি ভাঙ্গিয়া যাওয়া সংসদ পুনরাহ্বান করিতে পারেন। অন্যদিকে ৭২(১) অনুচ্ছেদের ২য় শর্ত-অনুসারে সংসদ আহ্বানের জন্য প্রধানমন্ত্রী কর্তৃক রাষ্ট্রপতিকে লিখিত পরামর্শদানের বিধান আছে। এমতাবস্থায় সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় প্রধানমন্ত্রী স্বীয় পদে না থাকিলেও যুদ্ধাবস্থার কারণে সংসদ আহ্বানের প্রয়োজন হইলে রাষ্ট্রপতি ৫৭(৩) অনুচ্ছেদের আওতায় (সাবেক) প্রধানমন্ত্রীর লিখিত পরামর্শ গ্রহণ করিয়া সংসদ আহ্বান করিতে পারেন। অনুচ্ছেদ ৫৮ক-এর শর্তানুযায়ী নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের কার্যকরতাকালেও ৭২(৪) অনুচ্ছেদের উদ্দেশ্যে ৫৭(৩) অনুচ্ছেদ প্রয়োগযোগ্য। অতএব সকল অবস্থায় যুদ্ধঘোষণা বা যুদ্ধে অংশগ্রহণ করিবার প্রয়োজনে সংসদের সম্বতিগ্রহণের ব্যবস্থা সংবিধানে বিদ্যমান। অপর কোনো দুই বা ততোধিক দেশের মধ্যে যুদ্ধাবস্থায় কোনো পক্ষকে নিজদেশের ভূখও ব্যবহার করিতে দেওয়া যুদ্ধে অংশগ্রহণ বলিয়া গণ্য এবং ইহার জন্য সংসদের সমতি আবশাক।

- declaratory decree ঘোষণামূলক ডিক্রি কোনো বৈধ সন্তা অথবা সম্পত্তির অধিকারী কোনো ব্যক্তি এমন যে-কোনো ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করিতে পারিবেন যিনি অধিকার অস্বীকার করিয়াছেন অথবা অস্বীকার করিবার আগ্রহ প্রকাশ করিয়াছেন এবং আদালত নিজের স্ববিবেচনামূলক ক্ষমতায় ঘোষণা করিতে পারেন যে, তাঁহার তেমন অধিকার রহিয়াছে এবং তেমন মামলায় বাদীর অন্য কোনো প্রতিকার চাহিবার প্রয়োজন নাই। তবে শর্ত থাকে যে, যে-ক্ষেত্রে বাদী গুধু স্বত্বের ঘোষণা ছাড়া আরো প্রতিকার পাইতে সমর্থ অথচ তাহা করা হইতে বিরত থাকেন, সেক্ষেত্রে আদালত ওইরূপ ঘোষণা প্রদান করিবেন না।
- declaratory judgement ঘোষণামূলক রায় যে-রায় সাধারণত তাহা বলবৎ করিবার ব্যবস্থা না করিয়া শুধু কোনো আইনের প্রশ্নে আদালতের মতামত ব্যক্ত করে অথবা পক্ষদিগের অধিকার ঘোষণা করে। তবে ঘোষণার দাবির সহিত অন্য কোনো বাস্তবিক প্রতিকারের দাবি একত্রিত করা যায়, যেমন সম্পত্তিতে স্বত্ব্-ঘোষণার সহিত খাসদর্যল পাইবার প্রার্থনা।
- decree n. ডিক্রি বি. আদালতের আদেশবিশেষ। দেওয়ানি কার্যবিধির ২ ধারার (২) উপধারায় বলা হইয়াছে যে, ডিক্রি বলিতে আদালতকর্তৃক আনুষ্ঠানিকভাবে প্রচারিত এমন বক্তব্য বুঝায়, যাহা মামলার বিচারে বিতর্কিত সমস্ত অথবা যে-কোনো বিষয়

decree absolute 256

সম্পর্কে পক্ষগুলির অধিকার নির্ধারণ করে। ডিক্রি প্রাথমিক অথবা চূড়ান্ত হইতে পারে। আরজি বাতিল এবং ১৪৪ ধারায় বর্ণিত কোনো প্রশ্ন নির্ধারণও ইহার অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে। তবে নিম্নলিখিত বিষয় ইহার অন্তর্ভক্ত হইবে না: (ক) যে-সিদ্ধান্ত আদেশের বিরুদ্ধে আপিল করা যায়, অথবা (খ) কোনো কাজ করিতে ব্যর্থতার জন্য কোনো খারিজ আদেশ। একটি ডিক্রি তখনই প্রাথমিক হয়, যখন মামলাটি সম্পূর্ণভাবে নিষ্পত্তি করিবার জন্য আরো কিছ কার্যধারা গ্রহণের প্রয়োজন থাকে। যখন মামলাটি সম্পূর্ণরূপে নিষ্পত্তি করিয়া সিদ্ধান্ত দেওয়া হয়, তখন ইহাকে চূড়ান্ত ডিক্রি বলে। দেওয়ানি কার্যবিধির ২০ আদেশের ৬ নিয়মে ডিক্রির বিষয়বস্তু সম্বন্ধে বলা হইয়াছে। কোন ধরনের মামলায় কী ধরনের ডিক্রি দেওয়া হইবে, তাহা উক্ত আদেশের ৮ হইতে ১৯ নিয়মে বলা হইয়াছে। ডিক্রিতে মামলার নম্বর, পক্ষগণের নাম ও পরিচয় এবং দাবির বিবরণ উল্লেখ করিতে হইবে এবং যে-প্রতিকার মনজুর করা হইয়াছে তাহা ও অন্যান্য সিদ্ধান্ত স্পষ্টরূপে নির্দেশ করিতে হইবে। মামলার খরচার পরিমাণ এবং তাহা কী অনুপাতে কে বহন করিবেন বা কোন সম্পত্তি হইতে তাহা নির্বাহ করা হইবে, ডিক্রিতে তাহাও উল্লিখিত থাকিবে। একপক্ষ কর্তৃক অপরপক্ষকে দেয় খরচার টাকা প্রথমোক্ত পক্ষের নিকট শেষোক্ত পক্ষের যে-পাওনা আদালত কর্তৃক নির্ধারিত হইয়াছে, তাহার পারস্পরিক পরিশোধের জন্য আদালত নির্দেশ দান করিতে পারিবেন। যে-তারিখে রায় দেওয়া হইয়াছে, ডিক্রিতে সেই তারিখ দিতে হইবে এবং বিচারক যখন এই মর্মে সম্ভষ্ট হইবেন যে, রায়-অনসারে ডিক্রি প্রণীত হইয়াছে, তখন ডিক্রিতে স্বাক্ষর দান করিবেন। এতংসহ decree absolute ও decree nisi দ্র.।

decree absolute নির্ব্যু ডিক্রি নির্দিষ্ট সময়ের মধ্যে অপর পক্ষের অজুহাত বা যুক্তি উপস্থাপিত বা প্রতিষ্ঠিত না হওয়ায় আদালতের অন্তর্বর্তী আদেশ বা রায় চূড়ান্ত ঘোষিত হওয়া।

decree and certificate ডিক্রি ও সার্টিফিকেট ডিক্রি এবং সার্টিফিকেট দুইটি ভিন্ন বস্তু। বিবাদীকে আইন মোতাবেক সমন দিয়া তাঁহার জবাব শুনিয়া রীতিমতো সাক্ষ্য-প্রমাণ গ্রহণ করিয়া রায়ের মাধ্যমে সিদ্ধান্ত দেওয়া হয় এবং তদনুযায়ী ডিক্রি প্রস্তুত হয়। এই পদ্ধতি ব্যতীত ডিক্রি প্রস্তুত হইতে পারে না। অন্যদিকে সার্টিফিকেট প্রস্তুত করিবার ক্ষেত্রে নোটিশ এবং প্রমাণ কোনোটিরই প্রয়োজন হয় না।

সার্টিফিকেট-কার্যক্রম অনেকটা ডিক্রিজারি কার্যক্রমের মতো। অন্যদিকে ডিক্রির ক্ষেত্রে উহা জারিকরণ ভিন্ন একটি পদ্ধতি। যখন সার্টিফিকেট অফিসার সন্তুষ্ট হইবেন যে, কোনো দাবি সরকারি দাবির আওতায় পড়িয়াছে এবং উহা জীবিত ব্যক্তি কর্তৃক প্রদেয় এবং উহা তামাদি হয় নাই তখন সার্টিফিকেট অফিসার সার্টিফিকেটে স্বাক্ষর করিবেন।

decree holder n. ডিক্রিদার বি. যে-ব্যক্তির পক্ষে ডিক্রি দেওয়া হয় অথবা ডিক্রি জারি করিবার জন্য উপযুক্ত কোনো আদেশ প্রদান করা হয়। decree nisi শর্তসাপেক্ষ ডিক্রি বিবাহবিচ্ছেদ, বিবাহবাতিল বা মৃত্যুর অনুমানসংক্রান্ত মামলায় শর্তসাপেক্ষে যে-ডিক্রি দেওয়া হয়। বিবাহবিচ্ছেদের মামলায় স্বামী ও স্ত্রী সকল বিষয়েই বিবাহিত বলিয়া বিবেচিত হয় যতক্ষণ না বিবাহবিচ্ছেদের ডিক্রি চূড়ান্ত হয়।

- dedication n. উৎসর্গ বি. কোনো জমির মালিককর্তৃক উহা জনসাধারণের ব্যবহারের নিমিত্তে দান করা এবং জনসাধারণকর্তৃক বা জনসাধারণের পক্ষে উহা অনুরূপ ব্যবহারের উদ্দেশ্যে গ্রহণ করা। জমির মালিককর্তৃক কোনো জমি সাধারণ এবং গণ-ব্যবহারের উদ্দেশ্যে নির্দিষ্ট রাখা। সম্পত্তিদান বা জনসাধারণের কল্যাণে নিয়োজিত করিবার কার্য। বেচ্ছাপ্রণোদিত হইয়া সম্পত্তি হইতে নিজের সর্বময় স্বার্থ ও অধিকার ত্যাগ করিয়া উহা জনকল্যাণে নিবেদন করা। সাধারণত শিক্ষা, সেবা, দাতব্য ও ধর্মীয় উদ্দেশ্যে এরূপ উৎসর্গ করা হয়।
- deductible adj. কর্তনযোগ্য, ব্যবকলনযোগ্য বিণ. যাহা ফিরাইয়া লওয়া যায় বা কর্তন করা যায়। যেমন করযোগ্য আয় নির্ধারণ করিবার ক্ষেত্রে দাতব্য উদ্দেশ্যে দান বাবদ অর্থ মোট আয় হইতে কর্তন করা বা বাদ দেওয়া হয়।
- deductions n. কর্তন বি. (চাকুরি আইনে) কর্মচারীর মজুরি হইতে কর্তিত অর্থ। কর্মচারীর মজুরি পরিশোধ আইনের ৭ ধারার (২) উপধারায় কর্তনের নিম্নপ্রকার ধরনের কথা বলা হইয়াছে :
 - (ক) জরিমানা; (খ) কর্তব্যে অনুপস্থিতির জন্য কর্তন; (গ) মালিকের মালামালের ক্ষতির জন্য কর্তন; (ঘ) মালিককর্তৃক আবাসিক সুযোগপ্রদান বাবদ কর্তন; (৬) সরকারি নির্দেশানুযায়ী মালিককর্তৃক সরবরাহকৃত অন্য কোনো সুযোগ-সুবিধা অথবা সেবা বাবদ কর্তন; (চ) অগ্রিম প্রদত্ত টাকা আদায়ের জন্য কর্তন; (ছ) আদানত অথবা কোনো ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের নির্দেশ-মোতাবেক কর্তন; (জ) ভবিষ্য তহবিলের চাঁদা অথবা অপ্রিম আদায় বাবদ কর্তন; (ঝ) বিমার অর্থ প্রদানের জন্য কর্তন; এবং (চ) ঝণপত্র খরিদের জন্য কর্মচারীর অনুমতিসাপেক্ষে প্রদেয় অর্থ কর্তন।
- deed n. দলিল বি. লেখ্যপ্রমাণ হিসাবে গৃহীত হইবার অভিপ্রায়ে সৃষ্ট এবং বৈধভাবে সম্পাদিত একটি লিখিত দস্তাবেজ। সাক্ষ্য আইনের ৩ ধারায় বলা হইয়াছে যে, দলিল অর্থ কোনো পদার্থের উপর অক্ষর, অঙ্ক অথবা চিহ্নের সাহায্যে অথবা উক্ত পন্থাসমূহের একাধিক পন্থায় (যে-পন্থা উক্ত বিষয় লিপিবদ্ধ করিবার উদ্দেশ্যে ব্যবহারের জন্য অভিপ্রেত অথবা ব্যবহার করা যাইতে পারে) প্রকাশিত অথবা বর্ণিত কোনো বিষয়। দণ্ডবিধির ২৯ ধারায় বলা হইয়াছে, দলিল বলিতে অক্ষরসমূহ, আকৃতিসমূহ অথবা চিহ্নসমূহের মাধ্যমে অথবা উক্ত মাধ্যমের একাধিকের সাহায্যে

deed of gift ২৯০

যে-কোনো বস্তুর উপর ব্যক্ত অথবা বিবৃত যে-কোনো বিষয় বুঝায়, যাহা উক্ত বস্তুর প্রমাণরূপে ব্যবহারের জন্য অভিপ্রেত অথবা যাহা উক্ত বস্তুর প্রমাণরূপে ব্যবহৃত হইতে পারে।

- deed of gift দানপত্র বি. যে-দলিল দারা দানগ্রহীতার নিকট হইতে দাতা কোনো পণ গ্রহণ না করিয়াই তাঁহার বরাবরে সম্পত্তি হস্তান্তর করেন। দাতার বিপক্ষে দানগ্রহীতা দানপত্র বলবৎ করিতে পারেন। ইংল্যান্ডে বিনা দলিলে সৃষ্ট দান বলবৎ করা যায় না, কিন্তু মুসলিম আইনে দানগ্রহীতার বরাবরে দাতা মৌখিকভাবে দানসূত্রে সম্পত্তি-হস্তান্তরের ঘোষণা করিলে, দানগ্রহীতা তাহা গ্রহণ করিলে, এবং দাতাকর্তৃক দানগ্রহীতার বরাবরে প্রদন্ত সম্পত্তির দখল হস্তান্তর করিলে বৈধ দান সৃষ্ট হইত। সম্পত্তি-হস্তান্তর আইনের ১২৩ ধারা-অনুসারে দাতার স্বাক্ষরযুক্ত অন্যন দুইজন সাক্ষীর দ্বারা সত্যায়িত ও নিবন্ধিত দলিলমূলে স্থাবর সম্পত্তি দান করা যায়। উক্ত আইনের ১২৯ ধারা-অনুসারে মুসলমান আইনের কোনো নিয়মকে ১২৩ ধারার বিধান ক্ষুণ্ন করিত না। বর্তমানে সকল দানপত্র রেজিন্ত্রি করিতে হয়।
- deemed adj. গণ্য বিণ. কোনো কিছু বলিয়া বিবেচিত। অনেক দলিলে (বিশেষত বিধিবদ্ধ আইনে) গণ্য বলিয়া বিবেচনা করিবার কৌশল অবলম্বিত হয়। বিধিবদ্ধ কোনো দলিলে (বিশেষত সংবিধিতে) কোনো সন্দেহ নিরসন কিংবা সংক্ষেপে মুসাবিদা করিবার নিমিন্ত কোনো কোনো শব্দ বা বাক্যাংশকে প্রদন্ত এমন একটি ব্যাখ্যা, যাহা সাধারণত ওইভাবে দেওয়া হইত না। বিষয়্যটিকে প্রকৃত বিষয় হিসাবে দেখা।
- deface vb. বিকৃত করা ক্রি. বিকৃত করা, নষ্ট করা, কদাকার করা। মুদা সম্পর্কে ইহার ব্যাকরণপত প্রকারভেদ এবং সমানজাতীয় অভিব্যক্তিগুলিসমেত ইহার অর্থ ছাটিয়া ফেলা, রেতি দিয়া কাটা বা ঘষা, ছাপ দেওয়া, অথবা মুদার উপরিভাগের বা আকারের এইরূপ কোনো পরিবর্তন করা যাহার ফলে স্বাভাবিক চেহারা হইতে উহা অনায়াসে পার্থক্যযোগ্য হয়। আকারের ক্ষতি সাধন করা; সৌন্দর্য নষ্ট করা; বিকলাঙ্গ করা বা স্বাভাবিক আকার নষ্ট করা। হিজিবিজি লেখা বা আঁকিবৃকি করিয়া একটি দালানকে বিকৃত করা যায়; ছাদের রঙের সাদৃশ্যহীনতা দ্বারা সৌন্দর্য নষ্ট করা যায়; এবং উহার উপরিভাগে একটি কুৎসিত ছোট গমুজ স্থাপন করিয়া কদাকার করা যায়। দগুবিধির ৪৭৭ ধারা-অনুসারে কতিপয় ধরনের দলিল বিকৃত করা একটি শান্তিযোগ্য অপরাধ।
- de facto বাস্তবিক, কার্যত বিণ. আইনসম্মত অধিকার হিসাবে না হইলেও বাস্তবিকপক্ষে অস্তিত্ব আছে, এমন। কোনো বিদেশি সরকারের আইনত অন্য কোনো দেশ শাসন করিবার অধিকার না থাকিলেও প্রকৃতপক্ষে সেই দেশ ইহার নিয়ন্ত্রণে থাকিলে অন্য কোনো দেশ তাহাকে স্বীকৃতি দিতে পারে। de jure তু.।

২৯১ defamation

de facto government কার্যত সরকার যথাযথ আইনি অর্থে যে-সরকার বেআইনিভাবে যথাযথ বৈধ সরকারের দখল ও নিয়ন্ত্রণ গ্রহণ করিয়া বৈধ সরকারের ইচ্ছার বিরুদ্ধে শক্তিপ্রয়োগ এবং অন্ত্রের জোরে ক্ষমতা বজায় রাখে এবং উক্তরূপে ক্ষমতাপ্রয়োগের দাবি করে। কার্যত সরকার দৃই প্রকার। এক, বিধিসম্মত কর্তৃপক্ষকে ক্ষমতাচ্যুত করিয়া তৎস্থলে নিজস্ব কর্তৃত্ব স্থাপনকারী সরকার। দৃই, কোনো দেশের অধিবাসীদের একটি অংশ সেই রাষ্ট্র হইতে স্বতন্ত্র হইয়া যে-স্বাধীন সরকার গঠন করে। এইরূপ ক্ষেত্রে সাফল্য লাভ করিলে সূচনা হইতে উক্ত সরকারের কার্যধারা স্বাধীন জাতির কর্মরূপে মর্যাদা লাভ করে।

de facto recognition কাৰ্যত স্বীকৃতিদান recognition দ্ৰ.।

defalcation n. তহবিল-তসরুফ বি. অর্থ আত্মসাতের ঘটনা। সরকারি অথবা কোনো ন্যাসের তহবিল-তসরুফ। কোনো ছলে প্রথানুগ ভাতার অংশবিশেষ ব্রাস, ছেদন বা কর্তন।

defamation মানহানি বি. কোনো উক্তি প্রকাশের ফলে সমাজের যথার্থ বিবেকসম্পন্ন ব্যক্তির দষ্টিতে সংশ্রিষ্ট ব্যক্তিকে যদি হেয় প্রতিপন্ন হইতে হয় অথবা এরূপ উক্তি প্রকাশের ফলে সমাজের অনেকে তাঁহাকে বর্জন করেন বা পরিহার করিয়া চলেন তবে তাহাকে মানহানি বলে। মানহানি সাধারণত মুখের কথায় হয়, কিন্তু ছবি, ভাবভঙ্গি এবং অন্যান্য কার্যাবলিও মানহানিকর হইতে পারে। ইংল্যান্ডের আইনে স্থায়ী আকারের এবং অস্থায়ী আকারের মানহানির মধ্যে পার্থক্য করা হয়। কিন্তু স্কটল্যান্ডে বা বাংলাদেশে তদ্রূপ কোনো পার্থক্য করা হয় না। মানহানির জন্য প্রতিকার নিষেধাজ্ঞা ও ক্ষতিপূরণ । দণ্ডবিধির ৪৯৯ ধারা-অনুসারে কতিপয় ক্ষেত্র ব্যতীত যিনি মৌথিক অথবা পাঠের জন্য অভিপ্রেত শব্দাবলি অথবা চিহ্নাদি অথবা দৃশ্যমান কল্পচিত্রের সাহায্যে কোনো ব্যক্তি সম্পর্কে কোনো নিন্দাবাদ প্রণয়ন অথবা প্রকাশ করেন এই অভিপ্রায়ে অথবা ইহা জানিয়া অথবা যেখানে ইহা বিশ্বাস করিবার যুক্তিসংগত কারণ থাকে যে অনুরূপ নিন্দাবাদ উক্ত ব্যক্তির সুনাম নষ্ট করিবে, তখন তিনি উক্ত ব্যক্তির মানহানি করিয়াছেন বলিয়া গণ্য হইবে। ইংল্যান্ডের মতো বাংলাদেশে মৌথিক কথার দারা মানহানি এবং লিখিত বা চিহ্নিত কোনো বস্তুর দারা মানহানির মধ্যে কোনো পার্থক্য নাই। তবে নিম্নলিখিত ক্ষেত্রে তাহা মানহানি হইবে না, যেমন:

(১) জনগণের খাতিরে সত্য দোষারোপ করা, (২) জনগণের প্রতি সরকারি কর্মচারীর আচরণ সম্পর্কে সদ্বিশ্বাসে অভিমত প্রকাশ করা, (৩) আদালতসমূহের কার্যবিবরণীর প্রতিবেদন প্রকাশ করা, (৪) যে-কোনো জনসমস্যা সম্পর্কে কোনো ব্যক্তির আচরণ সম্পর্কে সদ্বিশ্বাসে অভিমত প্রকাশ করা, (৫) আদালতে মীমাংসিত মোকদ্দমার দোষগুণ অথবা সাক্ষী ও অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তির আচরণ সম্পর্কে অভিমত প্রকাশ

করা, (৬) গণ-অনুষ্ঠানের গুণাবলি সম্পর্কে অভিমত প্রকাশ করা, (৭) কর্তৃত্বসম্পন্ন ব্যক্তির নিকট সদ্বিশ্বাসে অভিযুক্তকরণ, (৮) কোনো ব্যক্তি কর্তৃক তাঁহার বা অন্য কাহারো স্বার্থরক্ষার্থে দোষারোপ করা, (৯) স্বীয় অথবা অপর কোনো ব্যক্তি অথবা জনকল্যাণার্থে অপর ব্যক্তির চরিত্র সম্পর্কে কোনো কিছু আরোপ করা।

দওবিধির ৫০০ ধারা-অনুসারে মানহানির দও হইতেছে, দুই বৎসর পর্যন্ত কারাদও অথবা অর্থদও অথবা উভয়দও। ৫০১ ও ৫০২ ধারায় মানহানিকর বলিয়া পরিচিত বিষয় মুদ্রণ বা খোদাইকরণ সম্পর্কে শান্তি বর্ণিত হইয়াছে। দেওয়ানি আদালতে মানহানির ক্ষতিপূরণের মামলায় মানহানির পরিমাপ করিয়া মূল্যানুসারে কোর্ট ফি দিতে হইবে এবং আদালত অর্থ ডিক্রি দিতে পারিবেন।

default n. বিচ্যুতি, ব্যর্থতা, খেলাপ বি. আইনত করণীয় কর্তব্য, রীতি, বা দায়িত্বের খেলাপ বা ব্যর্থতা। দেওয়ানি কার্যবিধির ৯ আদেশের ২ নিয়মে বলা ইইয়াছে যে বাদী সমনজারির জন্য কোর্ট ফি অথবা ভাক খরচ দিতে ব্যর্থ ইইবার ফলে বিবাদীর উপর সমনজারি না হইলে এবং উক্ত আদেশের ৩ নিয়মে বলা ইইয়াছে যে, মামলা তনানির জন্য ডাক পড়িলে কোনো পক্ষ হাজির হইতে ব্যর্থ ইইলে আদালত মামলা খারিজের আদেশ দিতে পারেন। উক্ত ৯ আদেশের ৫ নিয়মে বলা হইয়াছে যে, বিবাদীর নিকট প্রেরিত সমন গরজারি হইবার তিন মাসের মধ্যে বাদী বিবাদীর উপর নতুন করিয়া সমন জারির পদক্ষেপ নিতে ব্যর্থ হইলে আদালত অবশ্যই মামলা খারিজের আদেশ দিবেন। উক্ত ৯ আদেশের ৬ নিয়মে বলা হইয়াছে যে, মামলা তনানির জন্য ডাক পড়িবার পর বাদী হাজির হইলে এবং বিবাদী হাজির হইতে ব্যর্থ হইলে যদি সমন খথারীতি জারি হইয়াছে বলিয়া প্রমাণিত হয় তবে আদালত মামলা একতরকা তনানি করিতে পারেন। উক্ত ৯ আদেশের ৮ নিয়মে বলা হইয়াছে যে, মামলা তনানির জন্য ডাক পড়িলে যখন বিবাদী হাজির হন এবং বাদী হাজির হাতে ব্যর্থ হক তথন আদালত মামলা খারিজের আদেশ দিবেন।

default summons ব্যর্থতাঙ্কনিত সমন দেওয়ানি কার্যবিধির ৩৭ আদেশের ২
নিয়মে বলা ইইয়াছে যে, বিনিময়পত্র বা হন্তি অথবা অঙ্গীকারপত্রের ভিত্তিতে জেলা
বিচারক অথবা হাইকোর্ট বিভাগে আনীত অর্থ আদায়ের মামলায় বিবাদী যদি সমন
জারির ১০ দিনের মধ্যে মামলায় হাজির ইইবার ও প্রতিদ্বন্দ্বিতা করিবার অনুমতি
প্রার্থনা না করেন, তাহা ইইলে আরজিতে উল্লিখিত অভিযোগ স্বীকৃত বলিয়া গণ্য
ইইবে এবং বাদী ডিক্রি পাইবার অধিকারী হইবেন।

defeasance n. অকার্যকরণ বি. ১. যাহার দারা কোনো বিষয় বা কর্ম অকার্যকর, নাকচ, বাতিল বা পরিহার করা হয়। ২. যে-দলিল অন্য কোনো দলিলের কার্যকরতাকে বাতিল করিয়া দেয়। ইহা একটি সহগামী দলিলও হইতে পারে, যাহা হস্তান্তর-দলিল সম্পাদনের সহিত একই সময়ে কতিপয় শর্ত আরোপপূর্বক রচনা করা হয় এবং যাহা পালন করিবার ফলে উক্ত সময়ে সৃষ্ট জমির স্বত্ব ব্যর্থ বা সম্পূর্ণরূপে অকার্যকর হইতে পারে। ১৮৮২ সালের সম্পত্তি-হস্তান্তর আইনের ১১ ধারা-অনুসারে, কোনো দলিলে সৃষ্ট স্বার্থবিরোধী বিধি-নিষেধ অকার্যকর।

- defect n. দোষ, ক্রুটি বি. কোনো কিছুতে ঘাটতি অথবা অভাব। যে-ক্রটি
 পরিদ্বারভাবে দেখা যায়, তাহাকে প্রকাশ্য ক্রটি বলা হয় এবং যে-ক্রটি প্রাথমিক
 দৃষ্টিতে পরিদ্বারভাবে দেখা যায় না, তাহাকে প্রচ্ছন্ন ক্রটি বলা হয়। পণ্য বিক্রয়ের
 ক্ষেত্রে পেশাদার বিক্রেতা পণ্যের প্রচ্ছন্ন ক্রটি ক্রেতার নজরে না আনিয়া তাহা বিক্রয়
 করিলে এবং পরে সেই ক্রটি ধরা পড়িলে বিক্রেতার বিরুদ্ধে ক্রেতা আইনত প্রতিকার
 লাভের অধিকারী হন। পণ্য ক্রয়ের পূর্বে ক্রেতা তাহা পরিদর্শন করিবার সুযোগ
 পাইয়া থাকিলে পণ্যের প্রকাশ্য ক্রটির জন্য ক্রেতা বিক্রেতার বিরুদ্ধে আইনত
 প্রতিকার লাভের অধিকারী হন না।
- defective equipment ক্রাটিপূর্ণ সরঞ্জাম মালিকের কর্তব্য হইতেছে তাঁহার কর্মচারীদের নিরাপদে কর্মসম্পাদনের ব্যবস্থা করা। যুক্তিসংগতভাবে যতদূর সম্ভবপর, কর্মচারীদের কাজের জন্য নিরাপদ যন্ত্রপাতি ও সরঞ্জমাদির ব্যবস্থা করা এই কর্তব্যের অন্তর্ভুক্ত। সরঞ্জামাদির প্রস্তুতকারী তৃতীয় পক্ষের ক্রাটির জন্য কর্মচারী আঘাতপ্রাপ্ত ইলৈ মালিক তাহার জন্য দায়ী হইবেন। কারখানা আইনের ৩৯ ধারা-অনুসারে সরকারি পরিদর্শক ক্রাটিপূর্ণ সরঞ্জাম সম্পর্কে প্রতিবিধানমূলক ব্যবস্থা গ্রহণ করিবার জন্য কারখানার ম্যানেজারকে নির্দেশ দিতে পারেন।
- defective premises ক্রটিপূর্ণ ঘরবাড়ি দালানকোঠা নির্মাণের ক্রটির জন্য নির্মাতা বা নির্মাণকারীর দায়িতা প্রথাণত আইনে, চুক্তিতে ও টর্টে যেমন, তেমনি সংবিধির দ্বারা উদ্ভূত হইতে পারে। স্থপতি, নিরীক্ষণকারী, নির্মাতা প্রমুখ চুক্তিভঙ্গজনিত দায় ছাড়াও অবহেলার সাধারণ মূলসূত্রসমূহ-অনুযায়ী প্রণযোগ্য ক্ষতির জন্য দায়ী হন এবং সংবিধিবদ্ধ আইনে আরোপিত দায়িত্ব তঙ্গ করিবার জন্যও দায়ী হইতে পারেন। উদাহরণস্বন্ধপ ইংল্যান্ডের ১৯৭২ সালের ক্রটিপূর্ণ ঘরবাড়ি আইনে আরোপিত দায়িত্বের কথা উল্লেখ করা যায়। পৌর কর্তৃপক্ষ ক্রটিপূর্ণ ঘরবাড়ি মেরামত অথবা ভঙ্গ করিবার নির্দেশ দিতে পারে।
- defect of jurisdiction এখতিয়ারের ক্রণ্টি এখতিয়ারের ক্রণ্টি বলিতে গৃহীত কার্যধারার এইরূপ বৈশিষ্ট্য বুঝায় যাহা কোনো আদালতের বিচার্য বিষয়-বর্হিভূত। এখতিয়ারের ক্রণ্টি কোনো বিষয়কে সমূলে বিনাশ করিয়া দেয় যেহেভূ আদালত উক্ত বিষয়ে কার্যধারা গ্রহণ করিতে অক্ষম। কোনো কার্যধারায় প্রথমেই উত্থাপিত এইরূপ আপত্তি যথার্থ হইলে আদালত উক্ত বিষয়ের গুণাগুণ বিচার করিতে অপারগ বা অক্ষম হইবেন।

- defect of parties পক্ষদোষ বি. মোকদ্ধনার কারণ বর্ণনা হইতে যখন দেখা যায় যে, পক্ষ হিসাবে অন্তর্ভূক্ত করা উচিত ছিল, এমন বাদী বা বিবাদীকে বাদ দেওয়া হইয়াছে তথনই পক্ষদোষের উৎপত্তি হয়। কোনো মোকদ্দমায় পক্ষদোষ বলিতে এক বা একাধিক প্রয়োজনীয় পক্ষের অনুপস্থিতি বুঝায়; ইহাদারা কেবলমাত্র উপযুক্ত পক্ষের অনুপস্থিতি বুঝায় না। পক্ষদোষ-ধারণার ভিত্তি এইরূপ যে, কোনো বিতর্কে স্বার্থসংশ্লিষ্ট আরো ব্যক্তি রহিয়াছেন যাঁহাদিগকে আদালতের সম্মুখে আনয়ন করা উচিত ছিল এবং এইরূপ আপত্তি যথাসময়ে উত্থাপিত হইয়া থাকিলে আদালত তাঁহাদিগকে পক্ষভুক্ত করিবার আদেশ দিবেন। কোনো অপ্রয়োজনীয় পক্ষকে যুক করা হইলে উহা 'পক্ষদোষে'র অন্তর্ভূক্ত হয় না।
- defence n. জবাব, পক্ষসমর্থন বি. ১. বাদীর দাবির বিবরণের উত্তরে বিবাদীর দেওয়া বক্তব্য । দেওয়ানি কার্যবিধির ৮ আদেশের ১ (১) নিয়মে বলা হইয়াছে যে, বিবাদী ৮০ ধারার (২) উপধারায় বর্ণিত ক্ষেত্র ব্যতীত মামলার প্রথম শুনানির পূর্বে অথবা আদালতের মনজুরকৃত অনধিক দুইমাস সময়ের মধ্যে মামলা প্রতিম্বন্দিতার জন্য লিখিত বক্তব্য অথবা জবাব দাখিল করিবেন । বিবাদী নির্ধারিত সময়ের মধ্যে জবাব দাখিল করিতে ব্যর্থ হইলে বাদী একতরফা ডিক্রি লাভ করেন । ২. আসামির আত্মপক্ষসমর্থনসূচক বক্তব্য যাহা বাদীপক্ষের সাক্ষীদের জেরার মাধ্যমে অথবা আসামিপক্ষের সাক্ষীদের সাক্ষীদের সাক্ষোদের আথবানত উত্থাপন করা যায় ।
- defence services প্রতিরক্ষা কর্মবিভাগ প্রতিরক্ষা কর্মবিভাগ বলিতে সেনাবাহিনী,
 নৌবাহিনী ও বিমানবাহিনী বুঝায়। সংবিধানের ৬১ অনুচ্ছেদ-অনুসারে, বাংলাদেশের
 প্রতিরক্ষা কর্মবিভাগসমূহের সর্বাধিনায়কতা রাষ্ট্রপতির উপর ন্যন্ত হইবে এবং যেমেয়াদে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার থাকিবে সে-মেয়াদে উক্ত আইন রাষ্ট্রপতি কর্তৃক
 পরিচালিত হইবে। disciplined force দ্র.।
- defence statement আসামির পক্ষসমর্থনমূলক বক্তব্য ফৌজদারি মামলার বিচার আরম্ভের পূর্বে প্রাথমিক গুনানিতে আসামির আত্মপক্ষসমর্থনসূচক বক্তব্য-সংবলিত দলিল। ইংল্যান্ডে ১৯৯৬ সালের ফৌজদারি কার্যবিধি ও অনুসন্ধান আইনে বিধান করা হইয়াছে যে, ১৯৯৭ সালের ১ এপ্রিল হইতে বিবাদীর আত্মপক্ষসমর্থনসূচক বক্তব্য পেশ করা প্রয়োজনীয় নহে, তবে তদ্রুপ বক্তব্য ক্রাউন কোর্টে পেশ করা না হইলে তাঁহার বিরুদ্ধে আদালত বিরুপ অনুমান-সিদ্ধান্তে উপনীত হইতে পারেন। তদ্রুপ বক্তব্যে সাধারণভাবে আত্মপক্ষসমর্থনের ধরন (উদাহরণস্বরূপ, সনাক্তকরণে দ্রান্তি, ঘটনার সময়ে অন্যত্র থাকা) উল্লেখ করা, বাদীপক্ষের যেসব বক্তব্য আসামি খণ্ডন করিতে ইচ্ছুক তাহার উল্লেখ করা এবং তাহার সমর্থনে যুক্তিপ্রদর্শন করা উচিত। ইহাতে স্ববিরোধী আত্মপক্ষসমর্থনসূচক বক্তব্য এবং বিচারকালে উথাপিত আত্মপক্ষসমর্থনসূচক বক্তব্যের পরিপন্থী কোনো বক্তব্য অবশ্যই অন্তর্ভুক্ত হইবে না।

২৯৫ defendant

বাংলাদেশে ফৌজদারি বিচারে আসামির বিচার আরম্ভ হইবার পূর্বে আদালতে উপরোক্ত প্রকারের কোনো লিখিত বক্তব্য পেশ করিতে হয় না। ফৌজদারি কার্যবিধির ২৪২ ও ২৪৪ ধারায় বলা হইয়াছে যে, আসামির বিরুদ্ধে অভিযোগ প্রণীত হইলে ম্যাজিস্ট্রেট তাঁহাকে অপরাধ স্বীকার করেন কিনা জিজ্ঞাসা করিবার পর তিনি তাহা স্বীকার না করিলে তাঁহার বিরুদ্ধে বাদীপক্ষের ও আসামিপক্ষের সাক্ষ্যগ্রহণের ব্যবস্থা করিবেন এবং ২৬৫ ও ২৬৫ ধারায় বলা হইয়াছে যে, দায়রা আদালতে অদুপ প্রশ্নের উত্তরে আসামি নিশ্বপ থাকিলে অথবা কিছু বলিতে অস্বীকার করিলে অথবা বিচার দাবি করিলে আদালত বাদীপক্ষের সাক্ষ্যগ্রহণের জন্য দিন ধার্য করিয়া বাদীপক্ষের প্রার্থনা-অনুযায়ী বাচনিক ও দালিলিক সাক্ষ্য হাজির করিবার জন্য পরওয়ানা পাঠাইবার আদেশ দিবেন।

defence witness বিবাদীর সাক্ষী বিবাদী বা আসামি পক্ষের অনুরোধে তলবকৃত সাক্ষী। আসামিপক্ষ আত্মপক্ষসমর্থনের জন্য কখন সাক্ষী দিতে পারিবেন এবং কীভাবে উক্ত সাক্ষ্য গ্রহণ ও উপস্থিত করা হইবে সে-সম্পর্কে ফৌজদারি কার্যবিধির ২৬৫ছ ধারায় বিধান রহিয়াছে। যে-ক্ষেত্রে ২৬৫জ ধারা-অনুসারে আসামিকে খালাস দেওয়া না হয়, সেক্ষেত্রে আদালত আসামিকে আত্মপক্ষসমর্থন করিবার এবং তজ্জন্য তাঁহার কোনো সাক্ষী থাকিলে তাহা উপস্থিত করিবার আহ্বান জানাইবেন। আসামি কোনো লিখিত বিবৃতি দাখিল করিলে আদালত তাহা নথিভুক্ত করিবেন। আসামি কোনো লাখিত বিবৃতি দাখিল করিলে আদালত তাহা নথিভুক্ত করিবেন। আসামি কোনো সাক্ষীকে হাজির হইতে বা কোনো দলিল বা অন্যকিছু উপস্থিত করিতে বাধ্য করিবার জন্য কোনো ওয়ারেন্ট দানের আবেদন করিলে আদালত তাহা মনজুর করিবেন। তবে আদালত যদি মনে করেন যে, বিচারে বিলম্ব বা ন্যায়বিচার ব্যাহত করিবার জন্য এইরূপ প্রার্থনা করা হইয়াছে, তাহা হইলে ওয়ারেন্ট নাও দিতে পারেন, তবে না-দেওয়ার কারণ উল্লেখ করিতে হইবে। ফৌজদারি কার্যবিধির ৩৪০(৩) ধারা-অনুসারে লিখিত অনুরোধক্রমে আসামি আত্মপক্ষসমর্থনে সাক্ষ্য দিতে পারেন।

defendant n. বিবাদী বি. যে-ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা হয়। বাদী আদালতে দাখিলি আরজিতে যে-ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রতিকার প্রার্থনা করেন তাঁহাকে অথবা উহাকে বিবাদী বলা হয়। তামাদি আইনের ২(৪) ধারায় বলা হইয়াছে যে, বিবাদী বলিতে যে-ব্যক্তির নিকট হইতে অথবা যাঁহার মাধ্যমে বিবাদী তাঁহার বিরুদ্ধে মামলা আনীত হইবার দায় লাভ করেন, তিনি বিবাদী। দেওয়ানি কার্যবিধির ১ আদেশের ৩ নিয়মে বলা হইয়াছে যে, একই কার্য বা লেনদেন অথবা পরম্পরসম্পর্কযুক্ত একই ধরনের কার্যাদি বা লেনদেনের দক্ষন যে-সকল ব্যক্তির বিরুদ্ধে একযোগে, পৃথকভাবে বা একাদিক্রমে প্রতিকার দাবি করা যাইতে পারে, এবং যে-ক্ষেত্রে উক্ত ব্যক্তিদের বিরুদ্ধে পৃথকভাবে মামলা দায়ের করা হইলে আইন বা ঘটনার একই ধরনের প্রশ্নের উদ্ভব হইতে পারে, অনুরূপ সকলকেই একই মামলার বিবাদীর শ্রেণীভক্ত করা যায়।

deferred debt 2%6

deferred debt স্থগিত ঝণ দেউলিয়া কার্যক্রমে যে-ঋণ অন্যসকল ঋণ সম্পূর্ণরূপে পরিশোধ না হওয়া পর্যন্ত আইনত পরিশোধ করা হয় না।

- deferred sentence স্থগিত শান্তি ইংল্যান্ডের ম্যাজিন্ট্রেট আদানত অথবা ক্রাউন কোর্টকর্তৃক কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত হইবার তারিখ হইতে ছয় মাস পর শান্তিপ্রদান করাকে স্থগিত শান্তি বলা হয়। দোষী সাব্যস্ত ব্যক্তি সন্মত হইলে যদি আদানত অপরাধীর আচরণে কোনো পরিবর্তন অথবা ওই সময়ের পারিপার্শ্বিকতা নিরূপণ করিতে চান তাহা হইলে আদানত শান্তিপ্রদান স্থগিত রাখিতে পারেন। ফৌজদারি কার্যবিধির বাতিলকৃত ৫৬২ ধারায় কতিপয় ক্ষেত্রে প্রথমবার দোষী সাব্যস্ত ব্যক্তিকে আদানত শান্তিপ্রদান করিবার পরিবর্তে নির্দিষ্ট সময়ের জন্য সদাচরণ ও শান্তিরক্ষার এবং আদালতের ডাক-অনুযায়ী শান্তিগ্রহণ করিবার শর্ত-সংবলিত মুচলেকা প্রদানে মুক্তি দিতে পারিতেন।
- definition n. সংজ্ঞার্থ বি. সংজ্ঞার্থ নিরূপণ করিবার কাজ। কোনো শব্দের বা বিশিষ্টার্থক শব্দের অর্থ বা গুরুত্ব-সম্পর্কিত ঘোষণা; কোনো বিষয়ের বা বস্তুর অত্যাবশ্যক প্রকৃতি-সম্পর্কিত সংক্ষিপ্ত বিবৃতি; সীমা নির্ধারণ করিবার কাজ।
- definition of an offence অপরাধের সংজ্ঞার্থ দওবিধির ৬ ধারায় অপরাধের সংজ্ঞার্থ ও দওদানসংক্রান্ত সকল বিধান সম্পর্কে বলা হইয়াছে যে, এই বিধির সর্বএ সকল অপরাধের সংজ্ঞার্থ, দওদানসংক্রান্ত সকল বিধান এবং অনুরূপ প্রত্যেকটি অপরাধের সংজ্ঞার্থের বা দওদানসংক্রান্ত বিধানের প্রত্যেকটি দৃষ্টান্ত সাধারণ ব্যতিক্রমসমূহ শীর্ষক অধ্যায়ে বর্ণিত ব্যতিক্রমসমূহসাপেক্ষে বুঝিতে হইবে— যদিও অনুরূপ সংজ্ঞার্থ, দওদানসংক্রান্ত বিধান বা দৃষ্টান্ত উপরিউক্ত ব্যতিক্রমগুলির পুনরুক্তি করা হয় নাই।
- deflation n. মুদ্রা-সংকোচন বি. সার্বিকভাবে মোট ব্যয় ও যাবতীয় অর্থনৈতিক ক্রিয়াদি সংকোচন করিয়া উৎপাদন, কর্মসংস্থান, লগ্নি, বাণিজ্য, লাভ ও জিনিসপত্রের মূল্য অপেক্ষাকৃত নিচুন্তরে বাঁধিয়া স্থির রাখিবার চেষ্টা।
- deforestation n. নির্বনীকরণ বি. বন কাটিয়া সাফ করিবার ক্রিয়া বা প্রক্রিয়া। অপরিমিত ইমারত নির্মাণের ফলে বনভূমি ও গাছপালার ক্রমবিলোপ; গাছপালা বা বনভূমি হইতে মুক্ত অবস্থা।
- defrauding n. তঞ্চকতা বি. যে-কাজ কাহাকেও তাঁহার নিজস্ব কোনো কিছু হইতে, অথবা তিনি যাহা পাইবার অধিকারী, তাহা হইতে বঞ্চিত করে কিংবা যাহা কাহাকেও তাঁহার সম্পত্তির অধিকার বিষয়ে ক্ষতিগ্রস্ত করে। কাহাকেও বঞ্চিত করিবার জন্য ষড়যন্ত্র করা একটি অপরাধ। এতৎসহ cheating ও dishonesty দ্র.।

- degrading punishment or treatment লাঞ্ছনাকর দণ্ড অথবা ব্যবহার বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ৩৫(৫)-অনুসারে, কোনো ব্যক্তিকে যন্ত্রণা দেওয়া যাইবে না কিংবা নিষ্ঠুর, অমানুষিক বা লাঞ্ছনাকর দণ্ড দেওয়া যাইবে না কিংবা কাহারো সহিত অনুরূপ ব্যবহার করা যাইবে না।
- de jure আইনত, আইনসম্মত আইনসম্মত অধিকার হিসাবে। কোনো আইনসম্মত অধিকার-প্রয়োগকারী সরকার নিজের দেশের উপর নিয়ন্ত্রণ হারাইলে যে-সরকার প্রকৃতপক্ষে ওই দেশের নিয়ন্ত্রণ গ্রহণ করে, তাহাকে কার্যত সরকার এবং ওই দেশের নিয়ন্ত্রণগ্রহণের আইনসম্মত অধিকারী সরকারকে আইনত সরকার বলা হয়। de facto তৃ,।

de jure recognition আইনত স্বীকৃতিদান recognition দ্ৰ.।

- delay n. বিলম্ব বি. বাধা দেওয়া; আটক করা; দমন বা প্রতিহত করা; অগ্রগতি থামাইয়া দেওয়া। কালক্ষেপণ বা দীর্ঘসূত্রতা; যে, সময়ব্যাপী কোনো কিছু বিলম্বিত হয়; দেরি ঘটানো; সময়ের দীর্ঘসূত্রতা ঘটানো। তামাদি আইনের ৫ ধারা-অনুসারে, উপযুক্ত কারণ দর্শানো হইলে আদালত কোনো আবেদনপত্র বা আপিল বিলম্বে দ্রুটি মার্জনা করিতে পারেন।
- delay in making application or objection দরখান্ত বা আপন্তি দাখিলে বিলম্ব দেওয়ানি কার্যবিধির সংশোধিত ৩৫খ ধারা-অনুসারে, যদি কোনো মোকদ্দমা বা কার্যধারায় আদালতের নির্ধারিত সময়ের মধ্যে কোনো দরখান্ত বা লিখিত আপত্তি দাখিল করা না হয়, তদ্রুপ দরখান্ত বা লিখিত আপত্তি, যাহাই হোক না কেন তাহা শুনানির জন্য গৃহীত হইবে না যদি না ওইপক্ষ অপর পক্ষকে অনুর্ধ্ব দুই হাজার টাকা খরচ প্রদান করেন। যদি লিখিত বিবরণ দাখিলের পর মোকদ্দমার কোনো বিষয়ে কোনো পক্ষ কোনো দরখান্ত পেশ করেন, আদালতের বিবেচনায় যাহা পূর্বে দাখিল করা যাইত বা দাখিল করা উচিত ছিল এবং যাহার ফলে মামলার কার্যধারা বিলম্বিত হইতে পারে, তদ্যুপ দরখান্ত আদালত গ্রহণ করিতে পারেন। কিন্তু আদালতের নির্ধারিত ও নির্দেশিতমতে ওইপক্ষ অপরপক্ষকে অনুর্ধ্ব তিন হাজার টাকা খরচ প্রদান না করিলে আদালত তাহার শুনানি ও নিম্পন্তি করিবেন না এবং দরখান্তটি নাকচ হইয়া যাইবে।
- delegated legislation অধস্তন আইন-প্রণয়ন, অর্পিত ক্ষমতাবলে প্রণীত আইন যে-আইন আইনসভা-প্রণীত আইনে (ক্ষমতাপ্রদায়ক আইন, যাহাকে প্রায়শ জনক আইন বলা হয়) প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত হয়। সাধারণত আইনসভা আইন প্রণয়ন করে। আইনসভা বৈধ ক্ষমতাবলেই আইনপ্রণয়ন-ক্ষমতা অন্য কোনো ব্যক্তি বা

delegation ২৯৮

কর্তৃপক্ষকে প্রদান করিতে পারে। এই প্রদত্ত বা অর্পিত ক্ষমতাবলে কোনো ব্যক্তি বা কর্তপক্ষ যে-আইন প্রণয়ন করেন তাহাকেই অধন্তন আইন বলে। সংবিধানের ৬৫ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, জাতীয় সংসদ নামে বাংলাদেশের একটি সংসদ থাকিবে এবং সংবিধানের বিধানাবলি সাপেক্ষে প্রজাতন্ত্রের আইনপ্রণয়ন-ক্ষমতা সংসদের উপর ন্যস্ত হইবে। তবে শর্ত থাকে যে, সংসদের আইনদ্বারা যে-কোনো ব্যক্তি বা কর্তৃপক্ষকে আদেশ, বিধি, প্রবিধান, উপ-আইন বা আইনগত কার্যকরতা সম্পন্ন অন্যান্য চুক্তিপত্র প্রণয়নের ক্ষমতার্পণ হইতে এই দফার কোনো কিছুই সংসদকে নিবৃত্ত করিবে না। সরকারই বেশির ভাগ অধস্তন আইন প্রণয়ন করিয়া থাকে, যাহা আদেশ, বিধি, প্রবিধান, উপ-আইন নামে অভিহিত হয়। ইহার প্রাথমিক ব্যবহার হইতেছে আইনসভা-প্রণীত আইন কার্যকর করিবার জন্য বিশদ ও খটিনাটি বিধি প্রণয়ন করিয়া তাহাকে পূর্ণতা দান করা। আইনসভা-প্রণীত আইনের সঙ্গে বৈপরীত্যক্রমে ইহা প্রণয়ন (এবং প্রয়োজনে পরে সংশোধন) করিবার সুবিধা এই যে, তাহাতে আইনসভার সময় ব্যয় করিতে হয় না। অধস্তন আইন সরকার ছাড়াও অন্য নানাবিধ সংস্থা প্রণয়ন করিতে পারে: যেমন, সপ্রিম কোর্টের বিধানাবলি এবং কোনো কোনো পেশাভিত্তিক সংস্থার আচরণ-বিধি। অধিকাংশ অধন্তন আইন (উপবিধান ব্যতীত) আইনসভার কিছুটা নিয়ন্ত্রণাধীনে থাকে। এই নিয়ন্ত্রণের তিনটি প্রধান রূপ : (১) প্রণীত হইবার পর আইনসভায় ইহা নিছক উপস্থাপিত হওয়ার আবশ্যকতা— এই ক্ষেত্রে সংসদ-সদস্যরা ইহার অন্তিত সম্বন্ধে অবহিত হইতে পারেন কিন্ত ইহার বিষয়বস্তু সম্বন্ধে তাঁহারা প্রশু উত্থাপনের সুযোগ পান না: (২) এইরূপ একটি বিধান যে, তাহা আইনসভায় উত্থাপন করিতে হইবে এবং একটি নির্দিষ্ট সময়ের মধ্যে আইনসভার প্রস্তাবানুযায়ী তাহা বাতিলযোগ্য হইবে; অথবা (৩) এইরূপ একটি বিধান যে, তাহা আইনসভায় উপস্থাপন এবং আইনসভা কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত কার্যকর হইবে না অথবা নির্দিষ্ট সময়ের মধ্যে আইনসভা কর্তৃক অনুমোদিত না হইলে তাহা অকার্যকর হইয়া যাইবে। সকলপ্রকার অধন্তন আইন ক্ষমতাবহির্ভূত *আলট্রা* ভাইরিস মতবাদের আওতায় বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন। অধন্তন আইনকে জনক আইনের আলোকে ব্যাখ্যা করা হয়। যেমন, নির্দিষ্ট শব্দগুলি জনক আইনে যে-অর্থে ব্যবহৃত, অধস্তন আইনে তাহা ব্যবহৃত বলিয়া অনুমিত। এতদ্বাতীত বিধিবদ্ধ আইন যে-সকল নিয়মানুযায়ী ব্যাখ্যা করা হয়, সে-সকল নিয়মও ইহার ক্ষেত্রে প্রযোজ্য হয়। এতৎসহ subdelegated legislation দ্র.।

delegation n. ক্ষমতার্পণ, ক্ষমতাপ্রদান বি. ১. কোনো সম্মত উদ্দেশ্যসাধনে এক বা একাধিক ব্যক্তির পক্ষে কাজ বা প্রতিনিধিত্ব করিবার জন্য কাহাকেও ক্ষমতাপ্রদান। প্রতিনিধি নিযুক্ত বা প্রেরণ করিবার কাজ। 'ক্ষমতার্পণ' দ্বারা সাধারণত কর্তৃত্বদান বুঝায়, ক্ষমতা হইতে ক্ষমতা-অর্পণকারীর বিদায় বা সরিয়া দাঁড়ানো বুঝায় না; বরং যে-কার্য তাঁহার নিজের করিতে ইউত সেই কার্য করিবার জন্য কর্তৃত্ব আরোপ করা বৃঝায়। ২. প্রতিনিধিত্ব বি. প্রতিনিধিরূপে নিযুক্ত হইবার ঘটনা। ৩. প্রতিনিধিদল বি. কোনো পক্ষের প্রতিনিধিস্বরূপ যাঁহারা অপর কোনো পক্ষের সহিত সাক্ষাৎ বা আলোচনা করেন।

- delegatus non potest delegare প্রতিনিধিত্ব হাতবদল না করা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি অন্যকে ক্ষমতা অর্পণ করিতে পারেন না। অর্থাৎ, যে-ব্যক্তিকে কোনো কিছু করিবার ক্ষমতা ও দায়িত্ব প্রদান করা ইইয়াছে, তিনি অন্যকে তাহা করিবার ক্ষমতা ও দায়িত্ব প্রদান করা ইইয়াছে, তিনি অন্যকে তাহা করিবার ক্ষমতা ও দায়ত্ব অর্পণ করিতে পারেন না। নিয়মটি বিশেষভাবে প্রযোজ্য হয়, যদি প্রতিনিধি তাঁহাকে অর্পিত দায়ত্বপালনে কোনো বিশেষ দক্ষতার অধিকারী হন। যথন প্রতিনিধির ক্ষমতা অন্যের নিকট হস্তান্তর করিবার ক্ষমতা ব্যক্ত বা নিহিতভাবে দেওয়া হয়, তখন এই নিয়ম প্রযোজ্য হয় না। উদাহরণ, প্রয়োজন ইইলে অছিগণ সব সময়ে প্রতিনিধি-নিয়োগের ক্ষমতা প্রয়োগ করিতে পারেন (যেমন, আইন-সম্পর্কিত কাজে অছিগণ কর্তৃক উকিল-নিয়োগ)।
- de lege ferenda ভবিষ্যতের আইন-সম্পর্কিত আইন কেমন হওয়া উচিত অথবা ভবিষ্যতে কেমন হইবে, সে-সম্পর্কিত একটি প্রতিজ্ঞা বুঝাইতে এই বাক্যাংশটি ব্যবহৃত হয়।
- de lege lata প্রচলিত আইন-সম্বন্ধী আইন যেভাবে চালু রহিয়াছে, সে-সম্পর্কিত একটি প্রতিজ্ঞা বুঝাইতে এই বাক্যাংশটি ব্যবহৃত হয়।
- deliberation n. বিতর্ক, আলোচনা বি. কোনো গোষ্ঠীকর্তৃক কোনো পস্থা বা প্রস্তাবের সপক্ষে ও বিপক্ষে যাবতীয় যুক্তির বিচার-বিশ্লেষণ বা আলোচনা।
- delineated adj. বর্ণিত, চিত্রিত বিণ. রেলপথের জন্য জমি হুকুমদখল করিবার পূর্বে জনসাধারণকে অবহিত করিবার উদ্দেশ্যে চিত্রিত করিয়া দেখানো, যাহাতে জনসাধারণ জ্ঞাত থাকে যে, উক্তরূপে চিত্রিত জমিসমূহ সরকার হুকুমদখল করিতে পারেন।
- delinquency n. কর্তব্যে অবহেলা বি. কর্তব্যপালন না করা। কোনো বণিকের ক্ষেত্রে ব্যবহৃত হইলে তিনি অসৎ বলিয়া প্রমাণিত হইয়াছেন এবং কৌশলে দেনা-পরিশোধ এড়াইয়া যাইতে চেষ্টা করিয়াছেন, ইহার অপেক্ষা কম কিছু বুঝায় না।
- deliverable state অর্পণযোগ্য পর্যায় ১৯৩০ সালের পণ্যবিক্রয় আইনের ২ ধারায় বর্ণিত অর্থে অর্পণযোগ্য পর্যায় বলিতে উক্ত পণ্যের এইরূপ পর্যায়ে আনয়ন বুঝায় যখন ক্রেতা চুক্তির শর্ত-অনুসারে উক্ত পণ্যের অর্পণ গ্রহণ করিতে বাধ্য বলিয়া গণ্য হইবেন।

delivery

delivery n. অর্পণ বি. কোনো সম্পত্তির দখল একজনের নিকট হইতে অন্যজনের নিকট স্বেচ্ছায় হস্তান্তর। পণ্যবিক্রয় আইনে অর্পণ বলিতে এক ব্যক্তিকর্তৃক অন্য ব্যক্তির নিকট স্বেচ্ছায় পণ্যের দখল হস্তান্তর করা বুঝায়। উক্ত আইনের ৩৩ ধারায় বলা ইইয়াছে যে, পক্ষণণ যে-সকল পস্থায় অর্পণ করিতে স্বীকৃত হন, তাহার মধ্যে যে-কোনো একটি পস্থায় বিক্রীত পণ্য অর্পণ করা যায়, অথবা যদ্দারা পণ্য ক্রেতার বা তাঁহার পক্ষে তাহা গ্রহণ করিবার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির দখলে বুঝাইয়া দেওয়া হয়, সেইভাবে বিক্রীত পণ্য অর্পণ করা যায়। বিক্রীত পণ্য বাস্তবিকভাবে অথবা প্রতীকীভাবে (যেমন, বিক্রীত পণ্যের মালিকানা দলিল-হস্তান্তরের মাধ্যমে) অর্পণ করা যায়। যদি বিক্রেতা ক্রেতার পক্ষে বিক্রীত পণ্য রাখিতে সন্মত হন অথবা ক্রেতা যদি ভাড়া-বিক্রয়-চুক্তির অধীনে পণ্য দখল করেন, তবে তাহাকে পরোক্ষ অর্পণ বলা হয়।

- delivery of possession দখলপ্রদান দখলপ্রদানের সারমর্ম হইল এই যে, দখলদাতা কোনো সংগত এবং সুস্পষ্ট কাজের দ্বারা দখলগ্রহণকারীকে কোনো বস্তুর বিষয়ে সেইরূপ দখল ও নিয়ন্ত্রণ প্রদান করেন যেরূপ দখল ও নিয়ন্ত্রণ দখলদাতা দখলদানের উক্তরূপ কাজের পূর্বে ভোগ করিতেন।
- demand n. & vb. দাবি বি. চাহিদা; অধিকার; ন্যায্য পাওনার ঘোষণা। ক্রি. আইনগত অধিকারবলে বা কর্তৃত্বলে দাবি করা; প্রশ্নাতীতভাবে, অপরিহার্যভাবে বা জরুরিভাবে পালন করিবার জন্য দাবি করা। 'দাবি' শব্দ্বারা সাধারণত ন্যায্য পাওনা অপেক্ষা অতিরিক্ত কিছু বুঝায়; ইহাদ্বারা কোনো কিছু দাবি করা, তলব করা বা অনুরোধ করা বুঝায়।
- demand capital তলবি মূলধন বিলিকৃত মূলধনের যে-অংশ প্রদানের জন্য শেয়ার-গ্রহীতাগণকে আহ্বান বা তলব করা হয়, সেই পরিমাণ মূলধন।
- demarcation n. সীমানা-নির্ধারণ বি, সীমারেখা নির্ধারণ এবং চিহ্নিতকরণ। সন্নিহিত এলাকাসমূহ ভাগ করা।
- demeanor n. আচরণ বি. কাজ করিবার পদ্ধতি; ব্যবহার। অন্যদের সহিত আচরণের ধরন। কোনো আসামির আচার-আচরণ তাঁহাকে দোষী বা নির্দোষ সাব্যন্ত করিবার ক্ষেত্রে সম্পূর্ণ অপ্রাসঙ্গিক। বিবৃতিদানের সময়ে সাক্ষীর কণ্ঠস্বর, দ্বিধা বা ঔৎসুক্য, তাঁহার চাহনি, ভাবধারা, আগ্রহ, সহনশীলতা, হাই-তোলা, বিব্রত বোধ করা, দৃশ্যমান চপলতা ইত্যাদি খুঁটিনাটি বিষয় ইহার অন্তর্ভুক্ত।
- demeanor of witness সান্ধীর আচরণ সান্ধ্যহণকালে সান্ধীর অসভঙ্গি বা আচরণ সম্পর্কে মন্তব্য লিপিবদ্ধকরণ সম্পর্কে ফৌজদারি কার্যবিধির ৩৬৩ ধারায় বলা ইইয়াছে যে, দায়রা জজ বা ম্যাজিস্ট্রেট সান্ধীর সান্ধ্যহণের পর তিনি গুরুত্বপূর্ণ মনে করিলে জবানবন্দির সময়ে উক্ত সান্ধীর আচরণ সম্পর্কেও মন্তব্য লিপিবদ্ধ করিবেন।

oo) demurrage

দেওয়ানি কার্যবিধির ১৮ আদেশের ১২ নিয়ম-অনুসারে, জবানবন্দি দানকালে সাক্ষীর আচরণ সম্পর্কে আদালত গুরুত্বপূর্ণ মনে করিলে মন্তব্য লিপিবদ্ধ করিতে পারেন। সাধারণত 'গুরুত্বপূর্ণ মনে করিলে' কথাটির অর্থ হইতেছে, যদি কোনো সাক্ষী আদালতে এমন কোনো অঙ্গভঙ্গি বা আচরণ প্রদর্শন করেন, যাহা মামলার সিদ্ধান্তগ্রহণের জন্য প্রয়োজনীয় বলিয়া বিবেচিত হয়, তখন বিচারক ন্যায়বিচারার্থে উক্ত সাক্ষীর ব্যবহার সম্পর্কে মন্তব্য লিপিবদ্ধ করিতে পারেন।

- dementia n. স্মৃতিভ্রংশ বি. চিকিৎসাবিজ্ঞানে মানসিক দুর্বলতা ও জীর্ণদশা এবং বৃদ্ধির সম্পূর্ণ অক্ষমতা দ্বারা সূচিত মস্তিষ্কবিকৃতির অবস্থা। মানসিক বিক্ষিপ্ততার সহিত যেখানে সাধারণ কর্মশক্তির বিক্ষিপ্ততা বা অক্ষমতা বিদ্যমান; মানসিক কার্যাবিলির অত্যন্ত নিম্ন পর্যায়; সাধারণ মানসিক অক্ষমতার গভীর স্তর।
- de minimis non curat lex আইন তুচ্ছ বিষয় বিবেচনা করে না যেমন, আইন সামান্য ক্ষতির জন্য কোনো ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা করে না। দওবিধির ৯৫ ধারায় বলা হইয়াছে যে, সামান্য ক্ষতিকর কোনো কাজ অপরাধ হিসাবে গণ্য হইবে না।
- demise vb. & n. অবসান ঘটানো, হস্তান্তর করা ক্রি. কোনো কিছুর অন্তিত্ব-বিলোপ। ১. ভূসম্পত্তির পত্তন মনজুর করা। ২. উইল বা ইচ্ছাপত্রমূলে সম্পত্তি দান করা। ৩. হস্তান্তর বি. ভূসম্পত্তির পত্তন।
- demolish vb. ধ্বংস করা ক্রি. ভূমিতে ফেলিয়া দেওয়া; পতন ঘটানো; খণ্ড-বিখণ্ড করা। কোনো দালান বা দেওয়ালের গঠনপ্রকৃতি ধ্বংস করা। ধ্বংস বা শেষ করিয়া ফেলা।
- demurrage n. বিলম্বের খেসারত, বিলম্বজনিত ক্ষতিপূরণ জাহাজে পণ্যবহন চুক্তির অধীনে নির্দিষ্ট দিনের মধ্যে মালামাল বোঝাই বা খালাস করিতে ব্যর্থ ইইলে যে-কয়দিন অতিরিক্ত সময় তাহা বোঝাই বা খালাস করিতে প্রয়োজন হয়, সেই দিনগুলির জন্য প্রদেয় দৈনিক হারে নির্দারিত ক্ষতিপূরণ। মালামাল বোঝাই বা খালাসের কোনো দিন নির্দিষ্ট না থাকিলে উক্ত কারণে যুক্তিসংগত সময়ের অতিরিক্ত সময় জাহাজ আটক থাকিলে জাহাজ-মালিককে যে-অনির্দারিত ক্ষতিপূরণ দেওয়া হয়, সাধারণভাবে তাহাও বিলম্বজনিত ক্ষতিপূরণ বলিয়া বিবেচিত হয়। বর্ধিত ভাড়া; অপ্রত্যাশিতভাবে আয় হইতে বঞ্জিত করিবার ক্ষতিপূরণ হিসাবে কোনো জাহাজ বা রেলগাড়িকে দেওয়া অতিরিক্ত অর্থ; কোনো জাহাজে বা রেলগাড়িতে মালামাল ভর্তি করিতে অথবা উহা হইতে মালামাল খালাস করিতে নির্দারিত সময় অপেক্ষা বিলম্ব ঘটিলে উক্ত জাহাজ বা রেলগাড়ি আটক রাখার ক্ষতিপূরণম্বরূপ মালিক বা কর্তৃপক্ষকে দেওয়া ভাতা বা ভাতার হার।

denial ৩০২

denial n. অস্বীকৃতি বি. কোনো দাবির বিপরীত অর্থবোধক উক্তি; কোনো আরজি বা জবাবে অপরপক্ষের কোনো ঘটনার অভিযোগ পাশ কাটাইয়া যাওয়া; সাক্ষীকে জেরা করিবার কালে জিজ্ঞাসিত কোনো প্রশ্নের প্রত্যাশিত উত্তরের বিপরীত উত্তর দেওয়া বা উত্থাপিত কোনো ঘটনার সত্যতা অস্বীকার করা।

denomination n. ১. ধর্মসম্প্রদায়, উপসম্প্রদায় বি. কোনো বিশেষ নামে আখ্যায়িত কোনো ধর্মীয় সম্প্রদায়ভূক বা শ্রেণীভূক মানুষ। ধর্মীয় ব্যাপারে স্বতন্ত্র মতবিশ্বাস পোষণকারী ব্যক্তিদের সম্প্রদায় বা উপদল। স্বাতন্ত্র্যসূচক নামে আখ্যায়িত গির্জা বা সম্প্রদায়। সংবিধানের ৪১ অনুচ্ছেদের (১) দফার (খ) উপ-দফায় প্রত্যেক ধর্মীয় সম্প্রদায় ও উপসম্প্রদায়ের নিজস্ব ধর্মীয় প্রতিষ্ঠানের স্থাপন, রক্ষণ ও ব্যবস্থাপনার অধিকার রহিয়াছে। ২. হিসাবের একক অর্থের কোনো শ্রেণীর একক; যেমন, এক পয়সা, এক টাকা ইত্যাদি।

de novo trial নৃতন করিয়া তবু হইতে বিচার বিচারকার্য একবার আরম্ভ হইলে তাহা একাদিক্রমে চলিতে থাকাই সাধারণ নিয়ম এবং কোনো অবস্থায় একবার গুনানি হওয়া বিষয় পুনরায় গুনানি করা যাইবে না। কিন্তু বর্তমানে বাতিলকত ফৌজদারি কার্যবিধির ওয়ারান্ট প্রসিডিউরে নৃতনভাবে ওনানির বিধান ছিল। উক্ত বিধান-অনুসারে বিচারকার্য চলাকালে বিচারক বদলি হইলে নৃতন বিচারককে আসামির দাবি-অনুসারে বিচারকার্য নৃতনভাবে আরম্ভ করিতে হইত। কোনো বিচারক কোনো মোকদ্দমার বিচারকার্য ওরু করিয়া সাক্ষ্য অসমাপ্ত বা বিচার অসমাপ্ত থাকা অবস্থায় অন্য বিচারক তাঁহার স্থলাভিষিক্ত হইলে মোকদ্দমার যে-কোনো পক্ষ ফৌজদারি কার্যবিধির ৩৪৯ক ধারা-অনুসারে উক্ত মোকদ্দমার বিচার পুনরায় প্রথম হইতে তর করার প্রার্থনা জানাইতে পারে। প্রার্থনামতে পুনরায় গোড়া হইতে বিচার আরম্ভ করাকে নৃতন করিয়া ওরু হইতে বিচার বলে। ফৌজদারি কার্যবিধির ৩৪৯ক(১) ধারা-অনুসারে যখন কোনো দায়রা জজ, অতিরিক্ত দায়রা জজ বা সহকারী দায়রা জজ কোনো মোকদ্দমার বিচারকালে সমগ্র বা আংশিক সাক্ষ্য শ্রবণ ও লিপিবদ্ধ করিবার পর সেই মোকদ্দমায় তাঁহার আর এখতিয়ার থাকে না এবং অপর একজন দায়রা জজ, অতিরিক্ত দায়রা জজ বা সহকারী দায়রা জজ তাঁহার স্থলাভিষিক্ত হন, যিনি এইরূপ এখতিয়ার রাখেন বা প্রয়োগ করেন, তখন সেই স্থলাভিষিক্ত জজ তাঁহার পূর্ববর্তী জজ কর্তৃক লিপিবদ্ধ সাক্ষ্য-অনুসারে বিচার করিতে পারিবেন অথবা তিনি সাক্ষীদের উপর পুনরায় সমন দিয়া বিচার আরম্ভ করিতে পারিবেন। উক্ত ৩৪৯ক ধারার (২) উপধারায় বলা হইয়াছে যে, এক দায়রা আদালত হইতে অন্য দায়রা আদালতে মোকদ্দমা স্থানান্তরিত হইবার ক্ষেত্রেও ১ উপধারা কার্যকর হইবে। পূর্বে নৃতন করিয়া শুরু হইতে বিচার বাধ্যতামূলক ছিল। ১৯৭৮ সালের আইন-সংস্কার অধ্যাদেশ বা ১৯৭৮ সালের ৪৯ অধ্যাদেশ-অনুসারে এইরূপ বিচার

বিচারকের সুবিবেচনার উপর নির্ভর করে। ফৌজদারি কার্যবিধির ৩৫০ ধারায় ম্যাজিন্ট্রেট কর্তৃক এই বিচারসংক্রান্ত বিধান বর্ণিত হইয়াছে। ১৯৭৮ সালের আইন-সংস্কার অধ্যাদেশ-অনুসারে আসামির নৃতন করিয়া গুরু হইতে বিচার পাইবার অধিকার বাদ দেওয়া হইয়াছে অর্থাৎ ৩৫০ ধারা-অনুসারে আসামি ম্যাজিন্ট্রেটের নিকট নৃতন করিয়া গুরু হইতে বিচার প্রার্থনা করিতে পারেন না। ফৌজদারি কার্যবিধির ৩৫০ ধারায় বলা হইয়াছে যে, (১) যখন কোনো ম্যাজিন্ট্রেট কোনো তদন্ত বা বিচারে সমগ্র বা আংশিকভাবে সাক্ষ্য শ্রবণ ও লিপিবদ্ধ করিবার পর তাঁহার উহাতে আর এখতিয়ার থাকে না এবং অপর একজন ম্যাজিন্ট্রেট তাঁহার স্থলাভিবিক্ত হন, যাঁহার এখতিয়ার আছে ও যিনি উহা প্রয়োগ করেন, তখন সেই স্থলাভিফিক ম্যাজিন্ট্রেট তাঁহার পূর্ববর্তী ম্যাজিন্ট্রেট কর্তৃক লিপিবদ্ধ সাক্ষ্য-অনুসারে কাজ করিতে পারিবেন; অথবা তিনি সাক্ষীদের পুনরায় তলব করিয়া তদন্ত বা বিচার পুনরায় গুরু করিতে পারিবেন।

- departmental enquiry বিভাগীয় তদন্ত বিচারবিভাগীয় তদন্ত না হইলেও বিভাগীয় তদন্ত আইনসংগত ও ন্যায়বিচারার্থে করিতে হইবে। বাংলাদেশের সংবিধানঅনুসারে, কোনো ব্যক্তিকে চাকুরিচ্যুত করিতে হইলে কারণ দর্শানো ছাড়া চাকুরিচ্যুত
 করা যাইবে না। তবে রাষ্ট্রপতি ইচ্ছা করিলে কারণ দর্শানো ছাড়াই চাকুরিচ্যুত করিতে
 পারেন। ১৯৭৬ সালের সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপিল বিধি-অনুসারে কোনো
 কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় তদন্ত ছাড়া গুরুতর শান্তি প্রদান করা যায় না।
- departure n. পশ্চাদপসরণ, ব্যক্তিক্রম বি. মামলার কোনো পক্ষকর্তৃক পূর্বের বন্ধব্যের সহিত অসংগতিপূর্ণ ঘটনা, নতুন দাবি বা যুক্তি উত্থাপন। হেতৃভাবণের নীতি-অনুযায়ী পূর্ব অবস্থান হইতে পশ্চাদপসরণ বা সরিয়া যাওয়া গ্রহণযোগ্য নহে; তবে সংশোধিত হেতৃভাষণে পশ্চাদপসরণের মতো কোনো কিছু না থাকিলে তাহা হেতৃভাষণ-সংশোধনে বাধা সৃষ্টি করে না। এই নীতির প্রধান পরিণাম ইইতেছে বাদীকে তাঁহার উত্তর-বক্তব্যে দাবির হেতৃবর্ণনার সহিত অসংগতিপূর্ণ নতুন দাবি উত্থাপন করা হইতে বিরত রাখা। দেওয়ানি কার্যবিধির ৬ আদেশের ৭ বিধিতে পশ্চাদপসরণ গ্রহণযোগ্য নহে।
- dependant n. নির্ভরশীল, পোষ্য বি. যে-ব্যক্তি অন্য কাহারো উপর নিজের ভরণপোষণ বা আর্থিক সাহায্যের জন্য নির্ভর করেন। শেষোক্তজনের মৃত্যুর পর তাঁহার সম্পত্তি ইইতে পোষ্যদের আর্থিক সহায়তা মনজুর করিবার ক্ষেত্রে আদালত ব্যাপক স্ববিবেচনাধীন ক্ষমতার অধিকারী।
- dependent territory অধীন ভূখণ্ড যে-ভূখণ্ডের (যেমন, উপনিবেশ) সরকার অন্য একটি ভূখণ্ডের সরকারের আইনি দায়িত্বের কিছুটা অধীন।

deportation 908

deportation n. নির্বাসন বি. কোনো ব্যক্তিকে কোনো দেশ হইতে বহিষার। বাংলাদেশ (প্রবেশ, নিয়ন্ত্রণ) আইনের ৭ ধারায় বলা হইয়াছে যে, বাংলাদেশের নাগরিক নহেন, এইরূপ কোনো ব্যক্তিকে অবৈধভাবে বাংলাদেশে প্রবেশ করিবার বা অবস্থান করিবার অথবা ছাড়পত্র বা প্রবাসাক্তা লাভের উদ্দেশ্যে মিখ্যা তথ্য প্রদান করিবার অপরাধে দোষী সাব্যস্ত করা হইলে, সরকার আদেশে নির্ধারিত সময়ের মধ্যে তাঁহাকে বাংলাদেশ হইতে বাহির হইয়া যাইবার জন্য আদেশ দিতে পারে।

depose vb. সাক্ষ্য দেওয়া ক্রি, হলফপাঠপূর্বক বাচনিক অথবা লিখিত বক্তব্য প্রদান করা।

deposit n. জমা বি. ১. চুক্তির শর্তপালনের জামিনস্বরূপ একপক্ষকর্তৃক অপর পক্ষকে প্রদন্ত অর্থ। একপক্ষ চুক্তির শর্তপালন করিতে ব্যর্থ ইইলে, অপরপক্ষের ক্ষতির পরিমাণ তাঁহার বরাবরে জমা দেওয়া অর্থ হইতে কম ইইলেও উহা বাজেয়াঙ্জ ইইবে। যদি চুক্তি নির্বিরোধে সম্পূর্ণ হয়, তবে জমা দেওয়া অর্থ আংশিক পরিশোধ হিসাবে গণ্য হয়। ভূমি-আইনে ভূমি খরিদের জন্য ভূমি খরিদকারী যে-অর্থ জমা অর্থাৎ বায়না হিসাবে প্রদান করেন, চুক্তি বাতিল করা ইইলে তিনি সেই অর্থ ফেরত পাইবার অধিকারী হন। ২. জমির বন্ধকদাতাকর্তৃক বন্ধকপ্রহীতার নিকট ঋণের জামানতস্বরূপ স্বত্বের মালিকানা-দলিল জমাদান। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৮(চ) ধারায় স্বত্বের দলিল জমাদান করিয়া কতিপয় নির্ধারিত শহরের স্থাবর সম্পত্তি বন্ধক দিবার বিধান আছে। ৩. মোট দেয় অর্থের যে-অংশবিশেষ জমা দিয়া কোনো পণ্যের বা বস্তুর জোগান লওয়া যায়; একাধিক কিন্তিতে দাম দিয়া কোনো বস্তু ক্রয়ণাল প্রথম কিন্তি; কোনো চুক্তি পালনের অঙ্গীকারস্বরূপ জামানত; নির্দিষ্ট অল্পসময়ের জন্য গাড়ি বা ভিডিও ক্যাসেট ভাড়া করিবার সময়ে বা গ্রন্থাগার হইতে বই লইবার কালে প্রদেয় জামানত হিসাবে যে-গচ্ছিত অর্থ উক্ত বস্তু প্রত্যাবর্তন করিলে ফেরত পাওয়া যায়।

deposition n. জ্বানবন্দি বি. ম্যাজিন্ট্রেট বা আদালতের কর্মকর্তার নিকট সাক্ষীর হলফপাঠপূর্বক প্রদন্ত ও প্রথাগতভাবে লিপিবদ্ধ বক্তব্য। সাক্ষ্য আইনের ১৩৭ ধারায় বলা হইয়াছে যে, যে-পক্ষের মানিত সাক্ষী সেই পক্ষের জিজ্ঞাসাবাদে তিনি যে-বক্তব্য প্রদান করেন তাহা হইতেছে জ্বানবন্দি, প্রতিপক্ষের জিজ্ঞাসাবাদে তিনি যে-বক্তব্য প্রদান করেন তাহা হইতেছে জ্বো এবং জ্বোর পরবর্তীতে সাক্ষী যে-পক্ষের মানিত, সেই পক্ষের আবার জিজ্ঞাসাবাদে তিনি যে-বক্তব্য প্রদান করেন তাহা হইতেছে পুনঃপরীক্ষা। উক্ত আইনের ১৩৮ ধারায় বলা হইয়াছে যে, প্রথমে সাক্ষীর জ্বানবন্দি গ্রহণ করা হইবে, তৎপর (প্রতিপক্ষ ইচ্ছা করিলে) তাঁহাকে জ্বো করা হইবে, তৎপর (যে-পক্ষ সাক্ষী মানিয়াছে সেই পক্ষ ইচ্ছা করিলে) তাঁহাকে পুনঃপরীক্ষা করা হইবে।

ook depreciation

দেওয়ানি কার্যবিধির ২৬ আদেশের ৪ বিধি এবং ফৌজদারি কার্যবিধির ৫০৩ ধারাঅনুসারে, কতিপয় ক্ষেত্রে অনুপস্থিত সাক্ষীর সাক্ষ্য আদালত কমিশনযোগে লিপিবদ্ধ
করাইতে পারেন। সাক্ষ্য আইনের ১৩৬ ধারায় সাক্ষীর সাক্ষ্য প্রাসঙ্গিক কি না, সেবিষয়ে কোনো আপত্তি উত্থাপিত হইলে আদালত সে-সম্পর্কে সিদ্ধান্ত প্রদান করেন।
ফৌজদারি কার্যবিধির ৩৩৯খ ধারার বিধান-অনুসারে, কোনো আসামির
অনুপস্থিতিতে তাঁহার বিচার করিবার আদেশ হইলে তাঁহার অনুপস্থিতিতে সাক্ষ্য গ্রহণ
করা যায়।

- depository n. ডিপজিটরি, ভাগুর বি. ১. ১৯৯৯ সালের ডিপজিটরি আইনের ২(ছ) ধারা-অনুসারে, বুক এন্ট্রি বা খাতায় লিখনের মাধ্যমে সিকিউরিটির সংরক্ষণ ও হস্তান্তরের লক্ষ্যে প্রবিধানদ্বার। নির্ধারিত প্রতিষ্ঠানসমূহের সমন্বরে গঠিত কোম্পানি আইনের অধীন নিবন্ধিত কোনো কোম্পানি। ২. যেখানে কোনো কিছু রক্ষার উদ্দেশ্যে গচ্ছিত রাখা হয়: আমানত-ভাগ্রার।
- depository register ডিপজিটরি রেজিন্টার ১৯৯৯ সালের ডিপজিটরি আইনের ২(জ) ধারা-অনুসারে, কোম্পানি-রেজিন্টারের ডিপজিটরি অংশে ডিপজিটরির নামে লিপিবদ্ধ সিকিউরিটি সম্পর্কে ডিপজিটরি কর্তৃক সংরক্ষিত বৈধ মালিকানার রেজিন্টার।
- deposit will to registrar রেজিন্টারের নিকট উইল বা ইচ্ছাপত্র জমা রেজিন্ট্রেশন আইনের ৪২ ধারা-অনুসারে, কোনো ইচ্ছাপত্রকারী নিজে অথবা তাঁহার যথাযথ ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির দ্বারা তাঁহার ইচ্ছাপত্র থামে বন্ধ ও সিলমোহরমুক্ত করিয়া কোনো রেজিন্ট্রারের নিকট জমা রাখিতে পারেন। উক্ত থামের উপর তাঁহার নাম ও তাঁহার প্রতিনিধির নাম (যদি কেহ থাকেন) এবং উহা কী প্রকারের দলিল তাহার উল্লেখ থাকিবে। যে-ব্যক্তির নিকট মূল দলিল তাঁহার মৃত্যুর পর রেজিন্ট্রি করিয়া ফেরত দিতে হইবে ইচ্ছাপত্রকারী খামের উপর তাঁহার নাম এবং ঠিকানা লিখিবেন।
- depreciation n. অবচয় বি. ব্যবহার বা কালাবর্তনের ফলে কোনো স্থায়ী মূলধন-সম্পত্তির যে-মূলব্রোস ঘটিয়া থাকে। আয়কর আইনে কয়েকপ্রকার মূলধনি সম্পত্তির উপর অবচয় প্রদত্ত হয়, য়েয়ন, কলকজা, য়য়্রপাতি, গৃহ এবং আসবাবপত্র। মূল্যনির্ধারণে কয়য়্বভির পরিমাণ ছাড় দেওয়া; (য়েয়ন, কর নির্ধারণের জন্য) সম্পত্তির মূল্য ব্রাস বা রেয়াত দেওয়া। ক্ষয়্মক্ষতি, অবনতি বা প্রচলন-ব্রাসের ফলে কোনো সম্পত্তির মূল্যব্রাস। করারোপ করিবার উদ্দেশ্যে মূল্যনির্ণয় করিবার কালে সম্পত্তির মূল্যব্রাসজনিত কারণে প্রদত্ত ভাতা, রেয়াত বা সুবিধা। হিসাববিদ্যার একটি নীতি হিসাবে এবং আয়কর আইন-অনুসারে কোনো সম্পত্তির মূল্য বা উহা হইতে অর্জিত লাভ ইত্যাদি বিবেচনায় ইহা করারোপ করিবার ক্ষেত্রে প্রযোজ্য হয়।

- depreciation of different kinds বিভিন্নপ্রকার অবচয় আয়কর-অধ্যাদেশের তৃতীয় তফসিল-অনুযায়ী করদাতা নিম্নলিখিত সাতপ্রকার অবচয় তোগ করিয়া থাকেন: স্বাভাবিক অবচয়; অতিরিক্ত পালার অবচয়— (क) দ্বি-পালার ছাড়; (খ) ত্রি-পালার ছাড়; প্রাথমিক অবচয়, রিশেষ অবচয়; গতিবর্ধক অবচয়; বিনিয়োগের ছাড়; হস্তান্তরিত সম্পত্তির ক্ষেত্রে লাভ-লোকসানের জের সমন্যুসাধনের অবচয় বা আত্তিক অবচয়।
- deprive vb. বঞ্চিত করা ক্রি. কাড়িয়া লওয়া; বেদখল করা; কাহারো মর্যাদা বা পদ হরণ করা; ক্ষতি বা ধ্বংস সাধন করা; কাহারো নিকট হইতে কোনো কিছু লইয়া যাওয়া; কোনো কিছু অর্জন, ব্যবহার বা ভোগ করা হইতে কোনো ব্যক্তিকে বিরত করা। কাহারো নিকট হইতে তাঁহার যাহা আছে এইরূপ কিছু কাড়িয়া লওয়া বা তিনি যাহা অর্জন বা অধিকার করিতে পারেন এইরূপ কিছু হইতে তাঁহাকে বিরত করা।

Deputy Commissioner ডেপুটি কমিশনার, ডিসি district magistrate দ্র.।

Deputy Speaker ভেপৃটি স্পিকার Speaker দ্র.।

- derecognition n. বীকৃতি-প্রত্যাহার বি. কোনো কোম্পানির অথবা প্রতিষ্ঠানের শ্রামিক সংঘ বা ট্রেড ইউনিয়নের বীকৃতি বাতিল করিবার জন্য বিজ্ঞপ্তি প্রেরণ করিবার প্রক্রিয়া । ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ২২ অথবা ২২ক ধারার বিধান-অনুসারে যৌথ দর-কষাকষির প্রতিনিধি বলিয়া ঘোষিত ট্রেড ইউনিয়নের সহিত শ্রমিকদের চাকৃরি-সংক্রান্ত বিষয়ে আলাপ আলোচনা করিতে মালিকপক্ষ বাধ্য, তবে উক্ত অধ্যাদেশের ১০ ধারার বিধান-অনুসারে কতিপয় ক্ষেত্রে ট্রেড ইউনিয়নসমূহের রেজিট্রারই কেবল শ্রম আদালতের অনুমতিক্রমে যে-কোনো ট্রেড ইউনিয়নের নিবন্ধন বাতিল করিতে পারেন।
- deregulation n. নিয়ন্ত্রণমুক্তি বি, ব্যবসায়িক কার্যক্রমে চাহিদা ও সরবরাহের উপর পণ্যমূল্য-নির্ধারণ ছাড়িয়া দিয়া সরকারি নিয়ন্ত্রণ প্রত্যাহার। এই ব্যবস্থা মুক্তবাজার অর্থনীতিরে অন্তর্ভুক্ত। মুক্তবাজার অর্থনীতিতে ব্যবসা-বাণিজ্যের উপর সরকারি নিয়ন্ত্রণ যথাসম্ভব সীমিত।
- derelict adj. পরিত্যক্ত, ধ্বংসোনাখ বিণ. জনমানবশূন্য; বেআইনিভাবে পলাতক ব্যক্তি বা সৈনিক; যাহাকে পরিত্যাগ করা হইয়াছে।
- derivative action সিদ্ধান্তজ্ঞনিত মামলা কোম্পানির ব্যবস্থাপকগণ কোম্পানির সংখ্যালিঘিষ্ঠ অংশীদারগণের প্রতি অবিচার করিলে, উক্ত অংশীদারগণ কর্তৃক প্রতিকার প্রার্থনা করিয়া আদালতে দায়েরকৃত মামলা। প্রচলিত নিয়মে কোম্পানির অংশীদারগণ নন, কোম্পানিই আদালতে মামলা সম্পর্ক করিতে পারেন। কিন্তু সংখ্যাগরিষ্ঠ

୦୦ ବ desertion

অংশীদারগণের দ্বারা নির্বাচিত পরিচালকগণ সংখ্যালঘিষ্ঠ অংশীদারদিণকে তাঁহাদের প্রাপ্য মুনাফা হইতে বঞ্চিত করিবার জন্য যথাযথভাবে কোম্পানির ব্যবস্থাপনা না করিলে সংখ্যালঘিষ্ঠ অংশীদারগণ নিজ নামে প্রতিকার প্রার্থনা করিয়া আদালতে মামলা দায়ের করিতে পারেন। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৩৩ ধারা-অনুসারে আদালত সংখ্যালঘিষ্ঠ সদস্যদের স্বার্থরক্ষার্থে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করিতে পারেন।

derivative deed উৎপন্ন দলিল কোনো দলিলের সম্পূরক অপর একটি দলিল, যাহার দ্বারা মূল দলিলের বয়ান পরিবর্তন, পরিবর্ধন বা অনুমোদন করা হয়। উদাহরণত একটি চালু যৌথ কারবারে নতুন একজন অংশীদারগ্রহণের দলিলের কথা উল্লেখ করা যায়। ইহাতে মূল অংশীদারগণ মূল দলিলে যে-সকল শর্তে যৌথ কারবার প্রয়োগ করিতেছিলেন, নতুন অংশীদারগ সেই সকল শর্ত মানিয়া লন।

derogatory adj. অসম্বানজনক বিণ. কাহারে। সুনাম বা খ্যাতির হানিকর; নিলাঘক।

descendant n. বংশধর বি. কোনো ব্যক্তি হইতে জাত; যে-ব্যক্তি কাহারো বংশধারায় জন্মলাভ করে; পূর্বপুরুষের সহিত সম্পর্কযুক্ত দূরবতী পর্যায়ের সন্তান-সন্ততি; যে-কোনো স্তরের বা ক্রমের পূর্বপুরুষ বা পিতৃপুরুষ হইতে সম্ভূত ব্যক্তি।

descriptive mark বৈশিষ্ট্যসূচক চিক্ন মালামালের সহিত সংযুক্ত কোনো ট্রেডমার্ক বা পণ্যচিক্ন যাহাতে কেবল উক্ত মালামালের বর্ণনা থাকে। কোনো বৈশিষ্ট্যসূচক চিক্ন তথনই সংরক্ষিত বা নিবন্ধনযোগ্য হইবে যদি ব্যবহারকারী এককভাবে তাহার সর্বপ্রথম ব্যবহারের প্রমাণ দেখাইতে পারেন। ট্রেডমার্কে বৈশিষ্ট্যসূচক চিক্ন সম্পর্কে প্রদত্ত তথ্যে সংশ্রিষ্ট দ্বোর মান বা উপাদানের ইন্ধিত থাকিতে পারে।

desertion n. পরিত্যাগ, পলায়ন বি. প্রয়োজনীয় অনুমতি, সন্থতি বা বৈধ আদেশ ব্যতিরেকে কোনো ব্যক্তি, কর্ম বা সম্পর্ক ও আনুষঙ্গিক যাবতীয় কর্তব্য ও দায়িত্ব পরিত্যাগ, অস্বীকার বা অগ্রাহ্যকরন। ১. স্বামী বা স্ত্রী কর্তৃক তাঁহার স্ত্রী বা স্বামীর সহিত একত্রবাস করিবার ব্যর্থতা বা অপারগতা। পারিবারিক আদালত উপরিউক্ত অবস্থায় দাম্পত্য-অধিকার পুনরুদ্ধারের ডিক্রি প্রদান করিতে পারেন। ২. সামরিক বাহিনীর কোনো কর্মচারী বা কর্মকর্তা কর্তৃক কর্মক্ষেত্র ত্যাগ অথবা কর্তব্যকর্মে উপস্থিত হইতে ব্যর্থতাজনিত অপরাধ। বিনা অনুমতিতে অথবা বিনা ছুটিতে সামরিক বাহিনীর কোনো কর্মচারী বা কর্মকর্তা কর্মস্থল পরিত্যাগ করিলে অথবা কর্তব্যকর্ম সম্পাদন করিতে ব্যর্থ হইলে সামরিক আইনবিধি-অনুযায়ী তিনি অপরাধ করিয়াছেন বিলায়া গণ্য হন। দগুবিধির ১৩৫ ধারা-অনুসারে, যে-ব্যক্তি, বাংলাদেশের স্থল, নৌ বা বিমান বাহিনীর কোনো কর্মকর্তা, সৈনিক, নাবিক বা বৈমানিককে পলায়নে

সহায়তা করেন, সেই ব্যক্তি দুই বৎসর পর্যন্ত কারাদণ্ডে বা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন। দণ্ডবিধির ১৩৬ ধারা-অনুসারে, তদ্রূপ পলায়নকারীকে আশ্রয়দান এবং ১৩৭ ধারা-অনুসারে, তদ্রূপ পলায়নকারীকে লুকাইয়া রাখা দণ্ডনীয় অপরাধ।

- design n. অভিসন্ধি, পরিকল্পনা বি. মানসিক পরিকল্পনার সহিত যুক্ত উদ্দেশ্য; লক্ষ্য; গোপন ইচ্ছা; ফন্দি; পরিকল্পনা; অভিপ্রায় বাস্তবায়িত করিবার ইচ্ছা। কোনো কিছু করিবার নিমিত্ত মনের মধ্যে পরিকল্পনা করা; মনের মধ্যে লালিত ইচ্ছা। কাহারো জন্য ক্ষতিকর বা কাহারো বিপক্ষে প্রণীত কোনো পরিকল্পনা।
- designation n. আখ্যা, পদবি বি. যাহা দ্বারা কোনো কিছু আখ্যায়িত বা চিহ্নিত বা বিশেষায়িত হয়; বর্ণনাত্মক বা স্বাতন্ত্র্যসূচক নাম; পদবি বা খেতাব; পেশা বা পদসূচক আখ্যা; যাহার সাহায্যে পৃথকভাবে কাহাকেও চিহ্নিত করা যায়; কোনো উদ্দেশ্যে মনোনয়ন এবং নিয়োগ; চিহ্নিত করিবার বা পৃথকভাবে সংজ্ঞায়িত করিবার কাজ।
- design right নক্শারত্ব বি. কোনো বস্তুর আকার, বাহ্যিক গঠন, নক্শা বা অলংকারসহ তাহার বাহিরের চেহারার আইনি সুরক্ষা। নক্শারত্ব কৃতিরত্ব ইইতে ভিন্ন। কৃতিরত্ব দ্বারা কোনো বস্তুর অভ্যন্তরীণ কাজ সুরক্ষা করা হয়। নক্শারত্ব তাহার মালিককে অপর ব্যক্তিগণকর্তৃক একই নক্শার কোনো বস্তুনির্মাণে বাধা প্রদান করিবার ক্ষমতা প্রদান করে। নকশারত্ব কেবল নিবন্ধনকৃত হইলেই তাহার মালিক তাহা আইনত সংরক্ষণ করিবার অধিকারী হন।

de son tort নিজের অবৈধ কার্যঘারা trustee de son tort দ্র.।

- destitute adj. দুর্গত, দুঃস্থ, নিঃস্ব, নিঃসঙ্গ বিণ. যাঁহার ক্ষমতা কাড়িয়া লওয়া ইইয়াছে; যিনি পরিত্যক্ত ইইয়াছেন; জীবনধারণের জন্য অত্যাবশ্যকীয় সামগ্রী ইইতে বঞ্চিত ব্যক্তি।
- destruction n. ধ্বংস বি. বিধ্বন্ত হইবার ঘটনা বা অবস্থা; ধ্বংস করিবার কাজ। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৮ ধারা-অনুসারে, আগুন লাগিয়া অথবা ঝড় বা বন্যার কবলে পড়িয়া কিংবা সামরিক বাহিনী বা উশৃঙ্খল জনতা বা অপ্রতিরোধ্য কোনো শক্তির বেআইনি হামলার ফলে পত্তনভুক্ত সম্পত্তির কোনো অংশ ধ্বংস হইয়া গেলে পত্তনগ্রহীতার ইচ্ছাধীনে উক্ত পত্তন বাতিল হইয়া যাইবে।
- destruction and ruin ধ্বংস ও বিনাশ প্রত্যক্ষ প্রচণ্ডতা বা শক্তিপ্রয়োগের মাধ্যমে 'ধ্বংস' করা হয় আর 'বিনাশ' ক্রমে ক্রমে সংঘটিত হয়। কোনো বস্তু ধ্বংস করা হয় উহার উপর বাহির হইতে শক্তি প্রয়োগ করিয়া, আর কোনো বস্তু নিজ হইতেই টিকিয়া থাকিবার শক্তি হারাইয়া ক্রমশ ক্ষয় হইতে ইইতে বিনষ্ট হয়।

desuetude n. অচলন, অপ্রচলন বি. কোনো কিছু ব্যবহারের অবসান বা অপ্রচলন; কোনো কিছুর অনুশীলন, প্রয়োগ বা কার্যকরতা পরিত্যক্ত হওয়া।

detain vb. আটক করা ক্রি. থামাইয়া দেওয়া; বিলম্ব করানো; অগ্রগতি বারিত করা;
অস্থায়ীভাবে আটক করিয়া রাখা। প্রহরায় বা আটকাবস্থায় রাখা। শক্তিপ্রয়োগ করিয়া
বা কুসলাইয়া বা লোভ দেখাইয়া বা মিষ্টি কথায় ভুলাইয়া কোনো ব্যক্তিকে অন্য
কোনো ব্যক্তির নিয়ন্ত্রণে আটক রাখা। রাজনৈতিক প্রকৃতির অপরাধের সহিত জড়িত
থাকিবার অভিযোগে কোনো ব্যক্তিকে পুলিশ বা সরকার কর্তৃক আটক করিয়া রাখা।
ইহার বিরুদ্ধে ফৌজদারি কার্যবিধির ৪৯১ ধারায় ও বাংলাদেশের সংবিধানের
১০২(২)(খ)(আ) অনুচ্ছেদে প্রতিকারের উপায় আছে। detention দ্র.।

detention n. বন্দিত্ব, আটক বি. গ্রেপ্তার করিবার পর কোনো ব্যক্তির ইচ্ছার বিরুদ্ধে তাঁহার ব্যক্তিস্বাধীনতাহরণ। ফৌজদারি কার্যবিধির ৬১ ধারার বিধান-অনুসারে, কোনো পুলিশ-কর্মকর্তা বিনা পরওয়ানায় কাহাকেও গ্রেপ্তার করিলে তাঁহাকে সাম্মিক পরিস্থিতির বিবেচনায় যুক্তিসংগত সময় অপেক্ষা অধিককাল আটক রাখিবেন না এবং ম্যাজিস্ট্রেটের বিশেষ আদেশ ব্যতীত এইরূপ আটকের কাল গ্রেপ্তারের স্থান হইতে ম্যাজিস্ট্রেট আদালতে যাইবার সময় বাদ দিয়া চবিবশ ঘণ্টার অধিক হইবে না। উক্ত ধারায় আটক ব্যক্তি সম্পর্কে চবিবশ ঘণ্টার মধ্যে অনুসন্ধান সমাপ্ত করা না গেলে ১৬৭ ধারার বিধান-অনুসারে ম্যাজিস্ট্রেট তাঁহাকে পনের দিন পর্যন্ত আটক রাখিবার আদেশ দিতে পারেন। পুলিশ-কর্মকর্তা আটক ব্যক্তির বিরুদ্ধে তদন্তের পর অভিযোগ দায়ের করিতে ব্যর্প হইলে অথবা ম্যাজিস্ট্রেট তাঁহাকে পুনরায় আটক রাখিবার আদেশ না দিলে তাঁহাকে ছাড়িয়া দিতে হয়। বিশেষ ক্ষমতা আইনে গ্রেপ্তারকৃত ব্যক্তিকে জেলা ম্যাজিস্ট্রেট ক্রেশ্ব দিন পর্যন্ত এবং সরকার ছয় মাস পর্যন্ত নিবর্তনমূলক আটকাদেশ দিয়া আটক রাখিতে পারেন। হাইকোর্ট বিভাগের দুইজন বিচারপতি ও সরকারের সচিব বা অতিরিক্ত সচিব পদমর্যাদার একজন কর্মকর্তাকে লইয়া গঠিত পরামর্শ পর্যদের স্বপারিশ ব্যতীত কাহাকেও সরকার ছয় মাসের অধিককাল আটক রাখিতে পারে না।

detention in a young offender institution কিশোর অপরাধী প্রতিষ্ঠানে আটক ফৌজদারি কার্যবিধির ৩৯৯ ধারায় বলা ইইয়াছে যে, যখন কোনো ফৌজদারি আদালত পনের বৎসরের কমবয়স্ক কোনো ব্যক্তিকে অপরাধের জন্য কারাদও দেন, তখন উক্ত আদালত নির্দেশ দিতে পারেন যে, উক্ত ব্যক্তিকে যে-প্রতিষ্ঠানে উপযুক্ত শৃঙ্খলা ও কোনো দরকারি শিল্পের কোনো শাখায় প্রশিক্ষণের ব্যবস্থা রহিয়াছে, সরকারকর্তৃক স্থাপিত এইরূপ কোনো সংশোধনমূলক প্রতিষ্ঠানে আটক রাখিতে ইবৈ। ঢাকার টঙ্গীতে কিশোর অপরাধীদের শৃঙ্খলা ও প্রশিক্ষণ দানের জন্য এইরূপ একটি সরকারি প্রতিষ্ঠান আছে। ১৯৭৪ সালের শিশু আইন কার্যকর হওয়ায় ৩৯৯ ধারার উক্ত বিধান টাকা জৈলায় প্রযোজা নহে।

detenu ৩১০

detenu n. বন্দি বি. কারাবন্দি। ইংরাজ আমলে বিশেষত রাজবন্দিদের বুঝাইতে শব্দটি বাবকত হইত।

- determinable interest শর্তসাপেক্ষ স্বার্থ কোনো নির্দিষ্ট ঘটনা ঘটিবার পর (যাহা কখনো নাও ঘটিতে পারে) যে-স্বার্থ আপনা-আপনি শেষ হইয়া যায়, এমন স্বার্থ। উদাহরণত, যদি 'ক' তাঁহার সম্পত্তি 'ঝ'-য়ের নিকট এই শর্তে হস্তান্তর করেন য়ে, 'ঝ' বিবাহ না করা পর্যন্ত তাহা ভোগ করিবেন, তবে ওই সম্পত্তিতে 'ঝ'-য়ের শর্তসাপেক্ষ স্বার্থ হইবে, তবে তাঁহার বিবাহের সঙ্গে সঙ্গে উক্ত স্বার্থ বাতিল হইয়া 'ক'-য়ের নিকট ফেরত চলিয়া যাইবে। কিন্তু 'ঝ' যদি অবিবাহিত অবস্থায় য়ায়া য়ায়, তবে 'ক' ওই সম্পত্তি ফেরত পাইবেন না এবং তাহা 'ঝ'-য়ের ওয়ারিশগণ নির্বৃঢ় স্বত্বে পাইবে। সম্পত্তিতে জীবনস্বত্বকে শর্তসাপেক্ষ স্বার্থ বলা যায় না।
- determination n. নিষ্পত্তি, নির্ধারণ বি. কোনো বৈধ আইনের অধীনে গঠিত কোনো কর্তৃপক্ষের নিকট কোনো বিরোধ নিষ্পত্তির জন্য দাখিল করা হইয়া থাকিনে, উক্ত বিরোধ সম্পর্কে কার্যকর মতামত প্রদান যাহাতে উক্ত বিতর্কের বা বিরোধের অবসান ঘটে।
- deterrent punishments প্রতিরোধমূলক বা নিবর্তনমূলক শান্তি অপরাধীকে
 পুনরায় অপরাধ-সংঘটন হইতে বিরত রাখিবার উদ্দেশ্যে অথবা পুনর্বার অপরাধসংঘটন প্রতিহত করিবার উদ্দেশ্যে ঘোষিত কঠোর দও। কঠোর দওদানের মতবাদ
 শিথিলভাবে প্রয়োগ করা উচিত।
- detinue n. পণ্য-উদ্ধার মোকদ্দমা পণ্যের দখলদার পণ্যের মালিককে উক্ত পণ্য ফেরত দিতে অস্বীকার করিলে তাহা উদ্ধারের জন্য আনীত মামলা। ইংল্যান্তে ১৮৭৩ -৭৫ সালের জুডিকেচার আইনদ্বারা প্রাচীন সাধারণ আইনের উক্ত প্রকার মামলা বাতিল করিয়া দেওয়া হইয়াছে। ইংল্যান্ডে বর্তমানে ১৯৭৭ সালের পূরণযোগ্য ক্ষতি (পণ্যের উপর হস্তক্ষেপ) আইনের বিধান-অনুযায়ী পণ্য উদ্ধারের জন্য মামলা দায়ের করিতে হয়। বাংলাদেশে পণ্যবিক্রয় আইনের ৫৮ ধারার বিধান-অনুযায়ী পণ্য উদ্ধারের মামলা দায়ের করিতে হয়। বাংলাদেশে পণ্যবিক্রয় আইনের ৫৮ ধারার বিধান-অনুযায়ী পণ্য
- devaluation n. অবমূল্যায়ন বি. কোনো দেশের সরকার কর্তৃক স্বেচ্ছায় বিদেশী মুদ্রার সঙ্গে দেশীয় মুদ্রার বিনিময়হার হ্রাসকরণ।
- devastavit n. সম্পত্তি-বিনষ্টকরণ বি. মৃত ব্যক্তির ব্যক্তিগত প্রতিনিধির পক্ষে
 সম্পত্তি সত্ত্বর এবং যথাযথভাবে ব্যবস্থাপনা করিবার অপারগতা। উদাহরণত, যদি
 মৃত ব্যক্তির ব্যক্তিগত প্রতিনিধি খ্রাসকরণের সম্ভাবনাধীন একটি উত্তরদান সম্পূর্ণভাবে
 পরিশোধ করিয়া দেন, তবে অপর হিত্যাহীগণ ক্ষতিগ্রস্ত হইলে সম্পত্তি-বিনষ্টকারী

الات devattar

হিসাবে উক্ত প্রতিনিধি ব্যক্তিগতভাবে দায়ী হইবেন। সরল বিশ্বাসে হইলেও তিনি যদি স্বল্পমূল্যে সম্পত্তির পরিসম্পৎ বিলিব্যবস্থা করেন, তাহা হইলেও তিনি দায়ী হইতে পারেন।

devattar n. দেবোত্তর বি. দেবদেবীর উদ্দেশ্যে, দেবমন্দিরের রক্ষণাবেক্ষণ, প্রতিমানির্মাণ ও পূজা-অর্চনা, ব্রাহ্মণ ও কাঙালিভোজন, বা ধর্মীয় উৎসব পালনের জন্য উৎসগীকৃত সম্পত্তিকে দেবোত্তর সম্পত্তি বলা হয়। হাসপাতাল, বিদ্যালয় স্থাপন, জনস্বাস্থ্যবিধি উন্নয়ন, অতিথিশালা নির্মাণ ও সংস্কার-সংরক্ষণ এবং এই প্রকার আরো অনেক কাজ দেবোত্তরের আওতায় পড়তে পারে। মানসিকভাবে সুস্থ ও সাবালক যে-কোনো হিন্দু সম্পূর্ণ নিজের ইচ্ছায় তাঁহার নিজস্ব সম্পদ ও সম্পত্তি উপরিউক্ত কাজে উৎসর্গ করিতে পারেন। উৎসগীকৃত সম্পদে দাতার আর কোনো স্বত্ব থাকে না এবং একবার দেবোত্তর সম্পদ নির্ধারিত হইলে পরবর্তীকালে তাহা আর নাকচ করা যায় না। দেবোত্তর দুইরকমের হইতে পারে— সম্পূর্ণ দেবোত্তর এবং আংশিক দেবোত্তর। নিজের অধিকার, স্বার্থ ও ভোগের ইচ্ছা সম্পূর্ণরূপে ত্যাগ করিয়া সম্পদ দান করিবার নাম সম্পূর্ণ দেবোতর। দানপত্তে যদি দেবসেবা, ধর্মীয় অনুষ্ঠান বা জনগণের মঙ্গলের জন্য সম্পদের আয়ের উপর বিশেষ কোনো নির্দেশ থাকে, তবে ওই দানের নাম আংশিক দেবোত্তর। আংশিক দেবোত্তর উত্তরাধিকার-পরস্পরায় বর্তায় এবং তাহা হস্তান্তরযোগ্য। তবে যে-অবস্থায়ই থাক না কেন, এই সম্পত্তিতে দাতার নির্দেশ বহাল থাকে। দেবোত্তরে কতকগুলি শর্ত থাকে এবং সে-শর্তগুলি অবশ্যই পুরণ করিতে হয়: ক. দাতাকে দেবোত্তর সম্পত্তি শর্তহীনভাবে চিরতরে দান করিতে হয়, এবং যে, যে-উদ্দেশ্যে তিনি সম্পদ দান করিয়াছেন, সুস্পষ্টভাবে তাহার উল্লেখ থাকিতে হয়, খ. দানের উদ্দেশ্য ও দানকৃত সম্পত্তি সুনির্দিষ্ট থাকিতে হয়। দেবোত্তর সম্পত্তি দানের ক্ষেত্রে কোনোরূপ ধর্মীয় উৎসব আয়োজন বা ট্রাস্ট গঠন করিবার কোনো লিখিত দলিলের দরকার হয় না। তবে ইচ্ছাপত্রমূলে দলিল সম্পাদন করিতে হইলে তাহা সুস্পষ্টভাবে লিখিতে হয়, দ্বার্থবোধক যেন না হয়। ওই ইচ্ছাপত্র দুই বা ততোধিক ব্যক্তিদারা আইনত প্রত্যয়িত করা প্রয়োজন। ইচ্ছাপত্র স্বেচ্ছায় সম্পাদন ও প্রত্যয়ন করা প্রয়োজন। কেবল দলিল সম্পাদন করিলেই কোনো সম্পদ দেবোত্তর গণ্য হয় না, উৎসগীকত সম্পদকে উদ্দেশ্য-অনুযায়ী ব্যবহার করিতে ও কাজে লাগাইতে হয়। যখন কোনো দাতা ভোগদখল হইতে নিজেকে সরাইয়া লইয়া বিষয়সম্পদকে দেবোত্তরে পরিণত করেন, তখন দেবতার পক্ষে সেই সম্পদ দেখাশোনা ও রক্ষণাবেক্ষণের জন্য সেবাইত বা মোহান্ত নিযুক্ত করিতে হয়। তিনি তথু পূজারী বা অর্চক নন, তিনি সম্পদের যাবতীয় কর্তৃত্ব এবং দায়িত্বও পালন করেন। ধর্মীয় উদ্দেশ্যে সম্পূর্ণ উৎসগীকৃত সম্পত্তি প্রায়শ কোনো মন্দিরে স্থানান্তরিত হয় এবং এই ধরনের মন্দিরের ব্যবস্থাপককে সেবাইত বলা হয়। একজন মোহান্ত মঠ অর্থাৎ ধর্মশাস্ত্র অধ্যয়নরত ছাত্রদের আবাসস্থলের জন্য প্রাপ্ত সম্পত্তি রক্ষণাবেক্ষণ করেন।

মন্দিরের আইনগত কোনো সপ্তা নাই, কিন্তু দেবতার আইনগত সপ্তা বা মর্যাদা রহিয়াছে। মন্দির ও দেবতা উভয়ে আদালতে অভিযোগ আনিতে পারেন এবং সেবাইত বা মোহান্তের মাধ্যমে অভিযুক্ত হইতে পারেন। আইনি প্রয়োজন ব্যতীত কোনো সেবাইত দেবোত্তর সম্পত্তি হস্তান্তর করিতে পারেন না। অসদাচরণের জন্য সেবাইতকে তাঁহার দফতর হইতে অপসারণ করা যাইতে পারে। আদালতও তাঁহাকে হিসাব উপস্থাপনের জন্য নির্দেশ দিতে পারেন।

development n. উন্নয়ন বি. সাধারণত, জমির উপর প্রভাব বিস্তার করে, এমন কোনো নির্মাণ কাজ বা অন্য কার্যকলাপ এবং ভবনাদি বা জমির ব্যবহারে কোনো গুরুত্বপূর্ণ পরিবর্তন-সাধন।

development land tax ভূমি-উন্নয়ন-কর কোনো উনুয়ন-কর্তৃপক্ষ কোনো এলাকার ভূমির উনুয়ন সাধন করিলে উক্ত ভূমির বর্ধিত মূল্যের উপর ধার্য কর। তাহা ছাড়া ১৯৭৬ সালের ভূমি উনুয়ন কর অধ্যাদেশের বিধান-অনুযায়ী ভূমি ব্যবহারের জন্য সরকারকে প্রদেয় খাজনা ও অন্যান্য কর রহিত করিয়া কৃষি ও অকৃষি ভূমির উপর ভিন্ন ভিন্ন হারে ধার্য করকে ভূমি উনুয়ন কর বলা হয়।

development programme উন্নয়ন-কর্মসূচি সংবিধানের ১৬ অনুচ্ছেদে বর্ণিত রহিয়াছে যে, নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করিবার উদ্দেশ্যে কৃষিবিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে বৈদ্যুতীকরণের ব্যবস্থা, কুটিরশিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা, যোগাযোগ-ব্যবস্থা ও জনস্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলের আমূল রূপান্তরসাধনের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন। সংবিধানের ১০২ অনুচ্ছেদের (৪) দফা-অনুসারে, ওই অনুচ্ছেদের (১) দফা কিংবা ওই অনুচ্ছেদের (২) দফার (ক) উপ-দফার অধীন কোনো আবেদনক্রমে যে-ক্ষেত্রে 'অন্তর্বতী আদেশ প্রার্থনা করা হইয়াছে এবং অনুরূপ অন্তর্বতী আদেশ যেখানে উনুয়ন-কর্মসূচি বাস্তবায়নের জন্য কোনো ব্যবস্থার কিংবা কোনো উন্নয়নমূলক কার্যের প্রতিকূলতা বা বাধা সৃষ্টি করিতে পারে, অথবা যেখানে অন্য কোনোভাবে জনস্বার্থের পক্ষে ক্ষতিকর হইতে পারে, সেইখানে অ্যাটর্নি-জেনারেলকে উক্ত আবেদন সম্পর্কে যুক্তিসংগত নোটিশদান এবং অ্যাটর্নি-জেনারেলের (কিংবা ওই বিষয়ে তাঁহার দ্বারা ভারপ্রাপ্ত অন্য কোনো অ্যাডভোকেটের) বক্তব্য শ্রবণ না করা পর্যন্ত এবং ওই দফার (ক) বা (খ) উপ-দফায় উল্লিখিত প্রতিক্রিয়া সৃষ্টি করিবে না বলিয়া হাইকোর্ট বিভাগের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান না হওয়া পর্যন্ত উক্ত বিভাগ কোনো অন্তর্বতী আদেশদান কবিবেন না।

deviation n. পথ-পরিবর্জন বি. স্বাভাবিক বা নির্ধারিত পথ হইতে সরিয়া যাওয়া। জাহাজকে অবশ্যই নৌবিমাপত্রে অথবা মিশ্রবিমাপত্রে নির্ধারিত পথে চলিতে হয়। যদি কোনো পথ নির্ধারিত না থাকে, তবে জাহাজকে প্রথাসিদ্ধ পথে চলিতে হয়। জাহাজ পথ পরিবর্তন করিলে দায়গ্রাহক পরবর্তী সকল ক্ষতির দায় হইতে অব্যাহতি লাভ করেন, যদি না নিয়ন্ত্রণবহির্ভূত কোনো পারিপার্শ্বিকতার কারণে তাহা ঘটে অথবা কোনো কোনো অত্যন্ত সীমিত কারণে তাহা যুক্তিযুক্ত হয় (যথা, জাহাজের নিরাপত্তা নিশ্চিত করা কিংবা মানবজীবন রক্ষা করা, কিন্তু নিছক সম্পত্তি রক্ষা করা নহে)। অযৌক্তিক বিলম্ব পথ-পরিবর্তন হিসাবে গণ্য হইতে পারে। জাহাজ মূলপথে প্রত্যাবর্তন করিলে বিমার দায় পুনরুত্থাপনযোগ্য হয় না। ত্রমণের জন্য জাহাজভাড়ার চুক্তিতে পক্ষগুলির মধ্যে পথ-পরিবর্তনের সম্ভাবনা সাধারণত পথপরিবর্তন-বিষয়ে একটি সুস্পষ্ট ধারায় লিপিবদ্ধ করা হয়। মাল বহন করিবার জন্য জাহাজভাড়া-চুক্তির আওতায় চুক্তিতে উল্লিখিত অনুমতিদ্বারা অথবা কোনো শক্ত-জাহাজ কর্তৃক কোনো ক্ষতিসাধন বা সামুদ্রিক কোনো বিশেষ বিপদ এড়াইবার জন্য কিংবা দুর্ঘটনাকবলিত অন্য কোনো জাহাজ বা জাহাজন্থিত মানুষ বা পণ্য রক্ষা করিবার জন্য পথ পরিবর্তন করা হইলে তাহা যুক্তিসংগত বা সমর্থিত হইতে পারে।

- devil n. শয়তান বি, জ্যেষ্ঠ আইনজীবীর অধীন কর্মরত কনিষ্ঠ আইনজীবী।
 সাধারণত তিনি আরজি, জবাব অথবা মতামত মুসাবিদা করিয়া থাকেন। ইহা
 তাঁহাদের মধ্যে একটি অনানুষ্ঠানিক ব্যবস্থা। ইংল্যান্ডে যেমন একজন জ্যেষ্ঠ
 আইনজীবীর অধীনে কর্মরত একজন কনিষ্ঠ আইনজীবীকে শয়তান বলিয়া আখ্যায়িত
 করা হয়, তেমনি মার্কিন যুক্তরাট্রে বিচারকদের সাহায্যকারী আইনের স্নাতক
 করণিকদের শয়তান নামে অভিহিত করা হয়।
- tevise n. ইচ্ছাপত্রের দারা সম্পত্তিপ্রদান বি. ইচ্ছাপত্রের মাধ্যমে কাহাকেও ভূসম্পত্তি দান। তদ্রূপ দান সুনির্দিষ্ট সম্পত্তি সম্পর্কে, সকল সম্পত্তি সম্পর্কে অথবা অবশিষ্ট সম্পত্তি সম্পর্কে ইইতে পারে। ইচ্ছাপত্রের মাধ্যমে ভূসম্পত্তি বিলি-বন্দোবন্ত করা ইহার অন্তর্ভূক্ত।
- devolution n. বিকেন্দ্রীকরণ, অধিকার-বদল বি. ১. কেন্দ্রীয় সরকারকর্তৃক আঞ্চলিক সরকারের নিকট সংশ্লিষ্ট অঞ্চলের স্থানীয় বিষয়াদি সম্পর্কে আইনপ্রণয়নের ক্ষমতা বা নির্বাহী ক্ষমতা অথবা উভয় ক্ষমতা অর্পণ। ২. মৃত্যু কিংবা বিক্রয়, দান বা আইনগত প্রক্রিয়ায় অথবা অন্য কোনোভাবে এক ব্যক্তির নিকট হইতে অন্য ব্যক্তির নিকট সম্পতি-হস্তান্তর।
- dictum n. বৈচারিক মতামত মামলার বিচারকালে উত্থাপিত আইনের প্রশ্নে বিচারককর্তৃক ব্যক্ত মতামত। এতৎসহ obiter dictum দ্র.।
- different kinds of compensation নানাপ্রকার ক্ষতিপূরণ compensation, different kinds দ্র.।

dilapidation 038

dilapidation n. ভগ্নাবস্থা বি. মেরামতহীন অবস্থা। প্রজাস্বত্ব বা ভাড়াটিয়া স্বত্বের মেয়াদ-অন্তে কোনো সম্পত্তির আবশ্যকীয় মেরামত সম্পর্কে সাধারণত এই পরিশব্দি ব্যবহৃত হয়। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৮ (চ) ধারায় বলা হইয়াছে যে, ইজারাদাতা বিজ্ঞপ্তি পাওয়ার যুক্তিসংগত সময়ের মধ্যে তদ্ধেপ সম্পত্তির মেরামত করিতে ব্যর্থ ইইলে ইজারাদার নিজ খরচে তাহা মেরামত করাইয়া তাহার খরচ সুদসহ কর্তন করিয়া লইতে অথবা অন্যভাবে ইজারাদাতার নিকট হইতে আদায় করিয়া লইতে পারিবেন।

- diligence n. নিষ্ঠা বি. সাধারণ বৃদ্ধিমত্তাসম্পন্ন ব্যক্তি কর্তৃক যেরূপ সতর্কতা এবং সুবিবেচনা প্রয়োগ করা হয় তদ্রূপ সতর্কতা বা সুবিবেচনা। আইনের দ্বারা কর্তব্যরূপে আরোপিত নিষ্ঠা বলিতে একই সঙ্গে কর্ম এবং আত্মসংযম নির্দেশ করে যাহাতে একজন সাধারণ বিবেচনাসম্পন্ন মানুষ কোনো পরিস্থিতিতে যে-যে কাজ যে-যে ভাবে করা প্রয়োজন কোনো ব্যক্তি সেই সেই ধরনের কাজ সেই সেই ভাবে করেন এবং সাধারণ বৃদ্ধিজ্ঞানবলে উপযুক্ত ক্ষেত্রে আত্মসংযম অবলম্বন করেন। 'নিষ্ঠা' সকল ক্ষেত্রেই আপেক্ষিক; 'যথাযথ নিষ্ঠা' কোনো পরিস্থিতির প্রেক্ষাপট দ্বারাই যুক্তিসংগতভাবে নির্ধারিত হইবার বিষয়।
- diminished responsibility ব্রাসকৃত দায়িত্ব অপ্রকৃতিস্থ না হইলেও এমন অস্বাভাবিক মানসিক অবস্থা যাহা খুনের অভিযোগের জবাবে আত্মপক্ষসমর্থনের বিশেষ অজুহাত হিসাবে উত্থাপন করা যায়। এই উদ্দেশ্যে অস্বাভাবিক মানসিক অবস্থা এমন হইতে হইবে যে, সাধারণ লোকের দৃষ্টিতে যেন প্রতীয়মান হয় যে, কোনো বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবার ক্ষমতা আসামির কম অথবা তিনি যুক্তিসংগত আচরণ করিতে অক্ষম। আসামি উক্তরপ অজুহাত প্রমাণ করিতে পারিলে খুনের পরিবর্তে নিমখুনের জন্য দোষী হইবেন। অস্বাভাবিক মানসিক অবস্থার কোনো ব্যক্তি সামান্য প্ররোচনার ফলেই আত্মনিয়ন্ত্রণ হারাইয়া ফেলিয়া প্ররোচনা-প্রদানকারীকে হত্যা করিলে তিনি দণ্ডবিধির ৩০০ ধারার ১ ব্যতিক্রমের বিধান-অনুযায়ী খুনের পরিবর্তে নিমখুনের জন্য দায়ী হইবেন।
- diplomacy n. কৃটনীতি বি. বৈদেশিক সম্পর্কের ব্যবস্থাপনা। বিদেশী রাষ্ট্র বা দেশের সহিত সম্পর্কের ব্যাপারে আলাপ-আলোচনা; কৌশনী ও দক্ষ আচরণ (বিশেষভাবে আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে); রাষ্ট্রদৃত, বিশেষ দৃত বা অন্যদেশে বসবাসকারী স্বদেশী নাগরিকদের সাহায্য ও সুরক্ষার জন্য দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রীয় প্রতিনিধিদের মাধ্যমে প্রাপ্ত বা সংগৃহীত বিভিন্ন দেশের স্বার্থ এবং বিদেশী আদালতের রীতি ইত্যাদি সম্পর্কে জ্ঞান।

৩১৫ direct evidence

diplomatic immunity ক্টনৈতিক বিমৃক্তি কোনো রাষ্ট্রে অন্য রাষ্ট্রের ক্টনৈতিক প্রতিনিধিগণ মামলা-মোকদমা-সংক্রান্ত যে-স্বাধীনতা ভোগ করেন। কৃটনৈতিক সম্পর্কের বিষয়ে ১৯৬১ সালের ভিয়েনা সম্মেলনে গৃহীত বিধানাবলির দ্বারা কৃটনৈতিক বিমৃক্তি নিয়ন্ত্রিত হয়। উক্ত বিধানাবলি কার্যকর করিবার জন্য স্বাক্ষরকারী রাষ্ট্রসমূহ নিজ নিজ দেশে কৃটনৈতিক বিমৃক্তি সম্পর্কে আইন প্রণয়ন করিয়াছে। দৃতাবাসের কৃটনৈতিক কর্মচারী ফৌজদারি দায় হইতে পূর্ণরূপে এবং ব্যক্তিগত কাজকর্মের জন্য ভিন্ন অপর সকলপ্রকার দেওয়ানি দায় হইতেও বিমৃক্তি লাভ করেন। দৃতাবাসের প্রশাসনিক অথবা কারিগরি কর্মচারী ফৌজদারি দায় হইতে পূর্ণরূপে এবং দায়িত্বপালনকালীন কাজের জন্য দেওয়ানি দায় হইতে বিমৃক্তি লাভ করেন। দূতাবাসের গার্হস্থ্য কর্মচারী গুধুমাত্র দায়িত্বপালনকালীন কাজের জন্য দেওয়ানি ও ফৌজদারি দায় হইতে বিমৃক্তি লাভ করেন। দেওয়ানি কার্যবিধির ৮৬ক ধারার বিধান হইতেছে যে, কতিপয় ব্যক্তিগত বিষয়ের ক্ষেত্র ব্যক্তীত কোনো কৃটনৈতিক প্রতিনিধির বিরুক্তে আদালতে কোনো কার্যধারা চলিবে না।

direct and indirect rate সরাসরি এবং পরোক্ষ হার প্রতি এক বৈদেশিক মুদ্রার বিনিময়-হার স্থানীয় মুদ্রায় প্রকাশ করা হইলে ইহাকে সরাসরি হার বলে। যেমন, বাংলাদেশে ১ ডলার = ৬০.০০ টাকা। অন্যদিকে যদি প্রতি একক দেশীয় মুদ্রার বিনিময়-হার বৈদেশিক মুদ্রায় প্রকাশ করা হয় তখন তাহাকে পরোক্ষ মুদ্রাহার বলা হয়।

direct evidence প্রত্যক্ষ সাক্ষ্য ঘটনার সত্যতা সম্বন্ধে সাক্ষী যাহা ব্যক্ত করিয়া থাকেন তাহা প্রমাণের জন্য আদালতে প্রদন্ত তাঁহার বক্তব্য। তাহা ছড়ো সাক্ষী তাঁহার পঞ্চ ইন্দ্রিয়ের যে-কোনো একটির মাধ্যমে তর্কিত ঘটনা প্রত্যক্ষ করিয়া থাকিলে অথবা তিনি বিশেষ শারীরিক বা মানসিক অবস্থায় থাকিলে, সেই মর্মে আদালতে প্রদন্ত তাঁহার বক্তব্য। শ্রুত সাক্ষ্য অথবা পারিপার্শ্বিক বা অবস্থানগত সাক্ষ্য হইতে প্রত্যক্ষ সাক্ষ্য ভিন্ন। সাক্ষ্য আইনের ৬০ ধারায় বলা হইয়াছে যে, বাচনিক সাক্ষ্য অবশ্যই প্রত্যক্ষ হইতে হইবে। অর্থাৎ ইহা যদি কোনো দৃশ্যমান ঘটনা সম্পর্কে হয়, তবে যে-ব্যক্তি উহা দেখিয়াছেন তাঁহাকেই বলিতে হইবে যে, তিনি তাহা দেখিয়াছেন। ইহা যদি প্রুত্ত ঘটনা সম্পর্কে হয়, তবে যে-ব্যক্তি তাহা গুনিয়াছেন তাঁহাকেই বলিতে হইবে যে, তিনি তাহা উপলব্ধি করিয়াছেন তাঁহাকেই বলিতে হইবে যে, তিনি তাহা উপলব্ধি করিয়াছেন তাঁহাকেই বলিতে হইবে যে, তিনি তাহা কীভাবে উপলব্ধি করিয়াছেন। ইহা যদি কাহারো মতামত সম্পর্কে অথবা মতামত ধারণের ভিত্তিসমূহ সম্পর্কে হয়, তবে যে-ব্যক্তি উক্ত মতামত যে-সকল ভিত্তিতে ধারণ করেন তাঁহাকেই তাহা বলিতে হইবে। তবে শর্ত থাকে যে, বিশেষজ্ঞের অভিমত-সংবলিত গ্রন্থের তাহা বলিতে হইবে। তবে শর্ত থাকে যে, বিশেষজ্ঞের অভিমত-সংবলিত গ্রন্থের তাহা বলিতে হইবে। তবে শর্ত থাকে যে, বিশেষজ্ঞের অভিমত-সংবলিত গ্রন্থের তাহা বলিতে হইবে। তবে শর্ত থাকে যে, বিশেষজ্ঞের অভিমত-সংবলিত গ্রন্থের

প্রণেতাকে আদালতে হাজির করা সম্ভব না হইলে ওই গ্রন্থে ব্যক্ত অভিমত এবং যে-যুক্তির উপর উহা প্রতিষ্ঠিত তাহা প্রমাণের জন্য সেই গ্রন্থ হাজির করা যাইতে পারে। আরো শর্ত থাকে যে, মৌখিক সাক্ষ্যে যদি দলিল ভিন্ন অন্য বস্তুর অস্তিত্ বা অবস্থা সম্পর্কে উল্লেখ করা হয়, তবে আদালত সমীচীন মনে করিলে তাহা আদালতে হাজির করিবার আদেশ দিতে পারেন। circumstantial evidence তূ.।

direct infringement প্রত্যক্ষ অধিকারলঙ্ঘন একটি বৈধ কৃতিস্বত্বের দাবির আওতাভূক্ত পণ্য কৃতিস্বত্বের মালিকের অনুমতি ছাড়া তৈয়ারি করা, ব্যবহার করা, বিক্রয় করা, বিক্রয় করিবার প্রস্তাব করা বা আমদানি করা।

direction to jury জ্বিগণের প্রতি নির্দেশ জ্বির সাহায্যে মামলা-বিচারে বিচারকের দায়িত্ব হইতেছে জ্বিগণকে মামলায় উত্থাপিত আইনের প্রশ্ন ব্যাখ্যা করিয়া তাঁহাদের কর্তব্য সম্পর্কে নির্দেশ প্রদান করা (উদাহরণস্বরূপ, যে-অপরাধে আসামি অভিযুক্ত সেই অপরাধের সংজ্ঞার্থ ও উপাদান অথবা আসামির সম্ভাব্য আত্মপক্ষসমর্থনের অজ্বহাতের প্রকৃতি ও পরিধি ব্যাখ্যা করা)। জ্বির প্রতি বিচারক সঠিক নির্দেশনা দিতে ব্যর্থ হইলে এবং তদ্মারা ন্যায়বিচার বিদ্নিত হইবার উপক্রম হইলে তাহা আপিলের সম্ভাব্য হেতু হইতে পারে। ১৯৫৯ সাল হইতে জ্বির সাহায্যে দায়রা-বিচারপদ্ধতি বাতিল হইবার পূর্বে সংশোধনপূর্ব ফৌজদারি কার্যবিধিতে বাতিলকৃত ২৯৭ ধারায় দায়রা মামলার ভনানি শেষ হইবার পর বিচারক কর্তৃক জ্বিদিগের প্রতি নির্দেশদানের বিধান ছিল।

director n. পরিচালক বি. পরিচালকপদে আসীন যে-কোনো ব্যক্তি, তিনি যে নামেই অভিহিত হউন না কেন, ইহার অন্তর্ভুক্ত হইবেন। কোম্পানির সংঘবিধিসমূহের দ্বারা বা অনুযায়ী নিযুক্ত কোম্পানির একজন কর্মকর্তা। পরিচালকগণ (যেমন, চাকুরিরত পরিচালকগণ বা ব্যবস্থাপনা পরিচালক) কোম্পানির সহিত চাকুরির চুক্তিতে আবদ্ধ হইতে পারেন অথবা তাঁহারা (অনির্বাহী পরিচালকগণ) শুধুমাত্র পরিচালকপর্ষদের সভায় যোগদান করিতে পারেন। কোম্পানির উদ্যোক্তা-অংশীদারগণ কোম্পানি নিবন্ধন করিবার সময়ে এবং পরবর্তীকালে অংশীদারগণের দ্বারা তাঁহাদের মধ্য হইতে নির্বাচিত ব্যক্তিগণ পরিচালক নিযুক্ত হন। প্রচলিত নিয়মে, পরিচালকগণের উপর যৌথভাবে কোম্পানির সাধারণ ব্যবস্থাপনার ক্ষমতা বর্তায়, যদিও তাঁহারা তাহা অংশত বা সম্পূর্ণত ব্যবস্থাপনা পরিচালকের নিকট অর্পণ করিতে পারেন। পরিচালকের চাকুরির চুক্তি, বিশেষত দীর্ঘমেয়াদি চাকুরির চুক্তি, সাধারণ সভার সিদ্ধান্তের দ্বারা অনুমোদন করাইতে হয়। পরিচালকগণ কোম্পানির প্রতিনিধি হিসাবে কাজ করেন এবং কোম্পানির প্রতি তাঁহারা আস্থাভাজনের দায়িত্ব এবং যত্বপরায়ণ হইবার দায়িত্ব পালন করিতে বাধ্য। তাঁহারা কোম্পানির স্বার্থবিরোধী নিজ স্বার্থের অনুকূল কোনো কাজ করিতে পারেন না। কোম্পানি আইন ও কোম্পানির

সংঘবিধিসমূহের বিধানাবলির দারা পরিচালকগণের ক্ষমতা ও দায়িত্ব নির্ধারিত হয়।
নির্বাচিত অথবা নিযুক্ত পরিচালকগণকে সাধারণ সভার সিদ্ধান্ত-অনুযায়ী মেয়াদ শেষ
হইবার পূর্বেও বরখান্ত করা যায়, তবে তাঁহাদের পাওনা পরিশোধ করিতে হয়।
ব্যবস্থাপনা পরিচালক এবং চাকুরির পরিচালকগণ তাঁহাদের কাজের জন্য কোম্পানির
তহবিল হইতে চাকুরিরত চুক্তির শর্তানুযায়ী বেতন-ভাতা লাভ করেন এবং অনির্বাহী
পরিচালকগণ কেবল নির্ধারিত হারে পরিচালক-পর্যদের সভায় যোগদানের জন্য ভাতা
প্রাপ্ত হন।

Director of Public Prosecutions ডাইরেক্টর অফ পাবলিক প্রসিকিউশন্স, সরকারি ফৌজদারি মামলা পরিচালক সরকারপক্ষে ফৌজদারি মামলা-পরিচালনার প্রধান। ইংল্যান্ডে অ্যাটর্নি-জেনারেল ডাইরেক্টর অফ পাবলিক প্রসিকিউশনস নিযুক্ত করেন এবং তিনি অ্যাটর্নি-জেনারেলের তত্ত্বাবধানে দায়িত্ব পালন করেন। পুলিশ কর্তৃক আনীত সকল ফৌজদারি মামলা সরকারি আইন কর্মকর্তাদের মাধ্যমে সুষ্টুভাবে পরিচালনা করিবার দায়িত্ব হইতেছে ডাইরেক্টর অফ পাবলিক প্রসিকিউশনসের এবং তিনি সমীচীন মনে করিলে যে-কোনো ফৌজদারি মামলা পরিচালনার হস্তক্ষেপ করিতে পারেন। বাংলাদেশে দ্রান্স ও ইংল্যান্ডের আদলে ফৌজদারি মামলা পরিচালনা করিবার জন্য সরকার একটি স্থায়ী সরকারি অভিযোক্তা কর্ম সৃষ্টি করিবার জন্য আইন প্রণয়ন করিবার চিন্তাভাবনা করিতেছেন। বর্তমানে সলিসিটর জেনারেল ও লিগ্যাল রিমেমব্রপার নামক সরকারি আইন-কর্মকর্তা অধস্তন আদালতের আইনজীবীদের মধ্য হইতে সরকারি অভিযোক্তাদের অস্থায়ী ভিত্তিতে দায়রা আদালতে ফৌজদারি মামলা পরিচালনা করিবার জন্য নিযুক্ত করেন।

disability n. অপারণতা, অক্ষমতা বি. সুনির্দিষ্ট কোনো কাজ করিতে বা সুনির্দিষ্ট কোনো বৈধ অধিকার ভোগ করিতে আইনানুগ সামর্থ্যের অভাব; কোনো কিছু করিবার অসামর্থ্য । legal disability দ্র. ।

disablement benefit দৈহিক অক্ষমতাজ্বনিত সুবিধা কোনো শ্রমিক কর্মরত অবস্থায় এবং নিজের কাজের ফলে সংঘটিত দুর্ঘটনার ফলে দৈহিক জখমপ্রাপ্ত হইলে, অথবা চাকুরিতে নিয়োজিত থাকা অবস্থায় কোনো পেশাগত রোগে আক্রান্ত হইলে এবং তাহার ফলে সৃষ্ট আংশিক বা স্থায়ী দৈহিক অক্ষমতার জন্য ১৯২৩ সালের শ্রমিক ক্ষতিপূরণ আইনের বিধান-অনুযায়ী উক্ত আইনের তফসিলে উল্লিখিত হারে চাকুরিতে নিয়োগকারী মালিকের নিকট হইতে ক্ষতিপূরণ পাইবার অধিকারী হন। অক্ষমতার জন্য শ্রমিককে আপসে ক্ষতিপূরণ দিতে মালিক ব্যর্থ হইলে শ্রমিক উক্ত এলাকার শ্রম আদালতে দরখান্ত দাখিল করিয়া মালিকের নিকট হইতে উক্তরূপ অক্ষমতার জন্য ক্ষতিপূরণ আদায় করিয়া লইতে পারেন।

- disabling statute অযোগ্যকারী আইন কোনো নির্দিষ্ট শ্রেণীর ব্যক্তি বা ব্যক্তিবর্গ অন্যথায় যে-অধিকার ও স্বাধীনতা আইনত ভোগ করিতেন, তাহা প্রয়োগ করিবার ক্ষমতা-হরণকারী আইন।
- disarmament n. নিরম্ভীকরণ বি. সামরিক প্রতিষ্ঠান বা যুদ্ধসামগ্রী পরিত্যাগ বা হ্রাস।
- disbar আইনজীবীর পেশাগত অধিকার বিলোগ করা কোনো আইনজীবী পেশাগত অসদাচরণের অভিযোগে বাংলাদেশ বার কাউনসিল কর্তৃক দোষী সাব্যস্ত হইলে কাউনসিল তাঁহার সনদ বাতিল করিয়া অথবা নির্দিষ্ট সময়ের জন্য স্থূপিত করিয়া তাঁহাকে শান্তি প্রদান করিতে পারে। উক্তরূপ আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ আইনজীবী হাইকোর্ট বিভাগে আপিল দায়ের করিতে পারেন।
- disbursement n. বিতরণ বি. ঋণপ্রদানের প্রথম দিন হইতে শেষ দিন পর্যন্ত ঋণের খতিয়ান বহির বিকলন-কলামে যে-পরিমাণ টাকা দেখানো হয়।
- discharge n. অব্যাহতি বি. ঋণ, দায় অথবা দায়িত্ব হইতে অব্যাহতি, বিশেষত নিম্নলিথিত ক্ষেত্র : ১. চুক্তি হইতে অব্যাহতি; ২. দেনাদারের প্রমাণযোগ্য সর্বপ্রকার ঋণের দায় হইতে দেউলিয়া মামলার পরিসমাপ্তিতে (ছোটখাট ব্যতিক্রমসহ) অব্যাহতিলাভ। কতিপর অবস্থায় স্বয়ংক্রিয়ভাবে অব্যাহতি লাভ করা যায়। অন্যান্য ক্ষেত্রে দেনাদার অথবা সরকারি রিসিভার অব্যাহতির আদেশের জন্য আবেদন করিতে পারেন। দেনাদার কর্তৃক ভবিষ্যৎ আয় হইতে পাওনাদারকে অধিকতর অর্থপ্রদানের শর্ভে আদালত উক্ত আবেদন মনজুর করিতে পারেন অথবা পাওনাদারকে উদ্ধ অনুপাতে পাওনা পরিশোধসাপেক্ষে তাহা স্থণিত করিতে পারেন। অব্যাহতি লাভ করিবার পর দেনাদার অবিমুক্ত দেউলিয়ার প্রায় সকল অক্ষমতা হইতে মুক্ত হন। ৩. ইংল্যান্ডে দোষী সাব্যক্ত আসামির বিনা শান্তিতে মুক্তিলাভ। বাংলাদেশের ফৌজদারি কার্যবিধির ২৪১ক এবং ২৬৫গ ধারায় আসামির বিরুদ্ধে অভিযোগ গঠনের যুক্তিসংগত হেতু না থাকিলে আদালত তাঁহাকে অব্যাহতি প্রদান করেন। উক্ত কার্যবিধির বাতিলকৃত ৫৬২ ধারায় আদালত দোষী সাব্যন্ত আসামিকে কতিপয় ক্ষেত্রে শর্তাধীনে অথবা তিরক্ষার করিয়া ছাড়িয়া দিতে পারিতেন। discharge of contract দ্র.।
- discharged adj. দায়মুক্ত বিণ. ১৯৯৭ সালের দেউলিয়া আইনের ২(১৬) ধারাঅনুসারে, এমন একটি অবস্থা যখন কোনো একক দেউলিয়ার ব্যাপারে এই আইনের
 পঞ্চম অধ্যায়ের বিধান-মোতাবেক প্রদত্ত দায়মুক্তি আদেশের ফলে তিনি ৩৯ ধারার
 অধীনে তাঁহার বিরুদ্ধে প্রমাণযোগ্য দেনার দায়-দায়িত্ব হইতে অব্যাহতি লাভ করেন।

discharged property অব্যাহতিপ্রাপ্ত সম্পত্তি কোনো একক দেনাদারের এমন সম্পত্তি যাহা দেউলিয়া বিষয়ক আইনের ৩২ ধারার বিধান মোতাবেক অব্যাহতিপ্রাপ্ত।

discharge from the service কর্মচ্যুতি বি. চাকুরি হইতে অব্যাহতি কোনো অস্থায়ী চাকুরির ক্ষেত্রে চাকুরিকালের মেয়াদ শেষ হইয়া গেলে বা পদটি বিলুপ্ত হইয়া গেলে চাকুরি হইতে অব্যাহতি বা অপসারণ। কর্মচ্যুতির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীকে অপসারণের জন্য কারণ দর্শানোর প্রয়োজন হয় না। চাকুরি হইতে বরখান্তের ক্ষেত্রে যেমন সাংবিধানিক অধিকার ও দায়িত্ব রহিয়াছে অব্যাহতির ক্ষেত্রে তেমন কারণ দর্শানোর সুযোগ দেওয়ার কোনো সাংবিধানিক অধিকার বা দায়িত্ব নাই। ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ১৬ ধারা-অনুসারে শারীরিক বা মানসিক অসামর্থা বা অবিচ্ছিন্ন খারাপ স্বাস্থ্য বা অসদাচরণের পর্যায়ভুক্ত নয়, এমন কারণে একজন শ্রমিককে চাকুরি হইতে অব্যাহতি প্রদান করা যাইতে পারে। তবে একজন শ্রমিককে অন্যন একটানা চাকুরি সমান্তির পর এইরূপ কর্মচ্যুত করা হইলে মালিক কর্তৃক প্রতি পূর্ণ বৎসর চাকুরির জন্য বা ছয় মাসের অতিরিক্ত যে-কোনো অংশের জন্য ত্রিশদিনের মজুরির হারে ক্ষতিপূরণ অথবা গ্র্যাচুইটি, যদি থাকে, ইহার মধ্যে যাহা অধিক, তাহা প্রদান করিতে হইবে।

discharge of contract চুক্তি হইতে অব্যাহতি চুক্তির দায়ের অবসান বা সমাপ্ত।

(১) চুক্তি পালন দারা, (২) দ্বিপাক্ষিক অথবা একতরফা ব্যক্ত সমঝোতার দারা, (৩)

চুক্তিভঙ্গের দারা, অথবা (৪) চুক্তি ব্যাহত হইবার দারা এইরূপ অব্যাহতি লাভ করা

যাইতে পারে।

discharge of the accused আসামিকে অব্যাহতিদান ম্যাজিট্রেট কথন আসামিকে অব্যাহতিদান করিতে পারেন সে-সম্পর্কে ফৌজদারি কার্যবিধির ২৪১ক ধারায় বলা হইয়াছে যে, আসামি ম্যাজিট্রেটের নিকট হাজির হইলে বা তাঁহাকে হাজির করা হইলে ম্যাজিট্রেট মামলার নথি ও তৎসহ দাখিলকৃত যাবতীয় কাগজপত্র বিবেচনা করিয়া প্রয়োজনীয় মনে করিলে, সেই অনুসারে আসামির জবানবিদ্দি গ্রহণ করিয়া এবং বাদী ও আসামিকে বক্তব্য পেশ করিবার সুযোগদানের পর যদি মনে করেন যে, অভিযোগ ভিত্তিহীন তবে তিনি আসামিকে অব্যাহতি দান করিবেন এবং উহার কারণ লিপিবদ্ধ করিবেন। ফৌজদারি কার্যবিধির ২৬৫গ ধারায় দায়রা আদালত কর্তৃক আসামিকে অব্যাহতি দেওয়া সম্পর্কে বিধান বর্ণিত হইয়াছে যে, মামলার নথিপত্র ও তৎসহ দাখিলকৃত কাগজপত্র বিবেচনা এবং তৎসম্পর্কে আসামি ও সরকারপক্ষের বক্তব্য শ্রবণের পর আদালত যদি মনে করেন যে, আসামির বিরুদ্ধে মামলা চালাইবার কোনো হেতু নাই, তাহা হইলে আদালত আসামিকে অব্যাহতি দান করিবেন ও তদ্ধপ করিবার কারণ লিপিবদ্ধ করিবেন। এখানে উল্লেখযোগ্য যে,

ফৌজদারি কার্যবিধির ২৪৬ এবং ২৪৮ ধারা-অনুসারে আসামিকে খালাস (acquittal) দে রয় হয় এবং ২৪৯ ধারা-অনুসারে আসামিকে ছাড়িয়া (release) দেওয়া হয়।

- disciplinary law শৃষ্ঠবামূলক আইন শৃঙ্খলা-বাহিনীর শৃঙ্খলা-নিয়ন্ত্রণকারী কোনো আইন। disciplined force দ্র.।
- discipline n. শৃঙ্খলা বি. শিক্ষাগত শৃঙ্খলা ১. প্রশিক্ষণ, বিশেষভাবে এইরূপ
 যাহা দ্বারা আন্থানিয়ন্ত্রণ, আজ্ঞানুবর্তিতা, সদাচার বা শৃঙ্খলাপরায়ণতা শিক্ষা দেওয়া
 হয়; যথাযথ পারম্পর্য রক্ষা। ২. বিশ্ববিদ্যালয়ে শিক্ষাদান করা হয় এমন প্রত্যেকটি
 বিষয়কে এক একটি ডিসিপ্লিন বা শিক্ষাগত শৃঙ্খলা হিসাবে গণ্য করা হয়। সংশ্লিষ্ট
 বিষয়ের প্রবীণতম শিক্ষক ডিসিপ্লিনের প্রধান হইবেন এবং তিনি ভাইস-চাম্লের বা
 ডিনের নিয়ত্রণ ও সাধারণ তত্ত্বাবধান-সাপেকে, ডিসিপ্লিনের কার্যাবলির পরিকল্পনা ও
 সমন্তরের জন্য দায়ী থাকিবেন।
- disciplined force শৃঙ্খলা-বাহিনী বি. শৃঙ্খলা-বাহিনী অর্থ (ক) স্থূল, নৌ বা বিমান-বাহিনী; (খ) পুলিশ-বাহিনী; (গ) আইনের ঘারা এই সংজ্ঞার্থের অর্ত্তগত বলিয়া ঘোষিত যে-কোনো শৃঙ্খলা-বাহিনী। একজন পুলিশ-কর্মকর্তা সংবিধানের ১০২ অনুচ্ছেদ-অনুযায়ী কোনো প্রতিকার প্রার্থনা করিতে পারেন না। Bangladesh v. Abdur Rob 33 DLR (AD) 143 দ্র.। কোর্ট মার্শালের কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে সংবিধানের ১০২ অনুচ্ছেদে কোনো দরখান্ত করা যাইবে না, যদি না তাহা সম্পূর্ণ এখতিয়ারবহির্ভৃতভাবে গঠিত হয় অথবা তাহার সিদ্ধান্ত অসদুদ্দেশ্যে প্রদত্ত হয়। Jamil Haq v. Bangladesh 34 DLR (AD) 125 দ্র.।
- disclaimer n. না-দাবি, দাবিভ্যাগ বি. কোনো অধিকার, দাবি অথবা সম্পত্তি প্রত্যাখ্যান বা পরিত্যাগ। ইচ্ছাপত্রের অধীনে হিত্যাহী যদি দায়যুক্ত ও সুবিধায়ুক্ত উত্তরদানপ্রাপ্ত হন তবে তিনি প্রথমোক্তটি পরিত্যাগ করিতে এবং শেষোক্তটি গ্রহণ করিতে পারেন। কোম্পানির অবসায়ক থাজনা বা ভাড়া ও অন্যান্য দায়য়ুক্ত চুক্তির দায় পরিহার করিবার জন্য কোম্পানির বরাবরে গৃহীত ইজারা প্রভ্যাখান করিতে পারেন। ন্যাস সম্পত্তি গ্রহণ করিবার পূর্বে অছি তাহা প্রত্যাখান করিতে পারেন। তবে একবার তিনি অছির পদ গ্রহণ করিবার পর তাহা প্রত্যাখ্যান করিতে পারেন না, কিছু তিনি পদত্যাগ করিতে পারেন।
- disclosure n. তথ্যপ্রকাশ বি. অপরপক্ষের নিকট জ্ঞাত তথ্য প্রকাশ। ১. চুজিতে উপনীত হইবার পূর্বে একপক্ষের জ্ঞাত বিষয় অপরপক্ষের নিকট প্রকাশ করা সেই পক্ষের দায়িত্ব। কারণ তাহা প্রকাশিত হইলে অন্যপক্ষ চুক্তিতে আবদ্ধ নাও হইতে পারে। বিমার চুক্তিতে আবদ্ধ হইবার পূর্বে বিমাকারীর দায়িত্ব হইতেছে, যে-বিষয়ে

৩২১ discrimination

বিমা করা হইতেছে সে-সম্পর্কে তাঁহার জানা সকল তথ্য বিমাপ্রদানকারীর নিকট প্রকাশ করা। ২. যে-পদ্ধতিতে কোম্পানির উপর নির্ভরকারী বিনিয়োগকারীদিগের স্বার্থরকার্থে কোম্পানি সম্পর্কে তথ্য প্রকাশ করা হয় যাহাতে বিনিয়োগকারীগণ, তাঁহাদের পরামর্শদাতাগণ এবং সংবাদপত্রসমূহ তাহার মূল্যায়ন করিতে পারেন। ৩. যে-পদ্ধতিতে পরিচালকগণ ও উদ্যোক্তাগণের আচরণ নিয়ন্ত্রণ করিবার জন্য আস্থাভাজন নীতি অথবা বিধিবদ্ধ আইনের বিধান-অনুযায়ী সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে তাঁহাদের তথ্য প্রকাশ করিবার আবশ্যকতা থাকে। nondisclosure ও uberrimae fidei দ্ব.।

- disclosure and inspection of documents দলিল প্ৰকাশ ও পরিদর্শন্ discovery and inspection of documents দ্ৰ.।
- discount n. বাট্টা বি. ব্যাংক যে-হারে বিনিময় বিল ভাঙ্গাইয়া দিয়া থাকে। ক্রয়-বিক্রয়ের সময়ে প্রকৃত মূল্যের যে-অংশ বাদ বা ছাড় দেওয়া হয়।
- discounting of bill বিনিময়-বিল বাট্টাকরণ বাণিজ্যিক ব্যাংক কর্তৃক নির্দিষ্ট বাট্টার বিনিময়ে বিনিময়-বিল ভাঙ্গাইয়া দেওয়া।
- discovery and inspection of documents দলিল প্রকাশ ও পরিদর্শন দেওয়ানি মামলায় একপক্ষের দাবি-অনুযায়ী উক্ত মামলা-সম্পর্কিত অপরপক্ষের দখল, জিম্মা অথবা ক্ষমতার মধ্যে থাকা দলিলসমূহ সম্পর্কে অপরপক্ষকে জ্ঞাত করানো এবং পরবর্তীকালে দাবিকারী পক্ষ কর্তৃক তাহা পরিদর্শন। ইংল্যান্তে হাইকোর্টে রিট মামলায় দলিলপ্রকাশ স্বয়ংক্রিয় এবং পারস্পরিক অর্থাৎ পক্ষণণ আদালতের আদেশ ছাড়াই অপরপক্ষের উপর দলিলসমূহের তালিকা জারি করিয়া অবশ্যই দলিল প্রকাশ করিতে পারেন। হাইকোর্টে অন্য মামলায়, কাউন্টি কোর্টে এবং কতিপয় ট্রাইব্যুনালে আদালত বা ট্রাইবুনালের আদেশদারাই মাত্র দলিল প্রকাশ করা যায়। পরিদর্শনের সময়ে ওইসব দলিলের অনুলিপি নেওয়া যায়। দেওয়ানি কার্যবিধির ১১ আদেশে প্রকাশ ও পরিদর্শনের বিষয়ে বিধানাবলি রহিয়াছে। উক্ত আদেশের ১২-১৪ বিধিতে দলিল প্রকাশের এবং ১৫ বিধিতে পরিদর্শনের বিষয়ে বিশানভাবে উল্লিখিত আছে। উক্ত আদেশের বিধান-অনুসারে, আদালতের নির্দেশ-অনুযায়ীই মামলায় অপ্রকাশিত দলিল প্রকাশ ও পরিদর্শন করা যায়। আদালতের নিকট মোকদ্দমার সৃষ্ঠু বিচারের জন্য বা মোকদ্দমার খরচ বাঁচাইবার জন্য প্রয়োজনীয় মনে না হইলে আদালত দলিলপ্রকাশের আদেশ প্রদান করেন না।
- discrimination n. বৈষম্যমূলক আচরণ কোনো বিশেষ শ্রেণীর এক বা একাধিক সদস্যের প্রতি অন্যদের তুলনায় অন্যায্য আচরণ। বৈষম্যমূলক আচরণ বাংলাদেশের সংবিধানের ২৭-২৯ অনুচ্ছেদে বর্ণিত মৌলিক অধিকারের পরিপন্থী। সংবিধানের ২৭ আইন-শব্দকার ২১

dishonesty ૭૨૨

অনুচ্ছেদে বলা হইয়াছে যে, 'সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকারী ।' ২৮ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জনাস্তানের কারণে কোনো নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করিবেন না। রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করিবেন ৷ কেবল ধর্ম গোষ্ঠী বর্ণ নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে জনসাধারণের কোনো বিনোদন বা বিশ্রামের স্থানে প্রবেশের কিংবা কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির বিষয়ে কোনো নাগরিককে কোনো অক্ষমতা, বাধ্যবাধকতা, বাধা বা শর্তের অধীন করা যাইবে না। ২৯ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, প্রজাতন্ত্রের কর্মে নিয়োগ বা পদ-লাভের ক্ষেত্রে সকল নাগরিকের জন্য সুযোগের সমতা থাকিবে। কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী পুরুষভেদ বা জনাস্তানের কারণে কোনো নাগরিক প্রজাতন্ত্রের কর্মে নিয়োগ বা পদ-লাভের অযোগ্য হইবেন না কিংবা সেইক্ষেত্রে তাঁহার প্রতি বৈষম্য প্রদর্শন করা যাইবে না ৷ ২৮ অনুচ্ছেদে বর্ণিত সমান অধিকার নারী, শিত, অনগ্রসর শ্রেণীর উনুয়নের জন্য আইন-প্রণয়নের ক্ষেত্রে লজ্ঞান করা যাইবে এবং ২৯ অনুচ্ছেদে বর্ণিত সমান অধিকার কোনো অনগ্রসর শেণীর চাকরির ক্ষেত্রে, ধর্মীয় বা উপসম্প্রদায়গত প্রতিষ্ঠানে নিয়োগের ক্ষেত্রে বা উপযোগিতা-অনুযায়ী কোনো পদ নারী বা পুরুষের জন্য সংরক্ষণের ক্ষেত্রে লজ্ঞান করা যাইবে। বৈষম্যমূলক আচরণ 'আইনের শাসনের' ধারণার পরিপন্থী। এতৎসহ disabled person, human rights, racial discrimination ও sex discrimination দ্ৰ. ।

- dishonesty n. অসাধুতা বি. চুরি, চোরাইমাল নাড়াচাড়া করা, শঠতা, বিদ্যুৎটানা এবং কতিপয় সংশ্লিষ্ট অপরাধজনিত দায়ের অন্যতম উপাদান। এইসকল অপরাধে আসামিকে দোষী সাব্যস্ত করিবার পূর্বে বিচারককে এই মর্মে সভুষ্ট হইতে হইবে যে, যাহা করা হইয়াছে তাহা একজন সাধারণ ভালোমানুষের মানদণ্ডে অসাধুতা কিনা এবং ঘটনা ঘটাইবার সময়ে বিবাদী তাহা উপলব্ধি করিতে পারিয়াছিলেন কিনা। দওবিধির ২৪ ধারায় 'অসাধুভাবে' শব্দের সংজ্ঞার্থে বলা হইয়াছে যে, একজন ব্যক্তিকে অন্যায়ভাবে লাভবান করিবার অথবা অন্য একজন ব্যক্তিকে অন্যায়ভাবে লাভবান করিবার অথবা অন্য একজন ব্যক্তিকে অন্যায়ভাবে ক্ষতিগ্রন্ত করিবার অভিপ্রায়ে যিনি কোনো কিছু করেন, তিনি তাহা 'অসাধুভাবে' করিয়াছেন বলা যায়। দগুবিধির ৩৭৮, ৩৮৩, ৩৯০, ৪০৩, ৪০৪, ৪০৫, ৪১১ ধারার অন্যতম উপাদান অসাধুভাবে গ্রহণ।
- dishonour n. অথাহা, অসমান বি. ১. হুভিতে উল্লিখিত অর্থপ্রদানে অস্বীকৃতি।
 স্বীকৃতির জন্য হুভি হাজির করিবার পর তাহাতে স্বীকৃতি প্রদান না করিলে, অথবা
 অর্থপ্রদান করিবার জন্য হুভি হাজির করিবার পর অর্থ প্রদান না করিলে অথবা প্রদান
 করিতে অস্বীকার করিলে অথবা অর্থ আদায় না করা গেলে, অথবা হুভি হাজির করা
 হইতে অব্যাহতিপ্রাপ্ত হইলে সেই হুভিকে স্বীকৃতি প্রদান না করিলে এবং মেয়াদ উত্তীর্ণ

হইবার পরও অর্থ প্রদান না করিলে ইহা ঘটিতে পারে। উভয় ক্ষেত্রে হণ্ডিদাতা বা হণ্ডি-অনুমোদনকারীর বিরুদ্ধে হণ্ডিকারক তৎক্ষণাৎ আইনের আশ্রয়লাভের অধিকারী, কিন্তু বৈদেশিক হণ্ডি অগ্রাহ্য হইলে প্রথমে প্রতিবাদ জানাইতে হয়। ২. দণ্ডবিধির ৩৫৫ ধারা-অনুসারে, যে-ব্যক্তি কোনো ব্যক্তিকে তৎকর্তৃক প্রদন্ত গুরুতর ও আকম্মিক উত্তেজনা ব্যক্তীত প্রকারান্তরে অসম্মান করিবার অভিপ্রায়ে আক্রমণ করেন, তিনি দুই বৎসর মেয়াদ পর্যন্ত অথবা অর্থদণ্ডে বা উভয়বিধ কারাদণ্ডে দণ্ডে দণ্ডিত হইবেন।

dismissal n. বরখান্ত, পদচ্যুতি বি. মালিক কর্তৃক কর্মচারীর চাক্রির চুক্তির অবসান। যে-সকল কর্মচারীর ক্ষেত্রে ১৯৬৫ সালের শ্রমিক নিয়োণ (স্থায়ী আদেশ) আইন প্রযোজ্য, অসদাচরণের জন্য দোষী সাব্যন্ত না করিয়া মালিক তাঁহাদের চাকুরি ইইতে বরখান্ত করিতে পারেন না। অনুরূপ কর্মচারী অসদাচরণের জন্য দোষী না ইইলেও নির্ধারিত সময়ের বিজ্ঞপ্তি দিয়া এবং নির্ধারিত হারে ক্ষতিপূরণ দিয়া মালিক তাঁহার চাকুরির অবসান ঘটাইতে পারেন। অনুরূপ কর্মচারীকে শারীরিক বা মানসিক অসামর্থ্য বা অবিচ্ছিন্ন খারাপ স্বাস্থ্যের জন্য মালিক নির্ধারিত হারে ক্ষতিপূরণ দিয়া চাকুরিচ্যুত করিতে পারেন। যে-সকল কর্মচারীর ক্ষেত্রে উক্ত আইন প্রযোজ্য নহে মালিক তাঁহাদের চাকুরির চুক্তির শর্ত-অনুযায়ী পদচ্যুত করিতে পারেন। চুক্তির শর্ত ভঙ্গ করিয়া মালিক কোনো কর্মচারীকে চাকুরিচ্যুত করিলে উক্ত কর্মচারী চুক্তিভঙ্গের জন্য ক্ষতিপূরণ পাইবার অধিকারী। বাংলাদেশের সংবিধানের ১৩৫(১) অনুচ্ছেদে বলা ইইয়াছে যে, প্রজাতন্ত্রের কর্মে অসামরিক পদে নিযুক্ত কোনো ব্যক্তি তাঁহার নিয়োগকারী কর্তৃপক্ষ অপেক্ষা অধস্তন কোনো কর্তৃপক্ষের দ্বারা বরখান্ত বা অপসারিত বা পদাবনমিত হইবেন না।

dismissal and removal বর্ষণান্ত ও অপসারণ চাক্রি হইতে বরখান্ত হইলে কোনো সরকারি কর্মচারী পুনর্নিয়োণ লাভ করিতে অযোগ্য হন, পক্ষান্তরে অপসৃত হইলে সাধারণত তিনি পরবর্তী নিয়োগলাভে অযোগ্য হন না। 'বরখান্ত' এবং 'অপসারণ' শব্দদ্বয় দ্বারা কোনো ব্যক্তির চাকুরির সমান্তি ঘটানো বুঝায়, ইহার কমবেশি কিছু নহে। বরখান্ত বা অপসারণের ফল হইল কোনো ব্যক্তিকে তাঁহার চাকুরি বা কার্যভার হইতে অব্যাহতি দেওয়া। সেই অর্থে উক্ত শব্দদ্বয় দ্বারা কোনো সরকারি কর্মচারীর চাকুরির সমান্তি ঘটানোই বুঝায়। সংবিধানের ১৩৫ অনুচ্ছেদে প্রজাতন্ত্রের কর্মে অসামরিক পদে নিযুক্ত কোনো ব্যক্তিকে বরখান্ত বা অপসারণের কথা বলা ইইয়াছে।

dismissal of suit or proceeding মামলা বা কার্যধারা খারিজ বিবাদীর পক্ষে দেওয়ানি মামলার নিষ্পত্তি। বিচারকার্য সমাপ্ত হইবার পর মামলা খারিজের আদেশ যেমন দেওয়া যায়, তেমনি বিচারপূর্ব অন্তর্বর্তী কার্যধারার সময়েও মামলা খারিজের আদেশ দেওয় যায়। দেওয়ানি কার্যবিধির ৯ আদেশের ২ বিধিতে বলা ইইয়াছে য়ে, বিবাদীর উপর সমনজারির জন্য বাদী কোর্ট ফি বা ডাক খরচ না দিবার ফলে সমনজারি না ইইলে আদালত মামলা খারিজের আদেশ দিতে পারিবেন। উক্ত আদেশের ৩ বিধিতে বলা ইইয়াছে য়ে, মামলা তনানির জন্য ডাক পড়িলে য়ি কোনো পক্ষই হাজির না হয়, তবে আদালত মামলা খারিজের আদেশ দিতে পারিবেন। উক্ত আদেশের ৫ বিধিতে বলা ইইয়াছে য়ে, বিবাদীর নিকট প্রেরিত সমন গরজারি ইইয় ফেরত আসিবার পর তিন মাসের মধ্যে বাদী উক্ত সমন জারির ব্যবস্থা গ্রহণ না করিলে আদালত মামলা খারিজের আদেশ দিতে পারিবেন। উক্ত আদেশের ৮ বিধিতে বলা ইইয়াছে য়ে, মামলা তনানির জন্য ডাক পড়িলে য়ি বিবাদী হাজির হন এবং বাদী হাজির না হন তখন আদালত মামলা খারিজের আদেশ দিতে পারিবেন। উক্ত কার্যবিধির ২৫ আদেশের ২ বিধিতে বলা ইইয়াছে য়ে, তলবকৃত জামানত বাদী নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিল না করিলে আদালত মামলা খারিজ করিবেন, য়ি না বাদীকে মামলা প্রত্যাহারের অনুমতি দেওয়া হয়।

dismissed for default অনুপস্থিতি বা ক্রাটির জন্য খারিজ আদালত বাদীকে কোনো বিষয়ে তদবির করিতে বলা সন্ত্বেও বাদী তাহা না করিলে তদবিরের অভাবে আদালত মোকদ্দমা খারিজ করিতে পারেন। মামলা শুনানির জন্য ডাক পড়িলে কোনো পক্ষই হাজির না হইলে আদালত মামলা খারিজ করিতে পারেন। দেওমানি কার্যবিধির ২(২) ধারা-অনুসারে কোনো নিয়ম বা কোনো নির্দেশ পালনে ব্যর্থতার জন্য মোকদ্দমা খারিজ হইলে উক্ত আদেশ ডিক্রি বলিয়া গণ্য হইবে না।

disparagement of goods পণ্যসম্পর্কিত অপবাদ slander of goods দ্র.।

dispatch n. দ্রুন্থ প্রেরণ ১. অবিলম্বে কোনো কিছুর প্রেরণ; কোনো সম্মতিপত্রের দ্রুন্থ প্রেরণ। ২. কোনো কিছুর ত্বরিত সমাপ্তি; ব্যবসায়িক লেনদেন অচিরে মিটাইয়া ফেলা। ৩. সামুদ্রিক আইনে জাহাজ হইতে মালামাল খালাস করিবার প্রয়োজনীয় পরিশ্রম বা নিষ্ঠা; জাহাজ ও বিমান ইত্যাদি চুক্তিতে ভাড়া করিবার ক্ষেত্রে সকল দায়িত্ব দ্রুন্থততাসহকারে শেষ করা। যে-বন্দরে মালামাল খালাস করা হয়, উহার বিধি ও রীতিনীতি অনুসরণ করিয়া দ্রুন্থ প্রেরণ। এইরপ দ্রুন্থতগতিতে প্রেরণ যাহাতে বিশেষভাবে জাহাজ-ঘাটের ভিড় হইতে উৎপন্ন বিলম্ব এড়াইবার জন্য বন্দরের রীতিনীতি কঠোরভাবে অনুসরণ করা হয় না।

dispatch money ত্বিত খালাসের মাণ্ডল জাহাজ-মালিক ও জাহাজ ভাড়াকারীর মধ্যে সম্পাদিত চুক্তিতে নির্দিষ্ট সময়ের আগে জাহাজ হইতে বন্দরে মালামাল খালাস করিবার জন্য কোনো জাহাজের মালিক কর্তৃক জাহাজ-ভাড়াকারীকে যে-অর্থ দেওয়া হয়।

- disposal n. বিলিবন্দেজ বি. কোনো বস্তু বা ব্যবসার নিয়মিতকরণ, সুবিন্যন্তকরণ, পরিচালন। পরিচালনা করিবার কাজ অর্থ কোনো মোকদ্দমা নিম্পত্তি করা বা সুনির্দিষ্টভাবে তাহার ব্যবস্থাপনা করা। নিম্পন্ন হওয়া; নিম্পন্ন করিবার কাজ; অন্যের কাছে হস্তান্তর করা বা উহার সমাপ্তি ঘটানো। কোনো সম্পত্তির বন্ধকের ক্ষেত্রে এই শব্দের ব্যবহারদ্বারা কোনো বন্ধককৃত সম্পত্তির বিষয় মিটাইয়া দেওয়া বা বন্ধকসম্পর্কিত চুক্তির অবসান ঘটানো বুঝায়।
- disposal of uncollected goods অসংগৃহীত পণ্যের বিলিব্যবস্থা জিমাদাতা পণ্যসংগ্রহের দায়িত্ব পালন করিতে বার্থ হইলে জিমাদার কর্তৃক তাঁহার দখলে বা নিয়ন্ত্রণে থাকা পণ্য বিক্রয় করিয়া দেওয়া। মূল চুক্তিতে যদি জিমাদাতার পণ্যসংগ্রহের আবশ্যকতা না থাকে তাহা হইলে জিমাদাতাকে বিজ্ঞপ্তি দিয়া জিমাদার অদ্রপ আবশ্যকতা আরোপ করিতে পারেন। চুক্তি আইনে সাধারণ একজন জিমাদারের জিমা-দেওয়া পণ্য অদুপ বিক্রয় করিবার অধিকার না থাকিলেও চুক্তি আইনের ১৭৬ ধারার বিধান-অনুযায়ী বন্ধকদাতা নির্দিষ্ট সময়ের মধ্যে ঝণের টাকা পরিশোধ করিয়া বন্ধকি পণ্য খালাস করিতে ব্যর্থ হইলে বন্ধকগ্রহীতা যুক্তিসংগত বিজ্ঞপ্তি দিয়া বন্ধকি পণ্য বিক্রয় করিতে পারেন।
- disposition n. বিলিব্যবস্থা বি. মালিকের কৃত কর্মের দ্বারা স্থাবর সম্পত্তি-হস্তান্তর। দান, বিক্রয়, বিনিময় অথবা ইচ্ছাপত্রের মাধ্যমে মালিকের স্বত্ব্ অন্য ব্যক্তির বরাবরে ত্যাগ করা।

সম্পত্তির দখল-প্রাপ্তির জন্য মামলা দায়ের করিবার ব্যাপারে এই আইন যে, মেয়াদ নির্ধারিত করিয়া দেওয়া হইয়াছে তাহা উত্তীর্ণ হওয়ার পর সেই সম্পত্তিতে বাদীর অধিকার বিলুপ্ত হইয়া যাইবে। তামাদি আইনের ১৪২ ধারায় বলা হইয়াছে যে, বেদখল হওয়ার ১২ বৎসরের মধ্যে মামলা করিতে হইবে। তামাদি আইনের ২৮ ও ১৪২ ধারা পর্যালোচনায় দেখা য়ায় যে, কোনো ব্যক্তি তাঁহার স্বত্বদখলীয় সম্পত্তি হইতে বেদখল হওয়ার ১২ বৎসরের মধ্যে মোকদ্দমা না করিলে উক্ত সম্পত্তিতে তাঁহার স্বত্ব বিলুপ্ত হয়ে য়য়। কোনো ব্যক্তি বেদখল হওয়ার ছয়মাসের মধ্যে মোকদ্দমা করিলে সুনার্দিষ্ট প্রতিকার আইনের ৯ ধারা-অনুসারে নালিশী সম্পত্তির মূল্যের অর্ধেক অ্যাডভোলেরম কোর্ট ফি দিয়া মোকদ্দমা আনয়ন করিতে পারেন। বেদখল হওয়ার ১২ বৎসরের মধ্যে মোকদ্দমা করিতে হইলে অ্যাডভোলেরম কোর্ট ফি প্রদানে দখল উচ্ছেদের মামলা করিতে হয়। ফৌজদারি কার্যবিধির ১৪৫ ধারার ৪ উপধারা-অনুসারে ম্যাজিস্ট্রেটের নিকট যদি প্রতীয়মান হয় যে, উক্ত আদেশের তারিখের অব্যবহিত পূর্ববর্তী দুইমাসের মধ্যে কোনো পক্ষকে বলপূর্বক ও অন্যায়ভাবে বেদখল করা হইয়াছে, তাহা হইলে তিনি এইরূপ বেদখল পক্ষকে উক্ত তারিখে দখলকার ছিলেন বলে গণ্য করিতে পারেন।

- disputed land নালিশি-সম্পত্তি, বিরোধীয় সম্পত্তি যে-সম্পত্তি লইয়া মোকদ্দমা হয় তাহাকে নালিশি বা বিরোধীয় সম্পত্তি বলা হয়। যে-জমির কারণে মোকদ্দমার কারণ উদ্ভব হইয়াছে তাহাকে নালিশি বা বিরোধীয় জমি বলা হয়।
- disqualification n. অযোগ্যতা বি. ফৌজদারি অপরাধ করিবার কারণে অথবা নির্দিষ্ট শর্ত পালন করিতে ব্যর্থতার ফলে কোনো একজনকে কোনো অধিকার হইতে বঞ্চিত করা। যে-সকল কাজ করিতে লাইসেঙ্গ বা অনুমতিপত্রের প্রয়োজন হয়, সেই সকল কাজ সম্পর্কে এবং বিশেষত পরিযান-সংক্রান্ত অপরাধের ক্ষেত্রে প্রথাগতভাবে অযোগ্যতা আরোপ করা হইয়া থাকে। পরিযান-সংক্রান্ত অনেক অপরাধের ক্ষেত্রে গাড়ি-চালককে আদালত নিজের সুবিবেচনায় নির্দিষ্ট সময়ের জন্য অযোগ্য ঘোষণা করিতে পারেন।
- dissent, disagreement, variance, difference n. ভিন্নমভ, মাতানৈক্য, অমিল, পার্থক্য বি. 'পার্থক্য' দারা ক্ষুদ্র হইতে বৃহৎ 'অমিল' বুঝায়। 'ভিন্নমভ' কেবল ব্যক্তির প্রসঙ্গে ব্যবহৃত হয়। 'মতানৈক্য' এবং 'অমিল' একই বিষয় নির্দেশ করে এবং সাধারণত কোনো বস্তুনিষ্ঠ বিষয়ে পার্থক্য বুঝায়, কোনো ভাবমূলক বিষয়ে নহে। যে-সকল ব্যক্তির একত্রে কাজ করিবার কথা তাঁহাদের ক্ষেত্রে 'মতানৈক্য', অন্যদিকে যে-সকল ব্যক্তি একমত প্রদর্শন করিবেন বলিয়া প্রত্যাশিত তাঁহাদের ক্ষেত্রে 'অমিল' ব্যবহৃত হয়।

- dissenting opinion or dissenting judgment ভিন্নমতসূচক রায় আদালতের সংখ্যাগরিষ্ঠ বিচারকের সিদ্ধান্ত হইতে ভিন্ন নিজস্ব অভিমত ব্যাখ্যা করিয়া কোনো বিচারক কর্তৃক ঘোষিত মতামত বা রায়।
- dissolution n. ভঙ্গ বি. ১. মৃত্যু বা অনুমিত মৃত্যু, বাতিল ঘোষণার ডিক্রি অথবা বিবাহবিচ্ছেদের আদেশদারা বিবাহের আইনত সমাপ্তির দ্বারা বিবাহভঙ্গ। ২. কোন নিবন্ধিত কোম্পানি ভঙ্গ করা। স্বেচ্ছাধীন অথবা আদালতের আদেশবলে অবসায়নদ্বারা অথবা ব্যবসা হইতে নিবৃত্ত কোম্পানির নাম নিবন্ধিত কোম্পানিসমূহের তালিকা হইতে কোম্পানিসমূহের নিবন্ধক কর্তৃক কর্তনপূর্বক কোম্পানি ভঙ্গ করা যায়। ৩. সংসদ ভঙ্গ করা। বাংলাদেশের সংবিধানের ৭২ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি সরকারি বিজ্ঞপ্তি দিয়া জাতীয় সংসদ ভঙ্গ করিতে পারেন। রাষ্ট্রপতি পূর্বে ভাঙ্গিয়া না দিয়া থাকিলে প্রথম বৈঠকের তারিখ হইতে পাঁচ বৎসর অতিবাহিত হইলে সংসদ ভাঙ্গিয়া যাইবে।
- dissolution of marriage বিবাহবিচ্ছেদ বি. মুসলিম আইন-অনুসারে স্বামী স্ত্রীকে তালাক দিলে বিবাহবিচ্ছেদ হইবে। ১৯৩৯ সালের মুসলিম বিবাহবিচ্ছেদ আইন পাশ হইবার পূর্বে বিবাহিত পক্ষদ্বয়ের যে-কেহ ইসলামধর্ম ত্যাগ করিলে বিবাহবিচ্ছেদ সম্পূর্ণ হইত। ১৯৩৯ সালের মুসলিম বিবাহবিচ্ছেদ আইন-অনুসারে নিম্নলিখিত কারণে ন্ত্রী আদালতের মাধ্যমে বিবাহবিচ্ছেদ ঘটাইতে পারেন: (১) যদি চার বৎসর যাবৎ স্বামীর ঠিকানা অজ্ঞাত থাকে: (২) যদি দুই বৎসর যাবৎ স্বামী তাঁহার দ্রীর ভরণপোষণের সংস্থান করিতে ব্যর্থ হন; (৩) স্বামী যদি সাত বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হন: (৪) যক্তিসংগত কারণ ব্যতীত স্বামী তাঁহার বৈবাহিক দায়িত্রপালনে ব্যর্থ হন; (৫) স্বামী পুরুষত্বহীন হইলে; (৬) স্বামী অপ্রকৃতিস্থ হইলে; (৭) বিবাহ অস্বীকার করিলে, (৮) স্বামী নিষ্ঠুরতা করিলে; এবং (৯) মুসলিম আইনে স্বীকৃত অন্য কোনো কারণ ঘটিলে। স্বামী দ্বিতীয় বিবাহ করিলে গ্রী বিবাহবিচ্ছেদের প্রার্থনা করিতে পারেন। ষোল বৎসর বয়স পূর্ণ হইবার পূর্বে যৌন মিলন না হইলে গ্রী বিবাহ অস্বীকার করিতে পারেন। স্বামী ব্রীকে তালাক দিলে ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইনের ৭ ধারা-অনুসারে, তালাক দেওয়ার ৩০ দিনের মধ্যে স্ত্রীকে তালাকের বিষয়ে জানাইতে হইবে, যদি তাহা না জানানো হয় তবে তাহা অপরাধ বলিয়া গণ্য হইবে। ১৯৮৫ সালের মুসলিম পারিবারিক আদালত অধ্যাদেশের ৫ ধারা-অনসারে, বিবাহবিচ্ছেদ-সম্পর্কিত মোকদ্দমা পারিবারিক আদালতে দায়ের করিতে হইবে। উক্ত অধ্যাদেশের ২৩ ধারা-অনুসারে, পারিবারিক আদালত বিবাহবিচ্ছেদের ডিক্রি দেওয়ার পর সাতদিনের মধ্যে ডিক্রির কপি সংশ্রিষ্ট চেয়ারম্যানের নিকট ১৯৬১ সালের পারিবারিক অধ্যাদেশের ৭ ধারার বিধানসাপেক্ষে রেজিন্ট্রি ডাকযোগে প্রেরণ করিবেন। যে-তারিখে চেয়ারমাান ডিক্রির প্রতিলিপি গ্রহণ করিবেন সেই তারিখ হইতে ৯০ দিন শেষ না হইলে ডিক্রি কার্যকর হইবে না।

১৮৬৯ সালের বিবাহবিচ্ছেদ আইনের বিধান-অনুসারে খ্রিষ্টানদের বিবাহবিচ্ছেদ ঘটিতে হইলে যে-কোনো পক্ষকর্তৃক উপযুক্ত কারণ দর্শাইয়া জেলা জজের নিকট আবেদন করিতে হইবে। জেলা জজ আবেদন মনজুর করিলে তাহা হাইকোর্ট বিভাগ কর্তৃক অনুমোদিত হইতে হইবে। এতৎসহ ghet দ্র.।

- distillery n. ডি**স্টিলারি, ভাটিখানা** বি. পাতন বা চোলাই করিবার অথবা অ্যালকোহল তৈরির যে-কোনো কারখানা।
- distinct adj. স্বতন্ত্র বিণ. সহজে চিহ্নিতকরণযোগ্য। পরস্পরের সহিত বা অন্য কোনো কিছুর সহিত যাহা সম্পর্কিত নহে বা জড়িত নহে। পার্থক্যকরণের বৈশিষ্ট্যমন্ডিত; গুণমানে ভিন্ন; একই ধরনের নহে। ফৌজদারি দায়সৃষ্টিকারী বিভিন্ন অপরাধমূলক কর্মের কোনোটির সহিত অন্য কোনোটির কোনোপ্রকার সংযোগ না থাকা, এইরূপ অর্থ নির্দেশ করিতেই ফৌজদারি কার্যবিধিতে 'স্বতন্ত্র' শব্দটির ব্যবহার করা হইয়াছে। একজনের পণ্য অন্য আরেকজনের পণ্যের সহিত যাহাতে তালগোল না পাকায় সেইজন্য পণ্যদ্রব্যে স্বাতন্ত্র্যসূচক চিহ্ন প্রদান করিবার কালে বা নিবন্ধন করিবার আগে সংশ্লিষ্ট পণ্যদ্রব্যে পার্থক্য স্বতন্ত্ররূপে চিহ্নিত করা হয়।
- distinctiveness n. ৰাতন্ত্ৰ্য বি. ট্রেডমার্ক বা পণ্যে বাতন্ত্র্যসূচক চিহ্নের অপরিহার্য উপাদান হইল যে, ইহা কোনো বিশেষ বণিকের পণ্য শনাক্ত করে এবং অন্যদের পণ্য হইতে উহাদের পৃথক করে। কোনো শব্দ, প্রতীক, আকৃতি বা রং যাহার দ্বারা এই উদ্দেশ্য সাধিত হয় তাহাকেই বাতন্ত্র্যসূচক বলা হয়। কোনো কোনো চিহ্ন সহজাতভাবে বাতন্ত্র্যসূচক যেখানে অন্যগুলি সময়ের প্রবাহে বাতন্ত্র্য অর্জন করে। আবার সময়ের প্রবাহে কোনো কোনো বাতন্ত্র্যসূচক চিহ্ন উহার বাতন্ত্র্য হারাইয়া শ্রেণীগত হইতে পারে।
- distinguishing a case নন্ধির পার্থক্য করা কোনো মামলা বিচারকালে উহার যে-কোনো পক্ষ কর্তৃক তাঁহার দাবির সমর্থনে অনুরূপ মামলায় প্রদন্ত উচ্চ আদালতের রায়কে নন্ধির হিসাবে পেশ করিলে যে-পদ্ধতিতে যুক্তিপ্রয়োগে বৈচারিক আদালত তাহা উপেক্ষা করিয়া ভিন্নভাবে সিদ্ধান্ত গ্রহণ করেন তাহাকে পার্থক্য করা বলা হয়।
- distrain vb. মালক্রোক করা ক্রি. ক্রোকের মালামাল আটক করা। কোনো দায় বলবৎ করাইবার জন্য জামিন হিসাবে মালামাল আটক করা। ইংল্যান্ডের আইনে প্রধানত দুই ধরনের অবস্থায় প্রতিকার হিসাবে মালামাল আটক রাখা যায় : (১) ভাড়াটিয়া ভাড়া বাকি রাখিলে মালিক তাঁহার বাকি ভাড়ার জন্য ভাড়াটিয়ার মালামাল আটক রাখিতে পারেন; (২) জমিতে কেহ বে-আইনিভাবে মালামাল রাখিয়া জমির দখলদারকে ক্ষতিগ্রস্ত করিলে ক্ষতিপূরণ প্রদান না করা পর্যন্ত তিনি ওই মালামাল

আটক রাখিতে পারেন। বাংলাদেশে কোনো দায়িক তাঁহার বিরুদ্ধে প্রদন্ত আদালতের ডিক্রির অর্থপ্রদানে ব্যর্থ হইলেই মাত্র আদালতের ক্রোকি পরওয়ানাবলে তদ্রূপ দায়িকের অস্থাবর মালামাল ক্রোক করিয়া ডিক্রির টাকা প্রদান না করা পর্যন্ত তাহা আটক রাখা যায় এবং নির্দিষ্ট সময়-অন্তে তাহা নিলামে বিক্রি করা যায়।

- distribution n. বিতরণ বি. ১. কোলো ব্যক্তি উইল বা ইচ্ছাপত্র সম্পাদন করিয়া অথবা না করিয়া মৃত্যুবরণ করিলে যে-পদ্ধতিতে হিত্য্যাহীদের নিকট তাঁহাদের পাওনা বিতরণ করা হয়। ২. কোম্পানির কোনো অংশীদারকে নগদে অথবা জিনিসে ইহার বিভাজনযোগ্য মুনাফার অংশ পরিশোধ করা। কোম্পানি গুটাইয়া ফেলিবার সময়ে যে-অর্থ পরিশোধ করা হয় অথবা প্রথমে অংশীদার মূলধনের যে-অংশ দিয়াছিলেন বা পরে কোম্পানি যে-অংশগ্রহণ করিয়াছিল তাহার পুনঃপরিশোধ ইহার অন্তর্ভুক্ত নহে।
- district n. জেলা বি. কয়েকটি থানা বা উপজেলা লইয়া গঠিত প্রশাসনিক এলাকা। জেলা প্রশাসক জেলার প্রধান নির্বাহী কর্মকর্তা এবং জেলা বিচারক জেলার বিচার-বিভাগীয় প্রধান। ১৮৩৬ সালের জেলা আইনে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিজ্ঞপ্তি জারি করিয়া নতুন জেলা সৃষ্টি করিতে পারেন। দেওয়ানি কার্যবিধির ২(৪) ধারায় জেলা বলিতে আদি এখতিয়ারবিশিষ্ট কোনো প্রধান দেওয়ানি আদালতের অধিক্ষেত্রের স্থানীয় সীমা বুঝায় (যাহা জেলা আদালত নামে অভিহিত), এবং হাইকোর্ট বিভাগের সাধারণ আদি দেওয়ানি অধিক্ষেত্রের স্থানীয় সীমাও ইহার অন্তর্ভুক্ত।
- District Court জেলা আদালত ১. ১৯০৮ সালের রেজিস্ট্রেশন আইনের ২(৪) ধারায় বলা হইয়াছে যে, জেলা আদালত বলিতে হাইকোর্টের সাধারণ আদিম দেওয়ানি এখতিয়ার উহার অন্তর্ভুক্ত হইবে। ২. ১৮৯০ সালের অভিভাবক ও প্রতিপাল্য আইনের ৪(৪) ধারায় বলা হইয়াছে যে, এই বিধি-অনুযায়ী জেলা আদালত হাইকোর্ট বিভাগের অধন্তম এবং জেলা আদালতের নিম্ন পর্যায়ের সমন্ত দেওয়ানি আদালতসমূহ বল্প এখতিয়ার আদালত ও হাইকোর্ট বিভাগ ও জেলা আদালতের অধন্তম। ৩. ১৯৯৪ সালের কোম্পানি আইন-অনুসারে, ইহাতে জেলার আদি এখতিয়ার প্রয়োগ করিলেও হাইকোর্ট বিভাগ এই সংজ্ঞার্থের অন্তর্ভুক্ত হইবেন না।
- District Judge জেলা জজ, জেলা-বিচারক জেলা আদালতের প্রধান বিচারক।
 দেওয়ানি আদালত আইনের ৩ ধারায় জেলা-বিচারকের আদালতসহ পাঁচ প্রকারের
 দেওয়ানি আদালতের নাম উল্লেখ আছে। উক্ত আইনের ৯ ধারায় বলা হইয়াছে যে,
 হাইকোর্ট বিভাগের তত্ত্বাবধানসাপেক্ষে জেলা-বিচারকের অধিক্ষেত্রের স্থানীয় সীমার
 মধ্যে অবস্থিত সকল দেওয়ানি আদালতের উপর উক্ত আইনের অধীনে তাঁহার

প্রশাসনিক কর্তৃত্ থাকিবে। জেনারেল ক্লজেজ অ্যাক্টের ৩(১৫) ধারায় জেলা-বিচারক বলিতে আদিম এখতিয়ারবিশিষ্ট প্রধান দেওয়ানি আদালতের বিচারককে বুঝাইবে কিন্ত হাইকোর্ট বিভাগের সাধারণ অথবা বিশেষ আদি দেওয়ানি অধিক্ষেত্র ইহার অন্তর্ভুক্ত হইবে না। সংবিধানের ১১৫ ধারা-অনুসারে, সুপ্রিম কোর্টের সুপারিশক্রমে বাষ্ট্রপতি জেলা বিচারক নিয়োগ করিবেন। তবে কোনো ব্যক্তি জেলা বিচারক পদে নিয়োগলাভের যোগ্য হইবেন না যদি তিনি— (ক) নিয়োগলাভের সময়ে প্রজাতন্ত্রে কর্মরত থাকেন এবং উক্ত কর্মে অন্যুন সাত বৎসরকাল বিচারবিভাগীয় পদে বহাল না থাকিয়া থাকেন, অথবা (খ) কমপক্ষে দশ বৎসরকাল অ্যাডভোকেট না থাকিয়া থাকেন। সংবিধানের ১৫২ অনুচ্ছেদ-অনুসারে জেলা বিচারক বলিতে অতিরিক্ত জেলা বিচারকও অন্তর্ভুক্ত হইবেন। লন্ডন নগরের বাহিরে ইংল্যান্ডের এবং ওয়েলুসের প্রধান শহর ও নগরগুলিতে হাইকোর্টের জেলা রেজিন্টি বা কার্যালয় আছে। এইসকল রেজিক্টিতে পূর্বে জেলা রেজিক্টার যে-প্রশাসনিক দায়িত পালন করিতেন বর্তমানে জেলা-বিচারক সেই দায়িত্ব পালন করেন। তাহা ছাডা কাউন্টি কোর্টের রেজিট্রারকে বর্তমানে জেলা-বিচারক হিসাবে অভিহিত করা হয়। জেলা-বিচারক প্রশাসনিক দায়িত পালন করা ছাডাও স্বল্প দাবির মামলা বিচার করিতে এবং যে-সকল মামলায় পক্ষগণ সালিশে সন্মত হয় সেই সকল সালিশ করিতে পারেন।

District Magistrate জেলা ম্যাজিক্রেট যে-পদনামেই সম্বোধিত হউন না কেন, জেলা ম্যাজিক্রেট অপরাধ-সংক্রান্ত বিষয়ে জেলার নির্বাহী প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত প্রধান কর্মকর্তা। বাংলাদেশে জেলা ম্যাজিক্রেটকে ডেপুটি কমিশনার (Deputy Commissioner) বলা হয়।

disturbance n. ৰাধা বি. ১. কোনো অধিকার খর্ব করা। যথা, চলাচলের অধিকারে বাধা দেওয়া। ২. বিধিবদ্ধ আইনের অধীনে কোনো ব্যক্তির অধিকার লইয়া যাওয়া। উদাহরণস্বরূপ, স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক কোনো জমি বাধ্যতামূলক অধিগ্রহণ করিলে জমির মালিককে তাঁহার মালিকানা বাধায়ত্ত করিবার জন্য ক্ষতিপূরণ দিতে হয়। ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি শুকুমদখল ও অধিগ্রহণ অধ্যাদেশের বিধানমতে কোনো স্থাবর সম্পত্তি জনস্বার্থে শুকুমদখল বা অধিগ্রহণ করিলে তাহার মালিক ও দখলকারকে ক্ষতিপূরণ দিতে হয়।

divest vb. বঞ্চিত করা, পরিহার করা ক্রি. কোনো কিছু হইতে কাহাকে বঞ্চিত করা অথবা কোনো কিছুর অধিকার হইতে কাহাকেও সরাইয়া দেওয়া। ইহা 'ভূষিত' বা 'পরিবেষ্টন' করিবার বিপরীত; 'ভূষিত' করা দ্বারা কোনো কিছুর দখল প্রদান করা নির্দেশ করে আর 'বঞ্চিত করা' কোনো কিছুর দখল পরিহার করিয়া লওয়া নির্দেশ করে। সম্ভবত ইহা বলাই যথায়থ হইবে যে, 'বঞ্চিত করা' হইল 'অর্পিত করা' বা ৩৩১ Divisional Court

'প্রদান করা' শব্দের সরাসরি বিপরীত, যেখানে পরবর্তী শব্দটি প্রধানত কোনো ব্যক্তিকে সম্পত্তি প্রদান করা অর্থেই ব্যবহৃত হয়। কাহারো অধিকারে ন্যস্ত সম্পত্তি, ক্ষমতা ইত্যাদি পরিহার করিয়া লওয়া। অপর কোনো ব্যক্তিকে প্রদান না করিয়া কোনো ব্যক্তির নিকট হইতে সম্পত্তি কাডিয়া লওয়া যায় না।

dividend n. লভ্যাংশ বি. কোনো কোম্পানি কর্তৃক ইহার অংশীদারদের বিভাজনযোগ্য মুনাফা হইতে প্রদন্ত অর্থ। কোম্পানির অনুমোদিত মূলধনের শতকরা হিসাবে ইহা অংশীদারদের মধ্যে অংশানুযায়ী হিসাব করা হয়, যাহা অগ্রগণ্য অংশীদারদের ক্ষেত্রে নির্ধারিত এবং সাধারণ অংশীদারদের ক্ষেত্রে অনির্ধারিত। প্রতি আর্থিক বংসরে লভ্যাংশ প্রদেয় হয় যদি তাহা পরিচালকদের সুপারিশ-অনুযায়ী বার্ষিক সাধারণ সভায় ঘোষিত হয় (ইহাকে চূড়ান্ত লভ্যাংশ বলা হয়) অথবা তদ্রেপ সভাগুলির মধ্যবর্তী সময়ে পরিচালকগণ তাহা ঘোষণা করেন (ইহাকে অন্তর্বতীকালীন লভ্যাংশ বলা হয়)।

dividend warrant লভ্যাংশ অধিপত্র শেয়ার মালিকদেরকে শেয়ারজনিত মুনাফা প্রদান করিবার লক্ষ্যে ড্রাফট আকারে যে-হস্তান্তরযোগ্য দলিল প্রদান করা হয়।

division n. ভোটগ্রহণ বি, আইনসভার অধিবেশন চলাকালে কোনো প্রশ্নে সদস্যদের মধ্যে মতভেদ দেখা দিলে সিদ্ধান্তগ্রহণের জন্য গৃহীত ভোট।

Divisional Court ডিভিশনাল কোর্ট ইংল্যান্ডে কুইন'স বেঞ্চ ডিভিশন, চানসারি ডিভিশন ও ফ্রামিলি ডিভিশন লইয়া গঠিত হাইকোর্টের উক্ত যে-কোনো একটি ডিভিশনের দুইজনের অনধিক বিচারকদের লইয়া গঠিত আদালত। প্রত্যেক ডিভিশনে ডিভিশনাল কোর্ট আছে। সংবিধিবদ্ধ আইনে নির্ধারিত বিভিন্ন বিষয়ে আপিল তনানি করা এইসকল আদানতের দায়িত। তাহা ছাড়া এই সকল আদালত অধন্তন আদালতের উপর হাইকোর্টের তত্ত্বাবধানের এখতিয়ার প্রয়োগ করেন, এইসকল এখতিয়ারের বেশিরভাগ কুইনস বেঞ্চ ডিভিশন প্রয়োগ করেন। এই ডিভিশন বিচারবিভাগীয় পর্যালোচনার দরখান্ত এবং ম্যাজিস্টেট-আদালতের আদেশের বিরুদ্ধে আপিল শুনেন। চানসারি ডিভিশন দেউলিয়া বিষয়ে এবং ফ্যামিলি ডিভিশন পারিবারিক আইনের মামলায় ম্যাজিস্টেট-আদালতের আদেশের বিরুদ্ধে আপিল শুনেন। বাংলাদেশে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে একজন বিচারককে লইয়া সিঙ্গল বেঞ্চ, দুইজন বিচারককে লইয়া ডিভিশন বেঞ্চ, দুইয়ের অধিক বিচারককে লইয়া বিশেষ বেঞ্চ গঠিত হয়। প্রধান বিচারপতি বেঞ্চ গঠন করেন এবং কোন বেঞ্চ कान अकारतत मामला विठात कतिरवन, जाश निर्धातन करतन। शहरकार्षे विजारात আদি দেওয়ানি অধিক্ষেত্র, বিশেষ আদি অধিক্ষেত্র, রিভিশনাল বা পর্যালোচনার অধিক্ষেত্র এবং আপিল অধিক্ষেত্র আছে।

divorce ააა

divorce n. বিবাহবিক্ষেদ, তালাক বি. একপক্ষের অনুমিত মৃত্যু অথবা বাতিল ঘোষণার ডিক্রি ব্যতীত আইনত বিবাহের এবং বিবাহের দ্বারা সৃষ্ট দায়ের অবসান। বাংলাদেশে মুসলমান স্বামী এবং, কাবিননামায় প্রদন্ত ক্ষমতাবলে, স্ত্রী আদালতের ডিক্রি ব্যতীত তালাক দিতে পারেন। তাহা ছাড়া পারিবারিক আদালতে মামলা করিয়া তালাকের ডিক্রি হাসিল করিতে পারা যায়। খ্রিষ্টান স্বামী বা স্ত্রী উপযুক্ত কারণ দর্শাইয়া বাংলাদেশে জেলা-বিচারকের আদালত হইতে বিবাহবিচ্ছেদের ডিক্রি পাইতে পারেন। কিন্তু তদ্রুপ ডিক্রি হাইকোর্ট বিভাগ কর্তৃক অনুমোদিত হইবার পূর্বে কার্যকর হয় না। বাংলাদেশে কোনো হিন্দু বিবাহবিচ্ছেদে করিতে পারেন না এবং আদালতেরও তদ্রুপ ডিক্রি দিবার ক্ষমতা নাই। তবে হিন্দু স্বামী বা স্ত্রী উপযুক্ত কারণ দর্শাইয়া আদালত হইতে পৃথক বসবার করিবার ডিক্রি লাভ করিতে পারেন।

divorce under Muslim law মুসলিম আইনে তালাক talaq দ্ৰ. !

- DNA fingerprinting ডি. এন. এ. শনাক্তকরণ বিশেষ বৈজ্ঞানিক প্রযুক্তি প্রয়োগ করিয়া কোনো ব্যক্তির যে-কোনো অঙ্গের অংশ বা টিস্যু নমুনা হিসাবে গ্রহণ করিয়া তাঁহার কোষ হইতে বংশানুগতিসূচক উপাদান (ডি.এন.এ.) বাহির করিয়া তাহা বিশ্লেষণের মাধ্যমে সেই ব্যক্তির স্বকীয় বৈশিষ্ট্য নির্ণয়। এই প্রযুক্তি প্রয়োগ করিয়া কোনো ব্যক্তির পরিচয় শনাক্ত করা যায়। পিতৃত্ব ও ধর্ষণের মামলায় এই প্রযুক্তির প্রয়োগ ফলপ্রসূ হইয়াছে।
- dock n. ১. কাঠগড়া বি. আদালতে আসামির অথবা সাক্ষীর দাঁড়াইবার স্থান । ২. পোতাশ্রয় বি. জাহাজঘাট বা ফেরিঘাট। যে-স্থানে জাহাজ বা নৌকা ভিড়িয়া থাকে এবং প্রয়োজনে মেরামত করা হয়; যে-স্থানে জাহাজ বা নৌকা ভিড়াইয়া উহা হইতে মাল খালাস করা হয়। বন্দরে কোনো জাহাজ ভিড়াইয়া মাল খালাস করিবার সুবিধার জন্য ইম্পাত, কাঠ, সিমেন্ট ইত্যাদি দ্বারা তৈরি কাঠামোর মধ্যবর্তী জলপথ বা খালি জায়গাও ইহার অন্তর্ভুক্ত।
- dock brief ডক ব্রিফ ইংল্যান্ডে সলিসিটরের সাহায্য ছাড়া তাঁহার মামলা পরিচালনা করিবার জন্য আসামি কর্তৃক উপস্থিত আইনজীবীদের মধ্য হইতে একজনকে নির্বাচন। বর্তমানে আইনি সাহায্যের ব্যবস্থা থাকায় ডক ব্রিফের রেওয়াজ উঠিয়া গিয়াছে।
- dock warrant ডক প্রমাণপত্র ডক-কর্তৃপক্ষ ডকের গুদামে রক্ষিত পণ্যের উপর মালিকের মালিকানাস্বত্বের স্বীকৃতি দিয়া যে–পণ্য প্রদান করে।
- doctor n. চিকিৎসক বি. ১৯৮০ সালের বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড ডেন্টাল কাউনসিল অ্যাক্ট-অনুযায়ী উক্ত আইনের অধীন রেজিক্ট্রিকৃত বা সাময়িকভাবে

৩৩৩ document

রেজিস্ট্রিকৃত কোনো ব্যক্তি। ১৯৮২ সালের বাংলাদেশ ভেটেরিনারি প্র্যাকটিশনার্স অর্ডিনাঙ্গ-অনুসারে উক্ত অধ্যাদেশের অধীন রেজিস্টারে যে-ব্যক্তির নাম লিপিবদ্ধ হইয়াছে, তিনিও ইহার অন্তর্ভুক্ত হইবেন।

- doctrine of approximation সন্নিকটবর্তীকরণ মতবাদ যে-মতবাদে দাতাদের ইচ্ছা কার্যকর করিবার জন্য এবং ন্যাস সম্পত্তি রক্ষা করিবার জন্য ন্যাস-ব্যবস্থাপনার খুঁটিনাটি রদবদল করিতে আদালতকে ক্ষমতা প্রদান করা হয়। ইহাকে ন্যায়সংগত সন্নিকটবর্তীকরণ মতবাদও বলা হয়।
- doctrine of incorporation আত্মীকরণ মতবাদ আন্তর্জাতিক আইনের বিধানাবলি বয়ংক্রিয়ভাবে রাষ্ট্রীয় আইনের অংশ হিসাবে গণ্য হয়, এই মতবাদ। ইহা রূপান্তর মতবাদের পরিপন্থী। এই মতবাদ-অনুযায়ী বিধিবদ্ধ আইন অথবা আদালতের সিদ্ধান্তের দারা স্বীকৃত হইলেই মাত্র আন্তর্জাতিক আইন রাষ্ট্রীয় আইনের অংশ হিসাবে গণ্য হয়। বাংলাদেশে আন্তর্জাতিক চুক্তি সরকার কর্তৃক অনুমোদিত ইইলেও তাহার বিধানাবলি কেবল রাষ্ট্রের পক্ষে বাধ্যতামূলক হয়, কিন্তু তাহা রাষ্ট্রীয় আইনের অংশ হিসাবে গণ্য হয় না যতক্ষণ পর্যন্ত না কোনো বিধিবদ্ধ আইনদারা তাহা স্বীকৃত হয়।
- document n. দলিল, দলিল-দস্তাবেজ বি. ১. তথ্য লিপিবদ্ধ করে অথবা প্রেরণ করে, এমন লিখিত কাগজ। আদালতে সাক্ষ্য হিসাবে উপস্থাপন করিবার উদ্দেশ্যে বই, মানচিত্র, নক্শা, অন্ধন, আলোকচিত্র, চিত্রলেখ, শব্দধারণকারী চাকতি ও ফিতা. চলচ্চিত্র ইত্যাদি দলিলব্ধপে গণ্য হয়। ২. সাক্ষ্য আইনের ৩ ধারায় দলিল বলিতে কোনো বস্তুর উপর অক্ষর, অস্ক অথবা চিহ্নের সাহায্যে বা উক্ত পস্থাসমূহের একাধিক পত্নায় বর্ণিত অথবা ব্যক্ত কোনো বিষয়, যাহা লিপিবদ্ধ করিবার উদ্দেশ্যে উক্ত পন্থা ব্যবহারের জন্য অভিপ্রেত অথবা ব্যবহৃত হইতে পারে। ৩. দণ্ডবিধির ২৯ ধারায় দলিল বলিতে অক্ষর, অঙ্ক, বা চিহ্নের সাহায্যে অথবা উক্ত পন্থাসমূহের একাধিক পন্থায় কোনো বস্তুর উপর ব্যক্ত অথবা বর্ণিত যে-কোনো বিষয় বুঝায়, যাহা উক্ত বস্তুর প্রমাণ হিসাবে ব্যবহারের জন্য অভিপ্রেত অথবা যাহা উক্ত বন্তুর প্রমাণ হিসাবে ব্যবহৃত হইতে পারে। ৪. জেনারেল ক্লজেজ অ্যাষ্ট-অনুসারে দলিল বলিতে যে-কোনো লিখিত চিঠির মাধ্যমে যে-কোনো বস্তুর উপর ব্যক্ত বা বর্ণিত বিষয়, সংখ্যা বা চিহ্ন, অথবা ব্যবহৃত হইবে ওইগুলির এক বা একাধিক উপায়ের দারা অথবা উক্ত বিষয়ে লিপিবদ্ধ করিবার উদ্দেশ্যে যাহা ব্যবহৃত হইবে। ৫. ১৯৯১ সালের মূল্য সংযোজন কর আইন-অনুসারে কাগজ বা অন্য কোনো পদার্থের উপর অক্ষর, অঙ্ক, সংকেত বা চিহ্নের সাহায্যে প্রকাশিত বা বর্ণিত কোনো বিষয় এবং যে-কোনো ধরনের ইলেক্ট্রনিক উপাত্ত, কম্পিউটার কার্যক্রম, কম্পিউটার ফিতা, কম্পিউটার ডিস্ক বা যে-কোনো ধরনের উপাত্তধারকমাধ্যম ইহার অন্তর্ভুক্ত ইইবে।

documentary bill দালিলিক বিল বৈদেশিক বিলের সহিত দলিলপত্র সংযুক্ত থাকে।

documentary evidence দালিলিক সাক্ষ্য বাচনিক নয়, লিখিত সাক্ষ্য। দালিলিক সাক্ষ্যকে উৎকষ্ট সাক্ষ্য বলা হয়। দালিলিক সাক্ষ্য থাকা সত্তেও কেহ যদি উক্ত দলিল আদালতে উপস্থাপিত না করেন, তবে সাধারণত ধরিয়া নেওয়া হয় যে, দলিলে এমন বিষয় আছে যাহা তাঁহার বিপক্ষে যাইবে। সাক্ষ্য আইনের ৬১ ধারা হইতে ১০০ ধারা পর্যন্ত দালিলিক সাক্ষ্য কাহাকে বলে, দালিলিক সাক্ষ্য কীভাবে প্রমাণ করিতে হইবে দলিলের বিষয়বস্তু আদালত কী অবস্থায় গ্রহণ করিবেন ইত্যাদি সম্পর্কে বিধান বর্ণিত হইয়াছে। সাক্ষ্য আইনের ৩ ধারায় বলা হইয়াছে যে, যে-সকল দলিল আদালতের পরিদর্শনের জন্য উত্থাপন করা হয়, সে-সকল দলিলকে দালিলিক সাক্ষ্য বলা হয়। উৎকৃষ্ট সাক্ষ্যের বিধান-অনুযায়ী যেখানে দালিলি সাক্ষ্য বিদ্যমান সেইখানে তাহা আদালতে উত্থাপন করিতে হইবে নচেৎ যে-পক্ষ তাহা আদালতে উত্থাপন করিতে সক্ষম সেই পক্ষের বিরুদ্ধে আদালত বিরূপ ধারণা পোষণ করিতে পারেন। উজ আইনের ৬১ ধারায় বলা হইয়াছে যে, দলিলের বিষয়বস্তু প্রাথমিক অথবা অপ্রধান সাক্ষ্যের দ্বারা প্রমাণ করা যায়। ৬২ ধারায় বলা হইয়াছে যে, আদালতের পরিদর্শনের জন্য প্রদর্শিত দলিলই হইতেছে প্রাথমিক সাক্ষা। ৬৩ ধারায় বলা হইয়াছে যে, অপ্রধান সাক্ষ্য হইতেছে (১) আসল দলিলের সত্যায়িত অনুলিপি; (২) যান্ত্রিক পদ্ধতিতে তৈরি অথবা আসল দলিলের সঙ্গে তুলনা করা অনুলিপি: (৩) আসল দলিল হইতে তৈরি অথবা আসল দলিলের সহিত তলনা করা অনুলিপি: (৪) দলিলের প্রতিরূপ যে-সকল পক্ষ সম্পাদন করে নাই তাহার বিরুদ্ধে তাহা ব্যবহারের ক্ষেত্রে: (৫) যে-ব্যক্তি কোনো দলিল দেখিয়াছেন, সেই দলিলের বিষয়বস্তু সম্পর্কে সেই ব্যক্তির বাচনিক বিবরণ। ৬৪ ধারায় বলা হইয়াছে যে, যে-সকল ক্ষেত্রে ভিনুরূপ বিধান করা হইয়াছে, সেই সকল ক্ষেত্র ব্যতীত অন্য ক্ষেত্রে দলিল অপ্রধান সাক্ষ্যের দারা প্রমাণ করিতে হইবে। উক্ত আইনের ৬৫ ধারায় কোন কোন ক্ষেত্রে মাধ্যমিক সাক্ষ্যের দ্বারা দলিলের অন্তিত্ব অবস্থা অথবা বিষয়বস্তু প্রমাণ করা যায় তাহা বলা হইয়াছে। ৬৭ ধারায় দলিল যে-ব্যক্তি লিখিয়াছেন অথবা দন্তখত করিয়াছেন, তাঁহার হস্তাক্ষর বা দন্তখত প্রমাণ করিতে হইবে, এইরূপ বলা হইয়াছে।

documents executed in a foreign country বিদেশে সম্পাদিত দলিল দলিলসম্পাদনকারী সকলে বা তাঁহাদের কোনো একজন দেশের বাহিরে যদি কোনো দলিল
সম্পাদন করেন, উক্ত দলিল যদি রেজিস্ট্রিকরণের পূর্বনির্ধারিত সময় উত্তীর্ণ হইবার
আগে দাখিল করা না হয়, রেজিস্ট্রেশন অফিসার যদি সন্তুষ্ট হন যে, দলিলটি
প্রকৃতপক্ষে উক্তরূপেই সম্পাদিত হইয়াছে এবং দেশে পৌছিবার চার মাসের মধ্যেই
উক্ত দলিল রেজিস্ট্রিকরণের জন্য দাখিলকৃত হইয়াছে, তবে উপযুক্ত ফিস দিলে তিনি
রেজিস্ট্রি করিবার জন্য উক্ত দলিল গ্রহণ করিতে পারিবেন।

ಲು೯ domicile

doli cafax অপরাধ-পারক্ষম দণ্ডবিধির ৮২ ধারার বিধান-অনুসারে, সাত বংশরের কমবয়র কোনো শিশু অপরাধকর্ম করিতে অক্ষম। ইহা doli incafax (অপরাধ করিতে সমর্থ নহে) তত্ত্ব-অনুযায়ী আইনের একটি অনুমান। দণ্ডবিধির ৮৩ ধারার বিধান-অনুসারে, সাত বংসরের উর্ধ্ব এবং বার বংসরের নিম্নবয়ন্ধ যে-শিশু কোনো বিশেষ অবস্থায় নিজের আচরণের প্রকৃতি ও ফলাফল বিচার করিবার যথেষ্ট বোধশক্তি অর্জন করে নাই তাহার কোনো কর্ম অপরাধ বলিয়া গণ্য হয় না। যদি তদ্ধেপ বয়ন্ধ কোনো শিশুর তাহার আচরণের প্রকৃতি ও ফলাফল বিচার করিবার যথেষ্ট বোধশক্তি থাকে, তবে সে অপরাধ করিতে সমর্থ বলিয়া গণ্য করা হয়।

domain-name infringement এলাকা–নাম লজ্ঞন বিদ্রান্তিকরভাবে একইরকম ট্রেডমার্ক বা সার্ভিস-মার্ক ব্যবহার করিয়া অপর কোনো ব্যক্তির ইন্টারনেটের এলাকা– নামসংক্রান্ত অধিকার লজ্ঞন।

domestic tribunal ঘরোয়া বিচারসভা ইহা কোনো প্রতিষ্ঠান, সামাজিক সংঘ, শ্রমিক সংঘ বা পেশাজীবী ব্যক্তিদের সমিতিকে বা অনরূপ সমিতির কর্মকর্তা বা নির্বাচিত ব্যক্তিবর্গের কোনো কমিটিকে বুঝায়, যে-সমিতি উহার সংশ্লিষ্ট কর্মচারী বা সদস্যবন্দের শৃঙ্খলা, অধিকার, বিরোধ বা বিতর্কের বিষয় মীমাংসা বা নিষ্পত্তি করিবার অধিকারী। কোনো বিশেষ পেশা বা সমিতির অভ্যন্তরীণ বিষয়ে বিরোধ-নিষ্পত্তির এখতিয়ার-পরিচালনাকারী আইনদারা অথবা চক্তিদারা ক্ষমতাপ্রাপ্ত সংস্থা। বাংলাদেশ বার কাউনসিল আইনদারা ক্ষমতাপ্রাপ্ত হইয়া যেমন যে-কোনো আইনজীবীর বিরুদ্ধে পেশাগত অসদাচরণের অভিযোগের বিচার করিয়া তাঁহাকে শান্তি দিতে পারেন, তেমনি যে-কোনো আইনজীবী সমিতি ইহার যে-কোনো সদস্যের বিরুদ্ধে গঠনতন্ত্রবিরুদ্ধ কার্যকলাপের অভিযোগের বিচার করিয়া তাঁহাকে শাস্তি দিতে পারেন। ঘরোয়া বিচারসভার সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো আদালতে আপিল দায়ের করিবার বিধান না থাকিলেও ইহার সিদ্ধান্ত এখতিয়ারবহির্ভূত কি না, তাহা আদালত বিবেচনা করিতে পারেন এবং এই এখতিয়ারবলে আদালত ঘরোয়া বিচারসভার সিদ্ধান্ত নিয়ন্ত্রণ করেন। সংবিধিবদ্ধ আইনদ্বারা এইরূপ বিচারালয় সৃষ্ট নহে। সংবিধিবদ্ধ আইনদারা সৃষ্টি করা হইলে উহাকে সংবিধিবদ্ধ বিচারালয় বলিতে হইবে, তখন আর উহা ঘরোয়া বিচারালয় থাকে না।

domestic violence পারিবারিক সহিংসতা battered spouse or cohabitant দ্র.।

domicile n. নিবেশ বি., স্থায়ী নিবাস যে-দেশকে কেহ নিজের স্থায়ী আবাস হিসাবে বিবেচনা করেন এবং যে-দেশের সঙ্গে তাঁহার নিকটতম আইনগত সম্বন্ধ থাকে। নিবেশ ব্যতীত কোনো ব্যক্তির যেমন অস্তিত্ব কল্পনা করা যায় না, তেমনি domiciled bill

কোনো ব্যক্তির একই সময়ে একাধিক নিবেশ থাকিতে পারে না। জন্মের সময় হইতেই তিনি নিজের আদি নিবেশ অর্জন করেন। সাধারণত যদি তখন তাঁহার পিতা জীবিত থাকেন তরে তিনি পিতার নিবেশ গ্রহণ করেন নচেৎ তাঁহার মাতার। যতক্ষণ পর্যন্ত না তিনি নিজের আদি নিবেশের পরিবর্তে তাঁহার পছন্দের অন্য একটি নিবেশ অর্জন করেন ততক্ষণ পর্যন্ত তিনি আদি নিবেশের অধিকারী থাকেন। স্থায়ী ভিত্তির অভিপ্রায়ে কোনো দেশে বসবাসের দ্বারাই পছন্দের নিবেশ অর্জন করা যায়। কোনো ব্যক্তি ষোল বৎসর বয়ঃপ্রাপ্ত হইবার পর যে-কোনো সময়ে তাহা অর্জন করিতে পারেন এবং স্বেচ্ছায় পছন্দের নিবেশ অর্জনের দ্বারা তাহা পরিবর্তন করিতে পারেন।

- domiciled bill নিবেশিত বিল যে-বিল স্বীকৃতিকারীর বাসস্থান ব্যতীত অন্য কোনো স্থানে পরিশোধ্য।
- dominion অধিরাজ্য বি. স্বায়ত্বশাসিত উপনিবেশ; সার্বভৌম শাসক বা জমিদারের কর্তৃত্বাধীন এলাকা যাহার উপর সার্বভৌম ক্ষমতা বা জমিদারি কর্তৃত্ব প্রয়োগ করা হয়। স্ব-শাসিত উপনিবেশসমূহ এই নামে পরিচিত হয়। বর্তমানে কমনওয়েলথভুক স্বশাসিত স্বাধীন রাষ্ট্র। যে-উপনিবেশের জনসাধারণকে অধিকারকারী দেশ কর্তৃক স্বায়ত্তশাসনাধিকার প্রদান করা হইয়া থাকে, সেই সাবেক উপনিবেশ। ১৯৩১ সালে ইংল্যান্ডের আইনদারা উক্ত দেশের কতিপয় উপনিবেশকে স্বায়ত্তশাসনের অধিকার দেওয়া হইলে সেইসকল দেশকে অধিরাজ্য বা স্বায়ত্তশাসিত উপনিবেশ বলা হইত।
- domitae naturae গৃহপালিত বা পোষমানা পত্তপক্ষী যেমন, ঘোড়া, ভেড়া, হাঁস, মুরগি প্রভৃতি। বন্যপ্রকৃতির পত্তপক্ষী হইতে ইহারা ভিন্ন। ferae naturae তু.।
- donatio mortis causa মৃত্যু-সম্ভাবনায় দান অদ্রভবিষ্যতে মৃত্যু আসনু জানিয়া কোনো ব্যক্তি কর্তৃক তাঁহার স্থাবর-অস্থাবর সম্পত্তি দান করিয়া দেওয়া। মুসলমান আইনে মৃত্যুশয্যায় বা সঞ্জাবনায় সম্পত্তি দান করিলে দাতার মৃত্যুর পর তাঁহার উত্তরাধিকারীগণ তাহা অনুমোদন না করিলে তাঁহার কাফনদাফনের খরচ ও দেনাদি মিটাইবার পর অবশিষ্ট সম্পত্তির এক-তৃতীয়াংশের অধিকের জন্য তাহা কার্যকর হইবে না। এইরূপ দান বৈধ হইবার জন্য দাতা কর্তৃক দান ঘোষণা করিতে হইবে, দানগ্রহীতাকে তাহা গ্রহণ করিতে হইবে এবং দাতাকর্তৃক দানকৃত সম্পত্তির দখল দানগ্রহীতার বরাবরে সঞ্জাব্য উপায়ে ছাড়িয়া ও বুঝাইয়া দিতে হইবে। এইরূপ দানও কোনো একজন উত্তরাধিকারীর বরাবরে করা হইলে দানকারীর মৃত্যুর পর অপর উত্তরাধিকারীগণ কর্তৃক তাহা অনুমোদিত না হইলে কার্যকর হইবে না।
- donee n. দানগ্রহীতা বি. যাঁহাকে কোনো কিছু দান করা হয়। সম্পত্তি-হস্তান্তর আইনের ১১২ ধারা-অনুসারে এক ব্যক্তি ফেচ্ছাপ্রণোদিত হইয়া কোনোপ্রকার পণ গ্রহণ না করিয়া কোনো অস্থাবর বা স্থাবর বিদ্যমান সম্পত্তি অপর ব্যক্তিকে হস্তান্তর

করিলে এবং সেই ব্যক্তি বা তাঁহার পক্ষে অন্য কেহ উহা গ্রহণ করিলেই তাহাকে দান বলা হয়। যে-ব্যক্তি অনুরূপভাবে সম্পত্তি হস্তান্তর করেন তাঁহাকে দাতা বলা হয় এবং যে-ব্যক্তির অনুকূলে তাহা দান করা হয় তাঁহাকে গ্রহীতা বলে। দানগ্রহীতা শিশু বা নাবালক অথবা কোনো প্রতিষ্ঠানও হইতে পারে। দানের বিষয়বস্তু দুর্বহ হইলে নাবালক সাবালক হইবার পর উক্ত দান বর্জন করিতে পারেন। দানকালে দানগ্রহীতার অন্তিত্ব থাকিতে হইবে। ১৯৯০ সালের দানকর আইন-অনুসারে, যে-ব্যক্তিকে অন্য কোনো ব্যক্তি সেচ্ছায়, অর্থ বা অর্থমূল্যের প্রতিলাভ ছাড়া, কোনো স্থাবর সম্পত্তি বা অস্থাবর সম্পত্তি হস্তান্তর করেন।

donor n. দাতা বি. সম্পত্তি-হস্তান্তর আইনের ১২২ ধারা-অনুসারে, যিনি দান করেন। মুসলিম আইন-অনুসারে প্রত্যেক সুস্থমনা সাবালক ব্যক্তি তাঁহার সম্পত্তি দান করিতে পারেন। দাতা দানকৃত সম্পত্তির দখল হস্তান্তর না করিলে যে-কোনো সময়ে দান বাতিল করিতে পারেন। চুক্তি-সম্পাদনের যোগ্যতা না থাকায় নাবালক নিজের সম্পত্তি দান করিতে পারে না।

double hearsay দ্বিত্তিত জনশ্রুতি যে-জনশ্রুতিমূলক বিবৃতির মধ্যে এমন আরো জনশ্রুতিমূলক বিবৃতি থাকে যাহাদের কোনোটিই গ্রহণযোগ্য নয়, যদি না জনশ্রুতিবিরোধী বিধির ব্যতিক্রমগুলি প্রতিটি পর্যায় সম্বন্ধে প্রয়োগ করা যায়।

double jeopardy দোবারা সাজা এক রাষ্ট্রে কোনো ব্যক্তির বিচার হইলে, অপরাধ প্রমাণিত হউক বা না হউক, এবং অপরাধী সাজাপ্রাপ্ত হউন বা না হউন, কিংবা অভিযুক্ত ব্যক্তি অপরাধের অভিযোগ হইতে মুক্তিলাভ করুন বা না করুন, একই অপরাধে আবার অন্য কোনো রাট্রে ওই ব্যক্তির বিচার করা যায় কি না. আন্তর্জাতিক আইনে এই প্রশ্নের কোনো সুনির্দিষ্ট উত্তর নাই। তবে রাষ্ট্রসমূহের সাধারণ রেওয়াজ হইতেছে— এ-বিষয়ে হার্ভার্ড খসডা কনভেনশনের ১৩ ও ১৪ অনুচ্ছেদে ইহার সমর্থন মেলে যে, বিদেশির ক্ষেত্রে অন্য রাষ্ট্রে একবার বিচারকার্য সম্পাদন হইলে তাহা নিজ রাট্রে প্রতিবন্ধক হিসেবে বিবেচিত, কিন্তু নিজ নাগরিককে পুনরায় বিচার করিবার ক্ষেত্রে তাহা কোনো প্রতিবন্ধক নহে। ফৌজদারি কার্যবিধির ৪০৩ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি কোনো অপরাধের জন্য একবার সাজাপ্রাপ্ত হউন বা খালাসপ্রাপ্ত হউন, তাঁহাকে ওই অপরাধের জন্য আবার বিচার করা যাইবে না। সংবিধানের ৩৫(২) অনচ্ছেদ-অনুসারে এক অপরাধের জন্য কোনো ব্যক্তিকে একাধিকবার ফৌজদারিতে সোপর্দ ও দণ্ডিত করা যাইবে না। বিভাগীয় মামলায় কোনো কর্মচারী অব্যাহতি লাভ করিলে একই অভিযোগে তাঁহাকে ফৌজদারিতে সোপর্দ করিতে কোনো বাধা নাই। Bangladesh v. Misfar Ali 34 DLR (AD) 304 ज्. ।

पारेन-गमरकाव : २२

double taxation აახ

double taxation দৈত করারোপ একই সম্পত্তি বা বিষয়বস্তুর উপর একই উদ্দেশ্যে,
একই মেয়াদে এবং একই এলাকায় দুইবার করারোপ। আদালত এইরূপ করারোপকে
সাধারণত ভালো চোখে দেখেন না এবং সংবিধিবদ্ধ আইনের ব্যাখ্যা করিবার সময়ে
যথাসাধ্য দিতীয়বার করারোপ এড়াইয়া যাইবার চেষ্টা করা হয়। তাহাছাড়া দুইটি রাষ্ট্র
ইহাদের প্রত্যেক নাগরিককে চুক্তিমূলে এক রাষ্ট্রে করারোপিত হইলে অপর রাষ্ট্রে
দিতীয়বার করারোপ হইতে অব্যাহতি প্রদান-করে।

- doubt n. সন্দেহ বি. কোনো কিছুর সত্যতা বা বাস্তবতা সম্পর্কে বিষয়ীকেন্দ্রিক অনিক্য়তার মানসিক অবস্থা। কোনো কিছু সম্পর্কে অনিক্য়তার অনুভৃতি; উৎকণ্ঠা বা আশকা। ফৌজদারি আইনে কোনো অভিযুক্তকে সন্দেহের সুবিধা দেওয়ার অর্থ হইল যথাযথ সাক্ষ্যপ্রমাণদ্বারা তাঁহাকে দোষী সাব্যস্ত করিতে ব্যর্থ হওয়ায় খালাস দেওয়া। এতৎসহ benefit of the doubt দ্ব.।
- download vb. উপাত্ত স্থানান্তর করা এক কম্পিউটার হইতে অন্য কম্পিউটারে তথ স্থানান্তর করা। কোনো প্রান্তিক বা দূরবতী অবস্থানে উপাত্ত স্থানান্তর করা।
- draft n. ১. খসড়া, মুসাবিদা বি. কোনো একটি অস্বাক্ষরিত প্রাথমিক সমঝে বহুজাতিক চুক্তি অথবা একটি আইন যাহা তখনও বনবৎ হয় নাই। ২. হৃতি বি. অর্থদানের একটি আদেশ। যেমন, ব্যাংকের ড্রাফ্ট।
- drain n. নালা, নদর্মা বি. নালা হইল কোনো কৃত্রিম প্রণালি বা প্রাকৃতিক গর্ত যাহার
 মধ্য দিয়া পানি বা জলীয় পদার্থ কোনো পরিখা বা ডোবায় নিদ্ধাশন করা হয়।
 বাসগৃহের ক্ষেত্রে এই শব্দ কখনো কখনো পানি বা পয়ঃনিদ্ধাশনের জন্য ব্যবহৃত নল
 বুঝায়। এই শব্দের প্রাথমিক ও মুখ্য অর্থ হইল, কোনো অতিক্রমণ নল বা খোলা
 প্রণালি যাহার দারা বিশেষভাবে কোনো ভূমি বা গৃহ হইতে পানি বা অন্য কোনো
 তরল পদার্থ অপসারণ করা হয়। প্রেক্ষাপট-অনুসারে এই শব্দ বিভিন্ন অর্থে ব্যবহৃত
 হইতে পারে।
- dramatic work n. নাট্যকর্ম বি. ২০০০ সালের কপিরাইট আইন-অনুসারে, নাট্যকর্ম অর্থে আবৃত্তির অংশবিশেষ, সমবেত প্রদর্শনীর মাধ্যমে বিনোদন, দৃশ্য-বিন্যাস, বা লেখনী বা অন্যভাবে গ্রথিত অভিনয়ের আঙ্গিক অন্তর্ভুক্ত হইবে, কিন্তু কোনো চলচ্চিত্র বা ছবি অন্তর্ভুক্ত হইবে না।
- draught n. ১. গভীরতা বি. জাহাজ ভাসাইবার জন্য পানির যে-পরিমাণ গভীরতা প্রয়োজন হয়। ২. অঙ্কনবিদ্যা বি. পেনসিলদারা টানিয়া কোনো কিছু অঙ্কন করা বা ওইরূপে আঁকা ছবি ইত্যাদি।

৩৩৯ driving license

drawback n. তব্ধ-প্রভার্পণ আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্যসামগ্রী বিক্রয় করিবার পরিবর্তে পুনঃরপ্তানি করা হইলে পরিশোধ-ওল্কের উপর যে-রেয়াত দেওয়া হয় অথবা ইতিমধ্যে পরিশোধিত হইয়া থাকিলে যে-গুল্ক আমদানিকারককে ফেরত দেওয়া হয়। এইরপ রেয়াত বা ফেরত দেওয়ার রীতি।

drawer n. আদেষ্টা বি. চেকে বা বিলে যে-ব্যক্তি নিজেকে অথবা কোনো ব্যক্তিকে বা তাঁহার আদেশে অন্য কাহাকেও নির্দিষ্ট অঙ্কের টাকা পরিশোধের জন্য আদিষ্টের উপর আদেশ প্রদান করে তাঁহাকে আদেষ্টা বলে।

driver n. চালক বি. যে-কোনো ব্যক্তি কোনো যানবাহন চালনা করিবার জন্য ইহার নিয়ন্ত্রণযন্ত্র যথা ন্টিয়ারিং ও ব্রেক ব্যবহার করেন, তাঁহাকে মোটরযান অধ্যাদেশের আওতায় চালক বলা হয়। মোটরযানের ইনজিন বন্ধ থাকাবস্থায় যিনি ন্টিয়ারিং ধরিয়া ইহার নিয়ন্ত্রণ করেন অথবা অন্য একটি যান কর্তৃক ইহাকে টানিয়া লইবার সময়ে অদ্রুপ নিয়ন্ত্রণ করেন তিনিও চালকের অন্তর্ভুক্ত হন। কখনো কখনো মোটরবাসের কভাকটরও চালক শন্দের অন্তর্ভুক্ত হন। আবার কখনো কখনো হালধারণ না করিলেও প্রচালনশক্তির উপর নিয়ন্ত্রণ থাকিলে তাহাকে চালক বলা যায়। যখন একজন শিক্ষাথী চালকের আসনে বিসয়া পা দ্বারা নিয়ন্ত্রিত বেগবর্ধক ও গতিরোধক ব্যবহার করেন আর প্রশিক্ষক হালধারণ ও হাতদ্বারা নিয়ন্ত্রিত গতিরোধক ব্যবহার করেন, তখন উক্ত শিক্ষাথীও 'চালক' শন্দের অন্তর্ভুক্ত হন। দুর্ঘটনা ঘটিবার সময়ে বান্তবে তিনি গাড়ি চালনা না করিয়া থাকিলেও, একজন চালক গাড়ি বাহির করিয়া গভব্যে পৌছানো পর্যন্ত ওই গাডির চালক।

driving license দ্রাইভিং লাইসেন্স, মোটরযান চালনার অনুমতিপত্র মোটরযান চালনার পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তির বরাবরে মোটরযান চালাইবার সরকারি ক্ষমতাপত্র । মোটরযান চালাইবার শিক্ষানবিশের বরাবরে প্রদন্ত ক্ষমতাপত্রের বলে অন্য একজন অভিজ্ঞ চালককে সঙ্গে রাখা এবং মোটরযানের সামনে ও পিছনে ইংরাজি L হরফ প্রদর্শন ব্যতীত কেহ জনসাধারণের চলাচলের রান্তায় মোটরযান চালাইতে পারেন না । তদ্ধেপ শিক্ষানবিশগণ মোটরযান চালনা শিক্ষা করিবার পর বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষের পরিচালিত পরীক্ষায় উত্তীর্ণ হইতে না পারিলে মোটরযান চালনার বা অনুমতিপত্র পাইবার অধিকারী হন না । উক্তর্ধ্বপ পরীক্ষায় উত্তীর্ণ হইবার পর সক্ষরিত্রতা সম্পর্কে স্থানীয় পুলিশের প্রতিবেদন পাইবার পর আবশ্যকীয় ফিস প্রদান করা হইলে মাত্র শারীরিক সুস্থ ব্যক্তিকে নির্ধারিত সময়ের জন্য দ্রাইভিং লাইসেন্স বা মোটরযান চালনার অনুমতিপত্র দেওয়া হয় । তদ্ধেপ সময় উত্তীর্ণ হইবার পর তাহা নির্ধারিত ফিস প্রদানে নবায়ন করা যায় । নবায়নের পূর্বে কোনো কারণে তাহা বাতিল হইলে নবায়ন করা যায় না । মোটরযান চালনার পরীক্ষায় উত্তীর্ণ

drug-addict 980

ব্যক্তিকে প্রথমে হালকা যান চালাইবার লাইসেন্স বা অনুমতিপত্র দেওয়া হয়। পরে পরীক্ষার মাধ্যমে মধ্যমপ্রকৃতির ও তারি যান চালাইবার উপযুক্ততা প্রমাণ করিছে পারিলে তাহা চালনার লাইসেন্স বা অনুমতিপত্র দেওয়া হয়। ট্রাফিক পুলিশ যেকানো সময়ে মোটরযান চালকের লাইসেন্স পরীক্ষা করিয়া দেখিতে পারেন। তাহা ক্রিটিপূর্ণ ইইলে অথবা চালক কোনো ট্রাফিক অপরাধ করিলে তাহা আটক করিতে পারেন। কোনো ট্রাফিক অপরাধ অথবা ক্রটিপূর্ণ মোটরযান চালনার কারণে ঘটিত কোনো অপরাধে কোনো মোটরযান-চালক আদালত-কর্তৃক দোষী সাব্যন্ত ইইলে আদালত তাঁহার মোটরযান চালনার লাইসেন্স বাতিল করিবার আদেশ দিতে পারেন।

- drug-addict n. মাদকাসক্ত বি. ১৯৯০ সালের মাদ্রকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-অনুসারে,
 শারীরিক বা মানসিকভাবে মাদকদ্রব্যের উপর নির্ভরশীল ব্যক্তি বা অভ্যাসবশে
 মাদকদ্রব্য-ব্যবহারকারী।
- drug addicts rehabilitation centre মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-অনুসারে, এই অধ্যাদেশের অধীন স্থাপিত বা ঘোষিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্র।
- drugs n. মাদক্রব্য বি. controlled drugs দ্র.।
- drunken driving মদোন্যন্ত অবস্থায় গাড়ি চালনা মদ্যপান বা মাদক্দ্রব্য সেবনের পর মাতাল হইয়া গাড়ির উপর নিয়ন্ত্রণ রাখিতে অক্ষম অবস্থায় গাড়ি চালনা বা চালনার চেষ্টা। ১৯৮৩ সালের মোটরযান অধ্যাদেশের ১৪৪ ধারা-অনুসারে ইহা একটি দণ্ডনীয় অপরাধ।
- drunkenness n. মদোনাত্ততা বি. অতিরিক্ত পরিমাণে মদ্যপানজনিত প্রমন্ততা।
 প্রকাশ্য প্রমন্ততা আইনত অপরাধ।
- drunken person মাতাল ব্যক্তি দওবিধির ৫১০ ধারা-অনুসারে, যদি কোনো ব্যক্তি নেশাগ্রন্ত অবস্থায় সর্বসাধারণের জন্য উনাক্ত স্থানে গমন করেন বা কোথাও অনধিকার প্রবেশ করেন এবং সেই স্থানে এমন আচরণ করেন, যাহার ফলে কাহারো বিরক্তি ঘটে, তাহা হইলে সেই ব্যক্তি চিকিংশ ঘণ্টা পর্যন্ত যে-কোনো মেয়াদের বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইবেন কিংবা দশ টাকা পর্যন্ত যে-কোনো অঙ্কের অর্থদণ্ডে দণ্ডিত হইবেন কিংবা উভয় দণ্ডেই দণ্ডিত হইবেন।
- dubitante adj. দিধাগ্রস্ত বিণ. যে-বিচারক আইনের কোনো প্রতিজ্ঞা সম্পর্কে সংশয় পোষণ করেন কিন্তু তাহা ভ্রান্ত বলিয়া ঘোষণা করিতে চাহেন না, তাঁহাকে বৃঝাইতে আইন-সাময়িকীতে এই শব্দটি ব্যবহৃত হয়।

- duces tecum সঙ্গে করিয়া আনিবে আদালত কর্তৃক কোনো ব্যক্তিকে দলিল অথবা অন্য কোনো সাক্ষ্যসহ আদালতে হাজির হইবার জন্য পরওয়ানা। দেওয়ানি কার্যবিধির ১৬ আদেশের ৬ নিয়ম-অনুসারে তদ্ধুপ পরওয়ানা জারি করা হয়।
- due care যথাযথ সতর্কতা অবস্থার দাবি-অনুসারে যথাযথ, উপযুক্ত এবং যথেষ্ট সতর্কতা। অবহেলার অনুপস্থিতি। সতর্কতা গ্রহণ করা না হইলে ক্ষতি সংঘটিত ইইতে পারে বলিয়া যুক্তিসংগতভাবে অনুমান করা যায়; এইরূপ ক্ষতি এড়াইবার জন্য যে-পর্যায়ের সতর্কতা একজন যুক্তিসংগত বোধসম্পন্ন ব্যক্তি অবলম্বন করিবেন বলিয়া আশা করা যায়। কোনো পরিস্থিতিতে যেরূপ সতর্কতা একজন সাধারণ বিজ্ঞ ব্যক্তি গ্রহণ করিতেন উক্ত বা অনুরূপ পরিস্থিতিতে সেই পরিমাণ সতর্কতা অবলম্বন। কোনো পরিস্থিতিতে একজন সাধারণ বিজ্ঞ ব্যক্তির নিকট হইতে প্রত্যাশিত পরিমাণ সতর্কতা বা যত্ন। যে-পরিমাণ সতর্কতা প্রয়োজনীয় বা অপরিহার্য সেই পরিমাণ সতর্কতা।
- due course যথাযথ পস্থায় বা যথাযথ সময়ে ঘটনার নির্দিষ্ট, স্বাভাবিক বা
 যুক্তিসংগত ধারা। 'যথা' এই শব্দটি অন্যান্য শব্দের সংযোগে— যেমন, 'যথাবিধি
 ধারক', 'যথাবিধি পরিশোধ', 'যথাসময়ে' ইত্যাদি উক্তির সহিত— ব্যবহৃত হয়।
 due process of law তূ.।
- due process যথাযথ প্রক্রিয়া একটি মুক্ত সমাজব্যবস্থায় জনসাধারণের মৌলিক অধিকার ও স্বাধীনতাসমূহের প্রতি যথাযথ শ্রদ্ধাপ্রদর্শনপূর্বক প্রতিষ্ঠিত কার্যপ্রণালির মাধ্যমে আইনের ন্যায়সংগত প্রয়োগ। মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের পঞ্চম ও চতুর্দশ সংশোধনীতে ইহার মূল ধারণাটি বিধৃত হইয়াছে। ইহার দ্বারা যুক্তরাষ্ট্রীয় ও অঙ্গরাজ্যের সরকারগুলিকে আইনের যথাযথ প্রক্রিয়া ব্যতীত কোনো ব্যক্তির জীবন, স্বাধীনতা ও সম্পত্তির হরণ হইতে বিরক্ত রাখা হয়। এই আইনগুলি মূলত আইনপ্রয়োগের পদ্ধতিসংক্রান্ত বলিয়া ব্যাখ্যাত হইয়াছে, তবে যেসব আইন ব্যক্তির মৌলিক অধিকার ক্ষুণ্ন করিতে পারে, সেইসব আইনের সারবন্তুর বিচারে ইহা গৌণ ও অপেক্ষাকৃত কম সুম্পষ্ট ভূমিকা পালন করিয়া থাকে।
- due process of law আইনের যথাযথ প্রক্রিয়া প্রশাসনিক কার্যপ্রণালির নিরপেক্ষ
 এবং নিয়মিত প্রক্রিয়ার প্রচলিত আইন যেরূপ বিদ্যমান ঠিক সেইরূপ প্রয়োগ করা।
 'আইনের যথাযথ প্রক্রিয়া'র অর্থ এই যে, প্রত্যেক বিশেষ মামলার ক্ষেত্রে সরকারি
 ক্ষমতার এইরূপ ব্যবহার যাহা আইনের সুপ্রতিষ্ঠিত নীতিদ্বারা অনুমোদিত এবং যেঅবস্থায় কোনো ব্যক্তি যে-শ্রেণীর অন্তর্ভুক্ত সেই শ্রেণীর অধিকার রক্ষা করিবার জন্য
 আইনের সুপ্রতিষ্ঠিত নীতিদ্বারা নির্দোশিত মতে ব্যক্তির অধিকার-সম্পর্কিত রক্ষাকবচ
 থাকে। আইনের যথাযথ প্রক্রিয়ার অন্তর্ভুক্ত হইতে কোনো ব্যক্তির বিরুদ্ধে কোনো
 ব্যবস্থাগ্রহণ করিতে হইলে আইনগত কার্যপ্রণালি অনুসরণ করা এবং উক্ত কার্যপ্রণালি

duly stamped

৩৪২

বাস্তব ও ন্যায়সংগত হওয়া। ইহা মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের একটি খণ্ডবাক্য। বাংলাদেশের সংবিধানে ২৭ অনুচ্ছেদে বর্ণিত হইয়াছে যে, সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকারী।

- duly stamped সঠিক স্ট্যাম্পযুক্ত ১৮৯৯ সালের স্ট্যাম্প আইনের ২(১১) ধারা-অনুসারে, যে-দলিলে যে-পরিমাণ স্ট্যাম্প আইনসংগতভাবে প্রয়োজনীয়, উক্ত দলিলে সেই পরিমাণ স্ট্যাম্প সংযুক্ত করা।
- dumping n. অববিক্রয় বি, প্রচলিত মূল্য হইতে কম মূল্যে বিদেশে পণ্য রগুনি করাকে অববিক্রয় বলা হয়। অন্যত্র অবমূল্যে রগুনিকৃত পণ্য আমদানি বন্ধ করিবার জন্য অনুপ আমদানি পণ্যের উপর অবমূল্য-বিরোধী গুল্ক আরোপ করা হয়।
- dum sola যখন একা কোনো অবিবাহিত নারী অথবা বিধবার মর্যাদা।
- duress n. জবরদন্তি বি. বিশেষভাবে কোনো কাজ করিবার জন্য কোনো ব্যক্তির উপর বলপ্রয়োগ অথবা বলপ্রয়োগের ভীতিপ্রদর্শন। জবরদন্তিমূলক কোনো কাজ আইনত সিদ্ধ হয় না। যেমন, জবরদন্তি করিয়া কোনো চুক্তি আদায় করিলে তাহা বাতিলযোগ্য হইবে। চুক্তি আইনের ১৫ ধারায় বলা হইয়াছে যে, যদি কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তিকে চুক্তিবদ্ধ হইতে বাধ্য করিবার জন্য দণ্ডবিধিদ্বারা নিষিদ্ধ কোনো কাজ করেন অথবা করিবার ভীতি প্রদর্শন করেন অথবা কোনো ব্যক্তির স্বার্থের বিরুদ্ধে কোনো সম্পত্তি অবৈধভাবে আটক করেন বা করিবার ভীতি প্রদর্শন করেন, তবে তাহাকে জবরদন্তি বলা হইবে।
- duties n. তক বি. আমদানি বা রপ্তানির উপর নির্ধারিত কর; দেশে উৎপাদিত পণ্যদ্রব্যের উপর আরোপিত কর ইত্যাদি; মালামাল, ব্যক্তিগত অস্থাবর সম্পত্তি, পণ্যদ্রব্য বা উৎপন্ন সামগ্রীর উপর ধার্যকৃত কর ও মাণ্ডল। ইহা আইনগত পাওনা হিসাবে গণ্য এবং আইন-অনুযায়ী আদায়যোগ্য।
- duty n. ১. কর্তব্য বি. কোনো কাজ করিবার অথবা করা হইতে বিরত থাকিবার আইনত বাধ্যবাধকতা। ২. শুদ্ধ বি. রাষ্ট্র কর্তৃক কোনো পণ্য ও লেনদেনের উপর ধার্যকৃত দেয় অর্থ। যেমন, বহিঃশুদ্ধ, আবগারি শুদ্ধ বা স্ট্যাম্প শুদ্ধ।
- duty of care যত্ন লইবার কর্তব্য ক্ষতি এড়াইবার জন্য যুক্তিসংগত যত্ন লইবার আইনগত দায়িত্ব। অবহেলার জন্য পূরণযোগ্য ক্ষতির দায় কেবল তখনই উদ্ভব হয় বাদীর প্রতি যত্ন লইবার কর্তব্য পালনে ব্যর্থতা হইতে ক্ষতি উদ্ভূত হয়। কোনো ব্যক্তির কাজের দ্বারা অন্য ব্যক্তির শরীর বা সম্পত্তি ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা সম্পর্কে অনেকক্ষেত্রে কেহ পূর্বেই বুঝিতে পারিলে তাঁহার যত্ন লইবার কর্তব্যের উদ্ভব হয়।

080 dyarchy

আচরণের দ্বারা যাঁহাদের ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকে তাঁহাদের প্রতিই যত্ন লইবার কর্তব্য থাকে। এইরূপে রোগের প্রতি চিকিৎসকের এবং রাজপথ-ব্যবহারকারীর প্রতি অন্যসকল ব্যবহারকারীর যত্ন লইবার কর্তব্য থাকে। কিন্তু অপর ব্যক্তির ক্ষতিকারক কাজে বাধা দিবার অথবা বিপদগ্রস্ত কোনো ব্যক্তিকে বা সম্পত্তিকে উদ্ধার করিবার কোনো সাধারণ কর্তব্য কাহারো নাই। বেফাঁস কথার দায় হইতে অযত্নের কাজের দায় অধিক, তবে অন্য কাহাকে আর্থিক ক্ষতিগ্রস্ত বা মানসিক ব্যাধিগ্রস্ত না করাইবার কাহারো কোনো সাধারণ কর্তব্য নাই। এইসকল এবং অন্যান্য অবস্থায় যত্ন লইবার কর্তব্যের অন্তিত্ব ও পরিধি সার্বিক পরিস্থিতির ও পক্ষদের পারম্পরিক সম্পর্কের উপর নির্ভর করে। বেশিরভাগ ক্ষেত্রে আদালতের সিদ্ধান্ত বা বিধিবদ্ধ আইনদ্বারা যত্ন লইবার কর্তব্য উদ্ভূত হয়।

- duty solicitors কর্তব্যপালনকারী সলিসিটর বা আইনজীবী যে-সকল আসামি তাঁহাদের বিরুদ্ধে আনীত ফৌজদারি মামলায় আত্মপক্ষসমর্থনে আইনজীবী নিয়োগ করিতে অসমর্থ, তাঁহাদের সাহায্য করিবার জন্য ম্যাজিস্ট্রেট-আদালতে পর্যায়ক্রমে যে-সকল স্বেচ্ছাসেবী সলিসিটর বা আইনজীবী হাজির থাকেন। বাংলাদেশে আইনজীবী-নিয়োগে অসমর্থ আসামিগণ মৃত্যুদওযোগ্য অপরাধে অভিযুক্ত না হইলে কোনো আইনজীবীর সাহায্য পান না এবং ইংল্যান্ডের মতো এদেশে স্বেচ্ছায় অক্ষম আসামিকে মামলায় সাহায্য করিবার মতো স্বেচ্ছাসেবী আইনজীবী নাই বলিলেই চলে। কেবল মৃত্যুদওযোগ্য অপরাধে অভিযুক্ত আসামিকে সাহায্য করিবার জন্য সরকারি খরচে আইনজীবী নিয়োগ করা হয়।
- dwelling house বাসগৃহ বি. কোনো ঘর বা দালান যাহাতে কোনো ব্যক্তি বসবাস করেন বা যাহা সাধারণত মনুষ্য-বসবাসের জন্য ব্যবস্থত হয়। বসবাসংযাগ্য ঘর; কোনো ব্যক্তির নিজস্ব বাসগৃহ হিসাবে ব্যবহারের জন্য নির্দিষ্ট ঘর। বাসযোগ্য স্থান বা বাসস্থান উক্তি সম্প্রসারণযোগ্য অর্থবহ— প্রধানত ইহা কোনো ব্যক্তি কর্তৃক নিয়মিত বসবাস ও নিদ্রা যাইবার স্থান হিসাবে স্বাভাবিকভাবে বিবেচনা করা যাইতে পারে, এইরূপ স্থান নির্দেশ করে। অন্য কথায়, ইহার দ্বারা করদাতার উপর কর-আরোপযোগ্য ক্ষেত্রে তাঁহার বাসগৃহ হিসাবে বিবেচনা করা যাইতে পারে, এইরূপ গৃহ বা গৃহের অংশ বুঝায়।
- dyarchy n. দৈতশাসন বি. ১৯১৯ সালের ভারত শাসন আইনে প্রথম বঙ্গীয় আইনসভায় সাধারণ নির্বাচনের মাধ্যমে সদস্য প্রেরণের বিধান করা হয়। ওই আইনে দৈতশাসন প্রবর্তনের ব্যবস্থা করা হয়। দৈতশাসন ব্যবস্থা-অনুযায়ী প্রাদেশিক সরকারের সকল বিষয়কে দুইভাগে ভাগ করা হয়। একটি ভাগকে বলা হইত 'সংরক্ষিত' এবং একটি 'হস্তান্তরিত'। গভর্নর-জেনারেল ও তাঁহার নির্বাহী পরিষদকে

দায়িত্ব দেওয়া হয় সংরক্ষিত বিষয়গুলির। আর অন্যান্য বিষয়, যেমন শিক্ষা, স্বাস্থ্য ও স্থানীয় সরকার প্রভৃতি বিষয়কে 'হস্তান্তর' করিয়া এইগুলির দায়িত্ব দেওয়া হয় আইনসভার নিকট দায়ী মন্ত্রীদের হাতে।

dying declaration মুমূর্ষ্থ ব্যক্তির জবানবন্দি, মৃত্যুকালীন ঘোষণা কোনো ব্যক্তি কর্তৃক নিজের মৃত্যুর কারণ সম্বন্ধে মৃত্যুর সময়ে দেওয়া বাচনিক বা লিখিত বজবা। মৃমূর্ষ্থ ব্যক্তি বাঁচিয়া থাকিলে যদি সাক্ষ্যপ্রদানের যোগ্য হইতেন, তাহা হইলে তাঁহার মৃত্যুকালীন ঘোষণা শুনা-সাক্ষ্যের বিরুদ্ধ নীতির ব্যতিক্রম হিসাবে মামলা বিচারের সময়ে মৃত ব্যক্তির খুন অথবা নিমখুনের কারণ সম্পর্ক সাক্ষ্য হিসাবে আদালতে গ্রহণযোগ্য হয়। সাক্ষ্য আইনের ৩২ ধারায় বলা হইয়াছে যে, যে-সকল মামলায় কেবল মৃত ব্যক্তির মৃত্যুর কারণ সম্পর্কে প্রশ্ন উত্থাপিত হয়, সেইসব ক্ষেত্রে উক্ত ব্যক্তি নিজের মৃত্যুর কারণ সম্পর্কে অথবা ঘটনার যে-পারিপার্শ্বিক অবস্থার ফলে তাঁহার মৃত্যু ঘটিয়াছে সেই সম্পর্কে থখন কোনো বিবৃতি প্রদান করেন, তাহা প্রদানের সময়ে বিবৃতিদানকারীর মৃত্যুর আশক্ষা থাকুক বা না থাকুক এবং যে-মামলায় তাঁহার মৃত্যুর কারণ সম্পর্কে প্রশ্ন উত্থাপিত হয় তাহার প্রকৃতি যাহাই হউক না কেন, তদ্ধপ বিবৃতি প্রাসঙ্গিক হইবে।

Ee

- earned income অর্জিত আয় একজন করদাতার আয় একটি বন্দোবন্তের অধীনে অর্জিত আয় কি না, তাহা নির্ণয় করিবার মানদণ্ড প্রাপকের সেবার নিমিত্ত প্রদন্ত একটি পুরস্কার হিসাবে উহা অর্জিত আয় কি না, এই প্রশ্নের উত্তরের মধ্যে নিহিত।
- earnest n. বায়না, দাদন বি. ১. কোনো কিছু ক্রয়ের মূল্য সম্পূর্ণ প্রদানের অসীকারস্বরূপ আংশিক অর্থপ্রদান; ক্রেভাকর্তৃক বিক্রেভা বরাবর মালামালের ক্রয়মূল্যের অংশবিশেষ; ক্রেভা-বিক্রেভার মধ্যে দরকষাকষির অবসান ঘটাইয়া স্থির সিদ্ধান্তে উপনীত হইবার নিদর্শনস্বরূপ কোনো মূদ্রা বা অন্য মূল্যবান বন্তু ক্রেভা কর্তৃক বিক্রেভাকে প্রদান যাহা, চুক্তির অবশিষ্টাংশ প্রভিপালন করিতে ক্রেভা ব্যর্থ হইলে, থেসারত হিসাবে গণ্য এবং অফেরভযোগ্য। ২. দৃঢ়সংকল্প, জামানত, নিশ্চয়ভা, অসীকারপুরণ বা দায়িভুপালন করিবার ঐকান্তিক প্রভিশ্রুভি ইভ্যাদি।
- earnest money বারনা, দাদন, অপ্রিম মূল্য বি. একটি বিক্রয়-চুক্তি-অনুযায়ী সম্পত্তির ক্রেতা চুক্তির শর্তপালনে বিক্রেতাকে প্রতিশ্রুতিবদ্ধ করিবার জন্য যেনামমাত্র অর্থ প্রদান করেন। অন্য কথায়, ইহা চুক্তি কার্যকর করিবার একটি
 নিশ্চয়তা। ব্যাংক গ্যারান্টি বারনাপ্রদানের সমগোত্রীয়। Province of West
 Pakistan v. M/s. Mistri Patal & Co., 21 DLR (SC) 132 দ্র.।
- earnings n. উপার্জন বি. শ্রম বা সেবা হইতে, পুঁজি বিনিয়োগ হইতে কিংবা পরিসম্পৎ হইতে অর্জিত আয়।
- easement n. বর্তস্বত্ব, সৃখাধিকার বি. বর্তস্বত্ব আইনের ৪ ধারা-অনুসারে ইহা
 এমন একটি অধিকার যাহা কোনো জমির মালিক বা দখলদার উক্ত জমির লাভজনক
 ভোগের নিমিন্ত তাঁহার নিজের নয় এমন কোনো জমিতে বা ভাহার উপরে বা উক্ত
 জমি সম্পর্কে কোনো কিছু করা এবং তাহা অব্যাহত রাখা, কোনো কিছু করাতে বা
 করা হইতে বাধাপ্রদান করা বা করিতে থাকার অধিকার ভোগ করেন। যে-জমিতে
 লাভজনক ভোগের অধিকার বিদ্যমান, তাহাকে প্রভাববিস্তারকারী জমি এবং উক্ত
 জমির মালিক বা দখলদারকে প্রভাববিস্তারকারী মালিক বলে; যে-জমিতে কোনো
 বাধাবাধকতা আরোপ করা হয়, তাহাকে প্রভাবাধীন জমি এবং উক্ত জমির মালিক বা
 দখলদারকে প্রভাবাধীন মালিক বলে। উক্ত ধারার প্রথম এবং দ্বিতীয় অনুচ্ছেদে 'জমি'
 কথাটি ভূমির সহিত স্থায়ীভাবে সংযুক্ত সকল বস্তুকেও অন্তর্ভুক্ত করে; লোভজনক
 ভোগ কথাটি সম্ভাব্য সুবিধা, দূরবর্তী সুযোগ, এমনকী কেবল সুখকরতাকেও অন্তর্ভুক্ত
 করে; কোনো কিছু করা কথাটি প্রভাববিস্তারকারী জমির লোভজনক ভোগের জন্য
 প্রভাববিস্তারকারী মালিক কর্তুক প্রভাববিস্তারকারী জমির কোনো অংশ অথবা সেখানে

বৃদ্ধি পাওয়া বা জন্মানো বা বিদ্যমান কোনো কিছুকে অপসারণ এবং আত্মসাৎকেও অন্তর্ভুক্ত করে। উক্ত আইনের ৫ ধারা-অনুসারে বর্তস্বত্ব হয় অবিরাম না হয় সবিরাম; স্পষ্ট অথবা অস্পষ্ট। যে-বর্তস্বত্বের উপভোগে মানুষের কাজ ব্যতীত পুনঃপুন হয় বা হইতে পারে, সেটি অবিরাম। যাহার উপভোগের জন্য মানুষের কাজের প্রয়োজন হয়, তাহা সবিরাম বর্তস্বত্ব। স্পষ্ট বর্তস্বত্বের অস্তিত্ব এমন কোনো স্থায়ী চিহ্ন ঘারা নির্দেশিত, যাহা উপযুক্ত ব্যক্তির সতর্ক পর্যবেক্ষণের মাধ্যমে তাঁহার কাছে দৃশ্যমান হইবে। অস্পষ্ট বর্তস্বত্বে এরূপ কোনো চিহ্ন থাকে না।

easement for limited time or condition সীমিত সময়ের অথবা শর্তসাপেক বর্তস্বত্ব বর্তস্বত্ব আইনের ৬ ধারা-অনুসারে, ইহা এমন একটি বর্তস্বত্ব যাহা স্থায়ী, অথবা কয়েক বৎসরের জন্য, অথবা সীমিত সময়ের জন্য অথবা সাময়িক বাধাসাপেক্ষে, অথবা একটি নির্দিষ্ট স্থানে, অথবা একটি নির্দিষ্ট সময়ে, অথবা নির্দিষ্ট সময়ে চর্চাযোগ্য অথবা বিশেষ উদ্দেশ্যে হইতে পারে, অথবা এই শর্তে হইতে পারে যে, একটি নির্দিষ্ট ঘটনা বা কোনো নির্দিষ্ট কাজ সম্পন্ন বা অসম্পন্ন হইবার ফলে ইহা তর্ক্ত হইবে অথবা বাতিল বা বাতিলযোগ্য হইবে।

easement of necessity **আবশ্যকীয় সুখাধিকা**র জমির মালিক কিছু জমি বিক্রয় করিয়া কিছু রাখিয়া দিলে জমির ক্রেতা মালিকের অবশিষ্ট জমিরও বর্তস্বত বা সুখাধিকার ভোগ করিতে পারিবেন; অন্যদিকে জমির মালিকও বিক্রীত জমির বর্তস্বত্ব বা সখাধিকার পাইবেন। অবশ্য জমিক্রয়ের শর্তে যদি এইসব অধিকার ভোগের ব্যবস্তা না থাকে তাহা হইলে অন্যেরা কেহ ওই জমির বর্তস্বত পাইবেন না। যেমন, যদি রাস্তার ধারে ক-য়ের একটি জমি থাকে এবং 'ক' যদি ওই জমির কেবল রাস্তাসংলগ্ন অংশটি বিক্রয় করিয়া পিছনের অংশ রাখিয়া দেন এবং তাঁহার যদি বাহিরে যাওয়ার কোনো পথ না থাকে. তাহা হইলে তাঁহার ক্ষেত্রে আবশ্যকীয় বর্তস্বত্ বর্তাইবে: অর্থাৎ তাঁহাকে বাহিরে যাওয়ার রাস্তা দিতে হইবে। তবে যদি ওই জমিতে কোনোরকম প্রবেশাধিকার থাকে, সেই পথ যতই সংকীর্ণ বা অসুবিধাজনক হউক না কেন, তাহা হইলে ওই জমিতে আবশ্যকীয় বর্তস্বতু প্রযোজ্য নহে। ওই জমির সুযোগ স্বিধা পাইবার যে-কোনো দাবিদারকে ইহা অবশ্যই দেখাইতে হইবে যে, আবশ্যকীয় বর্তস্বত্ব ব্যতীত ওই জমি অচল। বিকল্প প্রবেশপথের ব্যবস্থা হইলে বর্তস্বত্ব থাকে না। জমি দান বা বিক্রয়ের শর্তে আবশ্যকীয় বর্তস্বত্ব বাদও দেওয়া যায়। যেমন, জমির মালিক তাঁহার অবিক্রীত জমিতে কাহাকেও আসিতে দিতে অনুমতি নাও দিতে পারেন। ১৮৮২ সালের বর্তস্বতু আইনের ১৩ ধারায় আবশ্যকীয় বর্তস্বতু এবং আধা বর্তপ্রতের বিষয় বর্ণিত হইয়াছে।

easement restrictive of certain rights কতিপয় অধিকার-নিয়ন্ত্রণমূলক বর্তস্বত্ব বর্তস্বত্ব নিমের এক বা অন্য অধিকারের বাধানিষেধসাপেক্ষ: (ক) স্থাবর সম্পত্তি ভোগ ও বিক্রয় করা এবং তাহার সমস্ত উৎপাদন ও তাহাতে সংযোজন প্রত্যেক মালিকের (সাময়িকভাবে বলবৎ কোনো আইনসাপেক্ষে) একচ্ছত্র অধিকার। (খ) অন্যের হস্তক্ষেপ ব্যতীত স্থাবর সম্পত্তির অবস্থা হইতে উদ্ভূত স্বাভাবিক সুযোগ-সুবিধা ভোগ করা (সাময়িকভাবে বলবৎ কোনো আইনসাপেক্ষে) প্রত্যেক মালিকের অধিকাব।

ecclesiastical law খ্রিষ্টধর্মীয় আইন canon law দ্র.।

- e-commerce n. ই-বাণিজ্য বি. ইন্টারনেটে কম্পিউটার-নিয়ন্ত্রিত ভোক্তা-সেবার মাধ্যমে পণ্য ও সেবা ক্রয়-বিক্রয়ের রীতি।
- economic duress অর্থনৈতিক চাপ ঐতিহাসিকভাবে, চুক্তি আইনের আওতায়, কোনো ব্যক্তিকে ভীতিপ্রদর্শন করিয়। (শারীরিক ক্ষতির ভয় দেখাইয়া) চুক্তি সম্পাদিত ইইয়াছে, ইহা প্রমাণ করিতে পারিলেই কেবল জবরদন্তির কারণে চুক্তিটি অকার্যকর ঘোষিত হইতে পারিত। বর্তমানে অর্থনৈতিক চাপের কারণেও চুক্তি অকার্যকর হইতে পারে। সেক্ষেত্রে দেখাইতে হইবে যে, কোনো পক্ষকে অবৈধভাবে (যেমন, বিদ্যমান কোনো চুক্তি ভঙ্গ করিতে বা পূরণযোগ্য ক্ষতিসাধন করিতে) ভীতি প্রদর্শন করা হইয়াছে এবং ভীতিপ্রদর্শনকারীর শর্তে সম্মত হওয়া ভিনু উক্ত পক্ষের কোনো উপায় ছিল না। এতৎসহ voidable contract দ্র.।
- ecosystem n. প্রতিবেশ-ব্যবস্থা বি. ১৯৯৫ সালের পরিবেশ সংরক্ষণ আইনের ১(ছ) ধারা-অনুসারে, প্রতিবেশ-ব্যবস্থা অর্থ পরিবেশের উপাদানসমূহের পারম্পরিক নির্ভরশীলতা এবং ভারসাম্যযুক্ত জটিল সম্মিলন, যাহা উদ্ভিদ ও প্রাণিকুলের সংরক্ষণ ও বিকাশকে সহায়তা ও প্রভাবিত করে।
- effective date of termination কর্ম-অবসানের কার্যকর তারিখ যে-তারিখে চাকুরির চুক্তির অবসান ঘটে। অর্থাৎ কর্মচারীকে নোটিশ বা বিজ্ঞপ্তি দেওয়া ইইয়া থাকিলে তাহার অথবা মেয়াদি চুক্তি ইইলে তাহার অবসানের তারিখ কিংবা নোটিশ দেওয়া না ইইলে কর্মচারীর চাকুরিচ্যাতির বা তাঁহার পদত্যাগের তারিখ। তবে সংবিধিবদ্ধ ন্যুনতম নোটিশ ব্যতিরেকে কর্মচ্যুতির ক্ষেত্রে তিনি পদচ্যুতির পরেও কর্মরত ছিলেন বিলিয়া গণ্য ইইবেন এবং প্রয়েজনাতিরিক্ত দেখাইয়া ছাঁটাই বা অন্যায়ভাবে পদচ্যুতির বিষয়ে তিনি কর্মসংস্থান ট্রাইব্যুনালে আবেদন করিবার অধিকারী কি না তাহা বিবেচনার জন্য তাঁহার কর্মকালের ব্যাপ্তির হিসাবে অনুরূপ কর্মরত থাকার কাল গণ্য করা ইইবে। ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ১৯ ধারা-অনুসারে, মালিক শ্রমিককে এবং শ্রমিক মালিককে নির্দিষ্ট সময়ের বিজ্ঞপ্তি প্রদান করিয়া চাকুরির অবসান ঘটাইতে পারেন। অন্যথায় ক্ষতিপূরণ দিতে হয়।
- effective remedy ফলপ্রদ প্রতিকার মানবাধিকার-বিষয়ক ইউরোপীয় কনভেনশনের ১৩ ধারায় উল্লিখিত একটি অধিকার। তবে ইহা ইংল্যান্ডের ১৯৯৮ সালের মানবাধিকার আইনে সরাসরি অন্তর্ভুক্ত হয় নাই। ওই ধারায় বিধান করা

হইয়াছে যে, রাষ্ট্রকে অবশ্যই এমন ব্যবস্থা করিতে হইবে যাহাতে মানবাধিকার লজনের ক্ষেত্রে ফলদায়ক প্রতিকারের সুযোগ থাকে। ওই ধারার চাহিদা এই যে, গৃহীত ব্যবস্থা মানবাধিকার-লঙ্ঘনের দাবি বিবেচনা করিবে এবং দাবি প্রমাণিত হইলে প্রতিকারের পথ করিয়া দিবে। বাংলাদেশের সংবিধানের ১০২(২) অনুচ্ছেদ-অনুসারে, হাইকোর্ট বিভাগের নিকট যদি সন্তোধজনকভাবে প্রতীয়মান হয় যে, আইনের দ্বারা অন্য কোনো সমফলপ্রদ বিধান করা হয় নাই, তাহা হইলে সংক্ষুদ্ধ ব্যক্তির আবেদনক্রমে প্রতিকারের জন্য উক্ত আদালত যথায়েথ আদেশ দিতে পারিবেন।

- effective representation কার্যকর নিবেদন, কার্যকর বক্তব্যপ্রকাশ সংবিধানের ৩৩(৫) অনুচ্ছেদ-অনুসারে, নিবর্তনমূলক আটকের বিধান-সংবলিত কোনো আইনের অধীন প্রদন্ত আদেশ-অনুযায়ী কোনো ব্যক্তিকে আটক করা হইলে আদেশদানকারী কর্তৃপক্ষ তাঁহাকে যথাসম্ভবশীঘ্র আদেশদানের কারণ জ্ঞাপন করিবেন এবং উক্ত আদেশের বিরুদ্ধে তাঁহার বক্তব্যপ্রকাশের জন্য তাঁহাকে যতসত্ত্বসম্ভব সুযোগদান করিবেন। তবে শর্ভ থাকে যে, আদেশদানকারী কর্তৃপক্ষের বিবেচনায় তথ্যাদি-প্রকাশ জনস্বার্থবিরোধী বিলিয়া মনে ইইলে অনুরূপ কর্তৃপক্ষ তাহা প্রকাশে অধীকৃতি জ্ঞাপন করিতে পারিবেন। 'কার্যকর নিবেদন' বা 'কার্যকর বক্তব্য-প্রকাশ' কথাটি এমনভাবে ব্যাখ্যা করিতে ইইবে, যেন আটককৃত ব্যক্তি তাঁহার নিবেদনে আটককারী কর্তৃপক্ষের নিকট তাঁহার প্রকৃত অবস্থা জ্ঞাপন করিবার একটি সত্যিকার ও অর্থপূর্ণ সুযোগ প্রাপ্ত হন।
- efflux of time কালাত্যয় বি. ইজারা, হস্তান্তর কিংবা অনুরূপ অন্য কোনো দলিলে
 শব্দটি ব্যবহৃত হইলে উহার দ্বারা দলিল বা লেখ্যপত্রে নির্ধারিত একটি স্বীকৃত
 মেয়াদের পরিসমাপ্তি বুঝায়।
- eggshell skull rule শারীরিক দুর্বলতার অজুহাত বিধি সেই নিয়ম যাহাতে পূরণযোগ্য অপরাধকারী এই অজুহাত দেখাইতে পারেন না যে, যাঁহাকে তিনি আঘাত করিয়াছেন তাহা অপ্রত্যাশিতভাবে মারাত্মক হইয়াছে কেবল ওই ব্যক্তির পূর্ব হইতে স্থায়ী কোনো শারীরিক ভঙ্গুরতা বা দুর্বলতার (যেমন, অস্বাভাবিক পাতলা করোটি) জন্য, তাঁহার আঘাতের জন্য নহে।
- Eighth Amendment অষ্টম সংশোধন ১৯৮৮ সালের সংবিধান (অষ্টম সংশোধন)
 আইনের মাধ্যমে সংবিধানে তিনটি পরিবর্তন করা হয়। ১. সংবিধানে ২ অনুচ্ছেদের
 পরে ২ক অনুচ্ছেদ যুক্ত করা হয় এবং বলা হয়: 'প্রজাতন্ত্রের রাষ্ট্রধর্ম ইসলাম, তবে
 অন্যান্য ধর্মও প্রজাতন্ত্রে শান্তিতে পালন করা যাইবে।' ২. বাংলাদেশের মূল
 সংবিধানে ৩০ অনুচ্ছেদের তিনটি দফা বাদ দিয়া একটিমাত্র অনুচ্ছেদ রাথা হয় এবং
 বলা হয়: 'রাষ্ট্রপতির পূর্বানুমোদন ব্যতীত কোনো নাগরিক কোনো বিদেশী রাষ্ট্রের
 নিকট হইতে কোনো উপাধি, সম্মান, পুরস্কার বা ভূষণ গ্রহণ করিবেন না।' ৩.
 সংবিধানের ১০০ অনুচ্ছেদে সৃপ্রিম কোর্টের বিকেন্দ্রীকরণ করা হয়।

৩8৯ election

১৯৮২ সালের ৮ মে এক আদেশবলে ঢাকার বাহিরে কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, যশোহর, রংপুর এবং সিলেটে হাইকোর্ট বিভাগের একটি করিয়া বেঞ্চ গঠন করা হয়। সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ১৯৮৯ সালের ২ সেপ্টেম্বরে হাইকোর্ট বিভাগ বিকেন্দ্রীকরণ সংবিধানের মৌল কাঠামোর সহিত অসংগতিপূর্ণ বলিয়া তাহা বাতিল ঘোষণা করেন।

- ejectment n. উচ্ছেদ বি. ভূসম্পত্তির অব্যবহিত দখল উদ্ধার। অনুরূপ উদ্ধারের জন্য রুজুকৃত মামলা। উচ্ছেদের মামলার উদ্দেশ্য স্বত্ত্বাধিকার হইতে উদ্ভূত অধিকার রক্ষা ও বলবৎ করা। রীতিমতো ভাড়াপ্রদানে ব্যর্থ হইলে বা ভাড়া দেওয়া গৃহ প্রকৃতপক্ষে মালিকের ব্যবহারের জন্য প্রয়োজন হইলে এবং বিজ্ঞাপ্ত প্রদানের পর ভাড়াটিয়া দখল ত্যাগ না করিলে তাঁহাকে উচ্ছেদ করিয়া দখল উদ্ধার। ভাড়াটিয়া উচ্ছেদ-মোকদ্দমায় ভাড়াটিয়া-উচ্ছেদের নিমিত্তে এই শব্দটি ব্যবহৃত হয়। সাধারণত ভাড়া নিয়ন্ত্রণ আইন-অনুসারে ভাড়াটিয়াকে উচ্ছেদ করা হইলে বা উচ্ছেদের জন্য মোকদ্দমা করা হইলে তাহাকে উচ্ছেদ বলা হয়।
- ejusdem generis একই জাতির বা প্রকৃতির সংরচনার (construction) একটি
 সুপরিচিত প্রবচন। ইহা 'সদৃশ' অপেক্ষা সীমাবদ্ধ। ইহা নিছক সংরচনার একটি
 নিয়ম, মৌলিক আইনের একটি নিয়ম নয় এবং যেখানে আইনসভার অভিপ্রায়
 অন্যথায় পরিষ্কার, সেখানে ইহা প্রযোজ্য নয়।
- election n. নির্বাচন বি. নিজের পছন্দমাফিক কোনো কাজ সম্পন্ন করিবার জন্য একাধিক ব্যক্তির মধ্য হইতে এক বা ক্ষেত্রমতো একাধিককে পছন্দ করিবার পদ্ধতিকে নির্বাচন বলা যাইতে পারে। নির্বাচন কমিশন কর্তৃক বা উহার তত্ত্যাবধানে পরিচালিত বা অনুষ্ঠিত যে-কোনো নির্বাচন। ইহা সংসদীয়, পৌর বা অন্য সরকারি কর্তপক্ষের সদস্যমণ্ডলী বাছাইয়ের উদ্দেশ্যে নির্বাচন বুঝায়, যাহার বাছাইয়ের পদ্ধতি নির্বাচনের মাধ্যমে অনুষ্ঠেয় হইবে বলিয়া কোনো আইনবলে বা আইনের অধীনে নির্ধারিত হয়। ইংল্যান্ডে এইভাবে কমনুস-সভার বা স্থানীয় কর্তৃপক্ষের সদস্য নির্বাচিত হইয়া থাকে। সেখানে রাজা বা রানী যখন পার্লামেন্ট ভাঙ্গিয়া দেন এবং নতুন নির্বাচন আহ্বান করেন তখন যুক্তরাজ্যের সকল নির্বাচনী এলাকা লইয়া কমনস-সভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। পার্লামেন্ট চলাকালে কোনো বিশেষ নির্বাচনী এলাকার আসন শূন্য হইলে (যেমন, ওই আসনের সদস্যের মৃত্যুজনিত কারণে) সেই আসনে উপনির্বাচন হয়। সংবিধিবদ্ধ সময়ের ব্যবধান-অনুযায়ী স্থানীয় সরকারগুলির নির্বাচনও অনুষ্ঠিত হয় (অবশ্য নৈমিত্তিক শূন্য আসন পূরণের নির্বাচন বাদ দিয়া)। নির্বাচনের আচরণবিধি ১৯৮৩ ও ১৯৮৫ সালের জনপ্রতিনিধিত্ব আইন (Representation of the People Acts) দারা নিয়ন্ত্রিত হয়। ২০০০ সালের জনপ্রতিনিধিত্ব আইন নির্বাচনী নিবন্ধন এবং স্থায়ীভাবে অনুপস্থিত ভোটদাতাদের ভোটদানের ব্যাপারে কিছু পরিবর্তন করিয়া নির্বাচনের পদ্ধতিতে নতুন কিছু উদ্ভাবনের

জন্য পরীক্ষা-নিরীক্ষার অনুমতি দিয়াছে। অন্যান্য পরিবর্তনের ফলে প্রতিবন্ধীদের ভোটদানেরও সুযোগ সৃষ্টি হইয়াছে, এবং মনোনয়নপত্রে মিথ্যা তথ্যদান অপরাধ বিলিয়া চিহ্নিত হইয়াছে। ভোটদান গোপনে সম্পন্ন হয়। ভোটদাতা সাধারণত নিজেই ভোটকেন্দ্রে উপস্থিত হইয়া ভোট দেন। তবে যে-কোনো ভোটদাতা কোনো কারণ না দর্শাইয়া ডাকের মাধ্যমে ভোট দিতে পারেন। ইহার জন্য একমাত্র শর্ত হইল ভোটার-তালিকায় আবেদনকারীর নামের অন্তর্ভুক্তি। নির্বাচনের ছয় কার্যদিবস পূর্বে নির্বাচনবিষয়ক নিবন্ধন অফিসারকে অবশ্যই কোনো বিশেষ নির্বাচনের জন্য আবেদন লাভ করিতে হইবে। উত্তর আয়ারল্যান্ডের নির্বাচনে তিন্ন নির্যম-রীতি রহিয়াছে। পার্লামেন্টের সদস্য বা স্থানীয় সরকারের সদস্যের নির্বাচনের বৈধতা লইয়া যেকোনো ধরনের বিরোধ সম্পর্কে নির্বাচনী আরজি তোলা হয় এবং হাইকোর্টের দুইজন বিচারককে লইয়া গঠিত নির্বাচনী আদালত দ্বারা ইহা মীমাংসিত হয়।

বাংলাদেশেও সংসদ-সদস্যরা বা স্থানীয় সরকার প্রতিনিধিরা জনসাধারণের ভোটের মাধ্যমে নির্বাচিত ইইয়া থাকেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে নির্বাচনের কোনো সংজ্ঞার্থ নাই, তবে ১১৮ অনুচ্ছেদ হইতে ১২৬ অনুচ্ছেদ পর্যন্ত নির্বাচন কমিশনের গঠন ও দায়িত্ব, ভোটার-তালিকা ও ভোটারের যোগ্যতা এবং নির্বাচন সম্পর্কে বিধান-প্রণয়নের ক্ষমতা প্রভৃতি বিষয়ে উল্লেখ আছে। নির্বাচন-সম্পর্কিত অপরাধের শান্তি দপ্তবিধির ১৭১গ হইতে ১৭১ঝ ধারায় বলা হইয়াছে। এতৎসহ byelection ও Election Commission দ্র.।

২. ব্রিটিশ আইনে ন্যায়বিচারের ভিন্তিতে ভুল সংশোধনের একটি তত্ত্ব। ইহা সাধারণত ইচ্ছাপত্রের ক্ষেত্রে ব্যবহৃত হইয়া থাকে। এই ইচ্ছাপত্র এমন নীভিতে প্রণীত হয় যে, একজন ব্যক্তিকে একই দলিলের অধীনে উহার লাভ ও দায়িত্বভার উভয়ই হয় মানিয়া লইতে নচেৎ প্রত্যাখান করিতে হইবে। দলিলের ভিতর দুইটি দানের উল্লেখ থাকিলে এইরকম ঘটিতে পারে। যেমন, 'ক'-য়ের সম্পত্তি 'খ'কে এবং 'খ'-য়ের সম্পত্তি 'গ'কে দান। 'খ'কে অবশ্যই নির্ধারণ করিতে হইবে যে, 'ক' তাঁহাকে যে-সম্পত্তি দিয়াছেন তাহা তিনি গ্রহণ করিবেন কিনা এবং তাঁহার সম্পত্তি তিনি 'গ'-য়ের নিকট হস্তান্তর করিবেন কি না অথবা তিনি এই দুই দানই প্রত্যাখান করিবেন।

election commission নির্বাচন কমিশন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮ অনুচ্ছেদ-অনুসারে, প্রধান নির্বাচন কমিশনারকে লইয়া এবং রাষ্ট্রপতি সময়ে সময়ে যেরূপ নির্দেশ করিবেন সেইরূপ সংখ্যক অন্যান্য নির্বাচন কমিশনারকে লইয়া বাংলাদেশের একটি নির্বাচন কমিশন থাকিবে। উক্ত বিষয়ে প্রণীত কোনো আইনের বিধানাবলি-সাপেক্ষে রাষ্ট্রপতি প্রধান নির্বাচন কমিশনারকে ও অন্যান্য নির্বাচন কমিশনারকে নিয়োগদান করিবেন। নির্বাচন কমিশনারদের মেয়াদ হইবে কার্যভারর্যহণের দিন হইতে মোট পাঁচ বৎসর। সংসদ কর্তৃক প্রণীত আইনের বিধানসাপেক্ষে নির্বাচন কমিশনারদের কর্মের শর্তাবিলি রাষ্ট্রপতির আদেশের দারা নির্ধারিত হইবে।

১১৮ অনুচ্ছেদের ৪ দফায় বলা হইয়াছে যে, দায়িতুপালনের ক্ষেত্রে নির্বাচন কমিশন স্বাধীন থাকিবেন এবং কেবল সংবিধান ও আইনের অধীন থাকিবেন। ১১৯ অনুচ্ছেদ-অনুসারে, নির্বাচন কমিশন সংবিধান ও আইনানুযায়ী (ক) রাষ্ট্রপতি পদের নির্বাচন অনুষ্ঠান করিবেন; (গ) সংসদ নর্বাচন অনুষ্ঠান করিবেন; (গ) সংসদে নির্বাচনের জন্য নির্বাচনী এলাকার সীমানা নির্ধারণ করিবেন; এবং (ঘ) রাষ্ট্রপতির পদের জন্য এবং সংসদের নির্বাচনের জন্য ভোটার-তালিকা প্রস্তুত করিবেন। উপরি-উক্ত দায়িত্বসমূহের অতিরিক্ত যেরূপ দায়িত্ব এই সংবিধান বা অন্য কোনো আইনের দ্বারা নির্ধারিত হইবে নির্বাচন কমিশন সেইরূপ দায়িত্ব পালন করিবেন। মুপ্রিম কোর্টের বিচারককে যে-পদ্ধতিতে অপসারণ করিতে হয়, কোনো নির্বাচন কমিশনারকে অপসারণ করিতে হইলে সেই পদ্ধতি অবলম্বন করিতে হয়।

election court নিৰ্বাচনী আদালত election দ্ৰ.।

- election disputes নির্বাচনী বিরোধ জাতীয় সংসদের সাধারণ নির্বাচনে নির্বাচন-সংক্রান্ত বিরোধের মীমাংসা করেন সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ। স্থানীয় সরকার-নির্বাচনের বিরোধ নিম্পন্ন করিবার জন্য ১৯৮৩ সালের স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইনের ২৭ ধারা-অনুসারে সরকারি গেজেটে বিজ্ঞপ্তির মাধ্যমে নির্বাচন কমিশন একজন বৈচারিক কর্মকর্তাকে বিজ্ঞপ্তিতে নির্দিষ্ট এলাকার জন্য নির্বাচনী ট্রাইব্যুনাল নিযুক্ত করেন।
- election expenses নির্বাচনী ব্যয় নির্বাচনের কারণে কিংবা নির্বাচন পরিচালনা বা ব্যবস্থাপনা-সম্পৃক্ত যে-কোনো ব্যয়ই নির্বাচনের ব্যয়। প্রার্থী নির্বাচন কমিশনকর্তৃক নির্দিষ্ট অঙ্কের টাকা ব্যয় করিতে পারিবেন। যদি তিনি বিধিবহির্ভূত অতিরিক্ত টাকা খরচ করেন তবে তাহা দুর্নীতিমূলক কর্ম হিসাবে পরিগণিত হইবে এবং তজ্জন্য নির্বাচন বাতিল হইতে পারে।

election offences নির্বাচনী অপরাধ offences relating to elections দ্র.।

election officer নির্বাচন-কর্মকর্তা ১৯৯০ সালের নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) অধ্যাদেশের ২(গ) ধারা-অনুসারে, নির্বাচনসংক্রান্ত কোনো দায়িত্ব বা কর্মে নিযুক্ত কোনো ব্যক্তি ভোটকেন্দ্রে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার দায়িত্বে নিয়োজিত কোনো ব্যক্তিও ইহার অন্তর্ভক্ত হইবেন।

election petition নির্বাচনী আরজি election দ্র.।

Election Tribunal নির্বাচনী ট্রাইব্যুনাল election disputes দ্র.।

elector n. ভোটদাতা, নির্বাচক বি. ১. নির্বাচনে ভোটদানে অধিকারী ব্যক্তি। ইংল্যান্ডের আইনে, সংসদীয় ও স্থানীয় সরকার নির্বাচনের জন্য ভোটার নিবন্ধন তালিকা থাকে। প্রত্যেক বছরের ১৬ ফেব্রুয়ারি তারিখে নতুন তালিকা প্রণীত হয়। এই তালিকা পরবর্তী ১২ মাসের মধ্যে অনুষ্ঠেয় নির্বাচনে বলবৎ থাকে। এই তালিকার পূর্ববর্তী ১০ অক্টোবরে (ভোটার হইবার তারিখ) ভোটারদের অবস্থান অর্থাৎ ঠিকানার বিবরণ থাকে এবং তালিকা প্রকাশিত হইবার পরে উহাতে ওই বছরে মাঁহারা ১৮ বছরে (ভোটার হইবার যোগ্যতা) পদার্পণ করিবেন, তাঁহাদের নামও অন্তর্ভুক্ত হয়। তালিকাভুক্ত ভোটারকে ভোটদান ইইতে বিরত রাখা যাইবে না। কিন্তু ভোটদানের জন্য যোগ্য না হইয়া কোনো ব্যক্তি যদি ভোট দেন, তাহা হইলে তাঁহার শান্তি হইবে। ২. ন্যায়পরতায় যে-ব্যক্তি বাছাই করিয়া থাকেন। franchise দ্র.।

- electoral college নির্বাচকশ্রেণী একটি নির্বাচনে অংশগ্রহণের অধিকারসম্পন্ন ব্যক্তিবর্গের সমষ্টি, যাহা নির্বাচনী এলাকার ভিত্তিতে গঠিত নয়। যেমন, রষ্ট্রপতি নির্বাচনের জন্য একটি রাষ্ট্রের নির্বাচকমণ্ডলী বা নির্বাচকদের সমষ্টি।
- electoral right নির্বাচনের অধিকার দণ্ডবিধির ১৭১ক ধারা-অনুসারে, নির্বাচনের অধিকার বলিতে কোনো নির্বাচনে প্রার্থী হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করিবার কিংবা না করিবার কিংবা প্রার্থী হিসাবে প্রতিদ্বন্দ্বিতা হইতে নাম প্রত্যাহার করিবার কিংবা ভোট দিবার কিংবা ভোটদান হইতে বিরত থাকিবার অধিকার বুঝায়।
- electoral roll ভোটার-তালিকা voters' list দ্ৰ.।
 - lectric industry বিদ্যুৎ শিল্প ২০০৩ সালের বাংলাদেশ এনার্জি রেগুলেটিং কমিশন আইনের ২(ফ) ধারা-অনুসারে, বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ বা সরবরাহ ব্যবসা বা কর্মকাণ্ডের সহিত জড়িত ব্যক্তি বা সম্পদ, পাওয়ার সিস্টেম ক্রিয়াকলাপ এবং তৎসংশিষ্ট সম্পুরক ও প্রাসন্সিক বিষয়াদি।
- electricity n. বিদ্যুৎ, বিজ্ঞাল বি. সাধারণত মেঘে মেঘে ঘর্ষণের ফলে উৎপাদিত আলোকশক্তি। বিশেষত উৎপাদিত, প্রেরিত, সরবরাহকৃত বা অন্য যে-কোনো উদ্দেশ্যে ব্যবহৃত বিদ্যুৎশক্তি। সরকার কর্তৃক অনুমোদিত বিদ্যুৎ-সরবরাহকারী আইনানুগ পদ্ধতিতে ও নির্ধারিত মূল্যে গ্রাহককে বিদ্যুৎ সরবরাহ করিয়া থাকেন। অসাধু উপায়ে বিদ্যুৎ নিদ্ধাশন, ভোগ বা ব্যবহার করা আইনত দগুনীয় অপরাধ।
- electric supply line বিদ্যুৎ সরবরাহ লাইন তার, পরিবাহক (কভাকটর), বা কোনো বাক্স (কেজিং), প্রলেপ (কোটিং), আচ্ছাদন (কভারিং), টিউব পাইপ বা অপরিবাহী পরিবেষ্টন (ইনস্যুলেটর এনক্রোজিং) উহার বা উহার অংশবিশেষের পরিবেষ্টক বা অবলম্বনসহ বিদ্যুৎ পরিবহণ প্রেরণ ট্রোন্সমিটিং) বা বিতরণের জন্য ব্যবহৃত অন্য উপায় অথবা ওইরূপ বিদ্যুৎ পরিবহণ, প্রেরণ বা বিতরণের সঙ্গে সংশ্লিষ্ট যন্ত্রপাতি বুঝায়।
- electronic banking ইলেকট্রনিক ব্যাংকিং উন্নত প্রযুক্তির তড়িংবাহী বা উপগ্রহনির্ভর কম্পিউটার-চালিত প্রক্রিয়াসমূহ, যাহার মাধ্যমে দ্রুততা ও নির্ভুলতা নিশ্চিতপূর্বক ব্যাংক ও তাহার গ্রাহকদের কাম্য সেবা প্রদানসহ পারম্পরিক যোগাযোগ

স্থাপন করে। ইলেকট্রনিক পদ্ধতিতে স্বয়ংক্রিয় জমা ও উন্তোলন, এক ব্যাংক হইতে অন্য ব্যাংকে তহবিল-স্থানান্তর, গ্রাহকদের বিভিন্ন বিল প্রদান, বেতন প্রদান, বাড়ি বা অফিসে বসিয়া লেটার অফ ক্রেডিট খোলা এবং বিবিধ অভ্যন্তরীণ ব্যাংকিং সম্পন্ন করা যায়। এতৎসহ automated teller machine দ্র.।

- electronic conveyancing (e-conveyancing) বৈদ্যুতিন পদ্ধতিতে সম্পত্তিহস্তান্তর কাগজি দলিলের পরিবর্তে ইলেকট্রনিক বা বৈদ্যুতিন পদ্ধতিতে জমিজমাহস্তান্তর। যুক্তরাজ্যে জমিজমা-হন্তান্তরের প্রয়োজনে এই পদ্ধতি প্রবর্তন করিবার
 অভিপ্রায় জানাইয়া সরকার ঘোষণা দিয়াছে এবং ২০০০ সালের বৈদ্যুতিন যোগাযোগ
 আইন এইরূপ হন্তান্তরের পথ সুগম করিয়াছে। ইতিমধ্যে রেজিস্ট্রিভূক্ত জমির বন্ধকও
 বৈদ্যুতিনভাবে সম্ভবপর হইয়াছে। জমি-নিবন্ধন (যাহা কম্পিউটারদ্বারা পরিচালিত
 হইতেছে) বৈদ্যুতিন পদ্ধতিতে জমি-হন্তান্তরের কাজ সম্ভবপর করিয়াছে।
- electronic data interchange (EDI) বৈদ্যুতিন উপান্ত-বিনিময় তথ্যাদি বিনিময় করিতে বৈদ্যুতিন উপায়ে উপান্ত-প্রেরণ পদ্ধতির (data-transmission network) ব্যবহার । বিশিষ্ট বাণিজ্যিক চুক্তিওলিতে এই ধরনের তথ্য সরবরাহ করিবার শর্তাদি উল্লিখিত থাকে এবং এখন অনেক বাণিজ্যিক কর্মই এই ভিত্তিতে ইন্ট্রানেট বা ইন্টারনেটের মাধ্যম সাধিত হইয়া থাকে (ইহা কাগজবিহীন ব্যবসা-বাণিজ্যরূপে পরিচিত) । ইন্ট্রানেট একটি পরম্পরযুক্ত বদ্ধ ব্যবস্থা— এখানে সীমিতসংখ্যক ব্যক্তির প্রবেশাধিকার থাকে, অন্যপক্ষে ইন্টারনেট একটি পরম্পরযুক্ত মুক্ত ব্যবস্থা— এখানে সকলেরই প্রবেশাধিকার থাকে । এই ক্ষেত্রে কিছু আন্তর্জাতিক আইনি বিধি স্বীকৃত হইয়াছে । বাণিজ্য-উপান্ত বিনিময়ের জন্য সমরূপ আচরণবিধি (Uniform Rules of Conduct for Interchange of Trade Data by Teletransmission) ইহার অন্তর্ভুক্ত । uncid দ্র. ।
- electronic signature বৈদ্যুতিন স্বাক্ষর আদান-প্রদানের প্রামাণিকতা প্রতিষ্ঠার প্রয়োজনে ব্যবহারের জন্য বৈদ্যুতিন পদ্ধতিতে প্রেরিত দলিল বা চুজির সহিত একীভূত বা সম্পৃক্ত উপাত্ত। ইংল্যান্ডের আইনে বৈদ্যুতিন স্বাক্ষর বিধেয় এবং ইহার আইনি কার্যকরতাও আছে। সেখানে প্রাসন্ধিক পরিচয়জ্ঞাপক দলিল প্রদর্শন করিয়া বৈদ্যুতিন স্বাক্ষর ডাকঘর ও চেম্বার অফ কমার্স হইতে ক্রয় করা যায়।
- electronic surveillance বৈদ্যুতিন প্রহরা সাক্ষ্যপ্রমাণাদি সংগ্রহ করিবার জন্য টেলিফোনে আড়িপাতা, গোপনে মাইক্রোফোন বা ক্যামেরা স্থাপন অথবা ওই জাতীয় কোনো যন্ত্রের ব্যবহার। ইংল্যান্ডে শর্তসাপেক্ষে পুলিশবাহিনী বা অন্যান্য কোনো রাষ্ট্রীয় সংস্থা এই ধরনের কৌশল ব্যবহার করিবার জন্য অনুমতি লাভ করিতে পারে। বৈদ্যুতিন প্রহরায় লব্ধ প্রমাণাদি সাধারণত আদালতের কার্যধারায় ব্যবহার করা যায়। ইহাকে জানালার ধারে আড়িপাতার সহিত তুলনা করা ইইয়াছে। telephone tapping ও surveillance দ্র.।

আইন-শব্দকোষ : ২৩

- Eleventh Amendment একাদশ সংশোধন ১৯৯১ সালে রাষ্ট্রপতি এরশাদের পদত্যাগের পর বিরোধী রাজনৈতিক দল ও জোটগুলির অনুরোধে প্রধান বিচারপতি সাহাবুদ্দিন আহমদ প্রথমে উপরাষ্ট্রপতি ও পরে অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্বপালনে সমত হন, তবে তিনি অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্বপালন-শেষে স্বপদে ফিরিয়া যাইতে চাহেন। ১৯৯১ সালের সংবিধান (একাদশ সংশোধন) আইনে বিচারপতি সাহাবুদ্দিন আহমেদের স্বপদে ফিরিয়া যাইবার বিধান রাখা হয়।
- eligible adj. উপযুক্ত, যোগ্য, যোগ্যভাসম্পন্ন বিণ. পছন্দ বা বাছাই করা যাইতে পারে, এমন; কাম্য। যাহা বাছাই করিয়া লওয়া যায় বা সুনির্বাচিত করা যায়; পরিগ্রহণ করিবার যোগ্য; মানানসই; যথাযোগ্য। উপযুক্ত ব্যক্তিগণকে নির্বাচিত করিবার ক্ষেত্রে প্রযোজ্য এই শব্দটির দুইরকম অর্থ হয়, যেমন, 'আইনগতভাবে যোগ্য' অথবা 'মনোনীত ইইবার উপযুক্ত'।
- e-mail n. বৈদ্যুতিন ডাক, ই-মেইল বৈদ্যুতিন যোগাযোগ ব্যবস্থা বা কম্পিউটার বার্তা আদানপ্রদান ব্যবস্থা। একটি নেটওয়ার্কে পরস্পরসংযুক্ত কম্পিউটারসমূর্বের সাহায্যে বার্তা ও উপাত্ত প্রেরণের ব্যবস্থা।
- emancipation n. মুক্তি, বন্ধন-মুক্তি বি. যে-কার্যের দ্বারা বা যে-কার্যের ফলে অপর কোনো ব্যক্তির ক্ষমতা বা নিয়ন্ত্রণাধীন ছিল এইরূপ কোনো ব্যক্তি মুক্তি লাভ করে; দাসত্ব, বশ্যতা, নির্ভরশীলতা বা নিয়ন্ত্রণ হইতে মুক্তিলাভ; বশ্যতা ইইতে স্বাধীনতা বা মুক্তিলাভের অবস্থা। একজন পুত্রকে পিতার নিয়ন্ত্রণ হইতে মুক্তিলাভের জন্য তাঁহার পরিবারের প্রধান হওয়া অথব্য তাঁহার নিজের জন্য সম্পত্তির বন্দোবত্ত থাকা বা তাঁহার সমাজে প্রতিষ্ঠিত হইবার মতো পরিণত বয়সে উপনীত হওয়া আবশ্যক। বাংলাদেশের সংবিধানের ১৪ নম্বর অনুক্ষেদে কৃষক ও শ্রমিকের মুক্তি সম্বন্ধে বলা হইয়াছে যে, 'রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হইবে মেহনতি মানুষকে—কৃষক ও শ্রমিককে— এবং জনগণের অনগ্রসর অংশসমূহকে সকলপ্রকার শোষণ হইতে মুক্তি দান করা'। ইহা রাষ্ট্রপরিচালনার একটি মূলনীতি।
- embargo n. বাধানিষেধ, আরোধ বি. সাধারণত কোনো জাহাজ বা নির্দিষ্ট কোনো পণ্যের উপর আরোপিত সরকারি বাধানিষেধ। ইহা লচ্জন করা হইলে সংশ্রিষ্ট জাহাজ বা পণ্য বাজেয়াপ্ত হয়। বন্দরে জাহাজ আটক করিয়া রাখা। ইহা যুদ্ধকালে শক্রদেশের প্রতিপ্রতিশোধ গ্রহণমাত্র। দোষী রাষ্ট্রের জাহাজ যাহাতে ক্ষতিগ্রস্ত রাষ্ট্রের বন্দর ত্যাগ করিয়া যাইতে না পারে তাহার জন্য নিষেধাজ্ঞা আরোপ করা হইয়া থাকে। ক্ষতিপূরণদানে দোষী রাষ্ট্রকে বাধ্য করিবার জন্য ইহা করা হয়। angary দ্র.।
- embarrassment n. বিব্রতকর অবস্থা যে-মামলায় বিচারক নিজে পক্ষ ছিলেন বা তাঁহার স্বার্থ জড়িত ছিল বা তাঁহার নিকটআত্মীয় পক্ষ ছিলেন সে-মামলা অথবা তিনি যে-মামলা পূর্বে বিচার করিয়াছিলেন, সেক্ষেত্রে বিচারক ওই মামলার বিচারকার্য

চালাইতে বিব্রুতবোধ করিতে পারেন। বর্তমানে প্রধান বিচারপতির আদেশ-অনুযায়ী কোনো বিচারপতি কোনো মামলা শ্রবণ করিতে বিব্রুতবোধ করিলে তাঁহার নিকট কারণ দর্শাইতে হইবে। পূর্বে বিব্রুতবোধ করিবার জন্য কারণ দর্শাইবার প্রয়োজন ছিল না।

embezzlement n. আত্মসাৎকরণ ক্রি. কর্মচারী কর্তৃক অসৎভাবে অর্থ বা সম্পত্তি আত্মসাৎকরণ। defalcation দ্র.।

emergency জরুরি অবস্থা সংবিধানের ১৪১ক অনুচ্ছেদ-অনুসারে, (১) রাষ্ট্রপতির নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, এমন জরুরি অবস্থা বিদ্যমান রহিয়াছে, যাহাতে যুদ্ধ বা বহিরাক্রমণ বা অভ্যন্তরীণ গোলযোগের দ্বারা বাংলাদেশ বা উহার যে-কোনো অংশের নিরাপত্তা বা অর্থনৈতিক জীবন বিপদের সমুখীন, তাহা হইলে তিনি জরুরি অবস্থা ঘোষণা করিতে পারিবেন। তবে শর্ত থাকে যে, অনুরূপ ঘোষণার বৈধতার জন্য ঘোষণার পূর্বেই প্রধানমন্ত্রীর প্রতি-স্বাক্ষর প্রয়োজন হইবে।

(২) জরুরি-অবস্থার ঘোযণা (ক) পরবর্তী কোনো ঘোষণার দ্বারা প্রত্যাহার করা যাইবে; (খ) সংসদে উপস্থাপিত হইবে; (গ) একশত কুড়ি দিন অতিবাহিত হইবার পূর্বে সংসদের প্রস্তাবদ্বারা অনুমোদিত না হইলে উক্ত সময়ের অবসানে কার্যকর থাকিবে না।

তবে শর্ত থাকে যে, যদি সংসদ ভাদিয়া যাওয়া অবস্থায় অনুরূপ কোনো ঘোষণা জারি করা হয় কিংবা এই দফার (গ) উপ-দফায় বর্ণিত একশত কুড়ি দিনের মধ্যে সংসদ ভাদিয়া যায়, তাহা হইলে তাহা পুনর্গঠিত হইবার পর সংসদের প্রথম বৈঠকের তারিষ হইতে ত্রিশদিন অতিবাহিত হইবার পূর্বে ঘোষণাটি অনুমোদন করিয়া সংসদের প্রভাব গৃহীত না হওয়া পর্যন্ত উক্ত ত্রিশদিনের অবসানে অনুরূপ ঘোষণা কার্যকর থাকিবে না।
(৩) যুদ্ধ বা বহিরাক্রমণ বা অভ্যন্তরীণ গোলযোগের বিপদ আসন্ন বলিয়া রাষ্ট্রপতির নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হইলে প্রকৃত যুদ্ধ বা বহিরাক্রমণ বা অভ্যন্তরীণ গোলযোগ সংঘটিত হইবার পূর্বে তিনি অনুরূপ যুদ্ধ বা বহিরাক্রমণ বা অভ্যন্তরীণ গোলযোগের জন্য বাংলাদেশ বা উহার যে-কোনো অংশের নিরাপত্তা বিপন্ন বলিয়া জর্মনি-অবস্তা ঘোষণা করিতে পারিবেন।

emergency declaration জরুরি অবস্থা ঘোষণা emergency দ্র. ৷

emergency doctrine জরুর পরিস্থিতি তত্ত্ব ১. আইনের একটি মূলসূত্রবিশেষ,
যাহা কোনো ব্যক্তিকে যুক্তিসংগত সর্তকতার সাধারণ মান হইতে অব্যাহতি প্রদান
করে, যদি গুই ব্যক্তি একটি আকন্মিক ও জরুরি সাহায্যের প্রয়োজন মিটাইবার জন্য
কার্য করিয়া থাকেন। ২. আইনের একটি মূলসূত্রবিশেষ, যদ্দারা একটি মারাত্মক
পরিস্থিতিতে চিকিৎসা-সেবায় সম্মতি অনুমান করা হয়। যখন রোগী বা কোনো
দায়িত্বশীল পক্ষ সম্মতি দিতে পারেন না, কিন্তু একজন বৃদ্ধিমান ব্যক্তি সম্মতি দেন।

emergency power জরুরি ক্ষমতা জরুরি অবস্থায় সরকারি বিধিবিধানবলে প্রদর ক্ষমতা। emergency ও emergency provisions দ্র.।

emergency provisions জরুরি বিধানাবলি জরুরি অবস্থা বা সংকটকালে এই বিশেষ ক্ষমতা প্রয়োগ করা হয়। রাষ্ট্রীয় সংকট, বিপদ ও জরুরি পরিস্থিতি নিয়ন্ত্রণে আনিবার জন্য এই ক্ষমতা দেওয়া হয়। জরুরি ক্ষমতা প্রয়োগের সময়ে নাগরিকদের অনেক মৌলিক ও গুরুত্বপূর্ণ অধিকার হরণ করা হয়। সংবিধান ও আইন-অনুযায়ী সরকার বা সরকারপ্রধান বা রাষ্ট্রপ্রধানের হাতে জরুরি ক্ষমতা প্রয়োগ করিবার অধিকার থাকে। গণতান্ত্রিক বা সংসদীয় সরকার-বাবস্তায় জরুরি ক্ষমতা প্রয়োগের অবিকার বিভিন্ন আইন ও শর্ভ দ্বারা নিয়ন্ত্রিত হয়। সংবিধানের ১৪১খ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, এই সংবিধানের তৃতীয় ভাগের অন্তর্গত বিধানাবলির কারণে রাষ্ট্র যে-আইন প্রণয়ন করিতে ও নির্বাহী ব্যবস্থা গ্রহণ করিতে সমর্থ নহেন, জরুরি-অবস্থা ঘোষণার কার্যকরতা-কালে এই সংবিধানের ৩৬, ৩৭, ৩৮, ৪০ ও ৪২ অনুচ্ছেদসমূহের কোনো কিছুই সেইরূপ আইন-প্রণয়ন ও নির্বাহী ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত রাষ্ট্রের ক্ষমতাকে সীমাবদ্ধ করিবে না; তবে অনুরূপভাবে প্রণীত কোনো আইনের কর্তৃত্বে যাহা করা হইয়াছে বা করা হয় নাই, তাহা ব্যতীত অনুরূপ আইন যে-পরিমাণে কর্তৃত্বীন্ জরুরি-অবস্থার ঘোষণা অকার্যকর হইবার অব্যবহিত পরে তাহা সেই পরিমাণে অকার্যকর হইবে। ১৪১গ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, (১) জরুরি-অবস্থা ঘোষণার কার্যকরতা-কালে প্রধানমন্ত্রীর লিখিত পরামর্শ-অনুযায়ী রষ্ট্রপতি আদেশের দারা ঘোষণা করিতে পারিবেন যে, আদেশে উরিখিত এবং সংবিধানের তৃতীয় ভাগের অন্তর্গত মৌলিক অধিকারসমূহ বলবৎকরণের জন্য আদালতে মামলা রুজু করিবার অধিকার এবং আদেশে অনুরূপভাবে উল্লিখিত কোনো অধিকার বলবৎকরণের জন্য কোনো আদালতে বিবেচনাধীন সকল মামলা জরুরি-অবস্থা ঘোষণার কার্যকরতা-কালে কিংবা উক্ত আদেশের দ্বারা নির্ধারিত স্বল্পতর কালের জন্য স্থগিত থাকিবে। (২) সমগ্র বাংলাদেশ বা উহার কোনো অংশে এই অনুচ্ছেদের অধীন প্রণীত আদেশ প্রযোজ্য হইতে পারিবে। (৩) এই অনুচ্ছেদের অধীন প্রণীত প্রত্যেক আদেশ যথাসম্ভবশীয় সংসদে উপস্থাপিত হইবে।

eminent domain রষ্ট্রেপ্রধানের বিশেষ ক্ষমতা expropriation দ্র.।

emoluments n. বেতন-ভাতাদি বি. কোনো ব্যক্তির বেতন, ভাতা, মজুরি, লভ্যাংশ ও বস্তুগত সুবিধাসহ (যেমন, মোটরগাড়ির ব্যবহার) উপার্জন। এইসব বেতনভাতা আয়করের আওতাধীন।

emotional distress আবেগঘটিত ক্লেশ অন্য কোনো ব্যক্তির আচরণজনিত একটি অত্যন্ত অপ্রীতিকর মানসিক প্রতিক্রিয়া (যেমন, নিদারুণ উদ্বেগ, মনস্তাপ, আতঙ্ক, অবমাননা বা ক্রোধোনান্ততা); আবেগঘটিত যাতনা ও দুর্ভোগ। আবেগঘটিত ক্লেশ যথেষ্ট তীব্র হইলে উহা পুরণযোগ্য ক্ষতির একটি ভিত্তি হইতে পারে।

৩৫৭ employer

employee n. কর্মচারী, চাকুরিয়া বি. নিয়োগকর্তার নির্দেশ ও নিয়ন্ত্রণে যে-ব্যক্তি মজুরি ও বেতনের বিনিময়ে কাজ করেন। এতৎসহ child employee, contract of employment ও employer দ্র.।

- employee's inventions কর্মচারীর উদ্ভাবন কর্মরত অবস্থায় কোনো কর্মচারী কর্তৃক উদ্ভাবিত জিনিস, যন্ত্রপাতি অথবা কলাকৌশল। ইংল্যান্ডে ১৯৭৭ সালের অধিকারস্বত্ব আইন (Patent Act 1977)-অনুযায়ী কর্মচারীর স্বাভাবিক দায়িত্বপালনকালে ওইসব উদ্ভাবন ঘটিয়া থাকিলে এবং দায়িত্বপালনে নতুন উদ্ভাবনের সম্ভাবনা থাকিয়া থাকিলে অথবা নিয়োগকর্ভার ব্যবসায়ের অধিকতর উন্নতিসাধনে দায়বদ্ধ বিশেষ কর্মে নিযুক্ত থাকাকালে নতুন উদ্ভাবন ঘটিলে, তাহার মালিক হইবেন নিয়োগকর্ভা। নিয়োগচুক্তিতে এই সকল বিধানের পরিবর্তন ঘটিবে না। অনুরূপ উদ্ভাবন যদি নিয়োগকর্ভাকে অসাধারণ সুবিধা দিয়া থাকে, তাহা হইলে সংশ্লিষ্ট কর্মচারী উদ্ভাবন-স্বত্বাধিকার, ডিজাইন ও ট্রেডমার্কের মহা-নিয়ন্ত্রণ কর্তৃক ক্ষতিপূরণ পাইতে পারেন (কার্যক্ত ইহা কথনো ঘটে না)। চাকুরিরক্ত অবস্থায় কোনো কর্মচারী কপিরাইটযুক্ত কিছু রচনা করিলে, তাহার স্বত্বও নিয়োগকর্ভার থাকিবে।
- employees' share scheme কর্মচারীদের শেয়ার প্রকল্প ইতিমধ্যে কোম্পানিপ্রদন্ত শেয়ার কোম্পানির কর্মচারীদের মধ্যে বিতরণ করিয়া অথবা তাঁহাদের পক্ষে
 কোনো অছির নিকটে শেয়ার প্রদান করিয়া কিংবা কোনো অনুকূল শর্তে শেয়ার লাভ
 করিবার সুবিধা দিয়া কর্মচারীদের সহিত কোম্পানির লভ্যাংশ ভাগ করিবার একটি
 পদ্ধতি। অনুরূপ কিছু কিছু প্রকল্পে কর রেয়াতের সুবিধা থাকে।
- employer n. নিয়োগকর্তা, মালিক বি. নিয়োগকর্তা হইলেন এমন এক ব্যক্তি যিনি অন্য কোনো ব্যক্তিকে (কর্মচারীকে) মজুরি বা বেতনের বিনিময়ে তাঁহার নির্দেশ ও নিয়ন্ত্রণে কাজ করিতে নিয়ুক্ত করেন। কর্মচারীরা কোম্পানির দ্বারা নিয়ন্ত্রিত হইলে ওইসব কোম্পানি হইবে সহযোগী নিয়োগকর্তা। ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ২(জ) ধারা-অনুসারে, মালিক বলিতে বুঝায় কোনো দোকান বা বাণিজ্যিক প্রতিষ্ঠানের মালিকানায় ও ব্যবস্থাপনায় অধিষ্ঠিত কোনো ব্যক্তি, ব্যক্তিসমষ্টি, সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, কোম্পানি অথবা সংস্থা অথবা ক্ষেত্রমতো তাঁহাদের বংশগত উত্তরাধিকারী অথবা প্রতিনিধি এবং তৎসহ নিমোক্ত ব্যক্তিগণ— (ক) কোনো কারখানায় ব্যবস্থাপক হিসাবে কর্মরত ব্যক্তি; (খ) কোনো স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক বা তাঁহার পক্ষে পরিচালিত কোনো দোকানে, বাণিজ্যিক প্রতিষ্ঠানে বা শিল্প-প্রতিষ্ঠানে বত্ত ব্যক্তি কোনো কর্মকর্তা এবং যেখানে এইরূপ কোনো কর্মকর্তা নাই সেখানে উক্ত কর্তৃপক্ষের প্রধান নির্বাহী কর্মকর্তা; এবং (গ) অন্য যে-কোনো দোকান, বাণিজ্যিক প্রতিষ্ঠান বা শিল্প-প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রত্যেক ডাইরেক্টর, ম্যানেজার, সেক্রেটারি,

এজেন্ট অথবা অন্য কোনো কর্মকর্তা অখবা ব্যক্তি যাঁহারা ইহার ব্যবস্থাপনার সহিত সংশ্লিষ্ট এবং মালিকের নিকট তদারক ও নিয়ন্ত্রণের জন্য দায়ী। এতৎসহ contract of employment দ্র.।

- employer and employee নিয়োগকর্তা ও কর্মচারী, মানিক ও চাকুরিয়া চাকুরির
 চুক্তির সহিত যুক্ত পক্ষগুনির সম্পর্ক (পূর্বে ইহা ছিল প্রভু ও ভূত্যের সম্পর্ক)। এই
 সম্পর্ক চুক্তির আণ্ড ও অন্তর্নিহিত শর্তাবনি এবং চুক্তি হইতে বাদ দেওয়া যায় না এমন
 সব সংবিধি দ্বারা পরিচালিত হয়। উদাহরণস্বরূপ, সম্পর্কিত বিষয়গুলি হইতেছে
 অন্যায়ভাবে কর্মচ্যুক্তি, উদ্বৃত্ত ঘোষণা, মাতৃত্বকালীন ছুটির অধিকার, ট্রেড ইউনিয়নের
 সক্রিয় সদস্য হওয়ার অধিকার, এবং কার্যকালে স্বাস্থ্য ও নিরাপত্তার অধিকার।
 পরার্থদায়িতার নীতিতে, তৃতীয় কোনো পক্ষ, চাকুরিকালে কৃত কর্মচারীর কিছু অন্যায়
 কাজের জন্য নিয়োগকর্তাকে দায়ী সাব্যন্ত করিতে পারেন।
- employers' association মালিক-সমিতি, নিয়োগকর্তা-সমিতি ইহা এমন একটি সংগঠন যাহার সদস্যবৃদ্ধ সম্পূর্ণত ও প্রধানত মালিক অর্থাৎ নিয়োগকর্তারাই। ইহার প্রধান উদ্দেশ্যের মধ্যে অন্তর্ভুক্ত রহিয়াছে মালিক ও চাকুরে বা ট্রেড ইউনিয়ন কর্মীদের মধ্যে সম্পর্কের নিয়ন্ত্রণ-প্রতিষ্ঠা। ইংল্যান্ডে ১৯৯২ সালের ট্রেড ইউনিয়ন ও শ্রমিক-সম্পর্ক আইন (Trade Union and Labour Relation Act 1992) অনুযায়ী মালিক-সমিতিরও ট্রেড ইউনিয়নের মতো আইনি অবস্থান রহিয়ছে। মালিক-সমিতিও ব্যবসায়ের চুক্তি ও নিয়ন্তরণের ক্ষেত্রে অনধিকার-সম্পর্কিত অপরাধ ও শান্তি আইনে কিছু বেসামরিক কার্যধারা হইতে মুক্ত।
- employer's liability মালিকের দায়, নিয়োগকর্তার দায় কর্মচারীদের যথাযোগ্য সহযোগী কর্মীবন্ধু জোগানো, নিরাপদ সরঞ্জাম, নিরাপদ কর্মস্থল এবং পর্যাও তত্ত্বাবধানসহ একটি নিরাপদ কর্মপদ্ধতির ব্যবস্থার ক্ষেত্রে মালিক বা নিয়োগকর্তার দায়দায়িত্ব। কর্তব্য অবহেলাজনিত ক্ষতি এবং কর্মস্থলে নিরাপত্তাবিধানে সংবিধিবদ্ধ দায়িত্বলম্ঞন অপরাধমূলক শান্তি আইনে দায় বলিয়া সাব্যস্ত হইবে। ইহাতে আরও অপরাধমূলক শান্তি রহিয়াছে। dangerous machinery ও defective equipment দ্র.।
- empowerment n. ক্ষমভায়ন বি. নারী, অনুন্নত শ্রেণীসহ বিভিন্ন বঞ্চিত শ্রেণী (বা ব্যক্তিকেও) পুরাতন কোনো ঐতিহ্যের বাধা, প্রতিবন্ধকতা ইত্যাদি হইতে মুক্ত করিয়া তাঁহাদের হত অধিকার ও কার্যক্ষমতা ফিরাইয়া দিয়া পুনরায় তাঁহাদের সবল করিয়া তুলিবার উদ্যোগ বা প্রয়াস বা অভিযান।
- enabling statute সমধীকরণ সংবিধি এমন সংবিধি থাহা কোনো সংস্থা বা ব্যক্তিকে অধিকার বা ক্ষমতা প্রদান করিয়া থাকে।

୦୯ର endorsement

enacting words বিধিবদ্ধকরণের পূর্ববাণী ইহা ব্রিটিশ পার্লামেন্টে প্রণীতব্য কোনো আইনের প্রারম্ভিক কথা যাহা আইনটিকে বলবৎ করিবার শক্তি দিয়া থাকে। এই কথাগুলি থাকে একটি পূর্ব প্রস্তাবনাসহ আইনটির পূর্ণনাম ও রাজকীয় সম্মতির পরে। সাধারণত কথাগুলি এইরূপ: 'বর্তমান পার্লামেন্টে সমবেত অভিজাত (lord) ও সাধারণ সদস্যের (commons) পরামর্শ ও সম্মতিতে এই আইন মহানুভব রানী কর্তৃক বিধিবদ্ধ হউক।' act of parliament দ্র.।

- enactment n. বিধিবদ্ধকরণ, অধিনিয়ম বি. পার্লামেন্টের আইন, সাধারণ যাজকসভার ব্যবস্থা, আদেশ অথবা একটি অপ্রধান আইন, কিংবা এইগুলির অন্তর্ভুক্ত কোনো বিশেষ বিধান (যেমন, বিশেষ কোনো ধারা)। অর্পিত ক্ষমতা বলে প্রণীত বিধান স্থানীয় সরকার আইনের প্রয়োজনে কোনো বিধিবদ্ধকরণ বা অধিনিয়ম নয়।
- encroachment n. অন্যায় দখল অন্যের বেলায় কাহারও অধিকারের সীমা সম্প্রসারিত হওয়া, বিশেষ করিয়া অন্যের জমি নিজের বলিয়া গ্রাস করা। এই অন্যায় দখল যদি বারো বছর যাবৎ বিনা আপত্তিতে নীরবে মানিয়া লওয়া হয়, তাহা হইলে দখলকৃত জমি দখলদার ব্যক্তির জমিতে যুক্ত হইয়াছে বলিয়া ধরিয়া লওয়া হইবে।
- encumbrance n. দায়ভার বি. অন্যের জায়গা জমিতে কাহার ও অধিকার বা বার্থসমূহ, যেমন, সুখাধিকার, ইজারা, বন্ধক, সীমিত চুক্তি ইভ্যাদি। যখন জমির স্বত্ত্ব্ নিবন্ধন করা হয়, তখন ক্ষুদ্র ও নগণ্য স্বার্থ বাদ দিয়া অন্যান্য দায়ভারসমূহ নিবন্ধন বহিতে লিপিবন্ধ করা হয়। ভূমির নিবন্ধন বহিতে লিপিবন্ধ হইলে অনিবন্ধিত ভূমির কিছু দায়ভার ভৃতীয় পক্ষের ক্ষেত্রে বলবৎযোগ্য হইবে। registration of encumbrance ও land registration দ্র.।
- endorsement n. পৃষ্ঠান্ধন বি. ১. কোনো ব্যক্তির গাড়ির লাইসেন্সের উন্টাপিঠে তাঁহার অসংগত গাড়িচালনার অপরাধের বিবরণ টুকিয়া রাখার পদ্ধতি। ইংল্যান্তের আদালতে গাড়িচালকের অপরাধ প্রমাণিত হইলে সাধারণত তাঁহাকে সঙ্গে সঙ্গে গাড়িচালনার অযোগ্য ঘোষণা করা হয় না, লাইসেন্সে তাঁহার অপরাধের বিবরণ লিপিবদ্ধ রাখা হয়। এইসব অপরাধের জন্য প্রাণ্য দণ্ডের মাত্রা যোগ করিয়া পরে তাঁহার শান্তিবিধান করা হয়। শান্তিস্বরূপ লাইসেন্স বাতিল হইয়া গেলে পরবর্তীকালে লাইসেন্সের জন্য বিধি-অনুযায়ী আবেদন করিতে হয়, ক্ষেত্রমতো গাড়িচালনার পরীক্ষায় উত্তীর্ণ হইতে হয়। ২. হন্তি-বিনিময়পত্রে ধারকের স্বাক্ষর। নির্দেশ-অনুযায়ী হন্তি ভাঙ্গাইতে বা হস্তান্তর করিতে ইহা একটি প্রয়োজনীয় পদক্ষেপ। গ্রহীতাকে হন্তি বিক্রয় করিয়া অনুমোদনের কাজ অবশ্যই সম্পন্ন করিতে হইবে। হন্তির রশিদের উন্টাপিঠে পৃষ্ঠান্ধন বলিতে বুঝায় ধারকের কেবল স্বাক্ষর এবং অনুরূপ পৃষ্ঠান্ধনের ফলে হন্তিটি বাহককে পরিশোধ্য হয়। যাহাকে হন্তিটি পরিশোধ্য হইবে (যেমন, 'ক' অথবা অমুককে দেওয়া হন্তক) বিশেষ পৃষ্ঠান্ধনে তাঁহাকে নির্দিষ্ট করা হয়।

endowment ახი

অনুমোদনকারী হুন্তি অনুমোদন করিয়া হুন্তিকারী বা পরবর্তী অনুমোদনকারীর প্রতি কিছু দায় রাখিয়া যান। ৩. কোনো দলিলে পরবর্তীকালে জমিসংক্রান্ত লেনদেনের এমন সব বুঁটিনাটি লিখিয়া রাখা যাহা দলিলের বিষয়বস্তুকে প্রভাবিত করিতে পারে। দৃষ্টান্ত হিসাবে, যে-স্বত্বভোগীর অনুকূলে তাঁহার ব্যক্তিগত প্রতিনিধি সম্পত্তির দলিল কার্যকর করেন, তিনি ওই দলিলে আরো বিস্তারিত তথ্য লিখিয়া রাখিতে পারেন, যেমন প্রসিয়তনামার প্রামাণ্য নকল কিংবা পরিচালনাদেশ। একইভাবে, কোনো ক্রেতা যদি বড় জমির একটা অংশ কিনিতে চাহেন তিনি সম্পত্তি-হস্তান্তরের দলিল চাহিতে পারেন যাহাতে সম্পূর্ণ জমির দলিলে সত্যায়ন করা যায়।

- endowment দান বি. অর্থ বা ভূসম্পত্তি স্থায়ীভাবে দান। ১. কোনো দাতব্য প্রতিষ্ঠানের সমর্থনে নির্দিষ্ট অর্থাগমের ব্যবস্থা করা। ২. কোনো দাতব্য প্রতিষ্ঠানে প্রদন্ত স্থায়ী ভূসম্পত্তি।
- enemy n. শক্র বি. ১৯৬৫ সালের পাকিস্তান প্রতিরক্ষা বিধিসমূহের ১৬১ বিধিতে বলা ইইয়াছে যে, শক্র বলিতে বুঝাইবে : ১. যে-রাষ্ট্র বা রাষ্ট্রের সার্বভৌম ক্ষমতা পাকিস্তানের সহিত যুদ্ধে লিপ্ত রহিয়াছে; অথবা ২. যে-ব্যক্তি শক্রদেশে বসবাস করিতেছেন; অথবা ৩. যে-ব্যক্তিসমষ্টি শক্রদেশে রহিয়াছেন বা শক্রদেশের আইনদারা গঠিত ইইয়াছেন; অথবা ৪. যে-ব্যক্তি বা ব্যক্তিসমষ্টি বা যাঁহাদের পাকিস্তান কেন্দ্রীয় সরকার শক্র বলিয়া ঘোষণা করিয়াছে; অথবা ৫. যে-ব্যক্তিসমষ্টি কোনো শক্রদ্রারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হইয়া যে-কোনো স্থানে ব্যবসা পরিচালনা করিতেছেন; অথবা ৬. যে-ব্যক্তি বা ব্যক্তিসমষ্টি শক্রদেশে ব্যবসা পরিচালনা করিতেছেন।
- enemy firm শক্র-ব্যবসাপ্রতিষ্ঠান ১৯৬৫ সালের পাকিস্তান প্রতিরক্ষা বিধিসমূহের ১৬৯ বিধিতে শক্র-ব্যবসাপ্রতিষ্ঠান বলিতে বুঝাইবে— (ক) যে-প্রতিষ্ঠান কোনো শক্র নাগরিক পরিচালনা করিতেছেন; অথবা (খ) যে-প্রতিষ্ঠান পাকিস্তানে গঠিত হইয়া থাকুক বা না থাকুক যদি তাহার কোনো সদস্য বা মালিক শক্র নাগরিক হন এবং যদি সেই প্রতিষ্ঠানটি পাকিস্তানে ব্যবসা পরিচালনা করিতে থাকে; অথবা (গ) যে-কোম্পানি পাকিস্তানে গঠিত হইয়া থাকুক বা না থাকুক যদি তাহার কোনো সদস্য বা অংশীদার বা মালিক শক্র নাগরিক হন এবং যদি সেই কোম্পানিটি পাকিস্তানে ব্যবসা

পরিচালনা করিতে থাকে; অথবা (ঘ) সেই ব্যক্তি বা ব্যক্তিসমষ্টি যাঁহাদের সম্পর্কে পাকিস্তান কেন্দ্রীয় সরকারের নিকট যদি প্রতীয়মান হয় যে, (১) সেই ব্যক্তি বা ব্যক্তিসমষ্টি যে-কোনো শক্র নাগরিকের প্রত্যক্ষ বা পরোক্ষ নিয়ন্ত্রণে পাকিস্তানে ব্যবসা পরিচালনা করিতেছেন; অথবা (২) সেই ব্যক্তি বা ব্যক্তিসমষ্টি যে-কোনো শক্র নাগরিকে বা কোনো শ্রেণীভুক্ত শক্র নাগরিকের বা কোনো শক্রর কল্যাণের জন্য পাকিস্তানে ব্যবসা পরিচালনা করিতেছেন।

enemy property শক্র-সম্পত্তি ১৯৬৫ সালের পাকিস্তান প্রতিরক্ষা বিধিসমূহের ১৬৯ বিধির ৪ উপবিধি-অনুসারে, শত্রু-সম্পত্তি বলিতে বুঝাইবে সেই সকল সম্পত্তি যাহা এযাবংকাল প্রতিরক্ষা বিধিসমূহের ১৬১ বিধি-অনুসারে কোনো শত্রু বা শত্রু নাগরিক বা শক্ত-ব্যবসাপ্রতিষ্ঠানের অধীনে রহিয়াছে অথবা কোনো শক্ত বা শক্ত নাগরিক বা শক্র-ব্যবসাপ্রতিষ্ঠানের পক্ষ হইতে সংরক্ষিত রাখা হইয়াছে বা ব্যবস্থাপনা করা ইইতেছে কিন্তু উদ্বান্ত-সম্পত্তি বলিতে যে-সকল সম্পত্তি বুঝাইবে সেইসকল সম্পত্তি শক্র-সম্পত্তি হইবে না। পাকিস্তানের তৎকালীন কেন্দ্রীয় সরকার ৩ জানুয়ারি ১৯৬৬ তারিখে ১১৯৯ বিজ্ঞপ্তিমলে প্রাদেশিক সরকারকে পাকিস্তান প্রতিরক্ষা বিধির ১৮২ বিধিতে প্রদত্ত ক্ষমতা-ব্যবহারের অনুমতি দিলে পূর্ব পাকিস্তানের গভর্নর ১৯৬৬ সালে East Pakistan Enemy Property (Land and Building) Administration and Disposal Order 1966 জারি করেন। এই আইনের ২ অনুচ্ছেদ-অনুসারে, শক্র সম্পত্তি বলিতে বুঝাইবে সেই সমস্ত ভূমি বা দালান যাহাকে পাকিস্তান প্রতিরক্ষা বিধিমালার ১৬৯(৪) বিধি-অনুসারে শত্রু- সম্পত্তি বলা হইয়াছে, তবে শত্রুদারা পরিচালিত ব্যবসাপ্রতিষ্ঠানকে শত্রু-সম্পত্তি বলা যাইবে না। উক্ত আইনের ৩ অনুচ্ছেদে শক্র-সম্পত্তি তত্ত্বাবধায়কের ক্ষমতা ও কার্যাবলি বর্ণনা করা হইয়াছে। ৪ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, সরকারের পূর্ব অনুমতি ব্যতীত তত্ত্বাবধায়ক সম্পত্তি হস্তান্তর বা বিক্রয় করিতে পারিবেন না কিন্ত এক বৎসরের অনধিককাল পর্যন্ত সময়ের জন্য ইজারা দিতে পারিবেন। ১৯৭২ সালের P.O.48 অনুসারে শত্রু-সম্পত্তি আইনটি উত্তরাধিকারসূত্রে বাংলাদেশে বলবৎ থাকে। ১৯৭৪ সালের অর্পিত ও অনাবাসী অধ্যাদেশ-অনুসারে শক্র-সম্পত্তিকে অর্পিত সম্পত্তি বলা হয়।

enforceable adj. বলবৎযোগ্য বিণ. যাহা বলবৎ বা কার্যকর করা যাইতে পারে।
enforcement action বলবৎকরণ-ব্যবস্থা জাতিসংঘ সনদের ৭ম অধ্যায় (ধারা ৩৯৫১)-অনুসারে যৌথ নিরাপত্তা বলবৎকরণের লক্ষ্যে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক
অনুমোদিত ব্যবস্থা। প্রকৃতপক্ষে ইহা আন্তর্জাতিক আইনে শক্তিপ্রয়োগের আইনি
সাহায্যের গুটিকয় ব্যবস্থার একটি। জাতিসংঘ সনদের ৪২ ধারার অধীনে বলবৎকরণব্যবস্থা তখনই ন্যায্য হইবে যখন সদস্য রাষ্ট্রগুলি তাহাদের সামরিক বাহিনীর
সদস্যদের জাতিসংঘের কর্তৃত্ব দিতে সন্মত হইবে। যদিও কেবল জাতিসংঘের ৪২

ধারা বলবংকরণ-ব্যবস্থাধীনে সদস্য-রাষ্ট্রগুলির সম্মিলিত অংশগ্রহণের তত্ত্ব রহিয়াছে, তবু বলিতে হইবে, এই ব্যবস্থার কথা জাতিসংঘ সনদের ৩৯ ধারায় সুস্পষ্টভাবে উল্লেখ করা হয় নাই। ৩৯ ধারাটি এতই বিশদ বিবরণপূর্ণ যে, ওই ধারায় অনুমোদিত অন্তর্নিহিত অর্থ ব্যবহার করিয়া নিরাপত্তা পরিষদ ওই সমস্যা অতিক্রম করিতে পারে এবং সদস্য-রাষ্ট্রগুলিকে স্বেচ্ছাপ্রণোদিতভাবে তাহাদের সেনাদলকে একটি সদস্য-রাষ্ট্রের যৌথ নিয়ন্তরণে কাজ করিতে কর্তৃত্ব দিতে পারে। এই ধরনের অন্তর্নিহিত ক্ষমতার উপর ভিত্তি করিয়া ১৯৫০ সালে কোরিয়াকে রক্ষা করিবার উদ্দেশ্যে ৩৯ ধারার অধীনে নিরাপত্তা পরিষদের বলবংকরণ-ব্যবস্থা ন্যায্যতা পায়।

enforcement notice বলবৎকরণ-বিজ্ঞপ্তি স্থানীয় পরিকল্পনা-সংস্থাকর্তৃক প্রচারিত বিজ্ঞপ্তি। এই বিজ্ঞপ্তিতে একটি নির্দিষ্ট সময়ের মধ্যে পরিকল্পনা-নিয়ন্ত্রণের কথিত লঙ্খনের প্রতিকারার্থে কিছু ব্যবস্থা নেওয়ার কথা বলা হইয়াছে। পরিকল্পনা কমিশনের অনুমতি ছাড়া উন্নয়ন কাজ চলিলে অথবা পরিকল্পনার অনুমতিসংশ্লিষ্ট পরিস্থিতির বিপরীত কিছু ঘটিলে উপরি-উক্ত লঙ্খনের কথা উঠে। স্থানীয় পরিকল্পনা কর্তৃপক্ষ পরিকল্পনার নিয়ন্ত্রণলঙ্খন বিষয়ে বিজ্ঞপ্তি দিয়া থাকে, তবে কর্তৃপক্ষ লঙ্খনের বিহুদ্ধে আইনি ব্যবস্থা বলবৎ করিবে কিনা তাহা কর্তৃপক্ষের ইচ্ছার উপর নির্ভ্রর বের। বিভিন্ন কারণে ওই বিজ্ঞপ্তির বিরুদ্ধে যথাযথ কর্তৃপক্ষের নিকট আবেদন জানানো যাইতে পারে। ইহার একটি কারণ হইল, যে-কোনো উনুয়নের জন্য উনুয়ন-পরিকল্পনার অনুমতি দেওয়া উচিত।

enforcement of judgment আদালতের রায় বলবংকরণ আদালতের নির্দেশসমূহ বলবৎ করিবার প্রক্রিয়াসমূহ। আদালতের রায়-অনুযায়ী অর্থ-পরিশোধের নির্দেশ বলবৎ করিবার বিভিন্ন পদ্ধতি রহিয়াছে। ইহাদের মধ্যে রহিয়াছে দেনা পরিশোধের জন্য দেনাদারের বিরুদ্ধে আদালতের পরওয়ানা (fieri facias) জারি; দেনাদারের নিকট ঋণগ্রন্ত কিংবা দেনাদারের অধমর্ণ তৃতীয় পক্ষের নিকট হইতে দেনা পরিশোধের জন্য ঋণদাতা কর্তৃক আদালতের আদেশলাভ (garnishee proceedings); ঋণের টাকা ও সুদ পরিশোধের প্রয়োজনে দেনাদারের অর্থ, জমি ও শেয়ার ইত্যাদি যাবতীয় সম্পত্তি জামানত হিসাবে থাকার জন্য আদালত হইতে ঋণদাতার আদেশ লাভ: একজন রিসিভার অর্থাৎ দেনাদারের পক্ষে ঋণের টাকা আদায়কারী নিয়োগ: সম্পত্তি-বাজেয়াগুকরণের আদালতি পরওয়ানা: দেওয়ানি রায় বলবং করিবার আদেশ ইত্যাদি। আদালত কখনো কখনো ঋণীর উপার্জন হইতে ঋণের টাকা কাটিয়া লওয়ার আদেশ দিয়া থাকেন। দাবিদারকে জমিদখলের রায় দখলি পরওয়ানাদ্বারা বলবৎ হয়; মালপত্রের দাবিদারকেও পণ্য-অর্পণের পরওয়ানা দেওয়া হয়। কোনো কর্ম হইতে বিরত থাকার রায় বলবং করা হয় আদালতের পরওয়ানা বা সম্পত্তি বাজেয়াপ্তকরণের নির্দেশ জারি কবিয়া ।

৩৬৩ ensure

enfranchise vb. ভোটাধিকার দান ১. নির্বাচনে ব্যক্তি বা ব্যক্তিবর্গকে ভোট দেওয়ার অধিকার দান। ২. কোনো এলাকার বা ওই এলাকার লোকদের প্রতিনিধিত্ব করিবার দান।

- enfranchisement of tenancy ভাড়াটিয়া হিসাবে ভোগদখলের অধিকার লাখেরাজ সম্পত্তি বা দীর্ঘ ইজারাধীন সম্পত্তি অর্জনের অধিকার। ইজারা যদি দীর্ঘ সময়ের জন্য হয় (২১ বৎসরের বেশি) এবং ইজারাধীন বাড়িটি যদি ভাড়াটিয়ার কমপক্ষে তিন বৎসরের স্থায়ী আবাস হিসাবে থাকে, তাহা হইলে ওই বাড়িটিতে ভাড়াটিয়ার ভোগদখলের অধিকার জানায়া যায়। ঘরবাড়িবিহীন কেবল খালি জামিতেই লাখেরাজ সম্পত্তির মৃল্য অথবা দীর্ঘ ইজারার ভাড়া নির্ধারিত হয়।
- engagement to marry বাগ্দান বি. ভবিষ্যতে কোনো পছন্দমতো তারিখে বিবাহঅনুষ্ঠান সম্পন্ন করিবার মৌখিক বা লিখিত চুক্তি। তবে এই চুক্তি এখন আইনি
 চুক্তিরূপে বলবৎযোগ্য নহে। এই চুক্তিভঙ্গের জন্য কিংবা বাগ্দান অনুষ্ঠানের খরচপত্র
 মিটানোর জন্য কোনো মামলা করা যাইবে না। বাগ্দানের আনুষ্ঠানিকতায় যে-আংটি
 দেওয়া হয় তাহা চিরকালের জন্য দেওয়া হয়; বাগ্দান ভাঙ্গিয়া গেলে এই আংটি
 ফেরত চাওয়া যাইবে না। বাগ্দানের দুইপক্ষের (বর ও কন্যার) সম্পত্তির অধিকার
 লইয়া (যেমন, বিবাহের উদ্দেশ্যে কোনো বাড়ি ক্রয় করিলে) উদ্ভূত প্রশ্ন বিবাহিত
 দম্পতির সম্পত্তির অধিকারবিষয়ক বিধি-অনুযায়ী মীমাংসিত হয়।
- English mortgage ইংলিশ বন্ধক যে-বন্ধকে বন্ধকদাতা একটি নির্দিষ্ট তারিখে বন্ধকের অর্থ পরিশোধ করিতে প্রতিশ্রুতিবদ্ধ হন এবং বন্ধকি সম্পত্তি সম্পূর্ণরূপে বন্ধকগ্রহীতার নিকট হন্তান্তরিত করেন। বন্ধকের অর্থ শোধ করিয়া বন্ধকদাতা সম্পত্তি পুনরুদ্ধার করিতে পারেন।
- engross n. প্রতিনিপি-প্রস্তুতকরণ মামলার পক্ষগুলির প্রয়োজনে কোনো দলিলের বা অন্যান্য আইন কাগজপত্রের শুদ্ধ প্রতিনিপি প্রস্তুত করা।
- enlarge vb. ১. বৃদ্ধি করা বা পাওয়া ক্রি. ২. হাজত বা বন্দিদশা হইতে মুক্ত করা ক্রি.।
- enrolment n. তালিকাভুক্তকরণ বি. কোনো বিধিবদ্ধ আইন বা সরকারি দলিলপত্র নিবন্ধন করিবার কাজ। নিবন্ধন করিবার গুই দলিল তালিকাভুক্ত হইবে। নিবন্ধন দফতরে দলিলপত্রাদি তালিকাভুক্ত করা বাধ্যতামূলক কাজ।
- ensure vb. নিশ্চিত করা, নিরাপদ করা, আশ্বন্ত করা ক্রি. নিরুদ্বেগ করা; নিঃসংশয়, সুনিশ্চিত বা নিরাপদ করা।

entailed interest %8

entailed interest বিক্রয়-অযোগ্য লব্ধ সম্পত্তির অংশ কোনো ব্যক্তির উত্তরাধিকারীদের মধ্যে সম্পত্তি এমন ন্যায়সংগতভাবে ভাগ করিয়া দেওয়া হয় যাহাতে উত্তরাধিকারীরা প্রাপ্ত অংশ বিক্রয় করিতে বা দান করিতে পারেন না।

- enter vb. নথিতে লিখিয়া রাখা ১. (চৌর্যবৃত্তির আইনে) চৌর্যবৃত্তির অণরাধে অভিযুক্ত কোনো ব্যক্তির বা অনুপ্রবেশকারীর অপকর্ম নথিতে কার্যকর ও ভালোভাবে লিপিবদ্ধ করিবার কাজ। তবে অপকর্মকারীর অবয়বগত খুঁটিনাটি লিপিভূক্ত করিবার প্রয়োজন নাই। ২. (ভূমি আইনে) entry into possession দ্র.।
- entering judgment রায় তালিকাভুক্তকরণ দেওয়ানি আদালত কর্তৃক কোনো মামলার রায়দানের পরে তাহা রীতিসম্মতভাবে নথিভুক্ত করিয়া রাথিবার পদ্ধতি। যুক্তরাজ্যে কুইন্স বেঞ্চ ডিভিশনে মামলার রায়লাভের জন্য মামলার পক্ষণ্ডলির নথিভুক্তির প্রয়োজন বহিয়াছে। মামলার পক্ষ নথিভুক্তির জন্য আদালতের প্রত্যয়নপত্র ও মামলার বিবরণ আদালতের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট উপস্থাপন করিবেন। কাউন্টি আদালতের ক্ষেত্রে আদালত নিজেই এইগুলি করেন এবং রায় নথিভুক্ত করিয়া রাখেন।
- entering upon reference প্রস্তাবিত বিষয়ে প্রবেশ যদি সালিশের পদ গ্রহণ করিয়া সালিশগণ সালিশ হিসাবে কিছু কর্তব্য পালন করেন, তবে তাঁহারা প্রস্তাবিত বিষয়ে প্রবেশ করেন। যদি তাঁহারা ত্রনানির প্রয়োজন বোধ করেন এবং ত্রনানির তারিখ ধার্য করিয়া সালিশি বিষয়ে কোনো নির্দেশ জারি করেন, তবে তাঁহারা সালিশের দায়িত্ব পালন করেন।
- entertainment n. আপ্যায়ন বি. বাসস্থান, জলখাবার, চর্ব্যচোষ্য ও বিনোদনের ব্যবস্থা। নাটক, চলচ্চিত্র, খেলাধুলা প্রভৃতি দৃষ্ট বা শ্রুত বস্তু যে-আনন্দ, শিক্ষা বা আমোদ-প্রমোদ জোগায়। সন্তোষবিধান ও অবসর-বিনোদন। অতিথি-সৎকার; আতিথ্যপূর্ণ অভ্যর্থনা; অতিথির প্রয়োজন মিটাইবার উপকরণাদি সরবরাহ। আনুষ্ঠানিক বা রোচিফু খানাপিনা; সম্ভোজন; প্রকাশ্যে অভ্যর্থনা।
- entice vb. প্রলুব্ধ করা, ফুসলানো ক্রি. কুকর্মে রত হইবার জন্য সন্মত করানো বা প্ররোচনা দেওয়া। ইহা একটি প্রাথমিক, সক্রিয় ও অন্যায় চেষ্টা নির্দেশ করিতে পারে। যেমন, একটি বিবাহিতা নারীকে প্রলুব্ধ করা।
- entitlement n. স্বত্বাধিকার বি. একটি আইনগত শর্ভপূরণের অব্যবহিত পরে
 মনজুরকৃত কোনো (সাধারণত আর্থিক) সুবিধাপ্রাপ্তির একটি নিরঙ্কুশ অধিকার।
 যেমন, সামাজিক নিরাপস্তার (social security) অধিকার।
- entity n. সন্তা বি. যে-বস্কুর একটি প্রকৃত অস্তিত্ব রহিয়াছে। ব্যক্তি, রিক্থ, ন্যাস ও সরকারি ইউনিট ইহার অন্তর্ভুক্ত।

- entrapment ফাঁদে ফেলা দোখী সাব্যস্ত করিবার অভিপ্রায়ে কোনো অপরাধ করিবার জন্য কাহাকেও ইচ্ছাপূর্বকভাবে ফাঁদে ফেলা। যেমন, কাহাকেও মাদকদ্রব্য কিনিতে বলা বা প্ররোচিত করা। ইংল্যান্ডের আদালত সাধারণত ফাঁদে আটকানোর মামলা গ্রহণ করে না। ১৯৮৪ সালের পুলিশ ও ফৌজদারি সাক্ষ্য আইনে (Police and Criminal Evidence Act 1984) ফাঁদে ফেলিবার কাজ সাক্ষ্যপ্রমাণের কিছু ক্ষেত্রে অগ্রহণযোগ্য হইবে; কারণ এইরূপ সাক্ষ্যগ্রহণ মামলার স্বচ্ছতার উপর এমন প্রভাব ফেলিবে যে, আদালতের তাহা গ্রহণ করা মোটেও সমীচীন হইবে না। ১৯৯৮ সালের মানবাধিকার আইন (Human Rights 1998) অনুযায়ী যেসব মামলার নিষ্পত্তি ঘটিবে সেইগুলির ক্ষেত্রে ফাঁদে ফেলিবার অপকর্মজাত সাক্ষ্যপ্রমাণের গ্রহণযোগ্যতার প্রশ্ন সন্দেহের সমুখীন হইবে। ফাঁদে আটকানোর অপকর্ম দণ্ডব্রাসের কারণরূপেও পরিগণিত হইতে পারে।
- entrustment n. ন্যন্তকরণ বি. অর্পণ বা প্রদান; গচ্ছিত রাখা। 'ন্যন্তকরণ' কথাটির একটি নিহিতার্থ এই যে, যে-ব্যক্তি কোনো সম্পত্তি হস্তান্তর করেন কিংবা যাঁহার পক্ষে ওই সম্পত্তি কাহারো নিকট হস্তান্তরিত হয়, তিনিই উহার মালিক হিসাবে বহাল থাকেন। অধিকন্তু, যিনি সম্পত্তি হস্তান্তর করেন, গ্রহীতার উপর তাঁহার এইরূপ আস্থা থাকিতে হইবে, যাহাতে উভয়ের মধ্যে একটা আস্থা বা বিশ্বাসাশ্রিত সম্পর্ক সৃষ্টি হয়।
- entry into possession জমিতে প্রবেশাধিকার জমির অধিকার আটকাইবার কাজ। দৃষ্টান্ত হিসাবে, ইজারাধীন জমির প্রজা যদি ভাড়া দিতে ব্যর্থ হন কিংবা চুক্তিভঙ্গ করেন, তাহা হইলে জমির মালিক জমিতে প্রবেশ করিতে পারিবেন এবং তাহা দখল করিয়া নিতে পারিবেন। কিন্তু জমির মালিক অর্থাৎ বন্ধকদাতা নিজেই যদি চুক্তির খেলাপ করেন, তাহা ইইলে তাঁহার নিকট ইইতে জমির দখল পুনরায় আদায় করিবার অধিকার বন্ধকগ্রহীতার রহিয়াছে। সাধারণত এই ধরনের প্রবেশাধিকার বলবৎ করা যায় না যদি না আদালত চুক্তি খেলাপকারী বন্ধকদাতাকে জমির দখল ছাডিয়া দিতে আদেশ দেন।
- entry without warrant পরওয়ানা ছাড়া প্রবেশ আইনি কর্তৃত্ব বা পরওয়ানা ছাড়া কোনো প্রাভিজনিক জায়গায় বা আঙ্গিনায় পুলিশ কর্মকর্তার প্রবেশ। ইহা সাধারণত বেআইনি, তবে ওই জায়গায় বা আঙ্গিনায় মালিকের সন্মতিসাপেক্ষে (সন্মতি প্রত্যাহারয়োগ্যও) প্রবেশ করা যায়। কিন্তু কিছু অপরাধীকে প্রেপ্তার করিবায় উদ্দেশ্যে এবং কোনো কোনো জায়গা তল্লাশি করিবায় প্রয়োজনে বিনা পরওয়ানায় প্রবেশ বিধিমতে অনুমোদিত। প্রকৃত বা অনুমিত শান্তিভঙ্গের আশঙ্কা থাকিলে সাধারণ আইনেও বিনা পরওয়ানায় প্রবেশের অনুমোদন রহিয়াছে। arrestable offence ও power of search দ্র.।

environment %%

environment n. পরিবেশ বি. ১৯৯৫ সালের পরিবেশ সংরক্ষণ আইনের ২(গ) ধারা-অনুসারে, পানি, বায়ু, মাটি ও ভৌত সম্পদ ও ইহাদের মধ্যে বিদ্যমান পারম্পরিক সম্পর্কসহ ইহাদের সহিত মানুষ, অন্যান্য প্রাণী, উদ্ভিদ ও অণুজীরের বিদ্যমান পারম্পরিক সম্পর্ক।

- environment pollutant পরিবেশদৃষক ১৯৯৫ সালের পরিবেশ সংরক্ষণ আইনের ২(ঙ) ধারা-অনুসারে, পরিবেশের জন্য ক্ষতিকর বা ক্ষতির সহায়ক হইতে পারে এমন কোনো কঠিন, তরল বা বায়বীয় পদার্থ এবং তাপ ও শব্দ বিকিরণও ইহার অন্তর্ভুক্ত হইবে।
- environment protection পরিবেশ-সংরক্ষণ ১৯৯৫ সালের পরিবেশ-সংরক্ষণ আইনের ২(ছ) ধারা-অনুসারে, পরিবেশের বিভিন্ন উপাদানের ওণগত ও পরিমাণগত মানের অবনতিরোধ।
- envoy n. দৃত বি. ১. কোনো বিশেষ উদ্দেশ্য নিম্পাদনার্থে কিংবা স্থায়ী কূটনৈতিক প্রতিনিধি হিসাবে কার্যনির্বাহের জন্য অন্য দেশে প্রেরিত একজন উচ্চপদন্ত কূটনীতিক। ২. একজন বার্তাবহ বা প্রতিনিধি।
- epistolary jurisdiction চিঠিপত্রসম্ভূত অধিক্ষেত্র ফন্টিনা পেরেরা বনাম রাষ্ট্র মামলার সিদ্ধান্ত-অনুসারে, চিঠিপত্রের মাধ্যমে সংবিধান লংঘন-সংক্রান্ত কোনো অভিযোগ পেশ করা হইলে ন্যায়বিচারের স্বার্থে হাইকোর্ট বিভাগ সেই বিষয়ে এখতিয়ার পরিচালনা করিতে পারেন। Faustina Pereira v. State 53 DLR 414 দে।
- EPZ (Export Processing Zone) ইপিজেড (এক্সপোর্ট প্রসেসিং জোন), রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চল ১৯৮০ সালের বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চল কর্তৃপক্ষ আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চল।
- equality before the law আইনের দৃষ্টিতে সমতা সংবিধানের ২৭ অনুচ্ছেদের প্রান্তিক ভাষ্য 'আইনের দৃষ্টিতে সমতা' কথাটির নিহিতার্থ এই নয় যে, একই রাষ্ট্রে সকল ব্যক্তি সমন্ধে একই আইন প্রয়োগ করা উচিত। ইহা অর্থনৈতিক ও সামাজিক বৃত্তিতে পার্থক্য লক্ষ করিতে কিংবা দেশের অর্থনৈতিক ও সামাজিক জীবনে রাষ্ট্রের হস্তক্ষেপ-বৃদ্ধির ক্রমবর্ধমান প্রবণতার দক্ষন বিশেষ আদালত বা ট্রাইব্যুনালের প্রয়োজনীয়তা অস্বীকার করে না। 'আইনের দৃষ্টিতে সমতা' বলিতে সকল মানুবের নির্ব্যূঢ় সমতা বুঝায় না, তবে ইহা স্বীকার্য বলিয়া গণ্য করে যে, জন্ম বা ধর্মবিশ্বাসের দক্ষন বা অনুরূপ কোনো কারণে কোনো ব্যক্তিকে কোনো বিশেষাধিকার প্রদান করা হইবে না।

৩৬৭ equal pay

equality clause সমতার ধারা কর্মসংস্থান চুক্তির একটি ধারা। ইহাতে বলা হইয়াছে যে, চাকুরিতে নিযুক্ত পুরুষ শ্রমিকের মতো একজন নারী শ্রমিক যদি ওই একই কাজে নিযুক্ত হন, অথবা সেই ধরনের কাজে নিযুক্ত হন যাহা সমজাতীয় বলিয়া গণ্য এবং যে-সব কাজ যাহা একই মূল্যবহ, তাহা হইলে তাঁহার চাকুরি-চুক্তির শর্তে প্রাপ্ত সুবিধাদি কোনোক্রমেই পুরুষের কাজের শর্তের অপেক্ষা ন্যূন হইবে না। যে-চুক্তিতে এই ধারা (হয় সরাসরি নয় সম্মিলিত মতের ফলে সৃষ্ট) নাই, সমান বেতনের আইন বিধির বলে তাহা অন্তর্ভুক্ত আছে বলিয়া গণ্য হইবে। কিন্তু এই ধারা নারীদের কর্মসংস্থান-সংশ্রিষ্ট কতিপয় সংবিধিবদ্ধ শর্তের ক্ষেত্রে (যেমন, স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে) অথবা তাঁহাদের প্রসৃতিকালীন ছুটিতে যাওয়ার অধিকারের উপর কোনো প্রভাব ফেলিবে না। equal pay ও sex discrimination দ্র.।

- equality is equity ন্যায়পরতাই সমতা ন্যায়পরতার একটি প্রবচন, যাহার মর্মকথা ইইল এই যে, সম্পত্তি-বিভাজনের অন্য কোনো ভিত্তি না থাকিলে সম্পত্তির অংশীদারেরা সকলেই সমান অংশ পাইবার অধিকারী।
- equality of opportunity সুযোগের সমতা সুযোগের সমতা বলিতে বুঝায় একই কর্মচারী-শ্রেণীর সদস্যদের মধ্যে সমতা, ভিন্ন ভিন্ন শ্রেণীর সদস্যদের মধ্যে সমতা বুঝায় না। সংবিধানের ২৯ অনুচ্ছেদ-অনুসারে, (১) প্রজাতন্ত্রের কর্মে নিয়োগ বা পদলাভের ক্ষেত্রে সকল নাগরিকের জন্য সুযোগের সমতা থাকিবে। (২) কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোনো নাগরিক প্রজাতন্ত্রের কর্মে নিয়োগ বা পদলাভের অযোগ্য হইবেন না কিংবা সেই ক্ষেত্রে তাঁহার প্রতি বৈষম্য প্রদর্শন করা যাইবে না। (৩) এই অনুচ্ছেদের কোনো কিছুই (ক) নাগরিকদের যেকোনো অনগ্রসর অংশ যাহাতে প্রজাতন্ত্রের কর্মে উপযুক্ত প্রতিনিধিত্ব লাভ করিতে পারেন, সেই উদ্দেশ্যে তাঁহাদের অনুকূলে বিশেষ বিধান-প্রণয়ন করা হইতে, (খ) কোনো ধর্মীয় বা উপ-সম্প্রদায়ণত প্রতিষ্ঠানে উক্ত ধর্মাবলম্বী বা উপ-সম্প্রদায়ভুক্ত ব্যক্তিদের জন্য নিয়োগ সংরক্ষণের বিধান-সংবলিত যে-কোনো আইন কার্যকর করা হইতে, (গ) যে-শ্রেণীর কর্মের বিশেষ প্রকৃতির জন্য তাহা নারী বা পুরুষের পক্ষে অনুপ্রোগী বিবেচিত হয়, সেইরূপ যে-কোনো শ্রেণীর নিয়োগ বা পদ যথাক্রমে পুরুষ্ব বা নারীর জন্য সংরক্ষণ করা হইতে রাষ্ট্রকে নিব্র করিবে না।
- equal pay সমান বেতন একই জাতীয় চাকুরি বা যেসব চাকুরি সমরূপ কিংবা সমমূল্যের বলিয়া পরিগণিত সেইওলির ক্ষেত্রে নারীপুরুষ-নির্বিশেষে সকলকে আবশ্যিকভাবে একই হারে বেতন দানের আইন রহিয়াছে। নারী ও পুরুষ যদি একই প্রতিষ্ঠানে কাজ করেন (অথবা একই প্রতিষ্ঠানের চাকুরিতে যদি একজনের সঙ্গে অন্যজন থাকেন) এবং তাঁহারা যদি একই নিয়োগকর্তা বা সহযোগী নিয়োগকর্তার অধীনে কাজ করেন, তাহা হইলে তাঁহারা একই চাকুরিতে কর্মরত রহিয়াছেন বলিয়া ধরিতে ইইবে। চাকুরিদাতা প্রতিষ্ঠান হইল সেইওলি যাহারা কর্মসংস্থানের অথবা

সংশ্লিষ্ট কর্মচারীদের চাকুরি বিধিমালা ও শর্ত নিয়মসম্মতভাবে পালন করে। সমরূপ চাকুরি বলিতে মোটা দাগে একইরকম চাকুরি বোঝায়, যেখানে পুরুষের কাজ আর নারীর কাজের মধ্যে কোনো পার্থক্য ধর্তব্য নহে। নিয়োগকর্তা যখন তাঁহার নিয়োগকৃত কর্মচারীদের মধ্যে দক্ষতা, পরিশ্রম, ক্ষমতা ও দায়িত্ববাধ প্রত্যাশা করিয়া তাঁহাদের মূল্যায়ন করিতে বসেন তখন সকলের কাজ একই বলিয়া গণ্য হয়। তখন নারীর কাজ আর পুরুষের কাজ সমতুল্য হইয়া যায়। যখন চাকুরিদাতা পরিকল্পনামতো তাঁহার কর্মচারীদের কাজ মূল্যায়ন করিতে পারেন না, তখন কর্মসংস্থান ট্রাইব্যুনাল নারী-পুরুষের কাজ সমতুল্যবহ কি না, তাহা যাচাই করিবার জন্য একজন বিশেষজ্ঞ নিয়োগ করেন। এইরূপ, যদি নিয়োগকর্তার চাকুরিয়াদের মূল্যায়ন-পদ্ধতি অথবা বিশেষজ্ঞের প্রতিবেদন নারীদের কাজকে পুরুষদের কাজের অনুরূপ গুরুত্বপূর্ণ বলিয়া স্বীকার করিয়া লয়, তাহা হইলে নারী ও পুরুষের কাজের প্রকৃতি অনেকটা ভিনুরকম হইলেও তাঁহারা সমান বেতন পাইবার অধিকারী। নিয়োগকর্তা কর্তৃক তাঁহার নিযুক্ত কর্মচারীদের কাজের মূল্যায়ন-পদ্ধতি একই রক্ম না হইলে, তাহার বিরুদ্ধে আদালতে মামলা করা যাইতে পারে। আধুনিককালে নারী ও পুরুষের মধ্যে কোনো বৈষম্য না করিয়া সমান বেতন দানের নীতি বহু দেশে অনুসূত হয়। এই নীতি অনুযায়ী নিয়োগদাতারা নারী-পুরুষ নির্বিশেষে সকল কর্মচারীর বিদ্যমান বেতন-কাঠামো ও বেতন-নীতি পর্যালোচনা করেন, সমান বেতনের নীতি প্রর্বতন করেন এবং এই নিক্চয়তা দেন যে, বেতন-কাঠামো ও বেতনের বিভিন্ন স্তরবিন্যাস একবারেই স্বচ্ছ: প্রচলিত কোনো নিয়ম নারী-পুরুষের বেতনের মধ্যে বৈষম্য সৃষ্টি করিয়া থাকিলে সেই নিয়মের পরিবর্তন করেন; বেতন পদ্ধতির চলমান ব্যবস্থার মধ্যে যাহাতে অন্যায় কিছু না ঘটে তাহা সবসময়ে দেখিবার জন্য নিয়ম প্রতিষ্ঠা করেন এবং পরুষ কর্মচারীর বেতন-কাঠামোর মধ্যে কোনো বৈষম্য আছে কিনা তাহা নির্ধাবণ করেন।

equal protection of the laws আইনের সমান আশ্রয় 'সমান আশ্রয়ে'র অর্থ এই যে, আইনের প্রয়োগে কোনো যদৃচ্ছ বৈষম্য করা হইবে না। অনুরূপ অবস্থাপন্ন ব্যক্তিগণের একই আইনের দ্বারা শাসিত হওয়া উচিত। তিনু তিনু অবস্থাপন্ন ব্যক্তির জন্য তিনু তিনু আইন ইহার দ্বারা নিষিদ্ধ হয় না।

equal treatment সমান চোখে দেখা রোম চুক্তিতে এই ধারা সন্নিবেশিত ইইয়াছে যে, ইউরোপীয় ইউনিয়নভুক্ত কোনো একটি রাষ্ট্রের নাগরিকেরা যখন ইউরোপীয় ইউনিয়নভুক্ত কোনো একটি রাষ্ট্রের নাগরিকেরা যখন ইউরোপীয় ইউনিয়নভুক্ত আরেকটি রাষ্ট্রে কাজ করিতে যান, তখন ওই রাষ্ট্রের শ্রমিকেরা যে-রকম মর্যাদা ও সুযোগ-সুবিধা পাইয়া থাকেন, ঠিক একই রকমভাবে তাঁহারাও সমান মর্যাদা ও সুযোগ-সুবিধা লাভ করিবেন। শ্রমিকেরা ইউরোপীয় ইউনিয়নের সর্বত্ত যাওয়া- আসা করিতে পারিবেন এবং তাঁহাদের বেতন, সামাজিক নিরাপত্তা এবং কর- সুবিধাদির ক্ষেত্রে কোনোরকম বৈষম্য থাকিতে পারিবে না। equal pay দ্র.।

- equitable adj. ন্যায়সংগত বিণ. ১. ন্যায়পরতা আইন-অনুসারে স্বীকৃত বিধি। এই বিধি সাধারণ আইন অথবা সংবিধিবদ্ধ ও ন্যায়পরতা আইন উভয় ক্ষেত্রে ব্যবহৃত কতিপয় ধারণার পার্থক্য-নির্ণয়ের জন্য প্রয়োগ করা হয়। দৃষ্টান্ত হিসাবে, স্বত্নিয়োগ ও বন্ধক আইনসন্মত অথবা ন্যায়সংগত উভয়ই হইতে পারে। ২. আদানত কর্তৃক স্বীকৃত কোনো অধিকার বা ধারণা। ৩. যাহা ন্যায্য, স্বচ্ছ ও যুক্তিযুক্ত।
- equitable assignment ন্যায়সংগত স্বত্বনিয়োগ assignment দ্ৰ.।
- equitable charge ন্যায়সংগত অধিকার ঋণ ও অন্যান্য দায় হইতে অব্যাহতি পাইবার জন্য নির্ধারিত সম্পত্তির ক্ষেত্রে সৃষ্ট ন্যায়সংগত অধিকার। সম্পত্তিতে বা জমিতে ন্যায়সংগত অধিকার প্রতিষ্ঠার জন্য বিধিবদ্ধ কোনো ভাষারূপ নাই; এই ক্ষেত্রে সুস্পষ্ট অভিপ্রায় যথেষ্ট। equitable mortgage ও general equitable charge দ্র.।
- equitable estate ন্যায়সংগত ভূসম্পত্তি ভূসম্পত্তিতে আদালত কর্তৃক স্বীকৃত অধিকার। ইহা প্রথানুগ আদালতে স্বীকৃত আইনসন্মত ভূসম্পত্তি হইতে ন্যায়সংগত ভূসম্পত্তিতে আইন অধিকার হিসাবে বিবেচনা করা হয়, কিন্তু ইহা আরও নমনীয় হইতে পারে। ভূসম্পত্তির আইনে নানা পরিবর্তন ঘটিয়াছে। এখন ন্যায়সংগত ভূসম্পত্তি কথাটি ব্যবহারিক দিক হইতে যথাযথ নয়। estate দ্র.।
- equitable estoppel ন্যায়সংগত প্ৰতিবন্ধক বা বাধা estoppel দ্ৰ. ৷
- equitable execution ন্যায়সংগতভাবে রায় বলবৎকরণ রায় বলবৎকরণের অধিকারী পক্ষ সাধারণ পদ্ধতিতে সন্তুষ্ট না হইলে, ন্যায়সংগতভাবে সেই রায় বলবৎকরণের উপায়। দৃষ্টান্ত হিসাবে, রায় বলবৎকরণের অধিকারী পক্ষ বিবাদীর সম্পত্তির ব্যবস্থাপনার জন্য একজন রিসিভার বা প্রতিনিধি নিয়োগ করিতে পারেন, অথবা তিনি সম্পত্তির কাজ-কারবার হইতে বিবাদীকে বিরত রাখিতে আদালতের নিষেধাজ্ঞা জারি করাইতে পারেন। রায় কার্যকর করিতে এইসব প্রতিবিধান আদালতের দেওয়া সাহায্য হিসাবে বিবেচিত।
- equitable interests জমিজমায় ন্যায়সংগত স্বত্বাধিকার প্রথমাবধি জমিজমায় বা সম্পত্তিতে আদালত কর্তৃক স্বীকৃত স্বত্বাধিকার। ইহা প্রথানৃগ আইনের আদালত কর্তৃক স্বীকৃত স্বত্বাধিকার। ইহা প্রথানৃগ আইনের আদালত কর্তৃক স্বীকৃত বৈধ স্বত্বাধিকার হইতে সম্পূর্ণ পৃথক। জমিজমায় ব্যক্তির বৈধ অধিকার বলবৎ করিবার ক্ষেত্রে ন্যায়পরতা নীতি অনুসৃত হয় না। প্রথম হইতে ন্যায়্য অধিকারসমূহ (একটি ন্যাস অথবা বন্ধকে দায়মোচনসংক্রান্ত ন্যায়পরতা) বিবাদপূর্ণ সম্পত্তির বৈধ অধিকারীর বিরুদ্ধে বলবৎযোগ্য ছিল। পরবর্তীকালে সম্পত্তির বৈধ অধিকারী যাঁহাদেরকে সম্পত্তি দিয়াছেন তাঁহারা প্রদন্ত অধিকারকে ন্যায়সংগত অধিকারের বিষয় করিয়া নেয়। আরও পরে, যাঁহারা ন্যায়সংগত অধিকারের কথা

জানিয়াও সম্পত্তি ক্রয় করিলেন, তাঁহারা ওই অধিকারের শর্তাবদ্ধ হইলেন। পূর্ণতর আইনে, প্রত্যেকেই ন্যায়সংগত অধিকারসাপেক্ষে সম্পত্তি কিনিলেন; ব্যতিক্রম কেবল, ন্যায়সংগত অধিকারের বিষয়টি না জানিয়া না বুঝিয়া যাঁহারা জমি কিনিলেন। বহুদিন ধরিয়া বিদ্যমান ন্যায্য স্বত্বাধিকার জমির বিক্রয়লবদ্ধ মূলধনি অধিকারদ্বারা সংবক্ষিত।

equitable lease ন্যায়সংগত ইজারা বৈধ ইজারার সহিত সংগতিপূর্ণ শর্তে জমাজমিতে স্বত্যাধিকারলাভের জন্য চুক্তি। কিন্তু ইহা বৈধ ইজারার প্রয়োজনীয় আনুষ্ঠানিক শর্তের সঙ্গে সংগতিপূর্ণ নহে। দৃষ্টান্ত হিসাবে, 'ক' যদি 'খ'-কে সাত বৎসরের জন্য জমির ইজারা দিতে চান, কিন্তু লেনদেন যদি আনুষ্ঠানিক দলিল ঘরা না হইয়া সাধারণ লিখিত চুক্তির ভিত্তিতে হইয়া থাকে, তখন আদালত দুইপক্ষের মধ্যে ইজারাদানের চুক্তি বলবৎ করিতে পারেন। এইরকম অবস্থার ভিত্তি হইন, যেভাবে ন্যায়পরতা আইন হওয়া উচিত ঠিক সেই নীতিতে ইহা বলবৎ করা হইয়াছে। চুক্তিমতে 'খ'-য়ের অধিকার সম্পত্তির চুক্তিরূপে নিবদ্ধিত হইতে পারে এবং এই চুক্তি জমিতে 'ক'-য়ের স্বত্যাধিকার পাইতে আগ্রহী তৃতীয় পক্ষকে শর্তাবদ্ধ করিবে। maxims of equity দ্র.।

equitable lien ন্যায়সংগত পূর্বস্বত্ব lien দ্র.।

- equitable mortgage ন্যায়সংগত বন্ধক, দলিল জমা রাখিয়া বন্ধক ঋণগ্রহীতা যেক্ষেত্রে নিজের স্থাবর সম্পত্তির দলিলাদি ঋণদাতার নিকট জমা দিয়া ঋণ গ্রহণ করেন।
 এমন এক বন্ধক যাহাতে বন্ধকগ্রহীতা জমিতে বৈধ অধিকার লাভ করেন। ন্যায়সংগত
 বন্ধক নিম্নরূপে সম্ভব হয় : ১. যদি জমিতে বন্ধকদাতার ন্যায়সংগত স্বত্তাধিকার থাকে,
 তবেই কেবল তিনি ন্যায়সংগত বন্ধক দিতে পারেন। দৃষ্টান্ত হিসাবে, ভূমি-ন্যাসের
 অধীনে কোনো হিতপ্রাহী কর্তৃক জমির বন্ধক ন্যায়সংগত হইতে পারে। ২. যদি
 বন্ধকের কাজ দলিলের সাহায্যে সম্পন্ন হয় (ইহা বৈধ বন্ধকের শর্তা)। এই ধরনের
 বন্ধকের চুক্তি অবশ্যই লিখিত হইতে হইবে।
- equitable presumptions ন্যায়পর প্রাক্প্রতায় কোনো কোনো মামলার ন্যায়পরতাসৃষ্ট প্রাক্প্রতায়। ইহার প্রধান দৃষ্টান্ত হইল অবশ্যদ্রাবী ন্যাসের প্রাক্প্রতায়, উন্নতির প্রাক্প্রতায় এবং সমতার প্রাক্প্রতায়। equity দ্র.।
- equitable remedies ন্যায্য প্রতিকার কোনো অন্যায়কর্মের প্রতিকারার্থ ন্যায়পরতা ইইতে উপায়। ইংল্যান্ডে যেহেতু প্রথম হইতে বৈধ প্রতিকারের এখতিয়ার ছিল অত্যন্ত সীমিত, সেইজন্য ন্যায়পরতা হইতে প্রতিকারের প্রভূত ব্যবস্থা সৃষ্টি হইয়াছে। এই প্রতিকার ব্যবস্থাগুলোর কিছু কিছু স্ববিবেচনামূলক। এই ক্ষেত্রে মামলার পক্ষগুলির আচরণ, বিশেষ করিয়া দাবিদারের আচরণ বিবেচনায় নেওয়া হয়। এখন প্রধান প্রধান

o93 equity

ন্যায়্য প্রতিকার ব্যবস্থা হইল নির্দিষ্ট প্রতিজ্ঞা পালন, প্রত্যাহার, বাতিলকরণ, সংশোধন, হিসাবদান, নিষেধাজ্ঞা আরোপ এবং সম্পত্তি দেখাগুনার জন্য একজন রিসিভার নিয়োগ। এই প্রতিকারসমূহ হাইকোর্টে কিংবা কতিপয় ক্ষেত্রে, কাউন্টি আদালতগুলিতেও প্রার্থনা করা যাইতে পারে। এইগুলি বৈশিষ্ট্যের দিক হইতে এখনও স্ববিবেচনামূলক, যদিও স্ববিবেচনা প্রায়শ প্রতিষ্ঠিত ধারায় প্রয়োগ করা হয়। clean hands দ্র.।

equitable title ন্যায়সংগত স্বত্ব কোনো স্বত্ব বা আইনগত অধিকারের মালিকের উহা নিজের অনুকূলে হস্তান্তর করিবার অধিকার।

equity n. ন্যায়পরতা বি. ১. কোনো কোনো দেশের আইনব্যবস্তা দীর্ঘ ঐতিহ্যের মধ্য দিয়া গড়িয়া উঠিয়াছে; যেমন, ইংল্যান্ডে। প্রথম অবধি ইংরাজের আইন রাজা কর্তৃক নিযুক্ত চাম্পেলরের দারা এবং পরে চানসারি-আদালতের (court of chancery) দারা প্রযুক্ত হইয়াছে। ইহা সাধারণ আইনের আদালতের আইন হইতে সম্পূর্ণ পৃথক। সাধারণ আইন কতিপয় আইনি ধারণার (আচরণ ও বিশ্বাসপ্রসূত) খীকৃতি দেয় নাই এবং ইহাতে ক্ষতিগ্রস্ত লোকদের প্রতিকারের উপায় ছিল সীমিত এবং আইন অনেকাংশে অনমনীয় ছিল: কারণ ইহা মূলত ক্ষতির প্রতিকারের দিকটি বেশি করিয়া দেখিত। মধ্যযুগে ইংল্যান্ডে রাজার নিকট আবেদন করিয়া বিচার প্রার্থনা করা হইত । রাজা মামলারত পক্ষগুলির আবেদন চাঙ্গেলরের নিকট পাঠাইয়া দিতেন। প্রধান বিচারপতি আইনের কঠোর বিধি পালনের অপেক্ষা বিচারের ন্যায়ানুগতা পানিত হইতেছে কি না, তাহা ভালো করিয়া দেখিতেন। ইংল্যান্ডে প্রথানুগ বিচারব্যবস্থা থাকিলেও রাজকীয় বিচারব্যবস্থার কর্তৃত্বই ছিল প্রধান। তবে এই বিচারব্যবস্থায়ও ন্যায়পরতা, নীতি সবসময়ে গুরুত্ব পাইয়াছে এবং তৎকালে অনুসূত ন্যায়পরতা নীতির কিছু কিছু মতবাদ এখনো বহাল আছে। সাধারণ আইনের আদালতে যখন কোনো প্রতিকার দেওয়া সম্ভব হইত না, তখন ন্যায়ের স্বার্থে ক্ষেত্রবিশেষে চান্সেলরের কোর্ট বা ইকুইটি আদালতে ন্যায়পর আইন বা ইকুইটি বিধানে বিচার করা হইত। উনিশ শতকের শেষার্ধে রাজকীয় বিচারপতির পদ লুপ্ত হয় এবং হাইকোর্ট প্রতিষ্ঠিত হয়। হাইকোর্টের বিচারকার্য পরিচালনায় প্রথানুগ সাধারণ আইন ও ন্যায়পরতা আইন দুই-ই অন্তর্ভুক্ত। ওই বিচার-আইনে এই ব্যবস্থা উন্মুক্ত হইল যে, যদি আইনের শাসনে ও ন্যায়পরতা আইনে কোনো বিরোধ বাধে, তাহা হইলে ন্যায়পরতা আইনই বহাল থাকিবে। এখন ন্যায়পরতা আইনের প্রধান ক্ষেত্রগুলো হইল ন্যাস, সম্পত্তিতে ন্যায়ানুগ স্বত্বাধিকার, বাজেয়াপ্তি ও শান্তির ভয় হইতে স্বন্তিদানের উপায় নির্ধারণ এবং ন্যায়সংগত প্রতিকার-ব্যবস্থা। এইভাবে ন্যায়পরতা আইনকে বলা যায় বৈধ মূলনীতির নিয়ন্ত্রিত বিধিবিধান। অবশ্য এখন ন্যায়পরতা আইনের উনুয়ন ঘটিতেছে; ইহার বাস্তবিক উদাহরণ হইল বিবাদীর

equity capital

৩৭২

সম্পত্তি আটকাইয়া রাখা এবং হাইকোর্ট কর্তৃক তল্লাশির আদেশের ব্যবস্থা। ২.
ন্যায়সংগত অধিকার বা দাবি, বিশেষ করিয়া ন্যায্য স্বজাধিকার বা দায়মোচনসংক্রান্ত
ন্যায়বিচার অথবা কেবল ন্যায়পরতা। ৩. দায়সীমিত কোম্পানির সাধারণ শেয়ার।

`equity share দ্র.।

- equity capital উদ্যোক্তা মূলধন ইকুইটি বা সাধারণ শেয়ারসপ্তাত মূলধন।
- equity of redemption বন্ধকের দায়মোচন-সংক্রান্ত ন্যায়পরতা বন্ধকি সম্পত্তির উপরে বন্ধকদাতার অধিকার, বিশেষ করিয়া সম্পত্তির দায়মোচনের অধিকার। ইহা ঋণের মূল টাকা, সুদ, খরচপত্র ইত্যাদি প্রদানসাপেক্ষে বন্ধকদাতাকে যে-কোনো সময়ে, এমনকি বন্ধকি দলিলে উক্ত দায়মোচনের চুক্তির শেষ তারিখের পরেও, দায়মোচনের অধিকারে দিয়া থাকে। তখন বন্ধক খালাসের অধিকারে বাধা অপসারিত হয়, কিছু পরিস্থিতিতে বন্ধকদাতার অধিকারেরও অবসান ঘটে।
- equity share ইকুইটি শেয়ার, সাধারণ শেয়ার অগ্রাধিকারযুক্ত শেয়ারের লভাংশ বন্টনের পর অবশিষ্ট মুনাফা হইতে এই শ্রেণীর শেয়ারে লভাংশ দেওয়া হয়। কাম্পানির বিলোপসাধনের সময়েও বাড়তি মূলধনের অংশ হইতে অগ্রাধিকারযুক্ত শেয়ারহোন্ডারদের দাবি মিটাইবার পর সাধারণ বা ইকুইটি শেয়ারের মালিকদের তাহা দেওয়া হয়। সংঘ-বিধি দারা এই শ্রেণীর শেয়ার-মালিকদের অধিকার এবং দায়-দায়িত্ব নির্দিষ্ট করা হয়।
- error n. ভূপ বি. রায়দানে আইনের ভূল বা আদালতের আদেশদানে ভ্রন্তি, অথবা আইনি কার্যধারায় কিছু পদ্ধতিগত ক্রুটি। ইংল্যান্ডে পূর্বে নিম্ন আদালতের কার্যবিধির রেকর্ডসমূহে কিছু ভূলভ্রান্তি আছে কি না, তাহা পর্যালোচনার জন্য উচ্চ আদালতের প্রেরণের নির্দেশ ছিল। পরবর্তীকালে দেওয়ানি ও ফৌজদারি উভয় আদালতে এই রীতি বিলুগু করা হইয়াছে। এখন উহার স্থলাভিষিক্ত হইয়াছে 'আপিল' নামক আধুনিক পদ্ধতি। appeal দ্র.।
- error of fact তথ্যঘটিত ভূল যাহা স্পষ্টত বিদ্যমান, তাহার সম্বন্ধে অজ্ঞতাপ্রসূত কিংবা যাহা নাই, তাহার অস্তিত্ব সম্বন্ধে একটা ভ্রান্ত বিশ্বাস হইতে উদ্ভূত একটি ভূল। fact দ্র.।
- error of law **আইনঘটিত ভূল** তথ্যের জ্ঞাত অস্তিত্ব বা অনস্তিত্বের আইনগত পরিণতি সম্বন্ধে অজ্ঞতা ইহার অন্তর্ভুক্ত।
- error of law on the face of the record নথিতে স্পষ্ট আইনি ভূল মামলার কোনো সিদ্ধান্তে পৌছাইতে নিম্ন আদালত বা ট্রাইব্যুনালকৃত আইনের ভূল। এই ভূল উক্ত আদালতের কার্যধারার নথিতে স্পষ্ট প্রতীয়মান। বৈচারিক পর্যালোচনার

কার্যধারাতে হাইকোর্ট বাতিলকরণ আদেশের প্রতিকার ব্যবস্থাদারা নিম্ন আদালতের সিদ্ধান্ত রদ করিতে পারেন; ব্যতিক্রম কেবল চুক্তির বলে ক্ষমতাপুষ্ট ঘরোয়া সালিশি সভার ক্ষেত্রে।

৩৭৩

- escape n. পলায়ন বি. বৈধ প্রহরা ইইতে পলায়ন করিবার অপরাধ। এই প্রহরা কোনো কারাগার বা থানা হইতে পারে, এমনকি একটি খোলা জায়গাও ইইতে পারে। পলাতককে নৃতনভাবে অভিযুক্ত করিবার প্রয়োজন নাই যদি তাঁহার আটকাবস্থা বৈধ হয় (ওই ব্যক্তি অভিরিক্ত মাত্রায় মদ খাইয়াছেন কিনা তাহা পরীক্ষার জন্যও তাঁহাকে আটক করা হইতে পারে এবং এই জাতীয় আটকাবস্থা বৈধ)। আটক ব্যক্তির পলায়ন করিবার যে-কোনো অপপ্রয়াসই অপরাধ। ইহা ছাড়া কোনো বন্দিকে পলাইয়া যাওয়ার জন্য অনুযতিদানও অপরাধ। কেহ যদি সত্য সত্যই বৈধভাবে কোনো ভবনে আটকাবস্থায় থাকেন, তাহা হইলে ওই ভবন হইতে তাঁহার পলাইয়া যাওয়ার ঘটনা ভিন্ন একটি অপরাধ হইবে।
- escape clause নিস্তারক দফা চুক্তির যে-অনুচ্ছেদ অনুযায়ী একটি পক্ষ সুনির্দিষ্টভাবে উল্লিখিত অবস্থায় চুক্তির শর্তপালনে নিবৃত্ত হইতে পারে। বিশেষত বিমাপত্রের একটি বনুচ্ছেদ, যাহা বিমাকারীকে কেবল অন্য প্রচ্ছাদনের (coverage) অনুপস্থিতিতে প্রচ্ছাদন দেওয়ার নির্দেশ প্রদান করে।
- escaped assessment অনবেক্ষিত কর-নির্ধারণ মূল কর-নির্ধারণে করারোপযোগ্য আয় হিসাব করিবার সময়ে করদাতাকে অনাদেয় ব্যক্তিগত খরচাদি বাবদ অন্যায় সূবিধাদান। 'অনবেক্ষিত কর-নির্ধারণে'র অন্তর্ভুক্ত মোট ক্রয়বিক্রয়ের যে-অঙ্কের উপর আদৌ কোনো কর ধার্য করা হয় নাই, কেননা, যে-কোনো কারণে কর-নির্ধারণের কোনো উদ্যোগ গ্রহণ করা হয় নাই এবং সেইহেতু কোনো করও ধার্য করা হয় নাই।
- escheat n. রাষ্ট্রানুগামিতা বি., উইল বা ইচ্ছাপত্র না করিয়া এবং উত্তরাধিকারী না রাখিয়া কেহ মৃত্যুবরণ করিলে তাঁহার সম্পত্তি রাষ্ট্রে বর্তায় বা রাষ্ট্রীয় মালিকানার অন্তর্ভুক্ত হয়। ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বস্ত্ব আইনের ৯১(১) ধারা-অনুসারে কোনো রায়ত উইল বা ইচ্ছাপত্র না করিয়া এবং তাঁহার প্রতি প্রযোজ্য আইন-অনুসারে, কোনো উত্তরাধিকারী না রাখিয়া মৃত্যুবরণ করিলে তাঁহার জোত-সম্পত্তিতে তাঁহার স্বার্থ লুপ্ত হয় এবং সেই সম্পত্তি রাষ্ট্রে বর্তায়।
- escrow n. শর্তসাপেক্ষ দলিল deed দ্র.। espionage n. গুপ্তচরবৃত্তি বি. spying দ্র.।

espousal of claim প্রতিকারদাবির সমর্থন কোনো প্রজা বা নাগরিকের পক্ষে তাহার দুঃখ-দুর্দশার প্রতিকারার্থ রাষ্ট্রকর্তৃক গৃহীত কার্যক্রম। exhaustion of local remedies দ্র.।

essence of a contract চুক্তির সারাৎসার condition দ্র.।

- essential adj. ১. অপরিহার্য বিণ. অপরিহার্যভাবে প্রয়োজনীয়; সর্বোচ্চমাত্রায় গুরুত্বপূর্ণ; কোনো কিছুর টিকিয়া থাকিবার জন্য বা অব্যাহত অন্তিত্বের জন্য আবশাক।
 - ২. সারগত বিণ. কোনো কিছুর নির্যাস বা গুরুত্বপূর্ণ গুণাবলি সম্পর্কিত-সুনির্দিষ্ট প্রতিকার আইনের ১৬(খ) ধারা ও চুক্তি আইনের ২০ ধারা।
- estate n. ভূসস্পত্তি, জমিদারি মহাল, খারিজা তালুক বি. ১. (ইংল্যান্ডের ভূমি আইনে) কোনো ব্যক্তির ভূসম্পত্তি বা জমির মালিকানার বৈশিষ্ট্য ও স্থিতিকান। উত্তরাধিকারযুক্ত সম্পত্তিতে ফলপ্রসূভাবে নিরদ্ধশ মালিকানা থাকে। কয়েক বছরের শর্তে অধিকৃত বা সারা জীবনের জন্য প্রাপ্ত সম্পত্তি হইল ইজারাধীন সম্পত্তি। সম্পত্তি আইন-অনুসারে উত্তরাধিকারযুক্ত ভূসম্পত্তিতে বা নাখেরাজ সম্পত্তিতে মালিকের দখন হইল নিরস্কুশ। ইজারাধীন ভূসম্পত্তিও সম্পূর্ণভাবে বৈধ সম্পত্তিরূপে থাকিতে পারে। অন্য সকল ধরনের মালিকানা, যেমন সারাজীবনের সম্পত্তি অর্থাৎ উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পত্তির মালিক হওয়া যায় পিতা বা অভিভাবকের মৃত্যুর পরে, এই সম্পত্তি অবশ্যই ন্যায়সংগত। ২. (ইংল্যান্ডের রাজস্ব আইনে) ব্যক্তির স্বত্ব-ভোগাধিকার রহিয়াছে, এমন সকল সম্পত্তির সমষ্টি। বহির্ভৃত সম্পত্তির মধ্যে রহিয়াছে অধিকাংশ ভাবীস্বত্ববিশিষ্ট সম্পত্তি এবং কিছু বিদেশি সম্পত্তি। ব্যক্তির মৃত্যুর পর ধার্য করের জন্য এইগুলি হিসাব করা যায় না। inheritance tax দ্র.। ৩. বাংলাদেশের ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বতু আইনের ২ ধারার ১১ উপধারায় সাধারণত কালেকটরের রেজিন্টারের একই তালিকাভুক্ত ভূমিকে estate বলা হইয়াছে। জমিদারি ভূসম্পত্তি অথবা মহাল বনিতে আপাতত বনবং আইন-মোতাবেক কোনো একটি জেলার কালেক্টর কর্তৃক প্রণীত এবং রক্ষিত রাজস্ব প্রদেয় এবং লাখেরাজ ভূমির সাধারণ তৌজি নিবন্ধন-তালিকার অন্তর্ভুক্ত ভূমি এবং তদ্রূপ তৌজি নিবন্ধন-তালিকাবহির্ভূত সরকারের খাসমহালসমূহ এবং লাখেরাজ ভূমিসহ সিলেট জেলার নিমোক্ত ভূমিকে বুঝায় : যে-ভূমির জন্য তাৎক্ষণিকভাবে অথবা পরবর্তী সময়ে ভূমিরাজস্ব প্রদানের উদ্দেশ্যে একটি ভিন্ন চুক্তি সম্পাদিত হইয়াছে; যে-ভূমির জন্য রাজস্ব হিসাবে একটি পৃথক অঙ্কের অর্থ প্রদান করিতে হয় অথবা নির্ধারিত হইয়াছে, যদিও অন্ধ্রপ অঙ্কের অর্থ প্রদানের জন্য সরকারের সহিত কোনো পৃথক চুক্তি সম্পাদিত হয় নাই; যে-ভূমি সাময়িকভাবে লাখেরাজ মহাল হিসাবে ডেপুটি কমিশনারের তৌজি নিবন্ধন-তালিকার অন্তর্ভুক্ত নহে; এবং যে-জমিতে সম্পূর্ণরূপে সরকারি সম্পত্তি

৩৭৫ estoppel

হিসাবে ১৮৮৬ সালের আসাম ভূমি ও রাজস্ব রেগুলেশনের চতুর্থ অধ্যায়ে উল্লিখিত বিধান মোতাবেক প্রণীত রাজস্ব প্রদেয় এবং লাখেরাজ মহালের সাধারণ তৌজি নিবন্ধন-তালিকায় পৃথকভাবে অন্তর্ভুক্ত করা হইয়াছে।

- estate agent ভূসম্পত্তির দালাল যে-ব্যক্তি সম্পত্তির ক্রেতা ও বিক্রেতা উভয়ের মধ্যে যোগাযোগ করাইয়া দেন। ইংল্যান্ডে এই ধরনের ব্যক্তি কোনো পেশাজীবী সংগঠনের সদস্য হইতে পারেন; কিন্তু তাঁহাকে অবশ্যই যে-কোনো ঘটনায় আইনানুযায়ী মঙ্কেলদের নিকট হইতে প্রাপ্ত জমা টাকা সংরক্ষণের জন্য বিমা করিতে হইবে। আইন-অনুসারে জমির দালালদের ক্ষেত্রে সম্পত্তির কাজকারবারে কোনো মিথ্যা বা বিদ্রান্তিমূলক বিবরণদান নিষিদ্ধ। এই ধরনের বিবরণদান আইনত দওনীয়, ইহার জন্য জেল-জরিমানাও হইতে পারে।
- estate contract ভূসম্পত্তির চুক্তি যে-চুক্তির দারা জমির মালিক বৈধ সম্পত্তি সৃষ্টি করিতে বা প্রদান করিতে সম্মত হন। যেমন, তিনি ইজারা দিতে চুক্তি করিতে পারেন অথবা জমি বিক্রয় করিতে পারেন অথবা তিনি জমিক্রয়ের বৈধ ব্যবস্থা করিতে পারেন। এই চুক্তি জমির ক্রেতাকে ন্যায়সংগত স্বত্ত্বাধিকার দিয়া থাকে। ইংল্যান্ডে অনুরূপ চুক্তি নিবন্ধিত তৃতীয় পক্ষের ক্ষেত্রে বলবৎযোগ্য হয়। registration of encumbrances দ্র.।
- estate duty ভূসম্পত্তির কর কাহারো মৃত্যুর পরে তাঁহার সম্পত্তির মূল্যের উপর হিসাবকৃত কর। এখন ইহা অপ্রচলিত।
- estate of years নির্দিষ্ট সময়ের ভূসম্পত্তি একটি নির্দিষ্ট সময় ব্যাপিয়া জমির মালিকানা থাকা।
- estate owner জমির মালিক বৈধ ভূসম্পত্তির মালিক।
- estoppel n. ১. স্বন্ধার্যজনিত বাধা সাক্ষ্যবিষয়ক আইন অথবা আইনের শাসন যাহা কোনো ব্যক্তিকে প্রদন্ত বিবরণের সত্যতা কিংবা যেসব তথ্য তিনি জানেন সেইওলি অস্বীকার করিতে বাধা দিয়া থাকে। তাঁহার অস্বীকৃতি অন্য ব্যক্তির কারণেও হইতে পারে (সম্ভবত তাঁহার অসুবিধা করিয়া)। সেই ব্যক্তি বাধাদানের সুবিধা নিতে চান কিংবা ততক্ষণে তাঁহার অবস্থানের পরিবর্তন ঘটিয়া গিয়াছে। স্বকার্যজনিত বাধার নানা ধরন রহিয়াছে— আচরণদ্বারা স্বকার্যজনিত বাধার (আদালতের বাহিরে) সৃষ্টি হয় যখন স্বকার্যজনিত বাধাপ্রও মামলার পক্ষ কোনো বিবৃতি দান করে অথবা অপর পক্ষকে কোনো বিশেষ ঘটনা বিশ্বাস করিবার জন্য প্রণোদনা সৃষ্টি করে। দলিল বা লেখ্য দ্বারা সৃষ্ট স্বকার্যজনিত বাধা কোনো ব্যক্তিকে তাঁহার লেখ্যপ্রমাণে বিবৃত ঘটনা বা তথ্য— যাহা সত্য নহে— তাহা বলিতে বাধা দিয়া থাকে। তথ্যবিবরণী দ্বারা

estoppel on

প্রতিবন্ধক কোনো ব্যক্তিকে পূর্ববর্তী আইনি কার্যধারায় যাহা তাঁহার বিরুদ্ধে সান্য হইয়া গিয়াছে তাহা পনরায় উত্থাপন হইতে বিরত রাখে। ন্যায্য বাধার দুইটি রণ রহিয়াছে : একটি প্রতিশ্রুতিজ্ঞাপক, অন্যটি স্বত্যাধিকারমূলক। প্রতিশ্রুতিজ্ঞাপক বাধা প্রযোজ্য হয় ওই অবস্থায় যখন চুক্তির একপক্ষ তাঁহার কথায় বা আচরণে অন্যপক্ষকে এই প্রতিশ্রুতি দেন যে, চুক্তিমতে তাঁহার সম্পূর্ণ বা আংশিক অধিকার তিনি প্রয়োগ করিবেন না। তবে শর্ত হইল এই, কাজটি বিবেচনাপ্রসূত না হইলেও ওই প্রতিশ্রুতি বজায় রাখিয়া তিনি কাজটি করিবেন, প্রতিশ্রুতিপ্রাপ্ত পক্ষ এই শর্তে আবদ্ধ থাকিকে এবং পরে ওই একই পক্ষকে চুক্তি লইয়া মামলা করিতে দেওয়া হইবে না। প্রযোজ হইলে বলা যাইতে পারে যে, এই মতধারা মৈত্রী ও সন্তুষ্টি বিষয়ক প্রথানুগ আইনের ধারার পরিবর্তন সাধন করে। স্বত্যাধিকারমূলক বাধার মতবাদ-অনুযায়ী, এইরকম একটি পরিস্থিতির সৃষ্টি হয় যখন জমির মালিক অন্যলোককে জমির অধিকার পাইকে বলিয়া আশ্বাস দিয়া অসংগত ও অনিষ্টকর কাজ করিতে প্ররোচিত করেন। আদালত কর্তৃক ইহার প্রতিবিধান হইল, আদালত ভাবিয়া চিন্তিয়া একদিকে উত্তরাধিকারযুক সম্পত্তির বিহিত করিবেন, অন্যদিকে জমিতে স্বপ্লকালীন দখলাধিকারের অনুমোদন দিবেন। issue estoppel দ্র.। ২. স্বীকৃতির বাধা বা প্রতিবন্ধক সাধারণত ইহার অর্থ হইতেছে, যাহা একবার স্বীকার করিয়া লওয়া হয় তাহা অস্বীকার করিবার বাধা। ইহা সাধারণত দেওয়ানি কার্যবিধির *রেস জুডিকাটার* অনুরূপ। সাক্ষ্য আইনের ১১৫ ও ১১৬ ধারাতে প্রতিবন্ধক সম্পর্কে বর্ণনা করা হইয়াছে। ১১৫ ধারায় বলা হইয়াছে, যখন কোনো ব্যক্তি তাঁহার ঘোষণা, কর্ম বা কর্মবিরতি-দ্বারা স্বেচ্ছায় অন্য ব্যক্তিকে কিছু সত্য বলিয়া বিশ্বাস করাইয়াছেন বা বিশ্বাস করিতে দিয়াছেন এবং সেই বিশ্বাসের ভিত্তিতে কাজ করিতে দিয়াছেন তখন তাঁহাদের মধ্যে বা তাঁহাদের প্রতিনিধিদের মধ্যে কোনো মামলায় প্রথমোক্ত ব্যক্তি বা তাঁহার প্রতিনিধি উক্ত বিষয়ের সত্যতা অস্বীকার করিতে পারেন না। প্রতিবন্ধক কার্যকর করিতে হইলে নিম্নলিখিত উপাদান থাকিতে হইবে : (ক) যাঁহার বিরুদ্ধে কার্যকর প্রতিবন্ধক চাওয়া হইতেছে তিনি বা তাঁহার যোগ্য প্রতিনিধি ঘোষণা, কর্ম বা কর্মবিরতি করিয়াছিলেন। (খ) কিন্তু পরে ওই ব্যক্তি কিংবা তাঁহার যোগ্য প্রতিনিধি এমন কোনো দাবি উত্থাপন বা প্রমাণের প্রয়াস করিলেন যাহা উহার পূর্ববর্ণিত ঘোষণা প্রভৃতির পরিপন্থী। (গ) মূল ঘোষণা প্রভৃতির দারা প্রতিবন্ধক-উত্থাপনকারী পক্ষ কিছু করিতে প্রভাবিত হইয়াছিলেন। (ঘ) ঘোষণা প্রভৃতির দারা প্রভাবিত হইয়া দ্বিতীয় ব্যক্তি তাঁহার পূর্ব অবস্থার পরিবর্তন ঘটাইয়া কিছু কাজ করিয়াছিলেন। (ঙ) মূল ঘোষণা প্রভৃতি দ্বিতীয় ব্যক্তি বা তাঁহার প্রতিনিধির নিকট করা হইয়াছিল। সাধারণত কোনো ব্যক্তি কোনো সম্পত্তির মালিক বলিয়া অন্য ব্যক্তির বিশ্বাসস্থাপন করিয়া উক্ত সম্পত্তি হস্তান্তর করিবার পরে, প্রকৃতপক্ষে তিনি ওই সম্পত্তির মালিক হইলে বিক্রয়কালে তিনি সম্পত্তির মালিক ছিলেন না বলিয়া বিক্রয় অস্বীকার করিতে পারেন না। কোনো ব্যক্তির পরম্পরবিরোধী বক্তব্য গ্রহণীয় নহে, ইহাই উপেলের মূলনীতি। উপেল আইনকে নস্যাৎ করিতে পারে না এবং উপেল স্পষ্ট হইতে হইবে। রেস জুডিকাটা ও উপেলের নীতি ফৌজদারি মামলায় প্রযোজ্য নহে। Akram Hossain Mondol v. Bangladesh 31 DLR 127 দ্র.।

- Estrada doctrine এস্ত্রাদা মতবাদ এই মতবাদ-অনুযায়ী, কোনো সরকারকে উহার বাস্তব অন্তিত্বের ভিন্তিতে স্বীকৃতি দেওয়া উচিত, কেবল বৈধতার ভিন্তিতে নহে। এই মতবাদের হোতা হইলেন মেক্সিকোর পররাষ্ট্রমন্ত্রী ডন জেনারো এস্ত্রাদা। তাঁহার নামেই মতবাদটির নাম হইয়াছে। ১৯৩০ সালে তিনি মেক্সিকোর কূটনীতিকদের এই আদেশ দিলেন যে, কোনো সরকারের স্বীকৃতিজ্ঞাপক কোনো ঘোষণা তাঁহারা যেন না দেন। তিনি মনে করেন, ইহা একটি অপমানজনক কাজ এবং ইহা অন্য দেশগুলির সার্বভৌমত্বের বিরুদ্ধে অন্যায় ও বেআইনি আচরণ। ১৯৮০ সালে যুক্তরাজ্ঞা, যুক্তরাষ্ট্র ও অন্য রাষ্ট্রগুলি এস্ত্রাদা মতবাদ গ্রহণ করিয়াছে। Tobar Doctrine তু.।
- ethics n. শ্রেয়োনীতি, নীতিশান্ত বি, নীতিসম্মত কার্য, আচরণ, অভিপ্রায় বা চরিত্র। নৈতিক অনুভূতি, কর্তব্য বা আচরণ। নৈতিকতা-সম্পর্কিত জ্ঞান।
- ethnic cleansing বর্ণন্ডদ্ধি বি., ক্ষুদ্র জাতিগোষ্ঠীর ধ্বংসসাধন কোনো অঞ্চলবিশেষের অধিবাসী সংখ্যালঘু জনগোষ্ঠী বা জাতি বা ধর্মীয় সম্প্রদায়ভুক্ত নরনারীকে বলপ্রয়োগে ওই অঞ্চল হইতে বিতাড়ন বা উৎখাত বা শুদ্ধিকল্পে নিপীড়ন। ethnic minority দ্র.।
- ethnic minority ক্ষুদ্র জাতিগোষ্ঠী একটি রাষ্ট্রের সমগ্র জনসংখ্যার মধ্যে ক্ষুদ্র কোনো জাতিগোষ্ঠী। ইহার অন্তর্ভূক ব্যক্তিগণ অবশ্যই উক্ত রাষ্ট্রের নাগরিক এবং দেশের সংখ্যাগুরু জনগোষ্ঠীর তুলনায় যাঁহাদের পৃথক সাংস্কৃতিক ও ভাষাগত স্বাতন্ত্র্য রহিয়াছে। তাঁহারা দেশের জনগণের অন্তর্ভূক বটে, কিছু তাঁহাদের মধ্যে এমন একটি সংহতি ও ঐক্য রহিয়াছে, যাহার বলে তাঁহারা নিজেদের সামাজিক প্রথা ও আচরণ, ধর্ম ও ভাষা সংরক্ষণ করিতে সচেষ্ট থাকেন। জনগরিষ্ঠতার জোরে রাষ্ট্রের ক্ষুদ্রতর জাতিগোষ্ঠীকে ধ্বংস করিবার বা উন্মূলিত করিবার যে-কোনো অপপ্রয়াস মানবতার বিরুদ্ধে অপরাধ। এই অপরাধ রোধ করিতে অবশ্যই মানবতাবাদী হস্তক্ষেপের প্রয়োজন রহিয়াছে। war crimes দ্র.।
- euthanasia n. যন্ত্রণাহীন মৃত্যু করুণাহেতু কোনো দ্রারোগ্য, বিশেষত যন্ত্রণাদায়ক, রোগে আক্রান্ত ব্যক্তির প্রাণহরণ বা মৃত্যু-সংঘটন; উক্তরূপ প্রাণহরণের রীতি। এইরূপ সৃখমৃত্যু আইনের দৃষ্টিতে কখনো কখনো দ্বিতীয় মাত্রার খুন, নিমখুন বা অপরাধমূলক নরহত্যা বলিয়া বিবেচিত হয়।
- evacuee property উদ্বাস্তু-সম্পত্তি কোনো ব্যক্তি বাস্তুত্যাগ করিতে বাধ্য হইলে তাঁহার সম্পত্তি। অছি বা হিত্যাহী হিসাবে হস্তগত সম্পত্তিও ইহার অন্তর্ভুক্ত।

evasion ৩৭৮

evasion n. ফাঁকি বি. ছল বা ব্যপদেশের দ্বারা পরিহার।

eviction n. উচ্ছেদ বি. দখলাবস্থা হইতে কোনো ভাড়াটিয়াকে কিংবা অন্য কোনো দখলদারকে উচ্ছেদ করার কাজ। উচ্ছেদ আইন-অনুযায়ী কোনো আবাদের দখলদারকে আদালতের আদেশ ছাড়া উচ্ছেদ করা একটি ফৌজদারি অপরাধ। কোনো আবাদিক দখলদারকে হয়রানির মাধ্যমে জায়গা ছাড়িয়া দিতে পীড়াপীড়ি করিবার কাজও অপরাধ। ইহা একটি প্রতিষ্ঠিত সত্য যে, উচ্ছেদ হওয়া বন্ধকর্মহীতা শান্তিপূর্ণভাবে তাঁহার দখল পুনরুদ্ধার করিতে পারেন; ইহার জন্য আদালতের আদেশের প্রয়োজন নাই। অনেক ভাড়াটিয়ার সংবিধিবদ্ধ রক্ষা-ব্যবস্থা থাকে, তখন বাড়ির মালিককে আদালতে প্রমাণ করিতে হয় যে, তাঁহার বাড়ির দখল লইবার যথোপযুক্ত ভিত্তি আছে। ইংল্যান্ডের গৃহায়ণ আইন-অনুযায়ী, অবৈধ উচ্ছেদের জন্য ভাড়াটিয়া ক্ষতিপূরণ দাবি করিতে পারেন। ভাড়াটিয়া পাশের বাড়ির কাহাকেও হয়রানি করিলে আদালত তাঁহার বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারেন, এমনকি তাঁহাকে উচ্ছেদ করিতে পারেন। harassement of occupier দ্র.।

evidence n. সাক্ষ্যপ্রমাণ বি. কোনো ঘটনা বা তথ্যের অন্তিত্ব বা অনন্তিত্ব প্রমাণের জন্য সাক্ষ্যের প্রয়োজন রহিয়াছে। প্রামাণিক সাক্ষ্য, তথ্যগত সাক্ষ্যপ্রমাণ, প্রকৃত সাক্ষ্যপ্রমাণ এবং প্রয়োজনসাপেক্ষে শ্রুণিত সাক্ষ্যপ্রমাণও ইহার অন্তর্ভুক্ত। সাক্ষ্য আইনের মধ্যে সকল তথ্য ও প্রমাণ হাজির করিবার যাবতীয় নিয়ম অন্তর্ভুক্ত, বিশেষ করিয়া যে-সকল সাক্ষ্য গ্রহণ করা হইবে কিংবা বাদ দেওয়া হইবে সেইগুলিও ইহার অন্তর্ভুক্ত। আদালতে যে-ঘটনার বিষয়ে বিচার অথবা তদন্ত হইয়াছে, সে-সম্পর্কে সাক্ষীর যেসব বিবৃতি দেওয়ার জন্য আদালত অনুমতি দেন অথবা তাহার যে-সমন্ত বিবৃতি আদালতের প্রয়োজন হয়, ওই সমন্ত বিবৃতিকে বলা হয় মৌখিক সাক্ষ্য। যে-সকল দলিল আদালত কর্তৃক পরিদর্শনের জন্য উপস্থাপন করা হয়, তাহাকে বলা হয় দালিলিক সাক্ষ্য।

evidence in rebuttal খণ্ডনীয় সাক্ষ্যপ্রমাণ কোনো মামলায় প্রদন্ত সাক্ষ্যপ্রমাণ খণ্ডন করিবার জন্য যে-সকল পালটা সাক্ষ্যপ্রমাণ দেওয়া হয়। খণ্ডনীয় সাক্ষ্যপ্রমাণের গ্রাহ্যতার ব্যাপারে কিছু বিধিনিষেধ রহিয়াছে। দৃষ্টান্ত হিসাবে খণ্ডনীয় সাক্ষ্যপ্রমাণ যদি সহায়ক প্রশ্ন-সম্পর্কিত হয়, যেমন, সাক্ষীর বিশ্বাসযোগ্যতার প্রমাণ সম্পর্কে, তখন তাহা এই বিধিনিষেধের অধীন হইবে।

evidence in writing লিখিত সাক্ষ্য unenforceable contract দ্ৰ.।

evidence obtained illegally বেজাইনিভাবে প্রাপ্ত সাক্ষ্যপ্রমাণ আইনবিরুদ্ধ উপায়ে প্রাপ্ত সাক্ষ্যপ্রমাণ। প্রথানুগ আইনে, যদিও বেআইনিভাবে সাক্ষ্যগ্রহণ (যেমন, বিনা পরওয়ানায় কোনো অঙ্গনে অনুসন্ধান করিয়া) অগ্রাহ্য ছিল না, কিন্তু আদালত তাঁহার ক্ষমতাবলে ওই সাক্ষ্যপ্রমাণ বাদ দিতেও পারিতেন। ইংল্যান্ডের ১৯৮৪ সালের পুলিশ ও ফৌজদারি সাক্ষ্য আইনে এই ব্যবস্থা রহিয়াছে যে, যে-সাক্ষ্যপ্রমাণের উপর অভিযোগকারী নির্ভর করিতে চাহেন, তাহা গ্রহণ করিলে যদি কার্যধারার ন্যায্যতা বিঘ্রিত হইবার আশঙ্কা থাকে, তবে আদালতের তাহা গ্রহণ করা উচিত নহে।

evidence of character চারিত্রিক সাক্ষ্যপ্রমাণ character দ্র.।
evidence of disposition বিশেষভাবে প্রদন্ত সাক্ষ্য disposition দ্র.।

evidence of identity অভিযুক্তকে শনাক্ত করিবার সাক্ষ্য এই জাতীয় সাক্ষ্য আসামির শনাক্তি প্রমাণ করিতে চাহে। এই শনাক্তি প্রত্যক্ষ সাক্ষ্যের ভিত্তিতে হইতে পারে (যদি তাহা মতপ্রকাশজনিত সাক্ষ্যও হয়), অথবা পারিপার্শ্বিক সাক্ষ্যপ্রমাণের ভিত্তিতেও ইইতে পারে। কোনো সাক্ষীর আদালত-বহির্ভূত গৌণ সাক্ষ্যও (যেমন, তিনি আসামিকে আদালতের বাহিরে দেখিয়াছেন) তাঁহার প্রদত্ত সাক্ষ্যের প্রমাণরূপে গৃহীত হইবে। ফৌজদারি মামলাগুলিতে শনাক্তি-সাক্ষ্য যদি সম্পূর্ণত বা আংশিকভাবে চাক্ষুষ শনাক্তির উপরে নির্ভর করে, তাহা হইলে ওই সাক্ষ্যপ্রহণ করিয়া লওয়ার ব্যাপারে জ্বিকে বিশেষভাবে সতর্ক করিয়া দিতে হইবে। বিচারক জ্বির সদস্যদের নিকট সাক্ষ্য-সমর্থনের প্রশ্নুটি তুলিয়া ধরিবেন। ফৌজদারি মামলায় এই প্রসঙ্গটি ফৌজদারি সাক্ষ্য-আইনের যথাযোগ্য বিধি-অনুযায়ী বিহিত করিতে হইবে। কার্যবিধি ও ইহার বিধিরক্ষার্থ আনুযদিক ব্যবস্থাদি অনুসরণে ব্যর্থ হইলে আসামির শনাক্তি-সাক্ষ্য অগ্রহণযোগ্য হইবে।

evidence of opinion মতামত-সাক্ষ্য opinion evidence দ্ৰ.।

evidence of user ব্যবহারকারীর সাক্ষ্য চুক্তিভুক্ত দলগুলির সাক্ষ্যরীতি। কতিপয় সীমিতসংখ্যক পরিস্থিতিতে সুনির্দিষ্ট কিছু দায়-দায়িত্বের পরিপ্রেক্ষিতে মামলারত পক্ষগুলির মধ্যে বিবাদ-মীমাংসায় সাহায্যকল্পে ব্যবহারকারীর সাক্ষ্য গ্রহণযোগ্য। যেমন, চুক্তির কথাগুলির মধ্যে অস্বচ্ছতা থাকিলে কিংবা মৌখিক চুক্তি ও লিখিত চুক্তির মধ্যে পার্থক্যের অভিযোগ উঠিলে তাহা দূর করিতে ইহা সাহায্য করে।

evidentiary value of photo, film and recorded conversation ক্যামেরা ও রেকর্ডে ধৃত ছবি ও কথাবার্তার সাক্ষ্যমূল্য কোনো পুলিশ বা আইন-প্রয়োগকারী বাহিনীর সদস্য বা অন্য কোনো ব্যক্তি ২০০০ সালের জননিরাপত্তা (বিশেষ বিধান) আইনে বর্ণিত কোনো অপরাধসংঘটন বা সংঘটনের প্রস্তুত্মিহণ বা উহা সংঘটনে সহায়তা-সংক্রান্ত কোনো ঘটনার চলচ্চিত্র বা স্থিরচিত্র ধারণ বা গ্রহণ করিলে বা কোনো কথাবার্তা বা আলাপ-আলোচনা টেপ রেকর্ড বা ডিঙ্কে ধারণ করিলে উক্ত চলচ্চিত্র বা স্থিরচিত্র বা টেপ বা ডিঙ্ক উক্ত অপরাধের বিচারে সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য হইবে।

exact adj., v. ১. নির্ভূল বা শুদ্ধ বিণ. যথাযথ, যথার্থ। ২. জ্বোরপূর্বক আদায় করা ক্রি. অর্থ বা মূল্যবান কোনো কিছু প্রদানে জোর করা বা বাধ্য করা। জোরপূর্বক ছিনাইয়া লওয়া। 'জোরপূর্বক আদায় করা' বলিতে ন্যায্য পাওনা আদায়ে জোরানো দাবি উত্থাপন বা কোনো ন্যায্য উপায়ে জোর করা বুঝাইতে পারে। যেমন, উর্ম্বতন কর্মকর্তার প্রতি সম্মানপ্রদর্শনে কঠোরতা আরোপ করা। আর 'জোরপূর্বক ছিনাইয়া লওয়া। বলিতে বুঝায় যাহা পাওনা নয় এইরূপ কিছু অন্যায়ভাবে বলপ্রয়োগ করিয়া ছিনাইয়া লওয়া। আবার, 'জোরপূর্বক আদায়' বলিতে সরকারি বা প্রশাসনিক অবিচার অর্থাৎ কোনো পদাধিকারীকর্তৃক তাঁহার পদের বা ক্ষমতার অপব্যবহার করিয়া তাঁহাকে কোনো অর্থ বা মূল্যবান দ্রব্য প্রদান করিতে কোনো সাধারণ ব্যক্তি বা ব্যক্তিগণকে বাধ্য করাও বুঝায়। যেমন, পুলিশ, বিচারক বা অন্য কোনো প্রশাসনিক কর্মকর্তা কর্তক ঘুস গ্রহণ।

- ex aequo et bono সদাচরণ ও সুবিবেক-অনুযায়ী সদাচরণ ও সুবিবেক-অনুযায়ী অর্থাৎ ন্যায়পরতার ভিত্তিতে মামলার মীমাংসা। প্রবাদটি সেই রীতি-প্রাসন্দিক যাহার সাহায্যে আন্তর্জাতিক ট্রাইব্যুনাল প্রথানুগ আইনে নহে, বরঞ্চ বিবদমান পক্ষণ্ডলির জন্য ন্যায্য ও সুবিচারপূর্ণ রীতিতে কোনো মামলার প্রসঙ্গে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারেন। আন্তর্জাতিক আদালতের সংবিধির ৩৮(২) ধারা বিবদমান দুই পক্ষের সম্মতির ভিত্তিতে সদাচরণ ও সুবিবেক-অনুযায়ী বিবাদের মীমাংসা করিতে কর্তৃত্ব দিয়া থাকেন, যদিও এই ভিত্তিতে এখন পর্যন্ত আদালত কোনো মামলার রায় দেন নাই।
- examination n. জবানবন্দি বি. শপথ গ্রহণ করাইয়া কিংবা প্রতিজ্ঞাপূর্বক
 সাক্ষ্যগ্রহণ। সাক্ষী আদালতে সরাসরি জিল্ঞাসাবাদ, জেরা, পুনঃজেরা ইত্যাদির
 সম্মুখীন হন। কোনো কোনো ক্ষেত্রে সাক্ষীকে আদালতের শুনানির আগেই জবানবন্দি
 ও জেরা করা হয়। যেমন, কমিশনে গৃহীত সাক্ষ্য commission দ্র. ।

examined copy পরীক্ষিত অনুলিপি abstract of title দ্ৰ.।

- excepted perils বর্জিত ঝুঁকি বিমাপত্রের নিয়মানুযায়ী ক্ষতিপূরণের ব্যবস্থা হইতে বর্জিত সুস্পষ্ট ঝুঁকি।
- exception n. ১. আপত্তি বি. কোনো বক্তব্য বা হলফনামার বিরুদ্ধে আপত্তি উথাপন। ২. ব্যতিক্রম বি. দলিলের কোনো ব্যতিক্রমী শর্ত যাহার দারা কোনো বিষয় হস্তান্তর করণে বাধার সৃষ্টি করে এবং যাহার অবর্তমানে সেই বিষয়টি হস্তান্তরে কোনো বাধা থাকে না।
- excess n. অভিরেক বি. যথাযথ সীমা অভিক্রম করা; খাদ্য বা পানীয় গ্রহণে অসংযম; যে-পরিমাণ বা সংখ্যার দ্বারা কোনো ব্যক্তি অপর কোনো ব্যক্তিকে অভিক্রম করেন; সঠিক বা যুক্তিসংগত সীমা বা পরিমাপ লচ্ছান বা অভিক্রম করিবার অবস্থা। কোনো ক্ষমতা ব্যবহারের ক্ষেত্রে আইনের নিয়ম বা ক্ষমতার সীমা যে-পরিমাণে লচ্ছিত হয়।
- excessive force অত্যধিক বলপ্রয়োগ পরিস্থিতির বিবেচনায় অযৌক্তিক বা অপ্রয়োজনীয় শক্তিপ্রয়োগ।
- exchange n. বিনিময় বি. সম্পত্তি-হস্তান্তর আইনের ১১৮ ধারা-অনুসারে, দুই ব্যক্তি যখন পরস্পর একের একটি জিনিসের মালিকানার বদলে অপরের একটি জিনিসের মালিকানার বদলে অপরের একটি জিনিসের মালিকানা হস্তান্তর করেন তখন উহাদের কোনো একটি জিনিস অর্থ না ইইলে বা উভয় জিনিসই কেবল অর্থ হইয়া থাকিলে উক্ত লেনদেনকে বিনিময় বর্লা হয়। সম্পত্তি-বিক্রয়ের ব্যাপারে যে-পদ্ধতিতে হস্তান্তর করা হইয়া থাকে কেবল সেই পদ্ধতিতেই বিনিময় সম্পন্ন করা যাইতে পারে। বিনিময়কে সাধারণত এওয়াজও বলা হয়। বিনিময় তথু স্থাবর সম্পত্তির বেলাতেই সীমাবদ্ধ নহে। ইহা জমিজমা ছাড়া অন্যান্য দ্রব্যসামগ্রীর ক্ষেত্রেও প্রযোজ্য। হস্তান্তরিত দ্রব্যসামগ্রীর একতরফ যদি টাকা হয় তাহা হইলে ওই হস্তান্তর বিনিময় নয়, উহা বিক্রয়। বিনিময়ের ক্ষেত্রেও সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৪ ধারা ও রেজিন্ট্রেশন আইনের ১৭ ধারার বিধান প্রযোজ্য হইবে। অর্থাৎ একশত টাকার অধিক মূল্যের স্থাবর সম্পত্তি বিনিময় করিলে অবশ্য রেজিন্ট্রি দলিলে করিতে হইবে। সম্পত্তি-হস্তান্তর আইনের ১২০ ধারায় বিনিময়ের পক্ষবৃন্দের অধিকার ও দায় সম্পর্কে বলা হইয়াছে। বিক্রেতা ও ক্রেতার যে-দায়দায়িত্ব, বিনিময়ের পক্ষদের উপরও অনরূপ দায়-দায়িত্ব প্রযোজ্য।
- exchange of contracts চুক্তি-বিনিময় জমির ক্রেতা জমি-বিক্রয়ের চুক্তিপত্রে স্বাক্ষর করিয়া থাকেন এবং জমির বিক্রেতাও ওই চুক্তিপত্রের অবিকল প্রতিনিপি স্বাক্ষর করেন এবং উভয়ের মধ্যে ওই চুক্তিপত্রের বিনিময় হয়। ইহাই চুক্তি-বিনিময় এই অবস্থায় চুক্তিটি ক্রেতা-বিক্রেতা দুই পক্ষের জন্য বৈধ চুক্তিতে পরিণত হয়। ইহার ফলে ক্রেতা জমিতে ন্যায়সংগত অধিকার লাভ করেন।

- exchange of medical reports চিকিৎসা-প্রতিবেদন-বিনিময় ব্যক্তিগত আঘাতজনিত মামলায় চিকিৎসা-প্রতিবেদন হাজির করিতে হয় এই আশায় য়ে, মামলায় গুনানির আগে ওই প্রতিবেদন মানিয়া লওয়া হইবে এবং ইহায় ফলে মামলায় সময় ও খরচ বাঁচিবে। সংশ্লিষ্ট মামলায় গুনানির সময়ে চিকিৎসা-প্রতিবেদনের উপয় নির্ভর করিতে হইবে, এই অভিপ্রায়ে তাহা দেওয়া আবশ্যিক। অবশ্য প্রতিবেদন প্রকাশ না করিবায় ব্যাপারে আদানতের অনুমতি না মিলিলে ভিন্ন কথা। মামলায় সহিত য়ুক্ত ভিন্নপক্ষকে, যেমন, হাসপাতাল কর্তৃপক্ষকে, মামলায় প্রয়োজনে চিকিৎসা-প্রতিবেদন প্রকাশ করিতে আদেশদানের ক্ষমতা আদালতের রহিয়াছে।
- exchange pegging বিনিময়-হার স্থির রাখা দেশীয় মুদ্রার বিনিময়-হারের উঠানামা প্রতিহত করিবার জন্য তাহাকে মুক্তভাবে রূপান্তরযোগ্য কোনো বিদেশি মুদ্রার সহিত সংযুক্ত করিবার প্রক্রিয়া।
- exchange position বিনিময়-অবস্থা কোনো একটি নির্দিষ্ট বৈদেশিক মুদ্রার মোট ক্রয় এবং বিক্রয়ের বিয়োগফল।
- exchange rate বিনিময়-হার বি. যে-হারে বিভিন্ন মুদ্রার পরিবর্তন বা বিনিময় হয়।
- Exchange Rate Mechanism বিনিময়-হার-ব্যবস্থা ইউরোপীয় মুদা ব্যবস্থা (European Monetary System) নামক সংস্থার একটি অংশ বা উপাদান। এই ব্যবস্থায় অংশগ্রহণকারী রাষ্ট্রগুলির কেন্দ্রীয় ব্যাংক তাহাদের মুদ্রাকে ইউরোপীয় মুদ্রামান কর্তৃক নির্ধারিত কেন্দ্রীয়ভাবে হারের উপরে (সর্বোচ্চ হার) বা নিচে (নিম্নতম হার) উঠানামা করিতে অনুমোদন দিতে পারে না। ইউরোপীয় মুদ্রা ইউনিয়নের (EMU) পূর্ণতাদানের পূর্বসূচক হিসাবে এই ব্যবস্থা করা হইয়াছে। বিনিময়-হার-ব্যবস্থা মুদ্রাগুলির স্থায়িত্বের নিশ্চয়তা প্রতিষ্ঠার লক্ষ্যে উহাদের মধ্যে সম্পর্ক স্থাপন করিয়াছে। ১৯৯৯ সাল হইতে ইউরোপীয় রাষ্ট্রগুলি ইউরোপীয় ব্যাংকের তত্ত্বাবধানে 'ইউরো' মুদ্রাভিত্তিক দ্বিতীয় বিনিময়-হার-ব্যবস্থায় (ERM II) যোগ দিয়া থাকে।
- exchange risk বিনিময়-ঝুঁকি দেশীয় মুদ্রা এবং বৈদেশিক মুদ্রার মধ্যে বিনিময়-হারের উঠানামার ফলে অবিক্রীত বা অতিবিক্রীত বিনিময়-অবস্থায় যে-লোকসানের সম্ভাবনা দেখা দেয়।
- exchequer n. সরকারি কোষাগার বি. সরকারের যে-বিভাগ জাতীয় রাজস্ব আয় গ্রহণ করে এবং নিয়ন্ত্রণ করে। chancellor of exchequer দ্র.।
- excise duty আবগারি শুষ্ক যে-সকল দ্রব্য বা পণ্য দেশের অভ্যন্তরে উৎপন্ন এবং বিক্রয় হয়, ভাহার উপর ধার্যকৃত কর।

- exclude vb. বাদ দেওয়া, বজন করা ক্রি. ধাক্কা মারিয়া বাহির করিয়া দিয়া বা প্রবেশ করা হইতে নিবৃত্ত করিয়া বাদ দেওয়া বা নিরুদ্ধ করা। নিবারিত করা; প্রত্যাখান করা; নিষিদ্ধ করা; বহিষ্কার করা; বেদখল করা; ব্যতিক্রম করা। কোনো স্থান, সমাজ, সুবিধা ইত্যাদির অধিকার হইতে কাহাকেও বঞ্চিত করা।
- exclusion n. প্রবর্জন বি. ১. (কর সম্বন্ধে) স্থুল আয় হইতে বর্জিত আয়ের একটি খাত। ২. (সাক্ষ্য-প্রমাণ সম্বন্ধে) প্রাথমিক বিচারে একজন বিচারকের এইরূপ মীমাংসা যে, সাক্ষ্যপ্রমাণ হিসেবে উপস্থাপিত একটি বিষয় তথ্য-বিচারকের (trier of fact), বিশেষত জুরির, নিকট পেশ করা যাইবে না। ৩. (বিমা সম্বন্ধে) বিমাপত্রের একটি অনুচ্ছেদ, যাহা কোনো কোনো ঘটনা বা অবস্থা প্রচ্ছাদনের (coverage) বাহিরে রাখে।
- exclusion and restriction of contractual liability চুক্তিমাফিক দায় বর্জন ও সীমিতকরণ exemption clause দ্র.।
- exclusionary rules বর্জনের বিধি সাক্য আইনে বিশেষ প্রক্রিয়ায় তথ্যপ্রমাণদান নিষিদ্ধ করার বিধি। যদিও সাধারণ নিয়মে সকল অপ্রাসঙ্গিক সাক্ষ্যপ্রমাণ বর্জিত হইয়া থাকে, কিন্তু এই নিয়ম কেবল প্রাসঙ্গিক সাক্ষ্যপ্রমাণের ক্ষেত্রে অর্থাৎ জনরব বা শ্রুতিসাক্ষ্যের ক্ষেত্রে সীমাবদ্ধ। বিভিন্নভাবে এই ব্যতিক্রমী বিধিসমূহের ন্যায্যতা প্রতিষ্ঠিত করা যায়। যেমন, যেসব বিষয়ের খুব সামান্য সাক্ষ্যপ্রমাণগত মূল্য আছে সেইগুলি, কিংবা যেসব বিষয় অভিযুক্ত ব্যক্তির প্রতি যেসব অসংগতরূপে ও ক্ষতিকর হইতে পারে, সেইগুলির বর্জন বাঞ্জনীয় বিবেচনা করিয়া।
- exclusion order বর্জন-আদেশ ইংল্যান্ডের ১৯৮৯ সালের সন্ত্রাস-দমন আইন-অনুসারে প্রেটব্রিটেন বা উত্তর আয়ারল্যান্ডের কোনো অভিযুক্ত ব্যক্তির নাম বাদ দেওয়। ইহা সন্ত্রাসদমনে কৌশলগত পদক্ষেপ।
- exclusion requirement বর্জনশর্ত বি. ইহা জরুরি আশ্রয়দান আদেশ বা অন্তর্বতীকালীন তত্ত্বাবধান আদেশের একটি প্রয়োজনীয় শর্ত। যেমন, যদি সন্দেহ করা হয় যে, কোনো ব্যক্তি কোনো শিশুর সহিত অশালীন আচারণ করিয়াছে তাহা হইলে সে-ব্যক্তিকে শিশুর ঘর হইতে বাহির করিয়া আলাদা করিতে হইবে। এই আদেশের সহিত ওই ব্যক্তিকে গ্রেপ্তার করিবার ক্ষমতাও যুক্ত।
- exclusive economic zone (EEZ) একক অর্থনৈতিক অঞ্চল সমুদ্র আইন-বিষয়ক জাতিসংঘ সম্মেলনের ৫৫-৭৫ ধারা-অনুযায়ী বর্ণিত অঞ্চল। এই অঞ্চল রাষ্ট্রাধীন সমুদ্রবলয়ের ভূমিরেখা হইতে অনধিক ২০০ মাইল পর্যন্ত সমুদ্রথ প্রসারিত সমুদ্রাঞ্চল লইয়া গঠিত। এই সমুদ্রবলয়সীমার সম্পদ আহরণ, ব্যবহার, সম্ভাব্যতা

- পরীক্ষা-নিরীক্ষা, সংরক্ষণ এবং সমুদ্র, সমুদ্রগর্ভ ও সমুদ্রতলদেশের প্রাণিজ ও অপ্রাণিজ সম্পদের রক্ষণাবেক্ষণ করিবার সার্বভৌম অধিকার সংশ্রিষ্ট রাষ্ট্রের রহিয়াছে। high sea, law of the sea ও territorial waters দ্র.।
- exclusive jurisdiction একক এখতিয়ার ১. ইংল্যান্ডের প্রধান বিচারালয়ের দফতরের এখতিয়ার। ১৮৭৩-৭৫ সালের আদালত আইন চালু হইলে এই এখতিয়ারের অবসান ঘটে, কিন্তু বিশেষ এখতিয়ারের বিষয়গুলি (য়েমন, ন্যাস, ভূসম্পত্তির ব্যবস্থাপনা ইত্যাদি) এখন প্রধান বিচারপতির দফতর দেখিয়া থাকে। concurrent jurisdiction দ্র.। ২. ইহা বাণিজ্যিক চুক্তির একটি ধারা, য়াহাতে বলা হইয়াছে যে, কেবল ইংল্যান্ড, স্কটল্যান্ড অথবা অন্যান্য দেশের আদালত মামলার পক্ষগুলির বিবাদ নিম্পত্তি করিতে পারিবেন। সাধারণ চুক্তি-অনুয়ায়ী বিবদমান পক্ষগুলি নির্দিষ্ট আদালতের বিশেষ এখতিয়ারে কিংবা সাধারণ এখতিয়ারে মামলা দাখিল করিতে পারিবে। এইরকম কোনো ধারা অন্তর্ভুক্ত না থাকিলে, আন্তর্জাতিক রীতিনীতি স্থির করিবে, কোন আদালতের মামলা গ্রহণ করিবার এখতিয়ার রহিয়াছে। ইউরোপীয় ইউনিয়নের ৪৪/২০০১ প্রবিধিতে এই ক্ষেত্রে যে-ব্যবস্থা রহিয়াছে ভাহা ২০০১ সালের জানুয়ারি হইতে প্রযোজ্য। বিশেষভাবে বিচারপ্রার্থীদিগকে তাঁহাদের দেশে মামলা করিবার অধিকার দেওয়া হইয়াছে।
- exclusive licence একচেটিয়া লাইসেঙ্গ ২০০০ সালের কপিরাইট আইনের ২(৫) ধারা-অনুসারে, এমন লাইসেঙ্গ যদ্দারা অন্য সকল ব্যক্তি বাদে কেবল লাইসেঙ্গপ্রাপক বা লাইসেঙ্গপ্রপক হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির অনুকূলে কপিরাইট স্বত্ব অর্পিত হয় এবং একচেটিয়া লাইসেঙ্গপ্রপক তদনুসারে ব্যাখ্যাত হইবে।
- exclusive rights অনন্য অধিকার কোনো বন্তু, যেমন বাড়ির কোনো কক্ষ বা কোনো বৈশিষ্ট্যপূর্ণ চিহ্ন ইত্যাদি ব্যবহারের অনন্য বা একচেটিয়া অধিকার। মূলত উহা একটিমাত্র উদ্দেশ্যে বা শুধু একব্যক্তির ব্যবহারের অধিকার বুঝায়। নিবন্ধিত অথবা অনিবন্ধিত বৈশিষ্ট্যপূর্ণ চিহ্নের ক্ষেত্রে মালিকানার অধিকারই একচেটিয়া অধিকার। ইহা সংরক্ষণের মোকদ্দমা সমর্থনের জন্য বা এইরূপ অধিকারে হন্তক্ষেপকারীকে নিবারিত করিবার জন্য যথেষ্ট।
- exculpatory statement or evidence সাফাই বিবৃতি বা সাক্ষ্য, দোষমোচক বিবৃতি বা সাক্ষ্য এমন-কোনো বিবৃতি বা অন্য সাক্ষ্য, যাহা বিবাদীকে কথিত দোষ বা অপরাধ হইতে নিষ্কৃতি দিতে পারে।
- excusable homicide ক্ষমার্হ নরহত্যা যে-নরহত্যা অপরাধের দায় হইতে অব্যাহতি পায়; যেমন, তাহা যদি বৈধভাবে নিতান্ত আত্মরক্ষার্থে অথবা দূরদৃষ্টবর্শত সাধিত হয় (যেমন, যে-দুর্ঘটনা অবহেলাজনিত নহে)।

- ex debito justitiae অধিকারক্ষমতাবলে এই প্রবাদটি আদালতের স্ববিবেচনাপ্রসূত প্রতিকার ব্যবস্থা প্রসঙ্গে নহে, তবে কোনো দাবির পরিপ্রেক্ষিতে আদালত যে-সকল প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করিতে বাধ্য সেই প্রসঙ্গে প্রযোজ্য।
- executed adj. সম্পাদিত বিণ. যে-কাজ সম্পূর্ণভাবে সাধিত হইয়াছে। উভয় পক্ষ কর্তৃক সম্পাদিত চুক্তিকে পূর্ণভাবে সাধিত চুক্তি বলা হয়। প্রকৃতপক্ষে, যে-প্রতিশ্রুতি কোনো চুক্তির ক্ষেত্রে দেওয়া ইইয়াছে তাহাকে সম্পাদিত প্রতিশ্রুতি বলা হয়।
- executed contract নিষ্ণাদিত চুক্তি যে-ক্ষেত্রে কোনো পক্ষের আর কিছু করণীয় থাকে না এবং যে-ক্ষেত্রে চুক্তি করিবার সঙ্গে সঙ্গেই লেনদেন সম্পন্ন করা হয়। যেমন, যে-ক্ষেত্রে একটি পণ্য বিক্রীত ও হস্তান্তরিত হয় এবং সেইহেতু তৎক্ষণাৎ মূল্য পরিশোধ করা হয়।
- executed trust ব্যবস্থিত ন্যাস যে-ন্যাস সম্পূর্ণ এবং যাহা ন্যাসসৃষ্টিকারীদের অধিক কার্যক্রম ছাড়াই ন্যাসের হিতগ্রাহীদের দ্বারা কার্যকর। executory trust তু.।
- executing court জারিকারক আদালত কোন আদালত ডিক্রিজারি করিতে পারেন, তাহা দেওয়ানি কার্যবিধির ৩৮ ধারা হইতে ৪৬ ধারায় বলা হইয়াছে। যে-আদালত ডিক্রি প্রদান করিয়াছেন, সেই আদালত অথবা যে-আদালতে উহা জারির জন্য প্রেরিত হইয়াছে, সেই আদালত ডিক্রি জারি করিতে পারেন।
- execution n. প্রাণদণ্ড-কার্যকরণ, দলিল-সম্পাদন ১. আদালত কর্তৃক জারিকৃত প্রাণদন্তাদেশ কার্যকর করা। capital punishment দ্র. । ২. ডিক্রির উত্তমর্ণ কর্তৃক রায় কার্যকরণের অধিকার। ইংল্যান্ডে ইহা প্রায়শ ঝণ-আদায়ের বিষয় বুঝাইয়া থাকে, বিশেষ করিয়া ঝণ উসুলের আজ্ঞাপত্র (fiefi lacias) অর্থাৎ ঝণ-আদায়ের পরওয়ানা দিয়া দেনাদারের মালপত্র আটক করিবার মাধ্যমে। যেসব সম্পত্তি সাধারণ রায় কার্যকরণ-সাপেক্ষ নহে, যেমন কোনো ন্যাসের স্বত্ব, সেইগুলির ক্ষেত্রে ন্যায়বিচারপূর্ণ নীতির সাহায়্যে রায় বলবৎ করা হয়। enforcement of judgement দ্র. । ৩. আইনসম্মতরূপে বৈধ হওয়ার জন্য লিখিত কাগজপত্রের প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পাদন। দলিলের ক্ষেত্রে, দৃষ্টান্ত হিসাবে, আইনসম্মত হওয়ার জন্য দলিল স্বাক্ষর ও দলিল অর্পণের কাজ। execution of will দ্র.।
- execution of certificate সার্টিঞ্চিকেট জারি ১৯১৩ সালের সরকারি পাওনা আদায় আইনের তৃতীয় ব্বওে অর্থাৎ ১১ ধারা হইতে ৩৩ ধারা পর্যন্ত সার্টিফিকেট জারি-সম্পর্কিত বিধানাবলি বর্ণিত হইয়াছে। কোন কোন কর্মকর্তা সার্টিফিকেট জারি করিবার টাকা আদায় করিতে পারেন, তাহা উক্ত আইনের ১১ ও ১২ ধারায় বলা ইইয়াছে। ১১ ধারা-অনুসারে, যে-অফিসে সার্টিফিকেট দাখিল হইবে, সেই অফিসের

সার্টিফিকেট-কর্মকর্তা অথবা ১২ ধারার বিধান-অনুসারে যদি অন্য সার্টিফিকেট কর্মকর্তার নিকট ইহার নকল প্রেরিভ হইরা থাকে, তাহা হইলে শেষোক্ত কর্মকর্তা উক্ত সার্টিফিকেট জারি করিয়া টাকা আদায়ের ব্যবস্থা করিতে পারিবেন। যে-সার্টিফিকেট কর্মকর্তা কোনো সার্টিফিকেট প্রস্তুত করেন, অথবা যদি কোনে সার্টিফিকেট প্রস্তুত হইবার পর অন্য একজন সার্টিফিকেট-কর্মকর্তার নিকট তাহা প্রেরিত হয়, তবে উক্ত কর্মকর্তাও উহা জারি করিতে পারেন। সরকারি পাওনা আদায় আইনের ১৪ ধারা-অনুসারে নিম্নলিখিত পদ্ধতিতে সার্টিফিকেট জারি করা যায়। যথা: সম্পত্তি ক্রোক ও বিক্রয় দ্বারা; দেনাদারের অনুকূলে কোনো ডিক্রি থাকিলে তাহা ক্রোক দ্বারা; দেনাদারকে গ্রেপ্তার করিয়া দেওয়ানি জেলে আটক রাথিয়া; পদ্ধতিগুলির একটি অথবা একাধিক একত্রে প্রয়োগ করিয়া: তবে সার্টিফিকেট-কর্মকর্তা তাঁহার ইচ্ছানুসারে দেনাদারের শরীর ও সম্পত্তির উপর একসঙ্গে জারিকার্য নাও চালাইতে পারেন।

execution of decree and order ডিক্রি ও আদেশজারি ডিক্রি ও আদেশ জারির পদ্ধতি ও নিয়মাবলি দেওয়ানি কার্যবিধির ২১ আদেশে বলা হইয়াছে। ওই কার্যবিধির ৫১ ধারাতে বলা হইয়াছে যে, নির্ধারিত শর্ত ও নিয়ন্ত্রণসাপেক্ষে আদালত ডিক্রিদারের আবেদনক্রমে ডিক্রিজারির আদেশ দান করিতে পারেন: ডিক্রিতে আদিষ্ট সম্পত্তি অপর্ণের দ্বারা: কোনো সম্পত্তি ক্রোক ও নিলামবিক্রয় অথবা বিনাক্রোকে নিলামবিক্রয়ন্ধারা; দেনাদারকে গ্রেপ্তার ও কারাগারে আটক করিয়া; রিসিভার নিয়োগ করিয়া; ডিক্রিক্ত প্রতিকারের প্রকৃতির প্রয়োজনানুসারে অন্য কোনো পস্থায়। গ্রেপ্তার ও ক্রোক সম্পর্কে ৫৫ ধারা হইতে ৫৯ ধারায় এবং সম্পত্তি ক্রোক ও বিক্রয় সম্পর্কে ৬০ ধারা হইতে ৬৭ ধারায় বিধান বর্ণিত রহিয়াছে। ওই কার্যবিধির ৭৪ ধারায় বলা হইয়াছে যে, কেহ ডিক্রিজারির জন্য প্রদত্ত দখল দান অথবা নিলাম-খরিদারকে দখল বুঝাইয়া দেওয়ার ক্ষেত্রে দেনাদার অথবা তাঁহার পক্ষে অন্য কেহ ন্যায়সংগত কারণ ছাড়া বাধা প্রদান করিলে আদালত ৩০ দিন পর্যন্ত বিনাশ্রম কারাদণ্ড প্রদান করিতে পারেন এবং দখল বুঝাইয়া দিতে পারেন। ডিক্রিদার যখন ডিক্রিজারি করিতে চাহিবেন, তখন ২১ আদেশের ১০ নিয়ম-অনুসারে, ডিক্রিদানকারী আদাশত বা তৎকর্তৃক এতদুদেশ্যে নিযুক্ত কর্মচারীর (যদি থাকে) নিকট অথবা এই আইনের বিধান-অনুসারে জারির জন্য অন্য আদালতে ডিক্রি প্রেরিত হইয়া থাকিলে সেই আদালত বা তথাকার সংশ্রিষ্ট কর্মচারীর নিকট উহার আবেদন করিতে হইবে। সাধারণত ডিক্রিজারির প্রার্থনাকে একটি মোকদ্দমা বলা যায় না বরং ইহা একটি দরখাস্ত। ডিক্রিতে স্বাক্ষরের তারিখ হইতে ডিক্রিজারির তামাদি গণনা করা হয়; দেওয়ানি কার্যবিধির ৩৬ ধারা-অনুসারে ডিক্রিজারির সম্পর্কে এই আইনের বিধানসমূহ যথাসম্ভব আদেশজারির ক্ষেত্রে প্রযোজ্য হইবে। ৪১ আদেশের ৮ নিয়ম-অনুসারে, যে-ক্ষেত্রে ডিক্রির বিরুদ্ধে আপিল করা হয় নাই, কিন্তু ডিক্রিজারির executive action

9 বত

ব্যাপারে প্রদন্ত কোনো আদেশের বিরুদ্ধে আপিল করা হইয়াছে, সেক্ষেত্রেও ৫ ও ৬ নিয়ম-অনুসারে প্রদন্ত ক্ষমতাসমূহ প্রযোজ্য হইবে। ডিক্রি বা আদেশ জারিকরণ আইনে 'জারিকরণ' বলিতে বুঝায় আদালতের রায়ের দ্বারা অর্জিত কোনো কিছুর প্রকৃত অধিকৃতি। 'জারিকরণ' অর্থ রায় প্রভৃতি কোনো কার্যের সর্বশেষ অনুষ্ঠান। decree দ্রা.।

- execution of decree by collector কালেক্টর কর্তৃক ডিক্রিজারি দেওয়ানি কার্যবিধির ৬৮ ধারা হইতে ৭২ ধারায় কালেক্টর কর্তৃক ডিক্রিজারি সম্পর্কে বিধানাবলি রহিয়াছে। ৬৮ ধারা-অনুসারে, সরকার কোনো সরকারি গেজেট-বিজ্ঞপ্তির দ্বারা ঘোষণা করিতে পারেন যে, কোনো স্থানীয় এলাকার স্থাবর সম্পত্তি নিলাম-বিক্রয়ের ডিক্রি অথবা কোনো বিশেষ শ্রেণীর এইরূপ ডিক্রি বা কোনো বিশেষ ধরনের স্থাবর সম্পত্তির বিশেষ ধরনের স্বার্থবিক্রয়ের ডিক্রি কালেকটরের নিকট জারির জন্য স্থানান্তর করিতে হইবে।
- execution of deed দলিল-সম্পাদন স্ট্যাপ্প আইনের ১(১২) ধারা-অনুসারে, দলিলসম্পাদন অর্থ চিহ্ন দেওয়া বা স্বাক্ষর করা। সাধারণত কোনো দলিল লেখাপড়া ইইবার
 পরে পক্ষগণ দলিলের বক্তব্য তাহাদের ইচ্ছামতো লিখিত হইয়াছে বৃঝিতে পারিয়া
 মাক্ষীর সম্বুখে চিহ্ন দিলে বা স্বাক্ষর করিলে উক্ত চিহ্ন দেওয়া বা স্বাক্ষর করাকে
 দলিল-সম্পাদন বলা হয়। সাধারণত দলিল-সম্পাদনের তারিখেই সম্পত্তি হস্তান্তর হয়
 বলিয়া ওই তারিখেই বিক্রয় ইইয়াছে বলিয়া ধরা হয়। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৯
 ধারায় বন্ধক, ১০৭ ধারায় ইজারা এবং ১২৩ ধারায় দানপত্র সম্বন্ধে বলা হইয়াছে।
- execution of will ইচ্ছাপত্র-সম্পাদন ইচ্ছাপত্রকারীর ইচ্ছাপত্র বৈধ করিবার পদ্ধতি।
 ইংল্যান্ডে ১৮৩৭ সালের ইচ্ছাপত্র আইন-অনুযায়ী, ইচ্ছাপত্র রচনার পরে
 ইচ্ছাপত্রকারী বা তাঁহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ইচ্ছাপত্রে স্বাক্ষর করিবেন। ইচ্ছাপত্রসম্পাদনের সময়ে উপস্থিত দুই সাক্ষীর সমুখে ইচ্ছাপত্রকারীকে স্বাক্ষর প্রদান করিতে
 হবৈ এবং ইহার সত্যতা স্বীকার করিয়া লইতে হববে। উক্ত দুই সাক্ষীও
 ইচ্ছাপত্রকারীর উপস্থিতিতে ইচ্ছাপত্রে স্বাক্ষরদান করিবেন এবং ইচ্ছাপত্রের সত্যতা
 স্বীকার করিয়া লইবেন। হিতগ্রাহী বা হিতগ্রাহীর স্বামী-প্রী ইচ্ছাপত্রের স্বাক্ষরদানের
 তস্দিককারী হইলে ইচ্ছাপত্র বাতিল হইবে না, কিন্তু হিতগ্রাহী বা হিতগ্রাহীর স্বামীস্রীকৈ দেয় দান বাতিল হববে।
- executive action নির্বাহী ব্যবস্থা ইহা একটি ব্যাপক অভিব্যক্তি। যে-সকল আদেশ সরকার কর্তৃক বিচারবিভাগীয় বা আধা-বিচারবিভাগীয় ব্যবস্থাগ্রহণের পরে উদ্ভূত হয় কিংবা ওইরূপ ব্যবস্থাগ্রহণের ফলাফল রূপায়িত করে, তাহাও 'নির্বাহী ব্যবস্থা'র অন্তর্ভুক্ত হইতে পারে। সংবিধানের ৫৫(৪) অনুচ্ছেদ-অনুসারে, সরকারের সকল নির্বাহী ব্যবস্থা রাষ্ট্রপতির নামে গৃহীত হইয়াছে বলিয়া প্রকাশ করা হইবে।

- executive agency নির্বাহী এজেন্সি প্রধান নির্বাহীর অধীনে পরিচালিত একটি স্বাধীন এজেন্সি, যাহার দায়িত্ব সরকারি নীতি-অনুসারে কোনো কোনো ক্ষেত্রে সেবাদান। উদাহরণ হিসাবে কল্যাণ এজেন্সি (benefits agency) ও পাসপোর্ট এজেন্সি উল্লেখ্য। এইসব্ এজেন্সি স্থাপনের উদ্দেশ্যের পন্চাতে যে-মনোতাব কার্যকর, তাহা হইল এই যে, সরকার নীতি নির্ধারণ করিয়া দিবেন এবং নির্বাহী এজেন্সিওনি সরকারের হইয়া সেবাদান করিবেন।
- executive power নির্বাহী ক্ষমতা (সাংবিধানিক আইনে) আইনসমূহ যথাযথজাবে কার্যকর ও বলবৎ করিবার ব্যবস্থাগ্রহণের ক্ষমতা। সংবিধানের ৫৫(২) অনুচ্ছেদ অনুসারে, প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রধানমন্ত্রী কর্তৃক বা তাঁহার কর্তৃত্বে প্রযুক্ত হইবে। ৫৮খ(৩) অনুচ্ছেদ-অনুসারে, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের সময়ে প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রধান উপদেষ্টা বা তাঁহার কর্তৃত্বে প্রযুক্ত হইবে। সংবিধানের ১৪৪ অনুচ্ছেদ-অনুসারে, প্রজাতন্ত্রের নির্বাহী কর্তৃত্বে সম্পত্তি গ্রহণ, বিক্রয়, হস্তান্তর, বন্ধকদান ও বিলি-ব্যবস্থা, যে-কোনো কারবার বা ব্যবসায়-চালন এবং যে-কোনো চুক্তি প্রণয়ন করা যাইবে।
- executor n. ইচ্ছাপত্রের নির্বাহক বি. ইচ্ছাপত্র-অনুসারে নিযুক্ত কোনো ব্যক্তি যিনি
 ইচ্ছাপত্রকারীর ভূসম্পত্তির দেখাওনা করিয়া থাকেন। মৃত ব্যক্তির সম্পত্তি তাঁহারইচ্ছাপত্র-নির্বাহকের নিকট ন্যন্ত থাকে। ইচ্ছাপত্র-নির্বাহক ইচ্ছাপত্রকারীর মৃত্যুর পরে
 ইচ্ছাপত্রের নির্দেশ-মোতাবেক তাঁহার ভূসম্পত্তি লেনদেনের কাজ করিয়া থাকেন।
 ইচ্ছাপত্রকারীর ইচ্ছাপত্র-অনুযায়ী সম্পত্তি-লেনদেন-বিষয়ক ক্ষমতাধিকার প্রমাণ
 করিতে ইচ্ছাপত্র-নির্বাহককে অবশ্যই আদালত হইতে ইচ্ছাপত্র-প্রমাণক আদেশ
 সংগ্রহ করিতে হইবে। ইচ্ছাপত্র-নির্বাহকের নিযুক্তি কেবল মৃত ব্যক্তির
 ইচ্ছাপত্রমাফিক তাঁহার সম্পত্তির লেনদেন-বিষয়ক ক্ষমতা দিয়া থাকে; কিয়ু
 হিতগ্রাহীর মালিকানার ক্ষেত্রে তাহা প্রযোজ্য নহে, যদিও ইচ্ছাপত্র-অনুযায়ী একজন
 ইচ্ছাপত্র-নির্বাহকও হিতগ্রাহী হইতে পারেন।
- executor de son tort স্বকৃত অন্যায়বশত আইনসম্মত প্রকৃত প্রতিনিধির কিংবা আদালতের কর্তৃত্ব ছাড়া যিনি নিজেই মৃত ব্যক্তির বিষয়সম্পত্তি লেনদেন করিয়া থাকেন। উপযুক্ত কর্তৃত্ববিহীন এই ধরনের যে-কোনো কাজের জন্য এবং ভূসম্পত্তি হইতে প্রাপ্ত যে-কোনো সম্পদের জন্য ওই ব্যক্তি আইনসম্মত প্রকৃত প্রতিনিধি ও ভূসম্পত্তির পাওনাদারদের কাছে জবাবদিহি করিতে বাধ্য।
- executor's year ইচ্ছাপত্র নির্বাহকের কার্যবংসর ইচ্ছাপত্রকারীর মৃত্যুর তারিধ হইতে আরম্ভ করিয়া একবংসরব্যাপী সময়। এই সময়ের মধ্যে কেহ ইচ্ছাপত্রকারীর ব্যক্তিগত প্রতিনিধিকে তাঁহার বিষয়সম্পত্তি ভাগ করিয়া দিতে বাধ্য করিতে পারেন না; এমনকি ইচ্ছাপত্রকারীর ওই সময় সমাপ্ত হইবার পূর্বে কোনো উত্তরাধিকারীর প্রাপ্ত দায় শোধ করিতে আদেশ দিয়া থাকিলেও নহে।

- executory adj. সম্পাদ্য বিণ. যাহা করিতে হইবে। যে-চুক্তি এখনও পালিত হয় নাই, তাহাকে সম্পাদ্য চুক্তি বলা হয়। যে-চুক্তির ব্যাপারে এখনো মূল্য দেওয়া হয় নাই, তাহাকে সম্পাদ্য মূল্য বলা হয়। এতৎসহ executory interest ও executory trust দ্র.। executed তু.।
- executory contract সম্পাদনীয় চুক্তি যে-চুক্তি এখনো সম্পূর্ণব্ধপে নিম্পাদিত বা নির্বাহিত হয় নাই। যে-চুক্তি ভবিষ্যতে নিম্পাদিত হইবে।
- executory interest সম্পাদ্য স্বত্ব বিশেষ কোনো ঘটনার পরিপ্রেক্ষিতে যথন সম্পত্তির স্বত্ব সৃষ্ট হয় কিংবা সে-স্বত্ব যথন অন্য কোনো ব্যক্তির কাছে চলিয়া যায়। যথন কোনো ন্যাস সম্পত্তির ব্যাপারে এইভাবে নিম্পত্তি হয় যে, সম্পত্তিটি ক-য়ের, কিন্তু খ যদি গ-কে বিবাহ করেন সেই ক্ষেত্রে খ-য়ের সম্পাদ্য স্বত্ব থাকিবে। সম্পত্তি আইনে ভূমিতে সম্পাদ্য স্বত্বভাগ ন্যায়সংগতরূপে বজায় থাকিতে পারে। remainder, reversion তু.।
- executory trust সম্পাদ্য ন্যাস যে-ন্যাসের গঠন এখনো সম্পূর্ণ হয় নাই। ইহার অর্থ সম্পত্তি-ন্যাসকারী কর্তৃক অধিকতর ব্যবস্থা না লওয়া পর্যন্ত সম্পত্তির হিত্যাহীগণ এই ন্যাস কার্যকর করিতে পারেন না।
- exemplary damages দৃষ্টান্তমূলক ক্ষতিপূরণ (শান্তিমূলক বা প্রতিশোধমূলক ক্ষতিপূরণ) বাদীর প্রতি সাধিত ক্ষতির পূরণ করিত না বলিয়া বিবাদীকে শায়েন্তা করিবার অভিপ্রায়ে থেসারতদান ব্যতিক্রমী বলিতে হইবে, কারণ সাধারণ নিয়মে কেবল সাধিত ক্ষতিই পূরণ করা হয় । অপরাধের শান্তি আইনে খেসারতের যেব্যবস্থাণ্ডলি রহিয়াছে, সেইগুলি হইল (১) সংবিধি কতৃক শান্তিদানের সুস্পষ্ট ক্ষমতা দান । (২) সরকারি কর্মচারীদের পীড়নমূলক, স্বেচ্ছাচারী অথবা অসাংবিধানিক কর্মকাণ্ডের জন্য শান্তিদান; (৩) যখন বিবাদী ইচ্ছাপূর্বক এই হিসাব করিয়া থাকেন যে, অপরাধ করিয়া যে-লাভ হইবে (য়য়ন মানহানিকর পুন্তক প্রকাশ করিয়া) তাহা খেসারতের অঙ্ককে ছাড়াইয়া যাইতে পারে, এই রকম অবস্থায়, ইহা প্রমাণ করিতে দৃষ্টান্তমূলক ক্ষতিপূরণদানের নির্দেশ দেওয়া হয় যে, অপরাধ করিয়া কোনো লাভ নাই। চুক্তিভঙ্গজনিত কারণে দৃষ্টান্তমূলক খেসারতদানের নির্দেশ দেওয়া যায় না ।
- exempted income করমুক্ত আয় করমুক্ত আয় দৃই প্রকার— (১) যে-আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হইলেও উহার উপর কোনো কর দিতে হয় না; যেমন, ব্যক্তিবর্গের, সমিতির ও অংশীদারী কারবারের কর-প্রদন্ত আয়; এবং (২) যে-আয় করমুক্ত আয় এবং উহা মোট আয়ের অন্তর্ভুক্ত হয় না। এতৎসহ tax holiday দ্র.।

- exempted property অব্যাহতিপ্রাপ্ত সম্পত্তি ১৯৯৭ সালের দেউলিয়া বিষয়ক আইনের ২(১) ধারা অনুসারে, কোনো একক দেনাদারের এমন সম্পত্তি যাহা ৩২ ধারার বিধান মোতাবেক অব্যাহতিপ্রাপ্ত।
- exemption n. রেয়াভ বি. ১. কর্তব্য, দায়িত্ব কিংবা অন্য বাধ্যবাধকতা ইইতে মুক্তি। ২. একজন দায়িককে (judgment debtor) আইনের দ্বারা প্রদন্ত একটি বিশেষাধিকার, যাহা তাঁহাকে কোনো সম্পত্তি বিনা দায়িতায় নিজ অধিকারে রাখিবার অনুমতি প্রদান করে। ৩. (কর সম্বন্ধে) করারোপযোগ্য আয় নির্ধারণের জন্য ব্যবহৃত, সমন্বিত স্কুল আয় ইইতে ব্যবকলন হিসাবে অনুজ্ঞাত অর্থের পরিমাণ-বিশেষ। এতংসহ immunity দ্র.।
- exemption clause অব্যাহতিলাতের দফা বিশেষ বিশেষ পরিস্থিতিতে মামলার কোনো পক্ষের দায় বাতিল করা বা সীমিত করার বিষয়ে চুক্তির একটি শর্ত। আদালত অব্যাহতি পাওয়ার বিষয়কে অনুকূল মনোভাব লইয়া দেখেন না। এমন একটি দফা দ্বার্থবাধক বা অস্পষ্ট হইলে আদালত উহাকে উদারভাবে ব্যাখ্যা না করিয়া সংকীর্ণভাবে ব্যাখ্যা করিবেন। কোন দায়টি বাতিল হইবে কি সীমিত হইবে তাহার বিবরণ যদি আনুষ্ঠানিক চুক্তিতে না থাকে, অন্যদিকে অনানুষ্ঠানিক চুক্তিতে যদি তাহা বিশেষভাবে নির্ধারণ করিয়া দেওয়া হয় বা উল্লেখ করা হয়, সেই ক্ষেত্রে তাহা কোনোক্রমেই চুক্তির শর্ত হিসাবে বিবেচিত হইবে না (যদি না চুক্তি সম্পাদনের সময়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তির গোচরে আনিবার জন্য যথেষ্ট ব্যবস্থা নেওয়া হয়)। বিভিন্ন সময়ে বাণিজ্য-চুক্তিতে ভোক্তার প্রতি সরবরাহকারীর দায় বর্জন বা দায় সীমিতকরণের শর্ত থাকে। বিভিন্ন বাণিজ্যিক লেনদেনের চুক্তিতে অব্যাহতি পাওয়ার ধারা রহিয়াছে।
- exempt supply রেয়াতপ্রাপ্ত জোগান যে-জোগান মূল্য সংযোজন করের আওতার বাহিরে। দৃষ্টান্ত হিসাবে, জমি বিক্রয়, কিছু আর্থিক ও বিমা-সেবার জোগান এবং চাকুরিদানের ক্ষেত্রে সাহায্য-সহযোগিতা।
- exequatur n. রাষ্ট্রদৃতের প্রত্যয়নপত্র কোনো রাষ্ট্রকর্তৃক বিদেশি রাষ্ট্রীয় প্রতিনিধি বা রাষ্ট্রদৃতের সরকারি মর্যাদার স্বীকৃতিদানের প্রত্যয়নপত্র। এই পত্রে তাঁহাকে নিজের দেশের দৌত্যকার্য নির্বাহ করিবার ক্ষমতা দেওয়া হয়। প্রেরক রাষ্ট্র ওই দৃতকে সরকারি সনদ দিয়া থাকেন। এই সনদের বলে দৃত যে-দেশে কর্মরত সেই দেশে নিজ দেশের স্বার্থসংশ্রিষ্ট বিষয়ে প্রতিনিধিত করিতে পারেন।
- ex gratia অনুথহপূর্বক অমুগ্রহ ্রবিক যাত্ম করা লা আইনি কর্তব্যপ্রসূত কর্ম নহে।

৩৯১ exhumation

exhaustion of local remedies স্থানীয় প্রতিকারের নিঃশেষীকরণ আন্তর্জাতিক আইনের প্রথাগত রীতি হইল এই যে, যদি কোনো বিদেশি নাগরিকের উপর অন্যায় আচরণ করা হয়, তাহা হইলে তাঁহার ক্ষেত্রে ওই দেশে লভ্য সকল স্থানীয় প্রতিকার-ব্যবস্থার সুযোগ গ্রহণ করিতে হইবে এবং এই কাজটি করিতে হইবে ওই বিদেশির পক্ষ হইতে নিজ দেশের হস্তক্ষেপ করিবার আবেদন জানাইবার পূর্বে।

- exhaustion of remedies প্রতিকার নিঃশেষীকরণ সংবিধির দ্বারা একটি প্রশাসনিক প্রতিকারের বিধান করা হইয়া থাকিলে একজন সংক্ষুদ্ধ ব্যক্তিকে বিচারবিভাগীয় পর্যালোচনার প্রতিকারপ্রাপ্তির পূর্বে অবশ্যাই প্রশাসনিক প্রতিকার প্রার্থনা করিতে ইইবে, এই তত্ত্ব। সংবিধানের ১০২(২) অনুচ্ছেদ-অনুসারে, আইনের দ্বারা অন্য কোনো সমফল বিধান করা না হইলে সংক্ষুদ্ধ ব্যক্তি ওই অনুচ্ছেদ-অনুসারে হাইকোর্ট বিভাগে প্রতিকার প্রার্থনা করিতে পারেন।
- exhibit n. প্রদর্শনী বি., প্রদর্শিত বস্তু ১ প্রমাণ হিসাবে আদালতে উপস্থাপিত কোনো বাস্তব সামগ্রী বা দলিল। ইহা সাক্ষ্যদানরত সাক্ষীকে দেখানো হয় অথবা হলফনামাতে উল্লেখ কর। হয়। উপস্থাপিত দালিলিক প্রমাণাদি শনাক্তি-সংখ্যা দারা চিহ্নিত করা হয়। ২. হলফনামায় কোনো বস্তু বা দলিলের উল্লেখ। ৩. আদালতে পরিদর্শনের জন্য উপস্থাপিত বস্তুসামগ্রী (যেমন, ঘাতক অস্ত্র) বাস্তব প্রমাণ হিসাবে গৃহীত হয়। সাধারণত পক্ষবিশেষ মোকদ্দমা প্রমাণের জন্য সাক্ষীর মাধ্যমে দলিলপত্র আদালতে দাখিল করেন। কিন্তু সর্ব দলিলই আইনগতভাবে 'প্রদর্শনী' হয় না। দেওয়ানি কার্যবিধির ১৩ আদেশের ৪ নিয়ম-অনুসারে মামলায় স্বীকৃত প্রমাণ হিসাবে গৃহীত প্রত্যেক দলিলের উপর নিম্নলিখিত বিবরণ থাকিতে হইবে: (ক) মামলার শিরোনাম ও সংখ্যা; (খ) যে-ব্যক্তি দলিল দাখিল করিয়াছেন তাঁহার নাম; (গ) দলিল দাখিলের তারিথ; (ঘ) উহা যে স্বীকৃত হইয়াছে এই মর্মে বিবৃতি। এইগুলি উল্লিখিত হইবার পর বিচারক স্বাক্ষর করিবেন। ৫ নিয়ম দলিলে প্রমাণের নকল দাখিল সম্পর্কে অর্থাৎ জাবেদা নকল দলিল সম্পর্কে বলা হইয়াছে। ৭ নিয়ম-অনুসারে, প্রদর্শিত দলিল মামলার নথিপত্রের অংশ বলিয়া গণ্য হইবে এবং যাহা প্রমাণ হিসাবে গৃহীত হয় নাই তাহা দলিলকারীর পক্ষে ফেরত দেওয়া হইবে। সাক্ষ্য আইনের বিধান-অনুসারে দলিলপত্র আদালতে প্রদর্শন করা হইয়া থাকে। মোকদ্দমা আপিলযোগ্য হইলে সময় উত্তীর্ণ না হওয়া পর্যন্ত সাধারণত প্রদর্শিত দলিল আদালত ফেরত দিবেন না। প্রদর্শিত দলিল ফেরত নিতে হইলে গ্রহণকারী রসিদ দিয়া গ্রহণ করিবেন।
- exhumation n. কবর হইতে মৃতদেহ উত্তোপন ভূগর্ভ হইতে সমাহিত কোনো বস্তু,
 বিশেষত শব, উত্তোপন। প্রধানত তিনটি কারণে কবর হইতে মৃতদেহ উত্তোপনের
 প্রসঙ্গ উত্থাপিত হয়: দেওয়ানি মামলায় শনাক্তকরণের প্রয়োজন হইলে, ময়নাতদন্তের প্রয়োজন থাকা সত্ত্বেও তাহা ছাড়াই সমাধিস্থ করা হইয়া থাকিলে, এবং
 পূর্বের ময়না-তদন্ত সন্দেহযুক বলিয়া প্রতীয়মান হইলে।

exile n. ১. নির্বাসন বি. কোনো দেশ হইতে, বিশেষত নিজের আদি বা দীর্ঘদিনের বাসভূমি হইতে বহিষ্করণ। ২. নির্বাসিত বিণ, যে-ব্যক্তিকে নির্বাসিত করা হইয়াছে।

exile

- existing company বিদ্যমান কোম্পানি ১৯৯৪ সালের কোম্পানি আইন প্রবর্তনের পূর্বে যে-কোনো সময়ে বলবৎ কোম্পানিসংক্রান্ত কোনো আইনের অধীনে গঠিত ও নিবন্ধনকৃত এমন কোম্পানিকে বুঝাইবে যাহা উক্ত আইন প্রবর্তনের পরেও বিদ্যমান।
- existing law প্রচলিত আইন অর্থ আইন, অধ্যাদেশ, আদেশ, উপ-আইন, নিয়ম বা বিধিবিধান প্রণয়ন করিবার ক্ষমতা আছে, এমন যে-কোনো আইনসভা, কর্তৃপক্ষ বা ব্যক্তি-কর্তৃক প্রণীত বা প্রবর্তিত আইন, অধ্যাদেশ, নিয়ম ইত্যাদি। সংবিধানের ১৫২(১) অনুচ্ছেদ-অনুসারে ইহার অর্থ, সংবিধান-প্রবর্তনের অব্যবহিত পূর্বে বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানায় বা উহার অংশবিশেষে আইনের ক্ষমতাসম্পন্ন, কিছু কার্যক্ষেত্রে সক্রিয় পাকুক বা না থাকুক, এমন যে-কোনো আইন। সংবিধানের তৃতীয় ভাগের বিধানাবলির সহিত অসামঞ্জস্য সকল প্রচলিত আইন যতথানি অসামঞ্জস্যপূর্ণ, সংবিধান-প্রবর্তন ইইতে সেইসকল আইনের ততথানি বাতিল হইয়া যাইবে, কিছু ৪৭(২) অনুচ্ছেদ-অনুযায়ী সংবিধানের প্রথম তফসিলে বর্ণিত আইনসমূহ (অনুরূপ আইনের সংশোধনীসহ) বাতিল বা বেআইনি বলিয়া গণ্য হইবে না। তবে সংবিধানের ৪৭ অনুচ্ছেদের কোনো কিছুই অনুরূপ কোনো আইনকে সংশোধন, পরিবর্তন বা বাতিল করা হইতে নিবৃত্ত করিবে না। পার্বত্য চট্টগ্রামে পার্বত্য চট্টগ্রাম ভূমি-বিরোধ নিম্পত্তি আইন বলবৎ হইবার পূর্বে পার্বত্য জেলাসমূহে যে-সমন্ত আইন, ঐতিহ্য, বিধি, প্রজ্ঞাপন প্রচলিত ছিল পার্বত্য জেলাসমূহের ক্ষেত্রে সেইগুলি বুঝাইবে।
- existing or future goods বিদ্যমান বা ভবিষ্যৎ পণ্য যে-পণ্য বিক্রয়চুক্তির বিষয়বন্ধু গঠন করে তাহা বিক্রেডা কর্তৃক অধিকৃত অথবা দখলকৃত বিদ্যমান পণ্য বা ভবিষ্যৎ পণ্য হইতে পারে। এমন পণ্য বিক্রয়ের জন্য চুক্তি হইতে পারে, বিক্রেডা কর্তৃক যাহার অর্জন এমন সম্ভাবনার উপর নির্ভরশীল, যাহা ঘটিতেও পারে আবার নাও ঘটিতে পারে। যে-ক্ষেত্রে বিক্রেডা কোনো বিক্রয়চুক্তির মাধ্যমে ভবিষ্যতে পণ্য বিক্রয়ের ইচ্ছা পোষণ করেন, সেক্ষেত্রে উক্ত চুক্তি উল্লিখিত পণ্য বিক্রয়ের জন্য একটি সম্মতি।

ex mero motu স্ব-উদ্যোগে ex proprio motu দ্ৰ.।

- ex nudo pacto non oritur actio পণহীন চুক্তি হইতে মামলার অধিকার জন্মেনা consideration দ্র.।
- ex officio পদাধিকারবলে কোনো পদের সহিত সংযুক্ত অধিকারবলে।

- exonerate vb. অভিযোগ হইতে মুক্তি দেওয়া ক্রি. কোনো ব্যক্তিকে তাঁহার উপর আরোপিত দোষ বা কোনো কর্তব্য হইতে অব্যাহতি দেওয়া।
- expatriation n. স্বদেশভ্যাগ বি. স্বেচ্ছায় নিজ দেশ ভ্যাগ করিয়া স্থায়ীভাবে কিংবা দীর্ঘদিন কর্মের সুবাদে কোনো ব্যক্তির বিদেশে বসবাস। ইহা দারা ওই ব্যক্তি তাঁহার নিজের দেশের প্রতি আনুগত্য ত্যাগ করেন কিংবা তাহা হারান।
- expectant heir প্রত্যাশী উত্তরাধিকারী সম্পত্তির অংশবিশেষ অথবা সম্পত্তি ফিরিয়া পাওয়ার অথবা সম্পত্তির উত্তরাধিকারী হওয়ার (প্রত্যাশিত স্বত্বলাভের) প্রত্যাশী ব্যক্তি। প্রত্যাশী উত্তরাধিকারীর সহিত সম্পাদিত সম্পূর্ণ অযৌক্তিক চুক্তি (যেমন, ওই উত্তরাধিকারী নগদ টাকা পাওয়ার অভিলাষে তাঁহার উত্তরাধিকার-স্বত্ব কম মূল্যে বিক্রয় করিয়া দেন) আদালত খারিজ করিয়া দিতে পারে।
- expenditure and loss ব্যয় ও লোকসান ব্যয়ের সহিত সম্বন্ধ অর্থপ্রদানের; অর্থাৎ একজন ব্যবসায়ী যে-অর্থ অন্যকে প্রদান করেন তাহাই ব্যয়। লোকসান বলিতে এমন অর্থ বুঝায় না, যাহা তিনি ব্যয় করেন, কিংবা কোনো ব্যক্তিকে প্রদান করেন। ইহা দৈবাৎ তাঁহার ঘাড়ে চাপে। মুনাফার উদ্দেশ্যে ব্যয়িত অর্থ হইতে আয় কম হইলে যে- অর্থ ঘাটতি হয়।

expense %8

expense n. ব্যয় বি. কোনো ফললাভের উদ্দেশ্যে অর্থ, সময়, শ্রম বা সম্পদ বিনিয়োগ, বিশেষত একটি সুনির্দিষ্ট সময়পর্বের জন্য আয়ের বিপরীতে ব্যবসার্ঘটিত ব্যয়।

expert evidence বিশেষজ্ঞের সাক্ষ্য কোনো বিষয়ে আইনসংগতভাবে চিহ্নিত কোনো বিশেষজ্ঞ ব্যক্তি সেই বিষয় সম্পর্কে যে-সাক্ষ্য দেন। কোনো বিশেষ বিষয়ে দক্ষ এবং বিশেষভাবে অভিজ্ঞ লোককেই ওই বিষয়ে বিশেষজ্ঞ বলা হয়। সাক্ষ্য আইনের ৪৫ ধারা-অনুসারে, যখন বিদেশি আইনের কোনো প্রশ্নে অথবা বিজ্ঞান বা কলার প্রশ্নে অথবা হস্তাক্ষর বা টিপসহি শনাক্তকরণের প্রশ্নে আদালতকে কোনো অভিমত গ্রহণ করিতে হয়, তখন অনুরূপ বিদেশি আইন অথবা বিজ্ঞান বা কলার প্রশ্নে অথবা হস্তাক্ষর বা টিপসহি শনাক্তকরণের প্রশ্নে যেসব ব্যক্তি পারদর্শী তাঁহাদের অভিমত প্রাসঙ্গিক। মূলত যখন বিচার্য বিষয়ে সাধারণ অভিজ্ঞতা বা জ্ঞানের আওতার বাহিরে অথবা যেখানে কোনো বিষয়ের বিশেষ পর্যবেক্ষণ, বিশেষ শিক্ষা, দক্ষতা বা বিশেষ অভিজ্ঞতা বিবেচ্য হয়, সেখানেই বিশেষজ্ঞের সাহায্যের প্রয়োজন হয়।

expert opinion বিশেষজ্ঞের মত opinion evidence দ্ৰ.।

- expiring laws continuance acts মেয়াদোত্তীর্ণ আইন চালু থাকিবার আইন যে-সকল আইন প্রাথমিকভাবে এক বৎসরের জন্য কার্যকর থাকিবে বলা হইয়াছিল প্রতি বছরের শেষে সেগুলির আরো এক বৎসর করিয়া মেয়াদ বাড়াইয়া দেওয়ার জন্য গৃহীত সংবিধি ৷
- explosive n. বিক্ষোরক বি. অন্যের ক্ষতি করিতে পারে বা কোনো কিছুর ধ্বংস ঘটিতে পারে কিংবা ওই ধরনের অভিপ্রায়ে ব্যক্তির কাছে রক্ষিত যে-কোনো ধরনের বিক্ষোরক পদার্থ। কেহ যদি চুরি করার সময়ে বিক্ষোরক দ্রব্য সঙ্গের রাখেন তাহা হইলে তিনি গুরুতর চৌর্যবৃত্তির দায়ে অভিযুক্ত হইবেন এবং ইহার সর্বোচ্চ শান্তি যাবজ্জীবন কারাদও। ইংল্যান্ডের ১৮৮৩ সালের বিক্ষোরক পদার্থ আইনের আওতায় বিশেষ অপরাধসমূহ হইল : (১) বিক্ষোরণ ঘটাইয়া জীবনসংশয়ের সৃষ্টি বা সম্পত্তির মারাত্মক ক্ষতিসাধন (প্রকৃতপক্ষে কোনো হানি বা ক্ষতি সাধিত না হইলেও); (২) এইরকম বিক্ষোরণ ঘটানোর অপপ্রয়াস; (৩) জীবনসংশয় সৃষ্টি করার কিংবা মারাত্মকভাবে সম্পত্তির ক্ষতিসাধন করার অভিপ্রায়ে বিক্ষোরক পদার্থ রাখা বা তৈরি করা। ইংল্যান্ডের-১৮৬১ সালের ব্যক্তির বিরুদ্ধে অপরাধ আইনে বিক্ষোরণর সাহায্য্যে কাহাকেও আহত করা, কাহারো নিকট বিক্ষোরক পদার্থ রথা বা তেরি বস্তুগত ক্ষতিসাধনের অভিসন্ধিতে কোনো ভবন, জাহাজ বা জল্যানের নিকটে বিক্ষোরক পদার্থ রাখা অপরাধ। এই অপরাধসমূহের বেশিরভাগই সন্ত্রাসী কর্ম বিন্যা গণ্য। বাংলাদেশে ১৮৮৪ সালের বিক্ষোরক আইনের ৪ ধারা-অনুসারে, বিক্ষোরক বলিতে বারুদ, নাইট্রো-গ্রিম্বারিন, ডিনামার্টট, রাস্টিং পাউভার, রঞ্জিত অগ্নি, পারদ ও

৩৯৫ explosive

অপরাপর পদার্থ যাহা বিস্কোরিত হয় অথবা যাহাদ্বারা বিস্কোরক প্রস্তুত হয় তাহা বুঝাইবে এবং আতসবাজি, ফিউজ, রকেট, সংঘর্ষক ঢাকনা, কার্টিজ ও সর্বপ্রকার গোলাগুলি বুঝাইবে। ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্যাদি আইনের ২ ধারা-অনুসারে, বিক্ষোরক উপাদান বলিতে বিক্ষোরক পদার্থ প্রস্তুত করিবার জন্য ব্যবহার্য যাবতীয় দ্রব্য এবং কোনো সরঞ্জাম, ছাঁচ বা যন্ত্রপাতি ও তাহার অংশ, যাহার সাহায্যে বিক্ষোরক পদার্থ প্রস্তুত কিংবা উহা বিক্ষোরিত করা যায়, তাহাও বুঝাইবে। উক্ত আইনের ৩ ধারায় বিস্ফোরণ ঘটাইবার শান্তি সম্পর্কে বলা হইয়াছে যে, যদি কোনো ব্যক্তি কর্তৃক বেআইনি ও হিংসাত্মকভাবে বিস্ফোরক দ্রব্যাদি নিক্ষেপ করিবার বা বিক্ষোরণ ঘটাইবার ফলে কাহারো জীবন বিপন্ন অথবা কোনো ব্যক্তির বা সম্পত্তির গুরুতর ক্ষতিসাধনের সম্ভাবনা দেখা দিলে এইরূপ বিস্ফোরক দ্বারা বস্তুত কাহারো কোনো ক্ষতি হউক বা না হউক ওই ব্যক্তির মৃত্যুদণ্ড অথবা যাবজ্জীবন কারাদণ্ড অথবা ১০ বংসর পর্যন্ত কারাদণ্ড অথবা কমপক্ষে পাঁচ বংসর পর্যন্ত কারাদণ্ড হইবে এবং তৎসহ জরিমানাও হইতে পারে। বিস্ফোরক দ্রব্যাদি প্রস্তুত কিংবা মওজুদ করিবার শান্তি সম্পর্কে উক্ত আইনের ৪ ধারায় বলা হইয়াছে যে, যদি কেহ বেআইনি ও হিংসাত্মকভাবে (১) কোনো কার্য করিয়া অথবা কোনো ষড়যন্ত্র করিয়া বিস্ফোরক পদার্থের বিক্ষোরণ ঘটান যাহার দ্বারা কাহারো জীবন ও সম্পত্তি বিপন্ন হয়. অথবা (২) বিস্ফোরক পদার্থ রাখেন কিংবা বিস্ফোরক পদার্থ প্রস্তুত করেন যাহার দারা কাহারো জীবনহানি কিংবা সম্পত্তির গুরুতর ক্ষতি হয়, কিংবা কাহাকেও উহা করিতে সাহায্য করেন যাহার ফলে কোনোপ্রকার প্রাণহানি বা সম্পত্তির ক্ষতি হইতে পারে. তবে তাহা ঘটুক বা না ঘটুক, সেই ব্যক্তির মৃত্যুদণ্ড অথবা যাবজ্জীবন কারাদণ্ড অথবা ২০ বংসর পর্যন্ত কারাদণ্ড অথবা কমপক্ষে তিন বংসর পর্যন্ত কারাদণ্ড ইইবে এবং তৎসহ জরিমানাও হইতে পারে। উক্ত আইনের ৫ ধারার আরো বলা হইয়াছে যে, যদি কেহ সন্দেহজনকভাবে বিস্ফোরক দ্রব্য প্রস্তুত করেন বা কাছে রাখেন অথবা যাহার দ্বারা সন্দেহের উদ্রেক হয় যে, উক্ত বিস্ফোরক দ্রব্য বেআইনিভাবে ব্যবহৃত হইবে কিংবা এইরূপ বিক্ষোরক দ্রব্য রাখিবার বৈধ কারণ নাই, তাহা হইলে অনুরূপ কার্যের বৈধ উদ্দেশ্য প্রমাণ করিতে না পারিলে তাঁহার ১৪ বংসর পর্যন্ত কারাদও অথবা কমপক্ষে দুই বৎসর পর্যন্ত কারাদণ্ড হইবে এবং তৎসহ জরিমানাও হইতে পারে। উল্লিখিত আইনে অপরাধে সহায়তাকারীর শান্তি সম্পর্কে বলা হইয়াছে যে. যদি কেহ স্থান, অর্থ, পরামর্শ অথবা বিস্ফোরক দ্রব্যাদি সরবরাহ করিয়া এই আইনে বর্ণিত কোনো অপরাধ করিতে সাহায্য করেন, তবে উক্ত অপরাধের যে-দও বিহিত আছে তাঁহার সেইব্রপ দণ্ড হইবে। ১৯৮৭ সালে বিক্ষোরক আইন সংশোধন করা হইয়াছে যাহা ১৯৮৭ সালের বিস্ফোরক আইন নামে পরিচিত। ১৯৮৭ সালে বিক্ষোরক দ্রব্যাদি আইনেরও সংশোধন করা হইয়াছে। যদি কেহ এই আইনে বর্ণিত কোনো অপরাধ করিতে সাহায্য করেন তবে উক্ত অপরাধের যে-দণ্ড বিহিত আছে export ৩৯৬

তাঁহার সেইরূপ দণ্ড ইইবে। দণ্ডবিধির ২৮৬ ধারায় বিক্ষোরক দ্রব্য লইয়া অবহেলাজনিত আচরণের শান্তি সম্পর্কে বলা হইয়াছে যে, যদি কোনো ব্যক্তি কোনো বিক্ষোরক দ্রব্য লইয়া কোনো কাজ এমন বেপরোয়াভাবে বা অবহেলাজনকভাবে করেন, যাহাতে মানুষের জীবন বিপনু হয়, কিংবা অন্য কোনো ব্যক্তির আঘাত পাইবার বা জখম হইবার সম্ভাবনা দেখা দেয়, কিংবা জ্ঞাতসারে বা অবহেলাজনকভাবে তাঁহার দখলাধীন কোনো বিক্ষোরক দ্রব্য হইতে উদ্ভূত মানুষের জীবনের প্রতি সম্ভাব্য বিপদের বিরুদ্ধে যথেষ্ট সতর্কতা অবলম্বনের জন্য প্রয়োজনীয় আদেশপালনে ক্রটি করেন, তাহা হইলে সেই ব্যক্তি ছ্য়মাস পর্যন্ত যে-কোনো মেয়াদের সম্রম বা বিনাশ্রম কারাদণ্ড, কিংবা এক হাজার টাকা পর্যন্ত যে-কোনো পরিমাণ অর্থের জরিমানায়, কিংবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

export n. & vb. ১. রপ্তানি বি. বিক্রয়ার্থে পণ্যাদি বিদেশে প্রেরণ; বিক্রয়ার্থে বিদেশে প্রেরত পণ্যাদি। ২. রপ্তানি করা ক্রি. বিক্রয়ার্থে পণ্যাদি বিদেশে প্রেরণ করা। কোনো সরকারের শাসনাধীন ভূখণ্ড হইতে পণ্যাদি কোনো বিদেশি ভূখণ্ড কিংবা অন্য কোনো দেশের শাসনাধীন ভূখণ্ড প্রেরণ করা।

Export Price Check (E.P.C) রপ্তানিমূল্য-নিরন্ত্রণ ইহা এক ধরনের ফরম, যাহাতে পণ্যের মূল্য ঘোষণা করা হয়।

expository statute ব্যাখ্যাত্মক সংবিধি আদালতগুলি যাহাতে একটি সাবেক আইন বৈচারিক বিবেচনা-অনুযায়ী নয়, আইন-প্রণয়নাত্মক বিবেচনা-অনুযায়ী ব্যাখ্যা ও প্রয়োগ করেন, সেইজন্য সারত আজ্ঞাপক প্রকৃতির একটি সংবিধি।

ex post facto ভূতাপেক যে-আইন বা সংবিধি অতীত হইতে কার্যকর।

express adj., n. & vb. ১. পরিকার, সৃস্পন্ট, ব্যক্ত বিণ. পরিকারভাবে এবং সুনির্দিষ্টভাবে বর্ণিত; সুপ্রকাশিত; কথায়, লেখায় ও আচরণে প্রদর্শিত। স্পন্ট ভাষায় প্রদত্ত বা বর্ণিত; নিশ্চিত, পরিকারভাবে এবং পরিপূর্ণভাবে প্রকাশিত। নিহিত নহে; সন্দেহপূর্ণের বিপরীত, অনুমিতিনির্ভর নহে; দ্বার্থহীন। এইরপভাবে স্পন্ট ঘোষিত যেন উহা কোনো উপলক্ষ-বা নিহিতার্থনির্ভর নহে। ২. বি. দ্রুতগামী বাস, ট্রেন, ইত্যাদি; মালামাল দ্রুত এবং নিরাপদে সরবরাহ করিবার দায়িত্ত্ব-পালনকারী কোম্পানি; ডাক, রেল ইত্যাদির দ্রুত মালামাল পরিবহণ-ব্যবস্থা। ৩. ক্রি. ভাষায় প্রকাশ করা বা লেখায়, কথায় ও আচরণে প্রদর্শন করা; যে-কোনো ভাবে প্রদর্শন করা বা পরিচিত করা; চিহ্নিত করা ইত্যাদি। প্রকাশ করা, ঘোষণা করা, জানানো, প্রমাণের কাজ করা, উচ্চারণ করা শব্দগুলি প্রায় সমার্থক হইলেও ইহাদের ব্যবহারের ভিন্ন ভিন্ন প্রসঙ্গ রহিয়াছে এবং প্রসঙ্গ-অনুসারে ব্যবহৃত এইসকল শব্দদ্বারা প্রকাশিত অর্থের মধ্যে সৃক্ষ্য পার্থক্য সৃচিত হয়।

o expunge

expressio urius est exclusio alterius একটির অন্তর্ভুক্তি অন্যটির অন্তর্হিতি interpretation of statutes দ্র.।

- express term সুস্পষ্ট শর্ত পক্ষগুলির সম্বতির ভিত্তিতে লিখিত বা মৌখিক চুক্তির বিধান। এই ধরনের বিধানকে শর্ত পাট্টা অথবা অনামা (innominate) বলিয়া শ্রেণীভুক্ত করা। implied term ভূ.।
- express trust সুস্পষ্ট ন্যাস বন্দোবন্তদাতা কর্তৃক সুস্পষ্টভাবে, অর্থাৎ তাঁহার ন্যাস-সৃষ্টির অভিপ্রায় সরাসরি প্রকাশপূর্বক, সৃষ্ট একটি দলিলে কিংবা তাঁহার মৌথিক বিবৃতিতে ন্যাসগঠনের সুস্পষ্ট অভিপ্রায় থাকিলে আনুষ্ঠানিক শন্ধাবলির প্রয়োজন হয় না। কিন্তু অধিকাংশ সুস্পষ্ট ন্যাসই পেশাদার মুসাবিদাকারগণ কর্তৃক লিখিত দলিলে লিপিবন্ধ করা হয়। implied trust তু.।
- ex proprio motu স্ব-উদ্যোগে মামলার পক্ষগুলির আবেদন ছাড়াই আদালতের নিজের উদ্যোগে গৃহীত কার্য।
- expulsion n. বহিষ্কার বি. কোনো রাষ্ট্রকর্তৃক সেই রাষ্ট্রে একজন বিদেশি নাগরিকের প্রবেশ ও অবস্থানকালের অবসান ঘোষণা। সাধারণত কোনো বিদেশি অবাঞ্ছিত কিংবা রাষ্ট্রের জন্য একটি হুমকি বলিয়া বিবেচিত ইইলে ব্যবস্থা গ্রহণ করা হয়।
- expunge vb. মৃছিয়া ক্ষেলা ক্রি. কোনো রেকর্ড ইইতে কোনো শব্দ বা শব্দাবলি বা বক্তব্য বাদ দেওয়া। সংসদের কার্যপ্রবাহের পূর্ণাঙ্গ বিবরণ রক্ষা ও প্রকাশ করা একটি প্রতিষ্ঠিত নিয়ম। কোনো সদস্য সংসদে অশোভন, অন্য সদস্যের প্রতি অপমানজনক, সংসদীয় নীতিবিক্লদ্ধ বা মর্যাদাহানিকর কোনো বক্তব্য রাখিলে বা তাঁহার ভাষণে তেমন কোনো শব্দ ব্যবহার করিলে তাহা সংসদের কার্যবিবরণী ইইতে বাদ দেওয়া হয়। কোনো বক্তব্য বা শব্দ বাদ দেওয়া হয়বে কি না তাহা স্পিকার স্থির করেন। সংসদে বাদ দেওয়া হয়তে পারে এমন বক্তব্য বা শব্দ উত্থাপিত বা উচ্চারিত

হইলে সাধারণত সংশ্রিষ্ট 'ক্ষতিগ্রন্ত' বা অপমানিত সদস্য বা দল তাহা কার্যবিবরণী হইতে বাদ দিবার জন্য স্পিকারের প্রতি আহ্বান জানান। স্পিকার স্বীয় বিকেলায় যদি মনে করেন যে তাহা বাতিলযোগ্য, তবে সঙ্গে সঙ্গে বলেন, 'expunge করা হইবে'। বাংলাদেশের জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধির ৩০৭ ও ৩০৮ ধারায় expunge কী, কেন হইবে এবং সংসদের মুদ্রিত কার্যবিবরণীতে তাহা কীভাবে চিহ্নিত হইবে, তাহা উল্লেখ করা হইয়াছে। কার্যবিবরণীর যে-অংশ বাতিল হয় সেজায়গা তারকা দ্বারা চিহ্নিত এবং পাদটীকায় মন্তব্য করা হয় যে, 'সভাপতির আদেশক্রমে বাতিল করা হইল'।

- extended sentence বর্ধিত দণ্ড কোনো বিশেষ অপরাধের জন্য নির্ধারিত মেয়াদের অতিরিক্ত দণ্ডাজ্ঞা। এই জাতীয় দণ্ডাজ্ঞা আগের দিনে কোনো পরিস্থিতিতে দাণি অপরাধীর উপর আরোপিত হইত। ফৌজদারি কার্যবিধির ২২১(৭) ধারা-অনুসারে, আসামি পূর্বে কোনো অপরাধের দায়ে দণ্ডিত হওয়ার কারণে পরবর্তী অপরাধের ক্ষেত্রে বর্ধিত দণ্ড বা ভিন্ন প্রকৃতির দণ্ডে দণ্ডনীয় হইলে এবং পরবর্তী অপরাধের দণ্ড বৃদ্ধি বা প্রকৃতি পরিবর্তনের জন্য পূর্ববর্তী দণ্ড প্রমাণ করিবার প্রয়োজন হইলে অভিযোগে পূর্ববর্তী দণ্ডের ঘটনা, তারিখ ও স্থান উল্লেখ করিতে হইবে। এইরূপ উল্লেখ না করা হইয়া থাকিলে আদালত দণ্ডদানের পূর্বে যে-কোনো সময়ে উহা যোগ করিতে পারেন।
- extend to and include বিস্তৃত হওয়া ও অন্তর্ভুক্ত করা 'বিস্তৃত হইয়া অন্তর্ভুক্ত করিবে'— এইরূপ ব্যাখ্যামূলক দফায় প্রায়ই ব্যবহৃত এই বাক্যাংশটি 'বৃঝাইবে' (shall mean) শব্দের অপেক্ষা ব্যাপক অর্থবোধক। ইহার দ্যোতিতার্থ এই যে, একটি শব্দ বা বাক্যাংশের দ্বারা উহার লোকপ্রচলিত অর্থ ছাড়াও ব্যাখ্যামূলক অনুচ্ছেদে উহার যে-অর্থ নির্দেশ করা হইয়াছে, তাহাও বুঝাইবে।
- extenuating circumstances উপশমক পরিস্থিতি যে-সকল পরিস্থিতি কোনো অপরাধ বা দৃষ্ট্তির গুরুত্ব বা দৃষ্ণীয়ত্ব লাঘব করে। সাধারণত দও বা থেসারত লাঘব করার জন্য এই ধরনের পরিস্থিতি প্রমাণ করা যাইতে পারে। ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ১৭(২) ধারা-অনুসারে, কোনো শ্রমিক অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হইলে দও-লাঘবকারী যে-কোনো অবস্থা বিবেচনাপূর্বক (১) উপধারার বিধান-অনুযায়ী শান্তিমূলক ব্যবস্থা হিসাবে মজুরি বা জীবিকা ভাতা ছাড়াই অনধিক সাতদিনের জন্য সাময়িক বরখান্ত করা যাইতে পারে অথবা বরখান্ত না করিয়া কর্মচ্যুত করা যাইতে পারে, এবং এই সময়ে ১৮ ধারার (২) উপধারা-মোতাবেক তদন্ত-অনুষ্ঠানের জন্য সময়, যদি এইরূপ তদন্ত হইয়া থাকে, শ্রমিকের সাময়িক বরখান্তের সময়ের অন্তর্ভুক্ত অথবা অতিরিক্ত হইতে পারে, অথবা তাহাকে অন্যভাবে লঘুতর শান্তি দেওয়া যাইতে পারে।

- external adj. বাহ্যিক বিণ. এই শব্দটি অভ্যন্তরীণের বৈপরীত্যক্রমে ব্যবহৃত হয়।
 ইহা কেবল এইরূপ কোনো বস্তুর ক্ষেত্রে ব্যবহৃত হয়, যাহার একটি বাহ্যিক এবং
 একটি অভ্যন্তরীণ দিক আছে এবং কোনো গৃহের বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রয়োগকালে
 এইরূপ সকল কিছু বুঝায়, যাহা উক্ত গৃহের বা প্রতিষ্ঠানের কেবল বাহিরের
 দিকসম্পৃক্ত, অভ্যন্তরীণ দিকসম্পৃক্ত নহে। লোকপ্রচলিত অর্থে বহিঃস্থ বিভাগ বা
 বহিঃস্থ ব্যক্তি নির্দেশ করে।
- extinguishment n. বিলোপ বি. কোনো অধিকার বা স্বত্বের অবসান বা বাতিলকরণ। যেমন, বর্তস্বত্বের বিলোপ ঘটে, যদি প্রভাববিস্তারকারী ও প্রভাবাধীন স্বত্বাধিকারী একই জমির মালিক হন। তবে তথু বর্তস্বত্ব ভোগ না করিবার কারণে বর্তস্বত্বের বিলোপ ঘটিবে না, যদি না উহা পরিত্যাগের অভিপ্রায় প্রমাণ করা যায়।
- extortion

 त. বলপূর্বক আদায় একজন সরকারি কর্মকর্তা তাঁহার পদমর্যাদা ব্যবহার করিয়া তাঁহার প্রাপ্য নহে, এমন অর্থ বা অন্য বে-কোনো সুবিধা আদায় করিলে যেঅপরাধ সংঘটিত হয়। ওই ব্যক্তি যদি হুমকি দিয়া বা ভীতি প্রদর্শন করিয়া সুবিধা আদায় করেন, তাহা হইলে তাহা প্রভারণার শামিল হইবে। দওবিধির ৩৮৩ ধারাঅনুসারে, যে-ব্যক্তি ইচ্ছাকৃতভাবে কোনো ব্যক্তিকে, উক্ত ব্যক্তি বা অন্য কাহারো
 প্রতি ক্ষতির ভয় দেখান এবং তদ্দারা উক্ত তর্জিত ব্যক্তিকে কোনো ব্যক্তির নিকট
 কিছু দান করিতে কিংবা যে-কোনো প্রকার চাঁদা দিতে অথবা কোনো সম্পত্তি বা
 মূল্যবান জামানত, কিংবা স্বাক্ষরিত বা সিলমোহরকৃত কোনো কিছু, যাহা মূল্যবাদ
 জামানতে রূপান্তরিত হইতে পারে, হন্তান্তর করিতে প্রবৃত্ত করেন, সেই ব্যক্তি
 'বলপূর্বক আদায়' করেন।
- extradition n. বহিঃসমর্পণ বি. কোনো রাষ্ট্রে কোনো অপরাধ সংঘটনের জন্য অভিযুক্ত কোনো ব্যক্তিকে অন্য একটি রাষ্ট্রকর্তৃক প্রথমোক্ত রাষ্ট্রের নিকট সমর্পণ। আসামি-বহিঃসমর্পণ দুইদেশের মধ্যে চুক্তির মাধ্যমে কার্যকর হয়। fugitive offender তু.।
- extradition treaty বহিঃসমর্পণ-চুক্তি পলাতক আসামি বা সন্দেহভাজন ব্যক্তিকে যে-দেশে তিনি অপরাধ করিয়াছেন, সেই দেশের কর্তৃপক্ষের নিকট অথবা আসামির স্বদেশে সমর্পণ করিবার চুক্তি। বহিঃসমর্পণ-চুক্তিগুলি দ্বিপাক্ষিক প্রকৃতির এবং ইয়দের বিধিসমূহে ও ব্যাখ্যায় সমতার অভাব রহিয়াছে। তবে চুক্তিগুলিতে অবশাঙ্কারীরূপে নিম্নোক্ত তিনটি বৈশিষ্ট্য বিদ্যামন থাকে: (১) পলাতক আসামির অপরাধের প্রতীয়মান প্রমাণাদি জমা না দিলে জিম্মাদার দেশ আসামিকে সমর্পণ করিবে না; (২) কোনো রাজনৈতিক অপরাধীকে সমর্পণ করা হইবে না; (৩) আসামি যে-অপরাধের জন্য অভিযুক্ত, তাহা ব্যতীত অন্য কোনো অপরাধের জন্য ওইবার তাঁহার বিচার হইবে না, এই মর্মে পর্যাপ্ত নিশ্চয়্যতা না পাইলে আসামিকে সমর্পণ করা হইবে না। extradition দ্র.।

extra-judicial 800

extra-judicial. adj. আদালত-বহির্ভূত আদালতের প্রক্রিয়া-ব্যতিরেকে কৃত। যেমন, বলা হয় 'আদালত-বহির্ভূত সাক্ষ্যপ্রমাণ (extra-judicial evidence)'। আদালতের কার্যধারায় একজন বিচারক বা বিচার-কর্মকর্তার এমন উজি, যাহা ওই কার্যধারার পরিধি-বহির্ভূত।

- extraordinary circumstances অসাধারণ পরিস্থিতি স্থান, কাল ইত্যাদিঘটিত যে-সকল নিয়ামক সাধারণত কোনো বিশেষ বস্তু বা ঘটনার সহিত সংশ্লিষ্ট করা হয় না।
- extraordinary general meeting অতিরিক্ত সাধারণ সভা বার্ষিক সাধারণ সভা বাতীত কোম্পানির সদস্যদের অন্য যে-কোনো সভা। কোনো বিশেষ প্রস্তাব গ্রহণের প্রয়োজনে আহ্ত সভা ছাড়া, এই ধরনের সভা অনুষ্ঠানের জন্য ১৪ দিনের বিজ্ঞন্তি দিতে হয় (তবে সীমিতদায় কোম্পানি ব্যতীত অন্য কোম্পানিগুলির অতিরিক্ত সভার জন্য সাতদিনের বিজ্ঞপ্তিই যথেষ্ট, এই সভায় কেবল বিশেষ ব্যবসাদি নির্বাহ করা যাইতে পারে)। কোম্পানির পরিচালকগণ তাঁহাদের কিংবা পরিশোধিত ভোটাধিকারসম্পৃক্ত শেয়ারের অন্যুন ১০%-এর ধারক কোম্পানি-সদস্যগণ কিংবা, শেয়ার-পুঁজিবিহীন কোম্পানিগুলিতে, অন্যুন ১০% ভোটাধিকারের প্রতিনিধিত্বকারী সদস্যগণ এইরূপ একটি সভা আহ্বান করিতে পারেন। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৮৪ ধারায় অতিরিক্ত বিশেষ সভা আহ্বানের বিধান বর্ণিত হইয়াছে। general meeting দ্রা.।
- extraordinary remedies অসাধারণ প্রতিকার মামলা-মোকদ্দমার মাধ্যমে সাধারণ প্রতিকারের বৈপরীত্যক্রমে *ম্যাভামাস*, কুও ওয়ারান্টো, হেবিয়াস কর্ণাস প্রভৃতি কয়েকটি রিটকে অসাধারণ প্রতিকার নামে শ্রেণীবদ্ধ বা অভিহিত করা হয়। সংবিধানের ১০২ অনুচ্ছেদে বর্ণিত প্রতিকারসমূহকে অসাধারণ প্রতিকার বলা হয়।
- extraordinary resolution বিশেষ সিদ্ধান্ত কোম্পানির কোনো সাধারণ সভায় কমপক্ষে ৭৫% সদস্যের কিংবা তাঁহাদের প্রতিনিধিদের ভোটে গৃহীত একটি সিদ্ধান্ত। কোম্পানি আইনে সুনির্দিষ্ট কোনো পরিস্থিতিতে, যেমন স্বেচ্ছাবৃত্ত অবসায়নে (voluntary winding-up), ইহা যথাযথ পদক্ষেপ। বিশেষ সিদ্ধান্তগ্রহণের প্রস্তাব করিবার অভিপ্রায় জ্ঞাপনের জন্য ১৪ দিনের বিজ্ঞপ্তি আবশ্যক। যদি সেই প্রস্তাব বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করিতে হয়, তাহা হইলে ২১ দিনের বিজ্ঞপ্তির প্রয়োজন হইবে। ১৯৯৪ সালের কোম্পানি আইনের কোম্পানি আইনের কোম্পানি আইনের কান্সানের, সাধারণ সভায় অতিরিক্ত সিদ্ধান্ত হিসাবে গ্রহণের জন্য প্রস্তাব ভোটদানের অধিকারী সদস্যদের, অথবা প্রস্তিতে উপস্থিতি অনুমোদনযোগ্য হইলে তাঁহাদের, অন্যন তিন-চতুর্থাংশের সংখ্যাগরিষ্ঠ ভোটে গৃহীত সিদ্ধান্ত।

8o) eyewitness

extraordinary risk অসাধারণ ঝুঁকি যে-ঝুঁকি স্বাভাবিকতার পরিমপ্তলের বহির্বর্তী,

যাহার উৎপত্তি এমন অবস্থা হইতে, যাহা ওই ক্ষেত্রে সচরাচর ঘটে না । ইহা এমনএকটি ঝুঁকি, যাহা সচরাচর ও অনিবার্যত নিয়োগের সহিত সম্পর্কিত নহে এবং যাহা

নিয়োগকর্তার পক্ষে যুক্তিসংগত সতর্কতা অবলম্বনের দ্বারা নিবারণ করা যাইতে
পারে।

- extrapolation n. বহিঃপাতন বি. ১. জ্ঞাত বিষম রাশিগুলির পরিধির ভিত্তিতে একটি অজ্ঞাত মূল্য বা পরিমাণ গণনা করিবার পদ্ধতি। ২. একটি আদালত যে-পদ্ধতিতে অন্য একটি মামলা হইতে আইনের একটি মূলসূত্র নির্ণয় করেন। ৩. জ্ঞাত তথ্যাবলির ভিত্তিতে সম্ভবপর ফল সম্বন্ধে দূরকল্পনা করিবার পদ্ধতি।
- extraterritoriality n. অতিরাষ্ট্রিকতা বি. আন্তর্জাতিক আইনের একটি তত্ত্ব, যাহা এই ধারণার ভিত্তিতে কূটনৈতিক দায়মুক্তি ব্যাখ্যা করে যে, একটি বিদেশি মিশনের গৃহবাটিকাদি প্রেরক রাষ্ট্রের ভূখণ্ডের অংশবিশেষ। ইংল্যান্ডের আইন এই তত্ত্ব স্বীকার করে না। কূটনৈতিক দায়মুক্তির ভিত্তি এই তত্ত্ব যে, কূটনৈতিক মিশন প্রেরক রাষ্ট্রটির মূর্ত প্রতীক কিংবা কূটনৈতিক কর্মকাণ্ড পরিচালনার জন্য এইরূপ দায়মুক্তির ব্যবহারিক আবশাকতা রহিয়াছে।
- extrinsic evidence বাহ্যিক প্রমাণ যে-সকল বিষয় একটি দলিলে উল্লেখ করা হয় নাই, দলিলটির অর্থ ব্যাখ্যা, হেরফের বা অপ্রকৃত প্রমাণ করিবার জন্য সাক্ষ্যপ্রমাণ হিসাবে উপস্থাপিত সেইসকল বিষয়ের সাক্ষ্যপ্রমাণ। এইরূপ সাক্ষ্যপ্রমাণের গ্রহণযোগ্যতা বাচনিক সাক্ষ্যপ্রমাণ বিধিদ্বারা নিয়ন্ত্রিত। parol evidence rule দ্
- ex turpi causa non oritur actio কোনো অসম্বানজনক কারণের ভিত্তিতে কোনো মামলা হইতে পারে না যে-মূলসূত্র অনুযায়ী আদালত দাবিদারের নিজের অবৈধ বা নীতিবিগর্হিত আচরণ বা লেনদেন হইতে উদ্ভূত কোনো দাবি বলবৎ করিতে অধীকার করিতে পারেন। সেইহেতু যে-পক্ষগুলি জানিয়া গুনিয়া কোনো অবৈধ চুক্তিতে আবদ্ধ হইয়াছে, তাহারা উহা বলবৎ করিতে সমর্থ নাও হইতে পারে এবং যে-ব্যক্তি একযোগে কোনো গুরুতর অপরাধ সংঘটনকালে সহ-অপরাধীর দ্বারা আহত হইয়াছেন, তিনি তাঁহার জখমের ক্ষতিপূরণের জন্য মামলা করিতে সমর্থ নাও হইতে পারেন।
- eyewitness n. প্রত্যক্ষদর্শী বি. যে-ব্যক্তি ব্যক্তিগতভাবে কোনো ঘটনা পর্যবেক্ষণ করেন।

- fact n. তথ্য, ঘটনা বি. আসল কথা। এমন-কোনো ঘটনা বা অবস্থা, যাহা ঘটিয়াছে বা বিদ্যমান ছিল বলিয়া জানা যায়। আইনের সঙ্গে কিংবা, সাক্ষ্য আইন-অনুসারে মতামতের সঙ্গে, ইহার পার্থক্য নির্ণয় করা যাইতে পারে। মামলায় সাফল্যলাভের জন্য কোনো পক্ষকে যেসব ঘটনা প্রমাণের দায় অবশ্যই বহন করিতে হয়, তাহা হইতেছে বিচার্য ঘটনা; ব্যাপক অর্থে অপ্রধান বা প্রাসন্থিক ঘটনাও ইহার অন্তর্ভূক হইতে পারে, যেমন যেসব ঘটনা একজন সাক্ষীর বিশ্বাসযোগ্যতা কিংবা সাক্ষ্যপ্রমাণের গ্রহণযোগ্যতার সহিত সম্পৃক্ত। সাক্ষ্য আইনের ৩ ধারায় বলা হইয়াছে যে, ঘটনার অর্থ হইবে: ১. ইন্দ্রিয়্রগ্রাহ্য কোনো কিছু কিংবা কোনো কিছুর অবস্থা বা সম্পর্ক। ২. কোনো মানসিক অবস্থা, যাহার সম্বন্ধে কোনো কোনো ব্যক্তি সচেতন। সাক্ষ্য আইনের ৩ ধারা-অনুসারে, ঘটনা শব্দের অর্থ হইবে এবং ইহার অন্তর্ভূক হইবে: (১) ইন্দ্রিয়্রগ্রাহ্য কোনো কিছু অথবা কোনো কিছুর অবস্থা অথবা কোনো কিছুর সম্পর্ক; (২) কোনো মানসিক অবস্থা, যে-সম্পর্কে কোনো কোনো ব্যক্তি সচেতন। opinion evidence, facts in issue ও factum দ্র.।
- fact discovered আবিষ্কৃত ঘটনা ১৮৭২ সালের সাক্ষ্য আইনের ২৬ ধারা-অনুসারে, পুলিশের হেফাজতে থাকাকালে আসামির স্বীকারোক্তি তাঁহার বিরুদ্ধে প্রমাণ করা চলে না। তবে, উক্ত আইনের ২৭ ধারা-অনুসারে, পুলিশের হেফাজতে থাকাকালে তাঁহার নিকট হইতে প্রাপ্ত তথ্যের ফলে কোনো ঘটনা উদ্ঘাটিত হইলে উক্ত তথ্যের যে-অংশ উদ্ঘাটিত ঘটনার সহিত স্পষ্টরূপে সম্পর্কিত্, তাহা স্বীকারোক্তি হউক বা না হউক, প্রমাণ করা যাইবে।
- factor n. বাণিজ্যিক প্রতিনিধি বি. বিক্রয়ের উদ্দেশ্যে পণ্যসামগ্রী (কিংবা পণ্যসামগ্রীর প্রতিভূম্বরূপ স্বত্বের দলিল) হস্তগত করিবার দায়িত্বে নিয়োজিত একজন প্রতিনিধি।
- factory n. ১. কারখানা বি. ১৯৬৫ সালের কারখানা আইনে বলা হইয়াছে যে, কারখানা অর্থ কোনো বাড়ি এবং তৎসংলগ্ন জমি, যেখানে (ক) কোনো প্রকার উৎপাদন-প্রক্রিয়া চলে এবং (খ) আগের বারো মাসের মধ্যে যে-কোনো দিন শক্তিসহ বা শক্তিছাড়া দশ বা ততোধিক মজুর কাজে নিয়োজিত ছিল বা এখনো আছে। ২. কুঠি বি. ঐতিহাসিক-ভাবে, বিদেশে ব্যবসা-পরিচালনার উদ্দেশ্যে স্থাপিত প্রতিষ্ঠান।

800 facts in issue

factory and workshop কারখানা ও কর্মশালা যদি কোনো স্থানে কোনো পণ্য উৎপাদনের জন্য বাষ্প, পানি বা অন্য কোনো যান্ত্রিক শক্তিদারা কোনো যন্ত্রপাতি চালিত হয় বা হস্তশক্তির সহায় হয়, তাহা হইলে উক্ত স্থান কারখানা। আর যান্ত্রিক শক্তিদারা কোনো যন্ত্রপাতি চালিত না হইলে সাধারণত উক্ত স্থান কর্মশালা। তবে এই নিয়মের কিছু ব্যতিক্রম রহিয়াছে।

factory cleanliness কারখানার পরিষ্কার-পরিষ্ক্ররতা ১৯৬৫ সালের কারখানা আইনের বিধান-অনুসারে, প্রত্যেক কারখানা পরিচ্ছন্ন থাকিবে এবং কোনো নর্দমা, পায়খানা অথবা অন্য কোনো জঞ্জাল হইতে উথিত দৃষিত গ্যাস হইতে মুক্ত রাখিতে হইবে, এবং বিশেষত (ক) শ্রমিকদের কাজ করিবার কামরা ও সিঁড়ি এবং যাতায়াতের পথ ও প্রাঙ্গণ হইতে প্রতিদিন ময়লা ও আবর্জনা ঝাঁট দিয়া অথবা যথাযথভাবে অপসারণ করিয়া পরিফার রাখিতে হইবে: (খ) শ্রমিকদের কাজ করিবার কামরা প্রতি সপ্তাহে অন্তত একদিন পানি দিয়া অথবা প্রয়োজনবোধে জীবাণুনাশক দারা ধুইয়া অথবা অন্য কোনো কার্যকর প্রক্রিয়ায় পরিষ্কার রাখিতে হইবে; (গ) উৎপাদন-প্রক্রিয়া চলিবার সময়ে ঘরের মেঝে ভিজিয়া গেলে এবং পানি বতটক নিদ্ধাশনযোগ্য ততটক/ পানি নিষ্কাশনের জন্য কার্যকর ব্যবস্থা করিতে হইবে এবং তাহা সংরক্ষণ করিতে হইবে; (ঘ) অভ্যন্তরীণ সব দেয়াল, পার্টিশন, সিনিং অথবা ছাদ এবং দেয়ালের উপরিভাগ, চলাচলের পথ এবং সিঁড়ি (১) রং অথবা বার্নিশ করা থাকিলে প্রতি বছর অন্তত একবার রং অথবা পুনরায় বার্নিশ করিতে হইবে. (২) রং এবং বার্ণিশ করা থাকিলে এবং বহির্ভাগ মস্প ও উন্নত থাকিলে প্রতি চৌদ্দ মাসে একবার নির্ধারিত উপায়ে পরিষ্কার করিতে হইবে. (৩) অন্যান্য ক্ষেত্রে চুনকাম অথবা রং করিয়া রাখিতে হইবে; (১) উপরিউক্ত (খ) অনুচ্ছেদ-মোতাবেক প্রয়োজনীয় কাজ করিবার পর তাহা নির্দিষ্ট রেজিস্টারে লিখিয়া রাখিতে হইবে। কারখানায় সম্পাদিত কাজের প্রকৃতির দরুন যদি কোনো কারখানায় (১) উপধারা-মোতাবেক ব্যবস্থা নেওয়া সম্ভবপর না হয় তাহা হইলে সেইক্ষেত্রে সরকার নির্দেশ জারি করিয়া সে-কারখানাকে অথবা কোনো বিশেষ শ্রেণীর কারখানাকে উক্ত উপধারার আওতা হইতে রেহাই দিতে এবং কারখানা পরিচ্ছনু রাখিবার বিকল্প পস্থা নির্দেশ করিতে পারেন।

factory, seasonal মৌসুমি কারখানা সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে, যে-কোনো কারখানাকে, যেখানে বছরে সাধারণত ১৮০ কার্যদিবসের বেশি উৎপাদন-প্রক্রিয়া চালু থাকে না এবং কোনো বিশেষ ঋতু ছাড়া যাহা চলিতে পারে না অথবা সময়ে সময়ে অনিশ্চিত প্রাকৃতিক শক্তির উপর যাহা নির্ভরশীল থাকে, অনুরূপ কারখানাকে মৌসুমি কারখানা হিসাবে সরকার ঘোষণা করিতে পারেন।

facts in issue বিচার্য বিষয়, বিচার্য ঘটনা সাক্ষ্য আইনের ৩ ধারা-অনুসারে, বিচার্য বিষয় শব্দগুলির অর্থ হইরে এবং ইহার মধ্যে অন্তর্ভুক্ত হইবে এমন কোনো ঘটনা যাহা ইইতে স্বতঃই অথবা অন্য কোনো ঘটনা সংশ্লিষ্ট হইয়া কোনো একটি মামুলার দাবিকৃত বা অস্বীকৃত কোনো অধিকার, দায় অথবা অক্ষমতার অস্তিত্ব, অস্তিত্বহীনতা, প্রকৃতি বা পরিমাণ অবশ্যম্ভাবীরূপেই প্রতীয়মান হয়। যখন দেওয়ানি কার্যবিধি-সংক্রান্ত কোনো বলবৎ আইনের কোনো বিধানের অধীনে কোনো আদালত কোনো ঘটনার বিষয় লিপিবদ্ধ করেন, তাহার উত্তরে যে-ঘটনা দাবি করা হয় বা অস্বীকার করা হয়, তাহাই বিচার্য ঘটনা।

- factum n. ঘটনা বি. ১. একটি ঘটনা বা ঘটনাগত বিবৃতি। যে-ঘটনা অন্য একটি ঘটনার প্রমাণস্বরূপ সাক্ষ্যপ্রমাণে উপস্থাপন করা হয়, তাহা একটি প্রমাতা ঘটনা (factum probans) এবং যে-ঘটনা প্রমাণ করা আবশ্যক, তাহা একটি প্রমাণযোগ্য ঘটনা (factum probandum)। ২. একটি কার্য বা ক্রিয়া। এতৎসহ non est factum স.।
- factum valet সিদ্ধ কার্য বি. কার্য সম্পন্ন হইবার পর সেই ফার্টের বৈধতা মানিয়া লওয়া। জীমৃতবাহনের দায়ভাগ-অনুসারে, যাহা করা আদৌ উচিত ছিল না অথচ করা ইইয়াছে, তাহা আইনসিদ্ধ বলিয়া গ্রহণ করা। এই নীতি দায়তাগ-অনুসারে সিদ্ধ ইইলেও মিতাক্ষরা-মতে ইহার প্রয়োগ সীমিত।
- fails to appear হাজির হইতে ব্যর্থ দেওয়ানি কার্যবিধির ৯ আদেশে এবং ১৭ আদেশের ২ নিয়মে হাজির হইতে ব্যর্থ হওয়া বা গরহাজিরার পরিণাম সম্বন্ধে বিধান দেওয়া হইয়াছে।
- failure of justice ন্যায়বিচারের ব্যর্থতা আইনগত প্রতিকারের অপর্যাপ্ততাহেত্ কোনো বিশেষ অধিকারের নিক্ষলতা বা কোনো অন্যায়ের প্রতিকারলাভের ব্যর্থতা। যথন কোনো বিচার-নিম্পত্তি এমনই স্পষ্টত ভুল হয় যাহা নৈতিক অনুভূতিকে আঘাত করে তথন এই উক্তিটি 'বিচার-বিদ্রাট' বা 'ন্যায়বিচার নিশ্চিত করিতে আদালতের ব্যর্থতা' উক্তির সহিত সমার্থকরূপে ব্যবহৃত হয়। আইন অমান্য করা, কার্যবিধি অনুসরণ না করা অথবা অনুরূপ অন্য কোনো কারণে সঠিক বিচার না হওয়া কিংবা বিচার-বিদ্রাট ঘটা।
- failure to exercise jurisdiction এখতিয়ার-প্রয়োগে ব্যর্থতা যদি আদালতে ব্যবহারের লক্ষ্যে লিখিত সাক্ষ্য-দাতাকে জেরা করিতে তলব করিবার জন্য সদুদ্দেশ্যে দাখিলকৃত কোনো দরখান্ত ভ্রান্তভাবে না-মনজুর করা হয়, তাহা হইলে উহাকে আদালত কর্তৃক এখতিয়ার প্রয়োগ করিতে ব্যর্থতা বলা যায়।
- failure to maintain ভরণপোষণে ব্যর্থতা বিবাহ বলবৎ থাকিতে স্বামী-স্ত্রীর যে-কোনো একজনের পক্ষে অপরজনের জন্য যুক্তিসংগত ভরণপোষণ কিংবা তাঁহাদের সন্তানসন্ততির ভরণপোষণার্থে যথোচিত অংশদান করিবার ব্যর্থতা।

failure to make disclosure উদ্ঘটিনের ব্যর্পতা একটি উদ্ঘাটন আদেশ-অনুযায়ী আর্থািক হওয়া সত্ত্বেও দনিলাদি উদ্ঘাটিত না করা। ইহার ফলে উদ্ঘাটনে বাধ্য করিবার জন্য আদেশ দাবি করিবার আবেদনপূর্বক আদালতের নিকট একটি দরখান্ত পেশ করা যাইতে পারে। disclosure and inspection of documents দ্র.।

fair comment ন্যায্য মন্তব্য কোনো মানহানির মামলায় এই বলিয়া আত্মপক্ষ-সমর্থন
থে, প্রদন্ত বিবৃতিটি ছিল জনস্বার্থসম্পৃক্ত বিষয়ে একটি ন্যায্য মন্তব্য। যে-সকল
তথ্যের তিন্তিতে মন্তব্যটি করা হইয়াছে, তাহা অবশ্যই সত্য হইতে হইবে এবং
মন্তব্যটি অবশ্যই ন্যায্য হইতে হইবে। মতামতের অকপট অভিব্যক্তি, যতই
অতিরক্সিত হউক না কেন, ন্যায্য মন্তব্য হইতে পারে, কিন্তু ব্যক্তিগত বিদ্বেমপ্রস্ত
অভিমত এবং নিছক গালিগালাজ তাহা নহে। বিষয়টি জনস্বার্থসম্পৃক্ত কিনা, বিচারক
তাহা বিচার করিবেন। rolled-up plea দ্র্য়.

fair dismissal ন্যায্য পদচ্যতি নিয়োগকর্তার পক্ষে একজন কর্মচারীকে যুক্তিসংগত এবং আইনসম্বত কারণে বরখান্ত করা হইয়াছে, অর্থাৎ কর্মচারীর সমের্থ্য, যোগ্যতা বা আচরণের কারণে, কিংবা প্রয়োজনের অতিরিক্ততার কারণে এই বরখান্ত করা হইয়াছে বিনিয়া কোনো ট্রাইব্যুনাল রায় দিলে, ওই বরখান্তকরণকে ন্যায্য পদচ্যুতি বলা হয়। এই কর্মচারীকে বহাল রাখা বেআইনি হইতে পারে কিংবা বহাল না রাখার অন্য কোনো পর্যাপ্ত ও গুক্ততর কারণও থাকিতে পারে। unfair dismissal তু.।

fair, just, equitable, reasonable, moderate adj. ন্যায্য, উচিত, ন্যায়সংগত, যুক্তিযুক্ত, পরিমিত বিণ, এই উক্তিগুলি কোনো ব্যক্তির আচরণ বা मा<mark>रिमम्पर्क श्रायाङ्का । 'नाराया' দ্ব</mark>ারা ব্যাপক মূল্যবিচারে যাহা পারস্পরিকভাবে যথার্থ, এইরূপ বুঝায়। কোনো দ্রব্যের ন্যায্যমূল্য বলিতে বুঝায় যাহা ক্রেতা-বিক্রেতার অবস্থান ও বাজার-পরিস্থিতি বিবেচনায় যথাযথ বলিয়া মনে হয়। কোনো ব্যক্তির ক্ষেত্রে সং ও ন্যায়পরায়ণ উক্তি প্রযোজ্য হয় যখন ওই ব্যক্তি নিজের মতো করিয়া অন্যের ভালোমন্দ বিবেচনা করেন এবং পক্ষপাতিত বা স্বার্থান্তেষণ না করিয়া কোনো কিছু বিচার করেন। 'ন্যায্য' এবং 'ন্যায়সংগত' দ্বারা 'যথার্থ ও পক্ষপাতহীন' বুঝায়। 'উচিত' হইল অধিকতর সমন্ত্রিত এবং ইহার দ্বারা প্রয়োজনীয় ক্ষেত্রে সমূচিত শান্তিদানের নীতির প্রয়োগ নির্দেশ করে। 'ন্যায়সংগত' বলিতে কেবল উচিত নহে— উহার মধ্যে সমতার ভিত্তিতে আইন ও নিয়মের অপূর্ণতা অপনোদনের উপাদান विमामान थात्क। 'न्याया' উক্তিটি मानुरुष मानुरुष অধিকারের ক্ষেত্রে প্রযোজ্য হয়, অপরদিকে 'যুক্তিযুক্ত' সেই সীমা অতিক্রম করিয়া সাধারণ বোধ ও অভিজ্ঞতার ভিত্তিতে বিষয়ের অত্যাবশ্যকীয় প্রকৃতি পর্যন্ত সম্প্রসারিত হয়। 'পরিমিত' উক্তিদ্বারা অতিরিক্ত কোনো উপাদানের অনুপস্থিতি বুঝায় এবং সাধারণত কোনো কিছুর স্বাভাবিকতা নির্দেশ করে ।

fair rent ন্যাষ্য ভাড়া ইংল্যান্ডের আইনে একটি সুরক্ষিত বা সংবিধিমূলক ভাড়াস্বত্বের অধিকারীর জন্য একজন ভাড়া-অফিসার বা ভাড়া-নির্ধারণ কমিটি কর্তৃক নির্ধারিত ভাড়া। বাংলাদেশে ভাড়া-নিয়ন্ত্রক ন্যায্য ভাড়া নির্ধারণ করিতে পারেন।

- fair trial ন্যায্য বিচার বিচার করিবার ক্ষেত্রে যদি কোনো পক্ষের স্বার্থের হানি না
 ঘটাইয়া আদালত কর্তৃক পক্ষপাতহীনভাবে আইন প্রয়োগ করা হয়, তাহা হইলে
 উহাই পক্ষপাতহীন বিচার বা ন্যায্য বিচার। ন্যায্য বিচারের অধিকার দেওয়ানি ও
 ফৌজদারি বিচারকার্য সম্বন্ধে প্রযোজ্য এবং (কিছু কিছু ব্যতিক্রমসাপেক্ষে) প্রকাশ্য
 শুনানির অধিকার ইহার অন্তর্ভুক্ত। ফৌজদারি মামলাগুলিতে নিম্নোক্ত সুনির্দিষ্ট
 অধিকারসমূহ স্বীকৃত: আসামির অপরাধশূন্যতা সম্বন্ধে প্রাক্ত্রতায়; মামলার বিস্তারিত
 তথ্য জানিবার অধিকার; আত্মপক্ষসমর্থন এবং আইনজীবীকে নির্দেশানের জন্য
 প্রস্তুতির লক্ষ্যে সময় ও সুযোগ লাভ (প্রয়োজন হইলে আর্থিক সহায়তাসহ); সাক্ষী
 তলব করা এবং বাদীপক্ষের সাক্ষীদিগকে জেরা করা; এবং ক্ষেত্রবিশেষে বিনামূল্যে
 একজন দোভাষীর সাহায্যপ্রপ্ত হওয়া। মানবাধিকার-সম্পর্কিত ইউরোপীয়
 কনভেনশনের ৬ ধারায় সন্ত্রিবিষ্ট একটি অধিকার।
- fair wage উপযুক্ত মজুরি শ্রমিকের জন্য যথাযথ মজুরি। কোনো স্বাভাবিক পরিবারের সদস্যদের খাদ্য, বাসস্থান, বস্তু, চিকিৎসাসেবা ও শিশুদের শিক্ষাসংস্থানের জন্য ইহা যথেষ্ট পরিমাণ হইতে হইবে, কিন্তু প্রতিষ্ঠানের শ্রেণী-অনুযায়ী শ্রমিকের মজুরি উপার্জনের সামর্থ্যের অতিরিক্ত হারে হইবে না।
- fairway n. নাব্য নদীবাত একটি নাব্য নদীর মধ্যখাত। স্বাভাবিক নৌচলাচলের জন্য যতদূর পর্যন্ত পর্যাপ্ত পানির গভীরতা রহিয়াছে, ততদূর পর্যন্ত নদীতীর অভিমুখে ইহা ুবিস্তৃত।
- fair wear and tear বাভাবিক ক্ষমক্ষতি বাড়িভাড়া-সংক্রান্ত মেরামতের চুজিপত্রে প্রায়শ লক্ষণীয় একটি শব্দগুচ্ছ। একজন ভাড়াটিয়া যদি তাঁহার ভাড়াপ্বত্বের মেয়াদের মধ্যে প্রাভাবিক (ন্যায়সংগত) ক্ষয়ক্ষতি মেরামত করিতে বাধ্য না থাকেন, তবু ওই ক্ষয়ক্ষতিপ্রযুক্ত আরো ক্ষতি নিবারণার্থে তাঁহাকে অবশ্যই যে-কোনো মেরামত সম্পন্ন করিতে হইবে। যেমন, ছাদের একটি টালি উড়িয়া গোলে, তিনি উহা মেরামত করিতে বাধ্য নহেন, কিন্তু ছাদের ফাঁক দিয়া বৃষ্টির পানি পাড়িয়া যাহাতে আরো ক্ষতি সাধিত না হয়, সেজন্য তাঁহাকে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৮(৬) ধারা-অনুসারে ভাড়াটিয়া ভাড়া-দেওয়া বাড়ির যুক্তিসংগত কোনো ক্ষয়ক্ষতির জন্য দায়ী হইবেন না।
- falsa demonstratio non nocet ভ্রান্ত বর্ণনা কোনো দলিলকে হীনবল করে না দলিলের মর্ম নিশ্চিতভাবে ব্যক্ত করে, এইরূপ যথেষ্ট ও পর্যাপ্ত বর্ণনা থাকিলে পরবর্তী ভ্রান্ত সংযোজন অন্যভাবে গুদ্ধ বর্ণনাকে অকার্যকর করিবে না।

false accounting অসত্য হিসাব কোনো হিসাব কিংবা হিসাবরক্ষার কাজে ব্যবহৃত কোনো দিনি অসাধৃভাবে অন্যথা করা কিংবা ধ্বংস বা গোপন করা, কিংবা ওইরূপ দনিন মিধ্যা বা বিভ্রান্তিকর বনিয়া জানা বা সন্দেহ পোষণ করা সম্বেও তাহা ব্যবহার করা। যিনি এইরূপ কর্ম করেন, তিনি ইংল্যান্ডে অসত্য হিসাবের অপরাধে অভিযুক্ত ইইবেন এবং সাত বৎসর পর্যন্ত কারাদণ্ডে দণ্ডিত হইতে পারেন। তবে অপরাধটি অবশাই নিজের লাভ কিংবা অন্যের ক্ষতিসাধনের উদ্দেশ্যে সংঘটিত হইতে হইবে।

false case or complaint মিখ্যা মামলা বা অভিযোগ ২০০২ সালের আইনশৃঙ্গনা-বিমুকারী অপরাধ (দ্রুত বিচার) আইনের ৬ ধারা-অনুসারে, যদি কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তির ফতিসাধনের অভিপ্রায়ে উক্ত ব্যক্তির বিরুদ্ধে আইনশৃঙ্গনা-বিমুকারী অপরাধ-সংঘটনের কোনো ন্যায্য বা আইনানুগ কারণ নাই জানিয়াও তাঁহার বিরুদ্ধে কোনো মামলা বা অভিযোগ দারের করেন বা করান, তাহা ইইলে প্রথমাক্ত ব্যক্তি অন্যূন দুই বৎসর এবং অনধিক পাঁচ বৎসর পর্যন্ত সপ্রম কারাদণ্ডে দর্দেশীয় হইবেন এবং তদুপরি অর্থদণ্ডেও দঙ্নীয় হইবেন। এতৎসহ false prosecution দ্র.।

lalse charge মিখ্যা অভিযোগ কোনো অন্যায় বা অপরাধের মিখ্যা অভিযোগ।
মামলা স্বন্ধু করিবার অনুমোদন চাহিয়া কোনো উপযুক্ত কর্তৃপক্ষের নিকট বা সংবিধিঅনুযায়ী দায়িত্বপালন করিতে প্রস্তুত এইরূপ অন্য কোনো ব্যক্তির নিকট অপরাধ
সম্পর্কে কোনো মিখ্যা অভিযোগ করা হইলে তাহা, ফৌজদারি কার্যধারা প্রবর্তন
বিন্যা গণ্য না হইলে, দগুবিধির ২১১ ধারা-অনুসারে মিখ্যা অভিযোগ দায়ের করা
বিন্যা গণ্য হয়।

lalse document মিধ্যা দলিল উদ্দেশ্যমূলকভাবে অশুদ্ধরূপে লিখিত বা ইষ্মাকৃতভাবে জাল করা হইয়াছে, এমন কোনো দলিল। দণ্ডবিধির ৪৬৪ ধারায় মিথ্যা দলিন তৈয়ারির সংজ্ঞা দেওয়া হইয়াছে।

false imprisonment অবৈধ অবরোধ অবৈধভাবে কোনো ব্যক্তির গমনাগমনের মাধীনতা বর্ব করা। তাঁহাকে যে কারাগারে রাখিতে হইবে এমন কোনো কথা নাই, গমনাগমনের স্বাধীনতা হইতে তিনি সম্পূর্ণরূপে বঞ্জিত হইলেই যথেষ্ট। সুতরাং বেআইনি গ্রেপ্তার এবং কোনো ব্যক্তিকে কোনো কক্ষ বা দোকান ত্যাগ করিতে অবৈধতাবে বাধা দেওয়াও অন্যায় কারাবরোধের অন্তর্ভুক্ত। দগুর্বিধির ৩৪২ ধারা-অনুসারে অবৈধ অবরোধ দওনীয় অপরাধ। wrong confinement দ্র.।

false personation কপট পরিচয়দান কপটভাবে নিজেকে অন্য ব্যক্তি বলিয়া ভান করা। দর্থবিধির ২০৫ ধারায় মিথ্যা পরিচয়ের সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে। কপট পরিচয় হইন নিজেকে মিথ্যাভাবে অন্য কোনো ব্যক্তি বলিয়া ঘোষণা করিয়া বেআইনিভাবে false plea 80b

দাবিকৃত ব্যক্তির অনুরূপ অভিনয় করিবার অপরাধ, যাহার দ্বারা অন্যদিগকে প্রতারিত করিয়া নিজে কোনো লাভ বা সৃবিধা ভোগ করা অথবা অনুরূপভাবে যে-ব্যক্তির আকার ধারণ করা হইয়াছে সেই ব্যক্তির জন্য প্রযোজ্য কোনো অধিকার বা সৃবিধা নিজে ভোগ করা কিংবা উক্ত ব্যক্তিকে কোনোরূপ ব্যয়, অভিযোগ বা দায়ের অধীন করিবার উদ্দেশ্য থাকে।

- false plea মিখ্যা অজুহাত মামলার যে-বিবৃতি স্পষ্টত অসার বা নিরর্থক এবং যাহা শুধুমাত্র বিড়ম্বনা বা কালক্ষেপণের উদ্দেশ্যে প্রদান করা হয়। কোনো বিবৃতি মামলার ন্যায্য বিচারের উপর প্রতিকূল প্রভাব বিস্তার করিতে পারে বলিয়া মনে ইইলে আদালত তাহা বাতিল বা সংশোধন করিতে পারেন।
- false pretence মিখ্যা ওজর কথার বা কাজে অসত্য বর্ণনার দ্বারা কোনো ব্যক্তিকে বিভ্রান্ত করা। এক সময়ে যাহা মিখ্যা ওজরের মাধ্যমে সম্পত্তি-অর্জনের অপরাধ বলিয়া পরিচিত ছিল, এখন তাহা প্রতারণার মাধ্যমে সম্পত্তি-অর্জন নামে পরিচিত। deception দ্র.।
- false prosecution মিখ্যা মামলা ২০০২ সালের আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইনের ৬ ধারা-অনুসারে, যদি কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তির ক্ষতিসাধনের অভিপ্রায়ে উক্ত ব্যক্তির বিরুদ্ধে আইনশৃঙ্খলা-বিঘ্নকারী অপরাধ-সংঘটনের কোনো ন্যায্য বা আইনানুগ কারণ নাই জানিয়াও তাঁহার বিরুদ্ধে কোনো মামলা বা অভিযোগ দায়ের করেন বা করান, তাহা হইলে প্রথমোক্ত ব্যক্তি অন্যূন দুই বৎসর এবং অনধিক পাঁচ বৎসর পর্যন্ত সশ্রম কারাদেওে দওনীয় হইবেন এবং তদুপরি অর্থদন্তেও দওনীয় হইবেন।
- false representation মিথ্যা উপস্থাপন কোনো ব্যক্তির মতামত বা কর্মকে প্রভাবিত করিবার উদ্দেশ্যে উক্ত ব্যক্তির নিকট কোনো ঘটনার মিথ্যা বিবরণ দেওয়া বা প্রতিবেদন দাখিল করা। কোনো ঘটনার মিথ্যা বর্ণনার প্রতি হ্যা-সূচক উক্তি ও মিথ্যা বিবৃতি। কোনো ব্যক্তির জানা যে-ঘটনা প্রকাশ করা তাঁহার কর্তব্য, তাহা প্রকাশ করিবার ব্যর্থতাও মিথ্যা উপস্থাপনের শামিল।

false statement অসত্য বিবৃতি perjury দ্ৰ.।

false trade description মিখ্যা বাণিজ্যিক বর্ণনা ব্যবসায়-সূত্রে প্রস্তুত পণ্যাদির এমন কোনো বর্ণনা, যাহা কোনো কোনো তথ্যের দিক হইতে অসত্য। ইংল্যান্ডের ১৯৬৮ ও ১৯৭২ সালের বাণিজ্যিক বর্ণনা আইন (Trade Descriptions Acls)-অনুযায়ী পণ্যাদি সম্বন্ধে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মিখ্যা বর্ণনা একটি অপরাধ। trade description দ্র.। 80% family life

falsification of accounts হিসাব অন্যথাকরণ দণ্ডবিধির ৪৭৭ ধারায় হিসাবপত্র অন্যথাকরণের শাস্তি বর্ণিত হইয়াছে। false accounting দ্র.।

- family n. পরিবার বি. আইনের প্রয়োজনার্থে পরিবার সাধারণত রক্ত, বিবাহ বা দত্তক্মহণের সম্পর্কের মধ্যে সীমাবদ্ধ। ১৯৭২ সালের রাষ্ট্রপতির ৯৮ আদেশ-অনুসারে পরিবার বলিতে পরিবারপ্রধান, তাঁহার স্ত্রী, পুত্র, পুত্রবধূ, অবিবাহিতা কন্যা, পৌত্র এবং অবিবাহিতা পৌত্রীকে বুঝায়।
- family arrangement পারিবারিক সমঝোতা সামগ্রিকভাবে একটি পরিবারের হিতার্থে পরিবারের সদস্যদের মধ্যে মতৈক্য। পারিবারিক সমঝোতার সঠিকতার গুরুত্বপূর্ণ উপাদান হইল সদুদ্দেশ্য। বর্তমানের বা ভবিষ্যতে উৎপন্ন হইতে পারে সম্পত্তি-সংক্রান্ত এইরূপ কোনো পারম্পরিক দাবি হইতে উদ্ভূত বিরোধের আত্তরিকতাপূর্ণ সমান্তির লক্ষ্যে পারিবারিক সমঝোতায় অবশ্যই উপনীত হইতে হইবে। পারিবারিক স্বার্থ, শান্তি ও শৃঙ্খলা রক্ষার্থে পরিবারের সদস্যগণ তাঁহাদের সম্পত্তি বাটোয়ারা করিয়া লইতে পারেন।
- family assets পারিবারিক পরিসম্পৎ সমগ্র পরিবারের হিতার্থে ব্যবহৃত হইবে বলিয়া ধামী বা ন্ত্রী অথবা উভয়পক্ষ কর্তৃক অর্জিত সম্পত্তি। বৈশিষ্ট্যসূচক দৃষ্টান্ত হিসাবে উল্লেখ্য বৈবাহিক বাড়ি, আসবাবপত্র ও গাড়ি। ঠিক পারিবারিক পরিসম্পৎ সম্বন্ধে ব্যবস্থাহণের জন্য বিশেষ কোনো আইন নাই, তবে ইংল্যান্ডে বিবাহভঙ্গের পর এইরূপ পরিসম্পৎ সম্বন্ধে আদালতের স্ববিবেচনাপ্রসৃত আদেশদানের যথেষ্ট সুযোগ রহিয়ান্থে এবং পারিবারিক পরিসম্পৎ সম্পর্কে প্রয়োগ করিবার জন্য আদালত কর্তৃক নমনীয় দিগদশী রীতিমালা গড়িয়া উঠিয়াছে। এতৎসহ matrimonial home দ্র. ।
- family court পারিবারিক আদালত ১৯৮৫ সালের পারিরারিক আইন অধ্যাদেশের অধীনে গঠিত আদালত।
- family law পারিবারিক আইন পারিবারিক সম্পর্কবিষয়ক আইন। যে-আইনে বিবাহ, বিবাহবিচ্ছেদ, পোষ্যগ্রহণ, শিশুর তত্ত্বাবধান ও ভরণপোষণ এবং অন্যান্য গার্হস্থা সম্পর্কের বিষয়ে বিহিত ব্যবস্থা নির্দেশিত হয়। ১৯৮৫ সালের পারিবারিক আদালত অধ্যাদেশ-অনুসারে গঠিত পারিবারিক আদালত উপরিউক্ত বিষয়সংক্রান্ত বিরোধ নিম্পত্তি করেন।
- family life পারিবারিক জীবন মানবাধিকার-সম্পর্কিত ইউরোপীয় কনভেনশনের ৮ অনুচ্ছেদে সন্নিবিষ্ট একটি অধিকার। ইহা একটি শর্তসাপেক্ষ অধিকার এই অর্থে যে, জনস্বার্থে পারিবারিক জীবনে হস্তক্ষেপ করা যাইতে পারে, যদি তেমন হস্তক্ষেপ

আইনসম্মত, বৈধ উদ্দেশ্যে পরিকল্পিত ও আনুপাতিক হয়। তৃতীয় পক্ষের হস্তক্ষেপ হইতে পারিবারিক জীবনকে রক্ষার জন্য সরকারি কর্তৃপক্ষসমূহের একটি সীমিত কিন্তৃ ইতিবাচক কর্তব্য রহিয়াছে। এতৎসহ qualified right দ্র.।

family mansion পারিবারিক অট্টালিকা কোনো পরিবারের মালিকানাধীন বৃহদাকার বাডি।

family name পারিবারিক নাম surname দ্র.।

family proceedings পারিবারিক মামলা ইংল্যান্ডে শিণ্ডর কল্যাণঘটিত বিষয়াবলিতে হাইকোর্টের সহজাত এখতিয়ারভুক্ত যে-কোনো মামলা। পারিবারিক মামলার পরিধি অত্যন্ত ব্যাপক: বিবাহবিচ্ছেদ, গার্হস্থ্য সহিংসতা, দন্তকগ্রহণ, পোষ্যত্ব প্রভৃতি নানা বিষয় ইহার অন্তর্ভুক্ত। বাংলাদেশে ১৯৮৫ সালের পারিবারিক আদালত আইন অধ্যাদেশ-অনুসারে গঠিত পারিবারিক আদালত বিবাহবিচ্ছেদ, দেনমোহর, খোরপোশ ও অভিভাবকত্ব সম্পর্কে এখতিয়ার পরিচালনা করেন।

family provision পারিবারিক সংস্থান কোনো মৃত ব্যক্তির সম্পত্তি হইতে তাঁহার পরিবার বা প্রতিপাল্যদিগের অনুকূলে আদালত কর্তৃক বিহিত ব্যবস্থা।

fare n. ভাড়া বি. যাত্রী বা মালামাল পরিবহণের ক্ষেত্রে ভাড়া-করা যানবাহনের মাণ্ডলের হার; যাত্রী পরিবহণের ব্যয়; মালামাল পরিবহণের বা যাত্রাপথের খরচ বা বায়।

farming stock কৃষিজ মজুদ চাষাবাদ-সংশ্লিষ্ট কৃষিজাত মজুদ। কাটিয়া ঘরে তোলা ইইয়াছে, এইরূপ ফসল।

fast track দ্রুন্ত বিচারপ্রণালি ব্রিটিশ আইনে, একটি দেওয়ানি মামলায় দাবির পরিমাণ ৫০০০ পাউন্তের অধিক এবং ১৫,০০০ পাউন্তের কম হইলে মামলাটি বিচারের জন্য যে-প্রণালি নির্ধারণ করা হয়। allocation দ্র.।

fatal accidents প্রাণান্তক দুর্ঘটনা ইংল্যান্ডে কোনো ব্যক্তি দুর্ঘটনায় মারা গেলে তৎকর্তৃক (কিংবা তাঁহার বিরুদ্ধে) মামলা করিবার অধিকার অক্ষুণ্ন থাকে। যেমন, ওই ব্যক্তি চালকের অবহেলাবশত মোটর দুর্ঘটনায় নিহত হইলে, মৃত ব্যক্তির নামে চালকের বিরুদ্ধে মামলা রুজু করা যাইতে পারে; কোনো ক্ষতিপূরণ পাওয়া গেলে, উহা মৃত ব্যক্তির সম্পত্তির অঙ্গীভূত হইবে। বাংলাদেশে তদ্ধে দুর্ঘটনায় কেহ মারা গেলে তাহার ওয়ারিশগণমাত্র ক্ষতিপূরণ আদায়ের জন্য আদালতে মামলা করিতে পারেন।

fatal injury প্রাণঘাতী আঘাত দুর্ঘটনা এবং অক্ষমতা বিমাপত্রের ক্ষেত্রে ব্যবহৃত
একটি উক্তি। দুর্ঘটনার কারণে মৃত্যু ইহার অন্তর্ভুক্ত এবং যে-দুর্ঘটনার বিমাকৃত
ব্যক্তির মৃত্যু ঘটে না, তবে তাঁহাকে স্বাভাবিক কাজ হইতে নিবৃত্ত করে, এইরূপ
অক্ষমতা হইতে ইহা ভিন্ন। আইনের বিধান-অনুসারী প্রাণঘাতী দুর্ঘটনার ফলে
কোনো ব্যক্তির মৃত্যু হইলে তাঁহার ওয়ারিশগণ ক্ষতিপূরণ দাবি করিয়া মামলা করিতে পারেন।

father n. পিতা বি. ১৮৯৭ সালের জেনারেল ক্লজেজ আইনের বিধান-অনুসারে, যাঁহার ক্ষেত্রে ব্যক্তিগত আইন দত্তকের অনুমতি দেয় তাঁহার ক্ষেত্রে পিতা বলিতে দত্তকগ্রহণকারী পিতাকে অন্তর্ভুক্ত করিবে।

fatwa n. ফতোয়া বি. ইসলামি আইনের কোনো বিধান সম্পর্কে মতামত বা ব্যাখ্যা।
যধন কোরান, হাদিস, শরিয়া বা ফিকহ হইতে কোনো সমস্যার সন্তোষজনক সমাধান
পাওয়া যায় না, তথন ফতোয়ার প্রয়োজন হয়। কেবল ধর্মীয় আইনে বিশেষজ্ঞ মুফতি
বা ফিকহ ফতোয়া দিতে পারেন। কোরান ও হাদিসের আলোকে উদ্ভূত সমস্যাটির
সমাধানের পর ইজমায় বা সর্বসম্মতিক্রমে সর্বাঙ্গীণ প্রচেষ্টার পূর্বের সিদ্ধান্তসমূহের
সঙ্গে সামঞ্জস্য রক্ষা করিয়া যুক্তি ও কিয়াস সাদৃশ্য বিবেচনা করিয়া কোনো সিদ্ধান্ত
বা বিধান প্রদান করিলে তাহাকে ফতোয়া বলা যাইবে। ইসলামের প্রথম যুগে কাজি
বা বিচারকগণ ফতোয়া দিতেন। আধুনিক কালে কোনো কোনো মুসলমান-অধ্যুষিত
রাষ্ট্রে ইসলামি আইন ব্যাখ্যাকারীদের লইয়া ফতোয়া কমিটি গঠিত হইয়াছে। ফতোয়া
কাহারো ব্যক্তিগত অভিমত নহে। প্রচলিত আইনের সহিত সংগতি রক্ষা করিয়া
কেবল জরুরি ক্ষেত্রে ফতোয়া দেওয়া হয়। বাংলাদেশে আইনি ব্যক্তিত্ব বা কর্তৃপক্ষ
ব্যতীত কোনো ফতোয়া প্রদান করিলে তাহা ব্যক্তিগত অভিমত বলিয়া গণা ইইবে।
বাংলাদেশের আইনব্যবস্থায় কেবল আদালতই দেশে প্রচলিত ও বলবৎ ইসলামি ও
অন্যান্য আইনের উপর সিদ্ধান্ত দিতে পারেন। Editor, the Daily Banglabazar
Patrika v. District Magistrate, 2001 BLD 45 দ্র.।

Fatwa-i-Alamgiri ফতোয়া-ই-আলমগিরি ১৭০০ খ্রিষ্টাব্দে মুগল সম্রাট আওরসজেব আলমগিরের আগ্রাহে শেখ নিজামের নেতৃত্বে মুগল সাম্রাজ্যের খ্যাতিমান আলিমদের দ্বারা সংকলিত ফিকহ-বিষয়ক গ্রন্থ। দক্ষিণ এশিয়ায় ইহাই মুসলমান আইনের প্রথম ও বৃহত্তম সারগ্রন্থ।

fault n. ক্রটি বি. অসাবধানতাবশত ছোটখাটো ভুল, ভ্রম, ভ্রান্তি। কোনো কর্তব্যপাননের ব্যর্থতা।

federal labour union ফেডারেল শ্রমিক সংঘ কোনো শ্রমিক-সংঘ যাহা জোটবদ্ধ সংঘের কেন্দ্রীয় কার্যালয় হইতে অনুমতি বা সনদপত্র প্রাপ্ত। federal state 832

federal state যুক্তরাষ্ট্রীয় পদ্ধতির রাষ্ট্র ইভিপূর্বে স্বশাসিত বা স্বাধীন রাষ্ট্রসমূহের সংযোজন বা একীভবনের দ্বারা সৃষ্ট রাষ্ট্র। একটি সদ্যসৃষ্ট রাষ্ট্র পূর্বতন স্বাধীন রাষ্ট্রগুলির প্রজা বা নাগরিকদের উপর সংবিধানিকভাবে প্রত্যক্ষ ক্ষমতা অর্জন করে। এই হিসাবে, নতুন রাষ্ট্রটি একটি একক যৌগিক আন্তর্জাতিক আইনি ব্যক্তিতে পরিণত হয়। যুক্তরাষ্ট্রীয় পদ্ধতির রাষ্ট্রের দৃষ্টান্ত হিসাবে মার্কিন যুক্তরাষ্ট্র ও সুইজারল্যান্ডের নাম উল্লেখ করা যাইতে পারে। confederation তু.।

federating states জোটবন্ধ রাষ্ট্র চুক্তি বা আইন প্রণয়নের মাধ্যমে সংশ্লিষ্ট দুই বা ততোধিক রাষ্ট্রের একীভবন বা ঐক্য। একত্রিত হইবার পরে উহাকে যুক্তরাষ্ট্র বলা হয়। যেমন, মার্কিন যুক্তরাষ্ট্র। যে-সকল রাষ্ট্র মিলিত হইয়া যুক্তরাষ্ট্র গঠন করে।

fee n. স্বত্ব বি. পিতৃপুত্রপরম্পরায় ভোগ্য একটি আইনসমত স্বত্ব (ইজারাধীন ভূসম্পত্তি ব্যতীত)। আধুনিক কালে শব্দটির একমাত্র তাৎপর্য 'fee simple absolute in possession' বাক্যাংশটিতে নিহিত। fee simple absolute in possession দ্র.।

feeding the grant by estoppel স্বকার্যজনিত বাধার দারা অশুদ্ধ হস্তান্তর সিদ্ধ হস্তরা যে-অবস্থায় কোনো বিক্রেতা অথবা বন্ধকদাতা প্রতারণামূলক বা ভ্রান্ত বর্ণনাদ্বারা কোনো সম্পত্তিতে তাঁহার পরম স্বত্যাধিকার থাকিবার কথা বলিয়া উক্ত সম্পত্তির স্বার্থ হস্তান্তর করেন এবং পরবর্তীকালে সেই সম্পত্তিতে স্বার্থবান হন, কেবল সেই অবস্থায় তদ্রুপ হস্তান্তরগ্রহীতার অশুদ্ধ স্বত্ব সিদ্ধ হইবে। এই নীতি-অনুসারে হস্তান্তরকারীর স্বার্থ পরবর্তীকালে অর্জিত বা বর্ধিত হইলেই কেবল গ্রহীতা লাভবান ইইবেন। 'হস্তান্তর করিবার কালে স্বত্ব ছিল না'— হস্তান্তরকারী এইরূপ দাবি করা হইতে এই নীতিদ্বারা বারিত হইবেন। এইরূপ অবস্থায় হস্তান্তরকারী-পক্ষের উত্তরাধিকারী বা উক্ত পক্ষের মাধ্যমে দাবিদার সমভাবে বারিত হইবেন।

fee farm rent খামারভাড়ার দায় rent charge দ্র.।

fee simple absolute in possession অবিমিশ্র নির্বৃাঢ় দখলি স্বত্ব ইংল্যান্ডের ১৯২৫ সালের সম্পত্তি-আইন-অনুযায়ী ভূমির মালিকানায় যে-দুইটিমাত্র রূপে আইনসম্মত স্বত্ব বিদ্যমান থাকিতে পারে, তাহার একটি। অন্য সকল মালিকানা ন্যায়পর স্বার্থ হিসাবে কার্যকর। অবিমিশ্র স্বত্ব (fee simple) ইহাই নির্দেশ করে যে, কোনো ব্যক্তির মৃত্যু, মেয়াদ উত্তীর্ণ হওয়া কিংবা উত্তরাধিকারীদের কোনো বিশেষ শাখার অবিদ্যমানতার দক্ষন এই মালিকানা শেষ হইয়া যাইবে না। নির্বৃাঢ় (absolute) অর্থ এই যে, কোনো ঘটনা সংঘটনের দক্ষন মালিকের অধিকার সমাপ্ত ইইবার নহে। দখলি (in possession) অর্থ এই যে, মালিকের অধিকার অব্যবহিত

এবং ভবিষ্যুৎ স্বার্থ এই ক্ষেত্রে কার্যকর নহে। তবে দখল বলিতে বাস্তবিক ভৌত দখল নাও বুঝাইতে পারে। (যেমন, ভাড়া ও লভ্যাংশ পাওয়াকে দখলি বলা যায়)। এতংসহ term of years absolute ও equitable interests দ্র.।

- telony n. শুরুতর অপরাধ বি. ব্রিটিশ আইনে, পূর্বকালে, অসদাচরণ অপেক্ষা গুরুতর কোনো অপরাধ। বর্তমানে এই শব্দটির ব্যবহার নাই। এতৎসহ misdemeanour, arrestable offence, indictable offence ও summary offence দু.।
- feme covert আশ্রিতা নারী স্বামীর আশ্রয়ে বসবাসকারী বিবাহিতা মহিলা। coverture দ্র.।
- teme sole অৰিবাহিতা নারী একজন বিধবা বা বিবাহবিচ্ছিন্ন মহিলা। যে-মহিলার বিবাহ বাতিল করা হইয়াছে, তিনিও ইহার অন্তর্ভুক্ত।
- fence n. ১. বেড়া বি. অনাহৃত প্রবেশ নিবারিত করিবার উদ্দেশ্যে প্রতিবন্ধক;
 এইরপ প্রতিবন্ধকতা সৃষ্টি করা; বেড়ানির্মাণ। ২. অসিক্রীড়া-চর্চা তলোয়ার বা
 অনুরূপ অন্তব্বারা আক্রমণ করিবার ও প্রতিহত করিবার কৌশল। ৩. এড়াইয়া যাওয়া
 কোনো প্রশ্নের সরাসরি উত্তর এড়াইয়া যাওয়া। ৪. চোরাইমাল লেনদেন
 চোরাইমালগ্রহণকারী; চোরাইমাল গ্রহণের স্থান।
- lerae naturae বন্যপ্রকৃতির পশুপক্ষী যেমন, হরিণ, খরগোশ, তিতিরজাতীয় পক্ষী প্রকৃতি। গৃহপালিত পশুপক্ষী হইতে ইহারা স্বতন্ত্র। domitae naturae তু.।
- ferry n. ফেরি বি. যেসব স্থানে জনসাধারণের (সাধারণত গমনাগমনের) অধিকার রহিয়াছে, তাহাদের মধ্যে সংযোগ-স্থাপনকারী জলরাশির উপর দিয়া নৌযান দ্বারা চলাচলের মহাপথ।
- festival holidays উৎসব-ছুটি ১৯৬৫ সালের কারখানা আইনের ৭৯ ধারাযনুসারে, প্রত্যেক শ্রমিককে বছরে অন্তত দশদিন পর্ব-উপলক্ষে মজুরিসহ ছুটি
 মনজুর করিতে ইইবে। অনুরূপ পর্বের দিন ও তারিখ কারখানার মালিক অথবা
 ব্যবস্থাপক নির্ধারিতব্য পদ্ধতি-অনুসারে নির্দিষ্ট করিবেন। পর্ব-উপলক্ষে কোনো
 অবকাশের দিনে প্রয়োজন হইলে শ্রমিককে কাজ করানো যাইতে পারে, কিন্তু ইহার
 বিনিময়ে ৫১ ধারা-অনুসারে তাঁহাকে পূর্ণ মজুরিসহ ক্ষতিপূরণমূলক দুইদিনের
 মতিরিক এবং একটি বিকল্প ছুটির ব্যবস্থা করিতে ইইবে।
- feticide n. হ্রাণহত্যা বি. বেআইনি উপায়ে হ্রাণের প্রাণনাশ। গর্ভপাত ও হ্রাণহত্যা অসাসীজবে জড়িত। দণ্ডবিধির ৩১২ ও ৩১৩ ধারা-অনুসারে, গর্ভপাত দণ্ডনীয় অপরাধ।

- feudal system সামন্ততন্ত্র বি. একটি অর্থনৈতিক ও সামাজিক ব্যবস্থা, যাহা ইংল্যান্ডে চালু হয় নর্ম্যান বিজয়ের (১০৬৬ খ্রি.) পরে। সামন্ত-সমাজের অর্থনীতির প্রধান ভিত্তি জমি। রাজা প্রথম উইলিয়ামের দেশজয়ের দরুন দেশের সকল জমি তাঁহার মালিকানাধীন বলিয়া বিবেচিত হইত। তিনি নিজ দখলে যে-সকল জমি রাখেন নাই, তাহা তিনি তাঁহার ব্যারনদের মধ্যে বন্টন করিয়া দিয়াছিলেন। তাঁহারা ছিলেন তাঁহার অধীন প্রধান প্রজা বা সামত্ত-প্রধান। সাধারণ প্রজারা কেবল সামন্তবর্গের নিকট হইতে পরোক্ষভাবে ইজারায় জমি লাভ করিতেন।
- fiction n. অলীক কথা কোনো কিছু প্রকৃতপক্ষে সত্য হউক বা না হউক, উহা সত্য বিলয়া ধরিয়া নেওয়া। ইংল্যান্ডে আইনের ইতিহাসে মামলার বিভিন্ন ধরন বিকাশকালে আদালত কর্তৃক অলীক কথার ব্যবহার হইয়ছে। ইহার ফলে আদালতগুলি ক্লেশকর পদ্ধতি পরিহারপূর্বক প্রতিকারের ব্যবস্থা করিতে পারিয়ছেন (যাহা অন্যথা সম্ভবপর হইত না), এবং তাঁহাদের এখতিয়ার সম্প্রসারিত করিতে পারিয়াছেন। দৃষ্টান্তস্বরূপ, আদিতে আসাদন-বিষয়ক মামলার ভিত্তি ছিল বিবাদী কর্তৃক বাদীর দ্রব্যাদি প্রাপ্তি এবং উহা নিজের বলিয়া গ্রহণ করা। কালক্রমে, 'প্রাপ্তি' প্রমাণ করা অনাবশ্যক বলিয়া বিবেচিত হয়; জিনিসগুলি যে বাদীর এবং বিবাদী ফে তাঁহা গ্রহণ করিয়াছে, এইটক প্রমাণ করিতে পারিলেই প্রতিকার মনজর করা হয়।
- fictitious person অলীক ব্যক্তি, কাল্পনিক ব্যক্তি কোনো কাল্পনিক বা অলীক ব্যক্তির নামে দলিল প্রকৃত করা জালিয়াতি বলিয়া গণ্য হয়। দণ্ডবিধির ৩৬৪ ধারার ২ ব্যাখ্যায় বলা হইয়াছে: 'কোনো প্রকৃত ব্যক্তিকর্তৃক সম্পাদিত বলিয়া বিশ্বাস সৃষ্টি করিবার ইচ্ছায় কোনো অলীক ব্যক্তির নামে কিংবা কোনো ব্যক্তি কর্তৃক তাঁহার জীবদ্দশায় সম্পাদিত বলিয়া বিশ্বাস সৃষ্টি করিবার অভিপ্রায়ে কোনো মৃত ব্যক্তির নামে কোনো মিথ্যা দলিল সম্পাদন জালিয়াতির শামিল।' জালিয়াতির শান্তি সম্পর্কে দণ্ডবিধির ৪৬৫ ধারায় বলা হইয়াছে।
- fictitious stamp ভুয়া ক্ট্যাম্প দওবিধির ২৬৩ক ধারার (৩) উপধারা-অনুসারে, সরকার কর্তৃক ডাক-মান্ডলের হার নির্দেশ করিয়া জারিকৃত বলিয়া মিথ্যা ধারণাসৃষ্টির উদ্দেশ্যে প্রস্তুত ক্ট্যাম্প অথবা সরকার কর্তৃক অনুরূপ উদ্দেশ্যে জারিকৃত ক্ট্যাম্পের কোনো কাগুজে বা অন্যপ্রকার প্রতিরূপ, অনুকৃতি বা প্রতিকল্প। ভুয়া ক্ট্যাম্প এবং তাহা প্রস্তুত করিবার সরঞ্জাম প্রভৃতি বাজেয়াপ্ত করিবার ক্ষমতা সরকারের রহিয়াছে। ক্ট্যাম্প জালকরণ ও ভুয়া ক্ট্যাম্প প্রণয়ন প্রভৃতি সম্পর্কে শান্তির বিধান দওবিধির ২৬০ হইতে ২৬২ ধারায়্য বলা ইইয়াছে।
- fiduciary n. ১. আস্থাভান্ধন ব্যক্তি অন্য কোনো ব্যক্তির আস্থা বা বিশ্বাস-ভাজন একজন ব্যক্তি, যিনি সেইহেতু কেবলমাত্র উক্ত ব্যক্তির হিতার্থে কার্য করিতে বাধা। যেমন, একজন ন্যাসরক্ষক বা অছি। ২. আস্থাভান্ধন বিণ. আস্থা বা বিশ্বাসের

সম্পর্ক। যেমন, অছি ও হিতগ্রাহীর মধ্যে, অভিভাবক ও তাঁহার প্রতিপাল্যের মধ্যে, কোম্পানির উদ্যোক্তা ও পরিচালক এবং তাঁহাদের শেয়ারধারকের মধ্যে, এবং উকিল ও মক্কেনের মধ্যে বিদ্যমান সম্পর্ক।

fiduciary relationship আস্থার সম্পর্ক যে-সম্পর্কের পরিসরভুক্ত বিষয়ে কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তির উপকারার্থে কর্ম করিতে কর্তব্যবাধে আবদ্ধ । বিশ্বাসভিত্তিক জিম্মাদারি সম্পর্ক, যেমন অছি ও হিতপ্রাহী ব্যক্তি, অভিভাবক ও প্রতিপাল্য, প্রধান ও প্রতিনিধি এবং আইনজীবী ও মঙ্কেলের যে-সম্পর্ক, তাহা রক্ষায় সর্বোচ্চ সতর্কতা বা যত্নের কর্তব্যবোধ প্রয়োজন হয় । বর্তমানে বিশ্বাসভিত্তিক জিম্মাদারি সম্পর্কের উৎপত্তি হয় ১. যখন কোনো ব্যক্তি অপর কোনো ব্যক্তির সততার উপর আস্থা স্থাপন করেন যাহার ফলে উক্ত অপর ব্যক্তি প্রথমোক্ত ব্যক্তির উপরে প্রাধান্য বা প্রভাব বিস্তারের ক্ষমতা অর্জন করেন, ২. যখন কোনো ব্যক্তি অপর কোনো ব্যক্তির কর্তব্য হয় অপর ব্যক্তির কল্যাণে কাজ করা বা তাঁহাকে উপদেশ দেওয়া, এবং ৪. অথবা যেখানে কোনো নির্দিষ্ট সম্পর্ক আস্থার কর্তব্য সম্পৃক্ত করে বলিয়া প্রথাগতভাবে শীক্ত। যেমন, আইনজীবী ও মঞ্জেলের সম্পর্ক বা পেশাগতভাবে শেয়ার ক্রয়-বিক্রয়ের কাজে নিয়োজিত ব্যক্তি ও খরিদ্যারের সম্পর্ক।

fieri facias (fi.fa.) আপনাকে করাইতে হইবে দেনাদারের বিরুদ্ধে রায় প্রদান করা হইলে, ঋণ পরিশোধ বলবৎ করিবার জন্য একটি ডিক্রিজারির পরওয়ানা (writ of execution)। ক্ষতিপূরণ প্রদানের রায় কার্যকর করিবার জন্যও এইরূপ পরওয়ানা ব্যবহার করা যাইতে পারে। ঋণ, সুদ ও খরচা পরিশোধনার্থে দেনাদারের সম্পত্তি ক্রোক করিবার জন্য নির্দেশপ্রদানপূর্বক ইহা ইংল্যান্ডের শেরিফের উদ্দেশে প্রেরণ করা হয়।

fieri leci আমি করাইয়াছি আপনাকে করাইতে হইবে (fieri lacias) পরওয়ানা জারি করিয়া শেরিফ কিংবা অন্য উপযুক্ত কর্মকর্তা কী পরিমাণ অর্থ আদায় করিয়াছেন, তাহা উল্লেখপর্বক তাঁহার জারির প্রতিবেদন।

fi.fa আপনাকে করাইতে হইবে fiery facias দ্র.।

Fifth Amendment পঞ্চম সংশোধন ১৯৭৯ সালের সংবিধান (পঞ্চম সংশোধন)
আইনে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত জারিকৃত
সকল ফ্রমান, ফ্রমান আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ ও
অন্যান্য আইনকে বৈধতা দান করা হয়।

fikkah n. ফিকাহ figh দ্ৰ.।

filius nullius 836

filius nullius কাহারো সন্তান নহে অবৈধ সন্তান; জারজ। bastard দ্র.।

final act চ্ড়ান্ত বিবরণী একটি আন্তর্জাতিক সম্মেলনের কার্যধারার আনুষ্ঠানিক সারসংক্ষেপ-সংবলিত একটি দলিল। চ্ড়ান্ত বিবরণীতে সন্নিবিষ্ট স্বাক্ষর উহাতে উল্লিখিত চুক্তিসমূহ সম্বন্ধে স্বাক্ষরকারী রাষ্ট্রের জন্য অবশ্যমান্য বলিয়া বিবেচিত হয় না। দলিলটি অবশ্যমান্য হইবার জন্য একটি পৃথক স্বাক্ষর এবং তৎপর অনুসমর্থন প্রয়োজন। বিরল পরিস্থিতিতে, চ্ড়ান্ত বিবরণী একটি চুক্তিতে পরিণত হইতে পারে। এতৎসহ ratification ও treaty দ্র.।

- final judgment চূড়ান্ত রায় দেওয়ানি বিচারকার্যধারায় যে-রায়ের দারা মামলার পরিসমাপ্তি ঘটে। একটি চূড়ান্ত রায়ের বিরুদ্ধে আদালতের বিনা অনুমতিতে আপিল করা যাইতে পারে। interim judgment ও interlocutory order দ্র.।
- finally decided চূড়ান্তভাবে মীমাংসিত যে-সকল ট্রাইব্যুনালের সমুখে বিষয়টি সিদ্ধান্তের জন্য উপস্থাপিত হইয়াছিল, সে-সকল ট্রাইব্যুনাল কর্তৃক ঘটনার প্রশ্ন বাস্তবিকভাবে নিম্পত্তি না হইলে উক্ত বিষয়টি চূড়ান্তভাবে নিম্পত্ন হইয়াছে বিলিয়া বিবেচনা করা যায় না। বিচার্য বিষয়ের পর্যবেক্ষণ-অনুযায়ী ডিক্রি না হইলে বা উক্ত ডিক্রির বিরুদ্ধে ক্ষতিগ্রন্ত পক্ষ আপিল করিবার সুযোগ পাইয়া না থাকিলে উক্ত বিচার্য বিষয়ে চূড়ান্তভাবে নিম্পত্তি হইয়াছে বলা যায় না। পূর্ববর্তী আবেদনপত্রসমূহও গুণাগুণের ভিত্তিতে নিম্পন্ন হইয়া থাকিতে হইবে।
- final process চূড়ান্ত পরওয়ানা কোনো রায় বা ডিক্রি বলবৎ করিবার জন্য জারিকৃত পরওয়ানা। writ of execution দ.।
- finance bill অর্থবিল বি. করারোপ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য একটি সংসদীয় বিল.

 যাহা বাজেট প্রস্তাবসমূহ আইনে পরিণত করিবার জন্য সাধারণত প্রতি বংসন

 উপস্থাপন করা হয়। সংবিধানের ৮১ অনুচ্ছেদ-অনুসারে, অর্থবিল বলিতে কেবল

 নিম্নলিখিত বিষয়সমূহের সকল বা যে-কোনো একটি সম্পর্কিত বিধানাবলি-সংবলিত
 বিল বঝাইবে:
 - (ক) কোনো কর আরোপ, নিয়ন্ত্রণ রদবদল, মওকুফ বা রহিতকরণ:
 - (খ) সরকার কর্তৃক ঋণগ্রহণ বা কোনো গ্যারান্টিদান, কিংবা সরকারের আর্থিক দায়দায়িত্ব সম্পর্কিত আইন-সংশোধন;
 - (গ) সংযুক্ত তহবিলের রক্ষণাবেক্ষণ, অনুরূপ তহবিলে অর্থপ্রদান বা অনুরূপ তহবিল হইতে অর্থদান বা নির্দিষ্টকরণ;
 - (ঘ) সংযুক্ত তহবিলের উপর দায় আরোপ বা অনুরূপ কোনো রদবদল বা বিলোপ;
 - (৬) সংযুক্ত তহবিল বা প্রজাতন্ত্রের সরকারি হিসাব বাবদ অর্থপ্রাপ্তি, কিংবা অনুরূপ অর্থ রক্ষণাবেক্ষণ বা দান, কিংবা সরকারের হিসাব-নিরীক্ষা;

(চ) উপরিউক্ত দফাসমূহে নির্ধারিত যে-কোনো বিষয়ের অধীন কোনো আনুষঙ্গিক বিষয়।

কোনো জরিমানা বা অন্য অর্থদও আরোপ বা রদবদল কিংবা লাইসেপ-ফি বা কোনো কার্মের জন্য ফি বা উনুল আরোপ বা প্রদান কিংবা স্থানীয় উদ্দেশ্যেসাধনকল্পে কোনো স্থানীয় কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান কর্তৃক করারোপ, নিয়ন্ত্রণ, রদবদল, মওকুফ বা রহিতকরণের বিধান করা হইয়াছে, কেবল এই কারণে কোনো বিল অর্থবিল বলিয়া গণ্য ইইবে না। রাষ্ট্রপতির সম্মতির জন্য তাঁহার নিকট পেশ করিবার সময়ে প্রত্যেক অর্থবিলে শিকারের স্বাক্ষরে এই মর্মে একটি সার্টিফিকেট থাকিবে যে, তাহা একটি অর্থবিল, এবং অনুরূপ সার্টিফিকেট সকল বিষয়ে চূড়ান্ত ইইবে এবং সেই সম্পর্কে কোনো আদালতে কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না। ৮২ অনুচ্ছেদ-অনুসারে, সরকারি অর্থব্যায়ের প্রশ্ন জড়িত রহিয়াছে, এমন কোনো অর্থবিল রাষ্ট্রপতির স্পারিশ ব্যতীত সংসদে উত্থাপন করা যাইবে না। তবে শর্ভ থাকে যে, কোনো কর ব্রাস বা বিলোপের বিধান-সংবলিত কোনো সংশোধন উত্থাপনের জন্য এই অনুচ্ছেদের অধীন সুপারিশর প্রয়োজন ইইবে না।

financial assistance আর্থিক সহায়তা (কোম্পানি আইনে) কোনো নিবন্ধিত কোম্পানির শেয়ার-ক্রয়ে কাহাকেও সহায়তাদানের উদ্দেশ্যে ওই কোম্পানি কিংবা উহার যে-কোনো অঙ্গ-প্রতিষ্ঠান কর্তৃক প্রদন্ত ঝণ, গ্যারাটি, জামানত, ক্ষতিপূরণ বা দান। ইংল্যান্ডের ১৯৮৫ সালের কোম্পানি আইন-অনুসারে ইহা অবৈধ, যদি না প্রমাণ করা যায় যে, সহায়তাদানের পিছনে কোম্পানির শেয়ারক্রয়ে অর্থ জোগানো উহার প্রধান উদ্দেশ্য ছিল না, কিংবা ওই সহায়তাদান ছিল কোম্পানির অন্য একটি বৃহত্তর উদ্দেশ্যের আপতিক অংশ।

financial institution আর্থিক প্রতিষ্ঠান যে-ব্যবসায়িক প্রতিষ্ঠান, সংস্থা বা স্বতন্ত্র সত্তা অর্থ, ঋণ বা মূলধন ব্যবস্থাপনা করে। যেমন, ব্যাংক বা অর্থলগ্নী প্রতিষ্ঠান। ১৯৯৩ সালের আর্থিক প্রতিষ্ঠান আইনের ২(খ) ধারা-অনুসারে, 'আর্থিক প্রতিষ্ঠান' অর্থ এমন নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানকে বুঝাইবে, যাহা (অ) শিল্প, বাণিজ্য, কৃষি বা গৃহায়ণের জন্য ঋণ এবং আগাম প্রদান করে; বা (আ) সরকার বা কোনো সংবিধিবদ্ধ সংস্থা কর্তৃক ইস্যুক্ত শেয়ার, উক, বন্ড, ভিবেঞ্চার বা উক বা সিক্টরিটিজ বা বাজারজাতকরণের উপযোগী অন্যান্য সিক্টরিটিজের দায় গ্রহণ, অধ্বিহণ, বিনিয়োগ বা পুর্নবিনিয়োগ-সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করে; বা (ই) যন্ত্রপাতি ও সরঞ্জাম ইজারাদানসহ কিন্তিবন্দি লেনদেনের ব্যবসা করে; বা (ই) প্রচেষ্টা মূলধনে (venture capital) অর্থায়ন করে; এবং মার্চেন্ট ব্যাংক, বিনিয়োগ কোম্পানি, মিউচুয়্যাল অ্যাসোসিয়েশন, মিউচুয়্যাল কোম্পানি, লিজিং কোম্পানি অথবা বিন্ডিং সোসাইটি ইহার অন্তর্ভুক্ত হইবে।

- financial obligation আর্থিক দায় কোনো চুক্তির অধীনে বা চুক্তির শর্ত ভঙ্গজনিত কারণে অর্থ পরিশোধ করিবার দায় বা বাধ্যবাধকতা এক অর্থে আর্থিক বাধ্যবাধকতা বা আর্থিক দায়। ইহাতে কোনো ঋণ এবং লিখিত অঙ্গীকারের বিষয়ে রাষ্ট্র কর্তৃক দায়-দায়িত্ব গ্রহণ করাও নির্দেশ করে।
- financial provision order অর্থসংস্থান বিষয়ক আদেশ স্বামী, গ্রী বা তাঁহাদের সন্তানসন্ততির আর্থিক অবস্থান সমন্ত্রয়ের উদ্দেশ্যে নির্দিষ্ট সময় অন্তর অর্থ পরিশোধ কিংবা একটি থোক অঙ্ক প্রদানের জন্য আদেশ। স্বামী-গ্রীর পৃথকীকরণ, বিবাহরদ, কিংবা আইনানুগ বিচ্ছেদের ডিক্রি মনজুর করিবার সময়ে কিংবা মনজুর করিবার পরে, কিংবা বিবাহের একটি পক্ষ অন্য পক্ষের কিংবা তাহাদের সন্তানের যুক্তিসংগত ভরণপোষণের অংশ দান করিতে ব্যর্থ হইলে এইরূপ আদেশ প্রদান করা যাইতে পারে। বিবাহবিচ্ছেদ, আইনানুগ পৃথকীকরণ বা বিবাহিতদের ডিক্রি প্রদান করিবার সময়ে সম্পত্তির সমন্ত্রর আদেশ প্রদান করিবার আরো ক্ষমতা আদালতের রহিয়াছে। অর্থসংস্থান-বিষয়ক আদেশ প্রদান করা হইবে কি না, তাহা নির্ণয় করিবার ক্ষেত্রে আদালতের স্ববিবেচনা প্রয়োগের ব্যাপক ক্ষমতা রহিয়াছে। ১৮ বংসরের কমবয়সী কোনো সন্তান থাকিলে, তাহার কল্যাণ বিবেচনা করা আদালতের স্বর্বাধিক গুরুত্বপূর্ণ কর্তব্য। order ও interim periodical payment order দ্র.।
- financial relief আর্থিক ত্রাণ নিম্নোক্ত ব্যবস্থাগুলির যে-কোনোটি কিংবা সবকরটি:
 মামলা চলাকালে ভরণপোষণের আদেশ, অর্থ সংস্থান বিষয়ক আদেশ, সম্পত্তি সমন্বয়
 আদেশ, এবং বিবাহ বহাল থাকিতে ভরণপোষণ এবং সন্তানসন্ততির ভরণপোষণের
 জন্য আদালতের আদেশ।
- financial year অর্থ-বংসর ১৮৯৭ সালের জেনারেল ক্লজেজ আইনের ৩(১৯) ধারাঅনুসারে, অর্থ-বংসর বলিতে জুলাই মাসের ১ তারিখ হইতে গুরু করিয়া জুন মাসের
 ৩০ তারিখে যে-বংসর শেষ হয় উহাকে বুঝাইবে। সংবিধানের ১৫২ অনুচ্ছেদঅনুসারে, অর্থবংসর বলিতে ১ জুলাই হইতে যে-বংসর আরম্ভ হয়। ১৯৯৪ সালের
 কোম্পানি আইনের ২(১ক) ধারা-অনুসারে, অর্থ বংসর বলিতে কোনো নিগমিত
 সংস্থার ক্ষেত্রে, সেই সময়কালকে বুঝাইবে, উহা একটি পূর্ণ বংসর হউক বা না হউক,
 যে-সময়কালের লাভক্ষতির হিসাব উক্ত সংস্থার সাধারণ বার্ষিক সভায় উপস্থাপন করা
 হয়। তবে শর্ভ থাকে যে, কোনো বিমা কোম্পানির ক্ষেত্রে অর্থ-বংসর বলিতে পঞ্জিকা
 বংসরকে বঝাইবে।
- finding n. সিদ্ধান্ত, প্রাপ্ত তথ্য বি. কোনো মোকদ্দমায়, বিচার-কার্যক্রমে বা বিচার্য বিষয়ে বিচার-সংক্রান্ত কার্যধারার সমাপ্তি টানিয়া বিচারক কর্তৃক যাচাই-বাছাইয়ের পরে প্রদন্ত সিদ্ধান্ত বা অভিমত। বিচারক কর্তৃক নিরপেক্ষ তদন্তের ফল। জুরি বা আদালতের বিচার-বিবেচনার ফল। কোনো মোকদ্দমা নিম্পত্তির জন্য প্রয়োজনীয় বিচার্য বিষয়ের উপর বিচার-বিবেচনাপ্রসূত সিদ্ধান্ত বা অভিমত।

83% firearms

fine n. ১. জরিমানা, অর্থদণ্ড বি. দোষী সাব্যস্ত হইলে অপরাধীকে যে-পরিমাণ অর্থ প্রদানের জন্য আদেশ করা হয়। সংক্ষিপ্ত বিচারযোগ্য অধিকাংশ অপরাধ অর্থদণ্ডে দিনীয়। দণ্ডবিধির ৫৩ ধারায় শাস্তির যে-শ্রেণীবিন্যাস করা হইয়াছে, তাহাতে জরিমানা বা অর্থদণ্ড একপ্রকার শাস্তি। দণ্ডবিধির ৬৩ ইইতে ৭০ ধারায় জরিমানা অনাদায়ে কারাদণ্ড প্রদানের ক্ষেত্রে কারাদণ্ডের প্রকৃতি, পরিমাণ, কারাদণ্ড হইতে মুক্তি ইত্যাদির বিধান বর্ণিত হইয়াছে।

fingerprint n. হস্তাঙ্গুলির ছাপ শনাক্তকরণের জন্য ব্যবহৃত কাগজের উপরে কোনো বিজির হাতের আঙ্গুলের ছাপ বা চিহ্ন। ইহা বিশেষভাবে গোয়েন্দা বিভাগ কর্তৃক অপরাধের তদন্তে ব্যবহৃত হয়। জন্ম ইইতে আমৃত্যু কোনো ব্যক্তির হস্তাঙ্গুলির ছাপের পরিবর্তন হয় না। কোনো হস্তাঙ্গুলির ছাপ কোনো বিশেষ ব্যক্তির কি না, সেই মর্মে বিশেষজ্ঞের অভিমত সাক্ষ্য আইনের ৪৫ ধারা-অনুসারে প্রাসিক। মানুষের পরিচয় শনাক্তকরণের অন্যতম উপায় হইল আঙ্গুলের ছাপ-পরীক্ষা। আর এই কারণে সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের সার্ভিস-বুকে বাম হাতের পাঁচটি আঙ্গুলের ছাপ গ্রহণের নিয়ম প্রবর্তিত হইয়াছে। ১৮৭৭ সালে এই উপমহাদেশে স্যার ভবলু হারসেন হুগলি জেলাতে ইহা সর্বপ্রথম প্রবর্তন করেন।

fiqh n. দিক্ত বি. ফিক্তের শান্দিক অর্থ জানা বা জ্ঞান। ইমাম আবু হানিফার মতে, যাহা মানুষের অনুকূলে (লাহ্ছ) এবং যাহা মানুষের প্রতিকূলে (আলাইহি) তৎসম্পর্কে জানা বা তাহার জ্ঞানই হইতেছে ফিক্ত। ব্যাপক অর্থে ইসলাম ধর্মীয় রাজনৈতিক ও পৌর জীবনের সকল দিক্ট ফিক্তের অন্তর্ভুক্ত।

fire n. & vb. অমি, আগুন বি. ১. যাহা দহন করে। ২. জ্বালানি। ৩. দাগা ক্রি.
গুনিবর্ষণ করা, তোপধ্বনি করা; বন্দুক দ্বারা প্রজ্বলিত করা। ৪. বিমাপত্রে ব্যবহৃত
অম্নি' শব্দটি পরিভাষাগত অর্থে নহে বরঞ্চ সাধারণ অর্থে ইহার কাজ বা ফল অর্থাৎ
দহন বা জ্বলন অথবা জ্বলিয়া বা পুড়িয়া যাওয়া বুঝায়।

firearms n. আগ্নেয়ান্ত্র বি. ১. গুলি, বুলেট বা অন্য কোনো ক্ষেপণীয় বন্তু নিক্ষেপক্ষম নলযুক্ত সম্ভাব্যরূপে মারাত্মক যে-কোনো অন্ত্র কিংবা নিষিদ্ধ অন্ত্র হিসাবে শ্রেণীকৃত (মারাত্মক না হইলেও) যে-কোনো অন্ত্র । ২. ১৮৮৭ সালের অন্ত্র আইন-অনুসারে, লাইসেন্স বা অনুমতিপত্র ব্যতীত কোনো ব্যক্তি আগ্নেয়ান্ত্র স্বীয় দখলে রাখিতে, বহন করিতে বা ব্যবহার করিতে পারিবেন না । ৩. খামখেয়ালিভাবে বন্দুকের লাইসেন্স বাতিল করা যাইবে না । ৪. সরকার আগ্নেয়ান্ত্র শুমারি করিবার নির্দেশ প্রদান করিলে আগ্নেয়ান্ত্র নির্দারিত কর্মকর্তার নিকট হাজির না করিলে বা হাজির করিতে অধীকার করিলে তাহা শান্তিযোগ্য অপরাধ হইবে । আগ্নেয়ান্ত্র-বিশেষজ্ঞের রিপোর্ট সাক্ষ্য আইনের ৪৫ ধারা-অনুসারে প্রাসন্সিক বিষয় । Abul Hossain v. Bangladesh 44 DLR 52 দ্র. । ৫. মার্কিন যুক্তরাষ্ট্রে আগ্নেয়ান্ত্র বহন করিবার অধিকার একটি সাংবিধানিক অধিকার ।

fire damage 820

fire damage অগ্নিকাণ্ডঘটিত ক্ষয়ক্ষতি কোনো জমি বা ভবনে দুর্ঘটনাবশত অগ্নিকাণ্ডের সূত্রপাত হইলে, উহার জন্য ওই জমি বা ভবনের দখলদার দায়ী নহেন। তবে অবহেলা বা উপদ্রবের কারণে কিংবা জমির কোনো অস্বাভাবিক ব্যবহর্তা কর্তৃক অগ্নিকাণ্ডের সূচনা হইলে কিংবা দুর্ঘটনাক্রমে অগ্নিকাণ্ড শুরু হইবার পরে অবহেলা করিয়া ইহা ছড়াইয়া পডিতে দিলে দায়িতা আরোপিত হয়।

fire insurance অগ্নিবিমা বি. ১৯৩৮ সালের বিমা আইনের ২(৬ক) ধারায় বলা
ইইয়াছে যে, অন্য কোনো বিমার আনুষঙ্গিক কারণ ছাড়া আগুনে বা উহার আনুষঙ্গিক কারণে ক্ষতির জন্য অথবা সাধারণত অগ্নিবিমাপত্রে বিমা করা হয়, এমন কোনো ঝুঁকির জন্য বিমা করিলে উহা অগ্নিবিমা বুঝাইবে। অগ্নিবিমার ক্ষেত্রে কেবল আগুন লাণিয়া ক্ষতি হইলেই ক্ষতিপূরণ পাওয়া যায়। আগুনের কারণে যতটুকু ক্ষতি হইয়াছে ঠিক সেই পরিমাণ ক্ষতির পরণ পাওয়া যায়।

fire precautions অগ্নিকাণ্ডের বিরুদ্ধে সতর্কতা ১৯৬৫ সালের কারখানা আইনের ২২ ধারা-অনুসারে, কারখানায় অগ্নিকাণ্ডের সময়ে কারখানা হইতে শ্রমিকদের নিরাপদে বাহির হইয়া যাইবার জন্য এবং তাঁহাদের নিরাপত্তার জন্য কতিপয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

firm n. ব্যবসা প্রতিষ্ঠান, ফার্ম বি. ১. যে-নামে এক বা একাধিক ব্যক্তি যৌথভাবে ব্যবসা পরিচালনা করেন। ২. যে-সমিতির মাধ্যমে ব্যক্তিগণ ব্যবসায়ের উদ্দেশ্যে একতাবদ্ধ হন। ঐতিহ্যগতভাবে, এই শব্দটি দ্বারা কোম্পানি হইতে ভিন্ন কোনো অংশীদারি ব্যবসা নির্দেশিত হয়। তবে বর্তমানে ইহা প্রায়শ কোনো কোম্পানির সম্পর্কে ব্যবহৃত হয়। ১৯৩২ সালের অংশীদারি কারবার আইন-অনুসারে, অংশীদারি কারবারকে সমষ্টিগতভাবে ফার্ম বলা হয়। মুনাফা বন্টন করিয়া লইতে সম্মত সকল ব্যক্তি বা সকলের পক্ষে কোনো একজন কর্তৃক পরিচালিত কারবারের ব্যক্তিবর্ণের মধ্যে যে-সম্পর্ক, তাহাকে বলা হয় অংশীদারি। এইরূপ চুক্তিবদ্ধ ব্যক্তিগণ ব্যক্তিগতভাবে অংশীদার এবং সমষ্টিগতভাবে ব্যবসায় সংস্থা বা ফার্ম নামে পরিচিত। ফার্ম বা অংশীদারি কারবার-সংক্রান্ত মামলার নিয়মাবলি দেওয়ানি কার্যবিধির ৩০ আদেশে বলা হইয়াছে।

first aid appliances প্রাথমিক চিকিৎসার সরঞ্জামাদি (১) প্রত্যেক কারথানায় অথবা কারখানার প্রতিটি বিভাগে কাজ চলিবার সময়ে নির্দিষ্ট সরঞ্জামাদিসহ প্রাথমিক চিকিৎসার বাক্স অথবা তাকযুক্ত আলমারি সহজগম্য স্থানে মওজুত রাখিতে হইবে এবং সংরক্ষণ করিতে হইবে এবং অনুরূপ বাক্স অথবা কাবার্ডের সংখ্যা সাধারণত কারখানায় নিযুক্ত প্রতি ১৫০জন শ্রমিকের জন্য অন্যূন একটি করিয়া হইতে হইবে। (২) উপধারা (১)-এ উল্লিখিত বাক্স অথবা আলমারিতে নির্ধারিত সরঞ্জাম ছাড়া অন্য

কিছু রাখা যাইবে না এবং অনুরূপ বাক্স অথবা আলমারিসমূহ প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষণপ্রাপ্ত একজন দায়িত্বশীল ব্যক্তির তত্ত্বাবধানে রাখিতে হইবে যিনি কারখানার কাজ চনিবার সময়ে সর্বক্ষণ উপস্থিত থাকিবেন। (৩) প্রতিটি কাজের ঘরে সে-ঘরের প্রাথমিক চিকিৎসার বাক্স অথবা আলমারিতে ভারপ্রাপ্ত ব্যক্তির নাম লিখিয়া নোটিশের আকরে টাঙাইয়া রাখিতে হইবে এবং উক্ত ব্যক্তি সহজে শনাক্ত করিবার উপযোগী একটি ব্যাজ পরিধান করিবেন। (৪) ৫০০ অথবা তাঁহার অধিক সংখ্যক শ্রমিক নিযুক্ত রহিয়াছেন, এমন প্রত্যেক কারখানায় নির্দিষ্ট চিকিৎসার সরক্সমাদিসহ নির্ধারিতব্য চিকিৎসক ও নার্সিং স্টাফের তত্ত্বাবধানে নির্ধারিত আকারের একটি অ্যাম্বুলেঙ্গ অথবা ভিসপেন্যরি থাকিতে হইবে।

First Amendment প্রথম সংশোধন ১৯৭৩ সালের সংবিধান (প্রথম সংশোধন) আইনে যুদ্ধাপরাধীসহ মানবতাবিরোধী অপরাধের বিচারের বিধান রাখা হয়। সংবিধানের ৪৭ অনুচ্ছেদ সংশোধনের পরে একটি নতুন দফা এবং ৪৭ক নামে একটি নতুন অনুচ্ছেদ সংযোজিত হয়। ৪৭ অনুচ্ছেদের (২) দফার সহিত যে নতন (৩) দফাটি সংযুক্ত হয়, তাহাতে বলা হয়, 'এই সংবিধানে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও গণহত্যাজনিত অপরাধ, মানবতাবিরোধী অপরাধ বা যুদ্ধাপরাধ এবং আন্তর্জাতিক আইনের অধীনে অন্যান্য অপরাধের জন্য কোনো সশস্ত্র বাহিনী বা সহায়ক বাহিনীর সদস্য কিংবা যদ্ধবন্দিকে আটক, ফৌজদারিতে সোপর্দ কিংবা দণ্ডদান করিবার বিধান-সংবলিত কোনো আইন বা আইনের বিধান এই সংবিধানের কোনো বিধানের সহিত অসমঞ্জস বা তাহার পরিপন্থী, এই কারণে বাতিল বা বেআইনি হইয়াছে বলিয়া গণ্য হইবে না :' ৪৭ অনুচ্ছেদের পর সংযুক্ত ৪৭ক দফায় বলা হয়: (১) যে-ব্যক্তির ক্ষেত্রে মর্থবধানের ৪৭ অনুচ্ছেদের (৩) দফায় বর্ণিত কোনো আইন প্রযোজ্য হয়, সেই ব্যক্তির ক্ষেত্রে সংবিধানের ৩৫ অনুচ্ছেদ, ৩৫ অনুচ্ছেদের (১) ও (৩) দফা এবং ৪৪ অনুষ্ঠেদের অধীন নিশ্চয়কত অধিকারসমূহ প্রযোজ্য হইবে না। (২) সংবিধানে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্রেও যে-ব্যক্তির ক্ষেত্রে সংবিধানের ৪৭ অনুচ্ছেদের (৩) দফায় বর্ণিত কোনো আইন প্রযোজ্য হয়. সংবিধানের অধীন কোনো প্রতিকারের জন্যে সুপ্রিম কোর্টে আবেদন করিবার অধিকার সেই ব্যক্তির থাকিবে না।

first charge প্রথম দায় অন্য সকল দায় হইতে অগ্রগণ্য হয় বা অগ্রাধিকারমূলক বনিয়া বিবেচিত হয়, এমন দায়।

first information report (FIR) এজাহার বি. আমলযোগ্য অপরাধ সংঘটিত হইবার পর সে-সম্পর্কে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট মৌখিক বা লিখিতভাবে দেব্যা বন্ধবা। এজাহার মৌখিক হইলে তাহা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা স্বয়ং অথবা তাঁহার নির্দেশে অন্য কেহ লিপিবদ্ধ করিতে পারেন। এজাহার ছাড়াও অন্য কোনোভাবে আমলযোগ্য অপরাধের ঘটনা সম্পর্কে জানিতে পারিলে পুলিশ-কর্মকর্তা

স্বয়ং এজাহার দায়ের করিবেন। এজাহারে এজাহারকারীর স্বাক্ষর বা টিপসহি গ্রহণ করা আবশ্যক। ফৌজদারি কার্যবিধির ১৫৪ ধারা-অনুসারে, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট আমলযোগ্য অপরাধ সংঘটনের সংবাদ মৌখিকভাবে দেওয়া হইনে, তিনি উহা লিপিবদ্ধ করিবেন এবং সংবাদদাতাকে উহা পড়িয়া গুনাইবেন। লিখিতভাবে প্রদত্ত কিংবা উক্তরূপে লিপিবদ্ধ প্রত্যেকটি সংবাদে সংবাদদাতাকে স্বাক্ষর করিতে হইবে এবং উহার সারমর্ম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে এতদদেশ্যে রক্ষিত বহিতে লিপিবদ্ধ করিতে হইবে। এজাহার মৌখিক সাক্ষ্য হিসাবে বিবেচিত হয় না, কিন্তু তাহা এজাহারকারীর বক্তব্য সমর্থন বা খণ্ডনের জন্য ব্যবহার করা যায়। S. M. Farouque v. State 28 DLR 192 দ্র.। টেলিগ্রাম বা টেলিফোনে প্রেরিত খবরের পরিপ্রেক্ষিতে পুলিশ ঘটনাস্থলে যাইয়া ফরিয়াদির নিকট হইতে ঘটনা তনিয়া লিপিবদ্ধ করিয়া ফরিয়াদির স্বাক্ষর বা টিপসহি লইলে তাহাও এজাহার হিসাবে গণ্য ইইবে। এজাহারকে মৌলিক সাক্ষ্যরূপে কোনো অবস্থাতেই গ্রহণ করা চলে না। সাক্ষীর বক্তব্যকে সমর্থন করিবার জন্য ইহা সাক্ষ্য আইনের ১৫৭ ধারা-অনুসারে গৃহীত হয় অথবা সাক্ষীর বক্তব্যের অসংগতি প্রমাণের জন্য সাক্ষ্য আইনের ১৪৬ ধারায় গৃহীত হয়। আমলের অযোগ্য অপরাধের ক্ষেত্রে সংবাদ প্রাপ্ত হইলে তাহা এজাহার হয় না বরং জি,ডি,এক্টি বা সাধারণ ডায়েরির ভুক্তি হিসাবে থানায় লিপিবদ্ধ হয়। Mofizuddin Gazi v. State 31 DLB 16 দু.।

first instance প্রথম সুযোগ শুরু করিবার মুহূর্তেই। বিবাহবিচ্ছেদের মামলায় পুনর্মিলন ঘটাইবার জন্য আদালতকে প্রথম সুযোগেই অর্থাৎ শুরু হইতেই তৎসম্পর্কিত বিধানের আশ্রয় গ্রহণ করিতে হইবে।

first offender প্রথম অপরাধী যে-ব্যক্তি ইতিপূর্বে কোনো ফৌজদারি আদালতে দোষী সাবান্ত হন নাই। ২১ বংসরের কমবয়ক্ষ কোনো ব্যক্তি কোনো গুরুতর অপরাধে শান্তিপ্রাপ্ত না হইলে এবং তিনি জীবনে একবারই এইরূপ অপরাধ করিয়াছেন বিলিয়া প্রমাণিত হইলে, বাতিলকৃত ফৌজদারি কার্যবিধির ৫৬২ ধারা-অনুসারে তাঁহার শান্তি মণ্ডকৃফের বিধান ছিল। ১৯৬০ সালের অপরাধীদের অবেক্ষাধীন অধ্যাদেশের ৪ ও ৫ ধারা-অনুসারে কতিপয় ক্ষেত্রে প্রথম অপরাধীকে তিরন্ধার করিয়া অন্য অপরাধীকে অবেক্ষাধীন আদেশদ্বারা মুচলেকাসাপেক্ষে মুক্ত করা যায়।

fiscal year করবর্ষ বি. tax year দ্র.।

fishery n. মৎস্যক্ষেত্র, জলকর বি. জমিদারি আমলে মৎস্যক্ষেত্র জমিদারদের খাস সম্পত্তি ছিল। মৎস্যক্ষেত্র ব্যবহারের অধিকার অর্জনের জন্য জমিদারকে কর প্রদান করা হইত। জমিদারি প্রথা উচ্ছেদের পর মৎস্যক্ষেত্রের অধিকার সরকারের উপর বর্তাইয়াছে। এখন নদী বা হাওড়ে মৎস্যচাষ বা আহরণ করিতে সরকারের নিকট 830 fixed assets

ইটতে ইন্ধারা বা অনুমতি গ্রহণ করিতে হয়। মৎস্যক্ষেত্র ব্যবহারের জন্য যে-কর প্রদান করিতে হয় তাহাকে জলকর বলে। ১৯৫০ সালের মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইনের ২(১)(ক) ধারা-অনুসারে, ফিশারি বা মৎস্যক্ষেত্র বলিতে প্রাকৃতিক বা কৃত্রিম, উন্মুক্ত বা বদ্ধ, প্রবহমাণ বা অপ্রবহমাণ কোনো জলাশয় (যেমন নদী, হাওড়, বারে, বিল, খাল ইত্যাদি) বুঝায়, যেখানে মৎস্য-চাষ অথবা মৎস্য সংরক্ষণ, উনুয়ন, প্রদর্শন, শুজনন, শোষণ বা বিন্যাস সংক্রান্ত কর্মকাণ্ড বা জীবন্ত প্রাণী-সংক্রান্ত অনুরূপ কর্মকাণ্ড সম্পাদন করা হয়। তবে শোভন বস্তু হিসাবে ব্যবহৃত মাছের প্রাকৃতিক আকোরারিয়াম, পুকুর বা দিঘি ইহার অন্তর্গত হইবে না। piscary দ্র.।

- fishery limits মৎস্যাহরণের সীমা অন্য রাষ্ট্রের সহিত চুক্তিমূলে স্বীকৃত এলাকা বাতিরেকে সাগরের যে-এলাকার উপর কোনো রাষ্ট্র মৎস্যাহরণের একচ্ছত্র অধিকার দাবি করে। মৎস্যাহরণের সীমার উপর দ্বিপাক্ষিক বা বহুপাক্ষিক মৎস্যাহরণ-চুক্তি বা সংবিদার (agreement) দ্বারা সীমা আরোপিত হইতে পারে।
- fit adj. উপযুক্ত বিণ. কোনো কিছুর সহিত সামগুস্যপূর্ণ হওয়া; যথাযথ পরিমাপের আকার হওয়া ইত্যাদি; উপযোজন; সমন্বয়সাধন। ঘটনার পারিপার্শ্বিকতার সহিত সংগতিপূর্ণ। উদ্দেশ্যের উপযোগী হওয়া; ঠিক বা যথাযথ।
- fit for habitation বাসযোগ্য বিগ্ অত্যন্ত অল্প ভাড়াসম্পৃক্ত কোনো কোনো বাড়িভাড়া সম্পর্কে প্রযোজ্য একটি সংবিধিমূলক (implied covenant) নিহিত অসীকার। গৃহবাটিকাদি নিম্নোক্ত এক বা একাধিক দিক হইতে ক্রুটিযুক্ত হইলে, উহা যুক্তিসংগতভাবে বাসযোগ্য নহে বলিয়া বিবেচনা করা হয়: মেরামত, স্থিতিশীলতা, আর্দ্রভামূকতা, স্বাভাবিক আলো-বাতাস, পানি সরবরাহ, পয়ঃনিক্ষাশন, বায়্তারক্ষামূলক সুযোগ-সুবিধা, রান্লাবান্না এবং খাদ্যসামগ্রী মজুদ ও প্রকৃতকরণের সুযোগ-সুবিধা এবং উচ্ছিষ্ট পানি অপসারণের ব্যবস্থা।
- fitness for purpose উদ্দেশ্যানুগ উপযুক্ততা যে-ব্যক্তি ব্যবসাস্ত্রে কোনো পণ্য বিক্রম করেন, তৎকর্তৃক অবশ্যপূরণীয় একটি মান। ক্রেভা যদি বিক্রেভাকে অবহিত করেন যে, পণ্যগুলি একটি বিশেষ উদ্দেশ্যে ক্রয় করা হইয়াছে, তাহা ইইলে পণ্যগুলি যে উক্ত উদ্দেশ্যসিদ্ধির জন্য যুক্তিসংগতভাবে উপযুক্ত হইবে, ইহা একটি নিহিত (implied) শর্ত, যদি না পরিস্থিতির দ্বারা প্রমাণিত হয় যে বিক্রেভার দক্ষতা বা বিচারবৃদ্ধির উপর ক্রেভা ভরসা করেন নাই (কিংবা ভরসা করা তাহার পক্ষে যুক্তিযুক্ত নহে)।
- fixed assets স্থায়ী পরিসম্পৎ শরীরী অর্থাৎ স্পর্শযোগ্য চিরস্থায়ী বা দীর্ঘস্থায়ী প্রকৃতির বাস্তব সম্পদ, যেমন ভূমি, দালান বা যন্ত্রপাতি ইত্যাদি। ব্যবসা পরিচালনা করিবার ছন্য শরীরী বা বাস্তব সম্পদ যাহা বর্তমান হিসাবের মেয়াদে খরচ করা হস না কিংবা

848

নগদ অর্থে বা সমার্থক বস্তুতে রূপান্তরিত করা হয় না। যেমন, কারখানা, যন্ত্রপাতি, ভূমি, দালান, স্থাবর আসবাবপত্র। তরল সম্পদের (যেমন, নগদ অর্থ বা ঋণপত্র) বিপরীত।

- fixed capital স্থায়ী মূলধন ব্যবসা-প্রতিষ্ঠানের স্থায়ী মূলধন বলিতে উহার নিজস্ব বাড়ি, আসবাবপত্র, যন্ত্রপাতি ইত্যাদি বুঝায়।
- fixed charge নির্দিষ্ট দায় কোম্পানির সম্পত্তিতে উত্তমর্ণের পক্ষে সৃষ্ট দায়। ইহা ঘরবাড়ি ও যন্ত্রপাতি প্রভৃতি নির্দিষ্ট পরিসম্পদের সহিত যুক্ত। ইহা দায় থাকাকালে উত্তমর্ণের অনুমতি ব্যতীত ওইসকল পরিসম্পৎ কোম্পানি স্বাধীনভাবে লেনদেন করিতে পারে না। floating charge দ্র.।
- fixed letter of credit স্থির ঋণপত্র নির্দিষ্ট মেয়াদে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থের জন্য যে-ঋণপত্র খোলা হয় এবং মেয়াদশেষে বা ঋণপত্রে উল্লিখিত অর্থ পরিশোধ হইয়া গেলে যাহা বাতিল বলিয়া গণ্য করা হয়।
- fixed penalty notice নির্দিষ্ট জরিমানার বিজ্ঞপ্তি যানচলাচল-সম্পৃক্ত কোনো অপরাধ-সংঘটনকারীকে প্রদন্ত এই মর্মে একটি বিজ্ঞপ্তি যে, তিনি একটি নির্দিষ্ট অঙ্কের অর্থ পরিশোধ করিয়া দোষী সাব্যস্ত হইবার দায়িতা হইতে মুক্তি পাইতে পারেন।
- fixed rate of exchange স্থির বিনিময়-হার সরকারি সিদ্ধান্তের উপর ভিত্তি করিয়া কোনো দেশের বিনিময়-হার একটি নির্দিষ্ট স্তরে স্থির রাখা।
- fixed-sum credit নির্দিষ্ট অঙ্কের ঋণ একটি ব্যক্তিগত ঋণচুক্তির অধীনে এমন যে-কোনো সুবিধা, যাহার বলে একজন অধমর্ণ এক বা একাধিক কিন্তিতে ঋণগ্রহণের অধিকার প্রাপ্ত হন।
- fixed term মেয়াদি ইজারা ১৯৯১ সালের বাড়ি ভাড়া নিয়য়্রণ আইন-অনুসারে,
 মেয়াদি ভাড়ায়ত্বের মেয়াদশেষ হইলেও ভাড়াটিয়া রীতিমতো ভাড়া প্রদান বা জমা
 দান করিলে ও ভাড়া দেওয়া গৃহ প্রকৃতপক্ষে মালিকের ব্যবহার বা দখলের প্রয়োজন
 না হইলে ভাড়াটিয়ার স্বত্ব বাতিল করা যায় না। ইংল্যান্ডে একটি নির্দিষ্ট সময়ের জন্য
 ভাড়ায়ত্ব বা ইজারা। একটি ইজারা আইনত অবশ্যমান্য হইতে হইলে, ইজারা গুরু
 হইবার তারিখ এবং ইজারার দৈর্ঘ্য সম্বন্ধে অবশ্যই মতৈক্য হইতে হইবে। নির্দিষ্ট
 মেয়াদশেষে ইজারা বা প্রজায়ত্ব স্বয়্যুক্তিয়ভাবে শেষ হইয়া যায়; বাড়ি ছাড়িবার জন্য
 বিজ্ঞপ্তি প্রদান করিবার প্রয়োজন হয় না। তবে ইজারা যদি একটি সুনিশ্চিত ভাড়ায়ত্ব
 হয়, তাহা হইলে ভাড়ায়ত্ব ভাগে না করিলে কিংবা আদালতের আদেশবলে তাহার
 পরিসমাপ্তি না হইলে মেয়াদশেষে একটি সংবিধিমূলক নিয়তকালিক প্রজায়ত্ব হিসাবে
 তাহা বজায় থাকিবে।

fixture n. সংযুতি বি. কোনো জমি বা ভবনের সহিত সংযোজিত কোনো অস্থাবর সম্পত্তি, যাহা ওই জমি বা ভবনের অংশে পরিণত ইইয়াছে। সংযুতিগুলি অপসারণ করিবার কিছু কিছু অধিকারসাপেক্ষে তাহা ভূম্যধিকারীর নিঙ্কণ্টক সম্পত্তিতে পরিণত হয়। একজন জমিবিক্রেতা বিক্রয়ের চুক্তিতে সম্পত্তী বিধি সংযোজনপূর্বক সংযুতির উপর নিজের অধিকার সংরক্ষণ করিতে পারেন। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৮ (জ) ধারা-অনুসারে, ভাড়া লওয়া গৃহে ভাড়াটিয়া যাহা কিছু সংযোজন করিয়াছে, তাহা তিনি দবলে থাকাকালে তিনি সরাইয়া লইতে পারেন, কিল্পু তাহা সরাইয়া লইতে গিয়া তিনি ভাড়া-লওয়া গৃহের কোনো ক্ষতি করিতে পারিবেন না।

flag of convenience যথোপযোগী পতাকা কোনো রাষ্ট্রের জাতীয় পতাকা, যাহা ৫ই রাষ্ট্রে নিবন্ধিত কোনো জাহাজে উড়ানো হয়, যদিও জাহাজটির মালিক অন্য কোনো রাষ্ট্রের নাগরিক হইতে পারেন। যে-রাষ্ট্রে এইরূপ ব্যবস্থা আইনসমত, সেই রাষ্ট্র আর্থিক সুবিধালাভের বিনিময়ে বিনাশর্তে কার্যত যে-কোনো জাহাজকে নাগরিকত্ব এবং পতাকা উড়াইবার অধিকার প্রদান করিতে পারে।

flagrante delicto হাতে-নাতে ক্রি. বিণ. কোনো অপরাধে লিপ্ত থাকা অবস্থায়।
বাক্যাংশটি সচরাচর সেই পরিস্থিতি সম্বন্ধে প্রয়োগ করা হয়, যখন কোনো ব্যক্তি
তাঁহার স্বামী বা প্রীকে ব্যভি্চারে লিপ্ত অবস্থায় আবিষ্কার করেন। কোনো ব্যক্তি
এইরপ পরিস্থিতিতে তাঁহার স্বামী বা প্রীকে হত্যা করিলে, তিনি ক্রোধোদ্দীপনের কথা
বিন্যা আত্মপক্ষসমর্থন করিতে পারেন। এতৎসহ arrestable offence দ্র.।

flag state jurisdiction পতাকা-রাষ্ট্রের এখতিয়ার যে-নিয়ম-অনুযায়ী বহিঃসমুদ্রে
একটি জাহাজ, ব্যতিক্রমসাপেক্ষে, কেবলমাত্র পতাকা-রাষ্ট্রের (অর্থাৎ যে-রাষ্ট্র
জাহাজটিকে উহার পতাকা উড়াইবার অধিকার দিয়াছে) এখতিয়ারাধীন হয়। flag of
convenience দ্র.।

floating charge ভাসমান দায় কোনো কোম্পানি তাহার সম্পত্তির উপর যে-দায় প্রদান করে। ইহা বর্তমান এবং ভবিষৎ সম্পদের ক্ষেত্রে প্রযোজ্য।

floating charge or security ভাসমান দায় বা চশত জামানত ইহা কোম্পানির দখলে থাকা স্থাবর সম্পত্তি, উৎপাদন-প্রক্রিয়া এবং অবিক্রিত উৎপন্ন দ্রব্যাদির উপর এইরপ একটি দায়, যাহাতে কোনো বাধা ছাড়াই কোম্পানি উহার স্থাবর সম্পত্তি ও যরপাতি ব্যবহার করিতে এবং দায়গ্রহীতার নিকট উৎপাদিত দ্রব্যাদি বিক্রয়় করিতে পারে; কিন্তু কোম্পানি দায়পরিশোধের শর্ত খেলাপ করিলে, উৎপাদন বন্ধ করিলে বা অবসায়নের উদ্যোগ নিলে উক্তর্মপ দায়গ্রহীতা কোম্পানির স্থায়ী পরিসম্পৎসহ স্থাবর অস্থারর সম্পত্তির দখল গ্রহণ করিবার ক্ষমতাসম্পন্ন হয়় এবং সেরূপ ক্ষেত্রে ভাসমান দায় বা চলতি জ্বামানত স্থায়ী দায় বা জামানতরূপে গণ্য হয়়।

- floating rate of exchange ভাসমান বা সঞ্চরণশীল বিনিময়-হার চাহিদা ও সরবরাহের পরিবর্তনের ফলে মুদ্রার বিনিময়-হারে পরিবর্তন দেখা দিলে তাহাকে ভাসমান বা সঞ্চরণশীল বিনিময়-হার বলে।
- flotation n. প্রমোচন বি. যে-প্রক্রিয়ায় একটি সার্বজনিক (পাবলিক) কোম্পানি জামিননিশ্চয়কৃত পত্র (শেয়ার বা ঋণপত্র) প্রমুক্ত করিয়া সাধারণের নিকট হইতে মূলধন সংগ্রহ করিতে পারে। ইহা কোম্পানির পক্ষ হইতে প্রসপেষ্টাস বা কর্মপন্থা প্রকাশের মাধ্যমে করা যাইতে পারে।
- flotation charge প্রবহমাণ দায় কোম্পানি কর্তৃক নিজস্ব পরিসম্পদের উপর অবিচ্ছিন্নভাবে সৃষ্ট দায়। জামানতের অধিকারী নিজের অধিকার দাবি না করা পর্যন্ত ব্যবসার স্বাভাবিক ধারায় কোম্পানিকে তাহার পরিসম্পদে লেনদেনে উহা বাধারস্ত করে না। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ১৫৯ ধারা-অনুসারে অনিবন্ধিত দায় বন্ধক বা প্রবহমাণ দায় বাতিল গণ্য হইবে। fixed charge দ্র.।
- f.o.b. contract পোতারোপণ চুক্তি আন্তর্জাতিক পণ্য-বিক্রয়ের জন্য একপ্রকার চুক্তি, যাহাতে কোনো জাহাজে পণ্য ন্যন্ত করিলেই বিক্রেতার কর্তব্য শেষ ইইয়া যায়।
- following trust property ন্যাস সম্পত্তির অনুসরণ tracing trust property দ্র.।
- food n. খাদ্য বি. যাহা জৈবদেহের পুষ্টিসাধনের জন্য খাওয়া হয় বা দেহে গ্রহণ করা হয়। পুষ্টিকর খাদ্য; রসদ; খাদ্যদ্রব্য। কোনো বস্তু যাহা জীব বা উদ্ভিদের দৈহিক বৃদ্ধি ঘটায়; মানুষ কর্তৃক খাদ্য বা পানীয় হিসাবে ব্যবহৃত সকল বস্তু।
- footpath n. ফুটপাত বি. পায়ে চলার পথ ব্যতীত অন্য যে-কোনো জনপথ যাহার উপর দিয়া জনসাধারণের কেবল পদব্রজে যাইবার অধিকার আছে।
- footprints n. পদচিহ্ন বি. পায়ের তলার, আঙ্গুলের এবং গোড়ালির চামড়া মোটামুটি হাতের আঙ্গুলের মতো স্থায়ী ও স্বতন্ত্র বৈশিষ্ট্যমন্তিত। সেইজন্য পদচিহ্ন কোনো ব্যক্তিকে শনাক্তকরণের একটি প্রমাণ বলিয়া বিবেচনা করা হয়। কাদা বা বালির উপর পদচিহ্ন বা জুতার ছাপ দেখিয়াও অনেক সময়ে ব্যক্তিকে শনাক্ত করা সম্ভব হয়। পায়ের তলায় কালির ছাপ দেখিয়াও শনাক্ত করা যাইতে পারে।
- iootway n. পায়ে চলার পথ এমন যে-কোনো পথ, যাহার উপর দিয়া জনসাধারণের পায়ে হাঁটিবার অধিকার আছে এবং যাহা এমন-একটি জনপথের অংশ, যাহাতে যান-বাহন চলাচলের জন্যও একটি পথ রহিয়াছে। footpath তু.।

forbearance n. সন্ধিবৃত্তি বি. কোনো আইনসম্মত অধিকার (যেমন, কোনো পাওনা আদায় করিবার জন্য মামলা করা) প্রয়োগে স্বেচ্ছাবৃত্ত ব্যর্থতা। একজন দেনাদারের অনুরোধে মামলা করা হইতে সন্ধিবৃত্তি দেনাদার কর্তৃক কোনো নতুন প্রতিশ্রুতির প্রতিদান হইতে পারে। আইনের দৃষ্টিতে অমূলক কোনো দাবি বলবৎ না করিবার প্রতিশ্রুতিও একটি প্রতিদান হইতে পারে, যদি দাবিটি বৈধ বলিয়া বিশ্বাস করা হয়।

lorce n. বলপ্রয়োগ বি. কোনো ব্যক্তি অপর কোনো ব্যক্তির প্রতি বলপ্রয়োগ করেন বিন্যা গণ্য ইইবে, যদি তিনি উক্ত অপর ব্যক্তিকে গতিশীল করান বা তাঁহার গতি পরিবর্তন করান বা তাঁহার গতি রোধ করান, কিংবা যদি তিনি কোনো বস্তুকে এইরূপ গতিশীল করান বা তাহার গতি রোধ করান বা তাহার গতি রোধ করান যে উক্ত বস্তু উক্ত অপর ব্যক্তির শরীরের যে-কোনো অংশ বা উক্ত অপর ব্যক্তির কর্তৃক পরিবাহিত বা বাহিত অন্য কিছুর সংস্পর্শে আসে বা এইরূপ অবস্থিত অন্য কিছুর সংস্পর্শে আসে বা এইরূপ অবস্থিত অন্য কিছুর সংস্পর্শে আসে বাহাতে অনুরূপ সংস্পর্শে উক্ত অপর ব্যক্তির অনুভূতিকে প্রভাবিত করে। তবে শর্ত থাকে যে, গতিসৃষ্টিকারী বা গতিপরিবর্তনকারী বা গতিরোধকারী ব্যক্তিকে অতঃপর বর্ণিত তিন উপায়ের এক উপায়ে উক্ত গতিসৃষ্টি, গতিপরিবর্তন বা গতিরোধ করিতে ইইবে; প্রথমত, তাহার নিজ দৈহিক শক্তিতে; দ্বিতীয়ত, যে-কোনো বস্তুর এইরূপ ব্যবস্থাপনা করিয়া যাহাতে উক্ত ব্যক্তির বা অন্য কোনো ব্যক্তির পক্ষে অধিকতর কোনো কাজ ব্যতিরেকেই উক্ত গতি অথবা উক্ত গতির পরিবর্তন করিতে বা চলা হইতে বিরত ইইতে প্রবৃত্ত করিয়া। দণ্ডবিধির ৩৮৩ ইইতে ৩৮৮ ধারায় বলপ্রয়োগে সম্পত্তি আদায়ের শান্তি বর্ণিত হইয়াছে।

forced labour জবরদন্তি শ্রম শান্তির ভয় দেখাইয়া কোনো ব্যক্তির নিকট হইতে আদায়কৃত কাজ; যে কাজ স্বেচ্ছাপ্রবৃত্ত নহে। নাগরিক ও রাজনৈতিক অধিকার সংক্রান্ত জাতিসংঘ সমঝোতার অধীনে উহার ব্যতিক্রম হইল : (১) কোনো আদালত কর্তৃক আরোপিত দণ্ড, (২) বাধ্যতামূলক সামরিক কর্ম, (৩) কোনো জরুরি অবস্থায় কৃত কোনো কাজ, (৪) স্বাভাবিক নাগরিক বাধ্যবাধকতা, এবং (৫) ছোটোখাটো যৌথ সাহায্য বা সেবা। সংবিধানের ৩৪ অনুচ্ছেদ-অনুসারে, (১) সকল প্রকার জবরদন্তি শ্রম নিষিদ্ধ। এই বিধান কোনোভাবে লঞ্জিত হইলে তাহা আইনত দওনীয় অপরাধ বলিয়া গণ্য হইবে। (২) এই অনুচ্ছেদের কোনো কিছুই সেই সকল বাধ্যতামূলক শ্রমের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যেখানে (ক) ফৌজদারি অপরাধের জন্য কোনো ব্যক্তি আইনত দওভোগ করিতেছেন; অথবা (খ) জনগণের উদ্দেশ্য সাধনকল্পে আইনের ঘ্যরা তাহা আবশ্যক হইতেছে।

force majeure অপ্রতিরোধ্য হেডু অপ্রতিরোধ্য বাধ্যবাধকতা বা নিগ্রহ। বাক্যাংশটি ব্যবহৃত হয় বিশেষ করিয়া বাণিজ্যিক চুক্তিতে এমন-সব ঘটনা বর্ণনার্থে, যাহা চুক্তির উপর প্রভাব ফেলিতে পারে এবং যাহা পক্ষগুলির সম্পূর্ণ নিয়ন্ত্রণ-বহির্ভূত। এইরূপ forcible entry 8३৮

ঘটনাগুলি সাধারণত পূর্ণাঙ্গরূপে ভালিকাভুক্ত করা হয়, যাহাতে ঘটনাগুলি বলবৎ করা যায়। এইসব ঘটনার মধ্যে থাকিতে পারে দৈবপাত, অগ্নিকাণ্ড, জোগানদার বা উপ-ঠিকাদারগণ কর্তৃক চুক্তি-অনুযায়ী সরবরাহকারীর পণ্য ইত্যাদি সরবরাহ করিবার ব্যর্থতা এবং ধর্মঘট ও অন্যান্য শ্রমিকঘটিত বিবাদ, যাহা সরবরাহকারী কর্তৃক চুক্তির শর্তপালনে অন্তরায় সৃষ্টি করে।

- forcible entry বলপূর্বক প্রবেশ প্রথানৃগ আইন-অনুযায়ী (বিভিন্ন সংবিধির দারা সংশোধিত) একটি অপরাধ, যাহা গৃহবাটিকাদিতে প্রবেশের জন্য করা হইলে, কোনো কোনো পরিস্থিতিতে প্রয়োজ্য হইত। প্রথানৃগ আইনবিরুদ্ধ অপরাধটির স্থলে, গৃহবাটিকাদিতে প্রবেশের জন্য মানুষ বা সম্পত্তির বিরুদ্ধে জবরদন্তি করা বা জবরদন্তি করিবার জন্য হুমকি দেওয়ার জন্য একটি সংবিধিমূলক গ্রেপ্তারযোগ্য অপরাধ প্রতিকল্পিত ইইয়াছে। অপরাধটি তখনই কেবল প্রয়োজ্য, যদি গৃহবাটিকাদিতে এমন কোনো ব্যক্তি উপস্থিত থাকেন, যিনি প্রবেশের বিরোধী এবং অপরাধী যদি তাহা অবগত থাকেন। দণ্ডবিধির ৪৪৫ ধারা-অনুসারে বলপ্রয়োগে গৃহ প্রবেশ ৪৪৮ ধারা-অনুসারে দণ্ডনীয় অপরাধ।
- foreclosure n. বন্ধকি সম্পত্তি খালাসের অধিকারহরণ একজন বন্ধকদাতা চুক্তিতে
 নির্ধারিত তারিখের মধ্যে ঋণ শোধ করিয়া বন্ধক ছাড়াইতে ব্যর্থ হইলে, বন্ধকথহীতা
 এই প্রতিকারমূলক ব্যবস্থার আশ্রয় গ্রহণ করিতে পারেন। সম্পত্তি-হস্তান্তর আইনের
 ৬৭ ধারায় প্রাণ্নিরোধের জন্য মামলা করিবার বিধি বর্ণিত হইয়াছে। ঋণশোধ
 করিবার নিমিত্ত একটি তারিঋ নির্ধারণপূর্বক আদেশ জারির জন্য এবং হাইকোর্টে
 মামলা দায়ের করিবার ও বন্ধকদাতা ওই তারিখের মধ্যে ঋণশোধ না করিলে, তিনি
 বন্ধকি সম্পত্তিতে স্বত্বশূন্য হইবেন, বন্ধকথহীতার এইরূপ অধিকার ইংল্যান্ডের আইনে
 রহিয়াছে। এই আদেশ (একটি সম্পর্ত প্রাণ্নিরোধ আদেশ) প্রদত্ত হইবার পর
 বন্ধকদাতা উল্লিখিত তারিখে ও স্থানে ঋণশোধ না করিলে, প্রাণ্নিরোধ নির্বৃাঢ় হইয়া
 যায় এবং অতঃপর ওই সম্পত্তির উপর বন্ধকথহীতার মালিকানা প্রতিষ্ঠিত হয়।
- foreign agreement বিদেশি চুক্তি স্বদেশ ভিন্ন অন্য কোনো দেশের আইন-অনুযায়ী সম্পাদিত চুক্তি বা সংবিদা।
- foreign arbitral award বিদেশি সালিশি রোয়েদাদ এমন কোনো সালিশি রোয়েদাদ যাহা কোনো সালিশ চুক্তির ভিত্তিতে বাংলাদেশ ব্যতীত অন্য কোনো রাষ্ট্রের ভূখণ্ডে প্রদন্ত হয়, তবে কোনো নির্দিষ্ট রাষ্ট্রের ভূখণ্ডে প্রদন্ত কোনো সালিশি রোয়েদাদ ইহার অন্তর্ভুক্ত হইবে না।
- foreign bill বিদেশি বিল বা হক্তি অভ্যন্তরীণ হক্তি ভিন্ন যে-কোনো বিনিময়পত্র বা হন্তি। বিলটি অগ্নাহ্য করা হইলে, তাহার প্রতিকারের জন্য গৃহীত পদক্ষেপের ক্ষেত্রে এই পার্থক্যটি প্রাসঙ্গিক। dishonour দ্র.।

- foreign company বিদেশি কোম্পানি স্বদেশের বাহিরে নিগমবন্ধ, এমন কোনো কোম্পানি, স্বদেশের অভ্যন্তরে ব্যবসা করিবার যাহার কোনো স্থান আছে। নিবন্ধন, হিসাব, নাম ইত্যাদি বিষয়ে বিদেশি কোম্পানিগুলি কোম্পানি আইনের বিধানাবলির অধীন। overseas company দ্র.।
- foreign country বিদেশ বি. ১৯০৮ সালের তামাদি আইনের ২(৬) ধারা-অনুসারে, বিদেশ বলিতে বাংলাদেশ ভিন্ন অন্য যে-কোনো দেশ।
- foreign court বিদেশি আদালত দেওয়ানি কার্যবিধির ২(৫) ধারা-অনুসারে, বিদেশি আদালত অর্থ এমন কোনো আদালত ্ যাহা বাংলাদেশের বাহিরে অবস্থিত, বাংলাদেশে যাহার কোনো কর্তৃত্ব নাই এবং যাহা বাংলাদেশ সরকার স্থাপন করে নাই বা বহাল রাখে নাই। বিদেশি আদালতকর্তৃক বা বিদেশি আদালতে কমিশন প্রেরণ সম্পর্কিত নিয়মাবলি দেওয়ানি কার্যবিধির ২৬ আদেশের ১৯ এবং ২৫ নিয়মে বলা ইইয়াছে।
- foreign enlistment বিদেশি তালিকাভুক্তি ইংল্যান্ডের ১৮৭০ সালের বিদেশি তালিকাভুক্তি আইন-অনুসারে, বাংলাদেশের প্রতি বন্ধুভাবাপনু কোনো রাষ্ট্রের সঙ্গে দুদ্ধে লিপ্ত কোনো বিদেশি রাষ্ট্রের সশস্ত্র বাহিনীতে (সরকারের অনুমতি ছাড়া) নিজে ভর্তি ইওয়া বা অন্যকে ভর্তি করা একটি অপরাধ। এইরূপ বাহিনীর জন্য কোনো জাহাজ নির্মাণ বা সজ্জিত করা কিংবা বাংলাদেশের প্রতি বন্ধুভাবাপনু কোনো রাষ্ট্রের বিরুদ্ধে সামরিক বা নৌ-অভিযান প্রস্তুত করাও উক্ত আইন-অনুযায়ী একটি অপরাধ।
- foreigner n. বিদেশি বি. বিদেশে জন্মগ্রহণকারী; বিদেশের নাগরিক। বাংলাদেশে অবস্থানরত বাংলাদেশের নাগরিক নহেন, এইরূপ কোনো ব্যক্তি। জন্মগতভাবে বাংলাদেশের নাগরিক নহেন বা আইনগতভাবে বাংলাদেশের নাগরিকত্ব প্রাপ্ত হন নাই, এইরূপ সকল ব্যক্তি।
- loreign exchange বৈদেশিক মুদ্রা বিদেশি মুদ্রার সকল আমানত, ঋণ, ছন্ডি, বিনিময়পত্র ইত্যাদি।
- foreign exchange market বৈদেশিক বিনিময়-বাজার বৈদেশিক মুদ্রা যেখানে ক্রয়-বিক্রয় বা বিনিময় করা হয়।
- foreign instrument বিদেশি দলিল যে-কোনো দলিল বা লেখা যাহা অভ্যন্তরীণ বা দেশীয় দলিলের অনুরূপ লিখিত, প্রণীত বা প্রদেয় হয় নাই।
- foreign investment বিদেশি বিনিয়োগ এক দেশ হইতে কোনো ব্যক্তি বা যৌথ সংস্থা অন্য দেশে বাণিজ্যিক শর্তে লাগ্ন করিলে তাহাকে বিদেশি বিনিয়োগ বলা হয়। দেশি বা বিদেশি প্রত্যেক ব্যক্তি দেশের সাধারণ আইনের অধীন। বিদেশি

- বিনিয়োগকারীগণ এই নীতির ব্যতিক্রম নহেন। Ekushey Television Ltd. v. Dr. Chowdhury Mahmood Hasan 54 DLR (AD) 130 দ্র.।
- foreign judgments বিদেশি রায় দেওয়ানি কার্যবিধির ২(৬) ধারা-অনুসারে, 'বিদেশি রায়' অর্থ বিদেশি আদালতের রায়। কোন পরিস্থিতিতে বিদেশি রায় চূড়ান্ত বিলয়া গণ্য হইবে, তাহা দেওয়ানি কার্যবিধির ১৩ ধারায় বলা হইয়াছে। একটি বিদেশি আদালতের রায় বাংলাদেশে এই শর্তে কার্যকর করা যাইতে পারে যে, বিদেশি আদালতটি যোগ্যতাসম্পন্ন ছিল এবং রায়টি একটি সুনির্দিষ্ট অঙ্কসম্পৃক এবং উহা চূড়ান্ত ও নিশ্চায়ক।
- foreign law বিদেশি আইন প্রাতিজনিক আন্তর্জাতিক আইনের প্রয়োজনার্থে, বাংলাদেশের আইনব্যবস্থা তিনু অন্য যে-কোনো আইনব্যবস্থা। বাংলাদেশের কোনো আদালতে বিদেশি আইনের কোনো উপাদান উদ্ভূত হইলে, উহা সাধারণত একটি তথ্যঘটিত প্রশু হিসাবে বিবেচনা করা হয়, যাহা প্রতিটি ক্ষেত্রে অবশ্যই (সাধারণত বিশেষভের সাক্ষ্যপ্রমাণ দ্বারা) প্রমাণ করিতে হইবে।
- foreign margin অথিম মার্জিন নগদ বিনিময়-হার ও অগ্রিম বিনিময়-হারের মধ্যবর্তী পার্থক্য বুঝায়। অগ্রিম মার্জিনের হ্রাস-বৃদ্ধি হইলে তাহাকে discount premium বলা হইয়া থাকে।
- foreign title বিদেশি খেতাব সংবিধানের ৩০ অনুচ্ছেদ-অনুসারে, রাষ্ট্রপতির পূর্বানুমোদন ব্যতীত কোনো নাগরিক কোনো বিদেশি রাষ্ট্রের নিকট হইতে কোনো খেতাব, সম্মান, পুরন্ধার বা ভূষণ গ্রহণ করিবেন না।
- foreign vessel বিদেশি জাহাজ বিদেশে বসবাসকারী ব্যক্তির মালিকানাধীন কোনো জাহাজ বা বিদেশি পতাকা-বহনকারী কোনো জাহাজ।
- foreign voyage বৈদেশিক সমুদ্রথাত্রা সমুদ্রপথে বিদেশযাত্রা। সমুদ্রপথে কোনো বিদেশি রাষ্ট্রের এলাকাধীন কোনো বন্দর বা স্থানে গমন। কোনো দেশের জাহাজ যদি সমুদ্রথাত্রায় অন্য কোনো দেশের কোনো বন্দর হইতে সেই দেশেরই অপর কোনো বন্দরে গমন করে, তবে উহাকে বৈদেশিক সমুদ্রথাত্রা বলিয়া বিবেচনা করা হয়।
- forensic medicine বিচারসহায়ক চিকিৎসাবিদ্যা বিচারকার্যে আদালত কর্তৃক গৃহীত চিকিৎসাবিদ্যা বিষয়ক অভিমত বা সাক্ষ্য। চিকিৎসাবিজ্ঞানের যে-শাখা আইনগত ক্ষেত্রে চিকিৎসা ও ঔষধ সম্পর্কিত সকল শাখার জ্ঞানের প্রয়োগ লইয়া কারবার করে।
- foresight n. পরিণামদর্শিতা বি. কোনো কার্য করিবার সময়ে ওই কার্যের যে একটা পরিণাম হইতে পারে, এই সচেতনতা। কোনো কোনো অপরাধের ক্ষেত্রে (যেমন

অভিপ্রায়পূর্বক জখম করা) অভিযুক্ত ব্যক্তিকে দোষী সাব্যস্ত করিবার পূর্বে, তাঁহার যে একটা পরিণাম ঘটাইবার অভিপ্রায় ছিল, তাহা অবশ্যই প্রমাণ করিতে হইবে; পরিণামদর্শিতা যথেষ্ট নহে। তবে অনেক অপরাধের জন্য (জখম করাসহ) দোষী সাব্যস্ত করিবার নিমিত্ত আসামি যে একটা সুনির্দিষ্ট পরিণাম সম্ভবপর বলিয়া পূর্বেই জ্ঞাত ছিলেন, এইটুকুমাত্র প্রমাণ করা আবশ্যক। ulterior intent দ্র.।

forest offence বন-অপরাধ ১৯৭২ সালের বন আইন বা উহার অধীন কোনো বিধি মোতাবেক দণ্ডনীয় কোনো অপরাধ।

forest officer বন-কর্মকর্তা ১৮২৭ সালের বন আইনের উদ্দেশ্যসাধনের জন্য প্রয়োজনীয় কার্যাদি সম্পাদনার্থে সরকারকর্তৃক কিংবা সরকারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকর্তৃক নিযুক্ত কর্মকর্তা। সরকার যে-ব্যক্তিকে ১৯২৭ সালের বন আইনের যে-কোনো বা সমস্ত উদ্দেশ্যসাধনের নিমিন্ত বা ওই আইন বা তদধীন কোনো বিধি-মোতাবেক বন-কর্মকর্তার কোনো কার্য করিবার নিমিন্ত নিয়োগ করেন।

lorest produce বনজ দ্রব্য ক) নিম্নলিখিত উৎপন্ন দ্রব্যসমূহ উহা কোনো বনে দেখা যায় বা কোনো বন হইতে আনা হউক বা না হউক, অর্থাৎ কাঠ, কাঠকয়লা, রবার, , ধয়ের, কাঠের তৈল, ধুনা, প্রাকৃতিক বার্নিশ, গাছের ছাল, লাক্ষা, মহুয়া ফুল, মহুয়া বীজ, কুথ, এবং হরিতিক, আমলকী, বয়রা; এবং খ) নিম্নলিখিত উৎপন্ন দ্রব্যসমূহ যবন উহা কোনো বনে দেখা যায় বা কোনো বন হইতে আনা হয় অর্থাৎ ১) গাছ এবং পাতা, ফুল এবং ফল বৃক্ষসমূহের অন্য সমস্ত অংশ এবং উৎপন্ন দ্রব্য যাহা ইতিপূর্বে উল্লিখিত হয় নাই; ২) বৃক্ষ নহে, এমন উদ্ভিদ (ঘাস, লতা, নল, এবং শেওলা ইহার অন্তর্ভুক্ত) এবং উক্ত উদ্ভিদের সমস্ত উৎপন্ন দ্রব্য এবং অংশ; ৩) বন্য প্রাণীসমূহ এবং উহাদের চমড়া, হাতির দাঁত, শিং, হাড়, রেশম, রেশমের গুটি, মধু এবং মোম এবং প্রাণীজাত সমস্ত উৎপন্ন দ্রব্য বা ইহার অংশ; এবং ৪) খাদ, ভূ-পৃষ্ঠ, তৈল, শিলা, এবং ধনিসমহ ও খাতসমূহের সমস্ত উৎপন্ন দ্রব্য।

forest produce presumed to belong to government সরকারের বলিয়া জনুমিত বনজ দ্রব্য কতিপয় কাঠের মালিকানা প্রমাণিত না হওয়া পর্যন্ত উহা সরকারি সম্পত্তিরূপে গণ্য হইবে এবং সেই মোতাবেক সংগৃহীত হইবে— যতক্ষণ পর্যন্ত কোনো ব্যক্তি, বন আইনের বিধান-মোতাবেক তাঁহার স্বত্ব এবং অধিকার এতিরিষয়ে প্রমাণ না করেন, ততক্ষণ পর্যন্ত সমস্ত জলতাড়িত, সৈকতে থাকা জলাবদ্ধ অথবা ভূবিয়া যাওয়া কাঠ, সমস্ত কাঠ অথবা চিহ্নযুক্ত গুঁড়ি যাহা বিধি-মোতাবেক নিবন্ধীকৃত হয় নাই, অথবা যাহার উপরের চিহ্ন মুছিয়া গিয়াছে, অগ্নি অথবা অন্য প্রকারে পরিবর্তিত হইয়াছে এবং সরকার-নির্দেশিত এলাকায় সমস্ত চিহ্নবিহীন কাঠ এবং গাছের গুঁড়ি, সরকারি সম্পত্তি হিসাবে গণ্য হইবে।

forfeiture n. বাজেয়াপ্তি বি. কোনো অপরাধ বা প্রতিশ্রুতিভঙ্গের পরিণতি হিসাবে সম্পত্তিহানি বা স্বত্বহানি। আদালত যেসব পরিস্থিতিতে সম্পত্তি বাজেয়াও করিবার আদেশ দিতে পারেন, তাহা প্রধানত তিন প্রকার: (১) অবৈধভাবে দখলকৃত সম্পত্তি বাজেয়াণ্ড করা যাইতে পারে: (২) ইংল্যান্ডে ১৯৭১ সালের মাদকদুব্যের অপব্যবহার আইন কিংবা ১৯৮৬ সালের মাদকদ্রব্যের অবৈধ ব্যবসাঘটিত অপরাধ আইন-অনুযায়ী কোনো অপরাধ-সংশ্রিষ্ট যে-কোনো সম্পত্তি বাজেয়াপ্ত করা যাইতে পারে এবং উহা বিনষ্ট কিংবা, আদালত যেরূপ যক্তিযক্ত বিবেচনা করেন, সেইরূপ বিলিব্যবস্থা করা যাইতে পারে: (৩) সম্পত্তি বৈধভাবে দখল করা হইলেও, উহা যদি অপরাধ-সংঘটনের জন্য ব্যবহৃত হয় (কিংবা ব্যবহার করা উদ্দিষ্ট হয়), তাহা হইলে উহা বাজেয়াপ্ত করা যাইতে পারে, যদি মালিক ইতিপর্বে কোনো অপরাধের জন্য দোষী সাব্যন্ত হইয়া থাকেন। বাংলাদেশে দণ্ডবিধির ৫৩ ধারা-অনুসারে, সম্পত্তি বাজেয়াপ্ত করিয়াও অপরাধীকে শান্তি দেওয়া যায়। দওবিধির ১২৬ ও ১২৭ ধারায় কারাদও ও সম্পত্তি বাজেয়াপ্ত করিয়া শান্তিপ্রদানের ব্যবস্থা করা হইয়াছে। মাদক আইনসহ অপর কতিপয় আইনেও অপরাধীকে কারাদণ্ডসহ সম্পত্তি বাজেয়াপ্ত করিয়া শান্তিপ্রদানের বিধান করা হইয়াছে। সম্পত্তি-হস্তান্তর আইনের ১১১ (ছ) ধারায় ইজারা বাজেয়াপ্ত এবং ১১৪ ধারায় কর বা খাজনা না দেওয়ার জন্য ইজারা বাজেয়াপ্ত সম্বন্ধে বিধান বর্ণিত হইয়াছে।

forgery n. জালিয়াতি বি. যাহাতে আসল বলিয়া গৃহীত হইতে পারে, সেইজন্য নকল দলিল তৈরি করিবার অপরাধ। অনুরূপ দলিল একটি দন্তাবেজ হইতে পারে, ডাক বিভাগ বা রাজস্ব বিভাগ কর্তৃক প্রমুক্ত একটি টিকেট হইতে পারে কিংবা এমন যে-কোনো কৃৎকৌশল হইতে পারে, যাহাতে তথ্য রেকর্ড বা সংবৃত করা হইয়াছে (যেমন টৌম্বক টেপ)। দপ্রবিধির ৪৬৩ ধারায় বলা হইয়াছে যে, যে-ব্যক্তি জনগণের বা ব্যক্তিবিশেষের ক্ষতি বা অনিষ্ট সাধন করিবার বা কোনো দাবি বা কোনো অধিকার সমর্থন করিবার অথবা কোনো ব্যক্তিকে কোনো সম্পত্তি পরিত্যাগ করিতে বা ব্যক্ত বা নিহিত চুক্তি সম্পাদন করিতে বাধ্য করিবার অভিপ্রায়ে কিংবা প্রতারণা করিবার বা প্রতারণা করা যাইতে পারে, এইরূপ অভিপ্রায়ে কোনো মিথ্যা দলিল বা মিথ্যা দলিলের অংশবিশেষ প্রস্তুত করেন, সেই ব্যক্তি জালিয়াতি করেন বলিয়া গণ্য হইবেন।

formal n. আনুষ্ঠানিক, রীতিসিদ্ধ বি. যাহা যথাযথরপে বা ঐকান্তিকতা সহকারে করা হইয়াছে, নিয়মিত পদ্ধতি অনুসারে কৃত।

formal defect পদ্ধতিগত ক্রটি, আনুষ্ঠানিক ক্রটি যে-ক্রটি মোকদ্দমার গুণাগুণকে প্রভাবিত করে না। মোকদ্দমায় প্রয়োজনীয় পক্ষকে অন্তর্ভুক্ত না করা পদ্ধতিগত ক্রটি বলা যায় না। দেওয়ানি কার্যধারার ২৩ আদেশের ১(২) নিয়মে উল্লিখিত 'পদ্ধতিগত ক্রটি' কড়াকড়িভাবে ব্যাখ্যা না করিয়া ব্যাপক অর্থে ব্যাখ্যা করা উচিত। Sayadur Rahman v. Abdur Rahman (1961) 13 DLR (SC) দ্র.। formal demand আনুষ্ঠানিক দাবিনামা ১৯৯৭ সালের দেউলিয়া আইনের উপধারা (১)(খ)তে উল্লিখিত দাবিনামা নির্ধারিত ফরমে বা নির্ধারিত পদ্ধতিতে জারি করিতে হইবে এবং উক্ত দাবি অগ্নাহ্যের ফলাফলও উহাতে উল্লেখ করিতে হইবে। ২. এই ধারার উদ্দেশ্যপূরণকল্পে কোন প্রতিনিধির কাজ তাঁহার নিয়োগকর্তার কাজ বলিয়া গণা হইবে।

formal document আনুষ্ঠানিক দলিল কোনো দলিল যাহা প্রতিষ্ঠিত আকার, প্রথা বা বিধির অনুসরণে গঠিত বা প্রণীত এবং যাহাতে প্রচলিত এবং স্বাভাবিকভাবে এহণযোগ্য রীতির বিচ্যুতি নাই।

for the time being এখনকার মতো এই বাক্যাংশটি প্রসঙ্গ-জনুসারে বর্তমান সময় বা সময়ের কোনো নির্দিষ্ট পরিধি বুঝাইতে পারে; কিন্তু ইহার সাধারণ অর্থ সময় এবং ইহা একটি অনিশ্চিত অবস্থা নির্দেশ করে, যাহা ভবিষ্যতে উদ্ভূত হইবে এবং মাঝে মাঝে পরিবর্তিত হইবে বা হইতে পারে।

forum n. ফোরাম, বিচারস্থান বি. যে-দেশে বা স্থানে একটি মামলার গুনানি অনুষ্ঠিত হইতেছে। কোনো বিদেশি উপাদান-সংশ্লিষ্ট একটি মামলা ইংল্যান্ডের আদালতে আনীত হইলে, ইংল্যান্ড হইবে ওই মামলার বিচারস্থান। lex fori দ্র.।

forum non conveniens বিচারস্থানের সহিত সংগতিপূর্ণ নয়; বিসংগত বিচারস্থান যে-সূত্র অনুসারে একটি আদালত কোনো মামলার উপর এখতিয়ারগ্রহণে অসমতি জ্ঞাপন করিতে পারেন, যাহাতে মামলাটির বিচার কোনো বিকল্প আদালতে (অর্থাৎ কোনো বিদেশি আদালতে) অনুষ্ঠিত হইতে পারে। এইরূপ সিদ্ধান্ত প্রায় সম্পূর্ণরূপে আদালতের স্ববিবেচনাপ্রসূত তবে বিসংগত বিচারস্থানের প্রার্থীকে অবশাই বিকল্প আদালতের কার্যকর এখতিয়ার মানিয়া লইতে হইবে। দেওয়ানি কার্যবিধির ২১ ধারা-অনুসারে প্রথম সুযোগেই প্রাথমিক আদালতের এখতিয়ার সম্পর্কে আপত্তি উত্থাপন করিতে হইবে এবং ওই কার্যবিধির ৭ আদেশের ১০ নিয়ম-অনুসারে, যে-আদালতে নালিশ দায়ের করা উচিত ছিল, সেই আদালতে দাখিলের জন্য মামলার যে-কোনো পর্যায়ে আবজ্ঞি ফেবত দেওয়া হয়।

forum prorogatum মূলভূবিকৃত এৰতিয়ার পক্ষসমূহের সন্মতিক্রমে এবং বিচারকার্য তব্ধ হইবার পর আন্তর্জাতিক আদালতের উপর একটি ক্ষমতা অর্পণ করা হইলে ইহার উদ্ভব ঘটে; আন্তর্জাতিক আদালত অন্যথায় ন্যায়নির্ণয়ে প্রবৃত্ত হইবেন না।

torum rei বিষয়স্থল বি. কোনো বিরাদের বিষয়টি যে-দেশে অবস্থিত, সেই দেশের আদানত।

আইন-শন্দকোষ : ১৮

- forum shopping বিচারস্থান-সন্ধান কোন দেশের আইন সর্বাধিক অনুকূল, এই বিবেচনার ভিত্তিতে আদালতে মামলা রুজু করিবার জন্য একটি দেশ নির্বাচন করিবার নীতি। কোনো কোনো ক্ষেত্রে এখতিয়ারও পছন্দ করা যায়।
- forward contract অথিম চুক্তি পণ্যদ্রব্য ক্রয়-বিক্রয়ের এমন কোনো চুক্তি যাহাতে পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের বিষয় পরবর্তী কোনো সময়ে নির্ধারিত হয়। অথিম চুক্তি আপাতভাবে পণ্যসরবরাহের ফটকামূলক চুক্তিসমূহকে অন্তর্ভুক্ত করে। পরবর্তী কোনো সময়ে কার্য-সম্পাদনের বিধান-সংবলিত চুক্তি।
- forward exchange rate অগ্রিম বিনিময়-হার ভবিষ্যতে লেনদেন করা হইবে, এরূপ নিশ্চয়তার ভিত্তিতে বৈদেশিক বিনিময় দলিল বর্তমানে যে-হারে ক্রম বিক্রম করা হয়।
- foster child পালিত শিশু যে-শিশু তাহার স্বাভাবিক বা দত্তকগ্রহীতা পিতামাতা কিংবা পিতামাতার দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি ভিন্ন অন্য কোনো ব্যক্তির দ্বারা প্রতিপালিত। foster parent দ্র.।
- foster parent পালক পিতা বা মাতা যে-ব্যক্তি পিতা বা মাতার ন্যায় অপরের শিশুকে লালনপালন করেন। পালক পিতামাতা যে-শিশুকে প্রতিপালন করেন, তাহার উপর তাঁহাদের কোনো আইনসম্মত অধিকার নাই। এইরূপ শিশুর পিতামাতা বা আইনানুগ অভিভাবক শিশুটিকে পালক পিতামাতার প্রযত্ন হইতে ছাড়াইয়া লইতে পারেন। foster child দ্র.।
- Fourteenth Amendment চতুর্দশ সংশোধন ২০০৪ সালের সংবিধান (চতুর্দশ সংশোধন) আইনে প্রধান যেসব সাংবিধানিক বিধান সন্নিবেশ করা হইয়াছে, সেইগুলি হইতেছে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর প্রতিকৃতি সংরক্ষণ ও প্রদর্শন, জাতীয় সংসদে মহিলাদের জন্য ৪৫টি সংরক্ষিত আসনের ব্যবস্থা, সুপ্রিম কোর্টের বিচারক, মহাহিসাব-নিরীক্ষক, সরকারি কর্ম কর্মিশনের চেয়ারম্যান ও সদস্যদের অবসরের সময়সীমা বৃদ্ধি এবং সাধারণ নির্বাচনের পর নবনির্বাচিত সংসদ-সদস্যদের শপথপাঠ পরিচালনায় ম্পিকার বা ডেপুটি ম্পিকারের অপরাগভার ক্ষেত্রে প্রধান নির্বাচন কমিশনার কর্তৃক শপথ পাঠ পরিচালনা। চতুর্দশ সংশোধনে জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা-আসনসংখ্যা ৩০ হইতে বাড়াইয়া ৪৫ করা হয়। ইহার ফলে জাতীয় সংসদে আসনসংখ্যা বাড়িয়া দাঁড়ায় ৩৪৫। নতুন বিধান-অনুসারে সংরক্ষিত মহিলা-আসন সংসদে প্রতিনিধিত্বকারী রাজনৈতিক দলগুলোর আনুপাতিক প্রতিনিধিত্বের ভিত্তিতে বন্টন করা হইবে, চলতি সংসদ হইতে সংরক্ষিত আসনসংখ্যা কার্বকর হইবে এবং তাহা আগামী সংসদ হইতে ১০ বছরের জন্য বলবৎ থাকিবে। সংশোধনে সুপ্রিম কোর্টের বিচারকদের অবসরের বয়সসীমা ৬৫ হইতে বাড়াইয়া ৬৭ করা হইয়াছে।

মহাহিসাব-নিরীক্ষকের অবসরের বয়সসীমা ৬০ বছর হইতে বাড়াইয়া ৬৫ এবং সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যানসহ সদস্যদের অবসরের বয়সসীমা ৬২ বছর হইতে ৬৫ বছরে উন্নীত করা হইয়াছে।

Fourth Amendment চতুর্থ সংশোধন ১৯৭৫ সালের (চতুর্থ সংশোধন) আইনের মাধ্যমে সরকার-পদ্ধতি, দলীয় ব্যবস্থা, নির্বাহী কর্তৃত্ব ইত্যাদি ক্ষেত্রে মৌলিক পরিবর্তন আনা হয়। দেশে সংসদীয় শাসন-পদ্ধতির পরিবর্তে রাষ্ট্রপতি-শাসিত ব্যবস্থা প্রবর্তিত হয়। ১৯৯১ সালের সংবিধান (দ্বাদশ সংশোধন) আইনের দ্বারা সংসদীয় সরকারব্যবস্থা পুনঃপ্রবর্তিত হয়।

four unities চার শর্ত joint tenancy দ্র.।

frame issues বিচার্য বিষয়সমূহ গঠন যথাক্রমে বাদী ও বিবাদীর আরজি ও লিখিত জবাব, বিবৃত ঘটনা ও আইন হইতে উৎপন্ন বিতর্কিত প্রশ্ন, যাহা একপক্ষ কর্তৃক স্বীকৃত এবং অপরপক্ষ কর্তৃক অস্বীকৃত, তাহা নিরূপণ করা। বিচার্য বিষয়সমূহ স্থির বরা।

Iraming of suit মামলা গঠন দেওয়ানি কার্যবিধির ২ আদেশে মামলা গঠন সম্পর্কে
নিয়মাবনি প্রণীত হইয়াছে। ২ আদেশের ১ নিয়মে বলা হইয়াছে যে, প্রত্যেক মামলা
যতদ্বসম্ভব এমনভাবে গঠন করিতে হইবে যেন যে-বিষয়টি লইয়া বিবাদ, সেসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্তগ্রহণ সম্ভবপর হয়় এবং উক্ত বিষয়ে ভবিষয়তে আর কোনোমোকদমা না হইতে পারে।

franchise n, অধিকার বি. ১. (সাংবিধানিক আইনে) ভোটাধিকার নির্বাচনে তোটদানের অধিকার। ২. (সাংবিধানিক আইনে) বিশেষ অধিকার রাজশক্তিকর্তৃক প্রজাকে প্রদত্ত একটি বিশেষ অধিকার, যাহা একটি স্বাধীনতা নামেও পরিচিত। দৃষ্টান্ত হিসাবে উল্লেখযোগ্য একটি বাজার বা মেলা বসাইবার কিংবা একটি খেয়া চালাইবার অধিকার। ৩. (বাণিজ্যিক আইনে) বিমুক্তি বি. একজন নির্মাতা, পরিবেশক, ব্যবসায়ী প্রতৃতি যাহাতে একটি বিশেষ এলাকায় একটা নির্দিষ্ট সময়ব্যাপী একটি নির্দিষ্ট পণ্য প্রস্তৃত বা বিক্রয় করিতে পারেন, কিংবা সেবা দান করিতে পারেন, সেইজন্যে তাহাকে প্রদন্ত একটি অনুমতিপত্র বা লাইসেস।

fraud n. প্রবঞ্চনা বি. কোনো বস্তুগত সুবিধালাভের উদ্দেশ্যে কথায় বা কাজে জ্ঞাতসারে বা বেপরোয়াভাবে কৃত কোনো মিথ্যা বর্ণনা। প্রবঞ্চনার ফলে যদি প্রবঞ্চিত পক্ষের কোনো অনিষ্ট ঘটে, তাহা হইলে তিনি প্রতারণারূপ অপকারের জন্য ক্ষতিপূরণ দাবি করিতে পারেন। প্রবঞ্চনার দারা সম্পাদিত একটি চুক্তি প্রবঞ্চনামূলক অসত্য বর্ণনার দক্ষন বাতিলযোগা। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৫ ধারা-অনুসারে

বিক্রেডা তাঁহার বিক্রীত বস্তুর গুরুত্বপূর্ণ দোষক্রটি ক্রেডার নিকট প্রকাশ না করিনে, তিনি প্রবঞ্চনা করিয়াছেন বলিয়া গণ্য হইবেন। এতৎসহ constructive fraud, cheating, conspiracy, cybercrime, deceit, dishonesty, false pretence ও forgery দ্র.।

fraud in banking প্রতারণা বি. ইচ্ছাকৃতভাবে ঠকাইবার উদ্দেশ্যে চেকের স্বাক্ষর, টাকার পরিমাণ, প্রাপকের নাম, ব্যাংক-কর্মকর্তার স্বাক্ষর নকল প্রভৃতির দ্বারা ব্যাংক হইতে টাকা উঠানোর প্রচেষ্টা।

fraud on a power ক্ষমতাঘটিত প্রবঞ্চনা একটি নিয়োজন-ক্ষমতার (power of appointment) এমন একটি প্রয়োগ, যাহা দাতাকর্তৃক নির্বাচিত কোনো বস্তু সম্বন্ধে করা হইলেও, এমন পরিস্থিতিতে করা হইয়াছে, যাহা ওই প্রয়োগকে অসিদ্ধ করে। যেমন, নিয়োগকারী যদি নিজের জন্য বা অন্য কোনো ব্যক্তির জন্য কোনো সুবিধানাভের অভিপ্রায় পোষণ করিয়া থাকেন, কিংবা যদি ক্ষমতাদাতার অভিপ্রায় বিফল করিবার কোনো সনিশ্চিত অভিপ্রায় থাকে।

fraud on the Constitution সংবিধানের সহিত প্রবঞ্জনা যখন আইনসভার ক্ষমতা সংবিধান কর্তৃক সীমাবদ্ধ থাকে, এবং আইনসভা কর্তৃক আইনপ্রথমনের ক্ষেত্রে কিছু সাংবিধানিক বিধিনিষেধ থাকে, তখন আইনসভা এমন কোনো আইন প্রণয়ন করেন যাহা আপাতদৃষ্টিতে সংবিধানসন্মত প্রতীয়মান হইলেও প্রকৃতপক্ষে উহা সংবিধানের কোনো বিধান লজ্ঞন করিতে পারে যাহা সংবিধান দ্বারা বারিত। সাংবিধানিক সীমাবদ্ধতা অতিক্রম করিবার জন্য কোনো ধরনের পরোক্ষ প্রক্রিয়ার দ্বারা আইন প্রণয়ন করাকে সংবিধানের সহিত প্রবঞ্জনা হিসাবে গণ্য করা হয়। ইহা এই নীতির পরিপন্থী যে, যাহা প্রত্যক্ষভাবে করা যায় না, উহা পরোক্ষভাবেও করা যাইবে না।

fraud on the Court আদালতের সহিত প্রবঞ্চনা আদালতের সহিত প্রবঞ্চনা করিয়া কেহ কোনো আদেশ প্রাপ্ত হুইলে যিনি ওই প্রবঞ্চনার বিষয়ে কোনো পক্ষ ছিলেন না, তিনি দেওয়ানি কার্যবিধির ১৫১ ধারা-অনুসারে আদালতের নিকট প্রতিকার প্রার্থনা করিতে পারেন। Ganesh Ch. Basu v. Basu Laskar (1958) 10 DLR 79 দ্র.।

fraud on the minority সংখ্যালঘুর সহিত প্রবঞ্চনা একটি কোম্পানির সংখ্যাগরিষ্ঠ
সদস্যদের ভোটপ্রদান-ক্ষমতার একটি অনুচিত প্রয়োগ। ইহার অর্থ কোম্পানির
সাম্মিক কল্যাণের জন্য ভোট না দেওয়ার ফলে একটি সিদ্ধান্তকে বাতিলযোগ্য করা।
যেমন, পরিচালকগণ (যাঁহারা স্বয়ং সংখ্যাগরিষ্ঠ হিসসাদার) কর্তৃক কোম্পানির
সম্পত্তির স্বত্ত্-নিরসন অনুসমর্থন এবং কোম্পানির স্বার্থের অনুকূল না ইইলেও

সদস্যদের শেয়ারের বাধ্যতামূলক ক্রয়ের সুবিধার্থে সংঘবিধির পরিবর্তনসাধন। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৩৩ ধারা-অনুসারে সংখ্যালঘু সদস্যদের স্বার্থরন্ধার্থে আদালত বিহিত আদেশ দান করিতে পারেন।

Iraudulent conveyance প্রবঞ্চনামূলক সম্পত্তি-হস্তান্তর পাওনাদার বা পরবর্তী কেতাকে প্রবঞ্জিত করিবার অভিপ্রায়ে মূল্যবান পণ-ব্যতিরেকে সম্পত্তি-হস্তান্তর। দৃষ্টান্তবরূপ, 'ক' যদি সম্পত্তি বিক্রয়ের জন্য 'খ'-য়ের সহিত চুক্তি সম্পাদন করিয়া চুক্তি এড়াইবার জন্য তাঁহার সহযোগী 'গ'-য়ের নিকট সম্পত্তি-সমর্পণ করেন, তাহা হইলে উহা প্রবঞ্চনামূলক সম্পত্তি সমর্পণ হইবে। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৩ ধারা-অনুসারে প্রবঞ্চনামূলক হন্তান্তরের ক্ষেত্রে বঞ্চিত বা বিলম্বিত পাওনাদারের বা পরবর্তী হন্তান্তর-গ্রহীতার দাবিক্রমে উহা বাতিলযোগ্য হইবে।

fraudulentiy adv. প্রবঞ্চনামূলকভাবে ক্রি. বিণ. দওবিধির ২৫ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি প্রবঞ্চনার অভিপ্রায়ে কোনো কিছু করিলেই উক্ত ব্যক্তি উহা প্রবঞ্চনামূলকভাবে করিয়াছেন বলিয়া গণ্য হয়, অন্যথায় নহে।

fraudulent misrepresentation প্রবঞ্জনামূলক অসত্য বর্ণনা misrepresentation দূ.।

fraudulent preference প্রতারণামূলক অগ্রাধিকার পাওনাদারের দাবি ব্যর্থ বা বিদায়ত করিবার উদ্দেশ্যে যিনি তাঁহার আবাসস্থল বা তাঁহার স্বাভাবিক কর্মস্থল ত্যাগ করেন; বাংলাদেশ ত্যাগ করেন বা বাংলাদেশের বাহিরে অবস্থান করেন; এইরূপে আম্বর্গোপন করেন যে, তাঁহার পাওনাদারগণ তাঁহার সহিত যোগাযোগের সুযোগ হইতে বঞ্চিত হন; অথবা ষড়যন্ত্র বা প্রতারণার আশ্রের গ্রহণ করিয়া কোনো আদালত বা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত তাঁহার স্বার্থবিরোধী ডিক্রি, রায় বা আদেশ মানিয়া লন; যদি কোনো অর্থ পরিশোধের উদ্দেশ্যে কোনো আদালতের ডিক্রি-বান্তবায়ন প্রক্রিয়ায় তাঁহার কোনো সম্পত্তি বিক্রয় হইয়া থাকে। সকল সম্পত্তির দলিল বা হন্তান্তরের উপর প্রদত্ত মাতল, পরিশোধিত অর্থ, অর্পিত দায়-দায়িত্ব, বিচারসংক্রান্ত কার্যধারা দেউলিয়াত্ববিষয়ক সম্পত্তির অছির বিরুদ্ধে প্রতারণামূলক এবং বাতিল বলিয়া গণ্য হইবে, যদি দেনাদার তিন মাসের মধ্যে দেউলিয়া হইয়া থাকেন। কারণ, খণপরিশোধে অসমর্থ ব্যক্তি অন্যান্য ঋণদাতা অপেক্ষা কোনো একজন ঋণদাতাকে ক্যাধিকার প্রদান করিবার উদ্দেশ্যে তাহা করিয়াছেন বলিয়া বিবেচিত হইবে।

fraudulent trading প্রবঞ্চনামূলক ব্যবসা পাওনাদারদের প্রবঞ্চনা করিবার অভিপ্রায়ে কিংবা অন্য যে-কোনো প্রবঞ্চনামূলক উদ্দেশ্যে ব্যবসা করা। যেমন, পণ্য সরবরাহ করা কিংবা অর্থ ফেরত দেওয়ার কোনো অভিপ্রায় না থাকা সত্ত্বেও অগ্রিম অর্থ গ্রহণ করা। এইরূপ আচরণ একটি দগুনীয় অপরাধ এবং আদালত কোম্পানির freeboard 80h

ব্যবসা গুটাইবার সময়ে উহার পরিসম্পদে অংশদান করিবার জন্য দায়ী ব্যক্তিদের আদেশ দিতে পারেন।

- freeboard n. ফ্রিবোর্ড বি, জাহাজের মধ্যভাগে ডেক-লাইনের উর্ধ্বপ্রান্ত হইতে বোঝাই-রেখা চিহ্নের উর্ধ্বপ্রান্ত অবধি উল্লম্ব দূরতু।
- free consent স্বেচ্ছায় সম্মতি বলপ্রয়োগ, অবৈধ প্রভাব, প্রভারণা, মিথ্যা বর্ণনা বা ভুল বুঝাইবার দ্বারা আদায় করা না হইলে সম্মতি সাধারণত স্বেচ্ছায় প্রদান করা হয়। চুক্তি আইনের ১৪ ধারায় স্বেচ্ছায় বলা হইয়াছে যে, যে-সম্পত্তি জবরদন্তি, অসংগত প্রভাব, প্রভারণা, মিথ্যা বর্ণনা বা ভ্রান্তিদ্বারা আদায় করা হয় নাই, তাহাকে স্বেচ্ছায় স্বাধীন সম্মতি বলা হয়।
- freedom from encumbrance নিষ্টকত্ব বি. কোনো সম্পত্তিতে স্বত্বাধিকারী তিন্ন অন্য কোনো পক্ষের কোনো অবশ্যমান্য অধিকার না থাকা। পণ্য-বিক্রয়ের চুক্তিতে, বিক্রেতা যদি স্পষ্ট করিয়া না বলেন যে, তিনি ওধু সেইটুকু স্বত্ব হস্তান্তর করিবার জন্য চুক্তি করিতেছেন, যাহা তাঁহার বা কোনো তৃতীয় ব্যক্তির অধিকারভূক, তাহা হইলে একটি নিহিত নির্ভরপত্র থাকে যে, চুক্তি সম্পাদিত হইবার পূর্বে ক্রেতার নিকট অপ্রকাশিত কিংবা তাঁহার অজ্ঞাত যে-কোনো দায় বা কন্টক হইতে পণ্যগুলি মুক্ত আছে।
- freedom of association সংগঠনের স্বাধীনতা সংবিধানের ৩৭ অনুচ্ছেদে বলা
 হইয়াছে যে, 'জনশৃঙ্খলা বা জনস্বাস্থ্যের স্বার্থে আইনের দ্বারা আরোপিত যুক্তিসমত
 বার্ধা-নিষেধ সাপেক্ষে সমিতি বা সংঘ গঠন করিবার অধিকার প্রত্যেক নাগরিকের
 থাকিবে।' সংগঠনের স্বাধীনতা মানবাধিকার-বিষয়ক ইউরোপীয় কনভেনশনের ১১
 ধারায় বিধিবদ্ধ একটি অধিকার। এই অধিকার শ্রমিক-সংঘ বা অনুরূপ সংস্থা গঠন
 করা এবং তাহাতে যোগ দেওয়ার অধিকারসহ শান্তিপূর্ণ সমাবেশের অধিকার সুরক্ষা
 করে। qualified right দ্র.।
- freedom of expression মতামত প্রকাশের স্বাধীনতা সংবিধানের ৩৯(২) অনুচ্ছেদে বলা হইয়াছে যে, 'রাষ্ট্রের নিরাপত্তা, বিদেশি রাষ্ট্রসমূহের সহিত বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, জনশৃঙ্খলা, শালীনতা বা নৈতিকতার স্বার্থে কিংবা আদালত অবমাননা, মানহানি কিংবা আপরাধ-সংঘটনের প্ররোচনা সম্পর্কে আইনের দ্বারা আরোপিত যুক্তিসংগত বাধানিষেধ সাপেক্ষে (ক) প্রত্যেক নাগরিকের বাক্ ও ভাব প্রকাশের স্বাধীনতার অধিকারের, এবং (খ) সংবাদপত্রের স্বাধীনতার নিশ্চয়তা দান করা হইল।' ইহা মানবাধিকার-বিষয়ক ইউরোপীয় কনভেনশনের ১০ ধারায় বিধিক্ষ একটি অধিকার। মতামত প্রকাশের স্বাধীনতা একটি গণতান্ত্রিক সমাজের অন্যতম অপরিহার্য ভিত্তি এবং ইহার অগ্রগতি প্রতিটি মানুষের বিকাশের একটি মৌলিক শর্ত। qualified right দ্র.।

- freedom of testation ইচ্ছাপত্র-প্রণয়নের স্বাধীনতা কোনো ব্যক্তি যেমন ইচ্ছা করেন, সেইভাবে তাঁহার ইচ্ছাপত্রে রিক্থ-বন্টনের জন্য ব্যবস্থা করিবার অধিকার। কোনো অপ্রকৃতিস্থ ব্যক্তিকর্তৃক প্রণীত একটি ইচ্ছাপত্র বাতিল করিবার যে-ক্ষমতা আদালতের রহিয়াছে, তাহা এই মূলসূত্রটির উপর সীমারোপণ করে।
- freedom of thought, concience, and religion চিন্তা, বিবেক ও ধর্মের স্বাধীনতা সংবিধানের ৩৯(১) অনুচ্ছেদে চিন্তা ও বিবেকের স্বাধীনতার নিশ্চয়তা দান করা হইয়াছে এবং ৪১ অনুচ্ছেদে ধর্মীয় স্বাধীনতার অধিকার প্রদান করা হইয়াছে। এই স্বাধীনতা মানবাধিকার-বিষয়ক ইউরোপীয় কনভেনশনের ৯ ধারায় বিধিবদ্ধ একটি অধিকার। চিন্তার স্বাধীনতা একটি নির্কাঢ় অধিকার এবং ইহা জনস্বার্থঘটিত একটি শর্তসাপেক্ষ অধিকার। ইহাতে হস্তক্ষেপ করিবার যৌত্তিকতা প্রতিপাদন করিবার জন্য জনস্বার্থকে ব্যবহার করা যাইতে পারে; তবে অনুরূপ হস্তক্ষেপ বৈধ উদ্দেশ্যে প্রণীত আইনের দ্বারা নির্ধারিত এবং আনুপাতিক হইতে হইবে।
- free elections অবাধ নির্বাচন মানবাধিকার-বিষয়ক ইউরোপীয় কনভেনশনের প্রথম প্রোটোকলের ৩ ধারায় বিধিবদ্ধ একটি অধিকার। রাষ্ট্রের একটি কর্তব্য রহিয়াছে যুক্তিসংগত বিরতিতে গোপন ব্যালটের মাধ্যমে এমন পরিস্থিতিতে অবাধ নির্বাচন অনুষ্ঠিত করা, যাহাতে আইনসভার মনোনয়নে জনগণের স্বাধীন মতপ্রকাশ নিশ্চিত হয়।
- free from average গড় ক্ষতি হইতে মুক্ত সামুদ্রিক বিমায় ব্যবহৃত একটি উক্তি। ইহা কোনো আংশিক বা গড়পড়তা ক্ষতির দাবি নহে, বরং কেবল সম্পূর্ণ ক্ষতির দাবি বিবেচনা করিবার জন্য গ্রহণীয়। average দ্র.।
- freehold n. স্বাধীন স্বজাধিকার ইংল্যান্ডে জমির মালিকানার সর্বাপেক্ষা পূর্ণাঙ্গ রূপ। দ্বাদী অবিমিশ্র নির্বাঢ় স্বজ্বপে অধিকারভুক্ত একটি আইনসম্মত ভূসম্পত্তি। fee simple absolute in possession দ্র.।
- freeing for adoption দত্তকপ্রহণের জন্য বিমোচন ভাবী কালাপেক্ষ বিশেষ কোনো দত্তকপ্রাহীকর্তৃক নিজ সন্তানের দত্তকপ্রহণে সম্মতিদানের বিপরীতে, সাধারণভাবে নিজ সন্তানের দত্তকপ্রহণে সম্মতিদান।
- free market মুক্ত বাজার যে-বাজারে কোনো সরকারি হস্তক্ষেপ থাকে না। এই ধরনের বাজারে জোগান ও চাহিদার শক্তিগুলি স্বাধীনভাবে কাজ করে, ইহাদিগকে কোনোরপ প্রতিবন্ধকতার সম্মুখীন হইতে হয় না।
- free movement অবাধ সঞ্চলন কোনো এলাকায় আইনানুগ সীমারোপণের প্রতিবন্ধকতা ইইতে মুক্ত পণ্য, ব্যক্তি, সেবা ও পুঁজির অবাধ চলাচল।
- free on board contract পোতারোপণ চুক্তি f.o.b. contract দ্র.।

free trade 880

free trade অবাধ বাণিজ্য আর্ব্জাতিক বাণিজ্য যাহাতে কোনো বাধানিষেধের সমুখীন হয় না, তাহার ব্যবস্থা। সাধারণত গুল্ধ আরোপ করিয়া অথবা পরিমাণগত ও গুণণত নিয়ন্ত্রণ আরোপ করিয়া বাধানিষেধ প্রয়োগ করা হয়। আন্তর্জাতিক বাণিজ্যে আনেক সময়েই সরকার হস্তক্ষেপ করিতে বাধ্য হয়। দেশরক্ষার জন্য আমদানি-রপ্তানির উপর বাধানিষেধ আরোপ করিবার প্রয়োজন দেখা দেয়; সামাজিক কারণে কোনো একটি শ্রেণীর (যেমন, কৃষক সমাজ) রক্ষণাবেক্ষণের জন্য বিশেষ ধরনের আমদানি গুল্ধ আরোপ করিতে হয়। অর্থনৈতিক কারণেও (যেমন, শিশুশিল্প রক্ষণ কিংবা প্রতিষ্ঠিত শিল্পকে বৈদেশিক আমদানির প্রতিযোগিতা হইতে রক্ষণ) ইহার প্রয়োজন হইতে পারে। অবাধ বাণিজ্যের ক্ষেত্রে এই ধরনের বাধানিষেধ প্রত্যাহত হয়। অবাধ বাণিজ্যের পক্ষে প্রধান যুক্তি হইল, ইহাতে ক্রেন্ডা ন্যানতম মূল্য দিয়া পছন্দমতো পণ্য ক্রয় করিতে পারেন, আবার বিক্রেতাও সর্বাধিক লাভজনক শর্তে পণ্য বিক্রয় করিতে পারেন। অবাধ বাণিজ্যের বিপক্ষে প্রধান যুক্তি হইল, ইহাতে বিদেশি বিক্রেতারা বাজার হইতে কম দক্ষ স্থানীয় বিক্রেতাদের হটাইয়া দিয়া কর্মহীনতা ও সামাজিক অসন্তোষ বৃদ্ধি করে।

freezing injunction সংরোধক নিষেধাজ্ঞা ইংল্যান্ডে সংবিধিবদ্ধ এই নিষেধাজ্ঞার দারা আদালত একজন বিবাদীর পরিসম্পৎ সংরুদ্ধ করিতে পারেন, অর্থাৎ বিবাদীকর্তৃক তাঁহার পরিসম্পৎ ব্যবহার বা বিনিময় নিষিদ্ধ করিতে পারেন। ফলে বিবাদী তাঁহার পরিসম্পৎ বিদেশে অপসারিত করিতে অসমর্থ হইবেন এবং সেইহেতু এইরূপ একজন বিবাদীর বিরুদ্ধে মামলা করা ফলপ্রসূ হইতে পারে।

freight n. পরিবহণ মাওল ১. নিজে জাহাজ ব্যবহার করিয়া কিংবা অন্যের নিকট ভাড়া দিয়া কিংবা অন্যের জন্য পণ্য বহন করিয়া জাহাজের মালিক বা ভাড়াকারী যে-মুনাফা অর্জন করেন। ২. সমুদ্রপথে পণ্য বহন করিবার জন্য (পণ্যবহন) চুক্তি-অনুযায়ী যে-অর্থ প্রদান করিতে হয়।

freight forwarders and clearing and forwarding body ফ্রেটিক ফরোয়ারডার্স এবং ক্লিয়ারিং ও ফরওয়ারডিং সংস্থা ১৯৯২ সালের অর্থ আইনঅনুসারে, অর্থের বিনিময়ে পণ্য মোড়কজাতকরণপূর্বক বা অন্যের দ্বারা
মোড়কজাতকৃত বা মোড়কজাতকরণ ব্যতীত কোনো পণ্য বুকিংয়ের মাধ্যমে
গন্তব্যস্থলে প্রেরণের জন্য বাণিজ্যিক ভিত্তিতে পরিবহণ ব্যবসাসংক্রান্ত
কার্যসম্পাদনকারী, বা বিদেশ হইতে আমদানিকৃত কোনো পণ্য, অথবা বিদেশে
রপ্তানিযোগ্য কোনো পণ্য ভব্ধ কর্তৃপক্ষের নিকট হইতে অর্থের বিনিময়ে ছাড়করণে
নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

freighting voyage পণ্যবাহী সমুদ্রযাত্রা যে-সমুদ্রযাত্রায় নৌযান প্রান্তিক বন্দরওলির মধ্যে পণ্য পরিবহণ করে। fresh suit নৃতনভাবে মোকদ্দমা পুনরায় বা নৃতনভাবে দায়েরকৃত মামলা। সাধারণত বাদীপক্ষ মোকদ্দমা দায়েরের পর পদ্ধতিগত ক্রটির কারণে দায়েরকৃত মোকদ্দমা আদানত হইতে উঠাইয়া লইয়া পুনরায় মোকদ্দমা করিবার অনুমতি লাভ করিয়া যে-মোকদ্দমা দায়ের করেন এইরূপ নৃতনভাবে মোকদ্দমার ক্ষেত্রে দোবারা দোষ (res judicata) হয় না। দেওয়ানি কার্যবিধির ২৩ আদেশের ১ নিয়মের ২ ও ৩ উপনিয়মে এইরূপ মোকদ্দমা সম্পর্কে বলা হইয়াছে। ২ উপনিয়মে বলা হইয়াছে যে, কোনো পদ্ধতিসংক্রান্ত ক্রটির কারণে মামলা বার্থ হইলে অথবা পুনরায় মামলা করিবার অনুমতিদানের সপক্ষে উপযুক্ত কারণ থাকিলে, আদানত উক্ত মামলার বিষয়বন্তু সম্পর্কে বাদীকে পুনরায় মামলা দায়ের করিবার অনুমতি দান করিতে পারেন। ৩ উপনিয়ম-অনুসারে, আদালতের অনুমতি বাতীত মামলা প্রত্যাহার করিলে বাদী পুনরায় মামলা দায়ের করিবার অধিকার হইতে বঞ্চিত হইবেন। ২ নিয়মে বলা হইয়াছে যে, আদালতের অনুমতিক্রমে পুনরায় নৃতনভাবে মোকদ্দমা দায়ের হইলে বাদী আমাদি আইনের দায় হইতে অব্যাহতি পাইবেন না। পুনরায় মোকদ্দমা দায়ের করিবার অনুমতি দিয়া মামলা প্রত্যাহারের আদেশদান করিবার যথায়থ ক্ষমতা আদিল আদালতের বহিষাছে।

frivolous adj. তুদ্ধ, অকিঞ্চিৎকর বিণ. অত্যল্প গুরুত্বহ বা কিঞ্চিৎ প্রয়োজনীয় কিংবা গুরুত্বহীন বা প্রয়োজনীয়তাহীন; গুরুতর মনোযোগের বিষয় নহে; স্পষ্টত অসার। কোনো মোকদমার আরজির জওয়াবকে তুচ্ছ বলা হয় যখন উহা দৃশ্যত মর্প্যাপ্ত হয় এবং অপরপক্ষের গুরুত্বপূর্ণ বিষয়গুলির বিরোধিতা না করিয়া কেবলমাত্র বিন্দ ঘটাইবার জন্য অথবা প্রতিপক্ষকে বিব্রত করিবার জন্য উত্থাপিত হইয়াছে বিন্মা আদালতের নিকট অনুমিত হইয়া থাকে। কোনো দাবি বা আত্মপক্ষসমর্থন তুচ্ছ হয় যখন কোনো প্রত্তাবক তাঁহার বক্তব্যের সমর্থনে সাক্ষ্য ও আইনের বরাতে কোনো বিচারবৃদ্ধিসম্পন্ন যুক্তিতর্ক উপস্থাপন করিতে ব্যর্থ হন। দেওয়ানি কার্যবিধির অধীনে স্পষ্টত অসার আরজি বা লিখিত জওয়াব আদালতের অনুমতিসাপেক্ষে সংশোধন করা ঘায়।

frustration n. বিফলতা বি. লক্ষ্য-অর্জনে বাধা বা বিষুসৃষ্টি। frustration of contract, commercial frustration, self-induced frustration ও temporary frustration দ্ৰ.।

frustration of contract চুক্তি বিফলীকরণ একটি চুক্তির অনপেক্ষিত পরিসমাপ্ত।
এইরপ পরিসমাপ্তি এমন-কোনো ঘটনার ফলস্বরূপ ঘটিতে পারে, যাহা চুক্তিটি পালন
করা অসম্বব বা অবৈধ করিয়া তুলে কিংবা উহার প্রধান উদ্দেশ্য অর্জন নিবারিত করে।
যেমন, যদি একটি পণ্য-বিক্রয় চুক্তিতে বর্ণিত পণ্যগুলি ধ্বংসপ্রাপ্ত হয়, তবে চুক্তিটি
বিফলীকৃত হইতে পারে (চুক্তিপালনের অসাধ্যতা); যদি যুদ্ধের প্রাদুর্ভাবে একটি পক্ষ
বিদেশি শক্রতে পরিণত হয় (অবৈধতা); যদি একটি শোভাযাত্রা দর্শন করিবার

উদ্দেশ্যে (যাহা খ জানেন) খ-য়ের নিকট হইতে ক একটি কক্ষ ভাড়া করেন এবং শোভাযাত্রাটি বাতিল করা হয় (প্রধান উদ্দেশ্যের ব্যর্থতা)। বিফলকারক ঘটনাটি সম্বন্ধে সুনির্দিষ্ট বিহিত করা না হইলে, একটি বিফলীকৃত চুক্তি স্বয়ংক্রিয়ভাবে খারিজ ইইয়া যায়।

fugitive offender ফেরারি, পলাতক আসামি যুক্তরাজ্যে উপস্থিত এমন-কোনো ব্যক্তি, যিনি কমনওয়েলথভুক্ত কোনো দেশে কিংবা যুক্তরাজ্যের আশ্রিত কোনো ভৃথঙে কোনো অপরাধ সংঘটনের জন্য অভিযুক্ত এবং যাঁহাকে ১৯৬৭ সালের ফেরারি অপরাধীগণ সম্পর্কিত আইন-অনুযায়ী বিচারের জন্য সোপর্দ করা যাইতে পারে।

full age সাবালকত্ব বি. majority দ্ৰ.।

full powers পূর্ণ ক্ষমতা কোনো সদ্ধির পাঠ সম্বন্ধে আলাপ-আলোচনা কিংবা সদ্ধির পাঠ গ্রহণ বা প্রমাণীকরণের জন্য, কোনো সদ্ধির শর্তাবলি পালন করিতে বাধ্য থাকিবে বলিয়া রাষ্ট্রের সম্মতি জ্ঞাপন করিবার জন্য কিংবা কোনো সদ্ধি সম্বন্ধে অনা যে-কোনো কার্য সম্পাদন করিবার জন্য কোনো ব্যক্তিকে (বা ব্যক্তিবর্গকে) নিয়োজনপূর্বক একটি রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষকর্তৃক প্রস্তুত একটি দলিল। signature of treaty দ্র.।

fully mutual housing association পূর্ণত পারস্পরিক গৃহায়ণ সমিতি যেগৃহায়ণ সমিতির নিয়মাবলী সমিতির ইজারাদার বা সম্ভাব্য ইজারাদারদের মধ্যে
সদস্যতা সীমাবদ্ধ করে এবং অসদস্যদের ইজারাপ্রদান বা বরাদ্দকরণ নিবারিত করে।
পূর্ণত পারস্পরিক গৃহায়ণ সমিতিগুলি ইংল্যান্ডের সুনিশ্চিত ইজারার বিধানাবলি হইতে
অব্যাহতিপ্রাপ্ত।

fully paid up shares সম্পূর্ণ পরিশোধিত মূল্য শেয়ার যে-সমস্ত শেয়ারের মূল্য সম্পূর্ণ পরিশোধ করা হইয়াছে।

functus officio কর্তৃত্বের অবসান কোনো এক সময়ে যাহার প্রাণ ও শক্তি ছিল কিছু
বর্তমানে সেই গুণের অবসান ঘটিয়াছে বা সেই গুণ নাই। কোনো ব্যক্তির কার্যকালের
মেয়াদ উত্তীর্ণ হইলে তাঁহার কর্তৃত্বের অবসান ঘটে। কোনো কর্তৃপক্ষ ইহার নির্মারিত
দায়িত্ব পালন করিলে উহার কর্তৃত্বের অবসান ঘটে। যেমন, একজন প্রতিনিধি তাঁহার
উপর কোনো অর্পিত দায়িত্ব সম্পূর্ণ পালন করিয়া থাকিলে তাঁহার প্রতিনিধিত্বের
অবসান ঘটে। হন্তিগ্রাহকের নিকট কোনো হন্তি পাঠাইলে তিনি যদি উহা হন্তিধারকের
হিসাবে অন্তর্ভুক্ত করেন তাহা হইলে উহার কার্যকরতার অবসান ঘটে এবং উহা আর
হস্তান্তরযোগ্য থাকে না। সালিসগণ একমত হইতে না পারিয়া 'আম্পায়ার' নিযুক্ত
করিলে সালিসগণের কর্তৃত্বের অবসান ঘটে। কোনো দলিল নিবন্ধন করিবার জন্য
উপস্থাপিত হইবার পর নিবন্ধন-কর্মকর্তা যথায়ঞ্ভাবে উহা নিবন্ধিত করিলে উক

দনিনের ব্যাপারে তাঁহার কর্তৃত্বের অবসান ঘটে এবং তিনি আর উহাকে কর্তৃত্বলে আটক রাখিতে পারেন না । বিচারক কোনো মামলা বিচার করিয়া রায় প্রদান করিলে ওই মামনায় বিচারকের কর্তৃত্বের অবসান হয় ।

fundamentalism n. মৌলবাদ বি. ইংরেজি 'ফাডামেন্টালিজম' শব্দটির সমার্থক। যে-কোনো ধর্মের মৌলিক শিক্ষা ও নীতিগুলি কঠোরভাবে অনুসরণ করিবার রীতি। বিষ্টধর্মীয়দের বিশ্বাস যে, বাইবেলে সবকিছুই সম্পূর্ণভাবে সত্য। বিশ শতকে আমেরিকান প্রটেন্টান্টদের এই বিশ্বাসভিত্তিক আন্দোলন।

fundamental rights মৌলিক অধিকারসমূহ যে-সকল অধিকারের উৎস সংবিধান এবং যাহা ব্যক্ত বা নিহিতভাবে সংবিধানে অঙ্গীকার করা হইয়াছে। স্বাভাবিক বা মৌলিক আইন হইতে উদ্ভূত নাগরিক-অধিকার। যেমন, জীবন ও সম্পত্তির অধিকার, আইনের আপ্রয়লাভের অধিকার, ব্যক্তিরাধীনতার অধিকার, চলাফেরার স্বাধীনতা, সংগঠনের ও সমাবেশের স্বাধীনতা, চিন্তা ও বিবেকের স্বাধীনতা ও বাক্-স্বাধীনতা, পেশা বা বৃত্তির স্বাধীনতা, ধর্মপালনের স্বাধীনতা। পৃথিবীর বিভিন্ন দেশে সংবিধানের বিধানদারা এইসকল অধিকার নিশ্চিত করা হইয়াছে। উপরম্ভু মানবাধিকারের আন্তর্জাতিক সনদে ইহা পূর্ণরূপে বিবৃত হইয়াছে। মৌলিক অধিকার মানবমূত্তির তাৎপর্যপূর্ণ অংশস্বরূপ। যাহাতে ইহার লজ্মন না হয়, সে-বিষয়ে আদালত যথেষ্ট তংপর থাকেন। বাংলাদেশের সংবিধানের তৃতীয় ভাগে, ২৬ হইতে ৪৭ক অনুচ্ছেদে, মৌলিক অধিকার বিষয়ে বিস্তারিত লিপিবদ্ধ আছে। ৪৪ এবং ১০২ অনুচ্ছেদের বিধানমতে মৌলিক অধিকার বলবৎকরণের জন্য হাইকোর্ট বিভাগে আবেদন করা যায়। সংবিধানের ১৪১ অনুচ্ছেদে-অনুসারে রাষ্ট্রপতি জরুরি অবস্থা জারি করিলে ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০ ও ৪২ অনুচ্ছেদের মৌলিক অধিকার স্থগিত হইয়া যায়।

fundamental rules মৌলিক বিধিমালা ১৯২২ সালের ১ জানুয়ারি ব্রিটিশ ভারতে এই বিধিমালা জারি করা হয় এবং পাকিস্তান আমলে ইহার কিছু সংশোধন করা হয় । কোনো সংশোধন ছাড়াই এই বিধিমালা বাংলাদেশে চালু আছে। এই বিধিমালা মূলত ওইসব বিধি, আদেশ ও নিরীক্ষাসংক্রান্ত নির্দেশাবলির একটি সংকলন যাহার দ্বারা চাকুরি, বেতন, অতিরিক্ত বেতন, নিয়োগ, বিদেশে প্রেম্বণ, বরখান্ত, অপসারণ, সাময়িক বরখান্ত ও বাধ্যতামূলক অবসরপ্রদানের সাধারণ শর্তাবলি নিয়ন্তিত হয় । ছৄটি, ছৄটি-মনজুর, ছুটিকালীন বেতন এবং কর্মে যোগদানের সময়ের বিশেষ রেয়াতসহ ব্যতিক্রমের সাধারণ শর্তাবলিও এই বিধিমালায় সান্নবেশিত আছে । বিধিমমূহের কিছু সম্পূরক বিধিও আছে । এই বিধিগুলিদারা চাকুরিতে প্রথম যোগদানের সময়ের শারীরিক যোগ্যতার ডাক্ডারি সনদ, অব্যাহত শারীরিক যোগ্যতার ডাক্ডারি সনদ, ক্ষতিপূরণমূলক ভাতাগ্রহণ, ভ্রমণভাতা, চাকুরির রেকর্ড, প্রেমণের শর্তাদি এবং সরকারি বাসভবনের ভাড়া ইত্যাদিও নিয়ন্ত্রিত হয় ।

- funding a debt নির্দিষ্ট সুদে স্বল্পমেয়াদি ঋণকে দীর্ঘমেয়াদি ঋণে পরিণতকরণ ঋণ পরিশোধ ও ব্রাস করিবার উদ্দেশ্যে নির্দিষ্ট কোনো প্রতিপূরক তহবিলে (sinking fund) পরিশোধার্থ আয়ের অংশ আলাদা করিয়া সুদে বিনিয়োগ করা।
- further enquiry অধিকতর তদস্ত বর্তমান সাক্ষ্যপ্রমাণের পুনর্বিবেচনা এবং প্রয়োজনে অতিরিক্ত সাক্ষ্যপ্রমাণ গ্রহণ করা। অবশ্য সম্পূর্ণ বিষয়টাই বিচারকের স্ববিবেচনার উপর নির্ভব করে।
- further restriction on the employment of women মহিলাদের চাক্রি বিষয়ে অতিরিক্ত বিধিনিষেধ ১৯৬৫ সালের কারখানা আইনের ৬৫ ধারা-অনুসারে, (১) কারখানার মহিলা শ্রমিকদের ক্ষেত্রে নিম্লোক্ত অতিরিক্ত বিধিসমূহ আরোপ করা হইবে: (ক) কোনো মহিলার বেলায় উক্ত আইনের ৫৩ ধারার বিধানসমূহ হইতে অব্যাহতি দেওয়া যাইবে না: এবং (খ) কোনো কারখানায় কোনো মহিলাকে সকাল ৭টা হইতে রাত ৮টার মধ্যে ছাড়া অন্য কোনো সময় কাজ করিতে দেওয়া যাইবে না। তবে শর্ত হইতেছে, সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে সরকার যে-কোনো কারখানায় অথবা যে-কোনো বিশেষ শ্রেণীর অথবা বিশেষ কারখানার বেলায় এবং সারা বছরের যে-কোনো অংশের জন্য (খ) অনুচ্ছেদে বর্ণিত সময়সীমার ব্যতিক্রম করিয়া সকাল ৫টা হইতে রাত ৮-৩০ পর্যন্ত সাড়ে দশ ঘণ্টা অবধি কাজের সময় নির্ধারণ করিয়া দিতে পারেন। (২) কাঁচামাল নষ্ট হওয়া অথবা পচন নিরোধের জন্য মহস্য-সংরক্ষণ অথবা মহস্য টিনজাত কারখানায় নিযুক্ত মহিলা শ্রমিকদের জন্য নির্মারিত কাজের সময়সীমা ব্যতিক্রম করিবার প্রয়োজনীয়তা দেখা দিলে আরোপিত শর্তসাপেক্ষে সরকার উপরি-উল্লিখিত বিধিনিষেধের আওতা হইতে অব্যাহতি দিয়া বিধিমালা প্রণয়ন করিতে পারেন।
- future goods ভাবী পণ্য একটি বিক্রয়-চুক্তি সম্পাদিত হইবার পর বিক্রেতাকে যেসব পণ্য প্রস্তুত বা সংগ্রহ করিতে হইবে। একটি বিক্রয়-চুক্তির বিষয় হিসাবে ভাবী পণ্য এবং বিক্রেতার মালিকানাধীন বা হস্তগত বিদ্যমান পণ্যের মধ্যে অবশ্যই পার্থক্য করিতে হইবে।
- future interest ভবিষ্যৎ স্বার্থ যে-সম্পত্তিতে দখলের বা অন্য উপভোগের সূবিধা ভবিষ্যতের জন্য নির্দিষ্ট, বর্তমানে নহে। ভবিষ্যৎ স্বার্থ দাতা অথবা গ্রহীতা উভয়েরই থাকিতে পারে। বর্তমানে মজুদ এবং ঋণপত্রের অনেক ভবিষ্যৎ স্বার্থই বিক্রয় করিবার ক্ষমতাসহ ন্যাসরক্ষকের ন্যায়সংগত স্বার্থ। বর্তমানে ভবিষ্যৎ স্বার্থ ধারণ করা অর্থাৎ কেবল আদালতের মাধ্যমে উহার সম্ভাব্য দখল রক্ষা করিবার অধিকার বুঝায় না, ভবিষ্যতের সম্ভাব্য দখলের অধিকার বর্তমানে বিক্রয় করা সম্ভব হওয়াও বুঝায়।

- gag order বার্গরোধের আদেশ কোনো মামলার ঘটনার বিষয়ে জনসমক্ষে আলোচনা হইতে বিরত থাকিবার জন্য সংশ্লিষ্ট পক্ষসমূহ, আইনজীবীগণ, সাক্ষীগণ বা সাংবাদিকগণের প্রতি বিচারকের আদেশ। সংবাদমাধ্যমকে এইরূপ নির্দেশ দেওয়া হইবে তাহা সংবিধানের ৩৯ অনুচ্ছেদে বর্ণিত বাক্স্বাধীনতার পরিপন্থী হইতে পারে। বিচার চলাকালে আরো ব্যাঘাত সৃষ্টি হইতে নিবৃত্ত করিবার জন্য কোনো অবাধ্য বিবাদীকে সংযত করিবার জন্য বিচারকের আদেশ।
- gain n. অর্জন, লাভ, প্রাপ্তি বি. আর্থিক লাভ বা বাণিজ্যিক মুনাফার মধ্যে অর্জন সীমাবদ্ধ নহে। কোনো কিছু অর্জন করিবার জন্য কোনো কোম্পানি গঠিত, যাহা কোনো কিছু ব্যয় করিবার বা দান করিবার বিপরীত হইলে ভাহা বিষয়বৃদ্ধির উদ্দেশ্যে গঠিত বলা হয়। বিষয়বৃদ্ধি, মুনাফা, উপার্জন, টাকা বানানো (অসদুপায়ে আয়) উচ্চিসমূহের মধ্যে বিষয়বৃদ্ধি সাধারণভাবে প্রযোজ্য আর অন্যগুলি সুনির্দিষ্ট অর্থে প্রযোজ্য। প্রচেষ্টার ফল হিসাবে মানুষের বিষয়বৃদ্ধি হয় আর লাভ কোনো কিছু হইতে উৎপন্ন হয়। উপার্জন হইল কোনো পদে মেধাভিত্তিক সেবার বিনিময়ে প্রাপ্ত আয় আর টাকা বানানো হইল অসৎপথে অপরিমিত বিত্তের মালিক হওয়া।
- gain wrongfully অবৈধ শাভ দণ্ডবিধির ২৩ ধারায় বলা ইইয়াছে যে, 'অবৈধ লাভ' ইইতেছে বেআইনিভাবে এইরূপ সম্পত্তি লাভ করা, যে-সম্পত্তিতে লাভকারী ব্যক্তির কোনো আইনানুগ অধিকার নাই।

gambling n. জুয়াখেলা বি. gaming দ্ৰ.।

- game n. শিকার বি. আমোদ-প্রমোদ অথবা খাদ্যের জন্য যে-বন্য প্রাণী বা পাথি ধরা বা মারা হয়। ১৯৭৩ সালের বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ) আদেশের বিধানঅনুসারে, হাঁস, বক, প্রভৃতি পাথি এবং কাঁকড়া, ব্যাঙ, কচ্ছপ, খেঁকশিয়াল, শূশুক, বন্যশৃকর প্রভৃতি প্রাণী শিকারযোগ্য বন্যপ্রাণী। সরকার-প্রদন্ত বিশেষ অনুমতিপত্রের বলেই কেবল বন্যপ্রাণী শিকার করা যায়।
- gaming n. জুয়াখেলা বি. যে-ক্রীড়ায় ভাগ্য বা অনিশ্চিত ঘটনার উপর অর্থ অথবা মূন্যবান অন্য কিছুর প্রাপ্তি নির্ভর করে, সেইরূপ ক্রীড়ায় অংশগ্রহণ। বাজি ধরিয়া কোনো ক্রীড়ায় অংশগ্রহণকেও জুয়াখেলা বলা হয়। অর্থের জন্য খেলা বা অন্য কোনো পণ বা বাজি। দৈবক্রমে লাভের আশায় কোনো ব্যক্তি ইচ্ছাকৃতভাবে অর্থ বা অন্য মূন্যবান বস্তুকে ঝুঁকি বা বিপদের সম্মুখীন করিয়া যে-সকল কাজ করেন, ক্রীড়ায়

প্রবৃত্ত হন অথবা কৌশল অবলম্বন করেন। পুরস্কারলাভের যে-প্রতিযোগিতায় প্রকৃত দক্ষতা বা গুণাগুণের প্রয়োজন হয় না, তাহা জুয়াখেলার লেনদেন হিসাবে গণ্য হওয়া সংগত। ১৮৬৭ সালের প্রকাশ্য জুয়া আইনের বিধান-অনুসারে ঘোড়দৌড়ের উপর বাজিধরা জুয়াখেলার অন্তর্ভুক্ত নহে। উক্ত আইনের বিধান-অনুসারে, যাঁহারা জুয়া খেলেন এবং যে-ঘরে, স্থানে বা তাঁবুতে জুয়াখেলা হয়, তাহার মালিকসহ খেলার সহিত যুক্ত অন্যদের দুইশত টাকা পর্যন্ত অর্থদও হইতে পারে। দওবিধি-অনুসারে জুয়াখেলা প্রকাশ্য নােংরামি বা গণউপদ্রব বলিয়া গণ্য হইবে এবং অপরাধী ব্যক্তিগণ তিনমাস পর্যন্ত কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইতে পারেন। সরকারি অনুমতি গ্রহণ করিয়া হাউজি, লটারি ইত্যাদি কতিপয় বাজি খেলা যায়। দওবিধির ২৯৪ক ধারার বিধান-অনুসারে, সরকারি অনুমতি ব্যতীত লটারি খেলার আয়োজন করা দওনীয় অপরাধ।

- gaming contract জুয়াবেলার চুক্তি অর্থ অথবা মূল্যবান কোনো কিছু লাভ করিবার উদ্দেশ্যে যে-কোনো সংখ্যক ব্যক্তি-সংশ্লিষ্ট ভাগ্যের খেলার একটি চুক্তি। যে-চুক্তিতে দুইটিমাত্র পক্ষ সম্পৃক্ত থাকে, তাহা একটি বাজিধরার চুক্তি (wagering contract); কোনো ভাবী ঘটনার (যেমন, একটি ঘোড়দৌড়) ফলাফল-অনুযায়ী কিংবা অতীত ব বর্তমানের কোনো তথ্য সম্বন্ধে তাহাদের বক্তব্যের সত্যতা-অনুযায়ী প্রতিটি পক্ষের মূল্যবান কিছু জিতিবার বা হারাইবার সম্ভাবনা থাকে; কোনো পক্ষেরই তাহার পণ ভিন্ন চুক্তিতে অন্য কোনো স্বার্থ থাকিতে পারে। সাধারণত জুয়াখেলা এবং বাজি ধরিবার চুক্তি আইনত অসিদ্ধ এবং বলবৎ করিবার অযোগ্য। তবে সরকার-অনুমোদিত হাউজি, লটারি ইত্যাদির চুক্তি আইনত বলবৎযোগ্য।
- gang of dacoits ডাকাত-দল দওবিধির ৪০০ ধারা-অনুসারে, যে-ব্যক্তি উক্ত আইন বিধিবদ্ধ হইবার পর যে-কোনো সময়ে অভ্যাসগতভাবে ডাকাতি করিবার উদ্দেশ্যে সংঘবদ্ধ লোকদের দলভুক্ত হন, সেই ব্যক্তি যাবজ্জীবন কারাদণ্ডে বা দশ বৎসর পর্যন্ত সম্রম কারাদণ্ডে দণ্ডিত হইতে পারেন এবং তদুপরি অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।
- gang of thieves চোরের দল দওবিধির ৪০১ ধারা-অনুসারে, যে-ব্যক্তি উক্ত আইন জারি হইবার পর যে-কোনো সময়ে অভ্যাসগতভাবে চুরি বা দস্যুতা করিবার উদ্দেশ্যে সংঘবদ্ধ লোকদের দলভূক্ত হন সেই ব্যক্তি সাত বৎসর পর্যন্ত সম্রুম কারাদণ্ডে দিওত ইইতে পারেন এবং তদুপরি অর্থদণ্ডে দওনীয় হইবেন।
- garage construction গ্যারাজ-নির্মাণ ইমারত-নির্মাণ আইনের বিধান-অনুসারে
 কিছু শর্তাদিসাপেক্ষে ইমারত-নির্মাণস্থানের আবশ্যিক উন্মুক্ত জায়গায় গ্যারাজ নির্মাণ
 করা যাইবে। গ্যারাজের নিকটবর্তী রাস্তার আনুভূমিক উচ্চতাদৃট্টে গ্যারাজ বা
 তৎসংশ্লিট নির্মাণকার্যের উচ্চতা ২,৫ মিটারের বেশি হইবে না। নির্মাণস্থান-সংলগ্ন

889 gazette

কোনো অমির দিকে কোনো জানালা রাখা যাইবে না। রাস্তা হইতে সরাসরি গ্যারাজের প্রবেশের কোনো ব্যবস্থা রাখা যাইবে না। যদি এইরূপ ব্যবস্থা রাখা যায় তবে গ্যারাজটি রাস্তার নিকটবর্তী সীমানা হইতে অন্যূন ১.৭৫ মিটার দূরে নির্মাণ করিতে হইবে। রাস্তা-সংলগ্ন কোনো গ্যারাজ্ঞ নির্মাণের ক্ষেত্রে উহার উচ্চতা ২.৫ মিটারের অধিক হইবে না এবং রাস্তা হইতে সরাসরি গ্যারাজের প্রবেশের কোনো ব্যবস্থা রাখা চিনিবে না। গ্যারাজটি এমনভাবে নির্মিত হইবে যেন তাহা হইতে রাস্তা বা অন্যের জিমিতে পানি নিক্ষাধিত না হয়।

garnishee n. গার্নিশি বি. আদালত যে-ব্যক্তিকে তাঁহার ঋণ পাওনাদারের নিকট শোধ না করিয়া তৃতীয় কোনো পক্ষের নিকট শোধ করিবার জন্য সতর্ক করিয়া দিয়াছেন। garnishee proceedings দ্র. ।

garnishee order গার্নিশি অর্ডার ইহা আদালতের একপ্রকার আদেশ যাহার দ্বারা বিচারে প্রমাণিত পাওনাদার কোনো তৃতীয় পক্ষের হাতে ন্যস্ত দেনাদারের টাকা বা তহবিল ক্রোক করিতে পারেন।

garnishee proceedings গার্নিশি কার্যধারা যে-প্রক্রিয়ার একজন রায়সিদ্ধ উত্তমর্প
এমন-একটি তৃতীয় পক্ষের বিরুদ্ধে আদালতের আদেশ লাভ করিতে পারেন, যাঁহার
রায়সিদ্ধ অধমর্ণের কাছে ঋণ আছে কিংবা যিনি ওই অধমর্ণের পক্ষে অর্থ ধারণ
করেন। আদালতের আদেশে তৃতীয় পক্ষকে রায়সিদ্ধ উত্তমর্ণের নিকট অর্থ (বা উহার
অংশবিশেষ) পরিশোধ করিবার নির্দেশ দেওয়া হয়। উদাহরণস্বরূপ, যদি কোনো
ব্যাংকের হিসাবে রায়সিদ্ধ অধমর্ণের ১০,০০০ টাকা জমা থাকে এবং তাঁহার বিরুদ্ধে
যদি ৫,০০০ টাকার জন্য রায় দেওয়া হইয়া থাকে, তবে আদালত ৫,০০০ টাকা
সরাসরি রায়সিদ্ধ উত্তমর্ণকে পরিশোধ করিবার জন্য ব্যাংককে আদেশ দিতে পারেন।

gas n. গ্যাস বি. বাংলাদেশ এনার্জি রেণ্ডলেটিং কমিশন আইনের ২(চ) ধারা-জনুসারে, প্রাকৃতিক গ্যাস, প্রাকৃতিক তরল গ্যাস, তরলীকৃত প্রাকৃতিক গ্যাস, সংক্চিত প্রাকৃতিক গ্যাস (সি.এন.জি.), সিনথেটিক প্রাকৃতিক গ্যাস ও সাধারণ চাপে বা তাপে গ্যাসীয় পদার্থে রূপান্তরিত হয় এমন প্রাকৃতিক হাইড্রোকার্বনের মিশ্রণ।

gazette n. গেন্ধেট বি. আধুনিককালে গেন্ডেট অর্থ সরকারি ঘোষণা বা ইশতেহার।
সতেরো শতকে ইতালিতে gazeta de la novita নামে একটি সংবাদপত্র ছিল।
পরে gazzetta শব্দটি ইতালিয় হইতে ইংরাজিতে আসে। তখন ব্রিটিশ সরকারি
সংবাদপত্র বৃঝাইতে শব্দটি ব্যবহৃত হইত। এখন গেজেট মানে সরকারি অফিসের
ধবর, আইন, সরকারি আদেশ ও নির্দেশ-সংবলিত প্রকাশনা। বাংলাদেশে গেজেট
বিলিতে বাংলাদেশের গেজেট বা রাষ্ট্রীয় গেজেট বুঝায়। সংসদের কার্যপ্রণালি বিধি-

- অনুযায়ী, 'গেজেট অর্থ বাংলাদেশ গেজেট'। সংসদ-নির্বাচনের ফলাফল, সদস্যদের নামের তালিকা, বিজ্ঞপ্তিসহ সংসদবিষয়ক সকল গুরুত্বপূর্ণ খবর গেজেটে প্রকাশিত হয়। গেজেটে তথ্য প্রকাশনা সরকারি স্বীকৃতি বলিয়া বিবেচিত হয়।
- gazetted officer গেজেটেড অফিসার সরকারি গেজেটে নির্দিষ্ট পদে নিযুক্ত কর্মকর্তা; গেজেট প্রকাশের মাধ্যমে ঘোষিত পদস্থ সরকারি কর্মকর্তা।
- gazette notification গেজেট-বিজ্ঞপ্তি সরকারি আদেশ, নির্দেশ, আইন, বিধি-বিধান সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রচারের জন্য গেজেটে প্রকাশিত সরকারি বিজ্ঞপ্তি।
- gazumping n. ভূমি-বিক্রেতার কথার খেলাপ সম্ভাব্য ক্রেতার সহিত মূল্য দ্বির হইবার পরে, তবে একটি আইনত অবশ্যমান্য চুক্তি হইবার পূর্বে, অন্যত্র বেশি মূল্য পাইবার আশায় বিক্রেতাকর্তৃক একটি প্রস্তাবিত ভূমি বিক্রয় হইতে অপসরণ। প্রথম সম্ভাব্য ক্রেতা এইরূপ অবস্থায় বিক্রেতাকে আইনত ভূমি বিক্রয়ে বাধ্য করিতে পারেন না, তাঁহার ব্যয়িত খরচও বিক্রেতার নিকট হইতে আদায় করিতে পারেন না, যদি না একটি বিশেষ চুক্তি স্বাক্ষরিত হইয়া থাকে।
- gearing ratio গিয়ারিং রেশিও, বন্টনের অনুপাত ইকুইটি শেয়ার ক্যাপিটাল এবং স্থায়ী সুদ অর্জনকারী সিকিউরিটির মধ্যে সম্পর্ক প্রকাশের জন্য এই অনুপাত ব্যবহার করা হয়। ইহার স্বাভাবিক হার ২ : ১।
- gender n. निঙ্গ বি. দওবিধির ৮ ধারায় লিদের সংজ্ঞার্থে বলা হইয়াছে, 'সে' বা 'তিনি' সর্বনামটি ও উহার সকল রূপ নারীপুরুষনির্বিশেষে যে-কোনো ব্যক্তি সম্পর্কে বাবরুত হইয়াছে।
- General Agreement on Tariffs and Trade (GATT) তব্ধ ও বাণিজ্য বিষয়ক সাধারণ চুক্তি পণ্যসামগ্রীর উপর উচ্চ তব্ধ কমাইবার লক্ষ্যে কিয়ৎ পরিমাণে বিশ্বব্যাপী মুক্ত বাণিজ্য প্রচলনের জন্য ১৯৪৭ সালে স্বাক্ষরিত একটি আন্তর্জাতিক চুক্তি। পর্যায়ক্রমে অনুষ্ঠিত আটটি বৈঠকে মুক্তবাণিজ্য-সম্প্রসারণে ইহার উদ্দেশা অর্জিত হয়। সর্বশেষ আলোচনা, উরুগুরে পর্ব (১৯৮৬-৯৪), বিশ্ব বাণিজ্য সংস্থা প্রতিষ্ঠায় এবং বিশ্বব্যাপী অধিকতর মুক্তবাণিজ্য নিশ্চিত করার জন্য অধিক সহায়ক হয়।
- general and special damages সাধারণ ও বিশেষ ক্ষতিপূরণ প্রণযোগ্য ক্ষতি বা চুক্তিভঙ্গের জন্য প্রদত্ত ক্ষতিপূরণগুলির একটি শ্রেণীকরণ, যাহার অর্থ প্রসদ-অনুযায়ী বিভিন্ন হয়। ১. সাধারণ ক্ষতিপূরণ প্রদান করা হয় সেইসকল হানির জন্য, যাহা একটি অন্যায়ের স্বাভাবিক ও সম্ভাব্য পরিণাম বলিয়া আইন অনুমান করিবে। যেমন, ধরিয়া লওয়া হয় যে, একটি লিখিত কুৎসা উদ্দিষ্ট ব্যক্তির সুনাম ক্ষুণ্ন করিতে

পারে এবং দাবিদারের সুনাম যে প্রকৃতপক্ষে ক্ষুণ্ন ইইয়াছে, তাহার প্রমাণ ছাড়াই ফতিপূরণ আদায় করা যাইতে পারে। বিশেষ ক্ষতিপূরণ দেওয়া হয় সেইসকল ক্ষতির জনা, যাহা অনুমিত নহে, সুনির্দিষ্টভাবে প্রমাণিত হইয়াছে। ২. সাধারণ ক্ষতিপূরণের দ্বারা সেইসকল ক্ষতিপূরণের হয় যার এমন কোনো হানির জন্য দেওয়া হয় যাহা থবাযথভাবে পরিমাপ করা যায় না, যেমন কষ্ট ও দুর্ভোগ কিংবা সুনামহানি। বিশেষ ক্ষতিপূরণ হইতেছে সেইসকল ক্ষতিপূরণ, যাহা দেওয়া হয় পরিমাণযোগ্য হানির জন্য; যেমন, আঘাতপ্রাপ্তি ও মামলার গুনানির মধ্যবতী সময়ে নিজের তহবিল হইতে বায় এবং উপার্জনের হানি। damage ও special damages দ্র.।

general average সাধারণ গড়, গড় ক্ষতি সমষ্টিগত নিরাপত্তার স্বার্থে স্বেচ্ছায় বিসর্জিত সম্পদের ক্ষতিপূরণবাবদ সাধারণভাবে জাহাজের মালিক বা জাহাজবাহিত পণ্যের মালিকগণকর্তৃক উক্ত সম্পদের মালিককে প্রদন্ত অংশ। average ও general average contribution দ্র.।

general average contribution সাধারণ গড়ক্ষতির অংশপ্রদান কোনো
সমূদ্র্যান্যায় আসনু বিপদ হইতে জীবন ও অবশিষ্ট মালামাল রক্ষার স্বার্থে জাহাজের
অংশবিশেষ বা জাহাজবাহিত মালামালের কিয়দংশ স্বেচ্ছায় বিসর্জন দেওয়ার ফলে
ক্ষতিরস্ত ব্যক্তির ক্ষতিপূরণ বাবদ, অথবা সকলের স্বার্থে এক বা একাধিক পক্ষ
অতিরিক্ত অর্থবায় করিয়া থাকিলে তাহার প্রতিদানস্বরূপ, উক্ত সমুদ্রুযান্রায় সংশ্লিষ্ট
সকল পক্ষকর্তৃক প্রদন্ত অংশ। সাধারণ গড়ক্ষতির অংশপ্রদানের উদ্দেশ্য হইল যিনি
সাধারণ গড় বিসর্জন দিতেছেন, তাহাকে যেন অনুপাতের অধিক ক্ষতিস্বীকার করিতে
না হয়, সে-বিষয়ে তাঁহাকে দায়মুক্ত করা।

general defences সাধারণ সাফাই ইংল্যান্ডে প্রথানুগ আইন বা সংবিধি-অনুযায়ী কোনো অপরাধের ক্ষেত্রে প্রথানুগ আইনসম্মত সাফাইসমূহ; একটিমান্র ব্যতিক্রম (উনাত্ততা) বাদে, এই সাফাইগুলি অনিচ্ছাধীন আচরণঘটিত। বিবাদী একটি সাধারণ সাফাইয়ের সুযোগলাভের অধিকারী ছিলেন কি না, সে-বিষয়ে ম্যাজিস্ট্রেটগণ বা জ্বরির যুক্তিসংগত সন্দেহ থাকিলে আসামিকে খালাস দেওয়া উচিত। বিপরীতপক্ষে, বিশেষ সাফাইগুলি বিশেষ বিশেষ অপরাধের মধ্যে সীমাবদ্ধ। সাধারণত সংবিধিসম্বৃত এবং সাধারণত বিবাদী যে যুক্তিসংগতভাবে কার্য করিয়াছেন, তাহা প্রমাণ করিবার জন্য তাঁহার উপর একটি প্রমাণের দায় (burden of proof) আরোপ করে। বাংলাদেশে দগুবিধির ৭৬ হইতে ১০৬ ধারা পর্যন্ত সাধারণ সাফাইয়ের বিষয় বর্ণিত আছে। এতৎসহ automatism, impossibility, mistake ও self-defence দ্র.।

ষাইন-শব্দকোষ: ২৯

- general equitable charge সাধারণ ন্যায়ানুগ দায় ইংল্যান্ডে ভূমিপত্ব আইন (Land Charges Act) অনুযায়ী নিবন্ধনযোগ্য এক শ্রেণীর ভূমিপত্ব, যাহা জমিতে আইনি মালিকানাকে প্রভাবিত করে, কিন্তু যাহা কোনো ন্যাস হইতে উদ্ভূত নহে, পত্বের দলিলদ্বারাও প্রাপ্ত নহে। বাংলাদেশে সম্পত্তি-হস্তান্তর আইনের ১০০ ধারায় বলা হইয়াছে যে, যে-ক্ষেত্রে পক্ষগণের কার্যের অথবা আইনের কার্যকরতা দ্বারা কোনো ব্যক্তির স্থাবর সম্পত্তি অপর ব্যক্তির জামানতে পরিণত হয়, এবং লেনদেনটি বন্ধক নহে, সেক্ষেত্রে শেষাক্ত ব্যক্তির বরাবরে উক্ত সম্পত্তিতে দায় সৃষ্টি হইয়াছে বলিয়া গণ্য হয় এবং উপরিউক্ত সরল বন্ধক-সম্পর্কিত বিধানসমূহ যতদ্রসম্ভব এইরূপ ক্ষেত্রে প্রযোজ্য হয়। এতৎসহ land charge দ্র.।
- general exceptions সাধারণ ব্যতিক্রমসমূহ দওবিধির ৭৬ ধারা ইইতে ৯৫ ধারায় সাধারণ ব্যতিক্রম সম্পর্কে বলা ইইয়াছে। কোনো ব্যক্তি অপরাধমূলক কোনো কাজ করিলেই তাহা অপরাধ হয় না যথন উজ কাজ দওবিধির ৭৬ হইতে ১০৬ ধারায় ব্যতিক্রমসমূহের আওতায় পড়ে। দওবিধির ৭৬ ধারায় বলা হইয়াছে য়ে, য়ে-ব্যক্তি কোনো কিছু সম্পাদন করিবার জন্য আইনবলে বাধ্য বা তথ্যের ভুল ধারণাবশত, আইনের ভুল ধারণাবশত নহে, সদ্বিশ্বাসে নিজেকে কোনো কিছু সম্পাদন করিবার জন্য আইনবলে বাধ্য বলিয়া বিশ্বাস করেন, সেই ব্যক্তি উক্ত কার্য সম্পাদন করিলে উহা অপরাধ নহে।
- generalibus specialia non derogant সাধারণ বিষয় সুনির্দিষ্ট বিষয়ের গুরুত্ব ধর্ব করে না পরবর্তী সংবিধির কোনো সাধারণ উক্তি সুনির্দিষ্ট বিষয়ে পূর্ববর্তী সংবিধিবদ্ধ কোনো ধারাকে বাতিল করে না। কোনো কোনো আদালত সাধারণ শর্ত ব্যাখ্যা করিবার ক্ষেত্রে এই নীতি অবলম্বন করেন, যদিও ইহার অনেক ব্যতিক্রম রহিয়াছে।
- general improvement area সাধারণ উন্নয়ন এলাকা মূলত যে-আবাসিক এলাকায় কোনো গৃহায়ণ কর্তৃপক্ষ বসবাসের ব্যবস্থা বা সুবিধাদি উন্নয়নের প্রয়োজনীয়তা উপলব্ধি করেন।
- general intent সাধারণ অভিপ্রায় ইংল্যান্ডের সাধারণ আইনে কতিপয় অপরাধ সংঘটনের জন্য প্রয়োজনীয় মনের অবস্থা— যেখানে সুনির্দিষ্ট অভিপ্রায়ের প্রয়োজন হয় না বা যাহা কোনো সুম্পষ্ট দায় আরোপ করে না। সাধারণ অভিপ্রায় সচরাচর হঠকারিতার (যেখানে ঝুঁকি সম্বন্ধে প্রকৃত সচেতনতা এবং ইচ্ছাকৃতভাবে সেই ঝুঁকিগ্রহণ সম্পৃক্ত থাকে) অথবা অবহেলার (যেখানে নিন্দনীয় অসতর্কতা জড়িত থাকে) অনুরূপ হয়।

general issue সাধারণ বিচার্য বিষয়্ম যে-অজুহাতে প্রতিপক্ষের লিখিত বক্তব্যে উক্ত
প্রতিটি অভিযোগ অধীকার করা হয়। দেওয়ানি মামলায় ইহা আর অনুজ্ঞাত নহে।
তংগ্থলে প্রত্যেকটি অভিযোগ অবশ্যুই সুনির্দিষ্টভাবে স্বীকার বা অস্বীকার করিতে হয়।
দেওয়ানি কার্যবিধির ৮ আদেশের ৩ নিয়মে বলা হইয়াছে যে, অস্বীকৃতি সুনির্দিষ্ট
হইতে হইবে। ৪ নিয়মে বলা হইয়াছে যে, কৌশলে পরিহার করা কোনো অস্বীকৃতি
নহে, এবং ৫ নিয়মে বলা হইয়াছে যে, অভিযোগ সুনির্দিষ্টভাবে অস্বীকার করা না
হইলে তাহা অভিযোগের স্বীকৃতি বলিয়া গণ্য হইবে। ফৌজদারি মামলায় আসামি
নির্দেষ বলিয়া জবাব দিলেই সাধারণ বিচার্য বিষয়ের অজুহাত সৃষ্টি হয়।
বন্ধব্যপ্রদানের পূর্বে আসামিকে নিজের অজুহাতের ধরন কী, তাহা বলিতে বাধ্য করা
মায় না। ফৌজদারি কার্যবিধির ২৪৪ ধারায় ম্যাজিস্ট্রেট-আদালতে আসামি অভিযোগ
স্বীকার না করিলে এবং ২৬৫(চ) ধারায় দায়রা আদালতে অভিযোগের উত্তরে আসামি
কোনো কিছু বলিতে অস্বীকার করিলে বা নিরুত্তর থাকিলে বা বিচারপ্রার্থনা করিলে
সাধারণ বিচার্য বিষয়ের উদ্ভব হয় এবং অভিযোগকারী পক্ষের সাক্ষ্যগ্রহণ আরম্ভ হয়।

Generalized System of Preference (G.S.P.) সাধারণ সুবিধাদানের বিধি যে-কোনো উন্নত দেশ উন্নয়নকামী দেশসমূহকে নির্দিষ্ট কিছু পণ্য রপ্তানির ক্ষেত্রে যে-বিশেষ তব্ধ-রেয়াতের সুবিধা দেয়। উদাহরণস্বরূপ, মার্কিন যুক্তরাষ্ট্রের নিকট হইতে বাংলাদেশ কোনো কোনো ক্ষেত্রে এইরূপ সুবিধা পায়।

general meeting সাধারণ সভা কোম্পানির সদস্যদের একটি সভা যাহার সিদ্ধান্ত কোম্পানির জন্য অবশ্যমান্য। কোম্পানি আইনে নিম্নবর্ণিত তিন প্রকার সাধারণ সভার বিধান আছে: ১. প্রত্যেক বংসরে কোম্পানির সদস্যদের অন্ততপক্ষে একটি সাধারণ সভার অনুষ্ঠান করিতে হয় এবং ভদ্রুপ দুইটি সভার মধ্যবর্তী সময় পনের মাসের বেদি হইবে না; ২. যে-কোম্পানি শেয়ার অথবা জামিন দ্বারা সীমাবদ্ধ এবং যাহার শেয়ার-পুঁজি আছে, সেই কোম্পানিকে ব্যবসা আরম্ভ করিবার অধিকারী হইবার তারিথ হইতে অন্যূন একমাস এবং অনুর্ধ্ব ছয় মাসের মধ্যে সংবিধি-অনুযায়ী একটি সাধারণ সভার অনুষ্ঠান করিতে হয়; ৩. পরিচালকগণ যখনই আবশ্যক মনে করেন, কোম্পানির বিশেষ সাধারণ সভা আহ্বান করিতে পারেন। এতদ্বাতীত অন্ততপক্ষে এক-দশমাংশ শেয়ার-মালিকদের অনুরোধক্রমে পরিচালকগণ বিশেষ সাধারণ সভা আহ্বান করিবেন। সাধারণ সভার সিদ্ধান্ত ব্যতীত কোম্পানির নাম, সংঘশ্মারক ও সংঘর্ষিধ পরিবর্তন, মেয়াদপ্র্তির পূর্বে পরিচালকের অপসারণ ও কোম্পানির স্বেচ্ছা- অবসায়ন করা যায় না।

general objection সাধারণ আপত্তি আপত্তির সমর্থনে কোনো ভিত্তিরচনা বা কারণ নির্দেশ না করিয়া উত্থাপিত আপত্তি। সাধারণ আপত্তিতে কেবল প্রাসঙ্গিকতার প্রশ্ন জড়িত থাকে। কেবল কথা বা বিবৃতির মাধ্যমে জোরালো বিরোধিতাকেও এইরূপ আপত্তি বলা হয়।

- general principles of law আইনের সাধারণ মূলসূত্রাবলি আন্তর্জাতিক আদালতের সংবিধি-অনুযায়ী আন্তর্জাতিক আইনের নিয়মাবলির উৎস পাওয়া যাইতে পারে আইনের সাধারণ মূলসূত্রাবলির মধ্যে। অধিকাংশ পাশ্চাত্য আইনবিশারদ মনে করেন যে, এই মূলসূত্রগুলির ভিত্তি হওয়া উচিত সভ্য রাষ্ট্রসমূহের অন্তর্লিহিত মূলসূত্রাবলি। এই সকল আইনবিশারদ আরো মনে করেন যে, সাধারণ মূলসূত্রগুলি আন্তর্জাতিক চুক্তি বা রীতিনীতি-নিরপেক্ষভাবে আইনসৃষ্টির একটি উৎস। কতিপয় পাশ্চাত্য পুঁজিবাদী দেশের প্রতি ইহাদের সম্ভাব্য পক্ষপাতিত্বের ফলে এই প্রস্তাবগুলি তৃতীয় বিশ্ব ও সমাজতান্ত্রিক দেশসমূহে অত্যন্ত বিসংবাদিত বলিয়া প্রমাণিত হইয়াছে এবং এই দেশগুলির মূলসূত্রাবলির পরিধি সীমিত করিতে প্রয়াস পাইয়াছে।
- general safety requirement নিরাপন্তা-সম্বন্ধীয় সামগ্রিক আবশ্যকতা নিরাপন্তার একটি মান, যাহা ইংল্যান্ডের ১৯৮৭ সালের ভোক্তা সূরক্ষা আইন ও ১৯৯৪ সালের পণ্য-নিরাপন্তা প্রবিধানাবলী মানিয়া চলিবার জন্য ভোগ্য পণ্যসামগ্রীকে অবশ্যই পূরণ করিতে হয়। পণ্যসামগ্রীর ব্যবহার সম্বন্ধে যে-কোনো নির্দেশ বা ইশিয়ারিসহ সেগুলির বিপণন-পদ্ধতি, প্রত্যেকপ্রকার পণ্যের প্রকাশিত নিরাপন্তা-মানের সহিত পণ্যগুলির সংগতি, সেগুলি অধিকতর নিরাপদ করার জন্য যুক্তিসংগত পদক্ষেপ গ্রহণ করা যাইত কি না প্রভৃতি সকল পরিস্থিতির বিবেচনায় পণ্যগুলির যুক্তসংগতভাবে নিরাপদ হওয়া আবশ্যক। যে-সকল পণ্যসরবরাহকারী নিরাপন্তা-সম্বন্ধী নির্দেশ পালনে ব্যর্থ হন, তাঁহারা একটি অপরাধ সংঘটিত করেন।
- general verdict সাধারণ রায় ১. (দেওয়ানি মামলায়) যে-রায় সম্পূর্ণভাবে একপক্ষের অনুকূলে এবং অপরপক্ষের প্রতিকূলে। ২. (ফৌজদারি মামলায়) যে-রায়ে আসামিকে হয় দোষী অথবা নির্দোষ সাব্যক্ত করে।
- general warrant অনামা পরওয়ানা যে-গ্রেগুরি পরওয়ানায় গ্রেগুরের উদ্দিষ্ট ব্যক্তির নাম অথবা বর্ণনা থাকে না কিংবা যে-গৃহবাটিকাদিতে তল্লাশি করা হইবে বা যে-সম্পত্তি অন্তেমণ করা হইবে, তাহা সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয় না। এইরূপ পরওয়ানা সাধারণত বেআইনি, যদিও তাহা কখনো কখনো সংবিধিদ্বারা অনুজ্ঞাত হইতে পারে। ফৌজদারি কার্যবিধিতে উল্লিখিত ক্ষমতাবলে আদালত কোনো নির্দিষ্ট ব্যক্তিকে গ্রেগুর করিবার জন্য গ্রেগুরি পরওয়ানা এবং কোনো নির্দিষ্ট বাড়ি বা স্থান তল্লাশি করিবার জন্য তল্লাশি পরওয়ানা পাঠাইতে পারেন। ইংল্যান্ডের মতো বাংলাদেশে অনামি পরওয়ানা জারি করিবার কোনো বিধান নাই। তবে ফৌজদারি কার্যবিধির ৫৪ ধারায় উল্লিখিত ক্ষেত্রসমূহে যে-কোনো পুলিশ-কর্মকর্তা যে-কোনো ব্যক্তিকে বিনা পরওয়ানায় গ্রেগুর করিতে পারেন এবং ১৬৫ ধারায় উল্লিখিত ক্ষেত্রত তদন্তকারী পুলিশ-কর্মকর্তা তাঁহার থানার এলাকাধীন যে-কোনো স্থানে বিনা পরওয়ানায় তল্লাশি চালাইতে পারেন।

general welfare সাধারণ কল্যাণ জনসাধারণের স্বাস্থ্য, শান্তি, নৈতিকতা ও নিরাপরা।

general words সাধারণ উক্তি জমি-হস্তান্তরের দলিলে যে-সকল শব্দের দ্বারা ওই
জমির সহিত হস্তান্তরিত আনুষঙ্গিক অধিকার ও সুযোগসুবিধাদি (যেমন, বর্তস্বত্ব
ইত্যাদি) বর্ণনা করা হয়। বিপরীত কোনো অভিপ্রায় দলিলে ব্যক্ত করা না হইলে
ইংল্যান্ডের ১৯২৫ সালের সম্পত্তি-আইন-অনুযায়ী এইরূপ উক্তির আর কোনো
প্রয়োজন নাই, যেহেতু ভূমি-হন্তান্তরের মধ্যে এইরূপ আনুষঙ্গিক অধিকারসমূহও
অন্তর্গক। বাংলাদেশের সম্পত্তি-হন্তান্তর আইনের ৫৫ ধারার বিধান-অনুসারে ভিন্নতর
কোনো চুক্তির অবর্তমানে স্থাবর সম্পত্তির ক্রেতা ও বিক্রেতার যথাক্রমে উক্ত ধারায়
উল্লিখিত দায়িত্ব ও অধিকারসমূহ থাকিবে।

generation n. প্রজন্ম বি. প্রজন্মের গড় কালপর্ব সাধারণত ত্রিশ বছর গণনা করা হয়। ইহার ভিতর সন্তানেরা বড় হয়, তাহাদের বিবাহ হয়, তাহাদের সন্তান জন্মলাভ করে এবং তাহারা পিতামাতার স্থলাভিষিক্ত হয়। একই পিতা-মাতার সন্তান-স্বতিদেরকে কোনো পূর্বপুরুষের উত্তরাধিকারের ক্রমধারায় একটি পর্যায় হিসাবে গণ্য করা হয়।

genetic fingerprinting বংশানুগতিসূচক শনাক্তকরণ DNA fingerprinting দ্ৰ.।

Geneva Conventions জেনেভা কনভেনশন যুদ্ধের আইন সম্পর্কে আন্তর্জাতিক কনভেনশনের একটি পরম্পরা। ইহাদের প্রথমটি ১৮৬৪ সালে জেনেভায় সূত্রবদ্ধ হয়। ১৮৬৪ ও ১৯০৬ সালের কনভেনশনদুইটি অসুস্থ এবং আহত সৈনিকদের সুরক্ষা করে; ১৯২৫ সালের জেনেভা প্রোটোকল যুদ্ধে গ্যাস ও রোগজীবাণু ব্যবহার নিম্বিদ্ধ করে; ১৯২৯ সালের তিনটি কনভেনশন এবং ১৯৪৯ সালের কনভেনশন অসুস্থ আহত সৈনিক, নাবিক এবং যুদ্ধবন্দিদের সুরক্ষা করে; এবং ১৯৪৯ সালের কনভেনশনগুলি অধিকত্ম কতিপয় বর্গের বেসামরিক ব্যক্তিদের সুরক্ষা করে। ১৯৭৭ সালের প্রথম প্রোটোকল ১৯৪৯ সালের কনভেনশনগুলির সম্পূরক হিসাবে ব্যাপকতর শ্রেণীর বেসামরিক ব্যক্তিদের সুরক্ষা দেয়, বোমার আইন নিয়ন্ত্রণ করে এবং ১৯৪৯ সালের কনভেনশনগুলির আওতাধীন যুদ্ধসমূহের শ্রেণীর পরিধি পরিবর্ধিত করে (যেমন, গৃহযুদ্ধও এই শ্রেণীর অন্তর্ভুক্ত)। যুদ্ধ-সম্পর্কিত প্রথাগত আন্তর্জ্বাতিক আইন এই কনভেনশনগুলির অঙ্গীভূত হইয়াছে বলিয়া সাধারণভাবে বিবেচনা করা হয়।

genocide

п. গণহভ্যা বি. কোনো জাতীয়, নৃজাতিক, জাতিগত বা ধর্মীয়

জনগোষ্ঠীর ধ্বংসসাধনের উদ্দেশ্যে পরিচালিত আচরণ। জাতিসংঘের ১৯৪৮ সালের

গণহভ্যার অপরাধ নিবারণ ও শাস্তিপ্রদান কনভেনশন বা চুক্তির সংজ্ঞার্থ-অনুযায়ী

গণহত্যা বলিতে কোনো গোষ্ঠীর সদস্যদের হত্যা করা বুঝায় না, তাঁহাদের গুৰুতর শারীরিক বা মানসিক ক্ষতিসাধন, তাঁহাদের উপর জীবনধারণের এমন অবস্থা আরোপ যাহার উদ্দেশ্য তাঁহাদের শারীরিকভাবে ধ্বংস করা কিংবা এমন ব্যবস্থা আরোপ যাহার উদ্দেশ্য সন্তানের জন্মদান ব্যাহত করা, কিংবা গোষ্ঠীটির শিণ্ডদের অন্য কোনো গোষ্ঠীতে বলপূর্বক স্থানান্তরিত করাও গণহত্যা, যদি এইসকল কার্য সম্পাদন করা হয় গোষ্ঠীটিকে সম্পূর্ণরূপে বা আংশিকভাবে ধ্বংস করিবার অভিপ্রায়ে। কোনো রাজনৈতিক বা সাংস্কৃতিক গোষ্ঠীকে ধ্বংস করা গণহত্যার পর্যায়ে পড়ে না। ১৯৪৮ সালের গণহত্যা কনভেনশনে গণহত্যাকে একটি আন্তর্জাতিক অপরাধ বলিয়া ঘোষণা করা হইয়াছে। এই কনভেনশনের পক্ষসমূহ গুধুমাত্র নিজেদের এখতিয়ারাধীন এলাকায় সংঘটিত গণহত্যামূলক অপরাধের জন্য শান্তিপ্রদান করিতেই অঙ্গীকারাবদ্ধ নহে, গণহত্যায় যোগসাজস এবং গণহত্যা-সংঘটনের জন্য বডযন্ত্র, প্ররোচনা ও প্রচেষ্টার জন্য শান্তিপ্রদান করিতেও অঙ্গীকারাবদ্ধ । ইংল্যান্ডে ১৯৬৯ সালের গণহত্যা আইনে উক্ত কনভেনশনের বিধানসমূহ অন্তর্ভুক্ত করা হইয়াছে। ইহা সাধারণত ধরিয়া লওয়া হয় যে, প্রথাগত আন্তর্জাতিক আইনের নীতিগুলিই উক্ত কনভেনশনের অন্তর্ভুক্ত বিধায় তাহা যে-সকল জাতি এই কনভেনশনের স্বাক্ষরকারী-পক্ষ সেইসকল জাতিসহ সকল জাতির জন্য অবশ্যমান্য । বাংলাদেশ ১৯৭৩ সালের আন্তর্জাতিক অপরাধসমূহ (ট্রাইব্যুনাল) আইন পাশ করিয়া গণহত্যাকেণ্ড এইরূপ ট্রাইব্যুনালের এখতিয়ারাধীন অপরাধ বলিয়া ঘোষণা করিয়াছে।

- gentleman's agreement ভদ্রলোকের চুক্তি একটি অলিখিত চুক্তি, যাহা আইনগতভাবে বলবৎযোগ্য না হইলেও, পক্ষগণের নীতিবোধ ও সৎবিশ্বাস দ্বারা সুনিন্দিত হয়। ইংরেজিতে এই শব্দগুচ্ছটি একবচন বা বহুবচনে ব্যবহৃত হইয়া থাকে। এই প্রথার অপব্যবহার রোধের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে ইহা ট্রান্টবিরোধী আইনে নিষিদ্ধ। বাংলাদেশে বহু লেনদেন মৌখিক চুক্তিদ্বারা সাধিত হয়। ইহা আইনত বলবৎযোগ্য নহে।
- ghet n. গেট্ বি. ইহুদি ধর্মমতে বিবাহবিচ্ছেদ। স্বামী কর্তৃক সম্পাদিত বিবাহবিচ্ছেদের দলিল (যাহা অবশ্যই নির্দিষ্ট বিধি-অনুযায়ী হস্তালিখিত হইবে) দুইজন সাক্ষীর উপস্থিতিতে স্ত্রীকে প্রদান করিবার মাধ্যমে ইহা সম্পন্ন হয়। তাত্ত্বিকভাবে গেট্ পদ্ধতিতে বিবাহবিচ্ছেদ করিবার জন্য আদালতের দ্বারস্থ হইতে না হইলেও বাস্তবক্ষেত্রে সাধারণত সংগুদ্ধিষ্ট ধর্মীয় আইনের বহুবিধ জটিলতার কারণে ইহা আদালতের মাধ্যমে করা হয়।
- gift n. দান বি, এক ব্যক্তি কর্তৃক অন্য কোনো ব্যক্তিকে অর্থ বা অর্থমূল্যের প্রতিদান ব্যতীত কোনো স্থাবর বা অস্থাবর সম্পত্তির হস্তান্তর। ১৯৯০ সালের দানকর আইন-অনুসারে, যে-ব্যক্তি স্বেচ্ছাপ্রণোদিত হইয়া এবং অর্থ বা অর্থের বিনিময়ে কোনোপ্রকার

800 gift over

প্রতিদান গ্রহণ না করিয়া কোনো স্থাবর বা অস্থাবর বিদ্যমান সম্পত্তি অপর ব্যক্তিকে হন্তান্তর করে তাহাকে দান বলা হয়। যে-ব্যক্তি অনুরূপভাবে সম্পত্তি হস্তান্তর করিবেন তাঁহাকে বলা হয় দাতা এবং যে-ব্যক্তি তাহা গ্রহণ করেন তাঁহাকে বলা হয় দান্মহীতা। দানের অপরিহার্য বৈশিষ্ট্যগুলি নিম্নরূপ: (১) ইহা এক ব্যক্তি কর্তৃক অন্য ব্যক্তির নিকট কোনো বিদামান স্থাবর ও অস্থাবর সম্পত্তির হস্তান্তরকে বুঝাইবে। (২) ইয় ফেছাপ্রণোদিতভাবে অর্থ বা অর্থের বিনিময়ে কোনোপ্রকার প্রতিদান ব্যতিরেকে হইবে। (৩) ইহা অর্থ অথবা অর্থের বিনিময়যোগ্য সম্পত্তির হস্তান্তরকে বুঝাইবে; অর্থাৎ দানের বিষয়বস্তু কোনো না কোনো স্থাবর বা অস্থাবর সম্পত্তি হইবে। যেমন, ন্ত্রমি, দ্রব্যসামগ্রী এবং নালিশযোগ্য দাবি বা সম্পত্তি, যেমন বিমা পলিসি। ইহা কোনো র্ডবিষ্যৎ সম্পত্তি হইতে পারিবে না। (৪) ইহা স্বেচ্ছায় বা নিজ ইচ্ছানুক্রমে হস্তান্তর করা হইবে এবং কোনোরূপ বাধ্যবাধকতার মধ্যে করা হইবে না। (৫) দান প্রতাহারযোগ্য হইবে না এবং ইহাতে কোনোরূপ শর্ত আরোপ করা চলিবে না। একটি আইনত বৈধ দান সাধারণভাবে অবশ্যই দলিলঘারা, অস্থাবর সম্পত্তির ক্ষেত্রে ভৌত হস্তান্তরের দ্বারা, সম্পন্ন হইতে হইবে কিংবা মৃত্যু আসনু জানিয়া দাতাকর্তৃক্ প্রদত্ত হইতে এবং দাতার অবশ্যই জমির মালিকানা দান হিসাবে হস্তান্তর করিবার অভিপ্রায় থাকিতে হইবে। সম্পত্তি-হস্তান্তর আইনের ১২২ ধারায় বলা হইয়াছে যে, কোনো ব্যক্তি স্বেচ্ছায় এবং পণ গ্রহণ না করিয়া বিদ্যমান কোনো স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি অন্য ব্যক্তিকে হস্তান্তর করিলে এবং সেই ব্যক্তি বা তাঁহার পক্ষে অন্য কেহ উক্ত হস্তান্তর গ্রহণ করিলে উহাকে দান বলা হয়। তদ্ধপ দান শুধুমাত্র নিবন্ধনকৃত দলিলদ্বারা করা যায়। তবে মুসলমান আইনের বিধান-অনুযায়ী নিবন্ধীকৃত দিন বাতীত মৌখিকভাবে দান করা শাইত। দাতাকে সাক্ষীদের মোকাবিলায় তর্দ্রপ মৌধিক দান ঘোষণা করিতে হইত, দানগ্রহীতা অথবা তাঁহার পক্ষে কোনো ব্যক্তিকে তাহা গ্রহণ করিতে হইত এবং সম্ভাব্য উপায়ে দানকৃত সম্পত্তির দখলদাতা কর্তৃক দাশ্রহীতার বরাবরে অর্পণ করিতে হইত। ২০০৫ সালের সম্পত্তি-হস্তান্তর আইনের ১২৩ ও ১২৯ ধারা এবং ওই সালের নিবন্ধন আইনের ১৭ ধারা সংশোধনের ফলে বর্তমানে তদ্ধপ দানের ঘোষণাপত্র রেজিন্ট্রি করা বাধ্যকর।

gift in contemplation of death মৃত্যুচিন্তায় দান মৃত্যু ঘটিতে পারে এই চিন্তায় ব্যক্তিগত সম্পত্তিদান। ইহার সুনির্দিষ্ট শর্ত হইল যে, দান করিবার সময়ের আশঙ্কা- অনুযায়ী দাতার মৃত্যু হইতে হইবে। মুসলমান আইনে মরজ-উল-মউৎ বা মৃত্যুচিন্তায় দাতার দেনাদি ও দাফন-কাফনের ব্যয়পরিশোধের পর তাঁহার পরিত্যক্ত বা রাখিয়া- যাওয়া বা ত্যাজ্যু বিত্ত বা সম্পত্তির এক-তৃতীয়াংশের অধিক কার্যকর হয় না। marz-ul-maut.দ.।

gilt over অভিদান বি. একটি ইচ্ছাপত্তে কিংবা অন্য বন্দোবন্তে এমন একটি বিধান, যাহার ফলে জমিতে একটি পূর্ববর্তী স্বত্ব সমাপ্ত বা বিফল হইলে অন্য একটি স্বত্বের উট্টব ঘটিতে পারে।

- gift tax দানকর ১ জুলাই ১৯৯৯ সাল হইতে কোনো ব্যক্তি কর্তৃক কোনো আর্থিক বৎসরে কৃত সকল দানের উপর দানকর আইনের তফসিলে বর্ণিত হারে দানকর ধার্য ইইবে। দানকর আইনে কর-নির্ধারণ আয়কর-আইনের অনুরূপ এবং উহা উপকর-কমিশনার করিয়া থাকেন। কোনো ব্যক্তির উপর আয়কর আরোপের কর্তৃত্ব যে-উপকর-কমিশনারের রহিয়াছে, তাঁহার (দাতার) দানের জন্য দানকর আরোপের কর্তৃত্ব সে উপকর-কমিশনারের রহিবে। উপকর-কমিশনারের কর নির্ধারণের বিরুদ্ধে আয়কর-আইনের অনুরূপ করদাতা যুগা অ্যাপেলেট কমিশনারের নিকট আপিল করিতে পারেন। আইনসংক্রান্ত প্রশ্নে ট্রাইব্যানালের আদেশের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের নিকট আপিল করা যায়।
- gipsy n. জিপসি, বেদে বি. স্থায়ী আবাসহীন যে-ব্যক্তি যাযাবর হিসাবে জীবনযাপন করেন, তাঁহাকে জিপসি বা বেদে বলা হয়। ইউরোপে জিপসিগণ এক দেশ হইতে অন্য দেশে ঘূরিয়া বেড়ান। পূর্বে ইংল্যান্ডে জিপসিগণ কোনো এলাকায় গেলে সেইস্থানের স্থানীয় কর্তৃপক্ষের দায়িত্ব ছিল তাঁহাদের অবস্থানের জন্য জায়গা দেওয়া। ইংল্যান্ডে ১৯৯৪ সালের ফৌজদারি বিচার ও জনশৃভ্খলা আইনে তদ্ধপ দায়িত্ব বাতিন করিয়া দিবার পরও স্থানীয় কর্তৃপক্ষ ইচ্ছা করিলে তাঁহাদের অবস্থানের জায়গা দিতে পারেন। বাংলাদেশে বেদেরা একস্থান হইতে অন্যস্থানে ঘূরিয়া বেড়ান, সাপ ধরিয়া, সাপের খেলা দেখাইয়া, চিকিৎসা করিয়া, ভোজবাজি দেখাইয়া, ছোটখাটো গৃহস্থানির প্রয়োজনীয় জিনিসপত্র ফেরি করিয়া জীবিকা নির্বাহ করেন।
- going public সার্বন্ধনিকীকরণ বি. সার্বন্ধনিক কোম্পানি প্রতিষ্ঠার প্রক্রিয়া অথবা একটি প্রাতিন্ধনিক কোম্পানিকে সাধারণ কোম্পানি হিসাবে নিবন্ধীকরণের প্রক্রিয়া।
- gold n. বর্ণ, সোনা বি. ১৯৯১ সালের ব্যাংক-কোম্পানি আইনের ৫(দ) ধারা-অনুসারে, আইনানৃগ টেভার হউক বা না হউক, মুদ্রার আকারে বর্ণ, অথবা পরিশোধিত হউক বা না হউক, বাট বা পিওের আকারে বর্ণ।
- golden handshake সোনালি করমর্দন কোনো পরিচালক অথবা জ্যেষ্ঠ নির্বাহীকে
 চাক্রির চুক্তি শেষ হইবার পূর্বে অবসঞ্চহণ করিতে বাধ্য করা হইলে (যেমন, এক
 প্রতিষ্ঠানের কর্তৃত্ব অন্য প্রতিষ্ঠানকর্তৃক গ্রহণ বা একাধিক প্রতিষ্ঠানের একীভূত হইবার
 কালে) চাকুরি হারাইবার ক্ষতিপূরণ বাবদ সাধারণত যে-বৃহৎ পরিমাণ অর্থ প্রদান
 করা হয়। বাংলাদেশে সরকারি মালিকানাধীন কারখানা বা অন্য কোনো প্রতিষ্ঠান বন্ধ
 করিয়া দিবার সময়ে অথবা তদ্রুপ কোনো প্রতিষ্ঠানের জনবল ব্রাসের জন্য কর্মচারী
 বা কর্মকর্তাদের বাধ্যতামূলক অবসর প্রদান করিলে ক্ষতিপূরণ বাবদ তাঁহাদের যেঅর্থ প্রদান করা হয়, তাহাকে সোনালি করমর্দন বলা হয়।

869 good faith

golden hello সোনালি আহ্বান উচ্চপর্যায়ের একজন কর্মচারীকে প্রলুব্ধ করিয়া নৃতন মানিকের চাকুরিতে যোগ দিবার জন্য প্রদন্ত এককালীন অর্থ। এইরূপ প্রদন্ত অর্থ করমুক্ত কিনা, তাহা নির্ভর করে প্রদন্ত অর্থের প্রকৃতির উপর।

- good behaviour সদাচরণ বি. ইংল্যান্ডে দণ্ডাদেশ প্রদানের সময়ে একজন ম্যাজিস্ট্রেট বা একটি ক্রাউন কোর্ট কর্তৃক একটি আদেশে ব্যবহৃত একটি পরিশদ। আদেশে উল্লিখিত ব্যক্তিকে অন্য এক ব্যক্তির (ফরিয়াদির) সহিত 'সদাচারী' হওয়া উচিত। আদালত উল্লিখিত ব্যক্তিকে মুচলেকা দিবার জন্য আদেশ প্রদান করিতে পারেন এবং তিনি আদেশ জমান্য করিলে তাঁহাকে ছয়মাস পর্যন্ত কারারুদ্ধ করা যাইতে পারে। কোনো ব্যক্তি শান্তিভঙ্গ করিতে পারেন অথবা কোনো অপরাধ করিতে পারেন এইরূপ অভিযোগে আদালতে আনীত হইলে তাঁহার বিরুদ্ধে এই পদ্ধতি অবলম্বন করা যাইতে পারে। বাংলাদেশে ফৌজদারি কার্যবিধির ১০৭ ধারায় কতিপয় ক্ষেত্রে শান্তিরক্ষার জন্য সদাচরণের, ১০৮ ধারায় রাষ্টদ্রোহমূলক বিষয় প্রচার করা হইতে বিরুত থাকিবার জন্য সদাচরণের, ১০৯ ধারায় ভবযুরে ও সন্দেহজনক ব্যক্তির সদাচরণের, এবং ১১০ ধারায় অভ্যাসণত অপরাধীদের সদাচরণের জন্য ম্যাজিস্ট্রেট মুচলেকা প্রদান করিবার জ্বাদেশ দিতে পারেন। উক্ত ধারা-অনুসারে যদি কোনো মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট বা জেলা ম্যাজিস্ট্রেট বা প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট খবর পান যে, তাঁহার স্থানীয় এখতিয়ারের মধ্যে উক্ত ধরনের অপরাধী রহিয়াছে, তখন তিনি উক্ত অপরাধীর সদাচরণের জন্য মুচলেকা দাবি করিতে পারেন।
- good cause ন্যায্য কারণ যে-কারণ বিষয়ের বিচারার্থে আদালত বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক পর্যাপ্ত বা যথাযথ ও ন্যায্য বলিয়া বিবেচিত। আইনজীবী, তাঁহার সহকারী বা পক্ষের নিযুক্ত প্রতিনিধি কর্তৃক আদালতের নথিতে লিপিবদ্ধ আদেশ দেখিবার ব্যর্থতা সময় বাড়াইবার জন্য ন্যায় কারণ বলিয়া গণ্য হয় না। ন্যায্য কারণ-অজুহাতের গ্রহণযোগ্যতার জন্য যথাযথ সতর্কতা ও মনোযোগ একটি পূর্বশর্ত।
- good consideration উপযুক্ত পণ রক্তের সম্পর্ক বা স্বাভাবিক স্নেহ-ভালবাসার পণ। এমন মূল্যবান পণ যাহার দ্বারা কোনো লেনদেন বা হস্তান্তর আইনগতভাবে রক্ষণীয় বা বৈধ হয়। valuable consideration তৃ.।
- good faith সদ্বিশ্বাস বি. কোনো কাজ সংভাবে করা হইলেই তাহা সরল বিশ্বাসে করা হইরাছে বলা যায়। কোনো কোনো চুক্তিতে সরলবিশ্বাস আইনের দ্বারা উপলক্ষিত; যেমন, বাণিজ্যিক প্রতিনিধিত্ব-সম্পর্কিত চুক্তিতে। জেনারেল ক্লজেজ আ্যান্টের ৩ (২২) ধারায় বলা হইয়াছে যে, যে-কাজ করা হয়, তাহা অবহেলায় করা হউক বা না হউক, সদ্বিশ্বাসে করা হইয়াছে বলিয়া গণ্য হইবে। তামাদি আইনের ২(৭) ধারায় বলা হইয়াছে যে, যদি যথাবিহিত যত্ন ও মনোযোগপূর্বক কোনো কাজ না করা হয়, তাহা হইলে তাহা সদ্বিশ্বাসে করা হইয়াছে বুঝাইবে না। দণ্ডবিধির ৫২

ধারায় বলা হইয়াছে যে, যথাযথ সতর্কতা ও মনোযোগপূর্বক কোনো কিছু করা না হইলে বা বিশ্বাস করা না হইলে তাহা সদ্বিশ্বাসে করা হইয়াছে বলা যায় না। দওবিধির ৭৬ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি আইনবলে কোনো কার্য করিতে বাধ্য বলিয়া সদ্বিশ্বাসে উক্ত কার্য করিলে, তাহা অপরাধ বলিয়া গণ্য হইবে না। এতৎসহ ubernimae fidei দ্র.।

- goods পণ্য বি. ব্যক্তিগত অস্থাবর মালামাল বা অন্যান্য মালপত্র। জমি ইহার অন্তর্ভুক্ত নহে এবং ইংল্যান্ডের ১৯৭৯ সালের পণ্য-বিক্রয় আইনে সংবিধিবদ্ধ সংজ্ঞার্থে নালিশের দ্বারা আদায়যোগ্য অধিকার এবং অর্থও বাদ দেওয়া হইয়াছে। তবে ভূমির বাড়ন্ত ফসল ও ভূমির সহিত যুক্ত অথবা ভূমির অংশভূক্ত বন্ধু যাহা বিক্রয়ের পূর্বে অথবা বিক্রয়ের চুক্তিতে বিচ্ছিন্ন করিতে সন্মতি দেওয়া হইয়াছে তাহাও ইহার অন্তর্ভুক্ত। বাংলাদেশে ১৯৩০ সালের পণ্য-বিক্রয় আইনের ২(৭) ধারা-অনুসারে, নালিশ্যযোগ্য দাবি ও অর্থ-ব্যতিরেকে সকল প্রকার অস্থাবর সম্পত্তি এবং বিদ্যুৎ, পানি, গ্যাস, মজুদ মাল ও শেয়ার, বাড়ন্ত ফসল, ঘাস, ভূমির সহিত জড়িত অথবা উহার অংশ গঠন করে এইরূপ দ্রব্যাদি যাহা বিক্রয়ের পূর্বে বা বিক্রয়-চুক্তির অধীন বিচ্ছিন্ন করিতে সন্মতিদান করা যায়, এমন কোনো পণ্য।
- good title উত্তম স্বত্ব কোনো আইনগত ব্যতিক্রম, দায় বা বোঝা হইতে মুক্ত এমন সুস্পষ্ট স্বত্ব। বন্তুগত সম্পত্তি-বিক্রয়ের চুক্তির ক্ষেত্রে ইহার অর্থ হইতেছে, চুক্তি প্রবলের মামলায় ক্রেতার নিকট এমন স্বত্ব হস্তান্তরিত হইবে যাহা নির্বৃঢ়, এবং উচ্ছেদের মামলায় দাবিদার কর্তৃক যাহার দখল পাওয়া সম্ভবপর।
- goodwill n. সুনাম বি. কোনো ব্যবসার সুখ্যাতি এবং বাণিজ্যিক যোগাযোগ ইইতে উদ্ধৃত সুবিধাদি, বিশেষত বর্তমান খরিন্দারগণ ভবিষ্যতেও ওই ব্যবসাকে আনুকৃল্য প্রদর্শন করিবেন, এই সম্ভাবনা। বিক্রয়ের সময়ে কোনো ব্যবসার মূল্য নির্ধারণে করিতে ইহার সুনাম একটি গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। কোনো ব্যবসা বিক্রয়ের সময়ে ইহার সুনামরক্ষার জন্য বিক্রেভাকে বিক্রীত ব্যবসার সহিত প্রতিযোগিতাক্রমে একইপ্রকার ব্যবসায় আত্মনিয়োগ করা ইইতে নির্দিষ্ট সময়ের জন্য বিরত রাখা আবশ্যক ইইতে পারে। ১৯৩২ সালের অংশীদারি কারবার আইনের ১৪ ধারা-অনুসারে ব্যবসার সুনামও অংশীদারি কারবারে ইহার সম্পত্তি বলিয়া গণ্য ইইবে। ব্যবসার সুনাম অন্যান্য সম্পত্তির সহিত একত্রে বা পৃথকভাবে বিক্রি করা যাইবে।
- government n. সরকার বি. আধুনিককালে সরকার হইল রাষ্ট্র-পরিচালনাকারী প্রতিষ্ঠান। ইহা রাষ্ট্রের সার্বভৌমত্ব রক্ষা করে। সরকার নির্দিষ্ট ভৌগোলিক অঞ্চল ও জনগোষ্ঠীর হয়। সরকার রাষ্ট্র-পরিচালনা, আইন-প্রণয়ন, নীতি-নির্ধারণ এবং তাহার বাস্তবায়ন করে। ইহার তিনটি বিভাগ থাকে— আইন, নির্বাহী ও বিচার বিভাগ।

জেনারেল ক্লজেজ অ্যাক্টের ৩(২১) ধারা-অনুসারে, সরকার অর্থ ১৯৭১ সালের ২৬ মার্চের পূর্বে কোনো কিছু করা সম্পর্কে যে-কোনো সরকার বর্তমান বাংলাদেশের ভূখণ্ডের মধ্যে কাজ করিয়াছে; এবং ১৯৭১ সালের ২৫ মার্চের পরে কোনো কিছু করা হইয়াছে বা করা হইবে মর্মে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

- government circulars সরকারি পরিপত্র সরকারের বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বের অন্তর্ভুক্ত বিষয়ে নীতিমালা ও প্রয়োগবিধি সম্পর্কে সময়ে বামরে প্রচারিত দলিলসমূহ। এইগুলি সরকারি কর্মকর্তাদের জন্য পালনীয় প্রশাসনিক নির্দেশাবলিমাত্র। এই সকল নির্দেশে অনেকগুলির আইনগত বল না থাকিলেও তাহা সরকারি কর্মকর্তাদের উপর বাধ্যকর।
- government contracts সরকারি চুক্তি জেনারেল ক্রজেজ আইনের ৩(২১ক) ধারা-অনুসারে, সরকারি চুক্তি এবং একই ধরনের শব্দসমষ্টি বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রশাসনিক কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিয়া প্রণীত চুক্তিকেও বুঝাইবে।
- government debts সরকারি ঋণ জেনারেল ক্লজেজ আইনের ৩(২১খ) ধারা-অনুসারে সরকারি ঋণ এবং একই ধরনের শব্দসমষ্টি বলিতে গণপ্রজ্ঞাতন্ত্রী বাংলাদেশ সরকারকে দেয় ঋণ এবং এখন যে-ভূখণ্ডে বাংলাদেশ অবস্থিত সেই ভূখণ্ডে কার্যকর ছিল এমন সরকারকে দেয় ঋণকে বুঝাইবে।
- government department সরকারি বিভাগ কার্য পরিচালনার জন্য দেশের সরকার বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে বিভক্ত। প্রত্যেক মন্ত্রণালয় একজন মন্ত্রী ও সচিব বা অতিরিক্ত সচিবের তত্ত্বাবধানে চলে এবং প্রত্যেক বিভাগ একজন মহা-পরিচালকের তত্ত্বাবধানে পরিচালিত হয়। প্রত্যেকটি বিভাগ জনপ্রশাসনের একটি সুনির্দিষ্ট এলাকার দায়িত্বে নিয়োজিত থাকে, যেমন, শিক্ষাবিভাগ জনশিক্ষা সম্পর্কে সরকারের নীতিমালা ও কর্মসূচি বাস্তবায়ন করে। প্রত্যেকটি বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধানে থাকিয়া উক্ত মন্ত্রণালয়ের নির্দেশ-অনুযায়ী দায়িত্ব পালন করে।
- government grants সরকারি অনুদান জেনারেল ক্লজেজ আইনের ৩(২১গ) ধারা-অনুসারে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বা তাহার পক্ষে প্রদণ্ড অনুদান (জমি হস্তান্তর অথবা উহার যে-কোনো সুদ অথবা যে-কোনো প্রদেয় অর্থসহ) এবং ১৯৭১ সালের ২৬ মার্চের পূর্বে, এখন যে-ভৃখণ্ডে বাংলাদেশ অবস্থিত সেই ভৃথণ্ডে কার্যকর ছিল, এমন সরকার কর্তৃক বা তাহার পক্ষে অনুদান।
- government industry or commercial organization সরকারি শিল্প বা বাণিজ্য প্রতিষ্ঠান বেসরকারিকরণ আইনের ২(ঝ) ধারা-অনুসারে, সরকারি শিল্প ও বাণিজ্য প্রতিষ্ঠান। এমন কোনো শিল্প বা বাণিজ্য প্রতিষ্ঠান যাহা সরকার বা সরকারের

নিয়ন্ত্রণাধীন বা তৎকর্তৃক স্থাপিত, প্রতিষ্ঠিত বা গঠিত কোনো কর্পোরেশন, ট্রান্ট, বোর্ড, কোম্পানি বা অন্য যে-কোনো প্রকার প্রতিষ্ঠানের মালিকানাধীন, বা যাহা সরকার বা উক্তরূপ যে-কোনো প্রতিষ্ঠান যে-কোনো ব্যক্তির নিকট হস্তান্তর করিবার অধিকারী, এবং উক্তরূপ কোনো শিল্প বা বাণিজ্য প্রতিষ্ঠানের কোনো অংশ, শত্ব, স্বার্থ, বা পরিচালনা কিংবা ব্যবস্থাপনার অধিকারসহ অন্য যে-কোনো অধিকারও ইহার অন্তর্ভূক্ত।

government liabilities সরকারি দায় জেনারেল ক্লজেজ আইনের ৩(২১ঘ) ধারাঅনুসারে, সরকারি দায় এবং একই ধরনের শব্দসমষ্টি বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
সরকারের দায় এবং যাহা এখন যে-ভূখণ্ডে বাংলাদেশ অবস্থিত সেই ভূখণ্ডে কার্যকর
ছিল, অন্য যে-কোনো সরকারের তেমন দায়কে বুঝাইবে যাহা গণপ্রজাতন্ত্রী
বাংলাদেশ সরকার ব্যক্তভাবে গ্রহণ করিয়াছেন।

government pleader সরকারি উকিল সরকার কর্তৃক নিযুক্ত অর্থের বিনিময়ে আইনগত সেবাপ্রদানকারী আইনজ্ঞ ৮ দেওয়ানি কার্যবিধিতে বা দেওয়ানি মোকদমার ক্ষেত্রে সরকারি উকিলকে গভর্নমেন্ট প্রিভার বলা হয় এবং ফৌজদারি কার্যবিধি অনুসারে সরকারি উকিলকে পাবলিক প্রসিকিউটর বলা হয়। দেওয়ানি কার্যবিধির ২(৭) ধারায় বলা হইয়াছে যে, সরকারি উকিল বলিতে ওই আইনের সরকারি উকিলের জন্য অর্পিত সমস্ত বা যে-কোনো কার্য সম্পাদনের উদ্দেশ্যে সরকার কর্তৃক নিযুক্ত কোনো কর্মকর্তাকে বুঝায় এবং সরকারি উকিলের নির্দেশ-অনুসারে কার্যরত অপর কোনো উকিলও ইহার অন্তর্ভুক্ত। দেওয়ানি কার্যবিধির ২৭ আদেশের ৮(খ) উপনিয়মে বলা হইয়াছে যে, এই আদেশে সরকার এবং সরকারি উকিল কথা দুইটি নিম্নলিখিত অর্থে ব্যবহৃত হইয়াছে: (ক) সরকার কর্তৃক বা সরকারের বিরুদ্ধে আনীত কোনো মামলা প্রসঙ্গে সরকারকে এবং তৎকর্তৃক ওই আদেশের উদ্দেশ্যে নিযুক্ত উকিলকে বুঝাইবে। (খ) সরকার কর্তৃক বা সরকারের বিরুদ্ধে এবং সরকারের কোনো কর্মচারী কর্তৃক বা তাঁহার বিরুদ্ধে আনীত কোনো মামলা প্রসঙ্গে সরকারকে এবং সরকারের উকিলকে অথবা ওই আদেশের উদ্দেশ্যে সরকার কর্তৃক নিযুক্ত কোনো উকিলকে বুঝাইবে। ২৭ আদেশের ২ নিয়ম-অনুসারে সরকারি উকিল আদালতে সরকারের পক্ষে হাজিরা দিতে, আবেদন করিতে বা অন্যান্য কার্য সম্পাদন করিতে পারেন। উক্ত আদেশের ৪ নিয়মানুসারে সরকারি উকিল কোনো আদালতে সরকারের বিরুদ্ধে প্রদন্ত সমন, পরওয়ানা ইত্যাদি গ্রহণ করিবার সরকারি প্রতিনিধি বলিয়া গণ্য হইবেন। সরকারি উকিলের ওকালতনামার প্রয়োজন নাই। নিয়োগ-আদেশই সরকারি মামলায় প্রতিনিধিত করিবার নিয়োগপত্র।

government property সরকারি সম্পত্তি জেনারেল ক্লজেজ আইনের ৩(২১ঙ) ধারা-অনুসারে, সরকারি সম্পত্তি এবং একই ধরনের শব্দসমষ্টি বলিতে গণপ্রজাতন্ত্রী

- বাংনাদেশ সরকারের উপর অর্পিত অথবা সরকারের দারা অন্যভাবে অধিকৃত যে-কোনো সম্পত্তিকে এবং এখন যে-ভূখণ্ডে বাংলাদেশ অবস্থিত ১৯৭১ সালের ২৬ মার্চের পূর্বে সেই ভূখণ্ডে কার্যকর ছিল তেমন সরকারের উপর অর্পিত সম্পত্তি বুঝাইবে।
- government securities সরকারি ঋণপত্র জেনারেল ক্লজেজ আইনের ৩(২২) ধারা-অনুসারে, সরকারি ঋণপত্র অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঋণপত্র।
- government servant সরকারি কর্মচারী সরকার কর্তৃক নিযুক্ত কোনো ব্যক্তি। তবে 'সরকারি কর্মে নিয়োজিত কোনো ব্যক্তি' বলিতে কোনো পদে নির্বাচিত, এমন ব্যক্তিকেও অন্তর্ভুক্ত করে, যিনি সরকারি কার্যাবলি সম্পাদন করেন এবং সরকার কর্তৃক অপসারণযোগ্য হন। public servent দ্র.।
- government work সরকারি কর্ম ২০০০ সালের কপিরাইট আইন-অনুসারে, সরকারি কর্ম অর্থ নিম্নবর্ণিত কোনো কর্তৃপক্ষের দ্বারা বা অধীন প্রদন্ত কোনো আদেশ, নিষেধ বা নিয়ন্ত্রণে সম্পাদিত বা জারিকৃত কর্ম: (ক) সরকার বা সরকারের কোনো বিভাগ; (খ) বাংলাদেশে আইন-প্রণয়নকারী কোনো কর্তৃপক্ষ; (গ) বাংলাদেশের কোনো আদালত-ট্রাইব্যুনাল বা বিচারবিভাগীয় অন্য কোনো কর্তৃপক্ষ।
- grain n. ১. খাদ্যশস্য বি. ইহাদ্বারা সাধারণ অর্থে দানা বা সকালের নাস্তায় ব্যবহৃত হয় এইরূপ শস্যদানাকে বুঝায়। ২. ওজনবিশেষ ০.০৬৫ গ্রাম। ৩. সামান্য পরিমাণ। ৪. কঠি কাটিবার পর তাহার যে-স্বাভাবিক আশবিন্যাস বা গঠন দেখা যায়।
- gram sarkar থাম-সরকার গ্রামীণ জনগণকে উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত করা ও
 তাঁহাদের সার্বিক উনুয়ন নিশ্চিত করিবার উদ্দেশ্যে ইউনিয়ন পরিষদের সহায়ক
 সংগঠন হিসাবে প্রতিনিত্মিগুলক গ্রাম সরকার গঠন করিয়া গ্রামীণ জনগণের সার্বিক
 কল্যাণ নিশ্চিত করিবার জন্য ২০০৩ সালের গ্রাম সরকার আইনদ্বারা একজন গ্রাম
 সরকার-প্রধান, একজন উপদেষ্টা ও ১৩ জন সদস্য-সমন্ব্য়ে প্রত্যেক ওয়ার্ডে একটি
 করিয়া গ্রাম-সরকার গঠনের বিধান করা হইয়াছে। সংশ্লিষ্ট ওয়ার্ডের জন্য ইউনিয়ন
 পরিষদের সদস্য গ্রাম-সরকারপ্রধান হইবেন এবং ইউনিয়ন পরিষদের সংরক্ষিত
 আসনের সদস্য সংশ্লিষ্ট গ্রাম-সরকারের উপদেষ্টা হইবেন। ইউনিয়ন পরিষদের
 সংরক্ষিত আসনের সদস্য তাঁহার আঞ্চলিক নির্বাচনী এলাকাধীন সকল গ্রামসরকারের উপদেষ্টা হইবেন।
- grand larceny বড়রকম হরণ বিধিবদ্ধ সীমার অতিরিক্ত পরিমাণ মূল্যমানের সম্পত্তি হরণ, মার্কিন যুক্তরাষ্ট্রে সাধারণত একশত ডলার হরণ। larceny দ্র.।
- grant n. অনুদান, মনজুরি বি. ১. লিখিত দলিলদ্বারা সম্পত্তিতে মালিকানাসৃষ্টি অথবা হস্তান্তর (যেমন, ভূসম্পত্তি কিংবা জমির মালিকানা)। ২. প্রতিনিধিত্ব মনজুর। ৩. কোনো সুনির্দিষ্ট উদ্দেশ্যে রাজা বা আইনসভা কর্তৃক অর্থ, ক্ষমতা ইত্যাদি মনজুর।

- grant of administration ব্যবস্থাপনার কর্তৃত্ব-মনজুরি মৃত ব্যক্তির সম্পত্তি ব্যবস্থাপনা করিবার জন্য উপযুক্ত আদালত হইতে কোনো ব্যক্তিকে ক্ষমতাপ্রদান।
- grants in aid সাহায্যার্থে মনজুরি স্থানীয় কর্তৃপক্ষের ব্যয়নির্বাহের প্রয়োজনে সরকারের অনুদান, যাহার অন্তর্ভুক্ত বিশেষ বিশেষ সেবার জন্য (যেমন, পুলিশ) সুনির্দিষ্ট অনুদান এবং সাধারণভাবে আয়বৃদ্ধির জন্য স্থানীয় করের ঘাটতি পূরণার্থে অনুদান।
- gratification n. বৰুশিশ, পারিভোষিক বি. দণ্ডবিধির ১৬১ ধারায় বলা হইয়াছে যে, পারিভোষিক বলিতে শুধু আর্থিক পারিভোষিক বুঝায় না। দণ্ডবিধির ১৬১ ধারা-অনুসারে, কোনো সরকারি কর্মচারী তাঁহার সরকারি কাজের সহিত সংশ্লিষ্ট ব্যক্তির নিকট হইতে পারিভোষিক গ্রহণ করিলে তাহা ঘুস বলিয়া গণ্য হয়। bribery দ্র.।
- gratuitous adj. বিনামূল্যে প্রদন্ত মূল্যবান পণ বা আইনানুগ পণ ব্যতিরেকে সম্পত্তি-হস্তান্তর। স্বেচ্ছাকৃত হস্তান্তর-দলিলের ক্ষেত্রেও শব্দটি ব্যবহৃত হয়।
- gratuity n. আনুতোষিক, দান বি. দানের আকারে ফেচ্ছাপ্রণোদিতভাবে প্রদন্ত এক ধরনের পুরস্কার যাহা প্রদান করিতে বাধ্য করা যায় না। ইহা ক্ষতিপূরণের সমার্থক নহে। শ্রমিকদের আনুতোষিকের দাবি কখনো কখনো বৈধ দাবি হিসাবে শিল্পক্ষেত্রে বিরোধের জন্ম দিতে পারে।
- gravel n. কাঁকর, নুড়ি বি. ক্ষুদ্র পাথর বা শিলাখও অথবা ইহার সহিত বালুকার মিশ্রণ, যাহা নদীতীর বা সমুদ্রসৈকতে পাওয়া যায়।
- green card সবৃদ্ধ কার্ড, নিবাসের অনুমতিপত্র বিদেশির মর্যাদায় বসবাসকারী কোনো ব্যক্তিকে প্রদন্ত মার্কিন যুক্তরাষ্ট্রের স্থায়ী বসবাসকারী হিসাবে প্রামাণিক নিবন্ধনপত্র বা কার্ড।
- grey economy ধৃসর অর্থনীতি সরকারি পরিসংখ্যানে হদিস বা হিসাব পাওয়া যায় না, অর্থাৎ সরকার বা আইনের নজর এড়াইয়া পরিচালিত, এইরূপ যাবতীয় অর্থনৈতিক ক্রিয়াকলাপ। নারীদের গৃহকর্মের ন্যায় অবৈতনিক তাৎপর্যপূর্ণ কর্ম, নাম ভাঁড়াইয়া আসল কর্মস্থল ইইতে অন্য কোনো দ্বিতীয় কর্মস্থলে উপার্জিত আয়, বা নথিবদ্ধ পরিবেশকের নিকট হইতে পণ্য না লইয়া সরাসরি উৎপাদকের নিকট হইতে অথবা বিদেশ হইতে সরাসরি পণ্য আমদানি করিয়া বাজারে শস্তায় পণ্যবিক্রয় ইত্যাদি এই অভিধার অন্তর্গত।
- grievance n. ক্ষোভ বি. ১. যে-ক্ষতি, অবিচার বা অন্যায় কোনো অভিযোগের কারণ সৃষ্টি করে। ২. নালিশ। ৩. শ্রম আইনে কোনো শ্রমিক বা শ্রমিক-সংঘের প্রতিনিধিকর্তৃক দাখিলকৃত নালিশ, যাহা সাধারণত কাজের শর্ত-সম্পর্কিত, বিশেষ করিয়া যৌথ দরকষাকষির কোনো কথিত চুক্তিভঙ্গ।

8৬৩ ground

grievous hurt তব্রুতর আঘাত যে-আঘাতে মানুষের শরীরের কোনো অঙ্গপ্রত্যঙ্গ ষ্ণত্যিন্ত হয় অথবা জীবনসংশয় হয় অথবা আহত ব্যক্তি বিশদিন পর্যন্ত শারীরিক বাথা ভোগ করেন অথবা সাধারণ কাজকর্ম করিতে অপারগ হন। দওবিধির ৩২০ ধারায় নিম্নবর্ণিত আঘাতকে গুরুতর আঘাত বলা হইয়াছে: (১) পুরুষত্বহানি ঘটানো; (২) যে-কোনো চোখের দৃষ্টিশক্তি চিরতরে বিনষ্ট করা; (৩) যে-কোনো কানের শ্রবণশক্তি চিরতরে বিনষ্ট করা; (৪) যে-কোনো অঙ্গ বা গ্রন্থির অনিষ্ট করা; (৫) যে-কোনো অঙ্গ বা প্রস্থির শক্তিসমূহ বিনাশ করা বা চিরতরে খর্ব করা; (৬) মস্তক বা মৃখমণ্ডলের স্থায়ী বিকৃতিসাধন করা; (৭) কোনো হাড় বা দাঁত ভগু বা স্থানচ্যুত করা; (৮) এমন কোনো আঘাত যদ্দারা জীবনসংশয় দেখা দেয় অথবা আহত ব্যক্তিকে বিশদিন পর্যন্ত প্রচণ্ড শারীরিক ব্যথা ভোগ করায় অথবা সাধারণ কাজকর্ম করিতে অপারগ করে। প্রকারভেদে গুরুতর আঘাতের শান্তি সাত বৎসর হইতে যাবজ্জীবন পর্যন্ত কারাদও এবং তৎসহ অর্থদও। ৩২৫ ধারা-অনুসারে, যদি কোনো ব্যক্তি ৩৩৫ ধারার ক্ষেত্রব্যতিরেকে স্বেচ্ছাক্তভাবে গুরুতর আঘাত করেন, সেক্ষেত্রে তিনি সাত বংসর পর্যন্ত কারাদও এবং তদুপরি অর্থদতে দওনীয় হইবেন। ৩২৬ ধারা-অনুসারে, <u>মারাম্বক অস্ত্রের সাহায্যে স্বেচ্ছাকৃতভাবে ৩৩৫ ধারার ক্ষেত্রব্যতিরেকে গুরুতর</u> আঘাত করিলে তাহার শান্তি যাবজ্জীবন কারাদণ্ড বা দশ রৎসর পর্যন্ত যে-কোনো মেয়াদের সম্রম বা বিনাশ্রম কারাদণ্ড এবং তৎসহ অর্থদণ্ড। এতৎসহ hurt দ্র. ।

gross indecency চরম অশোভন আচরণ প্রকৃত যৌনসহবাস অপেক্ষা ন্যূন, কিন্তু সাধারণ অশোভন আচরণ অপেক্ষা গুরুতর কোনো যৌনক্রিয়া। হস্তমৈথুন এবং অশোভন শারীরিক সংযোগনি এমন কি কোনো শারীরিক সংযোগনিহীন অশোভন আচরণও ইহার অন্তর্ভুক্ত হইতে পারে। ইংল্যান্তে উভয়পক্ষ আঠার বংসরের অধিকবয়ন্ধ না হইলে, পরস্পরের সন্মতি না থাকিলে, এবং গোপনে করা না হইলে একজন পুরুষের সহিত অপর একজন পুরুষের চরম অশোভন আচরণ একটি দওনীয় অপরাধ। ইহা দুই বংসর পর্যন্ত কারাদও কিংবা, দুইটি পক্ষের একজন আঠার বংসরের কমবয়সী হইলে, পাঁচ বংসর পর্যন্ত কারাদওে দওনীয়।

gross negligence চরম অবহেলা গড়পড়তা যুক্তিমান মানুষের আচরণ অপেক্ষা সারত নিকৃষ্ট আচরণের মধ্য দিয়া প্রকাশিত অতি উচ্চমাত্রার অবহেলা। চরম অবহেলামূলক কাজের ফলে কেহ ক্ষতিগ্রস্ত হইলে তাহা দণ্ডবিধির ২৭৯, ২৮০, ২৮২, ২৮৪-২৮৯ ধারায় দণ্ডনীয় অপরাধ। negligence দ্র.।

ground n. & vb. হেতু ১. বি. কোনো কিছুর ভিত্তি। যেমন, কোনো আইনসমত দাবি বা যুক্তিভর্কের ভিত্তি। ২. ক্রি. কোনো কিছুর মূলসূত্র বা ভিত্তি হওয়া। যেমন, আইনের একটি বৈচারিক সিদ্ধান্তের ভিত্তি হওয়া।

- groundless charge ভিত্তিহীন অভিযোগ ফৌজদারি কার্যবিধির ২৪১ক ধারাঅনুসারে মামলার নথিপত্র এবং উভয়পক্ষের বক্তব্যশ্রবণের পর যদি ম্যাজিট্রেটের
 নিকট প্রতীশ্বমান হয় যে, ভিত্তিহীন অভিযোগ আনয়ন করা হইয়াছে, তবে তিনি
 আসামিকে অব্যাহতি দিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ২৫০ ধারা-অনুসারে,
 ম্যাজিট্রেট ভিত্তিহীন অভিযোগ আনয়নের জন্য অভিযোগকারীকে ফতিপূরণ দেওয়ার
 জন্য কারণ দর্শাইতে পারেন। ২৬৫গ ধারা-অনুসারে, দায়রা আদালত মামলার
 কাগজপত্র পর্যালোচনা ও বক্তব্য শ্রবণের পর যদি মনে করেন যে, আসামির বিরুদ্ধে
 আনীত অভিযোগ ভিত্তিহীন, তবে তিনি আসামিকে অব্যাহতি দিতে পারেন।
- ground rent ভূমির খান্ধনা ভূসম্পত্তি বন্দোবস্ত দেওয়া হইলে ভূম্যধিকারী যে-হারে প্রজার নিকট হইতে চুক্তি-অনুযায়ী বার্ষিক খাজনা পাইতেন। ভূম্যধিকারী সেলামি গ্রহণ করিয়া বা বিনা সেলামিতে ভূসম্পত্তি বন্দোবস্ত দিলে চুক্তি-অনুযায়ী যে-হারে বার্ষিক খাজনা তাঁহার পাওনা হইত, তাহাই ভূমির খাজনা। সাধারণত সেলামি গ্রহণ করিলে খাজনার হার কম হইত এবং বিনা সেলামিতে বন্দোবস্ত দিলে খাজনার হার বেশি হইত। বর্তমানে সকল জমির মালিক সরকারকে খাজনা প্রদান করেন।
- growing-up crop বাড়ন্ত ফসল ক্ষেতের সমস্ত শাকসবজি এবং ফসল, এমন কী, পান এবং আখকেও বাড়ন্ত ফসলব্ধপে গণ্য করা হয়। বাড়ন্ত ফসল স্থাবর সম্পত্তিরূপে গণ্য হয় না।
- guarantee n. জামানত বি. ১, কোনো দেনাদার তাঁহার পাওনাদারের দেনা শোধ করিতে ব্যর্থ হইলে তাঁহার পক্ষে যে-ব্যক্তি উক্ত দেনা পরিশোধ করিতে অঙ্গীকারাবদ্ধ হন, তাঁহাকে জামিনদার এবং ওই চুক্তিকে জামানত বলা হয়। জামানতনামা লিখিত ইইতে হয়। দেনা-পরিশোধে দেনাদারের ব্যর্থতার জন্য জামিনদার পাওনাদারের পাওনা পরিশোধ করিয়া দিতে বাধ্য হইলে সেই অর্থ তিনি দেনাদারের নিকট হইতে আদায় করিবার অধিকারী হন। ২. গ্যারান্টি বি. সংবিধানের ১৫২ অনুচ্ছেদ-অনুসারে, গ্যারান্টি বলিতে বুঝায়, কোনো উদ্যোগের মুনাফা নির্ধারিত পরিমাণের অপেক্ষা কম হইলে তাঁহার জন্য অর্থ প্রদান করিবার বাধ্যবাধকতা। ৩. জামিন বি. তৃতীয় কোনো ব্যক্তি ঋণগ্রহীতার পক্ষে ব্যাংক-ঋণের যে-দায়িত্বগ্রহণ করে। ৪. warranty দ্র.।
- guardian n. অভিভাবক বি. ১. কোনো নাবালকের শরীর বা সম্পত্তি অথবা উভরের হেফাজতকারী। আঠার বৎসরের কমবয়স্ক ব্যক্তি আইনত নাবালক। তবে সম্পত্তির ক্ষেত্রে এবং আদালতকর্তৃক নাবালকের কোনো অভিভাবক নিযুক্ত হইলে সেই ক্ষেত্রে একুশ বৎসর বয়স প্রাপ্ত না হওয়া পর্যন্ত নীবালকত্ব বহাল থাকে। মুসলিম আইন-অনুযায়ী পুত্রসন্তানের সাত বৎসর বয়স পর্যন্ত এবং কন্যাসন্তানের যৌবনপ্রাপ্তি পর্যন্ত

মাতা তাহার শরীরের হেফাজতকারী অভিভাবক এবং তাহার পর পিতা তাহার শরীরের হেফাজতকারী অভিভাবক। মুসলমান আইন-অনুযায়ী পিতা, পিতার অবর্তমানে তাঁহার ইচ্ছাপত্রের নির্বাহী, তাঁহার অবর্তমানে পিতামহ এবং তাঁহার অবর্তমানে তাঁহার উইলের নির্বাহী নাবালকের সম্পত্তির অভিভাবক। তদ্রুপ কোনো অভিভাবক না থাকিলে আদালতকর্তৃক নিযুক্ত ব্যক্তি নাবালকের অভিভাবক হন। বর্তমানে পারিবারিক আদালত নাবালকের অভিভাবক নিযুক্ত করেন। নাবালকের অভিভাবক নিযুক্ত করেবার সময়ে আদালত নাবালকের কল্যাণকে সর্বোচ্চ বিবেচনায় নইয়া থাকেন। ২. হিন্দু আইনে নাবালকের দেহ অথবা তাহার সম্পত্তি অথবা উভয়ের উপর তত্তাবধানকারী।

quardian ad-litem মোকদ্দমার অভিভাবক দেওয়ানি মোকদ্দমার বিবাদী নাবালক হইলে আদালত ন্যায়বিচারার্থে উক্ত নাবালকের পক্ষে মামলা-পরিচালনার জনা যে-অভিভাবক নিয়োগ করেন। দেওয়ানি কার্যবিধির ৩২ আদেশের ৩ নিয়মের ১ উপনিয়মে বলা হইয়াছে যে় কোনো মামলায় বিবাদী যদি নাবালক হয়, তবে আদালতে সন্তোমজনকভাবে তাহার নাবালকত প্রতীয়মান হইলে আদালত মামলা-পরিচালনার জন্য নাবালকের একজন অভিভাবক নিয়োগ করিবেন। ৪ নিয়মের ১ উপনিয়মে বলা হইয়াছে যে, সুস্থমনা ও প্রাপ্তবয়ন্ধ যে-কোনো ব্যক্তি মামলায় নাবালকের অভিভাবকরূপে কাজ করিতে পারিবেন। তবে শর্ত থাকে যে, উক্ত ব্যক্তির শার্থ ও নাবালকের স্বার্থ পরস্পরবিরোধী হইবে না এবং উক্ত ব্যক্তি মামলার অন্যতম वामी वा विवामी रहेरल हालाव्य ना । 8 नियुत्पत 8 छेर्भानियय वला रहेग्राष्ट्र य्य. নাবালক বিবাদীর পক্ষে মামলায় অভিভাবকরূপে কাজ করিবার উপযুক্ত ও ইচ্ছুক **কাহাকেও পাওয়া না গেলে আদালত উহার কোনো কর্মকর্তাকে অভিভাবক নিযুক্ত** করিতে পারিবেন। এইরূপ ক্ষেত্রে আদালত নির্দেশ দিতে পারিবেন যে. অভিভাবকরূপে কার্য-সম্পাদনকালে উক্ত কর্মকর্তার যে-খরচা হইবে তাহা মামলার এক বা একাধিক পক্ষ বহন করিবেন অথবা নাবালকের স্বার্থসংশ্রিষ্ট কোনো টাকা স্থাদালতে জমা থাকিলে তাহা হইতে উক্ত খরচা সংকুলান করা হইবে এবং ন্যায়নীতি ও অবস্থা বিবেচনায় অনুরূপ খরচা পরিশোধ বা অব্যাহতি সম্পর্কেও আদালত নির্দেশ দিতে পারিবেন। ৩২ আদেশের ৫ নিয়মে বলা হইয়াছে যে. অভিভাবক মামলায় নাবানকের প্রতিনিধিত করিবেন।

guardian of property সম্পত্তির অভিভাবক একজন সাধারণ বিজ্ঞ ব্যক্তি তাঁহার নিজের সম্পত্তির ব্যাপারে যেরকম সতর্কতা অবলম্বন করিয়া থাকেন, প্রতিপাল্যের সম্পত্তির অভিভাবক প্রতিপাল্যের সম্পত্তির ব্যাপারে অনুরূপ সতর্কতার সহিত কাজ করিবেন এবং উক্ত সম্পত্তির আদায়, সংরক্ষণ বা তাহার জন্য লাভজনক সমস্ত যুক্তিসংগত এবং যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

ञारेन-भन्नकाव : ७०

- guardian of the person শরীরের অভিভাবক প্রতিপাল্যের শরীরের অভিভাবকের উপর অর্পিত দায়িত্ব প্রতিপাল্যের তত্ত্বাবধান। তাঁহাকে অবশ্যই প্রতিপাল্যের ভরণপোষণ, স্বাস্থ্য ও শিক্ষার বিষয়ে নাবালক যে-আইনের অধীন সে আইন-অনুসারে করণীয় প্রয়োজনীয় বিষয়ে লক্ষ রাখিতে হইবে।
- guillotine n. গিলোটিন বি. সাধারণভাবে শিরচ্ছেদ করিবার একটি বিশেষ ধরনের যন্ত্র। 'গিলোটিন' শব্দটি জোসেফ ইগন্যাস গিলোটিন নামক একজন ফরাসি চিকিৎসকের নাম হইতে উদ্ভূত। তিনি ফরাসি গণপরিষদের সদস্য ছিলেন। গিলোটিন তখন সুপারিশ করেন, সকল মৃত্যুদও একটি যন্ত্রের মাধ্যমে কার্যকর করিতে হইবে। মানুষের মৃত্যুকে যাহাতে কম বেদনাদায়ক করা যায়, সেইজন্য গিলোটিন যন্ত্রের ব্যবহারের আইন পাশ করা হয়। রাষ্ট্রবিজ্ঞানে এবং পার্লামেন্টারি রাজনীতিতে গিলোটিন বলিতে বুঝায়, কোনো বিলের উপর ভোট লইবার জন্য আলোচনা সংক্ষিপ্ত বা শেষ করিবার নির্দেশ দেওয়া। 'আর আলোচনা নয় ভোট হউক'— এই ধরনের নির্দেশ। উত্থাপিত কোনো বিলের বা প্রস্তাবের উপর বির্তক সংক্ষিপ্ত বা শেষ করা।
- guilty adj. দোষী ,বিণ. ১. একজন আসামিকর্তৃক আদালতে তাঁহার বিরুদ্ধে আনীত অপরাধের অভিযোগের জবাবে দোষস্বীকার। যদি আসামির বিরুদ্ধে একাধিক অভিযোগ আনা হয়, তবে তিনি কোনোটিতে দোষস্বীকার এবং কোনোটিতে নিজেকে নির্দোষ বলিয়া দাবি করিতে পারেন। আসামি দোষ স্বীকার করিলে ফৌজদারি কার্যবিধির ২৪৩ ধারায় ম্যাজিস্ট্রেট এবং ২৬৫% ধারায় দায়রা বিচারক আসামিকে দোষী সাব্যন্ত করিয়া শান্তি দিতে পারেন। ২. মামলায় উপস্থাপিত সাক্ষ্যের ভিত্তিতে আসামি তাঁহার বিরুদ্ধে আনীত অপরাধ করিয়াছেন বলিয়া অথবা দগুযোগ্য অন্য কোনো অপরাধ করিয়াছেন বলিয়া আদালতের সংনির্ণয়। conviction ও verdict দ্র.।
- guilty knowledge অপরাধমূলক জ্ঞান কোনো বিশেষ অপরাধের ক্ষেত্রে কোনো ব্যক্তির অপরাধী মন থাকিবার জন্য ঘটনা বা পারিপার্শ্বিকতা সম্পর্কে যে-জ্ঞান থাকা আবশ্যক। সাধারণত তদ্রূপ জ্ঞান প্রত্যক্ষ জ্ঞান হইতে হয়, কিন্তু যখন কোনো ব্যক্তি ইচ্ছাকৃতভাবে সুম্পষ্ট ঘটনাসমূহ অগ্রাহ্য করেন, তখন সে-সম্পর্কে তাহার পরোক্ষ জ্ঞান আছে বলিয়া মনে কবা হয়।

Hh

habeas corpus হেবিয়াস কর্পাস, বন্দি হাজির কোনো ব্যক্তিকে সরকারি বা বেসরকারি হেফাজতে আটক করা হইলে তাহার বৈধতা চ্যালেঞ্জ করিবার জন্য উচ্চ আদানতকর্তৃক জারিকৃত একটি বিশেষাধিকারমূলক রিট। ইংল্যান্ডে রাজ্ঞাকীর বিশেষাধিকার হইতে উদ্ভূত উক্তরূপ প্রতিকার পাইবার জন্য আদিতে রাজ্ঞার নিকট আবেদন করিতে হইত। ইহা বর্তমানে কৃইস বেঞ্চ ডিভিশনের ডিভিশনাল কোর্টে আবেদনের মাধ্যমে লাভ করা যায়। যদি ওইরূপে পরওয়ানা জারির আবেদনপত্র বিকোনা করিয়া আদালতের নিকট দৃশ্যত প্রতীয়মান হয় যে, আটকাদেশ অবৈধ, তাহা ইইলে জিম্মাদারকে হাজির হইয়া তাহার ন্যায্যতা প্রতিপ্রাদন করিয়া আদেশ দেবয়া হয়। তিনি তাহা দেখাইতে ব্যর্থ হইলে বন্দিকে মুক্ত করিয়া দিবার আদেশ দেবয়া হয়। কোনো ব্যক্তিকে বেজাইনিভাবে বা অযথা আটক করা হইলে ফৌজদারি কার্যবিধির ৪৯১ ধারায় প্রদন্ত ক্ষমতাবলে হাইকোর্ট হেবিয়াস কর্পাস রিট জারি করিয়া তাহাকে মুক্ত করিয়া দিবার আদেশ দিতে পারেন। কোনো ব্যক্তিকে অবৈধভাবে সরকারি প্রহরায় আটক রাখা হইলে সংবিধানের ১০২ অনুচ্ছেদে প্রদন্ত ক্ষমতাবলে হাইকোর্ট হেবিয়াস কর্পাস রিটের ন্যায় আদেশজারির মাধ্যমে তাহা অবৈধ ঘোষণা করিতে পারেন।

habendum n. হস্তান্তরিত সম্পত্তির বিবরণ সম্পতি-হস্তান্তরের আইনগত প্রক্রিয়ায় দলিলের শেষে যে-দফায় গ্রহীতার অনুকূলে মনজুরকৃত বস্তুর মালিকানার পরিধি বর্ণিত হয়। ইহার কাজ ভূমিস্বত্ব এমনভাবে সীমিত করা যে, আইনের ব্যাখ্যার দারা গৃহপ্রান্দণাদিতে স্থানান্তরিত ভূমিস্বত্বের সামগ্রিক দিক নিয়ন্ত্রিত ও সীমিত হয়।

habit n. অজ্যাস, স্বভাষ বি. অন্তপ্রবণতা বা আচরণ; মানসিক গঠন। 'অজ্যাস'
শব্দ একই কাজ নিয়মিত বারেবারে সংঘটিত হইবার ফলে উদ্ভূত কোনো প্রবণতা বা
সামর্থ্য সূচিত করে। 'অজ্যাস' এবং 'অজ্যাসগতভাবে' শব্দ্বয় পুনঃপুন অনুশীলন বা
ব্যবহার নির্দেশ করে। অজ্যাস হইল কোনো কাজ একটি বিশেষপ্রকারে করিবার
প্রবণতা, বিশেষত একই কাজ একই নিয়মে পুনঃপুন করিবার ফলে অর্জিত প্রবণতা।
সাক্ষ্য আইনের ৭ ধারার উদাহরণ (গ)-অনুসারে বিষদিশ্ধ ব্যক্তির বিষপ্রয়োগের পূর্বে
স্বাস্থ্যের অবস্থা ও তাঁহার অজ্যাস প্রাসন্ধিক। 'অজ্যাস' শব্দের একটি সুম্পষ্ট এবং
স্ববিদিত অর্থ রহিয়াছে, যাহা 'রীতি'র কাছাকাছি এবং কোনো একটিমাত্র কর্মের
ক্ষেত্রে প্রযোজ্য নহে।

habitation, abode, domicile n. বাসস্থান, বাড়ি, নিবাস বি. 'বাসস্থান' হইল এমন স্থান যেখানে কোনো ব্যক্তি বসবাস করেন, তাহা কোনো বাড়ি, ঘর বা স্থায়ী সম্পত্তি হইতে হইবে, এইরূপ নহে। 'বাড়ি' প্রায় একই অর্থবোধক, তবে ইহার সহিত habitual default 8৬৮

উক্ত স্থানে কোনো ব্যক্তির নিরবচ্ছিন্ন বসবাস করিবার বিষয়টি অপেক্ষাকৃত কম সম্পর্কিত। 'বাসস্থান' হইল স্বাভাবিক বা নিয়মিত বসবাসের স্থান। 'নিবাস' বনিতে বাসস্থান ও বাড়ির অতিরিক্ত সামাজিক ও বেসামরিক শাসনব্যবস্থার সহিত সম্পর্ক নির্দেশ করে, ফলত ইহা একটি প্রায়োগিক উক্তি। 'বাড়ি' সন্তোষজনক বা অসন্তোষজনক কিংবা সুবিধাজনক বা অসুবিধাজনক হয়। বাসস্থান উপযুক্ত বা অনুপযুক্ত, স্বাস্থ্যকর বা অস্বাস্থ্যকর, প্রশস্ত বা সংকীর্ণ হয়। 'বাড়ি'র তুলনায় 'বাসস্থান' বনিতে অধিক বুঝায় প্রয়োজনীয় আশ্রয়। 'নিবাস' উক্তির আইনগত গুরুত্ব হইল কোনো নির্দিষ্ট স্থানে আবাস এবং ওই স্থানে থাকিবার ইচ্ছার সুম্পষ্ট বা অনুমানস্যুক্ত প্রমাণ।

- habitual default অভ্যাসগত খেলাপ যদি কোনো ভাড়াটিয়া ভাড়া বাকি রাখিতে অভ্যন্ত হন, তবে উহা অভ্যাসগত খেলাপ।
- habitual offender অভ্যাসগত অপরাধী কোনো ব্যক্তি যখন বারবার অপরাধমূলক কাজ করেন তখন তাঁহাকে অভ্যাসগত অপরাধী বলা হয়। ফৌজদারি কার্যবিধির ১১০ ধারায় অভ্যাসগত অপরাধীদের নিকট হইতে সদাচারণের নিমিত্তে ম্যাজিক্রেট কর্তৃক মুচলেকাগ্রহণ সম্পর্কে বলা হইয়াছে।
- habitual residence স্থায়ী আবাস যে-স্থানে বা দেশে কোনো ব্যক্তি সচরাচর (বিশেষত সপরিবারে) বাস করেন। নিবেশস্থাপনের জন্য স্থায়ী বাসস্থান আবশ্যক। domicile দ্র.।
- hacker n. তথ্যাপহরণকারী বি. কম্পিউটার-ব্যবহারে বা প্রোগ্রাম-রচনায় আনন্দ লাভ করেন বা কম্পিউটার প্রয়োগে দক্ষতা কাজে লাগাইয়া অপরের কম্পিউটার ফাইলে বা সঞ্চয়ভাগ্তারে অবৈধভাবে প্রবেশ করিয়া তথ্যাদি আহরণ করিবার চেষ্টা করেন, এমন ব্যক্তি।
- hacking n. হ্যাকিং, তথ্যাপহরণ বি. অবৈধ পস্থায় কম্পিউটার পদ্ধতিতে অনুপ্রবেশ। কম্পিউটারে প্রথিত কোনো তথ্যবিন্যাসে তথ্যাধিকারীর অনুমতি ব্যতিরেকে তাঁহার অজান্তে অনুপ্রবেশ করিয়া তথ্যাপহরণ করা। ইংল্যান্ডে ১৯৯০ সালের কম্পিউটার অপব্যবহার আইনে ইহা শাস্তিযোগ্য অপরাধ। কোনো একটি কম্পিউটার ব্যবহার করিয়া অন্য কোনো অপরাধের অভিপ্রায়ে (যেমন, চুরি, তহবিল স্থানান্তরিত করা) অপর একটি কম্পিউটারে অনুপ্রবেশ করিলে অথবা কম্পিউটারে রক্ষিত তথ্য বিনষ্ট, বিকৃত বা পরিবর্তিত করিলে এই অপরাধ সংঘটিত হইতে পারে। বাংলাদেশে তদ্ধেপ কোনো আইন না থাকিলেও কেহ কম্পিউটারে অনুপ্রবেশের মাধ্যমে অপরাধ সংঘটন করিলে তাহার জন্য শান্তি পাইবেন।
- hadith হাদিস রসুলুল্লাহ্র (সঃ) জীবনকালে তিনি যে-সমস্ত আদেশ দিয়াছিলেন এবং যাহা যাহা নিষেধ করিয়াছিলেন, তাহা মুসলমান আইনের দ্বিতীয় উৎস। রসুলুল্লাহ্র

জমানায় স্বাভাবিকভাবে বহুবিধ সরল ও জটিল সমস্যা, সহজ ও কঠিন প্রশ্ন বা সামান্য ও গুরুতর পরিস্থিতির উদ্ভব হয়। এইসব সমস্যা প্রশ্ন এবং পরিস্থিতির উদ্ভব হয়। এইসব সমস্যা প্রশ্ন এবং পরিস্থিতি সম্পর্কে জিজাসিত হইলে রসুলুল্লাহ্ কোরানে তাহার সমাধান শুঁজিতেন। সেখানে কিছু শুঁজিয়া না পাইলে রসুলুল্লাহ্ নিজেই সমাধান দিতেন। আর হাদিসের ভিত্তি হইতেছে এই সমস্ত সমাধান। এই সমাধানগুলিও অবশ্যপালনীয়। কোরানে যে-আদেশ-নিষেধ আসিয়াছে তাহার ভাষা ও ভাব আল্লাহ্তালার; আর হাদিসে যে-আদেশ-নিষেধ পাওয়া যায় তাহার ভাষা রসুলুল্লাহ্র এবং ভাব আল্লাহ্তালার। যেহেতু হাদিসও আল্লাহতালার নির্দেশ, ভাই আইননির্ধারণে হাদিসের দান অপরিসীম।

Hague Conventions হেগ কনভেনশন যুদ্ধ আইন-সম্পর্কিত ১৮৯৯ সালের তিনটি ও ১৯০৭ সালের ১৩টি বহুপক্ষীয় চুক্তিমালা, যাহা শান্তিপূর্ণ উপায়ে আন্তর্জাতিক বিরোধ-মীমাংসার হেগ বহুপক্ষীয় চুক্তিসমূহরূপে পরিচিত। ১৮৯৯ সালের বহুপক্ষীয় চুক্তিসমূহরারা আন্তর্জাতিক বিরোধ নিম্পত্তির জন্য স্থায়ী সালিশ আদালত প্রতিষ্ঠিত হইয়াছিল। ইহা স্থায়ী আন্তর্জাতিক বিচারাদালত ও আন্তর্জাতিক আদালত কার্য আরম্ভ করিবার পূর্ব পর্যন্ত কার্যকর ছিল। হেগ বহুপক্ষীয় চুক্তিসমূহ এখনও বলবৎ আছে, উহাদের বিধানসমূহ আধুনিক যুদ্ধের বেলায় প্রায়শ প্রয়োগের অযোগ্য নহে। এতৎসহ Geneva Conventions ও Martens Clause দ্র.।

Hague Rules হেগ বিধানাবলি bill of lading ও international carriage দ্ৰ. ৷

halat n. হৃদফ বি. হলফের প্রতি সেকালে সব মানুষের গভীর শ্রদ্ধা ছিল। এই কারণেই সাক্ষীকে হলফ দেওয়া হইত। হলফ দিবার পদ্ধতির মধ্যে অনেক পবিত্রতাব্যঞ্জক অনুষ্ঠানাদি সংযুক্ত ছিল। কাবার সংলগ্ন কিন্তু তাঁহার বহির্ভাগে একটি স্থান হলফের জন্য পৃথক করিয়া রাখা হইয়াছিল। এই স্থানকে হাতিম বলা ইইত। হাতিম শব্দের অর্থ ধাংসকারী। এই নাম হইতে বোঝা যায় তৎকালে মানুষের বিশ্বাস ছিল যে, কেহ হলফ লইয়া মিথ্যা বাক্য উচ্চারণ করিলে তাঁহার ধাংস হইবে।

half blood n. বৈমাত্রেয় বা বৈপিত্রেয় সম্বন্ধ একই মায়ের গর্জজাত কিন্তু ভিন্ন ভিন্ন পিতার ঔরসজাত এবং একই পিতার ঔরসজাত কিন্তু ভিন্ন ভিন্ন মায়ের গর্জজাত সন্তান-সন্ততির মধ্যে বিদ্যমান সম্বন্ধ । কোনো আইনে ব্যবহৃত 'সৎমা বা সৎপিতার সূত্রে জ্ঞাতিবর্গ বাক্যাংশের দ্বারা একই স্তরের অনুরূপ জ্ঞাতিবর্গকে বুঝাইলে উহাদারা যে-কোনো স্তরের অনুরূপ জ্ঞাতিবর্গকেও বুঝাইবে।

half-pay অর্ধবেতন বি. সক্রিয় তালিকাভুক্ত হওয়া সত্ত্বেও যে-সকল সামরিক কর্তাকে আপাতত সেনাবাহিনী বা নৌবাহিনীর কোনো দায়িত্ব পালন করিতে হয় না, তাঁহাদের পারিশ্রমিক প্রদানের একটি পদ্ধতি। সাধারণত সর্বশেষ প্রাপ্ত মাসিক বেতনের অর্ধেক তাগ। ইহা বর্তমানে কেবল ফিল্ড মার্শালদের ক্ষেত্রে প্রযোজ্য।

half-secret trust 890

half-secret trust নিমগোপন ন্যাস ইচ্ছাপত্র বা অন্য দলিল দারা সৃষ্ট যে-ন্যাসের অন্তিত্ব অনুরূপ ইচ্ছাপত্র বা দলিল মারফত প্রকাশ করা হয়, কিন্তু ইহার হিতগ্রাহীদের নাম গোপন থাকে, অছিদের জানা থাকিলেও প্রকাশ করা হয় না।

- half-yearly adj. ষান্মাসিক বিণ. প্রতি ছয়মাসে ঘটে, প্রকাশিত হয় বা করণীয়।
 ভাড়ার টাকা ষান্মাসিক প্রদানযোগ্য বলিতে প্রতি ছয়মাসে সম-পরিমাণে অর্থ
 পরিশোধ করা বুঝায়।
- Hanafi n. হানাফি বি. মুসলমানগণ সৃত্নি ও শিয়া এই দুই সম্প্রদায়ে বিভক্ত। আবার সৃত্নি মুসলমানগণ চারটি মজহাবে বিভক্ত: যথা, হানাফি, মালিকি, শাফিয়ি ও হামবিল। বাংলাদেশের অধিকাংশ সৃত্নি মুসলমানই সাধারণত হানাফি মতাবলম্বী। ওয়ারিশ- নির্ধারণের পদ্ধতিতে শিয়া ও সৃত্রির মধ্যে পার্থক্য রহিয়াছে। Abu Hanifa দ্র.।

handgun n. হাতবন্দুক বি. firearm দ্ৰ.।

- handicapped adj. প্রতিবন্ধী বিণ. শারীরিক এমন কোনো গুরুতর বা মানসিক অক্ষমতায় আক্রান্ত, যাহা কাজকর্ম করিবার সামর্থ্যকে সীমিত করে এবং স্বাভাবিক জীবনযাপনের ক্ষেত্রে প্রতিকূলতা বা অসুবিধার সৃষ্টি করে।
- handicraft n. হস্তশিল্প বি, বাণিজ্যের উদ্দেশ্যে বা মুনাফা অর্জনের উদ্দেশ্যে দৈহিক শ্রমদারা কোনো বস্তু বা বস্তুর অংশবিশেষ প্রস্তুত, পরিবর্তন, মেরামত বা নিষ্ঠুত করা। ইহাতে শোভাবৃদ্ধিপূর্বক বা অন্য কোনোভাবে বিক্রয়ের উপযোগী করা বুঝায়।
- handling stolen goods চোরাই মালামাল চালাচালি চোরাই মালামাল বলিয়া জানিয়া বা বিশ্বাস করিয়া অসংভাবে তাহা গ্রহণ করা অথবা চোরাই মালামাল নিজ জিম্মায় রাখা, অথবা অন্য কাহাকে তাহা রাখিতে, সরাইতে অথবা হস্তান্তর করিতে ব্যবস্থা করিয়া দেওয়া বা সাহায্য করা । দওবিধির ৪১১ ধারায় চোরাই মালামাল গ্রহণ করা অথবা রাখা দওনীয় অপরাধ।
- handwriting n. হস্তলিপি, হস্তাক্ষর, হাতের লেখা বি. সাক্ষ্য আইনের ৪৭, ৬৭ এবং ৭৩ ধারার পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত উপায়ে হস্তাক্ষর বা হস্তলিপি প্রমাণ করা যায়: (১) যিনি লিখিয়াছেন তাঁহার সাক্ষ্য দ্বারা; (২) যিনি লেখককে উক্ত বিষয় লিখিতে দেখিয়াছেন তাঁহার সাক্ষ্য দ্বারা; (৩) যিনি লেখকের হস্তাক্ষরের সহিত সুপরিচিত তাঁহার সাক্ষ্য দ্বারা; (৪) হস্তাক্ষর-বিশেষজ্ঞের দ্বারা হাতের লেখা তুলনা করিয়া। কোনো ব্যক্তি অন্য বান্তির হস্তাক্ষরের সহিত সুপরিচিত বলিতে কী বুঝায় তাহা সাক্ষ্য আইনের ৪৭ ধারার ব্যাখ্যায় বলা হইয়াছে। এক ব্যক্তি যথন অপর ব্যক্তিকে লিখিতে দেখিয়াছেন, অথবা যখন সেই ব্যক্তির নিকট প্রেরিত নিজের লিখিত বা নিজ কর্তৃত্বে লিখিত কোনো লিপির উস্তরে তাঁহার নিকট হইতে তাঁহার দ্বারা লিখিত বলিয়া প্রতীয়মান কাগজপত্র বরারবরই তাঁহার নিকট দাখিল হইয়া আসিতেছে, তখন

89) haq-shuffa

প্রথম ব্যক্তি শেষোক্ত ব্যক্তির হস্তাক্ষরের সহিত পরিচিত বলিয়া ধরা হয়। হাতের লেখা দারা কোনো ব্যক্তিকে শনাক্ত করা যায় অথবা কোনো হাতের লেখা সংশ্লিষ্ট ব্যক্তির, থাঁহার হাতের লেখা বলিয়া দাবি করা হয়, তাহা কি না তাহা হস্তরেখা-বিশেষজ্ঞের দারা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক নিরূপণ করা যায়। হস্তাক্ষরভিত্তিক শনাক্তকরণের ক্ষেত্রে কতিপয় বিষয় শ্বরণ রাখা প্রয়োজন। যেমন, বাত রোগ বা পক্ষাযাত রোগে আক্রান্ত ব্যক্তি পূর্বের ন্যায় লিখিতে বা সই করিতে পারেন না। এইসব ক্ষেত্রে সাধারণত হাত কাঁপে বা হাতের লেখা বাকা হইয়া যাইতে পারে।

hanging n. ফাঁসি বি. দেশের প্রচলিত আইনে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিদের মৃত্যুদণ্ড কার্যকর করিবার একটি পদ্ধতি হইতেছে ফাঁসি দেওয়া। বাংলাদেশে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিদের দণ্ড সাধারণত ফাঁসির মাধ্যমে কার্যকর করা হয়।

Hansard n. হ্যানসার্ড বি. ব্রিটিশ পার্লামেন্টের বিতর্কের আনুষ্ঠানিক বিবরণী প্রধাণতভাবে যে-নামে উল্লিখিত হয়। উনবিংশ শতান্দীতে হ্যানসার্ড পরিবার কমঙ্গ-সভার প্রতিবেদনসমূহ ছাপাইত বলিয়া ওইরূপ নামকরণ হইয়াছে। ১৯০৮ সাল হইতে সরকারি কার্যালয় তাহা ছাপাইয়া থাকে। কোনো বিধিবদ্ধ আইনে অস্পষ্টতা দেখা দিলে কোনো কোনো পরিস্থিতিতে সংবিধির বৈচারিক ব্যাখ্যায় সহায়তার জন্য হ্যানসার্ড ব্যবহার করিয়া উক্ত বিষয়ে পার্লামেন্টের কী ইচ্ছা ছিল, তাহা নির্ণয় করা হয়।

hag-shuffa হকশুফা, অগ্রক্রয়ের অধিকার মুসলমান আইনে কোনো স্থাবর সম্পত্তি অন্য কোনো ব্যক্তির নিকট বিক্রয় হইলে অন্য কোনো স্থাবর সম্পত্তির মালিক কর্তৃক তাহা ক্রয়সূত্রে অর্জনের অধিকার। বিক্রীত সম্পত্তির কোনো অংশীদার (*শাফি-ই-*শরিক), বর্তস্বতু ভোগের অংশীদার (*শাফি-ই-খালিত*) এবং সংলগু স্থাবর সম্পত্তির মালিক (*শাফি-ই-জর*) গুধুমাত্র অগ্রক্রয় দাবি করিতে পারেন। তবে প্রথম শ্রেণী দিতীয় শ্রেণীকে এবং দিতীয় শ্রেণী তৃতীয় শ্রেণীকে এই অধিকার হইতে বাদ দেয়। কিন্তু একই শ্রেণীর একাধিক ব্যক্তি দাবি করিলে তাঁহারা সমান অংশে দাবিকৃত সম্পত্তি পাইবার অধিকারী হইবেন। সম্পত্তির বিক্রয়কার্য সম্পূর্ণ হইলেই মাত্র তাহা অ্যক্রয়মনে দাবি করিবার অধিকার জন্মাইবে এবং ডিক্রি পাওয়া পর্যন্ত সেই অধিকার বহান থাকিতে হইবে। একজন অগ্রক্রয়াধিকারীর নিকট অন্য একজন অগ্রক্রয়াধিকারী অংশহারে অগ্রক্রয়ের অধিকার প্রয়োগ করিতে পারেন। যদি কোনো অগ্রক্রয়াধিকারী সম্পত্তি বিক্রম্ম হইবার খবর পাওয়ামাত্র লম্পঝম্প দিয়া দাবি (তলবি মোয়াসিবাত) না করেন এবং তৎপর সম্ভাব্য অতিস্বত্ত্বর তলবি মোয়াসিবাত করিয়াছে প্রকাশপূর্বক কেতা, বিক্রেতার সম্মুখে বা বিক্রয়সংক্রান্ত ঘরবাড়িতে যাইয়া অন্ততপক্ষে দুইজন সান্ধীর সন্মুখে অগ্রক্রয়ের আনুষ্ঠানিক দাবি না করেন, তিনি অথক্রয়ের অধিকার বলবং করিবার জন্য আদালতে নালিশ করিতে পারিবেন না। অকৃষি প্রজাস্বত্ম আইনের ২৪ ধারা-অনুসারে, অকৃষি সম্পত্তির অংশীদারকে এবং রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৯৬ ধারা-অনুসারে, কৃষি সম্পত্তির অংশীদার ও সংলগ্ন জমির মালিককে অগ্রক্রয়ের অধিকার প্রদান করায় বর্তমানে অধিকাংশ ক্ষেত্রে মুসলমান আইন-অনুসারে অগ্রক্রয়ের অধিকার প্রয়োগের আবশ্যকতা নাই।

harassment of debtors খাতক-হন্নরানি খাতক অথবা খাতক বলিয়া বিশ্বাস করা হয় এইরূপ ব্যক্তিকে তাঁহার ঋণ পরিশোধ করিতে বাধ্য করিবার জন্য উদ্দিষ্ট ব্যবহার। ইংল্যান্ডে ইহা অর্থদণ্ডে দণ্ডনীয় একটি ফৌজদারি অপরাধ।

harassment of occupier দখলকারের হয়রানি ইংল্যান্ডে বাড়ির মালিক বা তাঁহার প্রতিনিধিকর্তৃক আদালতের আদেশ ব্যতীত বসতবাড়িতে দখলকার ভাড়াটিয়াকে বলপ্রয়োগে অথবা অন্য কোনোভাবে চাপপ্রয়োগে উক্ত সম্পত্তির দখল তাঁহার বরাবরে ছাড়িয়া দিতে বাধ্য করিবার জন্য ভাড়াটিয়ার পারিবারিক সুখশান্তি নট করা, বিদ্যুৎ, গ্যাস ইত্যাদি বিচ্ছিন্ন করাসহ ভাড়াটিয়ার সাধারণভাবে আবশ্যকীয় পরিষেবা বন্ধ করা দখলকারের হয়রানিবিশেষ।

n. আশ্রয়দান দণ্ডবিধির ৫২(ক) ধারায় বলা হইয়াছে যে, ১৫৭ ধারা harbour ব্যতীত এবং ১৩০ ধারায় যেখানে আগ্রিত ব্যক্তিকে তাঁহার স্ত্রী বা স্বামী আশ্রয়দান করেন বা রক্ষা করেন তাহা ব্যতীত, অন্যসকল ক্ষেত্রে গ্রেপ্তার এড়াইবার উদ্দেশ্যে কোনো ব্যক্তিকে আশ্রয়, খাদ্য, পানীয়, অর্থ, বস্ত্র, অন্ত্রশন্ত্র, গোলাবারুদ বা পরিবহণ সরবরাহ করা অথবা কোনো ব্যক্তিকে যে-কোনো মাধ্যমের সাহায্যে— উহা এই ধারায় উল্লিখিত মাধ্যমসমূহের তুল্য হউক বা না হউক— সাহায্য করা, আশ্রয়দান কথাটির অন্তর্ভুক্ত হইবে। দণ্ডবিধির ২১৬ ধারায় হাজত হইতে পলাতক ব্যক্তিকে বা গ্রেপ্তারের জন্য আদিষ্ট অপরাধীকে আশ্রয়দানের শান্তি সম্পর্কে এবং ২১৬ (ক) ধারায় দস্যু বা ডাকাতকে আশ্রয়দানের শান্তি সম্পর্কে বলা হইয়াছে, তবে উভয় ধারার ব্যতিক্রম-অনুসারে স্বামী বা স্ত্রী কর্তৃক আশ্রয়দান শান্তিযোগ্য হইবে না। দণ্ডবিধির ২১২ ধারা-অনুসারে, কোনো ব্যক্তিকে মৃত্যুদণ্ডে দণ্ডনীয় অপরাধে অপরাধী বলিয়া জানা সত্ত্বেও আশ্রয়দান করিলে আশ্রয়দানকারী তিন বৎসর পর্যন্ত কারাদণ্ড ও তদুপরি অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন: এবং দশ বৎসরের কম শান্তিযোগ্য অপরাধীকে আশ্রয়দান করিলে আশ্রয়দানকারী অপরাধটির জন্য ব্যবস্থিত কারাদণ্ডের এক-চতুর্থাংশ কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

harbouring n. আশ্রমদান বি. কোনো অপরাধীকে অথবা অপরাধকারী বিনয়া
সন্দেহ করা হয় এইরূপ ব্যক্তিকে লুকাইয়া রাখা। ইংল্যান্ডে কোনো আসামিকে আশ্রয়
দেওয়া তাঁহাকে গ্রেপ্তার অথবা বিচারে সোপর্দকরণে ব্যাঘাতসৃষ্টির অপরাধ।
বাংলাদেশের আইনেও কোনো অপরাধীকে আশ্রয় দেওয়া দওনীয় অপরাধ। দওবিধির
২১২ ধারা-অনুসারে কখনো কোনো অপরাধ অনুষ্ঠান করিয়াছেন, এইরূপ কোনো
ব্যক্তিকে যে-ব্যক্তি আইনানুগ শান্তি হইতে অব্যাহতিদানের অভিপ্রায়ে আশ্রমদান

করেন বা লুকাইয়া রাখেন, যাঁহাকে তিনি অপরাধী বলিয়া জানেন বা অপরাধী বলিয়া বিশ্বাস করিবার কারণ থাকে, অপরাধটি মৃত্যুদণ্ডে দর্গ্তাহ হইলে, সেই ব্যক্তি পাঁচ বংসর পর্যন্ত কারাদণ্ডে এবং অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং অপরাধটি দশবংসর বা যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডনীয় হইলে তিন বংসর পর্যন্ত কারাদণ্ড এবং অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং একবংসর হইতে দশ বংসরের কম কারাদণ্ডে দণ্ডনীয় হইলে সেই অপরাধের জন্য সর্বোচ্চ কারাদণ্ডের এক-চত্তর্থাংশ কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

harbouring an offender অপরাধীকে আশ্রয়দান harbouring দ্র.।

hard and soft currency দুর্লন্ড ও সুলভ মুদ্রা, অনমনীয় ও নমনীয় মুদ্রা মুদ্রার মূদ্রা প্রবিত্তনের ফলে এক একক বিদেশী মুদ্রার বিনিময়ে পূর্বের অপেক্ষা কম দেশীয় মুদ্রা পাওয়া গেলে তাহাকে অনমনীয় মুদ্রা বলা হয় এবং বিপরীত অবস্থার সৃষ্টি হইলে তাহাকে দুর্বল মুদ্রা বলা হয়।

hardship n. ক্রেশ, কষ্ট বি., ক্ষটকর পরিস্থিতি ক্রেশ বলিতে অকিঞ্চিৎকর অসুবিধা এবং নগণ্য লোকসান কিংবা সাময়িকভাবে কোনো ব্যবসায়িত সুযোগহানি অপেক্ষা কঠোর এবং অধিক কঠিন কষ্টকর অবস্থা বুঝায়। আর্থিক, ব্যক্তিগত বা অন্যবিধ যে-কোনো উল্লেখযোগ্য ক্ষতিই ক্রেশের অন্তর্ভুক। সুনির্দিষ্ট প্রতিকার আইনের ২২(২) ধারা-অনুসারে, যেখানে চুক্তি বলবৎ করিলে বিবাদীকে কষ্টে ফেলিবে, যাহা তিনি পূর্বে বৃঝিতে পারেন নাই, অপরদিকে তাহা বলবৎ না করিলে বাদীর কোনো কষ্ট হইবে না, সেক্ষেত্রে আদালত স্ববিবেচনায় চুক্তি বলবৎ করিবার ডিক্রি প্রদান না করিতে পারেন।

harmonious construction সামঞ্জন্যপূর্ণ ব্যাখ্যা সংবিধিবদ্ধ আইনের ব্যাখ্যা করিবার ক্ষেত্রে ইহা একটি স্বীকৃত নিয়ম যে, উহাতে ব্যবহৃত উক্তিসমূহ সাধারণত এইরূপ অর্থে বৃঝিতে হইবে যেন উহা সংবিধি-প্রণয়নের উদ্দেশ্যের সহিত উত্তমরূপে সামঞ্জন্যপূর্ণ হয় এবং আইনসভার উদ্দেশ্যকে সার্থক করে। যদি কোনো উক্তি একই সঙ্গে সংকীর্ণ বা পরিভাষাণত অর্থে এবং লোকপ্রিয় অর্থে প্রয়োগযোগ্য করা হয়, তাহা হইলে ইহা ধরিয়া লওয়া আদালতের জন্য যুক্তিসংগত হইবে যে, আইনসভা এইরূপ অর্থে উহা ব্যবহার করিয়াছেন যাহার দ্বারা বাঞ্জিত লক্ষ্য কার্যকর হয় এবং ইহার ক্ষমতাপ্রয়োগকে অকার্যকর করে এইরূপ অর্থ আদালত বর্জন করিবেন।

harmonization of laws আইনসমূহের সমন্বয়করণ বিশেষত বাণিজ্যিক বিষয়াদিতে সাধারণ স্বার্থে ইয়োরোপীয় কমিশনকর্তৃক প্রণীত আইনের আলোকে ইউরোপীয় ইউনিয়নের অন্তর্ভুক্ত সদস্য-রাষ্ট্রগুলি যে-প্রক্রিয়ায় জাতীয় আইন পরিবর্তন করিয়া সমতা আনয়ন করে। উদাহরণস্বরূপ, কাউনসিল অফ ইয়োরোপীয়ান কোম্পানি আইন ও পরিমাপের এককসমূহের মধ্যে সামঞ্জস্যবিধানের জন্য নির্দেশ জাবি করিয়াছে। hat-bazar 898

hat-bazar n. হাট-বাজার বি. রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ২ ধারাঅনুসারে, হাটবাজার বলিতে সে-জায়ণাকে বোঝায় যেখানে কোনো সপ্তাহে প্রতিদিন
বা বিশেষ বিশেষ দিনে প্রধানত কৃষি বা উদ্যানজাত সামগ্রী, গবাদি পত, হাসমুরণি,
পতর চামড়া ও ত্বক, মাছ, মাংস, ডিম, দুধ, দুগ্ধজাত সামগ্রী, বা অন্য কোনো
খাদদ্রব্য বা পানীয় দ্রব্য বা দৈনদিন জীবনের প্রয়োজনীয় অন্যান্য দ্রব্য ক্রয়-বিক্রয়ের
জন্য লোকসমাগম হয় এবং ওই স্থানে অবস্থিত ওই সকল জিনিসের বা শিল্পের দ্রব্যের
দোকানসমূহকেও বুঝায়। মামলার সিদ্ধান্তে হাটের সংজ্ঞার্থে বলা হইয়াছে যে, (১)
ইহা একটি জায়গা; (২) যেখানে জনগণ প্রত্যেকদিন অথবা সপ্তাহের নির্দিষ্ট দিনে
একত্রিত হয়; (৩) একত্রিত হয় কৃষিজাত বা বাগানজাত দ্রব্য বা অন্যান্য জিনিস ক্রয়বিক্রয়ের জন্য; এবং (৪) এই জায়গায় সব জিনিসের দোকান বা তৈরি দোকানও
ইহার অন্তর্ভুক্ত হইবে। Golam Hossain Khan v. Abdul Mannaf Khan 35
DLR 331 দ্র.।

hazardous adj. বিপদসঙ্কুল বিণ. বিপদ অথবা ক্ষতির আশদ্ধাপূর্ণ। জনস্বাস্থ্যের জন্য পুরোপুরি বিপদসঙ্কুল বা মহা বিপজ্জনক। এই শব্দটি জঞ্জাল সরানো, আবর্জনার উৎস দূর করা অথবা অসুস্থতার কারণসমূহ প্রশমনের জন্য কোনো স্বাস্থ্য-পরিষদকে ক্ষমতাপ্রদান করিয়া প্রণীত আইনে সাধারণত ব্যবহৃত হয়।

headings n. শিরোনাম বি. কোনো সংবিধির ধারাগুলির পূর্বে স্থাপিত শব্দাবলি। এই শব্দগুলি প্রস্তাবনার মতো বিবেচনা করা হয় এবং আইনের কোনো দ্বার্থতা নিরসনের জন্য ইহাদের সাহাযা লওয়া যাইতে পারে।

headman n. কারবারি বি. পার্বত্য জেলাসমূহে ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য উহাদের প্রত্যেক মৌজায় একজন মৌজা প্রধান থাকিবেন, এবং তিনি তহশীলদারের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

headnote n. শীর্ষলেখ বি. একটি আইন-বিষয়ক প্রতিবেদনে বৈচারিক মতামতের পূর্বে মুদ্রিত মামলার সারাংশ, যাহা আইন-বিষয়ক কোনো প্রশ্নের উপর দৃষ্টি নিবদ্ধ করে এবং ওই প্রশ্নের সহিত সংশ্লিষ্ট প্রাসঙ্গিক তথ্যাবলি অন্তর্ভুক্ত করে। ইহা মামলাটির একটি সৃচিপত্রের মতো।

heard and finally decided শ্রুন্ত এবং চূড়াস্তর্মণে মীমাংসিত দোবারা দোষ (res judicata) অর্থাৎ 'পূর্ব বিচারিত' যুক্তির সমর্থনের জন্য ইহাই যথেষ্ট নহে যে, পক্ষসমূহ একই এবং বিচার্যবিষয়ও একই ছিল। বিষয়টি অবশ্যই 'শ্রুত এবং চূড়ান্তরূপে মীমাংসিত' হইয়া থাকিতে হইবে। ঘটনার প্রশ্নে মোকদ্দমার কোনো পক্ষের শপথের উপর নির্ভর করিয়া আপিল আদালত প্রথম আদালতের কোনো ডিক্রি অনুমোদন করিলেও আপিল আদালতের ডিক্রিন্থারা চূড়ান্ত নিষ্পত্তি বুঝায়।

- hearing n. শুনানি বি. আদালতে কোনো মামলার বিচারকার্য। মামলার শুনানি সাধারণত জনসমূথে অনুষ্ঠিত হয়। কিন্তু কোনো কোনো পরিস্থিতিতে শুনানিতে জনসাধারণের উপস্থিতি বারিত করা যায়। পারিবারিক আদালতে মামলার শুনানিতে জনসাধারণের উপস্থিতি বারিত করিয়া গোপনে মামলা বিচার করিবার বিধান আছে। দেওয়ানি কার্যবিধির ৯ আদেশের ৩ নিয়ম-অনুসারে, মামলা শুনানির জন্য ডাক পড়িলে যদি কোনো পক্ষই হাজির না থাকে, তবে আদালত মামলা খারিজের আদেশ দিতে পারেন। দেওয়ানি কার্যবিধির ২২ আদেশের ৬ নিয়মে মামলার শুনানি সমাপ্ত হওয়ার অর্থ হইতেছে, মামলার পক্ষগণের দ্বারা মামলাসংক্রান্ত সর্বশেষ কার্য সম্পন্ন হওয়া। শুনানির পর মামলার পক্ষদের আর করণীয় কোনো কার্য থাকে না।
- hearing of appeal আপিলের শুনানি দেওয়ানি কার্যবিধির ৪১ আদেশের ১২ নিয়মঅনুসারে, আপিল আদালত ১১ নিয়ম-অনুযায়ী আপিল খারিজ না করিলে উহার
 শুনারির জন্য দিন ধার্য করিবেন। আদালতের কার্যভার, প্রতিবাদীর বাসস্থান এবং
 আপিলের নোটিশজারির জন্য প্রয়োজনীয় সময় বিবেচনা করিয়া উক্ত শুনানির দিন
 ধার্য করিতে ইইবে, যাহাতে প্রতিবাদী নির্ধারিত তারিখে আদালতে হাজির হইয়া
 জ্ববাবদানের জন্য সময় পান। ৪১ আদেশের ১৬ নিয়ম-অনুসারে, আপিল আদালত
 প্রথমে আপিলকারীর বক্তব্য শ্রবণ করিবেন। অতঃপর আপিল খারিজ না করিলে
 আপিলের বিপক্ষের বক্তব্য শ্রবণ করিবেন। বিপক্ষের বক্তব্যশ্রবণের পর আপিলকারী
 জ্বাব দিতে পারিবেন।
- hearing of the suit মোকদ্দমার শুনানি দেওয়ানি কার্যবিধির ১৮ আদেশের ১
 নিয়ম-অনুসারে, বাদীপক্ষ প্রথমে বক্তব্য পেশ করিবেন। তবে কোনো আইনত কারণে
 বাদী প্রতিকার পাইবেন না বলিয়া বিবাদী দাবি করিলে বিবাদীই প্রথমে বক্তব্য পেশ
 করিবেন।
- hearsay n. জনশ্রুতি বি. ১. প্রথাগতভাবে, এমন কোনো সাক্ষীকর্তৃক প্রদত্ত সাক্ষ্য,

 যিনি নিজে ব্যক্তিগতভাবে যাহা জানেন, তাহা বর্ণনা করেন না, অন্যেরা কী
 বিন্মাছেন, তাহা বর্ণনা করেন এবং যে-সাক্ষ্য ওই সাক্ষী ভিন্ন অন্য কোনো ব্যক্তির
 বিশ্বাসযোগ্যতার উপর নির্ভরণীল। ২. যুক্তরাষ্ট্রের ফেডারেল আইনে, একজন
 বিবৃতিদাতা বিচারে বা গুনানিতে সাক্ষ্য দেওয়ার সময়ে যে-বিবৃতি দিয়াছেন, উহা ভিন্ন

 অন্য কোনো বিবৃতি, যাহা কথিত দাবির সত্যতাপ্রমাণের জন্য সাক্ষ্য হিসাবে প্রদান
 করা হয়।
- hearsay evidence শোনা সাক্ষ্য, জনরবভিত্তিক সাক্ষ্য কোনো ঘটনা যিনি প্রত্যক্ষ করিয়াছেন, তাহার নিকট হইতে উক্ত ঘটনার বিবরণ শুনিয়া কোনো ব্যক্তি সে-ঘটনা সম্পর্কে যে-সাক্ষ্য দেন, সেইরূপ সাক্ষ্যকে শোনা সাক্ষ্য বা জনরবভিত্তিক সাক্ষ্য বলা হয়। কতিপয় ব্যতিক্রমী ক্ষেত্র ব্যতীত শোনা সাক্ষ্য আদালতের নিকট গ্রহণযোগ্য

নহে। সাক্ষ্য আইনের ৬০ ধারায় বলা হইয়াছে যে, বাচনিক সাক্ষ্য সকল ক্ষেত্রে প্রত্যক্ষ হইতে হইবে অর্থাৎ যে-ঘটনা দর্শনযোগ্য যিনি তাহা দেখিয়াছেন, যে-ঘটনা অন্য কোনো ইন্দ্রিয়ের দারা উপলব্ধি করা সম্ববপর, যিনি তদ্মারা তাহা উপলব্ধি করিয়াছেন, তাঁহাকেই সে-সম্পর্কে তাহার সাক্ষ্য দিতে হইবে। সাক্ষ্য আইনের ৩২ ধারায় উল্লিখিত ক্ষেত্রেই মাত্র শোনা সাক্ষ্য আদালতের নিকট গ্রহণযোগ্য। উক্ত ধারায় বলা হইয়াছে যে, মৃত্যুর পূর্বে কোনো ব্যক্তি তাঁহার মৃত্যুর কারণ সম্পর্কে কোনো বিবরণ দিলে; ব্যবসা, পেশাগত দায়িত্বপালন, বা লেনদেনের ক্ষেত্রে কোনো বিবরণ দিলে; নিজ স্বার্থবিরুদ্ধ কোনো বিবরণ দিলে: সর্বসাধারণের অধিকার সম্পর্কে কোনো মতামত প্রদান করিলে; পারিবারিক বিষয়-সম্পর্কে ইচ্ছাপত্র বা অন্য দলিলে তাঁহার কোনো বিবৃতি লিপিবদ্ধ হইয়া থাকিলে; কতিপয় ব্যক্তির অনুভৃতি বা ধারণা সম্পর্কে কোনো বিবৃতি প্রদন্ত হইলে; এবং বিচার্য বিষয়ের সহিত প্রাসন্থিক কোনো মনোভাব বা ধারণা তাহাতে ব্যক্ত হইলে: ওই ব্যক্তি মারা গেলে, তাঁহাকে পাওয়া না গেলে, অথবা তিনি সাক্ষ্য দিতে অক্ষম হইলে, অথবা তাঁহাকে আদালতে হাজির করা না গেলে তাহা সাক্ষা হিসাবে গ্রহণযোগ্য। শোনা সাক্ষ্য অবশাই অন্যের সাক্ষ্যদারা সমর্থিত হইতে হইবে। কেবল শোনা সাক্ষ্য বিশ্বাস করা আদালতের উচিত নহে। কোনো প্রত্যক্ষদর্শী শোনা সাক্ষ্য সমর্থন করিলে সেক্ষেত্রে তাহা বিবেচিত হইতে পারে।

heirs and assigns উত্তরাধিকারী ও স্বত্বার্পিত ব্যক্তি উত্তরাধিকারীর সহিত স্বত্বার্পিত ব্যক্তি' সংযোজন সম্পতি-হস্তান্তরের ক্ষেত্রে এখন বিশেষ কোনো মূল্য বহন করে না। 'উত্তরাধিকারী' শব্দটিই ভূস্বত্ব হস্তান্তরের জন্য যথেষ্ট; 'স্বত্বার্পিত ব্যক্তি' উক্তি কোনো সীমাবদ্ধতা আরোপ করে না, ইহা কেবল এই অর্থ সূচিত করে যে, কোনো ব্যক্তি একটি অর্পনযোগ্য ভূস্বত্ব গ্রহণ করিতেছেন। কোনো ব্যক্তিকে ও তাঁহার উত্তরাধিকারী ও স্বত্বার্পিত ব্যক্তিগণকে প্রদন্ত মনজুরি দ্বারা ভূস্বত্ব সম্পূর্ণ নিরন্ধুশভাবে অর্জনের অর্থই সংগত এবং যথাযথ।

hiba-bil-awaz

- held adj. ধৃত, গৃহীত, দখলকৃত বিণ., স্বত্বাধিকারভুক্ত বিবেচিত ১. কোনো ন্ধমি, বস্তু বা সম্পত্তি বাস্তবিক দখল রাখার ভাব। ২. ওইরূপ দখলে রাখিবার আইনগত অধিকার থাকা বা অধিকার দাবি করার ভাব। ধৃত বলিতে মালিকানা ও দখল উভয়ই বুঝায়। কেবল দখল অর্থে ইহা ব্যাখ্যা করা সম্ভবপর নহে।
- hereditament n. উত্তরাধিকার বি. ১. ঐতিহাসিকভাবে, উত্তরাধিকারীর নিকট বর্তাইবার যোগ্য স্থাবর সম্পত্তি। জমি ও বাড়ির মতো স্পর্শযোগ্য সম্পত্তিকে ভৌতিক উত্তরাধিকার এবং বর্তস্থত্ব ও অপরের জমিতে প্রবেশ করিয়া তাহা হইতে উপস্বত্ব গ্রহণ করিবার মতো স্পর্শ-অযোগ্য সম্পত্তিকে বিদেহী উত্তরাধিকার বলা হয়। ২. অভিকর ধার্যের উদ্দেশ্যে যে-ভূমিখণ্ডের পৃথক মূল্য নির্ধারণ করা হয়।
- hereditary property বংশগত সম্পত্তি, উত্তরাধিকারপ্রাপ্ত সম্পত্তি মুসলিম আইনে অন্থাবর বা স্থাবর সম্পত্তির মধ্যে অথবা পৈতৃক ও স্বোপার্জিত সম্পত্তির মধ্যে কোনো পার্থকা নাই। মৃত ব্যক্তির উত্তরাধিকারীগণ আইন-অনুসারে মৃত ব্যক্তির যেসব সম্পত্তি প্রপ্তি হন তাহা সবই উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পত্তি বলিয়া গণ্য হয়। কোনো ব্যক্তির মৃত্যু হওয়ামাত্রই তাঁহার সম্পত্তি উত্তরাধিকারীগণের উপর বর্তায়। উত্তরাধিকারীগণের মধ্যে আইননির্দিষ্ট উপায়ে বিভাগবন্টন না হওয়া পর্যন্ত উক্ত সম্পত্তি এজমালি বলিয়া গণ্য হয়।
- hiba n. হিবা, হেবা বি. মুসলিম আইনে দানকে হিবা বলা হয়। যখন কোনো এক ব্যক্তি বিনিময় ব্যতীত কোনো সম্পত্তি অপর এক ব্যক্তির নিকট অবিলম্বে হস্তান্তরিত করেন এবং শেষোক্ত ব্যক্তি বা তাঁহার পক্ষে অন্য কেহ উহা গ্রহণ করেন, তখন সেই সম্পত্তি-হন্তান্তর হিবা বা দান নামে অভিহিত হয়। মুসলিম আইন-অনুসারে, সুস্থমনের অধিকারী এবং নাবালক নহেন, এরূপ যে-কোনো মুসলমান দান করিয়া তাঁহার সম্পত্তি-হন্তান্তর করিতে পারেন। বৈধ হিবার তিনটি উপাদান: দাতা কর্তৃক দানের কথা ঘোষণা; দানগ্রহীতা বা তাঁহার পক্ষে অন্য কোনো ব্যক্তি কর্তৃক সুম্পষ্টভাবে উক্ত দানগ্রহণ, এবং দাতা কর্তৃক দানগ্রহীতাকে দানের বিষয়বস্তুর দখলপ্রদান। মুসলিম আইন-অনুসারে স্থাবর বা অস্থাবর কোনো সম্পত্তি দান আইনসিদ্ধ হইবার জন্য লিখিত হওয়ার প্রয়োজন নাই। মুসলিম আইন-অনুসারে দানকৃত সম্পত্তির দখল দানগ্রহীতাকে অর্পণ করিবার পূর্বে যে-কোনো দাতা দান রদ করিতে পারেন। কারণ দখল অর্পণের পূর্বে হিবা বা দান সম্পূর্ণ হয় না। দখল অর্পণের পর কিছু ব্যতিক্রম বাতীত আদালতের ডিক্রি ছাডা দান বদ করা যায় না।
- hiba-bil-awaz n. হিবা-বিল-ইওয়াজ বি. হিবা-বিল-ইওয়াজ হইতেছে পণের বিনিময়ে সম্পত্তি দান করা। ইহা প্রকৃতপক্ষে বিক্রয় এবং ইহাতে বিক্রয়-চুক্তির সকল অনুষস বর্তমান। সেইহেতু ইহাতে হিবা দানের মতো দখল-হস্তান্তর সম্পূর্ণ করিবার আবশ্যকতা নাই এবং হিবার মাধ্যমে সম্পত্তিতে অবিভক্ত অংশ (মুশা) বিভাজনযোগ্য

হইলে ও হস্তান্তর করা না গেলে তাহা হিবা-বিল-ইওয়াজের মাধ্যমে করা যায়।
ওইরূপ লেনদেন বৈধ হইবার জন্য দুইটি শর্ত আবশ্যক। একটি হইতেছে, দানগ্রহীতা
কর্তৃক প্রকৃতপক্ষে পণপ্রদান এবং অপরটি হইতেছে, দাতার পক্ষ হইতে তৎক্ষণাৎ
সম্পত্তি পরিত্যাগ করিয়া তাহা দানগ্রহীতাকে প্রদানের সরল অভিপ্রায়। ইহা
প্রকৃতপক্ষে বিক্রয় বিধায় একশত টাকা বা তদৃর্ধ্বমূল্যের স্থাবর সম্পত্তি হিবা-বিলইওয়াজমূলে হস্তান্তর করিতে হইলে তাহা নিবন্ধিত দলিলের মাধ্যমে করিতে হইবে।

High Court Division হাইকোর্ট বিভাগ সংবিধানের ৯৪(১) অনুচ্ছেদ-অনুসারে, -বাংলাদেশ সূপ্রিম কোর্ট নামে বাংলাদেশের একটি সর্বোচ্চ আদালত থাকিবে এবং আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ লইয়া তাহা গঠিত হইবে। সংবিধানের ১০০ অনুচ্ছেদ-অনুসারে, রাষ্ট্রপতির অনুমোদন লইয়া প্রধান বিচারপতি সময়ে সময়ে অন্য যে-স্থান বা স্থানসমূহ নির্ধারণ করিবেন, সেই স্থান বা হ্যানসমূহে হাইকোর্ট বিভাগের অধিবেশন অনুষ্ঠিত ইইতে পারিবে। সংবিধানের ১০১ অনচ্ছেদ-অনুসারে, সংবিধান বা অন্য কোনো আইনের দ্বারা হাইকোর্ট বিভাগের উপর থেরূপ আদি, আপিল ও অন্য প্রকার এখতিয়ার, ক্ষমতা ও দায়িত্ব অর্পিত হইয়াছে বা হইতে পারে উক্ত বিভাগের সেইরূপ এখতিয়ার ক্ষমতা ও দায়িত্ব থাকিবে। সংবিধানের ১০২ অনুচ্ছেদে হাইকোর্ট বিভাগের রিটজাতীয় ক্ষমতা প্রদান করা হইয়াছে। সংবিধানের ১০৯ অনুচ্ছেদ-অনুসারে, হাইকোর্ট বিভাগের অধন্তন সকল আদালত ও ট্রাইব্যুনালের উপর উজ বিভাগের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ-ক্ষমতা থাকিবে। ১১০ অনুচ্ছেদ-অনুসারে, হাইকোর্ট বিভাগের নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, উক্ত বিভাগের কোনো অধন্তন আদালতের বিচারাধীন কোনো মামলায় এই সংবিধানের ব্যাখ্যা-সংক্রান্ত আইনের এমন গুরুত্বপূর্ণ প্রশ্ন বা এমন জনগুরুত্বসম্পন্ন বিষয় জড়িত রহিয়াছে, সংশ্লিষ্ট মামলার মীমাংসার জন্য যাহার সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন, তাহা হইলে হাইকোর্ট বিভাগ উক্ত আদালত হইতে মামলাটি প্রত্যাহার করিয়া লইবেন এবং (ক) স্বয়ং মামলাটি মীমাংসা করিবেন: অথবা (খ) উক্ত আইনের প্রশুটি নিষ্পত্তি করিবেন এবং উক্ত প্রশ্ন সম্পর্কে হাইকোর্ট বিভাগের রায়ের নকলসহ যে-আদালত হইতে মামলাটি প্রত্যাহার করা হইয়াছিল, সেই আদালতে (বা অন্য কোনো অধস্তন আদালতে) মামলাটি ফেরত পাঠাইবেন এবং তাহা প্রাপ্ত হইবার পর সেই আদালত উক্ত রায়ের সহিত সংগতি রক্ষা করিয়া মামলাটি মীমাংসা করিবার উদ্যোগী হইবেন। ফৌজদারি কার্যবিধির ৪৩৯ ধারা-অনুসারে, হাইকোর্ট রিভিশন ক্ষমতাবলে অধন্তন যে-কোনো আদালতের সিদ্ধান্তের বা দগুদেশের বা আদেশের নির্ভুলতা বা আইনগত সার্থকতা পরীক্ষা করিয়া দেখিতে পারেন। দেওয়ানি কার্যবিধির ১১৩, ১১৪ এবং ১১৫ ধারায় হাইকোর্ট বিভাগের রেফারেন্স, রিভিউ এবং রিভিশনের ক্ষমতা সম্পর্কে বিধান বর্ণিত হইয়াছে। কোনো বিষয় সম্পর্কে হাইকোর্ট বিভাগের কোনো সিদ্ধান্ত থাকিলে নিম্নতম কোনো আদালত উক্ত বিষয় সম্পর্কে বিদেশি কোনো আদালতের সিদ্ধান্তের উপর নির্ভর করিতে পারিবেন না। হাইকোর্টের সিদ্ধান্ত অধস্তন সকল আদালতের উপর বাধ্যকর।

High Court of Justice উচ্চ আদালত ইংল্যান্তে ১৮৭৩-৭৫ সালের আদালত আইনের দ্বারা সুপ্রিম কোর্ট নামক আদালতের অংশ হিসাবে সৃষ্ট আদালত। ইহা কুইন্স বেঞ্চ ডিভিশন, চানসারি ডিভিশন ও ফ্যামিলি ডিভিশন নামক তিনটি বিভাগে বিভক্ত। এতৎসহ High Court Division দ্র.।

highest bidder সর্বোচ্চ নিলামডাককারী কোনো সম্পত্তি বিক্রয়ের ক্ষেত্রে সর্বোচ্চ নিলামডাককারী বলিতে উহা ক্রয় করিতে ইচ্ছুক ব্যক্তি কর্তৃক সরন বিশ্বাসে সর্বোচ্চ দর দিবার প্রস্তাবকারীকে বুঝিতে হইবে। একের অধিক নিলামডাককারী না থাকিলে সর্বোচ্চ নিলামডাক নির্ণয় করা সম্ভবপর নহে এবং একজনমাত্র ক্রেতা কর্তৃক নিলামডাক হইলে তাঁহার নিকট সম্পত্তি বিক্রয় করা যাইবে না। আদালতের আদেশে সর্বোচ্চ শব্দটি থাকিবার অর্থ প্রকৃত প্রতিযোগিতা ছাড়া বিক্রয় হইবে না। সর্বোচ্চ নিলামডাকদাতা মূল্য পরিশোধ করিতে ব্যর্থ হইলে দ্বিতীয় সর্বোচ্চ নিলামডাকদাতার নিকট বিক্রয় করা যাইতে পারে অর্থাৎ নিলামবিক্রেতা সর্বোন্তম নিলামডাকদাতার নিকট বিক্রয় করা অধিকারী।

high seas দ্রসমুদ্র বি. রাট্রাধীন জলভাগের বাহিরের সমুদ্র অর্থাৎ বেশির ভাগ দেশের সমুদ্রতট হইতে ১২ মাইলের অধিক দ্রের সমুদ্রসমূহ। কোনো ব্রিটিশ নৌযানে যে-কোনো ব্যক্তি দ্রসমুদ্রের যে-কোনো স্থানে কোনো অপরাধ করিলে ইংল্যান্ডের আদালতের তাহা বিচার করিবার এখতিয়ার আছে। তদ্রুপ কোনো ব্রিটিশ-নিয়ন্ত্রিত বিমানে উড়ন্ত অবস্থায় পৃথিবীর যে-কোনো স্থানে সংঘটিত অপরাধের বিচার করিবার এবতিয়ার ওই সকল আদালতের আছে। কখনো কখনো এইসকল অপরাধ বিমানছিনতাই ও জলদস্যতার মতো বিশেষ অপরাধ বলিয়া গণ্য হয়। ১৯৮২ সালের সমুদ্র-আইন সম্পর্কে জাতিসংঘ কনভেনশনের ৮৬ অনুচ্ছেদের বিধান-অনুযায়ী, একক অর্থনৈতিক এলাকা দ্রসমুদ্রের অন্তর্গত নহে। দূরসমুদ্র সম্পর্কিত ১৯৫৮ সালের জেনেভা কনভেনশনের বিধান-অনুযায়ী একক অর্থনৈতিক এলাকার উপর দিয়া অন্য রাট্রের বিমান-উড্ডয়নের, নৌযান-চালনার, কেব্ল-স্থাপন ইত্যাদির স্বাধীনতা জাতিসংঘ কনভেনশনের ৫৮(১) অনুচ্ছেদে অক্ষ্ণু রাখা হইয়াছে। ফৌজদারি কার্যবিধির ১৮৬ ধারার বিধান-অনুসারে, কোনো ম্যাজিন্ট্রেট দেশের বাহিরে অপরাধ্বংটেনকারী কোনো আসামিকে নিজের এখতিয়ারে পাইলে তাঁহাকে ধৃত করিয়া বিচার করিতে পারেন অথবা উপযুক্ত আদালতে বিচারের জন্য সোপর্দ করিতে পারেন।

high water and low water জোয়ারের পানির সর্বোচ্চতা এবং ভাটার পানির সর্বনিম্বতা নিয়তকালিক জোয়ারদ্বারা নির্দেশিত জলরেখা। ইহা বাতাস, ঝড়, প্লাবন দ্বারা ওই রেখার উপরে প্রবাহিত পানি নহে। নিম্নভাটার চিহ্নরেখা হইল ভাটার টানে চাল্-হওয়া ভূ-ভাগ যেখানে অধিকতর ভাটার অবসান ঘটে। সাধারণত সমুদ্র বা নদীতে জোয়ারে পানির সর্বাধিক উচ্চতার স্থান এবং ভাটায় পানির সর্বাধিক নিম্নতার স্থান নির্দেশ করে।

- high-watermark উক জলচিহ্ন ১. জোয়ারে সাগরের যে-তটরেখা অবধি পানি উঠে।
 ইহা সাধারণত গড় উচ্চতায় মাপা হয়, পানির সর্বোচ্চ উচ্চতা ধরা হয় না। ২.
 নৌযান-চলাচলের অনুপযোগী জলপ্রবাহে বাঁধের দ্বারা সৃষ্ট স্বাদু পানির হ্রদে স্বাতাবিক
 অবস্থায় বাঁধিটি যে-সর্বাধিক উচ্চতায় পানি উঠাইতে পারে। ৩. জোয়ারভাটাহীন একটি
 নদীতে দীর্ঘ সময় ধরিয়া মৃত্তিকা ঢাকিয়া রাখিয়া উহার উপর যে-রেখা অঙ্কন করে।
- highway n. জনপথ বি. যে-সড়কের উপর দিয়া সর্বসাধারণের চলাচলের অধিকার আছে। নাব্য নদীও জনপথ। বিধিবদ্ধ আইনে প্রদন্ত ক্ষমতাবলে অথবা জনসাধারণের ব্যবহারের জন্য একজন ভূম্যধিকারীকর্তৃক উৎসর্জন (ব্যক্ত বা উপলক্ষিত) জনসাধারণ কর্তৃক (ব্যবহারদ্বারা) প্রতিগ্রহণের মাধ্যমে পথের সৃষ্টি হয়। একবার একটি জনপথ সৃষ্টি হইলে তাহা অব্যবহৃত হইলেও রাজপথের পর্যায়ন্দ্রই হয় না। জনপথের প্রতিবন্ধকতা-সৃষ্টি একটি গণউপদ্রব এবং জনপথে জনসাধারণের চলাচলের অধিকারের অপব্যবহার জনপথের অধোমৃত্তিকার মালিকের বিরুদ্ধে একটি অধিকারলজ্ঞন।
- hijacking n. ছিনতাই বি, বলপ্রয়োগে অথবা বলপ্রয়োগের ভয় দেখাইয়া চলন্ত যান ছিনাইয়া লওয়া। বলুকাদি দ্বারা চালককে ভয় দেখাইয়া উড়ন্ত বিমান দখল করা অথবা তাহার নিয়ন্ত্রণ গ্রহণ করা (মার্কিন যুক্তরাট্রে মাদকদ্রব্য নিয়ন্ধ থাকিবার সময়ে পাচারকারীদের ধরিবার সময়ে উচ্চারিত 'হাই জ্যাক' শব্দ হইতে হাইজ্যাক শব্দের উদ্ভব হইয়াছে)। ১৯৬৩ সালের টোকিও কনভেনশনদ্বারা আন্তর্জাতিক আইনে বিমান ছিনতাই নিমিদ্ধ। যে-সকল শর্তে বিমান-ছিনতাইকারীর বিরুদ্ধে এখতিয়ার প্রয়োগ করা যায়, উক্ত কনভেনশনে তাহা বর্ণনা করা হইয়াছে। অবশ্য কনভেনশন-অনুযায়ী কোনো রাই্র ওইরূপ এখতিয়ার প্রয়োগ করিতে কিংবা বিমান-ছিনতাইকারীদের বহিঃসমর্পণ করিতে বাধ্য নহে। তবে ১৯৭০ সালের হেগ কনভেনশন ও ১৯৭১ সালের মন্ট্রিল কনভেনশন বলপ্রয়োগ করিয়া অথবা হুমকি দিয়া অবৈধভাবে বিমানদখল করা অথবা তাহার নিয়ন্ত্রণ গ্রহণ করা অথবা হুমকিদান অথবা বিমান ধ্বংস করাকে অপরাধ হিসাবে ঘোষণা করিয়াছে। এই কনভেনশনগুলিতে বাধ্যতামূলক এখতিয়ার এবং আসামিকে বিচারার্থ অন্য রাষ্ট্রে প্রেরণ করিবার বিধান করা হইয়াছে।
- hill chief পার্বত্য প্রধান পার্বত্য জেলাগুলির প্রধান। যেমন, চাকমা প্রধান, মং প্রধান ও বোমাং প্রধান।
- Hill Chittagong পার্বত্য চট্টগ্রাম রাঙ্গামাটি, বান্দরবান ও ঝাগড়াছড়ি পার্বত্য জেলা।
 hill district পার্বত্য জেলা ২০০১ সালের পার্বত্য চট্টগ্রাম ভূমি-বিরোধ নিম্পত্তি আইন
 অনুসারে, রাঙ্গামাটি পার্বত্য জেলা, ঝাগড়াছড়ি পার্বত্য জেলা, বান্দরবান পার্বত্য
 জেলা।

8৮5 Hindu Law

hinder vb. ব্যাহত করা, বাধা দেওয়া, গতিরোধ করা, বিরত করা, নিবারিত করা কি. বাধা দেওয়া, ব্যাহত করা এবং নিবারিত করা শব্দগুলি সমার্থক। 'ব্যাহত করা' ব্যবহৃত হয় উপস্থিত ক্ষেত্রে কোনো কাজের বিষয়ে, যেখানে কোনো পরিকল্পনা থাকে না। 'বাধা দেওয়া' ব্যবহৃত হয় পূর্বে চিহ্নিত এবং উদ্দেশ্য-প্রণোদিত কাজের সম্বন্ধে। প্রথমটি সাধারণত কোনো ব্যক্তির চলাচলের বিষয়ে আর শেষেরটি কোনো ঘটনা বা পরিস্থিতির সম্বন্ধে প্রয়োগ করা হয়।

Hindu n. হিন্দু বি. হিন্দু ধর্ম-অনুসারী ব্যক্তি বা ব্যক্তিবর্গ।

Hindu Law হিন্দু আইন হিন্দুদের বিশ্বাস ও জীবন-যাপনপ্রণালি নিয়ন্ত্রণ করিয়া কতিপয় বিধি-বিধান, প্রথা ও আচরণবিধির সমাহার। সনাতন বা হিন্দু ধর্ম-অনুসারে এবং সাধারণভাবে হিন্দু বলিয়া অভিহিত ব্যক্তিবর্গের ক্ষেত্রে হিন্দু আইন প্রযোজ্য। হিন্দু আইন দুইটি ধারায় বিভক্ত: দায়ভাগ ও মিতাক্ষরা। দায়ভাগের রচয়িতা বাঙালি শৃতিকার জীমৃতবাহন। প্রধানত *যাজ্ঞবদ্ধ্যশ্বতি*-অনুসারে সম্পত্তির উত্তরাধিকার ও উত্তরাধিকারক্রমের বিষয়-অবলম্বনে আনুমানিক খ্রিষ্টীয় ১১শ হইতে ১২শ শতকের মধ্যে *দায়ভাগ* রচিত। অন্যদিকে *মিতাক্ষরা* (আনুমানিক ১১শ শতক) *যাজ্ঞবল্ক্যশ্বতির* বিস্তারিত ব্যাখ্যা। ইহা রচনা করেন অবাঙালি স্থৃতিকার বিজ্ঞানেশ্বর। উত্তরাধিকার ও উত্তরাধিকারক্রমে নির্ধারিত *দায়ভাগ* বাংলায় ব্যাপকভাবে প্রচলিত ছিল; ইহার প্রাধান্য ছিল সর্বোষ্ঠ। তবে দত্তক সম্পর্কে কুবেরের *দত্তকচন্দ্রিকা* (আনু. ১৬শ শতক) ছিল শ্রেষ্ঠ। বাংলায় হিন্দু আইন খুব ব্যাপক ও জটিল আকারে বিকশিত হইয়াছে। বাংলায় ব্রিটিশ শাসকগণ কর্তৃক সম্পত্তিবন্টন, উত্তরাধিকার ও উত্তরাধিকারক্রম নির্ণয় ব্যতীত অন্যান্য ক্ষেত্রে দেওয়ানি আইনসমূহ প্রযুক্ত হইত সম্ভবত ভারতের অন্যান্য অংশে ব্যবহৃত সাধারণ নিয়মানুযায়ী। বাংলায় এই সাধারণ দেওয়ানি আইনসমূহ ব্রিটিশদের উদ্যোগে দুইটি গ্রন্থে সংকলিত হইয়াছে: একটি বিবাদার্ণবসেত, অন্যটি বিবাদভঙ্গার্থব। প্রথমটি হ্যালহেড ইংরাজিতে অনুবাদ করেন ১৭৭৬ খ্রিষ্টাব্দে এবং দিতীয়টি কোলক্রক অনুবাদ করেন ১৭৯৬ খ্রিষ্টাব্দে। বাংলাদেশের বৌদ্ধ ধর্মাবলম্বীগণ হিন্দু আইনের দায়ভাগ মত-অনুযায়ী পরিচালিত। Kartala Lakshmi Bihar v. Hriday Ranjan Chowdhury 40 DLR (AD) 137 দ্র.। ১৯৪৭ সালে ভারত বিভাগের পর ভারতে হিন্দু আইনের পরিবর্তন ঘটে। ১৯৫৫ সালে ভারতে নৃতন বিবাহ-আইন প্রচলিত হয়, যাহাতে বিবাহপদ্ধতির আমূল পরিবর্তন ঘটে, বহুবিবাহ বিনুপ্ত হয় এবং বিবাহবিচ্ছেদ-পদ্ধতিরও প্রবর্তন হয়। ১৯৫৬ সালে অপর একটি ধারাবলে *দায়ভাগ* বা *মিতাক্ষরায়* নির্দিষ্ট উত্তরাধিকারক্রম পরিবর্তিত হয়। পিতা বা মাতার মৃত্যুর পর সম্পত্তিতে পুত্র-কন্যা উভয়ের সমান অংশ এবং গ্রী বা স্বামীর এক-তৃতীয়াংশ পাওনা স্বীকৃত হয়। *দায়ভাগ* ও *মিতাক্ষরা* উভয় ধারার চর্চা পরিবর্তিত হয় এবং ভারতের সকল হিন্দুর জন্য একই আইন কার্যকর হয়। পাকিস্তানে সেই পুরানো হিনু আইন বলবৎ আছে। বাংলাদেশে বর্তমানে দায়ভাগ-পদ্ধতি কার্যকর আছে।

[:] रेन-मक्*रकाय* : ७১

- hire vb. & n. ভাড়া করা ১. ক্রি. অর্থের বিনিময়ে অন্য কোনো ব্যক্তির মালামান অথবা তাঁহার সেবা এবং শ্রম সাময়িকভাবে ব্যবহার করিবার জন্য চুক্তিবদ্ধ হওয়। মালপত্রের ক্ষেত্রে যিনি তাহা ভাড়া করেন, তিনি তাহার জামিনদারও বটে। ২. বি. ভাড়া করিবার কার্য। ভাড়ার চুক্তির অধীনে প্রদেয় বা প্রদন্ত অর্থ।
- hire purchase ভাড়া-ক্রয় কিন্তিতে মালামাল-ক্রয়ের একটি পদ্ধতি। ইহাতে
 নির্ধারিত মূল্যের প্রাথমিক কিন্তি (জমা) প্রদান করিলে খরিন্দারকে মালামানের দখল
 অর্পণ করা হয় এবং চুক্তি-অনুযায়ী পরবর্তী কিন্তিগুলি পরিশোধ করিলে তিনি তাহার
 মালিকানা লাভ করেন এবং মালামাল ক্রয় করা বা না-করার ইচ্ছা প্রয়োগ করেন।
 ভাড়া-ক্রয় চুক্তি বানিতে ক্রয়চুক্তি বা কিন্তি-তে ক্রয়চুক্তি হইতে এইজন্য ভিন্ন যে,
 শেষোক্ত লেনদেনগুলিতে চুক্তি স্বাক্ষরিত হইলেই মালিকানা হস্তান্তরিত হয়। ইয়
 ভাড়া-চুক্তি হইতেও ভিন্ন, কারণ ভাড়া-চুক্তিতে মালিকানা কখনো ভাড়াকারীর উপর
 বর্তায় না। কিন্তু ভাড়া-ক্রয়চুক্তির বেলায় চুক্তি-অনুযায়ী সবগুলি কিন্তির টাকা
 পরিশোধ করা পর্যন্ত বিক্রেতা মালামালের মালিক থাকেন এবং ক্রেতা তাহাতে
 জামিনদার থাকেন মাত্র।
- hire purchase system ভাড়া-ক্রয় পদ্ধতি যে-ক্রয়পদ্ধতি-মোতাবেক ক্রেতাকে ক্রীত সম্পত্তির মূল্য একসঙ্গে পরিশোধ না করিয়া ক্রমে ক্রমে কিস্তিতে পরিশোধ না হওয়া পর্যন্ত তাহাতে বিক্রেতার মালিকানা-স্বত্ত্ব অক্ষুণ্ন রাখিয়া তাহা ক্রেতাকে ব্যবহার করিতে দেওয়া হয় এবং মূল্য পরিশোধিত হইবামাত্র তাহার মালিকানা ক্রেতাতে বর্তায়।
- history-ticket কারা-তথ্য টিকিট আইনের দ্বারা বা উহার অধীনে প্রণীত বিধিসমূহ দ্বারা প্রত্যেক বন্দির আবশ্যকীয় তথ্য যে-টিকিটে লিপিবদ্ধ করা হয়।
- hizanat n. হিজ্ঞানত বি. মুসলিম আইন-অনুসারে শিশুর দেখাশোনা ও পরিচর্যার অধিকার মায়ের। আইনের ভাষায় ইহাকে হিজ্ঞানত বলা হয়। মুসলিম আইনে হানাফি মতানুসারে পুত্রের বয়স সাত বৎসর পর্যন্ত এবং কন্যা সাবালিকা হওয়া পর্যন্ত মাতাই তাঁহার প্রতিপালনের এবং নিকটে রাখিবার অধিকারী। মাতা যদি ধর্মত্যাগ করেন, ঠক বা অসন্চরিত্র হন অথবা অসামাজিক জীবন যাপন করেন অথবা দ্বিতীয় বিবাহ করেন তবে তিনি এই অধিকার হারান। মূলত হিজ্ঞানতের অধিকার হইতেছে লালনপালনের জন্য নিকটে রাখা, অভিভাবকের কোনো অধিকার কাছে রাখিবার জন্য সৃষ্টি হয় না। হিজ্ঞানতের অধিকারবলে মাতা পিতাকে অধিকার হইতে বঞ্চিত করিতে পারেন না। শিয়া আইন-অনুসারে পুত্রসন্তানের ক্ষত্রে দুই বৎসর মায়ের হিজ্ঞানত থাকে। নাবালক সন্তানের হিজ্ঞানতের অধিকার উক্ত সন্তানের বয়সের উপর সর্বক্ষেত্রে নির্ভর করে না, উক্ত পুত্র বা কন্যা সন্তানের কল্যাণের দিকে লক্ষ্য রাখিয়া হিজ্ঞানতের অধিকার নির্ণীত হওয়া উচিত। Md. Abu Baker Siddique v. A.M.A. Bakar and ors. 38 DLR (AD) 106 দ্র.।

hoarding n. ১. বেড়া, মাচান, মজুত বি. পতিত জমি বা নির্মাণাধীন এলাকা ইত্যাদির চারিদিকে ঘিরিয়া রাখিবার জন্য তক্তা দিয়া প্রস্তৃত বেড়াবিশেষ। ২. বিজ্ঞাপন-ফলক বি. বিজ্ঞাপন লাগাইবার জন্য ব্যবহৃত ফলক। ৩. মজুতদারি বি. মজুত বা পুঞ্জীভূত করা এবং গোপনে সঞ্চিত করার কাজ। সঞ্চিত ভাগ্যার।

holder n. ধারক বি. একটি হভি, চেক অথবা অঙ্গীকারপত্রের দখলদার, যিনি উহার বাহক, প্রাপক অথবা পৃষ্ঠান্ধিত স্বত্থহীতা হইতে পারেন। ধারক নিজ নামে হভি বা অঙ্গীকারপত্রে উল্লিখিত অর্থ আদায় করিবার জন্য মামলা করিতে পারেন। হভি বাবদ যে-কোনো সময়ে মূল্য প্রদান করা হইলে (অতীত ঋণ বা দেনা যাহার অন্তর্ভুক্ত) অনুমোদনকারী এবং মূল্য প্রদানের পূর্বে যাঁহারা হভিতে পক্ষ ছিলেন তাঁহাদের সম্বন্ধে ধারক মূল্যের বিনিময়ে একজন ধারক (holder for value) বটেন। একজন যথাকালীন ধারক (holder in due course) হইতেছেন, সেই ব্যক্তি, যিনি সরল বিশ্বাসে হভির অর্থপ্রদানের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে এবং তাহা পূর্বে অগ্রাহ্য হইয়াছে বলিয়া জ্ঞাত না থাকিয়া, অথবা যিনি তাহা হস্তান্তর করিয়াছেন অথবা অঙ্গাইয়াছেন তাঁহার স্বত্বের ক্রটি সম্পর্কে না জানিয়া, অর্থের বিনিময়ে তাহা গ্রহণ করিয়াছেন। তিনি পূর্ববর্তী সকল পক্ষের ব্যত্বের ক্রটি হইতে মূজরূপে হভি ধারণ করেন এবং যে-সকল পক্ষ হভির অর্থপ্রদানের জন্য দায়ী, তাহাদের তিনি অর্থপ্রদানে বাধ্য করিতে পারেন।

holder in due course প্রকৃত ধারক প্রকৃত ধারক বলিতে শেষ পর্যন্ত যাঁহার নিকট চেক থাকে অথবা যে-ব্যক্তি সরলবিশ্বাসে ও মূল্যের বিনিময়ে চেকের অধিকার লাভ করিয়াছেন তাঁহাকে বুঝায়।

holding n. হোন্ডিং বি. রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ২ ধারা-অনুসারে, জোত-জমা বলিতে একটি বা একাধিক ভূমিখণ্ড বা দাগ অথবা তাহার অবিভক্ত অংশ কিংবা একজন রায়ত বা দররায়তের অধিকারভুক্ত পৃথক প্রজাস্বত্বের অন্তর্গত ভূমি।

holding company হোন্ডিং কোম্পানি কোনো একটি কোম্পানি যদি অপর এক বা একাধিক কোম্পানির মোট সাধারণ শেয়ারের ন্যূনতম ৫১ শতাংশ ক্রয় করিয়া লয়, তবে প্রথমোক্ত কোম্পানিকে হোন্ডিং কোম্পানি বলা হয়।

holding out অন্যায্য কর্তৃত্বদাবি কোনো ব্যক্তির এমন আচরণ যাহাতে যে-বিষয়ে প্রকৃতপক্ষে তাঁহার কর্তৃত্ব নাই, সে-বিষয়ে তাঁহার কর্তৃত্ব আছে বলিয়া অন্য ব্যক্তির বিশ্বাস জন্মে। স্বকার্যজনিত বাধা বা প্রতিবন্ধ মতবাদ-অনুযায়ী প্রথমোক্ত ব্যক্তিকে অনুপ কর্তৃত্বের অস্তিত্ব অস্বীকার করা হইতে নিবৃত্ত করা যাইতে পারে। উদাহরণস্বরূপ উল্লেখ করা যায় যে, কোনো ব্যক্তি কোনো কারবারের অংশীদার হিসাবে নিজেকে মিছামিছি উপস্থাপন করিলে যে-কেহ ওইরূপ উপস্থাপনায় বিশ্বাস স্থাপন করিয়া উক্ত কারবারকে ঋণ প্রদান করিলে উক্ত ব্যক্তি প্রকৃত অংশীদারের মতো তাহার জন্য দায়ী হইবেন। এতৎসহ estoppel দ্র.।

holding over মেয়াদ-উত্তীর্ণ দখল বাড়িভাড়ার মেয়াদ উত্তীর্ণ হইবার পরও ভাড়াটিয়া-কর্তৃক দখল বজায় রাখা। যদি তাহা বাড়িওয়ালার সম্মতিব্যতিরেকে হয়, তবে বাড়িওয়ালা ভাড়াটিয়ার নিকট হইতে ক্ষতিপূবন দাবি করিতে পারেন। তবে বাড়িওয়ালা যদি মেয়াদ-উত্তীর্ণ দখলদার-ভাড়াটিয়ার নিকট হইতে ভাড়া গ্রহণ করেন, তবে নতুন ভাড়াম্বত্ত্বের সৃষ্টি হয়।

holograph n. **স্বহন্তলিখিত দলিল** যে-দলিল সম্পূর্ণভাবে সম্পাদনকারীর স্বহন্তলিখিত: যেমন, সম্পাদনকারীর নিজের হাতে লেখা ইচ্ছাপত্র।

home n. ৰাসস্থান বি. ১. স্বাভাবিক বাসভবন বা বসবাসের কোনো স্থান। কোনো ব্যক্তির পরিবার-পরিজন লইয়া বসবাস করিবার স্থান। যেখানে মানুষ স্থায়ীভাবে বসবাস করে এবং অন্যত্র থাকিবার কালে যেখানে ফিরিয়া আসিতে চায়। কোনো ব্যক্তির বাসস্থান তাঁহার নিজের মালিকানাধীন অথবা ভাড়া করা গৃহ ইইতে পারে। ২. অবহেলিত নারী, শিশু বা বিধবার আশ্রমের মতো প্রতিষ্ঠান যাহা উক্ত ব্যক্তিদের আশ্রম, যতু ও কল্যাণের জন্য রক্ষণাবেক্ষণ করা হয়।

homestead n. বসতবাড়ি, বাস্তুভিটা বি. রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাপত্ব-আইনের ২ ধারা-অনুসারে, বাসগৃহ ও তাহার তলস্থ ভূমি ও তৎসংলগ্ন কোনো উঠান, বাগান, পুকুর, উপাসনার স্থান, ব্যক্তিগত গোরস্থান, শাশান এবং বাসগৃহের সুবিধা ভোগের উদ্দেশ্যে অথবা কৃষি-উদ্যান চাষের সহিত সংশ্লিষ্ট বহির্বাটিকে ও সুনির্দিষ্ট সীমানার মধ্যস্থিত খালি অথবা অন্য জমি যাহা তৎসংলগ্ন হিসাবে গণ্য হয়। ১৯৮৪ সালের ভূমি সংক্ষার আইনের ৬ ধারা-অনুসারে কোনো ব্যক্তিকে গ্রামীণ এলাকার বাকুভিটা হইতে উচ্ছেদ করা নিষিদ্ধ।

homestead non-ejectibility বাস্তু হইতে উচ্ছেদহীনতা ১৯৮৪ সালের ভূমি সংকার অধ্যাদেশের ৬ ধারা-অনুসারে, পল্লী এলাকার কোনো জমির মালিক তাঁহার কোনো জমি বাস্তু অথবা বসতবাড়ি হিসাবে ব্যবহার করিলে কোনো কর্মকর্তা, আদালত অথবা কর্তৃপক্ষ কর্তৃক তাহা আটক, ক্রোক, বাজেয়াপ্তকরণ, অথবা বিক্রমসহ সর্বপ্রকার আইনগত প্রক্রিয়া হইতে অব্যাহতি লাভ করিবেন এবং ওইরপ জমির মালিককে কোনো প্রকারেই উক্ত জমি হইতে বঞ্চিত, বেদখল অথবা উচ্ছেদ করা যাইবে না। তবে উপরিউক্ত বিধান কোনো আইনের অধীনে তদ্রুপ বাস্তু-অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

homestead, settlement of khas land for বসতবাড়ির জন্য খাস জমি বন্দোবন্ত ১৯৮৪ সালের ভূমি সংস্কার অধ্যাদেশের ৭ ধারা-অনুসারে, পল্লী এলাকার বান্ত্ হিসাবে ব্যবহারের উপযোগী খাস জমি পাওয়া গেলে সরকার উক্ত জমি বন্দোবন্ত দেওয়ার সময়ে ভূমিহীন কৃষক ও শ্রমিকদের অগ্রাধিকার দিবেন, তবে কোনো ব্যক্তিকেই উক্ত উদ্দেশ্যে পাঁচ কাঠার বেশি তদ্রুপ জমি বরাদ্দ করা যাইবে না। তদ্রুপ বন্দোবন্তি জমি উত্তরাধিকারযোগ্য হইবে কিন্তু হস্তান্তরযোগ্য হইবে না।

homicide নরহত্যা বি. কোনো মানুষ হত্যার কার্য। খুন, নিমখুন, অথবা শিশুহত্যা অবৈধ নরহত্যার অন্তর্গত। যদি ঘটনার শিকার একজন স্বতন্ত্র মানুষ হন, খোদ ঘটনাটিই মৃত্যুর কারণ হয়, এবং মৃত্যুর কারণ বলিয়া কথিত ঘটনাটি ঘটিবার এক বছরের মধ্যে ঘটনার শিকার মৃত্যুবরণ করেন, তবেই গুধু অবৈধ নরহত্যা সংঘটিত হয়। অন্যপক্ষে যখন কোনো ব্যক্তি অপরাধ প্রতিরোধ করিবার জন্য অথবা আসামিকে গ্রেপ্তার করিবার জন্য, আত্মরক্ষার্থে অথবা অন্য কাহাকেও রক্ষার্থে অথবা (সম্বত) সম্পত্তিরক্ষার্থে যুক্তিসংগত বলপ্রয়োগ করিবার ফলে কাহারো মৃত্যু ঘটে, তখন বৈধ নরহত্যা সংঘটিত হইতে পারে। দণ্ডবিধির ৩০০ ধারা-অনুসারে, প্রথমত, ব্যতিক্রান্ত ক্ষেত্রসমূহ ব্যতীত, দগুর্হ নরহত্যা খুন বলিয়া গণ্য হইবে, যদি যে-কার্যের ফলে তাহা সংঘটিত হয়, সেই কার্যটি মৃত্যু-সংঘটনের অভিপ্রায়ে সম্পাদিত হয়; অথবা দিতীয়ত, যদি ইহা এইরূপ জখম করিবার উদ্দেশ্যে সম্পাদিত হয়, যাহা যে-ব্যক্তির ক্ষতিসাধন করা হয় তাহা তাঁহার মৃত্যু ঘটাইতে পারে বলিয়া অপরাধকারীর জানা থাকে; অথবা, ভৃতীয়ত, যদি কোনো ব্যক্তিকে দৈহিক জখম করিবার অভিপ্রায়ে ইহা সম্পাদিত হয় এবং অভীষ্ট দৈহিক জখমটি প্রাকৃতিক স্বাভাবিক অবস্থায় অনুরূপ মৃত্যু ঘটাইবার জন্য যথেষ্ট হয়: অথবা চতুর্থত, যদি উক্ত কার্য-সম্পাদনকারী ব্যক্তি অবগত থাকেন যে, ইহা এত বিপজ্জনক যে, ইহা খুব সম্ভবত মৃত্যু ঘটাইবে অথবা এইরূপ দৈহিক জখম ঘটাইবে যাহা মৃত্যু ঘটাইতে পারে এবং মৃত্যু-সংঘটনের বা পূর্বোক্ত জখম ঘটাইবার ঝুঁকি লইবার অজুহাত ব্যতিরেকেই তিনি অনুরূপ কার্য সম্পাদন করেন। murder, manslaughter ও infanticide দ্র.। এতৎসহ abortion, causation ও excusable homicide 五 1

homosexual conduct সমকামী আচরণ একই লিঙ্গের ব্যক্তিদের মধ্যে যৌন আচরণ। ইংল্যান্ডে ১৬ বৎসরের অধিকবয়ঙ্ক ব্যক্তিদের মধ্যে উভয়পক্ষের সম্বতিতে গোপনে সংঘটিত পায়ুকাম এবং চরম অশোভন আচরণ কোনো অপরাধ নহে। নারীর সমকামিতাও সেখানে অপরাধ নহে। বাংলাদেশে দণ্ডবিধির ৩৭৭ ধারায় সমকাম দথনীয় অপরাধ। দণ্ডবিধির ৩৭৭ ধারা-অনুসারে, সমকাম অস্বাভাবিক অপরাধ বলিয়া গণ্য হবৈ যাহার শান্তি যাবজ্জীবন কারাদও বা দশ বৎসর পর্যন্ত কারাদও, তদুপরি অর্পদিও। buggery ও gross indecency দ্রি.।

honorarium 85%

honorarium n. সম্মানী বি. কোনো ব্যক্তি স্বেচ্ছায় কোনো কাজ করিলে তাহার জন্য তাঁহাকে যে-অর্থ বা পরস্কার প্রদান করা হয়।

- honour vb. শ্রদ্ধা করা, গ্রাহ্য করা ১. কোনো বিনিময়যোগ্য দলিল বা হন্তি গ্রহণ করা এবং উহার শর্তসমূহ পালন করা। ২. গ্রহণ করা এবং শর্তানুযায়ী প্রদেয় হইলে যথাসময়ে পরিশোধ করা। ৩. সম্মান বা শ্রদ্ধা করা।
- honourable discharge সসন্মান অব্যাহতি একজন সৈনিকের সমগ্র সামরিক রেকর্ড সম্বন্ধে সরকারকর্তৃক প্রদন্ত একটি আনুষ্ঠানিক চূড়ান্ত রায় এবং সন্মানজনক অবস্থায় তিনি চাকুরি ত্যাগ করিয়াছেন বলিয়া সরকারকর্তক একটি প্রামাণ্য ঘোষণা।
- honourably acquitted সমন্থানে খালাসপ্রাপ্ত এই অভিব্যক্তিটি আদালতসমূহে অপরিজ্ঞাত। আপাতদৃষ্টিতে ইহা সেনা-আদালত বা স্বাভাবিক বিচারালয়-বহির্ভূত ট্রাইব্যুনালকর্তৃক ব্যবহৃত আদেশের একটি রূপ। আত্মসাৎ করিবার অভিযোগে কোনো মামলায় আদালত যদি আসামির ব্যাখ্যা গ্রহণপূর্বক তিনি কোনো আত্মসাতের জন্য দোখী নহেন, এই মর্মে সিদ্ধান্ত দিয়া থাকেন, তাহা হইলে ওই খালাস সম্পূর্ণ ও চূড়ান্ত এবং সম্ভবত সরকারি কর্তৃপক্ষের ভাষায় উহা 'সন্মানজনক'। প্রমাণিত ঘটনাবলি কোনো ব্যক্তির কার্যকে আক্ষরিকভাবে আইনের আওতাধীন সংজ্ঞাভুক্ত না করিবার কারণে তিনি খালাস পাইলেই যে সসন্থানে খালাস পাইয়াছেন, এই কথা বলা যায় না।
- honour clause সুনীতি-অনুচ্ছেদ কোনো চুক্তিতে এই মর্মে একটি সুস্পষ্ট উক্তি যে,
 একটি সমঝোতা কেবল নৈতিক কর্তব্য হিসাবে অবশ্যমান্য বলিয়া অভিপ্রেত।
 আদালত সাধারণত ইহার কার্যকরতা মানিয়া লইবেন, কিন্তু তদ্ধ্রপ চুক্তি বলবৎ
 করিবেন না।
- horizontal agreements অনুভূমিক চুক্তি একই ন্তরে ব্যবসায় নিয়োজিত কোম্পানিগুলির মধ্যে চুক্তি। যেমন, একজন উৎপাদনকারী ও একজন বিতরণকারীর মধ্যে নহে বরং দুই বা ততোধিক উৎপাদনকারী বা পাইকারি বিক্রেতার মধ্যে চুক্তি। যে-সকল অনুভূমিক চুক্তি প্রতিযোগিতা সীমিত করে, তাহা রোম চুক্তির প্রতিযোগিতা-সম্পর্কিত ৮৫ অনুচ্ছেদ ভঙ্গ করিতে পারে। অধিকাংশ কার্টেল এইরূপ অনুভূমিক চুক্তি। vertical agreement দ্র.।

horizontal union অনুভূমিক সংঘ craft union দ্ৰ.।

horoscope n. কোষ্টি, জাতপত্রিকা বি. জন্মের পরে প্রস্তুত যে-বিবরণীতে জীবনের শুভাশুভ লিখিত থাকে। ইহা গ্রহণযোগ্য প্রমাণ হইতে পারে, যদি যিনি কোষ্টী তৈরি করিয়াছেন, তাঁহার এই বিষয়ে বিশেষ জ্ঞান থাকে। 869 hotchpotch

horticulture n. উদ্যানবিদ্যা বি. ফল, ফুল ও শাকসবজির চাষ এবং ওই চাষবিষয়ক বিজ্ঞান। গাছ হইতে ফল তুলিয়া ভূমিতে জড়ো করিবার উদ্দেশ্যে প্রদত্ত ইঞ্জারাকে উদ্যান করিবার উদ্দেশ্যে ইজারা বলা যায় না।

hospital n. হাসপাতাল বি. প্রধানত অসুস্থ ব্যক্তিদের গ্রহণ এবং বয়স্ক বা অক্ষম ও দরিদ্র রোগীদের পরিপোষণ করিবার জন্য নির্মিত কোনো স্থান। অনাবাসিক রোগীদের ঔষধ বিতরণের জন্য নির্দিষ্ট বিভাগ অপেক্ষা বিস্তৃতত্তর এবং অধিক পরিবর্তনশীল অর্থবহ।

host n. আমন্ত্রক, পরিচালনাকারী বি. কম্পিউটার বা মুদ্রকসমূহের সম্বন্ধযুক্ত সংশ্রায়ে সূচনাস্থলের বা নিয়ন্ত্রণকারী কম্পিউটার সম্পর্কে বলা হয়।

hostage n. দ্বিশি বি. যে-ব্যক্তিকে জামিনস্বরূপ আটক রাখা হয়। পৃথিবীর যে-কোনো স্থানে কোনো ব্যক্তিকে তাঁহার ইচ্ছার বিরুদ্ধে জিম্মি করা এবং কোনো রাষ্ট্র, আন্তর্জাতিক সরকারি প্রতিষ্ঠান অথবা ব্যক্তিকে কোনো কিছু করিবার বা না করিবার জন্য বাধ্য করার উদ্দেশ্য তাঁহাকে হত্যা করিবার, আঘাত করিবার, অথবা জিম্মি হিসাবে ধরিয়া রাখিবার ভয় দেখানো ইংল্যান্ডে ১৯৮২ সালের জিম্মি গ্রহণ আইনের বিধান-অনুযায়ী উক্ত দেশের আদালতকর্তৃক উর্ধ্বপক্ষে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডনীয় একটি অপরাধ। এই অপরাধে অভিযুক্ত ব্যক্তিকে বিচারার্থ বিদেশি সরকারের নিকট অর্পণ করা যায়। এতৎসহ hijacking, kidnapping ও terrorism দ্র.।

hostile witness বৈরী সাক্ষী যে-প্রতিকূল সাক্ষী মামলার যে-পক্ষ তাঁহাকে তলব করিয়াছে, সেই পক্ষের সপক্ষে সত্যনিষ্ঠভাবে সাক্ষ্য দিতে ইচ্ছাকৃত অস্বীকাঃ। করেন। যে-পক্ষ সাক্ষী মানিয়াছেন সেই পক্ষ আদালতের অনুমতিক্রমে একজন বৈরী সাক্ষীকে জেরা করিতে পারেন। সাক্ষ্য আইনের ১৫৪ ধারার বিধান-অনুসারে, যে-পক্ষ সাক্ষী মানিয়াছেন সেই পক্ষ তাঁহার সাক্ষীকে আদালতের অনুমতিক্রমে জেরা করিতে পারেন। এতৎসহ adverse witness দ্র.।

hotchpotch n. সংমিশ্রণ বি. ইংল্যান্ডে ইচ্ছাপত্র না রাখিয়া কেহ মারা গেলে তাঁহার ত্যক্ত বিন্ত বন্টন করিবার সময়ে জীবদ্দশায় তিনি পৃথকভাবে কোনো সুবিধাভোগীকে কোনো সম্পত্তি দিয়া থাকিলে সাধারণত তাহাও বিবেচনায় আনিতে হয়। কারণ উক্ত দেশের আইন-অনুযায়ী এইরপ সম্পত্তিসহ ত্যক্ত বিন্ত উন্তরাধিকারীদের মধ্যে বন্টন করা হয়। বাংলাদেশে এজমালি সম্পত্তি একত্রিত করিতে হয় এবং কোনো এজমালি সম্পত্তি বাদ দিয়া অপরাপর এজমালি সম্পত্তি বন্টনের প্রার্থনা আদালত মনজুর করেন না।

- hot pursuit, right of অনুপ্রবেশকারীর পশ্চাদ্ধাবনের অধিকার সমুদ্রতীরবর্তী কোনো রাষ্ট্রের রাষ্ট্রীয় জলসীমায় (অথবা ইহার সন্নিহিত এলাকায়) অনুপ্রবেশকারী কোনো ভিন্ন রাষ্ট্রের জাহাজ উক্ত দেশের কোনো আইন ভঙ্গ করিয়াছে বলিয়া বিশ্বাস করিবার মতো সুযুক্তি থাকিলে, ওই জাহাজকে ধাওয়া করিবার এবং আটক করিবার অধিকার। territorial water, high sea ও extradition দ্র.।
- house n. বাড়ি বি. ১৯৯১ সালের বাড়িভাড়া-নিয়ন্ত্রণ আইনের ২ ধারা-অনুসারে, কোনো দালান বা দালানের অংশবিশেষ অথবা কোনো কাঁচা ঘর বা ঘরের অংশবিশেষ, যাহা আবাসিক বা অনাবাসিক বা উভয় উদ্দেশ্যে আলাদাভাবে ভাড়া দেওয়া ইইয়াছে অথবা ভাড়া দেওয়ার ইচ্ছা করা হইয়াছে। তৎসংলগ্ন বাগান, উঠান ও কাছারিঘরও ইহার অন্তর্ভুক্ত হইবে।
- house arrest গৃহবন্দিত্ব বি. কোনো অপরাধের জন্য অভিযুক্ত বা দোষী সাব্যন্ত ব্যক্তিকে তাঁহার নিজ গৃহে আটক রাখা। অধিকাংশ গৃহবন্দিত্ব-কার্যক্রমে আইন-লঙ্ঘনকারী ব্যক্তিকে কেবলমাত্র কাজ, চিকিৎসার প্রয়োজন বা সামাজিক সেবামূলক দায়দায়িত্ব-পালনের ন্যায় যুক্তিসংগত কারণে গৃহের বাহিরে যাইবার জন্য অনুমতি দেওয়া হয়।
- housebreaking n. গৃহভেদ, সিঁধকাটা বি. কোনো ব্যক্তিকর্তৃক অপর কোনো ব্যক্তির গৃহে বলপূর্বক অথবা গৃহের কোনো অংশ ভঙ্গ করিয়া প্রবেশ। যে-ছয়টি উপায়ের কোনো একটি অবলম্বন করিলে গৃহভেদের অপরাধ হয়, দওবিধির ৪৪৫ ধারায় ভাহা বর্ণিত হইয়াছে। দওবিধির ৪৫৩ ধারায় ওঁত পাতিয়া থাকিয়া গৃহে অনধিকারপ্রবেশ অথবা সিঁধ কাটিয়া গৃহে প্রবেশ দওনীয় অপরাধ। burglary তু.।
- household n. পরিজনবর্গ, পরিবার-পরিজন একই গৃহে বসবাসরত এবং একই পরিবারের সদস্য কিছুসংখ্যক ব্যক্তি। বিস্তৃত অর্থে এইরূপ সকল ব্যক্তি যাঁহারা একই পরিবার-প্রধানের অধীনে একই সঙ্গে বসবাস করেন।
- House of Commons কমন্স-সভা জনপ্রতিনিধিদের লইয়া গঠিত আইনসভা। এই আইনসভা ইংল্যান্ড, ক্ষটল্যান্ড, ওয়েলস ও উত্তর আয়ারল্যান্ডের নির্বাচিত জনপ্রতিনিধিদের লইয়া পাঁচ বৎসরের জন্য গঠিত হয়। মেয়াদ পূর্ণ হইবার পূর্বে ভঙ্গনা করিলে মেয়াদশেষে স্বয়ংক্রিয়ভাবে পার্লামেন্ট ভাঙ্গিয়া যায়। প্রত্যেক পার্লামেন্ট আরম্ভ হইবার পর ইহার সদস্যগণ নিজেদের মধ্য হইতে একজনকে স্পিকার নির্বাচিত করেন। সম্পূর্ণ নিরপেক্ষ ও সুশৃঙ্খলভাবে কমন্স-সভার কার্যপ্রণালি পরিচালনা করা স্পিকারের দায়িত্ব এবং তাঁহার মাধ্যমে সদস্যগণ যৌথভাবে রাজা বা রানীর সহিত যোগাযোগ করেন। এই সভার নেতা সরকারের একজন মন্ত্রী, তাঁহার দায়িত্ব হইতেছে

বিরোধী দলের সহিত আলাপ-আলোচনার মাধ্যমে সভার কর্ম ও বিষয়সূচি নির্ধারণ করা। কমন্স-সভা সরকারের আয়-ব্যয়ের আনুমানিক হিসাব বা বাজেট অনুমোদন করা ছাড়াও সর্বপ্রকার আইনের প্রস্তাব বা বিল পাশ করেন। তবে বাজেট ব্যতীত সকল আইনের প্রস্তাব লর্ড-সভার অনুমোদনপ্রাপ্ত না হইলে আইনে পরিণত হইতে পারে না। কমন্স-সভার সংখ্যাগরিষ্ঠ দলের নেতাকেই ইংল্যান্ডের রাজা বা রানী মন্ত্রিসভা গঠন করিতে আহ্বান জানান। সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থন হারাইলে মন্ত্রিসভা পদত্যাগ করে।

House of Lords লর্ড-শভা যুক্তরাজ্যের আইনসভার উচ্চকক্ষ। আর্চবিশপ, বিশপ এবং লর্ড উপাধিকারী ব্যক্তিদের লইয়া ইহা গঠিত হয়। ইহার দীর্ঘ-মেয়াদি সংকারের নানারপ উদ্যোগ লওয়া হইতেছে। লর্ড চাঙ্গেলর লর্ড-সভায় সভাপতিত্ব করেন। এই সভার নেতা সরকারের একজন মন্ত্রী, তাঁহার দায়িত্ব হইতেছে বিরোধী দলের সহিত আলাপ-আলোচনার মাধ্যমে সভার কর্ম ও বিষয়সূচি নির্ধারণ করা। এই সভার আইন-সমীক্ষণ ও বিচার করিবার ক্ষমতা আছে। ইহা দেওয়ানি ও ফৌজদারি মামলার চ্ডান্ত আপিল-আদালত যদিও ইহা কোনো কোনো মামলা ইউরোপিয়ান কোর্ট অব আঙ্টিসের নিকট সিদ্ধান্তের জন্য পাঠাইয়া থাকে। লর্ড চাঙ্গেলর এবং যে-সকল লর্ড উচ্চ আদালতের বিচারক ছিলেন তাঁহাদের লইয়া লর্ড-সভার আপিল কমিটি গঠিত। লর্ড-সভার নিকট পেশকৃত আপিলের বিচার করেন আপিল কমিটির সদস্যগণ। আপিল কমিটির প্রদন্ত রায় লর্ড-সভা আনুষ্ঠানিকভাবে অনুমোদন করেন। কমন্স-সভা কোনো আইনের খসড়া পাশ করিবার পর লর্ড-সভা তাহা অনুমোদন না করিয়া কমন্স-সভায় ফেরত পাঠাইলে কমন্স-সভা তাহা পুনরায় পাশ করিলে রাজা বা রানীর অনুমোদনলাভের পর তাহা আইনে পরিণত হয়। parliament দ্র.।

House of the Nation জাতীয় সংসদ parliament দ্ৰ.।

house-owner বাড়ির-মালিক ১৯৯১ সালের বাড়িভাড়া-নিয়ন্ত্রণ আইনের ২ ধারাঅনুসারে, যিনি আপাতত নিজের বা অন্য কোনো ব্যক্তির পক্ষে বা অন্য কোনো
ব্যক্তির উপকারার্থ বা কোনো ব্যক্তির ট্রান্টি বা রিসিভার হিসাবে কোনো বাড়ির ভাড়া
পান বা পাইবার অধিকারী হন, বা যিনি বাড়িটি ভাড়া দেওয়া হইলে উক্তর্মপ ভাড়া
পাইতেন বা ভাড়া পাইবার অধিকারী ইইতেন। দেওয়ানি কার্যবিধিতে সংজ্ঞায়িত
কোনো আইনগত প্রতিনিধি, উপ-ভাড়া প্রদানকারী কোনো ভাড়াটিয়া এবং বাড়ির
মানিক হইতে স্বত্বপ্রপ্ত কোনো ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবেন।

house trespass n. অন্ধিকার গৃহপ্রবেশ দণ্ডবিধির ৪৪২ ধারায় বলা হইয়াছে যে, যে-ব্যক্তি মনুষ্য-বসবাসের স্থানরূপে ব্যবহৃত যে-কোনো দালান, তাঁবু বা জাহাজ অথবা উপাসনা-স্থানরূপে বা সম্পত্তি-সংরক্ষণের স্থানরূপে ব্যবহৃত যে-কোনো দালানে প্রবেশ করিয়া বা অবস্থান করিয়া অপরাধমূলক অনধিকারপ্রবেশ করেন, সেই ব্যক্তি অনধিকার গৃহপ্রবেশ করেন বলিয়া গণ্য হইবেন। দণ্ডবিধির ৪৪৮ ধারা-অনুসারে, যদি কোনো ব্যক্তি গৃহে অনধিকারপ্রবেশ করেন তাহা হইলে সেই ব্যক্তি এক বৎসর পর্যন্ত কারাদও অথবা এক হাজার টাকা পর্যন্ত অর্থদও অথবা উত্তয় দঙে দঙ্জনীয় হইবেন। দণ্ডবিধির ৪৪৯ হইতে ৪৫৭ ধারা পর্যন্ত বিভিন্ন উপায়ে অনধিকার গৃহপ্রবেশের শান্তি সম্পর্কে বলা হইয়াছে।

housing action area গৃহায়ণ কর্ম-এলাকা কোনো এলাকায় বসবাসের অবস্থা সন্তোষজনক নহে এবং পাঁচ বৎসর উহার ব্যাপক সংস্কারের প্রয়োজন, এই কারণে কোনো গৃহায়ণ-কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত এইরূপ এলাকা। এই সংস্কার সম্পন্ন করা হয় আবাসনের মান ও ব্যবস্থাপনা এবং অধিবাসীদের সুখ-স্বাচ্ছন্দ্যের উনুতির জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে।

housing action trust আবাসন কর্ম-ন্যাস ইংল্যান্ডে ১৯৮৮ সালের আবাসন আইনের অধীনে সৃষ্ট একটি সংবিধিবদ্ধ ন্যাস। কোনো নির্দিষ্ট এলাকার গৃহাদির সংদ্ধার ও উন্নয়ন, উহার সঠিক ও কার্যকর ব্যবস্থাপনার, গৃহাদির প্রজাস্বত্বের ধরনের অধিকতর বহুমুঝীকরণ এবং সাধারণভাবে উক্ত এলাকায় বসবাসের ও সামাজিক অবস্থার উন্নয়ন নিশ্চিত করার উদ্দেশ্যে এইরপ ন্যাস প্রতিষ্ঠিত হয়। কোনো এলাকার সংখ্যাগরিষ্ঠ আবাসিকগণ সদ্মত হইলে আবাসন-কর্তৃপক্ষের অনেক দায়িত্ব এবং স্থানীয় কর্তৃপক্ষের জনস্বাস্থ্য ও পরিকল্পনা-নিয়ন্ত্রণের দায়িত্ব সরকারি নির্দেশ-অনুযায়ী আবাসনকর্ম-ন্যাসের নিকট হস্তান্তর করা যায়। আবাসনকর্ম-ন্যাসের যত শীঘ্রসম্ভব উহার উদ্দেশ্য অর্জন করিতে হয় এবং তাহার পর উহা বিলুপ্ত হইয়া যায়। বাংলাদেশে সরকারি কর্মচারীদের বাসস্থানের ব্যবস্থা করিবার জন্য গৃহায়ণ ও সরকারি আবাসন পরিদপ্তর আছে, কিন্তু বেসরকারি ব্যক্তিদের আবাসনের জন্য কোনো প্রতিষ্ঠান নাই।

housing association গৃহায়ণ সমিতি মুনাফা অর্জনের জন্য প্রতিষ্ঠিত নহে, এমন একটি সংগঠন, যাহার প্রধান লক্ষ্য আবাসনের ব্যবস্থা করা অথবা আবাসনে বসবাসের সুযোগ-সুবিধা বৃদ্ধি করা।

housing association tenancy গৃহায়ণ সমিতির ভাড়াটিয়াত্ব যে-ভাড়াম্বত্বে একটি গৃহায়ণ সমিতি, একটি গৃহায়ণ ন্যাস কিংবা গৃহায়ণ কর্পোরেশন বাড়িওয়ালা। ইংল্যাভের ১৯৯৬ সালের গৃহায়ণ আইনে কোনো কোনো শোবাসন সমিতি ভাড়াটিয়াদের দখলি বাড়ি ক্রয় করিবার অধিকার দিয়াছে এবং তাঁহারা ক্রয়মূল্য বাবদ অনুদান পাইতে পারেন।

Housing corporation গৃহায়ণ করপোরেশন ইংল্যান্ডে ১৯৮৫ সালের গৃহায়ণ সমিতি আইন ও ১৯৮৮ সালের গৃহায়ণ আইনের অধীনে দায়িত্বপালনকারী একটি সংস্থা। গৃহায়ণ সমিতিগুলির একটি তালিকা সংরক্ষণ, নিবন্ধিত গৃহায়ণ সমিতিসমূহ এবং স্ব-নির্মাণ সমিতিসমূহকে ঋণপ্রদান ও তজ্জন্য জামিন হওয়া, গৃহায়ণের উৎসাহপ্রদান ও সাহায্য করা এবং ভাড়া দিবার ও বিক্রয় করিবার জন্য বাসস্থানের ব্যবস্থা করিয়া দেওয়া ইহার দায়িত্বের অন্তর্ভুক্ত।

housing subsidy গৃহায়ণ ভর্তৃকি ইংল্যান্ডের ১৯৮৫ সালের আবাসন আইনের বিধান-অনুযায়ী কেন্দ্রীয় সরকারের তহবিল হইতে স্থানীয় কর্তৃপক্ষ এবং নবগঠিত শহর করপোরেশনগুলি কর্তৃক আবাসনের ব্যবস্থার জন্য একটি বার্ষিক অংশদান।

housing trust গৃহায়ণ ন্যাস আবাসন জোগাইবার জন্য গঠিত একটি ন্যাস অথবা যে-ন্যাসের তহবিল দাতব্য উদ্দেশ্যে উৎসর্গীকৃত এবং যে-ন্যাস প্রকৃতপক্ষে উহার তহবিলের অধিকাংশ আবাসন জোগাইবার জন্য ব্যবহার করে।

hue and cry n. শোরণোল বি. কাহারো পশ্চাদ্ধাবনার্থে অন্যদের আহ্বানের জন্য সৃষ্ট হইচই। ইহা প্রথানুগ আইনে গুরুতর অপরাধে দোষী ব্যক্তিদেরকে বা যে-সকল ব্যক্তিগণ অন্যকে গুরুতরভাবে আহত করিয়াছেন তাঁহাদেরকে শিঙ্গা ও শব্দ সহকারে, ঘোড়ায় চড়িয়া বা পায়ে দৌড়াইয়া, অন্তেষণ করিবার একটি পদ্ধতি। এই বাক্যাংশটি উচ্চঃস্বরে শব্দ বা চিৎকার করা নির্দেশ করে।

human assisted reproduction মনুষ্য-সহায়তায় প্রজনন দুই পক্ষের মধ্যে যৌনসহবাস-বাতিরেকে গর্ভসঞ্চার ও শিশুর জন্মদানের প্রযুক্তি। ইহার অন্তর্গত হইতেছে স্বামী কিংবা দাতাকর্তৃক কৃত্রিম বীর্যনিবেশন, কাচপাত্রে পরিনিষেক এবং ডিম্ব ও জণ পরিদান। এইরূপ পদ্ধতির অর্থ হইতেছে যে, এখন আর গুধুমাত্র বংশধারার ভিত্তিতে আইনি পিতৃত্ব বা মাতৃত্ব নির্ধারণ করা সম্ভব নহে। ইউরোপ ও আমেরিকায় কৃত্রিম উপায়ে গর্ভসঞ্চার ও ওইরূপে জাত সন্তান সম্পর্কে সংবিধিবদ্ধ আইন থাকিলেও বাংলাদেশে তদ্ধেপ কোনো আইন নাই। তাহা সত্ত্বেও এদেশে চিকিৎসকগণ কৃত্রিম প্রজননের দ্বারা অনেক সন্তানহীন দম্পতিকে সন্তানলাতে সহায়তা করিতেছেন।

human dwelling মনুষ্য-বাসস্থান, মানুষের বাসগৃহ দণ্ডবিধির ৪৪২ ধারার অধীনে কোনো স্থান মানুষের আবাসগৃহ কি না তাহা নিরূপণ করিবার উপাদান হইল সাম্মিকভাবে কাঠামোটির গঠনুপ্রকৃতি এবং যে-উদ্দেশ্যে উহার রক্ষণাবেক্ষণ বা ব্যবহার হয়, তাহা।

humanitarian intervention মানবকল্যাণাত্মক হস্তক্ষেপ কোনো রাষ্ট্র যাহাতে একটি অধিকতর মানবকল্যাণাত্মক নীতি, মূলত সংখ্যালঘু জনগোষ্ঠীগুলির অধিকার সুরকার নীতি, গ্রহণ করে, সেই উদ্দেশ্যে ওই রাষ্ট্রের বিষয়ে সশস্ত্র বাহিনীর মাধ্যমে অন্য একটি রাষ্ট্রের হস্তক্ষেপ। প্রথাগতভাবে মানবাধিকার রক্ষা করিবার জন্য তাহা করা হয়। বিতর্ক সত্ত্বেও জাতিসংঘ সনদের অধীনে এইরূপ হস্তক্ষেপ বৈধ বলিয়া স্বীকৃত হয় নাই। তবে সংশ্লিষ্ট রাষ্ট্রগুলি সামরিক হস্তক্ষেপের ন্যায্যতার পক্ষে মানবিক কারণ প্রদর্শন করিতেছে। কম্বোডিয়ায় ভিয়েতনামের হস্তক্ষেপ (১৯৭৮), উগাডায় তানজানিয়ার হস্তক্ষেপ (১৯৭৯) এবং মার্কিন যুক্তরান্ত্র্যে, যুক্তরাজ্য, রাশিয়া ও ফ্রান্স কর্তৃক জলাভূমির শিয়া আরবদের রক্ষা করিবার জন্য দক্ষিণ ইরাকে বিমানমুক্ত এলাকা ঘোষণা (১৯৯২) এইরূপ মানবিক হস্তক্ষেপের উদাহরণ।

human rights মানবাধিকার বি. প্রত্যেক মানুষ যে-সকল অধিকার ও স্বাধীনতার হকদার। যে-সকল অধিকার বক্ষণ করিতে হুইবে তাহার অনেকগুলিই জাতিসংযের সর্বজনীন মানবাধিকারের ঘোষণায় (১৯৪৮) বর্ণিত হইয়াছে, কিন্তু আন্তর্জাতিক আইনে তাহা বাধ্যকর নহে। ১৯৬৬ সালের অসামরিক ও রাজনৈতিক অধিকার-সংক্রান্ত আন্তর্জাতিক চুক্তি এবং একই সালের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার-সংক্রান্ত আন্তর্জাতিক চক্তি নামক মানবাধিকার-সংক্রান্ত আন্তর্জাতিক চুক্তি দুইটি অনুমোদনকারী পক্ষদের উপর বাধ্যকর। মানবাধিকার-লজ্ঞনের নির্দিষ্ট অভিযোগ তদন্ত করিবার জন্য নহে, বরং তাহা লঙ্খনের বিষয়গুলি আলোচনা করিবার জন্যই জাতিসংঘকর্তৃক মানবাধিকার কমিশন প্রতিষ্ঠা করা হইয়াছে। ১৯৭৭ সালে প্রতিষ্ঠিত মানবাধিকার কমিটি ব্যক্তিবিশেষের আনীত ১৯৬৬ সালের অসামরিক ও রাজনৈতিক অধিকার-সংক্রান্ত আন্তর্জাতিক চক্তির লঙ্খন-সংক্রান্ত অভিযোগ নির্দিষ্ট অবস্থায় তনিতে পারে। মানবাধিকার-সংক্রান্ত বিভিন্ন আঞ্চলিক চুক্তি আছে। তাহাদের মধ্যে সবিশেষ উল্লেখযোগ্য হইতেছে মানবাধিকার-সংক্রান্ত ইউরোপীয় চুক্তি এবং (দক্ষিণ আমেরিকাকে লইয়া) মানবাধিকার-সংক্রান্ত আমেরিকান চুক্তি। এই সকলের মধ্যে কোনো কোনোটিতে ব্যক্তিবিশেষের অভিযোগ শুনিবার ব্যবস্থা প্রতিষ্ঠা করা হইয়াছে 🛚

Humburg Rules হামবুর্গ বিধানাবলি bill of lading ও international carriage দ্র.।

hump n. গতিরোধক বি. রাস্তায় যানবাহনের গতি-নিয়ন্ত্রণের জন্য নির্মিত উত্তল অন্তরায়।

hundi n. হন্তি বি. কোনো বিক্রেতা কর্তৃক ক্রেতার উপর কোনো বিশেষ সময়ের ভিতর বিক্রীত দ্রব্যের দাম তাঁহার ব্যাংকে জমা দেওয়ার আদেশনামা।

hung parliament ঝুলন্ত পার্লামেন্ট পার্লামেন্টের নির্বাচনে কোনো দল একক সংখ্যাগরিষ্ঠতা না পাইলে সালন্ত পার্লাসেন্ট দেখা দেয়। তখন দুই বা ততোধিক দল ৪৯৩ hygrometer

নইয়া কোয়ালিশন সরকার গঠিত হয়। কোনো দল সমর্থন প্রত্যাহার করিলে সরকারের পতন ঘটে। সরকারের অন্তিত্ব এক ধরনের অনিশ্চয়তা ও দোদুল্যমানতার মধ্যে থাকে। এইজন্য এই ধরনের পার্লামেন্টকে ঝুলন্ত পার্লামেন্ট বলে।

hurt n. আঘাত বি. আঘাতের তারতম্য-অনুসারে ইহা গুরুতর ও সাধারণ হইতে পারে। দণ্ডবিধির ৩১৯ ধারা-অনুসারে যে-ব্যক্তি কোনো ব্যক্তির দৈহিক যন্ত্রণা, পীড়া বা বৈকল্য ঘটান, সে-ব্যক্তি আঘাতদান করেন বলিয়া গণ্য হইবে। দণ্ডবিধির ৩২১ ধারায় বলা হইয়াছে যে, যে-ব্যক্তি কোনো কার্যের দ্বারা কোনো ব্যক্তিকে আঘাত করিবার অভিপ্রায়ে বা তদ্দ্বারা কোনো ব্যক্তিকে আঘাত করিবার সঞ্চাবনা রহিয়াছে জানিয়া অনুরূপ কার্য করেন এবং তদ্দ্বারা কোনো ব্যক্তিকে আঘাতদান করেন, সেব্যক্তি ইচ্ছাকৃতভাবে আঘাতদান করেন বলিয়া গণ্য হইবে। দণ্ডবিধির ৩২৩, ৩২৪, ৩২৭, ৩৩০, ৩৩২, ৩৩৪ ধারায় স্বেচ্ছাকৃতভাবে আঘাতদানের শান্তি বর্ণিত হইয়াছে। দণ্ডবিধির ৩২০ ধারায় গুরুতর আঘাতের সংজ্ঞা এবং ৩২৫ এবং ৩২৬ ধারায় ইচ্ছাকৃতভাবে গুরুতর আঘাতের শান্তি সম্পর্কে বলা হইয়াছে। এতৎসহ grievious hurt দ্র.।

husband and wife স্বামী ও গ্রী স্বামী ও গ্রী বলিতে সুস্পটভাবে বৈবাহিক সম্পর্ক নির্দেশ করে। স্বামী-গ্রীর মধ্যে 'অভিগম্যভা' বা 'কাছে যাইবার সুযোগ' বলিতে তাঁহাদের সহবাস করিবার সুযোগ থাকিবার অতিরিক্ত কিছু বুঝায় না; ইহাদ্বারা বান্তবিক সহবাস করা নির্দেশ করে না। স্বামী-গ্রী বলিতে বিবাহদ্বারা কোনো নারী ও পুরুষের এইরূপে মিলিত হওয়া বুঝায় এবং তাঁহাদিগকে (ক্ষেত্রবিশেষে) আইনত এক ব্যক্তি হিসাবে বিবেচনা করা হয়। তবে সাক্ষ্য আইনের ১২০ ধারা-অনুসারে, সকল দেওয়ানি মামলার যে-কোনো পক্ষেব্র স্বামী বা গ্রী অবশ্যই যোগ্য সাক্ষী হইবেন। কোনো ব্যক্তির বিরুদ্ধে ফৌজদারি মামলায় সেই ব্যক্তির স্বামী বা গ্রী যোগ্য সাক্ষী হইবেন। সাক্ষ্য আইনের ১২২ ধারা-অনুসারে, স্বামী-গ্রী মামলার পক্ষ না ইইলে তাঁহাদের মধ্যকার কথাবার্তার বিষয়বক্তু প্রকাশ করিতে তাঁহাদিগের কাহাকেও বাধ্য করা যায় না। দণ্ডবিধির ২১২, ২১৬, ২১৬ক ধারা-অনুসারে স্বামী বা গ্রী পরস্পরকে আর্র্যমানের জন্য অপরাধী নহেন।

husbandry n. কৃষিকর্ম বি. একজন কৃষকের করণীয় কাজ। ভূমিকর্ষণ, গবাদি ও গৃহপালিত পণ্ডপাথি লালনপালন, দৃগ্ধশালার ব্যবস্থাপনা ইত্যাদি ইহার অন্তর্ভুক্ত।

hygrometer n. হাইগ্রোমিটার, অর্দ্রেডা-নির্ণায়ক যন্ত্র বি. সূতাকাটা এবং বয়ন-মিনের যেখানে কৃত্রিম অর্দ্রেভাসৃষ্টির পদ্ধতি গৃহীত হইয়াছে, সেখানে প্রতিটি বিভাগে পরিদর্শকের অনুমোদিত স্থানে হাইগ্রোমিটার স্থাপন করিতে হইবে। ২৫০টির কম তাত-সংবলিত উইভিং বিভাগের জন্য একটি হাইগ্রোমিটার এবং পরবর্তী ২৫০টি তাঁত বা অংশবিশেষের জন্য একটি করিয়া অতিরিক্ত হাইগ্রোমিটার আবশান। অন্যান্য বিভাগে ২,০০,০০০ বর্গফুটের কম প্রতিটি কক্ষের জন্য একটি করিয়া হাইগ্রোমিটার এবং ইহার অতিরিক্ত প্রতি ১,৫০.০০০ বর্গফুটের জন্য অতিরিক্ত হাইগ্রোমিটার প্রয়োজন। যেসব কটন স্পিনিং ও উইভিং কারখানায় কৃত্রিম আর্দ্রকরণ পদ্ধতি প্রবর্তিত আছে, তাহার বাহিরে একটি অতিরিক্ত হাইগ্রোমিটারের ব্যবস্থা করিতে হইবে। প্রতিটি হাইগ্রোমিটারের নিকট ১৯৭৯ সালের কারখানা বিধিমালার ১৫ বিধির সহিত সংযুক্ত একটি অনুলিপি টাঙ্গাইয়া রাখিতে হইবে।

hypothecation n. দায়বন্ধক বি. ১. একটি সমুদ্রযাত্রাকালে জরুরি প্রয়োজনে (যেমন জরুরি মেরামতের মূল্য পরিশোধ করার জন্য) গৃহীত ঋণ জাহাজটি উহার গন্তব্যস্থলে নিরাপদে পৌছার পর, সুদসহ পরিশোধ করিবার জামানতস্বরূপ জাহাজের কর্ণধারকর্তৃক প্রদন্ত একটি বন্ধক। পণ্যসহ কিংবা পণ্যব্যত্তীত জাহাজ বন্ধক দেওয়াকে জাহাজ বন্ধক এবং জাহাজের পণ্যবন্ধক দেওয়াকে পরিবহণকালীন পণ্যবন্ধক (respondentia) বলা হয়। খত-সম্পাদনের মাধ্যমে ইহা কার্যকর করা হয় এবং খত-ধারী উক্ত জাহাজ বা জাহাজি পণ্যের উপর পূর্বস্বত্বের অধিকারী হয়। ২. ঋণের জামানতস্বরূপ ব্যাংকের নিকট বন্ধক দেওয়া পণ্য বা সম্পত্তি বিক্রয় করিবার জন্য কোনো ব্যাংক-কর্মকর্তার বরাবরে দেওয়া ক্ষমতা, যাহা প্রথাণতভাবে বন্ধকি পত্রের মাধ্যমে দেওয়া হয়। বন্ধকদাতার দখলে পণ্য থাকিলে কেবল ইহা প্রয়োগ করা যায়। অপরদিকে পণবন্ধকে দায়মুক্ত পণ্য বন্ধকগ্রহীতার দখলে থাকে। এতৎসহ lien দ্র.।

iddat n. ইন্দত বি. মুসলিম আইন-অনুসারে, তালাকের মাধ্যমে অথবা স্বামীর মৃত্যুর কারণে কোনো মুসলিম নারীর বিবাহবিচ্ছেদ ঘটিলে পুনরায় বিবাহ করিতে হইলে তাঁহাকে তালাক অথবা স্বামীর মৃত্যুর কাল হইতে যথাক্রমে তিনমাস অথবা চারমাস দশদিন অথবা গর্ভবতী হইলে সন্তান ভূমিষ্ঠ হওয়া পর্যন্ত অপেক্ষা করিতে হয় । এই সময়কালকে ইন্দতকাল বলা হয় । গ্রীকে তালাক দিলে ইন্দতকালীন সময়ের ভরণপোষণের খরচ স্বামী বহন করিতে বাধ্য । একটি বিশেষ উদ্দেশ্যে কোরানে এইরূপ বিধান করা হইয়াছে যে, তালাকপ্রাপ্তা প্রী তিন রজঃস্রাবকাল প্রতীক্ষায় থাকিবেন ।

identity n. পরিচয় বি. (সাক্ষ্য আইনে) evidence of identity দ্র. ।

idiot n. জড়বৃদ্ধি বি. জন্মগতভাবে এইরূপ অপরিণতমস্তিষ্ক ব্যক্তি যিনি স্বাভাবিক যুক্তি বা বিচারবৃদ্ধি-সম্পন্ন আচরণ করিতে বা বৃঝিতে অসমর্থ। হিন্দু আইন-অনুসারে জন্মপুত্রে জড়বৃদ্ধিসম্পন্ন কোনো ব্যক্তি উত্তরাধিকারী হন না। চুক্তি আইন-অনুসারে জড়বৃদ্ধিসম্পন্ন কোনো ব্যক্তি চুক্তি সম্পাদন করিতে পারেন না।

idol n. দেবমূর্তি বি. পূজা-অর্চনার লক্ষ্যবস্তু হিসাবে দেবদেবীর প্রতিমূর্তি। কোনো সম্প্রদায়ের আরাধনা বা পরম ভক্তির অভীষ্ট ব্যক্তি বা বস্তু।

ignorance n. অজ্ঞতা বা মূর্যতা বি. কোনো বিশেষ ঘটনা সম্পর্কে অজ্ঞতা অর্থ, ওই ঘটনা সম্পর্কে জ্ঞানের অভাব। মন যদিও সৃস্থ এবং কোনো বিষয়ের ছাপ গ্রহণ করিতে সমর্থ, তবু ওই বিষয়ে মন অজ্ঞ এই কারণে যে বিষয়টিকে মনের অনুতবর্শক্তির সংস্পর্শে আনা হয় নাই। 'অজ্ঞতা' এবং 'ভূল' এক কথা নহে। 'অজ্ঞতা' দ্বারা বিষয়টি সম্পর্কে জ্ঞানের সম্পূর্ণ অভাব বুঝায়, অন্যদিকে 'ভূল' দ্বারা বিষয়টি সম্পর্কে জ্ঞানের অপূর্ণতাহেতু বেঠিক সিদ্ধান্তে উপনীত হওয়া নির্দেশ করে। আইনসম্বন্ধীয় অজ্ঞতা ক্ষমাযোগ্য নয়, যদিও তথ্যসংক্রান্ত অজ্ঞতা ক্ষমাযোগ্য। তবে যে-কোনো ব্যক্তির নিজের দেশের আইন সম্পর্কে জ্ঞান আছে বিলয়া ধরিয়া লওয়া হয়। আইনসম্বন্ধীয় অজ্ঞতাজনিত অপরাধের বিচারকালে উপযুক্ত ক্ষেত্রে আদালত দও ব্রাস করিতে পারেন, তবে ওইরূপ অজ্ঞতা কখনো খালাসের ভিত্তি হইতে পারে না।

ignorance of the law আইনের অজ্ঞতা mistake দ্ৰ.।

ignorantia juris non excusat আইনের অজ্ঞতা (অব্যাহতির) কোনো অজুহাত নহে কোনো অপরাধের জন্য ফৌজদারি বা অন্য কোনো মামলায় অব্যাহতি পাইবার জন্য আইনের অজ্ঞতা কোনো অজুহাত হয় না। দেশের প্রত্যেক নাগরিক দেশের

- প্রচলিত আইন সম্পর্কে ওয়াকিবহাল বলিয়া ধরিয়া লওয়া হয়। এইজন্য কেহ কোনো আইন ভঙ্গ করিলে তিনি উক্ত আইন জানেন না বলিয়া দায় হইতে রেহাই পান না।
- ignoring traffic signals ট্রাফিক সিগন্যাল অমান্য করা, পরিমান-সংকেত অর্থাহ্য করা পরিমান সংকেতসমূহ, রাস্তায় চলাচলের সংকেতস্চক আলো অথবা রাস্তায় ব্যবহৃত চিহ্নদি মানিয়া চলিবার অপারগতা। রাস্তায় যানবাহন ও মানুষের চলাচল মাহাতে সুশৃঙ্খল হয় সেইজন্য এইসকল চিহ্ন ও সংকেত ব্যবহৃত হয়। এইসকল চিহ্ন অমান্য করিয়া রাস্তায় চলাচল করা দণ্ডনীয় অপরাধ।
- ijahar n. এজাহার বি. সাধারণত পুলিশের কাছে অপরাধ সম্পর্কে লিখিতভাবে যে-অভিযোগ দায়ের করা হয়। আদালতে প্রদন্ত এফিডেভিট এবং জবানবন্দিকেও এজাহার বলা যায়।
- ijara n. ইজারা বি. কোনো খামার বা জমি বা সরকারি রাজস্ব বা শুব্ধ বা এইরূপ কোনো কিছুর মেয়াদি বন্দোবন্ত। বিশেষত কোনো জেলার রাজস্ব বিভাগের একটি খামার। তালুকদারদের মাধ্যমে ভূমিরাজস্ব-আদায়ের একটি পদ্ধতি, যাহা আমিনি খাস বা সরাসরি পদ্ধতির বিপরীত। কতিপয় ধরনের দীর্ঘমেয়াদি বন্দোবন্ত।
- ijaradar n. ইজারাদার বি. যিনি বা যাঁহারা ইজারা বা বন্দোবন্ত গ্রহণ করেন। ijara . দ.।
- ijmah n. ইজমা কোনো বিশেষ যুগে কোনো বিশেষ প্রশ্নে মুসলিম আইনতত্ত্ববিদগণের ঐকমত্য । রসুলুল্লাহ্র সাহাবাগণ যে-বিষয়ে ঐকমত্য উপনীত হইতেন, সেই বিষয়ে তাঁহাদের ঐকমত্যকে প্রামাণ্য আইনরূপে গ্রহণ করা হইত । অতঃপর তাবেইন (অনুবতী) বা সাহাবাদের অনুসারীদের বা প্রত্যক্ষ অনুবতীদের দ্বারা গৃহীত ইজমাও প্রামাণিক আইনরূপে প্রীকৃতি লাভ করিতে থাকে । কিন্তু অনেক আইনতত্ত্ববিদ তাবেইনদের ইজমার বৈধতা সম্পর্কে সন্দেহ প্রকাশ করিতে থাকেন । আবু হানিফা এইরূপ অভিমত দেন যে, ইজমাকে কোনো কালের মধ্যে সীমিত রাখা উচিত নহে । যে-কোনো কালে পূর্বতন ইজমার অনুরূপ কোনো সমস্যার উদ্ভব হইলে পরবর্তী যুগেও অনুরূপ সিদ্ধান্ত গ্রহণ করা যাইতে পারে।
- ijmali adj. এজমালি বিণ. যৌথ দখলভুক্ত অবিভক্ত ভূ-সম্পত্তি। বিভাগবণ্টন হয় নাই, এইরূপ। দুই বা ততোধিক পক্ষের মধ্যে যৌথভাবে নির্দিষ্ট বা বন্দোবস্তকৃত।
- ikhtiarnama ইখতিয়ারনামা, এখতিয়ারনামা বি. আম-মোক্তারনামা। power of attorney দ্র.।
- ikrarnama n. ইকরারনামা বি. চুক্তিপ্ত্র। সম্মতি বা সাধারণ স্বীকৃতিসংক্রান্ত একটি দলিল।

illegal adj. অবৈধ বিণ. দওবিধির ৪৩ ধারা-অনুসারে, অবৈধ শব্দ এমন প্রত্যেক বিষয়ের প্রতি প্রয়োজ্য যাহা অপরাধরূপে গণ্য বা যাহা আইনবলে নিষিদ্ধ বা যাহাতে দেওয়ানি ব্যবস্থাগ্রহণের অজুহাত থাকে। ব্যক্তিবিশেষ যেরূপ কার্য 'আইনত সম্পাদন করিতে বাধ্য' বলিয়া গণ্য, তাহা সম্পাদন হইতে বিরত থাকা তাঁহার পক্ষে অবৈধ।

illegal contract অবৈধ চুক্তি কোনো সংবিধির আইনদ্বারা নিম্বিদ্ধ চুক্তি (যেমন বাজি ধরিবার চুক্তি) অথবা নৈতিকতা বা সরকারি নীতির পরিপন্থী চুক্তি অবৈধ। যে-চুক্তি কোনো অবৈধ কাজ করিবার নিমিত্ত অথবা যে-চুক্তি জনস্বার্থবিরোধী, তাহাকে অবৈধ চুক্তি বলা হয়। চুক্তি আইনের ২৩ হইতে ৩০ ধারা এবং ৩৬ ও ৬৫ ধারায় বলা হইয়াছে যে, চুক্তির উদ্দেশ্য প্রচলিত আইনের দ্বারা নিষিদ্ধ হইলে; প্রস্তাব বিবেচনার প্রকৃতি যদি এইরূপ হয় যে উহা অনুমোদন করা হইলে প্রচলিত কোনো বিধান ব্যাহত হইবে; উদ্দেশ্য বা বিবেচনাটি প্রতারণামূলক হইলে; চুক্তিতে যদি অপর কোনো ব্যক্তির শারীরিক বা সম্পত্তির ক্ষতিসাধনের সম্ভাবনা থাকে; অথবা আদালত কর্তৃক চুক্তির উদ্দেশ্যটি নীতিবহির্ভূত ও জনকল্যাণের পরিপন্থী বলিয়া বিবেচিত হইলে অনুরূপ চুক্তি অবৈধ বলিয়া গণ্য হইবে। কোনো চুক্তির উদ্দেশ্য অবৈধ বলিয়া প্রতীয়মান হইলে সেই চুক্তি বাতিল বলিয়া গণ্য হইবে এবং অবৈধ চুক্তির প্রক্ষাপটে পক্ষগণের মধ্যে দায়দায়িত্বের সৃষ্টি হইবে না। immoral contract তু.।

illegal entry অবৈধ প্রবেশ ১. (ফৌজদারি আইনে) কোনো অপরাধ সংঘটন করিবার উদ্দেশ্যে কোনো ভবনে প্রবেশ করা। ২. (অভিবাসন আইনে) পরিদর্শন এড়াইয়া বা প্রতারণা করিয়া ভুল সময়ে বা স্থানে উপনীত হইয়া কোনো বিদেশির অনধিকার-প্রবেশ।

illegal gratification ঘুস, উৎকোচ বি. 'ঘুস' শব্দদারা কেবল আর্থিক সুবিধা বা
অর্থে পরিমাপযোগ্য সুবিধা বুঝায় না। কোনো সরকারি কর্মচারী কর্তৃক স্বেচ্ছায়
কোনো পরিমাণ অর্থ বা মূল্যবান দ্রব্য গ্রহণ করা উৎকোচগ্রহণ হিসাবে গণ্য হইবে।
ইহার দ্বারা কোনো জৈবিক ক্ষুধা বা কামনা চরিতার্থ করা বুঝায় এবং কেবল ঘুস
হিসাবে প্রদত্ত অর্থ বুঝায় না। দণ্ডবিধির ১৬১ ধারা-অনুসারে, বৈধ পারিশ্রমিক বা
সুবিধা ছাড়া যে-কোনো কিছু গ্রহণ করা উৎকোচগ্রহণ হিসাবে দণ্ডনীয় অপরাধ।

illegal lock-out অবৈধ তালাবন্ধকরণ, বেআইনি লকআউট ১৯৬৯ সালের শিল্প সম্পর্ক অধ্যাদেশের ২(১১) ধারা-অনুসারে, ওই অধ্যাদেশের বিধান-বহির্ভৃত পন্থায় যে-তালাবদ্ধকরণ ঘোষিত হয় বা শুরু করা হয় বা চালাইয়া যাওয়া হয়। lock-out দ্র.।

illegal practices অবৈধ কর্ম corrupt and illegal practices দ্র. ।

illegal trust অবৈধ ন্যাস যে-ন্যাস সংবিধি, নৈতিকতা বা সরকারি নীতি ভঙ্গ করে। এইরূপ কোনো ন্যাস অবৈধ ও অকার্যকর।

- illegitimacy n. জারজতা বি. বিবাহবন্ধনের বাহিরে জাত অবস্থা। হানাদি
 মুসলমান পিতামাতার অবৈধ সন্তান তাঁহার মাতা ও মাতৃকুলের সম্পত্তিতে
 উত্তরাধিকারী হন, পিতার সম্পত্তিতে নহে। কিন্তু শিয়া মুসলমান পিতামাতার জারজ
 সন্তান পিতা ও মাতার সম্পত্তিতে উত্তরাধিকারী হন না। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য হিন্দুর
 জারজ পুত্র ভরণপোষণ ভিন্ন সম্পত্তিতে উত্তরাধিকারী হন না। কিন্তু শূদ্র হিন্দুর জারজ
 পুত্র সম্পত্তিতে উত্তরাধিকারী হন। ইংলাাতে জারজ সন্তানেরা বৈধ সন্তানের নাায়
 সম্পত্তির উত্তরাধিকারী লাভ করেন, তবে ব্রিটিশ নাগরিকত্ব, সম্মানসূচক উপাধি এবং
 সিংহাসনের উত্তরাধিকারিত্বের ক্ষেত্রে তাঁহারা সমান অধিকার ভোগ করেন না।
 এতৎসহ bastard দ্র.।
- illicit intercourse অবৈধ যৌনসংগম দণ্ডবিধির ৩৭২ ধারার ২ ব্যাখ্যা-অনুসারে,
 অবৈধ যৌনসংগম বলিতে এইরপ দুই ব্যক্তির মধ্যে যৌন সহবাস বুঝাইবে, যাঁহারা
 বিবাহিত অথবা বিবাহিত বলিয়া গণ্য না হইলেও তাঁহাদের উভয়ে যে-সম্প্রদায়ভুক
 সেই সম্প্রদায়ের অথবা তাঁহারা বিভিন্ন সম্প্রদায়ভুক হইলে অনুরূপ উভয় সম্প্রদায়ের
 ধর্মীয় আইন বা প্রথা কর্তৃক তাঁহাদের মধ্যে বিবাহসম সম্পর্ক বলিয়া স্বীকৃত কোনো
 সংযোগ বা বন্ধন দ্বারা মিলিত হন নাই। অবৈধ যৌনসংগমের জন্য কোনো নারী
 অপহরণ করিলে তাহার শান্তি দণ্ডবিধির ৩৬৬ ধারায় বর্ণনা করা হইয়াছে।
- illustration n. অলংকরণ, উদাহরণ, দৃষ্টান্ত বি. কোনো মূল পাঠকে ব্যাখ্যা করিবার উদ্দেশ্যে কোনো বই বা অন্য প্রকাশনায় স্থাপিত চিত্র বা অলংকরণ। কোনো আইনের কোনো ধারায় প্রদত্ত উদাহরণ হইল বাস্তব মোকদ্দমায় উক্ত ধারার নীতিপ্রয়োগের দৃষ্টান্ত।
- imaginary damages কল্পিত ক্ষতিপূরণ অন্যায়কারীর শান্তি হিসাবে ক্ষতিপূরণমূলক খেসারতের অতিরিক্ত যে-ক্ষতিপূরণ মনজুর করা হয়। ইহা 'দৃষ্টান্তমূলক', 'প্রতিশোধমূলক' এবং 'শান্তিমূলক' শব্দের সমার্থক।
- Imam Abu Hanifa ইমাম আবু হানিফা Abu Hanifa দ্ৰ.।
- Imam Ahmad ibn Hambal ইমাম আহমদ ইবন হামবল Ahmad ibn Hambal দ্ৰ.।
- imambara n. ইমামবাড়া বি. ইমামদের জন্য সুরক্ষিত স্থান। যে-দালানে মহররম উৎসব উদ্যাপিত হয় এবং যেখানে তাজিয়াগুলি রক্ষিত হয়। কখনো কখনো ইহার প্রতিষ্ঠাতা ও তাঁহার পরিবারের সমাধিক্ষেত্ররূপেও ইহা ব্যবহৃত হয়। কোনো গৃহ বা অট্টালিকায় ধর্মীয় উদ্দেশ্যে বা ব্যক্তিগত উপাসনাগৃহ হিসাবে পৃথকভাবে রক্ষিত কোনো কুঠরিকেও ইমামবাড়া বলা হয়। মালিকের অনুমতিক্রমে যদিও সাধারণ লোক

শেখানে প্রবেশ করিতে পারে, তবু প্রধানত উহা মালিক ও তাঁহার পরিবারের লোকদের ব্যবহারের জন্যই রক্ষিত হয়। ইহা একটি বৈধ ওয়াক্ফের বিষয়বস্তু হইতে পারে। এই জাতীয় ওয়াক্ফ ব্যক্তিগত ওয়াকফ নহে।

lmam Malik ibn Anas ইমাম মালিক ইবনে আনাস Malik ibn Anas দ্ৰ.।

lmam Muhammad ibn Ash-Shafee ইমাম মুহাম্মদ ইবনে আশ-শাফিয়ি Muhammad ibn Ash-Shafee দ্ৰ.।

imitation n. অনুকরণ বি. অন্য কোনো জিনিস বা বস্তুর সাদৃশ্য বা আকার-অনুযায়ী কোনো বন্ধু তৈয়ারি করা। যেমন, জাল মুদ্রা কোনো সঠিক মুদ্রার অনুকরণে তৈয়ারি করা হইয়াছে বলা হয়। যাহা অনুলিপি হিসাবে তৈয়ারি বা উৎপন্ন করা হয়। কৃত্রিম সাদৃশ্য; জালিয়াতি; উৎকৃষ্ট কিছুর ভান করা। অনুকরণ করিবার কাজ বা অনুকরণ করিবার ফলে উৎপন্ন দ্রব্য। ট্রেডমার্ক বা পণ্যদ্রব্যের উপরে শনাক্তকরণের জন্য বিশিষ্ট চিহ্নের জালিয়াতির ক্ষেত্রে একইরকম শব্দে উচ্চারিত কোনো উক্তি বা একইরকম দেখিতে কোনো অক্ষর বা কোনো চিহ্ন, প্রতীক, কৌশল বা উপায়ে সঠিক ট্রেডমার্কের সহিত সাদৃশ্যপূর্ণ কিছু প্রস্তুত করিয়া এইরপ বিশ্বাস জন্মানো যে, ইহাই যথার্থ।

immediate cause অব্যবহিত কারণ পরস্পরসম্পর্কযুক্ত অনেকণ্ডলি কারণের শেষেরটি যাহাতে কোনো নির্দিষ্ট ফলাফলের প্রবণতা থাকে এবং যাহা আর কোনো কারণ ছাড়াই সরাসরি কোনো ফলাফল বা ঘটনা সৃষ্টি করে। কোনো কারণ এই অর্থে অব্যবহিত হইলেও তাহা 'নিকটতম' না-ও হইতে পারে এবং বিপরীতভাবে, 'নিকটতম কারণ' (যাহা সরাসরি যথার্থই ফলাফল ঘটায়) 'অব্যবহিত' না-ও হইতে পারে। একজন নেশাণ্রস্ত ব্যক্তি পানিতে পড়িয়া ডুবিয়া গেলে যদি ইহা বলা যায় যে, তিনি মন্ত না থাকিলে পানিতে পড়িতেন না, তাহা হইলে মন্ততা তাঁহার মৃত্যুর নিকটতম কারণ; কিন্তু মৃত্যুর অব্যবহিত কারণ নিমজ্জনজনিত শ্বাসরোধ।

immediate consumption অব্যবহিত ভোগ খাইবার যোগ্য বা পান করিবার যোগ্য সামগ্রী যখন দোকানে বা দোকানের বাহিরে কিন্তু সন্নিকটে ভক্ষণ বা পান করিতে হয়, তখন উহা অব্যবহিত ভোগের জন্য সরবরাহকৃত বলা হয়; তবে যদি সেই সামগ্রী বাড়িতে লইয়া গরম করিতে হয়, তাহা হইলে উহা অব্যবহিতভাবে ভোগা হয় না।

immediately adv. অবিলম্বে, তৎক্ষণাৎ ক্রি.-বিণ. ইহার দুইটি অব্যবহিত অর্থ
আছে— একটি কার্যকারণ সম্পর্ক নির্দেশ করে, অপরটি দুইটি ঘটনার মধ্যবর্তী
কোনো সময় না থাকা নির্দেশ করে। প্রথমোক্ত অর্থে ইহাদারা বুঝায়, যাহাতে
মধ্যবর্তী কোনো কিছুর সম্পুস্প থাকে না। শেষোক্ত অর্থে ইহা তৎক্ষণাৎ, আশু.

তাৎক্ষণিকভাবে বা ঝটিতি বুঝায়। 'অবিলম্বে' শব্দটি সকল পরিস্থিতিতে অপ্রয়োজনীয় বা ক্ষমার অযোগ্য বিলম্ব ব্যভিরেকে অর্থে ব্যাখ্যা করা হয়। 'অবিলম্বে' এইরূপ ইসিত করে যে, করণীয় কর্মটি যথাসম্ভব দ্রুততার সহিত সম্পন্ন করা উচিত।

immediate-notice clause অবিলম্বে দৃষ্টি আকর্ষণ-অনুচ্ছেদ বিমার দাবি উদ্ভূত
ইইবার পরে বিমাকৃত ব্যক্তিকে যথাসত্ত্বর বিমাকারীকে দাবি সম্পর্কে অবহিত করিতে
ইইবে, এই মর্মে বহু বিমাপত্রে সান্নবিষ্ট একটি শর্ত। বিমাপত্রের ক্ষেত্রে 'ত্বরিত' বা 'অবিলম্বে' বিজ্ঞপ্তি দিতে হইবে, একথার অর্থ এই যে, বিজ্ঞপ্তিটি অবশ্যই পরিস্থিতিঅনুযায়ী যুক্তিসংগত সময়ের মধ্যে দিতে হইবে।

immemorial user স্মরণাতীতকালের ব্যবহার কোনো কিছুর ব্যবহারের আরম্ভের তারিখ বা সময় মানুষের স্মৃতির অগোচর থাকিলে অথবা উহার আরম্ভের তারিখ প্রাচীনতার অস্বচ্ছতায় আচ্ছাদিত হইলে উহাকে স্মরণাতীতকালের ব্যবহার বলা হয়। ইংল্যান্ডে প্রথম রিচার্ডের পূর্বেকার (১১৮৯ খ্রিষ্টাব্দের পূর্বেকার) কালকে স্মরণাতীত কাল বলে।

immigration n. অভিবাসন বি. নিজ দেশ ভিন্ন অন্য দেশে স্থায়ীভাবে বসবাস করিবার অভিপ্রায়ে প্রবেশ। বাংলাদেশ (প্রবেশ নিয়ন্ত্রণ) আইনের বিধান-অনুযায়ী বৈধ অনুমতি ব্যতিরেকে বাংলাদেশে কোনো বিদেশির প্রবেশ করা দওনীয় অপরাধ। তদ্রপ অনুপ্রবেশকারী আদালতকর্তৃক শান্তিপ্রাপ্ত হইলে সরকার তাঁহাকে নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ হইতে বহিষ্কারের আদেশ দিতে পারে। পৃথিবীর অনেক দেশ অভিবাসীদের প্রথমে নিবেশ প্রদান করে এবং সন্তোষজনকভাবে নিবেশলাভকারী ওই দেশে নির্দিষ্ট সময় বসবাস করিলে তাঁহাকে নাগরিকত্ প্রদান করা হয়।

immoral contract নীতিবিগর্হিত চুক্তি যৌন অনৈতিকতার ভিত্তিতে সম্পাদিত একটি চুক্তি, যেমন একটি বেশ্যাবৃত্তির চুক্তি। সরকারি নীতি লঙ্খন করে, এই হেড্ এইরূপ চুক্তি অবৈধ চুক্তি। illegal contract তু.।

immovable property স্থাবর সম্পত্তি স্পর্শযোগ্য যে-বন্ধু স্থানান্তরিত করা যায় না।
১৮৯৭ সালের জেনারেল ক্লজেজ অ্যান্টের ৩(২৫) ধারা-অনুসারে, স্থাবর সম্পত্তি
বলিতে জমি, জমি হইতে প্রাপ্ত সুবিধা এবং মাটির সহিত সংযুক্ত বন্ধুসমূহকে
বুঝাইবে। সম্পত্তি হস্তান্তর আইনের ৩ ধারা-অনুসারে, বিষয়বন্ধু বা প্রসঙ্গের বিপরীত
কিছু না থাকিলে এই আইনে স্থাবর সম্পত্তি বলিতে দণ্ডায়মান বৃক্ষের কাষ্ঠ, বাড়ন্ড
ফসল বা ঘাস অন্তর্ভুক্ত করে না। উক্ত ধারা-অনুসারে, মাটির সঙ্গে যুক্ত বলিতে (ক)
গাছ বা ঝোপসমূহের মতো মাটিতে শিকড়াবদ্ধ থাকা, (খ) প্রাচীর বা দালানের মতো
মাটিতে প্রবিষ্ট অবস্থায় থাকা, এবং (গ) যাহা মাটিতে প্রবিষ্ট হইয়া আছে এমন কিছুর
স্থায়ী সুবিধাজনক উপভোগের জন্য উহার সঙ্গে সংযুক্ত হইয়া থাকা বুঝায়। ১৯০৮
সালের রেজিন্ট্রেশন বা নিবন্ধন আইনের ২(৬) ধারা-অনুসারে বিষয় বা প্রসঙ্গের

কোনো কিছুর পরিপন্থী না থাকিলে স্থাবর সম্পত্তি বলিতে জমি, ইমারত, জমি হইতে উদ্বৃত মুনাফা এবং মাটির সংলগ্ন বা মাটির সংলগ্ন বস্তুর সহিত স্থায়ীভাবে আবদ্ধ বস্তু, উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত মালিকানা, রাস্তা, আলো, খেয়া এবং জলকরের উপর অধিকার বৃথাইবে। কিন্তু (ক) দণ্ডায়মান বৃক্ষের কাঠ, বাড়ন্ত ফসল বা ঘাস, (খ) বর্তমানে বিদামান বা ভবিষ্যতে উৎপন্ন হইবে এমন ফসল, বৃক্ষের ফল ও রস, এবং (গ) জমি হইতে পৃথকভাবে ব্যবহৃত মাটিতে সংযুক্ত কলকজা ইহার অন্তর্ভুক্ত হইবে না।

immovables n. স্থাৰরবস্তু বিণ. ভূমি ও দালান-কোঠার মতো যে-স্পর্শযোগ্য বস্তু যাহা ভৌতভাবে নড়ানো যায় না।

immunity n. দায়মুক্তি বি, মামলার দায় হইতে অব্যাহতি বা মুক্তি। উদাহরণস্বরূপ, দেশের সার্বভৌম অধিকারী নিজদেশে, দুতাবাসের কর্মকর্তা বা কর্মচারীগণ যে-দেশে নিযুক্ত, সেই দেশে, মামলা-মোকদ্দমার দায় হইতে অব্যাহতি লাভ করেন। তাহা ছাড়া সীমিত ক্ষেত্রে সংসদ-সদস্যগণ ও বিচারকগণ মামলা-মোকদ্দমার দায় হইতে অব্যাহতি লাভ করেন। বাংলাদেশ সংবিধানের ৫১ অনুচ্ছেদে বলা হইয়াছে যে. অভিশংসন ব্যতীত রাষ্ট্রপতি তাঁহার দায়িত্ব পালন করিতে গিয়া কিংবা অনুরূপ বিবেচনায় কোনো কার্য করিয়া থাকিলে বা না করিয়া থাকিলে সেইজনা তাঁহাকে কোনো আদালতে জবাবদিহি করিতে হইবে না, তবে ইহা সরকারের বিরুদ্ধে কার্যধারাগ্রহণে কোনো ব্যক্তির অধিকার ক্ষুণু করিবে না। রাষ্ট্রপতির কার্যভারকালে তাঁহার বিরুদ্ধে কোনো আদালতে কোনো প্রকার ফৌজদারি কার্যধারা দায়ের করা বা চালু রাখা যাইবে না, এবং তাঁহার গ্রেপ্তার বা কারাবাসের জন্য কোনো আদালত হইতে পরওয়ানা জারি করা যাইবে না। সংবিধানের ৭৮ অনুচ্ছেদের ৩ দফা-অনুসারে, সংসদ বা সংসদের কোনো কমিটিতে কিছু বলা বা ভোটদানের জন্য কোনো সদস্যের বিরুদ্ধে আদালতে কার্যধারা গ্রহণ করা যাইবে না এবং ৪ দফা-অনুসারে, সংসদ কর্তৃক বা সংসদের কর্তৃত্বে কোনো রিপোর্ট কাগজপত্র ভোট বা কার্যধারা প্রকাশের জন্য কোনো ব্যক্তির বিরুদ্ধে কোনো আদালতে কোনো কার্যধারা গ্রহণ করা যাইবে না। এতৎসহ diplomatic immunity ও indemnity দ্র.।

imparlance ্রা. আপস করিবার জন্য মামলায় জবাবদানে বিশম্বন মামলার দাবি আপসে নিম্পণ্ডি করিবার প্রচেষ্টা গ্রহণ করিবার জন্য মামলায় বাদীর দাবির বিরুদ্ধে বিবাদীর জবাবদান বিলম্বিত করিবার অনুমতি প্রদান।

impartial adj. পক্ষপাতহীন, নিরপেক্ষ বিণ. পক্ষপাত ইইতে মুক্ত। পক্ষদের মধ্যে সমদশী বা তাহাদের ব্যাপারে নিঃস্বার্থ বা নিম্পুহ।

impeachable waste অভিযোক্তব্য অপচয় যে-অপচয় অপচয়কারীর পক্ষে দায়িতা সৃষ্ট করে। তাই কোনো ভাড়াটিয়া অভিযোক্তব্য অপচয় সৃষ্টি করিলে বাড়ি বা জমির মানিক তাঁহার বিরুদ্ধে ক্ষতিপুরণের মামলা দায়ের করিতে পারেন কিংবা তিনি যাহাতে আর অপচয় করিতে না পারেন, তজ্জন্য তাঁহার বিরুদ্ধে নিষেধাজ্ঞা জারি করাইতে পারেন। এতৎসহ waste দ্র.।

impeachment n. অভিশংসন বি. সংবিধানের ৫২ অনুচ্ছেদ-অনুসারে, সংবিধান
লব্জ্যন বা গুরুতর অসদাচারণের অভিযোগে রাষ্ট্রপতিকে তাঁহার পদ হইতে
অপসারণের জন্য সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্য রাষ্ট্রপতির বিরুদ্ধে অভিশংসনের
প্রস্তাব করিতে পারিবেন। সংবিধান-অনুযায়ী তাঁহারা স্পিকারের নিকট এই মর্মে
নোটিশ দিবেন। স্পিকার নোটিশ পাওয়ার ১৪ দিন হইতে ৩০ দিনের মধ্যে সংসদে
এই বিষয়ে আলোচনা হইবে। প্রস্তাব গৃহীত হইবার জন্য মোট সদস্যের দুইতৃতীয়াংশের সম্বতির দরকার। প্রস্তাব গৃহীত হইলে রাষ্ট্রপতির পদ শূন্য হইবে।

impediments in law আইনত বাধা, আইনগত অন্তরায় নাবালকত্ব, অপ্রকৃতিস্থতা, বধর্মত্যাগ, কারাবন্দিত্ব বা বিদেশে অবস্থান ইত্যাদির মতো কারণে আইনগত প্রতিবন্ধকতা। বিভিন্ন আইনের আওতায় তদ্রুপ প্রতিবন্ধকতা অপসারণের পর, তাঁহাদের অধিকারের দাবি উত্থাপন করিবার এবং অব্যাহত রাখিবার সময় নির্ধারিত আছে। সকল প্রতিবন্ধকতা আইন-অনুযায়ী অপসারিত হইলে অধিকার বলবংযোগ্য হয় অর্থাৎ আইনগত প্রতিবন্ধকতার অনুপস্থিতিতে বিদ্যামান অধিকার (যাহা কেবল ওই সকল প্রতিবন্ধকতার কারণেই বলবৎ করা যায় না তাহা) বলবৎ করা যায়।

impeding apprehension or prosecution শ্রেণ্ডার বা অভিশংসনে বাধাদান কোনো ব্যক্তি প্রেণ্ডারযোগ্য অপরাধ করিয়াছেন জানিয়াও তাঁহার প্রেণ্ডারে বা তাঁহার বিরুদ্ধে অভিযোগ আনয়ন। যেমন, বাধাগ্রস্ত বা বিলম্বিত করিবার অভিপ্রায়ে তাঁহাকে সাহায্যপ্রদান (লুকাইবার জন্য স্থান দেওয়া বা সাক্ষ্যপ্রমাণ নষ্ট করা)। দওবিধির ৫২ক ধারায় বলা ইইয়াছে যে, ১৩০ ও ২৫৭ ধারায় বর্ণিত অপরাধের ক্ষেত্রে স্বামীকর্তৃক স্ত্রীকে বা স্ত্রীকর্তৃক স্বামীকে আশ্রমদান ব্যতীত আশ্রমদান শব্দ বলিতে কোনো ব্যক্তিকে নিরাপদে থাকিবার স্থান, খাদ্য, পানীয়, অর্থ, পোশাক, অন্ত্র, গোলাবারুদ্দ বা যানবাহন দান অথবা উপরিউক্ত বা অন্য কোনোভাবে গ্রেপ্তার এড়াইতে সাহায্য করা অন্তর্ভুক্ত ইইবে। দওবিধির ২১২ ধারায় অপরাধী ব্যক্তিকে আশ্রমদান বা লুকাইয়া রাখা দওনীয় অপরাধ।

impending adj. আসন্ন, সমুপস্থিত বিণ. আসনু বা প্রত্যাসনু এমন কিছু নির্দেশ করে, যাহা আমাদের মাথার উপর ঝুলিয়া আছে এবং অনির্দিষ্ট কালের জন্য ঝুলিয়া থাকিতে পারে। কোনো অঞ্চলে কলেরার প্রাদূর্ভাব ঘটিলে তাহার অনেক দ্রবর্তী স্থানে জনসাধারণের স্বাস্থ্য সুরক্ষার জন্য বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক হয়। এইরূপ ঘটনা নিকটতম বা আসনু বিপদ বলিয়া গণ্য হয় না। তবে প্রেগের মতো ভয়াবহ সংক্রামক মহামারীর আশদ্ধাকে আসনু বিপদ বিবেচনায় বিশেষ সতর্কতামূলক সকল ব্যবস্থা গ্রহণ করা অত্যাবশ্যক হয়।

€00 implied

impersonal security নৈর্বাক্তিক জামানত ঋণগ্রহীতা অথবা কোনো তৃতীয় পক্ষের ব্যক্তিগত জামানত ছাড়া অন্যান্য জামানত।

impersonation n. মিখ্যা পরিচয়দান অন্য ব্যক্তি বলিয়া ভান করা। কোনো মহিনাকে যৌন-সংগমে প্ররোচিত করিবার উদ্দেশ্যে নিজেকে ভাহার স্বামী বলিয়া মিথা পরিচয়দান, নিষিদ্ধ স্থানে প্রবেশলাভের উদ্দেশ্যে রাজকর্মচারী বলিয়া মিথা পরিচয়দান, নিষিদ্ধ স্থানে প্রবেশলাভের উদ্দেশ্যে রাজকর্মচারী বলিয়া মিথা। পরিচয়দান, এবং পুলিশ-কর্মকর্তা, অন্য ধরনের সরকারি কর্মকর্তা, ভোটদাতা বা জুরি বিনায় মিথা। পরিচয়দান ইংল্যান্ডে দওনীয় অপরাধ। মিথ্যা পরিচয়দানের মাধ্যমে সম্পরি, সেবা অথবা অন্য কোনো আর্থিক সুবিধাগ্রহণ প্রতারণার শামিল হইতে পারে। বাংলাদেশে দওবিধির ১৪০ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি সামরিক বাহিনীর লোক হিসাবে পরিচয় দিবার নিমিত্তে সৈনিকদের ব্যবহৃত পোশাক পরিধান করিলে তাহা কপট পরিচয়দান হইবে এবং তিনি ভিনমাস পর্যন্ত কারাদও এবং পাঁচশত টাকা পর্যন্ত জরিমানা এবং উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন। দণ্ডবিধির ২০৫ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি দেওয়ানি বা ফৌজদারি মামলায় বা কোনো কার্যধারায় ছন্মবেশ বা কপট পরিচয়দার কারেনা কাজ করিলে ভিনবৎসর পর্যন্ত কারাদও বা অর্থদও অথবা উভয়দেও দণ্ডিত হইবেন। মূল্যবান দলিলে কপট পরিচয়দান করিলে তাহার শান্তি দণ্ডবিধির ৪৬৭ ধারায় বলা হইয়াছে। এতৎসহ false personation দ্রে.।

implication n. নিহিতার্থ বি. সুস্পট না হইয়া নিহিত থাকিবার বিষয়। সংবিধিবদ্ধ আইনের ব্যাখ্যা করিবার ক্ষেত্রে অন্তর্নিহিত অর্থ' বা 'অনুমিতি' সুস্পটভাবে ঘোষিত বিষয় নহে বরং যাহা প্রত্যক্ষ বা সুস্পটভাবে ঘোষিত হইয়াছে এইরূপ বিষয় হইতে উদ্ভূত। 'নিহিতার্থ' হইল এইরূপ প্রবল সম্ভাব্যতা যেন উহার বিপরীত অভিপ্রায় অনুমান করা যায় না। 'নিহিতার্থ' হইল প্রয়োজনীয় অনুমিতি যাহা পক্ষদের মধ্যে সম্পাদিত দলিল, চুক্তিপত্র ইত্যাদিতে প্রত্যক্ষভাবে ঘোষিত হয় নাই বরং যাহা স্বীকৃত ও সুস্পট তাহা হইতে উদ্ভূত। যখন আইন কাহাকেও কোনো কিছু দান করে ইহা নিহিতভাবে তাহাও প্রদান করে যাহা উক্ত দানের বস্তু, বিষয় বা অধিকার ভোগ করিবার জনা প্রয়োজনীয়।

implied adj. উপলক্ষিত, নিহিত বিণ. আইনে এই শব্দটি 'সুস্পষ্টে'র বৈপরীত্যক্রমে ব্যবহৃত হয়। অর্থাৎ যে-ক্ষেত্রে বিষয়বস্তু সম্পর্কে ইচ্ছা বা উদ্দেশ্য সুস্পষ্ট এবং প্রত্যক্ষ শব্দদারা প্রকাশিত হয় না বরং উপলক্ষ বা পরিস্থিতি হইতে বা ভাষার ব্যবহার ও পক্ষদের আচরণ হইতে যুক্তির সাহায্যে বুঝিয়া লওয়া হয়। শব্দটির সঙ্গে 'অনুমিতে'র পার্থক্য এই যে, শ্রোতা বা পাঠক অনুমান করেন, আর লেখক বা বক্তা নিহিতভাবে ইপিত করেন।

- implied condition নিহিত শর্ত একটি চুক্তিতে আইনদারা উপলক্ষিত একটি শর্ত বা দায়, যাহা ভঙ্গ করা হইলে নির্দোষ পক্ষ চুক্তির দায় হইতে মুক্ত হইতে এবং ক্ষতিপূরণ দাবি করিতে পারে। পণ্যবিক্রয়-চুক্তিতে এই শর্তগুলি নিহিত থাকে যে, বিক্রেতা পণ্যবিক্রয় করিবার অধিকারী, পণ্যগুলি চুক্তির বর্ণনার সহিত সামঞ্জস্যপূর্ণ হইবে এবং ব্যবসাসূত্রে বিক্রয়ের ক্ষেত্রে পণ্যগুলি সন্তোষজনক গুণমানসম্পন্ন এবং ক্রেতার ঘোষিত উদ্দেশ্যপূরণের উপযোগী। পণ্যবিক্রয়-আইনের ১৪ ধারায় নিহিত শর্তের কথা উল্লেখ আছে।
- implied contract নিহিত চুক্তি যে-চুক্তি ব্যক্ত শব্দাবলির দ্বারা সৃষ্ট নহে, কিছু
 পক্ষগুলির আচরণ বা তাহাদের মধ্যে বিদ্যমান কোনো বিশেষ সম্পর্ক হইতে আদালত
 কর্তৃক অনুমিত হয় । চুক্তি আইনের ৯ ধারায় এবং ৬৮ হইতে ৭২ ধারায় নিহিত চুক্তি
 সম্পর্কে বলা হইয়াছে । নিহিত চুক্তিকে আধা-চুক্তিও বলা হয় ।
- implied license উপলক্ষিত অনুমতি অনুমতিদানের ক্ষমতাসম্পন্ন ব্যক্তির উক্তি, কার্য বা নিক্রিয় সায় হইতে যে-অনুমতি প্রদন্ত হইয়াছে বলিয়া ধরিয়া লওয়া হয়। এইরূপ একটি অনুমতি অবশ্যই সুস্পষ্ট প্রমাণদ্বারা প্রতিষ্ঠিত হইতে হইবে এবং মালিকের দ্বার্থবাধক ঘোষণা বা কর্ম হইতে অনুমান করিয়া লওয়া যাইবে না।
- implied malice নিহিত বিদ্বেষ অপরাধ-সংঘটনের অভিপ্রায় না থাকিলেও যে-অপরাধী মনের অন্তিত্ব আইনে অপরাধের জন্য যথেষ্ট। এক্ষণে পরিশব্দটি সচরাচর শুধু খুনের ক্ষেত্রে গুরুতর শারীরিক আঘাত ঘটাইবার অভিপ্রায় উল্লেখের জন্য ব্যবহার করা হয়। এতৎসহ malice aforethought ও mens rea দ্র.।
- implied promise নিহিত অঙ্গীকার চুক্তি আইনের ৯ ধারা-অনুসারে, যখন সুস্পষ্ট উক্তি ছাড়াই কোনো প্রস্তাব করা বা তাহা গ্রহণ করা অন্য কোনোভাবে সম্পন্ন হয়, তথন উহাকে নিহিত অঙ্গীকার বলা হয়। আইনে দুই ধরনের অঙ্গীকার স্বীকৃত: সুস্পষ্ট ও নিহিত। প্রথমটি সুস্পষ্ট অঙ্গীকার যাহা পক্ষণণ কর্তৃক কোনো বিশেষ কিছু করিবার বা না করিবার বিষয়ে সুস্পষ্টভাবে নির্ধারিত। দ্বিতীয়টি কোনো সুবিধাভোগকারীর বিরুদ্ধে আইনত অনুমিত।
- implied repeal নিহিত রহিতকরণ একই বিষয়ে প্রচলিত কোনো আইনের পর অপর একটি আইন প্রণীত হইলেই পূর্বোক্ত আইন রহিত হয়, এইরূপ কথা অবান্তর। তবে রহিতকরণের নীতি-অনুযায়ী যদি পরবর্তী আইনের বিষয়বস্তু পূর্ববর্তী আইনের বিষয়বস্তুর সহিত এইরূপ অভিনু হয় যে উহারা এক সঙ্গে থাকিতে পারে না, তাহা হইলে পরবর্তী আইনে রহিতকরণের বিষয়ে কোনো সুস্পষ্ট উক্তি না থাকিলেও পরবর্তী আইনছারা পূর্ববর্তী আইনটি রহিত বলিয়া গণ্য হইবে।

- implied term নিহিত বিধান চুক্তির ্যে-বিধান সম্পর্কে পক্ষগুলি কথার দ্বারা সম্মতি জ্ঞাপন করেন নাই, কিন্তু ভাহাদের অনুমিত অভিপ্রায় কার্যকর করিবার জন্য যে-বিধান আদানত আবশ্যক বিবেচনা করেন কিংবা যাহা সংবিধির দ্বারা চুক্তিতে নিবেশিত (যেমন, পণ্যবিক্রয়-চুক্তির ক্ষেত্রে)। একটি নিহিত বিধান চুক্তির একটি শর্ত হইতে পারে কিংবা নির্ভরপত্রও ইইতে পারে; সংবিধিদ্বারা নিবেশিত হইলে উহা প্রায়শ সুম্পষ্টত বর্জন করা যায় না। express term তু.।
- implied trust নিহিত ন্যাস যে-ন্যাস বন্দোবস্তদাতার অনুমিত কিন্তু অব্যক্ত অভিপ্রায় হইতে অথবা আইনের পরিক্রিয়া দ্বারা উদ্ভূত হয়। পক্ষগুলির আচরণ বা সম্পর্কসহ তথ্যাবলি হইতে অনুমানের সাহায্যে ন্যায়পরতা একটি ন্যায়সৃষ্টির আরোপ করে। একটি নিহিত ন্যাসকে উদ্ভূত ন্যাস ও পরোক্ষ ন্যাস রূপে দুইটি উপবিভাগে বিভক্ত করা যাইতে পারে কিংবা উহা শেষোক্ত দুই প্রকার ন্যাসকে অধিক্রমণও করিতে পারে। resulting trust ও constructive trust তু.।

implied use পরোক ব্যবহার resulting use দ্র.।

- import n. আমদানি বি. বিদেশ হইতে কোনো দ্রব্য দেশে আনয়ন করা। ইহা রপ্তানি শব্দের সরাসরি বিপরীত অর্থ বহন করে। আমদানি-রপ্তানি বিষয়ক আইনদারা আমদানি নিয়ন্ত্রিত হয়। কোনো কোনো দ্রব্য আমদানি বা রপ্তানি করা আইনত নিষিদ্ধ এবং কোনো কোনো ক্ষেত্রে উহা সরকারি অনুমোদনসাপেক্ষ এবং নির্ধারিত কর প্রদানসাপেক্ষ হইয়া থাকে।
- import duty আমদানি তন্ধ আমদানিকৃত পণ্য দেশে প্রবেশের সময়ে তন্ধ কর্তৃপক্ষ কর্তৃক যে-কর বসানো হয়।
- Import Entitlement Certificate (I.E.C.) আমদানি হকদারি প্রত্যয়নপত্র বাংলাদেশে শিল্পের কাঁচামাল আমদানি করিবার জন্য বিদেশি শিল্পজাত দ্রব্য রপ্তানিকারকদিগকে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক নিয়ন্ত্রণ বিভাগ যে-প্রত্যয়নপত্র প্রদান করে।
- imposition n. করারোপ বি. প্রবেশ-কর, আমদানিকৃত মালের উপর ধার্য ওব্ধ, বশ্যতার নিদর্শনস্বরূপ প্রদন্ত কর ইত্যাদি। কোনো কর্পোরেশন বা সংস্থার সনদে সংস্থাটি সর্বপ্রকার করারোপ হইতে অব্যাহতিপ্রাপ্ত বলা হইলে, সরকারি ধনাগারে প্রদানের জন্য আরোপিত সকল প্রকার চাঁদা বা দান হইতে অব্যাহতিপ্রাপ্ত বুঝায়।
- impossibility n. অসম্ভাব্যতা বি. (১) ফৌজদারি মামলায় অসম্ভাব্যতা একটি সাধারণ অজুহাত। যেখানে ফৌজদারি আইন মান্য করা বাস্তবে অসম্ভব সেখানে এইরূপ অজুহাত তোলা হয়। কার্যাভাবজনিত অপরাধের প্রসঙ্গে এইরূপ অজুহাত

উদ্ভূত হওয়ার সম্ভাবনা সর্বাধিক। যেমন, কোনো দুর্ঘটনা সম্বন্ধে অবহিত না থাকিলে, যে-বিষয়ে সংবাদ না দেওয়ার জন্য তাহাকে দোষী সাব্যস্ত করা যায় না। (২) যাহা আইনে অসম্ভব, যাহা প্রকৃতিতে অসম্ভব, এবং কোনো দলিল বা ঋণপত্রে বর্ণিত এমন কিছু যাহা করা অসম্ভব। এতৎসহ attempt দ্র.।

impossibility of performance সম্পাদনের অসাধ্যতা কোনো চুক্তিপালন করার অসাধ্যতা। যেমন, যে-বিষয়বস্তুর কোনো অস্তিত্ব নাই, সে-সম্পর্কে কোনো চুক্তি পালন করা সম্ভবপর নহে। যে-ঘটনা চুক্তিপালন করা অসাধ্য করিয়া তোলে, তাহা চুক্তিতে উপনীত হইবার পূর্বে ঘটিতে পারে, পরেও ঘটিতে পারে। প্রথমোক্ত ক্ষেত্রে চুক্তিটি (যেমন 'ক' 'খ'-য়ের নিকট যে-গরুটি বিক্রেয় করিতে সম্মত হন, সেটি যে পূর্বেই মৃত সে-সম্পর্কে তাঁহাদের কেহই অবগত ছিলেন না) ভূলের জন্য পথ, শেষোক্ত ক্ষেত্রে (যেমন, চুক্তি করিবার এবং তাহা কার্যকর করিবার মধ্যবর্তী সময়ে যদি গরুটি মারা যায়) বিফলীকরণ তত্ত্ব-অনুযায়ী চুক্তিটির দায় মুক্ত হইবে। এতৎসহ mistake ও frustration of contract দ্র.

impost n. প্রবেশ-কর বি. আমদানিকৃত মালের উপর ওব্ধ। ব্যাপক অর্থে যে-কোনো ধরনের কর বা ওব্ধ।

impotence n. যৌন অক্ষমতা স্বাভাবিক যৌনসহবাসে যৌনসঙ্গীদের যে-কোনো একজনের অসামর্থ্য। ১৯৩৯ সালের মুসলিম বিবাহবিচ্ছেদ আইনের ২(৫) ধারাঅনুসারে, ইহা বিবাহ বাতিল ঘোষণার ডিক্রিলাভের অজুহাত হইবে, যদি বিবাহ
অনুষ্ঠিত হইবার সময় হইতেই ইহার অস্তিত্ব থাকিয়া থাকে। যৌন অক্ষমতা ও বন্ধ্যাত্ব
সমার্থক নহে। যৌন অক্ষমতা বিবাহবিচ্ছেদের অজুহাত হইবে, যদি তাহা সাময়িক
না হইয়া স্থায়ী হয় এবং আরোগ্যের অসাধ্য হয়।

impound আটক, জব্দ বি. দেওয়ানি কার্যবিধির ১৩ আদেশের ৮ নিয়মে দলিল জব্দ বা আটক সম্পর্কে বলা হইয়াছে যে, এই আদেশের ৫ ও ৭ নিয়মে বা ৭ আদেশের ১৭ নিয়মে বর্ণিত বিধানসমূহ লজ্ঞন না করিয়াও আদালত যদি সংগত কারণ দেখিতে পান, তবে কোনো মামলা-প্রসঙ্গে দাখিলকৃত কোনো দলিল বা বইপত্র আটক করিবার এবং উপযুক্ত শর্তসাপেক্ষে নির্দিষ্ট কোনো সময় পর্যন্ত আদালতের জনৈক কর্মচারীর হেফাজতে রাখিবার নির্দেশ দিতে পারেন। স্ট্যাম্প আইনের ৩৩ ধারা-অনুসারে, দলিলপত্রে সঠিকভাবে স্ট্যাম্প সংযুক্ত না থাকিলে আদালত ও সরকারি কর্মচারী দলিলপত্র আটক করিতে পারেন।

impounding of document দলিল আটককরণ কোনো দলিলে পর্যাপ্ত স্ট্যাম্প প্রদন্ত না হইলে সরকারি যে-কর্মকর্তা বা বিচারকের সম্মুখে তাহা উত্থাপিত হয় তিনি তাহা আটক করিতে পারেন এবং যে-পরিমাণ স্ট্যাম্প কম দেওয়া হইয়াছে তাহা নির্দিষ্ট পরিমাণ জরিমানাসহ জমা দিলে ওই দলিল প্রমাণে গ্রহণ করিতে পারিবেন।

- impracticability n. অসাধ্যতা বি. এমন কোনো ঘটনা বা পরিস্থিতি, যাহা মামলার একটি পক্ষের কোনো কার্য, বিশেষত কোনো চুক্তিসম্মত কার্য, না করার অজ্যত হইতে পারে, কেননা ওই কার্যের অনুষ্ঠান (সম্ভবপর হইলেও) অত্যধিক ও অসংগতভাবে দুরহ হইত।
- impracticable adj. অসাধ্য, অবাস্তব বিণ. যাহা কার্যে পরিণত করা যায় না।
 পর্যাপ্ত উপায় বা সামর্থ্যের অভাবে যাহা কার্যকর করা যায় না। যাহা সম্পাদন করা
 সম্ভবপর নহে বা বাস্তবায়নযোগ্য নহে। কারবারের স্বাভাবিক দৃষ্টিকোণ হইতে
 'অবাস্তব' শব্দটি বাস্তবায়নযোগ্য নহে, এইরূপ বুঝিতে হইবে।
- imprisonment n কারাদণ্ড বি কারাদণ্ড অর্থ দণ্ডবিধিতে সংজ্ঞায়িত যে-কোনো বর্ণনার কারাদণ্ড। custody, sentence, false imprisonment ও life imprisonment দু ।
- improper navigation অনুচিত নৌ-চলাচল কোনো জাহাজ যখন নিজের বা উহাতে বাহিত পণ্যের নিরাপত্তাসহকারে জলপথে চলাচল করিবার উপযুক্ত অবস্থায় না থাকা সত্ত্বেও চলাচল করে। কোনো সমুদ্রযাত্রায় কোনো জাহাজের বা উহার অংশবিশেষের জন্য অনুচিত কিছু করা এবং জাহাজটিকে সমুদ্রযাত্রার উপযুক্ত করিবার ক্ষেত্রে প্রয়োজনীয় কোনো কিছু করা হইতে বিরত থাকাও ইহার অন্তর্ভূক।
- improvement n. উন্নতিবিধান বি, গৃহাদি বা স্থাবর সম্পত্তিতে কোনো কিছু সংযোজন বা বাতিল করিয়া উহার ব্যবহার উন্নত করা এবং মৃল্যবৃদ্ধি করা। সাধারণত মেরামত ইইতে উন্নতিবিধান ভিন্ন। ইহাতে অনেক অর্থ ব্যয় করিতে হয়। উন্নতিবিধান সাময়িক কিছু নহে, স্থায়ী প্রকৃতির। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫১ ধারায় বলা হইয়াছে যে, স্থাবর সম্পত্তির হস্তান্তর-প্রহীতা সরল বিশ্বাসে তাহার কোনো উন্নতি বিধান করিবার পর ক্রটিপূর্ণ স্বত্বের কারণে উত্তম স্বত্ববান-ব্যক্তি কর্তৃক তাহা হইতে উচ্ছেদ হইলে উচ্ছেদকারীর নিকট হইতে তদ্রূপ উন্নতিবিধানের ব্যয় আদায় করিতে অথবা উচ্ছেদকারীকে উন্নতিবিধানের ব্যয় বাদ দিয়া উচ্ছেদকালীন বাজারমূল্যে তাহা তাহার নিকট হস্তান্তর করিতে বাধ্য করিতে পারেন।
- improvement cost উন্নয়ন-ব্যয় অগ্রক্রয় মোকদ্দমার ক্ষেত্রে মোকদ্দমা দায়ের করিবার পূর্বেই কবলা খরিদ্দার নালিশি জমির উন্নয়নসাধন করিয়া থাকিলে এবং উক্ত মোকদ্দমায় মনজুর হইলে তিনি উন্নয়ন-ব্যয় পাইতে হকদার।
- impugn vb. বিরোধিতা করা (কোনো ব্যক্তির চরিত্র, কোনো বক্তব্যের সত্যতা ইত্যাদি সম্বন্ধে) প্রশ্ন তোলা বা বিবাদ করা।
- impulse n. মনোবেগ বি. কোনো আকন্মিক ঝোঁক বা প্রবণতা, যাহা কোনো অপরিকল্পিত কার্যকে প্রণোদিত করে। uncontrollable impulse দ্র.।

- impunity n. দণ্ডরাহিত্য বি, শাস্তি হইতে অব্যাহতি বা মুক্তি। বিদেশি কুটনীতিকগণ দণ্ডরাহিত্যের সুবিধা ভোগ করিতে পারেন।
- imputation of unchastity অসতীত্ব আরোপ এমন কোনো বক্তব্য, যাহার ঘরা কোনো মহিলা বা বালিকার উপর অসতীত্ব বা ব্যক্তিচারের অভিযোগ আনা হয়। ইহা মানহানিকর এবং প্রকৃতপক্ষে তাহাতে কোনো আর্থিক বা ব্যক্তিগত ক্ষতি হউক বা না হউক, সংশ্লিষ্ট মহিলা বা বালিকা এইরূপ বক্তব্য প্রদানকারীর বিরুদ্ধে মানহানির জন্য ক্ষতিপুরণের মামলা দায়ের করিতে পারেন। slander ও defamation দ্র,।
- imputation of unfitness or incompetence অযোগ্যতা বা অক্ষমতা আরোপ এমন কোনো বক্তব্য, যাহার উদ্দেশ্য হইতেছে কর্মস্থলে, পেশায়, কাজে, ব্যবহারে অথবা বাণিজ্যে কোনো ব্যক্তির মর্যাদাহানি করা এবং ওইরূপ ব্যক্তি প্রকৃতপক্ষে আর্থিক ক্ষতিগ্রস্ত হউন বা না হউন, বিবৃতিপ্রদানকারীর বিরুদ্ধে মানহানির জন্য ক্ষতিপূরণের মামলা দায়ের করিতে পারেন। slander ও defamation দ্র.।
- imputed notice আরোপিত অবগতি কোনো ঘটনা সম্পর্কে কোনো প্রতিনিধি জ্ঞাত থাকিলে তাঁহার নিয়োগকর্তা সে-সম্পর্কে অবগত আছেন বলিয়া আইনে অনুমিত হয়, যদিও প্রকৃতপক্ষে সেই সম্পর্কে তাঁহার কোনো জ্ঞান নাও থাকিতে পারে। একজন ভূমিক্রেতার প্রতিনিধি (যেমন, সলিসিটর বা উকিল) ক্রয়সংক্রান্ত যে-সকল বিষয়ে অবগত হন (বা যুক্তিসংগতভাবে হওয়া উচিত), সেই সম্পর্কে অবগতি ওই ভূমিক্রেতার উপর আরোপিত হয়। সম্পত্তি-হস্তান্তর আইনের ও ধারার ও ব্যাখ্যায় প্রতিনিধির অবগতি তাঁহার নিয়োগকর্তার অবগতি বলিয়া গণ্য করা হয়। এতৎসহ actual notice, constructive notice ও notice দ্ব.।
- inability n. অপারণতা বি. শারীরিক, মানসিক বা নৈতিকভাবে অপারগ হইবার অবস্থা। সামর্থ্যের অভাব; শক্তি, ধারণক্ষমতা বা উপায়ের অভাব বা কমতি। একজন শিক্ষকনিয়োগের চুক্তিতে অসামর্থ্য বা অবহেলার কারণে বিদ্যালয়ের স্বার্থ ক্ষুণ্ন হইলে বিদ্যালয়-বোর্ড চুক্তি বাতিল করিতে পারিবে, এইরূপ বিধানে 'অপারগতা' বলিতে 'অযোগ্যতা' বুঝায়।
- in absentia অনুপস্থিতিতে ফৌজদারি কার্যবিধির ৩৩৯খ ধারা-অনুসারে কতিপয় অবস্থায় আসামির অনুপস্থিতিতে তাঁহার বিচার করা যায়।
- inaccessible adj. অগম্য, অলভ্য বিণ. সাক্ষ্য উপস্থাপনসংক্রান্ত আইনে যেরপ অর্থে 'অগম্য' শব্দটি ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে রাষ্ট্রের এখতিয়ারের বাহিরের সাক্ষ্য 'অগম্য' কি না, তাহা প্রত্যেক সুনির্দিষ্ট মামলায় বৈচারিক আদালতের স্ববিবেচনার সুষ্ঠু প্রয়োগদ্বারা নির্ধারণ করিবার বিষয়।
- inadequate court fee অপর্যাপ্ত কোর্ট ফি court fee, inadequale দ্র.।

inadmissible reason গ্রহণ-অযোগ্য হেডু ইংল্যান্ডে (চাকুরি আইনে) স্বাধীন কোনো ট্রেড ইউনিয়নের সদস্যপদ বা উহার কাজকর্মে অংশগ্রহণ অথবা কোনো ট্রেড ইউনিয়নের সদস্য পহ বা থাকিতে অপীকৃতির কারণে কোনো কর্মচারীকে চাকুরি হইতে বরখান্ত করা হইলে তাহা গ্রহণযোগ্য হেডু হয় না। গ্রহণ-অযোগ্য হেডুতে কাহাকেও চাকুরি হইতে বরখান্ত করা হইলে তাহা অন্যায্য বরখান্ত হিসাবে গণ্য হয় এবং তদ্রুপ কর্মচারী তাঁহার বয়স বা নিরবচ্ছিন্ন চাকুরিকাল-নির্বিশেষে তাহার বিরুদ্ধে প্রতিকারের জন্য কোনো নিয়োগ আদালতে নালিশ দায়ের করিতে পারেন। বাংলাদেশে অন্যায্যভাবে কোনো শ্রমিককে মালিক চাকুরি হইতে বরখান্ত করিলে তিনি শ্রমিক নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ২৫ ধারার বিধান-অনুযায়ী প্রতিকারের জন্য শ্রম আদালতে মামলা দায়ের করিতে পারেন। এতৎসহ compensation দ্র.।

in camera নিভ্তে, কল্কদ্বারকক্ষে সাধারণত আদালতে মামলার বিচারকার্য প্রকাশ্যভাবে সর্বসাধারণের উপস্থিতিতে করা হইয়া থাকে। কিন্তু কোনো বিশেষ অবস্থায় আদালত মামলা বিচার করিবার সময়ে আদালতকক্ষে সর্বসাধারণের প্রবেশাধিকার নিষিদ্ধ করিতে পারেন। জনসুরক্ষার জন্য অথবা কোনো শিশু আদালতে কোনো অশ্লীল বিষয়ে সাক্ষ্যপ্রদানের সময়ে ইংল্যান্ডের আদালতে সর্বসাধারণকে প্রবেশ করিতে দেওয়া হয় না এবং নিভ্তে বিচারকার্য পরিচালনা করা হয়। পারিবারিক আদালত অধ্যাদেশের ১১ ধারায় পারিবারিক মামলা পারিবারিক আদালত নিভ্তে বিচার করিবার বিধান আছে।

incapable adj. অসমর্থ, অক্ষম বিণ. ধারণক্ষমতা বা সামর্থ্যের অভাব রহিয়াছে, এইরপ। 'অনুপযুক্ত', 'মানসিকভাবে অনুপযুক্ত' এবং 'অসমর্থ' এই বিশিষ্টার্থক শব্দণ্ডলি মানসিকভাবে অপ্রকৃতিস্থ বা অনুপযুক্ত ব্যক্তিদের অভিভাবকগণ-সম্পর্কিত অধ্যায়ে ও অনুচ্ছেদে যেভাবে ব্যবহৃত হইয়াছে, তাহাতে এমন যে-কোনো ব্যক্তিকে বৃথিতে হইবে, যিনি কাওজ্ঞানহীন বা মানসিকভাবে অপ্রকৃতিস্থ না হইলেও বার্ধক্য, রোগ, মনের দুর্বলতা বা অন্য কোনো কারণে তাঁহার নিজের রক্ষণাবেক্ষণ বা তাঁহার সম্পত্তির ব্যবস্থাপনা করিতে অসমর্থ বা অসহায়, যাহার ফলে তাঁহার প্রতারিত হইবার বা চতুর ও ফদ্দিবাজ ব্যক্তিগণের ছারা জবরদন্তির শিকার হইবার আশক্ষা থাকে।

incapacity n. অক্ষমতা, অযোগ্যতা বি. যে-কোনো বিষয়ে পূর্ণ আইনি যোগ্যতার অভাব। যেমন, বৈধ চুক্তি সম্পাদনে অব্যবস্থিতচিত্ত ব্যক্তির অযোগ্যতা। অযোগ্যতায় শীড়িত ব্যক্তিকে প্রায়শ অক্ষম ব্যক্তি হিসাবে উল্লেখ করা হয়।

incapacity benefit অক্ষমতা ভাতা ইংল্যান্ডে অসুস্থতা ও কর্মক্ষমতাহীনতা ভাতার পরিবর্তে ১৯৯৫ সালের এপ্রিল হইতে প্রদন্ত একটি রাষ্ট্রীয় ভাতা। ইহা স্বল্পকালীন অক্ষমতার জন্য ২৮ সপ্তাহ পর্যন্ত নিম্নহারে, এবং পরবর্তী ২৯-৫২ সপ্তাহের জন্য তাহা হইতে উচ্চহারে এবং দীর্ঘকালীন অক্ষমতার জন্য সর্বোচ্চহারে ৫২ সগুহের পর হইতে অক্ষম ব্যক্তিকে প্রদান করা হয়। বাংলাদেশে সাম্প্রতিককালে রাষ্ট্রীয় কোষাগার হইতে অতি দরিদ্র গ্রামীণ বয়ঙ্ক ব্যক্তিদের বয়ঙ্কভাতা এবং দুঃস্থ, বিধবা ও স্বামী-পরিত্যক্তা মহিলাদের দুঃস্থভাতা দিবার ব্যবস্থা প্রচলিত হইয়াছে।

incest n. অব্দাচার বি. যে-মহিলার সহিত যে-পুরুষের রক্তের সম্পর্ক বিদ্যমান তাঁহার সহিত সহবাস। কোনো পুরুষ ও তাঁহার মাতা, কন্যা, ভগ্নি, বৈমাত্রেয় বা বৈপিত্রেয় ভগ্নি অথবা দৌহিত্রীর মধ্যে অথবা ১৬ বৎসরের অধিকবয়সী কোনো দ্রীলোক ও তাঁহার পিতা, পুরু, ভ্রাতা, বৈমাত্রেয় বা বৈপিত্রেয় ভ্রাতা, পিতামহ বা মাতামহের মধ্যে যৌন সহবাস। পক্ষণণের সম্মতিতে তাঁহাদের পরম্পরের মধ্যে আত্মীয়তা সম্পর্কে জ্ঞাত থাকিয়া অজাচার করাও ইংল্যান্ডে একটি দওনীয় অপরাধ। বাংলাদেশের দওবিধিতে অজাচারের জন্য শান্তিপ্রদানের উল্লেখ নাই। হিন্দু আইনে তিন প্রেণীর অবৈধ সন্তান তথু ভ্রনপেষেরের অধিকারী, তবে বন্টন দাবির অধিকার তাঁহাদের নাই। শূদ্রের অবৈধ পুরু পিতৃসম্পত্তিতে অংশ পান, তবে মায়ের ব্রীধনের অংশ পান না। তিনি পিতার বিরুদ্ধে বন্টন দাবি করিতে পারেন না। পিতা জীবদ্দশায় এক ক্ষুদ্র অংশ তাঁহার অবৈধ সন্তানকে দিতে পারেন এবং তাহা তাঁহার ঔরসজাত বৈধ পুত্রের তুল্যাংশ পরিমাণ হইতে পারে। বিজ্ঞ শ্রেণীর অবৈধ সন্তান উত্তরাধিকার পান না।

Inchmaree clause ইন্চেমারি অনুচ্ছেদ যে-সকল ঝুঁকি সমুদ্রের বিপদ-আপদ হিসাবে বিমাপত্রের অন্তর্ভুক্ত হয় না, সেইসকল ঝুঁকি অন্তর্ভুক্ত করিবার জন্য প্রায়শ বিমাপত্রে উল্লিখিত একটি অনুচ্ছেদ। মালামাল জাহাজে বোঝাই বা খালাস করিবার সময়ে বা জ্বালানি তৈল গ্রহণ করিবার সময়ে দুর্ঘটনা, বয়লার বিক্ষোরণ, চালকদণ্ডভম্ম হওয়া এবং জাহাজে বা অন্যত্র বিক্ষোরণ প্রভৃতি ঘটনার ক্ষেত্রে ইহা বিমার সুরক্ষা প্রদান করে। জাহাজের মান্টার, কর্মকর্তা ও নাবিকদের অবহেলার ক্ষেত্রেও ইহা বিমার সুরক্ষা প্রদান করে।

inchoate adj. অসম্পূর্ণ বিণ. কিছু কিছু কার্য একটি সম্পূর্ণ অপরাধকর্ম সৃষ্টি না করিলেও ফৌজদারি আইনে তাহা নিষিদ্ধ। কারণ ওইগুলি পূর্ণ অপরাধের লক্ষ্যে পদক্ষেপস্বন্ধপ। এই অসম্পূর্ণ অপরাধগুলির অন্তর্ভুক্ত প্ররোচন, প্রচেষ্টা ও ষড়যন্ত্র ইত্যাদি।

inchoate right অপরিণত অধিকার যে-অধিকার সদ্যসূচিত হইয়াছে কিন্তু এখনো সম্পূর্ণ হয় নাই বা পরিণতি লাভ করে নাই, তবে অচিরেই সম্পূর্ণ হইবে। কোনো টেভার গ্রহণ করা হইলে তাহার সম্বন্ধে অপর টেভারদাতার প্রশ্ন করিবার অধিকার জন্মায়, কিন্তু টেভারের শর্ত ভঙ্গ না করিলে কোনো অধিকার জন্মায় না। অনুরূপ টেভারদাতার মামলা করিবার অধিকারকে অপরিণত অধিকার বলা যাইতে পারে। Mozher Sowdagar v. M. Zahirul Alam 40 DLR (AD) 62 দ্র.।

6)\ income

incised wound কর্তিত ক্ষত, কাটা জব্ম ধারালো কোনো বস্তুর সাহায্যে চামড়া কর্তনজনিত ক্ষতকে কর্তিত জ্বাম বলে। রক্তনালি কাটিয়া যাওয়ায় কর্তিত স্থান হইতে প্রচুর রক্তক্ষরণ হয়। ক্ষতমুখের দুইধার পরিষ্কার কাটা দেখা যায়। অস্ত্র ধারালো হইলে ক্ষত এবড়ো-থেবড়ো হয় না। ত্বকের সহিত মাংসের পাতলা স্তর নাগিয়া থাকে। জবমের প্রস্থ ও গভীরতা হইতে দৈর্ঘ্য বেশি হয়। শরীরের যে-স্থানের ত্বক ঢিলা থাকে, সেই স্থানে একটু এবড়ো-থেবড়ো দেখা যাইতে পারে। জবমের মধ্যখানে কাঁকা থাকে। হুৎপিও যতক্ষণ সচল থাকে ততক্ষণ রক্তক্ষরণ ঘটে। জীবাণুমুক্ত কর্তিত জখম একেবারে সারিয়া উঠে। ধারালো অস্ত্র এবং ভোঁতা অস্ত্রের জবমের মধ্যে পার্থকা বহিয়াছে।

incitement n. প্ররোচনা বি. অন্য কোনো ব্যক্তিকে অপরাধ করিতে প্ররোচিত করা অথবা প্ররোচিত করিবার চেষ্টা করা। যদি অন্য ব্যক্তি ইহার ফলে প্রকৃতপক্ষে অপরাধকর্ম সংঘটন করেন, তবে প্ররোচক অপরাধে অংশগ্রহণকারী হন এবং তাহাতে সাহায্য-সহযোগিতা করিবার জন্য দোষী হন। যদি অন্য ব্যক্তি অপরাধকর্ম সংঘটন না করেন, তবু যে-ব্যক্তি তাঁহাকে তাহা করিবার জন্য প্ররোচিত করিতে চেষ্টা করিয়াছিলেন, তিনি সেই অপরাধে প্ররোচনা দেওয়ার জন্য দোষী হইতে পারেন। দর্থবিধির ১০৭ ধারায় অপরাধে সহায়তার ও ১০৮ ধারায় অপরাধে সহায়তাকারীর সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে এবং ১০৯-১১৭ ধারায় বিভিন্ন প্রকারের অপরাধে সহায়তাকারীর শান্তির উল্লেখ আছে। inchoate, attempt, ও conspiracy দ্র.।

include or shall be deemed to include অন্তর্ভুক্ত করে অথবা অন্তর্ভুক্ত করে বিদ্যা গণ্য হইবে এই বাক্যাংশটি সাধারণত সংবিধিতে উপাণত শব্দ বা বাক্যাংশগুলির অর্থ সম্প্রসারিত করিবার জন্য ব্যাখ্যার ধারায় ব্যবহৃত হয়। যে-ক্ষেত্রে এইরপ উদ্দেশ্য থাকে যে সংজ্ঞায়িত পরিশব্দটি উহার সাধারণ অর্থ বজায় রাখিলেও কোনো কোনো বিষয়ের সুনির্দিষ্ট তালিকাকরণের দ্বারা— যেসকল বিষয় পরিশব্দটির সাধারণ অর্থের অন্তর্ভুক্ত হইতে পারে কিংবা না-ও হইতে পারে— উহার পরিধি বিস্তৃত্বর করা উচিত, সেক্ষেত্রেও এই বাক্যাংশটি ব্যবহৃত হয়।

including adj. সমেত বিণ. ইহা একটি বিস্তরসূচক শব্দ, যাহা সংজ্ঞার্থের বৃদ্ধি
নির্দেশ করে। ইহা অন্তর্ভুক্ত বিষয়বস্তুর সহিত অধিক কিছু যুক্ত করে। হিন্দু নাবালকত্ব
এবং অভিভাবকত্ব আইনের ৪(খ) ধারার প্রেক্ষাপটে 'অন্তর্ভুক্তকরণ' উক্তি কেবল
অভিভাবকের সংজ্ঞার্থভুক্ত বিভিন্ন শ্রেণীর ব্যক্তির বর্ণনা করিতে বা তালিকা নির্দেশ
করিতে ব্যবহৃত হয়।

income n. আয় বি. আয়কর আইনে আয় বলিতে বোঝায় কোনো নির্দিষ্ট উৎস ইইতে নিয়মিতভাবে প্রাপ্য সময়ভিত্তিক আয়। এই উৎস অবিরাম ফলপ্রসূ হইবে এমন নহে, কিন্তু ইহা হইতে যে-ফল পাওয়া যাইবে সেই বিষয়ে নিশ্চিত হইতে হইবে। income tax (3)

১৯৮৪ সালের আয়কর আইনের ২(৩৪) ধারা-অনুসারে, নিম্নলিখিত বিষয়গুলি আয়ের অন্তর্ভুক্ত: (১) যে-কোনো উৎস হইতে প্রাপ্ত আয়, মুনাফা কিংবা লাভ যাহা আইনের ২০ ধারায় যে-বিভিন্ন আয়ের খাভ রহিয়াছে উহার যে-কোনো একটি যদি করযোগ্য হয়; (২) অনুরূপ আয়, মুনাফা বা লাভের কোনো লোকসান; (৩) পারম্পরিক স্বার্থপূর্ণ কোনো বিমা সমিতি কর্তৃক পরিচালিত বিমা ব্যবসায়ে লাভ যাহা ৪র্থ তফসিলের অষ্টম অনুক্ছেদে বর্ণিত বিধান-অনুযায়ী বর্ণনা করা হয়; (৪) আয় বিলায় বিবেচিত যে-কোনো অর্থপ্রাপ্তি অথবা এই অধ্যাদেশের বিধান-অনুযায়ী বাংলাদেশে প্রাপ্ত বা উৎপন্ন অথবা প্রাপ্ত বা উৎপন্ন যে-কোনো আয়। এতৎসহ income tax দ্র.।

income tax আয়কর বি. কোনো ব্যক্তির চাকুরি. পেশা, ব্যবসা-বাণিজ্য, কিংবা স্থাবর ও অন্থাবর সম্পত্তি ইত্যাদি হইতে যে-আয় হয়. তাহা বার্ষিক নির্দিষ্ট অঙ্কের অতিরিক্ত হইলে তাহার উপর আয়কর আইনের বিধান-অনুযায়ী নির্দিষ্টহারে ধার্য কর । কোনো ব্যক্তির মোট বার্ষিক আয়ের উপর ক্রমবর্ধমান হারে আয়কর ধার্য হয় । ইহার ফলে যাঁহার আয় কম হয়, তাঁহাকে কম হারে এবং যাঁহার আয় বেশি, তাহাকে বেশি হারে আয়কর প্রদান করিতে হয় । আয়কর আইনের ২০ ধারা-অনুসারে, বেতন, লাগ্নপত্রের উপর সুদ, গৃহ সম্পত্তি হইতে আয়, কৃষি আয়, ব্যবসা বা পেশাগত আয়, মূলধনি লাভ এবং অন্যান্য উৎস হইতে আয়ের উপর আয়কর ধার্য করা হয় ।

incoterm ইনকোটার্ম, বাণিজ্যিক পরিশব্দ পণ্যদ্রব্যাদি কীভাবে বিক্রেতার নিকট হইতে ক্রেতার নিকট প্রেরণ করা হইবে তাহা পরিষ্কারভাবে নির্দিষ্ট যে-শব্দাবলির মাধ্যমে প্রভায়নপত্রে উল্লেখ করিতে হয়। ১৯৩৬ সালের আর্ন্তজাতিক বণিক সমিতি কর্তৃক সংজ্ঞায়িত জাহাজি কারবার-সংক্রান্ত একটি প্রমিত পদ। ইহা আর্ন্তজাতিক জাহাজি কারবারে ক্রেতা ও বিক্রেতার মধ্যে খরচ ও দায়দায়িত্বের অংশাঙ্কন করে।

increase n. বৃদ্ধি বি. মুসলিম আইনে অংশীদারদের মধ্যে অংশবণ্টনের ক্ষেত্রে বৃদ্ধি বা আউল নীতি ব্যবহৃত হয়। অংশীদারদের স্ব স্ব অংশ বরান্দের পর যদি দেখা যায় যে, বরান্দকৃত যোগফলটি ঐক্য বা মিলকে অতিক্রম করিয়া যাইতেছে, তাহা হইলে ণ্ডে indebted

তগ্নাংশগত অংশকে একটা সাধারণ ভগ্নাংশহারে ভাগ করিয়া প্রত্যেক অংশীদারের প্রাপ্য অংশকে আনুপাতিক হারে কমাইয়া দেওয়া হইবে এবং ভগ্নাংশের হারকে এমনভাবে বৃদ্ধি করা হইবে যেন উহা ভগ্নাংশের লব বা পূরকের সমষ্টি বা যোগফলের সমান হয়। এই নীতিটি সুন্নি আইনে প্রযোজ্য, শিয়া আইনে প্রযোজ্য নহে। শিয়া আইন-অনুসারে প্রাপ্য অংশের সঠিক যোগফলটি একক অপেক্ষা অধিক হইলে ভগ্নাংশটুকু সর্বদাই বাদ দেওয়া হয়।

incriminate vb. অভিযুক্ত করা ক্রি. ১. কোনো ফৌজদারি অপরাধের অভিযোগে অভিযুক্ত করা । ২. কোনো অপরাধ-সংঘটনে জড়িত বলিয়া ইপিত দেওয়া । ইংল্যান্ডে কোনো সাক্ষী আদালতে এমন কোনো প্রশ্নের উত্তর দিতে বাধ্য নহেন, যাহা আদালতের মতে, তাঁহাকে ফৌজদারি মামলায় অভিযুক্ত হইবার ঝুঁকিতে ফেলিতে পারে । বাংলাদেশে সাক্ষ্য আইনের ১৩২ ধারায় বলা হইয়াছে যে, কোনো মামলায় বিতর্কিত কোনো বিষয়ে প্রাসদিক কোনো প্রশ্নের উত্তর দেওয়া হইতে সাক্ষী এই অজুহাতে রেহাই পাইবেন না যে, ভাহা তাঁহাকে ফৌজদারি মামলায় জড়াইতে পারে, এবং সাক্ষী তদ্ধপ প্রশ্নের উত্তর দিতে বাধ্য হইলে তাহার জন্য তাঁহাকে প্রেপ্তার বা অভিযুক্ত করা হইবে না বা তাঁহার বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দেওয়ার অভিযোগ ব্যতীত অন্য কোনো ফৌজদারি মামলায় নামলায় তাহা উত্থাপন করা যাইবে না ।

incumbent n. পদাধিকারী বি. কোনো পদে অধিষ্ঠিত ব্যক্তি। কোনো পদের দায়িত্ব পালন করিবার জন্য আইনানুমোদিত কোনো ব্যক্তি; এমন কোনো ব্যক্তি, যিনি কোনো সরকারি বা রাজনৈতিক পদে অধিষ্ঠিত থাকেন।

incumbrance n. দায় বি. রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ২ ধারা-অনুসারে, দায় বলিতে কোনো জমিদারি, মধ্যস্বত্ব, জোতজমা, প্রজাস্বত্ব অথবা জমিতে অনুরূপ স্বত্বের মালিক কর্তৃক নিজের স্বার্থের সীমাবদ্ধতায় সৃষ্ট কোনো বন্ধক, বাধ্যবাধকতা, দায়, পূর্বদায়, অধীনস্থ প্রজাস্বত্ব, বর্তস্বত্ব, অথবা অন্য যে-কোনো প্রকার অধিকার ও স্বার্থকে বুঝায় । সম্পত্তি-হন্তান্তর আইনের ৫৫ ধারার (৫) উপধারা-অনুসারে, দায় সম্পত্তির মালিকের উপর বর্তায় । খরিদকালে সম্পত্তি দায়বদ্ধ অবস্থায় থাকিলে ক্রেতা বিক্রয়লব্ধ অর্থ হইতে দায়ের অর্থ কাটিয়া রাখিতে পারেন, তবে তাহা উপযুক্ত প্রাপককে দিতে হইবে ।

incurred adj. প্রস্ত বিণ. কোনো ঋণ, লোকসান বা ক্ষতির দায়িত্ব মোকাবিলা করিতে হয়, এইরূপ।

indebted adj. দেনাগ্রস্ত বিণ. ঋণগ্রস্ত বা দেনার দায়ে আবদ্ধ । কোনো ব্যবসায়ীর হিসাবের খাতায় অন্য কোনো ব্যক্তিকে দেনাদার দেখানো হইলে সাক্ষ্য আইনের ৩৪ ধারা-অনুসারে তাহা প্রাসঙ্গিক হইলেও কেবল তদ্ধপ বিবরণ ওই ব্যক্তির উপর দায় সৃষ্টি করিবার জন্য যথেষ্ট প্রমাণ হইবে না। indecency (38

indecency n. অশিষ্টতা, অশালীনতা বি. যে-আচরণ গড়পড়তা মানুষের নিকট
অতি বীভৎস ও ন্যক্কারজনক। ইংল্যান্ডের প্রথাগত আইনে সাধারণ্যের
শালীনতাবােধকে উপদ্রুত করা অপরাধ। দৃষ্টান্ত হিসাবে উল্লেখ করা যাইতে পারে,
একটি অশালীন প্রদর্শনীর আয়োজন করা, একটি বেশ্যালয় চালনা অথবা
অশালীনভাবে প্রকাশ্যে শরীর অনাবৃত করা। অশিষ্টতা একটি তথ্যঘটিত প্রশ্ন।
ইংল্যান্ডে তাহা জুরিগণের সিদ্ধান্তের উপর ছাড়িয়া দেওয়া হয়। বাংলাদেশে দওবিধির
৫০৯ ধারায় নারীর পক্ষে শালীনতার প্রতি অমর্যাদাকর কোনাে শব্দ, ধ্বনি, অস্বভিদ্ন
বা কোনাে কিছু প্রদর্শন দওনীয় অপরাধ। এতৎসহ gross indecency দ্র.।

indecent adj, অশালীন বিণ, দওবিধির ৩৫৪ ধারামতে কোনো মহিলার প্রতি অশালীন আচরণ করা শাস্তিযোগ্য অপরাধ।

indecent assault অশালীন হামলা অশালীন পরিস্থিতিতে সংঘটিত হামলা বা মারধর। এমন ইচ্ছাকৃত হামলা যাহা পরিস্থিতিদৃষ্টে স্থিরবৃদ্ধিসম্পন্ন ব্যক্তিমাত্রই অশালীন বলিয়া গণ্য করিবেন। নারীর শালীনতা নষ্ট করিবার অভিপ্রায়ে অথবা তাঁহার শালীনতা নষ্ট হইতে পারে জানিয়া কোনো নারীকে আক্রমণ করা বা অপরাধমূলক বলপ্রয়োগ করা। দণ্ডবিধির ৩৫৪ ধারা-অনুসারে এইরূপ আচরণ দণ্ডনীয় অপরাধ। এতৎসহ doli capax, gross indecency ও indecent exposure দ্র.।

indecent exposure অশালীন অনাবৃতি জনসমুখে নিজের শরীর এমনভাবে অনাবৃত করা, যাহা সাধারণ্যের শালীনতাবোধের উপর আঘাতস্বরূপ। কোনো পুরুষ বা দ্রীলোক যদি এমনভাবে শরীর অনাবৃত করে যে, তাহা সাধারণভাবে এহণযোগ্য শালীনতার মান অতিক্রম করে এবং তাহা অন্ততপক্ষে দুই ব্যক্তির দৃষ্টিগোচর ইইতে পারিত, তবে কেহ প্রকৃতপক্ষে বিরক্ত বা মানসিকভাবে বিপর্যন্ত না ইলেও তাহা অশোভন অনাবৃতি বলিয়া গণ্য হইবে। ইংল্যান্ডের প্রথাগত আইনে এবং ১৮২৪ সালের ভবঘুরে আইনেও তদ্রুপ আচরণ দণ্ডনীয় অপরাধ।

indefinite adj. অনির্দিষ্ট বিণ. স্থির চৌহন্দি বা পার্থক্যসূচক বৈশিষ্ট্যবর্জিত। যাহা সুনির্দিষ্ট নহে। সুস্পষ্ট নহে, এমন। শব্দটি স্থায়ী অপেক্ষা অস্থায়ীর অধিকতর সমার্থক।

indemnity n. ১. ক্ষতিপূরণের নিশ্চয়তা এক ব্যক্তিকর্তৃক অপর এক ব্যক্তিকে অর্থপ্রদানে সন্মতি, যে-অর্থ তৃতীয় ব্যক্তির নিকট হইতে দ্বিতীয় ব্যক্তির প্রাপ্ত বা ভবিষ্যতে প্রাপ্ত হইতে পারে। ইহা তৃতীয় ব্যক্তির দেনা পরিশোধের ব্যর্থতার শর্তসাপেক্ষ নহে অর্থাৎ পাওনাদার প্রথমে দেনাদারের নিকট অর্থপরিশোধের দাবি না জানাইয়াও নিশ্চয়তাকারীর বিরুদ্ধে নালিশ দায়ের করিতে পারেন। যদি ইহা তৃতীয় ব্যক্তির ব্যর্থতার শর্তসাপেক্ষ হয়, তাহা হইলে ইহা ক্ষতিপূরণের নিশ্চয়তা না হইয়া

জামানত হইবে। চুক্তি আইনের ১২৪ ধারায় নিন্চয়তা এবং ১২৬ ধারায় জামানত কাহাকে বলে তাহা বলা হইয়াছে। guarantee দ্র.। ২. দায়মুক্তি। indemnity of action under joint operation ও indemnity, power to provide দ্র.।

indemnity of action under joint operation যৌথ অভিযানে কৃড কার্যাদির জন্য দায়মুক্তি ২০০৩ সালের যৌথ অভিযান দায়মুক্তি আইনের ৩ ধারায় বল্য হইয়াছে: শৃঙ্খলা বাহিনী ও উহার সদস্যগণ সম্পর্কিত সকল আইন ব্যতীত আপাতত বলবং অন্য কোনো আইনে বা আদালতের কোনো রায়ে যাহা কিছুই থাকুক না কেন, (ক) ১৬ অক্টোবর ২০০২ তারিখ হইতে ৯ জানুয়ারি ২০০৩ তারিখ কার্যদিবস পর্যন্ত সময়ের মধ্যে দেশের শৃঙ্খলারক্ষার প্রয়োজনে বেসামরিক প্রশাসনকে সহায়তা প্রদানের জন্য সরকার কর্তৃক ১৬ অক্টোবর ২০০২ তারিখে প্রদন্ত আদেশ এবং তৎপরবর্তী সময়ে প্রদত্ত সকল আদেশ, উক্ত আদেশসমূহ বান্তবায়নের জন্য কৃত যাৰতীয় কাৰ্য, এবং উক্ত আদেশসমূহ বলে ও অনুসারে যৌথ অভিযানে নিয়োজিত শৃঙ্খলাবাহিনীর কোনো সদস্য বা যৌথ অভিযানের অন্য কোনো সদস্য বা দায়িত্বপ্রাপ্ত অন্য কোনো ব্যক্তি কর্তৃক উক্ত সময়ের মধ্যে তাঁহার দায়িত্ববিবেচনায় প্রদত্ত আদে**শ** কৃত আটক, গ্রেপ্তার, তল্লাশি ও জিজ্ঞাসাবাদসহ সকল প্রকার কার্য ও গৃহীত ব্যবস্থা থ্রচলিত আইনে ও আদেশসমূহে যাহাই থাকুক না কেন, ১৬ অক্টোবর ২০০২ তারিখে প্রদত্ত আদেশপ্রদানকারী এবং উক্ত আদেশবলে ও অনুসারে আদেশপ্রদানকারী এবং কার্য সম্পাদনকারী এবং যৌথ অভিযানে নিয়োজিত শৃঙ্খলাবাহিনীর সদস্যগণকে তজ্জন্য সর্বপ্রকার দায়মুক্ত করা হইল।

(খ) দফা (ক)-এ উল্লিখিত ১৬ অক্টোবর ২০০২ তারিখে প্রদত্ত আদেশ ও তৎপরবর্তী সময়ে প্রদত্ত কোনো আদেশ বা কার্যের দ্বারা কাহারও প্রাণহানি ঘটিলে, কাহারো জান বা মালের কোনো ক্ষতি হইলে বা কাহারো কোনো অধিকার ক্ষুণু হইলে বা কেহ আর্থিক, শারীরিক বা মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হইলে বা কেহ অন্য কোনোভাবে সংকৃদ্ধ হইলে তজ্জন্য সংশ্লিষ্ট সকল আদেশপ্রদানকারীর বিরুদ্ধে বা কার্যনির্বাহীর विकृष्ट वा উक मकाग्र উল্লিখিত কোনো সদস্য বা ব্যক্তি वा गुड्यनावारिनीत সদস্যগণের বিরুদ্ধে বা তাঁহাদিগকে আদেশপ্রদানকারীর বিরুদ্ধে বা উক্ত বাহিনীর কোনো কর্মকর্তার বিরুদ্ধে বা যৌথ অভিযানে নিয়োজিত শৃঙ্খলাবাহিনীর অন্য কোনো সদস্যের বিরুদ্ধে বা সরকার বা সরকারের কোনো সদস্যের বিরুদ্ধে বা সরকারের কোনো কর্মকর্তার বিরুদ্ধে কোনো আদালতে কোনো প্রকার দেওয়ানি বা ফৌজদারি মোকদ্দমা বা কার্যধারা বা অন্য কোনো প্রকার আইনগত কার্যধারা চলিবে না বা তৎসম্পর্কে কোনো আদালতের নিকট কোনো অভিযোগ বা প্রশ্ন উত্থাপন করা যাইবে না এবং এতংসম্পর্কে বা এইপ্রকার কোনো মোকদ্দমা বা কার্যধারা কোনো আদালতে দায়ের করা হইলে বা এই ধরনের কোনো মোকদ্দমা বা কার্যধারায় বা প্রশ্নের ভিত্তিতে কোনো রায়, আদেশ বা কোনো সিদ্ধান্ত দেওয়া হইলে তাহা বাতিল, অকার্যকর হইবে বা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

indemnity, power to provide দায়মুন্তিবিধানের ক্ষমতা সংবিধানের ৪৬ অনুচ্ছেদ-অনুসারে, মৌলিক অধিকারের বিধানাবলিতে যাহা কিছু বলা হইয়াছে তাহা সত্ত্বেও, প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোনো ব্যক্তি বা অন্য কোনো ব্যক্তি জাতীয় মুক্তিসংগ্রামের প্রয়োজনে অথবা বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানার মধ্যে যে-কোনো অঞ্চলে শৃঙ্খলারক্ষা বা পূর্নবহালের প্রয়োজনে কোনো কার্য করিয়া থাকিলে সংসদ আইনের দ্বারা সেই ব্যক্তিকে দায়মুক্ত করিতে পারিবেন কিংবা ওই অঞ্চলে প্রদত্ত কোনো দণ্ডাদেশ, দণ্ড বা বাজেয়াপ্তির আদেশকে কিংবা অন্য কোনো কার্যকে বৈধ করিয়া লইতে পারিবেন।

indenture n. চুক্তিনামা বি. (প্রধানত ঐতিহাসিক) সাধারণত এমন কোনো দিনি যাহার দ্বারা ভূসম্পত্তির স্বত্ব সৃষ্টি বা হস্তান্তর করা হয় (যেমন, হস্তান্তর-দিনি বা ইজারার দিনিল)। conveyance ও lease দ্র.।

independent advice নিরপেক্ষ পরামর্শ পক্ষপাতহীন পরামর্শ, যাহা পরামর্শদাতার বার্থ হাদিলের জন্য দেওয়া হয় না। ইচ্ছাপত্রকর্তা বা দাতা সম্পত্তি বিলিবন্দোবন্ত করিবার পূর্বে নিরপেক্ষ পরামর্শ গ্রহণ করিয়াছিলেন কি না, তাহা সম্পত্তির বিলিবন্দোবন্তে অনুচিত প্রভাবের মামলায় প্রায়শ একটি গুরুত্বপূর্ণ বিচার্য বিষয়।

independent contractor স্বাধীন ঠিকাদার নিয়োগ-চুক্তির অধীনে নিমুক্ত একজন ব্যক্তির সহিত বৈপরীত্যক্রমে কোনো বিশেষ কার্য সম্পাদন করিবার নিমিত্ত নিমুক্ত কোনো ব্যক্তি বা ব্যবসা-প্রতিষ্ঠান। একজন স্বাধীন ঠিকাদার নিজেই নিজের প্রভু, যে-কাজটি সম্পাদন করিবার জন্য তিনি চুক্তিবদ্ধ, তাহা করিবেত তিনি বাধ্য কিন্তু কীভাবে তাহা করিবেন, তাহা তাঁহার বিবেচনাধীন। উদাহরণ হিসাবে একজন ট্যাক্সিচালকের কথা উল্লেখ করা যাইতে পারে, যে-আরোহী তাঁহাকে ভাড়া করেন ট্যাক্সিচালক তাঁহার স্বাধীন ঠিকাদার। যে-ব্যক্তি একজন স্বাধীন ঠিকাদারকে ব্যবহার করেন, সাধারণত তিনি স্বাধীন ঠিকাদারের পূরণযোগ্য ক্ষতি বা টর্টের জন্য পরার্থদায়িতায় দায়ী হন না। কিন্তু কতিপয় ব্যতিক্রমী ক্ষেত্রে তিনি পরার্থদায়িতায় দায়ী হইতে পারেন। যেমন, ঠিকাদারকে বিশেষ-ভাবে বিপদসন্ধুল কাজকর্মে অথবা সংবিধিবদ্ধ কর্তব্য পালনার্থে কিংবা জনপথে বা জনপথের উপর দিয়া অথবা অসতর্ক কোনো কার্যসম্পাদনের জন্য সুনির্দিষ্টভাবে কর্তৃত্বদানপূর্বক নিয়োগ করিলে।

independent persons স্বাধীন ব্যক্তিবর্গ, নিরপেক্ষ ব্যক্তিগণ সরকারি কর্মে বা চাকুরিতে নিয়োজিত ব্যক্তিগণ স্বাধীন ও নিরপেক্ষ ব্যক্তি। স্বাধীন ব্যক্তিগণ নিয়োগকর্তা বা কর্মচারীর শ্রেণীভুক্ত নহেন।

independent union স্বতন্ত্র সংঘ যে–সংঘ কোনো জাতীয় বা আর্ন্তজাতিক সংঘের অধিভূক্ত নহে। index n. নির্মন্ট বি., বর্ণানুক্রমিক তালিকা। একটিমাত্র বই বা দলিল বা খওপরম্পরায় অন্তর্ভুক্ত আলোচ্য বিষয়ের বর্ণানুক্রমিক তালিকা, যাহা সাধারণত ওই বই, দলিল বা খণ্ডগুলির শেষে পাওয়া যায়।

indictable offence অভিযোগপত্রের ভিত্তিতে বিচার্য অপরাধ ইংল্যান্ডে ক্রাউনকোর্ট বা রাজ-আদালতে অভিযোগপত্রের ভিত্তিতে আসামির বিরুদ্ধে জুরির সাহায্যে
বিচার করা যাইতে পারে, এমন অপরাধ । সাধারণ আইনের এবং বিধিবদ্ধ আইনের
বেশির ভাগ গুরুতর অপরাধ— যেমন খুন, বলাৎকার ইত্যাদি— অভিযোগপত্রের
ভিত্তিতে বিচার্য । বিধিবদ্ধ আইনের কোন অপরাধ কীভাবে বিচার্য, তাহার উল্লেখ না
ধাকিলে সেই অপরাধ স্বয়ংক্রিয়ভাবে অভিযোগপত্রের ভিত্তিতে বিচার্য হইবে ।
অভিযোগপত্রের ভিত্তিতে বিচার্য কোনো অপরাধের প্রচেষ্টাও অভিযোগপত্রের ভিত্তিতে
বিচার্য, কিন্তু ভাহা সংক্ষিপ্ত বিচারযোগ্য অপরাধের ক্ষেত্রে সত্য নহে । অভিযোগপত্রের
ভিত্তিতে বিচার্য কভিপয় অপরাধ যদি অতি গুরুতর রকমের না হয়, তবে তাহার
বিচার ম্যাজিস্ট্রেট আদালতে অথবা ক্রাউন-কোর্টেও ইইতে পারে । indictment দ্র. ।

indictment n. অভিযোগপত্র বি. এক বা একাধিক ব্যক্তির বিরুদ্ধে অভিযোগের ভিত্তিতে বিচার্য একটি সুনির্দিষ্ট অপরাধ বা অপরাধসমূহ ঘটাইবার অভিযোগ-সংবলিত একটি আনুষ্ঠানিক দলিল। অভিযোগপত্র নির্দিষ্ট ছকে লিপিবদ্ধ করা হয়। ইহার শিরোভাগে মামলার নম্বর, বিচারের স্থান, ও পক্ষগণের নাম লিখিত থাকে। তাহার পরে থাকে অপরাধের বর্ণনাসহ আইনের ধারার উল্লেখ এবং অপরাধের বিশদ বিবরণ, যেমন অপরাধীর নাম, ঘটনার সময়, তারিখ, স্থান, এবং চুরির ক্ষেত্রে অপহত সম্পত্তির বিবরণ। যদি আসামি একাধিক অপরাধের অভিযোগে অভিযুক্ত হয়, তবে প্রত্যেক অভিযোগের বিবরণ পৃথক অনুচ্ছেদে লিপিবদ্ধ করা হয়, যাহাকে অভিযোগের দফা হিসাবে গণ্য করা হয়। অভিযোগের দফা একাধিক হইলে তাহা বিকল্প অভিযোগও হইতে পারে। যেমন, অভিযোগসংক্রান্ত একই ঘটনার জন্য বিভিন্ন ধরনের একাধিক অপরাধের অভিযোগ আনা যাইতে পারে, কিন্তু বিবাদীকে ওইসকল অভিযোগের মধ্যে মাত্র একটির জন্য দোষী সাব্যস্ত করা যাইতে পারে। উদাহরণস্বরূপ উল্লেখ করা যায় যে, একই ঘটনা সম্পর্কে একজন বিবাদীর বিরুদ্ধে অভিযোগের এক সংখ্যায় মূল আসামি হিসাবে এবং অন্য দফায় সহযোগী আসামি হিসাবেও অভিযোগ আনা যায়। ফৌজদারি কার্যবিধির ২২১, ২২২ ও ২২৩ ধারায় অভিযোগপত্ৰ-প্ৰণয়ন সম্পৰ্কে বিধান কৰা হইয়াছে । hill of indictment দ ।

indirect evidence পরোক্ষ প্রমাণ circumstantial evidence দ্র.।

in discharge of his duty কর্তব্য পালনকালীন কোনো সরকারি কর্মচারীর উপর আইনদারা যে-সময় এবং যে-সমস্ত কর্তব্য আরোপিত বা নির্দিষ্ট হইয়াছে উক্ত কর্মচারী কর্তৃক সেই সময়ে সেই সমস্ত কর্তব্য পালন। তাঁহার পদমর্যাদা ব্যবহার করিয়া সরল বিশ্বাসে কৃত কোনো কাজ ইহার অন্তর্ভুক্ত নহে। individual (2)

individual n. ব্যক্তি বি. কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গ এবং ক্ষেত্রমতো, সংবিধিবদ্ধ ইউক বা না ইউক, কোনো কোম্পানি, সমিতি বা সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে।

inducement n. প্রোৎসাহন বি. ১. ফৌজদারি অপরাধ সংঘটন করিয়াছেন বনিয়া সন্দেহতাজন কোনো ব্যক্তিকে ফৌজদারি মামলায় অভিযুক্ত করিবার বিষয়ে কর্তৃথান কোনো ব্যক্তি কর্তৃক কোনো সুবিধাপ্রদানের প্রভিশ্রুতি (যেমন, জামিনদান)। প্রোৎসাহনের ফলে আসামি স্বীকারোক্তি করিলে ইংল্যান্ডের প্রথাগত আইনে তাহা গ্রহণযোগ্য ছিল না। ১৯৮৪ সালের পুলিশ ও ফৌজদারি আইনের বিধান-অনুসারে, প্রোৎসাহন স্বীকারোক্তিটিকে বিশ্বাসের অযোগ্য এবং সেইহেতু গ্রহণের অযোগ্য করিয়া তুলিতে পারে। বাংলাদেশে সাক্ষ্য আইনের ২৪ ধারার বিধান-অনুসারে, ক্ষমতাবান ব্যক্তি কর্তৃক প্রোৎসাহনের ফলে আসামি স্বীকারোক্তি করিলে তাহা গ্রহণযোগ্য নহে। ২. মামলার আরজি বা জবাবে বিরোধিতার বিষয়ে উপনীত হইবার এবং তাহা বুঝাইবার জন্য পরিচিতিমূলক প্রাথমিক বক্তব্য। এতৎসহ misrepresentation দ্র.।

induction n. ১. অভিষেক বি., নবাধিকার প্রবেশ দীক্ষিত করিবার কার্য বা পদ্ধতি।
২. আরোহ, অনুমান বি. সুনির্দিষ্ট উদাহরণ হইতে যুক্তিবৃত্তির মাধ্যমে সিদ্ধান্তে
উপনীত হওয়ার কার্য বা প্রক্রিয়া।

industrial death benefit শিল্পঘটিত সৃত্যুজনিত ভাতা কোনো ব্যক্তি চাকুরিরত অবস্থায় আঘাতপ্রাপ্ত হইয়া অথবা কোনো নির্দিষ্ট শিল্পঘটিত রোগে মৃত্যুবরণ করিলে ইংল্যান্ডে পূর্বে তাঁহার বিধবাকে যে-রাষ্ট্রীয় ভাতা দেওয়া হইত। ১৯৮৮ সালের এপ্রিল মাস হইতে এই ব্যবস্থা রহিত হইয়াছে।

industrial democracy শিল্প-গণতন্ত্র কোম্পানির ব্যবস্থাপনায় কর্মচারীদের অংশগ্রহণ। কর্মচারীগণকর্তৃক নির্বাচিত পরিচালকদের পরিচালনা-পর্যদের অন্তর্ভুক্ত করা ইহার একটি রূপ হইতে পারে। এতৎসহ employee's share scheme দ্র.।

industrial dispute শিল্প-বিরোধ ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ২(১৩) ধারা-অনুসারে, শিল্প-বিরোধ বলিতে নিয়োগকর্তা ও নিয়োজিত ব্যক্তিদের মধ্যে, নিয়োগকর্তা ও শ্রমিকের মধ্যে, বা শ্রমিক ও শ্রমিকের মধ্যে সংঘটিত যে-কোনো বিরোধ বা মতের অমিলকে বুঝায়। ইহার সহিত কোনো ব্যক্তির চাকুরি থাকা বা না থাকা কিংবা চাকুরির শর্তাদি বা কাজের শর্তাদি জড়িত থাকে।

industrial establishment শিল্প-প্রতিষ্ঠান ১৯৩৬ সালের মজুরি পরিশোধ আইনের ২(২) ধারা-অনুসারে, শিল্প-প্রতিষ্ঠান বলিতে নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলিকে বৃঝায় : (ক) ট্রাম বা মোটর বাস পরিবহণ ব্যবস্থা; (খ) ডক, পোতাশ্রয় বা জেটি; (গ) অভ্যন্তরীণ জাহাজ; (ঘ) খনি, পাথরের খনি, তৈনক্ষেত্র; (ঙ) বাগান; (চ) ব্যবহার,

industrial union هره

পরিবহণ বা বিক্রয়ের উদ্দেশ্যে উৎপাদিত বা তৈরি দ্রব্যের কারখানা বা অন্যান্য প্রতিষ্ঠান; (ছ) বিমান-সংস্থা; এবং (জ) দালান, রাস্তা, সুড়ঙ্গ, ড্রেন বা সেতৃ নির্মাণ, পুনর্নির্মাণ, মেরামত, পরিবর্তন বা বিলুপ্তিকরণের বা সংশ্লিষ্ট কাজে অথবা মালামাল পরিবহণ, উত্তোলন বা খালাসকরণ বা সংশ্লিষ্ট কাজে নিয়োজিত উপ-ঠিকাদারসহ ব্যবসা-বাণিজ্যের উদ্দেশ্যে যে-কোনো ঠিকাদার-প্রতিষ্ঠান । ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ২(এঃ) ধারা-অনুসারে, শিল্প-প্রতিষ্ঠান বলিতে কোনো কারখানা অথবা প্রতিষ্ঠান যেখানে কোনো পণ্য উৎপাদন, সংযোজন বা তৈরি করা হয় অথবা যেখানে ব্যবহার, পরিবহণ, বিক্রয়, বিলি বা অপসারণের উদ্দেশ্যে কোনো দ্রব্য অথবা পদার্থ উৎপাদন, পরিবর্তন, মেরামত, অলংকরণ, সম্পূর্ণতাসাধন, প্যাকিং, অথবা অন্যভাবে ব্যবস্থিত করিবার কাজ পরিচালিত হয় অথবা নৌযানসহ অন্য যে-কোনো শ্রেণীর যানবাহন যাহা সরকারি গেজেটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে আইনের আওতায় শিল্প-প্রতিষ্ঠান হিসাবে ঘোষিত হইবে এবং তৎসহ (১) যে-কোনো মাটরবাস সার্ভিস, (২) যে-কোনো ডক, পোতাশ্রয় বা জেটি, (৩) যে-কোনো খনি, পাথরখনি, গ্যাসক্ষেত্র বা তৈলক্ষেত্র, (৪) যে-কোনো বাগান, অথবা (৫) ১৯৬৫ সালের কারখানা আইনে বর্ণিত কারখানাকে ব্রণাইবে। এতৎসহ factory দ্রে.।

industrial injuries disablement benefit শিল্পঘটিত আঘাতজনিত অসমর্থতাভাতা ইংল্যান্ডে কোনো ব্যক্তি চাকুরিরত অবস্থায় কোনো আঘাতপ্রাপ্ত হইয়া কিংবা
কোনো নির্দিষ্ট পেশাগত রোগে আক্রান্ত হইয়া অক্ষম হইয়া পড়িলে রাষ্ট্র কর্তৃক
তাঁহাকে যে-এককালীন অর্থ বা ভাতা প্রদান করা হয়। বাংলাদেশে রাষ্ট্রীয় তহবিল
হইতে ওইরূপ ভাতা প্রদান করা না হইলেও ১৯২৩ সালের শ্রমিকদের ক্ষতিপূরণ
আইনের ৩ ধারার বিধান-অনুসারে, ওইরূপ শ্রমিককে যে-মালিক তাঁহাকে চাকুরিতে
নিযুক্ত করিয়াছেন, তিনি উক্ত আইনের ৪ ধারার বিধান-অনুযায়ী ক্ষতিপূরণ প্রদান
ক্রিতে বাধা থাকিবেন।

industrial tribunal শিল্প ট্রাইব্যুনাল ইংল্যান্ডে নিয়োগ সুরক্ষা আইন-অনুযায়ী প্রতিষ্ঠিত এবং ১৯৯৬ সালের শিল্প ট্রাইব্যুনাল আইনদ্বারা পুনর্বিন্যন্ত সংস্থাগুলির মধ্যে যে-কোনো একটি। ইহার কাজ হইতেছে চাকুরির সংবিধিবদ্ধ শর্তাবলি সম্পর্কে নিয়োগকর্তা ও কর্মচারীগণ কিংবা শ্রমিক সংঘগুলির মধ্যে কোনো কোনো বিরোধের গুনানি ও নিম্পত্তি করা। ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ৩৫ ধারার বিধান-অনুসারে, যে-কোনো মালিক, শ্রমিক, বা যৌথ দরকষাক্ষি-প্রতিনিধি শ্রম-আদালতে আবেদন পেশ করিতে পারেন। এতৎসহ Jabour court দ্র.।

industrial union শিল্প-শ্রমিক সংঘ শ্রমিকদের বিশেষ জীবিকা বা ব্যবসা নির্বিশেষে একই শিল্পে কর্মরত শ্রমিকদের লইয়া গঠিত একটি সংঘ। যেমন, জাহাজ বা মোটর-গাড়ি নির্মাণ-শিল্পে নিয়োজিত শ্রমিকদের সংঘ। ইহাকে উল্লম্ব সংঘও বলা হয়। industry n. ১. পরিশ্রম, উদ্যম বি. কোনো কার্য সম্পাদনে অধ্যবসায়। ২. কর্মোদ্যম বি. কোনো হিতকর উদ্দেশ্যে প্রণালিবদ্ধ শ্রম। ৩. শিল্প, শ্রমশিল্প বি. উৎপাদনশীল শ্রমের কোনো বিশেষ প্রকার বা শাখা; লক্ষণীয়ভাবে একই বৈশিষ্ট্যপূর্ণ সামগ্রী উৎপাদন করিবার জন্য একই ধরনের উৎপাদন ও বিপণন সুবিধা ব্যবহারকারী ব্যবসায়-প্রতিষ্ঠানসমূহের সমাহার। ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ২(১৪) ধারা-অনুসারে, শিল্প অর্থে কোনো কারবার, বাণিজ্য, উৎপাদনসংক্রান্ত কাজকর্ম, সেবাদান চাকুরি বা পেশা বুঝায়।

infanticide n. শিতহত্যা বি. জন্মের ১৫ দিনের মধ্যে সদ্যভূমিষ্ঠ শিশুকে হত্যা। অন্য এক বর্ণনায় নবজাতক শিশুকে জন্মের এক বছরের মধ্যে হত্যা করা হইলে তাহাকে শিশুহত্যা বলে। দণ্ডবিধির ২৯৯ ধারার ও ব্যাখ্যা-অনুসারে, শিশুহত্যা নরহত্যাতুল্য অপরাধ। ইংল্যান্ডে ১২ মাসের কমবয়স্ক শিশুকে তাহার মাতা কর্তৃক হত্যা। যদি তদ্ধুপ অভিযুক্ত কোনো মাতা দেখাইতে পারেন যে, সন্তানপ্রসব অথবা স্তন্যদানজনিত কারণে তিনি মানসিক ভারসাম্য হারাইয়াছিলেন, তাহা হইলে তিনি খুনের পরিবর্তে শিশুহত্যার জন্য দোষী সাব্যস্ত হইবেন এবং নিমখুনের দোবে দণ্ডিত হইবেন। বেশিরভাগ ক্ষেত্রে শিশুহত্যার জন্য দোষী ব্যক্তিকে অবেক্ষাধীনে রাখা হয় অথবা অব্যাহতি দেওয়া হয়। বাংলাদেশে দণ্ডবিধিতে শিশুহত্যা নামক কোনো অপরাধের কথা উল্লেখ না থাকিলেও মানসিক ভারসাম্য হারাইয়া কোনো মাতা শিশুসন্তান হত্যা করিলে তাঁহার খুনের পরিবর্তে অবস্থাবিশেষে নিমখুনের জন্য দোষী হইবার অথবা খালাস পাইবার বিধান আছে। diminished responsibility দ্র.।

inference n. অনুমান, অনুমিতি বি. ১. অন্যান্য ঘটনা বিবেচনাপূর্বক তাহা হইতে যৌক্তিক পরিণাম অনুমান করিয়া প্রাপ্ত একটি সিদ্ধান্ত। ২. উক্তরূপ সিদ্ধান্তে পৌছিবার পদ্ধতি; চিন্তার যে-পদ্ধতিতে কেহ সাক্ষ্যপ্রমাণ হইতে প্রমাণে উপনীত হন। (२) information

inference-on-inference rule অনুমানের উপর অনুমান-বিধি কোনো অনুমান অপর কোনো অনুমানের উপর নির্ভরশীল হইলে, উহা কোনো চ্ড়ান্ত তথ্য নির্ধারণ করিবার ভিত্তি হইতে পারে না, এই মূলসূত্র।

inferior court নিম্ন আদালত subordinate court দ্ৰ.।

infirmity n. অশন্তভা, দূর্বলতা বি. কোনো রোগের কারণে (বা বর্তমানে প্রধানত বার্ধক্যের কারণে) শারীরিক দুর্বলতা বা নিস্তেজতা।

in flagrante delicto হাতে-নাতে। flagrante delicto দ্ৰ.।

in flagrante delicto হাতেনাতে ক্রি. বিণ. কোনো অপরাধ বা অন্য কোনো অন্যায় কর্ম সংঘটিত করিবার কালে কাহাকেও ধরা।

influence n. প্রভাব বি. পরোক্ষ বা দুরধিগম্যভাবে কোনো কিছু ঘটাইবার ক্ষমতা বা সামর্থ্য। প্রাধান্য; নৈতিক শক্তি। অন্যের উপর অদৃশ্যভাবে প্রযুক্ত ক্রিয়া।

inform vb. অবহিত করা ক্রি. বিশেষত অভিযোগপূর্বক তথ্য প্রদান করা। কোনো বিশেষ তথ্য বা ঘটনাসম্পর্কিত জ্ঞান, সংবাদ ইত্যাদি প্রেরণ করা, জানানো বা অবহিত করা।

informality n. অনানুষ্ঠানিকতা বি. যথাযথ বা নির্দেশিত রীতির অনুপস্থিতি বা অপালন। অনানুষ্ঠানিক হইবার ভাব বা ঘটনা অর্থাৎ কোনো কিছু রীতি বা দন্তুর অনুযায়ী করা হয় নাই বা রীতি পালন করা হয় নাই, এই ভাব।

in forma pauperis নিঃম্ব ব্যক্তি হিসাবে আদালতের খরচা প্রদান হইতে অব্যাহতিদান বা নিরাকরণ করা। সম্বলহীন হিসাবে বিচারের জন্য আদালতের রসুম প্রদান করিতে অসমর্থ। নিঃম্ব ব্যক্তির বৈশিষ্ট্য-অনুযায়ী।

information n. তথ্য বি. ফৌজদারি কার্যবিধির ৪৪ ধারা-অনুসারে, কোনো ব্যক্তিকতিপয় অপরাধ সংঘটনের বা সংঘটনের অভিপ্রায় সম্পর্কে জ্ঞাত থাকিলে মুক্তিসংগত কারণ ব্যতীত তৎক্ষণাৎ সে-সম্পর্কিত তথ্য নিকটবর্তী ম্যাজিস্ট্রেট বা পুলিশ কর্মকর্তাকে প্রদান করিবেন এবং ৪৫ ধারা-অনুসারে, প্রাম-প্রধান, গ্রামের চৌকিদার, গ্রাম-পুলিশ, জমির মালিক বা দখলকার অথবা তাঁহার প্রতিনিধি বা সরকারি তহশিলদার নিকটবর্তী ম্যাজিস্ট্রেটকে বা পুলিশ-কর্মকর্তাকে অপরাধ সংঘটনের বা সংঘটনের অভিপ্রায় সম্পর্কে অথবা কোনো অপরাধীর বাসস্থান বা চলাফেরার স্থান বা রাস্তা সম্পর্কে তৎক্ষণাৎ তথ্য প্রদান করিবেন। দণ্ডবিধির ১৭৬ ধারা-অনুসারে, যে-ব্যক্তি কোনো সরকারি কর্মচারীর নিকট কোনো বিষয়ে কোনো

নোটিশ দান বা কোনো তথ্য সরবরাহ করিবার জন্য আইনত বাধ্য ইইয়া, ইচ্ছাকৃতভাবে, আইনবলে আদিষ্ট প্রণালিতে ও সময়ে অনুরূপ সরকারি কর্মচারীর নিকট নোটিশদান বা অনুরূপ তথ্য সরবরাহ না করেন, সেই ব্যক্তি কারাদতে বা অর্থদতে বা উভয়বিধ দত্তে দণ্ডিত হইবেন; অথবা, যদি প্রদানের জন্য আদিষ্ট নোটিশ বা তথ্য কোনো অপরাধ-অনুষ্ঠান-সম্পর্কিত হয় বা কোনো অপরাধ-অনুষ্ঠান-নিবারণের উদ্দেশ্যে প্রয়োজনীয় হয় বা কোনো অপরাধীকে গ্রেণ্ডারের জন্য অভীষ্ট হয়, তাহা হইলে, অথবা যদি প্রদানের জন্য আদিষ্ট নোটিশ বা তথ্য ফৌজদারি কার্যবিধির ৫৬৫ ধারার (১) উপধারার অধীনে প্রদন্ত কোনো আদেশ-অনুযায়ী আবশ্যক হয়, তাহা হইলে কারাদত্তে বা অর্থদত্তে বা উভয়বিধ দত্তে দণ্ডিত হইবেন।

information meeting তথ্যসভা ইংল্যান্ডে ১৯৯৬ সালের পারিবারিক আইনের বিধান-অনুযায়ী বিবাহবিচ্ছেদ বা পৃথক বসবাসের জন্য আদালতে মামলা দায়ের করিবার অন্ততপক্ষে তিনমাস পূর্বে বাধ্যতামূলক যে-সভা অবশ্যই অনুষ্ঠিত ইইতে ইইবে। যদি অর্থ বা শিশু-সংক্রান্ত কোনো বিষয়ে প্রতিপক্ষ প্রতিম্বন্দৃতা করিতে ইচ্ছুক হয়, তবে যে-পক্ষ মামলা দায়ের করিতে ইচ্ছুক, তাহার উপস্থিতি বাধ্যতামূলক এবং উভয় পক্ষ অবশ্যই হাজির থাকিবে। উক্ত সভায় উভয়পক্ষকে বিবাহবিচ্ছেদ-প্রক্রিয়াসংক্রান্ত একগুছ তথ্য প্রদান করা হইবে। এই আইনের বিধান-অনুযায়ী নিযুক্ত একজন যোগ্য ব্যক্তি উক্ত সভা পরিচালনা করিবেন। তিনি বিবাহ সম্পর্কে পরামর্শদানের লভ্যতা, বিবাহবিচ্ছেদ-প্রক্রিয়ায় মধ্যস্থতার গুরুত্ব এবং পরিবারের বিচ্ছিন্নতা সত্ত্বেও শিশু-আইনের বিধান-অনুযায়ী শিশু-প্রতিপালনে মাতার নিরবিচ্ছিন্ন অধিকারের অন্তিত্বের উপর জাের দিবেন। বাংলাদেশে বিবাহবিচ্ছেদের মামলা দায়ের করিবার পূর্বে আলাপ-আলােচনার জন্য পক্ষগুলির উপস্থিতিতে কোনাে সভা অনুষ্ঠানের আইনগত বাধ্যবাধকতা নাই।

informer n. চর বি. যে-ব্যক্তি অন্য কোনো ব্যক্তিকর্তৃক সংঘটিত অপরাধ সম্পর্কে পুলিশকে গোপনে অবহিত করেন। ইংল্যান্ডে যে-অপরাধের ঘটনা সম্পর্কে পুলিশের চর তথ্যপ্রমাণ উপস্থাপন করেন, সেই অপরাধে তিনি জড়িত থাকিলে আদালত তাঁহাকে অন্য অপরাধী হইতে হালকা শান্তি প্রদান করেন।

infrastructure n. অবকাঠামো বি. কোনো ব্যবস্থা বা পদ্ধতির অধঃস্থ নির্মাণকাঠামো, বিশেষ করিয়া সরকারি সেবা এবং সুবিধাদি (যেমন, মহাসড়ক, বিদ্যালয়, সেতু, পয়ঃনিকাশন ও পানি-সরবরাহ ব্যবস্থা) যাহা ব্যবসাবাণিজ্য এবং অর্থনৈতিক ও আবাসিক উন্নয়নের জন্য প্রয়োজন হয়।

infringement n. অধিকারলঙ্খন বি. যে-কার্য কোনো কৃতিস্বত্ব, গ্রন্থস্বত্ব বা ট্রেডমার্কের মালিকের অনন্য অধিকারে অনধিকারহস্তক্ষেপ। infringement in the inducement অধিকারলজ্ঞানে প্ররোচনা অন্য কোনো ব্যক্তি
কর্তৃক প্রত্যক্ষ অধিকারলজ্ঞানে সক্রিয়ভাবে এবং জ্ঞাতসারে সহায়তা বা প্ররোচনা
দান। অধিকারলজ্ঞানে প্ররোচনা কথাটি কখনো কখনো কপিরাইট এবং ট্রেডমার্ক
আইনে অংশগ্রাহী অধিকারলজ্ঞান অর্থে ব্যবহৃত হইলেও ইহা সাধারণত কৃতিস্বত্যের
প্রসঙ্গেই সংরক্ষিত।

infringing copyright কপিরাইট-লজ্ঞন ২০০০ সালের কপিরাইট আইন-অনুসারে, কপিরাইট-লজ্ঞনকারী অনুলিপি অর্থ : (ক) সাহিত্য, নাট্য, সংগীত বা শিল্পকর্মের ক্ষেত্রে, চলচ্চিত্র ছবি ব্যতীত অন্য কোনোভাবে সমগ্র কর্ম বা উহার অংশবিশেষের পুনরুৎপাদন; (খ) চলচ্চিত্র ছবির ক্ষেত্রে উক্ত কর্মটি সম্পূর্ণ বা অংশবিশেষ, যে-কোনোভাবে প্রণীত হউক না কেন; (গ) শব্দ রেকর্ডিং এর ক্ষেত্রে, যে-কোনো মাধ্যমে অভিন্ন শব্দ রের্কড ধারণকারী অন্য যে-কোনো রেকর্ড; এবং (ঘ) এই আইনের অধীন সম্প্রচার, পুনরুৎপাদন অথবা সম্পাদনকারীর অধিকারবিষয়ক কোনো প্রোগ্রামের ক্ষেত্রে, এই আইনের কোনো বিধানলজ্ঞানক্রমে সংশ্লিষ্ট প্রোগ্রামের পূর্ণ বা আংশিক চলচ্চিত্র ছবি বা শব্দ রের্কর্ড করা বা তৈয়ারি বা আমদানি করা।

infructuous decree অকার্যকর ডিক্রি যে-ডিক্রি কার্যকর করা যায় না। আদালত ক্রটিপূর্ণ ডিক্রি প্রদান করিতে পারেন না।

n good faith সদ্বিশ্বাসে, সরল বিশ্বাসে ১৮৯৭ সালের জেনারেল কুজেজ অ্যান্টের ৩(২২) ধারা-অনুসারে, কোনো কিছু অবহেলার সহিত করা হউক বা না হউক প্রকৃতপক্ষে সততার সহিত করা হইলে সরল বিশ্বাসে করা হইয়াছে বলা হইবে। তামাদি আইনের ২(৭) ধারা-অনুসারে, যদি যথাবিহিত যত্ন ও মনোযোগ সহকারে কোনো কাজ করা না হয় তাহা হইলে সেই কাজ সরল বিশ্বাসে করা হইয়াছে বলিয়া গণ্য হইবে না। দণ্ডবিধির ৫২ ধারা-অনুসারে, যথাবিহিত সতর্কতা ও মনোযোগ বাতিরেকে কোনো কিছু করা হইলে বা বিশ্বাস করা হইলে তাহা সরল বিশ্বাসে করা হইয়াছে বলা যাইবে না।

ingress n. প্রবেশ, প্রবেশাধিকার বি. 'প্রবেশাধিকার', 'প্রস্থানের অধিকার' এবং 'পুনরায় প্রবেশের অধিকার' শব্দগুলি সাধারণত ইজারার ক্ষেত্রে ব্যবহৃত হয়, যেখানে ইজারাগ্রহীতার ভূমিতে প্রবেশ করিবার এবং মেয়াদশেষে নিবদ্ধ সামগ্রী বা ভূমিতে উৎপন্ন স্বাভাবিক দ্রব্যাদি অপসারণ করিবার অধিকার বা অনুমতি থাকে।

inhabitant n. অধিবাসী বি. কোনো নির্দিষ্ট স্থানে বসবাসকারী বা স্থায়ীভাবে নিবাসিত ব্যক্তি।

inherent power অন্তর্নিহিত ক্ষমতা যে-ক্ষমতা স্পষ্টত অর্পিত না হওয়া সত্ত্বেও কোনো আদালত, নিগমবদ্ধ বা সরকারি সংস্থার আছে বলিয়া কিংবা উহাদের অন্তর্নিহিত বলিয়া গণ্য করা হয়। দেওয়ানি কার্যবিধির ১৫১ ধারা-অনুসারে inherent vice (28

ন্যায়বিচার করিবার অন্তর্নিহিত ক্ষমতা আদালতের আছে। ন্যায়বিচারের জন্য বা আদালতের ক্ষমতার অপব্যবহার-রোধের জন্য আদালত তাঁহার ক্ষমতাবলে যে-কোনো আদেশ দিতে পারেন। তবে উক্ত আদেশ অবশ্যই সুবিবেচনাপ্রসূত হইতে হইবে এবং ন্যায়বিচারের পরিপ্রেক্ষিতে প্রদান করিতে হইবে। আদালত অন্তর্নিহিত ক্ষমতাবলে নিজ আদেশ পরিবর্তন করিতে পারেন, যদি উক্ত আদেশ আদালতের কার্যপরিচালনায় অসুবিধা সৃষ্টি করে অথবা বিশেষ ক্ষতির কারণ হয়। তুল বুঝাইয়া বা সত্য গোপন করিয়া কেহ কোনো আদেশপ্রাপ্ত হইলে আদালত অন্তর্নিহিত ক্ষমতাবলে উক্ত আদেশ বাতিল করিতে পারেন। এক্ষেত্রে পুনর্বিবেচনা করিবার প্রয়োজন নাই। নালিশি তফশিলে ভুলবশত ভুল দাগ অন্তর্ভুক্ত হইলে আদালত অন্তর্নিহিত ক্ষমতাবলে ভুল সংশোধন করিতে পারেন।

- inherent vice সহজাত ক্রটি কোনো কোনো পণ্যের সহজাত খুঁত, যাহা পণ্যগুনির ক্ষতিসাধন করিতে পারে। উদাহরণস্বরূপ, কোনো কোনো তন্তু জাহাজে বাহিত হইবার সময়ে পচিয়া যাইতে পারে। যদি এইরূপ পণ্যের বহনকারী অথবা বিমাকারীকে সহজাত খুঁত সম্পর্কে সতর্ক করিয়া না দেওয়া হয়, তাহা হইলে ওই খুঁত হইতে প্রত্যক্ষভাবে উদ্ভুত ক্ষতির জ্বন্য তিনি দায়ী হইবেন না।
- inheritance n. উত্তরাধিকার বি. ১. সম্পত্তির মালিকের মৃত্যুর পর তাঁহার ইচ্ছাপত্রের বিধান-অনুযায়ী অথবা ইংল্যান্ডের ১৯২৫ সালের ভূসম্পত্তি ব্যবস্থাপনা আইনের সংশোধিত ভাষ্যে ইচ্ছাপত্রবিহীন অবস্থায় মৃত ব্যক্তির সম্পত্তি বিভাজনের বিধি-অনুযায়ী সম্পত্তির অধিকারলাভ। ২. মৃত ব্যক্তির ভূসম্পত্তি হইতে হিত্র্যাহীকর্তৃক লব্ধ সম্পত্তি। বাংলাদেশে মুসলমান আইনে মৃত ব্যক্তির দাফনের ব্যয়, দেনা, সম্পত্তির এক-ভূতীয়াংশের অনধিক উত্তরদান এবং ঋণ থাকিলে তাহা পরিশোধ করিবার পর তাঁহার সম্পত্তি অংশীদার, অবশিষ্ট জ্ঞাতি এবং তাঁহাদের অবর্তমানে দূর জ্ঞাতিদের উপর বর্তায়। হিন্দু দায়ভাগ আইনে মৃত ব্যক্তির সম্পত্তি পর্যায়ক্তমে তাঁহার সপিও, সকুল্য ও সমানোদকের উপর বর্তায়।
- inheritance tax উত্তরাধিকার-কর কোনো ব্যক্তি ভূসম্পত্তি রাখিয়া মৃত্যুবরণ করিলে তাঁহার উত্তরাধিকারীগণকে উক্ত সম্পত্তি নিজদের মধ্যে বিভাজন করিবার পূর্বে উহার ধার্যকৃত মূল্যের উপর যে-কর দিতে হয়। সাধারণত ওইরূপ সম্পত্তির মূল্য নির্দিষ্ট অঙ্কের কম হইলে উক্ত কর দেয় হয় না এবং ওই অঙ্কের অধিক পরিমাণ মূল্যের উপর উক্ত কর দেয়া হয়।
- inhibition n. নিষেধ বি. (ভূমি আইনে) ইংল্যান্ডে মালিকানা-নিবন্ধনবহিতে নিবন্ধনকৃত ভূমি সম্পর্কে এমন একটি ভূক্তি, যাহার দ্বারা উহার বিলিবন্দোবস্ত (যেমন, হস্তান্তর বা বন্ধক) নিবন্ধনকরণ একটি নির্দিষ্ট সময় অতিবাহিত না হওয়া বা একটি নির্দিষ্ট ঘটনা না ঘটা অথবা নিবন্ধিত অন্য আদেশ না দেওয়া বা ভূক্তি লিপিবন্ধ না

করা পর্যন্ত নিষিদ্ধ হয়। পর্যাপ্ত স্বার্থসম্পন্ন কোনো ব্যক্তির আবেদনক্রমে একটি নিষেধ-আদেশ হইতে পারে। উদাহরণস্বরূপ, মালিক যদি দাবি করেন যে, অপর কোনো ব্যক্তি তঞ্চকতার দ্বারা নিজকে মালিক হিসাবে নিবন্ধন করাইয়াছেন। এতৎসহ land registration দ্র.।

initial n. অনুস্বাক্ষর বি. (বিশেষত কাহারো নামের) আদ্যক্ষর। কোনো ব্যক্তির নামের প্রথম অক্ষর বা আদ্যক্ষর দ্বারা কোনো চিহ্নপ্রদান বা কোনো দলিলে স্বাক্ষরদান।

injunction n, নিষেধাজ্ঞা বি, আদালতের আদেশ-আকারে একটি প্রতিকার, যাহা কোনো নির্দিষ্ট ব্যক্তিকে কোনো কাজ করিতে অথবা চালাইয়া যাইতে নিষেধ করে (প্রতিষেধাত্মক নিষেধাজ্ঞা) অথবা তাঁহাকে কোনো নির্দিষ্ট কাজ সম্পাদন করিতে আদেশদান করে (নির্দেশাত্মক নিষেধাজ্ঞা)। উদাহরণস্বরূপ, একটি কপিরাইট বা ট্রেড মার্ক লঙ্ঘন করা বন্ধ করিতে অথবা একটি উপদূব সংযত করিতে প্রতিষেধাত্মক নিষেধাজ্ঞা মনজুর করা যায়। চক্তিভঙ্গ করিয়া যে-ব্যক্তি দেওয়াল নির্মাণ করিয়াছেন. তাঁহাকে তাহা ভাঙ্গিয়া ফেলিবার নির্দেশ দিয়া নির্দেশাত্মক নিষেধাজ্ঞা মনজুর করা যায়। জরুরিভাবে নিষেধাজ্ঞার প্রয়োজন হইলে মামলা বিচারাধীন অবস্থায় অস্থায়ী নিষেধাজ্ঞা মনজুর করা যায়। সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৫৩ ধারা এবং দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশের ১ নিয়ম-অনুসারে, আদালত মামলা বিচারাধীন অবস্থায় অস্তায়ী নিষেধাজ্ঞা প্রদান করিতে পারেন, যাহা পরবর্তী আদেশ অথবা মামলা নিম্পত্তি না হওয়া পর্যন্ত কার্যকর থাকে। চিরস্থায়ী নিষেধাজ্ঞা উক্ত আইনের ৫৪ ধারার বিধান-অনুসারে আদালতে মামলার বিচার সমাগু হইবার পর ডিক্রির মাধ্যমে মনজুর করা যায়। উক্ত আইনের ৫৫ ধারার বিধান-অনুসারে, মামলার বিচার সমাপ্ত হইবার পর আদালতের ডিক্রির মাধ্যমে নির্দেশাত্মক নিষেধাক্তা মনজুর করা যায়। অস্থায়ী নিষেধাজ্ঞার মাধ্যমে সাধারণত নিষেধাজ্ঞার আদেশ মনজুর করা হইলেও ব্যতিক্রমী ক্ষেত্রে আদালত নির্দেশাত্মক নিষেধাজ্ঞার আদেশও মনজুর করিতে পারেন। উক্ত আইনের ৫৬ ধারায় বলা হইয়াছে যে, কোনো কোনো ক্ষেত্রে আদালত নিষেধাজ্ঞার আদেশ প্রদান করা হইতে বিবত থাকিবেন।

injunction, interim and temporary অন্তর্বতী ও অস্থায়ী নিষেধাজ্ঞা সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৫৩ ধারা-অনুসারে, অস্থায়ী নিষেধাজ্ঞা হইতেছে এমন একটি নির্মেধাজ্ঞা যাহা একটি নির্দিষ্ট সময় পর্যন্ত অথবা আদালত কর্তৃক পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত কার্যকর থাকে। মামলার যে-কোনো পর্যায়েই উহা মনজুর করা যায় এবং দেওয়ানি কার্যবিধির দারা উহা নিয়ন্তিত। অপরপক্ষের উপর নোটিশ প্রদান ছাড়া অস্থায়ী নিষেধাজ্ঞা প্রদান করা যায় না। মূল মামলার বিষয়বস্তু হইতে অস্থায়ী নিষেধাজ্ঞা উদ্ভূত হয়। অস্থায়ী নিষেধাজ্ঞা মনজুর করিবার বা না করিবার বিষয়ে উভয় পক্ষের গুনানির প্রয়োজন আছে। অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ সাধারণত মূল মামলার

চূড়ান্ত শুনানি পর্যন্ত বলবৎ থাকে। ইহা মূল মামলার আরজি হইতে পৃথক একটি আবেদনমূলে মনজুর করা হয়। আর অন্তর্বতী নিষেধাজ্ঞা হইল এমন একটি নিষেধাজ্ঞা যাহা অস্থায়ী নিষেধাজ্ঞার শুনানি এবং তদ্বিষয়ে আদেশ দেওয়া পর্যন্ত কার্যকর থাকে। সাধারণত নিষেধাজ্ঞা জারির পূর্বেই এবং দরখান্ত প্রদানের সঙ্গে সঙ্গে এই ধরনের নিষেধাজ্ঞা মনজুর করা হয়। নোটিশ জারি হইবার পূর্বেই অন্যায়কারী তাঁহার অন্যায় কার্য করিয়া ফেলিতে পারেন, এই আশদ্ধায় উহা রোধকল্পে অন্তর্বতী নিষেধাজ্ঞা মনজুর করা হয়। অস্থায়ী নিষেধাজ্ঞার আবেদন হইতে এই ধরনের নিষেধাজ্ঞা উদ্ভূত হয়। ইহা মনজুর করিবার বা না করিবার বিষয়ে উভয়পক্ষের প্রয়োজন নাই। অস্থায়ী নিষেধাজ্ঞার নাই কর্যায়ার নিষেধাজ্ঞার দরখার করিবার করা হয়। অস্থায়ী নিষেধাজ্ঞার দরখার করিবার সঙ্গে সঙ্গালালত স্ববিবেচনার দ্বারা অন্তর্বতী নিষেধাজ্ঞার আদেশ দিতে পারেন। দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশের ১ নিয়ম-অনুসারে, আদালত অন্তর্বতী ও অস্থায়ী নিষেধাজ্ঞার মনজুর করেন।

injunction, perpetual চিরস্থায়ী নিষেধাজ্ঞা যে-নিষেধাজ্ঞা আদালতের চূড়ান্ত রায় বা আদেশের অংশ এবং যাহা সময়সম্বন্ধ দ্বারা সীমাবন্ধ নহে।

injuria n. ক্ষতি বি. ক্ষতি দুই প্রকার, যথা (১) যে-ক্ষতিকর কর্মের আইনি প্রতিকার নাই এবং (২) ক্ষতিকর না হইলেও যে-কর্মের আইনি প্রতিকার আছে।

injuria sine damnum and damnum sine injuria ক্ষতিকর না হইলেও যে-কর্মের আইনি প্রতিকার আছে এবং যে-ক্ষতিকর কর্মের আইনি প্রতিকার নাই '*ড্যামনাম*' শব্দটি দ্বারা বুঝায় বিবাদী কর্তৃক বাদীর অর্থ, সূখ-স্বাচ্ছন্দ্য, কাজ, স্বাস্থ্য, ইত্যাদির ক্ষতিসাধন। '*ইনজুরিয়া*'র অর্থ হইতেছে আইনগত ক্ষতি, যাহা অপকারেচ্ছামূলক মনোভাব লইয়া করিবার দরকার হয় না। কেননা কাজটি দুর্ঘটনাক্রমে হইলেও যদি দেওয়ানি ক্ষতিসূলক হয়, তাহা হইলে ক্ষতিপুরণের জন্য মামলা করা যাইবে। কিন্তু কোনো আইনি অধিকার লজ্ঞান ছাড়াই কোনো ব্যক্তি ক্ষতির সমুখীন হইলে তাহা *ড্যামনাম সাইনে ইনজুরিয়া* অর্থাৎ যে-ক্ষতিকর কর্মের আইনি প্রতিকার নাই বলিয়া বিবেচিত হইবে। এমন অনেক কাজ আছে যাহা ক্ষতিকর, কিন্তু আইনবিরুদ্ধ নহে এবং এই ধরনের কাজের ফলে কেহ ক্ষতিগ্রস্ত হইলে তিনি মামলা করিরার অধিকারপ্রাপ্ত হন না। কাহারো নিজস্ব সাধারণ অধিকার তাঁহার যুক্তিসংগত সীমার মধ্যে প্রয়োগের ফলে অন্য কেহ ক্ষতিগ্রস্ত হইলে শুধু তাহাতে দেওয়ানি ক্ষতি বা টর্টের আওতায় মামলা করিবার অজুহাত সৃষ্টি হয় না। তবে আইনি অধিকারভঙ্গের ফলে কেহ প্রকৃত ক্ষতির সমুখীন না হইলেও তিনি ক্ষতিপূরণের জন্য নালিশ করিতে পারেন। যেমন, জমিতে অনধিকার প্রবেশের ফলে জমির মালিক প্রকৃতপক্ষে কোনো আর্থিক ক্ষতির সম্মুখীন না হইলেও গুধু তাঁহার আইনগত অধিকার ভঙ্গ হইয়াছে, এই কারণে তিনি নামমাত্র হইলেও ক্ষতিপুরণ পাইবেন।

- injurious adj. ক্ষতিকর, অপকারী বিণ. সুখ বা স্বস্তি বিদ্নিত করে, অধিকারহানি ঘটায় বা অধিকারের উপভোগকে বারিত করে, এইরূপ পীড়াদায়ক যে-কোনো কিছু হইল ক্ষতিকর এবং যদি তাহা বিরাগ জন্মায়, কষ্ট দেয় কিংবা অপ্রীতিকর অনুভূতি জাগায়, তাহা হইলে তাহা ন্যকারজনক।
- injuriously affected অনিষ্টকরভাবে উপহত ইহা 'ক্ষতিগ্রপ্তের' সমার্থক এবং সমমানের। অভিব্যক্তিটি অন্যায়ভাবে ক্ষতিগ্রস্ত হওয়া বুঝায় না। ইহার দারা অনিষ্টকরভাবে ক্ষতিগ্রস্ত বুঝায়। যেমন, কোনো ব্যক্তি পড়িয়া যাওয়ায় তাঁহার পা ভাঙ্গিয়া গেলে ইহার দ্বারা অনিষ্টকরভাবে ক্ষতিগ্রস্ত বুঝায়, কিন্তু তাঁহার প্রতি কেহ কোনো অন্যায় করিয়াছেন, এমন বুঝায় না।
- injury n. ক্ষতি বি. ১. একটি অধিকারলজ্ঞান। ২. মানুষের বা সম্পত্তির প্রকৃত ক্ষতিসাধন। দণ্ডবিধির ৪৪ ধারায় ক্ষতি বলিতে কোনো ব্যক্তির শরীর, মন, সুনাম বা সম্পত্তিতে অবৈধভাবে অন্যায়সাধন বুঝায়। এতৎসহ injuria দ্র.।
- inland bill অন্তর্দেশীয় হুন্তি, অভ্যন্তরীণ বিল যে-বিলের আদেষ্টা, আদিষ্ট এবং প্রাপক
 একই দেশের নাগরিক। যে-ছুন্তিতে কোনো ব্যক্তিকর্তৃক একই দেশের এক স্থান
 হইতে অন্য স্থানে অবস্থানরত অন্য কোনো ব্যক্তির প্রতি অর্থপ্রদানের নির্দেশ প্রদান
 করা হয়। অন্য সকল হুন্তি বহির্দেশীয় হুন্তি : যদি বিপরীত কিছু হুন্তিতে লেখা না
 থাকে, তবে উহার ধারক উহাকে অন্তর্দেশীয় হুন্তি বলিয়া গণ্য করিতে পারেন। হুন্তি
 প্রত্যাখ্যাত হইলে কী পদক্ষেপ লইতে হইবে, সেই ব্যাপারে অন্তর্দেশীয় ও বহির্দেশীয়
 ছন্তির মধ্যে পার্থক্য রহিয়াছে। dishonour দ্র.।
- inland water limit অভ্যন্তরীণ নৌ-সীমা যে-কোনো ব্রুদ, নদী অথবা নৌ-চলাচল-উপযোগী বাংলাদেশের অন্য কোনো নৌ-পথ এবং জোয়ারভাটা-বিশিষ্ট নৌপথের এইরূপ অংশ যাহা সরকার অফিসিয়াল গেজেটে বিজ্ঞপ্তিদ্বারা ১৯৭৬ সালের অভ্যন্তরীণ নৌ-চলাচল অধ্যাদেশের উদ্দেশ্যে অভ্যন্তরীণ নৌ-পথ হিসাবে ঘোষণা করাকে বুঝায়।
- inland water transport অভ্যন্তরীণ নৌষান নৌষান সাধারণত সম্পূর্ণ বা আংশিকভাবে বা, তরল জ্বালানি, বিদ্যুৎ অথবা অন্য কোনো যান্ত্রিক শক্তিদ্বারা অভ্যন্তরীণ নৌপথে চালিত, অভ্যন্তরীণ নৌপথে পরিচালিত ডাম্পবার্জ এবং অন্য যে-কোনো নৌষান যাহা যন্ত্রচালিত নয় তবে অন্য কোনো যন্ত্রচালিত নৌষানদ্বারা চালিত, সেইগুলি নৌষানের অন্তর্ভুক্ত।
- in limine প্রারম্ভিক, প্রারম্ভে প্রথমেই একটি আপত্তি বা অজুহাত-উত্থাপন।
- in loco parentis পিতা-মাতার স্থলে যে-ব্যক্তি পিতামাতার পরিবর্তে তাঁহাদের পক্ষে শিগুদের দেখাতনা করেন তাঁহাকে বুঝাইবার জন্য শিথিলভাবে এই শব্দগুচ্ছ ব্যবহৃত হয়। যেমন, পালক পিতামাতা বা কোনো আত্মীয়। তবে ইংল্যান্ডে আইনত যে-ব্যক্তি

inmate (२४)

বা যে-অভিভাবকের অনুকূলে আদালত শিশুর তত্ত্বাবধানের আদেশ প্রদান করেন, তিনিই কেবল পিতামাতার স্থলবর্তী হন এবং তাঁহার দায়িত্ব ও অধিকার বিধিবদ্ধ আইনদারা নির্ধারিত।

inmate n. বাসী, বাসিন্দা বি. কোনো গৃহের বাসিন্দা। বিশেষত হাসপাতান, কারাগার বা অন্য কোনো প্রতিষ্ঠানে একত্রে বসবাসকারীদের একজন।

innocence n. নির্দোষিতা বি. অপরাধশূন্যতা। বিশেষত, কোনো নির্দিষ্ট অপরাধের দোষ হইতে মক্তি।

innocent infringement নির্দোষ অধিকারলজ্ঞন একটি কার্য যে অধিকারলজ্ঞনরপ অপরাধ, এই জ্ঞান বা সচেতনতা ব্যতীত একটি বুদ্ধিবৃত্তিক সম্পত্তির অধিকারলজ্ঞন। একজন নির্দোষ অধিকারলজ্ঞনকারী সীমিত পরিস্থিতিতে কিছু কিছু বা সম্পূর্ণ ক্ষতির দায় এড়াইতে পারেন। কপিরাইটের প্রসঙ্গে ক্ষতিপূরণ সীমিত হইতে পারে, যদি (১) ১৯৮৯ সালের মার্চ মাসের (১৯৮৮ সালের বার্ন কনডেনশন বাস্তবায়ন আইন কার্যকাহইবার তারিখের) পূর্বে কপিরাইটের মালিকের কর্তৃত্বাধীনে বিতরিত কপিরাইটপ্রাক্রমটির একটি অনুমোদিত অনুলিপিতে কপিরাইটসংক্রান্ত বিজ্ঞপ্তি না খান্ত অধিকারলজ্ঞনকারী বিজ্ঞান্ত হইয়া থাকেন; (২) যদি অধিকারলজ্ঞনকারী প্রকৃতপ্যক্রপিরাইটের বিজ্ঞপ্তি প্রাপ্ত হইবার পূর্বে অধিকারলজ্ঞনের কার্যটি ঘটিয়া থাকে। ট্রেডমার্কের প্রসঙ্গে, মূল্যের বিনিময়ে প্রকাশিত বিজ্ঞাপনের প্রকাশক ও পরিবেশকগণ নির্দোষভাবে কোনো মার্কার অধিকারলজ্ঞন করিলে তাঁহারা ক্ষতিপূরণের জন্য দায়ী হইবেন না।

Inns of Court ইনস অফ কোর্ট লন্ডন শহরের কেন্দ্রন্থলে অবস্থিত প্রাচীন আইন সমিতিসমূহ। প্রত্যেক ব্যারিন্টারকে অবশ্যই এইগুলির মধ্যে যে-কোনো একটির সদস্য হইতে হয়। এই সকল ইন বা সরাইখানার পূর্ব-ইতিহাস বিতর্কিত। সম্ভবত এইগুলি সাধারণ আইন-বিষয়ক আদালতের আইনজীবীদের আবাসস্থল হিসাবে আরম্ভ হয়। এই সকল আবাসস্থল ধীরে ধীরে বেঞ্চার, ব্যারিন্টার ও ছাত্রদের সম্মিলিত আবাসস্থল ও স্বনিয়ন্ত্রিত সংস্থা হিসাবে গড়িয়া উঠে। প্রাচীনকাল হইতে এই সকল সমিতি আইন-শিক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিয়া আসিতেছে। এই সমিতিগুলির মধ্যে যে-কোনো একটির সঙ্গে যুক্ত না হইয়া কেহ ব্যারিন্টার উপাধি লাভ করিতে পারেন না। বর্তমানকালে গ্রেজ ইন, ইনার টেম্পল, মিডল টেম্পল ও লিংকন্স ইন নামক চারটি সমিতির অন্তিত্ব আছে।

innuendo n. বক্রোক্তি বি. ১. সাধারণত অবমাননাকর কোনো তির্বক মন্তব্য বা পরোক ইঙ্গিত। কোনো ব্যক্তি সম্পর্কে এমন উক্তি যাহা আপাতত নির্দোষ বলিয়া প্রতীয়মান হইলেও যে-ব্যক্তির প্রতি ইঙ্গিত করিয়া তাহা ব্যক্ত হইয়াছে তিনি দেখাইতে পারেন যে, তাঁহার দারা তাঁহার সম্মানহানি হইয়াছে। কেহ বক্রোক্তির জন্য
ডক্রপ উক্তিকারীর বিরুদ্ধে আদালতে মানহানির মামলা দায়ের করিলে তাঁহাকে
আরজি বা অভিযোগের দরখান্তে সেই সকল ঘটনা ও পারিপার্শ্বিকতা অবশাই উল্লেখ
করিতে ইইবে, যাহা ইইতে প্রতীয়মান হইবে যে, আপাতত নির্দোষ উক্তি প্রকৃতপক্ষে
মানহানিকর। ২. পর্যায়োক্তি কোনো আইনি দলিলে বন্ধনীভুক্তরূপে সন্নিরেশিত
কোনো ব্যাখ্যামূলক শব্দ বা অনুচ্ছেদ। উদাহরণস্বরূপ, 'অমুক তাঁহার বাড়িটি পুড়াইয়া
ফেলিয়াছেন' বিবৃতিটির বক্রোক্তি এইভাবে ব্যাখ্যা করিয়া দেখানো যাইতে পারে যে,
বিবৃতিটির দারা বৃঝানো ইইয়াছে যে, তিনি তাঁহার বিমা কোম্পানিকে প্রতারিত
করিয়াছেন (তিনি যে তাঁহার বাড়িটি বিমা করিয়াছেন তাহা যুক্তি হিসাবে উত্থাপিতও
করা ইইয়ছে)। ফৌজদারি আইনে, পর্যায়োক্তি একটি অভিযোগপত্রভুক্ত বিবৃতির রূপ
পরিশ্বহ করে, যাহা ইতিপূর্বে ব্যক্ত এমন কোনো বিষয়ের প্রয়োগ বা অর্থ প্রদর্শন করে,
যাহার অর্থ অন্যথায় স্পষ্ট হইতে না। মানহানির আইনে, পর্যায়োক্তি হইতেছে একটি
বিবৃতির মানহানিকর অর্থ সম্বন্ধে বাদীর ব্যাখ্যা, যদি ওই অর্থ বিবৃতি হইতে প্রতীয়মান
না হয়।

inofficious adj. অনুনিধায়ী বিণ. অস্বাভাবিকের সমার্থক। ইহা এইরূপ দলিল সম্পর্কে প্রযোজ্য, যাহাতে ইচ্ছাপত্রকারীর সহিত রক্তের সম্পর্কে আবদ্ধ কোনো ব্যক্তির নৈতিক অধিকার বা দাবি উপেক্ষিত হয়। ইচ্ছাপত্রকারীকর্তৃক কোনো অসহায় শিশুর এইরূপ অধিকারকে উপেক্ষাপূর্বক কোনো আগন্তুকের অনুকূলে প্রদন্ত কোনো দলিলের ব্যাখ্যাদানকালে আদালত 'কোনো ব্যক্তি নিজের সম্পত্তির ব্যাপারে যাহা খুশি তাহাই করিতে পারে' বলিয়া সিদ্ধান্তপ্রদানের ক্ষেত্রে সতর্ক থাকিবেন এবং সম্পেহমুক্ত হইবার সকল আইনসম্বত প্রয়াস গ্রহণ করিবেন।

in pari delicto সমদোষে দৃষ্ট সমদোষে দৃষ্ট নীতি-অনুযায়ী যখন দৃই পক্ষ সমভাবে দোষী, তখন আদালত কোনো প্রতিকার প্রদান করিবেন না। যে-অন্যায়কর্মের জন্য বাদী অংশত দায়ী, তিনি সেই অন্যায়কর্মের জন্য প্রতিকার দাবি করিতে পারেন না।

in pari materia অনুরূপ বিষয়ে যে-সকল সংবিধি একই ব্যক্তি বা বন্তু সম্পর্কিত বা একই সাধারণ উদ্দেশ্য-সংবলিত, উহার 'অনুরূপ বিষয়'-ঘটিত সংবিধি আইনসভার উদ্দেশ্য উপলব্ধি করিবার জন্য সমজাতীয় সংবিধিসমূহ একই সঙ্গে পঠিতব্য। সংবিধি-ব্যাখ্যার এই নীতি তখনই কেবল প্রযোজ্য যখন একটি বিশেষ সংবিধি ঘর্ষবাধক হয়। সমজাতীয় সংবিধি একই ব্যক্তি বা বন্তু অথবা একই শ্রেণীর ব্যক্তি বা বন্তু সম্পর্কিত হয়। 'সমজাতীয় সংবিধিসমূহ' এই বিশিষ্টার্থক শব্দগুচ্ছটি বিভিন্ন সময়ে প্রণীত, কিন্তু একই ব্যক্তি বা বিষয় সম্পর্কে প্রাভিজনিক সংবিধি বা সাধারণ আইন সম্বন্ধে প্রযোজ্য। এইরূপে নিঃম্ব ব্যক্তিগণ সম্পর্কিত ইংল্যান্ডের আইন এবং তাহাদের দেউলিয়াত্ব বিষয়ক আইন একই সঙ্গে ব্যাখ্যা করা হয় যেন উহারা

- একটিমাত্র সংবিধি এবং একযোগে একটি ঐক্যবদ্ধ ব্যবস্থা গঠন করে। সমজাতীয় সংবিধিসমূহ এইরূপে ব্যাখ্যা করিতে হয় যেন উহারা আদিতে একই আইন ছিল।
- in pari passu পাশাপাশি, সমমর্যাদায় সমতাবে, সমমাত্রায়। কোনো পক্ষের অগ্রাধিকার বিবেচনা না করিয়া।
- in person স্বয়ং অব্য. নিজের মামলা পরিচালনা বা আত্মপক্ষ সমর্থন করিবার জন্য উকিল নিয়োগ না করিয়া নিজেই তাহা পরিচালনা করা।
- in personam ব্যক্তির বিরুদ্ধে ইহা কোনো নির্দিষ্ট ব্যক্তির বিরুদ্ধে কিংবা কোনো বিশেষ ব্যক্তি বা গোষ্ঠীসম্বন্ধী অধিকারের বিরুদ্ধে একটি মামলা বা দাবি বর্ণনা করে। 'ন্যায়পরতা ব্যক্তির বিরুদ্ধে কার্যকর' যে-মামলার রায় গুধু মামলার পক্ষগণের উপর বাধ্যকর, যেমন চুক্তিভঙ্গ, মানহানির জন্য ক্ষতিপূরণ ইত্যাদি। ন্যায়পরতা-সম্পর্কিত এই বচন-অনুসারে, ইংল্যান্ডের চানসারি-আদালত বিবাদীর বিরুদ্ধে ডিক্রি জারি করিতে যাহা বলবৎ না করিলে বিবাদী কারাদণ্ডে দণ্ডিত হইতেন পারিতেন।
- in personam judgment ব্যক্তিপ্রভাবী রায় ১. যে-রায় কোনো বিবাদীর উপর ব্যক্তিগত দায়িত্ব আরোপ করে এবং আদালতের অধীন তাঁহার সম্পত্তি হইতে সেই দায় পরিশোধ করা হয়। ২. মামলার পক্ষদের উপর এখতিয়ার থাকার ফলে যে-রায় দেওয়া হয়। ৩. যে-রায় বন্তু, অধিকার বা অবস্থার উপর নয়, কেবল মামলার পক্ষগণের উপর বাধ্যকর। যেমন, চুক্তিভঙ্গ, ব্যক্তিগত ক্ষতি ইত্যাদি সম্পর্কিত কোনো ব্যক্তির উপর বাধ্যকর রায়।
- in proportion to অনুপাতে, আনুপাতিক হারে কোনো আইনে 'সকদ সম্পদের উপর উহার মূল্যের আনুপাতিক হারে কর ধার্য করিতে হইবে' এইরপ বিধানদ্বারা কেবল ইহাই বুঝায় যে, কর-আদায়যোগ্য কোনো বিশেষ প্রকারের সম্পদের উপর অন্যপ্রকারের সম্পদের প্রতি ধার্যকৃত মাত্রার অতিরিক্ত কর আরোপ করা যাইবে না; তবে ইহা আইনসভাকর্তৃক কোনো সম্পদকে করারোপ হইতে অব্যাহতিপ্রদান নিবারিত করে না।
- in propria causa nemo judex নিজের মামলায় বিচারক হওয়া ষায় না কেহ
 নিজের মামলা নিজে বিচার করিতে পারেন না, এই নীতি-অনুসারে কোনো বিচারক
 কোনো বিচারপ্রার্থীর প্রতি পক্ষপাতদুষ্ট বা বিদ্বেষভাবাপনু হইলেও তাঁহার বিচার
 করিতে পারেন না। ১৮৮৭ সালের দেওয়ানি আদালত আইনের ৩৮ ধারা ও
 ফৌজদারি কার্যবিধির ৫৫৬ ধারায় ওই নীতি বিধৃত হইয়াছে। ওই বিধান-অনুসারে,
 বিচারক কোনো মামলায় পক্ষ বা স্বার্থবান হইলে ওই মামলা অথবা তাঁহার নিজের
 রায়ের বিরুদ্ধে আপিলের বিচার করিতে পারেন না।

input n. উপকরণ বি. ১৯৯১ সালের মূল্য-সংযোজন কর আইনের ২(গ) ধারাঅনুসারে, শ্রম, ভূমি, ইমারত, অফিস-যন্ত্রপাতি ও যানবাহন ব্যতিরেকে, সকল প্রকার
কাঁচামান, মোড়কসামগ্রী, সেবা এবং যন্ত্রপাতি ও যন্ত্রংশ এবং ব্যবসায়-পরিচালনার
ক্ষেত্রে, বিক্রয়, বিনিময় বা প্রকারান্তরে হস্তান্তরের উদ্দেশ্যে আমদানিকৃত, ক্রীত,
অর্জিত বা অন্য কোনোভাবে সংগৃহীত পণ্য।

inquest n. সুরত্বাল বি. ইংল্যান্ডে অজ্ঞাত কারণে কোনো ব্যক্তির মৃত্যু ইইলে সেসম্পর্কে তদন্ত। করোনার নামক কর্মকর্তা এই তদন্তকার্য পরিচালনা করেন এবং ইহার জন্য প্রায়শ ৭-১১ জন সদস্যবিশিষ্ট একটি জুরির সিদ্ধান্ত আবশ্যক। বাংলাদেশে কোনো ব্যক্তি আত্মহত্যা করিলে, আঘাতপ্রাপ্ত হইয়া বা দুর্ঘটনায় মৃত্যুবরণ করিলে বা কাহারো অপরাধকর্মের ফলে কেহ মারা গিয়াছে বলিয়া সন্দেহ করা ইইলে, ফৌজদারি কার্যবিধির ১৭৪ ধারার বিধান-অনুসারে থানার দারোগা সে-সম্পর্কে নিকটবর্তী মাাজিন্ট্রেটকে অবহিত করেন এবং সেই মৃত ব্যক্তির শরীর দেখিয়া তাহাতে আঘাতের চিহ্ন, দাগ, ইত্যাদি থাকিলে তাহা এবং মৃত্যুর প্রতীয়মান কারণ উল্লেখপূর্বক সেই সম্পর্কে প্রতিবেদনে উল্লেখ করেন এবং তাহা জেলা ম্যাজিন্ট্রেট বা প্রধান ম্যাজিন্ট্রেটের নিকট পাঠান। মৃত্যুর কারণ সম্পর্কে সন্দেহ হইলে বা অন্য যে-কোনো কারণে সমীচীন মনে করিলে দারোগা মৃতদেহ ময়না-তদন্তের জন্য নিকটবর্তী সরকারি ডাজারের নিকট পাঠান। উক্ত আইনের ১৭৬ ধারার বিধান-অনুসারে, পুলিশের হেফাজতে কোনো ব্যক্তি মারা গেলে নিকটবর্তী ক্ষমতাপ্রাপ্ত ম্যাজিন্ট্রেট উক্ত ব্যক্তির অথবা যে-ব্যক্তির মৃত্যুর কারণ সম্পর্কে দারোগা সুরতহাল প্রতিবেদন পাঠাইয়াছেন, তাঁহার মৃত্যুর কারণ সম্পর্কে তদন্ত করিতে পারেন। post-mortem দ্র.।

inquest report সুরতহাল প্রতিবেদন ফৌজদারি কার্যবিধির ১৭৪ ধারা-অনুসারে, (১) থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা এ-সম্পর্কে ক্ষমতাবান কোনো পুলিশ-কর্মকর্তা ঘদি সংবাদ পান যে, কোনো ব্যক্তি (ক) আত্মহত্যা করিয়াছেন, অথবা (খ) অপর কোনো ব্যক্তি বা প্রাণী কর্তৃক বা কোনো যন্ত্র দ্বারা বা কোনো দুর্ঘটনার ফলে নিহত ইইয়াছেন, কিংবা (গ) এইরূপ পরিস্থিতিতে মারা গিয়াছেন যাহাতে যুক্তিসংগতভাবে সন্দেহ ইইতে পারে যে, অপর কোনো ব্যক্তি কোনো অপরাধ করিয়াছেন, তাহা ইইলে অবিলয়ে সুরতহাল তদন্তের জন্য ক্ষমতাপ্রাপ্ত নিকটতম ম্যাজিস্ট্রেটকে উহা জানাইবেন এবং পুলিশ-কর্মকর্তা সেখানে যাইবেন এবং এলাকার সম্বান্ত দুই ব্যক্তির উপস্থিতিতে তদন্ত করিবেন, মৃত ব্যক্তির দেহে ক্ষত, ভাঙ্গা বা মচকাইয়া যাওয়ার দাগ, আঁচড়াইয়া যাওয়ার দাগ ও অন্যান্য আঘাতের চিহ্ত-বর্ণনা করিয়া এবং যে-উপায়ে উক্ত চিহ্তের সৃষ্টি ইইয়াছে, তাহার উল্লেখ করিয়া আপাতদৃষ্টিতে মৃত্যুর কারণ সম্পর্কে প্রতিবেদনর প্রথমন করিবেন। সুরতহালের সময়ে উপস্থিত ব্যক্তিগণ, যাহারা প্রতিবেদনের সহিত একমত, তাহারা উহাতে স্বাক্ষরদান করিবেন। মৃত্যুর কারণ সম্পর্কে সন্দেহের

অবকাশ থাকিলে অথবা পুলিশ মনে করিলে সরকার কর্তৃক নির্ধারিত বিধিসাপেকে তিনি লাশটি পরীক্ষার জন্য নিকটতম সিভিল সার্জন বা সরকার কর্তৃক এই উদ্দেশ্যে নিযুক্ত ডাক্তারের নিকট প্রেরণ করিবেন। তবে আবহাওয়ার কারণে বা লাশ পচিয়া যাইতে পারে এবং পরীক্ষা অর্থহীন হইয়া যাইতে পারে, এইরপ আশঙ্কা থাকিলে লাশ প্রেরণের প্রয়োজন নাই। লাশ পরীক্ষা করিয়া ডাক্তার যে-প্রতিবেদন দেন তাহাকে ময়না-তদন্ত প্রতিবেদন বলা হয়। ১৭৬ ধারা-অনুসারে, পুলিশের হেফাজতে কোনো ব্যক্তির মৃত্যু ইইলে সুরতহাল করিবার ক্ষমতাপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট সুরতহাল পরিচালনা করিবেন। মৃত্যুর কারণ নির্ণয়ের জন্য ম্যাজিস্ট্রেট লাশ কবর হইতে উঠাইয়া পরীক্ষা করিতে পারেন। post-mortem report দ্র.।

- inquiry n. তদন্ত বি. ফৌজদারি কার্যবিধির ৪ ধারায় বলা হইয়াছে যে, তদন্ত বলিতে এই আইন-অনুসারে কোনো ম্যাজিস্ট্রেট অথবা আদালত কর্তৃক পরিচানিত বিচারকার্য ব্যতীত সমস্ত কার্য বুঝাইবে। ফৌজদারি কার্যবিধির ৫৩৯খ, ৫৪০ ও ৫৪০ক ধারায় বিচারক কর্তৃক তদন্তের প্রসঙ্গ বর্ণিত হইয়াছে।
- inquisition n. তদন্ত বি. করোনারের সুরতহাল তদন্তের রায়-সংবলিত একটি দলিল। ইহাতে শিরোনাম (করোনার, জুরি ও সুরতহাল গুনানির বিশদ বিবরণ), রায় (মৃতদেহ শনাক্তকরণ ও মৃত্যুর সম্ভাব্য কারণ) এবং প্রত্যয়নের (করোনার ও জুরিদের স্বাক্ষর) উল্লেখ থাকে। মৃত্যুর কারণ সম্পর্কে সাক্ষ্যপ্রমাণ অপর্যাপ্ত হইলে একটি খোলা রায় লিপিবদ্ধ করা যাইতে পারে।
- inquisitorial procedure তদন্তমূলক বিচারপ্রণালি ইংল্যান্ড ব্যতীত কতিপয় ইউরোপীয় দেশে প্রচলিত একটি ফৌজদারি বিচারব্যবস্থা, যাহাতে বিচারক নিজেই ঘটনা সম্পর্কে তদন্ত করিয়া সত্য উদ্ঘটন করেন। এই ব্যবস্থায় অভিযোগকারী বা প্রতিঘদ্মিতাকারী নহে, বরং বিচারকই মামলা-পরিচালনার উদ্যোগ গ্রহণ করেন। তাঁহার দায়িত্ব ইইতেছে তদন্ত পরিচালনা করা, সাক্ষ্যপ্রমাণ বিবেচনা করা এবং সাক্ষীদের জেরা করা। এই ব্যবস্থায় আসামির নিকৃপ থাকিবার অধিকার নাই এবং দোষী সাব্যন্ত হইবার পূর্বে আসামিকে নির্দোষ বলিয়াও গণ্য করা হয় না। accusatorial procedure তু.।
- inquisitorial system অত্যনুসন্ধানমূলক ব্যবস্থা দেওয়ানি আইনে ব্যবহৃত প্রমাণগ্রহণের একটি পদ্ধতি, যাহাতে বিচারক বিচারকার্য পরিচালনা করেন, কী কী প্রশু করিতে হইবে তাহা নিরূপণ করেন এবং অনুসন্ধানের পরিসর ও সীমা নির্ধারণ করেন। এই ব্যবস্থা মহাদেশীয়-ইউরোপ, জাপান এবং মধ্য ও দক্ষিণ আমেরিকায় বহুলপ্রচলিত।
- in re বিষয়ে মামলাটি কাহার ও কী সম্পর্কে, তাহা বুঝাইবার জন্য যে-ব্যক্তি বা যে-বিষয় সম্বন্ধে মামলা, তাহার নামসহ ইহা আইন-সাময়িকীর শিরোনামে ব্যবহৃত হয়।

in relation to সম্বন্ধে, সম্পর্কে 'সম্বন্ধে' শব্দদারা ইহা বুঝায় না যে, কার্যধারা শুরু
ইইবার পরেই অপরাধ সংঘটিত হইয়া থাকিতে হইবে। এমনকী কার্যধারা আরম্ভ
ইইবার আগে সংঘটিত হইয়া থাকিলেও ইহা বলা যাইতে পারে যে, অপরাধটি
কার্যধারার সহিত সম্বন্ধযুক্ত। যদি একটি কার্যধারা কোনো অপরাধের প্রসঙ্গে হয়,
তাহা ইইলে উক্ত অপরাধটিও কার্যধারার সহিত সম্পর্কযুক্ত।

in rem বিষয়ের বিরুদ্ধে ১. ইহা এমন কোনো অধিকার বর্ণনা করিবার জন্য ব্যবহৃত হয়, য়হা সাধারণত অন্য মানুষদের মান্য করা উচিত। যেমন, সম্পত্তির মালিকানা। in pesonam-এর সহিত ইহার বৈপরীত্য করা হয়। ২. কোনো ব্যক্তি বা গোষ্ঠীর স্থুলে কোনো সম্পত্তির বিরুদ্ধে পরিচালিত কোনো মামলা বর্ণনা করে। ইহা আ্যাডমিরালটি-আদালতের মামলার একটি বৈশিষ্ট্য। এইরূপ মামলা ব্যক্তির বিরুদ্ধে নহে, তাহা সম্পত্তির বিরুদ্ধে (অ্যাডমিরালটি মামলা জাহাজের মালিকের বিরুদ্ধে না হইয়া জাহাজের বিরুদ্ধে হয়)। সাক্ষ্য আইনের ৪১ ধারায় বর্ণিত প্রবেট, বিবাহ, আ্যাডমিরালটি ও দেউলিয়া মামলার রায় ওধু পক্ষদের উপর নহে, তাহা অন্য সকলের উপর বাধ্যকর। সেইজন্য ওইসকল মামলার রায় বিষয়ের বিরুদ্ধে। Admiralty Court দ্র.।

in respect of সম্পর্কে, বিষয়ে কোনো কিছুর সম্বন্ধে, সম্পর্কে বা বরাতে। 'সম্পর্কে'
শব্দটি এমনকি এইরূপ কোনো দলিলকেও অন্তর্ভুক্ত করে, যাহা কোনো আদালতে
কার্যধারা আরম্ভ হইবার পূর্বে প্রস্তুত করা হইয়াছিল কিন্তু উক্ত কার্যধারায় সাক্ষ্যপ্রমাণ
হিসাবে উপস্থাপন করা হইয়াছিল।

insanity n. অপ্রকৃতিস্থতা, বাতুলতা বি. মানসিক অসুস্থতার ফলে বিচারবৃদ্ধির ঘাটতি, যাহা এমনই গুরুতর যে বিবাদী কী করিতেছেন তাহা তিনি বুঝেন না (অথবা তিনি যাহা করিয়াছেন তাহা যে ভুল, তাহাও তিনি বুঝেন না)। অপরাধে অভিযুক্ত একজন ব্যক্তিকে সুস্থমন্তিষ্ক হিসাবে গণ্য করা হয় এবং সেইজন্য তাঁহাকে দায়ী করা হয়। কিত্বু এই অনুমান খণ্ডন করিয়া তিনি শান্তি এড়াইতে পারেন, যদি তিনি প্রমাণ করিতে পারেন যে, ঘটনা ঘটাইবার সময়ে তিনি অপ্রকৃতিস্থ ছিলেন। দণ্ডবিধির ৮৪ ধারায় বলা হইয়াছে যে, কোনো ঘটনা ঘটাইবার সময়ে যে-ব্যক্তি তাহা ঘটান অপ্রকৃতিস্থতার জন্য তিনি তাহার প্রকৃতি বুঝিতে অথবা তাহা যে ভুল বা বেআইনি তাহা বুঝিতে অক্ষম হইলে তাহা কোনো অপরাধ হইবে না। আসামি অপ্রকৃতিস্থ হইলে তাঁহার বিচারে যে-পদ্ধতি অবলম্বন করিতে হইবে ফৌজদারি কার্যবিধির ৩৪ পরিচ্ছেদে তাহার উল্লেখ আছে। চুক্তি আইনের ১২ ধারায় চুক্তি করিবার জন্য সুস্থ্ মানসিক অবস্থা কী, তাহা বলা হইয়াছে এবং ১১ ধারায় বলা হইয়াছে যে, যিনি সাবালক, সুস্থমনা এবং আইনদারা অযোগ্য ঘোষিত হন নাই, এমন ব্যক্তি চুক্তি

করিতে সমর্থ অর্থাৎ অপ্রকৃতিস্থ ব্যক্তি চুক্তি সম্পাদন করিতে পারেন না। ১৯১২ সালের অপ্রকৃতিস্থতা আইনের ৩ ধারা-অনুসারে, অপ্রকৃতিস্থ বলিতে জড়বৃদ্ধি বা বিকৃতমনা ব্যক্তিকে বুঝায়। তবে আইনের দৃষ্টিতে মনে বিভ্রান্তি বা অপ্রকৃতিস্থতার পরিপ্রেক্ষিতে কোনো ব্যক্তি যখন স্বীয় কাজকর্ম ও জীবনযাত্রা নির্বাহ এবং নিজকে নিয়ন্ত্রণ করিতে অক্ষম, তখন তাঁহাকে অপ্রকৃতিস্থ বলিয়া আখ্যায়িত করা হয়।

insider dealing অভ্যন্তরীণ ব্যক্তির লেনদেন মুনাফা অর্জন বা লোকসান এড়াইবার নিমিন্ত প্রাতিভাব্যের লেনদেন করিবার জন্য সুনির্দিষ্ট অপ্রকাশিত মূল্য-সংবেদী তথ্যের সুবিধাগ্রহণ। ইংল্যান্ডে ১৯৯৩ সালের ফৌজদারি বিচার আইনে অভ্যন্তরীণ ব্যক্তিদের এবং তাহাদের নিকট হইতে তথ্যপ্রাপ্তদের লেনদেন একটি দওনীয় অপরাধ হইতে পারে। বাংলাদেশেও সিকিউরিটিজ এক্সচেন্জ কমিশন আইনের বিধান-অনুযায়ী অভ্যন্তরীণ ব্যক্তির লেনদেন নিষদ্ধ এবং দওনীয় অপরাধ। securities দ্র.।

insinuation n. অভ্যন্তরপ্রবেশ বি. ১. (দেওয়ানি আইনে) কোনো সরকারি নিবন্ধন দপ্তরে নথিভূক্ত করিবার জন্য (কোনো দলিল) দাখিল করিবার কার্য। ২. কোনো সম্পত্তি দান করিবার সাক্ষ্যপ্রমাণস্বরূপ কোনো দলিল উপস্থাপন। ৩. কটাক্ষপাত।

insolvency practitioner দেউলিয়া-বিষয়ক পেশাজীবী ইংল্যান্ডে কোম্পানির অবসায়নে অথবা দেউলিয়া কার্যধারায় নির্ধারিত কর্ম-সম্পাদনের জন্য নিযুক্ত ব্যক্তি। ১৯৮৬ সালের দেউলিয়া-বিষয়ক আইনের অধীনে কোনো ব্যক্তি দেউলিয়া-বিষয়ক পেশাজীবী হিসাবে তখনই কাজ করিবার জন্য নিযুক্ত হইবেন, যদি তিনি কতিপয় বিধিবদ্ধ প্রয়োজনীয় শর্ত পালন করা ছাড়াও ইন্সটিটিউট অব চার্টার্ড একাউন্টেন্ট্স অথবা দেউলিয়া-বিষয়ক পেশাজীবী সমিতির সদস্য হন। বাংলাদেশে ১৯৯৭ সালের দেউলিয়া-বিয়ম্বক আইনের ৯ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি বা কোম্পানিকে দেউলিয়া আদালতকর্তৃক দেউলিয়া ঘোষণার জন্য কার্যধারা চালু থাকাকালে বা দেউলিয়া ঘোষিত হইবার পর দেউলিয়ার সম্পত্তি রিসিভারে ন্যস্ত হয়। সরকার উক্ত আইনের ৭৪ ধারার বিধান-অনুযায়ী সরকারি রিসিভার নিযুক্ত করেন এবং ওইরপ রিসিভারই দেউলিয়া-কার্যধারায় রিসিভার বা অন্তর্বর্তী রিসিভার হিসাবে দায়িত্ব পালন করেন। bankruptcy proceedings দ্র.।

insolvent n. দেউলিয়া বি. যিনি ব্যবসায়ের সাধারণ কার্যকালে তাঁহার ঋণ পরিশোধ করা বন্ধ করিয়াছেন অথবা যিনি ঋণ পরিশোধ করিতে অক্ষমতাজনিত কার্য সম্পাদন করেন বা না করেন ঋণ বকেয়া হওয়া সন্ত্বেও ভাহা পরিশোধ করিতে পারেন না। ১৯৯৭ সালের দেউলিয়া আইনের ২(১৮) ধারা অনুসারে, ১০ ধারা বা ৪৫ ধারা বা ৪৬(১৩) ধারার অধীনে দেউলিয়া হিসাবে ঘোষিত কোনো দেনাদারকে দেউলিয়া বলিয়া গণ্য করা হয়। eve installation

inspection n. পরিদর্শন বি. ১ দেওয়ানি কার্যবিধির ১১ আদেশের ১৫ নিয়ম-অনুসারে আরজি, জবাব বা হলফনামায় উল্লিখিত দলিল পরিদর্শনের জন্য মামুলার একপক্ষ অপরপক্ষকে বিজ্ঞপ্তি প্রদান করিতে পারেন। ১১ আদেশের ১৮ নিয়মে আদালত কর্তৃক পরিদর্শনের আদেশপ্রদান সম্পর্কে বলা হইয়াছে। ২. ফৌজদারি কার্যবিধির ১৫৩ ধারা-অনুসারে, থানার এলাকার মধ্যে অবস্থিত ওজন ও পরিমাপের সরঞ্জাম পরিদর্শন ও অনুসন্ধানের ক্ষমতা ও অধিকার ওই থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার রহিয়াছে এবং তিনি বিনা পরওয়ানায় তাহা পরিদর্শন, তল্লাশি ও আটক করিতে পারেন। ৩. সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৫(১)(খ) ধারা-অনুসারে, ক্রেতা অনুরোধ করিলে বিক্রেতা তাঁহার দখলে বা ক্ষমতার মধ্যে থাকা সম্পত্তিতে তাঁহার স্বত্ত সম্পর্কে যে-সকল দলিলপত্র আছে তাহা ক্রেতাকে পরিদর্শনের জন্য প্রদান করিতে বাধ্য। ৪. সম্পত্তি-হন্তান্তর আইনের ৬০খ ধারা-অনুসারে, যতদিন পর্যন্ত সম্পত্তি বন্ধকমুক্ত করিবার অধিকার বন্ধকদাতার থাকিবে ততদিন পর্যস্ত তিনি যক্তিসংগত সময়ে স্বব্যয়ে অনুরোধমূলে বন্ধকগ্রহীতাকে প্রয়োজনীয় খরচাপ্রদানে বন্ধকগ্রহীতার অধিকার বা দখলাধীনে বন্ধক সম্পত্তি-সম্পর্কিত সমস্ত দলিল পরিদর্শন করিবার বা উহার নকল বা চন্দক বা অংশবিশেষ লইবার অধিকারী হইবেন। ৫. দেওয়ানি বিধি ও আদেশের ৪৭০ বিধি-অনুসারে নিযুক্ত কৌসুলি রেকর্ডরুযের রেকর্ড প্রার্থনার মাধ্যমে অনুসন্ধান করিতে পারেন, কিন্ত তিনি নোট নিতে পারেন না। ৬. দেওয়ানি বিধি ও আদেশের ৪১২ বিধি-অনুসারে নিযুক্ত কৌসুলি প্রার্থনার মাধ্যমে আদালতের রেকর্ড পরিদর্শন করিতে পারেন।

inspection by judge বিচারককর্তৃক পরিদর্শন view দ্র.।

inspection of documents দিলিলসমূহ পরিদর্শন disclosure and inspection of documents जु.।

inspection of property সম্পত্তি পরিদর্শন ইংল্যান্তে হাইকোর্ট বা কাউন্টিকোর্ট যে-সম্পত্তি সম্পর্কে কোনো মামলা বিচারাধীন অথবা বিচারাধীন হইতে পারে, তাহা পরিদর্শন, সংরক্ষণ, হেফাজত, উহার আলোকচিত্রগ্রহণ এবং উহা আটক করিবার জন্য আদেশ দিতে পারেন। দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশের ৭ নিয়মে বাংলাদেশে দেওয়ানি আদালত অদ্রূপ আদেশ দিতে পারেন।

installation n. ১. অধিষ্ঠান, অভিষেক বি. প্রথাগত অনুষ্ঠানাদির সহিত কোনো ব্যক্তিকে কোনো দফতর বা পদের দখলপ্রদান করিবার কার্য। কোনো ব্যক্তিকে সরকারি দফতর বা পদে অধিষ্ঠিত করিবার অনুষ্ঠানাদি। ২. স্থাপন বি. ব্যবহারের উপযোগী করিয়া কোনো যন্ত্রাদি নির্দিষ্ট স্থানে স্থাপন করিবার কার্য। instalment to the cost

instalment n. কিন্তি বি. সম্পূর্ণ থাজনা অথবা রাজস্ব এককালে পরিশোধ করিবার পরিবর্তে বৎসরের নির্দিষ্ট কয়েকটি সময়ে আংশিকভাবে পরিশোধ করিবার সুযোগ। দেওয়ানি কার্যবিধির ২০ আদেশের ১১ নিয়্নম-অনুসারে, অর্থ পরিশোধের জন্য কোনো ডিক্রি প্রচারের সময়ে যথেষ্ট কারণ দর্শানো ইইলে ডিক্রির অর্থ কিন্তিতে পরিশোধের জন্য আদালত আদেশ দিতে পারেন এবং ডিক্রি প্রচারিত ইইবার পর ডিক্রিদারের সম্বতিক্রমে ডিক্রির অর্থ কিন্তিতে পরিশোধের আদেশ দিতে পারেন।

instant committal তৎক্ষণাৎ তদন্তপূর্বক বিচারের জন্য সোপর্দকরণ ২০০২ সালের আইন শৃঙ্খলা-বিঘ্নকারী কতিপয় অপরাধের দ্রুত বিচারের উদ্দেশ্যে বিশেষ বিধান প্রণয়নকল্পে প্রণীত আইনের ১০(২) ধারায় বলা হইয়াছে যে, 'এই আইনের অধীন কোনো অপরাধে অভিযুক্ত ব্যক্তি হাতেনাতে পুলিশকর্তৃক ধৃত হইলে বা অন্য কোনো ব্যক্তিকর্তৃক ধৃত হইয়া পুলিশের নিকট সোপর্দ করা হইলে, পুলিশ অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক রিপোর্টসহ তাঁহাকে চব্বিশ ঘণ্টার মধ্যে আদালতে হাজির করিবেন এবং উহার পরবর্তী সাত কার্যদিবসের মধ্যে অপরাধ সম্পর্কে আদালতে রিপোর্ট বা অভিযোগ পেশ করিবেন এবং আদালত অভিযুক্ত ব্যক্তিকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান করিয়া উক্তরূপ রিপোর্ট বা অভিযোগ প্রান্তির তারিখ হইতে ত্রিশ কার্যদিবসের মধ্যে বিচারকার্য সম্পন্ন করিবেন।' ইংল্যান্ডে ১৯৬৭ সালের ফৌজদারি বিচার আইনের ১ ধারার বিধান-অনুসারে সংক্ষিপ্ত তদন্তপূর্বক বিচারের জন্য আদেশ। ১৯৭৮ সালের আইন সংস্কার অধ্যাদেশের বিধান-অনুযায়ী ফৌজদারি কার্যবিধির অষ্টাদশ পরিচ্ছেদ রহিত হইবার ফলে বর্তমানে বাংলাদেশে দায়রা-আদালত কর্তৃক বিচারযোগ্য অপরাধের মামলা ম্যাজিট্রেট আদালতে তদন্ত করিয়া বিচারের জন্য সোপর্দকরণের আদেশপ্রদানের কার্যক্রমের অন্তিত নাই। এখন পূলিশ আমনযোগ্য অপরাধের তদন্ত করিয়া যত শীঘ্র অভিযোগপত্র আদালতে পাঠান তত শীঘ্র ফৌজদারি মামলার বিচার হইতে পারে। commital for trial দ্ৰ.।

instituted adj. ১. প্রতিষ্ঠিত বিণ. স্থাপিত। যেমন, বিজ্ঞানচর্চার উদ্দেশ্যে প্রতিষ্ঠিত একটি সমিতি। ২. ক্লজুকৃত বিণ. ১৯২৩ সালের শ্রমিকদের ক্ষতিপূরণ আইনের ৩(৫) ধারায় ব্যবহৃত 'ক্লজু করা' ক্রিয়াটি 'কোনো অনুসন্ধান আরম্ভ করা' এই অর্থে গ্রহণ করা যায় এবং ইহা কেবল একটি দাবি দাখিল করা অপেক্ষা অধিক তাৎপর্য বহন করে।

institution n. প্রতিষ্ঠান বি. সরকারি প্রকৃতির কোনো প্রতিষ্ঠান বা সংস্থা। এমন কোনো স্থান, যেখানে কোনো সংস্থার কর্মকাণ্ড পরিচালিত হয়। কোনো সংগঠন। প্রতিষ্ঠান হইল এইরূপ কিছু, যাহা কোনো ব্যক্তিগত উদ্দেশ্যে নহে বরং জনসাধারণের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত এবং যাহার কর্মকাণ্ড কোনো লাভজনক উদ্দেশ্যে পরিচালিত হয় না অথবা যাহার ফলাফল বা কল্যাণ ব্যক্তিগত হিসাবের অন্তর্ভুক্ত করা যায় না। বিশেষত জনসাধারণের উপযোগী কোনো উদ্দেশ্যসাধনের নিমিত্তে কোনো প্রতিষ্ঠান, সংগঠন বা সংস্থা, যাহার কার্যকলাপ সাধারণত জনগণ বা কোনো গোষ্ঠীর কল্যাণার্থে পরিচালিত হয়।

institution of suit মামলা দায়ের দেওয়ানি কার্যবিধির ৪ আদেশের ১ নিয়মঅনুসারে, আদালতের নিকট অথবা আদালত কর্তৃক নিযুক্ত কর্মচারীর নিকট আরজি
দাখিল করিয়া মামলা দায়ের করিতে হইবে। আরজির সহিত যতসংখ্যক বিবাদী
আছে তাঁহাদের উপর জারি করিবার জন্য আরজির ততসংখ্যক হবহু অনুলিপি দিতে
হইবে। মোকদ্দমার ক্ষেত্রে সমনজারির জন্য প্রদেয় কোর্ট ফি আরজি দাখিলের সময়ে
এবং অন্যান্য কার্যক্রমের বেলায় যখন পরওয়ানা ব্যবহার করা হয় তখন পরিশোধ
করিতে হইবে। আরজির সহিত বাদী প্রত্যেক বিবাদীর জন্য সমনের একখানি
অনুলিপি দাখিল করিবেন। ইহার সহিত পূর্ণ এবং শুদ্ধভাবে উপরে বিবাদীর নাম
ঠিকানা লিখিয়া একখানা খাম দাখিল করিবেন। ওই খামখানিতে রেজিন্ত্রি এবং
প্রাপকের স্বীকৃতিপত্রের জন্য দ্যাম্প লাগাইয়া দিতে হইবে।

instrument সাধনপত্র, চুক্তিপত্র, দলিল বি. ট্যাম্প আইনের ২(১৪) ধারা-অনুসারে, দলিল বলিতে এমন দলিল বুঝায় যাহার দারা কোনো অধিকার বা দায়দায়িত্ব কৃত, হস্তান্তরিত, সীমিত, বর্ধিত, বিনষ্ট বা লিপিবদ্ধ হয় বা হয় বলিয়া বিবেচিত হয়। সম্পত্তি-হস্তান্তর আইনের ৩ ধারা-অনুসারে, দলিল বলিতে ইচ্ছাপত্র ব্যতীত অন্য দলিলকে বুঝায়। সাক্ষ্য আইনের ৩ ধারায় ও দণ্ডবিধির ২৯ ধারায় দলিলের সংজ্ঞার্থ আরো ব্যাপক।

instrumentality n. কারকত্ব, নিমিন্তত্ব বি. কার্যাদিসাধনে যন্ত্রতুল্য সহায়কতা।
 যেমন, কোনো তুমুল প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ মোকদ্দমায় একজন আইনজীবী মোকদ্দমাটি
বিচারের পূর্ব পর্যন্ত সমুদয় প্রস্তৃতি সম্পন্ন করিবার পরে মোয়াক্বেল আইনজীবী
পরিবর্তন করিলে পরবর্তী আইনজীবী পূর্বে নিয়োজিত আইনজীবীর চেটায় প্রস্তৃত
কাগজপত্র ব্যবহার করিয়া জয়লাভ করিলে ইহা বলা যায় না যে, অব্যাহতিপ্রাপ্ত
আইনজীবীর শ্রম জয়ের কারণ বা কারকত্ব নহে।

insubordination n. অবাধ্যতা বি. ১. একজন নিয়োগকর্তার নির্দেশ ইচ্ছাকৃতভাবে উপেক্ষাকরণ। বিশেষত যে-আচরণ মালিককর্তৃক কর্মচারীর চাকুরির অবসান ঘটাইবার কারণ হইতে পারে। (২) যথাযথ কর্তৃপক্ষের আদেশলঙ্ঘন। বিশেষত একজন উর্ধ্বতন কর্মকর্তা যে-আদেশ করিতে ক্ষমতাসম্পন্ন তাহার লঙ্ঘন। insufficient evidence অপ্রত্বল সাক্ষ্য জুরি বিচারে বিচারককর্তৃক জুরিদের প্রতি
প্রদত্ত এইরূপ একটি নির্দেশ যে, আইনের দৃষ্টিতে উপস্থাপিত সাক্ষ্য তাঁহাদের একটি
বিশেষ সিদ্ধান্ত গ্রহণের অধিকার প্রদান করে না। যেমন, আসামিকে দোষী সাব্যন্ত
করিবার মতো যথেষ্ট সাক্ষ্য উপস্থাপিত না হইলে বিচারক জুরিদের প্রতি আসামিকে
নির্দোষ বলিয়া মতামত প্রকাশ করিতে নির্দেশ দিতে পারেন।

insulting behaviour অপমানজনক ব্যবহার threatening behaviour র.।

insurable interest বিমাযোগ্য স্বার্থ বিমাচুক্তির বিষয়বস্তুতে কাহারো এইরূপ একটি স্বার্থ (আর্থিক বা অন্য প্রকারের), যাহা বিমাগ্রাহককে উক্ত চুক্তি বলবৎ করিবার অধিকার প্রদান করে। বিমাযোগ্য স্বার্থ বিমাচুক্তিকে বাজি বা পণ হইতে পৃথক করে। insurance দ্র.।

insurance n. বিমা বি. যে-চুজিতে একপক্ষ (বিসাকারী) প্রদের অর্থ (প্রিমিয়াম) প্রদানের পরিবর্তে কোনো ঘটনা ঘটিবার পর অথবা ঝুঁকির ক্ষেত্রে অপরপক্ষকে (বিমাগ্রাহক). আর্থিক সুবিধাপ্রদানে সন্মত হয়। এইরূপ চুক্তি বলবৎ করিতে হইলে যে-ঘটনা সম্পর্কে বিমা করা হইতেছে, তাহাতে অনিশ্চয়তার কিছু উপাদান থাকিতে হইবে এবং বিমা গ্রাহকেরও বিমাযোগ্য স্বার্থ থাকিতে হইবে। বিমা নানা প্রকারের হয়। যেমন জীবনবিমা, নৌবিমা, দুর্ঘটনা-বিমা, অগ্লিবিমা ইত্যাদি। বিমা-আইনের বিধান-অনুযায়ী বিমা-প্রতিষ্ঠান গঠিত ও পরিচালিত হয় এবং বিমা-ব্যবসা নিয়ন্ত্রিত হয়।

insurance company বিমা কোম্পানি যে-কোম্পানি শুধু বিমা-ব্যবসা অথবা অন্য এক বা একাধিক ব্যবসার সহিত একযোগে বিমা-ব্যবসা পরিচালনা করে।

insurance policy বিমাপত্র বি. বিমা-চুক্তির শর্তাবলী উল্লেখপূর্বক বিমাকারী যে-আনুষ্ঠানিক দলিল প্রদান করে। আইন-অনুযায়ী বিমা-চুক্তি লিখিত হইবার প্রয়োজন নাই। বিমাপত্র প্রদান করিবার পূর্বে বিমাকারী একটি কভার-নোট প্রদান করিতে পারে, যাহা একটি অস্থায়ী বিমাবিশেষ।

intangible property শর্শাগম্য সম্পত্তি যে-সম্পত্তির কোনো ভৌত অবস্থান নাই। যেমন, মামলা করিবার অধিকার বা বিদেহী উত্তরাধিকার। tangible property দ্র.।

integration n. একাঙ্গীভবন বি. ১. সমগ্র বা একে পরিণত করিবার পদ্ধতি। ২. (চুক্তি সম্বন্ধে) পক্ষগণের সন্মতির পূর্ণ অভিব্যক্তি, যাহা পূর্ববর্তী সকল সমঝোতার স্থলাভিষিক্ত হয়, ফলে কোনো পক্ষ পরে চুক্তির শর্তের বিরোধিতা কিংবা শর্তের সঙ্গে অন্য কিছু যোগ করিতে পারেন না। ৩. জাভিগত বৈষ্যোর ঐতিহাসিক পরিণামের

প্রতিকারার্থে বিদ্যামান প্রতিষ্ঠানগুলির মধ্যে (যেমন, সরকারি স্কুলে) বিভিন্ন জাতিগোর অন্তর্ভূকি। 8. (ট্রান্টবিরোধী আইনে) একটি ব্যবসা-প্রতিষ্ঠানের এমন কোনো বৃত্তি নির্বাহ, যাহা খোলা বাজারে প্রাপ্ত হওয়া সম্ভবপর। একটি ব্যবসা-প্রতিষ্ঠান একাপ্পীভবন অর্জন করিতে পারে স্বাধীনভাবে কোনো বাজারে প্রবেশপূর্বক, এমন-কোনো প্রতিষ্ঠান অর্জনপূর্বক, যাহা একটি অপ্রধান বাজারে সক্রিয়, কিংবা এমন-কোনো প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি সম্পাদনপূর্বক, যাহা একটি অপ্রধান বাজারে সক্রিয়। ৫. (প্রাতিভাব্য সম্বন্ধে) নির্দিষ্ট সময়-পরিধিব্যাপী প্রস্তাবিত সকল প্রাতিভাব্য (securities) নিবন্ধন হইতে অব্যাহতি নিরূপণার্থে একটি একক প্রস্তাবর্রের অংশ কি না, তাহা নির্ণয় করিবার জন্য সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেক্ত কমিশন এবং আদালত পাঁচটি মানদণ্ড প্রয়োগ করেন: (১) বিক্রয়-প্রস্তাবটি অর্থায়নের একই পরিকল্পনার অংশ কি না; (২) প্রস্তাবটির সঙ্গে একই শ্রেণীর প্রাতিভাব্য প্রমোচন জড়িত কি না; (৩) প্রস্তাবটি একই সময়ে বা প্রায় একই সময়ে দেওয়া হইতেছে কি না; (৪) একই প্রকার পণ গ্রহণ করা ইইতেছে কি না; এবং (৫) প্রস্তাবণ্ডলি একই সাধ্যরণ উদ্দেশ্যে করা হইতেছে কি না।

intellectual property বুদ্ধিবৃত্তিক সম্পত্তি ১. মনুষ্যমেধা-সঞ্জাত বাণিজ্যিকভাবে মূল্যবান উৎপন্নসামগ্রীর সুরক্ষার জন্য এক শ্রেণীর ম্পর্শাগম্য অধিকার। এই শ্রেণীর মধ্যে রহিয়াছে প্রধানত ট্রেডমার্ক, কপিরাইট ও কৃতস্বত্বের অধিকার, তবে বাণিজ্যিক গুপ্ত পদ্ধতি-সংক্রান্ত অধিকার, প্রচারণার অধিকার, নৈতিক অধিকার এবং অন্যায় প্রতিযোগিতার বিরুদ্ধে অধিকারও ইহার অন্তর্ভুক্ত। ২. মূর্ত বা বিমূর্ত আকারে মনুষ্যমেধা-সঞ্জাত বাণিজ্যিকভাবে মূল্যবান কোনো উৎপন্নসামগ্রী। যেমন, কপিরাইটযোগ্য শিল্পকর্ম, সংরক্ষণযোগ্য ট্রেডমার্ক, কৃতিস্বত্ব লাভের উপযোগী উদ্ভাবন কিংবা বাণিজ্যিক গুপ্ত পদ্ধতি। patents, trade marks, copyright ও design rights দ্র.।

intent n. অভিপ্রায় বি. কোনো কার্মের, বিশেষত কোনো নিষিদ্ধ কার্মের, সহযোগী মানসিক অবস্থা। প্রেষণা (motive) হইল কোনো কার্ম করিবার প্ররোচনা, আর অভিপ্রায় হইল উহা করিবার জন্য সংকল্প বা দৃঢ়নিশ্চয়। যথন কোনো আইনলব্দ্ধনমূলক কার্ম করিবার অভিপ্রায় বিদ্যমান থাকে, তখন প্রেষণা নিম্প্রয়োজন হইয়া পড়ে। 'অভিপ্রায়' বা ইহার সমার্থক শব্দগুলি অন্তত চারটি ভিন্ন ভিন্ন বন্ধুর যে-কোনো একটি বৃঝাইতে পারে: (১) উল্লিখিত অভিপ্রায়টি অবশ্যই একমাত্র বা অনন্য হইতে হইবে; (২) অভিপ্রায়টি কভিপয় সহগামী অভিপ্রায়ের অন্যতম হইলেও উহা পর্যাপ্ত; (৩) উহা অবশ্যই প্রধান বা প্রভাবিষ্ণু অভিপ্রায় হইতে হইবে; (৪) উহা অবশ্যই একটি বিনিশ্চায়ক অভিপ্রায় হইতে হইবে, অর্থাৎ এমন একটি অভিপ্রায় হইতে হইবে, যাহার অবর্তমানে কার্যটি করা হইত না।

intention n. অভিপ্রায় বি. নির্দিষ্ট ফলাফললাভের উদ্দেশ্যে কোনো কাজ করিবার সময়ে কোনো ব্যক্তির মনের অবস্থা। দোষী মনের অন্যতম প্রধানরূপ হইতেছে মন্দ অভিপ্রায় এবং কতিপয় অপরাধের ক্ষেত্রে একমাত্ররূপ (যেমন কোনো ব্যক্তির সম্পর্তি ধ্বংস করিবার হুমকির অপরাধ এই অভিপ্রায়ে করা হয় যে সে-ব্যক্তি উক্ত হুমকি কার্যকর হইবে মনে করিয়া ভয় পাইবেন)। যিনি কোনো কাজ করিয়াছেন, সেই কাজের অবশ্যমাবী ফলাফল তাঁহার অভিপ্রেত ছিল বলিয়া ধরিয়া লওয়া হয়। কিন্তু তাহার ফলাফল নিছক স্বাভাবিক বা সম্ভাব্য বলিয়াই তাহা তাঁহার অভিপ্রেত ছিল বলিয়া ধরিয়া লওয়া যায় না। দণ্ডবিধি-অনুযায়ী অভিপ্রায় হইতেছে অপরাধ করিবার ইচ্ছা। দণ্ডবিধির ৩৪ ধারায় একই অভিপ্রায়ে একাধিক ব্যক্তি যখন কোনো অপরাধমূলক কার্য করেন, তখন তাঁহাদের প্রত্যেকেই সেই অপরাধের জন্য দায়ী হইবেন, যেন তাঁহাদের প্রত্যেকেই সেই অপরাধ করিয়াছেন। দণ্ডবিধির ৩৪ ধারায় অপরাধী সজ্ঞানে বা অভিপ্রায়ে কোনো কাজ করিবার কারণেই মাত্র তাহা অপরাধ হইলে যে-সকল ব্যক্তি অনুপ জ্ঞানে বা অভিপ্রায়ে তাহা করিবেন, তাঁহাদের প্রত্যেকেই তাহার জন্য দায়ী হইবেন। দণ্ডবিধির ৮১ ধারায় ক্ষতিসাধন করিতে পারে এইরূপ সম্ভাবনাপূর্ণ কোনো কাজ করা অপরাধ হইবে না, যদি তাহা ক্ষতিসাধনের অভিপ্রায় ছাড়া এবং সরল বিশ্বাসে কোনো ব্যক্তির বা সম্পত্তির প্রতি কোনো ক্ষতি প্রতিরোধ করিবার বা এডাইবার জন্য করা হয়। দণ্ডবিধির ৩০০ ধারায় বলা হইয়াছে যে, এই ধারায় উল্লিখিত ব্যতিক্রমের ক্ষেত্র ব্যতীত দণ্ডযোগ্য নরহত্যা খুন বলিয়া গণ্য হইবে, যদি যে-কাজের দ্বারা মৃত্যু ঘটান হয় তাহা মৃত্যু ঘটাইবার অভিপ্রায়ে করা হইয়া থাকে। ulterior intent দি.।

intentionally adv. ইচ্ছাকৃডভাবে ক্রি. বিণ. কোনো ব্যক্তি যদি তাঁহার ঘোষণা, কর্ম বা অকরণ দ্বারা অপর কোনো ব্যক্তির মনে কোনো একটি বিষয় সত্য এইরূপ বিশ্বাস জন্মাইয়া থাকেন এবং উক্ত অপর ব্যক্তি ওইরূপ বিশ্বাসের ভিত্তিতে কর্ম করিতে উৎসাহিত হইয়া থাকেন, তাহা হইলে সংবিধির অর্থ-অনুযায়ী প্রথোমোক্ত ব্যক্তি উহা ইচ্ছাকৃতভাবে করিয়াছেন বলিয়া ধর্তব্য হইবে, যদি সাধারণ যুক্তিসংগত বোধসম্পন্ন কোনো ব্যক্তির পক্ষে ওইরূপ ঘোষণা, কর্ম বা অকরণ দ্বারা উৎপন্ন বা বাস্তবায়িত বিষয়কে সভ্য বলিয়া বিশ্বাস করিয়া উহা দ্বারা কোনো কর্মে প্রবৃত্ত হওয়া স্বাভাবিক হয়। ১৮৭২ সালের সাক্ষ্য আইনের ১১৫ ধারায় উল্লিখিত 'ইচ্ছাকৃতভাবে' শব্দের দ্বারা ইহা বুঝায় না যে, রূপায়ণকারীর আচরণ প্রতারণামূলক বা কোনো ভূলের কারণে বা ভূল ধারণাপ্রস্ত হইয়া থাকিতে হইবে। রূপায়ণকারীর উদ্দেশ্য বা জ্ঞান থাকিবার বিষয় অপ্রাসন্ধিক। কোনো ব্যক্তিকর্তৃক উদ্দেশ্যপ্রণোদিতভাবে এইরূপ কোনো কিছু করিবার বা করিতে ব্যর্থ হইবার কারণে সেই ব্যক্তি তাঁহার বাসস্থানের দখল রাখিতে ব্যর্থ হইয়াছেন, যাহা কাজের সুবিধার্থে তাঁহার জন্য ধার্য ছিল এবং যাহাতে বসবাস করা তাঁহার জন্য যুক্তিসংগত হইত, সেইরূপ ক্ষেত্রে উক্ত ব্যক্তি ইচ্ছাকৃতভাবে গৃহহীন হন।

intention of testator ইচ্ছাপত্রকারীর অভিপ্রায় ইচ্ছাপত্রের যে-অর্থ ইচ্ছাপত্রকারীর অভিপ্রায় যদি খেয়ালি ও অস্বাভাবিক হয়, অবু আদালত ইচ্ছাপত্রের ব্যাখ্যা করিবার সময়ে তাহা বলবৎ করিতে সচেষ্ট হন। ১৯২৫ সালের উত্তরাধিকার আইনের ৮৭ ধারায় বলা হইয়াছে যে, ইচ্ছাপত্রের ব্যক্ত ইচ্ছাপত্রকারীর অভিপ্রায় যথাসম্ভব বলবৎ করিতে হইবে এবং তাহা পূর্ণভাবে বলবৎযোগ্য নহে, এই অজুহাতে বাতিল করা যায় না। ইচ্ছাপত্র কীভাবে ব্যাখ্যা করিতে হইবে, তাহা উক্ত আইনের ৭৪-১১১ ধারায় বর্ণিত হইয়াছে। armchair principle ও interpretation of wills দ্র.।

intent to defraud creditors উত্তমর্গদের বঞ্চিত করিবার অভিপ্রায় কোনো ব্যক্তি অসংভাবে এবং বঞ্চনাপূর্বক কার্য করিতেছিলেন বলা হইবে, যদি তিনি ঋণগ্রহণ করিবার সময়ে উপলব্ধি করিয়া থাকেন যে, ঋণ-পরিশোধের সময় হইলে বা উহার অল্প পরে ঋণশোধের জন্য অর্থ পাওয়া যাইবে, এইরূপ ভাবিবার কোনো কারণ নাই। সম্পত্তি-হন্তান্তর আইনের ৫৩ ধারা-অনুসারে, পাওনাদারকে বঞ্চিত বা পাওনা আদায় বিলম্বিত করিবার অভিপ্রায়ে দেনাদার সম্পত্তি-হন্তান্তর করিলে পাওনাদারের দাবিক্রমে তাহা বাতিলযোগ্য হইবে।

inter arma leges silent যুদ্ধের মধ্যে আইন নীরব রাষ্ট্র ও রাষ্ট্রের বহিঃশক্রদের মধ্যে আইন যেমন নীরব থাকে, তেমনি দেশের নাগরিকের ক্ষেত্রে যুদ্ধাবস্থার বা গোলযোগের সময়ে আইন নীরব থাকিতে পারে। আদালত চালু থাকিলে আইন নীরব থাকে না, কিন্তু যুদ্ধাবস্থায় বা গোলযোগে যে-পরিস্থিতির উদ্ভব হয়, তাহা আদালত বিবেচনা করেন।

intercourse 683

intercourse n. ১. সংসর্গ বি. ব্যবসায়িক সম্পর্ক বা আদান-প্রদান, বিশেষভাবে বাণিজ্যিক প্রতিষ্ঠান, সরকারি সংস্থা বা অনুরূপ সন্তার পারস্পরিক যোগাযোগ। ২. সংগম বি. বিশেষভাবে পুংজননেন্দ্রিয় দারা যোনিভেদ।

- interest n. স্বার্থ বি. ইংল্যান্ডে (ভূমি আইনে) ভূমিতে অথবা ভূমির উপরে কোনো অধিকার। ইহার অন্তর্গত হইতে পারে ভূমিতে ন্যায়পর মালিকানা (যেমন, কোনো বন্দোবন্তে জীবনস্বত্ত্বাধিকারী প্রজার স্বার্থ), যেখানে আইনত স্বত্ত্ব অছির উপর বর্তায়; অথবা অন্যের ভূমির উপর অন্য কোনো অধিকার, যেমন সুখাধিকার বা খাজনা। বাংলাদেশে জমিদারি প্রথা উচ্ছেদের পর বাংলাদেশে ভূমিতে কাহারো খাজনা পাইবার অধিকার না থাকিলেও ভূমির মালিকের ভূমিস্থিত ঘরবাড়ি ভাড়া দিয়া সেই ভাড়া পাইবার অধিকার আছে। ঘরবাড়িতে ভাড়াটিয়ার স্বার্থ আইনত স্বীকৃত। তাহা ছাড়া ভূসম্পত্তিতে বন্ধকগ্রহীতার আইনত স্বার্থ আছে। বর্তস্বত্ত্ব অর্জিত হইলে অন্যের ভূমির উপর সেই স্বার্থ ভোগ করিবার অধিকার পার্ধ্ববর্তী ভূমি-মালিকের আছে। হিন্দু আইনে কৃষিভূমিতে কতিপয় মহিলা উত্তরাধিকারীর জীবনস্বত্ব আছে। equitable interests দ্র.।
- interest arbitrage সুদ-বিচালন যখন বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয়ের অনুমোদিও ব্যবসায়ী ও বিনিয়োগকারী অধিক মুনাফার উদ্দেশ্যে নিম্ন সুদহারের দেশ হইতে যে-দেশে উচ্চ সুদহার বিরাজমান সেদেশে তহবিল স্থানান্তর করেন তখন তাহাকে সুদ-বিচালন বলা হয়।
- interest in expectancy প্রত্যাশিত স্বার্থ সম্পত্তিতে যে-কোনো প্রকার ভবিষ্যৎ স্বার্থ। হিন্দু আইনে প্রতিপ্রাপকের স্বার্থ প্রত্যাশিত স্বার্থ।
- interest in property সম্পত্তিতে স্বার্থ কোনো সম্পত্তি ক্রয় করিবার অধিকার বা ক্ষমতা সম্পত্তিতে একটি স্বার্থ।
- interference n. হস্তক্ষেপ বি. ১. অন্যের ব্যাপারে মাথা গলানো। ২. প্রতিবন্ধকতা বা অন্তরায়। ৩. দৃই বা ততোধিক আবেদনকারী কর্তৃক একই উদ্ভাবন দাবি করিবার ক্ষেত্রে কোন আবেদনকারী পেটেন্ট পাইতে অধিকারী ভাহা নিরূপণ করিবার জন্য যুক্তরাষ্ট্রের পেটেন্ট ও ট্রেডমার্ক কার্যালয়ে একটি প্রশাসনিক কার্যধারা।
- interfering with subsisting contract বিদ্যমান চুক্তিতে হস্তক্ষেপ procuring breach of contract দ্ৰ.।
- interfering with trade or business ব্যবসা বা বাণিজ্যে হস্তক্ষেপ বেআইনি উপায়ে অন্যের ব্যবসা বা বাণিজ্যে ইচ্ছাকৃত হস্তক্ষেপের দ্বারা তাঁহার ক্ষতি ঘটাইলে যে-পূরণযোগ্য ক্ষতির সৃষ্টি হয়। চুক্তিভঙ্গ ঘটাইবার দায় অপেক্ষা এই প্রকারের

পূরণযোগ্য ক্ষতির দায় ব্যাপকতর, কারণ এইখানে ইহা দেখাইবার প্রয়োজন নাই যে, কোনো বিদ্যমান চুক্তিতে হস্তক্ষেপ করা হইয়াছে বা তাহা ভঙ্গ করা হইয়াছে। ইংল্যান্ডে ব্যবসায়িক বিরোধে বিধিবদ্ধ পূরণযোগ্য ক্ষতি বা টর্টের প্রয়োগ আইনদ্বারা সীমিত। trade dispute দ্র.।

interfering with vehicles যানবাহনে হস্তক্ষেপ ইংল্যান্ডে ১৯৮১ সালের অপরাধমূলক প্রচেষ্টা আইনের বিধান-অনুযায়ী, যানবাহনে অথবা ইহাতে বাহিত কোনো কিছু কোনো ব্যক্তির এই অভিপ্রায়ে হস্তক্ষেপ করা যে, তিনি অথবা অপর কোনো ব্যক্তি যানবাহনটি অথবা ইহার মধ্যস্থিত কোনো কিছু চুরি করিবেন অথবা যানবাহনটি মালিকের অনুমতি ব্যতিরেকে লইয়া যাইবেন। ইহা অনধিক তিন মাস কারাদও এবং অথবা অর্থদওে দণ্ডনীয় একটি অপরাধ। বাংলাদেশে যানবাহনে হস্তক্ষেপ করা এবং ভাংচুর করা ইত্যাদি ২০০২ সালের আইনশৃঙ্খলা বিম্নকারী অপরাধ (দ্রুভ বিচার) আইনে দণ্ডনীয় অপরাধ। conveyance দ্র.।

interfering with witness সাক্ষ্যদানে হস্তক্ষেপ কোনো সাক্ষীকে সাক্ষ্যদানে বাধাপ্রদানের প্রচেষ্টা অথবা তাঁহার সাক্ষ্যকে প্রভাবান্থিত করা। ইংল্যান্ডে সাক্ষীকে অসংগত ভয়প্রদর্শন বিচারের গতি বিকৃত করিবার মতো প্রথাগত আইনের একটি অপরাধের শামিল হইতে পারে। কোনো সাক্ষীকে মিথ্যা বলিতে প্ররোচিত করা উজরপ অপরাধ ছাড়াও মিথ্যা সাক্ষ্যদানে উৎসাহিত করিবার অপরাধ। নির্দিষ্টভাবে সাক্ষ্যপ্রদানের জন্য সাক্ষীকে চাপ দেওয়া ও বিচারের গতিপথ বিকৃত করিবার শামিল। কখনো কখনো সাক্ষীর উপর হস্তক্ষেপ আদালত-অবমাননার শামিল হইতে পারে। যদি কেহ কাহাকেও সাক্ষ্যদান না করিবার জন্য ভয়প্রদর্শন করে, তবে তাহা সাধারণ আইনে সাক্ষীকে প্রভাবান্থিত করিবার মতো একটি স্বতন্ত্র অপরাধ। ইহা দওবিধির ১৯১ ও ১০৯ ধারায় মিথ্যা সাক্ষ্যপ্রদানে উসকানিদানের অপরাধ। intimidation দ্ব.।

interim injunction অন্তৰ্বতী নিষেধাজ্ঞা injunction, interim and temporary ড.।

interim payment অন্তর্বতী অর্থপ্রদান বিবাদী কর্তৃক বাদীকে প্রদেয় ক্ষতিপূরণ, ঋণ অথবা অন্য পাওনার সম্পূর্ণ পরিমাণের (ব্যয়-ব্যতিরেকে) অংশ হিসাবে প্রদান। ইংল্যান্ডে কাউন্টি কোর্ট নয় একমাত্র হাইকোর্ট মামলা বিচারাধীন থাকাকালে বিবাদীকে বাদীর দাবিকৃত মোট অর্থের আংশিক অর্থপ্রদানের আদেশ দিতে পারেন। ইয় প্রদান করিতে হইলে আদালতের বিবেচ্য হইবে: (১) বিবাদী বাদীর দাবি স্বীকার করেন কিনা; (২) ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণসাপেক্ষে নিজের পক্ষে বাদী রায় প্রাপ্ত ইইয়াছেন কিনা; অথবা (৩) মামলার বিচারে বাদী ক্ষতিপূরণ-বাবদ মোটা অক্টের

ডিক্রি পাইবেন কিনা। যদিও দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশে ১০ নিয়মে ও ১৫১ ধারায় প্রদত্ত অন্তর্নিহিত ক্ষমতাবলে অর্থ আদায়ের মামলায় আদালতের মধ্যকানীন অর্থপ্রদানের আদেশ দিতে কোনো বাধা নাই তবু, তাহা দৃষ্ট হয় না।

interim periodical payment order পর্যাবৃত্ত অন্তর্বর্তী অর্থপ্রদানের আদেশ
ইংল্যানে ১৯৯৬ সালে সংশোধিত ১৯৭৩ সালের বিবাহসংক্রান্ত মামলা আইনের
বিধান-অনুযায়ী বিবাহবিচ্ছেদ নিকাশ মামলার নিম্পন্তিসাপেক্ষে বিবাহিত
একপক্ষকর্তৃক অপরপক্ষকে অর্থপ্রদান করিবার জন্য প্রদন্ত আদেশ। বাংলাদেশে
১৯৮৫ সালের পারিবারিক আদালত অধ্যাদ্দেশের ১৪ ধারায় সমঝোতামূলক ডিক্রির
ক্ষেত্র ব্যতীত পারিবারিক আদালত পর্যাবৃত্ত অন্তর্বর্তী অর্থপ্রদানের আদেশ দিতে
পারেন না।

interim relief অন্তর্বর্জী প্রতিকার মামলা বিচারাধীন থাকা অবস্থায় আদালত কর্তৃক বাদীর বরাবরে প্রদন্ত একটি অস্থায়ী প্রতিকার, যেমন একটি অন্তর্বর্তী নিষেধাজ্ঞা কিংবা অর্থপ্রদান। দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশে প্রদন্ত ক্ষমতাবলে আদালত কতিপয় ক্ষেত্রে অন্তর্বর্তী প্রতিকার প্রদান করিতে পারেন। এতৎসহ injunction ও interim payment দ্র.।

interim rent অন্তর্বর্তী ভাড়া ইংল্যান্ডে ব্যবসায়িক কাজে ব্যবহৃত গৃহের ভাড়াটিয়াকে উচ্ছেদের জন্য যখন মালিক বিজ্ঞপ্তি প্রদান করেন অথবা ভাড়াটিয়া নিজের স্বত্ব নবায়নের প্রার্থনা করেন, তখন উক্ত গৃহের মালিকের প্রার্থনা-অনুযায়ী আদালত-কর্তৃক নির্ধারিত ওই গৃহের ভাড়া। বাংলাদেশে ১৯৯১ সালের ভাড়া-নিয়ন্ত্রণ আইনে কোনো ভাড়া-দেওয়া গৃহের মানসম্বত ভাড়া নির্ধারণের ক্ষমতা ভাড়া-নিয়ন্ত্রকর থাকিলেও মধ্যবতী ভাড়া-নির্ধারণের ক্ষমতা ভাহার নাই।

interlineations n. পঙ্তিমধ্যবর্তী লেখা কোনো দলিলে পঙ্তিগুলির মধ্যে যে-লেখা থাকে। ইহার ফল দলিল-পরিবর্তনের অনুরূপ। alteration দ্র.।

interlocutory appeal অন্তর্বতী আশিল দেওয়ানি মামলায় অন্তর্বতীকালীন স্তরে প্রদত্ত আদেশের বিরুদ্ধে আপিল। দেওয়ানি কার্যবিধির ৩৮ আদেশের ২, ৩, বা ৬ নিয়মে রায়ের পূর্বে, ৩৯ আদেশের ১, ২, ৪ বা ১০ নিয়মে নিষেধাজ্ঞা, নিষেধাজ্ঞা প্রত্যাহার বা অর্থ-জমাদান এবং ৪০ আদেশের ১ ও ৪ নিয়মে রিসিভার-নিয়োগ বা সম্পত্তি ক্রোক ও বিক্রয়ের বিষয়ে রিসিভারের আদেশের বিরুদ্ধে আপিল বা অন্তর্বতী আপিল।

interlocutory decree অর্ন্তবর্তীকাদীন ডিক্রি দেওয়ানি কার্যবিধির ২(২) ধারায় ডিক্রির সংজ্ঞার্থে প্রাথমিক ও চূড়ান্ত ডিক্রির কথা বলা ইইয়াছে, কোনো অন্তর্বতী ভিক্রির কথা বলা হয় নাই। অন্তর্বতী ডিক্রি বলিতে মামলার চূড়ান্ত নিম্পতিসাপেক্ষে আংশিক দাবি ডিক্রি প্রদান করা বুঝায়। এই অর্থে প্রাথমিক ডিক্রি অন্তর্বতী ডিক্রি হইতে ভিন্ন। দেওয়ানি কার্যবিধির ২০ আদেশের ১২ নিয়মে স্থাবর সম্পত্তির দখল পুনরুদ্ধার এবং খাজনা অথবা অন্তর্বতীকালীন মুনাফা আদায়ের মামলায় আদালত মুনাফার পরিমাণ নির্ধারণের জন্য তদন্ত আদেশ দিয়া থাকেন এবং উক্ত তদন্তের পরিপ্রেক্ষিতে চূড়ান্ত ডিক্রি দেন। উক্ত আদেশের ১৪ নিয়ম-অনুসারে অগ্রক্রয়ের মামলায় আদালত ডিক্রি দিলে ক্রয়ের জন্য যদি টাকা জমা না দেওয়া হয় তবে আদালত একটি নির্ধারিত তারিখে টাকা জমা প্রদান করিতে বলিবেন। উক্ত তারিখে টাকা প্রদান করিলে ডিক্রি চূড়ান্ত হইবে। উক্ত আদেশের ১৫ নিয়মে যৌথ কারবার ভঙ্গ করিবার মামলায়, ১৬ নিয়মে আর্থিক লেনদেনের হিসাবের মামলায়, এবং ১৮ নিয়মে সম্পত্তি বন্টনের মামলায় আদালত প্রথমে প্রাথমিক ডিক্রি প্রদান করেন। মৃলত অন্তর্বতীকালীন ডিক্রিকে প্রাথমিক ডিক্রি বলা যায়।

interlocutory injunction অন্তর্বর্তী নিষেধাজ্ঞা injunction দ্র.।

interlocutory judgment অন্তর্বর্তী রায় আদালতের রায়ে বিসংবাদিত বিষয়গুলির মধ্যে কতিপয় বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিয়া কোনো মামলায় যে-অন্তর্বর্তী রায় প্রদান করা হয়। দেওয়ানি কার্যবিধির ২০ আদেশের ১৩ নিয়মে সম্পত্তির হিসাবনিকাশ ও বিলিব্যবন্থার, ১৫ নিয়মে যৌথকারবার-ভঙ্গের, ১৬ নিয়মে মালিক ও প্রতিনিধির মধ্যে হিসাব-নিকাশের, ১৮ নিয়মে সম্পত্তিবন্টনের মামলায়, এবং ৩৪ নিয়মে বন্ধকি সম্পত্তি সম্পর্কে মামলায়, আদালত কতিপয় বিসংবাদিত বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিয়া প্রাথমিক ডিক্রি প্রচার করেন।

interlocutory order অন্তর্বতীকালীন আদেশ কোনো মোকদ্দমা চলাকালে মামলা
নিপান্তি হওয়ার পূর্বেই বিষয়রবৃদ্ধ সম্পর্কে আদালত যে-আদেশ দেন তাহাকে
অন্তর্বতীকালীন আদেশ বলা হয়। অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ, রিসিভার-নিয়োগ,
মামলার সহিত জড়িত কোনো সম্পত্তি আটক, সংরক্ষণ, পরিদর্শন, কোনো সম্পত্তিতে
প্রবেশ বা নমুনাসংগ্রহের জন্য নির্দেশ এবং সরেজমিনে তদন্তের আদেশ ইহার
অন্তর্ভুক্ত। এতৎসহ interim injunction দ্রি.।

interlocutory proceedings অন্তর্বতী কার্যধারা ইংল্যান্ডে হাইকোর্টে আদি পরওয়ানা প্রেরণ হইতে উদ্ভূত দেওয়ানি মামলায় বিচারকার্য আরম্ভ হইবার পূর্ববর্তী প্রাথমিক পর্যায় (যেমন, আরম্ভির জবাব প্রদান এবং দলিল প্রকাশ ও পরিদর্শন)। ইহার প্রধান উদ্দেশ্য হইতেছে বিচার্য বিষয় নির্ধারণ ও অপর পক্ষের উপর অতর্কিত

আইন-শব্দকোষ: ৩৫

আক্রমণ প্রতিরোধ করা। বাংলাদেশে দেওয়ানি কার্যবিধির ৬-৮ আদেশে আরজি, জবাব এবং তাহার সংশোধন এবং ১১ আদেশে দলিল অথবা অন্য তথ্য প্রকাশ ও দলিল পরিদর্শনের বিধান আছে।

interlocutory relief অন্তর্বতী প্রতিকার interim relief দ্র.।

- intermediary interest মধ্যস্বত্ব বি. রাষ্ট্র ও রায়তের মধ্যবর্তী স্বত্যাধিকারী হিসাবে জমিদার ও তালুকদার সকলেরই সৃত্ব মধ্যস্বত্ব। ১৯৫১ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের বিধান-অনুসারে, ১৩৬৩ বাংলা সালের ১ বৈশাখ তারিখ হইতে সকলপ্রকার মধ্যস্বত্ব বিলুপ্ত হইয়াছে।
- internal waters অভ্যন্তরীণ জলভাগ আন্তর্জাতিক নহে, এইরূপ সকল নদী, খাল, ব্রদ এবং ভূমিবেষ্টিত সমুদ্র, পোতাশ্ররের জল, উপলাগর ও জাহাজ-নোসরের উপযোগী উপকূলবর্তী সমুদ্রাংশ এবং রাষ্ট্রীয় মালিকানাধীন সমুদ্রের ভূমিরেখা হইতে স্থলভাগমুখী জলরাশি। সমুদ্রতীরবর্তী রাষ্ট্র উহার অভ্যন্তরীণ জলভাগের মধ্যে আগত একটি বিদেশি বাণিজ্যিক জাহাজের উপর দেওয়ানি ও ফৌজদারি এখতিয়ার পরিচালনা এবং বহিঃগুদ্ধ ও মৎস্য-আহরণ-বিধিমালা কার্যকর করিবার মতো প্রশাসনিক দায়িত্ব পালন করে। territorial waters তু.।
- international arbitration আন্তর্জাতিক সালিশ দুই বা ততোধিক রাষ্ট্রের মধ্যে বিরোধের বিষয় তাহাদের পছন্দ-অনুযায়ী সালিশ বা বিচারকের দ্বারা এবং আইনের প্রতি শ্রদ্ধার ভিত্তিতে নিম্পত্তি করা।
 - international carriage আন্তর্জাতিক বহন বিভিন্ন আন্তর্জাতিক চুক্তির দ্বারা নিয়ন্ত্রিত এক দেশ হইতে অন্যদেশের মধ্যে মানুষ বা পণ্য বহন। সমুদ্রপথে আন্তর্জাতিক পণ্যবহন ১৯২৪ সালের হেগ বিধিমালা, ১৯৬৮ সালের হেগ-ভিজবি বিধিমালা এবং ১৯৭৮ সালের হামবুর্গ বিধিমালা (যাহা এখনও বলবৎ হয় নাই) দ্বারা নিয়ন্ত্রিত হয়, সড়কপথে এইরূপ পণ্যবহন ১৯৫৬ সালের জেনেভা কনভেনশন এবং রেলপথে এইরূপ পণ্যবহন ১৯৮০ সালের কনভেনশন-অনুযায়ী নিয়ন্ত্রিত হয়। সড়ক, রেল এবং জলপথে যাত্রীবহন নিয়ন্ত্রণ করিবার জন্য বহু আন্তর্জাতিক কনভেনশন বিদ্যামান। যুক্তরাজ্য এইরূপ বহু চুক্তির সপক্ষ এবং তাহা বলবৎ করিবার জন্য আইন প্রণয়ন করিয়াছে। যেমন, ১৯৭১ সালের সমুদ্র পরিবহণ আইন হেগ-ভিজবি বিধিমালা কার্যকর করিবার জন্য প্রণীত হইয়াছে। বাংলাদেশে পরিবহণ আইন, সমুদ্র পণ্যবহন আইন, বাণিজ্যিক জাহাজ আইন ও বিমান পরিবহণ আইনের মতো কতিপয় আইন থাকিলেও সাধারণত ওই সকল আন্তর্জাতিক বিধিবিধান মান্য করা হয়। এতৎসহ carriage of goods by air দে.।

International Chamber of Commerce (ICC) আন্তর্জাতিক চেম্বার অব কমার্স, আন্তর্জাতিক বণিক সমিতি ১৯১৯ সালে কতিপয় উদ্যোগী ব্যবসায়ী এই সংগঠনটি প্রতিষ্ঠা করেন। ১৩০টি দেশের সহস্রাধিক কোম্পানি ও বণিক সমিতি ইহার সদস্য। বর্তমানে জাতিসংঘ ও ইহার বিশেষায়িত এজেসিগুলিতে সংগঠনটির পরামর্শকের মর্যাদা রহিয়াছে।

international commerce arbitration আন্তর্জাতিক বাণিজ্যিক সালিশ সুস্পষ্টভাবে বিধৃত চুক্তিগত বা চুক্তি-বহির্ভূত আইনানুগ সম্পর্ক হইতে উদ্ভূত বিরোধ-সম্পর্কিত কোনো সালিস যাহা বাংলাদেশের প্রচলিত আইন-অনুযায়ী বাণিজ্যিক বিরোধ হিসাবে বিবেচিত হয় এবং যে-ক্ষেত্রে পক্ষগণের মধ্যে কোনো একটি পক্ষ (অ) এমন একজন ব্যক্তি যিনি বাংলাদেশ ব্যতীত অন্য কোনো রাষ্ট্রের নাগরিক কিংবা সেই দেশের স্বাভাবিক বাসিন্দা; অথবা (আ) বাংলাদেশ ব্যতীত অন্য কোনো রাষ্ট্রের নিগমবদ্ধ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান; অথবা (ই) যাহার কেন্দ্রীয় ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ বাংলাদেশ ব্যতীত অন্য কোনো রাষ্ট্রে প্রয়োগ করা হয়, এইরূপ কোম্পানি বা সংঘ বা ব্যক্তি সমন্ত্রিত প্রতিষ্ঠান; অথবা (ঈ) কোনো বিদেশি রাষ্ট্রের সরকার হয়।

International Court of Justice আন্তর্জাতিক আদালত আন্তর্জাতিক আইনসম্পর্কিত বিরোধ নিম্পত্তি করিবার লক্ষ্যে নয় বৎসর মেয়াদের জন্য নির্বাচিত
পনেরজন বিচারক লইয়া গঠিত এবং হেগ নগরে অবস্থিত একটি আদালত। স্থায়ী
আন্তর্জাতিক আদালতের (Permanent Court of International Justice)
উত্তরাধিকারী হিসাবে ইহা জাতিসংঘকর্তৃক প্রতিষ্ঠিত হইয়াছে এবং জাতিসংঘর
সকল সদস্য স্বতঃক্রিয়ভাবে আদালতের সংবিধির সপক্ষ। কোনো নির্দিষ্ট বিষয়ে
মুক্তির দ্বারা অথবা সাধারণভাবে ইহার এখতিয়ার স্বীকার না করিলে কোনো রাষ্ট্রকে
অন্য কোনো রাষ্ট্রের সহিত কোনো বিরোধপূর্ণ বিষয়ে মামলায় এই আদালতে হাজির
করানো যায় না। এই আদালত পরামর্শমূলক মতামত প্রদান করিতে পারেন, যাহা
পক্ষণ্ডলির জন্য অবশ্যমান্য না হইলেও প্রভূত প্রবর্তনাদায়ক কর্তৃত্বের উৎস।
persuasive authority ও advisory jurisdiction দ্রি.।

international law (jus gentium, law of nations) আন্তর্জাতিক আইন
দার্বভৌম রাষ্ট্রগুলির মধ্যে আন্তঃসম্পর্ক এবং তাহাদের একের সহিত অপরের
অধিকার ও দায়িত্ব-নিয়ন্ত্রণকারী আইনব্যবস্থা। কোনো কোনো আন্তর্জাতিক সংস্থা
(যেমন, জাতিসংঘ), কোম্পানি এবং কখনো কখনো ব্যক্তির (যেমন, মানবাধিকারের
ক্ষেত্রে) আন্তর্জাতিক আইন-অনুযায়ী অধিকার ও কর্তব্য থাকিতে পারে। আন্তর্জাতিক
আইনে রাষ্ট্রের গঠন ও তাহার স্বীকৃতি, ভূখও অর্জন, যুদ্ধ, সমুদ্র ও আকাশসীমাসম্পর্কিত আইন, সন্ধি, বিদেশির সহিত ব্যবহার, মানবাধিকার, আন্তর্জাতিক অপরাধ

এবং আন্তর্জাতিক বিরোধ আদালতের মাধ্যমে নিম্পত্তি আন্তর্জাতিক আইনের উপজীব্য। আন্তর্জাতিক আইনের প্রচলিত উৎস হইতেছে : (১) বহুজাতিক চুকি বা কনভেনশন এবং সন্ধি; (২) আন্তর্জাতিক প্রথা (যদি ইহা আইনত অবশ্যমান্য বলিয়া স্বীকৃত একটি সাধারণ আচরণ-রীতির প্রমাণ হয়); (৩) সভ্য জাতিসমূহকর্তৃক স্বীকৃত আইনের সাধারণ মূলসূত্রাবলি। ব্যক্তি-সম্পর্কিত আন্তর্জাতিক আইন, যাহা রাষ্ট্রসমূহের মধ্যকার সম্পর্ক লইয়া কারবার করে না, তাহা হইতে পার্থক্য করিবার জন্য আন্তর্জাতিক আইননামেও অতিহিত করা হয়। এতৎসহ conventions, treaties ও customs দ্র.। private international law তু.।

International Law Commission আন্তর্জাতিক আইন কমিশন জাতিসংঘ সনদের ১৩ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে ১৯৪৭ সালে সাধারণ পরিষদের ১৭৪(২) সিদ্ধান্ত-অনুযায়ী প্রতিষ্ঠিত একটি সংস্থা। জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহকর্তৃক আন্তর্জাতিক আইন সম্পর্কে স্বীকৃত যোগ্যতাসম্পন্ন মনোনীত প্রার্থীদের একটি তালিকা ইইতে সাধারণ পরিষদকর্তৃক পাঁচ বংসর মেয়াদের জন্য নির্বাচিত পাঁচিশজন সদস্য লইয়া এই সংস্থা গঠিত। যে-সকল বিষয় এখনো আন্তর্জাতিক আইনের দ্বারা নিয়প্রিত নহে, তাহাদের সম্পর্কে খসড়া কনতেনশন প্রস্তুতকরণ এবং আইন বিধিবদ্ধকরণের দ্বারা আন্তর্জাতিক আইনের উত্তরোন্তর উন্নয়নে সহায়তা করা আন্তর্জাতিক আইন কমিশনের ব্রত। চলতি সমস্যাসমূহ সম্পর্কে ইহা বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে।

international legislation আন্তর্জাতিক আইনপ্রণয়ন ১. বিভিন্ন দেশের মধ্যে বা আন্তঃসরকারি সংস্থাসমূহের মধ্যে জাতীয় আইনের অনুরূপ কাঠামোণত এবং কার্যপ্রণালিঘটিত বৈশিষ্ট্যযুক্ত আইনপ্রণয়ন। ২. সংবিধিদ্বারা আন্তর্জাতিক আইনপরিবর্তনের জন্য কোনো সন্মিলিত প্রচেষ্টার ফসল। ৩. সংবিধিদ্বারা আন্তর্জাতিক আইন-পরিবর্তনের চেষ্টা করিবার পদ্ধতি। ৪. সংখ্যাগরিষ্ঠতার দ্বারা প্রথানুগ আন্তর্জাতিক আইন প্রণয়ন করা, যাহার ফলে হয় ভিনুমতপোষক পক্ষ সংশোধিত পাঠ গ্রহণ করিতে বাধ্য হয় নয়তো উহাতে পক্ষ থাকা হইতে বিরত হয়। ৫. আন্তর্জাতিক সংস্থাসমূহ কর্তৃক সুনির্দিষ্ট পরিস্থিতি বা বিরোধসংশ্লিষ্ট বিষয়ে, বৈচারিক বা মধ্যস্থতার রায় ব্যতীত, বাধ্যবাধকতামূলক সিদ্ধান্তগ্রহণ।

international minimum standard আন্তর্জাতিক ন্যুনতম মান (আন্তর্জাতিক আইনে) বিদেশি নাগরিকদের সহিত আচরণের ক্ষেত্রে যে-ন্যুনতম মান অবশাই পালনীয়। এই মান ন্যুনপক্ষে জীবনের অধিকার, স্বাধীনতার অধিকার, এবং আদালতে বিনা বাধায় প্রতিকার প্রার্থনার অধিকার ও সম্পত্তিরক্ষার অধিকার (বিশেষত সম্পত্তি জাতীয়করণ করা হইলে ন্যায্য ক্ষতিপূরণ পাইবার অধিকার) লইয়া গঠিত।

international river আন্তর্জাতিক নদী যে-নদী একাধিক রাষ্ট্রের উপর দিয়া প্রবাহিত হয়। আন্তর্জাতিক নদী বিভিন্ন ধরনের হইতে পারে, যেমন— সীমানা-নদী, সমুদ্র পর্যন্ত নায় এমন বহুজাতিক নদী। বহুজাতিক নদীর যে-অংশ যে-রাষ্ট্রের উপর দিয়ে প্রবাহিত হয় সে-অংশের উপর উক্ত রাষ্ট্রের পূর্ণ এখতিয়ার থাকে। বাংলাদেশ ও মায়ানমারের মধ্যকার নাফ নদী, বাংলাদেশ ও ভারতের মধ্যে হারিয়াভাঙ্গা এবং ইরান ও ইরাকের মধ্যে শাতিল আরব সীমানা-নদীর উদাহরণ।

International Sea Bed Authority আন্তর্জাতিক সমুদতল সংস্থা ১৯৮২ সালের সমুদ্র আইন-সম্পর্কিত কনভেনগনের দায়িত্বপ্রাপ্ত জামাইকা-ভিত্তিক একটি সংস্থা। law of the sea দ্র.।

international supply contract আন্তর্জাতিক সরবরাহ চুক্তি পণ্য-বিক্রয়ের এমন একটি চুক্তি, যাহার পক্ষগণের ব্যবসার স্থান (বা স্বাভাবিক নিবাস) বিভিন্ন রাষ্ট্রে অবস্থিত। কোনো ব্যক্তি তাঁহার দায়িতা কতদূর পর্যন্ত বর্জন বা সীমিত করিতে পারেন (যেমন একটি অব্যাহতি অনুচ্ছেদের দ্বারা), সেই বিষয়ে ইংল্যান্ডের ১৯৭৭ সালের অন্যায় চুক্তি-শর্ত আইনের দ্বারা আরোপিত সীমাবদ্ধতাগুলি কোনো কোনো ক্ষেত্রে প্রযোজ্য নহে, তবে অন্যান্য সংবিধি এইরূপ চুক্তি সম্বন্ধে প্রযোজ্য হইতে পারে এবং অনেক দেশে আন্তর্জাতিক পণ্যবিক্রয় বিষয়ক ভিয়েনা কনভেনশন, বাণিজ্য ও শুব্ধ সম্পর্কে সাধারণ চুক্তি এবং বিশ্ববাণিজ্য সংস্থার বিশ্ববাণিজ্য-নিয়মাবলি প্রযোজ্য হয়।

international treaties আন্তর্জাতিক চুক্তি একাধিক রাষ্ট্রের মধ্যে সম্পাদিত চুক্তি।
সংবিধানের ১৪৫ক অনুচ্ছেদ-অনুসারে বিদেশের সহিত সম্পাদিত সকল চুক্তি
রাষ্ট্রপতির নিকট পেশ করা হইবে, এবং রাষ্ট্রপতি তাহা সংসদে পেশ করিবার ব্যবস্থা
করিবেন: তবে শর্ত থাকে যে, জাতীয় নিরাপত্তার সহিত সংশ্লিষ্ট অনুরূপ কোনো চুক্তি
কেবল সংসদের গোপন বৈঠকে পেশ করা হইবে।

international union আৰ্ত্তজাতিক সংঘ অন্যান্য দেশে সম্পৰ্কযুক্ত সংঘসহ একটি মূল সংঘ।

interpleader suit স্বার্থবিহীন মামলা দেওয়ানি কার্যবিধির ৮৮ ধারা-অনুসারে, দুই বা ততোধিক ব্যক্তি অপর কোনো ব্যক্তির নিকট একই পাওনা টাকা বা কোনো স্থাবর বা অস্থাবর সম্পত্তি দাবি করেন এবং যাঁহার নিকট তাহা দাবি করা হয় উক্ত সম্পত্তির উপর তাঁহার ধরচার দাবি ব্যতীত যদি অন্য কোনো দাবিদাওয়া না থাকে এবং তিনি প্রকৃত মালিকের নিকট উক্ত সম্পত্তি বা অর্থ অর্পণ করিতে প্রস্তুত থাকেন, তবে সেই সম্পত্তি বা অর্থ কাণ করিতে প্রস্তুত থাকেন, তবে সেই সম্পত্তি বা অর্থ কাহার নিকট অর্পণ করিতে হইবে সেই বিষয়ে আদালতে সিদ্ধান্তগ্রহণের জন্য এবং নিজের ক্ষতিপূরণ আদায়ের জন্য উক্তর্ধপ দাবিদারগণের সকলের বিরুদ্ধে যে-মামলা দায়ের করা যায়। তবে উক্ত দাবিদারগণের অধিকার

যদারা নির্ধারিত হইতে পারে এমন কোনো মামলা যদি বিচারাধীন থাকে, সেক্ষেত্র সার্থবিহীন মামলা দায়ের করা যাইবে না। দেওয়ানি কার্যবিধির ৩৫ আদেশের ১ নিয়ম-অনুসারে, এই জাতীয় মামলার আরজিতে অন্যান্য প্রয়োজনীয় বিষয় বিবৃত্ত করা ছাড়াও নিয়নিখিত বিষয়গুলি উল্লেখ করিতে হইবে: (ক) মামলার বিষয়বন্ধতে বাদীর খরচার দাবি ব্যতীত অপর কোনো স্বার্থ নিহিত নাই; (খ) বিবাদীগণ পৃথক পৃথকভাবে তাঁহাদের দাবি উল্লেখ করিয়াছেন; এবং (গ) বাদী ও কোনো বিবাদীর মধ্যে কোনোরূপ ষড়যন্ত্র নাই। ৩৫ আদেশের ১ বিধি হইতে ৬ বিধিসমূহে স্বার্থবিহীন মামলা সম্পর্কে বিশদভাবে বলা হইয়াছে।

interpleader summons স্বার্থবিহীন ব্যবহার-সংক্রান্ত পরওয়ানা একই ব্যক্তির বিরুদ্ধে পরস্পরবিরোধী দাবি নিষ্পত্তি করিবার জন্য অনুসৃত একটি কার্যপদ্ধতি। যখন দরখান্তকারীর বিরুদ্ধে দুই বা ততোধিক ব্যক্তি কোনো একটি দাবি করেন (আদালতের কার্যধারায় কোনো পরওয়ানা প্রেরিত হউক বা না হউক) যাহা পরস্পরবিরোধী, তখন এই পদ্ধতি প্রয়োগ করা হয়। যেমন, দরখান্তকারীর জিমায় থাকা একই পণ্য যখন দুই বা ততোধিক ব্যক্তি নিজের বলিয়া দাবি করেন। এই বিষয়টি কীভাবে নিষ্পত্তি করিতে হইবে, সে-সম্পর্কে আদালত সিদ্ধান্ত গ্রহণ করেন। যেমন, আদালতের মামলার মাধ্যমে প্রতিদ্বন্দী দাবি-উত্থাপনকারী পক্ষগুলিকে উহা নিম্পত্তি করিতে আদালত নির্দেশ দিতে পারেন। দেওয়ানি কার্যবিধির ৮৮ ধারা ও ৩৫ আদেশের ১-৫ বিধানে স্বার্থবিহীন ব্যবহার-সংক্রান্ত মামলার বিধানাবলি, এবং দায়েরের পদ্ধতি ও কার্যক্রম বর্ণিত হইয়াছে। তাহাতে এই ধরনের মামলার বিরোধীয় সম্পত্তিতে বাদী তাঁহার রক্ষণাবেক্ষণের ব্যয় ও খরচ ব্যতীত অন্য কোনো স্বার্থ দাবি করেন না; বিবাদীগণ ভিন্ন ভিন্নভাবে দাবি উত্থাপন করিয়াছেন, ও বাদীর সহিত কোনো বিবাদীর কোনো প্রকার যোগসাজস নাই, এই মর্মে বক্তব্য অন্যান্য বক্তব্যের সঙ্গে আরজিতে অন্তর্ভুক্ত করেন। বিরোধীয় সম্পত্তি আদালতে জমা রাখিতে অথবা আদালতের জিম্মায় ন্যন্ত করিতে হইবে এবং বিবাদীদের মধ্যে কাহার উক্ত সম্পত্তিতে স্বত আছে, তাহা আদালত নির্ধারণ করিবেন, এই মর্মে বিধান করা হইয়াছে।

interpretation n. ব্যাখ্যা বি. একটি দলিলের প্রকৃত অর্থ নির্ণয় করিবার প্রক্রিয়া।
ইহা একটি বৈচারিক প্রক্রিয়া যাহা কতিপয় নিয়ম ও অনুমান অনুসরণ করিয়া সম্পন্ন
করা হয়। যে-সকল নিয়ম ও অনুমান-অনুসারে সংসদের আইন ব্যাখ্যা করা হয়
তাহা, দলিল ও ইচ্ছাপত্রের ন্যায়, বেসরকারি দলিলের ব্যাখ্যায়ও য়তদূর প্রাসঙ্গিক
ততদূর অনুসরণীয়। বাংলাদেশের সংবিধান, বিধিবদ্ধ আইন, অধ্যাদেশ, আদেশ,
বিধি, প্রবিধান, উপ-আইন, বিজ্ঞপ্তি ও অন্যান্য আইনগত দলিলের ব্যাখ্যায় ১৮৯৭
সালের জেনারেল ক্লজেজ অ্যাক্টের নিয়মগুলি অনুসৃত হয়।

Interpretation Act ব্যাখ্যার আইন আইনব্যাখ্যার ক্ষেত্রে প্রযোজ্য আইন।
ইংল্যান্ডের ১৯৭৮ সালের (সাবেক ১৮৮৯ সালের) একটি আইন, যেখানে
অনেকণ্ডলি সাধারণ শব্দ ও অভিব্যক্তির সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে এবং বিধান করা
হইয়াছে যে-সকল আইনে সুনির্দিষ্টভাবে অন্যরূপ নির্দেশ দেওয়া হইয়াছে, সেইগুলি
বাতীত অন্য সকল আইনে একই সংজ্ঞার্থ প্রযোজ্য হইবে। যেমন, 'ব্যক্তি' শব্দের
মধ্যে (একজন ব্যক্তিবিশেষ ছাড়াও) নিগমবদ্ধ বা অ-নিগমবদ্ধ যে-কোনো
ব্যক্তিসমষ্টি অন্তর্ভুক্ত। বাংলাদেশে ১৮৯৭ সালের জেনারেল ক্লজেজ অ্যান্ট এইরূপ
একটি আইন।

interpretation clause ব্যাখ্যার দফা কোনো লিখিত দলিলের একটি দফা, যাহাতে ওই দলিলে ব্যবহৃত শব্দ ও বাক্যাংশের সংজ্ঞার্থ দেওয়া হয়। আইনসভা-প্রণীত আইনে ইহাকে ব্যাখ্যার দফা বলা হয়। এতৎসহ Interpretation Act দ্র.।

interpretation of Constitution সংবিধানের ব্যাখ্যা দেওয়ানি কার্যবিধির ২৭ক আদেশের ১ নিয়ম-অনুসারে কোনো মামলায় যদি আদালতের নিকট প্রতীয়মান হয় যে, সংবিধানের কোনো গুরুত্বপূর্ণ ব্যাখ্যা সম্পর্কে কোনো প্রশ্ন মামলায় জড়িত রহিয়াছে, তবে প্রশাটি সরকারের সহিত সংশ্লিষ্ট হইলে অ্যাটর্নি-জেনারেলকে নোটিশ না দেওয়া পর্যন্ত আদালত উক্ত প্রশাটি নিম্পত্তি করিবেন না।

interpretation of statutes বিধিবদ্ধ আইনের ব্যাখ্যা কতকগুলি নিয়ম ও অনুমানের ভিত্তিতে আইনসভা-প্রণীত আইনের প্রকৃত অর্থ নির্ণয় করিবার বৈচারিক প্রক্রিয়া। বিধিবদ্ধ আইনের ব্যাখ্যায় প্রধানত নিম্নলিখিত নিয়মগুলি অনুসূত হয় :

(১) একটি আইন অবশ্যই অভ্যন্তরন্থ অসংগতিগুলি পরিহারার্থে সম্পূর্ণভাবে ব্যাখ্যা করিতে হইবে। (২) ফলাফল যাহাই হউক না কেন, যে-সফল শব্দের যুক্তিসংগতভাবে একটিমাত্র অর্থ থাকা সম্ভব সেই শব্দগুলিকে সেই অর্থ অবশ্যই দিতে হইবে। এই নিয়মকে আক্ষরিক নিয়ম বলা হয়। (৩) যদি না নিরর্থকতার উদ্ভব হয়, সাধারণ শব্দগুলিতে সাধারণ অর্থ এবং বিশিষ্টার্থক শব্দগুলিকে বিশেষ অর্থ অবশ্যই দিতে হইবে। এই নিয়মকে সূবর্ণ নিয়ম বলা হয়। (৪) কোনো আইনের উদ্দেশ্য যদি হয় আইনের কোনো ক্রটি সংশোধন করা, তাহা হইলে কোনো ঘার্থকতা এমনভাবে নিরুম করিতে হইবে যেন তাহা উক্ত উদ্দেশ্যের অনুকূল হয়। এই নিয়মকে দুকৃত নিয়ম বলা হয়। (৫) একই শ্রেণীভুক যদি কতকগুলি সুনির্দিষ্ট সামগ্রীর পরে সাধারণ শব্দগুলিকে একই শ্রেণীর অন্যান্য সামগ্রীতে সীমাবদ্ধ বলিয়া গণ্য করিতে হইবে (এই উদাহরণে অন্যান্য গৃহপালিত পত)। এই নিয়মকে ejusdem generis rule বা একইপ্রকারের নিয়ম বলা হয়। (৬) যদি সুনির্দিষ্ট সামগ্রীর একটি তালিকার পরে কোনো সাধারণ

শব্দ না থাকে, তাহা হইলে এই তালিকাটি চূড়ান্ত বলিয়া মনে করিতে হইবে। উদাহরণস্বরূপ, 'সপ্তাহান্তগুলি ও সাধারণ ছুটিগুলির' দ্বারা সপ্তাহের অন্য দিনগুলিকে বাহিরে রাখা হইয়াছে। এই নিয়মকে expressio unius est exclusio alterius বা একটির অন্তর্ভুক্তিতে অন্যটির বহিষ্কার করিবার নিয়ম বলা হয়।

আইনের দ্বার্থকতা নিরসনে আইনসভা কী অভিপ্রায়ে আইন-প্রণয়ন করিয়াছেন তাহা আইনসভার সেই সম্পর্কিত বিতর্ক হইতে নিরূপণ করিয়াও আদালত কতকথনি ক্ষেত্রে ব্যাখ্যা করিতে পারেন। কিন্তু হাউজ অফ লর্ডস আইনের ব্যাখ্যার ক্ষেত্রে দ্বার্থকতার নিরসনের জন্য সামাজিক নীতির নিয়ম প্রয়োগের বিরুদ্ধে মতামত বাড় করিয়াছেন। সংবিধির ব্যাখ্যা সম্বন্ধে কতকগুলি সাধারণ প্রাকপ্রত্যয় রহিয়াছে। প্রাক্প্রত্যয়গুলি এই যে, সংবিধিগুলি (১) রাজশক্তির ব্যেক্তিগতভাবে রাজা বা রানীসহ) পক্ষে অবশ্যমান্য নহে: (২) মৌলিক আইন সম্বন্ধে (পদ্ধতিগত আইন সম্বন্ধে নহে) ভূতাপেক্ষভাবে কার্যকর হইবে না: (৩) ন্যন্ত অধিকারে (বিশেষত বিনা ক্ষতিপুরণে) হস্তক্ষেপ করিবে না: (৪) আদালতের এখতিয়ার উচ্ছেদ করিবে না: এবং (৫) সাংবিধানিক অধিকার ও আন্তর্জাতিক আইন খর্ব করিবে না। তবে পরি**ন্**র শব্দাবলি অথবা আবশ্যকীয় নিহিতার্থ এইসব প্রাকপ্রত্যয়ের উপর প্রাধান্য পাইতে পারে। সংহতি-বিধায়ক সংবিধির অভিপ্রায় আইন পরিবর্তন নহে বলিয়া ধরিয়া লওয়া যাইতে পারে, তবে ইহা বিধিবদ্ধকারক সংবিধি সম্বন্ধে প্রযোজ্য নহে, পূর্বেকার অস্পষ্ট আইনকে স্পষ্ট করার সহিত যাহার সম্পর্ক থাকিতে পারে। দণ্ড ও কর সম্পর্কিত সংবিধিগুলি কঠোর ব্যাখ্যার অধীন, অর্থাৎ যদি ব্যাখ্যার সাধারণ নিয়মগুলি প্রয়োগ করিবার পরও সন্দেহ থাকে, কোনো ব্যক্তি বা লেনদেনের ক্ষেত্রে দণ্ড বা কর প্রযোজ্য কি না, তাহা হইলে সেই দ্বার্থকতা অবশ্যই নাগরিকের অনকলে নিম্পত্তি করিতে হইবে।

interpretation of treaties চুক্তির ব্যাখ্যা চুক্তির যে-কোনো ব্যাখ্যা আন্তর্জাতিক আইনের সহিত সংগতিপূর্ণ হইতে হইবে। চুক্তিপালনের মতো চুক্তির ব্যাখ্যাও সং ও সরল বিশ্বাসে করিতে হইবে। বিশেষভাবে উল্লেখপূর্বক কোনো শব্দ বা বাক্য বিশেষ অর্থে ব্যবহার না করিয়া থাকিলে, চুক্তিতে ব্যবহৃত সকল শব্দ ও বাক্য তাহাদের সহজ, সাধারণ এবং স্বাভাবিক অর্থে বুঝিতে হইবে। চুক্তির ব্যাখ্যার সময়ে সম্পূর্ণ চুক্তিটিকে সামগ্রিকভাবে বিবেচনায় আনিতে হইবে। এমন কোনো ব্যাখ্যা গ্রহণযোগ্য নয় যাহা অসম্ভব এবং অবাস্তব ফলাফল সৃষ্টি করিয়া চুক্তিটিকে অকার্যকর করিয়া ফেলিতে পারে। যদি চুক্তির কোনো ধারা বা শর্ত অম্পষ্ট কিংবা দ্বার্থবাধক হয়, তাহা হইলে সেই ব্যাখ্যাটিই গ্রহণযোগ্য হইবে যাহা দায়-দায়িত্বগ্রহণকারী পক্ষের উপর কম ভারস্বরূপ হয়। চুক্তি এমনভাবে ব্যাখ্যা করা যাইবে না যাহা পক্ষসমূহের অধিকারের উপর নেতিবাচক প্রভাব ফেলে। চুক্তির বিশেষ কোনো শর্ত সাধারণ শর্তাবলির উপর

প্রাধান্য পাইবে। চুক্তির কোনো ধারার অর্থে স্পষ্টতা আনয়নের জন্য পক্ষসমূহের মধ্যে পূর্বে সম্পাদিত অন্য কোনো চুক্তি বা একটি পক্ষের সহিত তৃতীয় কোনো পক্ষের সম্পাদিত চুক্তিরও উল্লেখ করা যাইতে পারে। যদি পরিষ্কারভাবে বিপরীত কিছু না বলা হইয়া থাকে, তাহা হইলে একাধিক ভাষায় সম্পাদিত চুক্তির মূলপাঠে (text) কোনো অমিল পরিলক্ষিত হইলে প্রত্যেক রাষ্ট্র তাহার নিজম্ব ভাষার দ্বারাই বাধ্য থাকিবেন। এইরূপ ক্ষেত্রে কোনো এক পক্ষ অন্যপক্ষের ভাষার কোনো সুবিধা দাবি করিতে পারেন না। চুক্তি-সম্পাদনের পরবর্তী সময়ে চুক্তির পক্ষসমূহের আচরণ, বিশেষ করিয়া দায়দায়িত্ব স্বীকারমূলক কোনো আচরণ, চুক্তির ব্যাখ্যার জন্য ব্যবহার করা যাইতে পারে।

interpretation of wills ইচ্ছাপত্রের ব্যাখ্যা ইচ্ছাপত্রে ব্যক্ত ইচ্ছাপত্রকারীর অভিপ্রায় যতদূর সম্ভব কার্যকর করিবার জন্য ইচ্ছাপত্রের প্রকৃত অর্থ নির্ণয় করিবার প্রক্রিয়া। সাধারণত যে-শব্দগুলি ইচ্ছাপত্রে ব্যবহৃত হয়, তাহাদের সাধারণ ব্যাকরণসম্মত অর্থ করিতে হয়। যদি ব্যবহৃত শব্দগুলি নিজ হইতে বা পারপার্শ্বিক অবস্থার আলোকে ঘর্ধবাধক হয়, তবে ইচ্ছাপত্রকারীর অভিপ্রায় নিরূপণের জন্য বাহ্যিক সাক্ষ্য গ্রহণ করা যাইতে পারে। ইচ্ছাপত্রকারী ইচ্ছাপত্র সম্পাদন করিবার সময়ে তাঁহার চারিপার্শ্বে যে-পারিপার্শ্বিক অবস্থা বিরাজমান ছিল, তাহার সাহায্যে ইচ্ছাপত্র ব্যাখ্যা করিবার প্রক্রিয়াকে সাধারণত ভারার উত্তি থওনার্থে ব্যবহার করা যায় না। ইচ্ছাপত্র ব্যাখ্যা করিবার ব্যাখ্যা করিবার সোনালি নিয়ম হইতেছে এই যে, তাহা এমনভাবে ব্যাখ্যা করিতে হইবে যেন ইচ্ছাপত্র বিফল না হয়, কারণ ইচ্ছাপত্র সম্পাদন করা হয় তাহা কার্যকর করিবার অভিপ্রায়ে। দাতব্য উদ্দেশ্যে প্রদন্ত অস্পষ্ট দানের এবং বিশেষ বাক্যাংশের অর্থনির্ধারণের জন্য বহু অনুপুঙ্খ নিয়ম আছে। এতৎসই armchair principle ও intestacy দ্র.।

interregnum n. রাজত্ব-মধ্যবর্তীকাল বি. ১. সার্বভৌম রাজা বা রানীর মৃত্যু ও তাঁহার উত্তরাধিকারীর সিংহাসনে আরোহণের মধ্যবর্তী সময়। ২. ওইরূপ সময়ের অস্থায়ী রাজ্যশাসন-ব্যবস্থা। যুক্তরাজ্যে রাজা বা রানীর মৃত্যুর ফলে মধ্যবর্তীকালে কোনো শৃন্যতা সৃষ্টি হয় না।

interrogation n. জিজ্ঞাসাবাদ বি. আসামিকে পুলিশকর্তৃক প্রশু জিজ্ঞাসা।
সন্দেহভাজন ব্যক্তিগণ এইরপ প্রশ্নের উত্তর দিতে বাধ্য নহেন। সন্দেহভাজন
ব্যক্তিদের পুলিশের জিজ্ঞাসাবাদের অধিকার ইংল্যান্ডে ১৯৮৪ সালের পুলিশ ও
ফৌজদারি সাক্ষ্য আইন এবং তদধীনে প্রণীত আচরণ-বিধিমালার দ্বারা নিয়ন্ত্রিত।
সন্দেহভাজন ব্যক্তিদের তৃতীয় পক্ষের সহিত যোগাযোগ করিবার অধিকার,

আইনজ্জের পরামর্শ ও চিকিৎসা গ্রহণ করিবার অধিকার এবং সন্দেহভাজন ব্যক্তিদেরকে সতর্ক করিয়া দেওয়া সম্পর্কে পুলিশের প্রতি পরামর্শ, সন্দেহভাজন ব্যক্তিকে দোভাষী সংস্থান এবং এইসকল বিষয়ের লেখ্যপ্রমাণ রাখা এই বিধিমালার অন্তর্ভুক্ত। কিশোর, মানসিকভাবে অসুস্থ ও মানসিক প্রতিবন্ধীদের জিজ্ঞাসাবাদের বিশেষ বিধানও আছে। বাংলাদেশে ফৌজদারি কার্যবিধির ১৬১ ধারায় পুলিশ আসামি ও সাক্ষীদের জিজ্ঞাসাবাদ করিতে পারে। তবে তদ্রুপ জিজ্ঞাসাবাদের উত্তরদানে ফৌজদারি মামলায় জড়াইবার বা শান্তি বা বাজেয়াপ্তি ভোগ করিবার আশঙ্কা থাকিলে তাহার উত্তর দিতে কেহ বাধ্য থাকিবেন না।

in terrorem ভীতিপ্রদ বিণ. ব্যক্তিগত সম্পত্তি ইচ্ছাপ্তের মাধ্যমে বা অন্যভাবে দানের সহিত সংযুক্ত শর্ত সম্পর্কে ভীতিপ্রদ তত্ত্বটি প্রয়োগ করা হয়। এই প্রকার শর্ত ভীতিপ্রদ, যদি ইহা স্পষ্ট দেখা যায় যে, দানগ্রহীতা দান হইতে বঞ্চিত হউন, দাতা তেমন একটি অনর্থক হুমকি দিয়াছেন মাত্র। যেমন, একজন দাতা যদি কোনো ব্যক্তির বিনা অনুমতিতে বিবাহ না করার শর্তে কিছু দান করেন, কিন্তু দানগ্রহীতা শর্তভঙ্গ করিলে দানটির বিলিব্যবস্থা সম্বন্ধে কোনো বিধান না করেন। এইরূপ শর্ত আইনত অকার্যকর।

interruption n. ব্যাঘাত, বিন্ন, বাধা বি. বিধানোক্ত সময়-সীমায় উপাগত কোনো কার্য বা ঘটনা, যাহা তামাদিসংক্রান্ত বিধানের গতিরোধ করিবার জন্য যথেষ্ট। কোনো কার্যধারা বিচারাধীন থাকাকালে চাপরাশি বা কর্মচারীর দূর্ব্যবহার সম্পর্কে বিচারকের নিকট আইনজীবীর নালিশ আদালতের কার্যধারায় ব্যাঘাত বা প্রতিকূল বাধা বিন্যা গণ্য হয় না। ব্যাঘাত শব্দটি প্রতিকূল বাধা বুঝায়, নিছক সম্পন্তির ভোগে ছেদ বুঝায় না। সম্পন্তি-হন্তান্তর আইনের ১০৮ ধারা (গ) দফায় ব্যাখ্যাত প্রেষ্ঠতর স্বত্যধিকারী কর্তৃক দখলে বিমুস্টি করা ইহার অন্তর্ভুক্ত।

interstate trade আন্তর্রাষ্ট্রীয় বাণিজ্য রাষ্ট্রসমূহের মধ্যে পারস্পরিক বাণিজ্য। competition law দ্র.। intertemporal law আন্তঃকালিক আইন একটি সন্ধি সম্পাদনের পর দীর্ঘকাল অতিবাহিত হইলে আন্তর্জাতিক আইনে যে-সকল পরিবর্তন সাধিত হয় এবং সন্ধিতে ব্যবহৃত উক্তির অর্থের যে-পরিবর্তন হয়, তাহা বিবেচনায় লইয়া আন্তর্জাতিক আদালত যে-আইন প্রয়োগ করেন। একটি অধিকার বহাল রান্বিতে হইলে (যেমন, ভৃখপ্রের দাবি) যখন সেই অধিকার সৃষ্ট হইয়াছে তখনকার প্রচলিত আইনের উপরে তবু নয়, বরং তদ্রুপ অধিকারের নিরবচ্ছিন্ন অবস্থান সম্পর্কে আন্তর্জাতিক আইন যেভাবে প্রয়োগ করা হয়, তাহার উপরও নির্ভর করিতে হইবে। দাবিকারী রাষ্ট্রকে কোনো ভৃখপ্রের উপর অধিকারের বৈধতা অবশাই নবায়ন করিতে হইবে।

interval n. ব্যবধান, মধ্যবর্তীকাল, অবকাশ বি. দুইটি স্থান বা ঘটনার মধ্যবর্তী ব্যবধান বা দূরত্ব। যেখানে দুইটি ঘটনার মধ্যে কিছুসংখ্যক দিন অতিবাহিত হইবার বিধান থাকে, সেখানে সেই দিনগুলি সুস্পষ্ট এবং সুনির্দিষ্ট দিন হইবে এবং এই দিনগুলির পূর্বদিন ও পরের দিন গণনা হইতে বাদ দিতে হইবে।

intervening adj. মধ্যবর্তী, মধ্যবর্তীকালীন বিণ. ঘটনা বা পরিস্থিতির মধ্যখানে আবির্ভূত; মাঝখানে উদ্ভূত; মধ্যবর্তী সময়ে সংঘটিত।

intervention n. হস্তক্ষেপ বি. ইউরাপীয় ইউনিয়ন অথবা বিশ্বব্যাপী অনুরূপ বাণিজ্যিক গোষ্টীগুলির অভ্যন্তরে, দৃষ্টান্তস্বরূপ, পণ্যমূল্য শ্বিতিশীল রাখিবার জন্য, বাজারের উপর হস্তক্ষেপ করিতে যে-ব্যবস্থা গ্রহণ করা হয়। ইউরোপীয় ইউনিয়নে অভিন্ন, কৃষিনীতির ক্ষেত্রে ইহা ঘটিয়া থাকে। একটি স্বীকৃত হস্তক্ষেপ-মূল্যে উদৃত্ত উৎপন্ন দ্রব্য খরিদ করিয়া ইউরোপীয় কমিশন উহার মূল্য পরিবর্তিত হওয়া পর্যন্ত পদামজাত করিয়া রাখে। এই ব্যবস্থার ফলে পূর্বে মাংস ও মাখনের পাহাড় সৃষ্টি হইত, কিন্তু এইভাবে হস্তক্ষেপের দ্বারা মজ্বত করা পণ্য বেশির ভাগ অপচয়িত ইইয়াছে।

in the course of gets

in the course of চলাকালে 'গতি' শব্দটি একটি ক্রমিক ও অবিরাম প্রবাহ, যাত্রা, অগ্রগমন বুঝায়। 'চলাকালে' বলিতে ইহার একটি পর্যায় বুঝাইবে। ফৌজদারি কার্যবিধির ১৬২ ধারা-অনুসারে, 'চলাকালে' শব্দ-অনুযায়ী কোনো তদন্তে ব্যবহৃত হইবার জন্য বিবৃতি চলমান তদন্তের একটি পর্যায়ে প্রদান করিতে হইবে।

- in the course of business কার্যোপলক্ষে সাক্ষ্য আইনের ৩২(৩) ধারা-অনুসারে, যেরপে কোনো কারবার (যাহা ব্যক্তিগত প্রকৃতির বা খুবই মামূলি প্রকৃতির ইইতে পারে) সাধারণত পরিচালিত হয়। ইহার সহিত কারবারের পরম্পরসম্পর্কযুক্ত কার্যাবলির সুবিন্যস্ত ক্রম নির্দেশ করে এইরূপ নিয়মের সম্পর্ক নাই। কাজেই সাধারণ এবং ব্যক্তিগত প্রকৃতির কার্য বা কার্যাবলির ক্ষেত্রে এই ধারাটি প্রযোজ্য ইইবে।
- Intimidation n. ভীতিপ্রদর্শন বি. যে-কার্যের দ্বারা কোনো কিছু করাইবার জন্য কাহারো মনে ভীতি জন্মানো হয়। শুধুমাত্র ভীতিপ্রদর্শন কোনো অপরাধ নহে কিছু তাহা কোনো অপরাধের অংশ হইতে পারে। যেমন, ভীতিপ্রদর্শনপূর্বক কোনো স্ত্রীলোকের সম্বতি আদায় করিয়া যদি তাঁহার সহিত যৌন সহবাস করা হয়, তাহা অপরাধ হইবে। মামলায় জড়িত কোনো ব্যক্তি যদি উক্ত মামলার সাক্ষী বা জুরিকে ভীতিপ্রদর্শন করেন, তাহা অপরাধ হইবে। দণ্ডবিধির ৫০৩ ধারায় অপরাধমূলক ভীতিপ্রদর্শনের সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে। দণ্ডবিধির ৯৪ ধারায় বলা হইয়াছে যে, কতিপয় মৃত্যুদণ্ডযোগ্য অপরাধ ব্যতীত কেহ ভীতিপ্রদর্শনের ফলে কোনো কিছু করিলে তাহা অপরাধ হইবে না। এতৎসহ duress ও threat দ্র.।
- intoxicating liquor মন্ততাজনক সুরা ইংল্যান্ডের ১৯৬৪ সালের লাইসেনিং আইনের উদ্দেশ্যে স্পিরিট, ওয়াইন, বিয়ার, পোর্টার, সাইডার (পেরিসহ) এবং অন্য যে-কোনো গাঁজানো, চোলাই বা পাতন-করা সুরাকে বুঝায়। বাংলাদেশে ১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনের দ্বিতীয় তফসিলে উল্লিখিত দেশি মদ, মিথাইল অ্যালকোহল, রেকটিফাইড স্পিরিট, বাংলাদেশে প্রস্তুত বিলাতি মদ ও ডিনেচার্ড স্পিরিটের উপর উক্ত আইনের ১৮ ধারার বিধান-অনুযায়ী মাদক-শৃদ্ধ আরোপ করা ইইযাছে।
- intoxication n মন্ততা বি. কোনো মাতাল ব্যক্তির অথবা মাদকদ্রব্যের প্রভাবাধীন কোনো ব্যক্তির অবস্থা। যদিও গুধু মন্ততা কোনো অপরাধ নহে, ইহা অনেক অপরাধের উপাদানবিশেষ। ইংল্যান্ডে এইসকল অপরাধের মধ্যে মাতাল অবস্থায় গাড়িচালনা, মাতাল অবস্থায় পাওয়া, জনস্থানে মাতাল ও উচ্ছুঙ্খল অবস্থায় পাওয়া, এবং গুলিভর্তি আগ্নেয়াস্ত্রসহ মাতাল অবস্থায় লোকস্থানে পাওয়া অন্তর্ভুক্ত। আঠারো বৎসরের নিম্নবয়স্ক কোনো ব্যক্তিকে এমন কোনো বস্তু, যাহার ধুম নিঃশ্বাসের সহিত তাহার গ্রহণ করিবার সঞ্জাবনা আছে, এই উদ্দেশ্যে সরবরাহ করা অথবা সরবরাহ

করিতে প্রস্তাব করা যে, তাহার ফলে মন্ততা সৃষ্টি হইবে, তাহাও একটি অপরাধ। দর্ঘবিধির ৮৫ ধারায় কোনো ব্যক্তি মন্ততার ফলে বিচারশক্তি হারাইয়া কোনো কিছু করিলে তাহা অপরাধ হইবে না। দর্ঘবিধির ৮৬ ধারায় যে-অপরাধে নির্দিষ্ট অভিপ্রায় বা জ্ঞানের প্রয়োজন, তাহা কোনো ব্যক্তি প্রমন্ত অবস্থায় করিলেও অপরাধ হইবে যদি না যে-বন্ধু গ্রহণের ফলে তিনি মন্ত হন তাহা তাঁহার অজ্ঞাতে বা ইচ্ছার বিরুদ্ধে তাঁহাকে তাহা গ্রহণ করানো হয়। দর্ঘবিধির ৫১০ ধারায় মন্ত অবস্থায় জনস্থানে অথবা কোনো ব্যক্তির কোনো স্থানে অনধিকারপ্রবেশপূর্বক কাহারো বিরক্তি-উৎপাদন দওনীয় অপরাধ।

- intra vires ক্ষমতার মধ্যে কোনো সংস্থা (যেমন, কোনো সরকারি কর্তৃপক্ষ বা কোম্পানি) যে-কর্ম সম্পাদন করে তাহা এমনভাবে বর্ণনা করা হয় যে, ইহা আইনে অথবা ইহা গঠনকারী অন্য কোনো দলিলে (যেমন, কোম্পানির সংঘ-মারক বা সংবিধিতে) প্রদন্ত ক্ষমতার সীমার মধ্যে পড়ে। ultra vires তূ.।
- introduce vb. উপস্থাপন করা, উপস্থিত করা, আনুষ্ঠানিকভাবে পেশ করা, প্রবর্তন করা ক্রি. ১. কোনো ব্যক্তিকে অপর কোনো ব্যক্তির সহিত পরিচয় করাইয়া দেওয়া। কোনো ব্যক্তিকে কোনো সমিতি বা সংস্থায় উপস্থাপন করা কিংবা কর্তৃপক্ষ বা জনসাধারণের সহিত পরিচয় করাইয়া দেওয়া। ২. কোনো উচ্চপদাধিকারী বা উদ্দর্মধাদাসম্পন্ন ব্যক্তি বা কর্তৃপক্ষের সম্মুখে হাজির করা। ৩. সংসদে কোনো আইনের খসড়া উপস্থাপন করা। ৪. কোনো কিছুর সূচনা করা বা কোনো বিষয়ে ঘেষণা দেওয়া।
- introduced adj. প্রবর্তিত, প্রত্যাকলিত বিণ, সাক্ষ্যপ্রমাণ সম্পর্কে ইহার দ্বারা সাক্ষ্যপ্রমাণ প্রদন্ত, গৃহীত ও বিবেচিত হইয়াছে বুঝানো হয়।
- intrusion n. অনুপ্রবেশ, অনাহ্তপ্রবেশ, অবাঞ্চ্ন্ত প্রবেশ বিণ. কাহারো একান্ড জীবনের মধ্যে অনাহ্তপ্রবেশ। অনুপ্রবেশ হইল কোনো ব্যক্তিকে তাঁহার নিরঙ্কুশ মালিকানাধীন সম্পত্তি ইইতে বিতাড়িত করিবার বা বেদখল করিবার পদ্ধতিসমূহের একটি। কোনো ব্যক্তির জমিতে তাঁহার দখল না থাকা অবস্থায় আগন্তুককর্তৃক উক্ত জমিতে বেআইনি অনুপ্রবেশপূর্বক প্রকৃত মালিকের মালিকানা স্বত্ব নাকচকরণ।
- in trust জিম্মায়, ন্যস্ত কোনো উইল বা ইচ্ছাপত্রে ব্যবহৃত 'জিম্মায়' শব্দটি এই ধারণা খণ্ডন করে যে, ইহার উদ্দেশ্য ছিল উল্লিখিত ব্যক্তির অনুকূলে একটি নিরক্কুশ ভূসম্পত্তি মনজুর করা।
- invalid adj. অসিদ্ধ, অকেজো, বাতিল, বলবস্তাহীন, নির্বল বিণ. 'অসিদ্ধ' শব্দটি 'বৈধ নহে'র সমার্থক। অকার্যকর বলিতে আইনি বল-বর্জিত বুঝায়।

invention n. উদ্ধাবন বি. (পেটেন্ট আইন) নতুন বা অভিনব কিছু আবিদ্ধার করিবার কার্য বা প্রক্রিয়া। উদ্ভাবন হইল খুঁজিয়া বাহির করা; কোনো কিছু করিবার কৌশল বাহির করা। এইরূপ কোনো কিছু সৃষ্টি করা, যাহা ছিল না এবং পূর্বে জানা যায় নাই এবং যাহা বিষয়কর্মের অন্তেম্বণে সুবিধাজনক ও হিতকরভাবে ব্যবহার করা যাইতে পারে, বা যাহা মানবজাতির উপভোগের বৃদ্ধি ঘটাইতে পারে। উদ্ভাবন বলিতে যে-কোনো পদ্ধতির নতুন উৎপাদন এবং উহার উন্নয়নও বৃঝায়। কোনো কিছুকে উদ্ভাবন অ্যাখ্যায়িত করিবার অত্যাবশ্যকীয় শর্ত হইল যে, উদ্ভাবনকারীকে এই পদ্ধতির ব্যবহারের প্রথম ব্যক্তি হইতে হইবে। কোনো শিল্প বা যন্ত্রপাতি ইত্যাদি উৎপাদনের নৃতন পদ্ধতি বা নৃতন কর্মপদ্ধতি, যাহা পূর্বে অপরিচিত ছিল। উদ্ভাবনপদবাচ্য।

inventory n. বর্ণনামূলক তালিকা সম্পদ বা সম্পত্তির বিস্তারিত বিবরণ-সংবলিত একটি তালিকা। সজ্জিত বাড়ি ভাড়ার বা অস্থায়ী মালামাল বিক্রয়ের চুজিতে সাধারণত একটি বর্ণনামূলক তালিকা থাকে, যাহা হইতে বিশেষ বিশেষ সামগ্রীগুলি শনাক্ত করা যায়। ইংল্যান্ডের ১৯২৫ সালের ভূসম্পত্তি ব্যবস্থাপনা আইনের বিধান-অনুযায়ী আদালতের আদেশক্রমে একজন মৃত ব্যক্তিগত প্রতিনিধিকে তাঁহার রিকথের একটি বর্ণনামূলক তালিকা অবশ্যই হলফপূর্বক দাখিল করিতে হইবে (এই কর্তব্যটি অভ্যন্তরীণ রাজস্ব-সংক্রান্ত হিসাব দাখিলের মাধ্যমে কার্যকরভাবে সম্পাদিত হয়)। বাংলাদেশে দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশের ৭ নিয়মের বিধান-অনুযায়ী মামলা-সংক্রান্ত সম্পত্তি পরিদর্শন করিয়া তাহার বর্ণনামূলক তালিকা আদালতে দাখিল করা যায়।

investigating magistrate তদন্তকারী ম্যাজিক্রেট নিয়মিত বিচার-অনুষ্ঠানের জন্য বিচারকের নিকট সোপর্দ হইবার পূর্বে কোনো ফৌজদারি কার্যধারার কতিপয় বিষয় পরীক্ষা করিবার এবং কখনো কখনো সিদ্ধান্তগ্রহণের দায়িত্বপ্রাপ্ত আধা-বিচার সংক্রান্ত কর্মকর্তা। এই ব্যবস্থায় কোনো অপরাধসংক্রান্ত অভিযোগ নিয়মিত আদালতে আনীত ইইবার পূর্বেইহা একজন বিশেষ কর্মকর্তা কর্তৃক তদন্তকৃত এবং কার্যত আদালতে বিচারের উপযুক্ত বলিয়া প্রত্যয়িত ইইতে ইইবে। তদন্তকারী বিচারক এইরূপে অভিযোগকারী পক্ষ এবং বিচার-আদালতের মাঝামাঝি অবস্থিত একজন আধা-বিচারক। ফ্রান্সসহ যে-সমস্ত দেশে ইহা বিচারবাবস্থার অন্ধ সেই সমস্ত দেশে তদন্তকারী বিচারকের ভূমিকা সম্পর্কে কিছু বির্তক রহিয়াছে।

investigation of a company কোম্পানির তদন্ত ইংল্যান্ডের ১৯৮৫ সালের কোম্পানি আইন ও ১৯৮৬ সালের আর্থিক সেবা আইনের বিধান-অনুযায়ী শিল্প ও বাণিজ্য বিভাগদ্বারা নিযুক্ত পরিদর্শকগণ কর্তৃক কোনো কোম্পানির পরিচালনা সম্পর্কে অনুষ্ঠিত একটি তদন্ত। আদালত অথবা অংশীদারদের আবেদনক্রমে বা স্বপ্রণাদিতভাবে সেক্রেটারি অফ স্টেট এইরূপ আদেশ দিতে পারেন। সদস্যদের তথ্যপ্রদানের জন্য কিংবা তঞ্চকতা, অন্যায্য পক্ষপাত, মনোনীত শেয়ারহোন্ডার বা অভ্যন্তরীণ ব্যক্তিগণের লেনদেন সম্পর্কে অনুসন্ধান করিবার জন্য এইরূপ তদন্ত অনুষ্ঠিত হইতে পারে। পরিদর্শকদের প্রতিবেদন সাধারণত প্রকাশ করা হয়। এতৎসহ unfair prejudice ও insider dealing দ্র.।

invest, investment vb., n. বিনিয়োগ করা ক্রি., বিনিয়োগ বি. লাভের উদ্দেশ্যে অর্থ বা সম্পদ নিয়োজিত করা। যেমন, সুদে টাকা খাটানো; স্থাবর সম্পত্তি ক্রয় করা; শেয়ার সার্টিফিকেট ক্রয় করা; ব্যাংকে স্থায়ী আমানত রাখা ইত্যাদি। সাধারণ বাচনভঙ্গিতে বিনিয়োগ বলিতে অর্থসম্পদের বৃদ্ধি ঘটাইবার জন্য বা মুনাফা করিবার জন্য সুদের বিনিময়ে অর্থঋণ প্রদান করা বা আয়-উৎপাদক খাতে সম্পদ নিয়োজিত করা বুঝায়। কর ধার্য করিবার ক্ষেত্রে শেয়ার সার্টিফিকেট, সরকারি বন্ড ইত্যাদি বিনিয়োগ বলিয়া গণ্য করা হয়। বিনিয়োগদ্বারা লাভ ও লোকসান দুইই হইতে পারে। অন্যদিকে কোনো দাতব্য প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের জন্য অর্থ বা সম্পত্তি দান করিবার ক্ষেত্রে মৃলধনের স্থায়ী হেফাজত নিশ্চিত করা হয়।

investment company বিনিয়োগ কোম্পানি ১৯৯৩ সালের আর্থিক প্রতিষ্ঠান আইনের ২(ঠ) ধারা-অনুসারে, যে-কোম্পানি মূলত বা সম্পূর্ণরূপে অন্যান্য কোম্পানির সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ে নিয়োজিত, এবং যে-কোম্পানির পরিশোধিত মূলধনের শতকরা আশি ভাগ কোনো সময়ে অন্যান্য কোম্পানিতে বিনিয়োজিত থাকে, তাহা ইহার অন্তর্ভুক্ত হইবে। তবে কোনো ব্যাংক বা বিমা কোম্পানি বা সংস্থা, যাহা উক এক্সচেঞ্জের সদস্য, তাহা ইহার অন্তর্ভুক্ত হইবে না। বাংলাদেশে একপ্রকার বিনিয়োগ-কোম্পানি দেখা যায় যাহারা তাহাদের তহবিল অন্য কোনো কোম্পানির নিকট বিনিয়োগ করিয়া উক্ত কোম্পানিকে মেশিনপত্র ক্রয় করিতে সাহায্য করে।

invitation to treat আলোচনার জন্য আহ্বান offer দ্ৰ.।

invitee n. নিমন্ত্রিত বি. যে-ব্যক্তিকে এমন কোনো উদ্দেশ্যে জমি বা গৃহবাটিকাদিতে প্রবেশের অনুমতি দেওয়া হইয়াছে, যাহাতে জমির দখলকারের একটি গুরুত্বপূর্ণ স্বার্থ রহিয়াছে। যেমন, দোকানের খরিদদার দোকানির স্বার্থে দোকানে প্রবেশ করিবার জন্য অনুমতিপ্রাপ্ত।

in vitro fertilization (IVF) কাচনলবর্তী নিষেক human assisted reproduction দ্র.।

invoice (%)

invoice n. চালান বি. রপ্তানিসংক্রান্ত একটি দলিল। ইহার দারা আমদানিকারকের নিকট রপ্তানিকারক পণ্যের বিবরণ, পরিমাণ, গুণাগুণ, ট্রেডমার্ক, মূল্য, প্যাকিং এবং প্রেরণের পদ্ধতিসহ পণ্যসংক্রান্ত সকল প্রকার বিবরণ প্রদান করিয়া থাকেন। ১৯৯১ সালের মূল্য সংযোজন কর আইনের ২ ধারা-অনুসারে চালানপত্র অর্থ ৩২ ধারার অধীন প্রদন্ত চালানপত্র।

involuntary conduct অনিচ্ছাকৃত আচরণ অবৈধ বলপ্রয়োগের ফলে কৃত অথবা শারীরিক বা মানসিক কোনো অসুস্থৃতার ফলে কোনো ব্যক্তির নিয়ন্ত্রণহীন আচরণ। অনিচ্ছাকৃত আচরণ প্রায়শ স্বতঃক্রিয়তার সাফাই সৃষ্টি করে, তবে যদি কেহ নিজের অবস্থা সম্পর্কে সজাগ থাকেন বা নিজে উহা উৎপাদন করিয়া থাকেন, তবে উহা কোনো সাফাই নাও হইতে পারে। নিজ চিন্তবৃত্তিসমূহের উপর নিয়ন্ত্রণ থাকা সত্ত্বেও কথনো কখনো কাহারো আচরণ অনিচ্ছাকৃত হইতে পারে। যেমন, কোনো মোটর গাড়ির ব্রেক হঠাৎ বিকল হইয়া যাইতে পারে, গাড়িচালনার অপরাধের অভিযোগের বিরুদ্ধে ইহা একটি সাফাই হইবে। দওবিধির ৯৪ ধারা-অনুসারে, কতিপয় ক্ষেত্রে অনিচ্ছাকৃত আচরণের ফলে কত কর্ম অপরাধ হইবে না।

involve vb. অন্তর্ভূক্ত করা, বিজড়িত করা, সংশ্লিষ্ট বা সম্পৃক্ত করা ক্রি. যৌজিক বা যুক্তিসিদ্ধ ব্যাখ্যার দ্বারা অন্তর্ভূক করা; স্বাভাবিক বা যৌজিক ফলাফল হিসাবে কোনো কিছুর সহিত সম্পৃক্ত হওয়া বা করা; আবশ্যকীয়ভাবে অন্তর্ভূক করা; কোনো অপরাধ বা অভিযোগের সহিত জড়াইয়া পড়া বা জড়িত হওয়া। আর্থিক বিষয়ে কাহারো অস্বন্তিকর অবস্থার ইপ্লিতবহ। কোনো বিষয়কে অপর কোনো বিষয়ের সহিত জড়িত বলা যায়, যখন উহা অপর বিষয়টির আবশাকীয় ফলস্বন্ধপ হয়। অধিকতর যথার্থ এবং আক্ষরিক অর্থে ইহা 'সহযোগে গঠিত' বা 'অন্তর্ভূক্ত করা'র সমার্থক। এক শব্দে ইহার যথাযথ সমনাম পাওয়া সম্ভব নাও হইতে পারে। মোকদ্দমায় সংশ্লিষ্ট বিষয়বন্ধ বলিতে সম্পত্তির বা মূল্যবান দলিলের দখল, মালিকানা ও স্বত্ব বৃঝায়, যাহা মোকদ্দমার ফলাফল দ্বারা নির্ধারণযোগ্য। প্রসঙ্গ-অনুসারে ইহা 'প্রভাবিত' শব্দের সমার্থক হিসাবেও ব্যবহৃত হইতে পারে।

in writing **লিখিতভাবে '**যথারীতি লিখিতভাবে প্রস্তৃত' অর্থাৎ চুক্তিভুক্ত পক্ষণণ-কর্তৃক যথাযথভাবে স্বাক্ষরিত।

irredeemable debentures পুনরুদ্ধার-অযোগ্য ঋণপত্র ঋণপত্রের ক্ষেত্রে 'পুনরুদ্ধার-অযোগ্য' শব্দ আপাতদৃষ্টিতে এই বুঝায় যে, কোম্পানির উহা পুনরুদ্ধার বা পরিশোধ করিবার ক্ষমতা নাই। কিন্তু ইহা প্রায়শ যে-ঋণপত্রের ধারক উহার ফেরত পরিশোধ দাবি করিতে পারেন না, সেই ধরনের ঋণপত্র বর্ণনা করিবার অভিপ্রায়ে ব্যবহার করা হয়। যাহার ধারক উহার মূল্য পরিশোধ দাবি করিতে পারেন না, যদিও কোম্পানি ইচ্ছা করিলে উহা পুনঃক্রয় করিতে পারে।

(%) issue

irrefutable presumption অখণ্ডনীয় প্রাক্প্রত্যয় presumption দ্র.।

irregularity n. নিয়মবিকদ্ধতা, অনিয়ম বি. নির্দিষ্ট বিধি বা কার্যপদ্ধতির প্রতি আনুগত্যের অভাব। কোনো মোকদ্দমা যথাযথ এবং সুশৃঙ্খলভাবে পরিচালনা করিবার জন্য প্রয়োজনীয় কোনো কিছু বাদ দেওয়া অথবা অযৌক্তিক সময়ে ও পদ্ধতিতে কিছু করা। নিয়মবহির্ভূত হইবার বৈশিষ্ট্য বা অবস্থা, কোনো কার্য যথাযথ না হইলে এবং সংবিধিদারা নির্দেশিত পন্থায় করা না হইলে উহাকে নিয়মবিরুদ্ধ বলিতে হইবে। কেবল কার্যপ্রণালিঘটিত অনিয়ম ইহার অন্তর্ভূক্ত নহে।

irresistible force অপ্রতিরোধ্য বলপ্রয়োগ যে-শক্তি আগে বুঝা যায় না বা নিয়ন্ত্রণ করা যায় না, বিশেষ করিয়া, যাহা কোনো চুক্তিসংক্রান্ত কর্তব্য প্রতিপালন বাধাগ্রন্ত করে, এমন বলপ্রয়োগ।

irresistible impulse অদম্য মনোবেগ কোনো কিছু করিবার জন্য নিয়ন্ত্রণহীন প্রণোদনা। ম্যাকনটেনের নিয়ম-অনুসারে, মানসিক একটি ব্যাধিজনিত না হইলে অদম্য মনোবেগ একটি অপ্রকৃতিস্থতাপ্রসূত সাফাই হিসাবে গ্রহণযোগ্য হইবে না এবং সাধারণভাবে ইহা কোনো আইনসম্মত সাফাই নহে। তবে একটি মনোবেগ যদি এইভাবে অদম্য হয় যে, শরীর একটি সহজাত প্রণালিতে প্রতিক্রিয়া করে, তাহা হইলে অনিক্ছাকৃত আচরণপ্রসূত একটি সাফাইয়ের সুযোগ হইতে পারে।

irretrievable breakdown চূড়ান্ত সম্পর্কচ্ছেদ marital breakdown ও divorce দ্র.।

irrevocable adj. বাতিল-অযোগ্য বিণ. যাহা কোনোক্রমেই বাতিল বা প্রত্যাহার করা যায় না। যেমন, প্রতিনিধি নিযুক্ত করিবার ক্ষমতা বাতিল-অযোগ্য করা যাইতে পারে। অপরদিকে, এক সৃস্থবৃদ্ধি ইচ্ছাপত্রকারী যে-কোনো সময়ে তাঁহার ইচ্ছাপত্র বাতিল করিতে পারেন।

issue n. ১. বিচার্য বিষয় আদালতের মামলায় বিরোধীয় বিষয়। দেওয়নি কার্যবিধির ১৪ আদেশে বিচার্য বিষয়-নির্ধারণ সম্পর্কে বলা হইয়াছে। ১৪ আদেশের ১ নিমমে বিচার্য বিষয় নির্ধারণ সম্পর্কে বলা হইয়াছে যে, যখন তথ্যসংক্রান্ত বা আইনগত কেনো গুরুত্বপূর্ণ বিষয় একপক্ষ স্বীকার করে এবং অপরপক্ষ অস্বীকার করে তখনই বিচার্য বিষয়ের উদ্ভব হয়। গুরুত্বপূর্ণ বিষয় বলিতে আইনগত বা তথ্যসংক্রান্ত সেইসকল বিষয় বুঝাইবে, বাদী কর্তৃক তাঁহার মামলা করিবার অধিকার প্রতিপন্ন করিবার জন্য সেই বিষয়ে অভিযোগ আনয়ন করিতে হইবে অথবা বিবাদী কর্তৃক আত্মপক্ষ সমর্থনের জন্য সেই বিষয়ের উপর নির্ভর করিতে হইবে। প্রত্যেকটি বিষয় এক পক্ষের স্বীকৃতি এবং অপরপক্ষের অস্বীকৃতি একটি স্বতন্ত্র বিচার্য বিষয়রূপে গণ্য আইন-শন্ত্রেম্ব ১৯৬

হইবে। বিচার্য বিষয় দুইপ্রকার : (১) তথ্যসংক্রান্ত এবং (২) আইনসংক্রান্ত বিচার্য বিষয়। মামলার প্রথম শুনানির দিন আদালত বাদীর আরজি ও বিবাদীর জবাব, যদি থাকে, পাঠ করিবেন, প্রয়োজনমতো পক্ষগণের জবানবন্দি গ্রহণ করিবেন, শর্তসংক্রান্ত বিষয়ে পক্ষগণের জবানবন্দি গ্রহণ করিবেন এবং শর্ত ও আইন সংক্রান্ত বিষয়ে পক্ষগণের মধ্যে গুরুত্বপূর্ণ কী বিরোধ আছে, তাহা নির্ণয় করিবেন। অতঃপর যে-সকল বিচার্য বিষয়ের উপর মামলাটির যথাযথ নিম্পত্তি নির্ভর করে বলিয়া আদালতে প্রতীয়মান হয়, সেগুলি প্রণয়ন ও লিপিবদ্ধ করিবেন। ২. সন্তান-সন্তুত্তি কোনো ব্যক্তির সন্তানগণ বা অন্য অধস্তন সন্তুতিগণ। ৩. মুদ্রার ছাড় দেশে প্রচলিত কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক প্রবর্তিত কাগজি মুদ্রার সমষ্টি।

issued capital নিযুক্ত মূলধন authorized capital দ্ৰ.।

issue estoppel স্বকার্যজনিত বাধার বিচার্য বিষয় একই পক্ষদ্বয়ের বা তাহাদের পূর্বসূরি স্বত্বাধিকারীদের মধ্যে যে-বিচার্য বিষয় সম্পর্কে পূর্বে সিদ্ধান্ত হইয়াছে, সেই-সম্পর্কে উদ্ভূত স্বকার্যজনিত বাধা। ইহাতে উভয়প্রকার কার্যধারায় বিচার্য বিষয়টি অবশ্যই বাদীর দাবি বা বিবাদীর আপত্তি বা সাফাইয়ের একটি অপরিহার্য উপাদান হইতে হইবে। পূর্বে মীমাংসিত বিষয়জনিত বাধার মতো (estoppel per rem judicatam) ইহা পূর্বে নির্ধারিত বিচার্য বিষয় সম্পর্কে নতুন সাক্ষ্যপ্রদানে বাধা সৃষ্টি করে না। উল্লেখ্য যে, সাক্ষ্য আইনের ১১৫ ও ১১৬ ধারায় স্বকার্যজনিত বাধা এবং দোবারা দোষ বা পূর্ববিচার-সিদ্ধান্ত দেওয়ানি কার্যবিধির ১১ ধারায় বর্ণিত হইয়াছে।

issue notice নোটিশ বা বিজ্ঞপ্তি প্রেরণ সকল ক্ষেত্রে ইহাদ্বারা নোটিশ বা বিজ্ঞপ্তি কেবল ডাকে দেওরা বুঝায় না। কোনো কোনো ক্ষেত্রে ইহাদ্বারা গ্রাহকের উপর বিজ্ঞপ্তি কার্যকরভাবে জারি করা বঝায়।

issue of bank-notes ব্যাংক-নোট বা কাগন্ধি মুদ্রা প্রমোচন ব্যাংক কর্তৃক প্রবর্তিত কাগন্ধের টাকা বা ব্যাংক নোট বিতরণ বা চানুকরণ। সোনা, হন্তি বা অন্য কোনো মূল্যবান দলিলের বিনিময়ে গ্রহণেচ্ছু ব্যক্তিদের নিকট কাগন্ধের নোট বিলিকরণ; হন্তি ইত্যাদি পরিশোধের জন্য উপস্থাপন করা হইলে ওইরূপ ব্যাংকনোট বিতরণকারী ব্যক্তিগণ উহা গ্রহণ করিতে প্রস্তুত থাকেন।

issue of fact ঘটনাসম্পর্কিত বিচার্য বিষয় একটি বিচার্য বিষয়ের উৎপত্তি হয়, যখন কোনো লিখিত অভিযোগপত্তে বর্ণিত অভিযোগ বিবাদী কর্তৃক অস্বীকৃত হয় বা পরবর্তী কোনো আরজি বা জবাবে উত্থাপিত অভিযোগের বিরোধিতা করা হয়।

issue of law আইনগত বিচার্য বিষয় আইনসংক্রান্ত কোনো বিচার্য বিষয় কিংবা যে-বিচার্য বিষয় আইনঘটিত এমন একটি বিষয়াত্মক। ইহার উদ্ভব ঘটে একদিকে অভিযোগ অস্বীকারপূর্বক আরজির জবাব (demurrer) এবং অন্যদিকে ওইরূপ জবাবের সহিত একটি সংযুক্তি (joinder) হইতে।

- issue of process পরওয়ানা প্রেরণ স্পষ্টত বা নিহিতভাবে সংশ্লিষ্ট কেরানির নিকট ইইতে জারি করিবার জন্য পরওয়ানা-জারিকারকের কাছে হস্তান্তর করা। কোনো পরওয়ানা যথাযথ আকারে প্রস্তুত করিয়া জারি করিবার জন্য নির্দিষ্ট কোনো কর্মকর্তার হাতে দেওয়া হইলে পরওয়ানা যথাযথভাবে পাঠানো হইয়াছে বলিয়া বিবেচিত হয়।
- issue of shares শেয়ার-প্রমোচন বাজারে শেয়ার ছাড়া। কোম্পানি আইনে ইহার দ্বারা কেবল বরাদ্দ বুঝায় না, বরং পরবর্তী এইরূপ কোনো কার্য বুঝায়, যাহার ফলে এইীতার স্বত্ব পরিপূর্ণতা লাভ করে। কোনো কোম্পানির শেয়ার, উহার ধার্যমূল্য পরিশোধ করিবার পরে, প্রত্যয়নপত্র পাঠাইবার মাধ্যমে বিতরণ করা হয়। কোম্পানি আইনের ১৫৩ ধারায় বাজারে শেয়ার ছাড়ার ক্ষমতা সম্পর্কে উল্লেখ করা ইইয়াছে।
- issuing bank প্রদানকারী ব্যাংক ক্রেতা ও আমদানিকারকের অনুরোধে বা তাঁহার দ্বারা নির্দেশিত হইয়া যে-ব্যাংক প্রত্যয়নপত্রের শর্তপূরণসাপেক্ষে রপ্তানিকারককে তাঁহার পাওনা পরিশোধের অঙ্গীকার প্রদান করে।
- istidlal ইসতিদলাল এক বস্তু হইতে অন্য বস্তু অনুমান করা। তফসিরের ক্ষেত্রে হানাফি পথিতগণ এই শব্দের ব্যবহার করিয়া থাকেন। শাফিয়ি এবং মালেকিগণ এই শব্দটি বিশেষ অর্থে ব্যবহার করিয়া থাকেন। তাঁহাদের মতে ইসতিদলাল বলিতে যাহা বুঝায় তাহা তফসির বা কিয়াসের আওতায় আসে না। ইহাকে যুক্তির মাধ্যমে নির্ণীত সিদ্ধান্ত বলা হয়।
- istihsan ইসভিহসান ইসতিহসানের নীতি কেবল হানাফি মতাবলম্বীদের মধ্যেই সীমাবদ্ধ। যে-নীতির বলে আইনবিদ তাঁহার ব্যক্তিগত বিচারবুদ্ধির উপর নির্ভর করিতে পারেন, সেই নীতিকে হানাফিমতে ইসতিহসান বলে। হানাফিমতে কিয়াস-ভিত্তিক আইন অভ্রান্ত নর। এমনকি ইজমাকেও অভ্রান্ত বলা যায় না। প্রয়োজনবোধে এইগুলির পরিবর্তে স্বাধীন বিচারবুদ্ধি প্রয়োগ করাই ইসতিহসানের মূল মর্ম। হানাফি মতে ইসতিহসানেও একপ্রকার কিয়াস, তবে কিয়াস অপেক্ষা ইসতিহসানের এথতিয়ার ব্যাপক। ইমাম আবু হানিফা এই নীতির প্রতিষ্ঠাতা।
- istislah ইসতিসলাই ইসতিসান বা আইনসংগত ন্যায়পরতার নীতির প্রবর্তক ছিলেন ইমাম আবু হানিফা। অবস্থাবিশেষে যে-সিদ্ধান্ত আইনানুগ এবং ন্যায়সংগত তাহাই গ্রহণ করা উচিত। ইহাই ইসতিসানের মূল কথা। ইমাম মানিক প্রায় একই ধরনের নীতির প্রবর্তক ছিলেন। তাঁহার নীতিকে ইসতিসলাহ্ বলা হয়। যাহা জনকল্যাণমূলক, তাহাই গ্রাহ্য; ইহাই ইসতিসালাহ্র বক্তব্য।

itemized pay statement বেতনের দফাওয়ারি বিবরণ ইংল্যান্ডের ১৯৮৬ সালের চাক্রি অধিকার আইনের বিধান-অনুযায়ী একজন মালিকের অধীনে সপ্তাহে আট বা ততোধিক ঘণ্টা কর্মরত কর্মচারীদের প্রত্যেকের মজুরি বা বেতন দিবার সময়ে বা তাহার পূর্বে প্রত্যেকবার লিখিত বিবরণ অবশ্যদেয়। উক্ত বিবরণে কতিপয় তথা প্রদান করিতে হয়। মালিক সংবিধিবদ্ধ বিবরণ প্রদান না করিলে অথবা মজুরি বা বেতন কর্তন করিবার কারণ জ্ঞাপন না করিলে কর্মচারী একটি কর্মসংস্থান ট্রাইব্যুনালের নিকট আবেদন করিতে পারেন। ট্রাইব্যুনাল মালিককে বিবরণ প্রদান করিতে এবং আবেদন করিবার পূর্বে তেরো সপ্তাহ পর্যন্ত সময়ের বিনা কারণে কর্তিত অর্থ ফেরত দেওয়ার আদেশ দিতে পারেন। বাংলাদেশে কোনো কর্মচারীকে মালিক মজুরি প্রদান না করিলে বা বিনা কারণে তাহার মজুরির অর্থ কর্তন করিলে ১৯৩৬ সালের মজুরি প্রদান আইনের বিধান-অনুযায়ী তাহাকে তাহা প্রদান করিবার জন্য উক্ত কর্মচারী শ্রম আদালতে আবেদন করিতে পারেন।

iwaj and iwajnama এওয়াজ ও এওয়াজনামা এওয়াজ অর্থ বিনিময়। বিনিময়-দলিলকে এওয়াজনামা বলা হয়।

izahar n. ইজাহার বি. সাধারণত পুলিশের কাছে অপরাধ সম্পর্কে লিখিতভাবে যে-অভিযোগ দায়ের করা হয়। অভিযোগের উদ্দেশ্যে আদালতে প্রদন্ত এফিডেভিট এবং জবানবন্দিকেও এজাহার বলা যায়। jactitation of marriage বিবাহকৈতব বি. কোনো ব্যক্তির সহিত প্রকৃতপক্ষে বিবাহবন্ধনে আবদ্ধ না হইয়াও তাঁহার সহিত বিবাহবন্ধনে আবদ্ধ হইয়াছেন বলিয়া মিথ্যা উক্তি। ইংল্যান্ডে ১৯৮৬ সালের পারিবারিক আইনের দারা বিবাহকৈতবের মামলা রহিত করা হইয়াছে, তবে কাহাকেও এইরূপ দাবি করা হইতে বিরত করিবার জন্য আদালতে একটি নিষেধাক্তা প্রার্থনা করা যাইতে পারে।

jalkar n. জলকর বি. fishery দ্র.।

jamabandi n. জমাবন্দি বি. পূর্বে জমিদার বা তালুকদারের সেরেস্তায় প্রজার, বর্তমানে সরকারি তহশিল কার্যালয়ে ভূমি-মালিকের নামধাম, জমি ও খাজনার বিবরণী।

jama-kharach n. জমাধরচ বি, আয় ও ব্যয় অথবা আয় ও ব্যয়ের হিসাব।

jami-jama জমিজমা বি. ভূমি বা ভূমির সহিত যুক্ত সকল কিছু।

jeopardy n. দণ্ডসংশয় বি. ফৌজদারি মামলার একজন আসামি বিচারকালে দোষী সাব্যস্ত হওয়ার এবং দঙ্গ্রান্তির যে-ঝুঁকির সম্মুখীন হন। এতৎসহ double jeopardy দ্র.।

jettison v. সমুদ্রগর্ভে নিক্ষেপ করা (সমুদ্র আইনে) একটি সংকটাপনু জাহাজের ভার লাঘবের জন্য শুই জাহাজে বোঝাই মাল স্বেচ্ছায় সাগরে নিক্ষেপ করা।

joinder of causes of action মামলার হেতুসমূহের সংযুক্তি একই বিবাদীর বিরুদ্ধে মামলার একাধিক কারণ একটিমাত্র মামলায় একত্রীকরণ। দেওয়ানি কার্যবিধির ২ আদেশের ৩ নিয়ম-অনুসারে, বিপরীত কোনো বিধান না থাকিলে, একই বিবাদী বা বিবাদীগণের কোনো একটি মামলার কতিপয় কারণ বাদী একত্র করিতে পারেন এবং যে-ক্ষেত্রে কতিপয় বাদী একই বিবাদী বা বিবাদীগণের বিরুদ্ধে মামলার কারণের সহিত যৌথভাবে সংশ্লিষ্ট, সেই ক্ষেত্রে তাঁহারা উক্ত বিবাদী বা বিবাদীগণের বিরুদ্ধে একটি মামলার সমুদয় কারণ একত্র করিতে পারেন।

joinder of charges অভিযোগের সংযুক্তি একটি ফৌজদারি অপরাধের একাধিক অভিযোগ একই অভিযোগপত্রে একত্রীকরণ। ফৌজদারি কার্যবিধির ২৩৪ হইতে ২৩৮ ধারায় বিভিন্ন অভিযোগে একই ব্যক্তির একত্রে বিচারের বিধান বর্ণিত হইয়াছে এবং ২৩৯ ধারায় একাধিক আসামির ক্ষেত্রে অভিযোগ একত্রীকরণ সম্বন্ধে বলা হইয়াছে। indictment দ.।

- joinder of defendants বিবাদীগণের সংযুক্তি কোনো অভিযোগপত্রের একটি অভিযোগে দৃই বা ততোধিক বিবাদীর নামোল্লেখ এবং তাঁহাদের একত্রে বিচার করা। দৃই বা ততোধিক বিবাদীর মধ্যে একজন প্রধান অপরাধী এবং অন্যজন সহযোগী অপরাধী হইলেও, তাঁহাদের সংযুক্ত করা সম্ভবপর। তবে তাঁহাদের পৃথক পৃথকভাবে অভিযুক্ত করা হইলে পরবর্তীকালে তাঁহাদের একত্রে বিচার করা যায় না। indictment দ্র.।
- joinder of documents দলিলাদির সংযুক্তি একাধিক দলিলের মধ্যে একটিমাত্র দলিল যদি সংবিধিবদ্ধ প্রয়োজন মিটাইবার জন্য পর্যাপ্ত না হয়, তাহা হইলে দুই বা ততোধিক দলিল সংযুক্ত করা।
- joinder of issue বিচার্য বিষয়ের সংযুক্ত ১. সিদ্ধান্তের জন্য যৌথভাবে কোনো বিতর্কিত বিষয় পেশকরণ। ২. একটি বিতপ্তায় একটি বিতর্কিত বিষয়কে যুক্তিবিস্তারের ভিত্তিরূপে গ্রহণ। ৩. একটি মামলার বিপক্ষ কিংবা কোনো প্রশ্নে বিপরীত দৃষ্টিভঙ্গি গ্রহণ।
- joinder of offences অপরাধসমূহের সংযুক্তি একটি অভিযোগনামায় একজন আসামিকে দুই বা ততোধিক অভিযোগে অভিযুক্তকরণ।
- joinder of parties পক্ষগণের সংযুক্তি একটি একক মামলায় দুই বা ততোধিক ব্যক্তিকে বাদী বা বিবাদী হিসাবে সংযুক্তকরণ। দেওয়ানি কার্যবিধির ১ আদেশের ১ বিধি-অনুসারে, একই কার্য বা সংব্যবহার কিংবা একই শ্রেণীর কার্যাবিদির বা সংব্যবহারের দরুন যাঁহারা একত্রে বা পৃথকভাবে মামলা করিলে বিধি বা তথ্য-সংক্রান্ত একটি সাধারণ প্রশ্নের উদ্ভব হইতে পারে, তাঁহাদের সকলকে একই মামলার বাদীপক্ষে শামিল করা যায়। joinder of defendants দ্র.।
- joinder of remedies প্রতিকারসমূহের সংযুক্তি বিকল্প দাবিসমূহের সংযুক্তি। যেমন, চুক্তিভঙ্গ ও 'প্রাপ্যতা অনুসারে প্রাপ্তি' (quantum meruit), কিংবা একটি দাবির সঙ্গে অন্য একটি ভবিষ্যদপেক্ষক (prospective) দাবির সংযুক্তি, যেমন একটি কর্জের অর্থ উদ্ধারের জন্য একজন দেনাদারের বিরুদ্ধে একজন পাওনাদারের দাবি এবং কর্জটির সাম্পার্শ্বিক জামানতের (collateral) হস্তান্তর নাকচ করিবার জন্য কোনো ভৃতীয় পক্ষের বিরুদ্ধে পাওনাদারের দাবি।
- joint administration যৌথ পরিচালনা (দেউলিয়াত্বের ক্ষেত্রে) মামলাগুলি অধিকতর কার্যকরতার সহিত সমাধা করিবার লক্ষ্যে পাওনাদারদের উদ্দেশে বিজ্ঞপ্তি

- জারিসহ বিভিন্ন প্রশাসনিক বিষয় আনজামের উদ্দেশ্যে একই মোকদ্দমা-তালিকার আওতায় সচরাচর দুই বা তভোধিক পরস্পরসম্পর্কিত দেনাদারের রিক্থের ব্যবস্থাপনা।
- joint and several যৌথ ও পৃথগান্ধক একত্রে এবং পৃথক পৃথক ভাবে। দুই বা ততোধিক ব্যক্তি যদি যৌথ ও পৃথগান্মক বলিয়া কথিত কোনো দায় গ্রহণ করেন, তাহা হইলে উহা ভঙ্গ করিবার জন্য তাঁহাদের দায়িতা একটি যৌথ মামলার দ্বারা তাঁহাদের সকলের বিরুদ্ধে কিংবা একক মামলার দ্বারা তাঁহাদের যে-কোনো একজনের বিরুদ্ধে রুজু করা যায়। joint tortfeasors দ্র.।
- joint family যৌথ পরিবার যে-পরিবারের সদস্যগণ একানুভূক্ত এবং যাঁহাদের সম্পত্তি যৌথ মালিকানাধীন। যৌথ পরিবারের সদস্যগণ পৃথগনু হইলেও যৌথ মালিকানার অবসান হয় না। যৌথ হিন্দু-পরিবারের যে-কোনো সদস্য কোনো সম্পত্তি অর্জন করিলে তাহা সেই পরিবারের যৌথ সম্পত্তি বলিয়া অনুমিত হয়, কিন্তু যৌথ মুসলমান পরিবারের ক্ষেত্রে তাহা হয় না।
- joint Hindu family যৌথ হিন্দু পরিবার সাধারণত একই পূর্বপুরুষের বংশধরদের লইয়া গঠিত যৌথ হিন্দু পরিবার। পরিবারের অবিবাহিত কন্যাগণ, স্ত্রীগণ ও অন্যান্য আপ্রিত ব্যক্তি সকলেই যৌথ পরিবারের সদস্য। সম্পত্তি-পরিচালনার ক্ষেত্রে যৌথ পরিবারের কর্তা সর্বময় ক্ষমতার অধিকারী। তিনি পরিবারের স্বার্থে পরিবারের আয় খরচ করিতে পারেন। দায়ভাগ-মতে পরিবারের যৌথ অংশীদারগণ তাঁহাদের কর্তার নিকট হইতে হিসাবনিকাশ তলব করিতে পারেন এবং সম্পত্তিবন্টনের মামলাও ক্রিতে পারেন।
- joint liability যুগা দায়িতা ধর্মপ্রযুক্ত বাধ্যবাধকতা তত্ত্ব-অনুযায়ী পিতৃঞ্চণ শোধ করিবার যে-বিশেষ দায়িত্ব হিন্দু পুত্রের রহিয়াছে, উহা পিতার সহিত তাঁহার একটি যুগা দায়িতা নহে।
- jointly and severally যৌথভাবে ও পৃথগ্ভাবে যে-সকল ব্যক্তি একটি মুচলেকা বা টোকায় কৃতপ্রতিজ্ঞ হন, তাঁহাদের সকলের বিরুদ্ধে একযোগে কিংবা যে-কোনো এক বা একাধিক জনের বিরুদ্ধে প্রতিশ্রুতিপ্রাপ্ত ব্যক্তি তাঁহার ইচ্ছানুযায়ী মামলা করিতে পারেন।
- joint stock company জয়েন্ট ক্টক কোম্পানি, যৌথ অংশীদারিত্ব কোম্পানি কতকণ্ডলি শেয়ারে বিভক্ত একটি যৌথ মূলধনের অধিকারীবর্গের একটি সংঘ। প্রত্যেক সদস্য এক বা একাধিক শেয়ারের মালিক হইতে পারেন। এইরূপ কোম্পানিতে সদস্যদের শেয়ার হস্তান্তরযোগ্য এবং কোনো সদস্যের মৃত্যু বা

দেউলিয়াত্বের দরুন কোম্পানিটি বিলুপ্ত হয় না। কোম্পানির ব্যবসা সদস্যগণের দারা নয়, তাঁহাদের নিযুক্ত পরিচালকগণ দারা পরিচালিত হয়। company দ্র.।

- joint tenancy যৌথ প্রজাস্বত্ব সমগ্র জমিতে অভিনু স্বত্বের অধিকারী দুই বা ততোধিক ব্যক্তির জমির মালিকানা। যৌথ প্রজাস্বত্বের উদ্ভব চারটি শর্তপূরণসাপেক:
 (১) প্রত্যেক যৌথ প্রজাকে অবশ্যই একই সময়ে দর্থলিস্বত্বের অধিকারী হইতে ইইবে; (২) জমিতে প্রত্যেকের মালিকানা বা স্বত্ব অবশ্যই অভিনু হইতে ইইবে; প্রত্যেক যৌথ প্রজা সমগ্র সম্পত্তির অধিকারী, সম্পত্তির কোনো পৃথক অংশের একমাত্র অধিকারী নন। (৩) জমিতে প্রত্যেকের অভিনু স্বত্ব থাকিতে হইবে, অর্থাৎ তাঁহাদের মালিকানা অবশ্যই একই সাধনপত্র ইইতে উদ্ভূত ইইবে। (৪) প্রত্যেক যৌথ প্রজার স্বত্ব অবশ্যই একই সময়ে অর্পিত এবং একই সময়ব্যাপী বিদ্যামান থাকিতে হইবে। এতংসহ four unities, undivided shares, title ও instrument দ্র.।
- joint tortfeasors যৌথ প্রণযোগ্য ক্ষতিকারক, যৌথ অপকারকৃৎ যদি একটি
 অভিন্ন উদ্দেশ্যসিদ্ধির লক্ষ্যে দুই বা ততোধিক ব্যক্তির কৃত অন্যায় কার্য হইতে
 একটিমাত্র অনিষ্টের উদ্ভব ঘটে, তাহা হইলে ওই ব্যক্তিবর্গ যৌথ অপকারকৃৎ বিলয়া
 কথিত হন। দৃষ্টান্তস্বরূপ, যদি দুই ব্যক্তি গ্যাসের করণ অনুসন্ধানছলে গ্যাসের পাইপে
 একটি নগ্ন আলো প্রয়োগ করেন, এবং সেহেতু একটি বিক্ষোরণ ঘটে, তাহা হইলে
 তাঁহারা যৌথ অপরকারকৃৎ বা প্রণযোগ্য ফতির যৌথ কারক। কিন্তু যদি অভিন্ন
 উদ্দেশ্য ব্যতিরেকে কতিপায় ব্যক্তির অন্যায় কার্য হইতে একটি মাত্র অনিষ্টের উদ্ভব
 ঘটে, তাহা হইলে তাঁহারা পূরণযোগ্য ক্ষতির সহকারী কারক বা সহবতী
 অপকারকৃৎ। concurrent tortfeasors দ্রে.।
- joint venture যৌথ উদ্যোগ দুই বা ততোধিক পক্ষ কর্তৃক গৃহীত একটি বাণিজ্যিক উদ্যোগ। পরস্পরের সম্পদ ও দক্ষতা ভাগাভাগি করিবার জন্য অনেক সময়ে একটি পৃথক যৌথ-উদ্যোগ কোম্পানি প্রতিষ্ঠা করা হয়, যাহাতে সকল শরিকের হিস্না থাকে। ইউরোপীয় কমিশনের ৩১ ডিসেম্বর ১৯৯৪ তারিখের একটি বিজ্ঞপ্তিতে যৌথ উদ্যোগের সংজ্ঞার্থে বলা হইয়াছে, 'যেসব উদ্যোগ দুই বা ততোধিক উদ্যোগের দ্বারা যৌথভাবে নিয়ন্ত্রিত হয়।'
- joint will যৌথ ইচ্ছাপত্র দুই বা ততোধিক ব্যক্তিকর্তৃক তাঁহাদের সকলের ইচ্ছাপত্র হিসাবে সম্পাদিত একটিমাত্র দলিল-সংবলিত ইচ্ছাপত্র। ইহা প্রত্যেক ইচ্ছাপত্রকারীর পৃথক ইচ্ছাপত্র হিসাবে গণ্য হয় এবং প্রত্যেকের মৃত্যুর পরে পৃথকভাবে ইচ্ছাপত্রপ্রমাণক (probate) প্রদান করা হয়। একটি যৌথ ইচ্ছাপত্রের যতটুকু একজন ইচ্ছাপত্র-প্রণেতা সম্বন্ধে প্রযোজ্য, কেবল ততটুকু তিনি প্রত্যাহার করিতে পারেন।

- Jones Act vessel জোনস অ্যাষ্ট জাহাজ্ঞ নাব্য জলপথে মালামাল বা মনুষ্য পরিবহণ করিবার জন্য অভিপ্রেভ বা ব্যবহৃত জাহাজ কিংবা কোনো শ্রমিক আহত হইবার কালে যে-জাহাজ নৌচলাচলের জন্য ব্যবহৃত হইতেছিল। কোনো আহত শ্রমিককে একজন নাবিক হিসাবে গণ্য হইতে হইলে এবং জোনস অ্যাষ্ট-অনুযায়ী ক্ষতিপূরণলাভের যোগ্য হইতে হইলে, তাঁহাকে অবশ্যই কোনো জাহাজে নিযুক্ত হইতে হইবে।
- Journals n. দিনবৃত্তান্ত বি, সংসদীয় বিতর্কসমূহের আক্ষরিক রেকর্ডের বৈপরীত্যক্রমে, সংসদীয় কার্যাবলির প্রামাণিক রেকর্ড। ইংল্যান্ডে প্রতি বৎসর এইরূপ দুইটি সিরিজ প্রকাশিত হয়: Journals of the House of Lords (১৫০৯ খ্রিষ্টাব্দ ইইতে) Journals of the House of Commons (১৫৪৭ খ্রিষ্টাব্দ হইতে)। Hansard তু.।
- JP n. জান্টিস অফ দি পিস Justice of the Peace দ্ৰ. ।
- judge বিচারক, হাঁকিম বি. সিদ্ধান্তের জন্য আদালতের সম্মুখে আনীত বিবাদ ও অন্যান্য বিষয়ের ন্যায়নির্ণয় করিবার ক্ষমতাসম্পন্ন একজন রাষ্ট্রীয় কর্মকর্তা। দেওয়ানি কার্যবিধির ২(৮) ধারা-অনুসারে বিচারক অর্থ দেওয়ানি আদালতের মূলকর্তা। দণ্ডবিধির ১৯ ধারা-অনুসারে, বিচারক শব্দে কেবল সরকারিভাবে বিচারক অ্যাখ্যাপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তিকেই বুঝাইবে না, বরং যে-কোনো আইনগত কার্যপ্রণালিতে, দেওয়ানি বা ফৌজদারি যাহাই হউক না কেন, চূড়ান্ত রায় কিংবা, আপিল করা না হইলে চূড়ান্ত বিনায় গণ্য হইবে, এইরূপ রায় প্রদান করিবার জন্য আইনবলে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকেও বুঝাইবে।
- judge-made law বিচারককৃত আইন সংবিধির দারা নহে, বৈচারিক নজিরদ্বারা প্রতিষ্ঠিত আইন। উচ্চ আদালতের কর্তৃত্ব্যঞ্জক রায় যখন সমভাবে অনুসরণ করা হয় তখন তাহা আইনি পরিপক্তা লাভ করে। কিন্তু যখন এমন রায় সমভাবে অনুসরণ করা হয় না এবং সে-সম্পর্কে বিভিন্ন মতের অবকাশ থাকে তখন যথোপযুক্ত আইন প্রণানের দারা যাবতীয় সন্দেহ নিরসন করা দরকার। BADC v. Kibria & Associates Ltd 46 DLR (AD) 97 দ্র.।
- judge advocate জজ অ্যাডভোকেট যে-আইনজীবী আইনগত প্রশ্নে কোনো সেনা-আদানতকে পরামর্শ দেন। প্রত্যেক সামরিক কোর্টমার্শালে একজন জজ-অ্যাডভোকেট উপস্থিত থাকেন। তিনি কোর্ট মার্শানের কার্যধারা এবং আইনের প্রশ্নে আদানতকে সহায়তাদান করেন। court martial দ্র. !

judge in his own cause নিজের মামলায় নিজেই বিচারক natural justice দ্র.।

Judges' Rules বিচারকগণের নিয়মাবলি পূর্বকালে, পুলিশকর্তৃক সন্দেহভাজন ব্যক্তিদের জিজ্ঞাসাবাদ এবং তাঁহাদের বিরুদ্ধে অভিযোগ আনয়ন নিয়ন্ত্রণার্থে হাইকোর্ট কর্তৃক প্রণীত ব্যবহারিক নিয়মাবলি। code of practice দ্র.।

iudament n. রায় বি. বিচার্য বিষয় সম্বন্ধে আদালতের সিদ্ধান্ত। দেওয়ানি কার্যবিধির ২(৯) ধারা-অনুসারে ডিক্রি বা আদেশের ভিত্তি হিসাবে বিচারক যে-বক্তব্য দেন। দেওয়ানি কার্যবিধি আইনের ২০ আদেশের ১-৫ নিয়মে রায়ঘোষণার পদ্ধতি সম্পর্কে বলা হইয়াছে। ১ নিয়ম-অনুসারে, মামলা গুনানি সমাপ্ত হইবার পর আদালত তৎক্ষণাৎ অথবা পরবর্তী কোনো তারিখে যাহা সাতদিনের বেশি হইবে না, প্রকাশ্যভাবে মামলার রায় প্রদান করিবেন। পরবর্তী কোনো তারিখে রায় দান করা হইলে তৎসম্পর্কে পক্ষগণ বা তাঁহার নিযক্ত কৌসনিকে নোটিশ দিতে হইবে। ৩ নিয়ম-অনুসারে, রায় ঘোষণা করিবার সময়ে প্রকাশ্য আদালতে বিচারক উহাতে স্বাক্ষর ও তারিখ দিবেন। রায় একবার স্বাক্ষরিত হইলে কেবল ১৫২ ধারা বা রিভিউ করা ব্যতীত উহার কোনো সংশোধন বা সংযোজন করা যাইবে না। ৪ নিয়ম-অনুসারে, স্বল্প এখতিয়ারের আদালতের রায়ে কেবলমাত্র বিচার্য বিষয় ও তৎসম্পর্কে আদালতের সিদ্ধান্ত উল্লেখ করিলেই চলিবে। অন্যান্য আদালতের রায়ে মামলার সংক্ষিপ্ত বিবরণ, বিচার্য বিষয়, তৎসম্পর্কে আদালতের সিদ্ধান্ত এবং সেই সিদ্ধান্তগ্রহণের কারণ উল্লেখ করিতে হইবে। ৫ ধারা-অনুসারে, যে-সকল মামলার বিভিন্ন বিচার্য বিষয় প্রণয়ন করা হইয়াছে, তাহার প্রত্যেকটি বিচার্য বিষয় সম্পর্কে আদালতের সিদ্ধান্ত ও সিদ্ধান্তগ্রহণের কারণ পৃথকভাবে উল্লেখ করিতে হইবে। রায় অন্তর্বতীকালীন (interim বা interlocutory) হইতে পারে, যখন মামলার বিচারের পূর্বে কোনো বিশেষ প্রশ্নে সিদ্ধান্ত গ্রহণ করা হয়; কিংবা চূড়ান্তও (final) ইইতে পারে, যখন মামলার বিচারের পূর্বে কোনো বিশেষ প্রশ্নে সিদ্ধান্ত গ্রহণ করা হয়, কিংবা চ্ডান্ত নিষ্পত্তি করা হয়। ইহা ব্যক্তির বিরুদ্ধে (in personam) হইতে পারে, যখন কোনো পক্ষের উপর একটি ব্যক্তিগত দায়িতা আরোপ করা হয়; কিংবা বস্তুর বিরুদ্ধে (in rem) হইতে পারে, যখন আবিষ্কার, মর্যাদা বা সম্পত্তি-সম্পর্কিত কোনো প্রশ্নে মীমাংসা করা হয়। ফৌজদারি কার্যবিধির ৩৬৬ হইতে ৩৬৯ ধারায় রায়-ঘোষণার প্রণালি বা পদ্ধতি বর্ণিত হইয়াছে। ৩৬৬ ধারা-অনসারে, আদিম এখতিয়ারসম্পন্ন ফৌজদারি আদালতের প্রত্যেকটি বিচারের রায় ঘোষণা করিতে হইবে বা রায়ের সারাংশ ব্যাখ্যা করিতে হইবে: প্রকাশ্য আদালতে বিচার সমাণ্ড হইবার অব্যবহিত পরেই অথবা পরবর্তী কোনো সময়ে যে-সময় সম্পর্কে পক্ষণণকে বা তাঁহাদের উকিলকে নোটিশ দিতে হইবে, এবং আদালতের ভাষায় অথবা আসামি বা তাঁহার অ্যাডভোকেটের বোধগম্য কোনো ভাষায়: তবে শর্ত থাকে যে. বাদীপক্ষ বা আসামিপক্ষ অনুরোধ করিলে বিচারক সমগ্র রায় পডিয়া ভনাইবেন। রায় শ্রবণের জন্য আসামি আদালতে উপস্থিত থাকিবেন, তবে ব্যক্তিগত হাজিরা হইতে রেহাই দেওয়া হইলে বা কেবল জরিমানা বা খালাস দেওয়া হইলে তাঁহার অ্যাডভোকেটের উপস্থিতিতে রায় ঘোষণা করা যায়। ৩৬৭ ধারা-অনুসারে, ওই বিধিতে ভিনুরূপ বিধান না থাকিলে প্রত্যেকটি রায় আদালতের হাকিম কর্তৃক বা তাঁহার শ্রুতিলিখন হইতে আদালতের ভাষায় বা ইংরেজি ভাষায় লিখিত হইবে এবং উহাতে বিচার্য বিষয়. সে-সম্পর্কে সিদ্ধান্ত ও সিদ্ধান্তের কারণ উল্লিখিত থাকিবে। বিচারক যখন নিজ হাতে না লিখেন তখন রায়ের প্রত্যেকটি পৃষ্ঠায় তিনি স্বাক্ষর করিবেন। আসামি যে-অপরাধে ও দণ্ডবিধির বা অন্য কোনো আইনের যে-ধারায় দণ্ডিত ইইলেন এবং তাঁহাকে যে-দণ্ড দেওয়া হইল বায়ে তাহার স্পষ্ট উল্লেখ থাকিবে। আসামিকে খালাস দেওয়া হইলে যে-অপরাধ হইতে খালাস দেওয়া হইল রায়ে তাহা উল্লেখ করিতে হইবে এবং মুক্তি দেওয়ার নির্দেশ দিতে হইবে। দওদানের কারণ রায়ে উল্লিখিত থাকিবে। ৩৬৮ ধারা-অনুসারে, কোনো ব্যক্তিকে মৃত্যুদণ্ড দেওয়া হইলে রায়ে নির্দেশ থাকিবে যে, মৃত্যু না হওয়া পর্যন্ত তাঁহাকে গলায় ফাঁসি দিয়া ঝুলাইয়া রাখিতে হইবে। ৩৬৯ ধারা-অনুসারে, এই বিধিতে অথবা অন্য কোনো আইনে ভিনুরূপ বিধান না থাকিলে রায়ে স্বাক্ষর হইবার পর কেরানির ভুল সংশোধন করা ছাড়া তাহা পরিবর্তন বা পুনর্বিবেচনা করা যাইবে না। ২. বিচার বি, যে-প্রক্রিয়ায় আদালত সিদ্ধান্তে উপনীত হন।

judgment and award রায় ও রোয়েদাদে রোয়েদাদের প্রকৃতিগত সাদৃশ্য রায়ের সহিত ততটা নয়, যতটা চুক্তির সহিত। ইহা নিবেদনরূপ চুক্তির পূর্ণতাপ্রাপ্তিমাত্র, উহার উপযুক্ত ও বৈধ পরিণতি। সালিশগণের রোয়েদাদ আদালতের নথিভুক্ত হইবার সময় হইতে আদালতের রায় হিসাবে গণ্য হয়। একটি রায় সংশ্রিষ্ট দাবি সম্বন্ধে পক্ষণ্ডলির অধিকারের একটি ন্যায়-নির্ণয়। ইহার সত্যতা নির্বাঢ় এবং ইহার সম্পর্কে বির্তক করা চলে না। এই অর্থে ইহা চূড়ান্ত ও নিষ্চায়ক।

judgment creditor রায়সিদ্ধ উত্তমর্ণ যে-ব্যক্তির অনুকৃলে আদালত একজন দেনাদারের বিরুদ্ধে রায় দিয়াছেন।

judgment debtor রায়সিদ্ধ অধমর্ণ যে-ব্যক্তির বিরুদ্ধে তাঁহার দেনা শোধ করিবার জন্য আদেশ প্রদানপূর্বক আদালতে একটি রায় লিপিবদ্ধ করা হইয়াছেন।

judgment in default বিচ্যুতিজনিত রায় default দ্র.।

judgment in personam ব্যক্তির বিরুদ্ধে রায়, ব্যক্তিপ্রভাবী রায় থে-রায়, বাহাত ও মর্মত, অধিকারের দাবিদার দুইটি পক্ষের একটির বিরুদ্ধে উচ্চারিত হয় এবং যাহা নথি হইতেই তদ্ধপ বলিয়া প্রতিভাত হয়। judgment দ্র.।

- judgment in rem বস্থুর বিরুদ্ধে রায়, সর্বপ্রভাবী রায় কোনো বিশেষ ব্যক্তি বা বস্থুর অবস্থা সম্বন্ধে উচ্চারিত যে-রায় সকল ব্যক্তির জন্য অবশ্যমান্য। ইচ্ছাপত্র-প্রমাণক আদালতে একটি ইচ্ছাপত্রের প্রমাণ-সম্পর্কিত রায় একটি সর্বপ্রভাবী রায়। judgment দ্র.।
- judgment of appellate court আপিল আদালতের রায় দেওয়ানি কার্যবিধির ৪১ আদেশের ৩০ হইতে ৩৪ নিয়মে আপিল আদালতের রায়প্রকাশের নিয়ম বা পদ্ধতি সম্পর্কে বলা হইয়াছে। দেওয়ানি কার্যবিধির ৪১ আদেশের ৩০ নিয়মে বলা হইয়াছে যে, আপিল আদালতে পক্ষণণ বা তাঁহাদের নিয়ুক্ত আ্যাডভোকেটদের বক্তব্য শ্রবণের পর এবং আপিল আদালতের কার্যক্রমের কোনো অংশ রেফারেন্স করিবার প্রয়োজন হইলে তাহা সম্পূর্ণ করিবার পর তৎক্ষণাৎ অথবা পরবর্তী অন্য কোনো তারিখে, যাহার বিজ্ঞপ্তি পক্ষণণ অথবা তাঁহাদের নিয়ুক্ত কৌসুলিদের প্রদান করিয়া প্রকাশ্য আদালতে রায় ঘোষণা করিবেন। আপিল আদালতের রায় লিখিত আকারে হইতে হইবে এবং উহাতে সিদ্ধান্তের বিষয়সমূহ, তৎসম্পর্কে আপিল করা হইয়াছে তাহা রদবদল বা বাতিল করা হইলে সেই ক্ষেত্রে অপিলকারী যে-সকল প্রতিকার লাভ করিবেন এবং য়ায়ঘোষণার সময়ে বিচারক বা মতৈক্য-পোষণকারী বিচারকগণ উহাতে সাক্ষর করিবেন ও তারিখ দিবেন।
- judgment of Supreme Court সুপ্রিম কোর্টের রায় বাংলাদেশ সংবিধানের ১১১ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, আপিল বিভাগকর্তৃক ঘোষিত রায় হাইকোর্ট বিভাগের জন্য এবং সুপ্রিম কোর্টের যে-কোনো বিভাগকর্তৃক ঘোষিত আইন অধন্তন সকল আদালতের জন্য অবশামান্য হইবে।
- judgment summons রায়সিদ্ধ সমন একটি রায় বলবৎ করিবার অধিকারসম্পন্ন কোনো ব্যক্তির আবেদনক্রমে ইংল্যান্ডের আদালত একজন রায়সিদ্ধ অধমর্ণকৈ আদালতে হাজির হইবার এবং তাঁহাকে হলফ পাঠ করাইয়। তাঁহার সামর্থ্য সম্বন্ধে তাঁহাকে পরীক্ষা করিবার জন্য নির্দেশ প্রদানপূর্বক যে-সমন জারি করেন। judgment debtor দ্র.।
- judicial adj. বৈচারিক বিণ. কোনো মামলা, বিচার বা রায়সংক্রান্ত; বিচারকসম্বন্ধীয়; বিচারালয়ের বা বিচারালয়সম্বন্ধীয়; একজন বিচারকের কর্তৃত্ব বা অধিকারিত্ব; বিচারালয়ের উপযুক্ত; বিচার-ব্যবস্থাঘটিত। বিচারক বা কোনো প্রশাসনিক কর্মকর্তা কোনো ব্যক্তি বা সংস্থার কোনো অধিকার বা দায় সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবার সময়ে যে-পদ্ধতি অবলম্বন করেন। কোনো দায়িতা আরোপ করিবার কিংবা সংশ্লিষ্ট পক্ষগুলির অধিকার বা সম্পত্তি নির্ধারণপূর্বক সিদ্ধান্ত প্রদান করিবার ক্ষমতাসম্পন্ন একটি যোগ্য কর্তৃপত্মে র কার্য ও আদেশসমূহও বৈচারিক। শব্দের অন্তর্ভুক।

judicial dictum

judicial act বৈচারিক কার্য বৈচারিক ক্ষমতা ব্যবহার করিয়া যে-কার্য করা হয়।

୯୧७

judicial activism বৈচারিক সক্রিয়তা, প্রযন্ত্রপরায়ণতা বৈচারিক নিম্পত্তিকরণ বিষয়ক একটি দর্শনবিশেষ, যদ্মারা বিচারকগণ, অন্যান্য নিয়ামকসমূহের মধ্যে, সরকারি নীতি সম্বন্ধে তাঁহাদের ব্যক্তিগত মতামতের দ্বারা তাঁহাদের নিম্পত্তিকে অনুশাসিত হইতে দেন। সাধারণত ইহার সঙ্গে এই ইন্ধিত সম্পৃক্ত থাকে যে, এই দর্শনের অনুসারীগণের ঝোঁক সংবিধানলজ্ঞান আবিদ্ধার করার দিকে এবং তাঁহারা নজির উপেক্ষা করিতেও কুন্ঠিত নহেন। এত্যসহ judicial restraint দ্র.।

judicial and ministerial powers বৈচারিক ও নির্বাহী ক্ষমতা একটি বৈচারিক সিদ্ধান্ত নিছক এমন-একটি সিদ্ধান্ত, যাহা প্রকৃতপক্ষে কঠোর আইনগত পদ্ধতি অনুসরণপূর্বক স্ববিবেচনা প্রয়োগ করিয়া গৃহীত হয়। অন্যদিকে একটি প্রায়-বৈচারিক (quasi-judicial) সিদ্ধান্ত প্রদান করেন একজন প্রশাসক বা একটি প্রশাসনিক আদালত, যাঁহার নিজন্ব পদ্ধতি অনুসরণ করিবার অধিকার রহিয়াছে, এই শর্তসাপেক্ষে যে, সাংসিদ্ধিক ন্যায়বিচারের নিয়মাবলি মান্য করা হইবে। নির্বাহী ক্ষমতা প্রয়োগ করিতে বিষয়টির গুণাগুণ বিচার করিবার প্রয়োজন হয় না, তাহা করিতে হয় নির্দেশিত মতে।

judicial cognizance বৈচারিক অবধারণ judicial notice দ্র.।

Judicial Committee of the Privy Council প্রিভি কাউনসিলের বিচারপর্ষদ ১৮৩৩ সালের জ্ডিশিয়াল কমিটি আইনদারা সৃষ্ট একটি ট্রাইব্যুনাল। লর্ড চাঙ্গেলর, লর্ড প্রেসিডেন্ট অফ দি কাউনসিল ও সাবেক নর্ড প্রেসিডেন্টগণ, লর্ডস অফ অ্যাপিল ইন অর্ডিনারি এবং প্রিভি কাউনসিলের অন্য যে-সকল সদস্য লর্ডস অফ অ্যাপিল ইন অর্ডিনারি ছিলেন, তাঁহারা এই পর্যদের সদস্য। কমনওয়েলথভুক্ত দেশসমূহের কোনো কোনো বিচারকও (যিনি প্রিভি কাউন্সিলর) ইহার সদস্য। উপনিবেশসমূহের এবং কমনওয়েলথভুক্ত যে-সকল দেশ স্বাধীনতালাভের পরেও প্রিভি কাউনসিলে আপিল করিবার বিধান বহাল রাথিয়াছে, তাহাদের আপিল শুনা কমিটির এখতিয়ার। কমিটির সিদ্ধান্তওলি সৃক্ষার্থে রায় নহে, রাজ-সরকারের উদ্দেশে পরামর্শমাত্র। যে-সকল দেশ হইতে ওই পর্যদে আপিল করা হয়, ওই সকল দেশের আদালতসমূহের উপরে ওই বিচারপর্যদের রায় নজির হিসাবে বাধ্যকর হইলেও ইংল্যান্ডের আদালতের উপর বাধ্যকর নয়, বরং প্রভাবসৃষ্টিকারী। এতৎসহ Privy Council দ্র.।

judicial confession বিচারকের নিকট স্বীকারোক্তি ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারার বিধান-অনুসারে ম্যাজিন্ট্রেটের নিকট দোষস্বীকার।

judicial dictum বৈচারিক মন্তব্য obiter dictum দ্র.।

judicial discretion আদালতের স্ববিবেচনা আদালত যেমন যুক্তিযুক্ত বিচার করেন, সেইরূপে কোনো পদক্ষেপ গ্রহণ, কোনো প্রতিকার মনজুর, কোনো সাক্ষ্যপ্রমাণ গ্রহণ করিবার বা না করিবার ক্ষমতা। পদ্ধতি ও সাক্ষ্যপ্রমাণের বহু নিয়ম স্ববিবেচনাসাপেক্ষ।

judicial immunity বৈচারিক দায়মুক্তি বিচারক হিসাবে দায়িত্বপালন হইতে উদ্ভূত ক্ষয়ক্ষতির জন্য একজন বিচারক বা ম্যাজিট্রেটের ব্যক্তিগতভাবে মামলা-মোকদমা . হইতে অব্যাহতি। বিচারক তাঁহার এখতিয়ারের মধ্যে কার্যরত থাকাকালে তাঁহার সকল উক্তি বা কার্য সম্বন্ধে এই দায়মুক্তি নির্বাঢ়, এবং সরল বিশ্বাসে করা ইইলে এখতিয়ার-বহির্ভূত কার্যও এই দায়মুক্তির আওতায় পড়িবে।

judicial inquiry বিচারবিভাগীয় তদন্ত ফৌজদারি কার্যবিধির ২০২ ধারার বিধান
অনুসারে, ম্যাজিট্রেট যখন নালিশের সত্যমিখ্যা-নিরূপণের উদ্দেশ্যে নিজে ঘটনা

সম্পর্কে তদন্ত করেন কিংবা, তিনি তৃতীয় শ্রেণীর ম্যাজিট্রেট না হইলে, তাঁহার অধীন

যে-কোনো ম্যাজিট্রেট দ্বারা, কিংবা কোনো পুলিশ অফিসার কিংবা, তিনি যাঁহাকে

উপযুক্ত মনে করেন, তাঁহার দ্বারা তদন্ত অনুষ্ঠানের আদেশ প্রদান করেন, তখন

এইরূপ তদন্তকে বৈচারিক তদন্ত বলে। উক্ত ধারার ২ (ক) উপধারা-অনুসারে,

কোনো মামলার তদন্তকালে কোনো ম্যাজিট্রেট যুক্তিযুক্ত মনে করিলে, সাক্ষীদের

শপথ গ্রহণ করিতে পারিবেন। ম্যাজিট্রেট যদি মনে করেন যে, যে-অপরাধ সম্পর্কে

নালিশ করা হইয়াছে, তাহা একমাত্র দায়রা আদালতে বিচার্য, তাহা হইলে তিনি

বাদীকে তাঁহার সমস্ত সাক্ষীকে হাজির করিতে নির্দেশ দিবেন এবং তাঁহাদিগকে শপথ

পাঠ করাইয়া সাক্ষ্য গ্রহণ করিবেন। ম্যাজিট্রেট কর্তৃক এই ধরনের তদন্তকে

বিচারবিভাগীয় তদন্ত বলা হয়।

judicial notice বৈচারিক অবগতি যে-উপায়ে একটি আদালত সাক্ষ্যপ্রমাণ না তনিয়া কিছু কিছু তথ্য প্রমাণিত বলিয়া গ্রহণ করিতে পারেন। লোকপ্রসিদ্ধ ঘটনাওলি সম্বন্ধে তদন্ত ব্যতিরেকে বৈচারিকভাবে অবহিত হওয়া যাইতে পারে; অন্য কোনো কোনো ঘটনা সম্বন্ধে (যেমন, যেসব বিষয় কোনো প্রামাণ্য সন্ধানপুস্তকে অনায়াসে যাচাই করা যায়) অনুসন্ধানপূর্বক অবহিত হওয়া যাইতে পারে। আদালত কোনো ঘটনা সম্বন্ধে বৈচারিকভাবে অবহিত হউলে, খঙনাত্মক সাক্ষ্যপ্রমাণ গ্রহণযোগ্য নহে। সাক্ষ্য আইনের ৫৭ ধারা-অনুসারে, আদালত নিম্নলিখিত বিষয়গুলি বিচারকদ্ধপে অবশ্যই অবগত হইবেন: (১) বাংলাদেশের আইনসমূহ; (২) সম্প্র বাহিনীসমূহের জন্য প্রণীত যুদ্ধসংক্রান্ত বিধিসমূহ; (৩) সংসদ এবং বর্তমানে বাংলাদেশে বলবং আইনবলে প্রতিষ্ঠিত কোনো আইনসভার কার্যপদ্ধতি।

- judicial power বিচারবিভাগীয় ক্ষমতা নাগরিকদের জীবন, স্বাধীনতা বা সম্পত্তির অধিকার-সম্পর্কিত বিরোধের প্রশ্নে সিদ্ধান্ত দান করিবার ক্ষমতা আবশ্যকীয়ভাবে রাষ্ট্রের আছে। সংবিধানে এই ব্যাপারে স্পষ্ট কোনো বিধান না থাকিলেও এই ক্ষমতা সুপ্রিম কোর্টের উপর ন্যন্ত বলিয়া ধরিয়া লইতে হইবে। Bangladesh v. A. K. M. Zahangir Hossain 34 DLR (AD) 173 দ্র.। সংশ্রিষ্ট কোনো পক্ষের অনুরোধে সুনির্দিষ্ট বিসংবাদে প্রতিদ্বন্দী পক্ষদের মধ্যে বিচার করিয়া ব্যক্তির বা সম্পত্তির অধিকার নির্ণয় করিবার ক্ষমতা। ব্যক্তির বা সম্পত্তির অধিকার নির্ণয় করিবার ক্ষমতা। ব্যক্তির বা সম্পত্তির অধিকার কিংবা কোনো কার্য করিবার উচিত্য কখন বিচারকের রায়ের বিষয়বন্তু, তাহা নির্ণয় করিবার জন্য কোনো কোনো আদালত, কর্মকর্তা বা ব্যক্তির উপর ন্যন্ত ক্ষমতা। প্রজাতব্রের বৈচারিক ক্ষমতা দেশের আদালতের উপর ন্যন্ত, যাহার শীর্ষে রহিয়াছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। Mujibur Rahman v. Bangladesh 44 DLR (AD) 111 দ্র.।
- judicial proceedings বিচার-কার্যক্রম, মোকদ্দমা কৌজদারি কার্যবিধির ৪ (ড)
 ধারা-অনুসারে, বিচার কার্যক্রমে সে-সকল কার্য অন্তর্ভুক্ত হইবে, যাহাতে
 আইনসমতভাবে শপথ পাঠ করাইয়া সাক্ষ্য গ্রহণ করা যাইতে পারে। দওবিধির ১৯৩
 ধারার ১ম ও ২য় ব্যাখ্যায় বিচার কার্যক্রমের সংজ্ঞার্থ প্রদত্ত হইয়াছে।
- judicial process বিচার-প্রক্রিয়া ব্যাপকতম অর্থে ইহার দ্বারা আদালতে একটি মামলার ওক হইতে শেষ পর্যন্ত সকল কার্যক্রম বুঝানো হয়। সংকীর্ণতর অর্থে ইহা বিবাদীকে আদালতে হাজির হইতে বাধ্য করিবার উপায় নির্দেশ করে।
- judicial restraint বৈচারিক নিষেধ বা সংযমন ১. একটি নিরোধক আদেশ বা নিষেধাজ্ঞা বা রায়ের দারা আদালতকর্তৃক আরোপিত নিষেধ। ২. একটি বিশেষ বিচার্য বিষয়ের ভিত্তিতে মামলা নিম্পত্তি করিতে পারিলে, আদালতের উচিত অপ্রয়োজনীয় বিচার্য বিষয়াদিতে প্রবেশ না করিয়া মামলাটি নিম্পত্তি করা, এই মূলসূত্র। ৩. বৈচারিক নিম্পত্তিকরণ সম্বন্ধীয় একটি দর্শনবিশেষ, যদ্দারা বিচারকগণ জনসাধারণের মঙ্গল সম্বন্ধে তাঁহাদের ব্যক্তিগত বিশ্বাসকে প্রশ্রয় না দিয়া ওধু আইন যেভাবে প্রণীত ইইয়াছে সেইভাবে এবং নজির অনুযায়ী ব্যাখ্যা করিবার প্রয়াস পান।
- judicial review বৈচারিক পুনর্বিবেচনা যে-সরলীকৃত পদ্ধতি-অনুসারে নিম্নতর আদালত, ট্রাইব্যুনাল ও প্রশাসনিক কর্তৃপক্ষসমূহের বিরুদ্ধে ইংল্যান্ডের হাইকোর্টে বিশেষাধিকারমূলক ও অন্যান্য প্রতিকার লাভ করা যাইতে পারে। কোনো সিদ্ধান্তের বৈচারিক পুনর্বিবেচনার জন্য আবেদন করা হইলে আদালত একটি বাতিলকরণ আদেশ (quashing order), আজ্ঞাপক আদেশ (mandatory order), নিষেধাত্মক

আদেশ (prohibition order), ঘোষণা (declaration) বা প্রতিষেধাজ্ঞা (injunction) মনজুর করিতে পারেন । ইহা ছাড়া আদালত ক্ষতিপূরণের আদেশও প্রদান করিতে পারেন ।

- judicial separation order আইনানুগ পৃথগ্বাসের আদেশ স্বামী-গ্রীকে একএ বাস করিতে হইবে না বলিয়া আদালতের একটি আদেশ। এই আদেশের দ্বারা বিবাহবন্ধন ছিন্ন হয় না, তবে ইহার দ্বারা দুইপক্ষ বৈবাহিক দায়দায়িত্ব হইতে অব্যাহতি প্রাপ্ত হন। বিবাহবিচ্ছেদের ব্যাপারে ধর্মীয় আপত্তি থাকিলে কিংবা পক্ষদ্বয় বিবাহবিচ্ছেদের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ না করিয়া থাকিলে, আইনানুগ পৃথগ্বাসের আদেশ উপযোগী। পৃথগ্বাসের হেতুসমূহ ও বিবাহবিচ্ছেদের হেতুসমূহ অভিন্ন।
- judiciary n. ১. বিচার বিভাগ সরকারের যে-বিভাগ আইনের ব্যাখ্যাপ্রদান ও বিচারকার্য পরিচালনায় নিযুক্ত। ২. বিচারব্যবস্থা বি. আদালতসমূহের সামগ্রিক সংস্থিতি। ৩. বিচারকমণ্ডলী বি. বিচারব্যবস্থায় নিযুক্ত সকল বিচারক।
- junior adj. কনিষ্ঠ, অধন্তন বিণ. কমবয়সী, পরবর্তীতে জন্মলাভকারী, পদমর্যাদায় পরে নিযুক্ত ইত্যাদি অর্থনির্দেশক। কোনো নির্দিষ্ট ব্যক্তিকে বুঝাইবার জন্য সংযোজন বা বর্ণনা; একই নামের দুই ব্যক্তিকে পার্থক্য করিবার জন্য একজনের নামের সহিত ব্যবহৃত শব্দ; একই স্থানের একই নামের দুই ব্যক্তির মধ্যে জ্যেষ্ঠ ইইতে কনিষ্ঠকে আলাদা করিয়া বুঝাইবার জন্য ব্যবহৃত শব্দ। ইহা এক অনিয়মিত এবং অস্থায়ী বৈষম্য যাহা কেবল প্রেক্ষাপট বিবেচনায় ব্যবহৃত হইতে এবং তিরোহিত হইতে পারে। ইহা কোনো ব্যক্তির নামের অংশ নহে, তবে যে-ব্যক্তি স্বাক্ষর করিবার সময়ে সাধারণত ইহা যুক্ত করেন, সেই ব্যক্তি নির্বাচনের মনোনয়নপত্রে ইহা যুক্ত করিয়া স্বাক্ষর করিয়া থাকিলে তাঁহার মনোনয়নপত্র বাতিল ইইবে না, যদিও নির্বাচকমগুলীর নামের তালিকায় সেই ব্যক্তির নাম উক্তরূপ সংযোজন ছাড়া নিবন্ধিত হইয়া থাকে।
- junior barrister কনিষ্ঠ ব্যারিস্টার কুইনস কাউনসেল (Queen's Counsel)
 নামীয় জ্যেষ্ঠ ব্যারিস্টার নন, এমন যে-কোনো ব্যারিস্টার। 'কনিষ্ঠ' শব্দটি অপরিহার্যত
 জ্যেষ্ঠতার অভাব বা তারুণ্য সূচিত করে না। আইনজীবী সম্প্রদায়ের অনেক সদস্যই
 তাঁহাদের সমগ্র কর্মজীবনব্যাপী কনিষ্ঠ ব্যারিস্টার থাকিয়া যান।
- jura in re aliena or servitudes অন্যের সম্পত্তিতে অধিকার কিংবা পারতন্ত্র্য অন্য একটি রিক্থের (estate) উপকারার্থে বা সুবিধার্থে কোনো রিক্থের উপর ন্যন্ত একটি দায়িত্ব বা ভার। ইহা এক ধরনের বিমূর্ত অধিকার, যাহা রোমান আইনে jura in re aliena (পরস্বে অধিকার) নামে পরিচিত এক শ্রেণীর আইনের অন্তর্ভুক্ত।

- jure gestionis আইনানুগ কার্যনির্বাহ যেসব সংস্থা রাষ্ট্রীয় মালিকানাধীন, কিন্তু রাষ্ট্রের অঙ্গ বলিয়া বিবেচিত হয় না, ইহা তাহাদের বাণিজ্যিক লেনদেন বর্ণনা করে। আন্তর্জাতিক আইনে রাষ্ট্র এইরূপ লেনদেনের দায়িত্ব গ্রহণ করে এবং দায়মুক্তি দাবি করে না। jure imperii তু.।
- jure imperii আইনানুগ কর্তব্যসম্পাদন ইহা রাষ্ট্রীয় সংস্থা বা প্রতিনিধিদের, যেমন কূটনৈতিকদের, লেনদেন বর্ণনা করে। আন্তর্জাতিক আইনে রাষ্ট্র এইরূপ সংব্যবহার ইইতে দায়মৃক্তি দাবি করে। jure gestionis তু.।
- juridical adj. বিচারকার্যসম্বন্ধীয় বিণ বৈচারিক কার্যধারা বা আইনসম্বন্ধীয়। যেসব দিনে আইনি কার্য সম্পাদিত হইত, সেইসব দিনকে বৈচারিক দিবস (juridical days) বলা হইত।
- jurisdiction n. এখতিয়ার, অধিকারক্ষেত্র বি. ১. কোনো মামলা শুনা কিংবা নিম্পত্তি করা কিংবা কোনো আদেশ প্রদান করা সম্পর্কে আদালতের ক্ষমতা। দেওয়ানি ও ফৌজদারি মামলায় এখতিয়ারের বাহিরে আদালত বিচার করিতে পারেন না। দেওয়ানি মোকদ্দমার ক্ষেত্রে সাধারণত তিন ধরনের এখতিয়ার রহিয়ছে, যথা: (১) আর্থিক এখতিয়ার, (২) স্থানিক (territorial) এখতিয়ার, এবং (৩) আইন-নির্দিষ্ট এখতিয়ার। দেওয়ানি আদালতের আর্থিক এখতিয়ার সম্পর্কে দেওয়ানি আদালতে আইনের ১৮ ও ১৯ ধারায় ও স্থানিক এখতিয়ার সম্পর্কে দেওয়ানি কার্যবিধির ১৫-২০ ধারায় উল্লেখিত হইয়াছে। ফৌজদারি কার্যবিধির ১৭৭ হইতে ১৮৫ ধারায় ফৌজদারি আদালতের এখতিয়ার বর্ণিত হইয়াছে। ২. যে-স্থানিক সীমার মধ্যে কোনো আদালতের এখতিয়ার প্রয়োগ করা যাইতে পারে। ইংল্যান্ডের আদালতগুলির ক্ষত্রে এই এখতিয়ারের অন্তর্ভুক্ত ইংল্যান্ড, ওয়েলস, বেরউইক-আপন-টুইড এবং সমুদ্রের যেসব অংশ রাষ্ট্রীয় জলসীমা বিলয়া দাবি করা হয়। ৩. সংসদের আইনপ্রণয়নক্ষযতার ভূখওগত পরিধি। sovereignty of parliament দ্রা.।
- jurisdiction clause এখিতিয়ারবিষয়ক অনুচ্ছেদ ১. (আইনে) একটি আরজিতে যে-বিবৃতির দ্বারা মামলাটি সম্বন্ধে ব্যবস্থাগ্রহণ আদালতের এখতিয়ারভুক্ত বলিয়া ঘোষণা করা হয়। ২. (ন্যায়পরতাভিত্তিক রেওয়াজ) দরখান্তের যে-অংশের উদ্দিষ্ট ন্যায়পরতানির্ভর প্রণালির বাহিরে পর্যাপ্ত প্রতিকার প্রাপ্তি সম্ভবপর নহে, সচরাচর এইরূপ একটি দৃঢ়োক্তির (averment) দ্বারা আদালতের এখতিয়ার প্রমাণ করা।
- juris et de jure আইনসম্বন্ধীয় ও আইন হইতে আইনত ও আইনপ্ৰসূত। একটি অথংনীয় প্ৰাক্পত্যয় বা অনুমান এইভাবে বৰ্ণিত হয়। presumption দ্ৰ.।

- jurisprudence n. আইনশান্ত্র, ব্যবহারশান্ত্র বি. আইন-বিষয়ক বিজ্ঞান। পরিশব্দি এক্ষণে যথোচিতভাবে এই পারিভাষিক অর্থে ব্যবহার করা হইলেও, যথাক্রমে ব্যুৎপত্তি, ঐতিহাসিক দৈবযোগ বা ধ্বনিমাধুর্যের অন্তেষণহেতু নানান অর্থে ব্যবহৃত হইয়াছে। 'ব্যুৎপত্তিগতভাবে, juris scient in-এর মতো 'jurisprudentiae' (আইনের জ্ঞান) নির্দেশ করিত তাঁহার দেশের আইন সম্বন্ধে কেবলমাত্র তত্টুকু জ্ঞান, যাহা রোমে আইন-ব্যবসায়ে নিযুক্ত একজন আইনজ্ঞের দখলে ছিল। ইতিহাসের দৈবক্রমে ফ্রান্সে 'jurisprudence'-এর অর্থ দাঁড়াইয়াছে আদালতসমূহের সিদ্ধান্ত। তবে পরিশব্দি একটি সুনির্দিষ্ট ও পারিভাষিক অর্থে ব্যবহার করা অপরিহার্থ। এইভাবে ব্যবহৃত হইলে, jurisprudence হইতেছে সেই বিজ্ঞানের নাম, যাহা আইনের প্রত্যয়গুলির সংজ্ঞার্থ নির্ণয় করে এবং উহাদের পর্যবেক্ষিত পারম্পরিক সাযুজ্য-জনুযায়ী উহাদের শ্রেণীবদ্ধ করে। সুতরাং আইনশান্ত্রের বিষয়বস্তু হইতেছে, 'আইন' বলিতে কী বুঝায়, আইনের উৎস ও প্রকারগুলি কী কী, এবং আইনের দ্বারা কী উদ্দেশ্য সাধিত হয়, এই প্রশুগুলির মীমাংসা করা।
- juristic person (artificial person) আইনানুগ ব্যক্তি (কৃত্রিম ব্যক্তি) এমন-কোনো সন্তা, যাহার একটি আইনগত ব্যক্তিসন্তা রহিয়াছে বলিয়া স্বীকৃত, অর্থাৎ উহা আইনানুগ অধিকার ও কর্তব্য ভোগ করিতে এবং আইনানুগ অধিকার ও কর্তব্যের অধীন হইতে পারে। যেমন, একটি সংস্থা। ইহার সহিত বৈপরীত্য করা হয় মনুষ্যসন্তার, যাহা স্বাভাবিক ব্যক্তি নামে অভিহিত হয়। corporation ও natural person দ্রা.।
- jury n. জুরিমগুলী বি. একটি মামলার ঘটনা সম্পর্কে সিদ্ধান্ত দিবার জন্য আপতিকভাবে মনোনীত একদল জুরি। অধিকাংশ জুরিকে মনোনীত করা হয় অপরাধের বিচারের জন্য, তবে করোনারের সুরতহালের জন্য এবং কোনো কোনো দেওয়ানি মামলায়ও (যেমন, মানহানির মামলায়) জুরি মনোনীত হন। আইনের প্রশ্নে

আদালত জুরিদের নির্দেশ প্রদান করেন এবং বাদী ও বিবাদী পক্ষের সাক্ষ্যের সারসংক্ষেপ জুরিদের বুঝাইয়া দেন, যেন তাঁহারা ঘটনা-সম্পর্কিত সকল প্রশ্নে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারেন। সম্ভব হইলে সর্বসন্মত সিদ্ধান্ত প্রদান করা সমীচীন, তবে সংখ্যাগরিষ্ঠের সিদ্ধান্ত গ্রহণযোগ্য।

jus n. জুস একটি আইন বা অধিকার।

jus accrescendi উত্তরজীবিভার অধিকার right of survivorship দ্র. ৷

jus accresendi inter mercatores pro beneficio commercii locum non habet বাণিজ্যের শ্রীবৃদ্ধির জন্য বণিকদের মধ্যে উত্তরজীবিতার অধিকারের স্থান নাই শরিকি সম্পত্তিতে যে-সকল শরিকের অংশ প্রথানুগ আইনে একটি যৌথ প্রজাম্বত্ব, ন্যায়পরতা-অনুযায়ী তাঁহারা সহপ্রজা বলিয়া গণ্য হইবেন, এই মূলসূত্রসূচক একটি বচন। যেমন, একজন শরিকের মৃত্যুতে শরিকি সম্পত্তিতে তাঁহার অংশ উত্তরজীবী শরিকদের অধিকারভুক্ত না হইয়া তাঁহার রিক্থের অঙ্গীভূত হইবে। joint tenancy ও tenancy in common দ্র.।

jus civile দেশীয় আইন ১. দেশীয় আইন (municipal law)। ২.সমগ্র রোমক আইন।

jus cogens অবশ্যমান্য আইন আন্তর্জাতিক আইনে এমন কোনো নিয়ম বা মৃলসূত্র, যাহা এতই মৌলিক যে, উহা সকল রাট্রের জন্য অবশ্যপালনীয়। কখনো কখনো সুনিন্চিত নিয়ম (peremptory norms) নামে অভিহিত এইরূপ নিয়ম তখনই শুধু অবশ্যমান্য আইনে পরিণত হয়, যখন উহা সমগ্র আন্তর্জাতিক সম্প্রদায় অবশ্যমান্য বিলয়া স্বীকার করে। কোনো চুক্তি কোনো বিদ্যমান অবশ্যমান্য নিয়মের বিরোধী হইলে, উহা বাতিল বলিয়া গণ্য হয় এবং যদি কোনো নতুন অবশ্যমান্য নিয়মের উদ্ভব ঘটে, তবে উহার বিরোধী যে-কোনো বিদ্যমান চুক্তি স্বতঃক্রিয়ভাবে অসিদ্ধ হইয়া যায়। রাষ্ট্রসমূহ এমন কোনো আঞ্চলিক প্রচলিত আইন প্রণয়ন করিতে পারে না, যাহা অবশ্যমান্য আইনের বিরোধী। অধিকাংশ বিশেষজ্ঞ একমত যে, ক্রীতদাসপ্রথা, গণহত্যা, জলদস্যুতা এবং অভিগ্রহাত্মক কার্যকলাপ কিংবা শক্তির অবৈধ ব্যবহার নিষেধার্থক আইনগুলি অবশ্যমান্য আইন। কাহারো কাহারো মতে মানবাধিকারের কিছু কিছু বিধানও (যেমন, জাতিগত বৈষম্য নিষেধার্থক বিধান) অবশ্যমান্য আইনের শ্রেণীভুক্ত।

jus gentium জনগণের আইন international law দ্র.।

jus in re aliena অপরের সম্পত্তিতে অধিকার encumbrance দ্র.। নিজ সম্পত্তিতে অধিকারের (jus in re propria) সহিত ইহার বৈপরীত্য করা হয়। jus naturale (%)

jus naturale প্রাকৃতিক আইন সকল আইনের মূল উপাদান। natural law দ্র. !

jus sanguinis রক্ত-সম্পর্কিত আইন জন্ম যেরানেই হউক, পিতামাতা যে-দেশের নাগরিক, তাঁহাদের সন্তান-সন্ততিও সেই দেশের নাগরিক, এই মূলসূত্র। ইহা মৃতিকা-সম্পর্কিত আইনের বিপরীত। শেষোক্ত আইন-অনুযায়ী নাগরিকত্ব জনাস্থানের উপর নির্ভর করে। যে-সকল রাষ্ট্রে (যেমন, ফ্রাঙ্গ ও জার্মানিতে) রক্তঘটিত আইন প্রযোজ্য, সেখানে অন্য একটি রাষ্ট্রের নাগরিক পিতা-মাতার সন্তানের জন্ম হইলে, এইতিয়ারের সংঘাত দেখা দিতে পারে। দৃষ্টান্তস্বরূপ, মার্কিন যুক্তরাষ্ট্রে ফরাসি পিতামাতার একটি সন্তানের জন্ম হইলে, সে মৃত্তিকা-সম্পর্কিত আইনে মার্কিন নাগরিক, কিন্তু রক্ত-সম্পর্কিত আইনে ফরাসি নাগরিক। তাঁহার কার্যকর নাগরিকত্ব নির্ভর করিবে ঘটনাচক্রে তিনি যে-এখতিয়াভুক্ত তাহার উপর। মার্কিন যুক্তরাষ্ট্রে তিনি একজন মার্কিন নাগরিক, ফ্রাঙ্গে একজন ফরাসি; অন্য যে-কোনো দেশে তিনি উভয় দেশের নাগরিক। jus soli দ্র.।

jus soli মৃত্তিকা-সম্পর্কিত আইন যে নিয়ম-অনুযায়ী কোনো রাট্টে জন্মগ্রহণই পিতামাতার নাগরিকত্ব-নির্বিশেষে নাগরিকত্ব অর্পণের জন্য যথেষ্ট । যুক্তরাজ্য ও যুক্তরা্ট্র আদিতে এই মূলসূত্রটির কঠোর ভাষ্যের অনুগত ছিল। সুতরাং স্বাগতিক রাট্ট্রের ভূখণ্ডে কোনো ভিনদেশি নাগরিকের কোনো সন্তান জন্মগ্রহণ করিলে, সে জন্মাবিধি স্বতঃক্রিয়ভাবে ওই রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণ করিত। অধিকাংশ এখতিয়ার (যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যসহ) বর্তমানে মৃত্তিকা-সম্পর্কিত আইন ও রক্ত-সম্পর্কিত আইনের একটি সমন্বিত রূপ অনুসরণ করে। jus sanguinis ও alien দ্র.।

just and equitable winding-up ন্যায্য ও ন্যায়সংগত অবসায়ন সুবিচারের নিমিত্ত একটি আবশ্যিক অবসায়ন। দৃষ্টান্তস্বরূপ, যদি কোম্পানির উদ্দেশ্যসিদ্ধি করা না যায়, যদি ব্যবস্থাপনায় অচলাবস্থার সৃষ্টি হয়, কিংবা গুরুতর অনিয়মের আশ্রয়গ্রহণের জন্য ব্যবস্থাপনা দোষী হইয়া থাকে, কিংবা সদস্যদের মধ্যে পারম্পরিক আস্থার ভিত্তিতে পরিচালিত ছোট কোম্পানিগুলিতে, যদি সংখ্যাগরিষ্ঠ সদস্যগণ কোম্পানি গঠন করিবার সময়ে সদস্যদের মধ্যে সম্পন্ন কোনো সর্বজনীন সমঝোতা লঙ্জ্যনপূর্বক তাঁহাদের আইনসম্মত অধিকার প্রয়োগ করিয়া থাকেন, তাহা ইইলে এইরূপ অবসায়ন ঘটিতে পারে। তবে সংখ্যালঘুদের সুরক্ষার অন্য কোনো রূপ অধিকতর সংগত হইলে, অবসায়নের আদেশ প্রদান করা হইবে না। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৪১ ধারা-অনুসারে আদালত বাধ্যতামূলক অবসায়নের আদেশ দিতে পারেন। এতৎসহ unfair prejudice দ্র.।

just cause ন্যায্য কারণ 'কোনো কিছু করিবার ক্ষেত্রে আদালতকে ন্যায্য কারণ প্রদর্শন করিতে হয়' উক্তিটির অর্থ, কিছু সারগর্ভ যুক্তি বা কারণ অবশ্যই দেখাইতে ইইবে। আদালতের কার্যকারণ বা আদালতের কার্যের ভিত্তি সম্পর্কে বোধগম্যভাবে আলোকপাত করা আদালতের কর্তব্য যাহাতে সংশ্লিষ্ট পক্ষগণ আদালত-প্রদত্ত আদেশ বা রায়ের ন্যায্য কারণ বৃঝিতে পারে।

jus tertii তৃতীয়পক্ষের অধিকার সম্পত্তি সম্পর্কে কোনো পক্ষের বিরুদ্ধে মামলা রুজু করা হইলে, ওই পক্ষ যদি এই বলিয়া সাফাই গায় যে, উক্ত সম্পত্তিতে দাবিদারের অপেক্ষা তৃতীয় একটি পক্ষের অধিকতর ন্যায়সংগত দাবি রহিয়াছে, তাহা হইলে উহা তৃতীয়পক্ষের অধিকার নামে অভিহিত হয়।

justice n. ন্যায়বিচার বি. ইহা একটি নৈতিক আদর্শ, যাহা আইন অধিকারের সুরক্ষা ও অন্যায়ের শাস্তিতে সমুনুত রাখিবার চেষ্টা করে। ন্যায়বিচার ও আইন সমার্থক নহে। কোনো আইন অন্যায়্য বলিয়া অভিহিত হইতে পারে। তবে ইংল্যান্তে আইন ও ন্যায়বিচার প্রায় সমীকৃত এবং Justice of the Peace, Royal Courts of Justice, administration of justice প্রভৃতি শব্দগুচ্ছে শব্দটি আইনব্যবস্থায় প্রায়শ ব্যবহৃত হয়।

justice, equity and good conscience ন্যায়বিচার, ন্যায়পরতা ও স্বিবেক উপমহাদেশের সম্পর্কে 'ন্যায়বিচার, ন্যায়পরতা ও সুবিবেক' শব্দগুলির অর্থ কার্যত ইংল্যান্ডের আইনের মামলাসমূহ, মূলসূত্রাবলি ও নিয়মাবলি, যদি তাহা উপমহাদেশীয় সমাজ ও পরিস্থিতি সম্বন্ধে প্রযোজ্য বলিয়া প্রমাণিত হয়। ন্যায়বিচার, ন্যায়পরতা ও সুবিবেক-অনুয়ায়ী একটি মামলার নিষ্পত্তি বলিতে সাধারণত অনুরূপ পরিস্থিতি সম্বন্ধে প্রযোজ্য ইংল্যান্ডের আইনের মূলসূত্রাবলি-অনুয়ায়ী নিষ্পত্তি বুঝাইয়া থাকে। ১৮৮৭ সালের দেওয়ানি আদালত আইনের ৩৭ ধারার (২) উপধারা-অনুসারে, উক্ত উপধারার (১) উপধারায় বা আপাতত বলবৎ অপর কোনো আইনে যে-সকল বিষয় বিধান করা হয় নাই সে-সকল বিষয়ে আদালত ন্যায়বিচার, ন্যায়পরতা ও সুবিবেক-অনুয়ায়ী কর্ম করিবেন।

Justice of the Peace (JP) জান্টিস অম্ব দি পিস জান্টিস অফ দি পিস একটি অতি
পুরাতন পদ। সম্ভবত ১৭২৬ সালে এই পদের সৃষ্টি হয়। সুপ্রিম কোর্টের প্রত্যেক
বিচারক পদাধিকারবলে সমগ্র বাংলাদেশের জান্টিস অফ দি পিস; দায়রা বিচারক ও
জেলা ম্যাজিস্ট্রেটগণ এবং মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ পদাধিকারবলে তাঁহাদিগের
অধিক্ষেত্রভুক্ত এলাকার জন্য জান্টিস অফ দি পিস থাকেন। সরকারি গেজেটে বিজ্ঞপ্তি
প্রকাশ করিয়া বাংলাদেশের বাসিন্দা ও কোনো বিদেশি রাষ্ট্রের নাগরিক নহেন, এইরূপ
যে-কোনো ব্যক্তিকে বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোনো স্থানীয় এলাকার জান্টিস অফ দি পিস
বা অবৈতনিক ম্যাজিস্ট্রেট নিযুক্ত করা যাইতে পারে। এইরূপ ক্ষেত্রে নিয়োগপত্রে
তাঁহাদের কর্তব্য ও অধিকারের বর্ণনা দেওয়া হইয়া থাকে।

justices' clerk (%)

justices' clerk বিচারকের করণিক clerk to the justices দ্র.।

justiciable adj. বিচারণীয়, বিচারযোগ্য বিণ, আদালতে পরীক্ষণীয়, আদালতের ব্যবস্থাগ্রণসাপেক্ষ।

- justifiable cause যুক্তিযুক্ত কারণ কোনো আইনে যদি এইরূপ বিধান থাকে যে, কোনো নৌযানের কর্ণধার, তাঁহার জাহাজে অবস্থানকালে, বিদ্নেষবশত এবং যুক্তিযুক্ত কারণ ব্যতিরেকে ওইরূপ নৌযানের কোনো কর্মকর্তা বা নাবিককে তীরে অবতরণ করিতে বাধ্য করিবেন না, কিংবা তাঁহাকে কোনো বিদেশি বন্দর বা স্থানে পরিতাগ করিবেন না, কিংবা জাহাজের যে-সকল কর্মকর্তা ও নাবিককে তিনি সঙ্গে করিয়া লইয়া গিয়াছিলেন, তাঁহারা স্বদেশ-প্রত্যাবর্তনে সমর্থ ও ইচ্ছুক হইলে তিনি তাঁহানের স্বদেশে ফিরাইয়া আনিতে অসম্মত হইবেন না, তাহা হইলে 'যুক্তিযুক্ত কারণ' কথাটি এমন যে-কোনো অসদাচরণ বলিয়া ব্যাখ্যা করা যাইবে না, যাহা সামুদ্র আইনের সাধারণ মূলসূত্রাবলি-অনুযায়ী একজন নাবিককে কোনো বিদেশি বন্দরে ছাড়িয়া দিবার পর্যাপ্ত কারণ বলিয়া গণ্য হইবে। যুক্তিযুক্ত কারণ উদ্ভূত হয় কেবল অসাধারণ জক্লরি পরিস্থিতিতে এবং চরম ক্ষেত্রে, যখন অন্যথায় কর্মকর্তা ও নাবিকদের নিরাপত্তা, সমুদ্র-যাত্রার যথাযথ নির্বাহ কিংবা জাহাজের নিয়মশৃঙ্খলা নিয়মিতভাবে বলবৎকরণ বিপন্ন হইবে।
- justifiable homicide ন্যায্য নরহত্যা বিনাদোষে বা বিনা-অপরাধে কোনো মানুষকে এমনভাবে হত্যা করা, যেন উহা আইনের আজ্ঞাবতী হইয়া করা হইয়ছে। আবশ্যক আত্মরকা কিংবা বাসস্থান, সম্পত্তি বা ব্যক্তির প্রতিরক্ষার্থে নরহত্যা। homicide দ্র.।
- justification n. যৌক্তিকতা প্রতিপাদন মানহানির মামলায় এই বলিয়া আত্মপক্ষসমর্থন যে, মানহানিকর যে-উক্তিটি করা হইয়াছে, উহা সত্য। মানহানির জন্য দেওয়ানি মামলায় সত্যতা একটি পূর্ণান্ত সাফাই, যদি না অতিবাহিত শান্তি সম্বন্ধে সত্য বিবৃতি বিদ্বেষপূর্বক করা হইয়াছে বলিয়া প্রমাণিত হয়। ২. অন্য কাহারো চুক্তিসম্মত বা ব্যবসায়িক সম্পর্কে হস্তক্ষেপ করা ন্যায়সংগত ছিল বলিয়া আত্মপক্ষসমর্থন বা সাফাই।
- justifying bail জামিনের যৌক্তিকতা প্রতিপাদন জামিনদার যে-জামিনে নির্ধারিত জামানত পরিশোধ করিতে সমর্থ, তাহা জামিনপ্রদানকারী কর্তৃক আদালতে প্রমাণ করা (যেমন, নিজের আর্থিক সংগতি প্রদর্শন করা)। যে-বিবাদীকে জামিন দেওয়া ইইতেছে, তিনি যদি জামিন হওয়ার দরুন উদ্ভূত তাঁহার জামিনদারের কোনো ক্ষতি পূরণ করিতে সন্মত হন, তবে ইংল্যান্ডে উহা একটি দওনীয় অপরাধ।

- just provocation যথার্থ প্রকোপন অন্যথায় যাহা পূর্বকল্পিত প্রথম শ্রেণীর খুন, তাহা
 নিমপুনে গণ্য করিবার জন্য একটি 'আইনসম্মত' বা 'যুক্তিসংগত' প্রকোপন থাকা
 উচিত। যেমন, একটি আঘাত বা প্রহার। তবে যাহা পূর্বপরিকল্পিত প্রথম শ্রেণীর খুন
 হইত, উহার পূর্বকল্পনার উপাদানটুকু অপনোদন করিয়া উহাকে নিম-খুনে পরিণত
 করিতে হইলে, পীড়াদায়ক ও অপমানজনক তিরস্কারই 'যথার্থ প্রকোপন' বলিয়া গণ্য
 হইতে পারে।
- just satisfaction ন্যায্য পরিতোষণ ইউরোপীয় মানবাধিকার আদালত কর্তৃক ১৯৯৮ সালের মানবাধিকার আইন-অনুযায়ী দাবি সম্পর্কে প্রদন্ত থেসারতের ভিত্তি। অনেক ক্ষেত্রে আদালত মানবাধিকার লজ্ঞিত হইয়াছে বলিয়া সিদ্ধান্ত গ্রহণ করিলেও এই সিদ্ধান্তটিই একটি ন্যায্য পরিতোষণ, এই যুক্তিতে কোনো খেসারত প্রদান করিতে অধীকার করেন। এই স্ববিবেচনাসাপেক্ষে আর্থিক ক্ষতি, অর্থবহির্ভূত ক্ষতি এবং খরচ ও ব্যয় বাবদ খেসারত আদায় করা যাইতে পারে।
- juvenile court কিশোর আদালত ১৯৭৪ সালের শিন্ত আইনের ৩ ধারা-অনুসারে সরকার যে-কোনো এলাকার জন্য সরকারি গেজেটে বিজ্ঞপ্তির দ্বারা এক বা একাধিক কিশোর আদালত প্রতিষ্ঠা করিতে পারিবেন। youth court দ্র.।
- juvenile delinquency কৈশোর অপরাধ একটি কিশোরের মধ্যে সমাজবিরোধী আচরণ, বিপথগামিতা ও অসংশোধনীয়তার লক্ষণযুক্ত একটি অবস্থা। ১৬ বৎসরের কমবয়স্ক কোনো ব্যক্তির দ্বারা সংঘটিত একটি অপরাধ। juvenile offender দ্র.।
- juvenile offender কিশোর অপরাধী' ইংল্যান্ডে ১০ হইতে ১৭ বৎসর বয়সী অপরাধ-সংগঠনকারী কোনো ব্যক্তি। ১৪ হইতে ১৭ বৎসর বয়সী একজন অপরাধী তরুণ অপরাধী বলিয়া পরিচিত। নরহত্যার জন্য অভিযুক্ত না হইলে, লিখিত অভিযোগের ভিত্তিতে, এমন কি কোনো অভিযোজ্য অপরাধের (indictable offence) জন্যও সাধারণত একটি শিশুর (১০ হইতে ১৪ বৎসর বয়সী) বিচার করা যায় না। একজন তরুণ অপরাধী যদি নরহত্যার জন্য কিংবা এমন কোনো অপরাধের জন্য অপরাধী হন, যেজন্য একজন প্রাপ্তবয়ন্ধ ব্যক্তি অন্যূন ১৪ বৎসর কারাদণ্ডে দণ্ডিত হইতে পারেন কিংবা তিনি যদি ১৮ বৎসর কিংবা তদ্ধর্ম বর্মসের কোনো ব্যক্তির সহিত যৌথভাবে অভিযুক্ত হন এবং যদি তাঁহাদের যৌথভাবে বিচার করিবার প্রয়োজন অনুভূত হয়, তাহা হইলে লিখিত অভিযোগের ভিত্তিতে তাহার বিচার করা যাইতে পারে। অন্য সকল ক্ষেত্রে, কিশোর অপরাধীদের অবশাই কোনো ম্যাজিস্ট্রেটের আদালতে বা কিশোর আদালতে বিচার করিতে হইবে; তাহারা দোষী বিন্যা সিদ্ধান্ত গ্রহণ করা যাইতে পারে, কিন্তু তাহারা 'দোষী সাব্যন্ত' হইয়াছে বলিয়া

juxtaposition @b8

বর্ণনা করা যাইবে না। একজন-কিশোর অপরাধীকে কারাদণ্ডে দণ্ডিত করা যায় না; তাহার বদলে তাহাকে তরুণ অপরাধীদের কোনো সংশোধানাগারে আটক রাখিবার জন্য আদেশ দেওয়া যাইতে পারে। বাংলাদেশে ১৯৭৪ সালের শিশু আইন-অনুসারে, ১৬ বংসরের কমবয়ৢয় অপরাধীদের যুব আদালতে বিচার করিবার বিধান করা ইইয়াছে। দণ্ডবিধির ৮২ ধারা-অনুসারে, সাত বংসরের কমবয়য় শিশুদের কোনো কিছুই কোনো অপরাধ নহে। ৮৩ ধারা-অনুসারে, ৭ বংসরের বেশি ও ১২ বংসরের কমবয়য় শিশু— যাহার বোধশক্তি অপরিপক্ক— তাহারকৃত কোনো কিছুই কোনো অপরাধ নহে।

juxtaposition n. সন্নিধান বি. দুই বা ততোধিক বস্তু পাশাপাশি বা কাছাকাছি স্থাপন।

Κk

- kabala n. কবালা, দলিল বি. সম্পন্তি-হস্তান্তর আইনের বিধান-অনুসারে নিবন্ধনের মাধ্যমে সম্পন্তি-হস্তান্তরের প্রক্রিয়া। যে-কোনো সম্পন্তি বা স্বত্ব রিক্রয়ের দলিল। একজন বিচারককর্তৃক স্বাক্ষরিত যে-কোনো ক্রয়-বিক্রয়চুক্তি, একটি মুচলেকা, বিক্রয়চুক্তি, স্বত্বের দলিল ইত্যাদি। কবালাতে দাতা-গ্রহীতার নাম, সম্পন্তির পরিচয়, সম্পন্তি-হস্তান্তরের শর্ত, তারিখ প্রভৃতি উল্লেখ থাকে।
- kabinnama n. কাবিননামা বি. ইসলাম ধর্মানুসারে অনুষ্ঠিত বিবাহ সম্পন্ন হওয়ার দিনিল। কাবিননামায় স্বামী-প্রীর ঠিকানা, দেনমোহর ও অন্যান্য শর্ত। কাবিননামা প্রমাণ করিবার ব্যর্থতা বিবাহ অপ্রমাণ করে না। কিন্তু ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশের বিধান-অনুসারে কাবিননামা নিবন্ধন করা বাধ্যতামূলক।
- kabuliyat n. কবুলিয়ত বি. প্রজাকর্তৃক ভূম্যধিকারী বরাবরে সম্পাদিত খাজনা দেও্যার অঙ্গীকারপত্র। প্রজার বরাবরে ভূম্যধিকারী প্রদন্ত পাটা গ্রহণ বা কবুল করা। ইজারাগ্রহীতা কর্তৃক ভূম্যধিকারী বরাবরে ইজারার শর্তস্বীকারে প্রদন্ত দলিল।
- kangaroo n. ক্যাঙ্গারু বি. সংসদীয় পরিভাষায় ক্যাঙ্গারু হইল কোনো বিলের উপর উথাপিত অনেক সংশোধনী প্রস্তাব হইতে আলোচনার জন্য একটি গ্রহণের প্রক্রিয়া। ব্রিট্রেনের হাউস অফ কমপ্সের চেয়ারম্যান অফ এ কমিটি অফ দ্য হোল হাউস কোন সংশোধনীগুলি সম্পর্কে আলোচনা করা হইবে তাহা নির্ধারণ করেন। যেসব সংশোধনী তিনি 'লাফ দিয়া' পার হন সেইগুলি অনালোচিত থাকে।
- kangaroo court ক্যাঙ্গাৰু আদালত এমন কিছু অনানুষ্ঠানিক আদালতকে বুঝায়, যেগুলো ভিনু মতাবলম্বীদের বিরুদ্ধে আইন ও যুক্তির ব্যবহার ছাড়াই শান্তির বিধান করে। ক্যাঙ্গারু যেমন অস্বাভাবিকভাবে চলে, ক্যাঙ্গারু আদালতও তেমনি আইন, মুক্তি ও নিয়ম-নীতির ভুল ও বিকৃত ব্যাখ্যা দেয়।
- kanungo n. কানুনগো বি. সুলতানি ও বাদশাহি আমলের রাজস্বসংক্রান্ত আইনকানুন ও প্রথাপদ্ধতি সম্পর্কে জ্ঞাতসার কর্মচারী। তাঁহার কাজ ছিল ভূমিরাজস্বধার্যকারী সরকারি কর্মকর্তাকে স্থানীয় অবস্থা, প্রথা, পদ্ধতি, জমির পরিমাণ,
 উৎপাদনক্ষমতা, ফসলের মূল্য, পূর্ববর্তী খাজনার পরিমাণ ইত্যাদি সম্পর্কে অবহিত
 করিয়া যথাযথভাবে জমাধার্যে সাহায্য করা। বর্তমানে একজন সরকারি রাজস্ব
 কর্মচারী, যাঁহার কাজ হইল ভূমি-জরিপের সময়ে আমিন বা ভূমি-জরিপকারীর
 কাজের তদারক করা।

karsha vb. & n. কর্মা ক্রি. ও বি. চাষ করা। কর্মা জমি অর্থাৎ চাষ করা বা চাষযোগ্য জমি। বরিশাল জেলার দখলি স্বত্বের প্রজা।

- karta n. কর্তা বি. হিন্দু আইন-অনুসারে যিনি যৌথ হিন্দু পরিবারের সম্পতি ও বিষয়াদির ব্যবস্থাপনা ও যাবতীয় স্বার্থ সংরক্ষণ করেন। তিনি যৌথ পরিবারের যাবতীয় আয় নিজের ইচ্ছানুযায়ী পরিবারের স্বার্থে ধরচ করিতে পারেন। পরিবারের সদস্য কেহ কর্তার কার্যে ক্ষত্রিগুন্ত হইলে ওই সদস্য সম্পত্তির বিভাগ-বন্টনও দাবি করিতে পারেন। যৌথ পরিবারের আইনগত প্রয়োজনে অথবা যৌথ সম্পত্তির হিতার্থে এজমালি সম্পত্তির কিছু অংশ কর্তা বিক্রয় অথবা দায়বদ্ধ করিতে পারেন। কর্তা যৌথ সম্পত্তির কিছু অংশ কর্তা বিক্রয় অথবা দায়বদ্ধ করিতে পারেন। কর্তা যৌথ সম্পত্তির জায় আঅসাং করিলে তিনি সেজন্য দায়ী হন এবং যে-কোনো শরিক ডজ্জন্য হিসাবনিকাশ দাবি করিতে পারেন।
- katkabala n. কটকবালা বি. শর্ভাধীনে বিক্রয়ের মাধ্যমে বন্ধক। বাংলাদেশে কটকবালা নামে পরিচিত। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৮(গ) ধারা-অনুসারে, দাতা যখন বন্ধককৃত সম্পত্তি এই শর্তে দৃশ্যত বিক্রয় করেন যে, একটি নির্দিষ্ট তারিখে ঋণের টাকা পরিশোধ করা না হইলে বিক্রয় চূড়ান্ত হইয়া যাইবে, অথবা ওই টাকা পরিশোধ করা হইলে বিক্রয় বাতিল হইয়া যাইবে, অথবা টাকা পরিশোধ করা হইলে বিক্রেতা ক্রেতাকে সম্পত্তি ফিরাইয়া দিবেন, তখন তাহা শর্তাধীনে বিক্রয়ের মাধ্যমে বন্ধক বলে। এই ধরনের বন্ধকের দলিলকে সাধারণত কটকবালা বলা হয়, তবে অন্যান্য বন্ধকের দলিলকেও কটকবালা বলা যাইতে পারে। রাষ্ট্রীয় অধ্যেহণ ও প্রজাস্বত্ব আইনের বিধান-অনুসারে খাইখালাসি বন্ধক ছাড়া অন্য কোনো বন্ধক বা রেহেন আইনসংগত নহে।

kayemi mokarari কায়েমি মোকররি নির্দিষ্ট জমার স্থায়ী প্রজাস্বত্ব।

- kazi n. কান্ধি বি. মুসলিম আইন-অনুসারে বিচারক। মুসলিম-শাসিত রাষ্ট্রে যাঁহারা বিচার করেন তাঁহাদেরকে কান্ধি বলা হয়। বাংলাদেশে যাঁহারা মুসলিম বিবাহ রেজিট্রি বা কাবিননামা করিতে সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত তাঁহাদেরকেও কান্ধি বলা হয়।
- kazi and miradil কান্ধি এবং মির আদিল কান্ধির কান্ধ হইল মামলা তদন্ত করিয়া রায় দেওয়া আর মির আদিলের কান্ধ হইল ওই সিদ্ধান্ত কার্যকর করা।
- kazi-ul-kuzzat কান্ধি-উল-কুজ্জাত প্রধান কান্ধি। এদেশের বাদশাহি ও সুলতানি আমলে প্রধান বিচারপতি ওই নামে অভিহিত হইত। ব্রিটিশ শাসন আমলেও বহুকাল ওই পদ অব্যাহত ছিল। ইংরাজদের বিচারব্যবস্থা চালু হইবার পর ১৮৬৪ সালের ১১ আইনদারা কান্ধি-উল-কজ্জাত এবং নগর ও পরগণার কান্ধির পদ বিলুগু হয়।

१४९ khas land

keeping the peace শান্তিরক্ষা করা এমনভাবে আচরণ করা, যাহার দারা শান্তিভঙ্গ বা শান্তির প্রতি হমিকি সৃষ্টি (যেমন, জনশৃধ্বলা নাই করা) না হয়। ইংল্যান্ডে শান্তিরক্ষার জন্য ব্যক্তির নিকট হইতে মুচলেকা লইবার অথবা শান্তিরক্ষায় ব্যর্থভার জন্য (ব্যক্তিগভভাবে বা জামিনদারের মাধ্যমে) অর্থের জামানত দিতে বাধ্য করিবার ব্যাপক ক্ষমতা ম্যাজিস্ট্রেটের আদালতের আছে। ফৌজদারি মামলায় অভিযুক্ত কোনো বিবাদীর প্রতি অথবা (শান্তিভঙ্গ হইতে পারে বলিয়া কোনো সাক্ষ্য থাকিলে) কাহারো আবেদনক্রমে যে-কোনো ব্যক্তির প্রতি ওইরূপ আদেশ দেওয়া যায়। একজন ব্যক্তিকে যে-কোনো পরিমাণ অর্থ প্রদানের জন্য অথবা যে-কোনো সময়ের জন্য অনুরূপ আদেশপালনে বাধ্য করা যায়। তিনি মুচলেকা দিতে অথবা জামানত দিতে অস্বীকার করিলে সঙ্গে সংস্কৃত্রতিক কারারন্দ্র করা যায় (তিনি কোনো অপরাধ না করিয়া থাকিলেও)। ফৌজদারি কার্যবিধির ১০৬ ধারায় কতিপয় অপরাধে দত্তিত ব্যক্তিকে এবং ১০৭ ধারায় অন্যান্য ক্ষেত্রে কোনো ব্যক্তি শান্তিভঙ্গ করিতে পারে বলিয়া প্রতীয়মান হইলে ম্যাজিস্ট্রেট তাঁহাকে গ্রেপ্তার করিতে, কারারন্দ্র করিতে ও মুচলেকা প্রদানে বাধ্য করিতে পারেন। এতৎসহ breach of the peace দ্র.।

kerb crawling রাস্তায় উৎপাত পুরুষমানুষের পক্ষে রাস্তায় বা প্রকাশ্যস্থানে মেটরণাড়িতে বসিয়া বা তাহা হইতে অবতরণ করিবার সঙ্গে সঙ্গে কোনো মহিলাকে বেশ্যাবৃত্তির জন্য আহ্বান করার অপরাধ, যদি তাহা নাছোড়বান্দার মতো করা হয় বা তাহা মহিলার বা নিকটবর্তী ব্যক্তিদের বিরক্তি উৎপাদন করিতে পারে। ইহা ইংল্যান্ডের আইনে একটি অপরাধ। বাংলাদেশে দণ্ডবিধির ৫০৯ ধারা-অনুসারেও ডদ্রেপ আচরণ দণ্ডনীয় অপরাধ। soliciting দ্র.।

khanapuri খানাপুরি জরিপের সময়ে মৌজার নক্শা প্রস্তুত হওয়ার পর খতিয়ান প্রণয়নকালে খতিয়ানের প্রত্যেকটি কলাম অথবা ঘর সরদার আমিন নামক জরিপ কর্মচারী কর্তৃক পুরণ করা।

khanqah n. খানকা বি. যেখানে বসিয়া মুসলিম পির-মুরশিদ ধর্মীয় উপদেশআদেশ দেন এবং উক্ত উপদেশ শ্রবণের জন্য শ্রোত্বর্গ উপস্থিত থাকেন।

kharij dakhila খারিজ দাখিলা রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ত্ব আইনের বিধান-অনুসারে, অধিগ্রহণ বা জোত আলাদা করিয়া লইলে যিনি আলাদা করিয়া লন তাঁহার নামে স্বতন্ত্র জোত খোলা হয় এবং আলাদাভাবে খাজনা লওয়া হয়। আলাদাভাবে খাজনা লওয়ার রসিদ বা দাখিলাকে খারিজ দাখিলা বলে। মূল জোত ইইতে নিজের অংশ আলাদা করিয়া লইয়া অন্য একটি হোল্ডিং বা জোত খোলাকে খারিজ বলে।

khas land খাস জমি ভূম্যধিকারীর নিজ দখলের জমি, বর্তমানে সরকারে ন্যন্ত জমি, যাহা স্থায়ী বন্দোবস্ত দেওয়া হয় নাই। জমাবন্দি রেজিন্টারের অর্থাৎ ১ রেজিন্টারের ১ র্যতিয়ানের জমি। সরকারের খাস জমির বিবরণ ৮ রেজিন্টারে লিপিবদ্ধ থাকে। khas mahal (the

khas mahal খাস মহাল চিরস্থায়ী বন্দোবন্তের সময় হইতে যে-সকল ভূসম্পত্তির ব্যবস্থাপনা সরকারের পক্ষে জেলা কালেক্টর সরাসরি তাঁহার অধীন কর্মচারীদের ঘারা করাইতেন। বর্তমানে জেলা কালেক্টরের খাস মহাল শাখার নিয়ন্ত্রণাধীন জমি।

- khas possession খাস দখল প্রকৃত দখল। কোনো সম্পন্তির মালিক কর্তৃক স্বয়ং বা পরিবারের সদস্য বা কর্মচারীর মাধ্যমে সম্পন্তিদখল। জমিতে একটি দৃঢ় অবস্থান, একটি প্রকৃত প্রবেশন, একটি বাস্তবিক দখল ও অধিকৃতি।
- khasra n. খসড়া বি. ভূমি জরিপ করিবার সময় মাঠ পর্যায়ে জমির প্রতি দাগের মালিক দখলকারের নাম, খতিরানের নম্বর, কৃষি জমির শ্রেণী ও পরিমাণ, ফসলের বিবরণ, বাড়ি-ঘর, গো-মহিষ, হাঁস-মুরণি ও অন্যান্য সম্পদের বিবরণ সংবলিত ফরম বা ছক। খসড়ায় কৃষি-সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি জরিপের সময়ে লিপিবদ্ধ করা হয়।
- khatian n. খতিয়ান বি. জমি-জমার বিবরণ-সংবলিত জরিপকালে প্রণীত সরকারি দলিল। খতিয়ানে জমির দাগ নম্বর, পরিমাণ, প্রকৃতি, খাজনার পরিমাণ, প্রজা ও ভূম্যধিকারীর নাম ইত্যাদি বিবরণ লিপিবদ্ধ থাকে।
- khoola n. খুলা বি. মুসলিম-আইনে স্বামী বা প্রী উভয়ের ইচ্ছানুসারে তালাক দেওয়ার পদ্ধতিকে খুলা বলা হয়। খুলা তালাক প্রীর অনুমতি ও অনুরোধক্রমে কার্যকর হয়। ইহাতে প্রী তাঁহাকে বিবাহবন্ধন হইতে মুক্তি দেওয়ার জন্য স্বামীকে কোনো বিনিময়-মূল্য প্রদান করেন বা করিবার অঙ্গীকার করেন। এই তালাকের ক্ষেত্রে স্বামী বা প্রীর ইচ্ছানুসারে লেনদেন স্থির হয়। খুলা তালাক একবার গৃহীত হইলে তাহা অখণ্ডনীয় তালাকে পরিণত হয়।
- khorposh n. ভরণপোষণ, খোরপোশ বি. মুসলিম আইনে ভরণপোষণের অর্থ হইতেছে খাদা, বন্ধ এবং আশ্রয়। মুসলিম আইন-অনুসারে, যতদিন পুত্র সাবালক না হয় এবং কন্যা বিবাহিত না হয়, ততদিন পর্যন্ত পিতা ভরণ-পোষণ করিতে বাধ্য। পিতা দরিদ্র এবং অসমর্থ হইলে মাতা ভরণ-পোষণ করিবেন এবং মাতা অসমর্থ হইলে পিতার পিতা অর্থাৎ দাদার উপর এই দায়িত্ব বর্তায়। যাঁহার সামর্থ্য আছে, তিনি দরিদ্র পিতা-মাতা, দাদা-দাদি ও নানা-নানিকে ভরণপোষণ করিতে বাধা। হিন্দু আইনে নিম্নলিখিত ব্যক্তিগণ ভরণপোষণ পাওয়ার অধিকারী: (ক) সম্পত্তি না থাকিলে ও একজন হিন্দু নিজের নাবালক পুত্র, অবিবাহিত কন্যা এবং পিতামাতার ভরণ-পোষণ করিতে বাধ্য; (খ) সকল পুরুষ, তাঁহাদের স্ত্রী ও সন্তানদের ভরণ-পোষণ করিতে পরিবারের কর্তা বাধ্য; (গ) একজন মৃত ব্যক্তি যাঁহাদের ভরণপোষণে বাধ্য; ছিলেন তাঁহার উত্তরাধিকারী মৃত ব্যক্তির সম্পত্তি হইতে তাঁহাদের ভরণপোষণে বাধ্য;

(ঘ) অক্ষম বা অযোগ্য সন্তানের ভরণপোষণে পিতা বাধ্য, পিতার অবর্তমানে উত্তরাধিকারী বাধ্য, (১) সম্পত্তি না থাকিলেও খ্রীকে আজীবন ভরণপোষণে স্বামী বাধ্য, তবে স্ত্রী অসতী হইলে অথবা ব্যভিচারের উদ্দেশ্যে অন্যত্র গমন করিলে ভরণপোষণ পাইবেন না: (চ) অবৈধ পত্রের ভরণপোষণ করিতে পিতা বাধ্য। হিন্দু আইনে কোনো নারী নিম্নলিখিত কারণে স্বামী হইতে স্বতন্ত্র থাকিয়াও ভরণপোষণ পাইবেন : (১) স্বামী দুরারোগ্য কুষ্ঠ, সিফিলিস ইত্যাদি সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হইলে; (২) স্বামী নিষ্ঠর আচরণ করিলে যাহার ফলে জীবনের আশস্কা থাকিলে; (৩) স্বামী গুহে উপপত্নী রাখিয়া বসবাস করিলে: (৪) স্ত্রী-বর্তমানে স্বামী পুনরায় বিবাহ করিলে; অথবা (৫) ব্রীর অনুমতি ব্যতীত স্বামী তাঁহাকে পরিত্যাগ করিলে। মুসলিম আইন-অনুসারেও স্বামী তাঁহার স্ত্রীকে ভরণপোষণ দিতে বাধ্য। স্বামী যদি দিতীয় বিবাহ করেন অথবা দেনমোহর প্রদান করিতে অস্বীকৃতি জানান তবে সকল ন্ত্রী অন্যত্র বসবাস করিয়াও ভরণপোষণ পাওয়ার অধিকারী হইবেন। বিবাহ-বিচ্ছেদের পর গ্রী ইন্দতকালীন ভরণপোষণ পাওয়ার অধিকারী। ফৌজদারি কার্যবিধির ৪৮৮ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি যদি তাঁহার স্ত্রীকে বা তাঁহার বৈধ বা অবৈধ সন্তান, যে নিজের ভরণপোষণে অক্ষম, তাহাকে ভরণপোষণ করিতে অবহেলা বা অস্বীকার করেন, তাহা হইলে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট এইরূপ অবহেলা বা অস্বীকৃতি প্রমাণিত হওয়ার পর যেরূপ উপযুক্ত মনে করেন সেরূপ মাসিক সর্বমোট অনধিক চারূশত টাকা উক্ত স্ত্রী বা উক্ত সন্তানকে মাসিক ভাতা দেওয়ার এবং তিনি বিভিন্ন সময়ে যে-ব্যক্তিকে নির্দিষ্ট করিয়া দেন সেই ব্যক্তির নিকট উহা প্রদানের জন্য উক্ত ব্যক্তিকে আদেশ দিতে পারিবেন। ১৯৮৫ সালের পারিবারিক আইন অধ্যাদেশ-অনসারে ভরণপোষণ-সংক্রান্ত মোকদ্দমা পারিবারিক আদালতে বিচারযোগ্য করা হইয়াছে।

khud-kasht n. খোদ কশ্ত, খোদকাস্তা বি. নিজ বসত গ্রামের ভূমি চাষকারী রায়ত বা প্রজা যাঁহারা ভূম্যধিকারীকে প্রথাসম্মত হারে খাজনা পরিশোধ করেন। বংশানুক্রমিকভাবে তাঁহাদের দখলি জমি ভোগ করিবার অধিকার ছিল।

kidnapping n. অপহরণ, মনুষ্যহরণ বি. দণ্ডবিধির ৩৫৯ ধারা-অনুসারে, অপহরণ বা মনুষ্যহরণ দুই প্রকারের: বাংলাদেশ হইতে মনুষ্যহরণ ও আইনানুগ অভিভাবকত্ব্ ইতৈ মনুষ্যহরণ। দণ্ডবিধির ৩৬০ ধারা-অনুসারে, যে-ব্যক্তি, কোনো ব্যক্তিকে তাঁহার সম্মতিব্যতিরেকে বা উক্ত ব্যক্তির পক্ষে সম্মতিদানের জন্য আইনত ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তির সম্মতিব্যতিরেকে বাংলাদেশের সীমানার বাহিরে বহন করিয়া লন, সেই ব্যক্তি তাঁহাকে বাংলাদেশ হইতে অপহরণ করেন বলিয়া গণ্য হইবেন। দণ্ডবিধির ৩৬১ ধারা-অনুসারে, যে-ব্যক্তি, পুরুষের ক্ষেত্রে চৌদ্দ বৎসরের কমবয়য়, বা নারীর ক্ষেত্রে ষোল বৎসরের কমবয়য় কোনো নাবালক বা কোনো অপ্রকৃতিস্থ ব্যক্তির আইনানুগ অভিভাবকের তত্ত্বাবধান হইতে, অনুরূপ অভিভাবকের সম্মতি-ব্যতিরেকে

kindred (%)

তাঁহাকে লইয়া যান বা প্রলুব্ধ করিয়া লইয়া যান, সেই ব্যক্তি অনুরূপ নাবালক বা অপ্রকৃতিস্থ ব্যক্তিকে আইনানুগ অভিভাবকত্ব হইতে অপহরণ করেন বলিয়া গণ্য হইবে। দণ্ডবিধির ৩৬২ ধারায় কেহ কোনো ব্যক্তিকে বলপ্রয়োগে বা শঠতামূলে একস্থান হইতে অন্যস্থানে যাইতে বাধ্য করিলে বা প্ররোচিত করিলে তাহাও অপহরণ হইবে। এতৎসহ abduction ও hostage তু.।

- kindred n. জ্ঞাতি, আত্মীয়স্বজন বি. জন্মঘটিত বা রক্তের সম্বন্ধ নির্দেশ করিবার জন্য ব্যবহৃত একটি পরিশব্দ। জ্ঞাতিবর্গ বলিতে এমন কিছু ব্যক্তির সমষ্টিকে বৃঝায় যাঁহারা পরস্পর সণোত্র বা আত্মীয়তাসূত্রে আবদ্ধ। আইনে তিন মাত্রার জ্ঞাতিবর্গ স্বীকৃত: সরাসরি অবরোহী বংশপরস্পরা, সরাসরি আরোহী বংশপরস্পরা এবং বংশপরস্পরা।
- King's Counsel কিংস কাউনসেল, রাজকৌসুলি যুক্তরাজ্য ও কানাডায় এবং যে-সকল ভৃথওে এই পদমর্যাদা রক্ষিত হইয়াছে, সেইখানে রাজার কৌসুলি হিসাবে কার্য করিবার জন্য নিযুক্ত একজন বিশিষ্ট ও জ্যেষ্ঠ ব্যারিন্টার বা আইনজীবী। তিনি জ্যেষ্ঠ কৌসুলি নামেও অভিহিত হন। Leading Counsel ও Queen's Counsel দ্র.।
- kleptomania n. চৌর্যোন্মাদ বি. চুরি করিবার অপ্রতিরোধ্য প্রবৃত্তি-সৃষ্টিকারী মানসিক ব্যাধিবিশেষ।
- knew vb. জ্ঞাত থাকা ক্রি. দওবিধির ১৪৯ ধারায় ব্যবহৃত এই শব্দটি অপরাধ সংঘটনকালের মনের অবস্থার ইঙ্গিত দেয় এবং যাহা পরবর্তী ঘটনাসমূহের আলোকে লব্ধ জ্ঞান অন্তর্ভুক্ত করে না।
- knock-out agreement অপসরণের চুক্তি ব্যবসায়ীদের মধ্যে নিলামে একজন অপরজনের বিরুদ্ধে ডাক না দিবার চুক্তি। এইরূপ চুক্তি বেআইনি।
- knowhow n. ব্যবহারিক জ্ঞান প্রায়শ পেটেন্ট-সহযোগে ব্যবহৃত কারিগরি তথ্য। ব্যবহারিকজ্ঞান-সম্পর্কিত লাইসেন্সের চুক্তিতে কী কী শর্ত অন্তর্ভুক্ত করা হইতে পারে, ইউরোপীয় ইউনিয়নের ২৪০/ ৯৬ প্রবিধান তাহা নিয়ন্ত্রণ করে।
- knowingly adv. জ্ঞাতসারে ক্রি. বিণ. জ্ঞানত; জ্ঞানপূর্বক; সচেতনভাবে; উদ্দেশ্যপ্রণোদিতভাবে; জানিয়া-ণ্ডনিয়া; ইচ্ছাকৃতভাবে। যখন কেহ তাঁহার আচরণের প্রকৃতি সম্বন্ধে সচেতন থাকিয়া কোনো কার্য করেন, তখন তিনি 'জ্ঞাতসারে' ওই কার্য করেন। একটি কার্য 'জ্ঞাতসারে' বা 'উদ্দেশ্যমূলকভাবে' করা হয়, যদি উহা ইচ্ছাকৃত হয়, যদি উহা সচেতন উদ্দেশ্য, অভিপ্রায় বা পরিকল্পনা-প্রসৃত হয় এবং উহার সম্ভাব্য পরিণাম সম্বন্ধে সচেতনতা-সহকারে করা হয়।

- knowing receipt জ্ঞাতসারে গ্রহণ বিশ্বাসভঙ্গ হইতেছে জানিয়াও যদি কোনো অসংশ্লিষ্ট ব্যক্তি ন্যাস-সম্পত্তি গ্রহণ করেন, তবে তিনি উক্ত সম্পত্তি বা তাহা হইতে উদ্ভূত সুবিধাদির জন্য উক্ত সম্পত্তির হিতথাহীদের নিকট দায়ী থাকিবেন। tracing trust property দ্র.।
- knowledge n. জ্ঞান বি. সত্যতা সম্পর্কে সুনির্দিষ্ট উপলব্ধি; বিশ্বাস যাহা নৈতিক নিচয়তার সন্দেহাতীত চেতনা গঠন বা সৃষ্টি করে; তথ্য, বুদ্ধিমন্তা, ইদিতপূর্ণ সত্যতা, প্রমাণ ও প্রত্যয়; জানিবার কার্য বা অবস্থা; ঘটনার সুস্পষ্ট উপলব্ধি; যাহা জ্ঞাত বা জানা যায় এইরূপ; নিরূপণযোগ্য বিষয়সমূহের সহিত পরিচিতি; সুনির্দিষ্ট সংবাদ; স্থির বিশ্বাস; যুক্তিসংগত মত; মানুষের শিক্ষার বিষয় হইতে পারে, এইরূপ যে-কোনো বিষয়। জ্ঞাত সবকিছুর সমষ্টি। 'বিজ্ঞপ্তি' শব্দটি 'জ্ঞান' শব্দের সমার্থক শব্দ নহে। 'বিজ্ঞপ্তি' তথ্য হইলেও সেই তথ্যে প্রত্যয় না জন্মানো পর্যন্ত তাহা 'জ্ঞান' হয় না।
- known sources of income আরের জ্ঞাত উৎসসমূহ 'আরের জ্ঞাত উৎসসমূহ' বিবাদীর জ্ঞাত হইলে চলিবে না, একটি পুজ্খানুপুঙ্খ তদন্তের মাধ্যমে বাদীপক্ষের নিকট জ্ঞাত হইতে হইবে।
- korfa tenant কোর্ফা প্রজা মূল রায়তের নিকট হইতে সম্পত্তি বন্দোবন্তপ্রাপ্ত অধীনস্থ রায়ত। কোনো রায়ত যদি তাঁহার রায়তির কোনো অংশ অন্য একজনের নিকট বন্দোবন্ত দেন তখন সেই ব্যক্তি কোর্ফা বা কোল-রায়ত হিসাবে পরিচিত হন। তাঁহাকে দর-রায়তও বলা হয়। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ও ধারার বিধান-অনুসারে কোর্ফা রায়ত সরাসরি সরকারের অধীনে প্রজা হিসাবে গণ্য হন।
- kutchery bari কাছারি বাড়ি বসতবাড়ি বা বসতবাড়ি-সংলগ্ন ছাড়া খাজনা আদায়ের জন্য নির্মিত বাড়ি। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ২০ (২) ধারা-অনুসারে কাছারি বাড়ি, যাহা বসতবাড়ির অংশ বা সংলগ্ন নহে, তাহা কোনো প্রজা নিজ খাস দখলে রাখিতে পারিবেন না।

label n. লেবেল বি. পণ্যের উপরে উহার লিখিত বিবরণ-সংবলিত কাগজ। কোনো বস্তু বা সামগ্রীর পরিচিতি। কোনো বস্তু বা সামগ্রীর গন্তব্য বা মালিকানা চিহ্নিত করিয়া গায়ে আঁটা কাগজের টুকরায় মুদ্রিত কোনো নির্দেশ বা ঘোষণাপত্র।

labour n. শ্রম বি. হস্ত-সাধিত ও কায়িক শ্রমলব্ধ কাজ; কঠোর শারীরিক প্রকৃতির শ্রমসাধ্য প্রয়াস; যাহা করিবার জন্য শক্তির কষ্টকর প্রচেষ্টা দরকার হয়। কৃষি বা নির্মাণ কাজ বা কোনো কিছু উৎপাদনের মতো প্রয়োজনীয় উদ্দেশ্যে পরিচালিত কঠিন পেশিগত উদ্যোগ; বৃদ্ধিবৃত্তিক প্রয়াস বা মানসিক উদ্যম। উৎপাদন বা নির্মাণ কাজে অংশ নেয় এইরূপ শ্রমিক বা কর্মী। এতৎসহ worker and workman ও labour union দ্র.।

labour appellate tribunal শ্রম আপিল ট্রাইব্যুনাল ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ৩৮ ধারা-অনুসারে, আপিল ট্রাইব্যুনাল একজনমাত্র সদস্য লইয়া গঠিত হইবে, থাঁহাকে সরকারি গোজেট প্রজ্ঞাপনদ্বারা সরকার নিযুক্ত করিবেন। হাইকোর্টের বিচারপতি অথবা অতিরিক্ত বিচারপতি পদে নিযুক্ত ছিলেন বা আছেন, এমন ব্যক্তিকে শ্রম আপিল ট্রাইব্যুনালের সদস্য নিয়োগ করা যাইবে।

labour court শ্রম আদালত সরকারি গেজেটে প্রজ্ঞাপন প্রকাশ করিয়া সরকার নিজস্ব বিবেচনায় যতগুলি শ্রম আদালত প্রয়োজন, ততগুলি শ্রম আদালত প্রতিষ্ঠা করিতে পারেন এবং কোথাও একাধিক শ্রম আদানত প্রতিষ্ঠিত হইলে ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের অধীনে তাঁহাদের প্রত্যেকের ক্ষমতাভুক্ত এলাকা সরকারি গেজেটে প্রজ্ঞাপিত করিবেন। সরকার কর্তৃক নিযুক্ত একজন চেয়ারম্যান এবং চেয়ারম্যানকে পরামর্শপ্রদানের উদ্দেশ্যে দুইজন সদস্য নিযুক্ত হইবেন। তাঁহাদের একজন মালিকপক্ষের এবং অপরজন শ্রমিকদের প্রতিনিধিত্ব করিবেন। কেবল হাইকোর্ট বিভাগের বিচারক বা অতিরিক্ত বিচারক অথবা জেলা জজ বা অতিরিক্ত জেলা জজ পদে অধিষ্ঠিত ছিলেন বা আছেন কিংবা অনুরূপ পদে নিযুক্তির যোগ্যতাসম্পন্ন ব্যক্তি ছাডা অন্য কোনো ব্যক্তি চেয়ারম্যানপদে নিয়োগলাভের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না। সরকার নির্ধারিত পদ্ধতিতে সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে দুইটি প্যানেল গঠন করিবেন, যাহার একটি গঠিত হইবে মালিকদের প্রতিনিধি লইয়া এবং অন্যটি শ্রমিকদের প্রতিনিধি লইয়া। প্রতিটি প্যানেল অন্ধিক পাঁচ ব্যক্তি লইয়া গঠিত হইবে। শর্ত হইতেছে এই যে, সরকার অনুরূপ भारतन প্রতি দুই বংসর পর পর পুনর্গঠন করিবেন, তবে দুই বংসর মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও প্যানেল না হওয়া পর্যন্ত অনুরূপ প্যানেলে বহাল থাকিবে। সুনির্দিষ্ট

শিল্পবিরোধ সম্পর্কিত মোকদ্দমার বিচার, তদন্ত, সিদ্ধান্তগ্রহণ বা নিযুক্তির জন্য চেয়ারম্যান (৪) উপধারা-মোতাবেক গঠিত দুইটি প্যানেলের প্রত্যেকটি হইতে একজন করিয়া ব্যক্তিকে মনোনীত করিবেন এবং অনুরূপ মনোনীত ব্যক্তিবর্গ বা চেয়ারম্যানকে লইয়া উক্ত নির্দিষ্ট শিল্পবিরোধ-বিষয়ে শ্রম আদালত গঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে। শর্ত হইতেছে এই যে, শ্রম আদালতে বিচারাধীন একাধিক যোকদ্দমার ব্যাপারে চেয়ারম্যান প্যানেলসমূহের মধ্য হইতে যে-কোনো সদস্যকে মনোনীত করিতে পারিবেন। নিম্নোক্ত বিষয়ে শ্রম আদালতের একচ্ছত্র এখতিয়ার থাকিবে : (ক) অধ্যাদেশ মোতাবেক ইহার নিকট আনীত বা প্রেরিত শিল্পবিরোধের বিচার এবং সিদ্ধান্ত গ্রহণ করিবেন; (খ) মীমাংসার শর্তসমূহ কার্যকরণ অথবা ভঙ্গকরণ সংক্রান্ত যে-কোনো বিষয় সরকার উত্থাপন করিলে সে-বিষয়ে তদন্ত ও বিচার করিবেন; (গ) অধ্যাদেশের অধীন কৃত অপরাধের এবং সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপনদারা নির্দিষ্ট যে-কোনো আইনের অধীনে কৃত অপরাধের বিচার করিবেন; (ঘ) অধ্যাদেশঘারা বা অধ্যাদেশের অধীনে অথবা অন্য যে-কোনো আইনের অধীনে ন্যন্ত বা প্রাপ্ত অন্য যে-কোনো ক্ষমতা প্রয়োগ ও দায়িত পালন করিবেন। ১৯২৩ সালের শ্রমিকদের ক্ষতিপুরণ আইনের অথবা ১৯৩৬ সালের মজুরি পরিশোধ আইনে যাহাই বলা হইয়া থাকুক না কেন সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে সরকার কোনো শ্রম আদালতকে উপরিউক্ত আইনসমূহের অধীনে যে-কোনো ক্ষমতা প্রয়োগের অধিকার নান্ত করিয়া উক্ত আইনে কর্তৃপক্ষ নিয়োগ করিতে পারেন। সংশ্রিষ্ট · আইন-অনুসারে শ্রম আদালত অনুরূপ কর্তৃপক্ষ বিবেচিত হইবেন এবং উক্ত ক্ষমতা ু প্রয়োগ করিবেন। শ্রম আদালতের কোনো সদস্য যদি আদালতের কার্যক্রমে অনুপস্থিত থাকেন অথবা অন্য কোনো কারণে উপস্থিত হইতে অসমর্থ হন, তাহা হইলেও আদালতের কাজ অব্যাহতভাবে চলিতে পারিবে এবং সদস্যের অনুপস্থিতিতে আদালত তাঁহার সিদ্ধান্ত বা রোয়েদাদ প্রদান করিতে পারিবেন। কেবল কোনো সদস্যের অনুরূপ অনুপস্থিতিতে বা শূন্যতার কারণে অথবা শ্রম আদালত গঠনের কোনো ব্রুটির অজুহাতে আদালতের কোনো কার্যক্রমের সিদ্ধান্ত বা কোনো রোয়েদাদ বাতিল হইবে না বা ইহার বৈধতা সম্পর্কে প্রশ্ন তোলা যাইবে না।

labour courts' awards and decisions শ্রম আদালতের রোয়েদাদ এবং সিদ্ধান্ত ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ৩৭ ধারা-অনুসারে, (১) শ্রম আদালতের রোয়েদাদ বা সিদ্ধান্ত লিখিতভাবে আদালতে প্রকাশ্যে ঘোষণা করিতে ইইবে এবং দুইটি কপি সঙ্গে সরকারের নিকট পাঠাইয়া দিতে ইইবে। (১ক) বিরোধে সংশ্লিষ্ট পক্ষসমূহ লিখিতভাবে সময়সীমা বর্ধিত করিবার সম্মতি না দিলে প্রতিটি ক্ষেত্রে শ্রম আদালতকে মামলা দায়ের করিবার দিন হইতে ঘাটদিনের মধ্যে রোয়েদাদ বা সিদ্ধান্ত প্রকাশ করিতে হইবে। শর্ত থাকে যে, রোয়েদাদ বা সিদ্ধান্তর কবল বিলম্বের জন্য বাতিল হইবে না। (২) সরকার উক্ত রোয়েদাদ বা সিদ্ধান্তর কপি পাইবার এক মাসের মধ্যে তাহা সরকারি গেজেটে প্রকাশ করিবেন। (৩)

উপধারা (১)-অনুসারে প্রদন্ত রোয়েদাদের দ্বারা কোনো পক্ষ বিক্ষুদ্ধ ইইলে রোয়েদাদ প্রদানের ৩০ দিনের মধ্যে শ্রম আপিল ট্রাইব্যুনালে আপিল আবেদন পেশ করিতে পারিবেন। উক্ত আপিলের ব্যাপারে ট্রাইব্যুনালের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। পূর্বোক্ত ৩ উপধারায় উল্লিখিত রোয়েদাদ এবং ৩৬ ধারা (৩) উপধারায় উল্লিখিত দগুদেশ ছাড়া শ্রম আদালতের সকল সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং ইহার বিরুদ্ধে অন্য কোনো আদালতে বা কর্তৃপক্ষের নিকট আপিল করা যাইবে না অথবা ইহার বিরুদ্ধে অন্য কোনো আদালতে বা কর্তৃপক্ষ সমীপে কোনোভাবেই কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

labour courts, powers and procedures of শ্রম আদালতের ক্ষমতা এবং কার্যবিধি ১৯৬৯ সালের শিল্প সম্পর্ক অধ্যাদেশের ৩৬ ধারা-অনুসারে, (১) উক্ত অধ্যাদেশের বিধানসাপেক্ষে শ্রম আদালত যতদুরসম্ভব ১৮৯৮ সালের ফৌজদারি কার্যবিধিতে বর্ণিত সংক্ষিপ্ত পদ্ধতি অনুসরণ করিবেন। (২) শিল্পবিরোধের বিচার ও নিষ্পত্তির উদ্দেশ্যে শ্রম আদালত দেওয়ানি আদালত হিসাবে গণ্য হইবেন এবং নিম্নোক্ত ক্ষমতাসমূহসহ ১৯০৮ সালের দেওয়ানি কার্যবিধিতে ওই আদালতকে যে-সকল ক্ষমতা দেওয়া হইয়াছে তাহার সকল ক্ষমতাই শ্রম আদালতের বেলায় প্রযোজ্য হইবে: (ক) কোনো ব্যক্তির আদালতে উপস্থিতি নিশ্চিত করা এবং শপথনামা পাঠ করাইয়া তাঁহার সাক্ষ্য গ্রহণ করা: (খ) দলিলপত্র ও প্রয়োজনীয় দ্রব্যাদি আদালতে হাজির করিতে বাধ্য করা: (গ) সাক্ষী ও দলিলপত্র পরীক্ষার উদ্দেশ্যে কমিশন নিয়োগ করা: এবং (ঘ) আদালতের সমীপে কোনো পক্ষ উপস্থিত হইতে ব্যর্থ হইলে সেক্ষেত্রে একতরফা সিদ্ধান্ত দেওয়া। ২(ক) শ্রম আদালত যদি এই মর্মে সভুষ্ট হন যে, বিরোধটি পারস্পরিকভাবে নিম্পত্তি হইয়াছে, তবে কার্যক্রমের যে-কোনো পর্যায়ে মোকদ্দমাটি প্রত্যাহার করিবার অনুমতি দিতে পারেন। (৩) অধ্যাদেশের অধীনে অপরাধ-বিচারের সময়ে শ্রম আদালত ১৮৯৮ সালের ফৌজদারি কার্যবিধির (১৮৯৮ সালের ৫ আইন) অধীনে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের আদালতের সমান ক্ষমতা ভোগ করিবেন এবং ইহার প্রদত্ত দণ্ডাদেশের বিরুদ্ধে আপিল করিবার সময়ে ইহাকে উক্ত কার্যবিধির অধীনে দায়রা আদালত হিসাবে গণ্য করিতে হইবে। (৪) শ্রম আদালতে মামলা দায়ের ও রেকর্ডপত্র বা দলিল-দস্তাবেজ প্রদর্শন করিবার জন্য বা কোনো দলিল গ্রহণ করিবার জন্য কোনো কোর্ট ফি দিতে হইবে না।

labour dispute শ্রম-বিরোধ মালিক এবং শ্রমিক-কর্মচারীগণের মধ্যে চাকুরির
শর্তাবলি-সম্পর্কিত কোনো বিরোধ বা বিতর্ক। শ্রম-বিরোধ শিল্প-বিরোধের অন্তর্ভুক্ত।
শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ২(১৩) ধারা-অনুসারে, শিল্প-বিরোধ বলিতে কোনো ব্যক্তির
চাকুরি বা বেকারত্বে চাকুরির শর্ত বা কাজের অবস্থার সহিত সংশ্লিষ্ট বিষয়ে মালিকেমালিকে অথবা মালিকে-শ্রমিকে বিরোধ বা মতপার্থক্য বুঝায়।

- labour, labourer, labouring man শ্রম, শ্রমিক, শ্রমজীবী মানুষ ইহা ব্যাপকার্থক। এই ব্যাপকতা labour শব্দ হইতে ব্যুৎপন্ন labourer শব্দে রক্ষিত হয় না। একজন ভ্রাম্যমাণ সেলসম্যান নিঃসব্দেহে শ্রম করেন, কিন্তু তিনি শ্রমজীবী নহেন। 'শারীরিক কর্ম' এবং 'শারীরিক শ্রমে'র মধ্যেও পার্থক্য করা হয়। যেমন, টেনিগ্রাফ ক্লার্কগণ এবং লিখনকর্মে নিয়োজিত ব্যক্তিসকল শারীরিক কর্ম করেন, কিন্তু তাঁহারা শারীরিক বা কায়িক শ্রম দান করেন না।
- labour representation and welfare committee শ্রমিক প্রতিনিধিত্ব ও কল্যাণ কমিটি ২০০৪ সালের ইপিজেড শ্রমিক-সংঘ ও শিল্প-সম্পর্ক আইন-অনুসারে গঠিত শ্রমিক প্রতিনিধিত্ব ও কল্যাণ কমিটি।
- labour union শ্রমিক সংঘ, শ্রমিক ইউনিয়ন সর্বাধিক সুবিধাজনক বেতন এবং কাজের শর্ত আদায় করিবার জন্য যৌথ পদক্ষেপ গ্রহণ করিবার উদ্দেশ্যে সাধারণভাবে, আবশ্যকীয়ভাবে নহে. একই বাণিজ্যে বা পেশায় নিয়োজিত শ্রমিক কর্মচারীগণের কোনো সমিতি বা সংঘ। trade union দ্র.।
- lacerated wounds ছিন্ন ক্ষত, ছেঁড়া জখম ইহা এমন একধরনের জখম যাহার
 দরন আঘাতপ্রাপ্ত অংশের চামড়াসহ নরম টিস্যুগুলো ছিড়িয়া যায়, মধ্যবর্তী স্থান
 বসখসে উচু-নিচু ও এবড়ো-খেবড়ো আকার ধারণ করে এবং সঙ্গে কালশিরা দেখা
 দিতে ও ছাল উঠিয়া যাইতে পারে।
- laches n. অথথা বিলম্ব একটি ন্যায়ানুগ অধিকার বলবৎ করিতে অবহেলা ও অযৌক্তিক বিলম্ব। যদি কোনো বাদী ঘটনাবলি সম্পর্কে পূর্ণভাবে অবগত থাকিবার পরেও আদালতে মামলা দায়ের করিতে অযৌক্তিকভাবে দীর্ঘ সময় ক্ষেপণ করেন (যেমন, তপ্তকতামূলে লব্ধ কোনো চুক্তি বাতিল করিবার জন্য মামলা), তাহা ইইলে আদালত তাঁহাকে সাহায্য করিবেন না। এই কারণেই 'যাঁহারা নিজেদের অধিকার সম্পর্কে সন্ত্রাগ নহেন আইন তাঁহাদের সাহায্য করে না' এবং 'ন্যায়পরতা তৎপর ব্যক্তিকেই সাহায্য করে' প্রবচনের সৃষ্টি হইয়াছে। এতৎসহ acquiescence ও waiver দ্রি.।
- lakhiraj n. লাখেরাজ, নিষ্করস্বত্ব বি. যে-সম্পত্তির জন্য মালিককে খাজনা প্রদান করিতে হয় না। যে-ব্যক্তি নিষ্করস্বত্বে জমি ভোগ করেন, তাঁহাকে লাখেরাজদার বলে।
- land n. ভূমি, ন্ধমি বি. ভূপ্চের সেইসকল অংশ যাহাতে আইনত মালিকানা সৃষ্টি করা যায় এবং যাহা আদালতের এপতিয়ারাধীন। সাধারণত ভূমির মালিকানার মধ্যে ইহার উপরিস্থ আকাশসীমা ও নিম্নের অধোমৃত্তিকা অন্তর্ভুক্ত। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাপত্ব আইনের ২(১৬) ধারা-অনুসারে, ভূমি বলিতে চাম্বযোগ্য, চাম্বের অযোগ্য বা বংসরের যে-কোনো সময়ে জলমগ্ন ভূমি এবং ভূমি হইতে প্রাপ্ত সুবিধাদি বুঝায়।

তৎসহ তদৃষ্থিত গৃহ বা দালানকোঠা, এবং মাটিতে সংযুক্ত বন্ধু বা মাটিতে সংযুক্ত কেনো বন্ধুর সহিত স্থায়ীভাবে আবদ্ধ কোনো বন্ধুও ইহার অন্তর্ভুক্ত। আপাতত বনবং অন্য যে-কোনো আইনে বা কোনো দলিলে বা আদালতের কোনো রায় বা ডিক্রি বা আদেশে যাহা কিছুই থাকুক না কেন, ভূমির সংজ্ঞার্থে সর্বপ্রকার উনুক্ত বা বদ্ধ জলাশয়ের জলকরস্বত্ব অন্তর্ভুক্ত হয় এবং সকল সময়ে তাহা অন্তর্ভুক্ত ছিল বলিয়া গণ্য হয়। ২০০১ সালের পার্বভা চট্টগ্রাম ভূমি-বিরোধ নিম্পত্তি কমিশন আইন-অনুসারে, ভূমি বলিতে পার্বভা জেলাধীন পাহাড় এবং জলে ভাসমান সমুদয় জমি বুঝাইবে। এতৎসহ fixture দ্র.।

Land Appellate Board ভূমি আপিল বোর্ড ১৯৮৯ সালের ভূমি আপিল বোর্ড আইনের ৪ ধারা-অনুসারে, সরকার একজন চেয়ারম্যান ও দুইজন সদস্য সমন্বয়ে ভূমি আপিল বোর্ড গঠন করিয়া থাকে। ওই আইনের ৫ ধারা-অনুসারে, বোর্ড তাহার উপর সরকারকর্তৃক অথবা কোনো আইনের দ্বারা কিংবা আইনের অধীন অর্পিত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিয়া থাকেন। ১৯৯০ সালের ভূমি আপিল বোর্ড বিধিমালার ৩ বিধিতে বোর্ডের কার্যবন্টন ও পদ্ধতি তালিকাভুক্ত করা হইয়াছে। বোর্ড ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ভূমিবিষয়ক সমুদয় আইনের অধীনে ভূমিসংক্রান্ত মামলা, ভূমি উনুয়ন কর-সম্পর্কিত সার্টিফিকেট মামলা, খাস-জমি বন্দোবন্ত-বিষয়ব মামলা, সরকারি দাবি আদায় আইনের অধীনে দায়েরকৃত রিভিশন বা আপিল মামলা, এবং অর্পিত, পরিত্যক্ত ও বিনিময় সম্পত্তি বিষয়ক মামলায় বিভাগীয় কমিশনারের আদেশের বিরুদ্ধে আপিল বা রিভিশন মামলা নিম্পনু করিতে পারেন। ভূমি আপিল বোর্ডকে অধন্তন ভূমি আদালতসমূহের কার্যক্রম পরিদর্শন, অণুবীক্ষণ ও মূল্যায়ন এবং ভূমিসংক্রান্ত আইন, আদেশ ও বিধি সম্পর্কে সরকার কর্তৃক প্রেরিত বিষয়াদিতে পরামর্শদান করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে ৷ বোর্ড কর্তৃক প্রদত্ত কোনো আদেশের মামলায় আইনগত জটিলতা বা আইনের ব্যাখ্যার প্রয়োজন দেখা দিলে চেয়ারম্যান বিষয়টি পূর্ণাঙ্গ বোর্ডে (চেয়ারম্যান ও সদস্যগণ সমন্ত্রয়ে গঠিত বোর্ড) বিবেচনার জন্য উপস্থাপনের আদেশ প্রদান করিতে পারেন এবং পূর্ণাঙ্গ বোর্ড গুনানির মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করিয়া থাকেন। পক্ষগণ স্বয়ং অথবা নিযুক্ত আইনজীবীর মাধ্যমে আপিল বা রিভিশন ও পুর্নবিবেচনার আবেদন দায়ের করিতে পারেন। বোর্ডপ্রদত্ত কোনো আদেশের বিরুদ্ধে আপিল করিবার কোনো বিধান নাই। ভূমিব্যবস্থাপনা ও ভূমিপ্রশাসন আইন সম্পর্কিত মামলা-মোকদ্দমা নিম্পন্তিতে ভূমি-আপিল বোর্ড সর্বোচ্চ ভূমি-আদালত হিসেবে দায়িত্ব পালন করিয়া থাকেন।

land certificate ভূমির প্রভায়নপত্র ইংল্যান্ডে ভূমি-নিবন্ধন কর্তৃপক্ষকর্তৃক ভূমির মালিকানার প্রমাণস্বরূপ নিবন্ধনকৃত ভূমির মালিককে প্রদন্ত দলিল। বাংলাদেশে ভূমি জরিপের পর যে-খতিয়ানে মালিকি ভূমি লিপিবদ্ধ হয়, মালিকানার প্রমাণস্বরূপ সেই খতিয়ান জরিপ-কর্তৃপক্ষের নিকট হইতে মালিক পাইয়া থাকেন। তাহা ছাড়া

৫৯৭ landlord

নিবন্ধনকৃত দলিনমূলে ভূমির মালিকানা হস্তান্তরিত হইলে ভূমির মালিক নিবন্ধন-কর্তৃপক্ষের নিকট হইতে তাহার মালিকানার প্রমাণস্বরূপ সেই দলিল বা তাহার প্রত্যয়িত অনুলিপি পাইয়া থাকেন। land registration দ্র.।

land charge ভূমি-দায় অনিবন্ধিত ভূমিতে যে-স্বার্থ অপর কোনো ব্যক্তির বরাবরে ভূমির মালিকের উপর একটি দায় সৃষ্টি করে। ইংল্যান্ডে ১৯৭২ সালের ভূমি-দায় আইনে যেখানে যথাযথ সেখানে ভূমি-দায় বিভাগে বৈধভাবে সৃষ্ট ও নিবন্ধনকৃত ভূমি-দায় সাধারণত ভূমি-ক্রেতার উপর বাধ্যকর হয়। পক্ষদের কৃত কাজের দ্বারা ভূমি-দায় সৃষ্টির গুরুত্বপূর্ণ উদাহরণগুলি হইতেছে: স্বত্যের দলিল জমা রাখিবার দারা সংরক্ষিত নহে এমন বন্ধক, ভূমি-বিক্রয়ের বাধ্যবাধকতাপূর্ণ চুক্তি (বাছাই করিবার এবং অগ্রক্রয়ের অধিকার যাহার অন্তর্ভুক্ত), নিষ্কর ভূমির স্বতুক্ষুণুকর সীমারোপণমূলক চুক্তি এবং ন্যায়পর বর্তস্বত্ব। কোনো কোনো দায় আইন হইতে উদ্ভত— যেমন, ইংল্যান্ডের ১৯৮৩ সালের বিবাহসংক্রান্ত আইনের অধীনে স্বামী-ক্রীর যে-কোনো একজনের বৈবাহিক আবাসে বসবাসের অধিকার এবং অপরিশোধিত উত্তরাধিকার করের জন্য অভ্যন্তরীণ রাজন্ব দায় : স্থানীয় কর্তৃপক্ষসমূহের সংবিধিবদ্ধ ক্ষমতা-,প্রয়োগ হইতে নিজেদের অনুকূলে উদ্ভূত স্থানীয় ভূমি-দায় খোদ স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত হয় এবং তাহা নিবন্ধিত ও অনিবন্ধিত উভয় প্রকার জমি সম্বন্ধেই । প্রযোজ্য। ১৮৮২ সালের সম্পত্তি-হস্তান্তর আইনের ১০০ ধারার বিধান-অনুসারে ভূমি-দায়ের সৃষ্টি হয়। charge দ্র.। এতৎসহ registered land, unregistered land ও registration of encumbrances দ্ৰ. ।

landing n. অবতরণ-ঘাট, মাল-খালাস বি. ১. জাহাজ হইতে তুলিয়া ভূমিতে স্থাপন। একটি জাহাজ-ঘাটের মধ্যবর্তিতায় অথবা মধ্যবর্তিতা ছাড়া জাহাজ হইতে পণ্য খালাসকরণ। ২. ঘাট, উত্তরণস্থান বি. সাগর বা নদীতীরে লোকজনের জাহাজে উঠিবার বা জাহাজ হইতে নামিবার স্থান।

landlord n. ভূম্যধিকারী, জমিদার, বাড়ির মালিক বি. যে-ব্যক্তি ইজারা বা প্রজারত্ব মনজুর করেন। তাঁহার পক্ষে প্রজারত্বের অধীন গৃহ ও জমির সরাসরি মালিক ইইবার প্রয়োজন নাই (উদাহরণস্বরূপ, তিনি নিজেই একজন ইজারাদার ইইতে পারেন)। কোনো ব্যক্তি, স্থানীয় কর্তৃপক্ষ, অছি, ব্যক্তিগত প্রতিনিধি বা সংস্থা (যেমন, একটি কোম্পানি) ভূম্যধিকারী ইইতে পারেন। আলো, তাপ এবং মালামাল বহনের মতো সেবা ভূম্যধিকারী প্রদান করিতে পারেন। ওইরূপ সেবার জন্য কী পরিমাণ অর্থ তিনি দাবি করিতে পারেন এবং প্রজার সঙ্গে সে-বিষয়ে কী পদ্ধতিতে প্রামর্শ করিবেন, ইংল্যান্ডে তাহা আইনের দারা নিয়ন্ত্রিত। প্রজার অনুরোধক্রমে যে-ব্যক্তি জমির ভাড়া আদায় করেন, তিনি ভূম্যধিকারীর পরিচয় প্রকাশ করিতে বাধ্য। মালিকানা বদল ইইলে নতুন ভূম্যধিকারীকে অবশ্যই দুই মাসের মধ্যে অথবা যখন

পরবর্তী ভাড়া দেওয়া হয়, এই দুইটির মধ্যে যে-টি শেষে ঘটে, সেই সময়ের মধ্যে সে-সম্পর্কে জানাইতে হইবে। কী প্রকারের প্রজাম্বতের সুরক্ষা একজন প্রজার আছে তাহা কে তাঁহার ভূম্যধিকারী তাহার উপর নির্ভরশীন। বঙ্গীয় প্রজাম্বত্ব আইনের ৩ ধারা-অনুসারে, ভুম্যাধিকারী বলিতে সরকারসহ যে-ব্যক্তির প্রত্যক্ষাধীনে প্রজা ভূমি অধিকার করিতেন, তাঁহাকে বুঝাইত। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাম্বতু আইনের ২ ধারায় ভূম্যধিকারীর পরিবর্তে মালিক শব্দ ব্যবহার করা হইয়াছে, যাহার অর্থ কোনো মহান বা ভূসম্পত্তির স্বত্যাধিকারী ব্যক্তি বা তাঁহার অছি। ১৯৯১ সালের বাড়িভাড়া-নিয়ন্ত্রণ আইনের ২ ধারায় বাডির মালিক বলিতে যে-ব্যক্তি আপাতত নিজের বা অন্য কোনো ব্যক্তির পক্ষে বা অন্য ব্যক্তির উপকারার্থে বা কোনো ব্যক্তির অছি বা রিসিভার হিসাবে কোনো বাড়ির ভাড়া পান বা পাইবার অধিকারী হন বা যিনি বাড়ি ভাড়া দেওয়া হইলে উক্তরূপ ভাড়া পাইতেন বা ভাড়া পাইবার অধিকারী হইতেন এবং দেওয়ানি কার্যবিধিতে সংজ্ঞায়িত কোনো আইনগত প্রতিনিধি, উপ-ভাডাপ্রদানকারী কোনো ভাড়াটিয়া এবং বাড়ির মালিক হইতে স্বত্প্রাপ্ত কোনো ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবেন। উক্ত আইনে বাড়ির মালিক ও ভাড়াটিয়ার পারস্পরিক অধিকার ও দায়িত্ব সম্পর্কে বিধানাবলি বিধিবদ্ধ করা হইয়াছে। রাষ্ট্রীয় অধিগ্রহণ এবং প্রজাম্বতু আইনে গৃহ ব্যতীত কোনো ভূমি প্রজাপত্তন করা নিযিদ্ধ। tenant ও tenancy দ্র.।

land mortgage bank জমি বন্ধকি ব্যাংক ২০০১ সালের সমবায় সমিতি আইনের ৬(১)(ক) ধারার শর্তাংশে উল্লিখিত প্রাথমিক সমবায় সমিতি, যাহা উহার সদস্যদের জমি বন্ধক লইয়া ঋণপ্রদানের জন্য গঠিত।

land registration ভূমি-নিবন্ধন ভূমি-নিবন্ধন কর্তৃপক্ষের নিকট কোনো কোনো আইনসমত ভূসম্পত্তি বা ভূমিস্বার্থ নিবন্ধনের ব্যবস্থা। ইংল্যান্ডের ১৯২৫ সালের ভূমি-নিবন্ধন আইনের বিধান-অনুযায়ী প্রথমে কতিপয় এলাকায় এবং বর্তমানে ইংল্যান্ড ও ওয়েলসের সর্বত্র ভূমি নিবন্ধন করা বাধ্যতামূলক। বিদ্যামান মালিকদের উপর নিবন্ধন করিবার দায়িত্ব না থাকিলেও নিব্ধর ভূসম্পত্তির পরবর্তী প্রথম খরিদদার বা চল্লিশ বংসর মেয়াদি ইজারাদারকে অবশ্যই নিজের স্বত্ব নিবন্ধন করিতে হইবে। তাহা করিতে ব্যর্থ হইলে তাঁহার ভূসম্পত্তি-অর্জন আইনসম্বত হয় না। ফলে তাঁহার জন্য এই ঝুঁকি থাকিয়া যায়় যে, বিক্রেতা বা ভূম্যধিকারী অন্য ব্যক্তির নিকট তাহা বিক্রম করিয়া দিতে পারেন এবং নিবন্ধনের দ্বারা ওই ব্যক্তি একটি উৎকৃষ্টতর স্বত্ব অর্জন করিতে পারেন। বিদ্যামান মালিকগণ বা অন্ততপক্ষে একুশ বংসর পর্যন্ত মেয়াদি ইজারাদারগণ ইচ্ছা করিলে নিজেদের স্বত্ব নিবন্ধন করিতে পারেন। স্বত্ব নিবন্ধিত হইলেই ভূমি-নিবন্ধন কর্তৃপক্ষ একটি স্বত্ব-সংখ্যা বরাদ্দ করিয়া দেয়। ভূমির মালিকের (যিনি নিবন্ধনকৃত মালিক বলিয়া অভিহিত হন) বরাবরে ভূমির প্রত্যয়নপত্র প্রদানের দ্বারা ভূমি-স্বত্যয়্র অথবা, সম্পত্তি বন্ধিক ইইলে, বন্ধকপ্রহীতার বরাবরে একটি দায়-প্রত্যয়নপত্র প্রদানের দ্বারা বন্ধকের প্রমাণ সরবরাহ করা হয়।

প্রত্যয়নপত্রটি নিবন্ধনকৃত স্বত্বের প্রতিনিধিত্ব করে, যাহা তিন অংশে বিভক্ত : ১. সম্পত্তির নিবন্ধন-বহি: ২. মালিকানার নিবন্ধন-বহি; ও ৩. দায়-নিবন্ধন-বহি। সম্পত্তির নিবন্ধন-বহিতে ভূমির এবং ভূমির সহিত কোনো আনুষঙ্গিক অধিকার থাকিলে, তাহাও বর্ণিত হয়; যেমন, পার্শ্ববর্তী ভূমির উপর চলাচলের অধিকার। দায়-নিবন্ধন-বহিতে ভূমিটি মালিকের স্বার্থের পরিপন্থী যে-সকল দায়ের অধীন (যেমন বন্ধক, নিয়ন্ত্রণমূলক চুক্তি বা বর্তস্বত্ব), তাহা বিস্তৃতভাবে লিপিবদ্ধ করা হয়। নিবন্ধনহীন ভূমির বেলায় ভূমি-প্রত্যয়নপত্র স্বত্যের দলিলের মতোই কাজ করে, কিন্তু নিবন্ধনকৃত স্বত্যের অবস্থার একটি অধিকতর হালনাগাদ রেকর্ডের প্রয়োজন হইলে (যেমন, একজন ভাবী ক্রেতা বা বন্ধকগ্রহীতার জন্য) নিবন্ধনকৃত মালিক বা তাঁহার পক্ষ হইতে নিবন্ধনগ্রন্থ পরিদর্শনের ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তির আবেদনক্রমে ভূমি-নিবন্ধন কর্তৃপক্ষ উহার দাপ্তরিক প্রতিলিপি বা দাপ্তরিক অনুসন্ধানের প্রত্যয়নপত্র প্রদান করিয়া থাকে। দায়-নিবন্ধন-বহিতে নিবন্ধন করা যায় না, এইরূপ অনতিক্রমণীয় স্বার্থসাপেক্ষে একজন নিবন্ধিত স্বত্মাধিকারীর স্বত্ত্ব রাষ্ট্রকর্তৃক নিশ্চিত করা হয়। স্বত্বের প্রকৃতির উপর নিশ্চয়তার পরিমাণ নির্ভর করে। কতিপয় অবস্থায় আদালতের নির্দেশে নিবন্ধন-বহিতে ক্রটিবিচ্যুতি থাকিলে তাহা সংশোধন করা হয়। সাধারণত কোনো প্রকার ক্রটিবিচ্যুতির ফলে কোনো পক্ষ ক্ষতিগ্রস্ত হইলে সরকার তাঁহার ক্ষতিপুরগ দিয়া থাকে। ১৯০৮ সালের রেজি<u>ন্ট্রে</u>শন আইনের ও ১৮৮২ সালের সম্পত্তি-হস্তান্তর আইনের বিধান-অনুযায়ী ভূমি-হস্তান্তরের দলিল নিবন্ধন করিতে হয়। যে-সকর্ল দলিলের নিবন্ধন করা বাধ্যতামূলক, তাহা নিবন্ধন করা না হইলে সংশ্লিষ্ট ভূমিতে উক্তরূপ দলিলদ্বারা বর্তমানে ও ভবিষ্যতে কোনো অধিকার বর্তায় না এবং উক্তরূপ দলিল সাক্ষ্য হিসাবে গৃহীত হয় না। এতৎসহ title দ্ৰ.।

Land Registry ভূমি-নিবন্ধন কর্তৃপক্ষ ইংল্যান্ডের ১৯২৫ সালের ভূমি-নিবন্ধন আইনের অধীন প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ সংস্থা, যাহার কাজ হইতেছে কতিপয় আইনসম্মত ভূসম্পত্তির নিবন্ধন-বহি রক্ষা করা। বাংলাদেশে ১৯০৮ সালের রেজিন্ট্রেশন আইনের বিধ্যনমতে সকল নিবন্ধিত দলিলের অনুলিপি নিবন্ধন-বহিতে লিপিবদ্ধ করিয়া রক্ষা করা হয়। land registration দ্র.।

Lands Tribunal ভূমি-ট্রাইব্যুনাল ইংল্যান্ডে ১৯৪৯ সালের ভূমি-ট্রাইব্যুনাল আইনদ্বারা প্রতিষ্ঠিত ট্রাইব্যুনাল, যাহার কাজ হইতেছে বাধ্যতামূলকভাবে হুকুমদখল করা ভূমির ক্ষতিপূরণসংক্রান্ত বিরোধ এবং ভূমির মূল্যসংক্রান্ত একই প্রকারের বিরোধ নিম্পত্তি করা। এতদ্বাতীত ইহা উত্তরাধিকার করের উদ্দেশ্যে ভূমি ও দালানকোঠার মূল্যসম্পর্কিত বিরোধও নিম্পত্তি করে। আইনে যোগ্যতাসম্পন্ন ও অভিজ্ঞ মূল্য-নির্ধারকদের মধ্য হইতে লর্ড চাম্পেলর ইহার সদস্যগণকে নিমুক্ত করেন। ইহা কাউনসিল অফ ট্রাইব্যুনালসের তত্ত্বাবধানাধীন। সরকারকর্তৃক হুকুমদখল বা

অধিগৃহীত সম্পত্তির মূল্যসংক্রান্ত বিরোধ নিষ্পত্তি করিবার জন্য বাংলাদেশে যুগা জেলা বিচারকের সালিশ এবং তাঁহার রোয়েদাদের বিরুদ্ধে আপিল নিষ্পত্তি করিবার জন্য জেলা বিচারককে সালিশ আপিল ট্রাইব্যুনাল নিযুক্ত করা হইয়াছে।

language of the court আদালতের ভাষা দেওয়ানি কার্যবিধির ১৩৭ ধারার (১) উপধারা-অনুসারে, ওই আইন বলবৎ হইবার সময়ে অধন্তন কোনো আদালতে যেভাষা প্রচলিত ছিল, সরকারের অন্যরূপ নির্দেশ না থাকিলে, তাহাই অর্থাৎ দেশীয় ভাষা ও ইংরেজি অধন্তন আদালতের ভাষা হিসাবে প্রচলিত থাকিবে। (২) উপধারা-অনুসারে, অধন্তন আদালতের ভাষা কী হইবে এবং কোন বর্ণমালার সাহায্যে সেই আদালত সমীপে আবেদন, পত্রাদি ও কোন ভাষায় আদালতের বিবরণী লিথিতে হইবে, তাহা সরকার ঘোষণা করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ৫৫৮ ধারা-অনুসারে, আদালতের ভাষা সরকার নির্ধারণ করিতে পারিবেন। সংবিধানের ও অনুচ্ছেদ-অনুসারে, বাংলাদেশের রাষ্ট্রভাষা বাংলা। ১৯৮৭ সালের বাংলা ভাষা প্রচলন আইন-অনুসারে, বাংলাদেশের রাষ্ট্রভাষা বাংলা। ১৯৮৭ সালের বাংলা ভাষা প্রচলন আইন-অনুসারে সরকারি, আধা-সরকারি ও আদালতে বাংলা ভাষায় সকল কার্যক্রম পরিচালনের বিধান করা হয়। তবে হাইকোর্ট বিভাগ ঘোষণা করেন যে, উক্ত আইনের বিধান সত্ত্বেও অধন্তন আদালতে ইংরেজি ব্যবহার নিষিদ্ধ নয়। Hashmat Ullah (Md.) v. Azmiri Bibi and others 44 DLR 332 দ্র.। বর্তমানে সুপ্রিম কোর্টে ইংরেজিতে এবং অধন্তন আদালতে ইংরেজি বা বাংলা অথবা উভয় ভাষাতেই রায় লিখিত হইতেছে।

lapse n. অতিবাহন বি. ইচ্ছাপত্রকারীর পূর্বেই হিতগ্রাহীর মৃত্যু হইলে উত্তরদান বাতিল হওয়া। এইরপে যদি 'ক' তাঁহার সম্পত্তিতে ইচ্ছাপত্রমূলে 'খ'-কে হিতগ্রাহী করেন কিছু 'ক'-য়ের পূর্বে 'খ' মৃত্যুবরণ করেন, তাহা হইলে উত্তরদান কার্যকর হয় না। সম্পত্তিটি তখন 'ক'-য়ের অবশিষ্ট সম্পত্তির অংশভুক্ত হয় এবং তাহার অবশিষ্ট হিতগ্রাহীদের মধ্যে বণ্টিত হয়। এই বিধানটি নিম্নবর্ণিত ব্যতিক্রমগুলির অধীন: ১. যখন সম্পত্তি দুই বা ততােধিক ব্যক্তিকে যৌথ প্রজা হিসাবে উত্তরদান করা হয়, তখন তাঁহাদের মধ্যে যাঁহারা ইচ্ছাপত্রকারীর মৃত্যুর পর জীবিত থাকেন, তাঁহারা উচ্চ সম্পত্তি পান। ২. ইংল্যান্ডে ১৮৩৭ সালের ইচ্ছাপত্র-আইনের বিধান-অনুসারে, যখন সন্তান বা আরো দূরবর্তী বংশধরকে সম্পত্তি উত্তরদান করা হয়, সেই সন্তান বা বংশধর ইচ্ছাপত্রকারীর পূর্বে সন্তান রাখিয়া মারা গেলে (ইচ্ছাপত্রে বিপরীত কোনো অভিপ্রায় ব্যক্ত না হইয়া থাকিলে) সেই সন্তান সেই সম্পত্তি পান। যখন সম্পত্তির মালিকানা কোনো ব্যক্তি ও তাঁহার সন্তান-সন্ততির মধ্যে সীমাবদ্ধ করিয়া উত্তরদান করা হয়, তখন এইরপ বিধান প্রযোজ্য হয়। ৩. দাতব্য প্রতিষ্ঠানে প্রদত্ত কিছু কিছু দান অনুরূপ উদ্দেশ্যে প্রয়োগ করা যাইতে পারে। ইচ্ছাপত্রকারীর মৃত্যুর পূর্বে হিতগ্রাহী ৪. সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয় হইতেছে এই যে, ইচ্ছাপত্রকারীর মৃত্যুর পূর্বে হিতগ্রাহী

মারা গেলে কী হইবে, ইচ্ছাপত্রকারী সে-সম্পর্কে শর্ড উল্লেখ করিতে পারেন। উত্তরাধিকার আইনের ১০৫ ধারা-অনুসারে, হিত্যাহী ইচ্ছাপত্রকারীর পূর্বে মৃত্যুবরণ করিলে এবং ইচ্ছাপত্রে অপর কোনো ব্যক্তিকে দানের অভিপ্রায় ব্যক্ত না হইলে উত্তরদান ব্যর্থ ইইবে এবং তাহা ইচ্ছাপত্রকারীর সম্পত্তির অংশভুক্ত হইবে। উত্তরদান পাইতে হইলে হিত্যাহীর প্রতিনিধিকে ইচ্ছাপত্রকারীর মৃত্যুর পরে জীবিত থাকা প্রমাণ করিতে হইবে। ১০৬ ধারা-অনুসারে, যুগাভাবে দুই বা তভোধিক ব্যক্তিকে উত্তরদান করা হইলে তাঁহাদের মধ্যে ইচ্ছাপত্রকারীর পূর্বে একজন মারা গেলে অন্য হিত্যাহী তাহা পাইবেন। এতৎসহ entailed interest ও cy-pres doctrine দ্র.।

lapse of offer প্রস্তাব-অতিবাহন সময় অতিক্রান্ত হওয়া, মৃত্যু অথবা শর্ডপূরণ না করিবার ফলে প্রস্তাব বাতিল হওয়া। নির্দিষ্ট সময়সাপেক্ষ প্রস্তাব সময় শেষ হইবার পর বাতিল হয়; অন্য সকল প্রকারের প্রস্তাব যুক্তিসংগত সময়ের পরে বাতিল হয়। প্রস্তাবকারীর মৃত্যুর ফলে প্রস্তাব বাতিল হয়, কিন্তু সর্বক্ষেত্রে প্রস্তাবকারীর মৃত্যুর ফলে তাহা ঘটে না। মৃত্যু সম্পর্কে প্রস্তাবগ্রহণকারী অবগত না থাকিলে প্রস্তাব বহাল থাকে এবং প্রস্তাবহারে ফলে যে-চুক্তির সৃষ্টি হয়, প্রস্তাবকারীর ব্যক্তিগত প্রতিনিধি তাহা পালন করিতে পারেন। প্রস্তাবের এক বা একাধিক শর্ত পালন না করিলে প্রস্তাব বাতিল হয়। উদাহরণস্বরূপ, পণ্যক্রয়ের প্রস্তাব এই অনুমানের উপর ভিত্তি করিয়া দেওয়া হয় যে, প্রস্তাবগ্রহণ পর্যন্ত তাহা একই অবস্থায় থাকিবে; যখন তাহা তেমন থাকে না, তথন প্রস্তাব বাতিল হইয়া যায়। প্রস্তাব কোন কোন কারণে বাতিল হয়, ১৮৭২ সালের চুক্তি আইনের ৬ ধারায় তাহার উল্লেখ আছে। এতৎসহ rejection of offer ও revocation of offer দেন।

larceny n. হরণ বি. ইংল্যান্ডে ১৯৬৯ সালের পূর্বে হরণ বলিতে চুরি বুঝাইত।
তবে শব্দটির অর্থ চুরি অপেক্ষা সীমিত ছিল এবং সেজন্য সম্পত্তির অপসারণ
আবশ্যক ছিল। বাংলাদেশে দওবিধির ৩৭৮ ধারায় বলা হইয়াছে যে, যে-কেহ
অসাধৃভাবে গ্রহণ করিবার উদ্দেশ্যে কোনো অবস্থার সম্পত্তি অন্য কাহারো দখল
হইতে তাঁহার সম্পতিব্যতিরেকে অনুরূপভাবে গ্রহণ করিবার জন্য অপসারণ করেন,
তিনি তাহা চুরি করিয়াছেন বলিয়া গণ্য হইবেন। theft তু.।

last adj., adv. শেষ, চূড়ান্ত বিণ., ক্রি. বিণ. সর্বশেষ। যেমন, সর্বশেষ বসবাসের স্থান, সর্বশেষ বার্ষিক হিসাব। পশ্চাৎস্থিত। যেমন, সবার পিছনের। অবসান, সমাপ্তি বা লেনদেনের শেষ অবস্থায়; অন্তিম; চরম। উপসংহারে; পাকাপাকিভাবে; সবশেষে।

last pay certificate (L. P. C.) শেষ বেতনের প্রত্যয়নপত্র কোনো কর্মকর্তা বা কর্মচারী এক অফিস হইতে অন্য অফিসে বদলি হইয়া গেলে নির্ধারিত ফরমে তাঁহার শেষ মাসেব বেতন ভাতাব যে-প্রতায়নপত্র দেওয়া হয়। lately adv. সম্প্রতি, অধুনা, ইদানীং ক্রি. বিণ. নিকট অতীতের ঘটনা। latent ambiguity প্রক্ষর দ্যর্থতা ambiguity দ্র.।

latent defect প্রচ্ছন ক্রটি defect দ্র.।

latrine accommodation পায়খানার বন্দোবন্ত ১৯৭৯ সালের কারখানা বিধিমালাঅনুসারে, প্রতিটি কারখানায় নিম্নোক্ত পরিমাণে পায়খানার বন্দোবন্ত রাখিতে হইবে:

(ক) যেখানে মহিলা শ্রমিক নিয়োজিত আছেন সেখানে প্রতি ২৫ জন মহিলার জন্য
কমপক্ষে একটি করিয়া পায়খানা; (খ) যেখানে পুরুষ শ্রমিক নিয়োজিত আছেন,
সেখানে প্রতি ২৫ জন পুরুষের জন্য কমপক্ষে একটি করিয়া পায়খানা। শর্ত ইইতেছে
যে, পুরুষ কর্মচারীর সংখ্যা ১০০-এর বেশি হইলে, প্রথম ১০০ জন পর্যন্ত প্রতি ২৫
জনের জন্য একটি করিয়া এবং পরবর্তী প্রতি ৫০ জনের জন্য একটি করিয়া পায়খানা
যথেষ্ট হইবে।

law n. আইন বি. সংবিধানের ১৫২ অনুচ্ছেদ-অনুসারে, কোনো আইন, অধ্যাদেশ, বিধি, প্রবিধান, উপ-আইন, বিজ্ঞপ্তি ও অন্যান্য আইনগত দলিল এবং বাংলাদেশে আইনের ক্ষমতাসম্পন্ন যে-কোনো প্রথা বা রীতি।

law and order and public order আইনশৃঙ্খলা এবং জনশৃঙ্খলা সমাজ বা সমাজগোষ্ঠীর উপর আলোচ্য কোনো কাজের প্রসারিত হইবার পরিমাণ ও ব্যান্তিই আইনশৃঙ্খলার এবং জনশৃঙ্খলার ক্ষেত্রদ্বরের মধ্যকার প্রকৃত পার্থক্য বা স্বাতন্ত্রা। 'আইনশৃঙ্খলা' উক্তির ব্যান্তি বিস্তৃততর এই জন্য যে, আইনের লঙ্খন দ্বারা সবসময়ে সামগ্রিকভাবে শৃঙ্খলা বিত্মিত হয়, অন্যাদিকে 'জনশৃঙ্খলা' উক্তি সঙ্কীর্ণতর পরিধির—
যাহা লঙ্খন করিলে সম্প্রদায় বা জনগণ ক্ষতিগ্রস্ত হয়, জনশৃঙ্খলা বিত্মিত হয় বলা যায়।

law and order disrupting crime আইন-শৃঙ্খলা বিদ্নকারী অপরাধ ২০০২ সালের আইন-শৃঙ্খলা বিদ্নকারী অপরাধ আইনের ২(খ) ধারা-অনুসারে, (অ) কোনো প্রকার ভয়-ভীতি প্রদর্শন করিয়া বা বেআইনি বলপ্রয়োগ করিয়া (১) কোনো ব্যক্তি, বা সংবিধিবদ্ধ সংস্থা, বা প্রতিষ্ঠানের নিকট হইতে চাঁদা, সাহায্য বা অন্য কোনো নামে অর্থ বা মালামাল দাবি, আদায় বা অর্জন করা, বা অন্য কোনো প্রকার সুযোগ-সুবিধা আদায় করা বা আদায়ের চেষ্টা করা, বা (২) স্থলপথ, রেলপথ, জলপথ বা আকাশপথে যান-চলাচলে প্রতিবন্ধকতা বা বিদ্ন সৃষ্টি করা, বা কোনো যানচালকের ইচ্ছার বিরুদ্ধে যানের গতি ভিন্নপথে পরিবর্তন করা; অথবা (আ) ইচ্ছাকৃতভাবে কোনো যানবাহনের ক্ষতিসাধন করা; অথবা (ই) ইচ্ছাকৃতভাবে সরকার, বা কোনো সংবিধিবদ্ধ সংস্থা, বা কোনো প্রতিষ্ঠান, বা কোনো ব্যক্তির স্থাবর বা অস্থাবর যে-কোনো প্রকার সম্পত্তি বিনষ্ট বা ভাঙচুর করা; অথবা (ই) কোনো ব্যক্তির নিকট হইতে

কোনো অর্থ, অলংকার, মূল্যবান জিনিসপত্র বা অন্য কোনো বস্তু বা যানবাহন ছিনতাইয়ের চেষ্টা করা বা ছিনতাই করা বা জোরপূর্বক কাড়িয়া লওয়া; অথবা (উ) কোনো স্থানে, বাড়ি-ঘরে, দোকানপাটে, হাটে-বাজারে, রাস্তা-ঘাটে, যানবাহনে বা প্রতিষ্ঠানে পরিকল্পিতভাবে বা আকস্মিকভাবে একক বা দলবদ্ধভাবে শক্তির মহড়া বা দাপট প্রদর্শন করিয়া ভয়ভীতি বা ত্রাস সৃষ্টি করা বা বিশৃঙ্খলা বা অরাজক পরিস্থিতি সৃষ্টি করা; অথবা (উ) কোনো সংবিধিবদ্ধ সংস্থা বা প্রতিষ্ঠানের দরপত্র ক্রয়়, বিক্রয়, গ্রহণ বা দাখিলে জোরপূর্বক বাধাপ্রদান বা প্রতিবন্ধকতা সৃষ্টি করা বা কাহাকেও দরপত্র গ্রহণ করিতে বা না করিতে বাধ্য করা; অথবা (ঋ) কোনো সরকারি বা সংবিধিবদ্ধ সংস্থা বা কোনো প্রতিষ্ঠানের কোনো কর্মকর্তা বা কর্মচারীকে বা তাঁহার কোনো নিকট আত্মীয়কে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ভয়-ভীতি প্রদর্শন করিয়া উক্ত কর্মকর্তা বা কর্মচারীকে কোনো কার্য করিতে বা না করিতে বাধ্য করা কিংবা তাঁহার দায়িত্বপালনে কোনোপ্রকারের বাধা সৃষ্টি করা।

Law Commission আইন কমিশন ইংল্যান্ডে ১৯৬৫ সালের ল কমিশন আইনের বিধান-অনুযায়ী গঠিত একটি সংস্থা, যাহার কাজ হইতেছে প্রণালিবদ্ধভাবে সংশ্বার ও উনুয়নের জন্য আইন পর্যালােচনা করা। বিশেষভাবে এই সংস্থা আইন বিধিবদ্ধকরণ, আইনের অসংগতি দৃরীকরণ, অপ্রয়ােজনীয় ও অপ্রচলিত আইন বাতিলকরণ, পৃথক পৃথক আইনের সংখ্যা ব্রাসকরণ ও আইন সহজীকরণ এবং আধুনিকীকরণের বিষয় বিবেচনা করিয়া থাকে। বিচারক, ব্যারিন্টার, সলিসিটর, ও আইন-শিক্ষকদের মধ্য হইতে লর্ড চান্টেলর কর্তৃক নিযুক্ত একজন চেয়ারম্যান ও চারজন সদস্য লইয়া এই কমিশন গঠিত হয়। বাংলাদেশে ১৯৯৬ সালের আইন কমিশন আইনের ও ধারার বিধান-অনুসারে সরকারকর্তৃক নিযুক্ত একজন চেয়ারম্যান ও দুইজন সদস্য লইয়া বাংলাদেশের আইন কমিশন গঠিত হয়। ইহার কাজ হইতেছে অচল আইনসমূহ বাতিল, প্রচলিত অন্যান্য আইন পরীক্ষা-নিরীক্ষা ও উহাদের যুগোপযোগী সংশ্বার অথবা ক্ষেত্রমতো নৃতন আইন প্রণয়ন করিবার উদ্দেশ্যে সরকারের নিকট সুপারিশ পেশ করা।

lawful adj. আইনসংগত, আইনসন্মত, বৈধ বিণ. বিধিসংগত; আইনানুগ; ন্যাযা; উপযুক্ত। যাহা সাধারণত আইনের দ্বারা অনুমোদিত বা আইনের দ্বারা যাহার সত্যতা প্রতিপাদন করা হইয়াছে। যাহা বেআইনি বা আবৈধের বিপরীত; যেমন, শান্তিপ্রিয় বৈধ নাগরিক। যাহা আইন বা সরকারি নীতি দ্বারা অনুমোদিত এবং বাতিল বা বেআইনির বিরুদ্ধ বা বিপরীত।

lawful authorities আইনসম্মত কর্তৃপক্ষ যে-সকল ব্যক্তির সরকারি ক্ষমতা ব্যবহার করিবার, আইনসমত আদেশ-নির্দেশপালনে বাধ্য করিবার এবং সরকারের নামে হুকুম জারি করিবার বা কার্য করিবার অধিকার আছে। যেমন, পূলিশ। lawful excuse 508

lawful excuse বৈধ অজুহাত যুক্তিসম্বত অজুহাত, যাহা আইন বা আইনগত নীতির পরিপন্থী নহে। বৈধ অজুহাতে র মধ্যে প্রাসন্ধিক আইন সম্পর্কে অকপট বা নির্দোষ অজ্ঞতা অন্তর্ভুক্ত হইতে পারে। জাল মুদ্রা বা নোট প্রথম সুযোগে হস্তান্তর করা না হইয়া থাকিলে উহা পুলিশের নিকট হস্তান্তর করার উদ্দেশ্যে সংরক্ষিত বলা বৈধ অজ্বহাত হইতে পারে।

- lawful guardian আইনসন্মত অভিভাবক কেবল নাবালকের মাতাপিতা বা নাবালক যে-আত্মীয়ের বাড়িতে বসবাসরত বা লালিতপালিত, তাঁহাকেই বুঝায় না, অধিকত্তু যে-ব্যক্তির সহিত নাবালকের সম্পর্কে উচ্চতর আইনি অধিকার রহিয়াছে, যে-ব্যক্তির ব্যক্ত বা উপলক্ষিত সন্মতির ভিত্তিতে নাবালক বসবাস করে, এইরূপ ব্যক্তিকেও বুঝায়। দওবিধির ৩৬১ ধারার ব্যাখ্যায় বলা হইয়াছে যে, আইনানুগ অভিভাবক শব্দাবলিতে অনুরূপ নাবালক বা অন্য কোনো ব্যক্তির আইনানুগ তত্ত্বাবধান বা রক্ষণাবেক্ষণের ভারপ্রাপ্ত যে-কোনো ব্যক্তিকে বুঝাইবে। হিন্দু আইন ও মুসলিম আইনের মতো ব্যক্তিগত আইন অভিভাবক ও প্রতিপাল্য আইনের বিধান-অনুসারে আইনানুগ অভিভাবক নির্ধারিত ও নিযুক্ত হন।
- lawfully adv. আইনত, আইনানুগভাবে ক্রি. বিণ. যাহা আইনানুগভাবে করা ইইয়াছে। যাহা আইনবিরুদ্ধ নহে। যেমন, আইনের দৃষ্টিতে, কোনো নাবালকের যত্ন ও হেফাজতের জন্য কোনো ব্যক্তির উপর 'আইনসম্মতভাবে' বিশ্বাস স্থাপন করা ইইয়াছে বলা উচিত, যদি উক্ত ব্যক্তি 'আইনানুগভাবে' সেই নাবালকের নিয়ন্ত্রণ লাভ করিয়া থাকেন।
- lawful merchandise বৈধ পণ্য বন্দরসংশ্লিষ্ট দেশের আইন ভঙ্গ না করিয়া যে-প্রকৃতির পণদ্রেব্য জাহাজে ভর্তি করা যায়, আইনসন্মতভাবে পরিবহণ করা যায় এবং আমদানিকারক দেশের আইন ভঙ্গ না করিয়া সে-দেশের বন্দরে খালাস করা যায়।
- Law Lords বিচারক লর্ডগণ হাউজ অফ লর্ডসে বৈচারিক কার্য সমাধার জন্য উচ্চতর বৈচারিক পদাধিকারী অথবা ব্যারিস্টারি পেশায় অন্তত ১৫ বংসরের অভিজ্ঞাতাসম্পন্ন ব্যক্তিদের মধ্য হইতে অনধিক যে-১১ জন ১৮৭৬ সালের অ্যাপিলেট জুরিসডিকশন অ্যাষ্ট্রের অধীনে আজীবন লর্ড নিযুক্ত হন।
- law merchant বণিক আইন বাণিজ্যে ও নৌ-বিষয়ে বণিকদের আন্তর্জাতিক রীতি।
 পূর্বকালে এই সকল রীতি নৌ আইন ও স্থানীয় আদালতে প্রযুক্ত আইনের উপর প্রভাব
 বিস্তার করিত। বণিক আইনের কিছু অংশ ইংল্যান্ডে সাধারণ আইনে আত্মীকৃত
 হইয়াছে (যেমন, হস্তান্তরযোগ্য দলিল ও বহনপত্র হস্তান্তরের ক্ষেত্রে)।
- law-officers of the government সরকারের আইন-কর্মকর্তাগণ ইংল্যান্তে অ্যাটর্নি-জেনারেল ও সলিসিটর-জেনারেল থেমন সরকারের আইন-কর্মকর্তা, বাংলাদেশে তেমনি অ্যাটর্নি-জেনারেল ও সরকারি সলিসিটর সরকারের আইন-

७०१ law of the sea

কর্মকর্তা। এতদ্যতীত সুপ্রিম কোর্টে অ্যাটর্নি-জেনারেল, এবং অতিরিক্ত অ্যাটর্নি-জেনারেল, উপঅ্যাটর্নি-জেনারেল ও সহকারী অ্যাটর্নি-জেনারেলগণ সরকারি মামলা-পরিচালনায় সহায়তা করেন। জেলা আদালতে সরকারি উকিল ও সরকারি অভিযোক্তা এবং তাঁহাদের সহকারীগণ সরকারের আইন-কর্মকর্তা।

law of nations জাতিসমূহের আইন international law দ্র.।

law of nature প্রাকৃতিক আইন, স্বাভাবিক আইন পৃথিবীতে প্রথম আইন প্রতিবেদনকারী বা আইনের লেখক রসুল মুসা কর্তৃক আইন লিখিত হইবার পূর্বে সুদীর্ঘ সময় পর্যন্ত সৃষ্টিকর্তার অনুসারী মানবকুল যে-আইন তাঁহাদের হৃদয়ে লিখিত ছিল তাহার দ্বারা পরিচালিত হইতেন। সৃষ্টির সময়ে মানুষের সংরক্ষণ ও পথ-নির্দেশের জন্য সৃষ্টিকর্তা যে-আইন মানুষের হৃদয়ের মধ্যে সঞ্চার করিয়া দিয়াছেন, তাহাই হইল স্বাভাবিক নিয়ম বা আইন। ইহাই চিরন্তন আইন যাহা ঐশী প্রত্যাদেশদ্বারা পরিপূর্ণভাবে ঘোষিত এবং সুস্পষ্টভাবে জ্ঞাত হইতে পারে। যুক্তিবাদীদের নিকট ইহা প্রাকৃতিক বা নৈতিক আইন, যাহা যুক্তির আলোকে আবিদ্বারযোগ্য।

law of the flag পতাকার আইন সামৃত্রিক আইনে কোনো নির্দিষ্ট জাহাজ কর্তৃক যে-দেশের পতাকা বহন করা হয়, সেই দেশের আইন। কোনো জাহাজের মালিক, যিনি কোনো জাহাজ বিদেশের বন্দরে প্রেরণ করেন, সকল সম্ভাব্য চুক্তির পক্ষগণকে জাহাজ বা তাহাতে বাহিত পণ্যসংশ্লিষ্ট সকল সম্পাদিত চুক্তি পতাকাসংশ্লিষ্ট দেশের আইনের দ্বারা নিয়ন্ত্রিত হইবে, উক্ত পতাকাদ্বারা এই মর্মে তাঁহার অভিপ্রায়ের বিজ্ঞপ্তি প্রদান করেন।

law of the sea সামুদ্রিক আইন আন্তর্জাতিক আইনের যে-সকল বিধানদ্বারা সমুদ্রের উপর অধিকার নিয়ন্ত্রিত হয়। সমুদ্রগুলিকে বিভিন্ন এলাকায় বিভক্ত করা হয়: ১. রাট্রের অভ্যন্তরীণ জলভাগ (যেমন, নদী, ব্রদ, বন্দর ও পোতাশ্রুসমূহ)। যে-কোনো রাট্র সাধারণত উহার অভ্যন্তরীণ জলভাগে যে-কোনো বাণিজ্যিক জাহাজের উপর উহার আইন প্রয়োগ করিতে পারে। জাহাজ-চলাচল ও স্বাস্থ্য-সম্বন্ধীয় বিধিবিধানগুলি এইরূপ জলভাগে বিদেশি যুদ্ধ-জাহাজের উপরও রাট্র প্রয়োগ করিতে পারে। এবং বিদেশি যুদ্ধ-জাহাজের উপরও রাট্র প্রয়োগ করিতে পারে। ২. রাট্রীয় জলসীমা। ৩. রাট্রীয় জলসীমার বাহিরে দ্রসমুদ্র, যাহা নৌ-চলাচল, মৎস্য-আহরণ, সমুদ্রগর্ভে তার (cable) পাতা ও সমুদ্রের উপর উড্ডয়নের জন্য সকল জাতির জন্য উন্মুক্ত। দ্রসমুদ্র জাহাজগুলি সাধারণত গুধু আন্তর্জাতিক আইনের (যেমন, নৌ-দস্যাতা-সম্পর্কিত) এবং পতাকাবাহী রাট্রের আইনের অধীন (সাধারণত ওই রাট্রে নিবন্ধীকরণের উপর নির্ভরণীল)। তাহা ছাড়া উপকূলীয় রাট্রের দ্রসমুদ্র

অবৈধ অনুপ্রবেশকারী জাহাজকে ধাবন করিবার সীমিত অধিকার আছে। 8. মহীসোপান, যদিও ইহা ভৌগোলিকভাবে দ্রসমুদ্রের অংশ তবু ইহা কভিপয় সুনির্দিষ্ট বিধানের অধীন। সামুদ্রিক আইন প্রথাগত আন্তর্জাতিক আইন এবং ১৯৫৮ সালের চারটি জেনেভা কনভেনশনের অন্তর্গত। ১৯৮২ সাল হইতে অর্থাৎ জাতিসংঘের সামুদ্রিক আইন-সংক্রান্ত কনভেনশনসমূহ বলবৎ হইবার কাল হইতে একটি বহুব্যাপক সংহিতা এইসকল আইনকে নিয়ন্ত্রণ করে। ইহার মধ্যে সম্পূর্ণ নতুন কিছু বিধিও রহিয়াছে।

Law Reform Committee আইন-সংস্কার কমিটি ইংল্যান্ডে আইনের যে-সকল বিশেষ বিশেষ ক্ষেত্রের সংস্কারের প্রয়োজন হইতে পারে, তাহা বিবেচনা করিবার জন্য লর্ড চাঙ্গেলরকর্তৃক নিযুক্ত একটি পর্যৎ। বাংলাদেশে ১৯৭৬ সালে বিচারপতি কামালউদ্দিন হোসেনের নেতৃত্বে গঠিত আইন-সংস্কার কমিটির সুপারিশ-অনুযায়ী ১৯৭৮ সালের আইন-সংস্কার অধ্যাদেশ এবং ১৯৮২ সালে বিচারপতি আলতাফ হোসেনের নেতৃত্বে গঠিত আইন-সংস্কার কমিটির সুপারিশ-অনুযায়ী ১৯৮৩ সালের দেওয়ানি কার্যবিধি (সংশোধনী) অধ্যাদেশ জারির কথা এ-প্রসঙ্গে উল্লেখ করা যায়।

law reports ল-রিপোর্ট, আইন-সাময়িকী আদালতের মীমাংসিত মামলাসমূংর্থ প্রতিবেদন। ইংল্যান্ডে ১২৮৩ হইতে ১৫৩৫ সালের মধ্যে প্রতি বৎসর প্রকাশিত ইয়ারবুকস নামক আইন-প্রতিবেদনসমূহ সর্বপ্রথম প্রকাশিত আইন-সাময়িকী এইসকল আইন-প্রতিবেদনের অজ্ঞাতনামা রচয়িতাগণ সম্ভবত শিক্ষার্থী-আইনজীবী ছিলেন। Year Books নামক প্রতিবেদনগুলির পরে আইনজীবীদের ব্যক্তিগত নামে (যেমন, প্রধান বিচারপতি কোক) প্রকাশিত প্রতিবেদন দেখা দেয়। ১৮৬৫ সাল হইতে ইংল্যান্ডে ইনকরপোরেটেড কাউনসিল অব ল রিপোর্টিং নামে প্রতিষ্ঠিত একটি আধা-সরকারি সংস্থা The Weekly Law Reports নামে আইন-প্রতিবেদন প্রকাশ করিতে থাকে। গুরুত্বপূর্ণ মামলার প্রতিবেদনগুলি উক্ত কাউনসিল বাছাই করিয়া দিত এবং সংশ্লিষ্ট আইনজীবীগণ তাহা প্রণয়ন করিলে বিচারকগণ তাহা অনুমোদন করিতেন। এতদ্বাতীত বাণিজ্ঞাকভাবে প্রকাশিত অনেকগুলি আইন-প্রতিবেদন বা আইন-সাময়িকী আছে, যেমন, All England Law Reports। বাংলাদেশে ১৮৭৫ সালের ল রিপোর্টস আইনে সরকারি কর্তৃত্বে আইনি রিপোর্ট প্রকাশের ব্যবস্থা ছিল। সরকার প্রকাশিত রিপোর্ট ছাডা আদালত অন্য কোনো আইনি রিপোর্ট গুনিতে বাধ্য নহেন। অনিয়মিত প্রকাশের কারণে ১৯৮৪ সালের পর Bangladesh Law Reports আর এখন প্রকাশিত হয় না। বাংলাদেশ বার কাউনসিল-প্রকাশিত Bangladesh Legal Decisions নামক আইন-সাময়িকী ছাড়া বাণিজ্যিকভাবে প্রকাশিত Dhaka Law Reports সমধিক প্রসিদ্ধ ।

law sittings আইনের অধিবেশনসমূহ sittings দ্র.।

- Law Society ল সোসাইটি ইংল্যান্ড ও ওয়েলসের স্লিসিটরদের পেশাগত সংগঠন। সলিসিটরদের পেশাগত স্বার্থের অপ্রগতি ঘটানো এবং তাঁহাদের আচরণ, শৃঙ্গলা, পেশায় প্রবেশাধিকার-সংক্রান্ত গুরুত্বপূর্ণ আইনগত দায়িত্বপালনের জন্য এই সংস্থা গঠিত। ইহা সলিসিটরদের বার্ষিক পেশাগত দায়িত্বপালনের সনদ দিয়া থাকে, যাহা বাতিরেকে তাঁহারা নিজেদের পেশাগত দায়িত্ব পালন করিতে পারেন না। ইহার শৃঙ্গলা-পর্যদের মারফত ইহা সলিসিটরদের নাম তালিকা হইতে বাদ দিতে পারে এবং অন্য শান্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারে। এইরূপ শান্তিপ্রদানের বিরুদ্ধে হাইকোর্টে আপিল করা যায়। সলিসিটর হইতে ইচ্ছুক ব্যক্তিদের বাছাই করিবার জন্য পরীক্ষাগ্রহণ এই সোসাইটির দায়িত্ব এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয় ও আইন কলেজে শিক্ষা ও প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিদের সংগঠিত করাও ইহার দায়িত।
- laws of war যুদ্ধের আইন আন্তর্জাতিক আইনের যে-সকল বিধি ও নীতি যুদ্ধপরিচালনায় অন্তর্নিহিত বা আনুষদিক বিষয়— যেমন, নিরপেক্ষ ও যুধ্যমানের সম্পর্ক,
 অবরোধ, বন্দিকরণ, যুদ্ধধন, অন্তরিরতি ও যুদ্ধবিরতি চুক্তি, আত্মসমর্পণ, কারাবন্দি
 এবং যুদ্ধ ও শান্তি ঘোষণা— নিয়ন্ত্রণের জন্য সভ্য জাতিসমূহ মানিয়া চলেন। এতৎসহ
 Geneva Convention দ্র.।
- lawyer n. আইনজীবী, উকিল বি. দেওয়ানি কার্যবিধির ২(১৫) ধারা-অনুসারে, উকিল বলিতে এমন ব্যক্তিকে বুঝায় যিনি অপরের পক্ষে আদালতে হাজির হওয়ার ও যুক্তিতর্ক পেশ করিবার অধিকারী। pleader দ্র.।
- lawyer's certificate আইনজীবীর সার্টিফিকেট যখন উচ্চ আদালতের নিষেধাজ্ঞা জারির কোনো আদেশ সম্পর্কে নিম্ন আদালতে আইনজীবীর সার্টিফিকেট পেশ করা হয়, তখন নিম্ন আদালতের উচিত এই সার্টিফিকেটকে সন্দেহ না করিয়া বিশ্বাস করা। Chairman, Kushtia Co-operative Industrial Union Ltd. v. Mujibur Rahman 44 DLR (AD) 219 দ্র.।
- lawyer-witness rule আইনজীবী-সাক্ষী বিধি কোনো আইনজীবী, যাঁহাকে বিচার চলাকালে ঘটনার সাক্ষী হিসাবে আহ্বান করিবার সঞ্জাবনা আছে, যদি না উক্ত সাক্ষ্য প্রতিদ্বন্দিতা-বহির্ভূত বিষয়ে হয় বা আইনজীবীর পারিশ্রমিকের পরিমাণ বিষয়ে হয় অথবা সাক্ষ্যদানে অপারগ হইলে তিনি মক্লেনের উল্লেখযোগ্য দূর্ভোগ সৃষ্টি করিবেন, এমন হয়, তাহা হইলে তিনি উক্ত মামলায় আইনজীবী হিসাবে অংশগ্রহণ করিবেন না— এই নীতি। এই নিয়মে মামলায় কোনো আইনজীবীকে কেবল আনুষ্ঠানিক বিষয়ে সাক্ষী হিসাবে সক্রিয় অংশগ্রহণের অনুমতি দেয়, কিন্তু অন্যান্য বিষয়ে মক্লেনের পক্ষে সাক্ষ্য দেওয়া নিরুৎসাহিত করে।

lay days

lay days পণ্য বোঝাই ও খালাসের নির্ধারিত দিন জাহাজভাড়ার চুক্তিপত্রে বর্ণিত জাহাজে পণ্য বোঝাই ও খালাসের জন্য ভাড়াকারীকে প্রদন্ত নির্ধারিত দিনসমূহ। জাহাজভাড়ার চুক্তিপত্রে উল্লিখিত নােঙর করিবার স্থানে বা জেটিতে জাহাজ পৌছিবার সঙ্গে সঙ্গেই এই দিনগুলির গণনা আরম্ভ হয়। যদি কোনাে বন্দর নির্দিষ্ট করা থাকে, তবে জাহাজকে বন্দরের মধ্যে এমন একটি স্থানে অবশ্যই পৌছিতে হইবে যেখানে ভাড়াকারীর প্রত্যক্ষ ও কার্যকর নিয়ন্ত্রণ আছে। ভাড়াকারী পণ্য বোঝাই বা খালাসে সময় সাশ্রয় করিলে দ্রুত প্রেরণের জন্য জাহাজভাড়ার চুক্তিপত্রে অর্থপ্রদানের বিধান করা হইতে পারে। জাহাজভাড়ার চুক্তিপত্রে ভিনুরূপ কিছু না থাকিলে (যেমন, পণ্য বোঝাই ও খালাসের দিন ভালাে আবহাওয়ার দিন ও কর্মদিবসগুলিতে সীমাবদ্ধ রাখা), পণ্য বোঝাই ও খালাসের নির্ধারিত দিনগুলি নিরবিচ্ছিনুভাবে একের পর এক গণনা করা হয়। এতৎসহ demurrage দ্র.।

laying an information বৃত্তান্ত প্রদান ইংল্যান্ডে ম্যাজিস্ট্রেটের নিকট লিখিত বা মৌখিকভাবে কোনো কথিত অপরাধ ও সন্দেহভাজন অপরাধী-সংক্রান্ত বিবরণ পেশ করা— যাহাতে তিনি অভিযুক্তকে আদালতে হাজির করিবার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে পারেন। জনসাধারণের যে-কেহ বৃত্তান্ত প্রদান করিতে পারেন, যদিও প্রথাগতভাবে পুলিশই তাহা করিয়া থাকে। যদি গ্রেপ্তারি পরওয়ানার প্রয়োজন হয় তাহা হইলে অভিযোগ লিখিত ও হলফনামাযুক্ত হইতে হইবে। অভিযোগ ও অভিযোগকারী পক্ষের পরবর্তী সাক্ষ্যের মধ্যে কোনো প্রকার আনুষ্ঠানিক ক্রেটিবিচ্যুতি বা অসংগতির অজুহাতে ইহার বিষয়ে সাধারণত আপত্তি উত্থাপন করা যায় না। কিছু যদি ক্রেটিবিচ্যুতি অভিযোগের সম্পর্কে মৌলিক কিছু হয়, তবে তাহা বাতিল হইবে এবং অসংগতির দ্বারা বিবাদী বিদ্রান্ত হইলে বিচারকার্য মৃলত্বি করিয়া তাঁহাকে সময় দিতে হইবে। ফৌজদারি কার্যাবিলর ১৯০ ধারা-অনুসারে, ঘটনা সম্পর্কে অভিযোগের দরখন্তে, পুলিশ-কর্মকর্তার লিখিত প্রতিবেদন, কোনো ব্যক্তির প্রেরিত তথ্য বা তাঁহার নিজের জ্ঞান বা সন্দেহের ভিত্তিতে একজন ম্যাজিস্টেট অপরাধ আমলে নিতে পারেন।

leader n. নেতা বি. ইংল্যান্ডে কুইন্স কাউনসেল খেতাবধারী অথবা কোনো ব্যারিন্টার, যিনি মামলায় কোনো পক্ষে নিযুক্ত একাধিক আইনজীবীর মধ্যে পেশায় জ্যেষ্ঠ। বাংলাদেশে অনুরূপ আইনজীবীকে সাধারণত সিনিয়র বলা হয়।

Leader of the House সংসদ-নেতা সংসদে সংখ্যাগরিষ্ঠ দলের নেতা। সংসদীয় ব্যবস্থায় প্রধানমন্ত্রীই আইনসভার নেতা। তবে কোনো কোনো ক্ষেত্রে আইনসভার সদস্য এমন কোনো মন্ত্রীকে তিনি নেতা মনোনীত করিতে পারেন। বাংলাদেশ জাতীয় সংসদের কার্যপ্রণালি-বিধিতে বলা হইয়াছে যে, সংসদ-নেতা অর্থ প্রধানমন্ত্রী বা এমন কোনো মন্ত্রী, যিনি সংসদের অন্যতম সদস্য এবং সংসদ-নেতারূপে কাজ করিবার

জন্য প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত। সংসদ-নেতা সংসদকে পরামর্শ দেন এবং সদস্যদের সকল প্রধান কাজের মধ্যে ঐকতান সৃষ্টি করেন। তিনি কেবল সংখ্যাগরিষ্ঠ দলের নেতা নন, সংসদের সকল সদস্যের প্রতি তাঁহাকে দায়িতু পালন করিতে হয়।

Leader of the Opposition বিরোধী দলের নেতা সংসদে বিরোধী দলের নেতা।
সংসদে সরকারি দলের বিরোধিতাকারী দলগুলির সর্বাপেকা অধিক সদস্যের
আস্থাভাজন নেতা। বাংলাদেশ জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধি-অনুষায়ী বিরোধী
দলের নেতা অর্থ, স্পিকারের বিবেচনামতে যে-সংসদ-সদস্য সরকারি দলের
বিরোধিতাকারী সর্বোচ্চসংখ্যক সদস্য লইয়া গঠিত দল বা অধিসংঘের নেতা।
বিরোধী দলের নেতা একজন পূর্ণমন্ত্রীর মর্যাদা ও সুযোগ-সুবিধা ভোগ করেন।
আইন-প্রণয়ন, সংসদীয় বিতর্ক ও সংকটকালে বিকল্প প্রধানমন্ত্রীর দায়িত্ব লইয়া
বিরোধী দলীয় নেতা কাজ করেন।

lead evidence সাক্ষ্য প্রদান করা সাক্ষ্য আহবান ও পেশ করা।

leading case নজিরমূলক মামলা যে-মামলার আইনি যুক্তিতর্ক আইনের কোনো গুরুত্বপূর্ণ মূলসূত্র প্রতিষ্ঠিত করে। precedent দ্র.।

Leading Counsel প্রধান কৌসুলি দুই বা ততোধিক আইনজীবীর মধ্যে যিনি জ্যেষ্ঠ। যে-আইনজীবী মামলা নির্বাহ বা নিয়ন্ত্রণ করেন। তাঁহাকে জ্যেষ্ঠ কৌসুলিও বলা হয়। তিনি Senior Counsel, Attorney-in-charge, Queen's Counsel ও Leading Counsel নামেও অভিহিত হন। Senior Counsel ও Q.C. দ্র.।

leading question ইন্দিতপূর্ণ প্রশ্ন সাক্ষীর উদ্দেশে এমন কোনো প্রশ্ন যাহাতে প্রশ্নকর্তা যে-উত্তর চাহেন, তাহার প্রতি ইন্দিত করা হয় (যেমন, তুমিই জানালা দিয়া ইট নিক্ষেপ করিয়াছ, নয় কি?) অথবা সাক্ষী যে-বিসংবাদিত ঘটনা সম্পর্কে সাক্ষ্য দিবেন, তাহার অন্তিত্ব ধরিয়া লওয়া হয়। জবানবন্দিতে সাক্ষীর নাম-ঠিকানা জাতীয় আনুষ্ঠানিক বিষয় ব্যতীত ইন্দিতপূর্ণ প্রশ্ন করা যায় না, কিন্তু সাধারণত তাহা জেরার সময়ে করা যায়। সাক্ষ্য আইনের ১৪১ ধারায় ইন্দিতপূর্ণ প্রশ্ন কাহাকে বলে, তাহা বলা হইয়াছে; ১৪২ ধারায় জবানবন্দিতে ও পুনর্জবানবন্দিতে কোন কোন বিষয়ে ইন্দিতপূর্ণ প্রশ্ন করা যায়, তাহা বলা হইয়াছে। এতৎসহ examination-in-chief ও cross-examination দ্র.।

League of Nations লিগ অফ নেশনস প্রথম বিশ্বযুদ্ধের পরে ১৯১৯ খ্রিষ্টাব্দে আন্তর্জাতিক সহযোগিতা ও শান্তি প্রবর্ধনের জন্য এই সংগঠনের জন্ম হয়। প্রেসিডেন্ট উদ্রো উইলসন মার্কিন যুক্তরাষ্ট্রের কংগ্রেসে একটি বক্তৃতা দিয়া ইহার অনুমোদন করেন, কিন্তু যুক্তরাষ্ট্র কখনো ওই প্রতিষ্ঠানে যোগদান করেন নাই। লিগ অফ নেশনস ১৯৪৬ সালে অবলুগু হয় এবং উহার পরিসম্পৎ জাতিসংঘের নিকট হস্তান্তর করা হয়। আইন-শবকার: ৩৮

leakage and breakage দ্রবণ ও ভাঙ্গন জাহাজভাড়ার চুক্তিপত্রে বা মানামানের চালানপত্রে কখনো কখনো সন্নিবেশিত একটি ব্যতিক্রমী উক্তি, যাহার দ্বারা নির্দেশিত হয় যে, কোনো সমুদ্রথাত্রায় এইরূপ ক্ষয়ক্ষতির জন্য জাহাজের মালিক দায়ী হইবেন না, যদি না মালামাল সাজাইয়া রাখা বা ব্যবস্থাপনা করিবার ব্যাপারে জাহাজের নাবিকগণের অবহেলায় উহা সংঘটিত হইয়া থাকে। ভাঙ্গনজনিত ক্ষতির জন্য দায়ী হইবেন না' অর্থ খালাস করিবার বন্দরে মালপত্রের ভাঙাচুরা অবস্থার জন্য জাহাজের মালিককে দায়ী করা যাইবে লা।

learning n. বিদ্যা, পাণ্ডিত্য বি. এই শব্দটি কোনো কোনো ক্ষেত্রে 'শিক্ষাবন্তু' বা 'শিক্ষকের কাজ' উক্তির সমার্থক হিসাবে ব্যবহৃত হয়। ইহার দ্বারা 'কেবন জ্ঞান' অথবা 'জ্ঞানার্জনের কার্য' বুঝাইতে পারে। 'বিদ্যা' শব্দটির একমাত্র সম্ভাব্য অর্থ হইবে বিদ্যানুরাগী বা পণ্ডিত ব্যক্তির কার্যদ্বারা যাহার অন্তর্নিহিত উৎকর্ষ অর্জিত হয়, এইরূপ কিছু।

lease n. ইজারা বি. এমন একটি চুক্তি, যাহার অধীনে সম্পত্তির মালিক (ভূম্যধিকারী বা ইজারাদাতা) অপর এক ব্যক্তিকে (প্রজা বা ইজারাদার) সাধারণত খাজনা এবং কখনও সালামিনামীয় মূলধনস্বরূপ দেয় অর্থের বিনিময়ে সম্বত সময়ের জন্য সম্পত্তির একক দখল প্রদান করিয়া থাকেন। মৌখিক ইজারার শর্ত পূরণ না করিলে ইহা অবশ্যই আনুষ্ঠানিক দলিলের (কবুলিয়ত বা পাট্টা) দ্বারা করিতে হয় এবং ওই আনুষ্ঠানিক দলিলটিকেও ইজারা বলা হয়। ইজারাদারের অবশ্যই একক দখল থাকিতে হইবে অর্থাৎ সম্পত্তি নিয়ন্ত্রণের এবং অন্য যে-কোনো ব্যক্তিকে তাহা হইতে বহিষার করিবার (ভূম্যধিকারীর প্রবেশ ও পুনঃপ্রবেশ করিবার সংরক্ষিত এধিকারসাপেক্ষে) অধিকার থাকিতে হইবে। যদি দখল একক না হয়, তাহা হইলে ইহা ইজারা না হইয়া অনুমতি হইতে পারে। ইজারা অবশ্যই নির্দিষ্ট সময়ের জনা হইতে পারে। যে-দলিলের দ্বারা ইজারা সৃষ্ট হয়, তাহাতে শর্তাবলি, পক্ষণণ, সম্পত্তি, ইজারার মেয়াদ, খাজনা বা ভাড়া, এবং অন্যান্য দায় (নিশ্চয়তা), বিশেষত মেরামত, বিমা এবং দখনত্যাগ সংক্রান্ত বিষয় উল্লেখ থাকে। সকল ইজারায় কতকণ্ডলি দায় অন্তর্নিহিত থাকে (যদিও তাহা পরিবর্তন করা বা বাদ দেওয়া যায়)। ইজারাদাতার ক্ষেত্রে এইগুলি হইতেছে: (১) বন্দোবন্তের উদ্দেশ্যের পরিপন্থী কিছু না করা (অর্থাৎ তিনি এমন কিছু করিবেন না, যাহার দারা যে-উদ্দেশ্যে ইজারা দেওয়া হইয়াছে, সম্পত্তি তাহার জন্য অনুপযুক্ত হয়); (২) শান্তিপূর্ণভাবে ভোগদখল করা; এবং কতিপয় ক্ষেত্রে (৩) ঘরবাড়ি বসবাসের উপযুক্ত রাখা নিশ্চিত করা। প্রজা বা ভাড়াটিয়ার ক্ষেত্রে অন্তর্নিহিত দায় হইতেছে: (১) ভাড়া বা খাজনা প্রদান করা; (২) সকলপ্রকার সাধারণ কর ও অভিকর প্রদান করা; (৩) সম্পত্তির জন্য ক্ষতিকর কিছু না করা; এবং (৪) প্রজা বা ভাডাটিয়া হিসাবে সম্পত্তি ব্যবহার করা অর্থাৎ যে-কোনো সচেতন ভাডাটিয়া বা প্রজার নিকট হইতে আশা করা যায়, এমন ছোটখাটো মেরামত

করা। সাধারণভাবে যে-সকল কয়ক্ষতি বা অন্যান্য প্রকারের মেরামতের অভাবজনিত দুরবস্থা, যাহা তাঁহার অবহেলাজনিত নহে তাহার জন্য তিনি দায়ী হন না। সম্পত্তি- হস্তান্তর আইনের ১০৫ ধারায় ইজারার সংজ্ঞার্থ, ১০৬ ধারায় ইজারার মেয়াদ ও তাহা বাতিলের বিধান, ১০৭ ধারায় ইজারাদানের পদ্ধতি, ১০৮ ধারায় ইজারাদাতা ও ইজারাদারের অধিকার ও দায়দায়িত্ব, ১০৯ ধারায় দর-ইজারাদারের অধিকার ও দায়দায়িত্ব, ১১০ ধারায় ইজারার সম্পত্তির বিষয়ে বিধানাবলি বর্ণিত হইয়াছে। উক্ত আইনের ১১৭ ধারায় কৃষি জমির ইজারার ক্ষেত্রে উপরিউক্ত বিধানাবলি প্রযোজ্য নহে বলিয়া বর্ণিত হইয়াছে। ১৯৫০ সালের রয়্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাম্বত্ত্ব আইনের ৭৫ক ধারার বিধান-অনুযায়ী কৃষি জমির ইজারাপ্রদান নিষিদ্ধ। ১৯৬৭ সালের সংশোধনীর পর ১৯৪৯ সালের অকৃষি প্রজারত্ব আইনেও অকৃষি জমির ইজারাপ্রদান নিষিদ্ধ। ত্র৯৬৭ মালের সংশোধনীর পর ১৯৪৯ সালের অকৃষি প্রজারত্ব আইনেও অকৃষি জমির ইজারাপ্রদান নিষিদ্ধ। হঙ্গা হাড়া সরকারি ও আধা-সরকারি প্রভৃতি সংস্থা ব্যতীত অন্য কেহ জমি ইজারা দিতে পারে না। এতৎসহ lessor, lessee, equitable 'lease, legal lease ও assignment দ্রা.।

lease and license ইজারা ও অনুমতি ইজারা ও অনুমতির মধ্যস্থিত সীমারেথা সামান্য। পদ্দগণের লিখিত অঙ্গীকারের শর্তাবলি যখন ইজারা ও অনুমতির সহিৎ সমভাবে সামঞ্জস্যপূর্ণ হয়, তখন পদ্দগণের অভিপ্রায়ই হইল, তাহাদের পারম্পরিক পরিচিতি বা অবস্থা নির্ধারণের জন্য তাহা প্রয়োজনীয় এবং বৈধ নির্দেশিকা হইবে।

leasehold adj. ইজারাধীন বিণ. ইজারার অধীনে একটি সর্বনিম্ন নির্দিষ্ট সময়ের জন্য ধারণকৃত কোনো সম্পত্তি। freehold তু.।

leasehold ownership ইজারাধীন মালিকানা ইজারার অধীনে কোনো সম্পত্তির মালিকানা। ইজারার মেয়াদের উপর কতদিন মালিকানা থাকিবে, তাহা ইজারা-চুক্তির শর্তের উপর নির্ভরশীল। ইহা খুব স্বল্পসময়ের জন্য হইতে ৯৯৯ বৎসরের মধ্যে উঠানামা করিতে পারে। প্রজার বা ভাড়াটিয়ার মালিকানা ইজারার শর্তের দ্বারাও সীমাবদ্ধ হয়। ইংল্যান্ডে ১৯৬৭ সালের ইজারাস্বত্ব সংক্ষার আইনে ২১ বৎসরের উর্ধকালের দীর্ঘমেয়াদি ইজারাদারদের নিক্ষর স্বত্ব খরিদ করিবার অথবা চলতি ইজারা ৫০ বৎসরের জন্য বর্ধিত করিবার আইনত অধিকার প্রদান করা হইয়াছে। ১৯৯৩ সালের ইজারাধীন সংক্ষার আইনে ইজারাধীন ফ্ল্যাট-মালিকদেরও অনুরূপ অধিকার প্রদান করা হইয়াছে। বাংলাদেশে মধ্যস্বত্ব বিলোপ করিবার পর সরকার বা আধাসরকারি সংস্থা ব্যতীত অন্য কেহ বাড়ি ছাড়া কোনো ভূমি ইজারা দিতে পারেন না বলিয়া ভূমির ইজারাদারদের উক্তরূপ কোনো অধিকার নাই। তাহাছাড়া ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট সম্পর্কে কোনো আইন না থাকায় তন্দ্রপ সম্পত্তির মালিকদেরও উক্তরূপ অধিকার নাই। এতৎসহ enfranchisement of tenancy দ্র.।

leasing company লিজিং কোশনান ১৯৯৩ সালের আর্থিক প্রতিষ্ঠান আইনের ২(ধ) ধারা-অনুসারে, এমন কোম্পানিকে বৃঝাইবে যে-কোম্পানি উহার ব্যবসা বা ব্যবসার অংশ হিসাবে যন্ত্রপাতি বা সরঞ্জাম ইজারা প্রদান করে বা এইরূপ ইজারায় অর্থায়ন করে।

leave n. অনুমতি বি. মামলার কার্যক্রম-সংক্রান্ত কোনো পদক্ষেপ গ্রহণ করিবার জন্য আদালতের অনুমতি। ইংল্যান্ডে যে-সকল ক্ষেত্রে আদালতের অনুমতির প্রয়োজন হয়, আদালতের এখতিয়ার-বহির্ভূত এলাকায় পরওয়ানা জারি এবং হাউজ অফ লর্ডসে আপিল তাহার অন্তর্ভূক। বাংলাদেশে দেওয়ানি কার্যবিধির ৫ আদেশের ২০ নিয়ম-অনুসারে, বিকল্প সমন জারির জন্য, ৬ আদেশের ৫ নিয়ম-অনুসারে অতিরিক্ত ও প্রেয়্মতর বর্ণনা দাখিলের জন্য, ৬ আদেশের ১৭ নিয়ম-অনুসারে হেতুভাষণ সংশোধনের জন্য, ৮ আদেশের ৯ নিয়ম-অনুসারে হেতুভাষণ সংশোধনের জন্য, ৮ আদেশের ৯ নিয়ম-অনুসারে পরবর্তী হেতুভাষণ দাখিলের জন্য আদালতের অনুমতি প্রয়োজন। কতিপয় ক্ষেত্র ব্যতীত হাইকোর্ট বিভাগের রায়, ডিক্রি, আদেশ বা দগুদেশের বিরুদ্ধে আপিল বিভাগ আপিলের অনুমতি দান করিলে সেই শ্বামলায় আপিল বিভাগে আপিল চলিবে। এতংসহ service out of the jurisdiction ও appellate jurisdiction দ্রে.।

leave to defend প্রতিষ্পুতা করিবার অনুমতি ইংল্যান্ডে সংক্ষিপ্ত রায় পাইবার জন্য সমন প্রেরিত হইলে হাইকোর্ট কর্তৃক বিবাদীকে উক্ত মামলায় প্রতিষ্পিত্বতা করিবার জন্য প্রদত্ত অনুমতির আদেশ। অনুমতি শর্তাধীন (যেমন, বাদীর দাবির সম্পূর্ণ বা আংশিক অর্থ বিবাদীকে আদালতে জমা দিবার শর্তে) বা শর্তহীন হইতে পারে। দেওয়ানি কার্যবিধির ৩৭ আদেশের ২(২) নিয়মে হাইকোর্ট বিভাগ বা জেলা আদালত যেখানেই হউক, বিনিময়যোগ্য দলিলের ভিত্তিতে অর্থ আদায়ের জন্য সংক্ষিপ্ত মামলায় আদালতের অনুমতি ভিন্ন বিবাদী প্রতিষ্পিত্বতা করিতে পারেন না। summary judgment দ্র.।

lecture n. বক্তৃতা বি. ভাষণ ও ধর্মোপদেশ ইহার অন্তর্ভুক।

legacy n. উত্তরদান বি. ইচ্ছাপত্রমূলে ব্যক্তিগত সম্পত্তিদান। একটি সাধারণ উত্তরদান হইতেছে এমন একটি দান, যাহা কোনো নির্দিষ্ট পরিসম্পৎ বা তহবিলের সহিত সমীকৃত করা যায় না। যেমন, 'ক'কে ১০,০০০ টাকার সরল উত্তরদান বা 'ব'কে আমার অংশ দান'। একটি নির্দিষ্ট উত্তরদান হইতেছে শনাক্তযোগ্য নির্দিষ্ট বন্তু যেমন, সংবলিত একটি চিত্রকর্ম। ইহা প্রত্যাহারযোগ্য কিন্তু অন্যথায় ইহা মৃত ইচ্ছাপত্রকারীর ব্যক্তিগত প্রতিনিধিগণ কর্তৃক সাধারণ উত্তরদানগুলির পূর্বে অগ্রাধিকারের ভিত্তিতে প্রদেয়। ঋণসমূহ এবং নির্দিষ্ট, প্রতিপাদনীয় ও সাধারণ উত্তরদানসমূহের পরিশোধের পরে একটি প্রতিপাদনীয় উত্তরদান ইচ্ছাপত্রকারীর সমগ্র

সম্পত্তির নির্দিষ্ট তহবিল হইতে প্রদেয়। যেমন, 'আমার বিছানার নিচে রক্ষিত ১০০০ টাকা হইতে ৫০০ টাকা'। ইচ্ছাপত্রকারী নিজের জীবদ্দশায় তহবিল বিলি করিয়া না থাকিলে ইহা প্রত্যাহার করা হয় না এবং ইহা সাধারণ উত্তরদানগুলির পূর্বে অগ্রাধিকারের ভিন্তিতে প্রদেয়। আর্থিক উত্তরদানগুলির (যেমন, নগদ অর্থদান) উপর ইচ্ছাপত্রকারীর মৃত্যুর একবৎসর পর হইতে সুদ পাওনা হয়। অবশিষ্ট উত্তরদান হইতেছে ইচ্ছাপত্রকারীর ঝণসমূহ নির্দিষ্ট ও নির্দেশক তহবিল হইতে পরিশোধ এবং সাধারণ উত্তরদান পরিশোধ করিবার পর সকল ব্যক্তিগত সম্পত্তির বিলিব্যবস্থা। উত্তরাধিকার আইনের ১৪২-১৬৬ ধারাসমূহে উত্তরদান-সম্পর্কিত বিধানাবলি বর্ণিত হইয়াছে। devise ও ademption তু.।

legal aid আইনি সহায়তা যে-সকল ব্যক্তি নিজেদের আইনগত ব্যয় বহন করিতে অসমর্থ, সরকারি তহবিল হইতে তাঁহাদের উক্ত ব্যয় প্রদান। ইহার জন্য ইংল্যান্তের ১৯৮৮ সালের আইনগত সহায়তা প্রদান আইনের অধীনে প্রণীত একটি পরিকল্পনা প্রণীত হইয়াছে। বাংলাদেশে ২০০০ সালের আইনগত সহায়তা প্রদান আইনের ২(ক) ধারা-অনুসারে, আইনগত সহায়তা বলিতে বুঝায় আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচারপ্রাপ্তিতে অসমর্থ ব্যক্তিদের আইনগত পরামর্শ প্রদান, আইনজীবীর ফিস প্রদান ও মামলার খরচ প্রদানসহ অন্য যে-কোনো সহায়তা প্রদান। এই আইনের অধীনে প্রতিষ্ঠিত জাতীয় আইনগত সহায়তা সংস্থা, জেলা আইনগত সহায়তা প্রদান করেন। দায়রা আদালতে মৃত্যুদওযোগ্য অপরাধে অভিযুক্ত বিচারাধীন আসামি নিজ খরচে কৌসুলি নিয়োগে অপারগ হইলে ফৌজদারি কার্যবিধি-অনুসারে আদালত যখন সরকারি ধরচে উক্ত আসামির পক্ষে কৌসুলি নিয়োগ করেন তখন তাহাকে আইনি সহায়তা বলা হয়। নিঃম্ব বাদী কোর্ট ফি প্রদান না করিয়া আদালতে মামলা দায়ের করিতে পারেন।

legal assignment আইনসমত স্বত্বাৰ্পণ assignment দ্ৰ.।

legal character আইনগত চরিত্র ইহা কেবল অধিকার নহে, বরঞ্চ তাহার অধিক কিছু। সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৪২ ধারায় ইহার অর্থ হইতেছে বৈধ মর্যাদা।

legal custody আইনি জিম্মা, বৈধ হাজত আইনের দ্বারা অনুমোদিত জিমা। যদি কোনো ব্যক্তিকে কোনো হাসপাতালে ভর্তির জন্য সোপর্দ করা হয়, যাহাতে কোনো পুনিশ কর্মচারী বা অন্য কোনো ব্যক্তি তাঁহাকে সেখানে লইয়া গিয়া আটক রাখিতে সমর্থ হন, তাহা হইলে উক্ত ব্যক্তি বৈধ হাজতে সোপর্দ হইয়াছেন বলা যায়।

legal damage আইনি ক্ষতি damage, legal দ্ৰ.।

legal disability বৈধ অপারগতা তামাদি আইনের ৬ ধারায় বলা হইয়াছে যে, যেক্ষেত্রে মামলা বা কার্যধারা দায়ের করিবার অথবা ডিক্রিজারির জন্য দর্গন্ত দাখিলের অধিকারী ব্যক্তি, যে-সময় হইতে তামাদির মেয়াদ গণনা করিতে হইবে, সেই সময়ে যদি নাবালক, উন্মাদ বা জডবদ্ধিসম্পন্ন হন, তবে উক্ত ব্যক্তি তাঁহার উপরিউক্ত অপরাগতার অবসান হইবার পর, তামাদি আইনের প্রথম তফসিলের তৃতীয় স্তম্ভে অথবা ১৯০৮ সালের দেওয়ানি কার্যবিধি আইনের ৪৮ ধারায় বর্ণিত যে-মেয়াদের মধ্যে তিনি উহা করিতে পারিতেন, সে-মেয়াদের মধ্যে মামলা বা কার্যধারা দায়ের কিংবা দরখান্ত দাখিল করিতে পারিবেন। যে-ক্ষেত্রে অনুরূপ কোনো ব্যক্তি, যে-সময় হইতে তামাদির মেয়াদ গণনা করিতে হইবে, সেই সময়ে উপরে বর্ণিত যে-কোনো দুইটি অপারগতার অবসান হইবার পূর্বেই আরেকটি অপারগতায় পতিত হন, সেক্ষেত্রে সেই ব্যক্তি তাঁহার উভয় অপারগতার অবসান হইবার পর, উপরে বর্ণিত যে-মেয়াদের মধ্যে তিনি উহা করিতে পারিতেন, সেই মেয়াদের মধ্যে মামলা অথবা দরখান্ত দাখিল করিতে পারিবেন। যে-ক্ষেত্রে অনুরূপ কোনো ব্যক্তির মৃত্যু পর্যন্ত তাঁহার অপারগতা চলিতে থাকে, সেক্ষেত্রে তাঁহার আইনানগ প্রতিনিধি ওই ব্যক্তির মৃত্যুর পর, অপারগতা না থাকিলে উপরে বর্ণিত যে-মেয়াদের মধ্যে উহা করা যাইত, সেই মেয়াদের মধ্যে মামলা দায়ের কিংবা দরখান্ত দাখিল করিতে পারিবেন। যে-ক্ষেত্রে উপরিউক্ত ব্যক্তির মৃত্যুর পর তাঁহার আইনানুগ প্রতিনিধি অনুরূপ কোনো অপারগতায় পতিত হন, সেক্ষেত্রে ১ ও ২ উপধারার বিধানসমূহ প্রযোজ্য হইবে। চুক্তি আইনের ১১ ধারা-অনুসারে, নাবালক, উন্মাদ বা জড়বুদ্ধিসম্পন্ন ব্যক্তি চুক্তি করিতে পারিবেন না। দেওয়ানি কার্যবিধির ৩২ আদেশে নাবালক এবং মানসিক বিকারগ্রন্ত ব্যক্তি কর্তৃক বা তাঁহার বিরুদ্ধে মামলা দায়েরের বিধান বর্ণিত হইয়াছে।

legal easement আইনসমত বর্তমত্ব easement দ্র.।

legal estate আইনসম্মত ভূসম্পত্তি ইংল্যান্ডে দখলি অবিমিশ্র নির্বৃঢ় বংশানুক্রমিক বত্ব হিসাবে কিংবা একটি নির্দিষ্ট মেয়াদের জন্য নির্বৃঢ় বত্ব হিসাবে জমির মালিকানা বা জমিতে কোনো স্বার্থ। ১৯২৫ সালের সম্পত্তি আইন-অনুযায়ী, ভূমি-মালিকানার এই দুইটিমাত্র রূপ একটি আইনসম্মত ভূসম্পত্তি হিসাবে বিদ্যুমান থাকিতে পারে। অন্য সকলপ্রকার ভূসম্পত্তি— যেমন, জীবনস্বত্ব অথবা সীমাবদ্ধ স্বত্ব (কোনো ব্যক্তি ও তাঁহার পুত্রকন্যা ও তাঁহাদের পুত্র কন্যাদের মধ্যে সীমাবদ্ধ স্বত্ব)— ন্যায়পর স্বত্ব বটে। fee simple absolute in possession দ্র.।

legal fiction কানুনি কল্পনা যে-বস্তু প্রকৃতপক্ষে সত্য হউক বা না হউক, আইনে সত্য বলিয়া ধরিয়া লওয়া হয়।

legal force আইনি বলপ্রয়োগ যে-শক্তি অপরিমিত নহে এবং যাহার প্রয়োগ কোনো ব্যক্তির আত্মরক্ষা বা সম্পত্তিরক্ষার জন্য যথাযথ। এইরূপ যুক্তিসংগত শক্তির ব্যবহার কোনো ব্যক্তিকে অপরাধ-সংঘটনের জন্য দায়ী করিবে না। ቴኔያ legal lease

legal fraud আইনি তঞ্চকতা constructive fraud দ্ৰ.।

legal guardians of property সম্পত্তির আইনসম্মত অভিভাবক মুসলিম আইনঅনুসারে পিতা, পিতার নিযুক্ত নির্বাহী ও পিতামহের নিযুক্ত নির্বাহী যথাক্রমে
নাবালকের সম্পত্তির অভিভাবক। হিন্দু আইন-অনুসারে পিতা, পিতার নিযুক্ত নির্বাহী
ও মাতা যথাক্রমে নাবালকের সম্পত্তির অভিভাবক। উক্ত ব্যক্তিদের অবর্তমানে
আদালত অভিভাবক নিযুক্ত করেন।

legal heirs **আইনানৃগ উত্তরাধিকারী** স্বামী, ক্রী, পুত্র ও কন্যা, পিতা, মাতা, ভ্রাতা ও ভন্নী এবং রক্তসম্পর্কের অন্যান্য আত্মীয়।

legal innocence আইনি নির্দোষিতা (ফৌজদারি আইনে) বিবাদীকে প্রদন্ত দথাদেশের সমর্থনে এক বা একাধিক পদ্ধতিগত বা আইনগত ভিত্তির অভাব। বেরিয়াস কর্পাস রিট আবেদনের পরিপ্রেক্ষিতে দগুজ্ঞার কোনো আপত্তির ক্ষেত্রে আইনি নির্দোষিতাকে প্রায়শই প্রকৃত নির্দোষিতার বিসদৃশরূপে উপস্থাপন করা হয়। দগুজ্ঞার ভিত্তিস্বরূপ ঘটনাসমূহের উপর কেন্দ্রীভূত প্রকৃত নির্দোষিতা বৈচারিক আদালতের ভ্রান্তির (যে-সকল ভ্রান্তির বিরুদ্ধে বিচারকালে আপত্তি উথাপন করা হয় নাই) ভিত্তিতে প্রদত্ত মৃত্যুদণ্ড হইতে অব্যাহতিপ্রান্তির জন্য ব্যবহার করা যাইতে পারে, এমনকী আবেদনকারী কারণ ও অনিষ্ট বিধির (cause and prejudice rule) উপাদানসমূহ পূরণ করিতে অসমর্থ হইলেও। কিন্তু আইনি নির্দোষিতা, যাহা প্রযোজ্য আইন ও পদ্ধতির উপর দৃষ্টি নিবদ্ধ রাখে, অত অনায়ানে লাভ করা যায় না।

legal interest বৈধ সুদ পক্ষগণ একমত হইতে না পারিবার কারণে সুদের যে-হার আইনের দ্বারা নির্ধারিত হয় এবং চুক্তির সহিত সংযুক্ত করা হয়। চুক্তিতে যখন সুদের বিষয়ে কোনো উল্লেখ থাকে না, তখন আইনের দ্বারা সুদের যে-হার নির্ধারিত হয়, উহাই বৈধ সদ।

legal lease আইনসম্মত ইজারা এমন একটি চুক্তি বা বন্দোবন্ত যাহা ভূমিতে নির্দিষ্ট কিছু বংসরের জন্য নির্বৃঢ় স্বত্বে ভূম্যধিকার সৃষ্টি করে। আইনসংগত ইজারা অবশ্যই দলিলদ্বারা সৃষ্টি করিতে হইবে। তবে একটি নির্দিষ্ট মেয়াদের আইনসম্মত ইজারা দখলগ্রহণের দ্বারা কার্যকর হইলে এবং সেলামি ছাড়া পূর্ণবাজারদরে তিন বংসরের বেশি মেয়াদের জন্য না হইলে, উহা সৃষ্টি করিবার জন্য কোনো আনুষ্ঠানিক শর্ত পালন আবশ্যকীয় নহে। ইংল্যান্ডে ১৯২৫ সালের সম্পত্তি আইনের বিধান-অনুযায়ী যে-কোনো মেয়াদের আইনসম্মত ইজারার স্বত্ব-হস্তান্তরের ক্ষেত্রে তাহা অবশ্যই দলিলসূলে করিতে হইবে, অন্যথায় তাহা ইজারার মেয়াদের স্বত্ব-হস্তান্তরের চুক্তি মাত্র হইবে। equitable lease দ্র.।

legally adv. আইনগতভাবে, বৈধভাবে ক্রি. বিণ. বৈধ হইবার অবস্থা বা প্রকৃতি; আইনসম্মতভাবে; আইনের সহিত সঙ্গতিপূর্ণভাবে। আইনগত বা বৈধ উপায়ে। আইনের দারা।

- legally bound to do আইনত করিতে বাধ্য দওবিধির ৪৩ ধারা-অনুসারে, ব্যক্তিবিশেষ এইরূপ কার্য আইনত করিতে বাধ্য বলিয়া গণ্য হইবেন যাহা করা হইতে বিরত থাকা তাঁহার পক্ষে অবৈধ।
- legal memory আইনি শৃতি যে-সময় পর্যন্ত আইনের শৃতি বিস্তৃত। ইংল্যান্ডে ১২৭৫ সালের ১ ওয়েন্টমিনন্টার স্ট্যাট্যুটদ্বারা ইহার সূচনা ১১৮৯ সাল হইতে ধরিয়া লওয়া হইয়াছে। বাংলাদেশে ইংল্যান্ডের এই আইন চালু নাই। এখানে আইনি শৃতির পূর্বকালকে শ্বরণাতীতকাল বলা হয়। উপস্থাপিত সাক্ষ্যপ্রমাণের ভিত্তিতে আদালত অনুমান করিতে পারেন যে, দূর অতীতে যে-বিসংবাদিত অধিকারস্বত্ব সৃষ্ট হইয়াছিল, তাহা এখন পর্যন্ত বিনষ্ট হয় নাই অথবা তাহা প্রমাণযোগ্য নহে।

legal mortgage আইনসমত বন্ধক mortgage।

legal necessity আইনগত প্রয়োজনীয়তা মুসলিম আইনে আইনগত অভিভাবক আদালতের অনুমতি ছাড়াই নাবালকের আইনগত প্রয়োজনে সম্পত্তি-হস্তান্তর করিলে তাহা অবৈধ হয় না। হিন্দু আইন-অনুসারে কোনো বিধবা আইনগত প্রয়োজনীয়তা ছাড়া জীবনস্বত্বস্তান্তর করিতে পারেন না। আইনগত প্রয়োজনীয়তা বলিতে নিম্নলিখিত বিষয়গুলি বুঝাইবে : (১) ধর্মীয় ও দাতব্য কারণে: (২) মৃতের শেষ স্বত্যাধিকারীর ঋণপরিশোধের বা জামিন-পরিশোধের কারণে; (৩) মৃতের সম্পত্তির জন্য প্রদেষ বকেয়া সরকারি রাজস্ব প্রদানের জন্য বা খাজনার দায়দেনা পরিশোধের জন্য ব্যয়; (৪) মৃতের জীবদ্দশায় যাঁহাদের ভরণপোষণের জন্য মৃতের অপরিহার্য কর্তব্য ছিল, যেমন, পিতা, মাতা, পিতামহ, অবিবাহিত কন্যা প্রভৃতি ব্যক্তির ভরণপোষণের জন্য ব্যয়; (৫) পারিবারিক ঋণ পরিশোধের ব্যয়; (৬) মৃত ব্যক্তির আপনজন, যেমন, কন্যা, পৌত্রী, দৌহিত্রী প্রভৃতি নারীকুলের বিবাহের জন্য ব্যয়।

legal person আইনি ব্যক্তি একজন স্বাভাবিক ব্যক্তি (যেমন, একজন মানুষ) বা আইনের দৃষ্টিতে একজন আইনানুগ ব্যক্তি (যেমন, একটি নিবন্ধিত কোম্পানি)।

legal practitioner আইনজীবী lawyer দ্ৰ.।

legal practitioner of his choice মনোনীত আইনজীবী সংবিধানের ৩৩(১) অনুচ্ছেদ-অনুসারে, গ্রেপ্তারকৃত কোনো ব্যক্তিকে যথাসম্ভব শীঘ্র গ্রেপ্তারের কারণ জ্ঞাপন না করিয়া প্রহরায় আটক রাখা যাইবে না এবং উক্ত ব্যক্তিকে তাঁহার মনোনীত আইনজীবীর সহিত পরামর্শের ও তাঁহার দ্বারা আত্মপক্ষসমর্থনের অধিকার হইতে বঞ্চিত করা যাইবে না।

৬১৭ legal rights

legal proceeding আইনগত কার্যধারা এমন কোনো কার্যধারা বা তদন্ত যাহাতে সাক্ষ্য দেওয়া হয় বা হইতে পারে এবং যাহাতে কোনো মধ্যস্থতা বা সালিশি অন্তর্ভুক্ত। অর্থ আইনের দ্বারা নির্দেশিত বা নিয়ন্ত্রিত কোনো কার্যধারা, যাহাতে কোনো বৈচারিক সিদ্ধান্ত দেওয়া হইতে পারে বা অবশ্যই দিতে হয়। কোনো আইনগত অধিকারলজ্ঞন বা বৈধ নালিশের প্রতিকারের জন্য আইন-অনুমোদিত কার্যধারা।

legal process আইনি প্রক্রিয়া একটি মোকদ্দমা বা আইনগত ব্যবস্থার সমুদ্র কার্যাবলি। এই প্রক্রিয়া রিটের দ্বারাই হউক কিংবা পরওয়ানার দ্বারাই হউক, ইহা গঠনের দিক হইতে ক্রটিযুক্ত না হইলে এবং স্বাভাবিক বিচার-কার্যক্রমে বিষয়বস্তুর উপর এখতিয়ারসম্পন্ন আদালত কর্তৃক জারিকৃত হইলেই উহা বৈধ হইবে, যদ্যপি উহা জারি করিবার পূর্ববর্তী কার্যাবলিতে ভ্রম বা অনিয়ম থাকিয়া থাকে।

legal remedy আইনসম্মত প্রতিকার আইনগত প্রতিকার যাহা ন্যায়পরতা ভিত্তিক প্রতিকার হইতে স্বতন্ত্র; বিচারালয়ে কোনো মোকদ্দমা বা আইনগত ব্যবস্থা।

legal remuneration বৈধ পারিশ্রমিক দওবিধির ১৬১ ধারার ব্যাখ্যায় পারিশ্রমিক বনিতে কোনো সরকারি কর্মচারী আইনসম্মতভাবে যে-পারিশ্রমিক দাবি করিতে পারেন, গুধু তাহাই বুঝায় না, যে-কর্তৃপক্ষ কর্তৃক তিনি নিযুক্ত হইয়াছেন, সে-কর্তৃপক্ষ তাঁহাকে যেসব পারিশ্রমিক গ্রহণ করিতে অনুমতি দিয়াছেন সেসব পারিশ্রমিকও বুঝায়। কোনো সরকারি কর্মচারী সরকারি কার্যসম্পাদনকালে আইনসম্মত পারিশ্রমিক ব্যতীত অন্য কোনো পারিতোষিক গ্রহণ করিলে তাহা অপরাধ বিল্যা গণ্য হইবে এবং দওবিধির ১৬১ ধারা-অনুসারে তাহা শান্তিযোগ্য হইবে ।

legal representative আইনানুগ প্রতিনিধি দেওয়ানি কার্যবিধির ২(১১) ধারাঅনুসারে, যিনি আইনত মৃত ব্যক্তির সম্পত্তির প্রতিনিধিত্ব করেন; মৃত ব্যক্তির সম্পত্তির
পরিচালনা করেন এবং মৃত ব্যক্তির প্রতিনিধি হিসাবে মামলা করেন বা যাঁহার বিরুদ্ধে
মামলা করা হয়; তাঁহার মৃত্যুর পর প্রতিনিধি হিসাবে যে-ব্যক্তির উপর সম্পত্তি বর্তায়
তিনিও ইহার অন্তর্ভুক্ত । দেওয়ানি কার্যবিধির ২২ আদেশের ৫ নিয়মে আদালতকে
আইনগত প্রতিনিধি নিয়োগ করিবার এবং উক্ত নিয়োগসংক্রান্ত আপত্তিপ্রবণ এবং
এবং নিম্পত্তির ক্ষমতা প্রদান করা হইয়াছে । কোনো ব্যক্তি মৃত বাদী বা বিবাদীর
আইনগত প্রতিনিধি কি না এ-সম্পর্কে কোনো প্রশ্নের উদ্ভব হইলে আদালত অনুরূপ
প্রশ্নের নিম্পত্তি করিবেন।

legal rights আইনি অধিকার ইংল্যান্ডের চানসারি আদালতকর্তৃক স্বীকৃত ন্যায়পর অধিকার বা স্বার্থ হইতে পৃথক সাধারণ আইনের আদালত কর্তৃক স্বীকৃত অধিকারসমূহ। বাংলাদেশের সংবিধানে ঘোষিত নাগরিক অধিকার এবং অপরাপর আইনে স্বীকৃত অধিকারসমূহ। চুক্তির দ্বারা সৃষ্ট অধিকার ইহা হইতে ভিন্ন।

- legal separation আইনি বিচ্ছেদ separation দ্ৰ.।
- legal tender বৈধ মুদা ১. আইনদারা নির্দিষ্ট বা আইনগত গ্রাহ্য মুদা যাহার দারা মূল্যপরিশোধ করা যায়। ২. আইনদারা নির্দিষ্ট বা অনুমোদিত স্থানে এবং সময়ে মূল্যপরিশোধ বা সেবা প্রদান করিবার কাজ, যাহা কোনো চুক্তি পালন বা দাবি মিটাইবার জন্য করা হইয়া থাকে।
- legal year আইনি বৎসর ইংল্যান্ডে প্রতিবৎসর আদালতের চারটি অধিবেশনের সর্বমোট সময়।
- legatee n. উত্তরদানগ্রাহী যে-ব্যক্তিকে উত্তরদান দেওয়া হয়।
- legation n. কৃটনৈতিক দপ্তর, কূটনৈতিক প্রতিনিধি বিদেশে প্রেরিত বা অবস্থানরত কোনো রাষ্ট্রের প্রতিনিধিগণ; বিদেশে প্রেরিত কূটনৈতিক ব্যক্তিবর্গ যাঁহারা রষ্ট্রদূতের নিম্ন পদমর্যাদাসম্পন্ন কূটনৈতিক। কর্মকর্তা এবং তাঁহার অধীন কর্মচারীবৃন্দ; উক্তরূপ কর্মকর্তার সরকারি বাসভবন।
- legislation n. ১. আইন বি. কোনো দেশের সম্পূর্ণ লিখিত আইন বা তাহার যেকোনো অংশ। যুক্তরাজ্যে এই পরিশদ্দি সাধারণত পার্লামেন্ট-প্রণীত আইনের ক্ষেত্রে সীমাবদ্ধ, কিন্তু ব্যাপক অর্থে পার্লামেন্টে প্রণীত আইনের ক্ষমতাবলে প্রণীত আইন, রাজকীয় বিশেষাধিকার বলে প্রণীত আইন, চার্চ অফ ইংল্যান্ডের প্রণীত এবং রাজ-অনুমোদনপ্রাপ্ত মেইজারস নামক বিধিগুলিও ইহার অন্তর্ভুক্ত। ২. আইনপ্রণয়ন বি. লিখিত আইন-প্রণয়নের প্রক্রিয়া।
- legislative power আইনপ্রণয়ন-ক্ষমতা রাষ্ট্রের যে-ক্ষমতা জনগণের জন্য আইনপ্রণয়ন ও জারি করে; আইন বিধিবদ্ধ করিবার ক্ষমতা বা আইন কী হইবে তাহা ঘোষণা করিবার কর্তৃত্ব; ভবিষ্যৎ আচরণ, অধিকার এবং বিরোধসমূহের নিয়ন্ত্রণ করিবার উদ্দেশ্যে নতুন বিধি প্রণয়ন করিবার ক্ষমতা। সংবিধানের ৮০ অনুচ্ছেদে আইনপ্রণয়ন-পদ্ধতির বিধান রহিয়াছে।
- legislative procedure আইনপ্রণয়ন-পদ্ধতি সংবিধানের ৮০ অনুচ্ছেদে আইন প্রণয়ন-পদ্ধতি সম্পর্কে বিধান বর্ণিত হইয়াছে। আইনপ্রণয়নের উদ্দেশ্যে সংসদে আনীত প্রত্যেকটি প্রস্তাব বিল আকারে উত্থাপিত হইবে। সংসদ কর্তৃক কোনো বিল গৃহীত হইলে সম্মতির জন্য রাষ্ট্রপতির নিকট পেশ করিতে হইবে।
- legislature n. আইনসভা বি. লিখিত আইন-প্রণয়নের প্রাথমিক ক্ষমতা যে-সংস্থার আছে। বাংলাদেশের সংবিধানের ৬৫ অনুচ্ছেদের (১) উপ-অনুচ্ছেদে বলা হইয়াছে: 'জাতীয় সংসদ' নামে বাংলাদেশের একটি সংসদ থাকিবে এবং এই সংবিধানের

বিধানাবলি-সাপেক্ষে প্রজাতন্ত্রের আইনপ্রণয়ন-ক্ষমতা সংসদের উপর ন্যন্ত হইবে।
যুক্তরাজ্যে রাজা বা রানী, হাউজ অফ কমন্স ও হাউজ অফ লর্ডসকে লইয়া
আইনসভা গঠিত হয়। মার্কিন যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় আইনসভাকে কংগ্রেস বলা হয়।
সিনেট ইহার উচ্চকক্ষ এবং হাউজ অফ রিপ্রেজেন্টেটিভ ইহার নিম্নকক্ষ। ভারতের
কেন্দ্রীয় আইনসভাকে পার্লামেন্ট বলা হয়। ইহার উচ্চকক্ষ রাজ্যসভা এবং নিম্নকক্ষ
লোকসভা। পাকিস্তানের কেন্দ্রীয় আইনসভা পার্লামেন্ট। ইহার উচ্চকক্ষকে ন্যাশনাল
অ্যানেশ্বলি ও নিম্নকক্ষকে সিনেট বলে। এতৎসহ House of Commons ও
House of Lords দ্র.।

legitimacy n. বৈধতা বি. গর্ভধারণ বা জন্মের সময়ে (অথবা উভয় সময়ে) পিতা-মাতা বিবাহিত হইলে, উক্ত বিবাহের ফলে জাত সন্তানের আইনত মর্যাদা। কোনো ব্যক্তির সামাজিক বিধান ও অনুশাসন দ্বারা জন্মের বৈধতা নির্ধারিত ও নির্বাহ হয়। এই কারণে ইহার বিধান স্থান-কাল-পাত্রভেদে ভিনু হয়। যে-সকল ক্ষেত্রে মাতা বিবাহিত, সেই সকল ক্ষেত্রে বৈধতার একটি প্রাকপ্রত্যয় থাকে, ফলত বিবাহজাত সন্তানদের মাতার স্বামীর ঔরসজাত বংশধর বলিয়া ধরিয়া লওয়া হয়। অবশা স্বামী নপুংসক ছিলেন বা সন্তান গর্ভধারণের সম্ভাব্য তারিখে স্বামী অনুপস্থিত ছিলেন বা রক্তপরীক্ষার দ্বারা তিনি ওই সন্তানের পিতা হইতে পারেন না বলিয়া প্রমাণপূর্বক ইহা খণ্ডন করা যায়। ইংল্যান্ডে ১৯৪৯ সাল হইতে বাতিলযোগ্য বা বাতিলকৃত বিবাহের ফলে জাত সন্তান বৈধ, গুধু ১৯৩৭ সাল হইতে ১৯৪৯ সালের মধ্যে বাতিলকৃত এইরূপ বিবাহের ফলে জাত সন্তান বৈধ হইবে যদি স্বামী-স্ত্রীর মধ্যে কেহ অপ্রকৃতিস্থ, বা মুগীরোগাক্রান্ত বা সংক্রমণযোগ্য যৌনব্যাধিগ্রন্ত হওয়ার কারণে বিবাহ বাতিল ইইয়া থাকে। ১৯৫৯ সাল ইইতে, পও বিবাহে জাত সন্তানকে বৈধ গণ্য করা হয়, যদি তাহার গর্ভধারণের সময়ে বা কৃত্রিম নিষেকের সময়ে পিতামাতার মধ্যে একজন যুক্তিসংগতভাবে মনে করিয়া থাকেন যে. বিবাহ বৈধ ছিল, এবং সন্তান জন্ম হইবার সময়ে পিতা ইংল্যান্ডে নিবেশিত ছিলেন। ইংল্যান্ডের ১৯৮৭ সালের পারিবারিক আইন-সংস্কার আইনের বিধান-অনুযায়ী দাতার বীর্যদারা কৃত্রিম নিষেকের ফলে বিবাহিত মহিলার গর্ভজাত সন্তান ওই বিবাহের বৈধ সন্তান বলিয়া গণ্য হইবেন। ইংল্যান্ডের (১৯৮৬ সালের পারিবারিক আইন সংক্রান্ত আইনে নির্দিষ্ট) কতিপয় অবস্থায় যে-কোনো ব্যক্তি নিজের জনোর বৈধতা সম্পর্কে আদালত হইতে ঘোষণালাভ করিবার জন্য মামলা করিতে পারেন। মুসলমান আইনে সন্তানের পিতামাতার বৈধ বা অনিয়মিত বিবাহের ফলে জাত সন্তান বৈধ। অনা ব্যক্তির সহিত মাতার বিবাহিত থাকার সময়ে অথবা উক্ত বিবাহ বাতিলের পর ২৮০ দিনের মধ্যে কোনো সন্তানের জন্ম হইলে, যদি মাতা তখন অবিবাহিত থাকেন তবে সেই সন্তান উক্ত ব্যক্তির সন্তান বলিয়া চূড়ান্ত প্রমাণিত হইবেন, যদি না ইহা প্রদর্শন করা যায় যে, উক্ত বিবাহিত পক্ষদের মধ্যে পারম্পরিক অধিগমন ছিল না। পিতা-মাতার মধ্যে বিবাহ অনুমিত

হইবার মতো পারিপার্শ্বিকতার দ্বারা সন্তানের বৈধতা অনুমিত হয়। সন্তানকে বৈধ বলিয়া পিতা স্বীকৃতি দিলে সন্তানের গর্ভধারণ বা জন্মের সময় পিতা-মাতা বিবাহিত ছিলেন প্রমাণ করা না গেলেও উত্তরাধিকারের বেলায় সন্তান বৈধ বলিয়া প্রতিষ্ঠিত হন। illegitimacy তু.।

legitimate aim বৈধ লক্ষ্য মানবাধিকার-বিষয়ক ইউরোপীয় কনভেনশনে সন্নিবিট এবং সীমিত আকারে হস্তক্ষেপের জন্য একটি পূর্বশর্ত। একটি স্বাক্ষরকারী রাষ্ট্র তবেই কেবল একটি সীমিত অধিকারে হস্তক্ষেপ করিতে পারিবে, যদি ওই হস্তক্ষেপ একটি বৈধ লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পিত হয় এবং হস্তক্ষেপ যদি আনুপাতিক হয়। জাতীয় নিরাপত্তা, আইন-শৃঙ্খলা, অপরাধ-নিবারণ ইত্যাদি বৈধ লক্ষ্যের অন্তর্ভুক।

legitimate expectation সংগত প্রত্যাশা, ন্যায্য প্রত্যাশা প্রত্যাশা প্রচলিত অর্থে অধিকার নাও ইইতে পারে, তবে অনুরূপ প্রত্যাশা রক্ষিত ইইতে ইইলে তাহাকে বৈধ ইইতে ইইবে । কিন্তু অবশ্যপূরণীয় শর্তাদি পালন না করা সত্ত্বেও কোনো ব্যক্তির পক্ষে নিজের অনুকূলে কোনো আদেশ পাইবার আশা বা ইচ্ছা বৈধ প্রত্যাশা নাও ইইতে পারে, া কোনো কাজের জন্য চুক্তি সম্পাদিত ইইলে ঠিকাদারের প্রতি সঠিক আচরণ করা ইইবে বলিয়া তিনি বৈধ প্রত্যাশা করিতে পারেন । কোনো কর্তৃপক্ষ তাহার পূর্বের আচরণ বা বিবৃতির দ্বারা কোনো আশা জাগ্রত করিলে তাহার নিকট উহা বৈধ প্রত্যাশা বলা যায় । কোনো সরকারি বা স্থানীয় কর্তৃপক্ষের সহিত চুক্তি সম্পাদনের পর ঠিকাদারের উপর অতিরিক্ত দায়ভার অর্পণ করিলে তাহা ন্যায্য প্রত্যাশাবিরোধী বলিয়া ঠিকাদার বৈচারিক পর্যালোচনার জন্য আবেদন করিতে পারেন । WASA v. Superior Builders 51 DLR (AD) 56 দ্রে.।

legitimate issue বৈধ সন্তান আইনসমতভাবে জাত, অর্থাৎ জারজ নহে এমন সন্তান। বাংলাদেশে জন্মের বৈধভার বিষয়টি মুসলিম আইন, হিন্দু আইন বা ব্যক্তিগত আইন এবং সান্দ্য আইনের বিধান দ্বারা নির্ধারিত হইয়া থাকে। বৈধ সন্তান কে বা কাহারা তাহা প্রমাণের সুস্পষ্ট বিধান সান্দ্য আইনের ১১২ ধারায় বর্ণিত আছে। ১১২ ধারা-অনুসারে, কোনো ব্যক্তির মাতার সহিত এক ব্যক্তির আইনত সিদ্ধ বিবাহ বলবং থাকাকালে অথবা বিবাহ-বিচ্ছেদের ২৮০ দিনের মধ্যে মাতা পুনর্বিবাহিত না হইলে যদি তাঁহার জন্ম হইয়া থাকে এবং যদি ইহা দেখানো না হয় যে, এ-ব্যক্তি যথন মাতৃগর্ভে আসিয়া থাকিতে পারেন, অনুরূপ কোনো সময়ে বিবাহিত পক্ষদয়ের পরস্পরের মধ্যে মিলনের পথ উন্মুক্ত ছিল না, তবে তিনি যে জন্মিয়াছেন এই বিষয়ারা অবশ্যই চূড়ান্ডভাবে প্রমাণিত হইবে যে, তিনি উক্ত ব্যক্তির বৈধ সন্তান নবলিয়া কেহ দাবি উত্থাপন করিলে দাবিদারকেই তাহা প্রমাণ করিতে হইবে। legitimacy দ্র.।

beta letter of advice

legitimation n. বৈধকরণ ক্রি. বৈধ অবস্থার দ্বারা সন্তানের অবৈধ অবস্থাকে প্রতিস্থাপিত করিবার প্রক্রিয়া। ইংল্যান্ডের আইনে একটি জীবিত শিশুকে বৈধ করা যায়, যদি তাহার পিতা–মাতা পরবর্তীকালে পরস্পরকে বিবাহ করেন। তবে এই শর্তে যে, বিবাহের সময়ে পিতা ইংল্যান্ড বা ওয়েলসে নিবেশিত ছিলেন। বৈধকরণের প্রমাণ হিসাবে স্বামী শিশুটিকে নিজের ঔরসজাত বলিয়া স্বীকৃতি দিলে তাহাই তাহার পিতৃত্ব-নির্ধারণের জন্য যথেষ্ট হইবে। পিতামাতার বিবাহের তারিখ হইতে বৈধকরণ কার্যকর হয় এবং সন্তানটির প্রতি পরবর্তীকালে এমন আচরণ করা হয় যেন তিনি বৈধ হিসাবে জন্মগ্রহণ করিয়াছেন। ইংল্যান্ডের ১৯৮৬ সালের পারিবারিক আইনসংক্রান্ত আইনের বিধান-অনুযায়ী যে-কেহ আদালত হইতে নিজেকে বৈধ ব্যক্তি বলিয়া ঘোষণা লাভ করিবার জন্য মানলা দায়ের করিতে পারেন।

lesbianism n. নারীর সমকাম দুই নারীর মধ্যে যৌন আচরণ। ইহা দওবিধিতে কোনো অপরাধ নয়। homosexual conduct ज.।

lessee n. ইজারাদার, ভাড়াটিয়া বি. কোনো ব্যক্তি যাঁহার দারা বা যাঁহার পক্ষে কোনো বাড়ির ভাড়া প্রদেয় হয়। ১৯০৮ সালের দেওয়ানি কার্যবিধিতে সংজ্ঞায়িত আইনগত প্রতিনিধি (legal representative)। ভাড়ার মেয়াদ শেষ হইবার পরও বাড়ি-দখলকারী কোনো ব্যক্তি ইহার অন্তর্ভুক্ত হইবেন। tenant দ্র. ।

lessor n. ইজারাদাতা বি. landlord দ্র.।

lethal weapon মারণান্ত্র বি. বন্দুক, তরবারি, পিন্তল, ছুরি এবং ওই ধরনের অন্তর্মারাত্মক অন্তর, আইনের দৃষ্টিতে যখন তাহা আক্রান্তপক্ষকে আঘাত করিবার উপযোগী দূরত্ব হইতে ব্যবহার করা হয়। অন্য সকল অন্তর উহাদের ব্যবহারের প্রণালিতে মৃত্যু অথবা গুরুত্তর দৈহিক আঘাত ঘটাইবার সামর্থ্য-অনুযায়ী মারাত্মক অন্ত হইতে পারে কিংবা না-ও হইতে পারে। স্বাভাবিক অর্থ-অনুযায়ী কোনো অন্তরকে মারাত্মক বলিতে হইলে প্রমাণ করিতে হইবে যে, ওই অন্তের এমন জখম করিবার সামর্থ্য আছে, যাহা অকিঞ্জিংকর নহে এবং যাহা মৃত্যু ঘটাইতে পারে বলিয়া যুক্তিসংগতভাবে মনে করা যায়।

letter n. ১. হরফ, বর্ণ বি. অ, আ, ক, খ, ইত্যাদি বর্ণ। মুদ্রণের কাজে ব্যবহৃত হরফ। ভাষায় ব্যবহৃত কোনো ধ্বনির প্রতিনিধিত্বমূলক প্রতীক। ২. পত্র, চিঠি বি. লিখিত বা মুদ্রিত বার্তা। কোনো লেখা যাহা ডাকযোগে বা অন্য উপায়ে প্রেরিত হয়। ৩. কোনো সংবিধির আক্ষরিক অর্থ যাহা সংবিধির অন্তর্নিহিত অর্থ বা অভিপ্রায় হইতে স্বতন্ত্র।

letter of advice পরামর্শ বা নির্দেশপত্র বি. একজন বণিক বা ব্যাংক-কর্তৃপক্ষ কর্তৃক অন্য বণিক বা ব্যাংক-কর্তৃপক্ষকে প্রদন্ত তাঁহাদের উভয়পক্ষের ব্যবসাসংক্রান্ত লেনদেন-বিষয়ক পত্র। কোনো পরিস্থিতি সম্পর্কে প্রাপকের অজানা কোনো তথা- সংবলিত একটি চিঠি। হুভিগ্রাহকের বরাবরে পরামর্শ প্রেরণ করা। একজন হুভিদাতার জন্য ইহা স্বাভাবিক ও সমীচীন যে, হুভিতে নির্দেশিত মূল্য পরিশোধ করিবার জন্য কী ব্যবস্থা করা হইয়াছে তাহা হুভিগ্রাহককে জ্ঞাপন করা এবং প্রতারণা বা পরিবর্তন নিবারণ করিবার জন্য হুভিগ্রাহকের বরাবর একটি পরামর্শ-পত্র প্রেরণ করা।

letter of attorney ক্ষমতাপত্র, মোক্তারনামা বি. power of attorney দ্র. ৷

letter of credence (lettre de creance) পরিচয়পত্র বি. যে-আনুষ্ঠানিক দলিলদ্বারা কোনো স্বীকৃত রাষ্ট্রের প্রধান স্বাগতিক দেশের রাষ্ট্রপ্রধানের নিকট নিজ রাষ্ট্রের নবনিযুক্ত কূটনৈতিক প্রতিনিধিকে উপস্থাপন করেন।

letter of credit ঋণপত্র, আকলপত্র বি. যে-দলিলদ্বারা কোনো ব্যাংক গ্রাহকের অনুরোধে ঋণপত্রে নির্দিষ্ট দলিলাদি (যেমন, বহনপত্র এবং বিমাপত্র) উপস্থাপন করিবার শর্তে তৃতীয় পক্ষকে (হিতগ্রাহী) বিক্রয়ের অর্থপ্রদান করিতে স্বীকৃত হয়। ব্যাংকের অর্থপ্রদানের কর্তব্য অন্তর্নিহিত চুক্তি হইতে স্বতন্ত্র এবং সেহেতু বিক্রয়; চুক্তির অধীনে সরবরাহকৃত পণ্যের কোনো ক্রটির প্রভাব ইহাতে পড়ে না। বিক্রয়- চুক্তি-অনুযায়ী ক্রেতাকে বিক্রেতার বরাবরে বাতিল-অযোগ্য ঋণপত্র খুলিবার শর্ড, আরোপ করা যাইতে পারে। মেয়াদের ভারিখ উত্তীর্ণ হইবার পূর্বে বা হিতগ্রাহীর সম্মতিব্যতিরেকে ক্রেতা বা প্রদানকারী ব্যাংক ইহা বাতিল করিতে পারে না। একটি দৃট়ীকৃত ঋণপত্র হইতেছে এমন একটি ঋণপত্র, যাহা প্রদানকারী ব্যাংক পরিশোধ করিতে ব্যর্থ হইলে বিনিময়কারী ব্যাংক তাহা হিতগ্রাহীকে পরিশোধ করিবার

letter of hypothecation রেহাননামা বি. ব্যাংকের নিকট যে-পত্রের মাধ্যমে ' ঋণগ্রহীতা মাল বিক্রয় করিয়া ঋণ-পরিশোধের প্রতিশ্রুতি দেন।

letter of indemnity খেসারতপত্র বি. কোনো বিশেষ কাজ বা ঘটনায় কোনো বিশেষ ব্যক্তির ক্ষতি হইলে অপরপক্ষ ক্ষতিপূরণের অঙ্গীকার করিয়া যে-স্বীকৃতিপত্র দেন। চেক বা চেক রিক্যুইজিশন শ্লিপ হারাইবার ক্ষেত্রে ব্যাংকারগণ এইরূপ খেসারতপত্র গ্রহণ করিয়া থাকেন।

letter of request অনুরোধপত্র বি. বিদেশের কোনো আদালতের এখতিয়ারাধীন
নির্দিষ্ট কোনো ব্যক্তির সাক্ষ্যগ্রহণের জন্য অনুরোধ করিয়া একজন বিচারকের নিকট
প্রেরিত একটি পত্র। এইরূপ জবানবন্দি পরবর্তীকালে মামলার শুনানিতে পাঠ করা
যাইতে পারে। দেওয়ানি কার্যবিধির ২৬ আদেশের ৫ নিয়ম-অনুসারে বাংলাদেশের
দেওয়ানি আদালত তদ্দপ অনুরোধপত্র পাঠাইতে পারেন।

letter rogatory অনুরোধপত্র বি. letter of request দ্র.।

- letters of administration প্রশাসনপত্র, ব্যবস্থাপনাপত্র বি. কোনো ব্যক্তি ইচ্ছাপত্র
 সম্পাদন না করিয়া মৃত্যুবরণ করিলে তাঁহার সম্পত্তি ব্যবস্থাপনার জন্য আদালতকর্তৃক
 কোনো নির্দিষ্ট ব্যক্তির বরাবরে প্রদন্ত ক্ষমতাপত্র। কোনো ব্যক্তি ইচ্ছাপত্রে কোনো
 ব্যবস্থাপকের নাম উল্লেখ না করিলে বা উল্লিখিত ব্যবস্থাপক ইচ্ছাপত্র প্রমাণের জন্য
 তাহা আদালতে দাখিল না করিলে, মৃত ব্যক্তির সম্পদে স্বার্থবান ব্যক্তিকে আদালত
 ব্যবস্থাপনাপত্র মনজুর করিতে পারেন। কোনো ব্যক্তি ইচ্ছাপত্র রাখিয়া মৃত্যুবরণ
 করিলে আদালত ব্যবস্থাপনাপত্রের সহিত ইচ্ছাপত্র সংযোজন করিয়া দেন। কতিপয়
 অবস্থায় যে-ব্যক্তি সমস্ত সম্পত্তি লেনদেন করিবার অধিকারী নহেন, তাঁহার বরাবরে
 সীমিত উদ্দেশ্যে ব্যবস্থাপনাপত্র প্রদান করা যাইতে পারে। আদেশগ্রহীতা বা প্রশাসক
 একজন নির্বাহকের ক্ষমতা ও দায়িত্রের অনুরূপ ক্ষমতা ও দায়িত্ব প্রাপ্ত হন।
- letters patent সরকারি সনদ ১. কতিপয় অধিকার বা সুবিধার সরকারি সিলমোহরযুক্ত মনজুরিপত্র যাহা জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকে। ২. কোনো উদ্ভাবন বা পরিকল্পনা ব্যবহার করিবার একচেটিয়া অধিকারপ্রদানসংক্রান্ত সরকারি মনজুরি।
- letting n. ভাড়া দেওয়া কথাটির সুস্পষ্ট সংজ্ঞার্থ কোথাও দেওয়া হয় নাই, তবে সাধারণ কথাবার্তায় ইহার দ্বারা ইজারা দেওয়া বৄঝায়। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৫ ধারা-অনুসারে, ভাড়া দেওয়ার অত্যাবশ্যকীয় উপাদান হইল এই যে, কিছু সুনির্দিষ্ট সময়ের জন্য বা চিরস্থায়ীভাবে এককালীন মূল্য কিংবা নির্দিষ্ট সময় অন্তর-অন্তর— যেমন, মাসিক, দ্রৈমাসিক বা বাৎসরিক— পরিশোধযোগ্য অর্থের বা বন্তুর বিনিময়ে জমি হস্তান্তরিত করা হইবে। যে-সকল বাড়ি বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হয় কিংবা ইজারাদার বা অনুমতিপত্রের অধিকারী হিসাবে অন্য কোনো ব্যক্তিকর্তৃক অর্থের বিনিময়ে ব্যবহৃত হয়, তাহা ভাড়া-দেওয়া কথাটির অর্থের আওতায় আসিবে।
- letting value ভাড়া-মূল্য বাড়ির মালিক বাড়িভাড়া দেওয়ার প্রস্তাব করিয়া যে-পরিমাণ ভাড়া দর-কষাকষির মাধ্যমে লাভ করিতে পারেন। ভাড়া-মূল্য দ্বারা তথু ভাডা বঝায় না, তৎসংশ্লিষ্ট সালামিও ইহার অন্তর্ভুক্ত।
- level crossing রেলক্রসিং বি. যে-স্থানে একটি সড়ক ও একটি রেলপথ একই সমতলে পরস্পরকে ছেদ করে। এইসকল স্থানে, বিশেষ করিয়া, সড়কপথে চলমান যানবাহন ও পথচারীদের নিরাপত্তার জন্য সড়কপথের দুই দিকে নিরাপত্তা-বেষ্টনী বা ফটক রাখিবার এবং সার্বক্ষণিক দেখাশুনার লক্ষ্যে কর্মচারী নিয়োগ করিবার জন্য রেলপথ বিষয়ক আইনে বিশেষ বিধান আছে। সাধারণত রেলগাড়ি উক্তরূপ স্থান অতিক্রম করিবার সময়ে সড়কপথের দুই দিকের ফটক বা বেষ্টনী বন্ধ করিয়া যান-চলাচল বন্ধ রাখা হয়।

- level playing field সমান ক্রীড়াক্ষেত্র রাজনীতি বা ব্যবসায়ে যে-ক্ষেত্রে কোনো পক্ষেরই বিশেষ কোনো সুযোগের সুবিধা নাই, ফলে প্রতিদ্বন্দ্বীরা প্রতিযোগিতার আরম্ভে সমান অবস্থানে প্রতিষ্ঠিত।
- leviable adj. আরোপযোগ্য বিণ. আরোপ করা যায়, এমন। আরোপ করিবার উপযুক্ত এবং অনুমোদনযোগ্য। যেমন, আরোপযোগ্য সুদ।
- levy v. সংগ্রহ করা, ধার্য করা ক্রি. ১. বৈধ কর্তৃত্বারা জরিমানা বা কর ধার্য বা আরোপ করা। ২. সামরিক বাহিনীর চাকুরিতে বাধ্যতামূলকভাবে তালিকাভুক্ত করা।
 ৩. কাহারো বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা বা যুদ্ধ চালাইয়! যাওয়া। ৪. কোনো রায় কার্যকরণের দ্বারা সম্পত্তি কাড়িয়া লওয়া বা আইনত দখল লওয়া বা জব্দ করা।
- lex causae মামলা-সম্পর্কীয় আইন প্রাতিজনিক আন্তর্জাতিক আইনে, রুজুকৃত কোনো মামলা সম্বন্ধে প্রযোজ্য (সাধারণত বিদেশি) আইন-ব্যবস্থা। lex fori তু.।
- lex delicti আইনলজ্ঞনের স্থানিক আইন lex loci delicti দ্র.।
- lex dilationes semper exhorret আইন সর্বদাই বিলম্বকে ঘৃণা সহকারে পরিহার করে।
- lex domicilii নিবাসের আইন নিবাসিত দেশের আইন। প্রাতিজনিক আন্তর্জাতিক আইনে, যে-দেশে কোনো ব্যক্তির নিবাস, সে-দেশের যে-আইনদ্বারা ব্যক্তিগত সম্পত্তি বা বিবাহের বিষয় (যেমন, ইচ্ছাপত্র করিবার ক্ষমতা, তদ্রুপ ইচ্ছাপত্রের সিদ্ধতা, ব্যক্তিগত সম্পত্তির উত্তরাধিকার, বিবাহে সম্মতিদান, এবং একটি বিবাহচুক্তি বা বন্দোবস্তের যথাযথ আইন) নির্ধারিত হয়।
- lex est dictamen rationis আইন হইল মানুষের যুক্তিবোধের নির্দেশ।
- lex fori স্থানীয় আদালতের আইন যে-স্থানে মোকদ্দমা দায়ের করা হইয়াছে, সেই স্থানের আইন। প্রাতিজনিক আন্তর্জাতিক আইনে, স্থানীয় আদালতের যে-আইনদ্বারা আদালতের কার্যবিধি, বিচারের পদ্ধতি, সাক্ষ্যপ্রদান-সম্পর্কিত অধিকাংশ বিষয়, প্রাপ্তব্য প্রতিকারের প্রকৃতি এবং সময়ের বাধাজনিত কারণে মামলা তামাদি হইবার মতো অধিকাংশ বিষয় নিয়ন্ত্রিত হয়। lex causae ত্.।
- lex loci স্থানিক আইন lex fori ও lex loci contractus দ্ৰ.।
- lex loci actus কার্যসংঘটনের স্থানিক আইন যে-স্থানে একটি আইনঘটিত কার্য সংঘটিত হয়, সেই স্থানের আইন। প্রাতিজনিক আন্তর্জাতিক আইন-অনুযায়ী অনুরূপ আইনদারা হন্তি বা অঙ্গীকার-পত্রে উল্লিখিত অর্থ হস্তান্তর-প্রহীতার প্রাপ্য কি না, তাহা নির্ণীত হয় এবং স্পর্শ-অযোগ্য অস্থাবর স্বত্ব নিয়োগের (যেমন, ন্যাস তহবিলের অংশ) আনুষ্ঠানিক সিদ্ধতার মতো বিষয় নিয়ন্ত্রিত হয়।

- lex loci celebrationis অনুষ্ঠান-সংঘটনের স্থানিক আইন যে-স্থানে বিবাহ অনুষ্ঠিত হয়, সেই স্থানের আইন। প্রাতিজনিক আন্তর্জাতিক আইনে, একটি বিবাহের জন্য প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা (চারটি বিশেষ ব্যতিক্রম সাপেক্ষে) এবং ওইরূপ একটি বিবাহ একগামী না বহুগামী এবং পুরুষত্বহীনতা বা ইচ্ছাকৃতভাবে বিবাহোত্তর যৌনমিননে অম্বীকৃতি ইত্যাদি প্রশ্ন এই আইনের দ্বারা নিয়ন্ত্রিত হয়।
- lex loci contractus চুক্তি সম্পাদনের স্থানিক আইন যে-স্থানে চুক্তি সম্পাদিত
 ইইয়াছে সেই স্থানের আইন। প্রাতিজনিক আন্তর্জাতিক আইনে একটি চুক্তির
 আবশ্যকীয় আনুষ্ঠানিকতাসমূহ। কোনো হুন্তির একটি পক্ষ হিসাবে দায়গ্রন্ত ইইবার
 ক্ষমতা প্রভৃতি প্রশ্ন এই আইনের দ্বারা নিয়ন্ত্রিত হয়। চুক্তি-সম্পর্কিত অধিকাংশ
 অন্যান্য বিষয় যথাযথ চক্তি-আইনদারা নিয়ন্ত্রিত হয়।
- lex loci delicti আইনলজ্ঞনের স্থানিক আইন যে-স্থানে আইনলজ্ঞন বা প্রণযোগ্য ক্ষতি সংঘটিত হয়, সেই স্থানের আইন। ইউরোপের অধিকাংশ দেশে প্রযোজ্য প্রাতিজনিক আন্তর্জাতিক আইন-অনুযায়ী এই আইন পূরণযোগ্য ক্ষতির দায় নিয়ন্ত্রণ করে। তবে কোনো কোনো ক্ষেত্রে কোথায় পূরণযোগ্য ক্ষতি সংঘটিত হইয়াছে (যেমন, এক দেশে অযত্নের সহিত উৎপাদিত দ্রব্য অন্য দেশে বিতরিত হইলে), তাহা নির্ধারণ করা কঠিন ইইতে পারে অথবা স্থানটি নিছক দৈবঘটিত হইতে পারে (যেমন, একটি বিমান যখন বিধরত্ত হইয়া অবতরণ করে)। এই সকল কারণে আইনলজ্ঞনের পূরণযোগ্য ক্ষতির দায় স্থানিক আইনদারা নিয়ন্ত্রিত হইবার তত্ত্ব ইংল্যান্তে স্বীকৃত নয়। ইহাকে lex loci delicti commissio বলা হয়।
- lex loci situs অবস্থানস্থলের আইন যে-স্থানে বস্তৃটি অবস্থিত, সেই স্থানের আইন।
 প্রাতিজনিক আন্তর্জাতিক আইন-অনুযায়ী এই আইন সাধারণত স্থাবর সম্পত্তির
 উত্তরাধিকার, স্বত্ব এবং স্থাবর সম্পত্তির দখলাধিকার এবং স্থাবর সম্পত্তির ন্যাসের
 সারভূত সিদ্ধতা (যেমন, কোন রিক্থ সৃষ্টি করা যায় এবং দাতব্য উদ্দেশ্যে দান সিদ্ধ
 কিনা) নিয়ন্ত্রণ করে।
- lex loci solutionis দায় বলবৎ করিবার স্থানিক আইন যে-স্থানে চুক্তি বলবৎ বা ঝণ পরিশোধ করিতে হইবে, সেই স্থানের আইন। ইংল্যান্ডে প্রযোজ্য ব্যক্তি-সম্পর্কিত আন্তর্জাতিক আইনে চুক্তি বলবৎ করিবার স্থানিক আইন হুক্তি-পরিশোধের নির্দিষ্ট তারিখ নিয়ন্ত্রিত করে, কিন্তু সাধারণত চুক্তি-সম্পর্কিত আইনের বিষয়াদি নিয়ন্ত্রণ করে না।

lex non cogit ad impossibilia আইন অসম্ভব লক্ষ্য চরিতার্থ করিতে বলে না।
lex non curat de minimus আইন তুচ্ছ বিষয় গ্রাহ্য করে না।
আইন-শন্দকেষ: ৪০

liability n. দায় বি. ১. ঝণস্বরূপ গৃহীত বস্তুর বা অর্থের পরিমাণ। ২. আইনি কর্তব্য বা দায়। business liability, occupier's liability, parents' liability, products liability ও strict liability দ্র.।

- liable insolvent দায়গ্রস্ত দেউলিয়া ১৯৯৭ সালের দেউলিয়া বিষয়ক আইনের ২(১৫) ধারা-অনুসারে, কোনো একক দেউলিয়া যাহার ব্যাপারে এই আইনের পঞ্চম অধ্যায়ের বিধান-মোতাবেক দায়মুক্তির আদেশ প্রদান করা হয় নাই।
- libel n. निश्चि कृष्मा ইংল্যান্ডের আইনে স্থায়ী আকারে প্রদন্ত একটি মানহানিকর বক্তব্য (যেমন, লেখা, ছবি বা চলচ্চিত্র)। মানহানির আইনের ক্ষেত্রে বেতার ও টেলিভিশন সম্প্রচার এবং জনসাধারণকে প্রদর্শিত নাট্যানুষ্ঠানকে স্থায়ী রূপের বিলয়া গণ্য করা হয়। লিখিত কৃৎসা প্রকাশের দ্বারা যে-ব্যক্তির মানহানি করা হইয়াছে তিনি পূরণযোগ্য ক্ষতির আইনে বিনাপ্রমাণে বিশেষ ক্ষতিপূরণের (প্রকৃত আর্থিক ও বৈষয়িক ক্ষতি) জন্য মামলা দায়ের করিতে পারেন। লিখিত কৃৎসা একটি অপরাধও হইতে পারে। অপরাধমূলক লিখিত কৃৎসায় বক্তব্য যে তৃতীয় ব্যক্তির নিকট প্রকাশিত হইয়াছিল, তাহা প্রমাণ করিবার আবশ্যকতা নাই এবং বক্তব্যটি জনম্বর্যে প্রকাশিত হইয়া থাকিলে তবেই কেবল উহার সত্যতা আত্মপক্ষসমর্থনের একটি অজুহাত হইবে। এতৎসহ defamation দ্র.।
- liberal interpretation উদার ব্যাখ্যা কোনো সংবিধির ক্ষেত্রে উদার ব্যাখ্যা প্রযোজ্য, এইরূপ বক্তব্যের অর্থ এই নহে যে, শব্দসমূহের স্বাভাবিক অর্থ পরিহার করিতে হইবে। বরঞ্চ শব্দসমূহের এইরূপ উপযুক্ত এবং যুক্তিসংগতভাবে ব্যাখ্যা করিতে হইবে যে, যে-উদ্দেশ্যে সংবিধিটি প্রণীত বা পরিকল্পিত এবং যে-উদ্দেশ্যে উহা প্রয়োগ করা হয়, তাহা অর্জন করা সম্ভবপর হয়।
- liberty n. স্বাধীনতা, মুক্তি বি. ব্যক্তিগত স্বাধীনতা। একই প্রকার অধিকার অন্যান্য ব্যক্তিকর্তৃক সমভাবে ভোগ করিবার শর্তসাপেক্ষে বাধানিষেধ বা নিয়ন্ত্রণ ইইতে স্বাধীনতা। যথাযথভাবে আইনদ্বারা আরোপিত বা নিয়ন্ত্রিত বাধানিষেধ ব্যতিরেকে অন্যান্য সকল বাধানিষেধ হইতে স্বাধীনতা।
- liberty of worship উপাসনার স্বাধীনতা নৈতিকতা বা সম্পত্তিসংক্রান্ত কিংবা ব্যক্তিগত অধিকারসংক্রান্ত আইন লজ্ঞান না করিয়া যে-কোনো পদ্ধতিতে এবং যে-কোনো বিশ্বাস, মতবাদ বা নীতি-অনুযায়ী স্বাধীনতাবে উপাসনা করিবার অধিকার। বাংলাদেশের সংবিধানের ৩২ অনুচ্ছেদে ব্যক্তিস্বাধীনতা ও ৪১ অনুচ্ছেদে ধর্মীয় স্বাধীনতা মৌলিক অধিকার হিসাবে বর্ণিত হইয়াছে। freedom of religion দ্র.।
- LIBOR লিবর London Inter-Bank Offering Rate । এই রেট বা হার-অনুযায়ী লভনের মুদ্রাবাজারে অর্থঝণ দেওয়া হয় ।

licence n. অনুমতি, অনুমতিপত্র বি. ১. এমন কিছু করিবার আনুষ্ঠানিক কর্তৃত্ব, অন্যথায় যাহা করা বেআইনি হইত। যেমন গাডি চালাইবার অনুমতিপত্র, মাদকদ্বয় বিক্রয় করিবার অনুমতিপত্র, পেটেন্ট মালিককর্তৃক পেটেন্ট-করা পণ্য উৎপাদন করিবার অনুমতিপত্র ইহার অন্তর্ভুক্ত। ২. (ভূমি আইনে) সম্মত উদ্দেশ্যে কোনো ব্যক্তির ভূমিতে প্রবেশ করিবার বা দখল করিবার অনুমতি। সাধারণত এই অনুমতিদ্বারা ভূমি এককভাবে দখলের অধিকার প্রদন্ত হয় না কিংবা তাহাতে কোনো স্বত্বা স্বার্থ সৃষ্টি করে না। ইহা অনুমতিদাতা বা অনুমতিগ্রহীতার মধ্যে একটি ব্যক্তিগত ব্যবস্থামাত্র। তথু একটি অনুমতি (যেমন, অনুমতিদাতার ভূমিতে প্রবেশ বা ভূমি দখল করিবার জন্য বিনামূল্যে প্রদন্ত অনুমতি) যে-কোনো সময়ে বাতিল করা যায় এবং তৃতীয় ব্যক্তির নিকট অনুমতিগ্রহীতা নিজের স্বত্মর্পণ করিতে পারেন না। একটি চক্তিমলে দেওয়া অনুমতি পক্ষগণ যে-সময়ের জন্য বহাল থাকিবে বলিয়া অভিপ্রায় ব্যক্ত করে, সে-সময়ের মধ্যে বাতিল করা যায় না। উপরিউক্ত যে-কোনো প্রকারের অনুমতিই অনুমতিদাতার নিকট হইতে ভূমিক্রয়কারী তৃতীয় পক্ষের উপর বাধ্যকর নহে। তবে অনুমতি যদি সম্পত্তি বা ভূমিস্বার্থ দানের সহিত মিশ্রিত হয়, তাহা হইলে সে-অনুমতি বাতিল-অযোগ্য এবং অনুমতিদাতার স্বত্তের উত্তরাধিকারীর প্রতি বাধ্যকর হইতে পারে। যেমন, যদি 'ক' নিজের জলাভূমি হইতে মৎস্য ধরিবার ও সরাইয়া লইবার জন্য 'খ'-কে স্বতু দান করেন এবং তজ্জন্য তাঁহাকে তাঁহার ভূমিতে প্রবেশের অনুমতি প্রদান করেন, তাহা হইলে যতদিন পর্যন্ত উক্ত লভ্যাংশ গ্রহণ করিবার অধিকার থাকিবে, ততদিন পর্যন্ত উক্ত ভূমিতে 'খ'-য়ের প্রবেশাধিকার নিহিত থাকিবে এবং অদ্ধপ লভ্যাংশ লাভ করিবার ক্ষেত্রে তাহা বাতিল-অযোগ্য হইবে। তথু অনুমতি বা চুক্তিমূলে দেওয়া অনুমতিও অনুমতিদাতা বাতিল-অযোগ্য করিয়া দিতে পারেন অথবা অনুমতিদাতার নিকট হইতে ভূমি-ক্রয়কারী তৃতীয় পক্ষের উপর বাধ্যকর হইতে পারে, যদি পারিপার্শ্বিকতার দ্বারা পরোক্ষ ন্যাস বা সম্পত্তিতে স্বকার্যজনিত বাধার সৃষ্টি হয়। এতৎসহ profit à prendre, estoppel, constructive trust দ্ৰ.।

licensed conveyancer অনুমতিপ্রাপ্ত দলিল-লেখক ইংল্যান্ডে একজন সলিসিটর ব্যতীত যে-ব্যক্তি ভূসম্পত্তির মালিকানা ইত্যাদি হস্তান্তরের দলিল-প্রণয়ন ও নিবন্ধনের কাজ করিতে পারেন। ১৯৮৫ সালে সৃষ্ট এই পেশায় পরীক্ষা-পাশের মাধ্যমে যোগদান করিতে হয়। অনুমতিপ্রাপ্ত দলিল-লেখকদের সংস্থা কর্তৃক তাঁহাদের পেশাগত আচরণ, নৈতিকতা ও যোগ্যতার মান নিয়ন্ত্রিত হয়। ১৯৭৪ সালের সলিসিটর আইনের বিধান-অনুযায়ী সলিসিটর ব্যতীত অন্য কোনো ব্যক্তিকর্তৃক পারিতোধিকের পরিবর্তে সম্পত্তি-হস্তান্তরের দলিল-প্রণয়নের পেশাগ্রহণ একটি অপরাধ। কিন্তু ১৯৮৫ সালের বিচার-প্রশাসন আইনে ১৯৮৭ সাল ইইতে অনুমতিপ্রাপ্ত দলিল-লেখকদের ক্ষেত্রে ব্যতিক্রম সৃষ্টি করা ইইয়াছে। বাংলাদেশে

licensee ७२৮

১৯০৮ সালের রেজিস্ট্রেশন আইনের অধীনে প্রণীত ১৯৪০ সালের রেজিস্ট্রেশন বিধিমালার বিধান-অনুযায়ী জেলা রেজিস্ট্রোর দলিল-লেখকদের অনুমতিপত্র প্রদান করিয়া থাকেন। conveyancing দ্র.।

licensee n. অনুমতিপ্রাপক বি., অনুমতিপত্রের অধিকারী ১. যে-ব্যক্তিকে অনুমতিপত্র প্রদান করা হইয়াছে। যেমন, মাদকদ্রবা বিক্রয়় করিবার জন্য ইংল্যান্ডে ম্যাজিস্ট্রেট যাঁহাকে অনুমতিপত্র প্রদান করিয়াছেন বা যাঁহাকে পেটেন্টের মতো বৃদ্ধিবৃত্তিমূলক সম্পত্তি ব্যবহারের জন্য অনুমতিপত্র প্রদান করা হইয়াছে। ২. যে-ব্যক্তিকে এমন কিছু করিবার অনুমতি প্রদান করা হইয়াছে, অন্যথায় যাহা করা বেআইনি হইত। ভূমি সম্পর্কে অনুমতিপ্রাপ্ত ব্যক্তি হইতেছেন তিনি, যিনি দখলকারের ব্যক্ত বা নিহিত অনুমতিবলে তাহাতে প্রবেশ করেন। ১৯৮২ সালের বর্তস্বত্ব আইনের ৫২ ধারায় বলা হইয়াছে যে, যদি কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তি বা নির্দিষ্টসংখাক ব্যক্তিবর্গের বরাবরে তাঁহার স্থাবর সম্পত্তির মধ্যে বা উপরে কোনো কিছু করিবার বা করিতে থাকিবার অধিকার প্রদান করেন এবং উক্তরূপ কিছু করা বা করিতে থাকা যদি উক্তরূপ অধিকারের অভাবে বেআইনি হয় এবং যদি তাহা বর্তস্বত্ব না হয়় অথবা যদি তাহা উক্ত সম্পত্তিতে তাঁহার বা তাঁহাদের বরাবরে কোনো স্বার্থ সৃষ্টি না করে, তবে সেই অধিকারকে অনুমতিপত্র বলা হয়। তদ্রপ অনুমতিপত্র যাঁহার বরাবরে প্রদান করা হয়, তাঁহাকে অনুমতিপত্রের অধিকারী বলা হয়।

licensing of premises মাদকব্যবসায়-গৃহের অনুমতি যে-গৃহের অভ্যন্তরে বা যে-গৃহ হইতে মাদকদ্রব্য খুচরা বিক্রয় করিবার অনুমতি দেওয়া হয়। আবগারি বিভাগ অথবা জেলা প্রশাসক অনুরূপ অনুমতি দান, নবায়ন ও বদলি করিয়া থাকেন।

lien n. পূর্বস্বত্ব বি. পণ্যের মালিককর্তৃক দখলকারের দাবি পরিশোধ না করা পর্যন্ত পণ্য অন্যের মালিকি দখলে রাখিবার অধিকার। ঋণপরিশোধ না হওয়া পর্যন্ত ঋণপ্রহীতার সম্পত্তি ঋণদাতার অধিকারে রাখার নিয়ম। পূর্বস্বত্ব দৃই ধরনের : সাধারণ পূর্বস্বত্ব এবং বিশেষ পূর্বস্বত্ব। সাধারণ পূর্বস্বত্ব সৃষ্টি হইতে পারে যদি মালিকের পণ্য তাঁহার সম্পূর্ণ দেনা-পরিশোধের জামানত হিসাবে রাখা হয়, অথবা বিশেষ হইতে পারে, যদি যে-পণ্য দখলে রাখা হয়য়াছে সে-পণ্য সম্পর্কে পণ্য-দখলকারের দাবি অবশাই পরিশোধ করিতে হয়। এইরূপে কোনো কোনো চুজিতে একজন অপ্রাপ্তমূল্য বিক্রেতা মূল্য পাওয়া পর্যন্ত পণ্য দখলে রাখিবার অধিকারী হইতে পারেন। বহনকৃত পণ্যের উপর বহনকারীর পূর্বস্বত্ব থাকিতে পারে এবং মেরামতকারী যে-পণ্য মেরামত করেন, তাঁহার উপর তাঁহার পূর্বস্বত্ব থাকিতে পারে। একটি পূর্বস্বত্ব উদ্ভূত হয় কিনা তাহা নির্ভর করে বাণিজ্যিক প্রথা বা চুক্তির শর্ভের উপর। পূর্বস্বত্ব যেমন পরিত্যাগ করা যায়, তেমনি তাহা বিনম্বত হইতে পারে। যেমন, তৃতীয় পক্ষের পূর্বস্বত্ব সম্পর্কে অনবহিত ক্রেতার নিকট পণ্যের মালিক যদি নিজের দখলে থাকা

৬২৯ life interest

পণ্য বিক্রয় করেন। এইপ্রকার পূর্বস্বভুকে দখলমূলে পূর্বস্বভু বলা হয়। কিন্তু কখনো কখনো পণ্যের প্রকৃত দখল প্রয়োজনীয় নহে। ন্যায়পর পূর্বস্বভ্বের ক্ষেত্রে দখলনিরপেক্ষভাবে দাবির অন্তিত্ব থাকে। যদি সংশ্লিষ্ট সম্পত্তির ক্রেভাকে পূর্বস্বভ্ব সম্পর্কে
বিজ্ঞাপিত করা হয়, তাহা হইলে তাহা তাঁহার উপর অবশ্যমান্য হয়; অন্যথায় তিনি
বাধ্য ইইবেন না। অনুরূপভাবে সামুদ্রিক পূর্বস্বভ্বের ক্ষেত্রে জাহাজ বা তাহাতে বাহিত
পণ্যের উপর কতিপয় দায় অবশ্যমান্য এবং তাহা দখলের উপর নির্ভরশীল নহে বরং
(যদি জামানত না দেওয়া হয়) তাহা গ্রেপ্তার ও বিক্রয়ের দ্বারা বলবৎ করা যায়। যখন
দখল বদল হয় তখন অনুরূপভাবে জাহাজ বা বাহিত পণ্যের সহিত পূর্বস্বভ্ব বদল
হইতে থাকে এবং তাহা অনবহিত প্রকৃত ক্রেভার জন্যও অবশ্যমান্য হয়। সামুদ্রিক
পূর্বস্বভ্বের উদাহরণ হিসাবে উদ্ধারকারীর পূর্বস্বভ্ব, নাবিকদের মজুরি ও
জাহাজচালকের মজুরি ও খরচের পূর্বস্বভ্ব, জাহাজি বন্ধক বা পণ্যবন্ধকের দায়জনিত
পূর্বস্বভ্ এবং যে-জাহাজের দোষে সংঘর্ষের ফলে সম্পত্তি ক্ষতিগ্রস্ত হয়, সেই
জাহাজের উপর পূর্বস্বভ্বের কথা উল্লেখ করা যায়। এতৎসহ unpaid vendor's
lien, solicitor's lien ও hypothecation দ্রে.।

life n. জীবন বি. দণ্ডবিধির ৪৫ ধারা-অনুসারে, প্রসঙ্গ হইতে ভিন্নরূপ প্রতীয়মান না হইলে, জীবন বলিতে মানুষের জীবন বুঝাইবে।

life assurance জীবনবিমা বি. যে-বিমায় মনুষ্যজীবনের উপর নির্ভরশীল কোনো ঘটনা ঘটিলে অর্থপ্রদানের ব্যবস্থা করা হয়। মেয়াদি জীবনবিমায় নির্দিষ্ট সময়ান্তে বা তৎপূর্বে বিমাকারীর মৃত্যু হইলে বিমা-প্রদানকারী নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করিতে দায়ী থাকেন। আজীবন বিমায় বিমাকারীর মৃত্যুর পর নির্দিষ্ট অর্থ প্রদানের ব্যবস্থা থাকে। মেয়াদি বা অস্থায়ী বিমায় নির্দিষ্ট সময়ের মধ্যে বিমাকারীর মৃত্যু ঘটিলে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের ব্যবস্থা থাকে। insurance দ্র.।

life estate জীবনস্বত্ব বি. life interest দ্ৰ.।

life imprisonment যাবজ্জীবন কারাদণ্ড অপরাধীকে তাঁহার অবশিষ্ট জীবন কারাদণ্ড ভোগ করিবার জন্য প্রদন্ত শান্তি। দণ্ডবিধির ৫৭ ধারা-অনুসারে যাবজ্জীবন কারাদণ্ড বলিতে ৩০ বৎসরের সশ্রম কারাদণ্ড বৃঝায়। দণ্ডবিধিতে নরহত্যা, বলাৎকার, ডাকাতি, রাষ্ট্রদ্রোহ, রাষ্ট্রদ্রোহের স্বড়যন্ত্র, বিদ্রোহের জন্য অন্ত্রশন্ত্র দ্বারা গুরুতর আঘাতের অপরাধে অপরাধীকে সাধারণত যাবজ্জীবন কারাদণ্ডপ্রদানের বিধান উল্লিখিত আছে। কারাগারে সদাচরণের জন্য যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত ব্যক্তির দণ্ডের মেয়াদ্ শ্রাস পাইয়া চৌদ্দ বৎসরে শেষ হইতে পারে।

life interest জীবনস্বত্ব বি. কোনো সম্পত্তিতে যে-স্বার্থ কেবল কোনো ব্যক্তির জীবদ্দশায় (যেমন, 'ক'-য়ের জীবৎকালে) অথবা অন্য কোনো ব্যক্তির জীবদ্দশায় (যেমন, 'ঝ'-য়ের জীবৎকালে 'ক'-কে) মনজুর করা হয়। হিন্দু আইনে বিধবা স্বামীর নিকট হইতে বা কন্যা পিতার নিকট হইতে উত্তরাধিকারী হিসাবে যে-সম্পব্তি লাভ করেন, তাহাতে তাঁহার শুধুমাত্র জীবনস্বত্ব সৃষ্টি হয়। আইনগত প্রয়োজনীয়তা ব্যতীত জীবনস্বত্বের সম্পত্তি হস্তান্তর করা যায় না। দলিলমূলে যে-কোনো ব্যক্তি অন্য ব্যক্তিকে সম্পত্তিতে জীবনস্বত্ব দান করিতে পারেন।

life, liberty and property জীবন, স্বাধীনতা ও সম্পত্তি 'জীবন, স্বাধীনতা ও সম্পত্তি' একটি অধিকারমূলক উক্তি এবং কোনো স্বাধীন দেশের ব্যবস্থাবদ্ধ সমাজের সদস্যবৃদ্দের আইনের অধীন যে-সকল অধিকার রহিয়াছে তদ্রূপ সকল অধিকার অন্তর্ভুক্ত করা ইহার অভিপ্রেত। আত্মরক্ষার অধিকার, বাক্-স্বাধীনতা, ধর্মীয় ও রাজনৈতিক স্বাধীনতা, স্বেচ্ছাচারমূলক গ্রেপ্তার হইতে রেহাই এবং অন্যেরা যেরপ স্বাধীনভাবে লেনদেন বা ব্যবহার করিতে পারেন ওইরূপ অধিকারসমূহ ইহার মধ্যে পড়ে। বাস্তবিকপক্ষে কর্মের অধিকার, চুক্তি করিবার ও চুক্তি বাতিল করিবার এবং সম্পত্তি অর্জন করিবার অধিকারসহ ব্যক্তিগত বেসামরিক ও রাজনৈতিক সকল স্বাধীনতা ইহার অন্তর্ভুক্ত। সংবিধানের ৩১ অনুচ্ছেদ-অনুসারে, 'আইন-অনুযায়ী ব্যতীত এমন কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে না, যাহাতে কোনো ব্যক্তির জীবন, স্বাধীনতা, দেহ, সুনাম বা সম্পত্তির হানি ঘটে।'

life, liberty and pursuit of happiness জীবন, স্বাধীনতা ও সুখের অবেষণ
এই সাধারণ অভিব্যক্তিটির মধ্যে এমন বহু অধিকার অন্তর্ভুক্ত। এমন বহু অধিকার
অন্তর্ভুক্ত যাহা অন্তর্নিহিত ও অবিচ্ছেদ্য। বহু অধিকার 'স্বাধীনতা' শব্দটির অন্তর্ভুক্ত।
'সুখ' অনেক কিছুর মধ্যে থাকিতে পারে বা অনেক পরিস্থিতির উপর নির্ভর করিতে
পারে, তবে নাগরিকদের যে-কোনো পেশা বা কর্ম পছন্দ করিবার ব্যক্তিগত অধিকার
প্রশাতীতভাবে ইহার অন্তর্ভুক্ত। প্রত্যেক ব্যক্তির ব্যবসা, পেশা বা চাকুরি পছন্দ
করিবার অধিকার সুখান্তেম্বের অধিকারের অন্তর্ভক্ত।

life policy জীবনবিমাপত্র বি. জীবনবিমার শর্ত-সংবলিত আনুষ্ঠানিক চ্কিপত্র। জীবনবিমাপত্রের সুবিধা তৃতীয় ব্যক্তির বরাবরে হস্তান্তর করা যায়।

life tenant জীবনস্বত্ভোগী প্রজা tenant for life দ্র. ।

lifting the veil আবরণ-উন্মোচন কোনো নিগমবদ্ধ সংস্থার ব্যক্তিত্ব ইইতে ইহার সদস্যদের ব্যক্তিত্বকৈ পৃথক করিবার জন্য নিগমবদ্ধতার আবরণকে অগ্রাহ্য করিবার কাজ। বিধিবদ্ধ আইন কখনো কখনো এইরূপ ব্যতিক্রমী পন্থা অনুমোদন করে। যেমন, অবৈধ বাণিজ্য বা প্রতারণামূলক বাণিজ্য-সম্পর্কের জন্য এবং অথথার্থতাবে কোম্পানির নাম ব্যবহারের ফলে কোম্পানির সদস্যগণ সীমাবদ্ধ দায়ের অধিকার হারাইতে পারেন। যে-সকল ক্ষেত্রে আদালত আবরণ-উন্মোচন নীতি প্রয়োগ করিয়া থাকেন, তাহা হইতেছে, যদি নিগমবদ্ধতাকে শঠতার কাজে ব্যবহার করা হইয়া থাকে

৬৩১ limitation

কিংবা কোম্পানি ও ইহার অঙ্গ-কোম্পানিসমূহের মধ্যে অপ্রকৃত পার্থক্য সৃষ্টি করা ইইয়া থাকে। কিন্তু কখনো সীমাবদ্ধ দায়কে ব্যর্থ করিবার জন্য আদালত এই নীতি প্রয়োগ করেন না। খুব কম ক্ষেত্রে আদালত নিগমবদ্ধ ব্যক্তিভূকে অগ্রাহ্য করিয়া থাকেন। কিন্তু প্রায়শ আদালত ইহার অসুবিধাজনক কাজের ফলাফল এড়াইবার জন্য এইরূপ সিদ্ধান্তে পৌছান যে, কোম্পানির সদস্যদের প্রতিনিধি বা অছি হিসাবে কোম্পানি এইরূপ কাজ করিয়াছে এবং সদস্যরাই ইহার প্রকৃত হোতা।

- light n., adj. & v. ১. আলো বি. একপ্রকার স্বাভাবিক বিকিরণ, যাহা বস্তুকে
 দৃশ্যমান করে। অন্ধকারের বিপরীত। কোনো বসতবাড়িতে বা ফ্ল্যাটে আলোর ব্যবস্থা
 থাকিবে বলিতে বাতি, গ্যাস বা বিদ্যুতের সাহায্যে কৃত্রিম আলোর ব্যবস্থা বুঝায়। ২.
 হালকা, লঘু, মৃদু বিণ. (ওজন সম্পর্কে) সঠিক বা মানসন্মত মাপের অপেক্ষা কম।
 ভারির বিপরীত; সুবহ। (রং সম্পর্কে) গাঢ়র বিপরীত। ৩. জ্বলা, জ্বালানো, প্রজ্বলিত
 করা ক্রি. পুড়িতে বা পুড়াইতে গুরু করা।
- lighthouse n. বাতিঘর, আলোকস্কুণ্ড বি. শক্তিশালী আলোকের সাহায্যে অবিরাম বা থামিয়া থামিয়া সংকেত দিয়া নাবিকগণকে পথপ্রদর্শনের জন্য যন্ত্রপাতিসজ্জিত উঁচু স্তম্ভ বা দালান। ১৯২৭ সালের বাতিঘর আইনের ২(ঘ) ধারা-অনুসারে, জাহাজের গতিবিধির সহায়তার জন্য প্রদর্শিত বা ব্যবহৃত হালকা জাহাজ, কুয়াশা-সংকেত, বয়া, আলোকসংকেত অথবা চিহ্ন, নিশানা বা যন্ত্রপাতি বাতিঘরের অন্তর্ভুক্ত।
- likelihood n. সম্ভাবনীয়তা বি. যাহা যুক্তিসংগতভাবে সম্পূর্ণ সুনিন্চিত নহে, এমন কিছু। সাক্ষ্যপ্রমাণের প্রাবন্য-সম্পর্কিত নির্দেশনায় ব্যবহৃত হইলে সম্ভাব্যতার যথাযথ প্রতিশব্দ নহে। probability তৃ.।
- limit n., v. সীমা, অবধি বি. ১. একজন নিয়োজক (principal)-কর্তৃক নির্ধারিত একটি মূল্য-পরিমাণ, যাহা অতিক্রম করিয়া কিছু ক্রয় বা বিক্রয় করা একজন নিয়োগী বা দালালের জন্য নিষিদ্ধ । ২. কোনো বস্তুর চৌহদ্দি বা পরিসীমা। সীমানা; সীমারেখা। ৩. সীমাবদ্ধতা। ৪. স্থিতিকাল; সময়সীমা। ৫. সীমিত করা ক্রি. চিহ্নিত করা; সীমা নির্দেশ করা; ব্যাপ্তি বা স্থিতিকাল নির্দেশ করা। কখনো কখনো ইহা ব্রাস করা বা সংক্ষিপ্ত করার সমার্থক হিসাবে ব্যবহৃত হয়। সীমা এবং ব্যাপ্তির মধ্যে সীমা অধিক সুনির্দিষ্ট এবং সুস্পষ্ট। আদালতের এখতিয়ারের সীমা বলিতে বুঝায় আদালতের স্থানীয় এখতিয়ার, আর্থিক এখতিয়ার, বিষয়বস্তু সম্পর্কিত এখতিয়ারের সীমা, যাহা আইন বা বিধির দ্বারা নির্দিষ্ট করিয়া দেওয়া হয়।
- limitation n. তামাদি বি. যাহা দাবির নির্ধারিত কাল অতিক্রম করিয়াছে। কোনো দরখান্ত, মোকদ্দমা, আপিল-রেফারেন্স, রিভিউ কতদিনের মধ্যে আদালতে আনয়ন করিতে হইবে, তাহা ১৯০৮ সালের তামাদি আইনের প্রথম তঞ্চসিলে উল্লেখ আছে।

উল্লিখিত সময়ের মধ্যে মোকদ্দমা বা আপিল বা দরখাস্ত আনয়ন না করিলে আদানত উক্ত আপিল বা মোকদ্দমা খারিজ করিতে পারেন। তামাদি আইনের ৩ ধারায় বনা হইয়াছে যে, তামাদি মেয়াদ-অন্তে দায়েরকৃত মোকদ্দমা ইত্যাদি খারিজ বনিয়া বিবেচিত হইবে।

limitation of action তামাদিকাল মামলা দায়েরের আইনদ্বারা নির্ধারিত সময়সীমা।
১৯০৮ সালের তামাদি আইনের ১ তফসিলে কোনো প্রকারের মামলা, আপিল বা
দরখান্ত কোন সময়ের মধ্যে আদালতে দাখিল করিতে হইবে, তাহা উল্লিখিত আছে।
তদ্রুপ নির্ধারিত সময়ের মধ্যে বাদী, আপিলকারী বা দরখান্তকারী মামলা, আপিল বা
দরখান্ত দায়ের করিতে ব্যর্থ হইলে দায়েরকৃত মামলা, আপিল বা দরখান্ত উক
আইনের ৩ ধারার বিধান-অনুসারে খারিজ হইবে। উক্ত আইনের ১ তফসিলে
দেওয়ানি মামলা দায়ের করিবার সর্বনিম্ন সময়সীমা বা তামাদিকাল কোনো আইনের
ক্ষমতাবলে কৃত কর্ম বা বিচ্যুতির ফলে যে-ক্ষতি হয়, তাহার জন্য ক্ষতিপূর্ণের
মামলার ক্ষেত্রে ৯০ দিন এবং সর্বোচ্চ সময়সীমা বা তামাদিকাল বন্ধকি স্থাবর
সম্পত্তির খাস দখলের ক্ষেত্রে ৬০ বৎসর। উক্ত ১ তফসিলে আপিল দায়ের করিবার
সর্বনিম্ন সময়সীমা বা তামাদিকাল মৃত্যুদণ্ডের ক্ষেত্রে সাতদিন এবং সর্বোচ্চ সময়সীমা
বা তামাদিকাল আসামির খালাসের বিক্লন্ধে আপিল দায়েরের ক্ষেত্রে ছয় মাস।
দেওয়ানি কার্যবিধির ৩৭ আদেশে উল্লিখিত সংক্ষিপ্ত বিচারপদ্ধতির মামলা প্রতিদ্বন্দ্বিতা
করিবার অনুমতির ক্ষেত্রে ১০ দিন এবং সর্বোচ্চ তামাদিকাল আপিল বিভাগের আদেশ
বলবৎ করিবার ক্ষেত্রে ১২ বৎসর।

limited administration সীমিত ব্যবস্থাপনা আদালতকর্তৃক ভূসম্পত্তির ব্যবস্থাপনাপত্রে নির্দিষ্ট সীমিত উদ্দেশ্যে একজন মৃতব্যক্তির ভূসম্পত্তির ব্যবস্থাপনা। ১৯২৫ সালের উত্তরাধিকার আইনের ২৪০ ধারায় ইচ্ছাপত্র থাকিলে তাহা দাখিল করা সাপেক্ষে, ২৪১ ধারায় নির্বাহকের অবর্তমানে তাঁহার অ্যাটর্নি বা প্রতিনিধির বরাবরে, ২৪২ ধারায় ইচ্ছাপত্রের ব্যবস্থাপক হইবার মতো যোগ্য ব্যক্তির অবর্তমানে তাঁহার অ্যাটর্নি বা প্রতিনিধির বরাবরে, ২৪৩ ধারায় ইচ্ছাপত্রবিহীন মৃতব্যক্তির ভূসম্পত্তির ব্যবস্থাপক হইবার যোগ্য ব্যক্তির অবর্তমানে তাঁহার অ্যাটর্নি বা প্রতিনিধির বরাবরে, ২৪৪ ধারায় একাধিক নাবালক নির্বাহীর ক্ষেত্রে, ২৪৫ ধারায় একাধিক নাবালক নির্বাহী বা নাবালক অবশিষ্ট উত্তরদানগ্রাহকের ক্ষেত্রে, ২৪৬ ধারায় নাবালক বা অপ্রকৃতিস্থ নির্বাহক, সার্বিক বা অর্থশিষ্ট উত্তরদানগ্রাহকের আদালত-নিযুক্ত অভিভাবকের ক্ষেত্রে, এবং ২৪৭ ধারায় ইচ্ছাপত্রের বৈধতা সম্পর্কে মামলা চলাকলে সীমিত উদ্দেশ্যে ব্যবস্থাপনাপত্র মনজুরের বিধান আছে।

limited company সীমিতদায় কোম্পানি কোম্পানি আইনের বিধান-অনুযায়ী নিগমবদ্ধ যে-কোম্পানির সদস্যদের কোম্পানির প্রতি দায় সীমিত। সীমিতদায় কোম্পানির সদস্যদের দায় তাঁহাদের শেয়ারের নামমাত্র মূল্য পর্যন্ত সীমিত। তাঁহারা ৬৩৩ liquidation

শেয়ার বরাদ্ধ করিবার সময়ে অথবা পরবর্তীকালে তাহা পরিশোধ করিতে পারেন।
জামানতদারা সীমিত কোম্পানির (জামিন কোম্পানি) সদস্যগণকে কোম্পানির
অবসায়নের ক্ষেত্রে কোম্পানিকে একটি সম্মত নামমাত্র অন্ধ অবশ্যই দিতে হয়।
জামানত-তহবিল কোম্পানির পাওনাদারদের হিতার্থে অভিপ্রেত; তাই যখন কোম্পানি
অবসায়িত হয়, তখন কোম্পানি ইহার সদস্যদের অংশহারে অর্থপ্রদানের দায়
কমাইতে বা বাতিল করিতে পারে না। সীমিতদায় কোম্পানির নামের পিছনে 'সীমিত'
(limited) শব্দ অবশ্যই ব্যবহার করিতে হয়। unlimited company তু.।

limited executor সীমিত নির্বাহক মৃত ব্যক্তির— সকল সম্পত্তি সম্পর্কে নহে— কেবল নির্দিষ্ট সম্পত্তি সম্পর্কে লেনদেন করিবার জন্য ইচ্ছাপত্রে নিযুক্ত কোনো ব্যক্তি।

limited liability partnership সীমিতদায় যৌথ কারবার partnership দ্র.।

limited owner সীমিত মালিক একজন জীবনস্বত্বের প্রজা বা কোনো বন্দোবস্তের অধীন কোনো ভূমির একজন সংবিধিবদ্ধ মালিক।

limited owner's charge সীমিত মালিকের দায় একজন সীমিত মালিককর্তৃক তাঁহার স্বার্থ অর্জিত হইবার সময়ে অভ্যন্তরীণ কর-কর্তৃপক্ষের বরাবরে উত্তরাধিকার-কর পরিশোধ করা হইলে তাহা ফেরত পাইবার জন্য জামানত হিসাবে ভূমির উপর তাঁহার বরাবরে সৃষ্ট ন্যায়পর দায়। ন্যাসকৃত সম্পত্তি হইতে সাধারণত উক্ত কর প্রদেয় কিন্তু সীমিত মালিক যদি ব্যক্তিগতভাবে তাহা প্রদান করেন (যেমন, কর-পরিশোধে ন্যাস-অর্থের অপ্রতুলতাহেতু ভূমি-বিক্রয় এড়াইবার জন্য), তবে তাহা পরিশোধের জন্য তাঁহার দায় সৃষ্ট হয়। ইংল্যান্ডে উক্তর্মপ দায় নিবন্ধনযোগ্য।

limited partnership সীমিত যৌথ কারবার partnership দ্র.।

lineal adj. বংশক্রমাগত বিণ. সরাসরিভাবে একই বংশোদ্ভূত। যে-বংশক্রম কখনও ভগ্ন হয় নাই; বংশানুক্রমিক। সম্পার্শ্বিক (collateral) সম্পর্ক হইতে স্বতন্ত্র এবং অধিকতর ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত। সম্পার্শ্বিক সম্পর্ককে বংশক্রমাগত বলা হয় না যদিও সম্পার্শ্বিক বংশপরম্পরা' উক্তি অস্বাভাবিক নহে।

liquidated damages নির্ধারিত ক্ষতিপূরণ damages দ্র.।

liquidated demand নির্ধারিত দাবি নির্দিষ্ট পরিমাণ অর্থের দাবি। যেমন, ৫০ টাকার ঋণ। এইরূপ দাবি অনির্ধারিত ক্ষতিপূরণের দাবি হইতে ভিন্ন, যাহা আদালতের স্ববিবেচনাধীন নির্ধারণের বিষয়।

liquidation n. অবসায়ন বি. winding-up দ্র.।

- liquidation committee অবসায়ন কমিটি অবসায়নকর্তৃক কতিপয় ক্ষমতাপ্রয়োগে সম্মতিদানের জন্য কোম্পানির অবসায়নকালে কোম্পানির পাওনাদারদের দারা গঠিত একটি কমিটি। কোম্পানি উহার দেনা-পরিশোধে অসমর্থ হইলে এই কমিটি সাধারণত কেবল পাওনাদারদের লইয়া গঠিত হয়। অন্যথায় ইহা পাওনাদার ও প্রদায়ক, এতদৃভয়কে লইয়া গঠিত হয়। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৬১ ধারায় অবসায়নের হিসাব পরিদর্শন করিবার জন্য পাওনাদার ও প্রদায়ক দারা এবং ৩০০ ধারায় পাওনাদারদের দারা পরিদর্শন কমিটি গঠনের বিধান করা হইয়াছে।
- liquidator n. অবসায়ক বি. যে-ব্যক্তি কোম্পানি-অবসায়নের দায়িত্ব পালন করেন।
 তিনি সরকারি রিসিভার না হইলে তাঁহাকে অবশ্যই দেউলিয়া মামলা-পরিচালনার
 যোগ্যতাসম্পন্ন হইতে হইবে। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৫১ ধারায়
 আদালতকর্তৃক সরকারি রিসিভারকে সরকারি অবসায়ক হিসাবে কাজ করিবার, ২৫৫
 ধারায় স্বতন্ত্র সরকারি অবসায়ক নিযুক্ত করিবার, ২৯২ ধারায় কোম্পানি-কর্তৃক এবং
 ২৯৯ ধারায় পাওনাদারগণকর্তৃক অবসায়ক নিযুক্ত করিবার বিধান করা হইয়াছে।
- liquidity n. তারল্য বি. ১. নগদ অর্থে কোনো সম্পদের রূপান্তরযোগ্যতা। ২. কোনো বাজারে বা কোম্পানির নিকট নগদ অর্থে রূপান্তরযোগ্য সম্পদের লভ্যতা।
- liquor n. সুরাজাতীয় পানীয়, লিকার কোনো খাদদ্রেব্য গাঁজানো বা চোলাই করিবার পরে প্রাপ্ত তরল পদার্থ। উত্তেজক তরল পানীয়; শ্পিরিট; অধিকতর সীমিত অর্থে এবং শব্দটির প্রচলিত প্রয়োগ-অনুযায়ী গাঁজানো বা চোলাই-করা সুরাযুক্ত তরল পদার্থ, যেমন কড়া মদ, ব্যান্ডি, হইস্কি, তাড়ি, ইফুরসজাত সুরাবিশেষ, জিন্জাতীয় মদ, বিয়ারজাতীয় হালকা মদ, আসুরের রস হইতে প্রস্তুত মদ্য, নানা প্রকারের দ্রবণ, কোহলে দ্রবীভূত ভেষজদ্রব্য এবং সমজাতীয় তরলপদার্থ। মাদকজাতীয় দ্রব্যের ব্যবহার বা ব্যবসার জন্য যথায়থ কর্তপক্ষের অনুমতিপত্র বা লাইসেন্স প্রয়োজন হয়।
- lis alibi pendens অন্যত্র বিচারাধীন মামলা একই বিষয়ে একই পক্ষদ্বরের মধ্যে অন্য আদালতে মামলা বিচারাধীন থাকিলে সেইহেতু বিবাদী নিজের বিরুদ্ধে আনীত মামলার কার্যধারা স্থূগিত করাইতে পারেন। তবে তাঁহাকে অবশাই দেখাইতে হইবে যে, মামলা চালু থাকিলে তাঁহার প্রতি অবিচার হইবে এবং বাদীর প্রতি কোনো অবিচার হইবে না। দেওয়ানি কার্যধারার ১০ ধারার বিধান-অনুসারে, একই পক্ষদ্বরের মধ্যে একই বিচার্য বিষয় লইয়া একই আদালতে বা বাংলাদেশের অন্য কোনো আদালতে কোনো মামলা বিচারাধীন থাকিলে পরবর্তী মামলার কার্যক্রম স্থূগিত ইইবে।

lis mota চালু মামলা যে-মামলা আদালতে বিচারাধীন রহিয়াছে।

- lis pendens বিচারাধীন মামলা আদালতে দায়ের করা যে-মামলার বিচার সমাপ্ত হয়
 নাই। যাহাতে সম্ভাব্য আদালতের ডিক্রি বা আদেশ ক্ষুণ্ন না হয়, সেজন্য সম্পত্তিহস্তান্তর আইনের ৫২ ধারা-অনুসারে বিচারাধীন মামলার সম্পত্তি আদালতের অনুমতি
 ভিন্ন হস্তান্তর করা নিষিদ্ধ।
- listed building তালিকাভুক্ত দালান ইংল্যান্ডের সেক্রেটারি অব ক্টেটকর্তৃক প্রণীত বা অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত বিশেষ স্থাপত্যসংক্রান্ত বা ঐতিহাসিক আকর্ষণপূর্ণ দালান। তালিকাভুক্ত দালানগুলি গুরুত্ব-অনুযায়ী শ্রেণীবিন্যস্ত। শৃধু স্থানীয় পরিকল্পনা-কর্তৃপক্ষের বা সেক্রেটারি অফ ক্টেটের অনুযতিক্রমে তালিকাভুক্ত দালান ধ্বংস করা যায় অথবা ইহার বৈশিষ্ট্য পরিবর্তন করা যায়। বাংলাদেশে পুরাকীর্তি-সংরক্ষণ আইনে তালিকাভুক্ত পুরাকীর্তি সংরক্ষণের বিধান করা হইয়াছে। পুরাকীর্তি বিনষ্ট করা দগুনীয় অপবাধ।
- listed company তালিকাভূক্ত কোম্পানি যে-কোম্পানি ক্টক এক্সচেঞ্জ বা শেয়ার-বিনিময় সংস্থার তালিকাভূক্তির নিয়মাবলি পালন করিয়াছে এবং এই কারণে যাহার শেয়ার তালিকাভূক্ত বাজারে উদ্ধৃত ও ক্রয়-বিক্রয় করা যায়। তালিকাভূক্ত কোম্পানিগুলি ক্টক এক্সচেঞ্জের নিকট নিরবিচ্ছিন্নভাবে উহার তথ্যাদি প্রকাশ করিতে দায়বদ্ধ।
- lists n. (মামলা শুনানির) তালিকা বি. বিচারের জন্য অপেক্ষমাণ মামলাগুলির পঞ্জি। আদালত বিভিন্নপ্রকার মামলার জন্য পৃথক পৃথক তালিকা রাখিতে পারেন'। এইরপে ইংল্যান্ডে হাইকোর্টে কুইনস বেঞ্চে জুরি তালিকা, জুরিবিহীন তালিকা, বল্পমেয়াদি শুনানির তালিকা ইত্যাদি আছে। কোনো মামলা শুনানির জন্য প্রস্তুত হইলে তাহা তালিকাভুক্ত হয়। বাংলাদেশে নিম্ন আদালতে দৈনিক শুনানির তালিকায় কোন মামলা কিসের জন্য ধার্য আছে, তাহা উল্লিখিত থাকে। হাইকোর্ট বিভাগে ও আপিল বিভাগে গুনানির জন্য প্রস্তুত মামলাগুলি প্রথমে সাপ্তাহিক তালিকায় ও ক্রমান্বয়ে দৈনিক শুনানির তালিকায় স্থান পায়। cause list ও daily cause list দ্র.।
- literal infringement আক্ষরিক অধিকারলজ্ঞন (কৃতিস্বত্বের অধিকারের প্রসঙ্গে)
 যে-অধিকারলজ্ঞান অভিযুক্ত পণ্য বা পদ্ধতিতে একটি কৃতিস্বত্বের দাবির প্রতিটি উপাদান এবং প্রতিটি সীমাবদ্ধতা যথাযথভাবে বর্তমান।
- literal interpretation আক্ষরিক ব্যাখ্যা দলিলে, ইচ্ছাপত্রে বা আইনে ব্যবহৃত
 শব্দসমূহের পরিপ্রেক্ষিতে উক্ত দলিল, ইচ্ছাপত্র বা আইনের অর্থ নির্ধারণ। কোনো
 সংবিধির 'আক্ষরিক ব্যাখ্যা' হইল উক্ত সংবিধিকেই ব্যাখ্যাতা করিয়া অর্থাৎ
 সংবিধিতে ব্যবহৃত শব্দ, উক্তি ইত্যাদিকে ভিত্তি করিয়া এবং উহাদের মধ্যে সীমিত
 থাকিয়া যথাযথ অর্থ নির্ণয় করা। এইভাবে অর্থ আবিদ্ধার করা সম্ভবপর হইলে উহা

literal rule

সংরচনার জন্য অন্য কোনো পন্থা অবলম্বনের সুযোগ নাই। সংবিধি ব্যাখ্যা করিবার ক্ষেত্রে আদালত আইন-প্রণেতাগণের অভিপ্রায়কে কার্যকর করিবেল এবং সকল বৈধ পথে যথাযথ অভিপ্রায় অনুসদ্ধান করিবেল। ইহা প্রশ্নাতীত যে, সর্বপ্রথমে সংবিধিতে ব্যবহৃত শব্দ ও ভাষার মধ্যেই কেবল অভিপ্রায় অনুসদ্ধান করিবেল। সংবিধানের ৮ (২) অনুচ্ছেদ-অনুসারে, সংবিধানের দ্বিতীয় ভাগে বর্ণিত নীতিসমূহ সংবিধান এবং বাংলাদেশের অন্যান্য আইনের ব্যাখ্যাদানের ক্ষেত্রে নির্দেশক হইবে। বিষয় বা প্রসঙ্গের প্রয়োজনে অন্যরূপ না হইলে সংবিধানে ব্যবহৃত কতিপয় শব্দের ব্যাখ্যা ১৫২ অনুচ্ছেদে প্রাণ্য।

literal rule আক্ষরিক নিয়ম interpretation of rules দ্র.।

literary and artistic work সাহিত্য ও শিল্পকর্ম ১৮৮৬ সালের আন্তর্জাতিক কপিরাইট আইন-অনুসারে, প্রসঙ্গ অন্য কিছু নির্দেশ না করিলে, যে-কোনো বই, মুদ্রণ, লিথোগ্রাফ, ভাস্কর্য, নাটক, সাংগিতিক রচনা, চিত্রকলা, অঙ্কন, আলোকচিত্র এবং অন্য সাহিত্য ও শিল্প-কর্ম, যাহা কপিরাইট আইন বা আন্তর্জাতিক কপিরাইট আইনের আওতায় পড়ে।

literary work সাহিত্যকর্ম বি. কম্পিউটারসৃষ্ট উপাপ্তভিত্তিসহ মানবিক, ধর্মীয়, সামাজিক ও প্রাকৃতিক বিজ্ঞানকর্ম এবং কম্পিউটার প্রোগ্রাম, সারণি ও সংকলন ইহার অন্তর্ভুক্ত।

litigant n., adj. মামলাকারী বি., বিণ. মামলার কোনো পক্ষ। মামলাকারী ব্যক্তিগতভাবে তাঁহার মামলা আদালতে উত্থাপন করিতে পারেন। যদি তিনি তাহা করেন, তবে তাঁহার কোনো বন্ধু কিছু লিখিয়া রাখিয়া বা পরামর্শ দিয়া তাঁহাকে সাহায্য করিতে পারেন, কিন্তু প্রকৃতপক্ষে মামলা উত্থাপনে সাহায্য করিতে পারেন না। বিকল্প হিসাবে মামলাকারীর পক্ষে ইংল্যান্ডে ব্যারিন্টার বা, যেখানে যথাযথ, সলিসিটর মামলা চালাইতে পারেন। মামলায় জয়ী ব্যক্তি মামলার খরচ দাবি করিতে পারেন। আইনজীবী মামলা পরিচালনা করিলে যেরূপ খরচ পাইতে পারিতেন, আইনজীবী নিয়োগ না করিয়া নিজে মামলা চালাইয়া থাকিলে মামলাকারী অনুরূপ খরচ দাবি করিতে পারেন। বাংলাদেশে মামলাকারী স্বয়ং বা তাঁহার পক্ষে নিযুক্ত অ্যাডভোকেট-দারা আদালতে মামলা চালাইতে পারেন এবং জয়ী পক্ষ পরাজিত পক্ষ হইতে মামলা খরচ পাইতে পারেন।

litigation n. মামলা বি. ১. মামলাকারী কর্তৃক গৃহীত আইনানুগ পদক্ষেপ। প্রতিকার প্রার্থনা করিয়া মামলাকারী আদালতে যাহা উত্থাপন করেন। ২. আইনের যে-সকল ক্ষেত্র বিবাদপূর্ণ বিষয়ের সহিত সংশ্লিষ্ট। ton livestock

litigation friend মামলাকারীর বন্ধু কোনো শিশু বা মানসিক প্রতিবন্ধীর পক্ষে বা বিপক্ষে আনীত আইনি কার্যক্রম পরিচালনা ও তাহার ব্যয়নির্বাহের দায়িত্প্রাপ্ত একজন বয়ন্ধ ব্যক্তি।

- litter n. ১. শিবিকা বি. বিশেষ করিয়া নারী, পঙ্গু বা অক্ষম ব্যক্তি ও পুরোহিত কর্তৃক প্রাচীনকালে ব্যবহৃত বাহনবিশেষ যাহা মানুষ বা পণ্ড দ্বারা বাহিত ইইত। ২. তৃণশয্যা বি. খড় ও অপরাপর বস্তু যাহা সাধারণত পণ্ডদের শয্যা হিসাবে ব্যবহৃত হয়।
- live v., adj. ১. জীবনধারণ করা, বসবাস করা ক্রি. জীবিত থাকা; বাস করা। বসবাস করা দ্বারা কোনো ব্যক্তি কোথাও সাময়িকভাবে বসবাস করেন, এইরূপ স্থান বুঝায়; উহাদ্বারা কোনো ব্যক্তির বর্তমান প্রকৃত আবাস স্থান বুঝায় না। কোনো ব্যক্তির কোনো রাট্রে বসবাস করাদ্বারা সেই রাট্রে তাঁহার নাগরিকত্ত্বর প্রমাণ হয় না— কোনো রাট্রে বছরের পর বছর বসবাস করা সত্ত্বেও কোনো ব্যক্তি অন্য কোনো রাট্রের নাগরিকত্ব রক্ষা করিতে পারেন। ২. জীবন্ত, জীবিত, সপ্রাণ বিণ. মৃত নহে, এমন।
- livelihood n. জীবিকা, জীবনোপায় বি. ডিক্রিজারিতে দায়িকের এমন সম্পত্তি ক্রোক ও নিলামযোগ্য নহে, যাহা দেওয়ানি কার্যবিধির ৬০(১) ধারার (খ) অনুচ্ছেদঅনুসারে কারিগরের হাতিয়ার এবং দেনাদার যদি চাষী হন, তবে তাঁহার চাষের
 হাতিয়ার, গো-মহিষাদি ও বীজ, যাহা আদালতের মতে তাঁহার জীবিকা অর্জনের জন্য
 প্রয়োজন এবং এমন কৃষিজাত দ্রব্যের বা এমন শ্রেণীর কৃষিজাত দ্রব্যের অংশবিশেষ,
 পরবর্তী ধারার বিধানে যাহা দায়মুক্ত বলিয়া ঘোষিত।
- livery n. ১. ভৃত্যবেশ, লিভারি বি. মানিক বা নিয়োগ কর্তৃপক্ষকর্তৃক চাকুরিকালীন. সময়ে কর্মচারীর ব্যবহারের নিমিত্ত প্রদন্ত পোশাক যাহা, বিপরীত কোনো চুজির অবর্তমানে, মানিক বা কর্তৃপক্ষকর্তৃক তলব করা হইলে বা চাকুরির শেষে ফেরড দিতে হয়। অবশ্য প্রায়ই সরবরাহকৃত পোশাক কর্মচারীর মজুরির অংশ হিসাবে গণ্য করা হয়। ২. হস্তান্তর বি. জমিজমা, বসতবাড়ি বা যে-কোনোরকম স্থায়ী সম্পত্তি হস্তান্তর। অনেক পরিবার থাকিতে পারে, এইরূপ ফ্লাট-বাড়ি, এবং উত্তরাধিকারসূত্রে প্রাপ্তব্য সম্পত্তি বা জমিজমার দখল, উহার উপর অধিকার রহিয়াছে, এইরূপ ব্যক্তির নিকট হস্তান্তর। ইংল্যান্ডের প্রথাগত আইনে ভূসম্পত্তি হস্তান্তরের একটি রীতিসিদ্ধ অনুষ্ঠান।

lives in being জায়মান জীবন rule against perpetuities দ্ৰ.।

livestock n. প্রাণিকুল বি. classification of animals দ্র. 1

living apart

living apart পৃথক বসবাস ইংল্যান্ড ১৯৭৩ সালের বিবাহসংক্রান্ত মামলা আইনে বিবাহবিচ্ছেদের জন্য বিবাহিত কোনো পক্ষ দুই বংসরকাল অপরকে পরিত্যাগ করিয়াছে বা পাঁচ বংসর পর্যন্ত একপক্ষ অন্যপক্ষ হইতে পৃথগৃভাবে বসবাস করিতেছে বলিয়া দেখাইতে হইত। ১৯৯৬ সালের পারিবারিক বিষয়সংক্রান্ত আইনে বিবাহবিচ্ছেদের মামলায় তদ্ধ্রপ কিছু দেখানো প্রাসঙ্গিক নহে। বাংলাদেশে হিন্দু আইনে বিবাহবিচ্ছেদ না থাকায় স্বামী-গ্রীর পক্ষে একত্র বসবাস সম্ভবপর না হইলে যে-কোনো পক্ষের আবেদনক্রমে আদালত স্বামী-গ্রীর পৃথক বসবাসের আদেশ দিতে পারেন।

living memory স্বরণকাল বি. যে-সময় পর্যন্ত জীবিত ব্যক্তিদের স্বরণশক্তি ব্যাপ্ত।

living on immoral earnings অনৈতিক আয়ের ঘারা জীবনধারণ বেশ্যাবৃত্তি ইইতে আহরিত অর্থের ঘারা জীবনধারণ। স্ত্রীলোকের বেশ্যাবৃত্তি ইইতে আহরিত অর্থের ঘারা জীবনধারণ। স্ত্রীলোকের বেশ্যাবৃত্তি ইইতে আহরিত অর্থের ঘারা জ্ঞাতসারে কোনো পুরুষ (কিন্তু কোনো স্ত্রীলোক নহে) জীবনধারণ করিলে তাহা ইংল্যান্ডের আইনে সাত বৎসর পর্যন্ত কারাদণ্ডে দওনীয় অপরাধ। যে-ব্যক্তি বেশ্যার সহিত বাস করেন এবং বেশ্যার ঘারা সম্পূর্ণ বা মূলত রক্ষিত কিংবা যে-ব্যক্তি বেশ্যালয় চালান বা অন্য কোনোভাবে কাহাকেও বেশ্যাবৃত্তি গ্রহণ করিতে বাধ্য করেন বা সাহায্য করেন, সেই ব্যক্তি সাধারণত এই অপরাধ করেন। এইসকল ক্ষেত্রে তিনি জ্ঞাতসারে বেশ্যার আয়ের ঘারা জীবনধারণ করেন, যদি না তিনি দেখাইতে পারেন যে, তিনি তাহা করেন না। যৌনকর্মের ঘারা যে-পুরুষ অর্থোপার্জন করেন, তাঁহার অনুরূপ আয় হইতে জীবনধারণ করাও, ইংল্যান্ডের আইনে, পুরুষ বা নারীর পক্ষে অপরাধ। বাংলাদেশে দওবিধির ৩৭২ ও ৩৭৩ ধারায় বেশ্যাবৃত্তির উদ্দেশ্যে কোনো নাবালিকা ক্রয়-বিক্রয়, ভাড়া দেওয়া, দখলে রাখা বা দখল হস্তান্তর করা দশ বৎসর পর্যন্ত কারাদণ্ডে দওনীয় অপরাধ।

living together একত্রে বসবাস cohabitation দ্র.।

living will সুস্থাৰস্থায় ব্যক্ত ইচ্ছা পরিপূর্ণ সুস্থ অবস্থায় লিখিত ও স্বাক্ষরিত যে-দলিলে কোনো ব্যক্তি এই মর্মে নির্দেশ দান করেন যে, মৃত্যু নিশ্চিত এমন কোনো ব্যাধির আক্রমণে তিনি ক্রমশ হীনবল হইয়া পড়িতে থাকিলে কৃত্রিম উপায়ে তাঁহাকে বাঁচাইয়া রাখিবার চেষ্টা না করিয়া তাঁহাকে যেন মরিতে দেওয়া হয়।

Lloyd's লয়েডস ইংল্যান্ডে ১৮৭১ সালে পার্লামেন্টে প্রণীত আইনদ্বারা একটি সংস্থা বা কর্পোরেশনে রূপান্তরিত নৌবিমার অবলেখকদের একটি সমিতি। প্রথম দিকে লয়েডস কেবল নৌবিমা প্রদান করিত কিন্তু তাহা এখন অন্যপ্রকার বিমাও প্রদান করে। বেসরকারি অবলেখকদের সিন্ডিকেটগুলি বিমার দায় গ্রহণ করে এবং তাহাদের প্রত্যেকটির ব্যবস্থাপনায় থাকেন একজন পেশাজীবী অবলেখক। ১৯৯২ সালে সীমাবদ্ধ কোম্পানিকে অবলেখক হইবার অনুমতি দেওয়া হইয়াছে। সিভিকেট যে- সকল বিমা-ব্যবসা প্রদান করে, প্রত্যেক অবলেখক তাহার শতকরা একটি অংশের দায় গ্রহণ করেন। অবলেখক হিসাবে গৃহীত হইবার পূর্বে কর্পোরেশনের তহবিলে মোটারকমের অর্থ জমা দিতে হয়। জনসাধারণ লয়েডসের দালালদের মারফত অবলেখকদের সহিত লেনদেন করে।

- loan n. ঋণ, ধার বি. যে-বস্তু ধার দেওয়া হয়। ব্যবহার করিবার অনুমতি।
 ঋণ্মহীতা কর্তৃক কিছু সময় ব্যবহার করিবার জন্য কোনো কিছুর জিম্মাদান। ঘোড়া,
 গাড়ি, বই, অর্থ ইত্যাদি যে-কোনো বস্তু ধার দেওয়া যাইতে পারে। মূল্য ছাড়া অথবা
 কোনো কিছুর বিনিময়ে ধার প্রদন্ত হইতে পারে। আইনত একটি ঋণ গঠন করিবার
 জন্য ঋণদানের মতো কোনো বস্তু, ঋণদাতা, ঋণগ্রহীতা, এবং পক্ষগুলির মধ্যে চুক্তি
 থাকিতে হইবে।
- Loan Against Imported Merchandise (LIM) আমদানিকৃত পণ্যের বিপরীতে ঋণ অনেক সময়ে আমদানিকারকগণ তহবিলের স্বল্পতার জন্য ব্যাংকের নিকট হইতে আমদানির দলিল ছাড় করিয়া লইতে ব্যর্থ হইলে বন্দর হইতে মাল ছাড়াইবার ব্যবস্থা করিবার জন্য ব্যাংক আমদানিকৃত মালের বিপরীতে আমদানিকারককে যে- ব্রমেয়াদি ঋণ মনজুর করিয়া থাকে। এ-ঋণের হিসাব দুইভাবে খোলা যায়: আমদানিকারকের অনুরোধে অথবা বাধ্যভামূলকভাবে।
- loan capital ঋণ মূলধন কোনো কোম্পানিকর্তৃক ঋণপত্র খোলার মাধ্যমে অর্থসংগ্রহ। প্রত্যেক ঋণপত্রের দ্বারা গৃহীত অর্থের গড় পরিমাণকে কখনো কখনো কৈ বলা হয়। debentures দ্র.।
- loan creditor ঋণ পাওনাদার কোম্পানির প্রদত্ত বিমোচনযোগ্য ঋণ মূলধন ধারণ করেন, কোম্পানির এমন একজন পাওনাদার। ঋণ পাওনাদারের ক্ষেত্রে (ব্যাংক ব্যতীত) কর-আইনের বিশেষ বিধান প্রযুক্ত হয়।
- lobbying n. निवः, তদবির বি. ১. আইনসভায় প্রস্তাবিত কোনো বিষয়ে উহার কোনো সদস্যের সমর্থনপ্রার্থনা বা সমর্থন আদায় করিবার চেষ্টা। ২. কোনো বিশেষ স্বার্থে বা নীতির সপক্ষে জনমতগঠন কিংবা সরকারি বা প্রশাসনিক কর্তৃপক্ষকে প্রভাবিত করিবার কার্য। ৩. কোনো আইন বা বিধি পরিবর্তন করিতে বা নৃতন আইন প্রণয়ন করিতে অথবা কোনো বিশেষ নীতি বা লক্ষ্য প্রণে রাজনীতিবিদ, প্রশাসন বা রাজনৈতিক গোষ্ঠী ইত্যাদিকে বুঝাইয়া বা প্রভাবিত করিয়া সক্রিয় করিবার চেষ্টা।
- local authority স্থানীয় কর্তৃপক্ষ স্থানীয় সরকারের কর্ম পরিচালনা করিবার জন্য স্থানীয় সরকার এলাকার অধিবাসীদের দ্বারা নির্বাচিত কাউনসিলরদের একটি সংগঠন। ইংল্যান্ডে (বৃহত্তর লন্তন এবং মেট্রোপলিটান কাউন্টি এলাকা ব্যতীত)

কাউন্টি কাউনসিল, জেলা কাউনসিল, প্যারিশ (বা যাজকপন্নী) কাউনসিলগুলি হইতেছে স্থানীয় কর্তৃপক্ষ। ১৮৯৭ সালের জেনারেল ক্লজেজ অ্যাক্টের ৩ (২৮) ধারায় স্থানীয় কর্তৃপক্ষ বলিতে নগর কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, বন্দরের ট্রান্টিবোর্ড কিংবা পৌর বা স্থানীয় তহবিল নিয়ত্রণ বা ব্যবস্থাপনা করিবার জন্য আইনদারা ক্ষমতাপ্রাপ্ত অথবা সরকার হইতে তারপ্রাপ্ত অপর কোনো সংস্থা অথবা কোনো আইনের অধীনে সরকারকর্তৃক প্রতিষ্ঠিত কোনো কর্পোরেশন বা অন্য কোনো সংস্থা বা কর্তৃপক্ষ বুঝায় এবং অন্তর্ভুক্ত করে।

local government স্থানীয় শাসন, স্থানীয় সরকার যে-শাসনব্যবস্থায় নির্দিষ্ট এলাকার কভিপয় বিষয় নিয়ন্ত্রণের দায়িত্ব আইনদ্বারা উক্ত এলাকার নির্বাচিত প্রতিনিধিদের উপর ন্যস্ত করা হয়। সংবিধানের ৫৯ (১) অনুচ্ছেদে বলা হইয়াছে যে, 'আইন-অনুযায়ী নির্বাচিত ব্যক্তিদের সমন্ত্বরে গঠিত প্রতিষ্ঠানসমূহের উপর প্রজাতব্রের প্রত্যেক প্রশাসনিক একাংশের স্থানীয় শাসনের ভার প্রদান করা হইবে।' local authority ও local government area দ্র.।

local government area স্থানীয় সরকার এলাকা স্থানীয় শাসনের এককস্বরূপ গণ্য এলাকা। বাংলাদেশে স্থানীয় সরকার এলাকা বলিতে ইউনিয়ন, উপজেলা, শহর বা নগর এবং জেলা বুঝায়।

local inspection সরেজমিনে পরিদর্শন দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশের ৭(ক)
নিয়মে, মামলার যে-কোনো পর্যায়ে যে-সম্পত্তি মামলার বিষয়বস্তু বা ভাহার সম্পর্কিত
কোনো প্রশ্নের উদ্ভব হইলে আদালত ভাহা পরিদর্শন করিবার জন্য আদেশ দিতে
পারেন। এই নিয়ম প্রয়োগের ক্ষেত্রে আদালত সাধারণত দেওয়ানি কার্যবিধির ২৬
আদেশের ৯ নিয়ম-অনুসারে যাঁহাকে উপযুক্ত মনে করিবেন, তাঁহার নিকট কমিশন
প্রেরণ করিয়া সরেজমিনে পরিদর্শনের পর তাঁহাকে রিপোর্ট দাখিল করিতে নির্দেশ
দান করিবেন।

local investigation সরেজমিনে তদন্ত দেওয়ানি কার্যবিধির ২৬ আদেশের ৯ নিয়ম-অনুসারে, কোনো মামলায় আদালত যদি মনে করেন যে, বিরোধীয় বিষয় সম্পর্কে সম্যক অবহিত হইবার জন্য বা কোনো সম্পত্তির বাজারমূল্য নিরূপণ করিবার জন্য বা কোনো অন্তবর্তীকালীন মুনাফা বা খেসারত বা বাৎসরিক নিট মুনাফা নির্ণয় করিবার উদ্দেশ্যে সরেজমিনে তদন্ত আবশ্যক, তবে আদালত যাঁহাকে উপযুক্ত মনে করিবেন, সেই ব্যক্তির নিকট কমিশন প্রেরণ করিয়া বিষয়টি সম্পর্কে অনুরূপ তদন্ত করিতে এবং আদালত কর্তৃক নির্ধারিত অনধিক তিনমাসের মধ্যে প্রতিবেদন প্রদান করিতে নির্দেশ দিতে পারিবেন। দেওয়ানি আদেশ ও বিধিসমূহের ২৬৬ বিধি-অনুসারে কোনো সম্পন্তির জরিপ সম্পর্কে কমিশন করিতে হইলে জরিপ-

পাশ লাইসেন্সধারী অ্যাডভোকেট নিয়োগ করিতে হইবে। কোনো সম্পত্তির বাটোয়ারার ক্ষেত্রেও জরিপ-পাশ লাইসেন্সধারী অ্যাডভোকেট নিয়োগ করা আবশ্যক।

locality n. অঞ্চল, জনপদ, ঘটনাস্থল বি. কোনো কিছুর অবস্থান, নির্ধারিত স্থান বা কোনো ঘটনার স্থান বা দৃশ্য। অঞ্চল বলিতে কোনো জেলা বা জেলার অংশবিশেষ বৃঝায়, যাহার সুনির্দিষ্ট সীমানা রহিয়াছে এবং যাহা কোনো বিশেষ কাজের জন্য চিহ্নিত। অঞ্চল বা ঘটনাস্থল বলিতে এইরূপ একটি এলাকা বৃঝায় যাহা যথেষ্ট পরিমাণে ক্ষুদ্র ও সংহত, যাহাতে উহার নামোল্লেখ এলাকাটির সকল অধিবাসীদের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্রিপ্রাদানের শামিল।

local law স্থানীয় আইন দওবিধির ৪২ ধারা-অনুসারে, স্থানীয় আইন হইতেছে কেবল বাংলাদেশের নির্দিষ্ট কোনো অংশে প্রযোজ্য আইন।

local union স্থানীয় সংঘ যে-সংঘ কোনো জাতীয় বা আন্তর্জাতিক সংঘের স্থানীয় দরকষাকম্বির একক হিসাবে কাজ করে।

lock-out n. তালাবদ্ধকরণ বি. ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ২(১৬) ধারা-অনুসারে, মালিক কর্তৃক কোনো কর্মস্থল বা অনুরূপ স্থানের কোনো অংশ বন্ধ করা, বা সামগ্রিকভাবে বা আংশিকভাবে কাজ স্থাগিত রাখা, বা কোনো শিল্পবিরোধ-সংশ্লিষ্ট বিষয়ের সহিত জড়িত হইবার ফলে মালিক কর্তৃক অনুরূপভাবে সাময়িক বা সম্পূর্ণরূপে বন্ধ কারখানায় সামগ্রিকভাবে বা শর্তাধীনে নিয়োজিত ব্যক্তিবর্গকে কাজে যোগদান করিতে না দেওয়া বা কোনো শর্ত বা শর্তাদি মানিয়া লইবার জন্য নিয়েজিত ব্যক্তিগণকে বাধ্য করিবার উদ্দেশ্যে মালিক কর্তৃক কারখানা বন্ধ করা, সাময়িকভাবে কাজ বন্ধ রাখা বা কাজে যোগদান করিতে দিতে অস্বীকৃতি।

lock-out agreement তালাবন্দি-চুক্তি সম্পত্তি-বিক্রেতা এবং সম্ভাব্য ক্রেতার মধ্যে এমন একটি চুক্তি, যাহাতে বিক্রেতা নির্দিষ্ট সময়ের জন্য, দুই সপ্তাহ পর্যন্ত, ক্রয়-বিক্রয়ের বাজার হইতে তাঁহার সম্পত্তিটি উঠাইয়া লইবেন এবং অপর কোলো প্রস্তাব গ্রহণ করিবেন না। ইতোমধ্যে ক্রেতা সত্ত্বর ক্রয়চুক্তির অনুলিপি বিক্রেতার সহিত বিনিময় করিবেন যেন ওই সময়ের মধ্যে তিনি সম্পত্তিটি ক্রয় করিতে পারেন। যদি বিক্রেতা অন্য প্রস্তাব গ্রহণ করিয়া চুক্তিভঙ্গ করেন, তাহা হইলে তাঁহার বিরুদ্ধে চুক্তিভঙ্গের নালিশ দায়ের করা যায়। অনেক বিক্রেতা অনুরূপ চুক্তি করিতে সম্মত হন না এবং কোনো কোনো আইনজীবী যুক্তি দেখান যে, এইরূপ চুক্তি বলবৎযোগ্য নহে।

- lock, stock and barrel adj. আগাপাশতলা সড়ক-পার্শ্ববর্তী একটি সরাইবান ও গ্রামীণ ক্লাব-ঘরের সমস্তটা কেহ ক্রয় করিতে ইচ্ছুক হইলে, যে-সকল পরিসম্পং ওই ব্যবসার পরিসম্পং নহে কিংবা যাহা ওই ব্যবসার প্রয়োজনে নিয়োজিত নহে, তাহা ভৌতভাবে ওই সম্পত্তিতে বিদ্যমান থাকিলেও ক্রয়াধিকারের অন্তর্ভুক্ত ইইবে না।
- loco parentis পিতৃস্থানীয় ব্যক্তি এমন অবস্থার একজন ব্যক্তি যাঁহাকে কোনো শিতর আইনসম্মত পিতা হিসাবে বর্ণনা করা হইয়াছে। পিতৃস্থানীয় বলিতে ওই ব্যক্তিকে বুঝায় যে-ব্যক্তি কোনো শিতর ভরণপোষণের জন্য পিতৃসুলভ দায়দায়িত্ব গ্রহণ করিয়াছেন।
- locus delicti ঘটনাস্থল, অকুস্থল কোনো অপরাধ-সংঘটনের স্থান; যে স্থানে কোনো অপরাধ সংঘটিত হইয়াছে।
- locus sigilli মোহরাঙ্কনের স্থান দলিলের যে-স্থান বা অংশ মোহর বা সিল মারিবার জন্য নির্দিষ্ট করা থাকে। deed দ.।
- locus standi মামলা করিবার অধিকার আফরিক অর্থে দাঁড়াইবার স্থান। কোনো
 মামলা দায়ের করিবার অথবা সিদ্ধান্তের বৈধতা সম্পর্কে প্রশ্ন উত্থাপনের অধিকার।
 বৈচারিক পর্যালোচনার কার্যধারার ক্ষেত্রে প্রায়শ মামলা করিবার অধিকার সম্পর্কে প্রশ্ন
 উত্থাপন করা হয়।
- lodging house ভাড়াবাড়ি বি. ভাড়াবাড়ি এবং পাস্থশালা, হোটেল, সরাইখানা
 শব্দগুলি একটি অপরটির বিকল্প নহে; শেষোক্ত প্রতিষ্ঠানসমূহ ও ভাড়াবাড়ির মধ্যে
 একটি সুস্পষ্ট পার্থক্য রহিয়াছে। ভাড়াবাড়ি বলিতে কোনো ভবন বা ভবনের অংশ
 বুঝায়, যাহা একাধিক পরিবারের সদস্যগণের নকট ভাড়া দেওয়া ইইয়াছে অথবা
 যাহা ওইরূপ একাধিক পরিবারের সদস্যগণ দখল করেন।
- loitering n. ইতস্তত বিচরণ রাস্তায় লক্ষ্যহীনভাবে দাঁড়াইয়া থাকা, বিলম্ব করা বা ঘুরঘুর করার কাজ। পূর্বে ইংল্যান্ডে পুলিশ দাগিচোরকে বা সন্দেহভাজন কোনো ব্যক্তিকে প্রেগুরযোগ্য অপরাধ সংঘটন করিবার উদ্দেশ্যে ঘোরাক্ষেরা করিতে দেখিলে প্রেগুর করিতে পারিত। ১৯৮১ সালের অপরাধ-প্রচেষ্টা আইনদ্বারা তদ্রুপ ক্ষমতা রহিত করা হইয়াছে। বাংলাদেশে ফৌজদারি কার্যবিধির ৫৪ ধারায় পুলিশ আমলযোগ্য অপরাধের সহিত জড়িত বলিয়া যুক্তিসংগত সন্দেহবশে যে-কোনো ব্যক্তিকে, ৫৫ ধারায় আমলযোগ্য অপরাধ-সংঘটনের ফলে লুকাইয়া থাকিবার জন্য সচেষ্ট বলিয়া পুলিশ যুক্তিসংগতভাবে বিশ্বাস করিলে তদ্দপ ব্যক্তিকে, অথবা ১৫১ ধারায় আমলযোগ্য অপরাধ সংঘটনের জন্য কেহ ফলি আঁটিতেছে দেখিলে এবং তাহা অন্য কোনোভাবে প্রতিরোধ করা সম্ভব না হইলে তদ্দপ ব্যক্তিকে বিনা পরওয়ানায় প্রেপ্তার করিতে পারে।

৬৪৩

long tenancy দীর্ঘমেয়াদি প্রজাস্বত্ব ইংল্যান্ডে বিধিবদ্ধ আইনের উদ্দেশ্যে ২১ বংসরের উর্ধ্বকালীন নির্দিষ্ট মেয়াদের প্রজাস্বত্ব। করধার্যের উদ্দেশ্যে সম্পত্তিটির নির্ধারিত মূল্যের দুই-তৃতীয়াংশের কম ভাড়া হইলে এই প্রজাস্বত্ব সুনিশ্চিত প্রজাস্বত্ব হইবার যোগ্য হইবে না। যদি ভাড়া কম না হইলে উহা একটি সুরক্ষিত প্রজাম্বত্ব হইত, তবে উহা বিশেষ সুরক্ষা লাভের যোগ্য হইত। ইহাতে নির্দিষ্ট মেয়াদের পরও প্রজাস্বত বহাল রাখিতে পারা যায়। এইরূপ ক্ষেত্রে মালিক যদি নির্দিষ্ট মেয়াদ-অন্তে প্রজাস্বত্ব রদ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে তাঁহাকে প্রজাস্বত্ব শেষ হইবার অন্তত ছয় মাস কিন্তু ১২ মাসের অনুর্ধ্ব সময়ের পূর্বে অবশ্যই একটি সংবিধিবদ্ধ বিজ্ঞপ্তি দিতে হইবে। এই বিজ্ঞপ্তিতে তিনি বিধিবদ্ধ প্রজাস্বত্বের (যাহার মেয়াদ অবশ্যই প্রজার সম্মতিতে বা আদালত কর্তক নির্ধারিত হইবে) প্রস্তাব দিতে পারেন কিংবা বাডিটি নিজ দখলে আনয়নের অধিকার দাবি করিতে পারেন। শেষোক্ত ক্ষেত্রে তাঁহার পক্ষে অবশ্যই দখল পাইবার জন্য নিজের অনুকূলে সংবিধিবদ্ধ আইনের হেতু থাকিতে হইবে, যাহা লিখিত প্রজাস্বত্যের ক্ষেত্রে প্রযোজ্য হেতুর অনুরূপ। যদি প্রজা এই বিজ্ঞপ্তির প্রতিবাদ করেন, তবে মালিককে দখল-আদেশ পাইবার জন্য আদালতে অবশ্যই আবেদন করিতে হইবে। যদি তাহা প্রত্যাখ্যাত হয়, তবে প্রজা সংবিধিবদ্ধ প্রজাম্বতুলাভের অধিকারী হইবেন। ১৯৮৮ সালের গৃহায়ণ আইন বলবৎ হইবার পর যে-সকল দীর্ঘমেয়াদি প্রজাস্বত্ব সৃষ্ট হয়, সেগুলি এইভাবে সুরক্ষিত নহে, কারণ সেই তারিখের পরে নৃতন কোনো সুরক্ষিত প্রজাস্বত্ব সৃষ্টি করা যায় না। ১৯৯১ সালের বাড়িভাড়া-নিয়ন্ত্রণ আইনে প্রজা রীতিমতো ঘরভাড়া প্রদান করিলে মেয়াদি প্রজাস্বত্বের মেয়াদ-অন্তে বা বেমেয়াদি প্রজাপ্বতু বিজ্ঞপ্তি প্রদান করিয়া মালিক প্রজাপ্বত্ব রহিত করিয়া প্রকৃত প্রয়োজন ছাড়া আদানতের ডিক্রি ব্যতীত প্রজাকে উচ্ছেদ করিতে পারেন না।

long title দীর্ঘ শিরোনাম Act of Parliament দ্র.।

- loose adj. ঢিলা, শিথিল বিণ. দৃঢ় বা অটল এবং ঢিলা বা শিথিল আপেক্ষিক শব্দ, যাহা একেক স্থানে একেক বন্তু বুঝাইতে পারে। মৃক্ত, ছাড়া, বাঁধনমুক্ত, নিয়ন্ত্রণমুক্ত। স্থির বা বন্দি নহে, এমন। বেপরোয়া, উচ্ছুঙ্খল, সহজেই গতিশীল, এইরূপ।
- loro account লরো হিসাব লরো একটি ইতালীয় শব্দ, ইহার অর্থ 'তাহাদের'। বিদেশে কোথাও একই বিদেশি ব্যাংকের সহিত দুইটি ব্যাংকের নস্ত্রো হিসাব অন্য ব্যাংকের জন্য লরো হিসাবরূপে গণ্য হইবে। nostro and vostro account তু.।
- loss n. লোকসান বি. ১. কোনো কিছু দখল রাখিবার ব্যর্থতা। ২. মূল্য কমিয়া যাওয়া; কোনো কিছুর পরবর্তী বিক্রয়মূল্য অপেক্ষা উহার আদিমূল্য বা ক্রয়মূল্য যে-পরিমাণ বেশি। ৩. বিমাকৃত সম্পত্তির ক্ষতির কারণে বিমাকারক যে-পরিমাণ অর্থের

জন্য দায়ী হন, সেই পরিমাণ আর্থিক ক্ষতি। 8. কোনো সম্পত্তি বিক্রয় বা অন্য কোনোভাবে হস্তান্তরের বিনিময়ে প্রাপ্ত অর্থের অপেক্ষা উক্ত সম্পত্তির সমন্বিত মূল্যের বাডতি পরিমাণ।

- loss of amenity সুখস্বাচ্ছন্দ্যের হানি দৈহিক আঘাতের ফলে বাদীর শারীরিক ও মানসিক ক্ষমতার অবলুপ্তি বা ব্রাস পাওয়াতে, তিনি পূর্বে যাহা করিতে পারিতেন, তাহা করিতে না পারা। দৈহিক আঘাতের জন্য মামলা করিলে বাদী জীবনের সুখস্বাচ্ছন্দ্যের অবলুপ্তির জন্য, তদতিরিক্ত আর্থিক ক্ষতি এবং বেদনা ও পীড়নের জন্য ক্ষতিপূরণ আদায় করিতে পারেন। ফ্তিপূরণ ধার্য করিবার সময়ে বাদীর খেলাধূলার ক্ষমতার অবলুপ্তি বা, তিনি সংগীতজ্ঞ হইলে, সংগীতযন্ত্র বাজাইবার অক্ষমতা, বিবেচনায় গ্রহণ করা হয় এবং বাদীর সুখস্বাচ্ছন্দ্যের বিলুপ্তির তিরিষ্ঠ মূল্যনির্ধারণের তিত্তিতে ক্ষতিপূরণ ধার্য করা হয়।
- loss of expectation of life আয়ুহানি, জীবনের প্রত্যাশার হানি বি. শারীরিক আঘাতজনিত ক্ষতিপূরণের মামলায় জীবনের প্রত্যাশার হানির জন্য কোনো ক্ষতিপূরণ আদায় করা যায় না, কিন্তু আঘাতপ্রাপ্ত ব্যক্তি আয়ুহানিজনিত কোনো দুচিন্তা বা মানসিক যন্ত্রণা ভোগ করিলে ক্ষতিপূরণ নির্ধারণ করিবার সময়ে তাহা হিসাবের মধ্যে লওয়া হয়।
- loss of services সেবা হইতে বঞ্চিত হওয়া পূর্বে ইংল্যান্ডে কেহ পিতাকে সন্তানের বা মনিবকে গৃহভূত্যের সেবা হইতে বঞ্চিত করিলে জাঁহার বিরুদ্ধে টর্ট বা পুরণযোগ্য ক্ষতির মামলা করা যাইত। ১৯৮২ সালের বিচার প্রয়োগ আইনদারা উভয় প্রকার মামলা করিবার অধিকার বাতিল করা হইয়াছে। বাংলাদেশে এখনো অনুরূপ মামলা করা যায়।
- loss or damage ক্ষতি অথবা খেসারত জাহাজি বা চালানগ্রহীতার প্রতিকৃত্রে সংঘটিত যে-কোনো ক্ষতি বা খেসারত বুঝায় যাহার সম্পর্কে তিনি আপত্তি উত্থাপন করিয়া জাহাজ কোম্পানির নিকট ক্ষতিপূরণ দাবি করেন। অভিপ্রেত চালানের সম্পূর্ণ অথবা আংশিক মালামাল, যাহাই হউক না কেন, তাহা পৌছাইতে না পারিলে উক্ত পণ্যের মালিকের সকলপ্রকার লোকসান ক্ষতির অন্তর্ভুক্ত।
- lost modern grant লুগু আধুনিক অনুদান ইহা এমন একটি কানুনি কল্পনা, যাহার দারা আদালত অন্যের জমির উপর একটি বর্তস্বত্বের দাবি সমুন্নত রাখিবেন, যদি দাবিদার ওই জমির উপর অধিকারবলে (অর্থাৎ অনুমতিপত্রের বলে নহে) বিশ বৎসর পর্যন্ত নিরবচ্ছিন্ন বর্তস্বত্বভোগ প্রমাণ করিতে পারেন। এইরূপ বর্তস্বত্ব একটি অধুনাবিনট্ট আনুষ্ঠানিক অনুদানের দারা সৃষ্ট হইয়াছে বলিয়া আদালত অনুমান

করিবেন। দাবিটি তবেই কেবল নিক্ষল করা যাইতে পারে, যদি প্রমাণ করা যায় যে, জিমির ব্যবহারকালের মধ্যে কথনোই ওই অনুদান দেওয়া সম্ভবপর ছিল না। যেমন, যদি অধীনস্থ জমিটি প্রাসঙ্গিক কালপর্বে সার্বক্ষণিকভাবে এমন কোনো ব্যক্তির মালিকানাধীন থাকিয়া থাকে, যাহার বর্তস্বত্ত্ব দান করিবার কোনো ক্ষমতা ছিল না। এই মতবাদটি তবেই কেবল যুক্তি হিসাবে উপস্থাপন করা যাইতে পারে, যদি কোনো কারণে প্রথাগত আইনের চিরকাল ভোগের যুক্তি-উপস্থাপন বাধাগ্রস্ত হয়। এতৎসহ grant দ্র.।

lottery n. লটারি বি. আপতিক সুযোগের একটি খেলা, যাহাতে অংশগ্রহণকারীগণ সংখ্যাযুক্ত টিকিট খরিদ করেন এবং সুরতির দ্বারা সেই-সকল টিকিট বাছাইয়ের মাধ্যমে পুরস্কার বিতরণ করা হয়। রাষ্ট্র বা সরকারি অনুমোদন ব্যতীত লটারি খেলা দণ্ডবিধির ২৯৪ক ধারার বিধান-অনুসারে দণ্ডনীয় অপরাধ। এতৎসহ gaming দ্র.।

loudspeaker n. गাউডিম্পিকার বি. আওয়াজ পরিবর্ধিত করিবার যন্ত্রবিশেষ।

low-watermark নিম্ন জলচিহ্ন সাধারণ ভাটায় সমুদ্রতটে পানির কিনারার সর্বনিম্ন চিহ্ন বা রেখা। নদীতে ভাটায় পানি সর্বনিম্ন যে-স্তরে নামিয়া যায়।

lump sum খোক টাকা, এককালীন প্রদন্ত টাকা সাধারণ আভিধানিক অর্থে যে-কোনো পরিমাণ অর্থ যাহা কিস্তিতে না দিয়া একবারে প্রদান করা হয়। কখনো কখনো খোক শব্দটি যোগফলসমূহ শব্দের সহিত বৈপরীত্যক্রমে বৈশিষ্ট্য বুঝাইতে ব্যবহৃত হয়। সমষ্টি শব্দের সাধারণ অভিধানিক অর্থ হইল, যে-কোনো পরিমাণ অর্থ যাহা কিস্তিতে না দিয়া একেবারে একথোক প্রদান করা হয়। কখনো কখনো মবলগ শব্দ যোগফল শব্দের সহিত বৈষম্যমূলক বৈশিষ্ট্য বুঝাইতে ব্যবহৃত হয় যেখানে আলাদা আলাদা প্রতিটি খণ্ড এবং উক্ত প্রতিটি খণ্ডের মূল্যমান ভিন্ন ভিন্নভাবে উল্লেখ করা হয় না।

lump-sum award থোক রোয়েদাদ যে-রূপে একটি আদালত ক্ষতিপূরণ প্রদান করিয়া থাকেন। ক্ষতিপূরণ নিধারণকালে অতীতের ক্ষতি (রায়প্রদানের তারিখ পর্যন্ত) এবং তবিষ্যতে যে-সকল ক্ষতি হইবার সম্ভাবনা আছে, উভয়ই গণ্য করা হয়। সাধারণ নিয়ম হইতেছে এই যে, ক্ষতিপূরণ একবারই ধার্ম করা যায়, যদি না অবৈধ কাঞ্জটি চলমান হয় (যেমন, একটি চলমান অনধিকার প্রবেশ বা একটি চলমান উপদ্রব)। তবে চূড়ান্ত ক্ষতিপূরণ নিধারণসাপেক্ষে অন্তর্বতী অর্থপ্রদানের আদেশ প্রদান করা যাইতে পারে এবং শারীরিক আঘাতের মামলায় যেখানে বাদীর সাংঘাতিক কোনো অসুখ হইতে পারে বা তাঁহার অবস্থার গুরুতর অবনতি ঘটিতে পারে, সেখানে তাঁহাকে সাময়িক ক্ষতিপূরণ প্রদান করা যাইতে পারে। ইহার ফলে ভবিষ্যতে যদি

বাদী অসুস্থ হন বা তাঁহার অবস্থার অবনতি ঘটে, তাহা হইলে অতিরিক্ত ক্ষতিপূরণ পাইবার জন্য তিনি আদালতের দ্বারস্থ হইতে পারিবেন। আদালতের বাহিরে শারীরিক আঘাতের মামলা নিষ্পত্তি করিবার সময়ে একটি বিন্যন্ত নিষ্পত্তির অংশ হিসাবে পর্যায়বৃত্ত অর্থ-পরিশোধের ও থোক অর্থপ্রদানের ব্যবস্থা হইতে পারে। এতংসহ interim payment, provisional damages ও structural settlement দ্র.।

- Iurking house trespass সঙ্গোপনে অনধিকার গৃহপ্রবেশ দণ্ডবিধির ৪৪৩ ধারায় বলা হইয়াছে যে, যে-ব্যক্তি এইরূপ সাবধানতা অবলম্বন করিয়া অনধিকার গৃহপ্রবেশ করেন যে, যে-দালান, তাঁবু বা জাহাজ উক্ত অনধিকারপ্রবেশের বিষয়বন্ধ, সেই দালান, তাঁবু বা জাহাজ হইতে অনধিকারপ্রবেশকারীকে বহিষ্কার বা উচ্ছেদ করিবার অধিকারী ব্যক্তির নিকট অনুরূপ অনধিকার গৃহপ্রবেশ গোপন থাকে, সেই ব্যক্তি সঙ্গোপনে অনধিকার গৃহপ্রবেশ করেন বলিয়া গণ্য হইবেন। দণ্ডবিধির ৪৫৩ ধারা হইতে ৪৬০ ধারায় সঙ্গোপনে অনধিকার গৃহপ্রবেশের শান্তি সম্পর্কে বলা হইয়াছে।
- lust n. লালসা বি. যৌনকামনা, বিশেষত নিজের কামবাসনা চরিতার্থ করিবার উগ্র প্রবণতা।
- luxury n. বিলাসিতা বি. যাহা উপভোগ্য, তবে জীবনধারণের জন্য আবশ্যক নহে।
 নিজের উপভোগ, আমোদ ও বিনোদনের জন্য বিলাসিতার আশ্রয়গ্রহণ করা হয়, কিছু
 ইহা প্রয়োজনাতিরিক্ত, অপরিহার্য নহে। যে-সমন্ত বিষয়ের মধ্যে অসংযম ব
 আত্মপ্রশ্রের উপাদান থাকে, তাহাও বিলাসিতা এবং তাহাও কেবল দ্রব্য বা বস্তুতে
 সীমাবদ্ধ নহে। সেবা ও কার্যাবলির মানের মধ্যেও অসংযম ও আত্মপ্রশ্রুয়ের উপাদান
 থাকিতে পারে।
- lying about যত্রতত্র শয়িত থাকা গবাদি পশু রাজপথে বা প্রধান জনপদে যত্রত্র শয়ন করিতে পারে বা শয়িত থাকিতে পারে, যদি উহাদের সহিত উহাদের রক্ষক বা রাখাল থাকে।
- lying days বোঝাই ও খালাসের দিন জাহাজে এবং জাহাজ হইতে পণ্য বোঝাই ও খালাসের নির্ধাবিত দিন।

Mm

machinery and plant যন্ত্রপাতি ও কলকজা কোনো কারবার পরিচালনা করিবার জন্য ব্যবহৃত যন্ত্র, যন্ত্রাংশ এবং অন্যসকল সরঞ্জাম, তবে ব্যাপারিক সংভার (stock in trade) ইহার অন্তর্ভুক্ত নহে। যন্ত্রপাতি ও যন্ত্রী-বাবদ মূলধন-ব্যয় মূলধনি ছাড় পাওয়ার যোগা।

macro adj. সামষ্টিক বিণ. বৃহৎ, সার্বিক কোনো বিষয়বিশেষের সম্পূর্ণ বা সামগ্রিক বিচার বা নির্ভর। micro ভ.।

magistrate n. ম্যাজিট্রেট বি. ১. কোনো সরকারের সর্বোচ্চ পদস্থ কর্মকর্তা যেমন কোনো দেশের রাজা, প্রজাতন্ত্রে রাষ্ট্রপতি বা রাজ্যের কিংবা অঙ্গরাজ্যে রাজ্যপাল যাহাকে প্রধান ম্যাজিন্ট্রেট বা প্রথম ম্যাজিন্ট্রেট হিসাবেও অভিহিত করা হয়। ২ কোনো স্থানীয় কর্মকর্তা যিনি তাঁহার নিয়োগে সুনির্দিষ্টভাবে উল্লিখিত ক্ষমতা বা সংবিধিদারা অনুমোদিত কর্তৃত্বের অধিকারী। ৩. কোনো বিচারক যিনি প্রায়ই স্থানীয় ন্তরে এবং ফৌজদারি মামলার ক্ষেত্রে সুনির্দিষ্ট সীমিত অধিক্ষেত্র ও কর্তৃত্বের অধিকারী। ৪. জেনারেল ক্লজেজ অ্যাক্টের ৩(৩২) ধারা-অনুসারে, ফৌজদারি কার্যবিধির আওতায় যাঁহারা ম্যাজিস্ট্রেটের কর্তব্য সম্পাদন করেন। ১৮৬১ সালের পুলিশ আইনে বলা হইয়াছে যে, ম্যাজিট্রেট বলিতে জেলার অভ্যন্তরে ম্যাজিট্রেট হিসাবে সকল ক্ষমতা অথবা যে-কোনো ক্ষমতা প্রয়োগকারী সকল ব্যক্তিকে বুঝাইবে। সাক্ষ্য আইনের ২৬ ধারার ব্যাখ্যা-অনুসারে ম্যাজিন্ট্রেট বলিতে ম্যাজিট্রেটের কার্যসম্পাদনকারী গ্রামপ্রধানকে বুঝাইবে না, তবে গ্রামপ্রধান যদি ১৮৯৮ সালের ফৌজদারি কার্যবিধি-অনুসারে ম্যাজিক্টেটের কার্যাদি সম্পাদন করেন, তবে তাঁহাকে বুঝাইবে। ফৌজদারি কার্যবিধির ১০, ১২, ১৩ ও ১৪ ধারায় ম্যাজিস্ট্রেট নিয়োগ সম্পর্কে বলা হইয়াছে। ১০ ধারার ১ উপধারা-অনুসারে, মেট্রোপলিটান এলাকার বাহিরে প্রত্যেক জেলায় সরকার একজন প্রথম শ্রেণীর ম্যাজিট্রেট নিয়োগ করিবেন এবং তিনি জেলা ম্যাজিস্ট্রেট নামে অভিহিত হইবেন। ১০ ধারার ২ উপধারায় বলা হইয়াছে যে, কোনো প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটকে সরকার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট বা যুগা জেলা ম্যাজিস্ট্রেট নিয়োগ করিতে পারেন এবং এইরূপ অতিরিক্ত জেলা ম্যাজিস্টেট বা যগা জেলা ম্যাজিস্টেট সরকারের নির্দেশ-অনুসারে এই বিধি ও বর্তমানে বলবৎ অপর কোনো আইন-অনুযায়ী জেলা ম্যাজিস্ট্রেটের কোনো অথবা সকল ক্ষমতা লাভ করিবেন। ১২ ধারায় বলা হইয়াছে যে, (১) মেট্রোপলিটান এলাকা বাতীত কোনো জেলায় জেলা ম্যাজিন্ট্রেট ছাডা যে-সংখ্যক ব্যক্তিকে সরকার প্রয়োজন মনে করেন সেই সংখ্যক প্রথম, দিতীয় ও তৃতীয় শ্রেণীর ম্যাজিস্ট্রেট নিয়োগ করিতে পারেন এবং এই বিধি-অনুসারে তাঁহাদিগকে যে-ক্ষমতা দেওয়া ইইবে সরকার অথবা সরকারের নিয়ন্ত্রণসাপেক্ষে জেলা ম্যাজিস্ট্রেট সময়ে সময়ে তাহা প্রয়োগের স্থানীয় এলাকা নির্ধারণ করিবেন। ১৩(ক) ধারার ২ উপধারায় বলা হইয়াছে যে, উপজেলা ম্যাজিস্ট্রেট এই কার্যবিধি-অনুযায়ী মহকুমা ম্যাজিস্ট্রেটকে প্রদত্ত ক্ষমতা প্রাপ্ত ইইবেন। ১৪ ধারায় বলা হইয়াছে যে, সরকার বিশেষ কোনো মামলা বা একাধিক বিশেষ শ্রেণীর মামলা পরিচালনার জন্য স্পোলা ম্যাজিস্ট্রেট নিয়োগ করিতে পারেন। কোন শ্রেণীর ম্যাজিস্ট্রেটের কী ধরনের ক্ষমতা থাকিবে তাহা ফৌজদারি কার্যবিধিতে বর্ণিত হইয়াছে। সাধারণত কোনো জেলায় নিযুক্ত সকল ম্যাজিস্ট্রেট জেলা ম্যাজিস্ট্রেটের অধীন হিসাবে কাজ করেন। মেট্রোপলিটান এলাকায় একজন চিফ মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট থাকেন এবং মেট্রোপলিটান এলাকার অন্যান্য ম্যাজিস্ট্রেট তাঁহার অধীন।

- Magna Carta মহাসনদ, মাণ্না কার্তা, ম্যাণনা কার্টা ব্যারন বা ভূম্যধিকারীদের সশস্ত্র বিদ্রোহের পর ১২১৫ সালে রানিমিডে রাজা জন কর্তৃক অঙ্গীকৃত মহাসনদ। এই সনদের দ্বারা গির্জার স্বাধীনতা দেওয়া হয়, কর ও জরিমানার উপর সীমারোপণ করা হয় এবং সকলের জন্য ন্যায়বিচারের প্রতিশ্রুতি প্রদান করা হয়।
- mailbox rule ভাকবাক্স-বিধি ১. যথাযথভাবে ডাকযোগে প্রেরিত হইলে একটি প্রস্তাবগ্রহণ কার্যকর হয় এবং প্রস্তাবকের উপর তাহা বাধ্যকর হয়। যদি প্রস্তাবে শূর্ত থাকে যে, গৃহীত না হওয়া পর্যন্ত প্রস্তাব কার্যকর হইবে না, তাহা হইলে অবশ্য এই বিধি প্রযোজ্য হয় না। ২. কোনো আরজি-জবাব বা অন্য দলিল দাখিল করা হইলে কিংবা ডাকযোগে প্রেরণ করা হইলে ডাকযোগে প্রেরণ করিবার তারিখে উহা দাখিল বা জারির ব্যাপার সংঘটিত হইয়াছে বলিয়া গণ্য হয়। ভিন্ন ভিন্ন বিচারব্যবস্থায় বা এখতিয়ারে ডাকবাক্স-বিধি ভিন্ন ভিন্ন হয়।
- mail order ভাক্যোগে ক্রয় আদেশ কেনাবেচার যে-ব্যবস্থায় ক্রেতা পণ্যতালিকা ইইতে পণ্য বাছাই করিয়া ভাকযোগে পাঠাইয়া দিবার নির্দেশ দেন এবং ভাকযোগে সেই পণ্য লাভ করেন।
- mail transfer ডাকযোগে অর্থপ্রদানের নির্দেশ যখন তৃতীয় কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তিকে নির্দিষ্ট পরিমাণ অর্থপ্রদানের জন্য এক ব্যাংক অন্য ব্যাংককে ডাকযোগে নির্দেশ প্রেরণ করিয়া থাকে।
- maim vb. পঙ্গু করা ক্রি. কোনো স্থায়ী ক্ষত সৃষ্টি করা। খঞ্জ করিয়া দেওয়া; অসহানি করা; বিকলান্দ করা। স্থায়ী ক্ষতি করা হইল ইচ্ছাকৃতভাবে বা বিদ্বেষপূর্ণভাবে কোনো ব্যক্তির হাত, বাহু, হাতের বা পায়ের আঙ্গুল, পায়ের পাতা, পা, নাক অথবা কান কাটিয়া ফেলিয়া বা কোনো চক্ষু নষ্ট করিয়া বা অন্য কোনোভাবে উক্ত ব্যক্তিকে তাঁহার

98% maintenance

শরীরের অন্য যে-কোনো অঙ্গ বা প্রত্যাদের সুবিধা হইতে স্থায়ীভাবে বঞ্চিত করা। কোনো ব্যক্তিকে ইচ্ছাকৃতভাবে পঙ্গু করিয়া দেওয়া দর্ভবিধির ৩২৬ ধারা-অনুসারে দওনীয় অপরাধ।

main purpose rule মূল উদ্দেশ্য-বিধি repugnancy দ্ৰ.।

main residence মুখ্য নিবাস একটি প্রজাস্বত্বের বিমুক্তির প্রয়োজনার্থে, যে-বাড়িতে ভাড়াটিয়া অন্তত গভ ভিন বৎসর কিংবা বিগত সাত বৎসরে মোট তিন বৎসর বাস করিয়াছেন। বাড়িটি প্রকৃতপক্ষে ভাঁহার মুখ্য নিবাস ছিল কি না, তাহাও প্রতিটি ক্ষেত্রে বিবেচনা করা হয়। মূলধন লাভ-করের ক্ষেত্রে, মালিক-অধ্যুষিত বাড়ি বিলিব্যবস্থার মাধ্যমে অর্জিত মুনাফার উপর কর-রেয়াতের বিধান আছে। কোনো ব্যক্তির একাধিক নিবাস থাকিলে, তিনি কোনটির জন্য কর-রেয়াত পাইতে ইচ্ছুক, তাহা নির্দেশ করিতে পারেন।

maintenance n. ভরণপোষণ, খোরপোশ বি. খাদ্য, বস্ত্র এবং নিত্যপ্রয়োজনীয় অন্যান্য সামগ্রীর জোগান। একজন স্বামী বা স্ত্রী তাঁহার স্ত্রী বা স্বামীর ভরণপোষণের জন্য দায়ী। প্রথানুগ আইন-অনুসারে পিতামাতা তাঁহাদের নাবালক সন্তানদের এবং সাবালক সম্ভান তাঁহার পিতামাতার ভরণপোষণ করিতে বাধ্য। মুসলিম আইনে ভরণপোষণের অর্থ হইতেছে খাদ্য, বস্ত্র ও আশ্রয়। মুসলিম আইন-অনুসারে, যতদিন পুত্র সাবালক না হয় এবং কন্যা বিবাহিত না হয় ততদিন পর্যন্ত পিতা তাহাদের ভরণপোষণ করিতে বাধ্য। পিতা দরিদ্র ও অসমর্থ হইলে মাতা ভরণপোষণ করিবেন এবং মাতা অসমর্থ হই*লে* পিতামহের উপর এই দায়িত্ব বর্তায়। যাঁহার সামর্থ্য আর্ছে তিনি দরিদ পিতা-মাতা পিতামহ-পিতামহী ও মাতামহ-মাতামহীর ভরণপোষণ করিতে বাধ্য। মুসলিম আইন-অনুসারে স্বামী ন্ত্রীকে ভরণপোষণ দিতে বাধ্য। স্বামী যদি দিতীয় বিবাহ করেন অথবা তলবি দেনমোহর প্রদানে অস্বীকৃতি জানান, তবে স্ত্রী অন্যত্র বসবাস করিয়াও ভরণপোষণ পাওয়ার অধিকারী হইবেন । বিবাহবিচ্ছেদের পর ন্ত্রী ইদতকালীন ভরণপোষণ পাওয়ার অধিকারী। হিন্দু আইনে সম্পত্তি না থাকিলেও নাবালক পত্র, অবিবাহিত কন্যা এবং পিতামাতার ভরণপোষণ করিতে একজন হিন্দু বাধ্য: পরিবারের কর্তা সকল পুরুষ, তাঁহাদের ন্ত্রী ও সন্তানদের ভরণপোষণে বাধ্য; একজন মৃত ব্যক্তি যাঁহাদের ভরণপোষণে বাধ্য ছিলেন, তাঁহার উত্তরাধিকারী মৃত ব্যক্তির সম্পত্তি হইতে তাঁহাদের ভরণপোষণে বাধ্য; অক্ষম বা অযোগ্য সন্তানের ভরণপোষণে পিতা বাধ্য, পিতার অবর্তমানে উত্তরাধিকারী বাধ্য; সম্পত্তি ন্য থাকিলেও স্বামী তাঁহার স্ত্রীকে আজীবন ভরণপোষণে বাধ্য, তবে স্ত্রী অসতী হইলে অথবা ব্যভিচারের উদ্দেশ্যে অন্যত্র গমন করিলে ভরণপোষণ পাইবেন না: অবৈধ প্রত্রের ভরণপোষণ করিতে পিতা বাধ্য। হিন্দু আইনে কোনো নারী নিম্নলিখিত কারণে স্বামী হইতে আলাদা থাকিয়াও ভরণপোষণ পাইবেন: স্বামী দুরারোগ্য কৃষ্ঠ, সিফিলিস ইত্যাদি সংক্রামক ব্যধিতে আক্রান্ত হইলে; জীবনাশদ্ধার ভর থাকে, স্বামী এইরপ নিষ্ঠুর আচরণ করিলে; স্বামী গৃহে উপপত্নী রাখিয়া বসবাস করিলে; দ্রীর বর্তমানে স্বামী পুনরায় বিবাহ করিলে; অথবা প্রীর অনুমতি ব্যতীত স্বামী তাঁহাকে পরিত্যাগ করিলে। ফৌজদারি কার্যবিধির ৪৮৮ ধারা-অনুসারে, যে-কোনো ব্যক্তি যদি তাঁহার প্রীকে, অথবা তাঁহার বৈধ বা অবৈধ সন্তান যে নিজের ভরণপোষণে অক্ষম, তাহাকে ভরণপোষণ করিতে অবহেলা বা অস্বীকার করেন, তাহা হইলে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট এইরূপ অবহেলা বা অস্বীকৃতি প্রমাণিত হইবার পর যেরূপ উপযুক্ত মনে করেন সেরূপ মাসিক সর্বমোট অনধিক চারশত টাকা উক্ত স্ত্রী বা উক্ত সন্তানকে ভাতা দেওয়ার এবং তিনি বিভিন্ন সময়ে যে-ব্যক্তিকে নির্দিষ্ট করিয়া দেন সেই ব্যক্তির নিকট উহা প্রদানের জন্য উক্ত ব্যক্তিকে আদেশ দিতে পারিবেন। ১৯৮৫ সালের পারিবারিক আদালত অধ্যাদেশ-অনুসারে ভরণপোষণ-সংক্রান্ত মোকদ্দমা পারিবারিক আদালতে বিচারযোগ্য করা হইয়াছে। এতৎসহ failure to maintain দ্র.।

maintenance and champerty পোষকতা এবং অংশগ্রাহিতা আইনানুগ ব্যবস্থাথহণে যে-তৃতীয় পক্ষের কোনো স্বার্থ নাই, তৎকর্তৃক মোকদ্দমার সংবর্ধন বা সমর্থন
(পোষকতা) এবং প্রাপ্ত অর্থের হিসসালাভের বিনিময়ে একটি তৃতীয় পক্ষকর্তৃক
মোকদ্দমা সমর্থন (অংশগ্রাহিতা-পোষকতার একটি গুরুতর রূপ)। ইংল্যান্ডে ১৯৬৭
সালের আইনদ্বারা এইরূপ অপরাধ টট হিসাবে রহিত করা হইলেও তাহা জননীতির
পরিপন্থী এবং সেহেতৃ বেআইনি বলিয়া বিবেচিত হইতে পারে। ইংল্যান্ডে কোনো
আইনজীবী যদি তাঁহার মক্ষেলের সহিত এইরূপ চুক্তি করেন যে, মামলায় জয়লাভ
করিলে তিনি মক্ষেলের প্রাপ্ত ক্ষতিপূরণের অংশবিশেষ ফি হিসাবে প্রাপ্ত হইবেন, তাহা
হইলে ওই চুক্তি অংশগ্রাহিতা হিসাবে গণ্য হয়়, কিন্তু ১৯৯০ সালের আদালত ও
আইনি সেবা আইন-অনুসারে মামলায় জয়লাভ না করিলে কোনো ফি পাইবেন না,
এই মর্মে চুক্তি অবৈধ নহে।

maintenance pending suit মামলা চলাকালীন ভরণপোষণ তালাক, বিবাহ রদকরণ বা বিচারানুগ পৃথগ্বাসের জন্য আবেদনের শুনানি চলাকালে অস্থায়ীভাবে নির্দিষ্ট সময়-অন্তর অর্থপ্রদানের জন্য আদালতের আদেশবিশেষ।

majority n. সাবালকত্ব বি. সাবালকত্ব আইনের ৩ ধারা-অনুসারে, আঠারো বৎসর বয়স পূর্ণ হইলে নাবালকত্বের অবসান ঘটে। কিন্তু ব্যক্তি বা সম্পত্তির ক্ষেত্রে অথবা নাবালকের বয়স আঠারো বৎসর পূর্ণ হইবার পূর্বে কোনো অভিভাবক নিযুক্ত হইয়া থাকিলে, কিংবা নিযুক্ত হইবে এমন অবস্থায়, অথবা নাবালকের সম্পত্তি কোর্ট অফ ওয়ার্ডের তত্ত্বাবধানে থাকিলে, শেষোক্ত ক্ষেত্রে নাবালকের বয়স একুশ বৎসর পূর্ণ না হওয়া পর্যন্ত, নাবালকত্ব চলিতে থাকিবে। মুসলিম আইন-অনুসারে কোনো পুরুষ বা মহিলার নাবালকত্ব বয়ঃসদ্ধিতে পদাপর্ণের পর শেষ হয়। হানাফি ও শিয়া মতে

৬৫১ mala fide

পনের বৎসর বয়স পূর্ণ ইইলে বয়ঃসদ্ধি অনুমান করা হয়। কিন্তু সাবালকত্ব আইন এবং বাল্যবিবাহ-নিরোধ আইনের এই অনুমান অকার্যকর হইয়া পড়িয়াছে। minority তু.।

maker n. নির্মাতা বি. সম্পাদনকারী। হস্তান্তরযোগ্য দলিল আইনের ১৫ ধারা-অনুসারে, যিনি হস্তান্তরযোগ্য দলিলের পৃষ্ঠাঙ্কন করেন তাঁহাকে পৃষ্ঠাঙ্কন সম্পাদনকারী বা পৃষ্ঠাঙ্কনকারী বলা হয়।

making false document মিখ্যা দলিল প্রণয়ন দণ্ডবিধির ৪৬৪ ধারায় বলা ইইয়াছে যে, নিম্নোক্ত তিনটি ক্ষেত্রে কোনো ব্যক্তি মিথ্যা দলিল প্রণয়ন করিয়াছেন বলিয়া বিবেচিত হন : প্রথমত, যদি কোনো ব্যক্তি, যে-ব্যক্তি কর্তৃক বা যাঁহার প্রদন্ত ক্ষমতাবলে কোনো দলিল বা উহার অংশবিশেষ প্রণীত, স্বাক্ষরিত, সিলমোহরযুক্ত বা সম্পাদিত হয় নাই বলিয়া অথবা যে-সময়ে উক্ত দলিল বা উহার অংশবিশেষ প্রণীত. স্বাক্ষরিত, সিলমোহরযুক্ত বা সম্পাদিত হয় নাই বলিয়া তিনি জানেন, সেই দলিলটি বা উহার অংশবিশেষ সেই ব্যক্তি কর্তৃক বা তৎপ্রদত্ত ক্ষমতাবলে বা সেইসময়ে প্রণীত স্বাক্ষরিত, সিলমোহরযুক্ত বা সম্পাদিত হইয়াছে বলিয়া বিশ্বাস জন্মাইবার জন্য অসাধুভাবে বা প্রতারণামূলকভাবে অনুরূপ দলিল বা উহার অংশবিশেষ প্রণয়ন, স্বাক্ষর, সিলমোহরযুক্ত বা সম্পাদন করেন, কিংবা দলিলটি সম্পাদিত হইয়াছে বলিয়া বুঝাইবার জন্য কোনো চিহ্ন বা প্রতীক স্থাপন করেন; দ্বিতীয়ত, যদি কোনো ব্যক্তি তৎকর্তৃক বা অন্য কোনো ব্যক্তিকর্তৃক কোনো দলিল প্রণীত বা সম্পাদিত হইবার পর কোনো দলিলে কোনো গুরুত্বপূর্ণ অংশ কোনোরূপ আইনসম্বত উপায় ব্যতীত অসাধুভাবে বা প্রতারণামূলকভাবে বাতিলকরণের মাধ্যমে বা অন্য কোনো উপায়ে পরিবর্তন করেন, দলিলটি যদি অপরাধী কর্তৃক প্রণীত বা সম্পাদিত না হইয়া অন্য কোনো ব্যক্তি কর্তৃক সম্পাদিত হইয়া থাকে, তাহা হইলে অনুরূপ পরিবর্তনের সময়ে সেই অন্য ব্যক্তি জীবিত বা মৃত হউন না কেন, তাহাতে অপরাধের কোনো তারতম্য হইবে না; তৃতীয়ত, যদি কোনো ব্যক্তি অসাধুভাবে বা প্রতারণামূলকভাবে এমন कात्ना व्यक्तिक मिया कात्ना मिलन श्राक्षतिक, निनयाश्त्रयुक, निल्पामिक वा পরিবর্তিত করান, যে-ব্যক্তির মানসিক অসুস্থতাহেতু বা নেশাগ্রস্ততাহেতু কিংবা তাঁহাকে যেভাবে প্রতারণা করা হইয়াছে তাহার ফলে দলিলটির বিষয়বস্তু বা পরিবর্তনের প্রকৃতি সম্পর্কে অবহিত নন বলিয়া তিনি জানেন। দণ্ডবিধির ৪৭৫, ৪৭৬ ও ৪৭৭ ধারায় জাল দলিল করিবার শাস্তি সম্পর্কে বলা **হই**য়াছে।

maladminstration n. অপশাসন বি. দুঃশাসন; অদক্ষ বা ক্রটিপূর্ণ পরিচালনব্যবস্থা।

mala fide n. অসদুদেশ্য বি. বিশ্বাস বা উদ্দেশ্যের অসততা। যদি অপর কোনো ব্যক্তির বৈরিতা প্রকাশের বা শক্রতা মিটাইবার উদ্দেশ্যে কাহারো ভূমি ছিনাইয়া লওয়া হয়, সাধারণত প্রতারণামূলক কিছু করা হয়, ইচ্ছাকৃতভাবে অন্যকে বিভ্রান্ত করা হয়, mala in se ७७३

তাহা হইলে উক্ত ভূমির অধিগ্রহণ অসদুদ্দেশ্যপ্রণোদিত। কোনো স্থাবর সম্পত্তির অসদুদ্দেশ্যপ্রণোদিত দখলদার হইলেন সেই ব্যক্তি যিনি উক্ত সম্পত্তির উৎকৃষ্ট স্বত্যাধিকারী কোনো তৃতীয় ব্যক্তির আপত্তি আছে জানিয়াও উহা দখল করেন। অগ্রাধিকার সম্পর্কে জ্ঞাত করিবার পরে কোনো সম্পত্তি ক্রয় করা হইলে উক্ত ক্রেতাকে অসদুদ্দেশ্যপ্রণোদিত ক্রেতা বলা হয়। এইরূপ প্রবচন রহিয়াছে যে, 'ব্যাকরণগত ভূল কোনো দলিলকে অকার্যকর করে না, কিন্তু কোনো দলিলপত্র ব্যাখ্যা করিবার কালে যতদুরসম্ভব ব্যাকরণগত ভূল এড়াইয়া যাইতে হইবে।' bona fide তু.।

- mala in se যে-কার্য স্বয়ং মন্দ প্রাকৃতিক আইন অথবা নৈতিকতার পরিপন্থী কার্যাবলিকে স্বয়ং মন্দ বা অন্যায় কাজ বলা হয়। যেমন, ধর্ষণ, হত্যা, চুরি, দস্যুতা। mala prohibitia তু.।
- mala prohibita নিষিদ্ধ কর্ম এমন কাজ যাহা অনৈতিক নহে, কিন্তু আইনদারা নিষিদ্ধ বলিয়াই অপরাধমূলক। এলোমেলোভাবে পথ চলা কিংবা লালবাতিতে গাড়ির গতিরোধ না করা এই পর্যায়ের অসদাচারণ বা আইনলঙ্ঘন। mala in se তু.।
- male issue পুরুষসন্তান বি. পুরুষসন্তানদের মধ্য দিয়া সাক্ষাৎ বংশধরগণ। যেমন, পুত্র ও পৌত্র (কিন্তু দৌহিত্র নয়)।
- malfeasance n. কুকর্মসাধন বি. বেআইনি কাজ। যেমন, অনধিকারপ্রবেশ। অনুমতি বা যথার্থ কারণ ব্যতীত অন্যের ভূমিতে প্রবেশ করা অন্যায়, যদিও এক্ষেত্রে বাদীর কোনো ক্ষতি হয় নাই কিংবা তাঁহাকে অবহেলা তাঁহার কোনো অপকার করিবার ইচ্ছা বিবাদীর ছিল না। এইরূপ ক্ষেত্রে বাদীর প্রতি কুকর্মসাধন করা হয়। malfeasance ও non-feasance ভূ.।
- malfeasance, misfeasance, non-feasance n. কুকর্মসাধন, অবৈধ পদ্মম বৈধ কর্মসাধন, কর্তব্যে অবহেলা বি. এই উক্তিগুলি সুনির্দিষ্ট পরিসরের ঘটনাসমূহকে অন্তর্ভুক্ত করে। কোনো ব্যক্তি যখন আইনত নিষিদ্ধ কোনো কাজ করেন, তখন 'অবৈধ কাজ' উক্তিটি প্রযোজ্য হইবে। যখন কোনো বৈধ কাজ অনুচিত বা অবৈধ পস্থায় করা হয়, তখন 'অবৈধ পস্থায় বৈধ কর্মসাধন' উক্তিটি প্রযোজ্য হইবে। যখন কোনো ব্যক্তি আইনদ্বারা নির্দেশিত কোনো কাজ করা হইতে বিরত প্রকেন, তখন 'কর্তব্যে অবহেলা' উক্তিটি প্রযোজ্য হইবে।
- malice n. বিদ্বেষ বি. যুক্তিগ্রাহ্য কোনো কারণ ব্যতীত ইচ্ছাকৃতভাবে অন্যায় কাজ করা। বিদ্বেষের মামলা, বিশেষ ক্ষেত্রে অধিকারের হানি, ক্ষতিকর মিথ্যাচার এবং ষড়যন্ত্র— এই চারিটি ক্ষেত্র ছাড়া অন্যসকল প্রণযোগ্য ক্ষতির ক্ষেত্রে যথার্থ বিদ্বেষ অপ্রাসঙ্গিক হিসাবে বিবেচিত হয়। যখন কোনো ব্যক্তির কোনো কাজ করিবার অধিকার থাকে এবং তাহা কার্যকর হয়, তখন সেই কাজকে বিদ্বেষের উদ্দেশ্যে প্রয়োগ করা হইয়াছে বলিয়া অপর কেহ অভিযোগ করিতে পারেন না।

malice in fact প্রকৃত বিষেধ সচেতনভাবে আঘাত করিবার ইচ্ছা— যাহা বাহ্য পরিস্থিতি হইতে স্পষ্টত প্রতীয়মান।

malice in law আইনগত বিষেষ কাহারো আচরণ হইতে যে-বিদেষ অনুমিত হয়। ইহা পরোক্ষ বিষেষ বলিয়াও অভিহিত।

malicious accusation বিদেষপূর্ণ অভিযোগ কাহারো বিরুদ্ধে অসংগত উদ্দেশ্যে এবং সম্ভাব্য কারণ-বাতিরেকে কোনো অভিযোগ-উত্থাপন।

malicious arrest বিদেষপ্রসৃত গ্রেপ্তার arrest দ্র.।

malicious prosecution বিদেষখূলকভাবে অভিযুক্তকরণ সাধারণত কোনো ব্যক্তি
মিথাা উক্তিতে বিদেষবশত ফৌজদারি মামলা করিয়া হারিয়া গেলে আসামিপক্ষ
ক্ষতিপূরণের দাবিতে এবং মিথ্যা মামলা করিয়া ক্ষতিগ্রস্ত করিবার কারণে
মামলাকারীর বিরুদ্ধে দেওয়ানি আদালতে মামলা দায়ের করিতে পারেন। এই ধরনের
মামলায় দাবিকৃত টাকার উপর আদালতে অ্যাড ভ্যালোরেম কোর্ট ফি প্রদান করিতে
হয়। তনানির পর ফৌজদারি মামলা মিথ্যা ছিল প্রমাণিত হইলে আদালত ডিক্রি
প্রদান করেন।

Malik ibn Anas মালিক ইবনে আনাস (৭১৩-৭৯৫ খ্রি.) মদিনায় জন্যগ্রহণ করেন।
তিনি ইসলামি আইন ও হাদিসতত্ত্বের বিশেষজ্ঞ। তিনি একটি মজহাবের প্রতিষ্ঠাতা।
তাঁহার জীবনকালে তাঁহার মজহাব খুবই প্রভাবশালী ছিল। ইমাম আবু হানিফার
মতবাদের সহিত তাঁহার মতবাদের কোনো মৌলিক পার্থক্য ছিল না। ব্যক্তিগত
অভিমতকে তিনি সাধারণভাবে প্রাধান্য না দিয়া হাদিসকে প্রাধান্য দেন। যখন
একবারেই কোনো হাদিস পাওয়া যায় নাই তখনই তিনি ব্যক্তিগত অভিমতের আশ্রয়
নেন। জনকল্যাণের জন্য আবু হানিফা যেমন ইস্তিহ্সানের প্রবর্তন করেন, তেমনি
মালিক মুসলাহাত নীতির প্রবর্তন করেন।

maipractice n. অপকর্ম বি. পেশাজীবী ব্যক্তির অবহেলা ও অযোগ্যভাজনিত অপকর্ম। যেমন, একজন সাধারণ ও যুক্তিসংগত আইনজীবীর নিকট সদৃশ বিষয়ে যে-দক্ষতা, প্রজ্ঞা ও প্রয়াস প্রত্যাশা করা হয়, তাহার ব্যত্যয় ঘটিলে তাহা আইনজীবীর অপকর্ম বিলিয়া বিবেচিত হইবে। একজন চিকিৎসকের নিকট হইতে সদৃশ পরিস্থিতিতে যে-যত্ম ও দক্ষতা প্রত্যাশা করা হয়, তাহার ব্যত্যয় ঘটিলে তাহা চিকিৎসকের অপকর্ম বলিয়া বিবেচিত হইবে। পেশাগত ভূমিকায় আইন-অননুমোদিত বা নিষিদ্ধ পদ্ধতির আশ্রয়গ্রহণ কিংবা অনুচিত বা অনৈতিক ব্যবহার ইহার অন্তর্ভুক্ত। professional misconduct দ্র.।

management n. ১. ব্যবস্থাপনা বি. শাসন, নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান, কায়িক বা হস্তপ্রয়োগপূর্বক পরিচালন বা পথনির্দেশন। ২. পরিচালনপর্যৎ বি. কোনো প্রতিষ্ঠানের পরিচালকমণ্ডলী। management order ব্যবস্থাপনা-আদেশ একজন ব্যবস্থাপক নিয়োগের জন্য আদালতের আদেশ। অব্যবস্থা হইয়াছে বলিয়া আদালত নিঃসন্দেহ হইলে কোনো কোনো ফ্ল্যাটের ভাড়াটিয়া এইরূপ আদেশ প্রার্থনা করিয়া আবেদন করিতে পারেন।

manager n. ব্যবস্থাপক বি. ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২ ধারা-অনুসারে,
ব্যবস্থাপক বলিতে পরিচালক পরিষদের তত্ত্বাবধান, নিয়ন্ত্রণ ও নির্দেশ মোতাবেক,
কোম্পানির সকল বা সকল প্রধান বিষয় এবং কার্যাবলির ব্যবস্থাপনার দায়িত্বে
নিয়োজিত কোনো একক ব্যক্তিকে বুঝাইবে এবং ব্যবস্থাপকের পদে আসীন থাকিলে,
কোম্পানির কোনো পরিচালক বা অন্য কোনো ব্যক্তি, তাঁহাকে যে-নামে অভিহিত করা
হউক এবং তাঁহার চাকুরি চুক্তিভিত্তিক হউক বা না-হউক, এই সংজ্ঞার অন্তর্ভূক
হইবেন।

manager agent ব্যবস্থাপক-প্রতিনিধি কোম্পানি আইনের ২ ধারা-অনুসারে, এমন ব্যক্তি, ফার্ম বা কোম্পানি, যে-নামেই অভিহিত হউক না কেন, যিনি কোম্পানির সহিত সম্পাদিত চুক্তিবলে কোম্পানির পরিচালকগণের নিয়ন্ত্রণাধীনে উক্ত কোম্পানির সকল বিষয়, বা চুক্তিতে কোনো নির্দিষ্ট বিষয় বাদ দেওয়া হইলে উহা ব্যতীত অন্যসকল বিষয়, এবং কার্যাবলি ব্যবস্থাপনার অধিকারপ্রাপ্ত।

managing director ব্যবস্থাপনা-পরিচালক কোম্পানি আইনের ২ ধারা-অনুসারে এমন একজন পরিচালককে বুঝাইবে যাঁহার উপর্ কোম্পানির সহিত কোনো চুক্তিবলে অথবা কোম্পানির সাধারণ কিংবা পরিচালক-সভায় গৃহীত কোনো সিদ্ধান্তবলে অথবা সংঘশ্মারক বা সংঘবিধির বিধানবলে, কোম্পানির ব্যবস্থাপনার মূল ক্ষমতা অর্পিত হইয়াছে, যে-ক্ষমতা তিনি অন্যথায় প্রয়োগ করিতে পারিতেন না, এবং ব্যবস্থাপনা-পরিচালকপদে আসীন কোনো একক ব্যক্তি, ফার্ম বা কোম্পানিও— তাঁহাকে বা উহাকে যে-নামেই অভিহিত করা হউক— এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবেন। ১৯৯১ সালের ব্যাংক কোম্পানি আইনের ২ ধারা-অনুসারে, ব্যবস্থাপনা পরিচালক অর্থ নতুন ব্যাংকের ক্ষেত্রে ১৯৭২ সালের বাংলাদেশ ব্যাংক (ন্যাশনালাইজেশন) অর্ডারের সংজ্ঞার্থভুক্ত কোনো ম্যানেজিং ডাইরেক্টর। বিশিষ্ট ব্যাংকের ক্ষেত্রে, উক্ত ব্যাংক যে-আইন বা আইনের মর্যাদাবিশিষ্ট দলিলের অধীনে প্রতিষ্ঠিত বা গঠিত হইয়াছে উহাতে প্রদত্ত সংজ্ঞার্থভক্ত কোনো ম্যানেজিং ডাইরেক্টর। অন্য কোনো ব্যাংক কোম্পানির ক্ষেত্রে সেই পরিচালক, যাঁহার উপর উক্ত ব্যাংক কোম্পানির কোনো চুক্তি বা উহার সাধারণ বা পরিচালনা পর্ষদের সভায় গৃহীত প্রস্তাব বা উহার সংঘশারকের বিধান-অনুসারে, উহার ব্যবস্থাপনার দায়িত অর্পণ করা হইয়াছে এবং ব্যবস্থাপনা-পরিচালকের পদে— উক্ত পদের নাম যাহাই হউক না কেন— অধিষ্ঠিত কোনো পরিচালকও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবেন।

managing owner ব্যবস্থাপক-স্বজ্বাধিকারী মালিকগণের পক্ষে জাহাজ এবং জাহাজে বোঝাই মালের সামথিক দায়দায়িত্ব পালনের জন্য নিযুক্ত নিয়োগীকে বলা হয় ব্যবস্থাপক। এই ব্যবস্থাপক যদি আংশিক মালিক হন, তবে তাঁহাকে বলা হয় ব্যবস্থাপক-স্বত্যাধিকারী।

managing trustee ব্যবস্থাপক-অছি যে-অছির উপর ন্যাস-সম্পত্তির ব্যবস্থাপনার দায়িত্র অর্পিত হয়। custodian trustee তু.।

man and woman পুরুষ ও নারী দণ্ডবিধির ১০ ধারা-অনুসারে পুরুষ বলিতে যে-কোনো বয়সের পুরুষমানুষ বুঝাইবে এবং নারী বলিতে যে-কোনো বয়সের স্ত্রীলোক বুঝাইবে।

mandamus n. ম্যান্ডেমাস বি, সংবিধানের ১০২ অনুচ্ছেদের ক্ষমতাবলে হাইকোর্ট বিভাগ যদি মনে করেন যে, আইনের দ্বারা অন্য কোনো সমফলপ্রদ বিধান করা হয় নাই, তবে সংক্ষ্বের ব্যক্তির আবেদনক্রমে সরকারি বা স্থানীয় কর্তৃপক্ষের কর্মচারীকে আইনের দ্বারা তাঁহার করণীয় কার্য করিবার জন্য আদেশ দিতে পারেন। এইরূপ আদেশ ম্যান্ডেমাস বা আদালতের নির্দেশ বলিয়া অভিহিত।

mandate n. হকুম, কর্তৃত্ব বি. ১. কোনো নির্দেশিত কার্য করিবার জন্য নিম্ন আদালতের প্রতি আপিল আদালতের নির্দেশ। ২, কোনো আদালতের আদেশ বলবংকরণের জন্য আদালতের কোনো কর্মকর্তার প্রতি নির্দেশিত কোনো বিচারসম্বনীয় হুকুম। ৩. রাজনীতির ক্ষেত্রে কোনো নির্দিষ্ট রাজনৈতিক মঞ্চের প্রতি নির্বাচকমণ্ডলীর সমর্থনসূচক মতপ্রকাশ। ৪. দেওয়ানি আইনে কোনো নিয়োজক কর্তৃক কোনো নিয়োগী বা প্রতিনিধিকে প্রদত্ত লিখিত নির্দেশ। ৫. দেওয়ানি আইনে কোনো কমিশন বা চক্তি যাহাতে কোনো আজ্ঞাকারী ব্যক্তি কোনো আজ্ঞাধীন ব্যক্তিকে বিনাপারিশমিকে কোনো সেবাপ্রদানের বা কার্যসম্পাদনের জন্য অনুরোধ করেন এবং আজ্ঞাধীন ব্যক্তি উহাতে সন্মত হইলে উক্ত কমিশন বা চুক্তি কার্যকর হয়। এই ধরনের চুক্তির ক্ষেত্রে অনুরুদ্ধ কার্যসম্পাদন ওরু না হওয়া পর্যন্ত কোনো দায় সৃষ্টি হয় না। আজ্ঞাধীন ব্যক্তি উক্ত কার্য সম্পাদন করিবার ক্ষেত্রে যুক্তিসংগত যতু লইতে বা সতর্কতা অবলম্বন করিতে বাধ্য এবং কার্যসম্পাদনের ফলে সাধিত ক্ষতির বিষয়ে আজ্ঞাধীন ব্যক্তির নিরাপত্তাবিধান করিতে আজ্ঞাকারী ব্যক্তি বাধ্য । ৬. আন্তর্জাতিক আইনে অন্য কোনো দেশের নির্দিষ্ট ভূখণ্ডের শাসনভার গ্রহণ করিবার জন্য কোনো নির্দিষ্ট সরকারকে— পূর্বে লিগ অফ নেশনস কর্তৃক এবং পরে জাতিসংঘ কর্তৃক— প্রদত্ত ক্ষমতা বা কর্তৃত্ব।

mandatory injunction আদেশমূলক বা বাধ্যতামূলক নিষেধাজ্ঞা সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৫৫ ধারায় বলা হইয়াছে যে, যখন একটি বাধ্যবাধকতা ভঙ্গ করা রোধ করিবার জন্য এমন একটি কার্য সম্পাদনে করিতে বাধ্য করা আবশ্যক হয় এবং manifest error

আদালত তাহা করিবার যোগ্য হন, তখন আদালত তাঁহার স্ববিবেচনাধীন ক্ষমতাবনে বাধ্যবাধকতাভঙ্গ রোধ করা এবং সেই সঙ্গে প্রয়োজনীয় কার্যসম্পাদনে বাধ্য করিবার জন্য নিষ্কেধাজ্ঞা মনজুর করিতে পারেন। বাধ্যবাধতামূলক নিষেধাজ্ঞা জারির ক্ষমতা আদালতের স্ববিবেচনাধীন ক্ষমতা। আইনের শাসন বলবৎ করিবার জন্য আদালত শুধু নিষেধাজ্ঞাই জারি করিতে পারেন না বরং নিষেধাজ্ঞা জারি করা সম্পত্তি পূর্বে যে-অবস্থায় ফিরাইয়া আনিবার জন্য আদালত যথোপযুক্ত আদেশ দিতে পারেন। এই ক্ষমতাবলে আদালত কোনো নির্মাণকৃত দালান বা স্থায়ী কিছু তাঙ্গিয়া দেওয়ার আদেশ দিতে পারেন। অস্থায়ী নিষেধাজ্ঞা বিচারাধীন থাকা অবস্থায় কোনো পক্ষ আদালতের আদেশ অকার্যকর করিবার মতলবে দেওয়াল নির্মাণ করিলে আদালত বাধ্যতামূলক নিষেধাজ্ঞা জারির মাধ্যমে দেওয়াল ভাঙ্গিয়া দেওয়ার আদেশ দিতে পারেন। এমনকী অস্থায়ী নিষেধাজ্ঞা আদেশ পাওয়ার পূর্বেও বিবাদীপক্ষ উক্ত আদেশের ফলদায়ক কার্যকরতা নষ্ট করিবার জন্য কোনো কিছু নির্মাণ করিলে তাহাও ভাঙ্গিয়া দিতে পারেন। injunction দ্র.।

- manifest error সৃস্পষ্ট ভূল সুস্পষ্ট ভূল বা তর্কাতীত ভূল। এমন ভূল যাহা নিয়ন্ত্রণকারী আইন এবং নথিতে লিপিবদ্ধ বিশ্বাসযোগ্য সাফ্যের সম্পূর্ণ লক্ষনের সমতুল্য। কোনো কোনো বিচারব্যবস্থায় আপিল আদালত নিম্ন আদালতের ঘটনাবিষয়ক কোনো সিদ্ধান্ত রদ করিতে পারেন না, যদি না সমন্ত নথি পুনর্নিরীক্ষণে উক্ত সিদ্ধান্তের কোনো যুক্তিসংগত ভিত্তি নাই বলিয়া প্রকাশ পায়। error দ্র.।
- manifest injustice সুস্পষ্ট অবিচার বিচার আদালতের কোনো ভুল যাহা প্রত্যক্ষ, স্পষ্ট ও দৃষ্টিগ্রাহা। যেমন, আসামির অনিচ্ছাকৃত দোষস্বীকার অথবা এমন অজুহাতসম্মতির ভিত্তিতে দোষস্বীকার যাহা বাদীপক্ষ পরে বাতিল করিয়া দেয়।
- manipulation n. সৃদক্ষ চালনা যন্ত্রাদি চালনা; স্বীয় উদ্দেশ্যসাধনে নিয়োজন; স্বকার্যে নিয়োজন। নিজের পক্ষে সুবিধাজনক করা।
- manner n. প্রকার, কার্যপ্রণালি বি. কোনো কিছু সম্পন্ন বা নিষ্পন্ন করিবার ধরন বা পদ্ধতি, ব্যবস্থাপনার রীতি বা শৈলী।
- manner and form প্রকার ও রূপ এই শব্দগুলির অভিসম্বন্ধ ওধু কোনো কিছু করিবার ধরন বা রীতির সহিত, করণীয় বস্তুর কিংবা করিবার সময়ের সহিত ইহার কোনো সম্বন্ধ নাই।
- mansion or mansion house সামন্তসদন বাসভবন, বসতবাড়ি বা বাসগৃহ। ইংল্যান্ডের ম্যানরের একজন লর্ডের প্রধান বসতবাটি বা নিবাস, যেখানে তিনি অধিকাংশ সময় অতিবাহিত করেন।

ধ্ব manufacturer

manslaughter n. নিমখুন বি. যে-নরহত্যা খুনের শামিল নহে অথচ আইনসমত বা আপতিকও নহে। নিমখুন নানাভাবে সংঘটিত হইতে পাবে। অনিচ্ছাকৃত অথবা নির্দিষ্ট উদ্দেশ্য বা অসুয়া ব্যতিরেকেই সাধিত হত্যাকাও। দণ্ডবিধির ২৯৯ ও ৩০০ ধারায় নিমখুনের শাস্তির বিধান রহিয়াছে। আসামি যদি নরহত্যার অপরাধে অভিযুক্ত হন এবং তাঁহার যদি খুনের জন্য আবশ্যিক অপরাধী মন (mens rea) থাকিয়া থাকে, তাহা হইলে লঘুকর পরিস্থিতিসমূহ (যেমন, ন্যুনীভূত দায়িত্ব, আত্মহত্যার চুক্তি বা উসকানি) অপরাধকে নিমখুনে পর্যবসিত করিতে পারে। ইহা স্বেচ্ছাক্ত নিমখুন (voluntary manslaughter) নামে পরিচিত। খুনের জন্য অপরাধী মন না থাকিলেও উহা অন্য দুইটি পরিস্থিতির যে-কোনো একটিতে সংঘটিত হইতে পারে: (১) আসামি যদি কোনো গুরুতর অবহেলার কার্য করিয়া থাকেন, কিংবা (২) कार्यंि जदर्शनाभूर्व ना रहेतन, जेरा यनि जभताधमूनकजात्व त्वजाहेनि रहेग्रा थात्क, এবং উহার সহিত যদি নিহত ব্যক্তির জন্য কিছুটা বিপদ সম্পুক্ত থাকে। যেমন, একটি সেতু হইতে কিছু ইট একটি রেলগাড়ির যাত্রাপথের উপর ছুড়িয়া দিলে যদি ইহার আঘাতে রেলগাড়ির চালক নিহত হন, তবে ইহা হইবে নিমখুন, এমন কি ওই এলাকায় কোনো রেলগাড়ি আছে বলিয়া হত্যাকারীর কোনো ধারণা না থাকিলেও। এইরপ হত্যাকাণ্ড অনিচ্ছাকৃত নিমখুন (involuntary manslaughter) নামে পরিচিত। দণ্ডবিধির ৩০০ ধারায় খুনের সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে এবং যে-সকল দগ্রার্হ নরহত্যা খুন নহে, তাহাকে নিমখুন বলা হইয়াছে। ৩০৪ ধারায় নিমখুনের শান্তি উল্লিখিত আছে।

manual n. বিধিগ্রন্থ বি. যে-কোনো নির্দিষ্ট বিষয়ে প্রাথমিক তথ্যাবলি ও প্রয়োগনির্দেশাদি-সংবলিত পুন্তক, নিয়ম, পুন্তিকা, নিয়মাবলি, দীপিকা, সারগ্রন্থ বা বিধিবহি।

manual labour কায়িক শ্রম ইহার দারা শুধু চাকুরির আনুষঙ্গিক বিষয়াদিতে হাতের ব্যবহার বুঝায় না, বরং চাকুরির আসল এবং উল্লেখযোগ্য অংশ হিসাবে হাতের ব্যবহার বুঝায়। কোনো ব্যক্তিকে কায়িক শ্রমে নিয়োজিত বলা যায় না, যদি তাঁহার কাজের প্রধান এবং উল্লেখযোগ্য অংশে দৈহিক শ্রমের প্রয়োজন না হয় এবং যদি আনুষঙ্গিক হাতের ব্যবহার অপরিহার্য না হইয়া কেবল সহায়ক হয়।

manual occupation হস্তসাধ্য পেশা যে-পেশায় হাতের দ্বারা কাজ করা হয়। কসাইয়ের কাজ একটি হস্তসাধ্য পেশা হইতে পারে।

manufacturer n. উৎপাদনকারী বি. নৃতন পণ্যসামগ্রী উৎপাদন বা বিভিন্ন অংশ সন্নিবেশ করিবার কার্যে নিয়োজিত ব্যক্তি বা সন্তা। ১৯৬৫ সালের কারখানা আইনের ২(জ) ধারা-অনুসারে, উৎপাদনপ্রক্রিয়া অর্থ এমন প্রক্রিয়া, যাহাতে (১) ব্যবহার, বিক্রয়, পরিবহণ, প্রদর্শন বা বিলিবন্দেজের উদ্দেশ্যে কোনো বস্তু তৈরি, রূপান্তর, মেরামত, অলংকরণ, রং করা এবং ধোয়া, ফিনিশিং, প্যাকিং করা অন্য কোনোভাবে ব্যবস্থিত করা হয়; অথবা (২) তেল, গ্যাস, পানি, নর্দমার নিষ্কাশিত আবর্জনা বা অন্যান্য তরল বা ময়লা পাম্প করা হয়; অথবা (৩) শক্তি বা গ্যাস উৎপাদন, রূপান্তর বা সঞ্চলন করা হয়; অথবা (৪) জাহাজ বা নৌযান নির্মাণ, পুনর্দমাণ, মেরামত, পুনঃপ্রবর্তন শেষ কারিকুরি বা পুরানো জাহাজ বা নৌযান ভাঙচুর করা হয়; অথবা (৫) ব্যবসায়িক কাজে বা মুনাফার উদ্দেশ্যে বা অনুরূপ উদ্দেশ্যে অন্য কোনো ব্যবসায়ের আনুষঙ্গিক হিসেবে ছাপাখানা, লিথোগ্রাফি, ফটোগ্রাফি দ্বারা ছাপার কাজ অথবা বই বাঁধাইয়ের কাজ করা হয়।

manufacturer's liability উৎপাদনকারীর দায় products liability দ্র. :

manuscript n. পাণ্ণুলিপি বি. ২০০০ সালের কপিরাইট আইনের সংশোধিত ২০ ধারা-অনুসারে, হস্তলিখিত, যান্ত্রিক বা ডিজিটাল বা অন্য কোনো পদ্ধতিতে প্রস্তুত কোনো কর্মের আদি দলিল। ইহার পরিকল্পনা, নকশা, ডিজাইন, লেআউট, টোকা এবং সংকেতও উহার অন্তর্ভুক্ত হইবে।

map n. মানচিত্র বি. ভূখণ্ড, দেশ বা পৃথিবীর পরিমাপ-অনুযায়ী নকশা। সমতলপৃষ্ঠে

এমন কিছু অঙ্কন যাহাতে পৃথিবীর উপরিভাগের কোনো অংশ তুলিয়া ধরা হয় এবং
উহার উপরিস্থিত লক্ষ্যবস্তুসমূহের সম্পর্কযুক্ত আপেক্ষিক অবস্থান দেখানো হয়।

পৃথিবীর উপরিভাগের বা ইহার কোনো অংশের প্রাকৃতিক এবং রাজনৈতিক বৈশিষ্ট্য
বা আদল ইত্যাদির অথবা অন্তরীক্ষের সুনির্দিষ্ট মাপ বা প্রক্ষেপণ-অনুসারে কাণজের
সমতলপৃষ্ঠে অন্ধিত বর্ণনা।

mare clausum বদ্ধ সমুদ্র একক কোনো রাষ্ট্রের অধিকারভুক্ত সমুদ্র বা নাব্য জলরাশি যাহা অপরাপর রাষ্ট্রের অধিকারগমা নহে।

mare liberum উন্মুক্ত সমুদ্র সকল রাষ্ট্রের নিকট উন্মুক্ত সমুদ্র বা নাব্য জলরাশি।

mare nostrum আমাদের সমুদ্র একক বা যৌথভাবে একাধিক রাষ্ট্রের অধিকারভুক্ত বা কর্তৃত্বাধীন সমুদ্র বা নাব্য জলরাশি।

Mareva injunction মারেভা নিষেধাজ্ঞা freezing injunction দ্র.।

margin n. ব্যবধান বি. ১. দূরত্ব, সময়, ভোট ইত্যাদি যে-ব্যবধানে বা পার্থক্যে কোনো প্রতিদ্বন্দিতায় কেহ জয়যুক্ত হন। ২. উৎপাদন ও দামের মধ্যে যে-পার্থক্য অথবা যে-বাড়তি প্রাপ্তি হইতে অন্য খরচ মেটানো হয় অথবা যাহা লাভ বলিয়া গণ্য হয়।

marginal adj. প্রান্তীয় বিণ, অতি সামান্য, তুচ্ছ, অকিঞ্চিৎকর। (জমি সম্পর্কে)
বাজারে উৎপন্ন দ্রব্যের দাম যখন যথেষ্ট চড়া তখন ভিন্ন অন্য সময়ে যাহাতে
লাভজনক ফলন হইতে পারে এমন ফলনশীল নহে। নির্বাচনে কোনো পক্ষ যেসামান্য ভোটাধিকো আসন জিতিয়া লয়।

marginal notes হাশিয়ার মন্তব্য সংবিধান বা সংবিধিবদ্ধ আইনের হাশিয়ায় যে-মন্তব্য থাকে। আইনবিশারদগণ এগুলির তেমন কোনো মূল্য প্রদান করেন না। নেহায়েত প্রয়োজনবোধে উহারা কিছু আলোক দিতে পারে।

marine accident নৌ-দুর্ঘটনা ১৯৭৬ সালের অভ্যন্তরীণ নৌ-চলাচল অধ্যাদেশের 88 ধারা-অনুসারে, (১) নৌ-দুর্ঘটনা সংঘটিত হইয়াছে গণ্য হইবে যখন (ক) কোনো অভ্যন্তরীণ নৌযান হারাইয়া যায়, ডুবিয়া যায়, পরিত্যক্ত বা প্রকৃতপক্ষে ধ্বংসপ্রাপ্ত হয়, (খ) এইরূপ কোনো নৌযানের বা পোতোপরি কোনো দুর্ঘটনার কারণে যদি কোনো জীবনহানি অথবা সম্পত্তির বিনাশ হয়, অথবা (গ) এইরূপ কোনো অভ্যন্তরীণ নৌযান অন্য কোনো নৌযানের ক্ষতি বা প্রকৃত লোকসানের অথবা সম্পত্তির বা ওই নৌযানের পোভোপরি কোনো ব্যক্তির ক্ষতিসাধন করে। (২) প্রত্যেক নৌ-দুর্ঘটনার সঙ্গে সঙ্গে, এবং যদি ইহা সম্ভব না হয়, দুর্ঘটনা ঘটার ২৪ ঘণ্টার মধ্যে, উক্ত নৌযানের মান্টার বা উহার দায়িত্তে নিয়োজিত অন্য ব্যক্তি অথবা মান্টারের অনুপস্থিতি বা শারীরিক অক্ষমতার দরুন নৌযানের যে-কোনো ক্রু সদস্য বা দায়িত্প্রাপ্ত ব্যক্তিকর্তৃক নিকটবর্তী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে দুর্ঘটনা সম্পর্কে জানাইতে হইবে। (৩) ২ উপধারা-অনুযায়ী কোনো নৌ-দুর্ঘটনার রিপোর্ট পাইবার পর, অথবা নির্ভরযোগ্য সূত্র মারফত সংবাদ পাইবার পর ওই থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, যথাশীঘ্রসম্ভব, তবে কোনো অবস্থাতেই দুর্ঘটনার ৭২ ঘণ্টার পরে নহে, দুর্ঘটনাসংক্রান্ত ঘটনা এবং পরিস্থিতি লিখিতভাবে সরকারের নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের মহাপরিচালক, যাঁহার এখতিয়ারাধীন এলাকায় দুর্ঘটনা ঘটিয়াছে সেই জেলা ম্যাজিট্রেট এবং মহকুমা (বর্তমানে উপজেলা) ম্যাজিট্রেটকে রিপোর্ট প্রদান করিবেন।

marine court নৌ-আদালত ১৯৭৬ সালের অভ্যন্তরীণ নৌ-চলাচল অধ্যাদেশের ৪৭ ধারা-অনুসারে, (১) একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট এবং তাঁহাকে সহায়তা করিবার জন্য কমপক্ষে দুইজন এবং সর্বাধিক চারজন অ্যাসেসর, যাঁহাদের একজন নৌ-সংক্রান্ত্র বিষয়ে অভিজ্ঞ এবং অন্যেরা অভ্যন্তরীণ নৌ-বিদ্যা ও বাণিজ্যিক বিষয়ে অভিজ্ঞ এইরূপ ব্যক্তিদের, সমন্বয়ে নৌ-আদালত গঠিত হইবে। (২) নৌ-আদালতে প্রত্যেক অ্যাসেসর সন্তোষজনক কারণে কোনো দিন উক্ত আদালতে ম্যাজিস্ট্রেটের অনুমতিতে অনুপস্থিত না থাকিলে প্রত্যেক দিন উক্ত আদালতের কার্যক্রমে উপস্থিত থাকিয়া তাঁহার মতামত লিখিতভাবে আদালতে পেশ করিবেন, যাহা কার্যক্রমে রেকর্ড করা হইবে। উক্ত অধ্যাদেশের ৪৯ ধারা-অনুসারে, নৌ-আদালত ১৮৯৮ সালের ফৌজদারি কার্যবিধি-মোতাবেক প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট আদালতের সকল ক্ষমতার অধিকারী হইবে।

marine insurance নৌ-বিমা বিমার রূপবিশেষ, যাহাতে বিমাকারী একটি সমুদ্রযাত্রাকালে বিমাকৃতের জাহাজ ও পণ্যসম্ভার, পণ্যবহনের মাণ্ডলের হানি অথবা সমুদ্রযাত্রাকালে সংঘটিত কোনো তৃতীয় পক্ষের নিকট কোনো দায়ের জন্য mariner's will

ক্ষতিপূরণ প্রদানের অঙ্গীকার করেন। একটি নৌ-বিমাচুক্তি সমুদ্যাত্রার সহিত সম্পৃত অভ্যন্তরীণ নৌপথে ক্ষয়ক্ষতি বা স্থূলে ঝুঁকি পর্যন্ত সম্প্রসারিত হইতে পারে। নৌ-বিমাপত্রে তালিকাবদ্ধ ঝুঁকিগুলির অন্তর্ভুক্ত সমুদ্রপথের বিপত্তি, অগ্নিকাও, যুদ্ধের বিপত্তি, জলদস্যুতা, জব্দকরণ, সংযমন, নিক্ষিপ্ত দ্রব্যাদি ও প্রলম্ভ। বিমা একটি বিশেষ সমুদ্যাত্রা কিংবা একটি নির্দিষ্ট সময় অথবা উভয়ের জন্য হইতে পারে। time policy দ্র.।

mariner's will নাবিকের ইচ্ছাপত্র privileged will দ্র.।

marital privileges বৈবাহিক বিশেষাধিকার স্বামী-গ্রীর একজন কর্তৃক অন্যজনকে প্রদত্ত তথ্য আদালতে প্রকাশ না করিবার বিশেষ অধিকার। সাধারণভাবে দেওয়ানি ও ফৌজদারি উভয় প্রকার মোকদ্দমায় এই বিশেষাধিকারটি বর্তমানে ইংল্যাভে রহিত করা হইয়াছে। তবে বাংলাদেশে দেওয়ানি মোকদ্দমায়, স্বামী-স্ত্রীর মধ্যে বিরোধ নিম্পত্তির উদ্দেশ্যে তাঁহাদের একজন কর্তৃক প্রদত্ত বিবৃতি প্রকাশ করিবার জন্য অন্যজনকে বাধ্য করা যায় না। কিছু কিছু ব্যতিক্রমসাপেক্ষে, কাহাকেও এমন সাক্ষ্যপ্রমাণ দিতেও বাধ্য করা যায় না, যাহা তাঁহার স্বামী বা স্ত্রীকে অপরাধে জড়িত করিতে পারে। সাক্ষ্য আইনের ১২২ ধারা-অনুসারে, বিবাহ বজায় থাকাকালে কোনো বিবাহিত ব্যক্তির সহিত তাঁহার স্ত্রী বা স্বামীর বার্তার বিষয়়বস্তু প্রকাশ করিতে সেই ব্যক্তিকে বাধ্য করা যাইবে না; বার্তা-প্রদানকারীর বা তাঁহার স্বার্থসংশ্লিষ্ট প্রতিনিধির সম্মতি ব্যতীত বার্তার বিষয়বস্তু প্রকাশ করিবার অনুমতিও তাঁহাকে দেওয়া যাইবে না। তবে বিবাহিত ব্যক্তিদ্বয়ের মধ্যে কোনো দেওয়ানি মামলায় অথবা তাঁহাদের একজনের বিরুদ্ধে কোনো অপরাধ করিবার দায়ে অপরজন ফৌজদারিতে সোপর্দ হইয়া থাকিলে সেক্ষেত্রে বার্তার বিষয় প্রকাশ করিতে দেওয়া যাইবে।

maritime belt সমুদ্র এলাকা সমুদ্রের যে-এলাকা উন্মৃক্ত সাগরের সহিত বৈপরীত্যক্রমে, তীরবর্তী দেশসমূহের নিয়ন্ত্রণাধীন।

maritime lien নৌ-পূর্বদায়, সামুদ্রিক পূর্বস্বত্ব কোনো সামুদ্রিক অভিযানের ব্যাপারে কোনো জাহাজের কাছে প্রাপ্য বলিয়া উদ্ধারকার্যের পারিশ্রমিক, ক্ষতিপূরণ বা মজুরি বাবদ কৃত দাবি। ইহা অন্যের জিনিসের উপর উত্তমর্ণের একটি অধিকার, যে-অধিকারবলে উত্তমর্ণের পাওনা আদায়ের জন্য জিনিসটি বিক্রয় করাইবার ক্ষমতা থাকে। সামুদ্রিক আইনে পূর্বস্বত্ব শব্দটি কঠোর আইনি অর্থে ব্যবহার করা হয় না, কেননা আইনি অর্থে প্রকৃত বা পরোক্ষ দখল ব্যতীত কোনো পূর্বস্বত্ব থাকিতে পারে না।

markdown n. মৃলাহ্রাস বি. দ্রব্য বা পণ্যের বিক্রয়মূল্য হ্রাস।

market n. বাজার বি. ক্রয়বিক্রয়ের জন্য সর্বসাধারণের জন্য উন্যুক্ত একটি স্থান।
ক্রেতা ও বিক্রেতা-সাধারণের মিলনস্থলরূপে পৃথক করিয়া র ফত একটি স্থান,
যেখানে যে-কোনো বিক্রেতা পণ্যাদি প্রদর্শন করিতে পারেন এবং যে-কোনো ক্রেতা
ক্রয় করিতে পারেন। hal-bazar দ্র.।

- marketable security বাজার-উপযোগী জামানত কোনো সম্পর্ট রর এমন জামানত যাহা কোনো দেশের শেয়ার-বাজারে বিক্রয়যোগ্য। যেমন, শেয়ার, স্টক, সিকিউরিটি, ডিবেঞ্চার, ইত্যার্দি।
- market economy বাজার অর্থনীতি যে-অর্থনৈতিক ব্যবস্থায় অবাধ প্রতিযোগিতার মধ্য দিয়া পণ্যাদির উৎপাদন্ ক্রয়-বিক্রয় মৃল্য ইত্যাদি নির্ধারিত হয়।
- market forces বাজারের শক্তি জোগান ও চাহিদার পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়া। সরকারি নিয়ন্ত্রণ, অনুশাসন বা খবরদারি হইতে মুক্ত কোনো অর্থনৈতিক বা বাণিজ্যিক ব্যবস্থার শক্তিবর্গ জোগান ও চাহিদার যে-পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়া পণ্যাদির মূল্য নির্ধারণ বা প্রভাবিত করে।
- market overt উন্মুক্ত বাজার একটি খোলা, প্রকাশ্য ও আইনগতভাবে গঠিত বাজার বা মেলা। যখন উন্মুক্ত বাজারে বাজারের দন্তুর-অনুযায়ী পণ্যাদি বিক্রয় করা হইত, তখন ক্রেতা উহাতে একটি উত্তম স্বত্ব অর্জন করিতেন, যদি তিনি উহা সরল বিশ্বাসে এবং বিক্রেতার স্বত্বে কোনো ক্রটি লক্ষ না করিয়া ক্রয় করিতেন। যাঁহার যাহা নাই, তিনি তাহা দিতে পারেন না (nemo dat quod non habet)—এই মূলসূত্রের ইহা একটি ব্যতিক্রম। তবে ব্রিটেনে ইহা ১৯৯৪ সালের পণ্যবিক্রয় (সংশোধন) আইনের ঘারা ৩ জানুয়ারি ১৯৯৫ সাল হইতে রহিত করা হইয়াছে।
- market testing বাজার যাচাই প্রতিষ্ঠানের অভ্যন্তরস্থ বা বহিঃস্থ কোন সরবরাহকারী ব্যবহারকারীর ব্যয়িত অর্থের আনুপাতিক মূল্য এবং সেবার গুণগত মানের সর্বোচ্চ সমবায় প্রস্তাব করেন, তাহা দেখিবার জন্য কোনো বিশেষ সেবা যাচাইকরণ।
- market value বাজার-মূল্য বাজারে চলমান মূল্য। যে-মূল্যে ক্রেতা এবং বিক্রেতা কোনো সম্পত্তির বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ সম্ভাবনা বিবেচনা করিয়া তাহা লেনদেন করিতে ইচ্ছুক। কোনো কিছুর বাজার-মূল্য হইল ইচ্ছুক ক্রেতা বর্তমান অবস্থা, সুবিধা এবং সম্ভাবনা বিবেচনায় উক্ত জিনিসের জন্য ইচ্ছুক বিক্রেতাকে যে-মূল্য দিতে প্রস্তুত থাকেন। চলমান সময়ে বাজারে যে-মূল্য, উহাই বিবেচ্য, অতীতের কোনো সময়ের মূল্যের ভাবমূলক বিবেচনায় বাজার-মূল্য নির্ণেয় নহে।
- markup n. মূল্যযোজন বি. উৎপাদনব্যয়ের সহিত যে-অঙ্ক যোগ করিয়া কোনো দ্রব্য বা পণ্যের বিক্রয়মূল্য নির্ধারিত হয়।

mark-up vb. মূল্যবৃদ্ধি করা, শোধন করা ক্রি. ১. দ্রব্য বা পণ্যের বিক্রয়মূল্য বৃদ্ধি করা। ২. আইনসংক্রান্ত কোনো বিধি বা বিল সংশোধন করা।

- marriage n. বিবাহ বি. ১. স্বামী ও দ্রীর মধ্যকার সম্পর্ক। ২. যে-সিভিল বা আইনি অথবা ধর্মীয় অনুষ্ঠান স্বামী ও দ্রীর আইনগত মর্যাদা এবং ওই মর্যাদা হইতে উদ্বৃত আইনগত বাধ্যবাধকতাসমূহ সৃষ্টি করে। মুসলিম আইনে সন্তান উৎপাদন ও বৈধকরণের উদ্দেশ্যে একজন পুরুষ ও নারীর মধ্যে সম্পাদিত চুক্তি যাহা কোনো ধর্মীয় সংস্কার নহে। হিন্দু আইনে বিবাহ পুরুষ ও নারীর মধ্যে একটি পবিত্র ধর্মীয় সংস্কার। হিন্দুবিবাহ শান্ত্রীয় হইতে পারে, আবার তাহা বিধিগত অথবা প্রথাগত হইতে পারে। এতৎসহ marriage ceremony দ্র.।
- marriage articles বৈবাহিক চুক্তি একটি বৈবাহিক বন্দোবস্তের শর্ত ব্যাখ্যা করিয়া সন্নিহিত অনুচ্ছেদসমূহ। এতৎসহ marriage settlement দ্র.।
- marriage brokage contract ঘটকালির চুক্তি যে-চুক্তির দ্বারা আর্থিক মুনাফার বিনিময়ে কোনো ব্যক্তি অন্য এক ব্যক্তির বিবাহের ব্যবস্থা করিতে প্রতিশ্রুতিবদ্ধ হন। জননীতির পরিপন্থী বলিয়া এইরূপ চুক্তি আইনত অকার্যকর।
- marriage by certificate প্রত্যয়নপত্রানুমোদিত বিবাহ ইংল্যান্ডে জনা, মৃত্যু ও বিবাহের তত্ত্বাবধায়ক-নিবন্ধক কর্তৃক প্রদন্ত একটি প্রত্যয়নপত্রের দ্বারা অনুমোদিত বিবাহ। ইংল্যান্ডীয় গির্জায় অনুষ্ঠিত বিবাহ ভিন্ন সকল বিবাহ একটি প্রত্যয়নপত্রের দ্বারা অবশ্যই অনুমোদিত হইতে হয়।
- marriage ceremony বিবাহানুষ্ঠান বি. যে-অনুষ্ঠান বৈবাহিক মর্যাদা সৃষ্টি করে।
 মুসলমানদের বিবাহ ও বিবাহোত্তর অনুষ্ঠানকে যথাক্রমে রুসমাত ও ওয়ালিমা বলে।
 হিন্দু বিবাহে মূল বিবাহানুষ্ঠান সপ্তপদী।
- marriage settlement বৈবাহিক বন্দোবন্ত বিবাহে দুই পক্ষের মধ্যে সম্পন্ন একটি বন্দোবন্ত। বিবাহানুষ্ঠানের পূর্বে সম্পন্ন একটি বন্দোবন্ত প্রাণ্টববাহিক বন্দোবন্ত নামে পরিচিত; বিবাহানুষ্ঠানের পরে সম্পন্ন বন্দোবন্তকে বলা হয় বিবাহোত্তর বন্দোবন্ত। বৈবাহিক বন্দোবন্তের উদ্দেশ্য হইতেছে স্বামী-গ্রীর মধ্যে একজনের মূলধনের নিরাপত্তা বিধানপূর্বক অন্যজনের কিংবা সন্তানদের আয়ের ব্যবস্থা করা। তালাক, বিবাহবাতিল বা আইনানুগ পৃথগ্বাসের ডিক্রি দেওয়ার সময়ে স্বামী-গ্রীর মধ্যে একজনের মালিকানাধীন সম্পত্তি অন্যজন ও সন্তানদের হিতার্থে প্রদান করিবার আদেশপ্রদানের কিংবা কোনো বিদ্যমান প্রাগ্-বৈবাহিক বা বিবাহোত্তর বন্দোবন্তের শর্তাবলি পরিবর্তন করিবার ক্ষমতা আদালতের রহিয়াছে।
- married man বিবাহিত পুরুষ যে-পুরুষ আইনসংগতভাবে কোনো নারীকে বিবাহ করিয়াছেন। একজন বিপত্নীক 'বিবাহিত পুরুষ' পরিশব্দটির অন্তর্ভুক্ত হইতে পারেন।

৬৬৩ martial law

married woman বিবাহিতা নারী যে-নারী আইনসংগতভাবে কোনো পুরুষকে বিবাহ করিয়াছেন।

- marshal n. মার্শাল বি, ১. কোনো আইন কার্যকরণের কর্মকর্তা যাঁহার কর্তব্য ও দায়দায়িত্ব শেরিফ অর্থাৎ কোনো শহরের প্রধান নির্বাহী কর্মকর্তার অনুরূপ। ২. বিচারবিভাগীয় কোনো কর্মকর্তা যিনি আদালত-প্রাঙ্গণের নিরাপত্তাবিধান, প্রক্রিয়া-সম্পাদন এবং আদালতের প্রয়োজনীয় অন্যান্য কাজ সম্পাদন করেন। যুক্তরাষ্ট্রের মার্শাল একজন ফেডারেল কর্মকর্তা যিনি ফেডারেল কোর্টের নির্দেশাদি কার্যকর করেন। যুক্তরাষ্ট্রের মার্শালগণ সরকারের নির্বাহী বিভাগের কর্মচারী।
- marshalling n. বিন্যাস বি. সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৬ ধারায় পরবর্তী ক্রেতা কর্তৃক বিন্যাস সম্পর্কে বলা হইয়াছে। এই ধারা-অনুসারে, কোনো ব্যক্তি তাঁহার একাধিক সম্পত্তি অন্যের নিকট বন্ধক রাখিয়া পরে বন্ধকাবস্থায় এই সম্পত্তি তৃতীয় ব্যক্তির নিকট বিক্রয় করিলে বিপরীত চুক্তির অবর্তমানে ক্রেতা বন্ধকগ্রহীতাকে বিক্রেতার যে-সম্পত্তি বিক্রয় হয় নাই এইরূপ সম্পত্তি হইতে বন্ধকের টাকা আদায় করিবার দাবি করিতে পারেন। তবে অবিক্রীত সম্পত্তির মূল্য হইতে বন্ধকের টাকা আদায় না হইলে বন্ধকগ্রহীতা বিক্রীত সম্পত্তির উপরেও দাবি করিতে পারেন। সম্পত্তি-হন্তান্তর আইনের ৮১ ধারায় জামানত বিন্যাস সম্পর্কে বলা হইয়াছে।
- marshalling of assets পরিসম্পৎ একত্রীকরণ একটি ন্যায়সংগত ফলাফল অর্জনের প্রয়াসে যে-প্রক্রিয়ায় বিভিন্ন পাওনাদারদের দাবি একই দেনাদারের বিভিন্ন তহবিলের দিকে পরিচালিত করা হয়। যদি দুইজন পাওনাদার ও দুইটি তহবিল থাকে এবং যদি একজন পাওনাদারের ওধু একটি তহবিলে দাবি থাকে, কিন্তু অন্যজন দুইটি তহবিলের যে-কোনো একটি হইতে দাবি করিতে পারেন, তাহা হইলে একগ্রীকরণের নিয়ম-অনুযায়ী শোষোজজনকে সেই তহবিল হইতে দাবি করিতে হইবে, যাহাতে প্রথমোজজনের কোনো দাবি নাই। ইহার উদ্দেশ্য হইতেছে, যতদূর সম্ভবপর, সকল পাওনাদারের দাবি মিটাইয়া দেওয়া।
- Martens clause মার্টেন্স অনুচ্ছেদ ১৮৯৯ ও ১৯০৭ সালের হেগ কনভেনশনে রুশ প্রতিনিধি ফ্রিডরিখ ফন মার্টেন্স (১৮৪৫-১৯০৯) কর্তৃক অন্তর্ভুক একটি অনুচ্ছেদ, যাহা অতঃপর বহু চুক্তির অন্তর্ভুক হইয়াছে। এই অনুচ্ছেদ-অনুযায়ী, চুক্তির বিধানাবলির দ্বারা কোনো কিছু বেআইনি বলিয়া ঘোষিত না হইলে, উহা আন্তর্জাতিক আইনের অধীন হইবে এবং সেইহেতৃ অবধারিতরূপে অনুজ্ঞাত হইবে না।
- martial law সামরিক আইন বিদেশি আক্রমণ, গৃহযুদ্ধ বা ব্যাপক অভ্যুত্থানের ফলে স্বাভাবিক শাসনব্যবস্থা ভাঙ্গিয়া পড়িলে সামরিক কর্তৃপক্ষকর্তৃক দেশশাসন। সামরিক কর্তৃপক্ষ আইনশৃঙ্খলা পুনঃপ্রতিষ্ঠায় নিয়োজিত থাকাকালে সাধারণ আদালতসমূহ তাহার আচরণ সম্বন্ধে কোনো প্রশ্ন তুলিতে পারেন না।

Martial Law in Bangladesh বাংলাদেশের সামরিক আইন বাংলাদেশের আইন এবং রাজনৈতিক ইতিহাসে সামরিক আইনের ভূমিকা ব্যাপক। সংবিধানের স্থনে সামরিক আইন স্বয়ং সাফল্যজনকভাবে আরোপ করিতে সমর্থ হয় এবং সকল নাগরিক ইহাকে গ্রহণ করে অথবা গ্রহণ করিতে বাধ্য হয়। সামরিক আইনকে বৈধতা প্রদানের জন্য আদালতকে অনন্যোপায় মতবাদের উপর নির্ভর করিতে হয়। ১৯৭৫ সালের ১৫ আগস্ট কর্মরত ও সাবেক সেনা-কর্মকর্তাদের এক অভ্যুত্থানে রট্রপতি বঙ্গবন্ধ শেখ মজিবর রহমান নিহত হইলে তাঁহার মন্ত্রিসভার সদস্য খব্দকার মোশতাক আহমেদ নিজেকে রাষ্ট্রপতি হিসাবে ঘোষণা করিয়া সামরিক আইন জারি করেন এবং সকল রাষ্ট্রীয় ক্ষমত। দখল করেন। পরে ৬ নভেম্বর তিনি প্রধান বিচারপতি আবুসাদাত মোহাম্মদ সায়েমকে রাষ্ট্রপতির দায়িত হস্তান্তর করিতে বাধ্য হন। ৮ নভেম্বর প্রধান বিচারপতি দ্বিতীয় ঘোষণাদ্বারা প্রধান সামরিক শাসনকর্তার দায়িত গ্রহণ করেন। ১৯৭৬ সালের ২৯ নভেম্বর তৃতীয় ঘোষণাদ্বারা তিনি সেনাবাহিনী-প্রধান মেজর জেনারেল জিয়াউর রহমানকে সেই দায়িত্বভার অর্পণ করেন। ১৯৭৫ সালের যে-সামরিক আইন ঘোষিত হয় তাহা উক্ত বৎসরের ১৫ আগস্ট হইতে কার্যকর হয় এবং ১৯৭৫ সালের ৮ নভেম্বরের সামরিক আইনদারা অব্যাহত থাকে। সেই সময়ের মধ্যে সংসদ এবং মন্ত্রিসভা বাতিল ঘোষিত হয় এবং তাহার স্থলে রাজনৈতিক মন্ত্রিসভার অনুরূপ একটি সামরিক শাসন গঠন করা হয়। পরে সেনাবাহিনী-প্রধান সরকারপ্রধান হন, তিনি প্রধান সামরিক আইন প্রশাসক (সি এম এল এ) অভিহিত হন এবং তাঁহার নামে সামরিক-আইন প্রবিধান এবং আদেশ প্রণীত হয়। অন্য বাহিনীর প্রধানদের উপপ্রধান সামরিক আইন প্রশাসক আখ্যা দেয়া হয়। সরকারের মধ্যে বেসামরিক আমলাদের অবস্থান সংরক্ষিত রাখা হয়। স্থানীয় সরকারের মধ্যেও বেসামরিক ব্যক্তিদের অবস্থান বহাল থাকে, তবে উচ্চপদস্ত সামরিক প্রশাসকদেরকে দেশের বিভিন্ন স্থানে নিয়োগ দেওয়া হয়। সামরিক আইনের অধীন আইন-প্রণয়ন-সংক্রান্ত প্রশাসনিক পদ্ধতি ছিল মূলত বেসামরিক আইনের অধীন পদ্ধতির অনুরূপ, তবে নৃতন আইনের প্রস্তাবনায় জারিকারী কর্তৃপক্ষ হিসাবে সি এম এল এ-র নাম থাকিত। এই সময়ে যত নৃতন আইন প্রণীত হইয়াছে তাহার সবই অধ্যাদেশ দ্বারা হইয়াছে। সামরিক শাসনের গুরুতে সামরিক শাসনকে বেসামরিক শাসন পুনঃপ্রচলনের পূর্ব পর্যন্ত একটি সাময়িক পদক্ষেপ হিসেবে ঘোষণা করা হয়। ১৯৭৯ সালের ১৮ ফ্বেক্রয়ারি সংসদের নির্বাচন অনুষ্ঠিত হয়। নৃতন সংসদের অধিবেশন বসিবার পর পর ১৯৭৯ সালের ৬ এপ্রিল সংবিধান (পঞ্চম সংশোধন) আইন পাশ হয়। ১৯৭৯ সালের ৭ এপ্রিল প্রধান সামরিক আইন প্রশাসক কর্তৃক জারিকৃত ফরমান-দ্বারা সামরিক আইন প্রত্যাহার করা হয়। ১৯৭৯ সালের সংবিধান (পঞ্চম সংশোধন) আইনের ২ ধারাদ্বারা চতুর্থ তফসিলে ১৮ অনুচ্ছেদ সংযোজিত হয় যদ্মারা ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সামরিক আইনের অধীনে প্রণীত সকল আইন, গৃহীত সকল ব্যবস্থা এবং প্রযুক্ত সকল ক্ষমতা অনুমোদন করা হয়। চতুর্থ তফসিলকে সংবিধানের ১৫০ অনুচ্ছেদের

সহিত সংযুক্ত করিয়া পাঠ করিতে ইইবে। ১৯৮২ সালের ২৪ মার্চ সেনাবাহিনী দেশের সকল ক্ষমতা দখল করিয়া পুনরায় সামরিক আইন ঘোষণা করে। প্রথম সামরিক আইন ঘোষণা করে। প্রথম সামরিক আইনে সংবিধান বাতিল করা হয় নাই। এইবারে সংবিধান বাতিল করা হয়। পরবর্তীকালে প্রধান সামরিক আইন প্রশাসক কর্তৃক জারিকৃত কয়েকটি সংবিধান (আংশিক পুনরুজ্জীবন) আদেশের মাধ্যমে ক্রমান্বয়ে খণ্ড খণ্ডভাবে সংবিধান পুনরুজ্জীবিত হয় এবং সংবিধান (চূড়ান্ত পুনরুজ্জীবন) আদেশ ১৯৮৬ দারা সংবিধান পুরোপুরিভাবে পুনরুজ্জীবিত হয়। ১৯৮৬ সালের ১০ নভেম্বর পর্যন্ত এই সামরিক শাসন অব্যাহত ছিল। ওই সালের সংবিধান (সপ্তম সংশোধন) আইনের ও অনুচ্ছেদন্বারা সংবিধানের চতুর্য তফসিলে ১৯ অনুচ্ছেদ সংযোজন করা হয় যাহার ব্যাপ্তি ছিল ১৮ অনুচ্ছেদের অনুরূপ।

marz-ul-maut মরণব্যাধি বি. মুসলিম আইন-অনুসারে মরজ-উল-মউত বা মরণব্যাধি হইল এমন অসুখ যাহা আক্রান্ত ব্যক্তির মধ্যে মৃত্যুর আশঙ্কা সৃষ্টি করে এবং যাহার ফলে শেষ পর্যন্ত ওই ব্যক্তির মৃত্যু ঘটে। মরজ-উল-মউত বা মরণব্যাধির সময়ে একজন মুসলমানের প্রদন্ত দান দাতার মৃত্যুর পর উত্তরাধিকারীগণ সমতি প্রদান না করিলে দাফন-কাফনের ব্যয় ও অনান্য দেনা পরিশোধের পর মোট সম্পত্তির এক-তৃতীয়াংশের উর্চ্চে কার্যকর হইতে পারে না অথবা অন্যান্য উত্তরাধিকারী সম্মতি প্রদান না করিলে কোনো একজন উত্তরাধিকারীর বরাবরে এই জাতীয় দান কার্যকর হইতে পারে না। দান করিবার পর যদি দাতা মরণব্যাধিতে মৃত্যুবরণ না করেন তবে উক্ত দান কার্যকর হইবে না। মরণব্যাধি হইতে হইলে নিম্নলিখিত শর্তাবলি থাকিতে ইইবে: (১) প্রায় মৃত্যুর ঝুঁকি যাহাতে মৃত্যুর আশঙ্কা অধিকতর গুরুত্ব লাভ করে; (২) অসুস্থ ব্যক্তির মনের মধ্যে মৃত্যুর ব্যাপারে কিছুটা বস্তুনিষ্ঠ আশঙ্কার সৃষ্টি হইবে এবং কিছুটা বাহ্যিক লক্ষণ পরিদৃষ্ট হইবে, যাহার মধ্যে প্রধান লক্ষণটি ইইবে জীবনের সাধারণ বা স্বাভাবিক কাজকর্মে বা পেশায় অংশগ্রহণের ব্যাপারে অসামর্থ্য। সম্পত্তি-হস্তান্তর আইনের ১২৯ ধারা-অনুসারে, দান-সম্পর্কিত কোনো বিধান অস্থাবর সম্পত্তির মরণব্যাধিকালীন দানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না বা মুসলমান আইনের কোনো আইনের কোনো বিধানকে প্রভাবিত করিবে না।

master n. ১. অধিকর্তা বি. সুপ্রিম কোর্টের মান্টারগণ বা বেঞ্চের মান্টারগণের একজন। ২. কর্ণধার বি. কোনো জাহাজের ক্ষেত্রে ব্যবহৃত 'মান্টার' অর্থ (পাইলট বা হারবার-মান্টার ব্যতীত) প্রাসন্ধিক সময়ে জাহাজটির নিয়ন্ত্রণের দায়িত্থপ্রপ্ত যে-কোনো ব্যক্তি। ৩. নিয়োগকর্তা বি.। এতৎসহ employer ও employee দ্র.।

master and servant প্রভু ও ভৃত্য, মনিব ও চাকর যাঁহার বাছাই বা পছন্দ করিবার অধিকার এবং অপর কোনো ব্যক্তির উপর নিয়ন্ত্রণ ও নির্দেশপ্রদানের ক্ষমতা রহিয়াছে এবং যাঁহার ইচ্ছা উক্ত অপর ব্যক্তি অর্থাৎ ভৃত্য বিস্তারিতভাবে প্রতিপালন করেন, তিনিই প্রভু । কাহাকে ব্যক্তিগত সেবাপ্রদানের জন্য নিযুক্ত ব্যক্তি হইল ভৃত্য । master plan মহাপরিকল্পনা বি. বাংলাদেশের কোথাও কোনো ভূমির সদ্যবহারকল্পে
তৎসময়ে বলবৎ কোনো আইনের অধীনে প্রস্তুত ও অনুমোদিত মহাপরিকল্পনা।
ইমারত নির্মাণ আইন-অনুসারে রাজধানী উনুয়ন কর্তৃপক্ষ ঢাকা মহানগর
মহাপরিকল্পনা প্রণয়ন করেন।

master, servant and independent contractor মনিব, ভৃত্য ও স্বাধীন ঠিকাদার মনিব বা মালিক হইলেন সেই ব্যক্তি, যিনি শ্রমিকের নিকট কেবল কাজের উদ্দেশ্য বর্ণনা করেন না, বরং সে-সম্পর্কে নির্দেশনা দান করেন এবং তাহা নিয়ন্ত্রণের ক্ষমতাও ধারণ করেন। কর্মচারী হইলেন সেই ব্যক্তি, যিনি কাজের পদ্ধতি সম্পর্কে তাঁহার মনিবের নির্দেশের অধীন। স্বাধীন ঠিকাদার হইলেন সেই ব্যক্তি, যিনি কোনো নির্দিষ্ট ফলোৎপাদনের জন্য. চুক্তিবদ্ধ হন, তবে কাজের প্রকৃত বাস্তবায়নের ক্ষেত্রে তিনি তাঁহার নিয়োগকারীর নির্দেশের বা নিয়ন্ত্রণের অধীন নহেন, বরং পূর্বনির্দিষ্ট নহে, এইরূপ বিষয়ে তিনি স্বীয় বিবেচনা প্রয়োগ করিতে পারেন।

matching broker মধ্যবর্তী দালাল stock exchange দ্র.।

material n. উপকরণ বি. ১৯৯১ সালের ব্যাংক-কোম্পানি আইন-অনুসারে, উপকরণ অর্থ সকলপ্রকার কাঁচামাল, সেবা ও যন্ত্রপাতি, তবে শ্রম, ভূমি, ইমারত, খুচরা যন্ত্রাংশ, যন্ত্রের অংশবিশেষ, অফিস-যন্ত্রপাতি এবং যানবাহন ইহার অন্তর্ভুক্ত হইবে না। ১৯৯১ সালের মূল্য সংযোজন কর আইন-অনুসারে, উপকরণ অর্থ শ্রম, ভূমি, ইমারত, অফিস-যন্ত্রপাতি ও যানবাহন ব্যতিরেকে, সকলপ্রকার কাঁচামাল, মোড়ক-সামগ্রী, সেবা এবং যন্ত্রপাতি ও যন্ত্রাংশ। ব্যবসায়-পরিচালনার ক্ষেত্রে বিক্রয়, বিনিময় বা প্রকারান্তরে হস্তান্তরের উদ্দেশ্যে আমদানিকৃত, অর্জিত বা অন্য কোনোভাবে সংগৃহীত পণ্য।

material alterations শুরুত্বপূর্ণ পরিবর্তন কোনো লিখিত দলিলে যে-পরিবর্তন দলিলটির তাৎপর্য কিংবা উহার আইনঘটিত অর্থ বা অনুফলের পরিবর্তন সাধন করে। আইনের একটি সাধারণ নিয়ম এই যে, একটি লিখিত দলিল সম্পাদিত হইবার পর উহাতে যদি কোনো গুরুত্বপূর্ণ পরিবর্তন, পরিবর্তনের ফল যে-পক্ষকে ভোগ করিতে হইবে, সেই পক্ষের অজ্ঞাতসারে করা হয়, তাহা হইলে উহা দলিলটির বৈধতা বিনষ্ট করে।

material evidence গুরুত্বপূর্ণ সাক্ষ্যপ্রমাণ গুরুত্বপূর্ণ সাক্ষ্যপ্রমাণ বাক্যাংশে ব্যবহৃত 'গুরুত্বপূর্ণ' শব্দটি এই অভিব্যক্তির অর্থগত কোনো পার্থক্য সূচিত করে না।

material facts তরুত্বপূর্ণ ঘটনা statement of case দ্ৰ.।

material irregularity গুরুত্বপূর্ণ অনিয়ম সংবিধি-দারা নির্দেশিত বা আবশ্যকীয় নির্দিষ্ট কোনো কিছু উল্লেখ না করা গুরুত্বপূর্ণ অনিয়ম। ডিক্রি জারি দিয়া কোনো বাড়ি নিলামে বিক্রয়ের ঘোষণাপত্রে পৌরকর অন্তর্ভুক্ত না করা গুরুত্বপূর্ণ অনিয়ম নহে। materially affected বাস্তবিকভাবে প্রভাবিত 'নির্বাচনের ফলাফল বাস্তবিকভাবে প্রভাবিত হইয়াছে'— এই উক্তি নির্দেশ করে যে, উক্ত ফলাফল কেবল প্রার্থীর প্রাপ্ত মোট ভোটের ফ্রাসবৃদ্ধি দ্বারা বিচার্য নহে বরং এইরূপ প্রমাণদ্বারা বিচার্য যে, বাতিল ভোটসমূহ প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে এইরূপে বন্টন করিতে হইত, যাহাতে বিজয়ী প্রার্থীর পরাজয় ঘটিত। অসদাচরণমূলক কাজের অভিযোগ—আনয়নকারীর উপর তাহা প্রমাণের দায়িত্ব বর্তায়। যদি এইরূপ প্রমাণিত হয় যে, অসদাচরণমূলক কাজ না হইলে তিনি অধিক ভোট প্রাপ্ত হইতেন তবে কৃতকার্য হইতেন না, তাহা হইলে নির্বাচনী ফলাফল বাস্তবিকভাবে প্রভাবিত হইয়াছে বলা যায় না।

material particulars শুরুত্বপূর্ণ বর্ণনা সাক্ষ্য আইনের ১১৪ ধারার (খ) উদাহরণে 'গুরুত্বপূর্ণ বর্ণনা' উক্তি ব্যবহৃত হইয়াছে। তবে কী কী বিষয় গুরুত্বপূর্ণ বিবরণ, তাহা অবশ্যই কোনো মামলার সুনির্দিষ্ট ঘটনার উপর নির্ভরশীল।

material witness তক্বত্বপূর্ণ সাক্ষী ফৌজদারি কার্যবিধির ৫৪০ ধারা-অনুসারে, কোনো অনুসদ্ধান, বিচার বা অন্য কোনো কার্যক্রমের যে-কোনো পর্যায়ে কোনো আদালত যে-কোনো ব্যক্তিকে সাক্ষী হিসাবে সমন করিতে পারিবেন, অথবা সাক্ষী হিসাবে সমন করা না হইলেও উপস্থিত যে-কোনো ব্যক্তির জবানবন্দি গ্রহণ করিতে পারিবেন, অথবা পূর্বে যাঁহার জবানবন্দি গ্রহণ করা হইয়াছে, তাঁহাকে পুনরায় তলব করিয়া পুনরায় তাঁহার জবানবন্দি গ্রহণ করিতে পারেন এবং এইরূপ কোনো ব্যক্তির সাক্ষা আদালতের নিকট মামলার নায়বিচারের জন্য অভ্যাবশ্যক বলিয়া প্রতীয়মান হইলে আদালত তাঁহাকে সমন করিয়া তাঁহার জবানবন্দি গ্রহণ করিবেন, অথবা পুনরায় তাঁহার জবানবন্দি গ্রহণ করিবেন।

maternity n. মাতৃত্ব বি. মুসলিম আইন-অনুসারে মাতৃত্ব হইল মা ও সন্তানের মধ্যকার বৈধ সম্বন্ধ। উত্তরাধিকারিত্ব, অভিভাবকত্ব ও দায়দায়িত্ব এই বৈধ সম্পর্কের উপর নির্ভরশীল। মাতৃত্ব কীভাবে প্রতিষ্ঠিত হয় সে-সম্পর্কে মুসলিম আইনে বলা হইয়াছে যে, মায়ের সহিত জন্মদাতার সম্পর্কটি বৈধ হউক আর না হউক সন্তানের মাতৃত্ব জন্মদাত্রী মায়ের মধ্যেই প্রতিষ্ঠিত হইয়া থাকে। পিতা ও মাতার মধ্যে বৈবাহিক সম্পর্ক থাকুক বা না থাকুক, অবিবাহিত মহিলার ক্ষেত্রেও সন্তান হইলে মাতৃত্ব প্রতিষ্ঠিত হইবে যিনি গর্ভধারণ করিয়াছেন তাঁহার উপর এবং উক্ত সন্তান মাতা এবং মাতৃক্লের উত্তরাধিকারী হইবে।

maternity leave প্রসৃতি-ছুটি maternity rights দ্র.। maternity pay প্রসৃতি-বেতন maternity rights দ্র.।

maternity rights প্রসৃতি-অধিকার গর্ভাবস্থা বা সন্তানপ্রসবের কারণে কোনো স্ত্রীলোক সম্পূর্ণত বা অংশত তাঁহার কাজে গরহাজির থাকিলে তাঁহার নিয়োগকর্তার নিকট যেসব অধিকার তাঁহার প্রাপ্য। ইংল্যান্ডে বর্তমানে সাতটি সংবিধিবদ্ধ প্রসৃতি-

অধিকার রহিয়াছে: (১) প্রাক-প্রসব প্রয়ত্তের জন্য সকল সন্তানসম্ভবা কর্মচারীর কর্ম হইতে যুক্তিসংগত সময়ের জন্য বেতনসহ অবসর ভোগ করিবার অধিকার রহিয়াছে, তবে নিয়োগকর্তা তাঁহার প্রসব-প্রযত্তের সময়ধার্যের প্রমাণ চাহিতে পারেন। (২) গর্ভাবস্থা কিংবা তৎসংশ্রিষ্ট অন্য যে-কোনো কারণে বরখান্ত না হইবার অধিকার একজন কর্মচারীর রহিয়াছে। (৩) একজন সন্তানসম্ভবা কর্মচারী তাঁহার চাকুরির দৈর্ঘ্য ও গড় উপার্জনের ভিত্তিতে কতকগুলি যোগ্যতানির্ধারক শর্তপরণসাপেক্ষে তাঁহার নিয়োগকর্তার নিকট হইতে ১৮ সপ্তাহ পর্যন্ত সংবিধিবদ্ধ প্রসৃতি-বেতন পাওয়ার অধিকারী। (৪) একজন কর্মচারী সম্ভাব্য প্রসবসপ্তাহের পূর্বে ১১শ সপ্তাহের শুরু পর্যন্ত তাঁহার নিয়োগকর্তার চাকুরিতে বহাল থাকিলে, তিনি প্রসৃতি-ছুটি পাওয়ার অধিকারী। সকল সন্তানসম্ভবা কর্মচারী অন্যুন ১৮ সপ্তাহ প্রসৃতি-ছটি পাওয়ার অধিকারী। (৫) প্রসূতি-ছটি লওয়ার অধিকারী একজন কর্মচারী এইরূপ ছটি ভোগ করিবার পর, তিনি যে-পদে নিযুক্ত ছিলেন, সেই পদে কিংবা কোনো উপযুক্ত বিকল্প পদে তাঁহার নিয়োগকর্তার চাকুরিতে প্রভ্যাবর্তন করিবার অধিকারী, যদি নিয়োগকর্তার কর্মচারীর সংখ্যা পাঁচের অধিক হয়। (৬) প্রসৃতি-ছুটির সমগ্র সময়ব্যাপী চুক্তিতে নির্ধারিত শর্ত-অনুযায়ী পারিশ্রমিক (অর্থপ্রদান) ভিন্ন সকল সুযোগ-সুবিধা ভোগ করিবার অধিকার কর্মচারীর রহিয়াছে। (৭) সন্তানসম্ভবা স্ত্রীলোকদের এবং যেসব ব্রীলোক সম্প্রতি সন্তান প্রসব করিয়াছেন কিংবা সন্তানকে স্তন্যপান করাইতেছেন, তাঁহাদের মাতৃত্ব-সম্পুক্ত স্বাস্থ্য ও নিরাপত্তা হেতু সাময়িকভাবে কর্মচ্যুত হইবার পরিবর্তে কোনো উপযুক্ত বিকল্প কাজে নিযুক্ত হইবার অধিকার রহিয়াছে। বাংলাদেশে ১৯৩৯ সালের মাতৃকল্যাণ আইনের ৩ ধারা-অনুসারে, প্রত্যেক মহিলাশ্রমিক তাঁহার প্রসবের সম্ভাব্য তারিখের ছয় সপ্তাহ এবং প্রসবের দিনের পরবর্তী ছয় সপ্তাহ কাজ করিতে বাধ্য থাকিবেন না এবং ৪ ধারা-অনুসারে ওই সময়ের জন্য (যাহার মধ্যে ছুটি ও কর্মহীন দিন অন্তর্ভুক্ত) প্রসবের ছয় সপ্তাহ পূর্বের তিনমাসে তিনি যে-মজুরি উপার্জন করিয়াছেন, তাহার ভিত্তিতে হিসাব-করা দৈনিক গড় আয়-অনুসারে মাতৃকল্যাণ সবিধা পাওয়ার অধিকারী হইবেন।

matrimonial causes বিবাহসংক্রান্ত মামলা matrimonial proceedings দ্র.।

matrimonial home বৈবাহিক গৃহ যে-বাড়িতে স্বামী ও স্ত্রী একত্র বাস করিয়াছেন। বৈবাহিক গৃহ স্বামী-প্রীর মধ্যে একজনের মালিকানাধীন হইলে, ব্রিটেনের ১৯৯৬ সালের পারিবারিক আইন-অনুযায়ী, অপরজন বৈবাহিক গৃহসম্পর্কিত কতকগৃলি অধিকার প্রাপ্ত হন, যাহা আদালতের আদেশক্রমে বলবৎ হইতে পারে।

matrimonial offence বৈবাহিক অপরাধ বিবাহের কোনো পক্ষকর্তৃক ব্যভিচার, পরিত্যাগ, নিষ্ঠুরতা প্রভৃতি দুর্বৃত্তি।

- matrimonial order বৈবাহিক আদেশ পূর্বকালে, ইংল্যান্ডে নির্দিষ্ট সময় অন্তর-অন্তর অর্থপ্রদান, সন্তানদের হেফাজত বা পৃথগ্বাস সম্বন্ধে ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক প্রদন্ত একটি আদেশ।
- matrimonial proceedings বিবাহ্ঘটিত মোকদ্দমা বিবাহবিচ্ছেদ, বিবাহবাতিল বা আইনানুগ পৃথগ্বাসের জন্য মোকদ্দমা।
- matter n. বিষয় বি. ১. বিবেচনাধীন কোনো বিষয়, বিশেষ করিয়া কোনো বিরোধ বা মামলাসংখ্রিষ্ট ব্যাপার; মামলা। ২. কোনো কিছু যাহার বিচার বা শুনানি করিতে হইবে; কোনো অভিযোগ যাহার দারা বাদীর দাবি বা বিবাদীর কৈফিয়তের ভিত্তি গঠিত হয়।
- matter in deed দলিলের বিষয় যে-বিষয় মোহরান্ধিত কোনো লেখাদারা প্রমাণ করা যায়। matter of fact ত.।
- matter in dispute বিরোধীয় বিষয় যে-বিষয়কে কেন্দ্র করিয়া আদালতে মামলা গুরু ইইয়াছে।
- matter in pais বাচনিক বিষয় ঘটনার যে-বিষয় লিখিতভাবে নথিভুক্ত হয় নাই এবং বাচনিক সাক্ষ্যদারা যাহা অবশাই প্রমাণ করিতে হইবে।
- matter of fact ঘটনার বিষয় অভিযোগের তথ্য বা ঘটনার সভ্যতানির্ধারণের জন্য প্রয়োজনীয় বৈচারিক অনুসন্ধানসংশ্রিষ্ট কোনো বিষয়।
- maturity n. মেয়াদপূর্তি বি. কোনো অঙ্গীকারপত্র বা বিনিময়পত্র বা হন্তি যে-তারিখে দেয় বা পরিশোধযোগ্য হয়।
- maxims of equity ন্যায়পরতার প্রবচনমালা ন্যায়পরতার সাধারণ সূত্রগুলির সূচক সংক্ষিপ্ত সারবান, প্রবচনমূলক বক্তব্য। প্রায়শ অযথার্থ ও ব্যতিক্রমসাপেক্ষ হইলেও সাধারণত বিশেষ বিশেষ সিদ্ধান্তের যৌক্তিকতা প্রতিপাদন এবং ন্যায়পরতার বিকাশে পথপ্রদর্শকস্বরূপ কিছু কিছু মূলসূত্রের অভিব্যক্তি হিসাবে এইগুলি ব্যবহৃত হয়। প্রধান প্রবচনগুলি নিম্নরূপ:

ন্যায়পরতা ব্যক্তির বিরুদ্ধে কাজ করে:

ন্যায়পরতা বিবেকের উপর ক্রিয়া করে;

ন্যায়পরতা অতন্ত্রকে সাহায্য করে:

ন্যায়পরতা বিনা প্রতিকারে কোনো অন্যায়কে বরদাশত করে না (অর্থাৎ কোনো ব্যক্তির একটি উত্তম দাবি রহিয়াছে বলিয়া বিবৈচনা করিলে, ন্যায়পরতা তাঁহার মামলা করিবার অধিকার ক্ষুণু হইতে দেয় না);

ন্যায়পরতা আইন অনুসরণ করে (অর্থাৎ ন্যায়পরতা প্রথানুগ আইনের বিধিসমূহ অনুসরণ করে, যদি না ইহার বিরুদ্ধে উত্তম কারণ থাকে);

maximum %90

ন্যায়পরতা আকার-প্রকারের প্রতি নয়, অভিপ্রায়ের প্রতি লক্ষ রাখে (অর্থাৎ কীভাবে বলা হইয়াছে তাহার প্রতি নয় বরং বাস্তবে কী অভিপ্রেত ছিল, ন্যায়পরতা তাহার প্রতি লক্ষ রাখে);

ন্যায়পরতাগুলি সমান হইলে, সময়ের দিক হইতে পূর্বেকারটি প্রাধান্যলাভ করে (অর্থাৎ অধিকারগুণে বা মূল্যে সমান হইলে, পূর্বে সৃষ্ট অধিকারটি পরেরটির উপর প্রতিষ্ঠা লাভ করে);

যিনি ন্যায়পরতা চাহেন, তাঁহাকে অবশ্যই ন্যায়পর হইতে হইবে; ন্যায়পরতার প্রাধীকে অবশ্যই কলুষমুক্ত হইতে হইবে;

সমতাই ন্যায়পরতা;

যাহা করা উচিত, তাহা করা হইয়াছে বলিয়া ন্যায়পরতা গণ্য করে; ন্যায়পরতা একটি দায়পালন করিবার অভিপ্রায় আরোপ করে:

ন্যায়পরতা একজন স্বেচ্ছানুবর্তী ব্যক্তিকে সাহায্য করিবে না।

এতংসহ voluntary settlement, equitable remedies, conversion ও satisfaction দ্ৰ.।

- maximum n. সর্বোচ্চ পরিমাণ, সর্বোচ্চ সীমা বি. রেলবিভাগের কোনো মাতলহারের ক্ষেত্রে এই উক্তিটি উক্ত হারের এইরূপ সর্বোচ্চ সীমা বুঝায়, যাহা অতিক্রম করা যাইবে না। কোনো কিছুতে সাধ্য, সামর্থ্য বা উৎকর্ষের সর্বোচ্চ বা চূড়ান্ত বিন্দু।
- may and shall করিতে পারে এবং করিবে সাধারণত 'করিতে পারে' উক্তিয়ারা বিচারকের স্বাধীন বৈচারিক ক্ষমতা বা বিবেচনায় কোনো কিছু করিবার বা না করিবার ক্ষমতা থাকা বুঝায়। অন্যদিকে 'করিবে' উক্তির ক্ষেত্রে ওইরূপ স্বাধীন ক্ষমতা থাকা বুঝায় না বরং আইনের আবশ্যকীয়তা অনুসারে উহা করা বাধ্যতামূলক। তবে 'কোনো কিছু করিবার ক্ষমতা' এই অনুমতিসূচক উক্তি কথনো কখনো বাধ্যতামূলক অর্থ নির্দেশ করে অর্থাৎ অনুমোদিত কাজটি করা আদালতের দায়িত্ব এবং উহা না করা অনিয়ম বলিয়া গণ্য হয়। সংবিধি, সংবিধান, আইনের প্রেক্ষাপট বা সংশ্লিষ্ট অনুচ্ছেদ বা ধারার পূর্বাপর বিবেচনাপূর্বক এই উক্তিদ্বয়ের ভিন্ন ব্যাখ্যা হইতে পারে। T. Hossain v. Province of East Pakistan 18 DLR 736 দ্র.।
- May Day মে দিবস বি. প্রতি বংসর মে মাসের ১ তারিখে উদ্যাপিত শ্রমিকদের আন্তর্জাতিক সংহতি দিবস। ১৮৮৬ সালের ১ মে যুক্তরাষ্ট্রের শিকাগো শহরে আন্দোলনরত শ্রমিকদের উপর গুলিবর্ষণ ও হত্যাকাণ্ডের শ্বরণে এই দিবসটি উদ্যাপিত হয়। বাংলাদেশে মে-দিবসে সরকারি ছুটি থাকে।

৬৭১ mediation

Mayday বিপদসংকেত বি. জাহাজ ও উড়োজাহাজ কর্তৃক বেতারযোগে ব্যবহৃত বিপদসংকেত; ইহার দারা আন্তর্জাতিক সাহায্য প্রার্থনা করা হয়।

may presume অনুমান করিতে পারে সাক্ষ্য আইনের ৪ ধারা-অনুসারে আদালত কোনো বিষয় ধরিয়া লইতে পারেন। সেই বিষয় মিথ্যা প্রমাণিত না হওয়া পর্যন্ত আদালত উহা প্রমাণিত বলিয়া গণ্য করিবেন, নতুবা উহা প্রমাণের আহ্বান জানাইবেন। সাক্ষ্য আইনের ৮৬ হইতে ৮৮ ধারা, ৯০ ধারা এবং ১৪৪ ধারায় এইরূপ অনুমানের নির্দেশ আছে। এই শ্রেণীর অনুমান খণ্ডনীয়।

meaning n. অর্থ বি. কোনো কিছুর অর্থ, বিশেষভাবে শব্দার্থ। কোনো লিখিত বা মৌথিক বিবৃতি বা অন্যভাবে জ্ঞাপিত বা জ্ঞাপন করিতে অভিপ্রেত বক্তব্য।

means n. উপায়, পদ্ধতি, প্রক্রিয়া বি. ১. যাহার সাহায্যে কোনো ফল পাওয়া
যাইতে পারে। ২. সংস্থান, সংগতি ইহা কেবল কোনো বন্তুগত সম্পদ বা চাকুরি
থাকা বুঝায় না, কোনো ব্যক্তির শারীরিক এবং মানসিক সামর্থাও বুঝায়। এই উক্তিটি
যখন কোনো সংজ্ঞার্থে ব্যবহৃত হয় তখন উহা সুনির্দিষ্ট অর্থ নির্দেশ করে এবং
র্দ্রান্থে অন্য কোনো অর্থ আরোপ করিবার সুযোগ থাকে না।

measure of damages ক্ষতিপূরণের মাপকাঠি কোনো পূরণযোগ্য ক্ষতি অথবা

চুক্তিভঙ্গের জন্য আদালতের রায়ে প্রদন্ত ক্ষতিপূরণের পরিমাণ-নির্ধারণের মূলসূত্র।

damages দ্র.।

mediation n. মধ্যস্থতা বি. ১. বিকল্প বিবাদ-নিম্পত্তির রূপবিশেষ, যাহাতে একটি স্বাধীন তৃতীয়পক্ষ (মধ্যস্থ) বাদী ও বিবাদীর নিকট পারম্পরিকভাবে গ্রহণযোগ্য নিম্পত্তির জন্য বিবাদে লিপ্ত পক্ষগুলিকে আলোচনায় সহায়তা করে। মধ্যস্থ একজন আইনজীবী কিংবা আইনজীবী না হইয়া বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে পারেন। তাঁহার সিদ্ধান্তগ্রহণের কোনো ক্ষমতা নাই, পক্ষগুলিকে কোনো মীমাংসা মানিয়া লইতে তিনি বাধ্য করিতেও পারেন না। দেওয়ানি কার্যবিধির ৭৯ক ধারা-অনুসারে দেওয়ানি মোকদ্দমায় বিবাদীর জবাব দাখিলের পর মধ্যস্থতার জন্য পদক্ষেপ্রহণের বিধান করা হইয়াছে। ২. (আন্তর্জাতিক আইনে) একটি আন্তর্জাতিক বিবাদের শান্তিপূর্ণ মীমাংসার পদ্ধতিবিশেষ, যাহাতে একটি তৃতীয়পক্ষ বিবদমান রাষ্ট্রগুলির সম্মতিক্রমে মীমাংসার শর্তাবিলি সম্বন্ধে বাস্তব প্রস্তাব দিয়া, সাধারণভাবে পরম্পরবিরোধী দাবিগুলির মধ্যে সামঞ্জস্যবিধানের চেটা করিয়া এবং সংশ্লিষ্ট পক্ষগুলির মধ্যে কোনো তিক্ততার অনুভূতি থাকিলে, তাহা প্রশমন করিয়া সক্রিয়ভাবে আলাপ-আলোচনার প্রক্রিয়ায় অংশগ্রহণ করে। ৩. দেওয়ানি কার্যবিধির ৮৯ক ধারা-অনুসারে, দেওয়ানি মামলায় বিবাদীর জবাব দাখিলের পর মামলায় বিক্রজন মধ্যস্থতাকারীর মাধ্যমে বিরোধ নিম্পত্তির লক্ষ্যে প্রশাসগ্রহণের জন্য মামলায় নিযুক্ত

medical ७१२

আইনজীবীগণ কিংবা আইনজীবী নিযুক্ত না হইয়া থাকিলে পক্ষণণের অথবা জেলা জজ-প্রণীত তালিকা হইতে আদালত কর্তৃক নিম্পত্তির জন্য একজন মধ্যস্থতাকারীর নিকট মামলা প্রেরণ। তবে পক্ষণণ যদি আদালতের নিকট মধ্যস্থতার মাধ্যমে মামলা নিম্পন্ন করিতে দরখান্ত করিয়া আবেদন করেন সেইক্ষেত্রে মধ্যস্থতার মাধ্যমে মামলার নিম্পত্তির চেষ্টা করা আদালতের জন্য বাধ্যতামূলক হইবে। অর্থঞ্চণ আইনের ২২ ধারা-অনুসারে, মামলায় নিযুক্ত আইনজীবীগণ মামলার পক্ষগণের সহিত পরামর্শক্রমে পারম্পরিক সম্মতির ভিত্তিতে অপর একজন আইনজীবী, যিনি কোনো পক্ষ কর্তৃক নিয়োজিত নহেন, অথবা কোনো অবসরপ্রাপ্ত বিচারক, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত কর্মকর্তা, অথবা উপযুক্ত অন্য যে-কোনো ব্যক্তিকে মামলানিম্পত্তির উদ্দেশ্যে মধ্যস্থতাকারী হিসাবে নিযুক্ত করিতে পারিবেন। তবে শর্ত থাকে যে, প্রজাতন্ত্রের কর্মে লাভজনক পদে নিযুক্ত কোনো ব্যক্তি এই ধারার অধীন মধ্যস্থতাকারী নিযুক্ত হইবার অযোগ্য হইবেন। এতৎসহ alternative dispute resolution, conciliction ও good offices দ্র.।

medical adj. ১, চিকিৎসাসম্বন্ধীয় বিণ, রোগনিরাময় বিদ্যাঘটিত বা সম্পর্কিত।
২, চিকিৎসকসম্বন্ধীয় বিণ, অস্ত্রোপচারের সহিত পার্থক্যক্রমে, চিকিৎসক-ঘটিত বা সম্পর্কিত।

medical institution চিকিৎসা-প্রতিষ্ঠান ১৯৯২ সালের অর্থ আইন-অনুসারে, এমন কোনো স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা, যেখানে কোনো মানুষের দৈহিক বা মানসিক বিষয়ের চিকিৎসার নিমিত্ত ব্যবস্থাপত্র বা পরামর্শ বা রোগবিদ্যাগত প্রয়োজনীয় পরীক্ষা করা হয়, উপরিউক্ত এক বা একাধিক সেবাপ্রদানের জন্য এক বা একাধিক অস্থায়ী আবাসনের ব্যবস্থা করা হয়, এবং উহার বিনিময়ে ব্যবসায়িক ভিত্তিতে বা মুনাফা অর্জনের লক্ষ্যে সেবা-মূল্য আদায় করা হয়। তবে যে-সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থায় বিনামূল্যে বা দাতব্য ভিত্তিতে বা নামমাত্র মূল্যের বিনিময়ে উপরিউক্ত কোনো সেবাপ্রদান ও আবাসনের ব্যবস্থা করা হয়, সে-সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থার আওতাবহির্ভূত হইবে।

medical jurisprudence চিকিৎসা-আইনতত্ত্ব চিকিৎসাবিদ্যার সেই শাখা যাহা আইনগত বিষয়সম্পৃক্ত। সুষ্ঠু বিচার-ব্যবস্থাপনায় চিকিৎসা-আইনতত্ত্বের প্রয়োজনীয়তা তর্কাতীতভাবে স্বীকৃত। একজন বিচারককে এই কারণে চিকিৎসা-আইনবিদ্যার উপর অনেক ক্ষেত্রে নির্ভর করিতে হয়। যেমন, অপরাধী বা ক্ষতিগ্রস্তকে যে-ক্ষেত্রে শনাক্ত করা সম্ভব হয় না, সেক্ষেত্রে তাঁহাকে চিকিৎসাবিদ্যা ও প্রযুক্তির মাধ্যমে শনাক্তকরণ; অপরাধী যে-প্রকৃতির অপরাধ করিয়াছেন তাহার কারণ ও অবস্থা নির্ণয়পূর্বক বিচারের দিকনির্দেশনাদান; অপরাধজনক বিভিন্ন ঘটনা ও ফৌজদারি মামলার তদন্ত পরিচালনার পদ্ধতি ও ক্ষেত্রগত দিকনির্দেশনা দান; এবং

চিকিৎসার সহিত প্রত্যক্ষভাবে সম্পৃক্ত চিকিৎসা-আইনতত্ত্ববিদদের বৈচারিক ক্ষেত্রে প্রয়োজনীয় দায়িত্ব, কর্তব্য ও ভূমিকা-পালনে প্রশিক্ষণদান, যাহার মাধ্যমে তাঁহার জ্ঞান, দক্ষতা, আচরণ ও মৃল্যবোধের সৃষ্টি হয়।

medical witness চিকিৎসকের সাক্ষ্য আদালত চিকিৎসা-বিশেষজ্ঞের সাক্ষ্যের যে-গুরুত্ব দিয়া থাকেন তাহা মূলত সেই সাক্ষ্যের আইনগত মূল্যজনিত। অভিমতের প্রত্যয়নপত্র প্রদান করিলেই কেবল দায়িত্ব শেষ হইয়া যায় না, তাঁহাকে আদালতে সাক্ষ্য দিতে হয়। যে-চিকিৎসক প্রত্যয়নপত্র দিয়াছেন তাঁহাকেই আদালতে সাক্ষ্য দিতে হইবে নচেৎ সে-প্রতায়নপত্র গ্রাহা হইবে না। চিকিৎসককে সচরাচর পাওয়া গেলে তাঁহার সাক্ষ্য ফৌজদারি কার্যবিধির ৫০৯ ধারা মোতাবেক কমিশনে নেওয়া যাইবে না। ময়না-তদন্ত-প্রতিবেদনকারী চিকিৎসককে পাওয়া না গেলে তাঁহার হস্তলিপির সহিত পরিচিত চিকিৎসক ইহা প্রমাণের জন্য সাক্ষ্য দিতে পারেন। চিকিৎসকের প্রতিবেদন বাস্তব সাক্ষ্য বলিয়া গণ্য হইবে। ময়না-তদন্তকারী চিকিৎসককে পাওয়া না গেলে বা তাঁহার মৃত্যু হইলে বা তিনি দেশের বাহিরে থাকি**লে** তাঁহার প্রতিবেদনই জবানবন্দি হিসাবে গণ্য হইবে। তাঁহাকে পাওয়া গেলে সাক্ষ্যগ্রহণ ব্যতীত তাহা সাক্ষ্য হিসাবে গ্রহণ করা যাইবে না। চিকিৎসাসম্পর্কিত বিষয়ে চিকিৎসকের সাহায্য ব্যতীত আদালতের নিজস্ব মতামত মূল্যহীন। চিকিৎসকের মতামত বিশ্বাসযোগ্য সাক্ষ্যদারা বাতিল করা যায়। চিকিৎসা-বিশেষজ্ঞের সাক্ষ্য ও মৌখিক সাক্ষ্যের মধ্যে বিরোধ দেখা দিলে প্রথমোক্ত সাক্ষ্যই গ্রহণীয়। অস্থির সন্ধি পরীক্ষাপূর্বক বয়সের সমন্ধপ ধরা যায় না। তাই বয়স-সম্পর্কিত চিকিৎসকের মতামত বিশ্বাসযোগ্য সাক্ষ্যদ্বারা সমর্থিত না হইলে তাহা গুরুত্ব বহন করে না। চিকিৎসকের সাক্ষ্য প্রত্যক্ষ নহে। প্রত্যক্ষদর্শীরা ইহা কতটুকু সমর্থন করেন বা মিধ্যা প্রতিপন্ন করেন, তাহার উপরই চিকিৎসকের সাক্ষ্যের গুরুতু নির্ভর করে। খাদ্য হজমের ব্যাপারে চিকিৎসকের অভিমত সর্বদা যথার্থ হয় না। পরীক্ষককে হত্যাকাণ্ডে জেরা कता ना टरेल तात्राग्ननिक भतीकाग्न अिंटरजन भूतनत अभाग विनया गणा कता याग्न না ৷ বৈজ্ঞানিক পরীক্ষা ব্যতীত বালিকার শরীর পরীক্ষা করিয়া চিকিৎসক কর্তৃক প্রদত্ত অভিমত বয়স-প্রমাণের চূড়ান্ত সাক্ষ্য নহে। নির্দিষ্ট প্রশ্নে চিকিৎসকের অভিমত পৃথক হইলে আসামির সপক্ষে যে-যুক্তি, তাহাই গ্রহণ করিতে হইবে। খুনের মামলায় ক্ষত কতকালের, তাহা অপরাধ-সংঘটনের সময়-নির্ধারণের জন্য গুরুত্বপূর্ণ।

medicine n. ১. ঔষধ, ভেষজ বি. রোগনিরাময়ের জন্য ব্যবহৃত যে-কোনো দ্রব্য; রোগের নিরাময় বা উপশম করিবার গুণসম্পন্ন কঠিন বা তরল যে-কোনো দ্রব্য।

২. চিকিৎসাবিদ্যা বি. রোগনিরাময়-সম্পর্কিত বিদ্যা বা বিজ্ঞান।

meeting n. সভা বি. যাহাতে কোনো সাধারণ স্বার্থ আছে, এইরূপ বিষয়ে আলোচনা এবং কার্য করিবার জন্য ব্যক্তিবর্গের সমাবেশ। Member of Parliament (MP) সংসদ-সদস্য সংবিধানের ৬৫(২) অনুচ্ছেন অনুসারে জাতীয় সংসদের সদস্যগণ সংসদ-সদস্য বলিয়া অভিহিত হইকো। সংবিধানের ৬৬ অনুচ্ছেদ-অনুসারে, (১) কোনো ব্যক্তি বাংলাদেশের নাগরিক হইনে এবং তাঁহার বয়স পাঁচিশ বছর পূর্ণ হইলে এই অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত বিধানসাপেক্ষে তিনি সংসদের সদস্য নির্বাচিত হইবার এবং সদস্য-সদস্য থাকিবার যোগ্য হইবেন। (২) কোনো ব্যক্তি সংসদ-সদস্য নির্বাচিত হইবার এবং সংসদ-সদস্য থাকিবার যোগ্য হইবেন না, যদি (ক) কোনো উপযুক্ত আদালত তাঁহাকে অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষণা করেন: (খ) তিনি দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন; (গ) তিনি কোনো বিদেশি রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করেন কিংবা কোনো বিদেশি রাষ্ট্রের প্রতি আনুগত্য ঘোষণা বা স্বীকার করেন; (ঘ) তিনি নৈতিক শ্বলনজনিত কোনো ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যুন দুই বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাঁহার মুক্তিলাভের পর পাঁচ বৎসরকান অতিবাহিত না হইয়া থাকে; (ঘঘ) আইনের দ্বারা পদাধিকারীকে অযোগ্য ঘোষণা করিতেছে না, এমন পদ ব্যতীত তিনি প্রজাতন্ত্রের কর্মে লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন; অথবা (ছ) তিনি কোনো আইনের দ্বারা বা অধীন অনুরূপ নির্বাচনের জন্য অযোগ্য হন। (২ক) এই অনুচ্ছেদের উদ্দেশ্যসাধনকল্পে কোনো ব্যক্তি কেবন রষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী হইবার কারণে প্রজাতন্ত্রের কর্মে কোনো লাভজনক পদে অধিষ্ঠিত বলিয়া গণ্য হইবেন না। (৪) কোনো সংসদ-সদস্য তাঁহার নির্বাচনের পর এই অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত অযোগ্যতার অধীন হইয়াছেন কি না কিংবা এই সংবিধানের ৭০ অনুচ্ছেদ-অনুসারে কোনো সংসদ-সদস্যের আসন শূন্য হইবে কি না, সে সম্পর্কে কোনো বিতর্ক দেখা দিলে শুনানি ও নিম্পত্তির জন্য প্রশুটি নির্বাচন কমিশনের নিকট প্রেরিত হইবে এবং অনুরূপ ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে। (৫) এই অনুচ্ছেদের (৪) দফার বিধানাবলি যাহাতে পূর্ণ কার্যকরতা লাভ করিতে পারে, এই উদ্দেশ্যে নির্বাচন কমিশনকে ক্ষমতাপ্রদানের জন্য সংসদ যেরূপ প্রয়োজন বোধ করিবেন, আইনের দ্বারা সেইরূপ বিধান করিতে পারিবেন। ৬৭ অনুচ্ছেদ-অনুসারে, (১) কোনো সংসদ-সদস্যের আসন শূন্য হইবে, যদি (ক) তাঁহার নির্বাচনের পর সংসদের প্রথম বৈঠকের তারিখ হইতে নব্বই দিনের মধ্যে তিনি তৃতীয় তফসিলে নির্ধারিত শপথগ্রহণ বা ঘোষণা করিতে ও শপথপত্রে বা ঘোষণাপত্রে স্বাক্ষরদান করিতে অসমর্থ হন। তবে শর্ত থাকে যে, অনুরূপ মেয়াদ অতিবাহিত হইবার পূর্বে স্পিকার যথার্থ কারণে তাহা বর্ধিত করিতে পারিবে; (খ) সংসদের অনুমতি না লইয়া তিনি একাদিক্রমে নব্বই বৈঠক-দিবস অনুপস্থিত থাকেন; (গ) সংসদ ভাঙ্গিয়া যায়: (ঘ) তিনি এই সংবিধানের ৬৬ অনুচ্ছেদ (২) দফার অধীনে অযোগ্য হইয়া যান: অথবা (ঙ) এই সংবিধানের ৭০ অনুচ্ছেদে বর্ণিত পরিস্থিতির উদ্ভব হয়। (২) কোনো সংসদ-সদস্য স্পিকারের নিকট স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ

ত্যাগ করিতে পারিবেন, এবং ম্পিকার – কিংবা ম্পিকারের পদ শূন্য থাকিলে বা অন্য কোনো কারণে ম্পিকার স্বীয় দায়িত্ব পালনে অসমর্থ হইলে ডেপুটি ম্পিকার – যখন উক্ত পত্র প্রাপ্ত হন, তখন হইতে উক্ত সদস্যের আসন শূন্য হইবে। একজন সংসদসদস্য নৈতিক খ্বলনজনিত কোনো ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইলে তিনি স্বতঃই তাঁহার আসন হারাইবেন এবং এ-ব্যাপারে নির্বাচন কমিশনারের কোনো কিছু করিবার নাই। Hussain Mohammad Ershad v. Zahedul Islam Khan 2001 BLD (AD) 142. এতৎসহ parliament দ্র.।

memorandum n. সংঘ-স্থারক বি. কোম্পানি আইনের বিধান-অনুসারে প্রণীত কোম্পানির মূল সংঘশারক বা পরবর্তীকালে উহার সংশোধিত রূপকে বুঝাইবে।

memorandum in writing লিখিত স্থারক ইংল্যান্ডের ১৯২৫ সালের সম্পত্তি আইনের বিধান-অনুযায়ী জমি বিক্রয় বা অন্যবিধ বিলিব্যবস্থার চুক্তির কিংবা জমিতে কোনোপ্রকার স্বার্থের লিখিত প্রমাণ। উক্ত আইনে বিধান করা হইয়াছিল যে, এইরপ চুক্তি বলবৎ করা যাইবে না, যদি না চুক্তিটি অথবা পক্ষগুলির সম্মতির প্রমাণসূচক (পক্ষম্বর, সম্পত্তি, মূল্য ও অন্যান্য অপরিহার্য বিষয়টি শনাক্তকরণপূর্বক) কোনো স্থারক বা নোট লিখিত হইয়া থাকে এবং চুক্তি অনুযায়ী যে-পক্ষকে দায়ী করা হইবে, উহার দ্বারা স্বাক্ষরিত হইয়া থাকে। ১৯৮৯ সালের পরিবর্তিত সম্পত্তি আইন-অনুযায়ী ওই বিধানের চুক্তি লিখিত হইতে হইবে, শর্তাদি সুম্পষ্টভাবে সম্মত হইবে এবং উভয় পক্ষ কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

memorandum of appeal আপিলের স্মারকলিপি আপিল কীভাবে দায়ের করিতে ইইবে তাহা দেওয়ানি কার্যবিধির ৪১ আদেশের ১ ও ২ নিয়মে বলা হইয়াছে। প্রত্যেকটি আপিল স্মারকলিপির আকারে আপিলকারী বা তাঁহার উকিল কর্তৃক স্বাক্ষরিত করিয়া আদালতে অথবা এতদুদ্দেশ্যে আদালত কর্তৃক নিয়ুক্ত কর্মচারীর নিকট দাখিল করিতে হইবে। যে-ডিক্রি ও রায়ের বিরুদ্ধে আপিল করা হইতেছে স্মারকলিপির সহিত সেইগুলির একটি করিয়া নকল দাখিল করিতে হইবে। যে-ডিক্রির বিরুদ্ধে আপিল করা হইতেছে, আপিল-আদালত প্রয়োজনীয়তা মওকুফ না করিলে সেই ডিক্রি সম্পর্কে আপিন্তর সংগত কারণগুলি সংক্ষেপে এবং স্পষ্ট শিরোনামে স্মারকলিপিতে উল্লেখ করিতে হইবে এবং সংগত কারণগুলি ধারাবাহিকভাবে নম্বরমুক্ত হইতে হইবে। আপিলের স্মারকলিপিতে উল্লিখিত হয় নাই, এইরূপ আপত্তির কারণের সমর্থনে আদালতের অনুমতি ব্যতীত আপিলকারী বক্তব্য পেশ করিতে পারিবেন না এবং তৎসম্পর্কে কোনো গুনানিও হইবে না; কিন্তু আপিল আদালত আপিল-নিম্পত্তিকালে আপিলের স্মারকলিপিতে প্রকাশিত আপত্তির সংগত কারণসমূহের যা উক্ত নিয়মের অধীনে আদালতের অনুমতিক্রমে গৃহীত কারণসমূহের মধ্যে সীমাবদ্ধ থাকিবেন না; তবে আদালত এমন কোনো কারণের ভিত্তিতে সিদ্ধাত

থ্যহণ করিবেন না, যে-সম্পর্কে সংশ্রিষ্ট পক্ষ জবাবদানের উপযুক্ত সুযোগ পায় নাই।

8১ আদেশের ৩ উপধারায় স্মারকলিপি প্রত্যাখ্যান সম্পর্কে বলা হইয়াছে যে, (ক)
উপরিবর্ণিত পদ্ধতি-অনুসারে স্মারকলিপি প্রস্তুত করা না হইয়া থাকিলে আদানত উহা
প্রত্যাখ্যান করিতে পারেন অথবা নির্ধারিত সময়ের মধ্যে সংশোধনের বা তথনই
সংশোধনের জন্য আপিলকারীকে ফেরত দিতে পারিবেন; (খ) যে-ক্ষেত্রে আদানত
কোনো স্মারকলিপি প্রত্যাখ্যান করেন, সেই ক্ষেত্রে আদানত উহা প্রত্যাখ্যানের কারণ
লিপিবদ্ধ করিবেন; এবং (গ) আপিলের স্মারকলিপি সংশোধন করা হইলে বিচারক
অথবা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত কর্মচারী উক্ত সংশোধনীতে স্বাক্ষরদান করিবেন।

memorandum of association সংঘ-স্থারক একটি নিবন্ধীকৃত কোম্পানির গঠনবিষয়ক দলিল, যাহা কোম্পানি-প্রতিষ্ঠায় ইচ্ছুক ব্যক্তি বা ব্যক্তিবর্গকে অবশ্যই প্রণায়ন করিতে হয়। স্থারকে কোম্পানি আইন-অনুযায়ী কতকগুলি বাধ্যতামূলক অনুচ্ছেদ অবশ্যই সন্নিবিষ্ট করিতে হয়। অনুচ্ছেদগুলির উপজীব্য ও বর্ণনীয় বিষয় হইবে: কোম্পানির নাম; ইহার নিবন্ধীকৃত ঠিকানা; উহার অনুমোদিত শেয়ার মূলধন; কোম্পানি-প্রতিষ্ঠার উদ্দেশ্য এবং (প্রযোজ্য হইলে) উহা সীমিতদায়সম্পন্ন কোম্পানি না অসীমিতদায় কোম্পানি। ১৯৯০ সালের কোম্পানি আইনের ৬ ধারায় শেয়ারথারা সীমিতদায় কোম্পানির, ৭ ধারায় জামানতের দ্বারা সীমিতদায় কোম্পানির, এবং ৮ ধারায় অসীমিত দায় কোম্পানির সংঘ-স্থারকে কী কী বিষয় অন্তর্ভুক্ত করিতে হইবে, তাহা উল্লিখিত আছে।

memory n. ১. স্মৃতি বি. শব্দটি কখনো কখনো 'মনের' সমার্থকরূপে ব্যবহৃত হয়।

২. মেমোরি, স্মৃতি বি. কম্পিউটারের যে-অংশে পূর্বলেখ এবং উপাত্ত ইত্যাদি
সংগৃহীত হয় বা জমা থাকে। একটি কম্পিউটারে তথ্য মজুত করিবার জন্য পরিসরের
পরিমাণ।

menace n. তর্জন বি, threat দ্র.।

menial servant কায়িক ভৃত্য অধন্তন গৃহভৃত্য 'কায়িক ভৃত্য'। যে-সকল ভৃত্যকে সচরাচর কোনো গৃহে বা গৃহের আশেপাশে নিযুক্ত করা হয় কিংবা যাঁহারা তাঁহাদের নিয়োগকর্তাকে ব্যক্তিগত সেবা প্রদান করেন কিংবা যাঁহাদের সঙ্গে তাঁহাদের নিয়োগকর্তার ঘনিষ্ঠ ব্যক্তিগত সম্পর্ক বিদ্যামান। গৃহভৃত্য বলিতে সে-সকল ব্যক্তিকে বুঝায়, যাঁহাদের প্রধান কর্তব্য ভৃত্য হিসাবে তাঁহাদের প্রভু, প্রভূর পরিবার ও অতিথিদের ব্যক্তিগত আরাম-আয়েশ বা বিলাসিতার নিমিত্ত প্রকৃত শারীরিক কার্য নির্বাহ করা এবং যাঁহারা এতদুদ্দেশ্যে তাঁহাদের প্রভূর সংসারের অংশে পরিণত হন।

mensa et thoro আহার ও নিবাস বিবাহবিচ্ছেদের ডিক্রি। আধুনিককালে পৃথগ্বাসের আদেশের পূর্বকালীন রূপ।

699 merchant

mens rea অপরাধী মন আসামির দণ্ডাজ্ঞা নিশ্চিত করিবার জন্য অপরাধ-সংঘটনের সময়ে তাঁহার মনের যে-অবস্থা ছিল বলিয়া বাদীপক্ষকে অবশ্যাই প্রমাণ করিতে হয়। অপরাধের প্রকৃতিভেদে অপরাধীমনেরও প্রকৃতিভেদ ঘটে। ইহা যে-সংবিধি দ্বারা সৃষ্ট, সেই সংবিধির দ্বারা নির্ণীত কিংবা নজিরদ্বারা স্থিরীকৃত হইয়া থাকে। অপরাধী মনের সাধারণ দৃষ্টান্ত হিসাবে উল্লেখ্য কোনো বিশেষ পরিণতি ঘটাইবার অভিপ্রায়, এইরূপ পরিণতি ঘটিতে পারে কি না সে-বিষয়ে অবিসৃষ্যকারিতা এবং (কোনো কোনো অপরাধের ক্ষেত্রে) অবহেলা। এতৎসহ negligence, recklessness ও intention দ্র.।

mental disorder মনোবৈকল্য, মানসিক বিকার ইংল্যান্ডের ১৯৮৩ সালের মানসিক স্বাস্থ্য আইনের দৃষ্টিকোণ হইতে, মানসিক রোগ, মনের অসম্পূর্ণ বা নিরুদ্ধ বিকাশ, চিন্তবিকারঘটিত বৈকল্য এবং মনের অন্য যে-কোনো প্রকার বৈকল্য বা অক্ষমতা। মনোবৈকল্যগ্রস্ত (কিংবা মনোবৈকল্যগ্রস্ত বিলিয়া প্রতিভাত) কোনো ব্যক্তিকে রোগনির্ণয় বা চিকিৎসার জন্য হাসপাতালে আটক করা যাইতে পারে। বাংলাদেশে ১৯১২ সালের অপ্রকৃতিস্থতা আইনে অপ্রকৃতিস্থ ব্যক্তিদের পাগলা গারদে বা আশ্রয়কেন্দ্রে আটক রাথিবার বিধান করা হইয়াছে।

mental impairment মানসিক বিকলতা এক ধরনের মনোবৈকল্য। বুদ্ধির যেরূপ অভাব গুরুতর মানসিক দৌর্বল্যের পর্যায়ভূক্ত নহে, তবে যাহা চিকিৎসাযোগ্য এবং যাহার চিকিৎসা করা প্রয়োজন। severe mental disorder দ্র.।

mercantile agent বাণিজ্যিক প্রতিনিধি ব্যবসাসংক্রান্ত প্রতিনিধি। ১৯৩০ সালের পণ্য-বিক্রয় আইনের ২(৯) ধারা-অনুসারে, বাণিজ্যিক প্রতিনিধি বলিতে বুঝায় ব্যবসায়ের প্রথা-অনুযায়ী কোনো পণ্য বিক্রয় বা বিক্রয়র্থে প্রেরপ করিবার অথবা পণ্য ক্রয় করিবার ক্রমতা আছে অথবা পণ্য জামানতের ভিত্তির উপর যাহার অর্থসংগ্রহ করিবার অধিকার আছে, এমন কোনো ব্যক্তি।

mercenary n. ভাড়াটে সৈনিক যে-ব্যক্তি নিজের দেশ ভিন্ন অন্য কোনো দেশের সশস্ত্র বাহিনীতে বেতনের বিনিময়ে চাকুরি করেন।

merchandise n. পণ্যদ্রব্য বি. ইহা একটি বিস্তৃত অর্থবোধক উক্তি যাহার দ্বারা বাণিজ্যের সকল পণ্য, বাণিজ্যের উদ্দেশ্য, পণ্যদ্রব্যের যাতায়াত, বাণিজ্যের লক্ষ্যস্বরূপ কোনো পণ্য যাহা ব্যবসাক্ষেত্রে আনয়ন বা বিক্রয় করা যায়, সকল ধরনের ব্যক্তিগত সম্পত্তি যাহা বাজারে আনয়ন ও বিক্রয় করা হয় ইত্যাদি বিষয় বুঝায়।

merchant n. বণিক বি. যে-ব্যক্তি যে-কোনো বস্তুর ব্যবসাবাণিজ্যে লিপ্ত হন, অর্থাৎ যে-ব্যক্তি পণ্যাদি ক্রয়বিক্রয় করেন। merchantable quality পণ্যন্তণ বি. একটি নিহিত শর্ত, যাহার স্থলে বর্তমানে সাধোষজনক গুণ প্রতিকল্পিত হইয়াছে। satisfactory quality দ্র.।

merchant bank মার্চেন্ট ব্যাংক ১৯৯৩ সালের আর্থিক প্রতিষ্ঠান আইনের ২(ত) ধারা-অনুসারে, যে-ব্যাংক অন্য কোনো সংস্থা বা কোম্পানির সিকিউরিটিজের দায় গ্রহণ করে এবং অনুরূপ গ্রাহকের একীভূতকরণ কিংবা অন্য বাণিজ্যিক উদ্যোগে পরামর্শ দান করে।

merchant shipping registration বাণিজ্য-জাহাজ নিবন্ধন ship দ্ৰ.।

mercy n. ক্ষমা বি. prerogative of mercy দ্ৰ.।

mere equity নিছক ন্যায়পরতা সম্পত্তিসংক্রান্ত একটি অধিকার, যাহা ন্যায়সংগত অধিকার বা আইনগত অধিকার হইতে কম তাৎপর্যপূর্ণ। ইহা যে-লেনদেনের অন্তর্ভুক্ত, সেই লেনদেনের পক্ষগুলি ভিন্ন অন্য কাহাকেও সংশ্লিষ্ট করে না। যেমন, একটি দলিল সংশোধন করিবার অধিকার।

merger n. একত্রীকরণ বি. ১. অনুরূপ আকারের কোম্পানিসমূহের একত্রীভবন,
যাহাতে একত্রিত কোম্পানিগুলির সদস্যগণ একটি নতুন কোম্পানির শেয়ারের জন্য
তাহাদের শেয়ার বিনিময় করেন কিংবা একত্রিত হইতেছে এইরূপ কোনো কোনো
কোম্পানির সদস্যগণ একত্রিত হইতেছে এইরূপ অন্য একটি কোম্পানির শেয়ারের
জন্য নিজেদের শেয়ার বিনিময় করেন। ইহা সাধারণত একটি প্রকাশ্য ক্রয়-প্রভাবের
মাধ্যমে সম্পন্ন হয়। ২. জমিতে একটি ফুদ্রতর শরিকানা একটি বৃহত্তর শরিকানা
হিসাবে একই মালিকানার অন্তর্ভুক্ত হইলে ফুদ্রতর শরিকানার বিলুপ্তি। যেমন, যদি
একজন নির্বাঢ় স্বত্বাধিকারী অনুত্তীর্ণ মেয়াদের ইজারাধীন ভূসম্পত্তি আয়ত্ত করেন,
তবে উহা নির্বাঢ় স্বত্বের সম্পত্তির সঙ্গে পরিমিশ্রিত হইতে পারে। takeover bid দ্র.।

mesne profits মধ্যবর্তী মুনাফা ইজারার সমাপ্তি হইবার পরেও একজন ইজারাদার সম্পত্তিতে দখল বহাল রাখিলে, মালিক ইজারাদারের বিরুদ্ধে যে-অর্থ দাবি করিতে পারেন। এই অর্থের পরিমাণ হইবে, চলতি বাজার-দরে সম্পত্তি ভাড়া দেওয়া গেলে যাহা পাওয়া যাইত, তাহার সমতল্য।

message n. **বার্তা** বি. কোনো ব্যক্তিকর্তৃক অন্য এক ব্যক্তির নিকট প্রেরিত একটি সংবাদ।

messuage n., বাস্ত্বাটি, ভদ্রাসন বি. একটি বাড়ি এবং তৎসংলগ্ন বাগান, বহির্বাটি ও ফলের বাগান। ৬৭৯ midwife

metes and bounds অংশভাগ করিয়া জমির সীমারেখা নির্ধারণ করা সংলগ্ন ভূমির সংস্রব এবং নির্দিষ্ট চিহ্নসমূহ হইতে দূরত্ব ও কোণ পরিমাপ করিয়া নির্ধারিত স্থাবর সম্পত্তির এলাকাগত সীমানা। জমির এইরূপ সীমানা সাধারণত দলিলে ও জরিপে বর্ণিত হয়।

- method of accounting হিসাবরক্ষণ-পদ্ধতি কীরূপ হিসাবরক্ষণ-পদ্ধতি গ্রহণ করিতে হইবে তাহা করদাতার ইচ্ছার উপর নির্ভর করে। কিন্তু হিসাবরক্ষণ প্রণালি ফেরপই গ্রহণ করা হউক, তাহা যেন নিয়মিতভাবে প্রয়োগ করা হয়। ব্যবসায়ীদের মধ্যে সাধারণত বিভিন্ন হিসাবরক্ষণ পদ্ধতি প্রচলিত আছে: নগদায়নভিত্তিক পদ্ধতি, ব্যবসায়ভিত্তিক পদ্ধতি, মিশ্র পদ্ধতি।
- metropolitan area মহানগরী এলাকা মহানগরী এলাকা অর্থ ঢাকা বা চট্টগ্রাম বা ধুলনা বা রাজশাহী মহানগর এলাকা।
- micro adj. ব্যষ্টিক বিণ. পৃথক, ফুদ্র, সূক্ষ্ম। কোনো বিষয়বিশেষের আংশিক বিচার। macro তূ.।
- microprocessor n. মাইক্রোপ্রসেসর বি. কম্পিউটারের একটি ক্ষুদ্র ইউনিট, যাহা কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ ইউনিটের সকল বৃত্তি নির্বাহ করিতে সক্ষম।
- micro-state n. অণুরষ্ট্রে বি. অনধিক ৫০০ বর্গমিটার আয়তন এবং অনধিক এক লক্ষ জনসংখ্যা-সংবলিত একটি রষ্ট্র। যেমন, অ্যান্ডোরা, অ্যান্টিগা ও বার্বুদা, গ্রানাডা ও মোনাকো। এতৎসহ recognition দ্র.।
- mid-channel n. মধ্যখাত বি. আন্তর্জাতিক আইন এবং ইউরোপীয় জাতিসমূহের প্রয়োগরীতি-অনুযায়ী 'স্রোতোমধ্য' (middle of the stream) ও 'মধ্যখাত' পরিশব্দ দুইটি সমার্থক এবং পরম্পরবিনিময়যোগ্যরূপে ব্যবহৃত।
- middleman n. মধ্যস্থ বি. দুই বা ততোধিক পক্ষকে একত্র করিবার জন্য নিযুক্ত কোনো ব্যক্তি। পক্ষণুলি পরস্পর মিলিত ইইলে, তাহারা তাহাদের আলাপ-আলোচনা ও দরক্ষাক্ষি নিজেরাই পরিচালনা করে।
- midwite n. ধাত্রী বি. সন্তানজন্যদানে সাহায্য করিবার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত বা নিয়োজিত ব্যক্তি। ইংল্যান্ডের রানী প্রথম এলিজাবেথের মৃত্যুর পর হইতে ১৯০২ সাল পর্যন্ত যে-কোনো স্ত্রীলোক প্রশিক্ষণপ্রাপ্ত না হইয়াও অর্থোপার্জনের নিমিত্ত ধাত্রী হিসাবে কাজ করিতে পারিতেন। ১৯০২ সালে ধাত্রীদের উন্নতত্তর প্রশিক্ষণ এবং তাঁহাদের ব্যবসানিয়ন্ত্রণের জন্য 'ধাত্রী আইন' পাশ করা হয়।

migration %bo

migration n. অভিগমন বি. অন্যত্র গমন। ইহাতে দুইটি ধারণা প্রকাশ পায়। ১.

একস্থান হইতে অন্য কোনো স্থানে গমন এবং ২. গন্তব্য স্থানটিকে ভবিষ্যতে আবাসে
পরিণত করিবার ইচ্ছা পোষণ।

- military court সামরিক আদালত একটি সেনা-আদালত। court martial দ্র.।
- military custody সামরিক হেকাজত সেনাবাহিনীর শৃঙ্খলা সম্পর্কে 'সামরিক হেকাজত' বলিতে বুঝায়, বাহিনীর প্রয়োগরীতি-অনুযায়ী, অপরাধীকে গ্রেপ্তারকরণ কিংবা তাঁহার কারাবরোধ।
- military law ফৌজি আইন service law ও defence service law দ্ৰ.। martial law তু.।
- military testament সৈনিকদের ইচ্ছাপত্র previleged will দ্র.।
- militia n. মিলিশিয়া বি., অনিয়মিত বাহিনী ১. নিয়মিত সেনাবাহিনীর বহির্ভ্ত এবং রাষ্ট্র কর্তৃক সামরিক প্রশিক্ষণপ্রাপ্ত সশস্ত্র নাগরিকগণের দল । ২. রোমান আইনে সামরিক কর্ম।
- mill n. কল বি. পণ্যসামগ্রী উৎপাদনের জন্য যন্ত্রাদিসমেত একটি ভবন বা ভবনসমষ্টি। কলের আদি উদ্দেশ্য ছিল খাওয়ার জন্য শস্য পেষণ করা এবং এই অর্থে ইহার সংজ্ঞার্থে বলা হইয়াছে যে, ইহা একটি যন্ত্রবিশেষ, যাহাতে দুইটি কঠিন, অমসৃণ বা দত্তযুক্ত পৃষ্ঠের মধ্যে ফেলিয়া শস্য চূর্ণ করা হয়। কিন্তু বর্তমানে শব্দটি অন্যান্য নানাবিধ প্রয়োজনার্থে জল, বায়ু বা বাষ্প-চালিত ইঞ্জিন বা যন্ত্র সম্বন্ধেও প্রয়োগ করা হয়।
- mine n. খনি, আকর বি. ১. ভূগর্ভের ধাতু, কয়লা ও রত্নাদির উৎপতিস্থান। ২. আকরিক ধাতু বা কয়লা, লবণ, মহার্ঘ রত্ন ইত্যাদি খুঁড়িয়া বাহির করিবার জন্য ভূগর্তে উৎখনন। এই উদ্দেশ্যে ভূগর্ভে বা ভূপৃষ্ঠে যে-সকল কাজ করা হয় এবং যে-সকল যত্ত্রপাতি বা উপায়ের সাহায্য লওয়া হয়, তাহাও ইহার অন্তর্ভুক। ৩. জলে বা স্থলে রক্ষিত বোমাবিশেষ, যাহা ব্যক্তি বা বস্তর সংস্পর্শে বিক্ষোরিত হয়।
- minerals n. খনিজ বি. কোনো বন্তু যাহা খনিতে উৎপন্ন হয় এবং ধাতব পদার্থ ধারণ করে। খনিজ বলিতে কাদামাটি, কঠিন ধূসর পাথর, চুনা পাথর ইত্যাদি পাথর অন্তর্ভুক্ত। ইটের মাটি, এঁটেল মাটিও খনিজ। লবণও খনিজ পদার্থ যদিও কোনো কোনো ক্ষেত্রে ইহা খনি হইতে উৎপন্ন না হইয়া প্রাকৃতিক উপায়ে বা ভূপৃষ্ঠে প্রস্তুত হয়। 'খনিজ' উক্তি দ্বারা আবশ্যকীয়ভাবে এইরূপ বুঝায় না যে উহা খনি হইতে বা ভূগর্ভ খনন করিয়া উন্তোলন করিতে হইবে। খনিজ এইরূপ পদার্থ যাহা প্রাণিজও নহে উদ্ভিজ্জও নহে। খনিজ বলিতে খনির কোনো স্তরে, তলদেশে বা শিলার আনুভূমিক

ሁኑን minister

ন্তরে একত্রে পড়িয়া থাকে, এইরূপ সকল খনিজ পদার্থ অন্তর্ভুক্ত। সাধারণত তাহা লাভের জন্য ব্যবহৃত হয় এবং স্বয়ং মূল্যবান। খনিজ পদার্থ কোনো খনি বা প্রস্তরক্ষেত্র হইতে উন্তোলিত বা মৃত্তিকার উপরিভাগে দৃশ্যমান শিলান্তরের অংশ হিসাবে যে-কোনোভাবে থাকিতে পারে। ১৯৭২ সালের বাংলাদেশ খনিজ অনুসন্ধান ও উন্নয়ন কর্পোরেশন আদেশের ২(চ) ধারা-অনুসারে, খনিজ অর্থ সকল খনিজ ও প্রাকৃতিক সম্পদ— যেমন কয়লা, চুনাপাথর, এটেলমাটি, বালু, ধাতব—লৌহঘটিত আকরিক, এবং অ-ধাতব খনিজ ও অন্যান্য প্রাকৃতিকভাবে উৎপন্ন পদার্থসহ সকল ধাতৃ কিংবা অধাতু যাহা উহার আদিরূপে কিংবা অর্থনৈতিক উদ্দেশ্যে প্রক্রিয়াজাত করিয়া ব্যবহৃত হইতে পারে। এতৎসহ mining lease দ্র.।

minimum term ন্যুনতম দওভোগ life imprisonment দ্ৰ. ।

minimum wage ন্যূনতম মজুরি একজন নিয়োগকর্তাকর্তৃক প্রদেয় ন্যূনতম পারিশ্রমিকের হার।

mining lease খনি ইজারা একজন ইজারাদারকে জমি হইতে খনিজ আহরণের অধিকার প্রদানপূর্বক খাজনার বিনিময়ে (যাহার পরিমাণ আহরিত খনিজের পরিমাণ বা মূল্য-অনুযায়ী কমবেশি হইতে পারে) একটি নির্দিষ্ট সময়পরিধির জন্য সম্পাদিত ইজারা।

minister n. মন্ত্রী বি. সংবিধানের ৫৬ অনুচ্ছেদ-অনুসারে, বাংলাদেশে (১) একজন প্রধানমন্ত্রী থাকিবেন এবং প্রধানমন্ত্রী যেরূপ নির্ধারণ করিবেন, সেইরূপ অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রী থাকিবেন: (২) প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীদিগকে রাষ্ট্রপতি নিয়োগ দান করিবেন: তবে শর্ত থাকে যে, তাঁহাদের সংখ্যার অন্যুন নয়-দশমাংশ সংসদ-সদস্যগণের মধ্য হইতে নিযুক্ত হইবেন এবং অনধিক এক-দশমাংশ সংসদ-সদস্য নির্বাচিত হইবার যোগ্য ব্যক্তিগণের মধ্য হইতে মনোনীত হইতে পারিবেন। (৩) যে সংসদ-সদস্য সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন বলিয়া রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হইবেন, রাষ্ট্রপতি তাঁহাকে প্রধানমন্ত্রী নিয়োগ করিবেন। (৪) সংসদ ভাঙ্গিয়া যাওয়া এবং সংসদ-সদস্যদের অব্যবহিত পরবর্তী সাধারণ নির্বাচন অনুষ্ঠানের মধ্যবর্তীকালে এই অনুচ্ছেদের (২) বা (৩) দফার অধীন নিযোগদানের প্রযোজন দেখা দিলে সংসদ ভাঙ্গিয়া যাইবার অব্যবহিত পর্বে যাঁহারা সংসদ-সদস্য ছিলেন, এই দফার উদ্দেশ্যসাধনকল্পে তাঁহারা সদস্যরূপে বহান রহিয়াছেন বলিয়া গণ্য হইবেন। মন্ত্রী বলিতে প্রধানমন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী সকলকেই বঝায়। মন্ত্রী সরকারি বিভাগ বা মন্ত্রণালয়ের প্রধান হিসেবে কাজ করেন। মন্ত্রীরা সংসদে সদস্যদের উত্থাপিত বিভিন্ন প্রশ্নের বিধিমোতাবেক উত্তর দেন। আবার যে-কোনো মন্ত্রী গুরুত্বপূর্ণ বিষয়ে বিবৃতি দিতে পারেন। তবে এজন্য ম্পিকারের অনুমতি গ্রহণ করিতে হয়। বিবৃতি প্রদানের সময়ে মন্ত্রী ওধু তাঁহার মন্ত্রণালয় ও সরকারের অবস্থান ব্যাখ্যা করেন, কোনো প্রশু উথাপন করিতে পারেন না। মন্ত্রিপরিষদ-শাসিত সরকার-ব্যবস্থায় প্রধানমন্ত্রী হইতেছেন প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রতিমন্ত্রী এবং উপমন্ত্রী মধ্যবর্তী পদমর্যাদার মন্ত্রী। প্রতিমন্ত্রীকে সাধারণত একজন পূর্ণ মন্ত্রীর কাজের চাপ ও দায়িত্ব কমাইবার লক্ষ্যে নিমৃক্ত করা হয়। প্রতিমন্ত্রী পূর্ণমন্ত্রীর অধীনে থাকিয়া কোনো বিভাগের অংশবিশেষের দায়িত্ব পালন করেন। কিন্তু সকল দেশে মন্ত্রণালয়ের প্রধানকে মন্ত্রী বলা হয় না। যুক্তরাট্রে অনেক ক্ষেত্রে তাঁহাকে বলা হয় সেক্রেটারি অফ স্টেট। যুক্তরাজ্যের পররাট্র মন্ত্রণালয়ের মন্ত্রীকে বলা হয় ফরেন সেক্রেটারি।

ministerial responsibilities মন্ত্রীদের দায়িত্ব সংসদের নিকট সামগ্রিকভাবে মন্ত্রিসভার এবং পৃথকভাবে মন্ত্রীদের স্ব স্ব সিদ্ধান্ত এবং তাঁহাদের বিভাগগুলির পরিচালনা সম্বন্ধে দায়িত্ব। একজন মন্ত্রীকে অবশ্যই তাঁহার মন্ত্রণালয়ের কর্মকর্তাদের আড়ালে আশ্রয় না লইয়া তাঁহার সিদ্ধান্তসমূহের সপক্ষে যুক্তি উপস্থাপন করিতে হইবে; অন্যথায় রাজনৈতিক চাপে তাঁহাকে পদত্যাগ করিতে হইতে পারে।

mini-trial n. সংক্ষিপ্ত বিচার বি. alternative dispute resolution দ্র.।

minor n. নাবালক বি. নাবালক বলিতে এমন ব্যক্তিকে বুঝাইবে, ১৮৭৫ সালের সাবালকত্ব আইন-অনুসারে যিনি সাবালকত্ব অর্জন করেন নাই। ১৯২৯ সালের বাল্যবিবাহ নিরোধ আইনে নাবালক বলিতে পুরুষের ক্ষেত্রে একুশ বছরের কম এবং মহিলার ক্ষেত্রে আঠারো বছরের কম বয়সের যে-কোনো ব্যক্তিকে বুঝাইবে। infant দ্র.।

minor interests গৌণ স্বার্থ ইংল্যান্ডে নিবন্ধীকৃত জমিতে যে-স্বার্থ নিবন্ধীকৃত বিলিব্যবস্থার দ্বারা সৃষ্টি বা হস্তান্তর করা যায় না, যাহা সর্বপ্রধান স্বার্থ নহে এবং যাহা নিবন্ধীকরণের দ্বারা সুরক্ষিত করা না হইলে একজন নিবন্ধীকৃত মালিক রহিত করিতে পারেন।

minority n. ১. নাবালকত্ব, অপ্রাপ্তবয়স্কতা বি. নাবালক অবস্থা। ২. সংখ্যালঘু বি.
ধর্মীয় বা নৃতাত্ত্বিক সংখ্যালঘু সম্প্রদায়। majority তু.।

minority clauses সংখ্যালঘু-সম্পর্কিত অনুচ্ছেদ রাষ্ট্রসমূহের মধ্যে সম্পাদিত চুক্তিতে নৃতাত্ত্বিক সংখ্যালঘু সম্বন্ধে বিশেষ বিধান-সংবলিত অনুচ্ছেদ।

minority protection সংখ্যালঘুর সুরক্ষা সংখ্যাগরিষ্ঠের নিয়মের অপব্যবহার ইইতে কোম্পানির সংখ্যালঘু সদস্যদের রক্ষা করিবার জন্য উদ্ভাবিত প্রতিকারসমূহ। ইহার অন্তর্ভুক্ত ন্যায্য ও ন্যায়পর অবসায়ন, অনুচিত ক্ষতির ভিত্তিতে প্রতিকার চাহিয়া আবেদন, পরোক্ষ মামলা বা প্রতিনিধিমূলক মামলা দায়ের এবং কোম্পানি সম্বন্ধে একটি তদন্ত যাচনা। ৬৮৩ mischief

Mint parity theory বিনিময়-হার নির্ধারণ তত্ত্ব দুইটি রাষ্ট্রের মধ্যে ঋণ বা রৌপ্যমুদ্রা-ব্যবস্থা বলবৎ থাকিলে যে-তত্ত্ব অনুযায়ী মুদ্রার বিনিময়-হার নির্ধারিত হয়।

- minutes n. কার্যবিবরণী বি. কোম্পানির সাধারণ সভা, পর্ষদীয় সভা এবং ব্যবস্থাপকদের সভায় সম্পাদিত কার্যাবলির লেখ্যপ্রমাণ। নিবন্ধীকৃত কোম্পানিগুলিকে এইরপ লেখ্যপ্রমাণ রাখিতে হয়। কোম্পানির সদস্যরা নিবন্ধীকৃত অফিসে সাধারণ সভাগুলির কার্যবিবরণী পরিদর্শন করিতে পারেন।
- misappropiation n. ভসক্রম্ফ বি. দণ্ডবিধির ৪০৩ ধারার ২ ব্যাখ্যায় বলা ইইয়াছে যে, যে-ব্যক্তি অপর কোনো ব্যক্তির দখলে নহে, এইরপ কোনো সম্পত্তি দেখিতে পান, এবং অনুরূপ সম্পত্তি উহার মালিকের পক্ষে সংরক্ষণ করিবার ও মালিকের নিকট প্রত্যর্পণ করিবার উদ্দেশ্যে গ্রহণ করেন, সেই ব্যক্তি উহা অসাধুভাবে গ্রহণ বা আত্মসাৎ করেন নাই এবং ৪০৩ ধারার অধীন অপরাধী নহেন। কিন্তু যে-ক্ষেত্রে মালিককে চিনিবার বা আবিক্ষার করিবার উপায় থাকে সেক্ষেত্রে, অথবা মালিককে আবিক্ষার করিবার বা মালিকের নিকট নোটিশ দিবার যুক্তিসংগত উপায় ব্যবহার করিবার পূর্বে এবং মালিককে উহার দাবি পেশ করিবার যুক্তিসংগত সময়ের জন্য উহা সংরক্ষণের পূর্বেই তিনি উহা নিজের ব্যবহারের জন্য আত্মসাৎ করেন সেক্ষেত্রে, তিনি তসক্রফের অপরাধের জন্য দায়ী। দণ্ডবিধির ৪০৩ ধারায় বলা হইয়াছে যে, যে-ব্যক্তি অসাধুভাবে কোনো অস্থাবর সম্পত্তি তসক্রফ বা আত্মসাৎ করেন বা তাঁহার নিজের ব্যবহারে পরিণত করেন সে-ব্যক্তি দুই বৎসর পর্যন্ত কারাদণ্ডে বা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত ইইবেন। দণ্ডবিধির ৪০৪ ধারায় কোনো ব্যক্তির মৃত্যুকালে তাঁহার দখলভুক্ত সম্পত্তি অসাধুভাবে তসক্রফের শান্তি বর্ণিত ইইয়াছে।
- misbehaviour n. অশোভন আচরণ, কদর্য আচরণ যে-আচরণ রীতিসম্বত নহে, যাহা একজন ভালো মানুষের নিকট হইতে প্রত্যাশিত নহে, এবং যাহার দ্বারা আচরণকারীর মন্দ স্বভাব প্রকাশিত হয়।
- miscarriage n. ১. বিচারবিপত্তি বি, বিচারের ব্যর্থতা কিংবা আইনপ্রয়োগের ব্যর্থতা। ২. গর্ভপাত বি. একটি স্বয়ংঘটিত গর্ভপাত অর্থাৎ যে-গর্ভপাত উদ্দিষ্ট ও প্রবর্তিত নহে।
- mischief n. অনিষ্টসাধন বি. দওবিধির ৪২৫ ধারায় বলা হইয়াছে যে, যদি কোনো ব্যক্তি জনসাধারণের বা কোনো বিশেষ ব্যক্তির অবৈধ লোকসান বা ক্ষতি করিবার অভিপ্রায়ে অথবা অনুরূপ লোকসান বা ক্ষতিসাধন করিতে পারেন বলিয়া জানিয়া কোনো সম্পত্তি নট করেন অথবা কোনো সম্পত্তিতে বা উহার অবস্থিতিতে এইরূপ পরিবর্তন সাধন করেন যাহাতে উহার মূল্য বা উপযোগিতা হ্রাস পায়, বিনষ্ট হয় বা উহা ক্ষতিকরভাবে আক্রান্ত হয়, সেই ব্যক্তি অনিষ্টসাধন করেন বলিয়া গণ্য হইবেন। দওবিধির ৪২৬ ধারা হইতে ৪৪০ ধারায় অনিষ্ট করিবার শান্তি বর্ণিত হইয়াছে।

mischief rule %58

mischief rule অপকার নিয়ম interpretation of statues দ্ৰ. ≀

misconduct n. অসদাচরণ বি. অনুচিভ বা ভ্রান্ত আচরণ wilful misconduct দ্র.।

misdelivery ভূল বিতরণ কোনো ধরনের ভ্রান্তি বা অসাবধানতার কারণে কোনো বন্ধূ ভূল জায়গায় পৌছাইয়া দেওয়া।

misdemeanor n. লঘু অপরাধ, অপকর্ম বি. ১. গুরুতর অপরাধ হইতে কম ভয়ানক অপরাধ যাহা সাধারণত জরিমানা, বাজেয়ান্তি, শর্ত-আরোপ, অধিকারহানি (কোনো স্থানে আটকাবস্থা) দ্বারা শান্তিযোগ্য। ইহা ক্ষুদ্র অপরাধ অথবা সংক্ষিপ্ত বিচারযোগ্য অপরাধ হিসাবেও অভিহিত হয়। felony তূ.।

misdescription n. মিখ্যাবর্ণনা বি. কোনো সম্পত্তি বিক্রয়র্থে প্রণীত চুজিতে ওই সম্পত্তির কোনো বিদ্রান্তিকর বা অযথার্থ ভৌত বা আইনঘটিত বর্ণনা। বিক্রেতা বিক্রয়-চুক্তির বর্ণনা-অনুযায়ী সম্পত্তি হস্তান্তর করিতে অপারগ হইলে একটি চুজিভঙ্গের উদ্ভব ঘটে, যাহার ফলে ক্রেতা নানপক্ষে ক্ষতিপূরণ দাবি করিবার অধিকারপ্রাপ্ত হন। মিথ্যাবর্ণনা সারভূত হইলে (অর্থাৎ যদি যুক্তিসংগতভাবে ধরিয়া লওয়া যায় যে, উহা ক্রেতার দিক হইতে চুক্তিবদ্ধ হইবার মূলভিত্তি), ক্রেতার বিরুদ্ধে বিক্রেতা চুক্তিটি বলবৎ করিতে অসমর্থ হইবেন। যদি চুক্তিটিতে এমন কোনো নিষ্কপট মিথ্যা বর্ণনা থাকে, যাহা সারভূত নহে, তাহা হইলে বিক্রেভা চুক্তিটি বলবৎ করিতে পারেন, তবে চুক্তিসম্বত মূল্য যথোপযোগীরূপে ব্রাসকরণসাপেক্ষে।

misfeasance n. অন্যথাকরণ বি. ১. কোনো বৈধ কার্য অসতর্কভাবে কিংবা অন্যথায় অনুচিতভাবে সম্পাদন। কোনো কার্য বিশেষ পদ্ধতিতে সম্পাদন করিবার দায়িত্ব থাকা সত্ত্বেও অন্য পদ্ধতিতে সম্পাদিত হইয়া থাকিলে তাহা এই পর্যায়ভুক্ত হয়। ২. (কোম্পানি আইনে) কোনো কোম্পানির কোনো কর্মকর্তার এমন কোনো আচরণ যাহা, বিশেষ করিয়া কোম্পানির পরিসম্পৎ সম্বন্ধে, বিশ্বাসভদ্ধ বা কর্তব্যভঙ্গের শামিল। malfeasance ও non-feasance তু.।

misfeasance summons অন্যথাকরণ সমন কোনো কোম্পানির ব্যবসা গুটাইয়া ফেলিবার সময়ে একজন উত্তমর্প, অংশদায়ী, অবসায়ক কিংবা সরকারি রিসিভার কর্তৃক আদালতে পেশকৃত একটি দরখান্ত। কোম্পানির যে-সকল কর্মকর্তা ও অন্যেরা কোম্পানির প্রতি বিশ্বাসাপ্রিত কর্তব্য বা অন্য কোনো কর্তব্য ভঙ্গের জন্য সন্দেহভাজন, তাঁহাদের আচরণ পরীক্ষা করিবার জন্য ইহার দ্বারা আদালতকে অনুরোধ করা হয়। কোম্পানির ক্ষতিপূরণের জন্য আদালত তাঁহাদের আদেশ প্রদান করিতে পারেন।

misgovernance n. অপশাসন বি. ২০০৫ সালের কর-ন্যায়পাল আইনের ২(খ) ধারায় অপশাসন-অর্থে নিম্নবর্ণিত কার্যাদি অন্তর্ভুক্ত করা ইইয়াছে : (১) কোনো সিদ্ধান্ত, প্রক্রিয়া, সুপারিশ বা কার্য করা বা না করা, যাহা (অ) সংশ্লিষ্ট আইন, বিধি বা প্রবিধানের পরিপন্থী; (আ) ন্যায়ভ্রষ্ট, স্বেচ্ছাচারী, অযৌক্তিক বা অন্যায়, পক্ষপাতযুক্ত বা বৈষম্যমূলক; (ই) অপ্রাসঙ্গিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত; (ঈ) অসৎ বা অসংগত উদ্দেশ্যে সংগঠিত, যেমন, উৎকোচ, দালালি, পক্ষপাতিত্ব, স্বজনপ্রীতি বা প্রশাসনিক ক্ষমতার অপব্যবহার: (২) প্রশাসনিক দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা প্রদর্শন করা, বিলম্ব করা বা অযোগ্যতা, অদক্ষতা ও অক্ষমতার পরিচয় দেওয়া; (৩) নিম্নবর্ণিত বিষয়াদি নিষ্পত্তির উদ্দেশ্যে অহেতুক নোটিশপ্রদান বা তনানিগ্রহণ প্রদায়িতকরণ - (অ) আয় বা সম্পদ নিরূপণ; (আ) কর বা গুল্কের দায় নির্ধারণ; (ই) পণ্যের শ্রেণীবিন্যাস বা মৃল্যায়ন; (ঈ) কর বা শুল্ক রেয়াত বা প্রত্যর্পণের দাবি নিম্পত্তিকরণ; (উ) কর বা ভব্ক অব্যাহতির বিষয়াদি নির্ধারণ; (৪) কর বা ভব্ক রেয়াত বা প্রত্যর্পণের দাবি-নিম্পত্তিতে ইচ্ছাকত ভূল; (৫) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইতোমধ্যে নির্ধারিত কর বা ওল্ক প্রত্যর্পণের অর্থপরিশোধে উদ্দেশ্যমূলকভাবে বিলম্ব করা বা পরিশোধ না করা: (৬) যে-সকল ক্ষেত্রে কর বা তব্ধ পরিশোধে ব্যর্থতার বিষয় রেকর্ডদৃষ্টে প্রতীয়মান হয় না, সেসকল ক্ষেত্রে কর বা শুব্ধ আদায়ে জবরদন্তিমূলক পদ্ধতি অনুসরণ করা; এবং (৭) উপযুক্ত আপিল কর্তৃপক্ষ কর্তৃক যে-কর-কর্মচারীর মূল্যায়ন বা নিরূপণ-আদেশ প্রতিহিংসাপরায়ণ, খামখেয়ালিপূর্ণ, পক্ষপাতদুষ্ট বা ম্পষ্টত অবৈধ বলিয়া ঘোষিত হইয়াছে, সেই করকর্মচারীর বিরুদ্ধে শুঞ্চলামূলক ব্যবস্থাহণ না করা।

misjoinder of causes of action মামলার কারণসমূহের অপসংযোগ দেওয়ানি কার্যবিধির ২ আদেশের ৭ নিয়মে বলা হইয়াছে যে, ভ্রান্তভাবে মামলার কারণসমূহ একত্রীকরণ সম্পর্কে সকলপ্রকার আপত্তি সর্বাগ্রে প্রাপ্ত সূযোগে উত্থাপন করিতে হইবে এবং যে-ক্ষেত্রে বিচার্য বিষয় নির্ধারণ করা হয়, সে-ক্ষেত্রে বিচার্য-বিষয়-নির্ধারণের পূর্বে বা তৎকালে আপত্তি উত্থাপন করিতে হইবে। তবে আপত্তির কারণ যদি পরে উত্তব হইয়া থাকে, তবে এই নিয়মের ব্যতিক্রম করা চলিবে। অনুরূপ আপত্তি যথাসময়ে উত্থাপন করা না হইলে তাহা বর্জন করা হইয়াছে বলিয়া গণ্য হইবে। ২ আদেশের ৩ নিয়মে বলা হইয়াছে যে, বিপরীত কোনো বিধান না থাকিলে, বাদী একই বিবাদী বা বিবাদীগণের বিরুদ্ধে মোকদ্দমার কারণের সহিত যৌথভাবে স্বার্থসংশ্রিষ্ট হইলে একই মোকদ্দমায় মোকদ্দমার কারণসমূহ একত্রিত করিতে পারেন। যে-ক্ষেত্রে কোনো মামলায় কতিপয় কারণ একত্র করা হয়, সেক্ষেত্রে মোকদ্দমা দায়েরের তারিখে সমগ্র বিষয়বস্কুর মূল্য বা পরিমাণের উপর আদালতের এর্খতিয়ার নির্ভর করিবে।

- misjoinder of parties পক্ষসমূহের ভুল সংযুক্তিকরণ কোনো মামলায় পক্ষসমূহের অসংগত সংযুক্তিকরণ বা পক্ষভুক্তি। আধুনিক রীতি-অনুযায়ী ইহার ফলে মামলাটি বাতিল হইয়া যায় না, তবে সংশোধনের দ্বারা ইহা গুদ্ধ করা যাইতে পারে।
- misleading advertisement বিভ্রান্তিকর বিজ্ঞাপন যে-বিজ্ঞাপন উহার উদ্দিষ্ট ব্যক্তিদের কিংবা উহা যাঁহাদের নিকট পৌছে, তাঁহাদের প্রতারিত করিতে পারে এবং উহার প্রতারণামূলক প্রকৃতির দক্ষন ভোক্তাদের আচরণ প্রভাবিত করিতে পারে কিংবা তাঁহাদের অনিষ্টসাধন করে কিংবা কোনো প্রতিদ্দীর অনিষ্টসাধন করিতে পারে।
- mismanagement n. অব্যবস্থা, বেবন্দোবস্ত বি. অব্যবস্থা ও অমনোযোগ সমার্থক নহে। প্রথমটি সক্রিয়, অন্যটি নিদ্রিয়; প্রথমটি কার্যকরণ এবং অন্যটি বিচ্চৃতি বা কার্যাভাব সূচিত করে।
- mispleading n. ভূল আরজি-জবাব কোনো আরজি বা জবাবে কোনো সারভূত আবশ্যকীয় অভিযোগের অনুল্লেখ। আধুনিক রীতি-অনুযায়ী ইহা সাধারণ সংশোধনের দ্বারা শুদ্ধ করা যায়।
- misprision n. অপরাধগোপন বি. কোনো অপরাধ জ্ঞাপন করিবার ব্যর্থতা। পূর্বকালের গুরুতর অপরাধগোপনের অপরাধের স্থলে এক্ষণে অপরাধ-সংঘটনে আপস-মীমাংসার অপরাধ প্রতিস্থাণিত হইয়াছে। compounding an offence দ্রি.।
- misrepresentation n. মিখ্যাবর্ণন বি. চুক্তির লক্ষ্যে আলাপ-আলোচনার সূত্রে একপক্ষকর্তৃক অন্যপক্ষের নিকট কৃত তথ্য-সম্পর্কিত এমন কোনো অসত্য বিবৃতি, যাহা অন্যপক্ষকে চুক্তি-সম্পাদনে প্ররোচিত করে। আইন, মতামত বা অভিপ্রায়ের অসত্য বর্ণনা মিথ্যাবর্ণন বলিয়া গণ্য নহে: যাঁহার নিকট বর্ণনা করা হইতেছে তাঁহার জানামতে অসত্য কোনো তথ্যের বিবৃতি মিথ্যাবর্ণন নহে। অধিকত্ব বর্ণনার উদ্দিষ্ট ব্যক্তি যদি উহার উপর এমনভাবে নির্ভর না করেন যে, উহা চুক্তি-সম্পাদনে একটি প্ররোচনা হইয়া দাঁড়ায়, তাহা হইলে উহা মিথ্যাবর্ণন নহে। মিথ্যাবর্ণনের প্রতিকারের হেরফের হয় বর্ণনাকারীর অপরাধের মাত্রা-অনুযায়ী। চুক্তি আইনের ১৮ ধারা-অনুসারে, মিথ্যা বর্ণনার অর্থ এবং উহার অন্তর্ভুক্ত হইতেছে: (১) কোনো অসত্য তথ্য সম্পর্ক এমন সংবাদের ভিত্তিতে নিশ্চিত উক্তি, যে-সংবাদ উক্ত নিশ্চিত উক্তি সমর্থন করে না, যদিও উক্তিকারী তাহা সত্য বলিয়া বিশ্বাস করেন; (২) প্রতারণার অভিপ্রায়বিহীন কর্তব্যলম্ঞন, যাহা লব্ঞনকারী বা তাঁহার অধীন কোনো দাবিদারের পক্ষে লাভজনক, যাহা অন্যের বা তাঁহার অধীন কোনো দাবিদারের পক্ষে লাভজনক, যাহা অন্যের বা তাঁহার অধীন কোনো দাবিদারের স্বর্থের প্রতিকৃলে বিভ্রান্তিকর; (৩) কোনো চুক্তির বিষয়বস্তুর সারাংশ সম্পর্কে তাহা যত সরলভাবেই হউক না কেন, ক্রটি করিতে প্ররোচিত করা।

eb9 mistrial

missing person নির্বোক্ত ব্যক্তি মুসলিম আইনে যখন প্রশু উঠে, কোনো ব্যক্তি জীবিত না মৃত, এবং প্রমাণিত হয় যে, জীবিত থাকিলে সাধারণত যাঁহারা তাঁহার সংবাদ জানিতেন বা রাখিতেন, গত সাত বৎসর যাবৎ ওই ব্যক্তির কোনো খোঁজ বা অনুসন্ধানই তাঁহারা পান নাই, তখন সেই ব্যক্তি জীবিত আছেন, এই মর্মে কেহ দাবি করিলে উহা প্রমাণের দায়িত্ব তাঁহার উপর ন্যস্ত হইবে। মুসলিম আইনের এই বিধানের অনুরূপ বিধান সাক্ষ্য আইনের ১০৮ ধারায় আছে।

mistake n. ভূল বি. কোনো তথ্যগত বিষয় কিংবা আইনগত বিষয়ে ভূল বোঝাবৃঝি বা ভ্রান্ত বিশ্বাস। প্রথমটি তথ্যগত ভূল এবং দ্বিতীয়টি আইনগত ভূল। দেওয়ানি মোকদমায় চুক্তিসংক্রান্ত আইনের প্রশ্নে ভূলের বিশেষ গুরুত্ব রহিয়াছে। আইনগত ভূল চুক্তির বৈধতা ক্ষুণ্ন করে না, তথ্যগত অনেক ক্রটিও ভদ্রুপ। যদি কোনো তথ্যগত ক্রটি চুক্তির বৈধতা ক্ষুণ্ন করে, তাহা হইলে প্রথানুগ আইনে চুক্তিটি বাতিল বা বাতিলযোগ্য হইবে। চুক্তি আইনের ২০ ধারা-অনুসারে, যে-ক্ষেত্রে সম্মতি-সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য ভ্রমের অধীন, সেক্ষেত্রে সম্মতিটি বাতিল। সম্মতির বিষয়বস্তুর অন্তর্ভুক্ত কোনো জিনিসের মৃল্য সম্বন্ধে ভ্রন্ত ধারণা কোনো তথ্যগত ভ্রন্তির বিলয়া পরিগণিত হইবে না। চুক্তি আইনের ২১ ধারা-অনুসারে, বাংলাদেশে প্রচলিত কোনো আইন সম্পর্কে ভ্রমহেতু চুক্তি সম্পাদিত হইলে উহা বাতিলযোগ্য নহে। কিছু বাংলাদেশে বলবৎ নহে, এইরূপ কোনো আইন সম্পর্কে ভূল করিবার ফলাফল তথ্যগত ভূলের ফলাফলের সমতুল্য। চুক্তি আইনের ২২ ধারা-অনুসারে, চুক্তিতে অংশগ্রহণকারী কোনো পক্ষ কেবল উহার তথ্য সম্পর্কে ভ্রমের অধীন হইয়া চুক্তি করিয়া থাকিলে চুক্তিটি বাতিলযোগ্য নহে।

mistaken advice ভ্রমান্থক পরামর্শ আইনজীবীর ভ্রমান্থক পরামর্শ কোনো মামলার কোনো বিশেষ অবস্থায় তামাদি আইনের ৫ ধারার অর্থে বিলম্বমার্জনার যথেষ্ট কারণ বলিয়া গণ্য হইতে পারে, যদিও নিশ্চিতভাবে এইরূপ কোনো সাধারণ মতবাদ নাই যাহাতে ভূল পরামর্শের ক্ষতি হইতে পক্ষগণ রক্ষা পাইতে পারে।

mistake of fact তথ্যঘটিত ভূল তথ্য সম্পর্কে এমন ভূল যাহা আইনঘটিত ভ্রান্তি নহে।

mistake of law আইনঘটিত ভূল কোনো কার্য, লেনদেন বা বিরাজমান অবস্থার আইনগত পরিণাম বা তাৎপর্য সম্বন্ধে ভূল কিংবা আইনের প্রশ্নসম্পর্কিত ভ্রান্তি।

mistakes in judgment রায়ে ভুল slip rule দ্র.।

mistrial n. বিচারবিভ্রাট, ভ্রান্তবিচার বি. যে-বিচার কোনো মৌলিক ক্রটির কারণে অকার্যকর। Mitakshara n. মিতাক্ষরা বি. একাদশ শতাব্দীর শেষার্ধে বিজ্ঞানেশ্বর রচিত যাজ্ঞবন্ধ্য-সংহিতার টীকা। ইহাকে শৃতির ধারাবাহিক ব্যাখাও বলা হয়। যে-সবল নীতি বা আইনগত প্রশ্নে জীমৃতবাহন-রচিত দায়ভাগ বস্তুত নীরব, সেখানে মিতাম্বরা মতবাদ সর্বত্র প্রযোজ্য।

mitigation n. ১. দণ্ডলাঘব বি. কোনো শান্তির কঠোরতা লাঘবকরণ। কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত ব্যক্তি সম্পর্কে দণ্ডাজ্ঞা উচ্চারিত হইবার পূর্বে, বিবাদী পক্ষ শান্তির কঠোরতা ব্রাস করিবার নিমিত্ত কারণ দর্শাইয়া একটি দওলাঘবের অজ্বহাত পেশ করিতে পারে। এইসব কারণের মধ্যে দোষী ব্যক্তির ব্যক্তিগত বা পারিবারিক পরিস্থিতি সম্পর্কে বক্তব্য থাকিতে পারে এবং বাদীপক্ষকর্তৃক উত্থাপিত তথ্যের সত্যতা সম্বন্ধেও বিবাদীপক্ষ প্রশ্ন উত্থাপন করিতে পারে। ২. শম্কুকরণ বি. টর্ট বা পূরণযোগ্য ক্ষতি অথবা চুক্তিভঙ্গজনিত ক্ষতি বা অনিষ্ট ব্রাসকরণ। ক্ষতিপূরণ দাবি করিবার সময়ে তাঁহার ক্ষতিলাঘব করিবার নিমিত্ত যুক্তিসংগত সকল পদক্ষেপ গ্রহণ করা ক্ষতিগ্রস্ত পক্ষের একটি কর্তব্য।

mixed action মিশ্র মামলা থে-ধরনের মামলায় ভূসম্পত্তি-সম্পর্কিত একটি দাবির সহিত ক্ষতিপুরণের একটি দাবি একত্র করা হয়।

mixed fund মিশ্র তহবিল স্থাবর সম্পত্তি ও ব্যক্তিগত সম্পত্তির বিক্রয়লব্ধ তহবিল।

mixed presumption মিশ্র অনুমান যে-মিশ্র অনুমান এমন কতকগুলি ধারণার সমবায়ে গঠিত, যাহা শক্তি, গুরুত্ব, এবং পৌনঃপুনিক ব্যবহারের দ্বারা যেন আইনি পর্যবেক্ষণের তুল্য হইয়া উঠে এবং বিচারকগণকর্তৃক প্রায়শ সুপারিশকৃত এবং জুরি কর্তৃক অনুসৃত হইবার ফলে কালক্রমে আদালতের নিকট আইনি প্রাক্প্রত্যয়ের ন্যায় পরিচিতি লাভ এবং প্রায় তাহার সমান গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে।

mixed property মিশ্র সম্পত্তি একাধারে স্থাবরসম্পত্তি ও ব্যক্তিগত সম্পত্তির কিছু কিছু কম্পতিনিষ্ট সম্পত্তি। কর্ষণজাত ফসল এইরূপ সম্পত্তির একটি দৃষ্টান্ত।

mock auction নিলামকল্প বি. যে-নিলামে (১) কোনো দ্রব্যসন্তারের জন্য কে? ব্যক্তির উচ্চতম ডাক হইতে কমমূল্যে উহা ওই ব্যক্তির নিকট বিক্রয় করা হয়; (, মূল্যের অংশবিশেষ ডাককারীকে ফেরত দেওয়া হয় কিংবা তাঁহার হিসাবে জমা করা হয়; (৩) যাঁহারা এক বা একাধিক সামগ্রী ক্রয় করিয়াছেন, নিলাম ডাকিবার অধিকার তাঁহাদের মধ্যে সীমিত করা হয়; এবং (৪) সামগ্রীসমূহ বিনামূল্যে কিংবা উপহার হিসাবে প্রদান করা হয়।

modus operandi কার্যপ্রণালি বি. কার্যসম্পাদনের পদ্ধতি বা ধরন। বিশেষত অপরাধসংক্রান্ত এমন স্বাতন্ত্র্যসূচক আচরণ যাহা তদন্তকারীগণ কোনো বিশেষ ব্যক্তির কাজ বলিয়া চিহ্নিত করেন।

- moiety n. অর্ধাংশ, ক্ষুদ্রাংশ বি. ১. কোনো কিছুর (যেমন, কোনো ভূসম্পত্তির) অর্ধেক অংশ। ২. অর্ধেকের কম কোনো অংশ; কোনো ক্ষুদ্র কর্তিতাংশ। ৩. শুব্দ আইনে বেআইনি বা নিষিদ্ধ পণ্য জব্দকরণ বা বাজেয়াপ্তকরণে সহায়তা করে এইরূপ তথ্যপ্রদানকারীকে দেয় পুরস্কার।
- molestation n. উৎপীড়ন বি. যে-আচরণ কাহারো স্বামী বা স্ত্রী (বা একত্রবাসীর) কিংবা সন্তানদের বিরক্তি বা ক্রেশ উৎপাদন করে কিংবা ওই উদ্দেশ্যে ওইরূপ বিরক্তি বা ক্রেশ উৎপাদন। এইরূপ আচরণের সহিত জোরজুলুম বা শারীরিক হামলা সম্পৃক্ত থাকিবার প্রয়োজন নাই; হয়রানিও (যেমন, পত্র বা টেলিফোনের দ্বারা হুমকি) উৎপীড়ন বলিয়া গণ্য ইইতে পারে।
- money bill অর্থ-বিল ইংল্যাভের সংসদের শিকারের অভিমতে, যে-বিলে গুধুমাত্র করারোপ, সংযুক্ত তহবিল, সরকারি অর্থ, রাষ্ট্রকর্তৃক ঋণগ্রহণ ও পুনরর্পণ এবং এইসকল বিষয়ের সঙ্গে সংখ্রিষ্ট বিষয় রহিয়াছে। বাংলাদেশের সংবিধানের ৮১(১) অনুচ্ছেদ-অনুসারে 'অর্থ-বিল' বলিতে কেবল নিম্নলিখিত বিষয়সমূহের সকল বা যে-কোনো একটি সম্পর্কিত বিধানাবলি-সংবলিত বিল বুঝাইবে: (ক) কোনো কর আরোপ, নিয়ন্ত্রণ, রদবদল. মওকুফ বা রহিতকরণ; (খ) সরকারকর্তৃক ঋণগ্রহণ বা কোনো গ্যারান্টিদান, কিংবা সরকারের আর্থিক দায়দায়িত্ব-সম্পর্কিত আইন সংশোধন; (গ) সংযুক্ত তহবিলের রক্ষণাবেক্ষণ, অনুরূপ তহবিলে অর্থপ্রদান বা অনুরূপ তহবিল হইতে অর্থ দান বা নির্দিষ্টকরণ; (ঘ) সংযুক্ত তহবিলের উপর দায় আরোপ কিংবা অনুরূপ কোনো দায় রদবদল বা বিলোপ; (৬) সংযুক্ত তহবিল বা প্রজ্ঞাতন্ত্রের সরকারি হিসাব বাবদ অর্থপ্রাপ্তি, কিংবা অনুরূপ অর্থ রক্ষণাবেক্ষণ বা দান, কিংবা সরকারের হিসাব নিরীক্ষা; (চ) উপরিউক্ত উপ-দফাসমূহে নির্ধারিত যে-কোনো বিষয়ের অধীন কোনো আনুষঙ্গিক বিষয়।
- money, cash n. অর্থ, নগদ বি. 'অর্থ' আদানপ্রদানের মাধ্যম হিসাবে ব্যবহৃত সকল কিছুর ক্ষেত্রে প্রযোজ্য; সীমিত অর্থে কেবল মুদ্রা বুঝাইতে 'নগদ' শব্দটি ব্যবহৃত হয়। ব্যাংকের নোটদ্বারা 'অর্থ' বুঝায়; অন্যদিকে পয়সা বা টাকার ধাতব মুদ্রাকে বিশেষভাবে নগদ বলা হয়। সূতরাং সকল নগদ 'অর্থ' হিসাবে গণ্য, কিন্তু সকল 'অর্থ' নগদ নহে।
- money, costs, charges and expenses অর্থ, খরচ, দায় ও ব্যয় আইনসভা কর্তৃক 'অর্থ, খরচ, দায় ও ব্যয়' উল্লেখ করিলে তাহার অর্থ— খরচ, দায় ও ব্যয়সহ যে-অর্থ পরিশোধ করিবার জন্য ডিক্রি বা আদেশ জারি করা হইয়াছে, যাহার পরিমাণ আদালতের কর্মকর্তা প্রচলিত পদ্ধতিতে নিরূপণ করিবেন।

money due სბი

money due পাওনা অর্থ যাহা প্রথা, সংবিধি বা আইন-অনুযায়ী পরিশোধযোগ।
অন্য কেহ যাহা দাবি, দখল ও মালিকানার অধিকারী। ইহাতে আইনত আদায়যোগ্য
অর্থ বুঝায় না; তামাদি হউক বা না হউক, সকল অর্থই ইহার অন্তর্ভুক্ত।

- money had and received প্রাপ্ত ও গৃহীত অর্থ পূর্বকালে আদালতে মামলা দায়ের করিবার হেতুবিশেষ। যে-অর্থ দাবিদারের অধিকারভুক্ত হওয়া উচিত, তাহা বিবাদীর দখলে থাকিলে (যেমন, কোনো প্রতিনিধিকে অর্থপ্রদান করা হইলে, তিনি যদি তাহা তাঁহার নিয়োজককে অর্পণ না করেন) ইহার উদ্ভব ঘটিত।
- money laundering মানি লন্ডারিং, টাকা সাফাই, অর্থশোধন বি. সংঘবদ্ধ বা অপরাধ-সম্ভূত অর্থ স্বাভাবিক বাণিজ্যিক মাধ্যমে প্রেরণ করিয়া উহা আইনসম্ভূত করণ। ২০০২ সালের মানি লন্ডারিং আইনের ২(ঠ) ধারা-অনুসারে, মানি লন্ডারিং অর্থ (অ) অবৈধ পস্থায় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আহরিত বা অর্জিত সম্পদের অবৈধ বা অবৈধ পস্থায় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আহরিত বা অর্জিত সম্পদের অবৈধ পস্থায় হস্তান্তর, রূপান্তর, অবস্থানের গোপনকরণ বা উক্ত কাজে সহায়তা করা।
- moneylender n. মহাজন বি. অর্থখণ প্রদান করা যে-ব্যক্তির ব্যবসা। ইংল্যাভের ১৯০০-২৭ সালের মহাজনি আইনে (Moneylender's Acts) মহাজনদের নিয়ন্ত্রণার্থে বিধান ছিল। ১৯৭৪ সালের ভোক্তা আইনের ব্যাপকতর বিধানসমূহ মহাজনি আইনের বিধানসমূহের স্থলবর্তী হইয়াছে। বাংলাদেশে ১৯৪০ সালের মহাজনি আইনদ্বারা মহাজনি ব্যবসা নিয়ন্ত্রণের বিধান করা হয়। উল্লেখযোগ্য বিধানগুলি হইতেছে মহাজনি ব্যবসা চালাইবার লাইসেন্স-গ্রহণের আবশ্যকতা, সুদের হার-নির্ধারণ ইত্যাদি।
- moneylender's loan মহাজনি ঋণ লিখিত বা মৌখিক চুক্তিবলে, জামানতসহ বা জামানত ব্যতিরেকে, টাকায় বা শস্যে বা শস্যবীজে পরিশোধ্য এমন ঋণ যাহা টাকায় পরিশোধ্র ক্ষেত্রে, আসল ঋণের ক্ষেত্রে বার্ষিক শতকরা বিশ টাকা বা তদ্র্ধ্ব হারে অতিরিক্ত অর্থসহ পরিশোধ্য, শস্য বা শস্যবীজে পরিশোধ্যের ক্ষেত্রে আমল ঋণের ক্ষেত্রে বাষ্বির্ক এক-পঞ্চমাংশ বা তদ্র্ধ্ব পরিমাণ অতিরিক্ত শস্য বা শস্যবীজসহ পরিশোধ্য।
- moneylending organization অর্থঋণ-সরবরাহকারী সংস্থা ২০০১ সালের সমবায় সমিতি আইনের ২(৩) ধারা-অনুসারে, এমন একটি সমবায় সমিতি যাহা উহার সদস্য হউক বা না হউক অন্য কোনো সমবায় সমিতিকে ঋণপ্রদানের জন্য গঠিত। সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপনদ্বারা অর্থ সরবরাহকারী ঘোষিত সংস্থাও এই সংজ্ঞার্থের অন্তর্ভুক্ত। এতৎসহ financial organization দ্র.।
- monism л. অদৈতবাদ বি. জাতীয় ও আন্তর্জাতিক আইন একই আইন-কাঠামোর

 অংশস্বরূপ এবং উক্ত কাঠামোতে আন্তর্জাতিক আইনই সর্বেসর্বা, এই মতবাদ।

- monitoring n. প্রত্যনুসরণ বি. নজরদারি। নিয়ন্ত্রণ ও উপযোজন; নিকট হইতে পর্যবেক্ষণ; নিয়মন ইত্যাদি।
- monopoly n. একচেটিয়া ব্যবসা যে-পরিস্থিতিতে কোনো একক প্রতিষ্ঠান বা ব্যবসায়ী একটি বিশেষ ধরনের ব্যবসায়ের একটি বৃহৎ অংশ নিয়ন্ত্রণ করেন।
- month n. মাস বি. পঞ্জিকার মাস বা চান্দ্র মাস। জেনারেল ক্লজেজ অ্যাষ্টের ৩(৩৩) ধারা-অনুসারে, মাস অর্থ বিটিশ পঞ্জিকা হিসাবে যে-মাস গণনা করা হয়।
- monument n. স্থৃতিনিদর্শন বি. কোনো ব্যক্তি বা ঘটনার স্থৃতিরক্ষার্থে পরিকল্পিত বা নির্মিত কোনো বস্তু।
- moot n. ছন্মবিচার বি. ভবিষ্যতে ওকালতি করিবার জন্য অনুশীলন হিসাবে প্রায়ই বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ ও ইংল্যান্ডের ইন্স অফ কোর্টগুলিতে আয়োজিত কৃত্রিম বিচারানুষ্ঠান। প্রস্তুতিগ্রহণের জন্য ছাত্রদের নিকট একটি কাল্পনিক মামলা উপস্থাপন করা হয় এবং অতঃপর বিচারসভায় বিচারকগণের সম্মুখে পক্ষে বা বিপক্ষে যুক্তি তর্ক পেশ করা হয়।
- morality n. নৈতিকতা বি. এইরূপ বৈশিষ্ট্য বা ঘটনা যাহা মানবীয় আচরণের যথাযথ আদর্শের অনুরূপ বা ওইরূপ আদর্শ হইতে উদ্ভূত হয়। সামগ্রিকভাবে কোনো দেশের সমাজের সঠিক চিন্তাচেতনাসম্পন্ন সদস্যগণকর্তৃক স্বীকৃত ন্যায় ও অন্যায় সম্পর্কিত ধারণাই হইল 'নৈতিকতা'।
- moral law নৈতিক আইন নৈতিকতা বা ধর্মবিশ্বাসের দরুন কোনো ব্যক্তি প্রায়শ নিজেকে যে-সকল বিধানের অধীন বলিয়া অনুভব করেন। এতৎসহ canon law ও natural law দ্র.।
- moral turpitude নৈতিক শ্বলন নৈতিকভাবে ফৌজদারি অপরাধ যাহা অন্যান্য অপরাধ হইতে ভিন্ন। ন্যায়বিচ্চার, সততা, নীতি ও উত্তম নৈতিকতার বিপরীত যেকানো কর্ম; হীন বা ঘৃণার্হ কাজ করা কিংবা মানুষ হিসাবে অন্য মানুষ, সহকর্মী বা বদেশবাসীর প্রতি করণীয় ব্যক্তিগত ও সামাজিক কর্তব্য অবহেলা করা; মানুষে-মানুষে অধিকার ও কর্তব্যসংক্রান্ত স্বীকৃত ও প্রথাগত রীতিবিক্লদ্ধ কাজ করা। কোনো দওপ্রাপ্ত ব্যক্তি নৈতিক শ্বলনজনিত অপরাধ করিয়াছিল কি না তাহা মামলার ঘটনার বিশ্লেষণ ছাড়া সাব্যস্ত করা যায় না। বাংলাদেশের সংবিধানের ৬৬(২)(ঘ) অনুচ্ছেদ-অনুসারে, নৈতিক শ্বলনজনিত কোনো ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূদ দুই বৎসরের কারাদণ্ডে দণ্ডিত কেহ তাঁহার মুক্তিলাভের পর পাঁচ বৎসরকাল অতিবাহিত না হইলে সংসদের সদস্য নির্বাচিত হইতে পারিবেন না।

mortgage n. বন্ধক বি. কর্জ বা ঋণ পরিশোধের জন্য জামানতের একটি রপ হিসাবে সৃষ্ট সম্পত্তিতে কোনো স্বার্থ বা শরিকানাবিশেষ। জামানত দিয়া যিনি ঋণ্মহণ করেন, তিনি বন্ধকদাতা; যে-ঋণদাতা অর্থ প্রদান করেন, তিনি বন্ধকগ্রহীতা। কার্যত যে-কোনো সম্পত্তি বন্ধক দেওয়া যাইতে পারে (যদিও জমিই সর্বাধিক প্রচনিত); সরকারি কর্মকর্তাদের বেতন ইহার ব্যতিক্রম।

mortgage action বন্ধকি মামলা বন্ধক-অনুযায়ী পাওনা অর্থ পরিশোধ করিতে বন্ধকদাতা ব্যর্থ হইলে বন্ধকি সম্পত্তির দখল কিংবা পাওনা অর্থ আদায়ের জন্য বন্ধকগ্রহীতা কর্তৃক আনীত মামলা।

mortgage deed বন্ধকি দলিল সম্পতি-হন্তান্তর আইনের ৫৯ ধারা-অনুসারে, যেক্ষেত্রে বন্ধকের আসল মূল্য একশত টাকা বা তাহার বেশি, সেক্ষেত্রে দলিল জমা
দেওয়া বন্ধক ব্যতীত অন্যান্য বন্ধক কেবল দাতাকর্তৃক স্বাক্ষরিত ও দুইজন সাক্ষী
কর্তৃক প্রত্যয়িত রেজিন্ত্রি দলিলদ্বারাই সম্পাদন করা যাইতে পারে। যে-ক্ষেত্রে
বন্ধকের আসল মূল্য একশত টাকার কম সেক্ষেত্রে উপরিউজরপে অথবা অমিশ্র
বন্ধক ব্যতীত সম্পত্তির দখল অর্পণদ্বারা বন্ধক কার্যকর হইবে। ১৯৫০ সালের রাষ্ট্রীয়
অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৯৫ ধারা-অনুসারে, প্রত্যেক খাইখালাসি বন্ধক
রেজিন্ত্রি দলিলদ্বারা করিতে হইবে, অন্যথায় উহা বাতিল বলিয়া গণ্য হইবে। ওই
আইনের ফলে খাইখালাসি বন্ধক ছাড়া কৃষি জমির অন্য কোনোরূপ বন্ধক আইনত
চলিতে পারে না।

mortgagee n. বন্ধকথহীতা বি. mortgage দ্ৰ.।

mortgage usufructuary খাইখালাসি বন্ধক যে-ঋণ সুদসহ নির্দিষ্ট সময়ের মধ্যে মহাজনের নিকট বন্ধক দেওয়া খাতকের জমির আয়-উপস্বত্বের দ্বারা পরিশোধিত হয় সেই শর্তের বন্ধক। কৃষিজমির ক্ষেত্রে রাষ্ট্রীয় অধ্বিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৯৫ক ধারা-অনুসারে, জমি ফেরত দেওয়ার চুক্তিমূলে বিক্রয়সহ যে-কোনোপ্রকার হস্তান্তরমূলে প্রহীতা তাঁহার দেয় পণের টাকার পরিবর্তে নির্দিষ্ট সময়ের জন্য ওই জমি দখল করিবার ও তাহার উপস্বত্ব ভোগ করিবার অধিকারী হইলে, হন্তান্তরযোগ্য দলিলে যাহাই থাকুক না কেন, তাঁহাকে সাত বৎসর অনুর্ধ্ব কালের জন্য খাইখালাসি বন্ধক বলিয়া গণ্য করিবার বিধান করা হইয়াছে এবং তদ্রুপ খাইখালাসি বন্ধকের বেলায়ও সংশোধিত ৯৫ ধারার বিধান প্রযোজ্য হইবে বলিয়া বিধান করা হইয়াছে।

mortgagor n. বন্ধকদাতা বি. mortgage দ্ৰ.।

mosque n. মসজিদ বি. মুসলিম আইন-অনুসারে কোনো মসজিদে ইবাদত করিবার অধিকার একটি আইনগত অধিকার এবং এই অধিকার ব্যাহত হইলে একজন মুসলমান আদালতে উহার প্রতিকার প্রার্থনা করিবার অধিকারী হইবেন। আল্লাহ্র নামে উৎসগীকৃত মসজিদে সবধরনের মুসলমানের প্রবেশাধিকার ও তাঁহার নিজ শ্রেণীর রীতি-অনুযায়ী ইবাদতের অধিকার থাকিবে।

motherboard n. মাদারবোর্ড বি. পোষিকা বোর্ড। কম্পিউটারের প্রধান বোর্ড, যাহাতে সকল বর্তনী সংলগ্র থাকে।

motion n. আবেদন বি. একটি আদেশের জন্য প্রকাশ্য আদালতে বিচারকের নিকট
মৌখিকভাবে পেশকৃত নিবেদন। বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে
কতিপয় বিষয়ে— যেমন রিট আবেদনপত্র, রিভিশনের আবেদনপত্র ইত্যাদি—
সপ্তাহের নির্দিষ্ট কর্মদিবসে মৌখিক নিবেদনের মাধ্যমে উত্থাপন করিতে হয়। এই
পদ্ধতিকে আদালতে মোশান বা আবেদন বলা হয়।

motive n. প্রণোদনা বি. একটি কার্যক্রমের পশ্চাতে যে-উদ্দেশ্য থাকে। প্রণোদনা সাধারণত দোষ বা নির্দোষতা নির্ণয়ের ক্ষেত্রে প্রাসঙ্গিক নয় (যেমন, কোনো ব্যক্তিকে যন্ত্রণামুক্ত করিবার জন্য হত্যা করা হইলে ইহা খুন বা নরহত্যা বলিয়াই গণ্য হইবে), যদিও মানহানিকর রচনা-বিষয়ক অপরাধে ইহার কিছুটা প্রাসঙ্গিকতা থাকিতে পারে। আইনগত দোষ-নির্ধারণেও অসৎ প্রণোদনা প্রাসঙ্গিক নহে। তবে দোষী সাব্যস্ত হইবার পর শান্তিলাঘবের একটি কারণ হিসাবে সৎ প্রণোদনা উল্লেখ করা যাইতে পারে এবং বিবাদী যে-অভিযোগের বিষয়ীভূত অপরাধ সংঘটিত করিয়াছে, অসৎ প্রণোদনা তাহার একটি পারিপার্শ্বিক প্রমাণস্বরূপ হইতে পারে।

motor car মোটরগাড়ি বি. motor vehicle দ্র.।

motor cycle মোটর-সাইকেল বি. motor vehicle দ্র.।

motoring offences মোটরচালনা-সংক্রান্ত্র অপরাধ offences relating to road traffic দ্র.।

motor insurance মোটর-বিমা বি. third-party insurance দ্র.।

motor vehicle মোটরযান বি. যান-চলাচল আইনের প্রয়োজনার্থে সড়কপথে ব্যবহারের জন্য উদ্দিষ্ট বা অভিযোজিত কোনো যন্ত্রচালিত যানবাহন। মোটরগাড়ি (বোঝা বা অনধিক সাতজন আরোহী বহনের জন্য পরিকল্পিত, বোঝাব্যতীত অনধিক ৩ টন ওজনবিশিষ্ট যানবাহন) এবং মোটর-সাইকেল (অনধিক ৮ হন্দর ওজন ও অনধিক ৩ চাকাবিশিষ্ট যানবাহন) ইহার অন্তর্ভুক্ত।

motorway driving মোটরসড়কে যানবাহন-চালনা মোটরসড়কে যানবাহন-চালনা সম্বন্ধে জনপথ-বিধিতে (highway code) বর্ণিত বিধানসমূহ লঙ্মন করা দণ্ডনীয় অপরাধ। motwalli ৬৯৪

motwalli n. মোতওয়াল্লি বি. mutawalli দ্ৰ.।

mouza n. মৌজা বি. ক্যাডাফ্রাল জরিপের সময়ে প্রতি থানা এলাকাকে অনেকংনি
এককে বিভক্ত করিয়া তাহার ক্রমিক নম্বর দিয়া জরিপ করা হইয়াছে। থানা এলাকার
তদ্রেপ প্রত্যেকটি একককে মৌজা বলে। এক অথবা একাধিক গ্রাম অথবা পাড়া লইয়া
একটি মৌজা গঠিত হয়।

movable property অস্থাবর সম্পত্তি ১৮৯৭ সালের জেনারেল ক্লজেজ আইনের ১(৩৪) ধারা-অনুসারে, অস্থাবর সম্পত্তি অর্থ স্থাবর সম্পত্তি ব্যতীত যে-কোনো বর্ণনার সম্পত্তি। ওই আইনের ৩(২৫) ধারায় স্থাবর সম্পত্তির সংজ্ঞার্থ দেওয়া হইয়ছে। দেওয়ানি কার্যবিধির ২(১৩) ধারা-অনুসারে, অস্থাবর সম্পত্তি বলিতে জমিতে অবহিত ফসলও বুঝায়। রেজিস্ট্রেশন আইনের ২(৯) ধারায় অস্থাবর সম্পত্তি বলিতে দগ্যয়মান বৃক্ষ, মাঠের ফসল এবং ঘাস, গাছের ফল ও রস এবং স্থাবর সম্পত্তি ছাড়া অন্যান্য সকলপ্রকার সম্পত্তি বুঝাইবে। দওবিধির ২২ ধারায় বলা হইয়াছে যে, 'অস্থাবর সম্পত্তি' শব্দসমূহ জমি এবং ভূমির সহিত সংযুক্ত বা ভূমির সহিত সংযুক্ত এইরূপ কোনো কিছুর সহিত স্থায়ীভাবে আবদ্ধ বস্তু ব্যতিরেকে প্রত্যেক বর্ণনার শরীরী সম্পত্তি বুঝাইবে।

- movables n. অস্থাবর বন্তু, জমি এবং জমিতে দৃঢ়নিবন্ধ সামগ্রীসমূহ (অর্থাৎ স্থাবর সম্পত্তি) ভিন্ন অন্যান্য বাস্তব সম্পত্তি। জেনারেল ক্লজেজ অ্যাক্টের ৩(৩৪) ধারা-অনুসারে, অস্থাবর সম্পত্তি অর্থ স্থাবর সম্পত্তি ব্যতীত যে-কোনো বর্ণনার সম্পত্তি।
- mudaraba n. মুদারাবা বি. ১৯৯১ সালের ব্যাংক কোম্পানি আইনের ৫ ধারার উপধারা-অনুসারে ইহা এমন চুক্তি যাহার শর্তানুসারে ইসলামি শরিয়ত মোতাবেক পরিচালিত কোনো ব্যাংক কোনো কিছুতে মূলধন জোগান দেয় এবং গ্রাহক উহাতে দক্ষতা, প্রচেষ্টা, শ্রম ও প্রজ্ঞা নিয়োজিত করে।
- Muhaddis and Faqih মুহাদ্দিস এবং ফব্লিহ হাদিস ও ফিকহ্-বিশেষজ্ঞ। শরিয়ত আইনের ব্যাখ্যাতা, ফতোয়া-দানকারী বা ধর্মীয় বিষয়ে নির্দেশদাতা।

Muhammad ibn Ash-Shafee মুহম্মদ ইবনে আশ-শাফিয়ি (৭৬৭-৮২০ খি.)
শাফিয়ি ছিলেন রসুলুল্লাহর পিতামহ আবদুল মোন্তালিবের বংশধর। প্যালেন্টাইনে
তাহার জন্ম হয়। আইন ও হাদিসের শিক্ষা তিনি গুধু মালিক ইবনে আনাসের নিকটই
গ্রহণ করেন নাই, আরু হানিফার শিষ্য মুহম্মদ এবং আরো অনেকের নিকট হইতে
গ্রহণ করিয়াছিলেন। অতি বাল্যবয়সে তাঁহার মধ্যে প্রতিভার স্কুরণ দেখা যায়।
যৌবনকালেই তিনি আইনতত্ত্ব সম্পর্কে বক্তৃতা দিতে শুরু করেন। অচিরে তাঁহার
খাতি দূরদূরান্তে বিস্তৃত হয় এবং তাঁহার প্রচারিত আইনের সূত্র গৃহীত হইতে থাকে।
তাঁহার প্রতিষ্ঠিত মজহাবের নাম শাফিয়ি মজহাব। সংখ্যার দিক হইতে তাঁহার
মজহাবপন্থীদের স্থান হানাফিদের নিম্নে কিন্তু অন্য মজহাবপন্থীদের উর্ধের। বিচারের
ভারসাম্যরক্ষা এবং অতিমতে মধ্যপথগ্রহণ, এই দুই নীতি ছিল তাঁহার বৈশিষ্ট্য।
ইসলামি আইন-নির্ধারণে হাদিসের যে-সর্বোচ্চ গুরুত্ব, তাহা তিনি প্রতিষ্ঠা করেন।
তাঁহার মতে, হাদিস বা সুন্নাহ কোরানকে ব্যাখ্যা করে এবং হাদিস ব্যতীত কোরান
বুঝিতে পারা সম্ভব নয়। তিনি অবশ্য হাদিসের সত্যতানিরূপণের ক্ষেত্রে কোনোশৈথিল্যকে প্রশ্রয় দিতেন না। তাঁহার শিক্ষাগুরু মালিকের চাইতে তিনি কিয়াসের
ব্যবহার অধিক করিতেন। ইজমার প্রয়োগের ক্ষেত্রেও তিনি উদার ছিলেন।

multicraft union বহুবৃত্তিক সংঘ বিভিন্ন শিল্প-কারখানায় কর্মরত শ্রমিকদের লইয়া গঠিত সংঘ।

multilateral adj. বহুমুখী বিণ, বহুদিগ্বিশিষ্ট।

multimedia adv. বহুমাধ্যমাত্মক বিণ. একটি পর্দায় পাঠ ছাড়াও শব্দ, ছবি ও চলচ্চিত্র ব্যবহার করে, এমন।

multiple admissibility বহুধা গ্রহণযোগ্যতা সাক্ষ্য আইনের এই মূলসূত্র যে,
সাক্ষ্যপ্রমাণ কোনো একটি উদ্দেশ্যে গ্রহণযোগ্য হইলে উহা অন্য কোনো উদ্দেশ্যে
গ্রহণযোগ্য নহে— কেবল এই কারণে উহা প্রত্যাখ্যান করা যাইতে পারে না। তবে
ঘটনা-নির্ণেতাকে এই মর্মে নির্দেশ দেওয়ার প্রয়োজন হইতে পারে যে, যেসব প্রশ্নে
সাক্ষ্যপ্রমাণ গ্রহণযোগ্য নহে, সেইসব প্রশ্নে সিদ্ধান্তগ্রহণ করিবার সময়ে তিনি ওই
সাক্ষ্যপ্রমাণ বিবেচনা করিবেন না। এতৎসহ trier of facts দ্র.।

multiple agreement বহুধা চুক্তি ইংল্যান্ডের ১৯৭৪ সালের ভোক্তা ঋণ আইনঅনুযায়ী যে-চুক্তির শর্তাবলি এমন যে, (১) উহার অংশবিশেষ উক্ত আইনে উল্লিখিত
চুক্তিগুলির একটি শ্রেণীতে পড়ে এবং অন্য একটি অংশ অন্য কোনো শ্রেণীর মধ্যে
পড়ে, যাহা আইনে উল্লিখিত হইতে পারে বা না-ও হইতে পারে; কিংবা (২) উহার
অংশবিশেষ বা সমগ্র আইনে উল্লিখিত দুই বা ততোধিক শ্রেণীতে বিন্যস্ত। একটি

চুক্তির অংশবিশেষ আইনে উল্লিখিত কোনো শ্রেণীতে পড়িলে, উক্ত আইনের প্রয়োজনার্থে ওই অংশটি একটি পৃথক চুক্তি বলিয়া বিবেচিত হয়। একটি চুক্তি দুই বা ততোধিক শ্রেণীতে পড়িলে উহা আলোচ্য শ্রেণীগুলির প্রত্যেকটিতে একটি চুক্তি হিসাবে বিবেচনা করা হয়।

- multi-track n. বহু বিচারপ্রণালি ব্রিটিশ আইনে দ্রুত প্রণালিতে যেসব দাবি সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়, কোনো দাবি তাহার অপেক্ষা জটিল অথবা দাবির অঙ্ক উচ্চতর হইলে (১৫,০০০ পাউন্ডের অধিক) একটি দেওয়ানি মামলার জন্য যে-প্রণালি বরাদ্দ করা হয়। allocation ও fast track দ্র.।
- municipal law দেশীয় আইন আন্তর্জাতিক আইনের সহিত বৈপরীত্যক্রমে, কোনো রাষ্ট্রের জাতীয় বা অভ্যন্তরীণ আইন। এতৎসহ doctrine of incorporation, private law ও public law দ্র.।
- munition of war যুদ্ধোপকরণ বি. নৌপোত, বিমান, সামরিক যানবাহন, অন্ত্রশন্ত্র, গোলাবারুদ, বিক্ষোরক-প্রযুক্তি, কিংবা যুদ্ধে ব্যবহারের জন্য উদ্দিষ্ট বা অভিযোজিত অন্য যে-কোনো সামগ্রী, উপাদান বা প্রযুক্তি।
- murder n. খুন বি. যে-নরহত্যা আপতিক বা আইনসম্মত নয় এবং যাহা নিমথুন বা শিশুহত্যার শ্রেণীতে পড়ে না। খুনের জন্য দোষী মন প্রথাগতভাবে পূর্বকল্পিত অনিষ্টেচ্ছা হিসাবে পরিচিত এবং খুনের শান্তি যাবজ্জীবন কারাদও বা মৃত্যুদও। দওবিধির ৩০০ ধারা-অনুসারে, প্রথমত, ব্যতিক্রান্ত ক্ষেত্রসমূহ ব্যতীত, দওার্হ নরহত্যা খুন বিলয়া গণ্য হইবে, যদি যে-কার্যের ফলে মৃত্যু সংঘটিত হয়, সেই কার্যটি মৃত্যু-সংঘটনের অভিপ্রায়ে সম্পাদিত হয়; অথবা দ্বিতীয়ত, যদি ইহা এইরূপ দৈহিক জখম করিবার উদ্দেশ্যে সম্পাদিত হয়, যাহা যে-ব্যক্তির ক্ষতিসাধন করা হয়, তাঁহার মৃত্যু ঘটাইতে পারে বলিয়া অপরাধকারীর জানা থাকে; অথবা তৃতীয়ত, যদি কোনো ব্যক্তিকে দৈহিক জখম করিবার অভিপ্রায়ে ইহা সম্পাদিত হয় এবং অভীষ্ট দৈহিক জখমটির প্রকৃতি স্বাভাবিক গতিতে অনুরূপ মৃত্যু ঘটাইবার জন্য যথেষ্ট হয়; অথবা চতুর্থত, যদি উক্ত কার্যসম্পাদনকারী ব্যক্তি অবগত থাকেন যে, ইহা এত আসন্ন বিপজ্জনক যে, খুব সম্ভবত ইহা মৃত্যু ঘটাইবে অথবা এইরূপ দৈহিক জখম ঘটাইবে, যাহা মৃত্যু ঘটাইতে পারে এবং মৃত্যু-সংঘটনের বা পূর্বোক্ত জখম ঘটাইবার ঝুঁকি লইবার অজুহাত ব্যতিরেকেই অনুরূপ কার্য সম্পাদন করেন।
- murtad n. মুরতাদ বি, যে-ব্যক্তি ইসলাম ধর্ম গ্রহণ করিবার পর তাহা পরিত্যাগ করেন। কোরানে ইসলামত্যাগীকে কেবল পরকালের শান্তির ভয় প্রদর্শন করা ইইয়াছে। তাঁহাদের প্রতি আল্লাহর ফেরেশতা ও মানুষের অভিশাপ। যাঁহারা সত্য প্রত্যাখ্যান করেন এবং সত্য প্রত্যাখ্যানকারীরূপে যাঁহাদের মৃত্যু ঘটে তাঁহাদের পক্ষে

ሁእባ musharika

পৃথিবীপূর্ণ স্বর্ণ বিনিময়স্বরূপ প্রদান করা হইলেও কখনো তাহা কবুল করা হইবে না। সুরা বাকারার ২১৭ আয়াতের শেষাংশে বলা হইয়াছে যে, যাঁহারা তোমাদের স্বীয় ধর্ম হইতে ফিরিয়া যায় এবং সত্য প্রত্যাখ্যানকারীরূপে যাঁহাদের মৃত্যু হয়, ইহকাল ও পরকালে তাঁহাদের কর্ম নিক্ষল হইয়া যায়। ইমাম শাফিয়ি ইহাকে মৃত্যুদণ্ডের পক্ষে প্রধান প্রমাণরূপে উদ্ধৃত করেন। কোরানে মুরতাদের জন্য মৃত্যুদণ্ডের কোনো আদেশ বা কোনো নজির নাই। ফিকহু শাস্ত্রকারেরা সকলেই একমত যে, সাবালক ও সৃষ্ট মনের পুরুষ স্বেচ্ছায়, কোনো বলপ্রয়োগে বাধ্য না হইয়া, ধর্মত্যাগ করিলে তাঁহার শাস্তি হইবে মৃত্যুদণ্ড। সর্বপ্রকার পীড়ন, যেমন, আগুনে পুড়ানো, পানিতে ডুবানো, গলা টিপিয়া শ্বাসরোধ করা, শূলে চড়ানো এবং জীবিত অবস্থায় চামড়া ছাড়াইবার বিরুদ্ধেও মত রহিয়াছে। আফগানিস্তানে কাদিয়ানি বা আহমদিয়াদের প্রস্তরাঘাতে হত্যা করা হইত। ধর্মত্যাগীকে তওবা করার সুযোগ দেওয়া হইবে কি না, সে-বিষয়ে হাদিসে মতভেদ রহিয়াছে। অনেকে মনে করেন, মুরতাদকে বন্দি রাখিয়া তওবা করার সুযোগ দিতে হইবে। মুরতাদ হওয়ার পর ইসলামি আইন-অনুসারে কাহারো ধন-সম্পদ এবং ন্ত্রীর ওপর অধিকার থাকিবে না, স্ত্রী তালাক হইবে এবং সম্পত্তি রাষ্ট্রীয় অধিকারে যাইবে। পুরুষ ও নারীর শান্তির ব্যাপারে হানাফি ও শিয়াদের মধ্যে মতপার্থক্য রহিয়াছে। পরুষকে হত্যা এবং নারীকে তওবা না করা. পর্যন্ত বন্দি রাখিতে হইবে।

musharika n. মুশারিকা বি. ১৯৯১ সালের ব্যাংক-কোম্পানির ৫ ধারা-অনুসারে ইহা এমন চুক্তি যাহার অধীন কোনো কাজে মূলধনের এক অংশ ব্যাংক ইসলামি শরিয়ত-মোতাবেক পরিচালিত কোনো কিছুতে মূলধন জোগান দেয় এবং অপর অংশ musical work 5%

গ্রাহক জোগান দেন এবং যে-কাজের লাভ চুক্তিতে উল্লিখিত অনুপাতে এবং নোকসান মূলধন অনুপাতে বন্দিত হয়।

- musical work n. সংগীতকর্ম সুরসংবলিত কর্ম এবং উক্ত কর্মের স্বরনিপির পদ্ধতি ইহাতে অন্তর্ভুক্ত হইবে, কিন্তু কোনো কথা বা কাজকে গানের মাধ্যমে প্রকাশ বা সম্পাদন করা অন্তর্ভুক্ত হইবে না।
- Muslim ibn al-Hajjaj মুসলিম ইব্ন আল-হাজ্জাজ নিশাপুরবাসী মুসনিম ইব্ন আল-হাজ্জাজ (আ. ৮২১-৮৭৫ খ্রি.) আরব, মিসর, সিরিয়া এবং ইরাক প্রভৃতি দেশে ভ্রমণ করিয়া প্রায় তিন লক্ষ হাদিস সংগ্রহ করেন। তাঁহার সমসাময়িক বোধারির অপেক্ষা সংখ্যায় কমসংখ্যক হাদিস সংকলন করিলেও প্রামাণ্যতা বিচারে তাহা গুরুত্বপূর্ণ। তিনি তাঁহার গ্রন্থে হাদিসবিদ্যার একটি উপক্রমণিকা সংযোজন করেন। তাঁহার সংকলিত সহি মুসলিম প্রায় বোখারি শরিফের হাদিসের সমমর্যাদাসম্পন্ন।
- must vb., n. অবশ্যই ক্রি. বিণ. ভবিষ্যতে বা আন্ত বর্তমানে কোনো ক্রিয়ার বাধ্যবাধকতা বা প্রয়োজনীয়তা সূচিত করে। তবে শব্দটি অনেক সময়ে নির্দেশ, অনুমতি বা পরামর্শ সূচিত করিবার জন্য may বা 'পারে'-র সমার্থক রূপেও ব্যবহৃত হয়।
- mutation n. নামজারি বি, উত্তরাধিকার অথবা হস্তান্তর-সূত্রে জোতের জমিতে কেহ নতুন মালিক ইইলে তাঁহার নাম খতিয়ানভক্ত করা।
- mutatis mutandis প্রয়োজনীয় পরিবর্তনসহ পুজ্থানুপুল্প বর্ণনার ক্ষেত্রে প্রয়োজনীয় পরিবর্তনসহ। যেরূপ পরিবর্তন করা প্রয়োজন, সেইরূপ পরিবর্তনসহ।
- mutawalli

 ा. মৃতওয়াল্লি বি. মৃসলিম আইন-অনুসারে ওয়াক্ফ সম্পত্তির দেখাতনা ও পরিচালনার ভার যাঁহার উপর মৌখিকভাবে বা সাধনপত্রদ্বারা ন্যন্ত করা হয়। ওয়াক্ফ সম্পত্তিতে মৃতওয়াল্লির উপর কোনো অধিকার বর্তায় না, তিনি ওধুমাত্র দেখাতনা ও পরিচালনার ক্ষমতাপ্রাপ্ত হন। ওয়াক্ফকারী নিজে অথবা তাঁহার পুত্রকন্যা ও বংশধরগণকে অথবা অন্য কোনো ব্যক্তিকে এমনকী কোনো মহিলাকে অথবা কোনো অমুসলমানকেও ওয়াক্ফ সম্পত্তির মৃতওয়াল্লি নিয়োগ করিতে পারেন। তবে যে-ক্ষেত্রে মৃতওয়াল্লিকে ধর্মীয় দায়িত্ব পালন করিতে হয় যাহা কোনো মহিলা ও অমুসলমানের পক্ষে পালন করা সম্ভব নহে, সেক্ষেত্রে কোনো মহিলা বা অমুসলমান মৃতওয়াল্লি হইতে পারেন না। ওয়াক্ফ অধ্যাদেশ-অনুসারে, মৃতওয়াল্লি অর্থ মৌখিকভাবে অথবা ওয়াক্ফ সৃষ্টিকারী কোনো দলিল বা দন্তাবেজের অধীনে অথবা কোনো যোগ্য কর্তৃপক্ষ কর্তৃক কোনো ওয়াক্ফের মৃতওয়াল্লিরপে নিয়ুক্ত কোনো ব্যক্তি এবং অনুরূপ কোনো ওয়াক্ফ সম্পত্তির ব্যবস্থাপনা বা প্রশাসন

সাময়িকভাবে পরিচালনাকারী যে-কোনো ব্যক্তি বা কমিটিকে বুঝাইবে। ওয়াক্ফ সম্পত্তি ব্যবস্থাপনা বা প্রশাসনের জন্য ১৯০৮ সালের দেওয়ানি কার্যবিধির বিধানাবলি কিংবা ১৮৯৮ সালের ফৌজদারি কার্যবিধির ১৪৫ কিংবা ১৪৬ ধারা-মোতাবেক নিযুক্ত রিসিভার অথবা আপাতবলবৎ কোনো আইনের বিধানাবলি-অনুসারে কোনো ওয়াক্ফ সম্পত্তির ব্যবস্থাপনাকারী অভিনু ব্যবস্থাপক ওই অধ্যাদেশের অধীনে মৃতওয়াল্লি বলিয়া গণ্য ইইবেন। কৃষি সম্পত্তির ক্ষেত্রে তিন বৎসর এবং কৃষিভূমি নহে এমন সম্পত্তির ক্ষেত্রে এক বৎসরের অধিককাল পর্যন্ত ওয়াক্ফ সম্পত্তি ইজারাদানের ক্ষমতা মৃতওয়াল্লির নাই। ওয়াক্ফের প্রতিষ্ঠাতা কর্তৃক পারিশ্রমিকের ব্যবস্থা করা না হইলে আদালত মৃতওয়াল্লির পারিশ্রমিক নির্ধারণ করিতে পারেন। ওয়াক্ফ সম্পত্তি, মুতওয়াল্লির অধিকার ও দায়িত্ব ওয়াক্ফ অধ্যাদেশের বিধান-অনুসারে নিয়ন্ত্রিত ও পরিচালিত হয়।

mute adj. মৃক বিণ. standing mute দ্ৰ.।

mutiny n. সেনাবিদ্রোহ বি. সশন্ত্র বাহিনীসমূহের কিংবা তাহাদের সহযোগিতাকারী অন্য কোনো বাহিনীর আইনসমত কর্তৃপক্ষকে পরাহত বা প্রতিহত করিবার জন্য সশস্ত্র বাহিনীর কোনো সদস্যকর্তৃক এক বা একাধিক সদস্যের সহিত (অসামরিক ব্যক্তিরা জড়িত থাকুক বা না থাকুক) মিলিতভাবে সংঘটিত সশস্ত্র বাহিনীর আইন্বিরোধী একটি অপরাধ। কোনো অসামরিক ব্যক্তি জড়িত থাকিলে, তাঁহার আচরণ ফৌজদারি আইনের বিষয়ীভূত হইবে। জোটবদ্ধ হওয়ার উদ্দেশ্য যদি হয় শৃঙ্খলার পরিপন্থী পন্থায় আইনানুগ কর্তৃপক্ষকে অমান্য করা কিংবা শক্রের বিরুদ্ধে রণতৎপরতার সহিত সংশ্লিষ্ট কোনো কর্তব্য পরিহার করা কিংবা সামগ্রিকভাবে সশস্ত্র বাহিনীগুলিতে কিংবা তাহাদের সহিত সহযোগিতাকারী কোনো বাহিনীতে কোনো কর্তব্যানুষ্ঠানে ব্যাঘাত ঘটানো, তাহা হইলেও এই অপরাধ সংঘটিত হইবে।

mutual accounts পারস্পরিক হিসাব পারস্পরিক হিসাবের ক্ষেত্রে দুই পক্ষের কোনো নির্দিষ্ট একপক্ষকর্তৃক অর্থ গ্রহণ এবং অন্যের পক্ষে প্রদান করা বুঝায় না বরং উভয়পক্ষকর্তৃক একে অন্যের পক্ষে গ্রহণপূর্বক অন্যের পক্ষে প্রদান করা বুঝায়।

mutual association মিউচুয়াল অ্যাসোসিয়েশন ১৯৯৩ সালের আর্থিক প্রতিষ্ঠান আইনের ২(থ) ধারা-অনুসারে, যে-সঞ্চয়ী সংঘ কোনো মূলধন বা উক ইস্যু করে না এবং যাহার আমানতকারী ও ঋণগ্রহীতাগণ উহার মালিক ও নিয়ন্ত্রণকারী।

mutual company মিউচুয়াল কোম্পানি ১৯৯৩ সালের আর্থিক প্রতিষ্ঠান আইনের ২(দ) ধারা-অনুসারে, যে-সংস্থা মূলধনবিহীন এবং যাহার নিট মূনাফা ব্যবসায়িক কর্মকাণ্ডের অনুপাতে মালিক-গ্রাহকদের মধ্যে বন্টন করা হয়। mutual credits 900

mutual credits পারস্পরিক দেনা যে-পারস্পরিক দাবি অবশ্যই একটি শণে পরিসমাপ্তি লাভ করিবে।

mutuality of contract চুক্তির পারস্পরিকতা, চুক্তিতে পারস্পরিক সমতি
পারস্পরিকতা মতবাদের অর্থ হইল চুক্তিটি অবশ্যই পারস্পরিকভাবে, প্রভ্যেক্
পক্ষকর্তৃক অপর-পক্ষের বিরুদ্ধে, বনবংযোগ্য হইবে। পারস্পরিকভা সমতা কিংবা
একেবারে ঠিক ঠিক গাণিতিক ব্যবহার বুঝায় না। ইহার অর্থ এই যে, অন্যপক্ষের
বিরুদ্ধে চুক্তির অধীনে তাহার অধিকারসমূহ বলবং করিবার জন্য চুক্তিভুক্ত প্রভ্যেক
পক্ষের স্বাধীনতা থাকিবে।

mutual mistake পারম্পরিক ভুল একটি চুক্তির উভয় পক্ষই যদি একটি ভুল ধারণা
. পোষণ করে, তাহা হইলে ভুলটিকে উভয়ের একটি সাধারণ ভুল (অর্থাৎ দুইজনের
একই ভুল) কিংবা একটি পারস্পরিক ভুল (অর্থাৎ একে অপরকে ভুল বুঝা) বিদিয়া
বর্ণনা করা যাইতে পারে।

mutual wills পারস্পরিক ইচ্ছাপত্র পরস্পরকে হিত অর্পণপূর্বক সম্পাদিত ইচ্ছাপত্র, যাহা ইচ্ছাপত্রগুলি বাতিল করা যাইবে না, এইরূপ সম্মতির ভিত্তিতে দুই বা ততোধিক ব্যক্তি সম্পাদন করেন। আদালত পারস্পরিক ইচ্ছাপত্রটি কার্যকর করিবার জন্য সংশ্লিষ্ট সম্পত্তিটি পরোক্ষ ন্যাস হিসাবে উত্তরজীবীর অধিকারভুক্ত বলিয়া ঘোষণাপ্রদানপূর্বক চুক্তিটি বলবৎ করিবেন। দৃষ্টান্তস্বরূপ, স্বামী ও স্ত্রী চুক্তির দ্বারা পরস্পরকে সম্পত্তিপ্রদানপূর্বক ইচ্ছাপত্র সম্পাদন করিলেন এবং প্রত্যেকে এই বিধান করিলেন যে, অন্যজন তাঁহার পূর্বে মারা গেলে, সম্পত্তি ক-এর অধিকারভুক্ত হইবে; স্বামীর মৃত্যুর পর স্ত্রী খ-এর অনুকূলে একটি নৃতন ইচ্ছাপত্র সম্পাদন করিলে, গ্রীর মৃত্যুর পর আদালত আদি পারস্পরিক ইচ্ছাপত্র-অনুযায়ী ক-কে প্রদন্ত স্বার্থই কার্যকর করিবেন।

Nn

nadabinama না-দাবিনামা, না-দাবিপত্র কোনো সম্পন্তিতে কোনো ব্যক্তির স্বত্ব,
দখল বা দাবি নাই, এই মর্মে ঘোষণা করিয়া দলিল রেজিন্ত্রি করা যাইতে পারে। নাদাবিনামা সম্পাদনের পর দাতা না-দাবিনামার সম্পন্তি দাবি করিতে পারেন না। নাদাবি গুধুমাত্র পূর্বে বিক্রীত বা হস্তান্তরিত জমিতে না-দাবি সম্পাদনকারীর স্বত্ব বা
অধিকার নাই মর্মে ঘোষণাপত্র। ইহা এককভাবে কোনো হস্তান্তরিত দলিল নহে বলিয়া
জগ্রক্রয়ের মোকদ্দমা চলিবে না। Md. Arabullah v. Durga Prasad Tribedi
11 DLR 539 দ্র.।

naked agreement নগ্ন সমবোতা consideration দ্ৰ.।

naked trust উন্মুক্ত ন্যাস bare trust দ্ৰ.।

name n. নাম বি. যে-শব্দ বা প্রকাশভঙ্গি কোনো ব্যক্তি বা বস্তুকে শনাস্ক বা পরিচিত করে এবং অন্য ব্যক্তি বা বস্তু হইতে তাঁহাকে স্বতন্ত্রভাবে চিহ্নিত করে। এতৎসহ business name, surname ও change of name দ্র.।

namely adv. যথা, অর্থাৎ অব্য. ইহার দ্বারা পূর্ববর্তী পরিশব্দের অন্তর্ভুক্ত বিষয়কে নির্দেশ করা হয়। ইহা পূর্ববর্তী শব্দ, পদ বা বাক্যাংশের অন্তর্ভুক্ত বিষয়ের ব্যাখ্যাদান করে।

narcotic drugs নিঃসাড়তাজনক মাদক নেশা উদ্রেককারী বস্তু বা মাদকদ্রব্য । নিদ্রা, অসাড়তা বা সংজ্ঞাহীনতা সৃষ্টি করে, এইরূপ ঔষধ বা মাদক।

national anthem জাতীয় সংগীত সংবিধানের ৪ অনুচ্ছেদের ১ দফায় বন: হইয়াছে যে, 'প্রজাতন্ত্রের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা'র প্রথম দশ চরণ।' জাতীয় সংগীত-সম্পর্কিত বিধানাবলি আইনের দ্বারা নির্ধারিত হয়।

National Board of Revenue জাতীয় রাজস্ব বোর্ড সরকারের সামগ্রিক রাজস্ব-সংগঠনের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড প্রায় সকল প্রত্যক্ষ ও পরোক্ষ করের প্রশাসনিক দায়িত্ব পালন করে। প্রধান প্রত্যক্ষ করসমূহ হইল আয়কর, সম্পদকর এবং দানকর। অন্যদিকে, প্রধান পরোক্ষ করসমূহ হইল বহিঃশুল্ক, আবগারি গুল্ক, মূল্য-সংযোজন কর, টার্নওভার কর, সম্পূরক শুল্ক এবং অবকাঠামো উন্নয়ন অধিভার। ১৯৯০-২০০০ দশকের গড় হিসাব অনুসারে জাতীয় রাজস্ব বোর্ড বৎসরে মোট করের প্রায় ৯৩% এবং মোট রাজস্বের প্রায় ৮১% আদায় করিয়া থাকে। ইহা মাদক শুল্ক, ভূমি-রাজস্ব, national culture

অ-বৈচারিক স্ট্যাম্প বিক্রয়, নিবন্ধন এবং যানবাহন কর আদায় করে না। কর আদায় ছাড়া সরকারের রাজস্ব নীতি প্রণয়ন ও বাস্তবায়নে বোর্ড প্রধান ভূমিকা পালন করিয়া থাকে। ১৯৭২ সালের জাতীয় রাজস্ব বোর্ড আদেশ-অনসারে ১৯২৪ সালের কেন্দ্রীয় রাজস্ব বোর্ড আইন বাতিল ও প্রতিস্থাপন করিয়া ১৯৭২ সালে জাতীয় রাজ্য বোর্ড গঠিত হয়। অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব পদাধিকারবনে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান। চেয়ারম্যানকে সহায়তা করিবার জন্য রহিয়াছে, শুল্ক আবগারি ও মূল্য-সংযোজন কর ক্যাডারের চারজন সদস্য এবং আয়ব্র ক্যাডারের চারজন সদস্য। বোর্ডের প্রধান কাজ: প্রত্যক্ষ ও পরোক্ষ কর আদায়; কর-নীতি ও কর-আইন প্রণয়ন ও তাহার নিরবচ্ছিন্ন পুনর্স্ন্যায়ন; প্রত্যক্ষ ও পরোক্ষ কর-প্রশাসনের নিয়ন্ত্রণ তদারকি; রাজস্ব বাজেট প্রস্তুতকরণ, আন্তর্জাতিক সংস্থা ও দেশসমূহের সহিত সাধারণ সহযোগিতা চুক্তি, অনুদান ও ঋণসংক্রান্ত চুক্তি এবং করসংক্রান্ত চুক্তি সম্পাদনে সহায়তাপ্রদান; অর্পিত ক্ষমতাবলে শুব্ধ, আবগারি ও মূল্য-সংযোজন কর আইনের অধীনে রিভিশন মামলার নিষ্পত্তি করা এবং বিভিন্ন করের ক্ষেত্রে ছাড প্রদান: এবং চোরাচালান দমন, আমদানি-রপ্তানি নীতি বাস্তবায়ন, দেশীয় শিল্পের বিকাশ কিংবা বিদেশি বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে নীতি-প্রণয়নে সহায়তা প্রদান। ১৯৯৫ সালের অর্থ আইনবলে গুল্ধ, আবগারি ও মূল্য-সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল গঠিত হইবার পরে বহিঃশুব্ধ ও মূল্য-সংযোজন করসংক্রান্ত আপিল-মামলা বোর্ডের পরিবর্তে উক্ত ট্রাইব্যুনালে নিম্পন্ন হইয়া থাকে। ২০০৫ সালের কর-ন্যায়পাল আইনের ২(ঝ) ধারা-অনুসারে, কর, লেভি, ওন্ধ, সেস, ফিস-এবং সরকার-ঘোষিত অনুরূপ খাত হইতে রাজস্ব আদায়ের সহিত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পর্কিত বিষয়সমূহে সরকারের কার্যপরিচালনার জন্য দায়িত্পাঙ প্রশাসনিক ইউনিট এবং উক্ত ইউনিটের সকল অধন্তন অধিদপ্তর, কার্যালয় ও সংস্থাসমূহও ইহার অন্তর্ভুক্ত।

national culture জাতীয় সংস্কৃতি সংবিধানের ২৩ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, 'রাষ্ট্র জনগণের সাংস্কৃতিক ঐতিহ্য ও উত্তরাধিকার রক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণ করিবেন এবং জাতীয় ভাষা, সাহিত্য ও শিল্পকলাসমূহের এমন পরিপোষণ ও উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করিবেন, যাহাতে সর্বস্তরের জনগণ জাতীয় সংস্কৃতির সমৃদ্ধিতে অবদান রাখিবার ও অংশগ্রহণ করিবার সুযোগ লাভ করিতে পারেন।'

national emblem জাতীয় প্রতীক সংবিধানের ৪ অনুচ্ছেদের ৩ দফায় বলা ইইয়াছে যে, 'প্রজাতন্ত্রের জাতীয় প্রতীক ইইতেছে উভয় পার্ম্বে ধান্যশীর্ধবেষ্টিত, পানিতে ভাসমান জাতীয় পূষ্প শাপলা, তাহার শীর্ষদেশে পাটগাছের তিনটি পরম্পর-সংযুক্ত পত্র, তাহার উভয় পার্ম্বে দুইটি করিয়া তারকা।' প্রতীক-সম্পর্কিত বিধানাবলি আইনের দারা নির্ধারিত হয়।

- national flag জাতীয় পতাকা সংবিধানের ৪ অনুচ্ছেদের ২ দফায় বলা হইয়াছে যে, 'প্রজাতন্ত্রের জাতীয় পতাকা হইতেছে সবুজ ক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ভরাট বৃত্ত।' জাতীয় পতাকা-সম্পর্কিত বিধানাবলি আইনের দ্বারা নির্ধারিত হয়।
- nationality n. জাতীয়তা বি. কোনো নির্দিষ্ট দেশের নাগরিক বা প্রজা হইবার অবস্থা। সংবিধানের ১৫২ অনুচ্ছেদের (১) দফার ব্যাখ্যা-অনুযায়ী, 'নাগরিক' অর্থ নাগরিকত্ব-সম্পর্কিত আইন-অনুযায়ী যে-ব্যক্তি বাংলাদেশের নাগরিক। সংবিধানের ৬ অনুচ্ছেদের (২) দফায় বলা হইয়াছে যে, 'বাংলাদেশের নাগরিকগণ বাংলাদেশী বলিয়া পরিচিত হইবেন।'
- nationality and citizenship জাতীয়তা ও নাগরিকত্ব 'জাতীয়তা' আন্তর্জাতিক আইনের অধীন বিবেচ্য বিষয়ের সহিত সম্পর্কিত আর 'নাগরিকত্ব' স্থানীয় বা দেশীয় আইনের অধীন বিবেচ্য বিষয়ের সহিত সম্পর্কযুক্ত। 'জাতীয়তা' বিশেষত আন্তর্জাতিক আইনের সহিত সম্প্রক্রমে কোনো ব্যক্তির প্রাকৃতিক বা কৃত্রিম সকল নাগরিক প্রকৃতির অধিকারকে নির্ধারণ করে, যেখানে 'নাগরিকত্ব' স্থানীয় আইনানুগ নাগরিক অধিকারসমূহের সহিত ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত।
- nationalization or expropriation রাষ্ট্রীয়ান্তকরণ বা বিজ্বনিরসন 'রাষ্ট্রীয়ান্তকরণ'
 শব্দটি শুধুমাত্র রাষ্ট্রকর্তৃক প্রকৃতপক্ষে অধিগৃহীত সম্পত্তি সম্বাস্কে প্রযোজ্য। বিজ্বনিরসন
 শব্দটি সেই ক্ষেত্রে যোগ করা হয়, যেখানে রাষ্ট্র সম্পত্তিটি সরাসরি অধিগ্রহণ না করিয়া
 পৃথক্করণের মাধ্যমে নিয়ন্ত্রণে আনয়ন করে এবং যাহা পরবর্তীকালে বিক্রয় করিতে
 পারে।
- nationalized industries রাষ্ট্রায়ন্ত শিল্প যে-সকল শিল্প বিধিবদ্ধ আইনদারা করপোরেশন হিসাবে সরকারি মালিকানায় আনীত হইয়াছে। মন্ত্রণালয়কর্তৃক নিয়োগকৃত পর্যদ (সরকারি কোনো বিভাগ নহে) এইগুলি পরিচালনা করিয়া থাকে। মন্ত্রী সাধারণ নীতি নিয়ন্ত্রণ করেন ও সংসদের নিকট জবাবদিহি করিতে বাধ্য থাকেন। কিন্তু পর্যদণ্ডলি এককভাবে এইসকল শিল্পের দৈনন্দিন কার্যাবলি পরিচালনা করিয়া থাকে এবং তাহা সংসদের বিশ্বদ পরীক্ষার অধীন নহে। রাষ্ট্রপতির ১৯৭২ সালের ২৭ আদেশদ্বারা বাংলাদেশের বৃহৎ শিল্পসমূহকে রাষ্ট্রায়ন্ত করিয়া কয়েকটি করপোরেশনের অধীনে এবং সরকার-নিযুক্ত পর্যদের উপর এই সকল করপোরেশনের ব্যবস্থাপনা ন্যন্ত করা হয়, কিন্তু তাহার তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ সরকারের হাতে রাখা হইয়াছিল। বর্তমানে রাষ্ট্রায়ন্ত বহু শিল্প ব্যক্তিমালিকানায় ছাড়িয়া দেওয়া ইইয়াছে।
- national monuments জাতীয় স্মৃতিনিদর্শন সংবিধানের ২৪ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, 'বিশেষ শৈল্পিক কিংবা ঐতিহাসিক গুরুত্বসম্পন্ন বা তাৎপর্যমণ্ডিত স্বৃতিনিদর্শন, বস্তু বা স্থানসমূহকে বিকৃতি, বিনাশ বা অপসারণ হইতে রক্ষা করিবার জন্য রষ্ট্রে ব্যবস্থা গ্রহণ করিবেন।'

national union 908

national union জাতীয় সংঘ কোনো নিয়ন্ত্রণকারী সংঘ দেশের বিভিন্ন অঞ্চলে যাহার স্থানীয় প্রতিনিধি সংঘ রহিয়াছে।

natural-born, native-born subject জন্মসূত্রে প্রজা ইংল্যান্ডের প্রথাগত আইনে কোনো রাজশক্তির এখতিয়ারাধীন এলাকায় যে-সকল ব্যক্তির জন্ম, তাঁহাদের প্রত্যেকেই জন্মসূত্রে প্রজা। কোনো সংবিধি প্রণয়নের পূর্বে প্রজার চারিত্র কেবল জন্মসূত্রে নিরূপিত হইত এবং তাঁহার পিতামাতার অবস্থা-নির্বিশেষে রাজার এখতিয়ারাধীন এলাকায় জন্মগ্রহণকারী ব্যক্তিমাত্রই জন্মসূত্রে প্রজা হইতেন। এই বিধি এখনও ব্রিটেনের আইনের ভিত্তি। কোনো ব্রিটিশ জাহাজে বা দৃতাবাসে জন্মগ্রহণকারী শিশু ব্রিটিশ এখতিয়ারের অধীন বলিয়া জন্মসূত্রে ব্রিটিশ নাগরিকের চারিত্র লাভ করে। কোনো রাষ্ট্রীয় এলাকার মধ্যে জন্মগ্রহণকারী সকল ব্যক্তি তাঁহাদের পিতামাতার নাগরিকত্ব-নির্বিশেষে জন্মসূত্রে সেই দেশের নাগরিক হইতে পারেন।

natural child ঔরসজাত সন্তান ১. অবৈধ সন্তান। ১৯৬৯ সাল পর্যন্ত ইংল্যান্ডে ইচ্ছাপত্রে সন্তানদিগকে কোনো কিছু দান করিলে তাহার দ্বারা অবৈধ সন্তানদের বাদ দেওয়া হইয়াছে বলিয়া অনুমিত হইড, কিন্তু বর্তমানে তাহারাও উহার অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হয়। ২. কোনো ব্যক্তির ঔরসজাত বা গর্ভজাত সন্তান, দত্তক সন্তান নহে। এতৎসহ illegitimacy দ্র.।

natural gas প্রাকৃতিক গ্যাস বাংলাদেশ এনার্জি রেগুলেটিং কমিশন আইনের ২(ন) ধারা-অনুসারে, প্রাকৃতিকভাবে গ্যাসীয় অবস্থায় প্রাপ্ত হাইড্রোকার্বনের মিশ্রণ বা তরন, বাষ্পীভূত বা সংযুক্ত অবস্থায় প্রাপ্ত গ্যাস, যাহার সহিত নিম্নবর্ণিত গ্যাসসহ অন্যান্য অজৈব এক বা একাধিক পদার্থ মিশ্রিত থাকিতে পারে বা নাও থাকিতে পারে: যেমন, (অ) হাইড্রোজেন সালফাইড, (আ) নাইট্রোজেন, (ই) হিলিয়াম, ও (ই) কার্বন ডাইঅক্সাইড।

natural guardian স্বাভাবিক অভিভাবক মুসলিম আইন-অনুসারে পিতা নাবালকের স্বাভাবিক অভিভাবক। পুত্রসন্তানের বয়স সাত বৎসর পর্যন্ত এবং কন্যাসন্তান বয়ঃসঙ্কিপ্রাপ্ত না হওয়া পর্যন্ত মাতা হিজানতের অধিকারী থাকিলেও মাতার এই অধিকার পিতার নিয়ন্ত্রণসাপেক্ষ হইবে। কারণ অভিভাবক ও প্রতিপাল্য আইন-অনুসারে পিভাই আসল বা বাস্তবিক হেফাজতকারী। পিতা জীবিত থাকাকালে এবং আদালত কর্তৃক অযোগ্য বিবেচিত না হইলে আদালত অন্য কাহাকেও নাবালকের অভিভাবক নিযুক্ত করিতে পারেন না। স্বাভাবিক অভিভাবক অর্থাৎ পিতা নাবালকের মসলার্থে নাবালকের সম্পত্তি হস্তান্তর করিলে তাহা অবৈধ হইবে না। অবৈধ সন্তানের ক্ষেত্রে মাতা নাবালকের স্বাভাবিক অভিভাবক। হিন্দু আইনে পিতা নাবালকের স্বাভাবিক অভিভাবক। বিবাহিত রমণীর স্বামী তাঁহার স্বাভাবিক অভিভাবক।

naturalization n. দেশীয়করণ বি, বিদেশের কোনো নাগরিককে কোনো দেশে দীর্ঘকাল বসবাসহেতু বা অন্য কোনো কারণে উক্ত দেশকর্তক নাগরিকত্ব প্রদান। আইনদারা নির্ধারিত বসবাস-সংক্রান্ত ও অন্যান্য কতিপয় শর্ত পুরণ করিলে এবং ওই দেশের প্রতি আনুগত্যের শপথ গ্রহণ করিলে কোনো বিদেশিকে নাগরিকত প্রদান করা হইয়া থাকে। মার্কিন যুক্তরাষ্ট্রে নাগরিকতুপ্রাপ্ত কোনো বিদেশি ওই দেশের রাষ্ট্রপতি হইতে পারেন না। বিভিন্ন রাষ্ট্রের প্রচলিত আইন-অনুযায়ী জন্মসূত্রে নাগরিকত্বলাভের পাশাপাশি বিভিন্ন শর্তপুরণসাপেক্ষে নাগরিকত্ব অর্জন করা হয়। জন্মসূত্রে জাতীয়তালাভ দুইভাবে হইতে পারে: (১) জন্মস্থানের ভিত্তিতে (jus soli); (২) পিতামাতার জাতীয়তার ভিত্তিতে (jus sanguinis)। কোনো কোনো দেশে jus soli এবং কোনো কোনো দেশে ius sanauinis নীতি অনুসরণ করা হয়। তাহাছাডা বিভিন্ন শর্তপালনসাপেক্ষে, যেমন বিবাহ, নির্দিষ্ট মেয়াদে বসবাস, সম্পত্তি অর্জন ইত্যাদি, কোনো ব্যক্তি অন্য রাষ্ট্রের জাতীয়তা অর্জন করিতে পারেন। তবে শর্তপুরণ বা আবেদনের ভিত্তিতে জাতীয়তা অর্জনের ক্ষেত্রে এই মর্মে আন্তর্জাতিক আদালতের মামলার সিদ্ধান্ত মনে রাখা বাঞ্চনীয় যে, জাতীয়তা-প্রদানকারী রাষ্ট্রের সহিত সংশ্রিষ্ট ব্যক্তির কার্যকর যোগসূত্র না থাকিলে অন্যান্য রাষ্ট্র সে-জাতীয়তা স্বীকার করিয়া লইতে বাধ্য নহে। কোনো ভূখণ্ড অন্য রাষ্ট্রে হস্তান্তরিত হইলে বা কোনো ভূখণ্ডে নূতন রাষ্ট্র গঠিত হইলে সে-ভূখণ্ডের অধিবাসীগণ সে-রাষ্ট্রের জাতীয়তা গ্রহণ করিতে পারিবেন।

natural justice স্বাভাবিক ন্যায়বিচার, প্রাকৃতিক বিচার অধন্তন আদালতের সিদ্ধান্ত নিয়ন্ত্রণ করিবার জন্য ন্যায়পর বা ইকুইটি আদালতকর্তক আদিতে বিকশিত ন্যায্য ব্যবহারের বিধানাবলি। অতঃপর ইহা ক্রমান্তরে (বিশেষত বিংশ শতাব্দীতে) প্রশাসনিক ও ঘরোয়া ট্রাইব্যুনাল এবং, ব্যক্তির অধিকার, দায় বা পদমর্যাদা প্রভাবিত করে, এমন প্রশাসনিক ক্ষমতা পরিচালনাকারী কর্তপক্ষের সিদ্ধান্তের ক্ষেত্রেও সমভাবে প্রসারিত। কোনো সিদ্ধান্ত ন্যায়বিচারের নিয়মবিরোধী হইলে তাহা ক্ষমতাবহির্ভূত হিসাবে বাতিল হয়। এই সম্পর্কে দুইটি নিয়ম আছে। প্রথমটি হইতেছে পক্ষপাতবিরোধী নিয়ম অর্থাৎ বিচারকের পক্ষে নিরপেক্ষ বিচারের মান লজ্ঞন করার বিরুদ্ধে, যাহা nemo judex in causa sua অথবা nemo judex in propria causa (অর্থাৎ কোনো ব্যক্তি নিজের মামলার বিচারক ইইতে পারেন না) প্রবচন হইতে উদ্ভত হইয়াছে। ইহার অর্থ হইতেছে এই যে কোনো সিদ্ধান্ত যতই ন্যায্য হউক না কেন, তাহা অসিদ্ধ হইবে, যদি যিনি তাহা করিয়াছেন, ওই সিদ্ধান্তের ফলাফলে তাঁহার কোনো আর্থিক বা অন্য কোনো স্বার্থ থাকে অথবা জ্ঞাত কোনো পক্ষপাত থাকে, যাহার দারা তাঁহার নিরপেক্ষতা ক্ষণ্ন হয়। দ্বিতীয় নিয়মটি audi alteram partem (অর্থাৎ অপর পক্ষের বক্তব্য শোনা) হিসাবে পরিচিত। যতক্ষণ পর্যন্ত না কোনো সিদ্ধান্তের দারা সরাসরি প্রভাবিত ব্যক্তিকে তাঁহার বক্তব্য বলিবার এবং অপরপক্ষের বক্তনা জানিবার এবং তাহা খণ্ডন করিবার ন্যায্য সযোগ দেওয়া না

natural law ৭০৬

হয়, ততক্ষণ পর্যন্ত সেই সিদ্ধান্ত বলবংযোগ্য হইবে না। এই নীতি-অনুসারে বিচারককে মামলার উভয় পক্ষের বক্তব্য উপস্থাপন ও প্রমাণের পূর্ণ সুযোগ দিতে হইবে। বিচারকার্য আরম্ভ করিবার পূর্বে পক্ষণণকে প্রয়োজনীয় বিজ্ঞান্তি দেওয়া উচিত এবং বিচারককে সততার সহিত এবং নিরপেক্ষভাবে বিচারকার্য করিতে হইবে।

natural law প্রাকৃতিক বিধান, প্রাকৃতিক আইন সকল আইনের অন্তর্নিহিত স্থায়ী তিত্তি। এই ধারণার আদি জন্মস্থান প্রিস। প্রাচীন গ্রিসের দার্শনিকগণ মনে করিতেন, প্রকৃতি মানুষকে একপ্রকার নিখুত ন্যায়নীতির ধারণা দিয়াছে এবং মানবসৃষ্ট আইনকে যথাসম্ভব উহার নিকটবর্তী হইতে হইবে। আইনের ইতিহাসে ও আইনতত্ত্বে সবসময়ে প্রাকৃতিক আইনের তত্ত্ব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিয়াছে। প্রাকৃতিক আইন মৌলিক আইন (positive law) হইতে ভিন্ন; কারণ, মৌলিক আইন রাষ্ট্রকর্তৃক আরোপিত।

natural person স্বাভাবিক ব্যক্তি একজন মানুষ। juristic person তৃ.।

natural rights স্বাভাবিক অধিকার ১. (প্রাকৃতিক আইনে) রাষ্ট্রের হন্তক্ষেপ ব্যতীত সকল মানুষ যে-সকল মৌলিক অধিকার ভোগের অধিকারী। উনবিংশ শতাপীতে প্রাকৃতিক আইনের এই ধারণা বিশেষভাবে জনপ্রিয়তা লাভ করিয়াছিল। মার্কিন যুক্তরাষ্ট্রের আইনের ইতিহাসে ইহার গভীর প্রভাব পড়ে, তাহার উদাহরণ হইতেছে, ভার্জিনিয়ার অধিকারের ঘোষণাপত্র: 'সকল মানুষ স্বভাবত সমভাবে মুক্ত ও স্বাধীন এবং তাহাদের কতিপয় জনাগত স্বাভাবিক অধিকার আছে. যাহার একটি হইল. যখন তাহারা কোনো সমাজে প্রবেশ করে, তখন তাহারা নিজেদের যৌথ সিদ্ধান্তের ঘরা পরবর্তী প্রজন্মকে উৎপাদনবিরহিত বা বঞ্চিত করিতে পারে না।' human rights দ্র.। ২. (ভূমি আইনে) ভূমির মালিকের সেইসকল স্বাভাবিক অধিকার, যাহা ভঙ্গ করা হইলে বিরক্তির বা উপদ্রবের জন্য আদালতে মামলা দায়ের করা যায়। ইহাদের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং সুপ্রত্যক্ষ হইতেছে ভূমির মালিকের স্বাভাবিক অবস্থায় জমি ভোগ করিবার এবং প্রতিবেশীদের কার্যের দ্বারা (উদাহরণস্বরূপ, মাটি খুঁড়িয়া বা খনিজ আহরণ কার্যক্রমদ্বারা) ইহার আলম্বন ক্ষতিগ্রস্ত না হওয়ার অধিকার। এই অধিকার ভূমির উপরের দালানকোঠার সহিত নহে, বরং ভূমির সহিত সম্পর্কিত. যদিও আলম্বনের স্বাভাবিক অধিকার লঙ্খন করিবার জন্য ক্ষতিপুরণে প্রতিবেশীদের কার্যকলাপের দারা ক্ষতিগ্রস্ত জমির উপরিস্থ দালানকোঠার ক্ষতি প্রতিফলিত হইতে পারে। ভূমির মালিকের ভূমির উপর দিয়া নির্দিষ্ট খাতে স্বাভাবিকভাবে জল প্রবাহিত হইলে, সেই জলের উপর একটি স্বাভাবিক অধিকার সৃষ্টি হইতে পারে। এতংসহ nuisance দ্ৰ. । easement ত. ।

naval court নৌ-আদালত ইংলান্ডের ১৮৯৪ সালের বাণিজ্যপোত আইনের বিধান-অনুসারে উক্ত দেশের বাণিজ্যিক পোতের অধ্যক্ষ অথবা বাণিজ্যদৃত কর্তৃক বিদেশে গঠিত একটি আদালত। ইহার উদ্দেশ্য ছিল কোনো বিটিশ নৌযান পরিত্যক্ত বা ধ্বংস হওয়া সম্পর্কে কিংবা ওইরূপ নৌযানের কোনো কর্মকর্তা বা নাবিকের কোনো অভিযোগ সম্পর্কে বা নৌযানের মালিকদের বা ইহাতে বোঝাইকৃত মালামালের স্বার্থে প্রয়োজনীয় অপর কোনো বিষয় সম্পর্কে তদন্ত করা। আদালত তদন্তের ফলাফল বাণিজ্যিক বিভাগকে অবহিত করেন এবং আদালতের শৃঙ্খলামূলক সীমিত ক্ষমতা আছে। তিন হইতে পাঁচজন সদস্য লইয়া নৌ-আদালত গঠিত হয়। তাঁহাদের প্রত্যেককেই হয় নৌ-কর্মকর্তা, নয় ব্রিটিশ বাণিজ্যপোতের অধ্যক্ষ, বাণিজ্যদূত বা ব্রিটিশ বণিক হইতে হইত (সম্ভব হইলে প্রথমোক্ত তিন শ্রেণীর প্রত্যেকটির প্রতিনিধিত্ব অবশ্যই থাকিতে হইত)।

naval law নৌ-আইন service law দ্ৰ.।

- navigation n. নৌচালনবিদ্যা বি. ১. নৌযান বা বিমান পরিচালনার বিজ্ঞান। কোন নৌযান নোসর করা বিনষ্ট হইলে ভ্রান্ত পরিচালনার প্রশ্ন উঠিতে পারে। ২. নৌবাহ বি. অভ্যন্তরীণ জলপথে নৌ-চালনার অধিকার।
- nazarsalami n. নজরসালামি বি. প্রজা কর্তৃক ভূস্বামীকে প্রদত্ত উপহারসামগ্রী বা অর্থ।
- near prep. কাছে, নিকটে, সন্ধিকটে ক্রি. বিণ. অদ্রে; দ্রে নহে। 'কাছে' একটি র আপেক্ষিক শব্দ এবং ইহার যথাযথ তাৎপর্য শুধুমাত্র পারিপার্শ্বিক তথ্যাদি ও্ পরিস্থিতির দ্বারা নির্ণয় করা সম্ভবপর।
- necessaries n. প্রয়োজনীয় উপকরণ জীবনযাত্রার উপযোগী এবং কোনো নাবালক বা আইনগতভাবে অসমর্থ ব্যক্তির প্রকৃত প্রয়োজনীয় পণ্য বা সেবা। যেমন, আবশ্যকীয় পোশাক। তদ্রুপ ব্যক্তির চুক্তিতে উপনীত হইবার ক্ষমতা সীমিত হইবেও তাঁহার নিকট বিক্রীত ও অর্পিত অপরিহার্য উপকরণের যুক্তিসংগত মূল্য তাঁহাকে অবশ্যই পরিশোধ করিতে হইবে।
- necessarily adv. আবশ্যকত ক্রি. বিণ. অপরিহার্যত; অবশ্যম্ভাবীরূপে। অনিবার্যত: অবধারিতভাবে: অবশাই।
- necessary adj. আবশ্যক বিণ. অপরিহার্য; অপরিহার্যত প্রয়োজনীয়। অনিবার্য, অপরিহরণীয়। শব্দটির বিভিন্ন অর্থ থাকিতে পারে। শব্দটি যে-সম্পর্কে ব্যবহার করা হইয়াছে, তাহা বিচারপূর্বক ইহার অর্থ নির্ণয় করা কর্তব্য। ইহা নির্বৃঢ় ভৌত অনন্যগতিকত্ব বুঝাইতে পারে, আবার নিছক সুবিধাজনক, হিতকর বা অপরিহার্যও বুঝাইতে পারে।
- necessary parties আবশ্যকীয় পক্ষ মোকদ্দমায় কে বা কাহারা আবশ্যকীয় পক্ষ তাহা দেওয়ানি মামলায় গুরুত্বপূর্ণ প্রশ্ন। সাধারণত মামলায় যাঁহার উপস্থিতি আবশ্যক এবং যাঁহার অনুপস্থিতিতে কার্যকর ডিক্রি প্রদান করা যায় না, তিনিই

necessity 90b

মামলার আবশ্যকীয় পক্ষ। অগ্রক্রয়ের মামলায় আবশ্যকীয় পক্ষকে পক্ষভুক্ত না করিলে মোকদ্দমা খারিজ হইবে। অগ্রক্রয়ের মামলায় কে বা কাহারা আবশ্যকীয় পক্ষ, তাহা ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৯৬ ধারায় বলা হইয়াছে। বাটোয়ারা মোকদ্দমায় নালিশি জমির সকল শরিককে পক্ষ না করিলে বাদী প্রার্থিত ডিক্রি পাইতে পারেন না।

- necessity n. প্রয়োজনীয়তা, বাধ্যবাধকতা, অপরিহার্যতা বি. পারিপার্শ্বিকতার চাপে কোনো ব্যক্তির পক্ষে বেআইনি কাজ করিতে বাধ্য হওয়া। ইংল্যান্ডের আইনে ফৌজদারি অপরাধের অভিযোগের অজুহাত হিসাবে অপরিহার্যতা কতটুক্ গ্রহণযোগ্য, তাহা সুস্পষ্ট নহে। তবে (১) প্রজ্বলিত জেলখানা হইতে কয়েদির পলায়নের এবং (২) ডুবন্ত জাহাজ বাঁচাইবার জন্য নাবিকগণ (যাহার মালিক তাঁহারা নহেন) কর্তৃক সমুদ্রে মালামাল নিক্ষেপ করিবার অভিযোগ হইতে উক্ত অজুহাতে তাঁহাদের খালাস দেওয়া হইয়াছে। একজন শল্যচিকিৎসক যদি অজ্ঞান রোগীর সম্বতিব্যতিরেকে তাঁহার উপর অস্ত্রোপচার করেন তবে অপরিহার্যতা অজ্বহাত ইইতে পারে। কিন্তু চুরির অথবা খুনের অভিযোগের অজুহাত হিসাবে প্রয়োজনীয়তা বা বাধ্যবাধকতা খাড়া করা যায় না। যেমন, জাহাজড়বিতে যাঁহারা সমুদ্রে পড়িয়া যান তাঁহাদের একজনকে হত্যা করিয়া অন্যদের ভক্ষণের কথা উল্লেখ করা যায়। মোটরগাড়ি চালনার অপরাধের ক্ষেত্রে সাধারণত অপরিহার্যতা কোনো অজুহাত নহে। তবে কোনো আইনের সংজ্ঞার্থে অপরিহার্যতার কথা উল্লেখ থাকিলে তাহা অক্সহাত হইবে। পুরণযোগ্য ক্ষতির জন্য মামলার ক্ষেত্রে কতিপয় অবস্থায় ইহা একটি অজুহাত। বিবাদীর অবহেলাপ্রসূত নহে, এমন জরুরি অবস্থায় জীবন বা সম্পত্তি রক্ষার ক্ষেত্রে, সম্ভবত ইহা সীমাবদ্ধ। জরুরি অবস্থায় যে-পদক্ষেপ গ্রহণ করা হয়. তাহা অবশ্যই যুক্তিসংগত হইতে হইবে।
- need n. প্রয়োজন বি. আবশ্যকতা। ঋণদাতার প্রয়োজন হইলে যে-কোনো সময়ে কোনো ঋণপরিশোধের অঙ্গীকার কোনো শর্তসাপেক্ষ অঙ্গীকার নহে, 'প্রয়োজন' শব্দটি এখানে অনুরোধ অর্থে ব্যবহৃত হয়। এমনকি, কোনো ব্যবসা শুরু করিবার বা আবাস স্থানান্তরিত করিবার অভিপ্রায়ও একটি 'প্রয়োজন'।
- negative covenant অস্বীকারস্চক চুক্তি কোনো দলিলে যদি এইরূপ একটি বিধি
 থাকে যে, ওই দলিলদ্বারা হস্তান্তরিত গৃহপ্রাদণাদি সর্বসাধারণের জন্য উন্মুক্ত স্থান
 হিসাবে ব্যবহার করা যাইবে না, তাহা হইলে ওই বিধিটি নির্দেশ করিবার জন্য
 'অস্বীকারস্চক চুক্তি'ই উপযুক্ত পরিশন্দ, 'শর্ত' শব্দটি নহে।
- negative servitude নেতিবাচক অধীনতা নেতিবাচক অধীনতা পরিশর্দটি এইরূপ অধীনতা নির্দেশ করিতে ব্যবহৃত হয়, যাহাতে প্রভাবিত ভূমির মালিক প্রভাবসৃষ্টিকারী ভূমির মালিককর্তৃক নামমাত্র নিয়ন্ত্রিত হন, কিন্তু উহার ফলে অন্য কেহ তাঁহার সম্পত্তির উপর কিছু করিলে তাহা মানিয়া লইতে তিনি বাধ্য থাকেন না।

neglect n. অবহেনা, অসাবধানতা বি. আবশ্যকীয় কোনো কিছু করিবার ব্যর্থতা বা অকরণ। যাহা করা যায় বা যাহা করা প্রয়োজন, তাহা করা হইতে নিবৃত্তি; কোনো কাজ বা কর্তব্যের অননুষ্ঠান; কোনো কর্তব্যকে উপেক্ষা করা; করা যায় বা করা উচিত, এইরূপ কার্য হইতে অসাবধানতাবশত নিবৃত্তি। কোনো কাজ করিতে অবহেলা অর্থ হইল কোনো ব্যক্তি যাহা করিতে সমর্থ, তাহা না করা। সম্পাদন করিবার, দায়িত্বপালন করিবার বা সতর্কতা অবলম্বন করিবার ব্যর্থতা।

negligence n. অসতর্কতা, অবহেলা বি. সাধারণত অসতর্কতা বলিতে এমন প্রকৃতির কর্তবালজ্ঞনকে বুঝায় যেখানে একজন সাধারণ জ্ঞানসম্পন্ন ব্যক্তি বৈধ কর্তব্য সম্পর্কে যতুবান ছিলেন না এবং একজন যুক্তিগ্রাহ্য ব্যক্তির পক্ষে যাহা করা উচিত ছিল তাহা করা হইতে তিনি বিরত রহিয়াছেন বা ছিলেন। কোনো ব্যক্তির অসতর্কতার কারণে অন্য ব্যক্তির ক্ষতি হইলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি ক্ষতিপূরণের মামলা দায়ের করিতে পারেন। দওবিধির ২৭৯, ২৮০, ২৮৩, ২৮৪, ২৮৫, ২৮৬, ২৮৭, ২৮৮, ২৮৯, ৩০৪, ৩৩৬, ৩৩৭ ও ৩৩৮ ধারায় তাচ্ছিল্যের সহিত বা বেপরোয়াভাবেকৃত কার্যের শান্তি সম্পর্কে বিধান বর্ণিত হইয়াছে।

negligence and rashness অবহেলা ও হঠকারিতা এতদুভরের মধ্যে সুস্পষ্ট একটি পার্থক্য রহিয়াছে (দণ্ডবিধির ২৭৯ ধারায়ও সেই পার্থক্য পরিলক্ষিত হইয়াছে)। 'অবহেলা'র ক্ষেত্রে কোনো পক্ষ কোনো কাজ করিতে বাধ্য হওয়া সত্ত্বেও তাহা করে না 'এই কারণে যে, সেই ব্যক্তি বা পক্ষ উহা না করিবার সপক্ষে। অন্যদিকে 'হঠকারিতা'র ক্ষেত্রে কোনো পক্ষ কোনো কাজ করে এবং উহা করিবার জন্য আবশ্যকীয় কোনো কর্তব্য লহ্মন করে। অবহেলার ক্ষেত্রে প্রয়োজনীয় মনোযোগের অভাব থাকে আর হঠকারিতার ক্ষেত্রে বেপরোয়া ভাব থাকে। কোনো পরিস্থিতিতে যে-যত্ন, সতর্কতা ও অভিনিবেশ যুক্তিসংগত, এবং স্বাভাবিক সমীক্ষ্যকারিতা-অনুযায়ী যাহা অবশ্যই প্রয়োগ করা উচিত, তাহার অভাবই অবহেলা। কোনো বিপদ ঘটিতে পারে বিধিয়াও বেপরোয়াভাবে কোনো কাজ করা হইল হঠকারিতা।

negligent misrepresentation অসতৰ্ক ভুল উপস্থাপনা negligent misstatement দূ,।

negligent misstatement অসতর্ক ভূল বিবৃতি কোনো ঘটনা সম্পর্কে সততার সহিত কিন্তু অসতর্কভাবে মিথ্যা বর্ণনা। কোনো মতামতপ্রকাশকেও কোনো ঘটনার বর্ণনা হিসাবে গণ্য করা যায়, যদি ইহার নিহিতার্থ হইতে বুঝা যায় যে, যে-ব্যক্তি ইহা করিয়াছেন, তাঁহার তাহা করিবার যুক্তিসংগত কারণ আছে। অসতর্ক ভূল বিবৃতির ফলে বাদী ক্ষতিগ্রস্ত হইলে তাহা পূরণযোগ্য ক্ষতির মামলার কারণ হইবে যদি তাহা করিবার ক্ষেত্রে সাধারণভাবে সতর্কতা-অবলম্বনের কর্তব্যে অবহেলা ঘটিয়া থাকে। কোনো বক্তব্যপ্রকাশের ক্ষেত্রে, বিশেষভাবে আর্থিক বিষয়ে,

সাধারণভাবে সতর্কতা-অবলম্বনের কোনো কর্তব্য থাকে না। যদি এমন অবস্থায় অসতর্ক ভুল বিবৃতি দেওয়া হয় যে, তাহার উপর নির্ভর করা যুক্তিসংগত, তাহা হইনেই তাহার জন্য কোনো দায়িত্ব বর্তাইবে। একটি অসতর্ক বিবৃতি যদি, যেব্যক্তির নিকট উহা দেওয়া হইয়াছিল, তাহাকে বিবৃতিদাতার সহিত একটি চুক্তিতে আবদ্ধ হইতে প্ররোচিত করে। তবে বিবৃতিটি চুক্তির একটি শর্ত হিসাবে মামলামোগ্য হইতে পারে, যদি উহা চুক্তির একটি শর্তরূপে গ্রহণ করা পক্ষগুলির অভিপ্রেত ইইয় থাকে, অথবা উহা ক্ষতিপূরণ বা চুক্তিবাতিলের কারণ হইতে পারে। misrepresentation দ্র.।

negotiable instrument বিনিময়যোগ্য দলিল, হস্তান্তরযোগ্য দলিৰ, হস্তান্তরযোগ্য লেখ্য এমন একটি দলিল যাহা একটি নির্দিষ্ট অর্থপ্রদানের দায় সৃষ্টি করে এবং যাহা অর্পণপূর্বক হস্তান্তরযোগ্য, যাহাতে উহার তৎকালীন ধারক নিজ নামে উহার ভিত্তিতে মামলা করিতে পারেন। হস্তান্তরকারীর স্বত্ত ক্রটিপূর্ণ হইলেও হস্তান্তরগ্রহীতা তাহা বলবৎ করিতে পারেন, যদি তিনি দলিলটি সরল বিশ্বাসে ও মূল্যের বিনিময়ে এবং ক্রটি সম্পর্কে অবগত না হইয়া গ্রহণ করিয়া থাকেন। খুব গুরুত্বপূর্ণ দুই শ্রেণীর বিনিময়যোগ্য দলিল হইতেছে (চেকসহ) হুন্তি ও অঙ্গীকারপত্র। ১৮৮১ সালের হস্তান্তরযোগ্য দলিল আইনের ১৩ ধারা-অনুসারে, প্রাপকের নির্দেশমতো ব্যক্তিকে বা দলিলের বাহককে প্রদেয় অঙ্গীকারপত্র, বিনিময়পত্র বা হুভি এবং চেককে হস্তান্তরযোগ্য দলিল বলা হয়। দেওয়ানি কার্যবিধির ৭ আদেশের ১৬ নিয়ম-অনুসারে, যে-ক্ষেত্রে কোনো হস্তান্তরযোগ্য দলিলের ভিত্তিতে মামলা করা হয় এবং উক্ত দলিল হারাইয়া গিয়াছে বলিয়া প্রমাণিত হয় এবং উক্ত দলিলের উপর কাহারো দাবির বিরুদ্ধে বাদী আদালতের সন্তুষ্টি-মোতাবেক নিশ্চয়তা দান করেন, সেক্ষেত্রে বাদী আরজির সহিত উক্ত দলিল আদালতে উপস্থিত করিলে এবং উহার নকন আদানতে দাখিল করিলে আদানত যেরূপ ডিক্রি দান করিতেন, সেরূপ ডিক্রি দান করিতে পারিবেন। bill of exchange ও promissory note দ্র. ।

negotiation n. ১. দরদন্তুর, দরদাম বি. একটি আপস-নিম্পত্তিতে পৌঁছার লক্ষ্যে আলাপ-আলোচনা। আলোচনার মাধ্যমে মতৈক্যে পৌঁছার প্রয়াস। ২. আলাপ-আলোচনা বি. (আন্তর্জাতিক আইনে) একটি কূটনৈতিক পদ্ধতি, যাহার মাধ্যমে বিভিন্ন রাষ্ট্রের প্রতিনিধিরা প্রত্যক্ষ ব্যক্তিগত যোগাযোগ বা চিঠিপত্রের মাধ্যমে বিবাদনিম্পত্তির জন্য আলোচনায় নিয়োজিত হন।

negotiation of a bill মৃল্যপ্রদানপূর্বক হুন্তি-বিনিময় হুন্তি, চেক বা অঙ্গীকারপত্র কোনো ব্যক্তির নিকট তাঁহাকে তাহার ধারক করিবার উদ্দেশ্যে যে-প্রক্রিয়ায় হস্তান্তর করা হয়। বিনিময়যোগ্য দলিল আইনের ১৪ ধারায় মৃল্যপ্রদানপূর্বক বিনিময়ের সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে। অর্থপ্রাপকের নিকট হুন্তি প্রেরণ করাকে মৃল্যপ্রদানপূর্বক বিনিময় বলা হয় না। বিনিময়যোগ্য দলিল আইনের ৪৮ ধারা-অনুসারে, আদেশে-পরিশোধ্য কোনো অঙ্গীকারপত্র, বিনিময়পত্র বা চেক ধারক কর্তৃক পৃষ্ঠাঙ্কনদার। হস্তান্তর করা বুঝায়।

neminem oportet esse sapienitorem legibus আইন অপেক্ষা কাহারো অধিক বিজ্ঞ হওয়া সমীচীন নহে।

nemo dat qui non habet মালিক ব্যতীত অন্য কেহ কোনো কিছু দিতে পারে না যে-ব্যক্তি সম্পত্তির মালিক নহে (যেমন, চোর), সেই ব্যক্তি তাহা অন্যের নিকট বৈধভাবে হস্তান্তর করিতে পারেন না। এই নিয়ম প্রকৃত মালিকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি (যেমন, প্রতিনিধি) কর্তৃক তাহা হস্তান্তরের ক্ষেত্রে প্রযোজ্য নহে। বিধিবদ্ধ আইনদারা ক্ষমতান্ত্রিত ব্যক্তি কর্তৃক বিক্রয় এবং যে-সকল ক্ষেত্রে স্বকার্যজনিত বাধার মতবাদ প্রকৃত মালিককে বিক্রেতার বিক্রয় করিবার ক্ষমতা সম্পর্কে প্রশ্নু করিতে বাধা সৃষ্টি করে, তাহা উপরিউক্ত নিয়মের ব্যতিক্রম।

nemo debet bis puniri pro uno delicto একটি অপরাধের জন্য কাহাকেও দুইবার দণ্ডিত করা যায় না সংবিধানের ৩৫ অনুচ্ছেদের (২) দফা-অনুসারে, এক অপরাধের জন্য কোনো ব্যক্তিকে একাধিকবার ফৌজদারিতে সোপর্দ ও দণ্ডিত করা যাইবে না। ফৌজদারি কার্যবিধির ৪০৩ ধারার ১ উপধারায় বলা হইয়াছে যে, কোনো যথাযথ এখতিয়ারসম্পন্ন আদালতে কোনো অপরাধের জন্য কোনো ব্যক্তির একবার বিচার হইলে এবং তাঁহাকে উক্ত অপরাধের জন্য দণ্ডিত বা খালাস দেওয়া হইলে উক্ত খালাস বা দণ্ডাদেশ বলবৎ থাকাকালে একই অপরাধের জন্য পুনরায় তাঁহার বিচার করা যাইবে না অথবা একই ঘটনা হইতে উদ্ভূত অপর কোনো অপরাধের জন্যও পুনরায় তাঁহার বিচার করা যাইবে না। একই অপরাধের কারণে কোনো ব্যক্তিকে দুইবার বিচার করা যাইবে না। Abdul Jabbar v. Bangladesh 33 DLR 231 দ্র.। বিচারান্তে আসামির শান্তি হওয়ায় দ্বিতীয়বার একই অপরাধের জন্য বিচারকার্য ফৌজদারি কার্যবিধির ৪০৩ ধারা-অনুসারে বাতিল বলিয়া গণ্য হইবে। Md. Abdul Latif v. State 24 DLR 157 দ্ব।

nemo debet bis vexari একই বিষয়ে কাহাকেও দুইবার বিরক্ত করা যায় না কোনো উপযুক্ত আদালতের চূড়ান্ত সিদ্ধান্ত হইয়া থাকিলে একই ঘটনাবলি হইতে উদ্ভূত বিষয়ে কোনো ব্যক্তির বিরুদ্ধে দুইবার অভিযোগ উত্থাপন বা নালিশ দায়ের অনুচিত। স্বকার্যজনিত বাধা ও দোবারা দোষ সম্পর্কিত বিচার্য বিষয় এবং পূর্বের শান্তিপ্রাপ্তি বা খালাসের মতবাদ এই প্রবচনের প্রতিফলন।

nemo debet esse judex in propria causa কাহারো নিজ মামলার বিচারক হওয়া উচিত নহে কোনো দেওয়ানি মামলার ক্ষেত্রে বিচারক পক্ষাশ্রিত হইয়া পড়িলে যে-কোনো পক্ষ উক্ত আদালত হইতে মামলা-স্থানান্তরের জন্য দেওয়ানি কার্যবিধির ২৪ ধারায় দরখান্ত করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ৫২৬ হইতে ৫২৮ ধারার বিধান-অনুসারে, কোনো বিচারক পক্ষাশ্রিত হইয়া পড়িলে মোকদ্দমা স্থানান্তরের বিধান বর্ণিত আছে।

nemo est haeres viventis কেহ কোনো জীবিত ব্যক্তির ওয়ারিশ নহে এই প্রবচনে বলা হইয়াছে যে, কোনো ব্যক্তির মৃত্যুর সময়েই কেবল তাঁহার ওয়ারিশ নির্ণয় করা যায়। কারণ তৎপূর্বে তাঁহার সম্ভাব্য ওয়ারিশ মারা যাইতে পারেন বা তাঁহাকে উত্তরাধিকার হইতে বঞ্চিত করা হইতে পারে। সেইজন্য সম্ভাব্য ওয়ারিশের প্রত্যাশিত সম্পত্তি উত্তরাধিকারস্ত্রে প্রকৃতপক্ষে পাইবার পূর্বে তাহাতে আইনত বা ন্যায়ত তাঁহার কোনো অধিকার জন্যে না।

nemo est supra leges কেহ আইনের উর্ধ্বে নহে সংবিধানের ২৭ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের আশ্রয়লাভে সমান অধিকারী।

nemo judex in causa sua (nemo judex in propria causa) কেহ নিজের মামলা নিজে বিচার করিতে পারে না। natural justice দ্র.।

nemo moriturus praesumitur mentire ধরিয়া লওরা যায় যে, মৃত্যুমুখে পতিত ব্যক্তি মিখ্যা ভাষণ করিবেন না সাক্ষ্য আইনের ৩২ ধারা-অনুসারে, মৃত ব্যক্তির মৃত্যুকালে নিজের মৃত্যুর কারণ সম্পর্কে বিবৃতি বা উজি একটি প্রাসদিক ঘটনা। যে-ক্ষেত্রে মৃত্যুর কারণ সম্পর্কে প্রশ্ন উঠে, সে-ক্ষেত্রে উজ ব্যক্তি নিজের মৃত্যুর কারণ সম্পর্কে অথবা ঘটনার কোন অবস্থার ফলে তাঁহার মৃত্যু ঘটিয়াছে তৎসংশ্রিষ্ট কোনো পরিস্থিতি সম্পর্কে যদি কোনো বিবৃতি দিয়া থাকেন, তবে অনুরূপ বিবৃতি দেওয়ার সময়ে বিবৃতিদানকারীর মৃত্যুর আশঙ্কা উপস্থিত হইয়া থাকুক বা না থাকুক এবং যে-মামলায় তাঁহার মৃত্যুর কারণ সম্পর্কে প্রশ্ন উঠে তাহার প্রকৃতি যাহাই হউক, উক্ত বিবৃতি প্রাসদ্ধিক।

nemo tenetur seipsum accusare কেই নিজেকে অভিযুক্ত করিতে বা নিজের দোষ স্বীকার করিতে বাধ্য নহে নিজেকে অভিযুক্ত না করিবার স্বাধীনতা সম্পর্কিত নীতি এই প্রবচনে প্রতিফলিত। সংবিধানের ৩৫ অনুচ্ছেদের (৪) দফা-অনুসারে, কোনো অপরাধের দায়ে অভিযুক্ত ব্যক্তিকে নিজের বিরুদ্ধে সাক্ষ্য দিতে বাধ্য করা যাইবে না। সাক্ষ্য আইনের ২৪ ধারায় বলা হইয়াছে যে, কোনো ব্যক্তিকে দোষস্বীকার করিতে বাধ্য করা হইলে তাহা অপ্রাসন্ধিক হইবে।

nephew n. ভ্রাতৃম্পুত্র, ভাগিনেয় বি. ভ্রাতা বা ভগ্নীর পুত্র। শ্যালক, শ্যালিকা, ভাওর বা দেবরের পুত্র। সাধারণত ইহা সাক্ষাৎ ভ্রাতা বা ভগ্নীর পুত্রদের বুঝায়। nervous shock স্নায়বিক আঘাত সাধারণ শোকদুঃখ বা দুন্চিন্তা হইতে ভিন্ন মানসিক আঘাতজনিত প্রত্যাভিজ্ঞেয় মনোব্যাধি। যাঁহারা দুর্ঘটনাকবলিত হন, তাঁহারা স্নায়বিক আঘাতের জন্য ক্ষতিপূরণ আদায় করিতে পারেন। তাহা অন্যদের (যেমন, দুর্ঘটনার শিকার নহেন, এমন আত্মীয়দের) পক্ষে আদায় করা কঠোরভাবে সীমিত।

- net income নিট আয় কোনো ব্যবসার নিট আয় হইল কেবল খরচ বাদ দিয়া যে-আয় অবশিষ্ট থাকে। সকল প্রয়োজনীয় দায় এবং খরচাদি বাদ দেওয়ার পরে কোনো ব্যবসার মুনাফা বা আয়।
- net loss নিট ক্ষতি, সর্বসাকুল্য লোকসান সকল আয়ের অতিরিক্ত ব্যয় ও ক্ষতি।
- net profits নিট মুনাফা, সাফ মুনাফা সকল খরচা ও দায়দেনা শোধ করিবার পরে অবশিষ্ট মুনাফা। অর্থ বিনিয়োগ করিয়া সকল খরচা ও লোকসান বাদ দিয়া যে-মুনাফা অর্জিত হয়।
- net value নিট মূল্য, সাফ মূল্য ১. (কোম্পানির শেয়ার সম্বন্ধে) এইরূপ সম্পত্তি বিক্রয়ের প্রচলিত পদ্ধতিতে বিক্রীত শেয়ারের ন্যায্য-বাজার মূল্য। ২. (বিমাপত্র সম্বন্ধে) বিমাগ্রহীতা বিমার বার্যিক মূল্যের অতিরিক্ত যে-পরিমাণ অর্থ পরিশোধ করিয়াছেন।
- network n. নেটওয়ার্ক বি. তথ্য ও সম্পদ যাহাতে ভাগাভাগি বা বিনিময় করা যায়,
 এতদুদ্দেশ্যে পরস্পরসংযুক্ত কতিপয় কম্পিউটার ও প্রান্তিক প্রযুক্তি। কম্পিউটার,
 মুদ্রক, অভিবীক্ষণ-যন্ত্র (ক্ষ্যানার) বা অন্য কোনো কৌশলের সমন্ত্রয়ে এইরূপ
 নেটওয়ার্ক গঠন করা যাইতে পারে।
- neutrality

 া. নিরপেক্ষতা বি. পরস্পর যুধ্যমান দুইটি রাষ্ট্রের সম্পর্কে একটি পক্ষপাতশূন্য অবস্থান অবলম্বন করে, এইরূপ অন্য একটি রাষ্ট্রের আইনগত অবস্থা। জন-অসন্তোষ, ব্যক্তির বিরোধ বা গৃহযুদ্ধে অংশগ্রহণ হইতে বিরত থাকা এবং উভয়পক্ষের প্রতি পক্ষপাতহীন আচরণ প্রকৃতপক্ষে নিরপেক্ষতা।
- neutralization n. নিরপেক্ষায়ণ বি. সাধারণত কোনো ক্ষুদ্ররাষ্ট্রের স্বাধীনতা, রাজনৈতিক ও ভৃথওগত অথওতা সম্পর্কে বৃহৎ শক্তিসমূহের মধ্যে একটি সামষ্টিক চুক্তির দ্বারা এই শর্তে নিশ্চয়তাদান যে, আক্রান্ত না হওয়া পর্যন্ত ইহা অপর কোনো রাষ্ট্রকে আক্রমণ করিবে না বা এমন কোনো চুক্তি করিবে না, যাহা উহার নিরপেক্ষতা ক্ষুণু করিতে পারে।
- newborn baby নবজাতক শিশু অনূর্ধ্ব চল্লিশ দিন বয়সের কোনো শিশু।

newspaper 938

newspaper n. সংবাদপত্র বি. চলমান ঘটনাবলির সংবাদ-সংবলিত একটি সাময়িক প্রকাশনা। সাধারণভাবে স্বীকৃত অর্থে একটি সংবাদপত্র হইল ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সর্বজনীন আগ্রহোদ্দীপক চলতি ঘটনাবলির সংবাদ-সংবলিত এবং কিছুকাল অন্তর-অন্তর নিয়মিতভাবে পত্রাকারে প্রকাশিত একটি প্রকাশনা।

new trial (retrial) পুনর্বিচার বি. একই আদালতে একই মামলার নৃতন করিয়া বিচার। নিম্ন আদালতের কোনো রায় আপিল আদালত বাতিল করিয়া দিয়া আবার মামলা বিচার করিবার নির্দেশ দিলে পুনরায় বিচার। সাধারণত দেওয়ানি মামলার কোনো বিচার বিষয়ে সাক্ষ্য গ্রহণ বা বিবেচনা না করিয়া নিম্ন আদালত মামলা বিচার করিলে আপিল আদালত নিম্ন আদালতকে নতুন সাক্ষ্য গ্রহণ করিয়া বা পূর্বে গৃহীত সাক্ষ্য বিবেচনা করিয়া ওই মামলা পুনর্বিচার করিতে নির্দেশ দিয়া থাকেন। দেওয়ানি কার্যবিধির ৪১ আদেশের ২৩ নিয়মে এবং কৌজদারি কার্যবিধির ৪২৩ ধারায় আপিল আদালত পুনর্বিচারের আদেশ দিতে পারেন।

next friend আসন্ধ বন্ধ যে-সাবালক ব্যক্তি কোনো নাবালক বা মানসিক ব্যাধ্যিন্তের পক্ষে আদালতে মামলা দায়ের করেন, তাঁহাকে নাবালকের বা মানসিক ব্যাধ্যিন্তের আসন্ন বন্ধু বলা হয়। দেওয়ানি কার্যবিধির ৩২ আদেশের ১ নিয়মে বলা হইয়াছে যে. নাবালক কর্তৃক কোনো মামলা দায়ের করিতে হইলে নাবালকের নামে তাহার তরফ হইতে অপর কোনো ব্যক্তি কর্তৃক তাহা দায়ের করিতে হইবে এবং উজ ব্যক্তিকে নাবালকের অভিভাবক বলা হইবে। ৩২ আদেশের ২ নিয়ম-অনুসারে, যেখানে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অভিভাবক নিযুক্ত হইয়া থাকেন, সেখানে অভিভাবক ব্যতীত মামলা দায়ের হইলে উক্ত মামলা খারিজ হইবে। ৩২ আদেশের ৪ নিয়ম-অনুসারে, সুস্থমনা ও প্রাপ্তবয়স্ক যে-কোনো ব্যক্তি মামলায় নাবালকের অভিভাবকরূপে কাজ করিতে পারেন। তবে শর্ত থাকে যে, উক্ত ব্যক্তির স্বার্থ ও নাবালকের স্বার্থ পরস্পরবিরোধী হইবে না এবং আসনু বন্ধু উক্ত মামলার বিবাদী হইলে চলিবে না এবং অভিভাবক উক্ত মামলার বাদী হইলে চলিবে না। কোনো বিবাদী নাবালক হইলে তাহার জন্য আদালত কর্তৃক যে-অভিভাবক নিযুক্ত করা হয়, তাঁহাকে মামলার অভিভাবক বলা হয়। 'আসনু বন্ধু' এবং 'মামলার অভিভাবকের' মধ্যে কোনো যৌক্তিক পার্থক্য নাই। একজন নাবালকের নামে এবং তাহার পক্ষে মোকদমা করিবার জন্য আদালত হইতে অনুমতিপ্রাপ্ত এবং অন্যজন নাবালকের মোকদ্দমায় আত্মপক্ষসমর্থনের জন্য আদালতকর্তৃক নিযুক্ত। ad item দ্র.।

nibandha n. নিবন্ধ বি. বিভিন্ন শৃতির মধ্যে কোনো কোনো বিষয়ে পরবর্তীকালে অসামঞ্জস্য দেখা যায়। এই অসামঞ্জস্য নিরসনের জন্য ব্যাখ্যার প্রয়োজন হয় এবং ওই ব্যাখ্যাকে নিবন্ধ বলা হয়।

- niece n. ভ্রাতৃম্পুত্রী, ভাগিনেয়ী বি. ভ্রাতা, ভগ্নী, শ্যালক বা শ্যালিকার কন্যা। শব্দটি ইহার মুখ্য ও সাধারণ অর্থে সাক্ষাৎ ভ্রাতা ও ভগিনীগণের কন্যাদের বুঝায়।
- night or night-time n. রাত্রি বা রাত্রিকাল বি. সূর্যান্ত হইতে সূর্যোদয় পর্যন্ত কাল। সন্ধ্যাবেলা দিবালোকের অবসান হইতে পরের দিন উষালগ্ন অবধি সময়। মানুষের মুখ ঠাহর করিবার মতো পর্যান্ত দিবালোক থাকিলে, সেই সময়— চুরির সম্পর্কে— রাত্রি নহে।
- night shift রাতের পালা কারখানায় কাজের যে-পালা মধ্যরাত্রি অতিক্রম করে। কোনো প্রাপ্তবয়স্ক শ্রমিক যদি কোনো কারখানায় এমন কোনো পালায় কাজ করেন যাহা মধ্যরাত্রি অতিক্রম করিয়া যায়। তাহা হইলে তাঁহাকে পুরা একদিনের ছুটির অর্থ দিতে হইবে।
- nihil habet forum ex scena আদালতের সমুখে যাহা উপস্থিত হয় নাই, সে-ব্যাপারে আদালতের কিছু করণীয় নাই।
- Ninth Amendment নবম সংশোধন ১৯৮৯ সালের সংবিধান (নবম সংশোধন)
 আইন-অনুযায়ী রাষ্ট্রপতি নির্বাচনের সময়ে উপরাষ্ট্রপতি পদে নির্বাচন অনুষ্ঠানের
 বিবান রাখা হয়। রাষ্ট্রপতি পদে কোনো ব্যক্তি পর পর দুই মেয়াদের বেশি বহাল
 থাকিতে পারিবেন না এবং প্রতি পাঁচ বৎসর পর রাষ্ট্রপতি-নির্বাচন অনুষ্ঠিত ইইবে
 বলিয়া বিধান করা হয়।
- nisi নাইসাই, আপাত যদি না, চূড়ান্ত নহে। decree nisi দ্ৰ.।
- no case to answer জবাবদিহি করিবার মতো কোনো মামলা নাই যথেষ্ট আইনসংগত ভিত্তি বা সাক্ষ্যপ্রমাণের অভাবহেতু বিবাদীপক্ষ এই মর্মে নিবেদন করিতে পারে যে, বাদী বা ফরিয়াদি পক্ষের মামলায় বিবাদীর জবাবদিহিতার অবকাশ নাই। যদি আদালত এইরূপ নিবেদন গ্রহণ করেন, তবে বিবাদীর পক্ষে রায় দেওয়া হয়। দেওয়ানি কার্যবিধির ৭ আদেশের ১১ নিয়মে কতিপয় হেতুতে বিবাদীর আবেদনক্রমে বাদীর আরজি প্রত্যাখ্যাত হয় এবং ফৌজদারি কার্যবিধির ২৪১খ ধারা ও ২৬৫গ ধারায় ফরিয়াদি পক্ষের মামলা ভিত্তিহীন ইইলে আদালত আসামির আবেদনক্রমে তাঁহাকে অভিযোগ হইতে অব্যাহতি দেন।
- no-fault compensation বিনাদোষে ক্ষতিপূরণ আঘাতপ্রাপ্ত ব্যক্তিদের আঘাতের জন্য কোনো ব্যক্তির বিরুদ্ধে দোষ প্রমাণ ব্যতীত ক্ষতিপূরণ পাওয়া উচিত, এই নীতির ভিত্তিতে প্রণীত একটি সংকল্পনা। এই উক্তিটির উৎপত্তি যুক্তরাষ্ট্র এবং কানাডায়। ইহা সাধারণত রাজপথে দুর্ঘটনাজনিত আঘাতের জন্য ক্ষতিপূরণ প্রদানের প্রকল্পকে বুঝাইয়া থাকে। কর্মচারীদের ক্ষতিপূরণ আইনে কর্মস্থলে দুর্ঘটনায় ক্ষতিগ্রন্ত কর্মচারীদের ক্ষতিপূরণ প্রদানের বিধানকে বিনাদোষে ক্ষতিপূরণ প্রদানের প্রকল্প বলা হয়।

noise 93%

noise n. শব্দ বি. nuisance দ্ৰ.।

nolle prosequi মামলা পরিচালনায় অনিচ্ছা যে-পদ্ধতিতে ইংল্যান্ডে আটর্নি জেনারেল এবং বাংলাদেশে সরকারি অভিযোক্তা ফৌজদারি মামলার সমাপ্তি ঘটাইতে পারেন। ফৌজদারি কার্যবিধির ৪৯৪ ধারায় সরকারি অভিযোক্তা আদালতের অনুমতিক্রমে ফৌজদারি মামলা পরিচালনা করা হইতে সরিয়া দাঁড়াইতে পারেন। তখন অভিযোগ গঠিত না হইলে আসামিকে অব্যাহতি দেওয়া হয় এবং অভিযোগ গঠিত হইলে তাঁহাকে খালাস দেওয়া হয়। আসামি ফেরার হইলে বা আদালতে আঅসমর্পণ না করিলে, সরকার তাঁহার বিরুদ্ধে মামলা প্রত্যাহার করিতে পারেন না। Prativa Rani Dey v. Dr. Md. Yusuf 52 DLR (AD) 8 এবং State v. Md. Amir Hamza 57 DLR (AD) 26 দ্র.।

nominal adj. নামমাত্র বিণ. বাস্তবে নহে, কেবল নামে। যেমন, নামেমাত্র রাজা। ২. নামসংক্রাপ্ত বিণ. যেমন, নামের তালিকা। ৩. অভিহিত, মূদ্রিত বিণ. যেমন, অভিহিত মূল্য।

nominal capital নামমাত্র মূলধন authorized capital দ্র.।

nominal damages নামমাত্র ক্ষতিপূরণ গুরুতর ক্ষতি না করিয়া কাহারো আইনানুগ অধিকার ক্ষুণু করা হইলে তাঁহাকে যে-প্রতীকী ক্ষতিপূরণ দেওয়া হয়। যেমন, নির্বাচনে কোনো ভোটদাতাকে তাঁহার ভোটাধিকার প্রয়োগে বাধাদানের জন্য সামান্য ক্ষতিপূরণ দেওয়া হয়। damages ও nominal দ্র.।

nominate vb. মনোনীত করা, নিযুক্ত করা ক্রি. কোনো সরকারি পদের জন্য কিংবা কোনো আইনসভা বা প্রতিনিধিত্বমূলক সভার সদস্য হিসাবে নির্বাচিতব্য একজন প্রার্থী বাছাই করা। নির্বাচনের জন্য আনুষ্ঠানিকভাবে নাম প্রস্তাব করা।

nomination n. মনোনয়ন বি. ১. কোনো খালি পদ বা পদাধিকারে অথবা স্থানীয় সরকার বা সংসদ-(সদস্যদের) নির্বাচনে কোনো ব্যক্তির নাম প্রার্থীরূপে প্রস্তাবকরণ। ২. কোনো বান্ধবসভার সদস্য কর্তৃক তাঁহার মৃত্যুর পর উক্ত সভায় তাঁহার স্বার্থ গ্রহণ করিবার জন্য কোনো ব্যক্তির নাম আনুষ্ঠানিক ইচ্ছাপত্রের প্রয়োজনব্যতিরেকে প্রস্তাবকরণ। উক্ত সদস্যকে অবশ্যই ষোল বৎসরের অধিক বয়য় হইতে হইবে এবং মনোনয়ন লিখিত হইতে হইবে। ইহা সেই সদস্য স্বয়ং যে-কোনো সময়ে বাতিল করিতে পারেন এবং যে-কোনো অবস্থায় তাঁহার বিবাহের সঙ্গে সঙ্গে বাতিল হইয়া যাইবে।

nominee shareholder বেনামি অংশীদার, মনোনীত অংশীদার কোম্পানির যে-সদস্য অপরের হিতার্থে নিজ নামে নিবন্ধিত শেয়ার বা অংশ ধারণ করেন। ইংল্যান্ডের কোম্পানি আইনের বিধান-অনুযায়ী ইহা প্রকৃত স্বার্থবান ব্যক্তির পরিচয় প্রকাশসাপেক্ষ ইইতে পারে এবং সে-বিষয়ে তদন্ত অনুষ্ঠিত হইতে পারে। nonage n. অপ্রাপ্তবয়স্কতা বি. কোনো ব্যক্তির সাবালকত্বে পৌছিবার বয়সের পূর্বের সময়। minority দ্র.।

non-agricultaral tenant অকৃষি প্রজা ১৯৪৯ সালের অকৃষি প্রজাস্বত্ব আইনের ২(১৭) ধারা-অনুসারে, অকৃষি প্রজা বলিতে এইরূপ প্রজাকে বুঝায়, যিনি কৃষি ও ফলের বাগানের সহিত সম্পর্কযুক্ত নহে, এইরূপ জমির স্বত্ববান দখলকার। চিরস্থায়ীভাবে নহে, এইরূপ কোনো ইজারার অধীনে কোনো গৃহাদি এবং উহার প্রয়োজনীয় সংলগ্ন ভূমির দখলকার কোনো ব্যক্তি ইহার অন্তর্ভুক্ত নহেন।

non-agricultural land অকৃষি জমি ১৯৪৯ সালের অকৃষি প্রজাস্বত্ব আইনের ২(৪)
ধারা-অনুসারে, কৃষি বা বাগানের উদ্দেশ্যে যে-জমি ব্যবহৃত হয় না, তাহাকে অকৃষি
জমি বলে। তবে বঙ্গীয় প্রজাস্বত্ব আইনের আওতাধীন বসতবাড়ি বা চা-বাগান ইহার
অন্তর্ভুক্ত নহে। সাধারণত পৌরসভার অন্তর্ভুক্ত সম্পত্তিকে অকৃষি জমি বলা যায়।
অকৃষি জমির অপ্রক্রেরে ক্ষেত্রে অংশীদার ব্যতীত নালিশি জমির পাশালি বা দাগে
লাগা বা পার্শ্ববর্তী জমির মালিকের অগ্রক্রয়ের অধিকার নাই।

non-appearance n. গরহাজির বি. দেওয়ানি কার্যবিধির ৯ আদেশের ৩ নিয়ম-অনুসারে, মামলার তনানির জন্য ডাক পড়িলে কোনো পক্ষই যদি হাজির না হয় তবে মামলা খারিজ হইবে। ৬ নিয়ম-অনুসারে, ওধু বাদী হাজির হইলে এবং সমন যথারীতি জারি হওয়া সত্ত্বেও বিবাদী হাজির না হইলে মামলায় একতরফা বিচার হইবে। ৮ নিয়ম-অনুসারে, গুধু বিবাদী হাজির থাকিলে এবং বিবাদী যদি বাদীর দাবি মানিয়া না লন, তবে মোকদ্দমা খারিজ হইবে। কোনো পক্ষই হাজির না হওয়ায় মোকদ্দমা খারিজ হইলে দেওয়ানি কার্যবিধির ৯ আদেশের ৪ নিয়ম-অনুসারে দরখান্ত দিয়া মোকদ্দমা পুনরুজ্জীবিত করিবার প্রার্থনা করা যাইতে পারে এবং উপযুক্ত কারণ থাকিলে আদালত তাহা পুনরুজ্জীবিত করিতে পারেন। ৮ নিয়মে মোকদ্দমা খারিজ হইলে অর্থাৎ বাদী অনুপস্থিত ছিলেন তবে বিবাদী হাজির ছিলেন সে-ক্ষেত্রে ১ আদেশের ৯ নিয়ম-অনুসারে মোকদ্দমা পুনরুজ্জীবিত করিবার প্রার্থনা করা যাইতে পারে এবং উপযুক্ত কারণ থাকিলে আদালত তাহা পুনরুজ্জীবিত করিতে পারেন। একতরফা ডিক্রি রদের জন্য ১৩ নিয়মে বিবাদীপক্ষ আবেদন করিতে পারেন এবং উপযুক্ত কারণ থাকিলে আদালত তাহা মনজুর করিতে পারেন। দেওয়ানি কার্যবিধির ১৭ আদেশের ২ নিয়মে বলা হইয়াছে যে, গুনানি মূলতুবি রাখার পরের তারিখে যদি পক্ষগণ বা কোনো পক্ষ হাজির না হয়, তবে আদালত ৯ আদেশের নিয়ম-অনুসারে কার্যক্রম চালাইবেন। কোনো ব্যক্তিকে আদালতে হাজির হইতে নির্দেশ দেওয়া সত্ত্বেও উক্ত ব্যক্তি হাজির না হইলে সে-সম্পর্কে বিধান ১৬ আদেশের ১০ নিয়ম হইতে ১৬ নিয়মে বলা হইয়াছে। উক্ত আদেশের ১০ নিয়ম-অনুসারে সাক্ষী ইচ্ছাকৃতভাবে হাজির

- না হইলে তাঁহার প্রতি হুলিয়া এবং গ্রেপ্তারি পরওয়ানা জামিনসহ বা জামিন বাতীত জারি করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ৩৩৯খ ধারা-অনুসারে, আসামি হাজির না হইলে সরকারি গেজেটে এবং দৈনিক সংবাদপত্রে বিজ্ঞপ্তি দিয়া আদালত তাঁহার অনুপস্থিতিতেই বিচার করিতে পারেন।
- non-bailable offence জামিন-অযোগ্য অপরাধ ফৌজদারি কার্যবিধির ৪ ধারায় আমলযোগ্য অপরাধের সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে। আমলযোগ্য অর্থ জামিনের অযোগ্য নহে। জামিন-অযোগ্য অপরাধের ক্ষেত্রেও বিচারক সন্তুষ্ট হইয়া উপযুক্ত ক্ষেত্রে জামিন মনজুর করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির শেষে তফসিলে জামিন-অযোগ্য অপরাধের তালিকা দেওয়া হইয়াছে।
- non-cognizable offence আমল-অযোগ্য অপরাধ আমল-অযোগ্য অপরাধ এবং আমল-অযোগ্য মামলা হইল এইরূপ কোনো অপরাধ বা মামলা, যাহাতে কোনো পুলিশ-কর্মকর্তা বিনা প্রওয়ানায় গ্রেপ্তার করিতে পারেন না।
- noncohabitation order একত্রবাস না করিবার আদেশ ইংল্যান্ডে ম্যাজিস্ট্রেটকর্তৃক ব্রীকে তাঁহার স্বামীর সহিত বাস করিবার দায়িত্ব হইতে অব্যাহতিপ্রদানের আদেশ। ১৯৭৮ সাল হইতে একত্রবাস না করিবার আদেশপ্রদানের নিয়ম বাতিল করা হইয়াছে, কিন্তু ১৯৭৮ সালের পূর্বে প্রদানকৃত আদেশ এখনো বিবাহবিচ্ছেদের মামলায় প্রাস্ত্রিক।
- noncommercial agreement অবাণিজ্যিক চুক্তি একজন মহাজন বা মালিককর্তৃক সম্পাদিত একটি ভোক্তাঋণ-চুক্তি বা ভোক্তাভাড়া-চুক্তি, যাহা তিনি নিজের ব্যবসাসূত্রে সম্পাদন করেন না। এইরূপ চুক্তি ইংল্যাভের ১৯৭৪ সালের ভোক্তাঋণ আইনের কতিপয় বিধানের আওতাবহির্ভৃত।
- noncontentious business মামলাবহির্ভৃত ব্যবসা ইংল্যান্ডের সলিসিটরদের যে-ব্যবসা কোনো মামলা-মোকদ্দমা সংক্রান্ত নহে। যে-ব্যবসা মামলা-মোকদ্দমার বাহিরে অন্য কোনো বিষয়সংক্রান্ত। যেমন, জমি ক্রয়বিক্রয়ে সাহায্য করা ও দলিলপত্র মুসাবিদা করা।
- non-deadly force মারাত্মক নহে, এমন বলপ্রয়োগ ১. এইরূপ শক্তিপ্রয়োগ যাহার দ্বারা মৃত্যু বা গুরুতর দৈহিক ক্ষতি অভিপ্রেত নহে বা সম্ভবপর নহে; সামান্য দৈহিক ক্ষতি ঘটাইতে অভিপ্রেত শক্তিপ্রয়োগ। ২. মারাত্মক শক্তিপ্রয়োগের হুমকি, যেমন কোনো ছুরি বা চাকু প্রদর্শন করা। ইহাকে সংযত শক্তিপ্রয়োগও বলা হয়।
- nondisclosure n. প্রকাশে ব্যর্থতা ১. (চুক্তি আইনে) চুক্তিতে উপনীত হইবার জন্য আলাপ-আলোচনার সময়ে একপক্ষকর্তৃক জ্ঞাত যে-তথ্য চুক্তি-সম্পাদনের বিষয়ে সিদ্ধান্তগ্রহণে প্রভাবিত করিতে পারে, তাহা প্রকাশ করিবার বার্থতা।

ባንል nonfeasance

সাধারণত বিমাচুক্তির মতো আস্থাভিত্তিক চুক্তির ক্ষেত্রে প্রকাশ করিবার পূর্ণ দায়িত্ব বিদ্যমান। যে-ব্যক্তির বিমা করা হইবে, তিনি যদি কোনো অসত্য কথা বলেন, তবে চুক্তিটি (অন্য চুক্তির মতো) মিথ্যাবর্ণনার জন্য বাতিলযোগ্য হইবে এবং যদি সেই ব্যক্তি কোনো প্রাসঙ্গিক তথ্য গোপন করেন, তাহা হইলে চুক্তিটি তথ্যপ্রকাশে বিরত থাকিবার জন্য বাতিলযোগ্য হইবে। অন্যান্য চুক্তির ক্ষেত্রে স্বপ্রণোদিতভাবে তথ্যপ্রকাশের কোনো সাধারণ কর্তব্য নাই, এবং নিছক নীরবতাকে মিখ্যা তথ্যপ্রদান বলা যাইবে না। তবে এই ক্ষেত্রে তথ্যপ্রকাশের খুব সীমাবদ্ধ একটি কর্তব্য আছে। কোনো ব্যক্তি যদি স্বপ্রণোদিতভাবে কোনো তথ্যপ্রকাশ করেন, তবে তিনি অবশ্যই আংশিক সত্য বলিবেন না। পরবর্তীকালে যদি তিনি জানিতে পারেন যে, তাঁহার দেওয়া তথ্য অসত্য ছিল, তবে তাহা অবশ্যই তাঁহাকে সংশোধন করিতে হইবে এবং এই কর্তব্যপালনে ব্যর্থতার জন্য মিথ্যা তথ্যপ্রদানের অজুহাতে চুক্তি বাতিলযোগ্য হইবে। এতৎসহ uberrimae fidei ও misrepresentation দ্র.। ২. (আদালতের কার্যধারায়) কোনো পক্ষের দলিলের তালিকায় যে-দলিল প্রকাশ করা উচিত ছিল তাহা অন্তর্ভুক্ত করিবার ব্যর্থতা। অপরপক্ষ তখন সুনির্দিষ্টভাবে দলিলটি প্রকাশার্থে একটি আদেশের জন্য আবেদন জানাইতে পারে অথবা যে-পক্ষ দলিল প্রকাশ করিয়াছে, সে-পক্ষকে তাহার দলিলের তালিকার সমর্থনে হলফনামা দেওয়ার আদেশপ্রদানের জন্য আবেদন করিতে পারে। দেওয়ানি কার্যবিধির ১১ আদেশের ১৩ নিয়ম-অনুসারে, দলিলপ্রকাশের আদেশ হইলে হলফনামাযুক্ত দলিলের তালিকা দাখিল করিতে হয়। এতৎসহ discovery and inspection ও affidavit দ্র.।

- nondiscrimintion notice বৈষম্যবিরোধী বিজ্ঞপ্তি যে-দোষী ব্যক্তি অবৈধ বর্ণবৈষম্য বা লিঙ্গবৈষম্য করেন তাঁহাকে তদ্ধ্রপ কাজ না করিবার জন্য নির্দেশপ্রদান-পূর্বক ইংল্যান্ডে রেশিয়াল ইক্যুয়ালিটি কমিশন বা ইক্যুয়াল অপরচুনিটি কমিশন কর্তৃক জারিকৃত বিজ্ঞপ্তি। এতৎসহ racial discrimination ও sex discrimination দ্র.।
- non est factum দলিলটি তাঁহার নহে বিবাদীপক্ষের এইরপ অজুহাত যে, বাদীর আরজিতে উল্লিখিত চুক্তিপত্রটি (মূলত দলিল) তাঁহার কৃত নহে। যখন বিবাদী কোনো দলিলে উল্লিখিত লেনদেনের স্বরূপ ও ফলাফল সম্পর্কে মূলগতভাবে বিভ্রান্ত হন, তখন দলিলে ভুল আছে, এইহেতু মামলা দায়ের করা হইলে, ইহা একটি অজুহাত হিসাবে ব্যবহৃত হইতে পারে।
- nonfeasance n. কর্তব্যপালনে ব্যর্থতা, দায়িত্বলব্দন বি. আইনগভভাবে কোনো বাধ্যতামূলক কার্য-সম্পাদনে ব্যর্থতা। কিন্তু আইনপ্রদন্ত কর্তব্য না ইইয়া স্বেচ্ছাপ্রণোদিত অঙ্গীকারপালনে ব্যর্থ ইইলে তাহা দায়িত্বলব্দন ইইয়া অপকর্ম হয়। ইংল্যান্ডে ১৯৬১ সাল পর্যন্ত রাজপথ মেরামত ও সংরক্ষণের কর্তব্যপালনে ব্যর্থতার দোষে কেহ আঘাতপ্রাপ্ত ইইলে রাজপথ-কর্তৃপক্ষ দায়ী ইইত না, তবে ওই কর্তৃপক্ষ বৈধ ক্ষমতার অপব্যবহারের জন্য দায়ী ইইত। তখন সংবিধিবদ্ধ আইনদ্বারা

কর্তব্যপালনে ব্যর্থতার অজুহাত বাতিল করা হয়, কিন্তু কর্তৃপক্ষ তৎপরিবর্তে এই মর্মে সর্বপ্রকার সংবিধিবদ্ধ অজুহাত দাঁড় করিতে পারে যে, রাজপথ বিপদমুক্ত করিবার জন্য ইহা যুক্তিসংগত যতু লইয়াছে। malfeasance ও misfeasance তু.।

- non-governmental educational institutions বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান ১৯৯০ সালের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান, শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রান্ট আইনের ২(ঘ) ধারা-অনুসারে, সে-সকল মাধ্যমিক স্কুল, কলেজ, দাখিল ও তদ্ধ্ব পর্যায়ের মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, যাহার শিক্ষক ও কর্মচারীগণের আংশিক বেতন-ভাতা সরকার কর্তৃক প্রদন্ত হয়।
- nonjoinder n. পক্ষভুক্ত না করা মামলায় সকল আবশ্যকীয় পক্ষকে বাদী পক্ষভুক্ত করে নাই, এই অভিযোগে মামলা খারিজের অজুহাত। এই ক্রুটি আরজি সংশোধন করিয়া মোচন করা যায়। দেওয়ানি কার্যবিধির ১ আদেশের ১৩ নিয়মে বলা হইয়াছে যে, পক্ষভুক্ত না করিবার আপত্তি যথাসম্ভব প্রথম সুযোগে উত্থাপন করিতে হইবে, যদি না তাহা পরে ঘটিয়া থাকে, নচেৎ তাহা পরিত্যাগ করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।
- nonliteral infringement অনাক্ষরিক অধিকারলজ্ঞন doctrine of equivalents দ্র.।
- nonmolestation ofder উৎপীড়ন না করিবার আদেশ ইংল্যান্ডে ১৯৯৬ সালের পারিবারিক আইন-অনুযায়ী, কোনো ব্যক্তিকে (বিবাদী) তাঁহার সহিত সংশ্লিষ্ট কাহাকেও (যেমন, একজন একত্রবাসী, স্বামী বা স্ত্রী, পিতা বা মাতা) আক্রমণ করা বা তাঁহার নিকটবতী হইতে বিরত থাকা অথবা যাহা হইতে আদালত বিরত থাকিতে বলেন, তাহার পরিপন্থী কিছু না করিবার জন্য আদালতকর্তৃক জারিকৃত একটি সুদুরপ্রসারী আদেশ।
- Non-Party Caretaker Government নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার Caretaker Government দ্র.।
- nonprovable debt প্রমাণ-অযোগ্য ঋণ দেউলিয়া মামলা-সূত্রে যে-ঋণ দাবি করা যায় না। উদাহরণস্বরূপ, সংবিধিবদ্ধ আইনের দ্বারা বারিত ঋণ এবং নির্ধারণ বা প্রাক্তননের অযোগ্য ঋণ।
- nonsense n. আবোলতাবোল, বি. অর্থহীন শব্দ যখন কোনো বিষয় এইরূপে
 প্রকাশিত যে, উহা ব্যাকরণগত দিক হইতে যথার্থ, কিন্তু অর্থের দিক হইতে উদ্ভট ও
 অবোধ্য সেক্ষেত্রে অবশিষ্টকে বোধগম্য করিবার জন্য কিছু শব্দ বাদ দেওয়া যায় না
 বরং উহারা যেভাবে আছে সেভাবেই গ্রহণ করিতে হইবে; কিন্তু যখন কোনো বিষয়
 অপর কিছুর সহিত পরম্পরবিরোধী এবং অসমঞ্জস হইবার কারণে অর্থহীন হয়,

- সেক্ষেত্রে পূর্ববর্তী অর্থপূর্ণ বিষয়টি পরবর্তী বর্ণনার সহিত অসমঞ্জস হইবার কারণে নিক্ষল হইবে না, বরং পরম্পরবিরোধী অংশ পরিত্যক্ত হইবে।
- nonsuit n. মামলা প্রত্যাহার ১. আসামির পক্ষে সিদ্ধান্ত দিবার উপক্রম হইলে বিচারক কর্তৃক জুরির নিকট হইতে একটি মামলা প্রত্যাহার। ২. সাবেক আমলে বাদী কর্তৃক আদালত হইতে দেওয়ানি মামলা প্রত্যাহার।
- non-tribal resident অন-উপজাতীয় বাসিন্দা, অ-উপজাতীয় স্থানীয় বাসিন্দা ১৯৯৮ সালের পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইনের ২(খ) ধারা-অনুসারে, যিনি উপজাতীয় নহেন, পার্বত্য জেলায় যাঁহার বৈধ জায়গা-জমি আছে এবং যিনি পার্বত্য জেলায় সুনির্দিষ্ট ঠিকানায় সাধারণত বসবাস করেন। aboriginal ও tribal তু.।
- non-user n. অব্যবহার বি. বারো বৎসরের উর্ধ্বকাল যাবৎ জমিতে দখলস্বত্ব প্রয়োগ করিবার ব্যর্থতা, যে-জন্য মালিকের স্বত্ব লোপ পাইতে পারে। তামাদি আইনের ২৮ ধারা ও প্রথম তফসিলের ১৪২ অনুচ্ছেদের বিধান-অনুসারে, কোনো ব্যক্তি তাঁহার মালিকি জমি বারো বৎসরের উর্ধ্বকাল যাবৎ দখল করা হইতে বিরত থাকিলে তাহাতে তাঁহার স্বত্ব লোপ পায়।
- norm n. মান বি. ১. ভালো বা মন্দ আচরণ বিচারের মানদও। কোনো সমাজ বা বৃহৎ গোষ্ঠী কর্তৃক স্বেচ্ছায় কিংবা অনিচ্ছায় গৃহীত আদর্শ যাহার পরিপ্রেক্ষিতে সেই সমাজ বা গোষ্ঠী কোনো ব্যক্তি বা বিষয়ের বিচার করিয়া থাকে। ২. কোনো দলের বৈশিষ্ট্যসূচক বা ঘনঘন সংঘটিত আচরণের দ্বারা নির্ধারিত প্রকৃত বা স্থিরীকৃত মানদও।
- normal adj. স্বাভাবিক, বৈধিক বিণ. ১. স্বভাবসংগত; একটি নিয়মিত গঠনঅনুযায়ী। ২. প্রতিষ্ঠিত বিধি বা মান-অনুযায়ী। ৩. ১৯৫২ সালের শুব্ধ ও আবগারি
 আইনে, 'খোলা বাজারে বিক্রয়ার্থে বৈধিক মূল্য বলিতে ইংল্যান্ডের বাজারের খুচরা
 দাম বুঝায় না, জাহাজভাড়া ইত্যাদিসহ প্রস্তুতকারক দেশে পণ্যটির মূল্য বুঝায়।'
- nostro and vostro account নদ্রো ও ভরো হিসাব নদ্রো ও ভরো শব্দদুইটির মূল

 অর্থ যথাক্রমে আমাদের এবং আপনাদের। সুভরাং নদ্রো হিসাব বলিতে আমাদের

 হিসাব এবং ভরো হিসাব বলিতে অন্যদের হিসাব বুঝায়। যেমন, বাংলাদেশের

 কোনো ব্যাংক বিদেশে ভাহার প্রতিনিধির নিকট যে-হিসাব রক্ষা করে ভাহাকে নব্রো

 হিসাব বলে। অন্যদিকে বাংলাদেশের কোনো ব্যাংক কোনো বিদেশী ব্যাংকের হিসাব

 রক্ষা করিলে বাংলাদেশের ব্যাংক ভাহাকে ভরো হিসাব রূপে গণ্য করিবে। loro

আইন-শব্দকোষ : ৪৬

note

পালন করেন। সাধারণ নোটারিগণ ইংল্যান্ড ও ওয়েলসের যে-কোনো স্থানে এবং জেলার নোটারিগণ সীমিত এলাকায় পেশাগত দায়িত্বপালন করিতে পারেন। যুক্তরাজ্যের বাহিরে নোটারির দায়িত্ব পালন করিতে পারেন কোনো কূটনৈতিক ও বাণিজ্যিক কর্মকর্তা। আইনের বিধান-অনুযায়ী বাংলাদেশ সরকার যে-কোনো আইনজীবীকে সমগ্র বাংলাদেশে অথবা দেশের কোনো বিশেষ এলাকায় নোটারি পাবলিকের দায়িত্বপালন করিবার জন্য নিযুক্ত করিতে পারেন। নোটারি পাবলিক দিলল বা অন্যান্য কাগজপত্র প্রত্যয়ন করিতে পারেন এবং তাঁহার সম্মুখে হলফ করিয়া হলফনামায় স্বাক্ষর করা যায়। সাক্ষ্য আইনের ৫৭(৬) ধারার বিধান-অনুসারে, আদালত নোটারি পাবলিকের সিলমোহর আমলে লইবেন এবং ৮৫ ধারার বিধান-অনুসারে, নোটারি পাবলিকের সম্মুখে সম্পাদিত ও তাঁহার দ্বারা প্রত্যয়িত হলফনামাকে আদালত অদ্ধাপ সম্পাদিত ও প্রত্যয়িতরূপে গণ্য করিবেন।

note n. & vb. ১. টীকা, টোকা বি. কোনো তথ্য সম্বন্ধে একটি সংক্ষিপ্ত বিবৃতি।
২. নোট বি. অর্থরূপে প্রচলিত ব্যাংক নোট বা অন্য কাগজ। ৩. টুকিয়া লওয়া,
মন্তব্য লিপিবদ্ধ করা ক্রি.।

not guilty নির্দোষ বিণ. ১. আসামির বিরুদ্ধে আদালত কোলো অপরাধের অভিযোগ গঠন করিলে আসামি কর্তৃক তাহা অস্বীকার। আসামি একাধিক অভিযোগের মধ্যে কোনোটি স্বীকার ও কোনোটি অস্বীকার করিতে পারেন। ২. আসামি অভিযোগভূক অপরাধ করেন নাই, এই মর্মে আদালতের রায়।

notice n. নোটিশ, বিজ্ঞপ্তি, অবগতি বি. কোনো ঘটনা সম্পর্কে জ্ঞান। কোনো ব্যক্তি কোনো কিছু প্রকৃতপক্ষে জানিলে বলা হয় যে, ওই ব্যক্তি ওই বিষয়ে প্রকৃতপক্ষে জানিলে বলা হয় যে, ওই ব্যক্তি ওই বিষয়ে প্রকৃতপক্ষে অবহিত, যদি কোনো বিষয়ে তাঁহার যুক্তিসংগতভাবে জ্ঞাত হওয়া উচিত হয় (য়েমন, একজন যুক্তিমান মানুষের মতো তদন্ত করিলে যে-ঘটনা তিনি আবিষ্কার করিতেন), তবে বলা হয় যে, ওই বিষয়ে তিনি পরোক্ষভাবে অবহিত; এবং য়ে-বিষয়ে তাঁহার প্রতিনিধির প্রত্যক্ষ বা পরোক্ষ জ্ঞাত রহিয়াছেন, সেই বিষয়ে তিনি আরোপিত জ্ঞানের অধিকারী। সম্পত্তি-হস্তান্তর আইনের ৩ ধারায় বলা হইয়াছে য়ে, 'কোনো ব্যক্তি কোনো বিষয় অবগত হইয়াছে' বলিয়া তখনই উল্লেখ করা য়য়, য়য়ন তিনি প্রকৃতপক্ষে বিষয়টি জানিতে পারেন, অথবা তদন্ত বা অনুসন্ধান করা ইইতে ইচ্ছাকৃতভাবে বিরত না থাকিলে (য়দিও তাঁহার তদন্ত বা অনুসন্ধান করা উচিত ছিল), অথবা নিদারুণভাবে অবহেলা না করিলে, তিনি উহা জানিতে পারিতেন। উক্ত ধারার ১ ব্যাখ্যায় বলা হইয়াছে, স্থাবর সম্পত্তি-সম্পর্কিত কোনো লেনদেন আইনত নিবন্ধনকৃত দলিলদ্বারা সম্পন্ন করা হইলে, যে-ব্যক্তি এইরপ সম্পত্তি বা উহার অংশ বা স্বত্ব অর্জন করিবেন সেই ব্যক্তি নিবন্ধনের তারিখ হইতে উক্ত দলিল সম্পর্কে অবগত

আছেন বলিয়া ধরিয়া লওয়া হইবে: অথবা যে-ক্ষেত্রে দলিলটি ১৯০৮ সালের রেজিট্রেশন আইনের ৩০ ধারার (২) উপধারা-অনসারে নিবন্ধন করা হইয়াছে সেক্ষেত্রে হস্তান্তরিত সম্পত্তির কোনো অংশ অথবা যে-সম্পত্তির স্বত্ব অর্জন করা হইয়াছে, তাহা বা তাহার অংশ যে-সাবরেজিট্রারের এলাকায় অবস্থিত, তিনি যে-তারিখে উক্ত দলিলের স্মারকলিপি পেশ করিয়াছেন, উক্ত ব্যক্তি সেই তারিখ হইতে দলিল সম্পর্কে অবগত আছেন বলিয়া ধরিয়া লইতে হইবে। তবে শর্ত থাকে যে. দলিলটি নিবন্ধিত হইতে হইবে, এবং রেজিস্ট্রেশন আইন ও তাহার বিধি-অনুসারে সম্পন্ন হইয়া থাকিতে হইবে: দলিল বা উহার স্বারকলিপি উক্ত আইনের ৫১ ধারা-অনুসারে রক্ষিত বহিতে যথাযথভাবে লিপিবদ্ধ হইয়া থাকিতে হইবে: এবং উক্ত আইনের ৫৫ ধারা-অনুসারে রক্ষিত বিষয়-সূচিতে দলিলদ্বারা কৃত হস্তান্তর সম্পর্কে বিস্তারিত তথ্য নির্ভুলভাবে লিপিবদ্ধ হইয়া থাকিতে হইবে। সম্পত্তি-হস্তান্তর আইনের ৩ ধারার ২ ব্যাখ্যায় বলা হইয়াছে যে, কোনো ব্যক্তি কোনো স্থাবর সম্পত্তি বা উহার অংশ বা স্বতু অর্জন করিলে তিনি উক্ত সম্পত্তির বর্তমান দখলকার ব্যক্তির স্বতু, যদি থাকে, সম্পর্কে অবহিত আছেন বলিয়া ধরিয়া লওয়া হইবে। উক্ত ধারার ৩ ব্যাখ্যায়: বলা হইয়াছে যে, কোনো ব্যক্তির প্রতিনিধি সংশ্রিষ্ট কার্যোপলক্ষে কোনো ঘটনা, জানিতে পারিলে এবং কার্যের পক্ষে ঘটনাটি গুরুত্বপূর্ণ হইলে, উক্ত ব্যক্তি ঘটনাটি সম্পর্কে অবহিত আছেন বলিয়া ধরিয়া লইতে হইবে; তবে শর্ত থাকে যে, প্রতিনিধি প্রবঞ্চনামূলকভাবে ঘটনাটি গোপন রাখিয়া থাকিলে, এই প্রবঞ্চনা সম্পর্কে অবহিত ব্যক্তির দাবির বিরুদ্ধে উক্ত ব্যক্তি অবহিত আছেন বলিয়া ধরিয়া লওয়া যাইবে না।

notice doctrine বিজ্ঞপ্তি মতবাদ কোনো ভূসম্পত্তিতে অন্য কোনো ব্যক্তির দাবির বিজ্ঞপ্তি ছিল, তাহা অবহিত হইয়াও যখন কোনো নৃতন মালিক সেই ভূসম্পত্তি গ্রহণ করেন, তখন সেই দাবি আইনত অগ্রাহ্য হইয়া থাকিলেও নৃতন মালিকের বিরুদ্ধে তাহা উত্থাপন করা যাইতে পারে, এই ন্যায়পর মতবাদ। ইহাকে doctrine of noticeও বলা হয়।

notice of dishonour অগ্রাহ্য করিবার বিজ্ঞপ্তি হুন্ডির অর্থপ্রদানে অস্বীকৃতি বা বিলম্বের কারণে হুডির ধারককর্তৃক হুন্ডিদাতাকে প্রদত্ত বিজ্ঞপ্তি।

notice of hearing গুনানির বিজ্ঞপ্তি কোনো বিসংবাদিত বিষয়ে কোনো কর্তৃপক্ষকে কোনো সিদ্ধান্ত গ্রহণ করিতে হইলে আইনে বিজ্ঞপ্তিপ্রদানের কথা উল্লেখ থাকিলে যেমন বিজ্ঞপ্তি দিতে হয়, উল্লেখ না থাকিলেও audi alteram partem (বজব্য না খুনিয়া কাহাকেও দণ্ডিত করা অনুচিত) নীতি-অনুযায়ী সেইরপ বিজ্ঞপ্তি দিতে হয়। সংক্ষিপ্ত কিন্তু পরিষ্কার ভাষায় বিজ্ঞপ্তি-প্রাপককে উত্তর প্রদান করিতে হইবে এবং উত্তর বা বজব্য প্রদানের জন্য যথেষ্ট সময় দিয়া বিজ্ঞপ্তি প্রদান করিতে হইবে। তদ্রূপ বিজ্ঞপ্তি জারি না করিয়া একতরফা সিদ্ধান্ত দেওয়া হইলে তাহা এখতিয়ারবহির্ভূত ও পও বিলিয়া গণা হইবে।

- notice to produce হাজির করিবার বিজ্ঞপ্তি দেওয়ানি মামলায় একপক কর্তৃক অপরপক্ষকে আদালতে গুলানির সময়ে তাহার নিকটে থাকা দলিল হাজির করিবার জন্য প্রদন্ত বিজ্ঞপ্তি। তদ্রূপ বিজ্ঞপ্তি জারি করিবার পরও তাহা হাজির করা না ইইলে উক্ত দলিলের বিষয়ে অপ্রধান বা গৌণ সাক্ষ্য প্রদান করা যায়। সাক্ষ্য আইনের ৬১ ধারায় অপ্রধান বা গৌণ সাক্ষ্য বলিতে কোনো দলিলের নকল বা দলিল সম্পর্কে বাচনিক সাক্ষ্যের কথা বলা হইয়াছে। উক্ত আইনের ৬৫ ধারায় কোন কোন ক্ষেত্রে অপ্রধান বা গৌণ সাক্ষ্য দেওয়া যাইতে পারে, তাহা বলা হইয়াছে।
- notice to quit উৎখাতের বিজ্ঞপ্তি যে-আনুষ্ঠানিক বিজ্ঞপ্তিয়ারা মালিক বা ভাড়াটিয়া নির্দিষ্ট সময়-অন্তে ভাড়ার চুক্তি অবসানের সম্পর্কে অপরপক্ষকে অবগত করেন। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৬ ধারা-অনুসারে, স্থানীয় আইন, প্রথা বা চুক্তিতে ভিন্নরূপ কিছু না থাকিলে, কৃষি বা শিল্পের নিমিত্ত ইজারার ক্ষেত্রে ছয় মাসের এবং অন্য উদ্দেশ্যে ইজারার ক্ষেত্রে পনের দিনের লিখিত বিজ্ঞপ্তি জারি করিয়া বৎসর বা মাসের অন্তে ইজারা বাতিল করা যায়।
- notification n. প্রজ্ঞাপন, বিজ্ঞপ্তি বি. আন্তর্জাতিক আইনে আইনগতভাবে প্রাসঙ্গিক কোনো ঘটনা, কার্য বা অভিপ্রায় সম্পর্কে আনুষ্ঠানিক ঘোষণা। যেমন, কোনো চুক্তি ইইতে সরিয়া আসিবার অভিপ্রায়জ্ঞাপক বিজ্ঞপ্তি। জেনারেল ক্লুজেজ অ্যাক্টের ২ ধারার সংক্ষিপ্ত বিবরণ-অনুসারে, আইনের অধীন অর্পিত ক্ষমতা প্রয়োগ করিতে ইস্কাকৃত প্রজ্ঞাপন একটি 'আদেশ'।
- noting a bill হভিতে টোকা protest দ্ৰ.।
- not negotiable অবিনিমেয় বিণ. ব্যাংকের চেকে অবিনিমেয় লিখিত হইলে সেই চেকের প্রাপক তাহা অন্যের নিকট হস্তান্তর করিতে পারেন না। তদ্রপভাবে হভির কোণে অবিনিমেয় লেখা থাকিলে প্রাপক তাহা হস্তান্তর করিতে পারেন না।
- notoriety n. কুখ্যাতি বি. কুপ্রসিদ্ধি। কুকীর্তির জন্য প্রসিদ্ধ বা ব্যাপকভাবে পরিচিত হইবার অবস্থা।
- not proved অপ্রমাণিত বিণ. কোনো বিষয় যখন প্রমাণিত হয় না, তখন উহা অপ্রমাণিত বলিয়া বিবেচিত হয়।
- not proven অপ্রমাণিত বিণ. আসামির দোষ সাব্যস্ত করিবার মতো যথেষ্ট সাক্ষ্য ফরিয়াদিপক্ষ আদালতে হাজির করিতে ব্যর্থ হইলেও তাঁহার নির্দোষিতা সম্পর্কে কিছু সন্দেহ থাকিলে স্কটল্যান্ডের আদালত যে-রায় দিয়া থাকেন। ইহার ফল নির্দোষ রায়ের মতো; আসামি খালাস পান এবং একই অপরাধের জন্য পুনরায় বিচারের সমুখীন হন না। বাংলাদেশে ফৌজদারি কার্যবিধির ২৬৫জ ধারার বিধান-অনুসারে,

ফরিয়াদিপক্ষের সাক্ষ্যগ্রহণের পর আদালত যদি মনে করেন যে, আসামি অপরাধ সংঘটন করিয়াছেন, এই মর্মে কোনো সাক্ষ্য নাই, তাহা হইলে আদালত তাঁহাকে খালাস দিবেন।

- notwithstanding prep. এতৎসত্ত্বেও, তথাপি অব্য. ১৮৭২ সালের সাক্ষ্য আইনের ১৬২ ধারা-অনুসারে, আদালত কোনো দলিল হাজির করিবার জন্য কোনো সাক্ষীকে সমন দিলে কোনো আপত্তি সত্ত্বেও তাহা তাঁহাকে হাজির করিতে হইবে, যদি তাহা তাঁহার দখলে বা ক্ষমতার মধ্যে থাকে। non-obstant clause দ্র.।
- nova causa interveniens নতুন কোনো মধ্যবর্তী কারণ novus actus interveniens ত্র.।
- novation n. নবরূপায়ণ বি. একটি বিদ্যমান চুক্তির স্থলে একটি নূতন চুক্তি প্রতিস্থাপন। নূতন চুক্তি সাবেক পক্ষদের মধ্যেও হইতে পারে অথবা আরো নূতন কোনো পক্ষ সংযোজন করিয়াও হইতে পারে। যেমন, সাবেক দেনাদারের স্থলাভিষিক্ত ব্যক্তির সহিত সম্পাদিত চুক্তি।
- novus actus interveniens নতুন কোনো মধ্যবর্তী কার্য বিবাদীকৃত কোনো অন্যায় বা অপরাধ এবং পরবর্তী ঘটনার মধ্যবর্তী কোনো কর্ম বা ঘটনা, যাহার ফলে উহার সহিত কার্যকারণ সম্পর্ক নষ্ট হইয়া বিবাদীকে পরবর্তী ঘটনার দায় হইতে মুক্ত করে। যেমন, 'ক' 'খ'-কে ছুরিকাঘাত করিলে যদি তিনি প্রায় নিরাময় হওয়া অবস্থায় ভুল চিকিৎসার ফলে মারা যান, তবে তাহার মৃত্যুর জন্য 'ক' দায়ী হইবেন না।
- now adv. এখন ক্রি. বিণ. এক্ষণে; বর্তমানে; এই মুহূর্তে। কোনো কিছু করার সমসাময়িক কালে। 'এখন' শব্দটি কোন অর্থে ব্যবহার করা হইতেছে, তাহা অবশ্যই প্রসঙ্গ হইতে নির্ণয় করিতে হইবে।
- no win no fee জয়ী না হইলে ফি নাই conditional fee agreement ও maintenance and champerty দ্ৰ.।
- noxious adj. অনিষ্টকর বিণ. ক্ষতিকর; হানিকর; অপকারী। যেমন, অনিষ্টকর ব্যবসা বা বাণিজ্য, ধাংসাত্মক বস্তু।
- nudum pactum নগ্ন সমঝোতা consideration দ্ৰ.।
- nuisance n. উৎপাত, উপদ্রব বি. যে-কাজকর্ম বা অবস্থা ভূমি বা ভূমিতে কোনো স্বত্ব ভোগ বা ব্যবহারে বাধা সৃষ্টি করে (ব্যক্তিগত উৎপাত), অথবা সর্বসাধারণের স্বাস্থ্য, নিরাপত্তা, সুখ-সুবিধা বা সম্পত্তিভোগে বাধা সৃষ্টি করে (গণ-উপদ্রব)। ব্যক্তিগত উৎপাত একটি পুরণযোগ্য ক্ষতি, যাহা অতিরিক্ত শব্দ, ধূলি, ধূম, গন্ধ

ইত্যাদির দারা ভূমিদখলকারকে ভূমি, দালানাদি বা গাছপালা বা ইহাদের সুযোগনাডে বা সুবিধাভোগে অযৌক্তিক বাধা সৃষ্টি করে। ক্ষতিপূরণ ও নিষেধাজ্ঞা ইহার প্রধান প্রতিকার। গণ-উপদূব একটি অপরাধ। রাজপথে বাধাসৃষ্টি, ক্ষতিকারক বাণিজ্য এবং মানুষের ব্যবহারের অনুপযোগী খাদ্যবিক্রয় প্রথানুগ আইনে অপরাধের অন্তর্গত। শদ্, জনস্বাস্থ্য এবং দৃষণ নিয়ন্ত্রণ-বিষয়ে আইনের বিধান-অনুযায়ী সংবিধিবদ্ধ গণ-উপদ্রব ব্যাখ্যাত। ইংল্যান্ডে অ্যাটর্নি-জেনারেল জনসাধারণের পক্ষে গণ-উপদ্রব বন্ধের জন্য নিষেধাজ্ঞা পাইতে দেওয়ানি মামলা দায়ের করিতে পারেন। কিন্তু কোনো সাধারণ নাগরিক যদি সর্বসাধারণের সহিত একত্রে ভুক্ত ক্ষতির অতিরিক্ত নিজকে বিশেষ ফতির সমুখীন প্রমাণ করিতে পারেন, তবে তিনি পুরণযোগ্য ফতির জন্য ফতিপূরণ আদায় করিতে পারেন। দণ্ডবিধির ২৬৮ ধারা-অনুসারে, এমন কোনো কার্য বা অবস্থা যাহা ভূমি বা ভূমির উপরিস্থ অধিকার ব্যবহার বা উপভোগে বাধাপ্রদান করে (প্রাতিজনিক উপদ্রব) বা সর্বসাধারণের স্বাস্থ্য, আরাম বা সম্পত্তি রক্ষা বা ব্যবহারে বাধাসৃষ্টি করে (গণ-উপদ্রব)। প্রাতিজনিক উপদ্রব পুরণযোগ্য ক্ষতি এবং গণ-উপদূব অপরাধ । দণ্ডবিধির ২৬৮ ধারা-অনুসারে যে-ব্যক্তি এমন কোনো কার্য করেন বা এমন কোনো বেআইনি বিচ্যুতির অপরাধে দোষী সাব্যস্ত হন, যাহা পরিপার্ম্বে বসবাসকারী সম্পত্তির ব্যবহারকারী বা জনসাধারণ বা সাধারণভাবে জনগণের কোনো সাধারণ শ্বীত, বিপদ বা বিরক্তি সৃষ্টি করে, অথবা যাহা অনিবার্যভাবে যে-জনগণ কোনো গণ-অধিকার ব্যবহার করিবার সুযোগ লাভ করিতে পারে, সেই জনগণের ক্ষতি, বিপত্তি, বিপদ বা বিরক্তি সৃষ্টি করিবে, সেই ব্যক্তি গণ-উপদ্রবের অপরাধে দোষী বলিয়া সাব্যক্ত হইবেন। দওবিধির ২৬৮ ধারায় গণ-উপদ্রবের সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে এবং ২৬৯ ধারা হইতে ২৯৪ ধারায় বিভিন্ন প্রকার গণ-উপদ্রবের শান্তির বিধান বর্ণিত হইয়াছে। ফৌজদারি কার্যবিধির ১৩৩ ধারায় জেলা ম্যাজিন্ট্রেট ও প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটকে গণ-উপদ্রবের অবসান ঘটাইতে গণ-উপদ্রব-সৃষ্টিকারীকে নির্দেশ দিবার ক্ষমতা দেওয়া হইয়াছে। এতৎসহ nuisance neighbours দ্র.।

nuisance neighbours উপদ্রব-সৃষ্টিকারী পড়শি যে-সকল ব্যক্তি তাঁহাদের পড়শিদিগকে শান্তিতে থাকিতে বাধা সৃষ্টি করেন। ইংল্যান্ডের ১৯৯৭ সালের হয়রানি হইতে রক্ষা আইনে যে-সকল ব্যক্তি তাঁহাদের পড়শিদের উৎপাতের (শব্দদ্বণসহ) শিকার, তাঁহাদের বর্ধিত সুরক্ষার বিধান করা হইয়াছে। এইরূপ ব্যক্তিদের বিরুদ্ধে এই মর্মে নিষেধাজ্ঞার আদেশ হাসিল করা যাইতে পারে যে, তাঁহারা আদালতের নির্দেশমতো চলিবেন (যেমন, পড়শিদের সহিত যোগাযোগ না রাখা, তাঁহাদের নিকটে না যাওয়া অথবা তাঁহাদের হয়রানি না করা), কোনো কোনো অবস্থায় তাঁহাদের উদ্দেদের অাদেশও হইতে পারে। যে-সকল অপরাধী বলপ্রয়োগের হমিক প্রদান করেন, তাঁহাদের পাঁচ বৎসর পর্যন্ত কারাদণ্ড এবং অথবা যে-কোনো পরিমাণ অর্থদঙ্জ হইতে পারে। হয়রানির দ্বারা নিরাপত্তা-সম্পর্কিত ভয় সৃষ্টি না হইলেও অপরাধীর ছয় মাস পর্যন্ত কারাদণ্ড বা তৎসহ অর্থদণ্ড হইতে পারে। nuisance দ্র.।

nulla poena sine lege আইন ব্যতীত শান্তি দেওয়া যায় না এই মূলসূত্র যে, যে-কোনো ব্যক্তিকে কোনো অপরাধের জন্য শান্তি দেওয়া যায়, যদি আইনে তাহার শান্তির বিধান থাকে। শান্তি একটি সংবিধিদ্বারা কারাদণ্ড বা জরিমানা হিসাবে নির্দিষ্ট হইতে পারে, কিংবা প্রথানুগ আইনের ভিত্তিতেও হইতে পারে। রষ্ট্রেদোহ বা খন ব্যতীত যাহার শান্তি নির্দিষ্ট, সকল বিধিবদ্ধ শান্তির সর্বোচ্চ পরিমাণই উল্লেখ থাকে **এবং বিচারকগণ নিজেদের সুবিবেচনায় অবস্থাতেদে কম শান্তিও দিতে পারেন।** সাধারণ আইনে শান্তির পরিমাণ অনির্দিষ্ট ছিল অর্থাৎ বিচারকের সুবিবেচনার উপর কার্যদণ্ড বা জরিমানার পরিমাণ নির্ভর করিত। বর্তমানে অনেক ক্ষেত্রে বিধিবদ্ধ আইনদারা সাধারণ আইনের অপরাধের সর্বোচ্চ শান্তির পরিমাণ নির্বারিত হইয়াছে। ম্যাজিন্টেট আদালত এখন ক্রাউন কোর্ট হইতে কম পরিমাণের সর্বোচ্চ শান্তি দিতে পারেন: ইংল্যান্ডে তাঁহারা এখন পাঁচদিন পর্যন্ত সর্বোচ্চ কারাদও দিতে পারেন। বাংলাদেশে দওবিধি ও কতিপয় বিশেষ আইনে সর্বোচ্চ কারাদও ও জরিমানার পরিমাণ উল্লেখ থাকিলেও খুন'ও খুনসহ ডাকাতির জন্য শান্তি নির্দিষ্ট এবং কতিপয় ক্ষেত্রে সর্বনিম্ন কারাদণ্ডের বিধানও আছে, যেমন চোরাচালানির জন্য সর্বনিম্ন দুই বংসর, খুন বা গুরুতর আঘাতের চেষ্টাসহ দস্যতা বা ডাকাতির জন্য সর্বনিম্ন সাত বৎসবের কারাদও।

nullity n. অসিদ্ধতা বি. ১. কোনো কিছু যাহা আইনত বাতিল। যেমন, জালকৃত বাণিজ্যিক হস্তান্তর। ২. আইনত বাতিল হইবার ঘটনা। যেমন, বিবাহবাতিল।

nullity of marriage বিবাহবাতিল বিবাহ-অনুষ্ঠানের সময়ে কোনো ক্রটির (অথবা কথনো কখনো পরে উদ্ভূত ক্রটির) জন্য বিবাহের অসিদ্ধতা। কোনো বিবাহ পথ বা অকার্যকর হইতে পারে অর্থাৎ উহা কখনো আইনের দৃষ্টিতে বৈধ বিবাহ ছিল না (এবং বামী-ব্রী আইনত শুধু পরস্পরের যৌন সহবাসী ছিল)। বিকল্প হিসাবে ইহা বাতিলযোগ্য হইতে পারে অর্থাৎ আদালত বিবাহবাতিলের ডিক্রিম্বারা পথ না করা পর্যন্ত ইহা বৈধ, যাহা ভূতাপেক্ষভাবে বিবাহের সমাপ্তি ঘটায় না (যেমন, যে-বিবাহ বাতিল করা হইয়াছে তাহার ফলে জাত সন্তানদের অবৈধ গণ্য করা হয় না)। তবে এইরপ ডিক্রির ফরমে সবসময়ে উল্লেখ থাকে যে, বিবাহ 'বাতিল ও পও' ছিল। নিকট আস্বীয়তা, অপ্রাপ্তবয়্বস্কতা, সম্মতির অভাব এবং যৌন সহবাসের অভাব বিবাহবাতিলের প্রধান হেতু। বিবাহবাতিলের ডিক্রিপ্রদানের সময়ে আর্থিক বা সম্পত্তি বিলি-ব্যবস্থা সম্পর্কে আদালত স্ববিবেচনামূলক বিস্তৃত ক্ষমতা প্রয়োগ করিতে পারেন। consummation of marriage ও legitimacy দ্র্য়. ।

nullum crimen sine lege আইনের অধীনে ভিন্ন কোনো অপরাধ নাই এই মূলসূত্র যে, কোনো আইনদারা পূর্বে কোনো আচরণকে অপরাধ বলিয়া ঘোষণা না করা হইলে তাহা অপরাধ হইবে না। ইহাকে কখনো কখনো বৈধতা মূলসূত্র হিসাবে অভিহিত করা হয়। কভিপয় গুরুতর অপরাধ প্রথানুগ আইনে পরিষারভাবে সংজ্ঞায়িত অপরাধ (যদিও তাহাদের সংজ্ঞার্থ-সম্পর্কিভ বিশদ বিবরণ বিচারকদের দিদ্ধান্তের দ্বারা নির্ধারিত না হওয়া পর্যন্ত অম্পাষ্ট হইতে পারে)। অনেক নিয়ন্ত্রণঘটিত অপরাধ (যেমন, পণ্য-উৎপাদন ও সড়ক পরিযান সংক্রান্ত) অবিরামভাবে সংবিধিদ্বারা সৃষ্ট হইতেছে। সংবিধানের ৩৫ অনুচ্ছেদের (১) দফায় উক্ত মূলসূত্রটি প্রতিফলিত হইয়াছে: অপরাধের দায়যুক্ত কার্যসংঘটনকালে বলবৎ ছিল, এইরূপ আইন তম্ব করিবার অপরাধ ব্যতীত কোনো ব্যক্তিকে দোষী সাব্যস্ত করা যাইবে না এবং অপরাধক সংঘটনকালে সেই আইনবলে যে-দও দেওয়া যাইতে পারিত, তাঁহাকে তাহার অধিক বা তাহা হইতে ভিনু দও দেওয়া যাইবে না।

number n. সংখ্যা, নম্বর বি. গাণিতিক মূল্যবিশিষ্ট একটি চিহ্ন বা প্রতীক।

nuncupative will বাচনিক ইচ্ছাপত্র মৃত্যুর পরে সম্পত্তি কীভাবে বিনিব্যবস্থা করিতে হইবে, সে-সম্পর্কে বাচনিক নির্দেশ। অগ্রাধিকারপ্রাপ্ত ইচ্ছাপত্র এবং মৃত্যুপূর্ব দান ব্যতীত ইংল্যান্ডের আইনে বাচনিক ইচ্ছাপত্র কার্যকর নহে। বাংলাদেশে উত্তরাধিকার আইনের ৬৫ ধারায় উল্লিখিত বিশেষাধিকারপ্রযুক্ত ইচ্ছাপত্র ব্যতীত অন্যসব ইচ্ছাপত্র উক্ত আইনের ৬৩ ধারার বিধান-অনুযায়ী সম্পাদিত ও প্রত্যয়িত হইতে হয় বলিয়া বর্তমানে বিশেষাধিকারপ্রযুক্ত ইচ্ছাপত্র ব্যতীত বাচনিক ইচ্ছাপত্র করিবার সুযোগ নাই।

nursing home আরোগ্যসদন বি. যে-প্রতিষ্ঠানে পীড়িত, আহত কিংবা শারীরিক বা মানসিকভাবে অশক্ত ব্যক্তিদের শুশ্রুষা ও চিকিৎসার জন্য ভর্তি করা হয়।

Oo

- oath n. শপথ, হলফ বি. কোনো বিবৃতি, বক্তব্য বা প্রতিশ্রুতির সত্যতা সম্পর্কে শপথবাক্য উচ্চারণ। সাধারণত সৃষ্টিকর্তাকে সাক্ষ্য রাখিয়া এইরূপ শপথ করা হয়। আইনত নানাকারণে শপথের প্রয়োজনীয়তা দেখা দেয়, বিশেষত হলফনামা ও আদালতে সাক্ষ্যদানের ক্ষেত্রে ইহা আবশ্যক হয়। য়হায়ার সৃষ্টিকর্তার নামে শপথগ্রহণ করিতে অনিচ্ছুক হন, তাঁহাদের ক্ষেত্রে ঘোষণাদানের ব্যবস্থা রহিয়ছে। আইনের দ্বারা অনুমতিপ্রাপ্ত ব্যক্তির ক্ষেত্রে শপথের পরিবর্তে প্রতিজ্ঞাপূর্বক কথন বা ঘোষণা শপথের অন্তর্ভুক্ত হইবে।
- oath of allegiance আনুগত্যের শপথ রাষ্ট্রের প্রতি বিশ্বস্ততা এবং আনুগত্যে প্রকাশপূর্বক একটি শপথ। সকল দেশেই রাষ্ট্রের প্রতি আনুগত্যের শপথগ্রহণ একটি রীতিসদ্মত আইনি কৃত্য। বাংলাদেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রিসভার সদস্যবর্গ, শিকার, ডেপুটি শিকার, সংসদ-সদস্য, প্রধান বিচারপতি ও অন্যান্য বিচারপতি, প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার, মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি কর্ম-কমিশনের সদস্য এবং নির্দ্বীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা ও অন্যান্য উপদেষ্টাকে রাষ্ট্রের প্রতি আনুগত্যের শপথ গ্রহণ করিতে হয়।
- obiter dictum রায়দানকালে বিচারকের প্রাসন্থিক মন্তব্য রায়দানকালে মামলার ফ্রুসালার জন্য প্রয়োজনীয় নহে, বিচারকের এমন কোনো মন্তব্য । ইহা মামলার ফ্যুসালার পক্ষে প্রদন্ত যুক্তির অংশ নহে এবং নজির হিসাবে ইহার অবশ্যমান্যতা নাই, কিন্তু পরবর্তী মামলাগুলিতে উহা প্রত্যয়জনক প্রামাণিকতা হিসাবে অনুসরণযোগ্য বলিয়া উল্লেখ করা হইতে পারে।
- objection n. আপন্তি, বিরোধিতা বি. আদালতে উদ্ভূত বা উদ্ভূত হইবার উপক্রম হইয়াছে, এইরূপ কোনো বিষয়ের বিরোধিতা করিয়া এবং সেই বিষয়ে বিচারকের অবিলম্বে সিদ্ধান্ত দাবি করিয়া উপস্থাপিত আনুষ্ঠানিক বিবৃতি। প্রতিকূল সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করিবার অধিকার সংরক্ষণের জন্য আপত্তি-উত্থাপনকারী পক্ষ অবশ্যই আপত্তির কারণ বর্ণনা করিবেন।
- objectionable matter আপত্তিকর বিষয়ে সাধারণ ব্যাকরণগত অর্থে যে-সকল শব্দ বা উক্তি অত্যন্ত অসংগত বা অশালীন তাহাই 'আপত্তিকর বিষয়ে'র সংজ্ঞার্থের অন্তর্ভুক্ত। অকথ্য বা বিদ্ধপাত্মক শব্দসমূহও ইহার সংজ্ঞার্থভুক্ত। অশ্লীল উক্তি এবং যে-সমন্ত উক্তি ঘৃস দিয়া বা ভয় দেখাইয়া অন্যায় সুবিধা আদায় করিবার অসদুদ্দেশ্যে অভিপ্রেত, উহাও 'আপত্তিকর বিষয়ে'র সংজ্ঞার্থভুক্ত।

- objection in point of law আইনি প্রশ্নে আপত্তি আত্মপক্ষসমর্থনকালে বিবাদীকর্তৃক কোনো আইনি প্রশ্ন আপত্তি হিসাবে উপস্থাপন। এইরূপ আপত্তি তোলা হইলে আদালত প্রাথমিক আইনি প্রশারূপে বিষয়টির গুনানি করিবার নির্দেশ দিতে পারেন।
- objection to indictment অভিযোগের ব্যাপারে আপন্তি যে-পদ্ধতিতে নিথিত অভিযোগের ভিত্তিতে অনুষ্ঠিত বিচারের আসামি আইনগত কারণে অভিযোগের বিরুদ্ধে কোনো আপত্তি প্রমাণ করিবার প্রয়াস পান। অভিযোগ নাকচ করিবার জন্য দরখান্ত করিয়া আপত্তি উত্থাপন করিতে হয়। ফৌজদারি কার্যবিধির ২৪১ক ধারায় ম্যাজিন্ট্রেট আদালতে ও ২৬ক ধারায় দায়রা আদালতে তদ্রেপ আপত্তি উত্থাপন করা যায়।
- objective meaning বন্ধগত অর্থ পারিপার্শ্বিক পরিস্থিতির সহিত সুপরিচিত একজন যুক্তিমান ব্যক্তি স্বার্থহীনভাবে কোনো দ্ব্যর্থহীন দলিলের বা দলিলের অংশবিশেষের যে-অর্থ আরোপ করিতে পারেন।
- objects clause উদ্দেশ্যজ্ঞাপক বিবৃতি memorandum of association ও ultra vires দ্ৰ.।
- objects of a power ক্ষমতাপ্রয়োগের লক্ষ্য যে-সব ব্যক্তির অনুকূলে একটি নিয়োগদানের ক্ষমতা প্রয়োগ করা যাইতে পারে অর্থাৎ সম্ভাব্য নিয়োগপ্রাপ্তরা।
- obligation п. দায়, দায়িত্ব, ৰাধ্যবাধকতা বি. ১. একটি আইনি কর্তব্য দায়, দায়িত্ব বা বাধ্যবাধকতা নানাপ্রকারের হইতে পারে বা আইন হইতে উদ্ভূত হইতে পারে। ২, দালিলিক অঙ্গীকার বা মুচলেকা।
- obligation of workers শ্রমিকের দায়দায়িত্ব কোনো কারখানার কোনো শ্রমিক শ্রমিকদের স্বাস্থ্য, নিরাপত্তা বা কল্যাণের উদ্দেশ্যে কারখানায় স্থাপিত কোনো যন্ত্রপাতি, সুবিধা অথবা অন্য বস্তুর ইচ্ছাকৃত ক্ষতিসাধন অথবা অপব্যবহার করিবেন না; নিজে অথবা অন্য কেহ বিপদাপন্ন হইতে পারেন, এইরূপ কোনো কাজ ইচ্ছাকৃতভাবে অথবা যুক্তিসংগত কারণ ছাড়া করিবেন না; অথবা শ্রমিকদের স্বাস্থ্য বা নিরাপত্তার উদ্দেশ্যে কারখানায় রক্ষিত কোনো যন্ত্রপাতি অথবা অন্য জিনিদের অপব্যবহার করিবেন না। যদি কারখানায় নিযুক্ত কোনো শ্রমিক উপরিউক কোনো বিধান লচ্ছান করেন তাহা হইলে তিনি তিন মাস পর্যন্ত কারাদণ্ড অথবা একশত টাকা পর্যন্ত জরিমানায় অথবা উভয়দণ্ডে দণ্ডনীয় হইবেন।
- obliteration n. বিলোপসাধন, অবমার্জনা বি. উইলের লেখা মুছিয়া ফেলার কাজ। যে-লেখা মুছিয়া ফেলা হইয়াছে, তাহা অর্থোদ্ধারযোগ্য না হইলে অথবা লেখা মুছিয়া অন্য কিছু লেখা হইলে, তাহা যদি যথাযথ স্বাক্ষরযুক্ত হয় এবং স্বাক্ষর যদি তসদিককারীর দ্বারা প্রত্যয়িত হয়, কেবল তাহা হইলে মুছিয়া ফেলার কাজ বৈধ হইবে।

obscene acts and songs অশ্লীল কাজ ও গান দওবিধির ২৯৪ ধারায় বলা ইইয়াছে যে, যদি কোনো ব্যক্তি অন্যদের বিরক্তি সৃষ্টি করিয়া (ক) সর্বসাধারণের ব্যবহার্য কোনো স্থানে কোনো অশ্লীল কাজ করেন, অথবা (খ) কোনো প্রকাশ্য স্থানে বা তাহার সন্নিকটস্থ স্থানে কোনো অশ্লীল গান বা কথা আবৃত্তি করেন বা উচ্চারণ করেন, তাহা ইইলে সেই ব্যক্তি তিনমাস মেয়াদের সশ্রম কারাদণ্ড বা বিনাশ্রম কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে অথবা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন। অশ্লীল পুন্তক, গান বা কাজের সংজ্ঞার্থ দওবিধিতে দেওয়া হয় নাই। ইংল্যান্ডের প্রধান বিচারপতি ককবার্নের মতে, যাহা মানুষের মনকে বিকৃত এবং দৃষিত করে, তাহাই অশ্লীল। মূলত সমাজের সামগ্রিক দৃষ্টিভঙ্গির আলোকে অথবা কোনো সম্প্রদায়ের সামগ্রিক মনোভাবের আলোকে কোনো কার্য অশ্লীল কি না, তাহা নিরূপণ করা যায়।

obscene publications অশ্রীল প্রকাশনা যেসব প্রকাশনা নৈতিক বিচারে ক্লুষতাদুষ্ট বা বিকৃতিপ্রবণ। ইংল্যান্ডের অশ্লীল প্রকাশনা আইন-অনুযায়ী কোনো অশ্লীল নিবন্ধ প্রকাশ করা কিংবা কোনো লাভের জন্য অশ্লীল প্রকাশনা রাখা অপরাধ বলিয়া গণ্য হয়। আইনের প্রয়োজনার্থে অশ্রীলতার সংজ্ঞার্থ আরো ব্যাপক। অশ্রীলতা কেবল অগ্নীলতাযুক্ত অর্থাৎ যৌন বিকৃতিদুষ্ট উপাদানের মধ্যে সীমাবদ্ধ থাকে না, অন্য কিছও অশ্লীল হইতে পারে। যেমন, মাদকসেবনের মাহাত্ম্যজ্ঞাপক বা সন্ত্রাসপ্রচারকারী গ্রন্থ। মামলার বিশেষ উপাদান হিসাবে কোনো কিছু অশ্লীল কী অশ্লীল নহে, ইহা একটি তথ্যগত প্রশ্র। জুরিগণ ইহা নির্ধারণ করেন এবং এইক্ষেত্রে বিশেষজ্ঞের সাক্ষ্য সাধারণত অনুজ্ঞাত নহে। যে-উপাদান কেবল মানসিকভাবে ধাক্কা দেয়, কিংবা যাহা বিরক্তির উদ্রেক করে, তাহা অশ্লীল নহে। ওইসব উপাদানের রচনায় বা চিত্রণে লেখকের অভিপ্রায় বা অভিসন্ধি খোঁজাও অবান্তর। অশ্রীল নিবন্ধের প্রকাশ বলিতে বুঝায় ভাহার বিভরণ প্রচার, ধার লওয়া বা ধার দেওয়া, বিক্রয়ের উদ্দেশ্যে দেওয়া বা ভাড়া দেওয়া (দোকানে ওইরকম বস্তুর প্রদর্শন অশ্লীনতার অন্তর্ভুক্ত নহে, কেননা ইহা কেবল দেখিবার জন্য, বিক্রয়ের জন্য নহে), অথবা মোডেমের সহায়তায় টেলিফোনের মাধ্যমে ইহা অন্যত্র প্রেরণ করা ইত্যাদি। এমন কোনো বন্ত হইতে পারে যাহা পডিবার নহে, দেখিবার বা বাজাইবার জিনিস, এবং ফিলোর নেগেটিভ কিংবা পঠনীয় বা দর্শনীয় কোনো বস্তু পুনরুৎপাদনের সাম্গ্রীও ইহার অন্তর্ভুক্ত হইতে পারে। অশ্রীলতা-বিষয়ক অপরাধটি কঠোর দায়িতাসংশ্রিষ্ট অপরাধ, তবে অভিযুক্ত বলিতে পারেন যে, ইহা অজ্ঞতাবশত ঘটিয়াছে। সেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তিকে প্রমাণ করিতে হইবে যে, তিনি নিবন্ধটি সতর্কভার সহিত পরীক্ষা করিয়া দেখেন নাই এবং উহা প্রকাশ করা যে অপরাধমূলক হইতে পারে, সে-কথা তিনি বিন্দুমাত্র সন্দেহ করেন নাই। জনহিতকর (public good) বলিয়া একটি বিশেষ সাফাইয়ের পথও অভিযুক্তের জন্য খোলা রহিয়াছে, যদি অভিযুক্ত দেখাইতে পারেন যে, বিজ্ঞান, সাহিত্য, কলা বা জ্ঞানার্জনের স্বার্থে নিবন্ধটি প্রকাশ করা হইয়াছে। আর্থিক মনাফালাভের আশায় অশ্রীল নিবন্ধাদি রাখিবার ক্ষেত্রেও অভিযুক্ত অজ্ঞতা obscenity 402

কিংবা জনহিতচিন্তার দোহাই দিতে পারেন। যদি বিচারক সন্দেহ করেন যে, অশ্লীলভাবে ব্যবহারের জন্য অশ্লীল সামগ্রী কোনো জায়গায় রাখা হইয়াছে, অহা হইলে তিনি পুলিশকে ক্ষমতা দিয়া ওই স্থানে তন্নাশি করিতে এবং অশ্লীন সামগ্রী আটক করিতে পরওয়ানা জারি করিতে পারেন। প্রাপ্ত সামগ্রী অশ্লীল প্রমাণিত হইলে, বিচারক সেগুলি বাজেয়াপ্ত করিবার আদেশ দিতে পারেন। অশ্রীল-প্রকাশনা বিষয়ক আইন টেলিভিশন বা সম্পূচার-মাধ্যমে প্রকাশনার ক্ষেত্রে প্রযোজ্য নহে, তবে এই উপাদানসামগ্রী সিনেমার পর্দায় কিংবা মঞ্চাভিনয়ের মাধ্যমে দেখাইবার ফেত্রে প্রযোজ্য। ইহার জন্য ফৌজদারি মামলা করিতে হইলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের প্রয়োজন হইবে। এই অপরাধগুলির ক্ষেত্রেও জনহিতের বিভিন্ন অন্তহাত প্রয়োগযোগ্য। অশ্রীলতা-সম্পর্কিত বিশেষ বিশেষ অপরাধও রহিয়াছে। যেমন, অশ্লীন বিজ্ঞাপন প্রচার, যৌনকৌশলের বিবরণজ্ঞাপক অবাঞ্চিত সামগ্রী প্রেরণ, অথবা ডাকের মাধ্যমে কোনো অশোভন বা অশ্রীল সামগ্রীপ্রেরণের অপরাধ (যৌন অশ্রীলতার ফেত্রে সীমাবদ্ধ, তবে প্রেরিত অশোভন বস্তও উহার পর্যায়ভক্ত)। কোনো শিশুর অশালীন চিত্র বা ছদ্ম-চিত্র লওয়া, তৈরি করা বা রাখা একটি অপরাধ। ছদ্ম-চিত্র হইন এক ধরনের প্রতিকৃতি, যাহা কম্পিউটার চিত্রলেখ (computer graphics) বা অন্য কোনো উপায়ে তৈরি করা যায়। ইহা শিশুর প্রকৃত চিত্রের অনুরূপ। ইহা বৈদ্যুতিনভাবে সংরক্ষিত উপাত্ত দিয়া প্রস্তুত করা যাইতে পারে। এই অপরাধণ্ডনি গ্রেপ্তারযোগ্য অপরাধ। এইগুলির বিচার দেত হইতে পারে এবং বিচারে কারাদও ও অর্থদও দুইই হইতে পারে। বাংলাদেশে অশ্রীল পুস্তক, চিত্র, বিবরণ, প্রতিমূর্তি, মূর্তি কিংবা বস্তুর প্রকাশ, প্রদর্শন, প্রচার, বিজ্ঞাপনদান, বিতরণ, ক্রয়, বিক্রয়, ভাড়াদান কিংবা ওইসব প্তক, চিত্র কিংবা সামগ্রী আমদানি-রপ্তানি শান্তিযোগ্য অপরাধ। বাংলাদেশে দণ্ডবিধির ২৯২ ধারায় এইসবের জন্য শান্তির বিধান রহিয়াছে। তবে উল্লিখিত পুস্তক, পুস্তিকা, লেখা, বস্তসামগ্রী, চিত্র, ভাস্কর্য (যেমন, মন্দিরগাত্রে) ইত্যাদি ব্যবহৃত, রক্ষিত বা পরিবাহিত হওয়ার ক্ষেত্রে ওই ধারা প্রযোজ্য নহে। obscene books ७ obscene acts and songs जि.।

- obscenity n. অশ্লীলতা বি., অশ্লীল কর্ম। যেসব কর্ম মানুষের কিংবা সাম্প্রিক সমাজ-পরিবেশের বা কোনো গোষ্ঠীর কিংবা সম্প্রদায়ের মনোভাবে বিকৃতি বা দৃষণ সৃষ্টি করে। যেমন, অশ্লীল পুন্তক প্রকাশ, অশ্লীল চিত্র প্রদর্শনী, প্রকাশ্য জায়গায় অর্থাৎ সাধারণের ব্যবহার্য স্থানে অশ্লীল কর্মসাধন, অশ্লীল সংগীত-পরিবেশন, অশ্লীল আবৃত্তি, অভিনয় বা অন্যবিধ বিকৃত কর্ম।
- observer n. পর্যবেক্ষক বি. আন্তর্জাতিক সংস্থার সদস্য নহে, এমন দেশ বা আন্তর্জাতিক সংগঠনের প্রতিনিধি, যিনি উক্ত সংস্থার সভায় যোগদান করেন। এইরূপ পর্যবেক্ষক ভোট প্রদান করেন না বা কোনো দলিলে স্বাক্ষর করেন না, তবে তাঁহাদেরকে কখনো কখনো আলোচনায় অংশগ্রহণ করিবার অনুমতি দেওয়া হয়।

900 obstruction

obsolete adj. অচলিত, অপ্রচলিত বিণ. বাতিল করা না হইলেও যাহা কার্যকর হয় না, যাহা আর ব্যবহার বা প্রয়োগ করা হয় না। (আইন বা দত্তুর সম্বন্ধে) রীতিনীতি ও পরিস্থিতির পরিবর্তনের দক্রন বলবৎ করা হয় না বা প্রচলিত নাই, এমন।

- obstructing a police officer প্ৰিশ-কৰ্মকৰ্তাকে বাধাদান ইহা কৰ্তব্যৱত পুলিশকে বাধাদানজনিত অপরাধ। বাধাদান বলিতে ইচ্ছাপূর্বক হস্তক্ষেপ বুঝায়। যেমন, শারীরিক বলপ্রয়োগ করা, হুমকি দেওয়া, মিখ্যা কথা বলা, বিভ্রান্তিমূলক তথ্য দেওয়া, কোনো বাধা-অপসারণে সহযোগিতা না করা, অপরাধীকে তদন্তের সমুখীন না হইতে পূর্বেই সতর্ক করিয়া দেওয়া (যেমন, জোরে গাড়ি চালাইয়া যিনি অপরাধ করিয়াছেন, তাঁহাকে বলা যে, সামনে পুলিশ আছে)। পুলিশের জিজ্ঞাসাবাদের জবাব না দেওয়া কিংবা অন্য কাহাকেও জবাব দিতে নিষেধ করা অপরাধ নহে। অপরাধ দমনকালে বা অপরাধের তদন্তকালে (বিশেষ করিয়া শান্তিভঙ্গজনিত অপরাধ) কিংবা উর্ধাতন অফিসারের আদেশ মান্য করিবার কালে পলিশ-কর্মকর্তা কর্তব্যকর্ম করিতেছেন বলিয়া ধরিতে হইবে। কিন্ত কোনো অপরাধের সহিত সম্পক্ত নহে, এমন কাজে জনসাধারণকে সাহায্য করিবার সময়ে পলিশের কাজ কর্তব্যকর্মের মধ্যে পড়ে না। পুলিশের কর্মে বাধাদান যদি নির্যাতনের পর্যায়ে পড়ে, তাহা হইলে অপরাধের শান্তি কারাদণ্ড অথবা জরিমানা। পলিশ সাদা পোশাকে থাকিলেও তাঁহার নির্যাতনকারী অবশ্যই অপরাধী। নিতান্ত শান্তিভঙ্গজনিত না হইলে কিংবা আইনশৃঙ্খলার বিঘু না ঘটাইলে পুলিশের গ্রেপ্তার করিবার ক্ষমতা নাই। এতৎসহ obstructing public servant in discharge of public functions 된. I
- obstructing public servant in discharge of public functions সরকারি কর্মচারীকে দায়িত্বপালনে বাধাদান দণ্ডবিধির ১৮৬ ধারা-অনুসারে, যে-ব্যক্তি ইচ্ছাপূর্বক কোনো সরকারি কর্মচারীকে তাঁহার সরকারি কার্যাবলি-সম্পাদনে বাধাদান করেন, সেই ব্যক্তি তিনমাস পর্যন্ত কারাদণ্ডে অথবা পাঁচশত টাকা পর্যন্ত অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন। দণ্ডবিধির ২৮৩ ধারা-অনুসারে, যে-ব্যক্তি জনপথে বা সর্বসাধারণের জন্য উন্মুক্ত নৌপথে বিপদ বা বাধার সৃষ্টি করেন, সেই ব্যক্তি দুইশত টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।
- obstruction n. প্রতিবন্ধকতা বি. মোটরগাড়ি, ট্রাক অথবা এই জাতীয় অন্যান্য যান রাস্তায় এমনভাবে দাঁড় করাইয়া রাখিবার অপরাধ যাহাতে অন্যদের গাড়ি চালনায় অথবা চলাচলে প্রতিবন্ধকতার সৃষ্টি হয় কিংবা অনুরূপভাবে রাস্তায় কোনো যানবাহন ব্যবহার করিবার (যেমন, অকারণে অসংগতভাবে খুব আন্তে গাড়ি চালনা) অপরাধ। ইংল্যান্ডে এই অপরাধের জন্য অর্থদণ্ডের বিধান রহিয়াছে। রাস্তার উপরে গাড়ি ইচ্ছাপূর্বকভাবে রাখিয়া চলিয়া যাওফা এবং রাস্তা ব্যবহারকারীদের বিপদ ঘটিতে

obtain 908

পারে, এমনভাবে গাড়ি রাখাও অপরাধ। এই অপরাধের জন্য মামলা করিতে ইইনে লিখিত নোটিশ দিতে হইবে এবং ইহা অর্থদণ্ডে দণ্ডনীয় অপরাধ। মামলার জন্য আরো প্রয়োজন হইবে পৃষ্ঠাঙ্কন (গাড়ির লাইসেন্সের উল্টাপিঠে কৃত অপরাধ লিখিয়া রাখার পদ্ধতি) এবং চালকের গাড়িচালনার অযোগ্যতা-বিষয়ে আদালতের ঘোষণা। বাংলাদেশে ১৯৩৮ সালের মোটরযান অধ্যাদেশের ১৫৭ ধারায় তদ্রুপ অপরাধ ৫০০ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দঙ্গনীয়।

- obtain vb. প্রাপ্ত হওয়া ক্রি. অর্জন করা; করায়ত্ত করা। দখল পাওয়া; অধিগত হওয়া; অধিকারী হওয়া। শব্দটির অর্থ প্রায়শ প্রসঙ্গের দ্বারা নির্ধারিত হয়। যেমন, কৃতিস্বত্ব সম্বন্ধে শব্দটির অর্থ সরকারের নিকট হইতে প্রাপ্ত হওয়া।
- obvious adj. স্বতঃস্পষ্ট, সুস্পষ্ট বিণ. যাহা সহজেই বোধগম্য হয় বা দেখা যায়।
 সুপ্রত্যক্ষ; প্রথম দৃষ্টিতেই দেখা যায় বা বোঝা যায়, এমন।
- occasional adj. বিরলাগত, নৈমিন্ত্রিক বিণ. কৃচিৎ; কদাচিৎ; অনিয়মিতভাবে। মাঝে-মধ্যে ঘটে বা দেখা যায়, এমন অনিয়মিত।
- occupancy n. দখল বি. ১. কোনো কিছু ধারণ করিবার, দখল করিবার বা কোথাও বসবাস করিবার কার্য, অবস্থা, শর্ত। বিশেষভাবে কোনো বাসস্থান বা ভূমিতে প্রকৃত্ দখল, বসবাস বা ভাড়াটিয়া হিসাবে ভোগদখল। ২. আইনগত বৈধ মানিকানা অর্জনের উদ্দেশ্যে মানিকানাহীন কোনো কিছুর (যেমন, পরিত্যক্ত সম্পত্তির) দখলগ্রহণ। ৩. যে-সময়সীমা বা কার্যকালের জন্য কেহ কোনো সম্পত্তির মানিক থাকেন, ভাড়া দেন বা অন্য কোনোভাবে তাহা ভোগ দখল করেন। ৪. দখলকৃত থাকিবার হাল বা পারিপার্শ্বিক অবস্থা। ৫. সম্পত্তি যে-জন্য নির্দিষ্ট বা সমর্পিত, সেই উদ্দেশ্যে বাবহার।
- occupation n. দখল বি. ১. (ভূমি আইন) জমির বাস্তব ভোগদখল ও নিয়ন্ত্রণ। ইংল্যান্ডের ১৯২৫ সালের ভূমি নিবন্ধন আইন-অনুযায়ী, জমিতে কোনো ব্যক্তির প্রকৃত দখলসূত্রে মালিকানা-স্বত্ব নিবন্ধিত জমির ক্রেতার জন্য অবশ্যমান্য একটি অগ্রগণ্য স্বার্থ ইইতে পারে, যদি না ওই ব্যক্তি সম্বন্ধে অনুসন্ধান করা হয় এবং স্বত্যাধিকার প্রকাশ করা না হয়। ওই দেশের ১৯৯৬ সালের পারিবারিক আইনের বিধানমতে দাম্পত্য বসতবাটিতে বিবাহসূত্রে স্বামী-স্ত্রীর দখলস্বত্ব থাকে, যাহা ভূমিদায়ররূপে রক্ষিত হইতে পারে। ২. (আন্তর্জাতিক আইনে) কোনো দেশের কর্তৃত্বাধীন নহে, এমন কোনো এলাকার নিয়ন্ত্রপগ্রহণের কান্ধ (শান্তিপূর্ণ দখল) অথবা যুদ্ধ চলাকালে শক্রেরাষ্ট্রের কোনো এলাকা দখল (যুদ্ধকালীন দখল)। শান্তিপূর্ণ দখল ইইল আইনসম্বতভাবে এলাকা স্বনিয়ন্ত্রণে লইয়া আসার পদ্ধতি, তবে দখলকারীকে অবশ্যই দেখাইতে হইবে যে, দখলকৃত এলাকার উপর তাঁহার নিয়ন্ত্রণ-মান অন্য

দাবিদারদের তুলনায় শ্রেয়। এইভাবে একসময়ে ডেনমার্ক धিনল্যান্ড পাইয়াছিল, আর যুক্তরাজ্য পাইয়াছিল রকাল। যুদ্ধকালীন দখলদার যুদ্ধ চলাকালে দখলকৃত এলাকা নিজের এলাকার অন্তর্ভুক্ত করিয়া লইতে পারেন না। যুদ্ধ চলাকালে দখলকৃত এলাকা নিজের এলাকার অন্তর্ভুক্ত করিয়া লইতে পারেন না। যুদ্ধ চলাকালে শক্ত-রাট্রের যেসব এলাকা প্রকৃতপক্ষে দখল করিয়া লওয়া হইয়াছে, সেসব এলাকার বেসামরিক নাগরিকদের নিরাপন্তাদানের জন্য হেগ ও জেনেভা কনভেনশনে কতিপয় ব্যবস্থা রহিয়াছে। যুদ্ধকালীন দখলদারকে অবশ্যই অধিকৃত এলাকার সাধারণ দওমূলক আইন ও বিচারালয়সমূহ বলবৎ রাখিতে হইবে; তবে দখলদার-শক্তি প্রশাসনের নিরাপন্তা ও সৃশৃঙ্খল সরকারবারস্থা বিদ্যমান রাখিতে অধিকৃত এলাকার আইন পরিবর্তন করিতে পারে কিংবা নৃতন আইন চাপাইতে পারে। আন্তর্জাতিক আইনে নির্বাসিত সরকারও অধিকৃত রাষ্ট্রের প্রতিনিধিত্ব অব্যাহত রাখিতে পারে এবং ইহার জন্য কোনো বিশেষ স্বীকৃতির প্রয়োজন নাই।

occupational hazard পেশাগত বুঁকি কোনো বিশেষ পেশা, বৃত্তি বা কারবার সম্পর্কিত বিপদ ও ঝুঁকি। কোনো শ্রমিক চাকুরিরত অবস্থায় পেশাগত রোগে আক্রান্ত হইয়া আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমতা হারাইলে তিনি ১৯২৩ সালের শ্রমিকদের ক্ষতিপূরণ আইনের বিধান-অনুসারে মালিকের নিকট হইতে ক্ষতিপূরণলাভের অধিকারী।

occupier n. পরিভোক্তা, ভোগদখলকারী বি. যে-ব্যক্তি কোনো কিছু ব্যবহার বা ভোগ করেন। নিজ জমি বা বাড়ির দখলদার একজন মালিকও পরিভোক্তার অন্তর্ভুক্ত।

occupier's liability দখলকারীর দায়দায়িত্ব জমি বা প্রাঙ্গণাদির অবস্থা এবং সেখানে যাহা কিছু করা হয়, তদ্বিষয়ে জমির উপরিস্থ ব্যক্তিবর্গের প্রতি জমি বা প্রাঙ্গণাদির দখলকারের দায়িতা। এতদুদ্দেশ্যে দখলকার হইতেছেন সেই ব্যক্তি বা ব্যক্তিবর্গ যাঁহার বা যাঁহাদের ওই প্রাঙ্গণাদির নিয়ন্ত্রণ আছে। প্রথাগত আইনে বিভিন্ন বিবেচনায় ভোগদখলকারীর দায়দায়িত্বের হেরফের হইতে দেখা যাইত, ওই স্থানে আগত ব্যক্তিটি কোনো চুক্তির বলে আসিয়াছেন, না আমন্ত্রিত হইয়া আসিয়াছেন অথবা দখলদারের অনুমতিপত্র লইয়া আসিয়াছেন, কিংবা অনুপ্রবেশকারী হিসাবে আসিয়াছেন, সেই অনুযায়ী। ইংল্যান্ডে এখন প্রথানুগ আইনের পরিবর্তে সংবিধি প্রণীত হইয়াছে। সংবিধিগুলি অধিকৃত জমিতে আগত্তুক ও অন্যান্য ব্যক্তির মধ্যে পার্থক্য করে। পরে আরো নৃতন বিধি প্রণীত হইয়াছে। কিত্তু যে যেভাবে আসুন না কেন, ওই স্থানে আগত সকল মানুষের নিরাপত্তা ও প্রয়ন্তের ব্যাপারে জমির ভোগদখলকারীর সাধারণ কর্তব্য রহিয়াছে। দখলকারীকে অবশ্যই দেখিতে হইবে যেন আগত লোকটির কোনো শারীরিক ক্ষতি না হয় কিংবা অন্য কোনো হানি না ঘটে। দখলদার বিপদের ঝুঁকির বিষয়ে আগত ব্যক্তিকে সতর্ক করিয়া দিবেন এবং প্রয়োজন মতো নিরাপত্তাও দিবেন।

- occupying tenant দখলকারী ভাড়াটিয়া ইংল্যান্ডে যে-ব্যক্তি একটি ইজারা বা ভাড়াচুক্তি-অনুসারে তাঁহার অধিকার-অনুযায়ী, কিংবা একজন সংবিধিবদ্ধ ভাড়াটিয়া, সুরক্ষিত কৃষিজীবী দখলকার অথবা একজন পরিরক্ষিত দখলকার হিসাবে তাঁহার অধিকারবলে, গৃহপ্রাঙ্গণাদি ভোগদখল করেন।
- offence n. অপরাধ বি. যে-কাজ করা বা যে-কাজ করা হইতে বিরত থাকা তৎকালীন বলবৎ আইনে দঙ্জনীয়।
- offence of possession of property beyond known source of income জ্ঞাতসারে উৎস-বহির্ভূত সম্পত্তি অর্জনের অপরাধ ২০০৪ সালের দুর্নীতি দমন কমিশন আইনের ২৭ ধারা-অনুসারে. (১) কোনো ব্যক্তি তাঁহার নিজ নামে বা তাঁহার পক্ষে অন্য কোনো ব্যক্তির নামে. এমন কোনো স্থাবর বা অস্থাবর সম্পত্তির দখনে রহিয়াছেন, বা মালিকানা অর্জন করিয়াছেন, যাহা অসাধু উপায়ে অর্জিত ইইয়াছে এবং তাঁহার জ্ঞাত আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ বলিয়া মনে করিবার যথেষ্ট কারণ রহিয়াছে এবং তিনি উক্তরূপ সম্পত্তি দখল সম্পর্কে আদালতের নিকট বিচারে সন্তোষজনক ব্যাখ্যা প্রদান করিতে ব্যর্থ হইলে উক্ত ব্যক্তি অনুর্ধ্ব দশ বংসর এবং অন্যুন তিন বংসর পর্যন্ত কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং উক্তরূপ সম্পত্তিসমূহ বাজেয়াগু হইবে; (২) উপ-ধারা (১)-এ উল্লিখিত কোনো অপরাধের বিচার চদাকানে যদি প্রমাণিত হয় যে, অভিযুক্ত ব্যক্তি নিজ নামে, তাঁহার জ্ঞাত আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ স্থাবর বা অস্থাবর সম্পত্তির মালিকানা অর্জন করিয়াছেন বা অনুরূপ সম্পত্তির দখলে রহিয়াছেন, তাহা হইলে আদালত অনুমান করিবেন যে, অভিযুক্ত ব্যক্তি উক্ত অপরাধে দোষী, যদি অভিযুক্ত ব্যক্তি আদালতে উক্ত অনুমান খণ্ডন করিতে না পারেন: এবং কেবল উক্তরূপ অনুমানের উপর ভিত্তি করিয়া প্রদত্ত কোনো দও অবৈধ হইবে না ।
- offence relating to violation of computer programmes কম্পিউটার প্রোগ্রাম লচ্ছানের অপরাধ ২০০০ সালের কপিরাইট আইনের সংশোধিত ৮৪ ধারাঅনুসারে, যদি কোনো ব্যক্তি (ক) কোনো কম্পিউটার প্রোগ্রামের লচ্ছিত কপি
 অনুলিপি করিয়া যে-কোনো মাধ্যমে প্রকাশ, বিক্রয় বা একাধিক কপি বিতরণ করেন,
 তাহা হইলে তিনি ছয় মাস হইতে চার বংসর মেয়াদের কারাদেও এবং এক লক্ষ
 হইতে চার লক্ষ টাকার অর্থদিও দঙিত হইবেন; (খ) কম্পিউটারে কোনো লচ্ছিত
 কপি ব্যবহার করেন, তাহা হইলে তিনি অনুর্ধ্ব তিন বংসর মেয়াদের কারাদেও এবং
 অন্যন তিন লক্ষ টাকার অর্থদিও দঙ্জনীয় হইবেন। তবে শর্ত থাকে যে, যদি
 আদালতের নিকট সন্তোমজনকভাবে প্রতীয়মান হয় যে, কম্পিউটার প্রোগ্রামটি
 ব্যবসায়িক বা বাণিজ্যিক কার্যক্রমের ধারায় মুনাফালাভের উদ্দেশ্যে লজ্জিত হয় নাই,
 তাহা হইলে অন্যন তিন মাস মেয়াদের কারাদণ্ড বা অন্যন পঁচিশ হাজার টাকার
 অর্থদণ্ড আরোপ করা যাইবে।

- offences against international law and order আন্তর্জাতিক আইনশৃহ্বলবিরাধী অপরাধ আন্তর্জাতিক সমাজের স্বাভাবিক কার্যকলাপের বিরুদ্ধে
 পরিচালিত অপরাধসমূহ। কোনো কোনো আন্তর্জাতিক আইন-বিশেষজ্ঞ মনে করেন
 যে, তথাকথিত আন্তর্জাতিক অপরাধণ্ডলি আসলে ব্যক্তির অপরাধ এবং সকল বা
 অধিকাংশ রাষ্ট্র নিজ জাতীয় আইন-অনুযায়ী এইসব অপরাধের শান্তিবিধান করিতে
 চুক্তিবদ্ধ। এই ধরনের অপরাধের উদাহরণ হইল জলদস্যাতা, ছিনতাই এবং
 যদ্ধাপরাধ। আন্তর্জাতিক আইন কমিশন রাষ্ট্রের দায়িত্ব বিষয়ে খসড়া অনুচ্ছেদসমূহ
 প্রণয়ন করিয়াছে। রাষ্ট্রগুলি আলাদাভাবে যেসব আন্তর্জাতিক অপরাধের জন্য দায়ী
 হইবে, প্রণীত খসড়া সেইগুলি নিরূপণ করিবার প্রয়াস পাইয়াছে। যেমন, ১.
 আন্তর্জাতিক শান্তিরক্ষা বা জনগণের আন্থানিয়ন্ত্রাধিকারের জন্য অপরিহার্য আইনের
 গুরুতর লক্ষন (যথা, পররাজ্য আগ্রাসন, শক্তিপ্রয়োগের দ্বারা ঔপনিবেশিক আধিপত্য
 বিস্তার); ২. ব্যক্তির নিরাপন্তাদানের জন্য প্রয়োজনীয় বিভিন্ন আইনি ব্যবস্থার গুরুতর
 লক্ষন (যথা, দাসত্ব, গণহত্যা অথবা বর্ণবাদ), কিংবা পরিবেশের ক্ষতিসাধন (যথা,
 ব্যাপক পরিবেশদৃষণ)।
- offences against property সম্পত্তিঘটিত অপরাধ অন্য কোনো ব্যক্তির মালিকানা বা স্বত্বাধিকার (কোনো কোনো ক্ষেত্রে সম্পত্তির ভোগদখল বা নিয়ন্ত্রণ) লজনঘটিত অপরাধসমূহ। সম্পত্তিবিষয়ক প্রধান অপরাধসমূহের মধ্যে রহিয়াছে চুরি, প্রতারণা, টাকা না দিয়া জিনিসপত্র লোপাট করা, জবরদন্তিমূলক প্রবেশ ইত্যাদি। তন্ধরবৃত্তি, ডাকাতি, অপকৌশল ইত্যাদি দৃষ্কর্মের মধ্যেও সম্পত্তিবিষয়ক অপরাধের নানা উপাদান নিহিত রহিয়াছে। দগুর্বিধির ৩৭৮-৪৬২ ধারাসমূহে সম্পত্তিবিষয়ক অপরাধের সংজ্ঞার্থ ও শান্তি বর্ণনা করা হইয়াছে।
- offences against public order জনশৃঙ্খলাবিরোধী অপরাধ স্বচ্ছদ সামাজিক জীবনের শৃঙ্খলাপরিপন্থী অপরাধসমূহ। ইহাদের মধ্যে প্রধান অপরাধতলি ইইল দাঙ্গা, সহিংস বিশৃঙ্খলা, মারামারি, হুমিকপূর্ণ আচরণ, সাম্প্রদায়িক ঘৃণার উদ্রেক, জনজীবনে উপদ্রবসৃষ্টিকারী বিরোধ এবং রাজপথে অন্তরায়সৃষ্টি। দণ্ডবিধির ১৪১-১৬০ ধারাসমূহে জনশৃঙ্খলাবিরোধী অপরাধের সংজ্ঞার্থ ও শান্তি সম্পর্কে বিধান রহিয়াছে।
- offences against the person ব্যক্তির বিরুদ্ধে অপরাধ ব্যক্তির বিরুদ্ধে শারীরিক বলপ্রয়োগ কিংবা প্রতিশোধগ্রহণের বা শান্তিদানের ভয়প্রদর্শন। ব্যক্তিবিরোধী প্রধান অপরাধগুলির মধ্যে রহিয়াছে হত্যা, শিশুহত্যা, অবৈধ গর্ভপাত, বিপজ্জনকভাবে গাড়ি চালাইয়া মানুষের মৃত্যু ঘটানো, অসাবধানে গাড়ি চালাইয়া মানুষ হত্যা (ইহা ব্যক্তির বিরুদ্ধে মারাত্মক অপরাধ) এবং নির্যাতন, ধর্ষণ, আঘাত, মারাত্মক শারীরিক জব্ম, প্রহার, বেদম প্রহার, হ্মকিদান, অপহরণ এবং অশোতন আচরণ (ইহা মারাত্মক অপরাধ নহে) ইত্যাদি। দপ্তবিধির ৩১২-৩৭৭ ধারাসমূহে ব্যক্তির বিরুদ্ধে অপরাধের সংজ্ঞার্থ ও শান্তি সম্পর্কে বিধান রহিয়াছে।

- offences against the state রাষ্ট্রবিরোধী অপরাধ মূলত রাষ্ট্রের নিরাপত্ত বিদ্যুত করিতে পারে, এমন অপরাধসমূহ। রাষ্ট্রবিরোধী প্রধান অপরাধতনি ইইন রাষ্ট্রদ্রোহিতা, রাষ্ট্রদ্রোহিতার খবর গোপন রাখা, সরকারের বিরুদ্ধে লোকজনকে খেপাইয়া তোলা বা বিদ্রোহ সৃষ্টি করা, সরকারের গোপনীয় বিষয় ফাঁস করিয়া দেওয়া এবং সন্ত্রাসমূলক কাজ। দওবিধির ১২১-১৩০ ধারাসমূহে রাষ্ট্রবিরোধী অপরাধের সংজ্ঞার্থ ও শান্তি সম্পর্কে বিধান রহিয়াছে।
- offences for violation of copyright and other rights কপিরাইট ও অন্যান্য
 অধিকার লচ্চ্যনজনিত অপরাধ ২০০০ সালের কপিরাইট আইনের সংশোধিত ৮২
 ধারা-অনুসারে, যে-ব্যক্তি ইচ্ছাকৃত কোনো কর্মের কপিরাইট বা এই আইনের ২৬
 ধারার অধীন অর্পিত অধিকার ব্যতীত অন্য কোনো অধিকার ইচ্ছাকৃতভাবে লচ্চন
 করেন বা করিতে সহায়তা করেন, তিনি ছয় মাস হইতে চার বৎসর মেয়াদের
 কারাদেওে এবং পঞ্চাশ হাজার হইতে দুই লক্ষ টাকার অর্থদতে দওনীয় ইইবেন।
- offences relating to road traffic রাস্তায় গাড়ি চলাচল-সম্পর্কিত অপরাধ জনসাধারণের চলাচলের রাস্তায় যানবাহন চালনাঘটিত অপরাধসমূহ। এই ধরনের অপরাধের মধ্যে রহিয়াছে অসাবধানতা ও অবিবেচনাপ্রসূত গাড়িচালনা, অসাবধানে গাড়ি চালাইয়া মৃত্যু ঘটানো, নেশাগ্রন্ত অবস্থায় গাড়িচালনা, গাড়িচালনায় অযোগ্য হইয়াও তাহা চালনা, অস্বাভাবিক দ্রুত গাড়িচালনা, ট্রাফিক সংকেত অবজ্ঞা করা, ক্রটিপূর্ণভাবে গাড়ি রাখা (পার্কিং), দুষ্টবুদ্ধি অবলম্বনপূর্বক গাড়ি চালাইয়া রান্তায় বাধাসৃষ্টি করা ইত্যাদি। রাস্তায় চলাচলঘটিত কোনো কোনো অপরাধের জন্য মামলা করিতে হইলে পূর্ববিজ্ঞপ্তি লাগিবে। রাস্তায় গাড়ি চলাচল-সম্পর্কিত অপরাধের জন্য বিভিন্ন রকম শান্তির বিধান রহিয়াছে— অর্থদণ্ড, গাড়ি চালানোর অনুমতিপত্রের (ড্রাইভিং লাইসেন্স) উল্টা পিঠে পৃষ্ঠাস্কন অর্থাৎ অপরাধ লিখিয়া দেওয়া, গাড়িচালনার অযোগ্য ঘোষণা এবং কোনো কোনো ক্ষেত্রে কারাদণ্ড। আদালত চাহিলে নৃতন করিয়া গাড়িচালনার পরীক্ষা লইতে আদেশ দিতে পারেন। গাড়িচালনা-বিষয়ক অপরাধের অনেকগুলি (বিশেষ করিয়া যেগুলি প্রধান নহে) সরাসরি দায়িতাযুক্ত অপরাধ। দওবিধির ২৭৯ ও ৩০৪ক ধারা এবং ১৯৮৩ সালের মোটরযান অধ্যাদেশের ১৪২-১৪৫ ধারাসমূহে রাস্তায় গাড়ি চলাচল-সম্পর্কিত অপরাধের সংজ্ঞার্থ ও দণ্ড সম্পর্কে বিধান রহিয়াছে।
- offences triable either way দুইভাবে বিচারযোগ্য অপরাধ ইংল্যান্ডে যেসব অপরাধ একটি অভিযোগক্রমে বিচারযোগ্য অপরাধ কিংবা সংক্ষিপ্তভাবে বিচারযোগ্য অপরাধ— এই দুইভাবেই বিচার করা যাইতে পারে। অপরাধগুলির মধ্যে রহিয়াছে প্রতারণা, চুরি, দ্বিবিবাহ এবং অপ্রাপ্তবয়ন্ধা বালিকার সহিত রতিক্রিয়া। দুইভাবে বিচারযোগ্য অপরাধের ক্ষেত্রে, মামলাবিষয়ক তথ্যাদির শুনানিশেষে ম্যাজিন্টেট-

আদালতকে সিদ্ধান্ত লইতে হইবে, অঁপরাধটির সংক্ষিপ্ত বিচার না করিয়া লিখিত অভিযোগের ভিত্তিতে বিচার করা উচিত কি না (যেমন, যেহেত অপরাধটি গুরুতর ধরনের)। ম্যাজিস্ট্রেট-আদালত মামলাটি সন্তোষজনকভাবে বিহিত করিতে পারিবেন এইরকম সিদ্ধান্ত গৃহীত হইলেও জুরির সম্মুখে অভিযোগের ভিত্তিতে অপরাধটির বিচারকার্য পরিচালিত হওয়ার সুযোগ বিবাদীকে দিতে হইবে। অবশ্য তিনটি ব্যতিক্রমী ক্ষেত্র রহিয়াছে: ১ যদি মামলাটি আটর্নি-জেনারেল, সলিসিটর-জেনারেল, বা ডাইরেক্টর অফ পাবলিক প্রসিকিউশাসের পক্ষে পরিচালিত হয় এবং তাঁহারা যদি লিখিত অভিযোগক্রমে বিচাবযোগ্য মামলা হিসাবে বিচারের জন্য আবেদন করেন, মামলাটি অবশাই লিখিত অভিযোগের ভিত্তিতে বিচার করিতে হইবে। ২, যদি মামলাটি অপরাধমূলক ক্ষতির অপরাধঘটিত হয় কিংবা অপরাধমূলক ক্ষতিসম্পক্ত যে-কোনো অপরাধঘটিত হয় এবং ক্ষতি যদি বেশি অর্থমূল্যের না হয়, তাহা হইলে মামলাটির দেত বিচারকার্য সম্পন্ন করিতে হইবে। ৩. বিবাদী শিশু বা অল্পবয়স্ক তরুণ হইলে তাহার বিচারও দ্রুত হইবে, যদি না— (ক) অপরা হত্যাকাণ্ডের জন্য অভিযক্ত হয়: (খ) অপরাধী তাহার অপেক্ষা অধিক বয়সী (যেম-১৭ বংসর বয়সী) আরেকজন অপরাধীসহ অভিযুক্ত হয় এবং অভিযুক্ত দুইজনের বিচারকার্য একসঙ্গে হওয়াই শ্রেয় হয়; অথবা (গ) অপরাধীর বয়স ১৪ হইতে ১৭ বছরের মধ্যে হয় এবং সে এমন এক অপরাধে অভিযুক্ত হয় যাহার শান্তি ১৪ বৎসর কিংবা তাহারও বেশি মেয়াদের কারাদণ্ড এবং আদালত আরও মনে করেন যে অপবাধীকে দীর্ঘমেয়াদি কারাদণ্ড দেওয়া উচিত।

- offender n. অপরাধী, অপরাধকারী বি. যে-ব্যক্তি অপরাধ করিয়াছেন। দণ্ডবিধির ৩৮ ধারা-অনুসারে, যে-ক্ষেত্রে কতিপয় ব্যক্তি কোনো অপরাধমূলক কার্য-সংগঠনে নিয়োজিত বা জড়িত হন, সেক্ষেত্রে তাঁহারা উক্ত কার্যের মাধ্যমে বিভিন্ন অপরাধে দোষী সাব্যস্ত ইইতে পারেন। first offender, fugitive offender, juvenilc offender ও repeat offender দ্র.।
- offensive adj. ১. কোপজনক, ক্রোধজনক বিণ. যাহা ক্রোধের উদ্রেক করে বা অনুভূতিকে আহত করে। ২. আক্রমণাস্থক, আক্রামক। ৩. বীভৎসঙ্গনক, কুর্থসিত, ন্যক্কারজনক। ৪. অপকারক, আপত্তিকর, অনিষ্টকর, ক্ষতিকর।
- offensive trade অনিষ্টকর বাণিজ্য সাধারণ আভিধানিক অর্থেই শব্দটির প্রয়োগ হয়। একটি ইটের ভাঁটি স্থাপন করা কিংবা ইট তৈরি করা এমন একটি ব্যবসা যাহা প্রতিবেশী বাসিন্দাদের বিরক্তি উৎপাদন করিতে পারে, সূতরাং তাহা একটি অনিষ্টকর বা অপ্রীতিকর ব্যবসা বলিয়া গণ্য হইতে পারে। কোনো বন্ধু ভীতিপ্রদর্শনের জন্য ব্যবহৃত হইলে উহাও অনিষ্টকর বন্ধু বা অস্ত্র হিসাবে গণ্য, যদিও ভীতিপ্রদর্শনকারীর উক্ত বন্ধ বহন করিবার প্রাথমিক উদ্দেশ্য ছিল নির্দোধ। আক্রান্ত হইলে আত্মরক্ষার

জন্য বহন করা লোহার দও একটি অনিষ্টকর অস্ত্র হিসাবে গণ্য হইতে পারে, যেহেতৃ উহা বহন করিবার উদ্দেশ্য ছিল কোনো ব্যক্তিকে আঘাত করা।

offensive weapon আক্রমণাত্মক অব্র কোনো ব্যক্তিকে শারীরিকভাবে জংম করিবার উদ্দেশ্যে প্রস্তুত, অভিযোজিত ও অভিপ্রেত যে-কোনো বস্তু। জখম করিবার নিমিত্তে প্রস্তুত বস্তুর মধ্যে পড়ে রিভলভার, মুগুর ও ছোরা। জখম করিবার নিমিত্তে অভিযোজিত বস্তুর অন্তর্ভক্ত হইল কাহাকেও আক্রমণের জন্য ইচ্ছাপূর্বক ভাসা বোতন এবং কাটা বন্দুক। জখম করিবার অভিপ্রায়ে তত্তগতভাবে যে-কেনো বস্তু ব্যবহার করা যাইতে পারে, তবে সচরাচর উক্ত উদ্দেশ্যে ব্যবহৃত বস্তুর মধ্যে পড়ে ছোনা বা গৃহকর্মের জন্য ব্যবহৃত দা-ছুরি, কাষ্ঠখণ্ড ও লেষ্ট্র। ইংল্যান্ডের ১৯৫৩ সালের অপরাধদমন আইন-অনুযায়ী, প্রকাশ্য স্থানে অন্ত্রবহন করা দণ্ডনীয় অপরাধ। সংকিও বিচারে এই অপরাধের জন্য ছয়মাসের কারাদণ্ড ও অর্থদণ্ডের এবং অন্ত বাজেয়াছির বিধান রহিয়াছে। সৈন্যবাহিনীর সদস্য ও পুলিশের বেলায় কর্তব্যরত অবস্থায় এবং যুক্তিসংগত কারণে আক্রমণাত্মক অন্ত্র রাখিবার ক্ষেত্রে ব্যতিক্রম রহিয়াছে। অভিযুক্ত হইলে তাঁহারা যথোপযক্ত কারণ দর্শাইবেন। অন্যের পক্ষ হইতে আক্রমণ বা হুমি আসন না হইলে বিবাদীর আত্মপক্ষসমর্থনের কোনো যক্তিসংগত ভিত্তি নাই। ইংল্যান্ডের ১৯৮৮ সালের অপরাধ বিচার আইন-অনুসারে, প্রকাশ্য স্থানে তরবারি বা তীক্ষমুখ অন্ত্র রাখা অপরাধ এবং ইহার জন্য অর্থদণ্ডের শান্তিও প্রযোজা। তবে কাজকর্মের প্রয়োজনে (যেমন, বাগান পরিষ্কার করা কিংবা গাছপালা কাটা); আত্মরক্ষার নিমিত্তে (লাইসেঙ্গপ্ত রিভলবার বা বন্দুক); ধর্মীয় কারণে (যেমন, শিখদের কৃপাণ); কিংবা জাতীয় উৎসবে জাতীয় পোশাক-পরিধানের রীতির ক্ষেত্রে ্ কোনো কোনো জাতীয় পোশাকে খাপবদ্ধ তরবারি যুক্ত থাকে) অক্ত্রাদি সঙ্গে রাখিবার অনুমোদন থাকে। অন্ত্র তৈরি, বিক্রয়, ভাড়াদান, আমদানি ইত্যাদি নিষিদ্ধ করিবার ক্ষমতা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রহিয়াছে। ১৮৭৮ সালের অন্ত আইনের ৪ ধারা-অনুসারে, অন্ত্র বলিতে সকলপ্রকার আগ্নেয়ান্ত্র, সঙ্গিন, তরবারি, বর্ণাফলক, খঞ্জর, বল্লম, তীরধনুক, কামান ও যে-কোনো অন্ত্রাংশ এবং অন্তরনির্মাণের যন্ত্রপাতিও অক্তের অন্তর্ভুক্ত। অন্ত আইনের ৫ ধারায় বিনা লাইসেঙ্গে অন্তের উৎপাদন, রূপান্তর ও বিক্রয় নিষিদ্ধ, ৬ ধারায় তদ্ধপভাবে অন্ত আমদানি, রগুনি ও পরিবহণ নিষিদ্ধ, ১৩ ধারায় তদ্রপভাবে অস্ত্রসজ্জিত অবস্থায় চলাচল নিষিদ্ধ, ১৪ ধারায় তদ্রপভাবে দখলে অস্ত্র রাখা নিষিদ্ধ। উক্তরূপ বিধানাবলি লঙ্খন করা উক্ত আইনের ১৯ ও ১৯ক ধারায় দওনীয় অপরাধ। এতৎসহ firearm, weapon of offence ও prohibited weapon ज.।

offer n.& vb. প্রস্তাব বি., প্রস্তাব করা ক্রি. কোনো কিছু করিবার জন্য আগ্রহ কিংবা কোনো কিছু করা হইতে বিরত থাকার ইচ্ছা, যাহা গ্রহণের দ্বারা একটি আইনত অবশ্যমান্য চুক্তিতে রূপান্তরিত হয়। প্রস্তাবদাতা কোনো ব্যক্তিকে (প্রস্তাব্যহীতা)

983 office copy

প্রস্তাব দিয়া থাকেন এবং সেই ব্যক্তি প্রস্তাবের সারবতা বুঝিয়া প্রস্তাব গ্রহণ করিয়া থাকেন। তাই তথ্যপ্রদানকারী ব্যক্তি কোনো পুরস্কার দাবি করিতে পারেন না, যদি না তিনি অবগত থাকেন যে তথ্যপ্রদানের জন্য পুরস্কারের প্রস্তাব রহিয়াছে। প্রস্তাব অবশ্যই অন্যকে কোনো কিছু দেখিবার আমন্ত্রণজ্ঞাপন হইতে পৃথক, যেমন দোকানের জানালায় পণ্যপ্রদর্শনীর ব্যবস্থা, কিংবা বিলবোর্ডের দ্বারা পণ্যের বিজ্ঞাপন-প্রচার। অভিপ্রায়-ঘোষণা হইতেও প্রস্তাব পৃথক। অভিপ্রায় ঘোষণা হইল ভবিষ্যতে প্রস্তাব দেওয়ার বা কোনো কাজ সম্পন্ন করিবার ইচ্ছাজ্ঞাপক বিবৃতি, যেমন নিলামের বিজ্ঞাপন। চুক্তি আইনের ২(ক) ধারা-অনুসারে, যখন এক ব্যক্তি আরেক ব্যক্তির নিকট হইতে কোনো কার্য করিবার বা করা হইতে বিরত থাকিবার সম্মতি পাইবার জন্য কোনো কার্য করিবাত বা করা হইতে বিরত থাকিবার সম্মতি পাইবার জন্য কোনো কার্য করিতে বা করা হইতে বিরত থাকিত প্রস্তাব প্রদান করিতেছেন। প্রস্তাব প্রকাশিত ব্যক্তি শেষোক্ত ব্যক্তির নিকট একটি প্রস্তাব প্রদান করিতেছেন। প্রস্তাব প্রকাশিত বা অপ্রকাশিত কিংবা ঘোষিত বা অঘোষিত হইতে পারে। এতৎসহ lapse of offer, rejection of offer ও revocation of offer দ্র.।

- offer to the public জনসাধারণের উদ্দেশ্যে প্রস্তাব ইহা কোনো বিজ্ঞপ্তি বা ইশতেহার জারি করিয়া জনসাধারণ অথবা উহার কোনো অংশকে কোনো কিছু করিবার জন্য প্রস্তাব করা অথবা অংশগ্রহণের জন্য আমন্ত্রণ করা নির্দেশ করে। ইহা একান্তে বা গোপনে প্রদন্ত একটি প্রস্তাব, অর্থাৎ একটি ক্ষুদ্র নির্বাচিত খরিদদার শ্রেণী বা আত্মীয়স্বজন-বন্ধুমণ্ডলীর নিকট কৃত প্রস্তাব হইতে ভিন্ন। যখন কোনো ব্যবসা-প্রতিষ্ঠান প্রাতিজনিক কোম্পানিতে রূপান্তরিত হয়, তখন বিক্রেতাগণ শেয়ার বা অংশ ক্রয় করিবার জন্য তাহাদের বন্ধু, আত্মীয়স্বজন বা নির্বাচিত খরিদদার বা গ্রাহকদের আমন্ত্রণ করিলে তাহা জনসাধারণের উদ্দেশ্যে আমন্ত্রণ বলিয়া গণ্য হয় না।
- office and employment কর্মস্থল ও কর্মসংস্থান, পদ ও চাকুরি একটি পদ আইনের কোনো বিধানের উপর প্রতিষ্ঠিত, আর একটি চাকুরি সরকার বা নিয়োগকর্তার সহিত নিয়োগকৃত ব্যক্তির চুক্তির উপর নির্ভরশীল। পদ ও চাকুরির মধ্যে এইরূপ পার্থক্য করা যায় যে, সকল পদই চাকুরি কিন্তু সকল চাকুরিই পদ নহে। যেমন, জমি চাষ করিবার জন্য চুক্তিবদ্ধ হওয়া। সেখানে চাকুরির বৈশিষ্ট্য বিদ্যমান কিন্তু পদের বৈশিষ্ট্য অনুপস্থিত।
- office copy অফিস-কপি কোনো দাগুরিক দলিলের অবিকল অনুলিপি এবং যে-দপ্তরে উহা রক্ষিত থাকে কিংবা যে-দপ্তর হইতে উহা সরবরাহ করা হয়, সেই দপ্তরকর্তৃক অনুরপ অনুলিপি বলিয়া চিহ্নিত ও সরবরাহকৃত। মামলার সাক্ষ্যপ্রমাণাদির প্রয়োজনে অফিস-কপি সাধারণত মূলের সমান মর্যাদায় গৃহীত হয়। ভূমিনিবন্ধন দফতরে লিপিবন্ধ ভূক্তিসমূহের অফিস-কপি নিবন্ধিত জমিজমার মালিকানার দলিলের প্রমাণ

হিসাবে সম্পত্তি-হস্তান্তরের সময়ে ব্যবহৃত হয়। মৃত ব্যক্তির বিষয়সম্পত্তি গ্রহণ করিতে কিংবা ওই সম্পত্তির বিহিত করিতে ইচ্ছাপত্র-নির্বাহকের অধিকারের প্রমাণরূপে ইচ্ছাপত্র-প্রমাণকের দাগুরিক অনুলিপি ব্যবহৃত হয়।

office of profit লাভজনক পদ ১৯৫৭ সালের দি হাউস অব কমন্স ডিসকোয়ালিফিকেশন' আইনে লাভজনক পদে নিয়োজিত ব্যক্তিদের সংসদ-সদস্য নির্বাচিত হওয়ার বা সদস্যপদে থাকার অযোগ্য বলিয়া ঘোষণা করা হয়। বাংলাদেশের সংবিধানেও 'লাভজনক পদে' অধিষ্ঠিত ব্যক্তিদের সংসদ-সদস্য নির্বাচিত হওয়ার ও সদস্য থাকিবার অযোগ্য বলা হইয়াছে। সংবিধানের ৯৯ অনুচ্ছেদের (১) দফা-অনুসারে (২) দফায় ব্যবস্থিত বিধান ব্যতিরেকে, কোনো ব্যক্তি অতিরিক্ত বিচারকরূপে দায়িতুপালন ব্যতীত বিচারকপদে দায়িতুপালন করিয়া থাকিলে উক্ত পদ হইতে অবসরগ্রহণের কিংবা অপসারিত হইবার পর তিনি কোনো আদালত বা কর্তৃপক্ষের নিকট ওকালতি বা কার্য করিতে পারিবেন না অথবা বিচারবিভাগীয় বা আধা-বিচারবিভাগীয় পদ অথবা প্রধান উপদেষ্টা বা উপদেষ্টার পদ ব্যতীত প্রজাতন্ত্রের কর্মে কোনো লাভজনক পদে বহাল হইবেন না। উক্ত অনুচ্ছেদের (২) দফা-অনুসারে, কোনো ব্যক্তি হাইকোর্ট বিভাগের বিচারকপদে বহাল থাকিলে উক্তপদ হইতে অবসরগ্রহণের বা অপসারিত হইবার পর তিনি আপিল বিভাগে ওকালতি বা কার্য করিতে পারিবেন। সংবিধানের ১৪৭ অনচ্ছেদ-অনুসারে, (১) এই অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোনো পদে অধিষ্ঠিত বা কর্মরত ব্যক্তির পারিশ্রমিক, বিশেষ অধিকার ও কর্মের অন্যান্য শর্ত সংসদের আইনের দ্বারা বা অধীন নির্ধারিত হইবে, তবে অনুরূপভাবে নির্বারিত না হওয়া পর্যন্ত (ক) এই সংবিধান প্রবর্তনের অব্যবহিত পূর্বে ক্ষেত্রমতো সংশ্রিষ্ট পদে অধিষ্ঠিত বা কর্মরত ব্যক্তির ক্ষেত্রে তাহা যেরূপ প্রযোজ্য ছিল, সেইরূপ হইবে: অথবা (খ) অব্যবহিত পূর্ববর্তী উপ-দফা প্রযোজ্য না হইলে রাষ্ট্রপতি আদেশের দ্বারা যেরূপ নির্ণয় করিবেন, সেইরূপ হইবে। (২) এই অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোনো পদে অধিষ্ঠিত বা কর্মরত ব্যক্তির কার্যভারকালে তাঁহার পারিশ্রমিক, বিশেষ-অধিকার ও কর্মের অন্যান্য শর্তের এমন তারতম্য করা যাইবে না. যাহা তাঁহার পক্ষে অসুবিধাজনক হইতে পারে। (৩) এই অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোনো পদে নিযুক্ত বা কর্মরত ব্যক্তি কোনো লাভজনক পদ কিংবা বেতনাদিযুক্ত পদ বা মর্যাদায় বহাল হইবেন না কিংবা মুনাফালাভের উদ্দেশ্যযুক্ত কোনো কোম্পানি, সমিতি বা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় বা পরিচালনায় কোনোরূপ অংশগ্রহণ করিবেন না : তবে শর্ত থাকে যে, এই দফার উদ্দেশ্যসাধনকল্পে উপরের প্রথমোল্লিখিত পদে অধিষ্ঠিত বা কর্মরত রহিয়াছেন. কেবল এই কারণে কোনো ব্যক্তি অনুরূপ লাভজনক পদ বা বেতনাদিযুক্ত পদ বা মর্যাদায় অধিষ্ঠিত বলিয়া গণ্য হইবেন না। (৪) এই অনুচ্ছেদ নিম্নলিখিত পদসমূহে প্রযোজ্য হইবে: (ক) রাষ্ট্রপতি, (খ) প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টা, (গ) ম্পিকার বা

- ডেপুটি ম্পিকার, (ঘ) মন্ত্রী. উপদেষ্টা, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী, (ঙ) সুপ্রিম কোর্টের বিচারক, (চ) মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, (ছ) নির্বাচন কমিশনার, (জ) সরকারি কর্ম কমিশনের সদস্য।
- officer n. কর্মকর্তা বি. ১৯৯৪ সালের কোম্পানি আইন-অনুযায়ী কোম্পানির কোনো পরিচালক, ম্যানেজিং এজেন্ট, ম্যানেজার, সচিব বা অন্য যে-কোনো কর্মকর্তা। নিম্নবর্ণিত ব্যক্তিগণও ইহার অন্তর্ভুক্ত হইবেন: ম্যানেজিং এজেন্ট কোনো ফার্ম হইলে, উক্ত ফার্মের যে-কোনো অংশীদার; ম্যানেজিং এজেন্ট কোনো নিগমভুক্ত সংস্থা হইলে, উক্ত নংস্থার যে-কোনো পরিচালক বা ম্যানেজার। তবে শর্ত থাকে যে, উক্ত আইনের ৩৩১, ৩৩২ এবং ৩৩৩ ধারা ব্যতীত অন্যান্য ক্ষেত্রে কোনো নিরীক্ষক এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবেন না।
- officer in charge of police station থানার ভারপ্রাপ্ত পুদিশ-কর্মকর্তা ফৌজদারি কার্যবিধির ৪ ধারা-অনুসারে, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বলিতে সেইসকল কর্মকর্তাকেও বুঝাইবে, যাহারা কনস্টেবল পদের উপরে এবং থানার ভারপ্রাপ্ত অফিসারের অব্যবহিত নিচে এবং অনুপস্থিতি, অসুস্থতা অথবা অন্য কোনো কারণে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজের কার্য সম্পাদন করিতে না পারিলে, তাঁহার স্থলে থানায় উপস্থিত থাকেন; অথবা, সরকার নির্দেশ দিলে, উপস্থিত অন্য যে-কোনো পুলিশ-কর্মকর্তাকেও বুঝাইবে।
- officer of the court আদালতের কর্মকর্তা কোনো ব্যক্তি যিনি আইন প্রতিষ্ঠা এবং বিচারব্যবস্থা পরিচালনা করিবার দায়িত্বপ্রাপ্ত। আদালতের কর্মকর্তা বলিতে বিচারক, কেরানি, পেয়াদা, শেরিফ বা অনুরূপ ব্যক্তিদেরকে নির্দেশ করে, তবে উক্তিট একজন আইনজীবীর ক্ষেত্রেও প্রযোজ্য হয় যেহেতু তিনি আদালতের বিধি মানিগা চলিতে বাধ্য এবং আদালতের প্রতি তাঁহার অকপট থাকিবার কর্তব্য রহিয়াছে।
- official act সরকারি কর্ম কোনো কর্মকর্তাকর্তৃক আনুষ্ঠানিকভাবে তাঁহার পদাধিকারবলে কৃত কোনো কাজ। কোনো ব্যক্তি তাঁহার সরকারি কর্তব্য পালনসূত্রে কিংবা সরকারি বলিয়া উদ্দিষ্ট কোনো কর্তব্য পালনসূত্রে যে-কার্য করেন, তাহা সরকারি কর্ম হিসাবে গণ্য। একজন পুলিশ-কর্মকর্তার পক্ষে তৎকর্তৃক প্রেপ্তারকৃতদেরকে বিচারে সোপর্দ করিবার ব্যর্থতা তাঁহার কর্তব্যকর্মে গাফিলতি হিসাবে গণ্য। ঘুসগ্রহণ কর্তব্যকর্ম হইতে পারে না।
- official confidence দার্গুরিক আস্থা সাক্ষ্য আইনের ১২৪ ধারায় বলা হইয়াছে যে, যখন কোনো সরকারি কর্মচারী মনে করিবেন যে, সরকারি বিশ্বস্ততায় লব্ধ কোনো তথ্য প্রকাশ করিলে জনস্বার্থের ব্যাঘাত হইবে, তখন তিনি তাহা প্রকাশ করিতে বাধ্য হইবেন না। এই ধারায় 'দাপ্তরিক আস্থা' শব্দগুলির দ্বারা দায়িত্বপালনকালে কোনো

কর্মকর্তা কর্তৃক অন্য কর্মকর্তাকে প্রেরিত সকল ওথ্য অন্তর্ভুক্ত করে। কিন্তু তদারা গোপনীয়তার বিশেষ কোনো মাত্রা এবং তাহা সংরক্ষণের জন্য কোনো অসীকার বা নির্দেশনা বুঝায় না।

- official gazette সরকারি গেজেট বাংলাদেশে সরকারি গেজেট অথবা গেজেট অর্থ বাংলাদেশ গেজেট।
- Official Journal (OJ) অফিসিয়াল জার্নাল ইউরোপীয় ইউনিয়নের সরকারি মুখপত্র। ইহা ইউরোপীয় ইউনিয়নভুক্ত সকল দেশের প্রত্যেকটি সরকারি ভাষায় প্রত্যাহ প্রকাশিত হয়। সাম্প্রতিককালে ওই মুখপত্র দুইটি ভাগে বিভক্ত হইয়া প্রকাশিত হইতেছে। এক অংশে (L হিসাবে আখ্যাত) থাকে ইউরোপীয় ইউনিয়নের প্রণীত আইনসমূহ যাহা 'OJ [1997] L 23' কায়দায় উল্লিখিত হয়। অন্য অংশে (C হিসাবে আখ্যাত) থাকে ইউরোপীয় কমিশনের প্রস্তাবসমূহ, ইউরোপীয় পার্লামেন্টের কার্যধারার প্রতিবেদন, ইউরোপীয় আদালতের নানা বিষয়সংগ্রিষ্ট বিজ্ঞপ্তি এবং অন্যান্য সাধারণ তথ্য। ইহা 'OJ [1997] C 23' কায়দায় উল্লিখিত হয়। মৃন মুখপত্রের সম্পূরকও প্রতিদিন প্রকাশিত হয় এবং ইহাতে পূর্তকর্মাদির ও অন্যান্য সরকারি কাজের সরবরাহ চুক্তির এবং সরকারি মালপত্র ক্রয় করিবার দরপত্র আহ্বান ইত্যাদির বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। OJ দোকান হইতে ক্রয় করা যায় এবং ইহা ইন্টারনেটেও পাওয়া যায়।
- Official Petitioner সরকারি আবেদনকারী ইংল্যান্ডের ১৯৭৩ সালের ফৌজদারি আদালত আইনের ক্ষমতাবলে ফৌজদারি দেউলিয়াত্ব আদেশের জন্য আবেদনের বিষয়ে ডাইরেক্টর অফ পাবলিক প্রসিকিউশান্স কার্য করিতেন। ১৯৮৮ সালের ফৌজদারি বিচার আইনে তদ্রুপ আদেশপ্রদানের ক্ষমতা বাতিল করা হইয়াছে।
- official reciever সরকারি রিসিভার ইংল্যান্ডের শিল্প ও বাণিজ্য দফতরকর্তৃক নিযুক্ত ব্যক্তি, যিনি দেউলিয়াত্বঘটিত বিষয়ে অন্তর্বতীকালীন জিম্মাদার হিসাবে এবং দেনাদারের সম্পত্তির ব্যবস্থাপকরপে কাজ করেন, ঝণদাতাদের প্রথম সভায় সভাপতিত্ব করেন এবং দেনাদারের ঝণসমস্যা লইয়া প্রকাশ্য তদন্ত করিয়া থাকেন। বাধ্যভামূলকভাবে কোনো কোম্পানির কাজ-কারবার গুটাইয়া ফেলিবার সময়ে তিনি সাময়িক অবসায়কের ভূমিকা পালন করেন। বাংলাদেশে ১৯৩৮ সালের সরকারি রিসিভার আইনে সরকারি রিসিভার ও উপ-রিসিভার নিয়োগের বিধান রহিয়াছে। উজ আইন-অনুযায়ী সরকারি রিসিভারের ক্ষমতা, কর্ম ও কর্তব্য নির্ধারিত হয়।
- official referee সরকারি মধ্যস্থতাকারী ১৯৭২ সাল পর্যন্ত ইংল্যান্ডের সুপ্রিম কোর্টের একজন বিচার-কর্মকর্তা, যাঁহার নিকট সিদ্ধান্তদানের জন্য কতিপর মামলা প্রেরিত হইত। যেমন্ দীর্ঘকালব্যাপী হিসাব পরীক্ষণসংক্রান্ত মামলা এবং আরো

98¢ official secrets

অনেক কুদ্র মামলা। ১৯৭১ সালের-জাদালত আইনবলে উক্ত পদ রহিত করা ইইয়াছে। এখন লর্ড চাঙ্গেলর কর্তৃক মনোনীত সার্কিট জজেরা ওই দায়িত্ব পালন করেন।

official search সরকারি তালাশ আবেদনকারীর লিখিত তলবের পরিপ্রেক্ষিতে ইংল্যান্ডের জমিজমাসংক্রান্ত স্থানীয় নিবন্ধন অফিসে চাহিদা-মাফিক কোনো তালিকাভুক্ত জমির নিবন্ধনবিষয়ক বস্তান্ত জানিবার জন্য তালাশ। তালাশে যাহা পাওয়া যায়, ভূমিনিবন্ধক তাহার একটি পূর্ণ প্রত্যয়নপত্র দেন। জমিজমাবিষয়ক নিবন্ধন-বহিতে যথাযথ অনুসন্ধানের পরেও যদি জমির বিষয়ে পরিষ্কার ধারণা পাওয়া না যায়, সেক্ষেত্রে জমির ক্রেতা কোনো দায়ে আবদ্ধ থাকিবেন না। কারণ, অনুসন্ধানের বিষয়টি চূড়ান্তভাবে দেখিয়া গুনিয়া প্রত্যয়নপত্রটি দেওয়া হয়। জমির মালিকানা-সংক্রান্ত নিবন্ধন-বহিতে জমির তালিকাভুক্তির পরে এবং জমিক্রয়ের প্রক্রিয়া সমাণ্ড হইবার পূর্বে প্রত্যয়নপত্রটি দেওয়া হইলে জমিক্রয়ের ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হইবে না, তবে প্রত্যয়নপত্রটি দেওয়ার ১৫ কর্মদিবসের মধ্যে ক্রয়ের কাজ সম্পাদিত হইতে হইবে। জমির যে-ক্রেভা নিবন্ধিত মালিক হওয়ার অভিলাষী. নিবন্ধনবহিতে বিবৃত জমিসংক্রান্ত যাবতীয় শর্তে তিনি আবদ্ধ হইবেন। কোনো ক্রেতা জমির নিবন্ধন-বহি তালাশের জন্য আবেদন করিয়া ক্রীত জমির দলিল নিবন্ধন করিতে চাহিলে, তৃতীয় পক্ষের (ভিন্ন ক্রেভার) নিবন্ধন তালিকাভুক্ত হওয়ার (তালাশের আবেদন করিবার তারিখ হইতে ত্রিশ দিন) পূর্বে তিনি অগ্রাধিকার পাইবেন। সরকারি তালাশে জমির নিবন্ধিত স্বার্থের বিবরণদানে ব্যর্থ হইলে, নিবন্ধনভুক্ত নৃতন মালিক ওই স্বার্থ রক্ষা করিতে বাধ্য থাকিবেন, তবে তিনি সংবিধিবদ্ধ ক্ষতিপুরণ লাভ করিবার অধিকারী হইতে পারেন। জমির তালাশের প্রত্যয়নপত্র যখন দেওয়া হয় তখন উহা বৈধ। জমিক্রয়ের পরে জমির ক্রেতাকে স্থানীয় কর দিতে হইবে। জমির নিবন্ধন-অফিস জনসাধারণের খোঁজখবরের জন্য উনাক্ত। নির্ধারিত ফি প্রদানসাপেক্ষে কোনো বিশেষ জমির নিবন্ধন-বিষয়ক তথ্য জানাও সহজ।

official secrets সরকারি গোপনীয় বিষয় ইংল্যান্ডে ১৯১১ হইতে ১৯৮১ সালের সরকারি গোপনীয়তা বিষয়ক আইন-অনুযায়ী যেসব তথ্য গোপন সংকেতলিপি (code), কিংবা গুণ্ডশব্দ (password) অথবা শক্রপক্ষের পক্ষে উপযোগী সংবাদ বা তথ্যসমূহ বলিয়া শ্রেণীভুক্ত হইয়াছে। শক্রপক্ষের সাহায্যে কোনো নকশা, পরিকল্পনা, নমুনা বা চিঠা তৈরি করা একটি অপরাধ। শক্রপক্ষের সাহায্যার্থে গোপনীয় সরকারি সংকেতলিপি, গুণ্ডশব্দ বা কোনো তথ্য অথবা দলিল সংগ্রহ করা কিংবা রাখা অথবা কাহাকেও দেওয়া একটি অপরাধ। জনসাধারণের জন্য আইনত নিষিদ্ধ স্থানে প্রবেশ করা, কিংবা উহার সমীপবর্তী হওয়া, উহা পরিদর্শন করা বা ওই স্থান দিয়া যাওয়াও একটি অপরাধ। আইনত নিষিদ্ধ এইরূপ অন্যান্য স্থানের মধ্যে নৌবাহিনী, স্থলবাহিনী

official secrets 985

ও বিমানবাহিনীর স্থাপনাসমূহ, সামরিক অস্ত্রাদি ও সরঞ্জাম তৈরির কারখানা বা রসদাগার এবং এমনকিছু সরকারি গোপন জায়গা অন্তর্ভক্ত, যেগুলির হদিশ জানিতে পারিলে শত্রুপক্ষের সবিধা হইবে। উপরিউক্ত তিনটি অপরাধের অভিযোগে ইश অবশ্য প্রমাণিত হইতে হইবে যে, রাষ্ট্রের নিরাপত্তা ও স্বার্থ ক্ষুণু করিবার উদ্দেশ্যে ওইসব অপরাধকর্ম করা হইয়াছে। যদি এই ধরনের বিশেষ ক্ষতিকর কোনো কিছু প্রমাণ করা নাও যায়, ওই অপরাধকর্মের পারিপার্শ্বিক আলামত, অপরাধীর আচরণ এবং রাষ্ট্রের বিরুদ্ধে তাঁহার পূর্বকৃত ধ্বংসাত্মক কার্যকলাপের ভিত্তিতে তাঁহাকে অভিযুক্ত করা যাইবে। এইরূপ একটি প্রাক্প্রত্যয়ও (বিবাদী যাহা অপ্রমাণ করিতে পারেন) রহিয়াছে যে, আইনানুগ ক্ষমতা ছাড়া উপরিউক্ত তিনটি অপরাধের আওতায় যে-কোনো কত কর্ম রাষ্ট্রের স্বার্থের জন্য হানিকর। এই তিনটি অপরাধের প্রত্যেকটির শান্তি ১৪ বছরের কারাদও। সরকারি গোপনীয়তা-বিষয়ক আইন-অনুসারে, যদি কোনো সরকারি কর্মকর্তা নিজের পদমর্যাদার সুযোগ গ্রহণ করিয়া কোনো অননুমোদিত লোককে গোপন দলিল ও তথ্য পাচার করিয়া দেন, কিংবা সেইসৰ গোপন বিষয় নিজের কাছে রাখিয়া মন্দ উদ্দেশ্যে রাষ্ট্রীয় স্বার্থের বিরুদ্ধে ব্যবহার করেন, তাহা হইলে ওই কর্মকর্তা অপরাধী হইবেন। পাচারকৃত তথ্যাদি গোপনীয় না হইলেও এবং অভিযুক্ত ব্যক্তি তাঁহার কর্মের ফতিকর দিক উপলব্ধি না করিয়া থাকিলেও তিনি আইনত অপরাধী। এই অপরাধের শান্তি দুই বৎসর পর্যন্ত কারাদও এবং ওই তথ্য আইন লঙ্ঘনপূর্বক দেওয়া হইয়াছে, জানা সত্ত্বেও বা এইরূপ সন্দেহ করা সত্ত্বেও যদি কেহ উহা গ্রহণ করেন, তবে তিনিও অনুরূপ দণ্ডে দণ্ডনীয় হইবেন। উপরিউক্ত অপরাধণ্ডলির মধ্যে যে-কোনো একটি করিবার জন্য প্রয়াস পাওয়া, কিংবা করিবার জন্য কাহাকেও প্ররোচনা দেওয়া বা সহায়তা করা এবং ওই অপরাধকর্ম সম্পাদনের জন্য প্রস্তুতি লওয়া একটি অপরাধ। এইসকল কার্য সংশ্রিষ্ট অপরাধটির মতোই সমভাবে দণ্ডনীয়: যেমন, দুরভিসন্ধিমূলকভাবে কোনো সামরিক স্থাপনার নকশা আঁকার জন্য কাগজ ক্রয় করা অপরাধের প্রস্তুতিমূলক কাজ এবং ইহা উদুঘাটিত হইলে অপরাধী ১৪ বছরের কারাদত্তে দণ্ডিত হইতে পারেন। সরকারের নিরাপত্তা বিভাগ ও গোয়েন্দা বিভাগের বর্তমান বা পূর্বতন কোনো সদস্য অথবা উক্ত ব্যবস্থাধীনে কোনো কর্মকর্তা আইনসংগত কর্তৃত্ব ব্যতিরেকে রাষ্ট্রের নিরাপত্তা ও গোপনতা-সংশ্লিষ্ট কোনো তথ্য, দলিল বা অন্যান্য গুরুত্বপূর্ণ কাগজপত্র ফাঁস করিলে বা ফাঁস করিতে চাহিলে তাঁহার দই বৎসর কারাদণ্ড হইতে পারে এবং ইহার জন্য অর্থদণ্ডও হইতে পারে। সরকারি কর্মকর্তারা দেশের নিরাপত্তাবিষয়ক কার্যক্রম বা পরিকল্পনা ফাঁস করিতে পারেন না। দেশের কোনো নাগরিকই দেশের জন্য বিপজ্জনক গোয়েন্দাবৃত্তি অবলম্বন করিতে পারেন না। এই অপরাধ গুরুতরভাবে দওনীয়। বাংলাদেশে ১৯২৩ সালের সরকারি গোপনীয় বিষয় আইন-অনুসারে, গুগুচরবৃত্তি, নিষিদ্ধ স্থানের ছবিতোলা ইত্যাদি, বিদেশি অনুচরের সহিত যোগাযোগ,

989 Ombudsman

সরকারি গোপন তথ্যাবলি হস্তগত করা ইত্যাদি, অবৈধভাবে নিষিদ্ধ স্থানে প্রবেশ, সামরিক বাহিনী প্রভৃতির পোশাক ব্যবহার ইত্যাদি, সরকারি নিরাপস্তা-বিঘ্নকারী কাজ প্রভৃতি দওনীয় অপরাধ।

- Official Solicitor সরকারি সলিসিটর ইংল্যান্ডের সুপ্রিম কোর্টের যে-কর্মকর্তা আদালতকর্তৃক আদিষ্ট হইয়া মামলার পক্ষের বন্ধু বা আসন্ধ বন্ধুরূপে অক্ষম ও অসহায় শিশুদের পক্ষে মামলা করিবার জন্য তাহাদের অভিভাবক হিসাবে ভূমিকা পালন করেন। তাঁহাকে বিতর্কিত ন্যাস-সংশ্লিষ্ট মামলার কার্যক্রমে বিচারক-অছি (judicial trustee) নিযুক্ত করা যাইতে পারে। বাংলাদেশে সরকারি সলিসিটরের মতো কোনো সরকারি কর্মকর্তা নাই, তবে বাংলাদেশ সরকারের সলিসিটর জেনারেল আইন মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা এবং সরকার যে-সকল মামলায় পক্ষভুক্ত থাকে, তিনি সেইসকল মামলার তত্তাবধান করেন।
- officiating and temporary পদাপর ও অস্থারী যখন কোনো ব্যক্তি কোনো পদে স্থায়ীভাবে নিয়োগ লাভ করিয়া অন্য কোনো উচ্চ পদমর্যাদায় সাময়িকভাবে নিয়োগ লাভ করেন, তখন 'পদাপন্ন' শব্দটি ব্যবহৃত হয়। 'অস্থায়ী' শব্দটি সাধারণত এমন কোনো ব্যক্তি সম্বন্ধে প্রয়োগ করা হয়, যিনি সরকারি চাকুরিতে প্রথমবারের মতো নিয়োগপ্রাপ্ত এবং তাঁহার নিয়োগ স্থায়ী নহে, অস্থায়ী।

ficiating service and substantive service পদাপন্ন কর্ম ও স্থায়ী কর্ম পদাপন্ন কর্ম হইল অপেক্ষাকৃত নিম্ন পদমর্যাদার ব্যক্তির উচ্চপদে আসীন হইয়া উক্ত পদে সাময়িকভাবে দায়িত্বপালন করা যাহা স্থায়ী নহে; এবং সত্যিকার বা বাস্তব দর্মের ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে উক্ত পদাধিকারী ব্যক্তির স্থায়ী অধিকার নির্দেশ করে।

OJ অফিসিয়াল জার্নাল Official Journal দ্র.।

- oligopoly n. স্বল্পসংখ্যক ব্যবসায়ীর একচেটিয়া কারবার অপ্পসংখ্যক জোগানদার বা ব্যবসায়ী কর্তৃক বাজারের উপর নিয়ন্ত্রণ-প্রতিষ্ঠা। বাজার-নিয়ন্ত্রণের জন্য ব্যবসায়ীরা জোটবদ্ধ হইতে পারেন, আবার নাও পারেন। তু. monopoly।
- Ombudsman n. ন্যায়পাল বি. সংবিধানের ৭৭ অনুচ্ছেদ-অনুসারে, (১) সংসদ আইনের দ্বারা ন্যায়পালের পদ-প্রতিষ্ঠার জন্য বিধান করিতে পারিবেন। (২) সংসদ আইনের দ্বারা ন্যায়পালকে কোনো মন্ত্রণালয়, সরকারি কর্মচারী বা সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষের যে-কোনো কার্য সম্পর্কে তদন্তপরিচালনার ক্ষমতাসহ যেরপ ক্ষমতা কিংবা যেরূপ দায়িত্ব প্রদান করিবেন, ন্যায়পাল সেইরূপ ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন। (৩) ন্যায়পাল তাঁহার দায়িত্বপালন সম্পর্কে বাৎসরিক রিপোর্ট প্রণয়ন করিবেন এবং অনুরূপ রিপোর্ট সংসদে উপস্থাপিত হইবে। এতৎসহ Tax Ombudsman দ্রু,।

omission 986

omission n. অকরণ, অবহেলা, বিরতি বি, কোনো কর্মের অকরণ, অবহেলা বা বিরতি। কর্মে অবহেলা সাধারণত একটি দণ্ডযোগ্য অপরাধ নহে। যেমন, কোনো শিশু পানিতে পডিয়া ডবিয়া গেলে কাহারও নিদ্রিয়ভাবে দাঁডাইয়া থাকা কিংবা নির্বিকারভাবে তাহা অবলোকন করা সাধারণত দণ্ডনীয় অপরাধ নহে। কিন্তু কখনো কখনো মানুষের পালনীয় কর্তব্যকর্ম থাকে। তাহা চক্তির শর্তের কারণেও বর্তায়; কিংবা সেই মানুষটি কোনো শিশুর পিতা/মাতা বা অভিভাবক/অভিভাবিকা হওয়ার কারণেও হইতে পারে: অথবা সেই ব্যক্তি স্বেচ্ছাপুণোদিত হইয়া কর্তব্য পালন করিতে পারেন (যেমন, প্রতিবন্ধী আত্মীয়কে দেখাগুনা করা); অথবা বিধিবদ্ধ দায়িত্র তাঁহার উপর অর্পিত হইয়াছে বলিয়া তিনি কর্তব্য সম্পাদন করেন। এইসব ক্ষেত্রে যথাকর্তব্য না করা অবশ্যই দণ্ডনীয় অপরাধ বলিয়া গণ্য হইবে। সাধারণত ইহা অবহেলাজনিত অপরাধ (যেমন, নিমখুন বা নরহত্যার ঘটনা— অভিযুক্তের অবহেলার কারণে যদি কোনো আঘাতপ্রাপ্ত মানুষ মরিয়া যান)। অবহেলা যদি ইচ্ছাকৃতভাবে মন্দ অভিপ্রায়জনিত হয় (ক্ষুধার্ত মানুষকে খাদ্য হইতে বঞ্চিত রাখিয়া মারিয়া ফেলিবার অভিপ্রায়), তাহা হইলে তাহা হইবে হত্যার সমতুল্য। অনুরূপভাবে পুরণযোগ্য ক্ষতির আইনে কর্মে অবহেলার জন্য কোনো সাধারণ দায়দায়িত নাই, কিন্ত কিছু কিছু পরিস্থিতি আছে, যেখানে অন্যদের ক্ষতি রোধ করিবার লক্ষ্যে যথাযথ ব্যবস্থাগ্রহণের - জন্য আইনি দায়িত্ব রহিয়াছে। যেমন, কোনো অঙ্গনের ভোগদখলকারী ওই অঙ্গনে আগমনকারী লোকজনদের নিরাপত্তা বিধান করিতে কর্তব্যবন্ধ । neglect দ্র. ।

- omne testamentum morte consumonatum est প্রত্যেক ইচ্ছাপত্র মৃত্যুর দারা নিম্পন্ন বা সম্পাদিভ হয় ইচ্ছাপত্রকারীর জীবিতকালে ইচ্ছাপত্র পরিবর্তনশীল, কিন্তু তাঁহার মৃত্যুতে তাহা অপরিবর্তনীয় ও প্রয়োগযোগ্য হয়।
- omnia praesumuntur rite et solemniter esse acta সৰকিছু যথাৰ্থভাবে ও বিধিসংগতভাবে করা হইয়াছে বলিয়া ধারণা করা হয় presumption দ্র.।
- omnibus clause ব্যাপক দফা ১. মোটরগাড়ির বিমাপত্রের এমন বিধান যাহা মালিকের অনুমতি লইয়া উক্ত গাড়ির সকল চালককে বিমার অন্তর্ভূক করে। ২. অবশিষ্ট অংশসংক্রান্ত দফা।
- on account of বাবদ, অব্য. হেতৃতে যুক্তিতে; প্রদানের অভিমুখে, সম্পর্কে।
 সম্পত্তি-হস্তান্তর আইনের ৭৬(জ) ধারা-অনুসারে, দখলপ্রাপ্ত বন্ধকগ্রহীতা বন্ধকি
 সম্পত্তি হইতে যে-অর্থ পাইতেন অথবা নিজে ওই সম্পত্তি দখল করিলে খরচাদি বাদ
 দিয়া যে-অর্থ তাঁহার আয় হইত, তাহা হইতে সময়ে সময়ে তাঁহার আসল টাকার সুদ
 বাবদ পাওনা কর্তন করিয়া লইবার পর অবশিষ্ট অর্থ হইতে আসল টাকা বা তাহার
 অংশবিশেষ কর্তনের পর যাহা থাকিবে, তাহা বন্ধকদাতাকে দিতে হইবে।

on all fours হ্বহ্ বিণ. বিচার্য ঘটনা ও আইনের প্রশ্নে কোনো নজিরের সহিত হ্বহ্ মিল।

- on behalf of adv. পক্ষে ক্রি. বিণ. কাহারো 'পক্ষে' বলিলে, যে-ব্যক্তির পক্ষে কিছু করা ইইভেছে, তাঁহার কিছু হিত বা উপকার বুঝায়। 'পক্ষে' শব্দটি নিয়োগিত্ব নির্দেশ করে।
- once adv. একবার ক্রি. বিণ কোনো সংবিধিতে যদি এমন নির্দেশ থাকে যে, কোনো সময়-পরিধির মধ্যে একবার একটি কার্য কিছুদিন অন্তর অন্তর এবং বারংবার করিতে ইইবে (যেমন, ছয়মাস অন্তর একবার স্টিমারের বয়লার পরীক্ষণ), তাহা ইইলে বুঝিতে ইইবে যে, দুইটি কার্যের মধ্যে ছয়মাসের একটি কাল অতিবাহিত হওয়া উচিত নহে।
- on demand চাহিবামাত্র, যাচনাক্রমে ১৯৯১ সালের ব্যাংক কোম্পানি আইন-অনুসারে, এই বাক্যাংশটি অর্থ-পরিশোধ সম্বন্ধে প্রযুক্ত হইলে, সাধারণত ইতিমধ্যেই পরিশোধ্য একটি ঝণ নির্দেশ করে, তবে ইহা এই অর্থেও প্রয়োগ করা যাইতে পারে যে, 'চাওয়া' বা 'যাচনা' অর্থ-পরিশোধের অধিকার-পূর্ববর্তী একটি শর্ত।
- on duty কর্তব্যরত বিণ, যিনি কর্তব্যকর্মে নিয়োজিত থাকেন। প্রশিক্ষণগ্রহীতা কর্মকর্তা এবং প্রশিক্ষণদাতা কর্মকর্তা, উভয়েই কর্তব্যরত বলিয়া বিবেচিত হন।
- one n. & adj. ১. এক, একজন, একখানি। ২. একটি, সম্পূর্ণ, একক বন্ধু বিণ.

 যদি কাহারো একাধিক পুত্র থাকে এবং ইচ্ছাপত্রদারা তাঁহার পুত্রদের 'একজন'কে

 সম্পত্তি দান করা হয়, তাহা হইলে অনিশ্চয়তার দক্ষন ওই দান অকার্যকর হইয়া

 যাইবে।
- onerous adj. দূর্বহ বিণ. ১ অত্যন্ত কষ্টকর, ক্লেশাবহ বা বিরক্তিজনক, দূর্ভোগসৃষ্টিকারী। ২. সুবিধাদির অপেক্ষা অধিক দায়দায়িত্বসম্পন্ন। যেমন, দূর্বহ সম্পত্তি। ৩. দেওয়ানি আইনে সমমূল্যের কিছুর বিনিময়ে কোনো কিছু করা বা দেওয়া; পণদারা সমর্থিত।
- online adj. & adv. অনলাইন বিণ. ও ক্রি.বিণ. কম্পিউটারের সহিত সরাসরি যুক্ত বা কম্পিউটার দ্বারা নিয়ন্ত্রিত। ১. একটি কেন্দ্রীয় কম্পিউটার বা কম্পিউটার নেটওয়ার্কের সহিত সরাসরি সংযুক্ত বা উহার দ্বারা নিয়ন্ত্রিত যন্ত্রপাতি। ২. যে-পূর্বলেখ (প্রোগ্রাম) বা পরিক্রিয়া অন্য এমন একটি পূর্বলেখ বা পরিক্রিয়ার (যেমন, একটি তালিকানিয়ত্রণ-পূর্বলেখ) সহিত সম্পর্কিত। যাহা সরাসরি প্রদেয় হিসাব (ক্রীত পণ্য) ও গ্রহণীয় হিসাবের (বিক্রীত পণ্য) সহিত সম্বন্ধযুক্ত।

- only adv. একমাত্র, শুধু, কেবল বিদ্য একটি হুভিতে শুধু 'রহিমকে প্রদান কর' বলিতে সীমাবদ্ধকর পৃষ্ঠালিপি বুঝাইবে, যাহার ফলে হুভিটির বিনিময়যোগ্যতার অবসান হইবে।
- on or before ওইসময়ে বা তৎপূর্বে কোনো সুনির্দিষ্ট সময় বা ঘটনা সম্বন্ধে, উচ্চ সময়ে বা ঘটনাকালে, কিংবা ওই সময় বা ঘটনার অব্যবহিত পূর্বে যে-কোনো সময়ে, কিন্তু পরে নহে।
- on payment পরিশোধসাপেক্ষে একটি বহনপত্রে বা জাহাজভাড়ার চুক্তিতে 'পরিশোধসাপেক্ষে' শব্দগুলির অর্থ এই নয় যে, মাল খালাস করিবার অব্যবহিত পূর্বে বা পরে ভাড়া পরিশোধ করিতে হইবে; ইহার অর্থ দুইটি কার্য একযোগে হইতে হইবে, অর্থাৎ একইসঙ্গে ঘটিতে হইবে।
- onus of proof প্রমাণের ভার, প্রমাণের দায়িত্বভার সাক্ষ্য আইনের ১০১ ধারা হইতে ১১৪ ধারা পর্যন্ত প্রমাণের দায়িত্বভার আলোচিত হইয়াছে। ১০১ ধারায় বদা হইয়াছে যে, কোনো ব্যক্তি আদালতে কোনো ঘটনার অন্তিত্ব দাবি করিয়া যদি সেই ঘটনার অন্তিত্বের উপর নির্ভরশীল কোনো আইনগত অধিকার ও দায় সম্পর্কে আদালতের রায় প্রার্থনা করেন, তবে সেই ঘটনার অন্তিত্ব তাঁহাকেই প্রমাণ করিতে হইবে। কোনো ব্যক্তি যখন কোনো ঘটনার অস্তিত প্রমাণ করিতে বাধ্য থাকেন, তখন বলা হয় যে, ঘটনাটি প্রমাণ করিবার দায়িত সেই ব্যক্তির উপর ন্যন্ত। বাদী কোনে। বিষয় প্রতারণামূলক বলিয়া দাবি করিলে বা কোনো গুরুত্বপূর্ণ বিষয়ের উপস্থিতি বা অনুপস্থিতি আদালতকে বিশ্বাস করাইতে চাহিলে তাহা বাদীকেই প্রমাণ করিতে হইবে। বাদীর উপর প্রমাণের দায়িত্ব থাকিলে এবং তিনি তাহা প্রমাণ না করিতে পারিলে মোকদ্দমা খারিজ হইবে। Haii Kari Abdur Rahman v. Abdur Rahim Gazi 35 DLR 132 দ্র.। দেওয়ানি মামলায় প্রমাণের দায়িত সর্বক্ষেত্রে বাদীর উপর থাকে না বরং প্রমাণের দায়িত বাদী ও বিবাদীর মধ্যে ভাগাভাগি হয়। ফৌজদারি মামলা প্রমাণের দায়িত অভিযোগকারী পক্ষের, তবে আসামি কোনো আইনগত ব্যতিক্রম দাবি করিলে উক্ত ব্যতিক্রম আসামিকেই প্রমাণ করিতে হয়। burden of proof 五. I
- open contract খোলা চুক্তি জমির যে বিক্রয়-চুক্তিতে কেবল জমির বিক্রেণ ও ক্রেয়ন মূল্যের উল্লেখ থাকে। ইংল্যান্ডের আইনে খোলা চুক্তি লিখিত হইলে অথবা বিধি-অনুযায়ী সম্পাদিত হইলে, উহা বৈধ হইবে। ১৯৮৯ সালের সম্পত্তি আইনে (বিবিধ বিধান) পূর্বতন সম্পাদিত চুক্তিও লিখিত প্রমাণসাপেক্ষ হইলে কিংবা চুক্তিটি আংশিকভাবে সম্পাদিত হইলে, তাহা বৈধ হইবে। অন্যান্য শর্তের মধ্যে রহিয়াছে: ১. ক্রেতার নিকট জমি-বিক্রেতা তাঁহার জমির ঝঞ্লোটমুক্ত নিরন্ধুশ মালিকানা-স্বত্ত নিশ্চিত করিবেন; অবশ্য ক্রেতার

ዓኖኔ open court

জ্ঞাতসারে জমির কোনো খুত থাকিলে ক্রেতা তাহা মানিয়া লইতে বাধ্য। ২. অনিবন্ধিত জমির ক্ষেত্রে, একটি যুক্তিসংগত সময়সীমার মধ্যে জমি-বিক্রেতাকে তাঁহার জমির কমপক্ষে পনের বছরের পুরানো মালিকানা-স্বত্তের প্রামাণিক দলিলের সংক্ষিপ্ত বিবরণ দাখিল করিতে হইবে: এবং নিবন্ধিত জমির ক্ষেত্রে, জমি নিবন্ধন আইনমাফিক সুস্পষ্ট দলিল দেখাইতে হইবে। ৩. জমি-বিক্রেতাকে জমির স্বত্বধারী মালিকরপে জমি বিক্রয় করিতে হইবে। ৪. দলিলের সারসংক্ষেপ পাওয়ার পরে যুক্তিসংগত সময়সীমার মধ্যে জমির ক্রেতাকে জমিক্রয়ের ইচ্ছা ব্যক্ত করিতে হইবে। কিংবা জমির মালিকানার ব্যাপারে আপত্তি থাকিলে তাহাও জানাইতে হইবে। ৫. ক্রেতাকেই তাঁহার নিজ খরচে জমি-হস্তান্তরের দলিল প্রস্তুত করিতে হইবে। ৬. দলিলপত্র চূড়ান্ত হইলে জমির বিক্রেতাকে জমির দখল ছাডিয়া দিতে হইবে। ৭. যুক্তিসংগত সময়সীমার মধ্যেই টাকা-পয়সার লেনদেন সম্পূর্ণ করিতে হইবে: যদি তাহা না করা যায়, জমির মালিক ক্রেতার নিকট হইতে অপরিশোধিত ক্রয়মূল্যের উপর সুদ পাইবেন এবং ক্রেতা জমির দলিল সম্পূর্ণ হওয়ার সময় হইতে জমির আয় লাভ করিতে থাকিবেন। চিঠিপত্রের মাধ্যমে সম্পাদিত চুক্তির ক্ষেত্রে সম্পত্তি আইন-অনুযায়ী কিছু শর্ত রহিয়াছে। জমির মালিক স্বয়ং জমির দলিল প্রস্তুত করিবার জন্য পীড়াপীড়ি করিতে পারিবেন না (এইরূপ চুক্তির কোনো শর্ত করা হইলে, তাহা আইনত অসিদ্ধ)। ইহা ছাড়। যেসব নিহিত ও বিধিবদ্ধ শর্ত রহিয়াছে, সেগুলি জমির মালিক ও ক্রেতা দুইপক্ষের সন্মতিতে পরিহার করা কিংবা পরিবর্তন করা অথবা সংরক্ষণ করা যায়। বাস্তবে সাধারণত যে-ধরনের চক্তি হয়, তাহাই দুই পক্ষের অধিকার ও দায় আরো সুস্পষ্টভাবে নির্দিষ্ট করিয়া দেয়। বাংলাদেশে ১৮৮২ সালের সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৪ ধারা-অনুসারে, স্থাবর সম্পত্তি-বিক্রয়ের চুক্তি বলিতে এই মর্মে একটি চুক্তি বুঝায় যে, পক্ষদের মধ্যে স্থিরীকৃত শর্তাবলিতে ওইরূপ সম্পত্তির বিক্রয়কার্য সম্পন্ন হইবে। ইহার দ্বারা এককভাবে ওইরূপ সম্পত্তিতে কোনো স্বার্থ বা দায় সৃষ্টি হয় না। ওই আইনের ৫৫ ধারায় ক্রেতা ও বিক্রেতার অধিকার ও দায়দায়িত্সসূহ বর্ণিত হইয়াছে।

open court প্রকাশ্য আদালত যে-আদালতে সর্বসাধারণের প্রবেশাধিকার রহিয়ছে।
সাধারণত বিচারকার্য প্রকাশ্য আদালতে অনুষ্ঠিত হওয়াই আইনের বিধান।
সংবিধানের ৩৫(৩) অনুচ্ছেদ-অনুসারে, ফৌজদারি অপরাধের দায়ে অভিযুক্ত প্রত্যেক
ব্যক্তি আইনের দ্বারা প্রতিষ্ঠিত স্বাধীন ও নিরপেক্ষ আদালত বা ট্রাইব্যুনালে দ্রুত ও
প্রকাশ্য বিচারলাভের অধিকারী হইবেন। দেওয়ানি কার্যবিধির ১৮ আদেশের ৪
নিয়মে বলা হইয়াছে যে, আদালতে উপস্থিত সাক্ষীদের সাক্ষ্য মৌথিকভাবে প্রকাশ্য
আদালতে বিচারকের উপস্থিতিতে এবং তাঁহার প্রত্যক্ষ তত্ত্বাবধানে গ্রহণ করিতে
হইবে। ২০ আদেশের ১ নিয়ম-অনুসারে, প্রকাশ্য আদালতে রায় প্রকাশ করিতে
হইবে। ফৌজদারি কার্যবিধির ৩৫২ ধারা-অনুসারে, আদালত উন্মুক্ত থাকিবে। উক্ত

opening 963

ধারায় বলা হইয়াছে যে, অপরাধের বা বিচারের উদ্দেশ্যে যে-স্থানে কোনো ফৌজদারি আদালতের অধিবেশন বদে, সেই স্থানকে প্রকাশ্য আদালত বলিয়া গণ্য করিতে হইবে এবং যতক্ষণ পর্যন্ত সেখানে স্থান সংকুলান হয়, ততক্ষণ পর্যন্ত সেখানে স্বান সংকুলান হয়, ততক্ষণ পর্যন্ত সেখানে সর্বসাধারণের প্রবেশাধিকার থাকিবে। তবে শর্ত থাকে যে, বিচারক বা ম্যাজিট্রেট উপযুক্ত মনে করিলে কোনো বিশেষ মামলায় তদন্ত বা বিচারের যে-কোনো পর্যায়ে আদেশ দিতে পারিবেন যে, সর্বসাধারণ বা কোনো বিশেষ ব্যক্তি আদালত কর্তৃক ব্যবহৃত কক্ষ বা ভবনে প্রবেশ করিতে বা তথায় অবস্থান করিতে পারিবেন না। ফৌজদারি কার্যবিধির ৩৬৬ ধারা-অনুসারে প্রকাশ্য আদালতে রায়ে ঘোষণা করিতে হইবে। আইনগতভাবে বাড়িতে নহে, প্রকাশ্য আদালতে রায়ে স্বাক্ষর করিতে হইবে। Amin Sharif v. Syeda Khatun 14 DLR 76 দ্র.।

opening n. উপক্রমণিকা বি. কৌসুলি কর্তৃক মামলার প্রারম্ভিক বিবৃতি।

opening speech প্রারম্ভিক বক্তৃতা ১. ফৌজদারি মামলার বিচারকার্মের প্রারম্ভে সরকারি অভিযোক্তা বা কৌসুলিকর্তৃক প্রদন্ত বক্তৃতা। এই বক্তৃতার অভিযুক্তের বিরুদ্ধে দায়েরকৃত মামলার রূপরেখা সংক্ষিপ্তভাবে তুলিয়া ধরা হয় এবং মামলার অভিযোগ প্রমাণের জন্য প্রয়োজনীয় সাক্ষ্যপ্রমাণাদির সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হয়। ২ দেওয়ানি মামলার বিচারকার্যের প্রারম্ভে বাদীর কৌসুলিকর্তৃক প্রদন্ত বক্তৃতা।

open procedure প্ৰকাশ্য পদ্ধতি public procurement দ্ৰ.।

open space উন্মুক্ত স্থান সরকারের পরিকল্পনা-অনুযায়ী কোনো সংরক্ষিত এলাকায় একটি খালি জায়গা। এই স্থান সংরক্ষণে বিশেষ ব্যবস্থা গ্রহণ করিতে হয়। ২০০০ সালের মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইনের ২(খ) ধারায় ইহার সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে।

open union মুক্ত সংঘ যে-সংঘের সদস্য হইবার জন্য ন্যুনতম শর্ত পূরণ করিতে হয়।

- operate vb. ১. কার্যকর হওয়া ক্রি.। ২. ক্রিয়াশীল হওয়া ক্রি.। ৩. চালনা,
 চালু করা বা থাকা ক্রি.।
- operating system পরিচালন-পদ্ধতি যে-পূর্বলেখ একটি কম্পিউটারের সকল
 মৌলিক বৃত্তি পরিচালনা করে। যেমন, কি-বোর্ড হইতে নির্দেশ গ্রহণ করা, গৃহীত
 উপাত্ত পর্দায় প্রদর্শন করা, এবং ডিস্ক ড্রাইভ এবং কিছু কিছু প্রান্তিক প্রযুক্তি নিয়ন্ত্রণ
 করা।

- operation n. ১. পরিক্রিয়া বি. শারীরিক, নৈতিক বা যান্ত্রিক শক্তির প্রয়োগ। সেনা বা নৌবাহিনীর তৎপরতা। যন্ত্রাদির সঞ্চালন। ২. কার্যপ্রক্রিয়া বি. কাজের ধরন। ৩. অস্ট্রোপচার বি. অস্ট্রের সাহায্যে চিকিৎসা করা।
- operational activities প্রায়োগিক কর্মকাণ্ড অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইনঅনুযায়ী প্রায়োগিক কর্মকাণ্ড অর্থ অগ্নি-প্রতিরোধ, অগ্নি-নির্বাপণ ও অগ্নি হইতে
 উদ্ধারকার্য, অ্যাত্মলেন্স সার্ভিস পরিচালনা, অগ্নি-নির্বাপণী সাজসরঞ্জাম মেরামত ও
 রক্ষণাবেক্ষণ, তদন্ত, পরিদর্শন, তদারকি এবং মিডিয়ার মাধ্যমে যোগাযোগ কার্যক্রম
 ইত্যাদি।
- operation of law আইনের কার্যকরতা যে-আইনি প্রক্রিয়ায় প্রকৃত ইচ্ছা-অনিচ্ছানির্বিশেষে কাহারো পক্ষে কোনে। অধিকার অথবা বিপক্ষে কোনো দায় সৃষ্টি হয়।

operative mistake কার্যকর তুল mistake দ্র.।

operative part কার্যকর অংশ deed দ্র.।

- operative words সারকথা বি সম্পত্তির দলিলের সেই অংশ, যাহা দলিলের সারাংশস্বরূপ। যেমন, 'বিক্রেতা এতদ্দারা ক্রেতার নিকট উত্তরাধিকার-পরম্পরায় ভোগদখলের জন্য সম্পত্তি হস্তান্তরিত করিতেছেন।' অভিপ্রায় সুস্পষ্ট হইলে, কোনো সুনির্দিষ্ট শব্দমালার প্রয়োজন নাই।
- opinio juris আইনের সিদ্ধান্ত opinio juris sive necessitatis ইইতে, যাহার অর্থ আইনের সিদ্ধান্ত বাধ্যতামূলক কিনা। ইহা আইনপ্রণয়নের অন্যতম ভিত্তি প্রথার (custom) একটি প্রয়োজনীয় উপাদান। প্রথা আন্তর্জাতিক আদালতের সংবিধিতে বর্ণিত আন্তর্জাতিক আইনের চারিটি উৎসের একটি। 'আইনের সিদ্ধান্ত' দাবি করে যে, প্রথা একটি রাষ্ট্রীয় দপ্তররূপে গণ্য, ইহা একটি আইনি কর্তব্যতার শামিল। এইদিক হইতে প্রথা নিছক ব্যবহার হইতে স্বতন্ত্র।
- opinion n. অভিমত, মত বি. ১. (যুক্তরাজ্যে) হাউজ অফ লর্ডসের সিদ্ধান্ত। ২. (কৌসুলির মত) মামলার কোনো বিশেষ প্রশ্নে আইনজীবীর পরামর্শ। ৩. ইউরোপীয় ন্যায়-বিচারালয়ের চূড়ান্ত রায়দানের পূর্বে অ্যাডভোকেট-জেনারেলের দেওয়া মামলা-বিষয়ক পরামর্শ। ৪. বিশেষজ্ঞের অভিমত। opinion of experts দ্র.।
- opinion evidence মতভিত্তিক সাক্ষ্য মামলায় কোনো সাক্ষীর মতভিত্তিক বা বিশ্বাসভিত্তিক সাক্ষ্য। এই ধরনের সাক্ষ্য আদালতে গ্রহণযোগ্য সাক্ষ্যরূপে বিবেচিত তথ্য-প্রমাণ ভিত্তিক সাক্ষ্যের বিপরীত। প্রথানুগ আইনে, মতভিত্তিক সাক্ষ্য আদালতে গ্রহণযোগ্য নহে, কিন্তু এই নিয়মের বেশকিছু ব্যতিক্রম রহিয়াছে। যেমন, একজন অবিশেষজ্ঞ সাক্ষী বয়স, গাড়ির গতি কিংবা হাতের লেখা, অথবা পরিচয় সম্বন্ধে সাক্ষ্য

দিতে পারেন। অভিচ্ক সাক্ষীগণ (যেমন, একজন চিকিৎসক) তাঁহাদের বিশেষজ্ঞতার আওতাধীন যে-কোনো বিষয়ে সাক্ষ্য দিতে পারেন। প্রথানৃগ আইনে, একজন সাক্ষী কোনো চূড়ান্ত বিষয়ে (আদালতকৈ যে-বিষয়ে সিদ্ধান্ত নিতে হইবে) তাঁহার মত দিতে পারিতেন না; কিন্তু এই নিয়ম কঠোরভাবে পালিত হয় না। সাক্ষ্য আইনের ৪৫ ধারা-অনুসারে বিশেষজ্ঞের মতামত, ৪৭ ধারা-অনুসারে হস্তাক্ষর সম্পর্কে অতিমত, ৪৮ ধারা-অনুসারে কোনো প্রথা বা অধিকার সম্পর্কে মতামত, ৪৯ ধারা-অনুসারে কোনো পরিবার বা গোষ্ঠীর রীতিনীতি ও মতবাদ, কোনো ধর্মীয় বা দাতব্য সংস্থার সংগঠন ও পরিচালনা বা কোনো জেলা বা নির্দিষ্ট জনগোষ্ঠীর ব্যবহৃত কোনো শব্দ বা প্রভায়ের অর্থ সম্পর্কে যে-সকল ব্যক্তির বিশেষ জ্ঞানার্জনের সুযোগ আছে, তাঁহাদের মতামত এবং ৫০ ধারা-অনুসারে এক ব্যক্তির সহিত অপর ব্যক্তির আত্মীয়তা সম্পর্কে মতামত সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য। এতৎসহ hearsay evidence ও opinion of experts দ্র.।

opinion of experts বিশেষজ্ঞের অভিমত সাক্ষ্য আইনের ৪৫ ধারা হইতে ৪৭ ধারা পর্যন্ত বিশেষজ্ঞের মতামতের প্রাসন্থিকতা সম্পর্কে বলা হইয়াছে। ৪৫ ধারায় বলা হইয়াছে যে, যখন কোনো বিদেশি আইন অথবা বিজ্ঞান বা চাৰুকলা বিষয়ে অথবা হস্তাক্ষর বা টিপসহির শনাক্তির প্রশ্নে আদালতকে কোনো সিদ্ধান্তে উপনীত হইতে হয়, তখন অনুরূপ বিদেশি আইন, অথবা বিজ্ঞান বা চারুকলা বিষয়ে অথবা হস্তাক্ষর বা টিপসহির শনাক্তির প্রশ্রে যে-সকল ব্যক্তি বিশেষ পারদর্শী, তাঁহাদের মতামত অনুরূপ প্রশ্রে প্রাসঙ্গিক। ৪৬ ধারায় বলা হইয়াছে যে, বিশেষজ্ঞের অভিমত যখন প্রাসঙ্গিক, তথন যে-সকল বিষয় উক্ত অভিমত সমর্থন করে অথবা উক্ত অভিমতের সহিত সামঞ্জস্যহীন, সেইগুলি প্রাসঙ্গিক, যদিও সেইগুলি অন্য কোনোভাবে প্রাসঙ্গিক নয়। ৪৭ ধারায় বলা হইয়াছে যে, একটি দলিল কোন ব্যক্তির দারা লিখিত বা স্বাক্ষরিত হইয়াছে, সে-সম্পর্কে আদালতকে যখন কোনো অভিমত গ্রহণ করিতে হয়, তখন যে-ব্যক্তির দারা ইহা নিখিত বা স্বাক্ষরিত হইয়াছে বলিয়া মনে করা হইতেছে. সেই ব্যক্তির দ্বারা ইহা লিখিত বা স্বাক্ষরিত হইয়াছে বা হয় নাই— এই মর্মে উজ ব্যক্তির হস্তাক্ষরের সহিত পরিচিত কোনো বাক্তির অভিমত প্রাসঙ্গিক। বিশেষজ্ঞের মতামত সর্বক্ষেত্রে আদালত গ্রহণ করিতে বাধা নহেন। জ্ঞানের বিবর্তনের সহিত অভিমতের পরিবর্তন হইতে পারে। কোনো বিষয়ে বিশেষজ্ঞগণ ভিন্ন ভিন্ন মতামত দিলে প্রত্যক্ষ সাক্ষ্যদারা সমর্থিত মতকে সাধারণত আদালত গ্রহণ করেন। opinion evidence 5 1

opinion rule মততিত্তিক সাক্ষ্যবিধি সাক্ষী মতামত দিবেন না, ঘটনার বিষয়ে সাক্ষ্য দিবেন এবং তাঁহার মতামত প্রায়শই সাক্ষ্য হইতে বর্জনযোগ্য,— এই নীতি। ঐতিহ্যগতভাবে এই নীতিটি সাক্ষ্য আইনে বর্জনসংক্রান্ত গুরুত্বপূর্ণ বিধির একটি হিসাবে বিবেচিত। 900 option

opium n. আফিম বি. ১৮৭৮ সালের আফিম আইনের ৩ ধারা-অনুসারে, আফিম বলিতে বুঝায় (১) আফিম গাছের ঝড়, যাহা হইতে মাদরদ্রব্য সংগ্রহ হইতে পারে; (২) আফিম বীজের কোষের স্বাভাবিকভাবে জমাটবাধা রস, যাহা মোড়কবদ্ধ বা পরিবহণের জন্য ছাড়া অন্য কোনোভাবে পরিবর্তিত করা হয় নাই; এবং (৩) কোনো নিরপেক্ষ পদার্থের সহিত অথবা তদ্বাতীত মিশ্রণ-আকারে উপরিউক্ত যে-কোনো শ্রেণীর আফিম। তবে এমন কোনো মিশ্রণ উহার অন্তর্ভুক্ত হইবে না যাহাতে শতকরা অনধিক দৃইভাগ মরফিন বা ১৯৩০ সালের বিপজ্জনক ভেষজ আইনের আওতাধীন উৎপাদিত ভেষজ আছে। আফিম আইনের ৪ ধারায় বলা হইয়ছে যে, উক্ত আইন বা আপাতত বলবৎ আফিমসংক্রান্ত অপর কোনো আইন অথবা উক্ত আইন-অনুসারে প্রণীত বিধিসমূহ বা অনুরূপ অপর কোনো সংবিধিতে প্রদন্ত অনুমতি ব্যতীত কোনো ব্যক্তিই আফিম রাখিতে, পরিবহণ করিতে বা বিক্রয় করিতে পারিবেন না।

opportunity n. সুযোগ, অবকাশ বি. সুবিধাজনক পরিস্থিতি; অনুকূল সময়; উপযুক্ত উপলক্ষ। স্থান ও কালের উপযোগিতা।

opposite adj. সন্মুখবর্তী, মুখোমুখি বিণ, উল্টা দিকের; অপর পার্ষের।

option n. বাছাই বি. ১. পছন্দ করিবার অধিকার বা ক্ষমতা; যাহা পছন্দ করা যায়।

২. কোনো নির্দিষ্ট সময়ের জন্য কোনো প্রস্তাব উন্মুক্ত রাখিবার উদ্দেশ্যে সম্পাদিত

এমন ঐচ্ছিক চুক্তি যাহাতে প্রস্তাবক উক্ত সময়কালের মধ্যে প্রস্তাবটি প্রত্যাহার
করিতে না পারেন। প্রত্যাহারযোগ্য নয়, এমন প্রস্তাব। ৩. কোনো চুক্তিদারা প্রদত্ত

মালিকানার অধিকার। ৪. নির্দারিত মূল্যে এবং নির্দারিত সময়ে, নির্দিষ্ট পরিমাণ

ঝণপত্র, পণদ্রব্য বা অন্যান্য পরিসম্পদ ক্রেয় বা বিক্রয় করিবার অধিকার। future

contract তু.।

optional clause ঐচ্ছিক দফা, বিৰুদ্ধ দফা আন্তৰ্জাতিক আদালতের সংবিধিত্ত ৩৬(২) অনুচ্ছেদ-অনুসারে, সংবিধিভক্ত রাষ্ট্রসমূহ যে-কোনো সময়ে একক ঘোষণার মাধ্যমে এবং বিশেষ কোনো চুক্তি ছাডাই অন্য কোনো রাষ্ট্রের সহিত সম্পর্কের ফেন্রে, যদি ওই রাষ্ট্রও একইভাবে একই বিষয়ে অনুরূপ কর্তব্যতা স্বীকার করে, সংবিধিতে বর্ণিত সকল আইনগত বিরোধের মীমাংসার জন্য আদালতের এখতিয়ার নিজেদের ক্ষেত্রে বাধ্যতামূলক বলিয়া স্বীকার করিয়া লইতে পারে। বিষয়গুলি হইতেছে: (ক) কোনো চুক্তির ব্যাখ্যা; (খ) আন্তর্জাতিক আইনের কোনো প্রশ্ন; (গ) এমন কোনো ঘটনা, যাহার অস্তিত্ব প্রমাণিত হইলে তাহা আন্তর্জাতিক দায়দায়িত্ব-লম্বন বনিয়া বিবেচিত হইবে: (ঘ) কোনো আন্তর্জাতিক দায়দায়িত্ব ভঙ্গের ফলে দেয় ক্ষতিপূরণের প্রকৃতি ও পরিধি নির্ধারণ। ৩৬(৩) অনুচ্ছেদ-অনুসারে এই ধরনের ঘোষণা শর্তহীনভাবে বা শর্তসাপেক্ষে করা যাইতে পারে। প্রায় সকল রষ্ট্রই ঘোষণার স্বীকৃতির সহিত কিছু শর্ত জুড়িয়া দেয়। সাধারণভাবে অভ্যন্তরীণ বিষয়ে আন্তর্জাতিক আদালতের এখতিয়ারগ্রহণে তাহাদের অনীহা রহিয়াছে। অভ্যন্তরীণ এখতিয়ারসংক্রান্ত শর্ত-সংরক্ষণ সমস্যার এখনো পুরোপুরি সমাধান হয় নাই। একক ঘোষণার ফলে কোনো বিষয়ে আদালতের এখতিয়ার সৃষ্টি হইয়াছে কিনা, তাহা নইয়া কোনো বিরোধ দেখা দিলে আদালতই সে-বিষয়ে সিদ্ধান্ত দিবেন। আন্তর্জাতিক আদালতের সংবিধির ৩৬ অনুচ্ছেদের অধীন এই ঘোষণা দেওয়া হইয়া থাকিলে এবং তাহার মেয়াদ শেষ হইলে, তাহা বর্তমান আদালতের বাধ্যতামূলক গ্রহণ বলিয়া বিবেচিত হইবে।

optional retirement স্বেচ্ছায় অবসরগ্রহণ ১৯৭৪ সালের সরকারি কর্মচারী অবসরগ্রহণ আইনের ৯ ধারায় বলা হইয়াছে যে, (ক) সরকারির কর্মচারীর ২৫ বৎসরকাল চাকুরি সমাপ্ত হইবার পর তিনি নিয়োগকারীকে একমাসের বিজ্ঞপ্তি দিয়া স্বেচ্ছাধীন অবসর লইতে পারেন; (খ) কোনো সরকারি কর্মচারীর ২৫ বৎসর চাকুরিকাল সমাপ্ত হইবার পর সরকার কোনো কারণ উল্লেখ করা ছাড়াই তাহাকে অবসর দিতে পারেন। সরকার তখনই অবসরগ্রহণের নির্দেশ দিতে পারেন যখন তাহা সরকারি কর্ম বা জনস্বার্থে দরকার হয়। Dr Nurul Islam v. Bangladesh 33 DLR 201 দ্র.।

option of puberty বয়ঃসন্ধিক্ষণে ইচ্ছাপ্রকাশ মুসলিম আইন-অনুসারে, কন্যাসন্তান বয়ঃসন্ধিক্ষণে পদার্পণ না করা পর্যন্ত মাতা উক্ত সন্তানের হেফাজতকারী, যাহাকে হিজানত বলা হয়। মুসলিম আইন-অনুসারে, কোনো নাবালিকা বয়ঃসন্ধিপ্রাপ্ত হইবার পূর্বে অভিভাবকগণ তাহার বিবাহ দিলে বয়ঃসন্ধিপ্রাপ্ত হইবার পর ইচ্ছা করিলে উক্ত নাবালিকা সেই বিবাহ অস্বীকার করিতে পারে। 969 oral evidence

option to purchase বরণাধিকার বি. পছন্দমতো ক্রয়ের অধিকার সমত শর্কে পছন্দমতো ক্রয়ের আ কারী ব্যক্তির নিকট জমি বিক্রয় করিতে জমির মালিককে বাধ্য করিবার অধিকার। এই বরণাধিকার ইহার দাতাকর্তৃক প্রদন্ত এমন একটি প্রস্তাবসংবলিত, যাহা বরণা ধকারের শর্তাবলি-অনুযায়ী উন্মুক্ত থাকে এবং গ্রহীতা তাহা গ্রহণ করিতে পারেন। এই অধিকার, জমি অনিবন্ধিত থাকিলে নিবন্ধনবহিত্তুক্ত চুক্তিদ্বারা, অথবা জমি নিবন্ধিত হইলে নিবন্ধনবহিতে যথাযোগ্য ভুক্তিদ্বারা মামলাবহির্ত্ত তৃতীয় পক্ষকে শর্তাবন্ধ করে।

oral agreement মৌখিক চুক্তি মুখের্ কথায় সাধিত একটি চুক্তি । ইহা লিখিত চুক্তির বিপরীত ।

oral argument যুক্তিভর্ক, সওয়াল-জবাব বি. কোনো আদালতে বিচার্যবিষয়ে আইনগত প্রতিকারের সমর্থনে বা বিরোধিতায় একজন আইনজীবীর মৌথিক উপস্থাপনা। বিচারকের মনে কোনো কৌতৃহল বা উদ্বেগ উদ্রেক করিয়া তাহার নিরসনকল্পে বিচারকের শ্বরণে থাকা কোনো বিষয়ের সহিত তাহার প্রাসঙ্গিকতা নির্ধারণের জন্য মৌদিকভাবে যে-নিবেদন করা হয়। ব্যতিক্রমী পরিস্থিতি ব্যতীত তাহা একান্ত আবশ্যক।

oral evidence মৌখিক সাক্ষ্য সাধারণত আদালতে শপথগ্রহণপূর্বক মৌখিকভাবে যে-সাক্ষ্য দেওয়া হয়। সাক্ষীর মৌখিক সাক্ষ্য সাধারণত তিনি যাহা তাঁহার জ্ঞানেস্রিয়সমূহের ব্যবহারের মাধ্যমে জানেন, তাহার সহিত সম্পর্কিত হইতে হয়। সাক্ষ্য আইনের ৩ ধারায় বলা হইয়াছে যে, আদালতে যে-ঘটনার বিষয়ে বিচার হইতেছে সে-সম্পর্কে সাক্ষীকে যেসব বক্তব্যপ্রদানের জন্য আদালত অনুমতি দেন বা বিচারের জন্য তাঁহার যেসব বক্তব্য আদালতে প্রয়োজন হয়, সেইসব বক্তব্য মৌখিক সাক্ষ্য। সাক্ষ্য আইনের ৫৯ ধারা-অনুসারে, দলিলের বিষয়বস্তু ব্যতীত অন্য সকল বিষয় মৌখিক সাক্ষ্যদারা প্রমাণ করা যাইতে পারে। সাক্ষ্য আইনের ৬০ ধারা-অনুসারে, মৌখিক সাক্ষ্যকে সকল ক্ষেত্রে অবশ্যই প্রত্যক্ষ হইতে হইবে। অর্থাৎ ইহা যদি এমন বিষয় সম্পর্কে হয় যাহা দেখা যাইতে পারে, তবে যে-সাক্ষী বলিবেন যে. তিনি উহা দেখিয়াছেন, তাঁহাকেই সাক্ষ্য দিতে হইবে। ইহা যদি এমন বিষয় সম্পর্কে হয় যাহা শোনা যাইতে পারে, তবে যে-সাক্ষী বলিবেন যে, তিনি উহা শুনিয়াছেন, তাঁহাকেই সাক্ষ্য দিতে হইবে। ইহা যদি এমন বিষয় সম্পর্কে হয় যে, যাহা অন্য কোনো ইন্দ্রিয় দারা বা অন্য কোনো উপায়ে উপলব্ধি করা যাইতে পারে, তবে যে-সাক্ষী বনিবেন যে, তিনি সেই ইন্দ্রিয় দ্বারা বা অনুরূপ উপায়ে উপলব্ধি করিয়াছেন, তাঁহাকেই সাক্ষ্যই দিতে হইবে। সাক্ষ্যে উল্লিখিত বিষয়বস্ত যদি কাহারো অভিমত অথবা অভিমতের ভিত্তি সম্পর্কে হয় তবে, যে-ব্যক্তি সেই ভিত্তিতে সেই অভিমত পোষণ করেন, তাঁহাকেই সাক্ষ্য দিতে হইবে। তবে বিশেষজ্ঞের অভিমত-সংবলিত

গ্রন্থ যদি সাধারণভাবে বাজারে বিক্রয় হয়, সেক্ষেত্রে সেই অভিমত এবং থে-মৃতির উপর উহা প্রতিষ্ঠিত, তাহা প্রমাণের জন্য সেই গ্রন্থ উপস্থাপন করা যাইতে পারে, যদি সেই গ্রন্থের প্রণেতার মৃত্যু হইয়া থাকে অথবা যদি তাঁহার সন্ধান পাওয়া না য়য় অথবা যদি তিনি সাক্ষ্য দিতে অসমর্থ হইয়া থাকেন অথবা যদি তাঁহাকে সাক্ষী হিসাবে উপস্থিত করিতে এইরূপ বিলম্ব ও বয়য় হয় যাহা আদালত অযৌত্তিক বলিয়া বিকেনা করেন। ইহা ছাড়া মৌথিক সাক্ষ্য দলিল ভিন্ন অপর বস্তুর অস্তিত্ব বা অবস্থা সম্পর্কে উল্লেখ করা হয়, তবে আদালত উপমৃক্ত মনে করিলে সেই বস্তু আদালতের পরিদর্শনের জন্য হাজির করিতে নির্দেশ দিতে পারেন।

- orality n. মৌখিক সাক্ষ্যরীতি সাক্ষ্য অবশ্যই মৌখিকভাবে দিতে হইবে এবং অহা অবশ্যই জেরাসাপেক্ষ হইবে, যদি না হলফনামা প্রদানপূর্বক সাক্ষ্য গ্রহণযোগ্য হয়।
- oral transfer মৌখিক হস্তান্তর যে-ক্ষেত্রে লিখিত দলিলের আবশ্যকতা ব্যক্তরূপে আইনে উল্লেখ করা হয় নাই, সেরপ সকল ক্ষেত্রে লিখিত দলিল ছাড়াই সম্পত্তি হস্তান্তর করা যাইতে পারে। যেমন একশত টাকার কম মূল্যের স্থাবর সম্পত্তির হস্তান্তর মৌখিকভাবে করা যায়।
- order n. আদেশ বি. দেওয়ানি কার্যবিধির ২(১৪) ধারায় বলা হইয়াছে যে, 'আদেশ' অর্থ কোনো দেওয়ানি আদালতের এমন কোনো সিদ্ধান্তের আনুষ্ঠানিক প্রকাশ যাহা ডিক্রি নহে। সকল আদেশের বিরুদ্ধে আপিল চলে না। কোন কোন আদেশের বিরুদ্ধে আপিল চলে, তাহা দেওয়ানি কার্যবিধির ১০৪ ধারা এবং ৪৩ আদেশের ১ নিয়মে বলা ইইয়াছে। ডিক্রি ও আদেশের মূল পার্থক্য হইতেছে, দেওয়ানি কার্যবিধিতে নিষেধ করা না হইলে সব ডিক্রিই আপিলযোগ্য, কিন্তু ৪৩ আদেশের ১ নিয়মে বর্ণিত আদেশ ছাড়া অন্য কোনো আদেশ আপিলযোগ্য নহে।
- order for account হিসাব তদন্তের আদেশ দেওয়ানি মামলার একপক্ষকর্তৃক মামলার অন্যপক্ষকে দেয় অর্থের সুষ্ঠ তদন্তের জন্য আদালতের একটি আদেশ। বিচারকার্য শুরু হইবার পূর্বে তদন্তের আদেশ দেওয়া যাইতে পারে। সাধারণত একজন পরিচালক কিংবা একজন মধ্যস্থ ব্যক্তি হিসাব লইয়া থাকেন এবং প্রায়শ অংশীদারি কারবার বা ন্যাসঘটিত বিষয়ে এইরূপ আদেশ দেওয়া হইতে থাকে।
- order of discharge ঋণমুক্তির আদেশ দেউলিয়াকে তাঁহার দায়দায়িত্ব হইতে অব্যাহতিদানের জন্য আদালতের আদেশ।
- Orders in Council কাউনসিলে প্রণীত আদেশ ইংল্যান্ডে সংবিধিবদ্ধ ক্ষমতাবলে কিংবা রাজকীয় বিশেষ অধিকারবলে সার্বভৌম ও প্রিভি কাউনসিলের সদস্যগণ কর্তৃক প্রণীত আইনি প্রকৃতির সরকারি আদেশ। Orders of Council তু.।

ዓ¢৯ ordinary

Orders of Council কাউনসিলের আদেশ ইংল্যান্ডে সংবিধিবদ্ধ ক্ষমতাবলে প্রিভি
কাউনসিলকর্তৃক প্রণীত আইনি প্রকৃতির আদেশসমূহ। এই আদেশগুলি প্রধানত
কতিপয় পেশা ও পেশাজীবী সংগঠনের বিধিবিধান-সংক্রান্ত। Orders in Council
তু.।

ordinance n. অধ্যাদেশ বি. বিশেষ ক্ষমতায় আইনপ্রণয়নের রূপ ও রীতি। যখন সংসদ অধিবেশন থাকে না. তখন রাষ্ট্রপতি প্রয়োজনের তাগিদে যে-আইন প্রণয়ন ও জারি করেন ৷ বাংলাদেশের সংবিধানের ৯৩ অনুচ্ছেদ-অনুসারে, (১) সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় অথবা উহার অধিবেশনকাল ব্যতীত কোনো সময়ে রাষ্ট্রপতির নিকট আও ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে বলিয়া সন্তোষজনকভাবে প্রতীয়মান হইলে তিনি উক্ত পরিস্থিতিতে যেরূপ প্রয়োজনীয় বলিয়া মনে করিবেন, সেইরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিতে পারিবেন এবং জারি হইবার সময় হইতে অনুরূপভাবে প্রণীত অধ্যাদেশ আইনের ন্যায় ক্ষমতাসম্পন্ন হইবে। তবে শর্ত থাকে যে, এই দফার অধীন কোনো অধ্যাদেশে এমন কোনো বিধান করা হইবে না (ক) যাহা এই সংবিধানের অধীন সংসদের আইনদারা আইনসংগতভাবে করা যায় না, (খ) যাহাতে এই সংবিধানের কোনো বিধান পরিবর্তিত বা রহিত হইয়া যায়, অথবা (গ) যাহার দ্বারা পূর্বে প্রণীত কোনো অধ্যাদেশের যে-কোনো বিধানকে অব্যাহতভাবে বলবৎ করা যায়। (২) এই অনুচ্ছেদের (১) দফার অধীন প্রণীত কোনো অধ্যাদেশ জারি হইবার পর অনুষ্ঠিত সংসদের প্রথম বৈঠকে তাহা উপস্থাপিত হইবে এবং ইতঃপূর্বে বাতিল না হইয়া থাকিলে অধ্যাদেশটি অনুরূপভাবে উপস্থাপনের পর ত্রিশদিন অতিবাহিত হইলে কিংবা অনুরূপ মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে তাহা অনুমোদন করিয়া সংসদে প্রস্তাব গৃহীত হইলে অধ্যাদেশটির কার্যকরতা লোপ পাইবে। (৩) সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থার কোনো সময়ে রাষ্ট্রপতির নিকট ব্যবস্থাগ্রহণের প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে বলিয়া সন্তোষজনকভাবে প্রতীয়মান হইলে তিনি এমন অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিতে পারিবেন, যাহাতে সংবিধান-দ্বারা সংযুক্ত তহবিলের উপর কোনো ব্যয় দায়যুক্ত হউক বা না হউক, উক্ত তহবিল হইতে সেইরূপ ব্যয়নির্বাহের কর্তৃত্ব প্রদান করা যাইবে এবং অনুরূপভাবে প্রণীত কোনো অধ্যাদেশ জারি হইবার সময় হইতে তাহা সংসদের আইনের ন্যায় ক্ষমতাসম্পন্ন হইবে। (৪) এই অনুচ্ছেদের ৩ দফার অধীন জারিকৃত প্রত্যেক অধ্যাদেশ যথাশীঘ্র সংসদে উপস্থাপিত হইবে এবং সংসদ পুনর্গঠিত হইবার তারিখ হইতে ত্রিশদিনের মধ্যে সংবিধানের ৮৭, ৮৯ ও ৯০ অনুচ্ছেদসমহের বিধানাবলি প্রয়োজনীয় উপযোগীকরণসহ পালিত হইবে।

ordinary adj. সাধারণ, স্বাভাবিক, সামান্য বিণ. প্রচলিত; গতানুগতিক। প্রতিষ্ঠিত নিয়ম-অনুসারে; সাধারণ অবস্থার অনুরূপ। প্রথাগত রকমের। 'স্বাভাবিক' শব্দের দারা 'নিয়মমাফিক' ও 'স্বাভাবিক প্রক্রিয়ায়' বুঝায়।

- ordinary calling সাধারণ বৃত্তি জীবিকা। তালিকাভুক্তকরণ একজন সৈনিকের সাধারণ বৃত্তি নহে, তাঁহার সাধারণ বৃত্তি কূচকাওয়াজে যোগ দেওয়া এবং যৃদ্ধ করা।
- ordinary care স্বাভাবিক যত্ন কোনো উপস্থিত বিষয়ে, ওইরূপ বিষয় নইয়া কারবার করিতে অভ্যস্ত, এবং যে-ব্যক্তির আচরণ লইয়া বিতর্ক, সেই ব্যক্তি যে-সাধারণ শ্রেণীর অন্তর্ভুক্ত, সেই শ্রেণীর পরিণামদৃষ্টিসম্পন্ন ব্যক্তিগণ যেরূপ যত্ন লন, সেইরূপ যত্ন।
- ordinary share সাধারণ শেয়ার share দ্র.।
- organic law মৌলিক আইন ১. আইনের প্রধান অংশ; যেমন, সংবিধান। ২. সিভিন ল। ইংল্যান্ড ও কমনওয়েলথের কোনো কোনো দেশে প্রচলিত প্রথাগত আইন অপেক্ষা ভিন্ন, মহাদেশীয় ইউরোপ ও অন্যান্য দেশে প্রচলিত সিভিল ল। সিদ্ধান্তমূলক আইন। ৩. নজির।
- organization n. সংগঠন বি. সংগঠিত সংস্থা, দল ইত্যাদি; সংগঠন করিবার কাজ; ব্যবস্তা বা সমাজ।
- organizational meeting সাংগঠনিক সভা উপ-আইন রচনা, কর্মকর্তা-নির্বাচন এবং অন্যান্য কার্য-সম্পাদনের জন্য কোনো নৃতন কোম্পানির পরিচালকগণের প্রারম্ভিক সভা।
- orge omnes obligations সকলের জন্য আইনগত বাধ্যবাধকতা আইনগত বাধ্যবাধকতাপূরণে সকল রাষ্ট্রের বৈধ অধিকার রহিয়ছে, যেহেতু উহাদের বিষয় সার্বিকভাবে আন্তর্জাতিক সম্প্রদায়ের জন্য গ্রুক্ত্বপূর্ণ। এই ধরনের আইনগত বাধ্যবাধকতা লচ্জন কেবল ক্ষতিগ্রস্ত দেশের জন্য নহে, তাহা আন্তর্জাতিক সম্প্রদায়ের অন্যান্য সদস্য দেশের জন্য উদ্বেগের বিষয়। আইনগত বাধ্যবাধকতার এইরপ লচ্জন ঘটিলে প্রত্যেক রাষ্ট্রকে বিবেচনা করিয়া দেখিতে হইবে, অপরাধী রাষ্ট্রের আন্তর্জাতিকভাবে অন্যায় কর্মসাধনের বিচারকার্য ঠিক হইবে কি না। সকলের জন্য আইনগত বাধ্যবাধকতার একটি উদাহরণ হইল 'জনসাধারণের আন্থানিয়ন্ত্রণাধিকার'।
- original adj. & n. ১. আদি, মূল, প্রাথমিক, মৌলিক বিণ. যাহা নকল বা অনুকারাত্মক নহে; শৈলী, চরিত্র বা উদ্ভাবনের দিক হইতে অভিনব। ২. মূল, উৎস, মূলকপি বি.।
- original evidence মৃল সাক্ষ্য ১. কোনো অভিযুক্ত ব্যক্তি কর্তৃক প্রদন্ত বিবরণের সত্যতা নিশ্চিত করিয়া ভিন্ন ব্যক্তি যে-সাক্ষ্য দিয়া থাকেন। এই বিবরণের সত্যতাপ্রমাণ তাঁহার কান্ধ নহে; তাঁহাকে কেবল বলিতে হইবে যে, বিবরণটি অভিযুক্ত ব্যক্তিকর্তৃক প্রদন্ত। এইভাবে, যদি কোনো কট্টি বা অসদাচরণ করিবার ঘটনা ঘটিয়া

ዓ৬ኔ orphan

থাকে, তাহা হইলে সাক্ষীকে বলিতে হইবে যে, বাদীর বিরুদ্ধে বিবাদীর কটুক্তি তিনি তনিয়াছেন কিংবা অসদাচরণ দেখিয়াছেন। তখন তাঁহার সাক্ষ্য শোনাসাক্ষ্য হইবে না, তাহা হইবে মূল সাক্ষ্য। ২. direct evidence দ্র.।

- originality n. মৌলিকত্ব বি. ১. উৎপন্ন দ্রব্যটি একটি স্বতন্ত্র সৃষ্টি এবং অন্তত ন্যুনতম স্তরের সৃজনশীলতা আছে, এইরূপ গুণসম্পন্ন বা অবস্থার হওয়া। গ্রন্থস্ব সংরক্ষণের জন্য মৌলিকত্ব একটি আবশ্যকীয় বিষয়। তবে ইহা পেটেন্ট আইনের অভিনবত্ব বা নৃতনত্ব হইতে অপেক্ষাকৃত কম গুণাগুণের মানদও। মৌলিক হইবার জন্য কোনো কাজ বা সৃষ্টিকে অপূর্ববিদিত বা অনন্য হইতে হয় না। ২. সৃষ্টিটি যেত্তরের বলিয়া কপিরাইট দাবি করা হয়, তাহাই হইল রচয়িতার স্বতন্ত্র উদ্যোগের ফলাফল। কপিরাইট কর্ম সৃষ্টির বরাতে মৌলিক অর্থ এই যে, বিশেষ কর্মটি উহার সূচনার জন্য রচয়তার নিকট ঋণী। ইহাতে কোনো বড়ো মাপের বা অধিক মানসম্পন্ন অভিনবত্বের দরকার হয় না।
- original literary work মৌলিক সাহিত্যকর্ম কপিরাইট আইনে মৌলিক সাহিত্যকর্ম বলিতে এমন বুঝায় না যে, সাহিত্যকর্মটি মৌলিক বা উদ্ভাবনাত্মক চিন্তার অভিব্যক্তি হইতে হইবে। কপিরাইট আইনের সম্বন্ধ চিন্তার মৌলিকতার সহিত নহে, প্রকাশের মৌলিকতার সহিত।
- originating process মামলা শুরুর প্রক্রিয়া হাইকোর্টে মামলা-পরিচালনার কার্যধারা শুরু করিবার প্রক্রিয়া। process দ্র.।
- originating summons আরজিসংযুক্ত সমন হাইকোর্ট বিভাগে মামলার পক্ষ-বিপক্ষের হাজিরাদানের জন্য সমনজারির এক বিশেষ রূপ। এখন দেওয়ানি কার্যবিধিতে পুরানো বলিয়া ইহা পরিত্যক্ত হইয়াছে। summons দ্র.।
- origin system উদ্ববস্চক পদ্ধতি পণ্যসামগ্রী সুরক্ষার একটি পদ্ধতিবিশেষ, যাহাতে প্রতিটি পণ্য যেস্থানে উহা উদ্ভুত, সেই স্থানস্চক একটি নামদ্বারা তাহা শনাক্ত করা হয়। উদ্ভবস্চক নাম ট্রেডমার্কের অনুরপ, তবে ইহা কেবল কোনো বিশেষ অঞ্চলের পণ্যের জন্য ব্যবহার করা যাইতে পারে। এই পদ্ধতি গৃহীত হইবার ফলে অন্য অঞ্চলের উৎপাদকগণ স্টিলটন চিজ, নিউকাস্ল ব্রাউন এইল, জার্সি রয়াল পটেটো প্রভৃতি স্থানীয় নাম ব্যবহার করিতে পারেন না।
- orphan n. অনাথ, এতিম বি. পিতৃহীন শিশু কিংবা প্রয়াত মাতার সন্তান। অধিকতর সাধারণ প্রয়োগ-অনুযায়ী, পিতৃমাতৃহীন শিশু। কখনো কখনো শুধু মাতৃহীন বা পিতৃহীন শিশু অর্থেও শব্দটি প্রয়োগ করা হয়। আরবি ভাষায় এতিম শব্দের অর্থ পিতৃহীন, পিতৃমাতৃহীন অর্থে এতিম এসির বলা হয়।

other adj. অন্য, অপর বিণ. যাহা অভিন্ন নহে; ভিন্ন। যাহা নির্দিষ্ট করিয়া বল ইইয়াছে, তাহা হইতে ভিন্ন। 'অন্য' সবসময়েই অতিরিক্ত বা ভিন্ন কিছু নির্দেশ করে।

- ought vb. কর্তব্যজনিত বাধ্যবাধকতা নৈতিক কর্তব্যসূচক সহায়ক ক্রিয়া, যাহা অবশ্যই করিতে হইবে। must দ্র.।
- ouster n. দখল হইতে উচ্ছেদ সাধারণত কোনো সম্পত্তির একাধিক অংশীদার বা ওয়ারিশদের মধ্যে যে-কোনো এক বা একাধিকের স্বত্বদখল অস্বীকার করিয়া এক বা একাধিক ওয়ারিশ বা অংশীদার কর্তৃক উক্ত সম্পত্তি ভোগদখলের ক্ষেত্রে উচ্ছেদ শন্দি ব্যবহৃত হয়। একজন ওয়ারিশ কর্তৃক জন্য ওয়ারিশদের স্বত্বদখল প্রকাশাে বৈরিভাবাপন হইয়া অস্বীকার করিয়া সম্পত্তি দখলভোগ করা উচ্ছেদ। Ijjat Ali Munshi v. Jahur Ali 8 DLR 372 দ্র.। মূলত উচ্ছেদের ক্ষেত্রে গুধু দখল থাকিলেই চলিবে না, দখলের দাবিতে যে-ওয়ারিশ সম্পত্তি দাবি করিবেন, তাঁহাকে প্রমাণ করিতে হইবে যে, তিনি ওয়ারিশের জ্ঞাতসারে নিজের স্বত্বদখল দাবি করিয়া উক্ত সম্পত্তি দখল করিতেছেন। একজন ওয়ারিশের কোনো সম্পত্তি দখলের অর্থ উক্ত সম্পত্তিতে সমস্ত ওয়ারিশের স্বত্বদখল আছে বলিয়া প্রমাণিত হওয়া উচ্ছেদ ব্যতিক্রম। কোনো ওয়ারিশকে দীর্ঘ ১২ বৎসর সম্পূর্ণ উচ্ছেদে করা হইলে দখলকারী পক্ষের স্বত্বদখলের সৃষ্টি হয়। adverse possession দ্র.।
- ouster of jurisdiction বিচার-কার্যক্রমের এখভিয়ার-বহির্ভূত হওয়া যে-কোনো বিরোধের বিষয়ে বিচার-কার্যক্রমের এখভিয়ার-বহির্ভূত হওয়া। এইরূপ একটি প্রাক্প্রভায় আছে যে, সংবিধি ও অন্যান্য দলিল (যেমন, চুক্তি) আদালতের এখভিয়ার বহির্ভূত করে না। interpretation of statutes দ্র.।
- outer Bar কনিষ্ঠ আইনজীবী সম্প্রদায় সমষ্টিগতভাবে কনিষ্ঠ আইনজীবীগণ। ইংল্যান্ডের প্রথানুযায়ী জ্যেষ্ঠ আইনজীবীগণ আদালতের নির্দিষ্ট সীমার মধ্যে এবং কনিষ্ঠ আইনজীবীগণ তাহার বাহিরে আসনগ্রহণ করিয়া থাকেন। Queen's Counsel ও utter Bar দ্র.।
- outgoings n. ব্যয় বি. যাহা হাতছাড়া হইয়াছে; খন্নচপত্র। সম্পণ্ডির আয় নিশ্চিত করিবার জন্য অবশাই ব্যয় করিতে হইবে, এমন কিছু পরিমাণ অর্থ। হি , শব্দটির এই অর্থ খুব সুনির্দিষ্ট নহে এবং ইহা প্রসঙ্গ ও পরিস্থিতি অনুষায়ী ব্যাখ্যা স্পরিছে ইইবে।

୩୬୬ overdraft

outhouse n. বহির্বাটি, উপগৃহ বি. একটি বাসভবনের অঙ্গীভূত ও সংলগু এবং উহার সম্পুরক একটি গৃহ বা ভবন।

- outlaw n. আইনের আশ্রয়চ্যুত ব্যক্তি অপরাধের কারণে আইনের আশ্রয় হইতে বহিঙ্কত ব্যক্তি। যে-ব্যক্তি আইনের আশ্রয়চ্যুত এবং আইনগত সুবিধা ও সুরক্ষা হইতে বঞ্চিত। পুরাতন যে-নোট কালের প্রবাহে বা আইনগতভাবে তামাদি হইবার কারণে আচল হইয়াছে, কখনো কখনো আইনবহির্ভূত (outlawed) শব্দটি সেই নোটের ক্ষেত্রে ব্যবহৃত হয়।
- outlay n. পরিব্যয় বি. যাহা ব্যয় করা হইয়াছে; কোনো খাতে ব্যয়িত অর্থ।
- out of and in the course of employment কৰ্ম হইতে এবং কৰ্মসূত্ৰে কোনো ব্যক্তি তাঁহার কৰ্মকালে আহত হইয়াছেন বলিয়া ইহা প্রমাণিত হয় না যে, দুর্ঘটনাটি ওইরূপ কর্ম হইতে বা কর্মসূত্রে উদ্ভূত হইয়াছে।
- outraging public decency শোভনতা-লঙ্খন decency, conspiracy দ্র. ।
 outstanding term অনিম্পন্ন শর্ভ satisfied term দ্র. ।
- outworker n. বহিরঙ্গণ শ্রমিক দফতর বা কলকারখানার বাহিরে কর্মরুত্ত স্বল্পমন্ত্ররিভোগী গুমিক— প্রধানত, নারী শ্রমিক।
- over adv. ধারে ক্রি. বিণ. স্থাননামের শুরুতে বা পরে ইহা কোনো নদীর তীরে অবস্থিত বঝায়।
- overcrowding n. জনাকীর্ণতা বি. সংকীর্ণ জায়গায় অতিরিক্ত লোকের বসবাস।
 কোনো একটি বাসকক্ষ সংবিধিবদ্ধভাবে তখনই জনাকীর্ণ বলিয়া সাব্যস্ত হইবে, যখন
 সেখানে দশ বংসরের উর্ধ্ববয়সী, পরস্পর অবিবাহিত অথবা একত্রবাসে বিরত দুই বা
 তত্যোধিক বিপরীত লিপের মানুষ একসঙ্গে বসবাস করেন। স্থানাভাবে তাঁহারা ওই
 একই কক্ষে বসবাস করিতে এবং ঘুমাইতে বাধ্য হন। কোনো একটি বাসগৃহের
 কক্ষণ্ডলির সংখ্যা ও আয়তন বিচার করিয়া ওই বাসগৃহে বসবাসকারী মানুষের
 সংখ্যার ভিত্তিতে ইংল্যান্ডে জনাকীর্ণতা পরীক্ষার পদ্ধতিও রহিয়াছে। বাসস্থানে
 এইরূপ তিড় পরিহার করিবার ব্যাপারে স্থানীয় কর্তৃপক্ষের দায়িত্ব রহিয়াছে। কর্তৃপক্ষ
 ইচ্ছা করিলে বাসগৃহটির মালিক, দখলদার, কিংবা ভাড়াটিয়ার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ
 করিতে পারেন।
- overdraft n. ওভারড্রাফট বি., জমাতিরিক্ত অর্থ উত্তোলন ১. ব্যাংক হইতে গচ্ছিত অর্থের অতিরিক্ত পরিমাণ অর্থ গ্রহণ করিবার কার্য। ২. ব্যাংক হইতে গচ্ছিত টাকার অতিরিক্ত যে-পরিমাণ টাকা গ্রহণ করা হয় (সংক্ষেপে তাহাকে ও. ডি. বলা

overrate 958

হয়) ৷ ৩. ইহা ঋণের টাকা ফেরতলাভের ব্যাপারে কোনো গ্রাহকের (বিশেষভাবে কোনো প্রভিষ্ঠিত ব্যক্তি বা প্রাতিষ্ঠানিক গ্রাহক) প্রতি ব্যাংকের আস্থা প্রদর্শনের একটি পদ্ধতি, যাহাতে উক্ত গ্রাহক কোনো হিসাবে গচ্ছিত টাকার অতিরিক্ত পরিমাণ টাকা গ্রহণ করিতে পারেন ৷

- overrate vb. অতিমূল্যায়িত করা ক্রি. বেশি মূল্য বা গুরুত্ব দেওয়া। ইহার অর্থ অত্যধিক মূল্য নিরূপণ করা, অনুচিত মূল্যায়ন নহে।
- overreaching n. মূলধনি অর্থে রূপান্তর-প্রক্রিয়া জমির স্বত্ববিক্রয়ের সূত্রে বিক্রয়লব্ধ অর্থকে মূলধনি অর্থে রূপান্তরসাধনের প্রক্রিয়া। ১৯২৫ সালের বন্দোবন্তকৃত ভূমি আইন-অনুযায়ী, বন্দোবন্তকৃত ভূমির জীবনস্বত্বভোগী প্রজা হায়ী সম্পত্তি বিক্রয় করিবার অধিকারী। ওই ব্যক্তি সম্পত্তির অন্যান্য স্বত্ব, অবশিষ্ট ভূমির স্বত্ব, ভাবী স্বত্ব সবকিছু বিক্রয় করিয়া টাকায় রূপান্তরিত করিতে পারেন। তবে ইহার কিছু সংবিধিবদ্ধ ব্যতিক্রম রহিয়াছে: যেমন, মূল বসতবাটি বিক্রয় করা যায় না। ন্যাসের অধীন জমির ক্ষেত্রে, সম্পত্তি আইন-অনুযায়ী জমির ক্রেতা স্বত্বভোগীর অংশ অবাধে গ্রহণ করিবেন: তবে শর্ত এই যে, জমিক্রয়ের অর্থ কমপক্ষে দুই ন্যাসরক্ষককে অথবা একটি ন্যাস-সংস্থাকে দিতে হইবে। বন্ধকি জমি বিক্রয়ের আইনি ক্ষমতা প্রয়োগ করিয়া বন্ধকগ্রহীতা বন্ধকদাতার ভূসম্পত্তির স্বত্ব ও ন্যায়সংগত দায়মোচনের রূপান্তরসাধন করিতে পারেন। বন্ধকদাতার অধিকার জমিক্রয়ের টাকায় রূপান্তরিত হয়; তখন বন্ধকি ঝণ শোধ হইয়া যাইবার পরে বন্ধকগ্রহীতা অবশিষ্ট টাকার অছি হন।
- overriding interests অগ্রগণ্য স্বার্থ ইংল্যান্ডের জমি-নিবন্ধন আইন-অনুযায়ী নিবন্ধিত জমিতে কতিপয় অধিকার ও স্বার্থ। নিবন্ধনের দ্বারা এইসকল অধিকার রক্ষা করা যায় না; কিন্তু জমির বিক্রয়লব্ধ অর্থকে মূলধনি অর্থে রূপান্তর না করিলে জমির নিবন্ধিত মালিক অথবা জমি বা উহার অংশবিশেষের স্বত্ত্বাধিকারী কোনো তৃতীয় পক্ষ তাহার দ্বারা বাধ্য থাকেন।
- overrule vb. অতিদিষ্ট করা ক্রি. একটি পূর্ববর্তী মামলায় কোনো আদালত যেসিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন, তাহা নাকচ করা। অতিষ্ঠার নীতি-অনুযায়ী, একটি
 আদালত সাধারণত কেবল তদপেক্ষা নিম্ন একটি আদালতের সিদ্ধান্ত নাকচ করিতে
 পারেন। যেমন, সহকারী জজ কোর্টের সিদ্ধান্ত জজ কোর্ট, জজ কোর্টের সিদ্ধান্ত
 হাইকোর্ট বিভাগ, হাইকোর্টের বিভাগের সিদ্ধান্ত আপিল বিভাগ অগ্রাহ্য করিতে
 পারেন। আপিলের পরিপ্রেক্ষিতে নিম্ন আদালতের রায় প্রত্যাধ্যান করাকে আইনি
 ভাষায় উলটানো বলা হয়। reversal of judgment দ্র.।

- overseas company বিদেশি কোম্পানি যে-বিদেশি কোম্পানির ব্যবসায়িক কাজকারবার চালাইবার জন্য দেশে একটি প্রতিষ্ঠিত স্থান রহিয়াছে। এইরূপ কোম্পানিকে কিছু আনুষ্ঠানিকতা মানিয়া চলিতে হয়। যেমন, ব্যবসায়িক কোম্পানিসমূহের নিবন্ধন-বহিতে উক্ত কোম্পানির গঠনতন্ত্র কিংবা সনদ নথিভুক্ত করিতে হয় এবং কোম্পানির পরিচালকদের পূর্ণ বিবরণ দিতে হয়। এতদ্মতীত যে-দেশে কোম্পানি কাজ করিতেছে, সেখানে কোম্পানির পক্ষে আইনগত কার্যধারা ও বিজ্ঞপ্তি গ্রহণের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিদের পূর্ণ পরিচয় লিপিবদ্ধ করিতে হয়।
- overseas divorce বিদেশে ঘটিত বিবাহবিচ্ছেদ বিদেশে লব্ধ বিবাহবিচ্ছেদ, বিবাহ-রদ বা পৃথকবাসের আইনি আদেশ। বিচার-কার্যক্রমের মাধ্যমে এইরপ বিবাহবিচ্ছেদ সম্পন্ন হইয়াছে কিনা, সেই অনুযায়ী ইহাদের স্বীকৃতির বিভিন্ন নিয়ম রহয়াছে। বিদেশে বিচার-কার্যক্রমের মাধ্যমে সম্পন্ন একটি বিবাহবিচ্ছেদ স্বীকৃতিপ্রাপ্ত হয় যদি, যে-দেশে বিবাহবিচ্ছেদ ঘটিয়াছে, সে-দেশের আইন-অনুযায়ী তাহা কার্যকর হইয়া থাকে এবং বিবাহের যে-কোনো পক্ষ দেশে নিয়মিত বসবাস করে, কিংবা নিবাসিত হয়, অথবা সে-দেশের নাগরিক হয়। বিচার-কার্যক্রম ব্যতীত এইরপ বিচ্ছেদ ইংল্যান্ডে স্বীকৃতি পায়, যদি যে-দেশে বিচ্ছেদ সংঘটিত ইইয়াছে সে-দেশের আইন-অনুযায়ী বিবাহবিচ্ছেদ কার্যকর হয়, কিংবা মামলার দুইপক্ষ যদি ওই দেশে নিবাসিত অথবা একপক্ষ ওই দেশে নিবাসিত হয় এবং অন্যপক্ষ অন্য এমন দেশে নিবাসিত হয় যেখানে অনুরূপ বিবাহবিচ্ছেদ বৈধ বিলয়া স্বীকৃতিলাভ করে কিংবা কোনো পক্ষই যুক্তরাজ্যে নিয়মিত বসবাস করে না।
- oversubscription n. অতিরিক্ত চাঁদাপ্রদান, অতিরিক্ত ক্রমপ্রস্তাব বাজারে নতুন শেয়ার চালু করিবার ক্লেত্রে যখন নির্দিষ্ট পরিমাণ শেয়ার অপেক্ষা অধিক পরিমাণ শেয়ার ক্রয়ের প্রস্তাব থাকে বা অধিক পরিমাণ চাঁদা বা মূল্য পরিশোধ করা ইইয়া থাকে।
- overt act প্রকাশ্য কাজ অপরাধসংক্রান্ত আইনে ১. কোনো কার্য যাহা অপর কোনো ব্যক্তিকে হত্যা অথবা গুরুতর ক্ষতি করিবার অভিপ্রায় নির্দেশ করে এবং এইভাবে উক্ত ব্যক্তিকে আত্মরক্ষার অধিকারপ্রয়োগের ন্যায্যতা প্রতিপাদন করে। ২. কোনো প্রকাশ্য কর্ম আপাতদৃষ্টিতে নির্দোষ হইলেও যাহা কোনো মুড্যন্ত্র, অবাধ্যতা বা অপরাধমূলক প্রয়াস বৃদ্ধি করে। কোনো প্রত্যক্ষ কর্ম সাধারণত যাহা অপরাধের প্রয়োজনীয় উপাদান। ইহাকে দোষাবহ কার্যও বলা হয়। actus reus দ্র.।
- own vb. স্বত্বাধিকারী বা মালিক হওয়া ক্রি, যথোচিত আইনি স্বত্বের অধিকারী হওয়া; অনেক সময়ে ভোগদখল করার সমার্থকরূপে ব্যবহৃত হয়।

owner 955

owner n. মালিক বি. কোনো সম্পত্তির বৈধ স্বত্যুধিকারী। কোনো ইমারত বা জলাধার সম্পর্কে, যাঁহার খরচে অনুরূপ ইমারত বা জলাধার নির্মিত বা খনন করা হয় বা কোনেন পাহাড় সম্পর্কে, যাঁহার দখলাধীনে পাহাড় আছে, অথবা যাঁহার ওই একই বিশ্বর হস্তান্তর করিবার অধিকার আছে, সেই ব্যক্তি এবং তাঁহার উত্তরবর্তী, স্বত্বনির্মোগি ও বৈধ প্রতিনিধি ইহার অন্তর্ভূক। কোর্ট অফ ওয়ার্ডসের অধীন সমন্ত সম্পর্তির তদারকির বা উক্ত কোর্টের ভারপ্রাপ্ত কোর্ট অফ ওয়ার্ডসেও ইহার অন্তর্ভূক।

- owner-occupier মালিক-দখলদার যে-ব্যক্তির একটি বসতবাটির আইনসমত মালিকানা আছে এবং যিনি সেই বাড়িতে নিজে বাস করেন অথবা একজন সুনিচিত বা নিয়ন্ত্রিত ভাড়াস্বত্বের ভিত্তিতে বাড়িটি ভাড়া দেওয়ার পূর্বে নিজে বাস করিতেন। সংবিধিমতে, মালিক-দখলদার বলিতে দীর্ঘকাল ভাড়াবাড়িতে বসবাসকারী ভাড়াটিয়াকেও বুঝায়।
- owner of premises বাড়ি-মালিক ১৯৯১ সালের বাড়িভাড়া আইন-অনুসারে, কোনো ব্যক্তি যিনি আপাতত নিজের বা অন্য কোনো ব্যক্তির পক্ষে বা অন্য কোনো ব্যক্তির উপকারার্থ বা কোনো ব্যক্তির ট্রান্টি বা রিসিভার হিসাবে কোনো বাড়ির ভাড়া পান বা পাইবার অধিকারী হন বা যিনি বাড়িটি ভাড়া দেওয়া হইলে উক্তরপ ভাড়া পাইতেন বা ভাড়া পাইবার অধিকারী হইতেন এবং ১৯০৮ সালের দেওয়ানি কার্যবিধিতে সংজ্ঞায়িত কোনো আইনগত প্রতিনিধি, উপ-ভাড়া প্রদানকারী কোনো ভাড়াটিয়া এবং বাড়ি-মালিক হইতে স্বত্প্রাপ্ত কোনো ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবেন।
- ownership n. মালিকানা বি. সম্পত্তি-ব্যবহারের, দখলে রাখিবার কিংবা বিক্রয়ের একচেটিয়া অধিকার। তবে জমিতে কাহারো উচ্চতর স্বার্থ থাকিলে এবং সম্পাদিত চুক্তি কিংবা তৃতীয় পক্ষের মামলা অথবা আইনের ক্রিয়াশীলতা ইত্যাদির ফলে মালিকের স্বত্যাধিকারের ক্ষেত্রে আরোপিত বাধানিষেধ-সাপেক্ষে এই অধিকার প্রযোজ্য। মালিকানা বন্ধুবিশিষ্ট বা শরীরী (corporeal) হইতে পারে, অর্থাৎ বন্ধুগত দ্রব্যের মালিকানা, যাহা স্থাবর ও অস্থাবর দুইই হইতে পারে; আবার বন্ধু-বিয়োজিত (incorporeal) বা অশরীরী হইতে পারে, যেমন কপিরাইট কিংবা কৃতিস্বত্ব। মালিকানা বলিতে সম্পত্তির উপর কতিপয় অধিকার বুঝাইয়া থাকে। মালিক সম্পত্তির কিছু অধিকার ছাড়িয়া দিয়াও (সম্পত্তি বিক্রয় বা দান) কিছু অধিকার রাখিয়া দিতে পারেন (যেমন, জমির মালিক রাস্তা ছাড়িয়া দিতে পারেন, কিংবা পেটেন্টের মালিক অন্যকে পেটেন্ট দ্রব্য তৈরি করিতে অনুমতি প্রদান করিতে পারেন)। বিভিন্ন জন বিভিন্ন স্বার্থের মালিক হইতে পারেন (যেমন, লাখেরাজ জমির মালিক যখন ইজারা মনজুর করেন, কিংবা যখন উত্তরাধিকার-ধারায় জমির স্বত্বের নিম্পত্তি ঘটে)। একই সময়ে একাধিক ব্যক্তি একই সম্পত্তির মালিক হইতে পারেন, তাঁহারা একই দলিলে

969 ownership

জমির যুগা মালিক হইতে পারেন অথবা অভিনু মালিক হইতে পারেন। সম্পত্তিতে তাঁহাদের এমন পরিষ্কার স্বতু থাকিবে যে, তাঁহারা স্বাধীনভাবে তাঁহাদের সম্পত্তি বিক্রয় করিতে পারিবেন। কোনো ব্যক্তি বৈধ ও হিত্যাহী মালিক উভয়ই হইতে পারেন। সম্পত্তির বৈধ মালিকানা হিতগ্রাহী মালিকানা হইতে পৃথক হইবে। যেমন, কোনো একজন ন্যাসরক্ষক অন্যের উপকারার্থ জমিতে বৈধ স্বত্তাগী হইবেন, কিন্তু रपुर्ভागी मानिक ट्टेरवन ना। জमित मानिकाना ना पिया । জमित वावशत, पथन, বিক্রয় ইত্যাদির ক্ষেত্রে আইনসন্মত লেনদেন বিশেষ ক্ষমতা দিয়া থাকে। যেমন চুক্তিবলে কোনো ব্যক্তি কোনো নির্দিষ্ট জমি বিক্রয়ের জন্য নিযক্ত হইতে পারেন। কোনো বন্তুর উপর কোনো ব্যক্তির মালিকানা থাকিলে সেই বন্তুর ব্যাপারে তিনি আইনানুগভাবে সম্পূর্ণ কর্তৃত্ ও অধিকার প্রয়োগ করিতে পারেন। মালিকানা হইল ভোগ ও প্রয়োগ বহাল রাখিবার আইনি সম্পর্ক। দখলের অধিকারের মালিকানা অপেক্ষা অধিক কিছু অর্থাৎ দখলের সম্পূর্ণ ও আইনসম্মত অধিকারই মালিকানা। সংবিধানের ১৩ অনুচ্ছেদে মালিকানার নীতি সম্পর্কে বলা হইয়াছে যে, উৎপাদনযন্ত্র, উৎপাদনব্যবস্থা ও বন্টনপ্রণালিসমূহের মালিক বা নিয়ন্ত্রক হইবেন জনগণ এবং এই উদ্দেশ্যে মালিকানা-ব্যবস্থা নিম্নন্ধপ হইবে : (ক) রাষ্ট্রীয় মালিকানা, অর্থাৎ অর্থনৈতিক জীবনের প্রধান প্রধান ক্ষেত্র লইয়া সূষ্ঠু ও গতিশীল রাষ্ট্রায়ন্ত সরকারি খাত সৃষ্টির মাধ্যমে জনগণের পক্ষে রাষ্ট্রের মালিকানা; (খ) সমবায়ী মালিকানা, অর্থাৎ আইনের দারা নির্ধারিত সীমার মধ্যে সমবায়সমূহের সদস্যদের পক্ষে সমবায়সমূহের মালিকানা; এবং (গ) ব্যক্তিগত মালিকানা, অর্থাৎ আইনের দ্বারা নির্ধারিত সীমার মধ্যে ব্যক্তিব মালিকানা ।

packing credit প্যাকিং ক্রেডিট দেশের অভ্যন্তরে কাঁচামাল ক্রয়ের জন্য অথবা বন্দরে মালামাল আনা-নেওয়ার জন্য দ্রব্যাদি প্যাকিং করিবার উদ্দেশ্যে যে-ঋণ প্রদান করা হয়। এই ঋণ সর্বোচ্চ ৯০ দিনের জন্য প্রদান করা হয়।

packing list প্যাকিং লিস্ট আমদানিকারক যাহাতে রপ্তানি দ্রব্যের পরিমাণ, প্যাকেট, সংখ্যা, মোট ওজন ইত্যাদি পরীক্ষা করিয়া জাহাজ হইতে মাল ছাড়াইয়া নিতে পারেন, সেজন্য রপ্তানিকারক যে-প্যাকিং লিস্ট আমদানিকারককে সরবরাহ করিয়া থাকেন।

pact n. চুক্তি, সন্ধি বি. treaty দ্ৰ.।

pacta sunt servanda চুক্তিসমূহ অবশ্যই পালনীয় চুক্তি ও শর্তাদি অবশ্যই পালন করিতে হইবে, এই নিয়ম।

paid up capital আদায়কৃত মূলধন অংশীদারগণ শেয়ারবাবদ যে-অর্থ প্রদান করেন। ইহা নূতন কোম্পানিগঠনের ভিত্তি ।

pain and suffering যন্ত্রণা ও যন্ত্রণান্ডোগ যন্ত্রণা, অভিঘাত, আয়ু-ব্রাস সম্পর্কে সচেতনতা, বিকৃতির জন্য বিহবলতা ইত্যাদি যে-সকল মানসিক অবস্থা শারীরিক আঘাতের ফলে সৃষ্ট। বাদী এইসকল অনুভূতি কী পরিমাণে প্রকৃতপক্ষে ভোগ করিয়াছেন তাহার উপর নির্ভর কর্ণিঃ ব্যা ক্ষতিপ্রণের পরিমাণ নির্ধারিত হয়।

palm's print হাতের ছাপ শনাক্ত করিবার উদ্দেশ্যে গৃহীত হাতের ছাপ।

panchayet n. পঞ্চায়েত বি, পাঁচজন গ্রামবাসীকে লইয়া গঠিত পঞ্চায়েত। দেশের আইন-অনুযায়ী গ্রামের দেওয়ানি ও ফৌজদারি মামলার বিচার না করিয়া স্থানীয় প্রধা-পদ্ধতির মাধ্যমে পঞ্চায়েত মামলার বিচার করিত। সাধারণত পঞ্চায়েতের রায় পক্ষদের উপর বাধ্যকর ছিল এবং তাহার বিরুদ্ধে কোনো প্রকার আপিল গ্রহণ করা হইত না।

paperless trading বিনাদলিলে বাণিজ্য electronic data interchange র্ড.।

parallel import সমান্তরাল আমদানি রাষ্ট্রগুলির মধ্যে মূল্যপার্থক্যের সুবিধাগ্রহণের জন্য প্রায়শ ক্রেতাকর্তৃক এক রাষ্ট্রে পণ্য খরিদ করিয়া অন্য রাষ্ট্রে আমদানি করা। ওইরূপ পণ্য ধূসর বাজারের পণ্য বলিয়া অভিহিত। সাধারণত সরবরাহকারীর অনুমোদিত বিতরণ-ব্যবস্থার বাহিরে সমান্তরাল আমদানি করা হয়। ইউরোপীয় ইউনিয়নের মধ্যে একক বাজারে সমান্তরাল আমদানি ব্যাহত করিবার পদক্ষেপ রোম চুক্তির ৮৪ অনুচ্ছেদ লজ্ঞান করিবে। কোনো একক বিতরণকারী কর্তৃক তাঁহার একক এলাকার বাহিরের পণ্যবিক্রয়ের প্রচেষ্টার উপর বিধিনিষেধ আরোপ করা যায়, তবে তখন চুক্তি বা আচরণ বা মৌখিক ব্যবস্থার অধীনে এলাকাভিন্তিক চূড়ান্ত সংরক্ষণ অনুমোদনযোগ্য নহে। export ban দ্র.।

paramount adj. সর্বোষ্ঠ বিণ. (ভূমি আইনে) যাহা অপেক্ষাকৃত উত্তম অধিকার বা স্বত্ব প্রকাশ করে। জমিদারি উচ্ছেদের পূর্বে জমিদার অথবা খারিজা তালুকদারের স্বত্ব ছিল ওইরূপ।

paramount clause সর্বোচ্চ দফা বহনপত্র দারা সম্পাদিত চুক্তির যে-দফায় হেগ রুল্স অন্তর্ভুক্ত করা হয় এবং উক্ত দফার সহিত অসামপ্তস্যপূর্ণ কোনো সুস্পষ্ট রেয়াত বা শর্তের কার্যকরতা বাতিল হয়। bill of lading দ্র.।

parcels n. ১. বতসমূহ, দাগসমূহ বি. জমির খও। ভূমিজরিপের নকশার দাগসমূহ অথবা বন্টন-দলিলের নকশার দাগসমূহ। ২. deed দ্র.।

pardanashin woman পর্দানশিন মহিলা পর্দানশিন মহিলা তাঁহারাই যাঁহারা সামাজিকভাবে পর্দার কারণে পরিবারের নিকটতম ব্যক্তিগণ ছাড়া অন্যদের সন্মধে বাহির হন না। অশিক্ষিত মহিলা পর্দার বাহিরে চলাফেরা করিলেও তিনি পর্দানশিন মহিলা হিসাবে গণ্য হইবেন। পর্দানশিন মহিলার নিকট হইতে কোনো সম্পত্তি হস্তাত্তরমূলে পাইলে প্রাপককে অবশ্যই প্রমাণ করিতে হইবে যে, পর্দানশিন মহিলা সম্পত্তি-হস্তান্তরের ব্যাপারে নিরপেক্ষ ব্যক্তির পরামর্শ পাইয়াছিলেন। Siddique Ahmed Chowdhury v. Gani Ahmed 33 DLR 1 দ্র. । দলিলের গ্রহীতাকে প্রমাণ করিতে হইবে যে, পর্দানশিন মহিলা দলিলের বিষয়বন্ত সঠিকভাবে বুঝিতে পারিয়াছিলেন। Rokeya Khatun v. Alijan Bapari 34 DLR 266 দ্র.। পর্দানশিন মহিলা আদালতে হাজির হইতে বাধ্য নহেন। পর্দানশিন মহিলার সাক্ষ্য ও জবানবন্দি দেওয়ানি কার্যবিধির ২৬ আদেশের ১ নিয়ম-অনুসারে কমিশন নিয়োগ করিয়া গ্রহণ করা যায়। দেওয়ানি কার্যবিধির ১৩২ ধারায় বলা হইয়াছে যে, ১. দেশের প্রচলিত রীতি অনুসারে যে-সকল মহিলাকে সর্বসমক্ষে উপস্থিত ইইতে বাধ্য করা উচিত নয়, সেই সকল মহিলা ব্যক্তিগতভাবে আদালতে হাজির হইতে অব্যাহতি পাইবেন। ২, এই বিধি-অনুসারে কোনো মহিলাকে গ্রেপ্তারের ব্যাপারে যেখানে কোনো নিষেধাজ্ঞা নাই সেই ক্ষেত্রে দেওয়ানি পরওয়ানা জারির ব্যাপারে গ্রেপ্তারের হাত হইতে উক্তরূপে কোনো মহিলা এতদারা অব্যাহতি পাইবেন না।

pardon 990

pardon n. মার্জনা, ক্ষমা বি. ক্ষমাপ্রদর্শনের বিশেষাধিকারের অধীনে রাজনারুহ্দ কোনো ব্যক্তির উপর আরোপিত দগুদেশ অথবা শাস্তি প্রত্যাহার করা । একবার হুমা মনজুর করা হইলে আসামিকে বিচারের সম্মুখীন করা যায় না এবং তাঁহাকে দোষ্ট সাব্যস্ত করা হইয়া থাকিলে শান্তিপ্রদান করা যায় না । অভিযুক্ত অথবা শান্তিপ্রদান করিবার বিরুদ্ধে ক্ষমাপ্রদর্শনের অজুহাত খাড়া করিবার দায়িত্ব ক্ষমাপ্রাপ্ত ব্যক্তির । যদি তিনি যতশীঘ্রসম্ভব তাহা না করেন তবে তিনি তাহা পরিত্যাগ করিয়াহেন বিনয় সাব্যস্ত হইবে । কোনো ব্যক্তিকে বিলম্বন মনজুর করাও যাইতে পারে, যেমন শান্তিভোগ সাময়িকভাবে স্থগিত করা (উদাহরণস্বরূপ, দগুদেশ প্রদানের পর কেছ অপ্রকৃতিস্থ ইইয়া পড়িলে) । সংবিধানের ৪৯ অনুচ্ছেদ-অনুসারে, কোনো আদালত, ট্রাইব্যানাল বা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক যে-কোনো দণ্ডের মার্জনা, বিলম্বন ও বিরাম মনজুর করিবার এবং যে-কোনো দণ্ড মওকুফ, স্থগিত বা ব্রাস করিবার ক্ষমতা রাষ্ট্রপতির আছে । ফৌজদারি কার্যবিধির ৪০১ ও ৪০২ ধারা-অনুসারে, সরকারও অনুরূপ ক্ষমতা পরিচালনা করিতে পারে । ফৌজদারি কার্যবিধির ৩৩৭, ৩৩৮ এবং ৩৩৯ ধারায় রাজসাক্ষী হিসাবে কোনো অপরাধীকে ক্ষমা করিয়া সাক্ষ্যদানের স্বযোগপ্রদান এবং বিচার সম্পর্কে বিধান বর্ণিত রহিয়াছে ।

parent n. পিতা বা মাতা বি. কোনো সন্তানের পিতা অথবা মাতা। দত্তকগ্রহণকারী পিতা বা মাতাও ইহার অন্তর্ভুক্ত কিন্তু বিপিতা বা বিমাতা সাধারণত ইহার অন্তর্ভুক্ত নহেন। সাধারণ আইনে নাবালক অবস্থায় সন্তানের উপর পিতা বা মাতার কতিপয় অধিকার থাকে, যেমন, সন্তানকে শারীরিকভাবে নিয়ন্ত্রণ করা, তাহার শিক্ষা নিয়ন্ত্রণ ও ধর্ম নির্ধারণ করা, চিকিৎসার জন্য সম্মতিপ্রদান করা, সম্পত্তির ব্যবস্থাপনা করা, মামলা-মোকদ্দমায় প্রতিনিধিত্ব করা এবং তাহাদের শাসন করা। বিশেষভাবে তাহাদের ভরণপোষণ ও শিক্ষাপ্রদান পিতা বা মাতার দায়িত্ব যাহা আইনত বলবং করা যায়। পিতা ও মাতা উভয়েই যৌথভাবে পিতা বা মাতার অধিকার প্রয়োগ করিতে পারেন। অবৈধ সন্তানের ক্ষেত্রে মাতাই এককভাবে ওই অধিকার প্রয়োগ করিতে পারেন, যদি না পিতা ওই দায়িত্ব পালনের জন্য আদালতে আবেদন করেন (তাঁহার অবশ্য সন্তান প্রতিপালনের দায়িত্ব আছে)। সন্তান বয়ঃপ্রাপ্ত ইবার সঙ্গে সঙ্গে বিতা বা মাতার অধিকার ব্রাস পাইতে থাকে। সন্তান-সম্পর্কিত দায়দায়িত্ব বলবৎ সম্পর্কে কোনো বিরোধ উপস্থিত হইলে সন্তানের কল্যাণই মুখ্য বিবেচ্য বিষয় হয়। parent's liability ও child support maintenance দ্র. ।

parental responsibility পিতা বা মাতার দায়িত্ব ১৮ বংসরের নিম্বরঙ্ক সন্তান বা তাহার সম্পত্তি সম্পর্কে আইনদ্বারা পিতা বা মাতাকে যে-ক্ষমতা ও দায়িত্ব প্রদান করা হয়। অভিভাবক ও প্রতিপাল্য আইনের বিধান-অনুসারে অভিভাবক নাবালকের শরীর বা সম্পত্তি বা উভয়ের হেফাজত বা তত্ত্বাবধান করিতে পারেন। মুসলমান আইন-অনুসারে পুত্রসন্তানের সাত বংসর বয়স পর্যন্ত এবং কন্যাসন্তানের বয়ঃসদ্ধি পর্যন্ত

995 parliament

মাতা হেফাজতের অধিকারী এবং তাহার পরে পিতা। কিন্তু পিতা নাবালকের সম্পত্তির অভিভাবক, মাতা নহেন। উক্ত আইন-অনুসারে বয়ঃসন্ধি পর্যন্ত পিতা পুত্রসন্তানের এবং বিবাহ পর্যন্ত কন্যাসন্তানের ভরণপোষণ করিতে বাধ্য। পিতা অসমর্থ হইলে এবং মাতার সামর্থ্য থাকিলে ওই দায়িত্ব মাতার উপর বর্তায়। পিতা ও মাতা উভয়ে অসমর্থ হইলে এবং পিতামহের সামর্থ্য থাকিলে ওই দায়িত্ব তাঁহার উপর বর্তায়।

parent company মুখ্য কোম্পানি subsidiary company তু.।

parent's liability পিতা বা মাতার দায় সন্তানের পূরণযোগ্য দেওয়ানি ক্ষতিকর কাজের জন্য পিতামাতা দায়ী নহেন, কিন্তু সন্তানের তত্ত্বাবধান ও প্রশিক্ষণদানে ব্যর্থতাজনিত অবহেলার জন্য তাঁহারা দায়ী হইতে পারেন, যদি ওইরূপ ব্যর্থতার ফলে অপর কোনো ব্যক্তির ক্ষতি হইয়া থাকে। বয়য় সন্তানকে কর্মচায়ী বা প্রতিনিধি ইসাবে নিয়োগের পরে তিনি পূরণযোগ্য দেওয়ানি ক্ষতি করিলে প্রতিনিধিত্বমূলক দায়ের নীতি-অনুসারে পিতা বা মাতাকে দায়ী করা যাইতে পারে। শিশু কত বয়সের হইলে সে পূরণযোগ্য দেওয়ানি ক্ষতিকর কাজের জন্য দায়ী হইবে, তাহা নির্দিষ্ট করা নাই। নির্দিষ্ট কোনো পূরণযোগ্য দেওয়ানি ক্ষতির আবশ্যকীয় অভিপ্রায়ের জন্য কোনো শিশু অত্যন্ত অল্পবয়র্ম হইতে পারে। যে-ক্ষেত্রে শিশুর অবহেলা বা প্রদায়ক অবহেলা বিবেচ্য, সেইক্ষেত্রে শিশুর আচরণকে ওই বয়সের গড় শিশুর নিকট হইতে কীরূপ আচরণ আশা করা যাইত, সেই হিসাবে পরীক্ষা করিয়া দেখিতে হইবে। পিতা বা মাতা তাঁহাদের শিশুসন্তানের অপরাধের জন্য আইনত দায়ী নহেন, যদিও শিশুসন্তানের উপর আরোপিত জরিমানা পিতা বা মাতাকেই পরিশোধ করিতে হইতে পারে।

parent with care যে-পিতা বা মাতার সহিত সন্তান বসবাস করে child support maintenance দু

parking offences পার্কিং অপরাধ কোথাও সাময়িকভাবে মোটরগাড়ি রাখাসংক্রান্ত অপরাধ। এইসকল অপরাধের মধ্যে পড়ে পথচারীদের রান্তা পারাপারের সীমানার মধ্যে অথবা পার্কিং নিষেধাত্মক বা সীমিত চিহ্নযুক্ত স্থানে কোনো যান পার্ক করা অথবা পার্কিং মিটার-সংক্রান্ত প্রবিধান অমান্য করা। পার্কিং অপরাধের শান্তি ইইতেছে জরিমানা, তাহার জন্য চালকের গাড়িচালনার অনুমতিপত্রে পৃষ্ঠাঙ্কনের বিধান নাই। অভিযুক্ত চালক যদি দেখাইতে পারেন যে, রান্তায় গাড়ি পার্কিং নিষেধের চিহ্ন বা আলামত ছিল না, তাহা হইলে তিনি অব্যাহতি পাইতে পারেন।

parliament n. সংসদ, পার্লামেন্ট বি. আইনসভা। কমন্স-সভা, লর্ডস-সভা এবং রাজা বা রানীকে লইয়া গঠিত যুক্তরাজ্যের আইনসভা। ইংল্যান্ডে ১৯১১ সালের পার্লামেন্ট আইন-অনুসারে, যে-কোনো নির্দিষ্ট পার্লামেন্টের সর্বাধিক মেয়াদ পাঁচ

বৎসর, যাহার পরে ইহা ভঙ্গ হইয়া যায়। প্রকৃতপক্ষে ইহার মেয়াদ তৎপূর্বেই রাজা বা রানীকর্তৃক রাজকীয় বিশেষাধিকারবলে সংসদ ভঙ্গ করিয়া সমাপ্ত করা যায় এবং একই ঘোষণামূলে পরবর্তী পার্লামেন্টও আহ্বান করা যায়। পার্লামেন্ট ভঙ্গ করিবর তারিখ প্রধানমন্ত্রী নির্ধারণ করেন। পার্লামেন্টের মেয়াদ সাধারণত একবংসর-কালব্যাপী কয়েকটি অধিবেশনে বিভক্ত যাহা রাজকীয় কমিশনদারা (বিশেষাধিকারের অধীনে) পার্লামেন্ট স্থগিতকরণের দ্বারা সমাপ্ত হয়। প্রত্যেকটি সভা ইহার প্রতিটি অধিবেশনকে সাধারণত একদিনব্যাপী বৈঠকে বিভক্ত করে। পার্লামেন্টের কার্যাবনি হইতেছে আইন-প্রণয়ন, কর আদায় ও সরকারি ব্যয় অনুমোদন এবং সরকারি নীতি ও প্রশাসনের বাছবিচার ও সমালোচনা। বাংলাদেশে সংবিধানের ৬৫ অনুচ্ছেদ-অনুসারে, 'জাতীয় সংসদ' নামে বাংলাদেশের একটি সংসদ থাকিবে, রাজধানীতে সংসদের আসন থাকিবে, এবং সংবিধানের বিধানাবলি-সাপেক্ষে প্রজাতন্ত্রের আইন-প্রণয়নের ক্ষমতা সংসদের উপর ন্যস্ত হইবে। তবে সংসদের আইনদারা যে-কোনো ব্যক্তি বা কর্তৃপক্ষকে আদেশ, বিধি, প্রবিধান, উপ-আইন ইত্যাদি প্রণয়নের ক্ষমতা অর্পণ করা যাইবে। সংবিধানের ৭২ অনুচ্ছেদ-অনুসারে সরকারি বিজ্ঞপ্তিদারা রাষ্ট্রপতি সংসদ আহ্বান, স্থগিত ও ভঙ্গ করিতে পারেন। তবে সংসদের এক অধিবেশনের সমাপ্তি ও পরবর্তী অধিবেশনের প্রথম বৈঠকের মধ্যে ষাট দিনের অতিরিক্ত বিরতি থাকিবে না। রাষ্ট্রপতি পূর্বে ভাঙ্গিয়া দিয়া না থাকিলে প্রথম বৈঠকের তারিখ হইতে পাঁচ বংসর অতিবাহিত হইলে সংসদ ভাঙ্গিয়া যাইবে। তবে যুদ্ধে লিপ্ত থাকিবার কালে সংসদের আইনদারা উক্ত মেয়াদ অনধিক একবংসর পর্যন্ত বর্ধিত করা যাইতে পারে যাহা যুদ্ধ বন্ধ হইলে ছয় মাসের বেশি স্তায়ী হইবে না। সংবিধানের ৫৭ অনুচ্ছেদের (২) দফা-অনুসারে, প্রধানমন্ত্রীর লিখিত পরামর্শের ভিত্তিতেই রষ্ট্রেপতি মেয়াদকালের মধ্যে সংসদ ভঙ্গ করিতে পারেন। সংবিধানের ৮৩ অনুচ্ছেদ-অনুসারে, সংসদের আইনদারা বা কর্তৃত্ব ব্যতীত কোনো কর আরোপ বা সংগ্রহ করা যাইবে না। সংবিধানের ৮৭ অনুচ্ছেদ-অনুসারে, প্রত্যেক অর্থ-বৎসর সম্পর্কে উক্ত বৎসরের জন্য সরকারি আয় ও ব্যয়-সংবলিত একটি বিবৃতি সংসদে উপস্থাপিত হইবে। সংবিধানের ৮৯ অনুচ্ছেদ-অনুসারে, সংযুক্ত তহবিলের দায়যুক্ত ব্যয় ব্যতীত অন্যান্য ব্যয়ের জন্য সংসদের মনজুরি আবশ্যক হইবে। এতৎসহ act of parliament ও sovereignty of parliament দ্ৰ.।

Parliamentary Commissioner for Administration প্রশাসনসংক্রান্ত সংসদীয় কমিশনার ইংল্যান্ডে কোনো ব্যক্তি বা নিগমবদ্ধ সংস্থা কর্তৃক কোনো সরকারি বিভাগ বা বিভাগ-বহির্ভূত সরকারি সংস্থার অপশাসন হইতে উদ্ভূত অবিচার সম্পর্কে অনুযোগের তদন্তের জন্য নিযুক্ত একজন স্বাধীন কর্মকর্তা। তাঁহাকে পার্লামেন্টারি অমবুডসম্যান বলা হয়। প্রধানমন্ত্রীর পরামশক্রমে ইংল্যান্ডে রাজা বা রানী কর্তৃক ওই কমিশনার নিযুক্ত হন। কমিশনার পার্লামেন্টের সদস্যের মাধ্যমে

প্রদণ্ড লিখিত অনুযোগসমূহ মাত্র তদন্ত করিতে পারেন তবে কভিপয় বিষয় তাঁহার এখতিয়ারবহির্ভৃত। এইসকল সীমাবদ্ধতা ছাড়াও তদন্ত করা বা না করা তাঁহার স্ববিবেচনাধীন। তিনি যে-অভিযোগ যথার্থ বলিয়া সাব্যন্ত করিবেন তাহার প্রতিকার করা না হইলে তিনি তাহা সংসদের গোচরে আনিবেন। বাংলাদেশে সংবিধানের ৭৭ অনুচ্ছেদ-অনুসারে সংসদ আইনের দ্বারা ন্যায়পালের পদ প্রতিষ্ঠার জন্য বিধান করিতে পারিবেন। ১৯৮০ সালে ন্যায়পাল আইন এবং ২০০৫ সালে কর-ন্যায়পাল আইন প্রণীত হয়।

parliamentary committees সংসদীয় কমিটিসমূহ সংবিধানের ৭৬ অনুচ্ছেদঅনুসারে, সংসদ-সদস্যদের মধ্য হইতে সদস্য লইয়। (ক) সরকারি হিসাব কমিটি
(খ) বিশেষ অধিকার কমিটি এবং (গ) সংসদের কার্যপ্রণালি বিধিতে নির্দিষ্ট অন্যান্য
স্থায়ী কমিটিগুলি গঠিত হইবে। এইসকল কমিটি খসড়া বিল ও অন্যান্য আইনগত
প্রভাব পরীক্ষা করেন, আইনের বলবৎকরণ পর্যালোচনা এবং বলবৎকরণের জন্য
ব্যবন্থাদি গ্রহণের প্রভাব করেন, সংসদ কর্তৃক অর্পিত অন্য যে-কোনো দায়িত্ব পালন
করেন, এবং জনগুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রণালয়ের কার্য ও প্রশাসন সম্বন্ধে অনুসন্ধান বা
তদন্ত করেন।

parliamentary counsel সংসদীয় উপদেষ্টা ইংল্যান্ডে যে-সকল অসামরিক কর্মকর্তা (ব্যারিন্টার বা সলিসিটর) সরকারি বিলসমূহ, সরকারি বিলসমূহের সংশোধনী এবং বিলসমূহ গ্রহণসংক্রান্ত কার্যপ্রণালি সম্পর্কে যে-কোনো প্রস্তাবের খসড়া প্রণয়ন করেন। বাংলাদেশের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের খসড়া শাখা বিল ইত্যাদির মুসাবিদা প্রণয়ন করেন।

Parliamentary Ombudsman সংসদীয় ন্যায়পাল Parliamentary Commissioner for Administration দ্ৰ.।

parliamentary privilege সংসদীয় বিশেষাধিকার সদস্যগণ বাহিরের হস্তক্ষেপ ব্যতীত এবং সুষ্ঠুভাবে তাঁহাদের কার্যাবলি সম্পাদনের জন্য যে-সকল বিশেষ অধিকার ও দায়মুক্তি ভোগ করেন। এইগুলি প্রধানত সাধারণ আইনদ্বারা এবং আংশিক বিধিবদ্ধ আইনদ্বারা অর্পিত। সংবিধিবদ্ধ আইনদ্বারা এইগুলিকে বর্ধিত করা যায়। সংবিধানের ৭৮ অনুচ্ছেদ-অনুসারে, সংসদের কার্যধারার বৈধতা সম্পর্কে কোনো আদালতে প্রশু উত্থাপন করা যাইবে না। সংসদের যে-সদস্য বা কর্মচারীর উপর সংসদের কার্যপ্রণালিনিয়ত্রণ, কার্যপরিচালনা বা শৃত্র্বলারক্ষার ক্ষমতা ন্যস্ত থাকিবে, তিনি এইসকল ক্ষমতা প্রয়োগ-সম্পর্কিত কোনো ব্যাপারে কোনো আদালতের এর্যতিয়ারের অধীন হইবেন না। সংসদে বা সংসদের কোনো কমিটিতে কিছু বলা বা ভোটদানের জন্য কোনো সংসদ-সদস্যের বিক্লদ্ধে কোনো আদালতে কোনো কার্যধারা গ্রহণ করা যাইবে না। সংসদ কর্তৃক বা সংসদের কর্তৃত্বে কোনো রিপোর্ট, কাগজপত্র,

parol contract

998

ভোট বা কার্যধারা প্রকাশের জন্য কোনো ব্যক্তির বিরুদ্ধে কোনো আদালতে কোনো কার্যধারা গ্রহণ করা যাইবে না। তাছাড়া ওই অনুচ্ছেদ-সাপেক্ষে সংসদের আইনদ্মরা সংসদের, সংসদের কমিটিসমূহের এবং সংসদ-সদস্যদের বিশেষ অধিকার নির্ধারণ করা যাইবে।

parol contract মৌখিক চুক্তি simple contract দ্ৰ.।

parole n. প্যারোল বি., শর্তাধীন সাময়িক মুক্তি কারাগার হইতে বন্দির শর্তাধীন মুক্তি। বিশেষ বিবেচনায়, নির্দিষ্ট সময়ের অন্তে বন্দি কারাগারে প্রভ্যাবর্তন করিবেন, এই শর্তে তাঁহার সাময়িক মুক্তিদান।

parol evidence বাচনিক সাক্ষ্য দালিলিক সাক্ষ্য ভিন্ন মৌথিক বক্তব্যের মাধ্যমে প্রদন্ত সাক্ষ্য। সাক্ষ্য আইনের ৩ ধারা-অনুসারে ঘটনা সম্পর্কে তদন্ত করিবার সময়ে সাক্ষীকে যে-সকল বক্তব্য প্রদান করিতে আদালত অনুমতি প্রদান করেন অথবা নির্দেশ প্রদান করেন। উক্ত আইনের ৫৯ ধারা-অনুসারে দলিলের বিষয়বন্ধু ব্যতীত সকল ঘটনা বাচনিক সাক্ষ্যদারা প্রমাণ করা যাইতে পারে। উক্ত আইনের ৬০ ধারা-অনুসারে বাচনিক সাক্ষ্য সর্বক্ষেত্রে অবশ্যই প্রতাক্ষ হইতে হইবে।

parol evidence rule বাচনিক সাক্ষ্যের নিয়ম তঞ্চকতা বা ভ্রান্তির অভিযোগের ক্ষেত্র ব্যতীত কোনো লিখিত দলিলকে (যেমন, বৈচারিক নথি বা চুক্তি) পরিবর্ধন বা পরিবর্তন করিবার জন্য বাচনিক সাক্ষ্যপ্রদান করা নিয়মবিরুদ্ধ । সাক্ষ্য আইনের ৯৩ ধারা-অনুসারে, যে-সকল চুক্তি, মনজুরি বা অন্য কোনোভাবে সম্পত্তি-হন্তান্তর বা আইনত যে-সকল বিষয়় দলিলে লিপিবদ্ধ করিতে হইবে তাহা প্রমাণিত হইলে উক্ত ধারায় বর্ণিত কতিপয় ক্ষেত্র ব্যতীত তাহা অস্বীকার, পরিবর্তন, সংযোজন বা বিয়োজন করা সম্পর্কে কোনো বাচনিক সাক্ষ্য গ্রহণযোগ্য হইবে না।

parol lease মৌখিক ইজারা দলিল ব্যতীত মৌখিক বা লিখিত ইজারা যাহা কতিপর
শর্তপূরণ করে। শর্তগুলি হইতেছে ইজারাপ্রদানের সঙ্গে সঙ্গে তাহা কার্যকর হইবে;
তাহা তিন বৎসরের কম সময়ের জন্য হইবে; এবং তাহা সম্পূর্ণ বাজারমূল্যের
সর্মতুল্য খাজনায় হইবে। পর্যাবৃত্ত প্রজাস্বত্বের বেলায় সাধারণত এইসকল শর্তপূরণ
হয়। দলিলদ্বারা সৃষ্ট ইজারা ব্যতীত আইনত কোনো ইজারা বলবৎযোগ্য নহে এই
নিয়মের ব্যতিক্রম হইতেছে মৌখিক ইজারা। মৌখিক ইজারা সম্পর্কিত ইংল্যান্ডের
উপরিউক্ত নিয়মাবলি কৃষিভূমির ইজারার ক্ষেত্রে রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন
বলবৎ হইবার পূর্বে প্রযোজ্য ছিল না। তখন কৃষিভূমি মৌখিক বা দালিলিক ইজারা
দেওয়া যাইত। বর্তমানে তাহা ইজারা দেওয়া যায় না। সম্পত্তি-হস্তান্তর আইনের
১০৭ ধারা-অনুসারে, কেবল রেজিন্ট্রি দলিলদ্বারা বাৎসরিক খাজনা নির্ধারণ করিয়া বা

একবংসরের অধিক মেরাদের জন্য স্থাবর সম্পত্তি ইজারা দেওয়া যায়। স্থাবর সম্পত্তির অন্য সকল ইজারা হয় দলিল-নিবন্ধনের মাধ্যমে অথবা দখল-অর্পণসহ মৌখিক চুক্তির মাধ্যমে করা হয়। documentary evidence তু.।

- part n. অংশ বি. ১. জেনারেল ক্লজেজ অ্যাক্টের ৩ (৪০) ধারা-অনুসারে, Act বা Regulation-এর অংশ। ২. সম্পত্তি বা মুনাফার কোনো ভাগ।
- partial acceptance আংশিক স্বীকৃতি স্বীকৃতিকারী বিনিময়-বিলের মূল্যের আংশিক পরিশোধ করিবার প্রতিশ্রুতি দিয়া যে-স্বীকৃতি প্রদান করিয়া থাকে তাহাকে আংশিক স্বীকৃতি বলা হয়।
- partial loss আংশিক ক্ষতি (নৌবিমায়) প্রকৃত বা পরোক্ষ সম্পূর্ণ ক্ষতি ব্যতীত বিমা চুক্তির বিষয়বস্তুর যে-কোনো ক্ষতি। আংশিক ক্ষতির বেলায় সম্পূর্ণ ক্ষতি হইতে স্বল্প পরিমাণ ক্ষতিপূরণ লাভ করা যায়। এতৎসহ average দ্র.।
- particulars বিশদ বর্ণনা, বিশেষ বিবরণ আরজি বা জবাবে ঘটনা সম্পর্কে অভিযোগে বিশদ বর্ণনা। কোনো অভিযোগ দ্বার্থ বা অসম্পূর্ণভাবে বর্ণিত হইলে প্রতিপক্ষ লিখিতভাবে অতিরিক্ত এবং পরিপূর্ণ বিশদ বর্ণনার জন্য অনুরোধ জানাইতে পারে। যদি তাহা স্বেচ্ছায় প্রদান করা না হয় তাহা হইলে সেইপক্ষ তাহা প্রদানের জন্য আদালতের নির্দেশ প্রার্থনা করিতে পারে। বিশদ বর্ণনার প্রধান কাজ হইতেছে আকম্মিকতা নিরোধ। দেওয়ানি কার্যবিধির ৬ আদেশের ৪ নিয়ম-অনুসারে, আরজি বা জবাবে বিশদ বর্ণনা প্রদান করিতে হইবে এবং ৫ নিয়ম-অনুসারে, আদালত যেকানো পক্ষকে অতিরিক্ত ও পরিপূর্ণ বিশদ বর্ণনা প্রদানের নির্দেশ দিতে পারেন।
- parties n. পক্ষসমূহ বি. ১. কোনো লেনদেনে যে-সকল পক্ষ একত্রে সংশ্লিষ্ট হয়। যেমন, কোনো দলিল বা চুক্তির পক্ষসমূহ। ২. দেওয়ানি বা ফৌজদারি মামলায় যে-সকল পক্ষ একত্রে সংশ্লিষ্ট হয়। joinder of parties দ্র.।
- parties to a suit মামলার পক্ষণণ দেওয়ানি কার্যবিধির ১ আদেশের ১ নিয়মঅনুসারে, একই কার্য বা লেনদেন অথবা একই শ্রেণীর কার্যাবিলি বা লেনদেনসমূহের
 দরুন যাহা একত্রে বা পৃথকভাবে একাদিক্রমে কোনো প্রতিকার দাবি করিতে পারে
 এবং যেসব ক্ষেত্রে উক্ত ব্যক্তিগণ পৃথকভাবে মামলা দায়ের করিলে বিধি বা তথ্য
 সংক্রান্ত একটি সাধারণ প্রশ্নের উদ্ভব হইতে পারে, অনুরূপ সকলকে একই মামলায়
 বাদীপক্ষের শামিল করা যায় । ১ আদেশের ৩ নিয়ম-অনুসারে একই কার্য বা লেনদেন
 অথবা একই শ্রেণীর কার্যাবলি বা লেনদেনসমূহের দরুন যাঁহাদের বিরুদ্ধে একত্রে,
 পৃথকভাবে বা একাদিক্রমে কোনো প্রতিকার দাবি করা যাইতে পারে এবং যে-ক্ষেত্রে
 উক্ত ব্যক্তিদের বিরুদ্ধে পৃথগ্ভাবে মামলা দায়ের করা হইলে বিধি বা তথ্যসংক্রান্ত

একটি সাধারণ প্রশ্নের উদ্ভব হইতে পারে, অনুরূপ সকলকেই একই মামনার বিবাদীপক্ষে শামিল করা যায়। উপরোক্ত নিয়মদূইটিতে কে বা কাহারা মামনায় পদ্ধ হইবেন সে-সম্পর্কে বলা হইয়াছে। প্রয়োজনীয় পক্ষকে মামলার পক্ষ করা না হলৈ কার্যকর ডিক্রি হইতে পারে না বলিয়া বাদী প্রতিকার পাইতে পানেন না। necessary parties দ্র.।

partition n. বাটোয়ারা, বন্টন বি. ১. কোনো ভূখণ্ডকে দুই বা ততোধিক এককে বিভক্ত করিয়া প্রত্যেকটিকে বিভিন্ন সরকারের অধীনে ন্যস্ত করা। ২, কোনো ভূখরে উপরের সর্বোচ্চ ক্ষমতা বিভিন্ন সরকারের মধ্যে বিভক্ত করা (যেমন, ফেডারেশন ও রাজ্য)। ৩. দলিলমূলে যৌথ মালিকানার জমি আনুষ্ঠানিকভাবে পৃথক পৃথক খণ্ডে বিভক্ত করিয়া অন্যের কোনো স্বত্ত হইতে বিযুক্তভাবে প্রত্যেক সহমালিকের একক মালিকানায় ও ব্যবহারে একখণ্ড লাভ করা। প্রত্যেক সহ-মালিকের সন্মতি ব্যতীত জমির বন্টন কার্যকর করা যায় না। ৪. অংশীদারদের মধ্যে তাঁহাদের অংশ-অনুসারে সম্পত্তির ভাগ বন্টন করা। মুসলিম আইনে বাটোয়ারা অর্থ সহ-অংশীদারদের মধ্যে তাঁহাদের নিজ নিজ অংশানুসারে তুল্যমূল্যে সম্পত্তি ভাগ-বন্টন করিয়া লওয়া বুঝায়। হিন্দু যৌথ পরিবারের যে-কোনো একজন সদস্যের নিজের অংশবিভাগ বন্টন করিয়া লওয়া। আপস-সাহামে বিভাগবন্টন আইনের দৃষ্টিতে দুর্বল হইলেও ইহা একধরনের বাটোয়ারা। সহ-অংশীদারগণ নিজ নিজ অংশ দলিলদারা বাটোয়ারা করিয়া লইতে পারেন। আদালতের মাধ্যমে সহ-অংশীদারগণ নিজ নিজ অংশ বা যে-কোনো ব্যক্তি তাঁহার নিজের অংশ বাটোয়ারা করিতে চাহিলে আদালত অংশানুসারে এবং প্রয়োজনবোধে অ্যাডভোকেট-কমিশনার নিয়োগ করিয়া অংশীদারদের অংশানুসারে বাটোয়ারা করিয়া দিতে পারেন। দেওয়ানি কার্যবিধির ২০ আদেশের ১৮ নিয়মে বাটোয়ারা বা কাহারো অংশের পৃথক পৃথক দখলসংক্রান্ত মামলার ডিক্রি সম্পর্কে বনা হইয়াছে যে, (১) যদি ওই ডিক্রি সরকারি রাজস্ব-আদায়ি কোনো ভূসম্পত্তি সম্পর্কে প্রদত্ত হয়, তবে সেই ডিক্রিতে উক্ত সম্পত্তির স্বার্থসংশ্লিষ্ট একাধিক পক্ষের অধিকার উল্লেখ করিতে হইবে। তৎসহ নির্দেশ দিতে হইবে যে, কালেক্টর অথবা তৎকৃত এই উদ্দেশ্যে ভারপ্রাপ্ত কোনো অধন্তন গেজেটেড অফিসার ডিক্রি ঘোষণা ও ৫৪ ধারার विधान-অनुসারে উক্ত সম্পত্তির বাটোয়ারা বা পৃথক দখলদানের কার্যসম্পন্ন করিবেন। (২) যদি উক্ত ডিক্রি অন্য কোনো স্থাবর বা অস্থাবর সম্পত্তি সম্পর্কে প্রদন্ত হয়, তবে উক্ত বাটোয়ারা বা পৃথক দখল দান করিবার জন্য অতিরিক্ত তদন্তের প্রয়োজন হইলে আদালত একটি প্রাথমিক ডিক্রির দারা উক্ত সম্পত্তিতে স্বার্থসংশ্রিষ্ট একাধিক পক্ষের অধিকার ঘোষণা করিতে এবং প্রয়োজনবোধে অন্যান্য নির্দেশ দান করিতে পারিবেন। দেওয়ানি কার্যবিধির ২৬ আদেশের ১৩ নিয়ম-অনুসারে, কোনো ক্ষেত্রে যদি কোনো সম্পত্তি বাটোয়ারার জন্য প্রাথমিক ডিক্রি প্রদান করিয়া থাকেন এবং বিষয়টি যদি ওই আইনের ৫৪ ধারার আওতায় না পড়ে, তবে আদালত মনে করিলে, তাঁহার নিকট কমিশন প্রেরণ করিয়া প্রাথমিক ডিক্রিতে বর্ণিত স্বত্ব-অনুসারে সম্পন্তিটি বাটোয়ারা করাইবেন। ৫. কোনো কোম্পানির ব্যবসা বা ব্যবসা-প্রতিষ্ঠানের অংশ বিভিন্ন কোম্পানির নিকট হস্তান্তর করা। ইহা সাধারণত বিতরণ বা বিচ্ছিন্নকরণ চুক্তির মাধ্যমে করা হইয়া থাকে। partition of chattel তু.।

partition of chattels অস্থাবর সম্পত্তির বন্টন অবিভাজিত অংশে ধারণকৃত অস্থাবর সম্পত্তি সহস্বত্বানদের মধ্যে এমনভাবে ভাগ করা যেন প্রত্যেকে তাঁহার অংশের মালামাল একক ও নিরঙ্কুশভাবে লাভ করেন। যদি অস্থাবর সম্পত্তি বন্টনযোগ্য হয় তাহা হইলে কোনো সহস্বত্বানের আবেদনক্রমে আদালত বন্টনের আদেশ দিতে পারেন।

partition suit বন্টনের মামলা এজমালি সম্পত্তির অংশীদারগণ আপসে তাহা বন্টন করিতে বার্থ ইইলে যে-কোনো একজন অংশীদার সকল এজমালি সম্পত্তি বন্টনের জন্য আদালতে অপর অংশীদারদের বিরুদ্ধে যে-মামলা দায়ের করেন। দেওয়ানি কার্যবিধির ২০ আদেশের ১৮ নিয়ম-অনুসারে, আদালত এজমালি সম্পত্তিতে পক্ষদের অংশ ঘোষণা করিয়া একটি প্রাথমিক ডিক্রি প্রদান করিবেন এবং প্রয়োজনীয় অতিরিক্ত নির্দেশ প্রদান করিবেন। পক্ষণণ প্রাথমিক ডিক্রির মর্মানুসারে এজমালি সম্পত্তি বন্টন করিয়া নিতে বার্থ ইইলে দেওয়ানি কার্যবিধির ২৬ আদেশের ১৩ নিয়ম-অনুসারে অনুরূপ এজমালি সম্পত্তি পক্ষগণের মধ্যে তদ্ধুপ ঘোষিত তাঁহাদের অংশানুসারে বন্টন করিয়া দিবার জন্য আদালত উপযুক্ত কোনো ব্যক্তিকে কমিশনার নিযুক্ত করিতে পারেন। ১৪ নিয়ম-অনুসারে, কমিশনার প্রয়োজনীয় তদন্তশেষে অনুরূপ সম্পত্তি পক্ষদের মধ্যে তাঁহাদের অংশানুসারে বন্টন করিয়া দিয়া আদালতে একটি প্রতিবেদন দাখিল করিবেন এবং তাহার বিরুদ্ধে কোনো আপত্তি থাকিলে সেসম্পর্কে তনানি গ্রহণ করিয়া আদালত তাহা অনুমোদন, পরিবর্তন বা বাতিল করিতে পারেন। ১৫ নিয়ম-অনুসারে, আদালত তদ্রুপ প্রতিবেদন অনুমোদন বা পরিবর্তন করিলে তদনুসারে বন্টনের চূড়ান্ত ডিক্রি প্রদান করিবেন।

partner n. অংশীদার বি. অংশীদারিত্ব আইনের ৪ ধারা-অনুসারে, অংশীদারি কারবারের সদস্য বা সদস্যদের প্রত্যেককে অংশীদার বলা হয়। দেওয়ানি কারবিধির ৩০ আদেশের ১-১০ নিয়মে অংশীদারি কারবারের সদস্য বা সদস্যদের মধ্যে মামলা সম্পর্কে বিধান বর্ণিত হইয়াছে। ৩০ আদেশের ১ নিয়ম-অনুসারে, (১) দুই বা ততোধিক ব্যক্তি যদি বাংলাদেশে ব্যবসারত কোনো অংশীদারি কারবারের অংশীদার হিসাবে কোনো দাবি উত্থাপন করেন বা কোনো কিছুর জন্য দায়ী থাকেন, তবে মামলার কারণ উদ্ভব হওয়ার সময়ে তাঁহারা যে-প্রতিষ্ঠানের অংশীদার (যদি থাকে) ছিলেন, সেই প্রতিষ্ঠানের নামে তাঁহারা মামলা করিতে পারিবেন বা তাঁহাদের বিরুদ্ধে মামলা করা যাইবে। এইরূপ ক্ষেত্রে মামলার কারণ উদ্ভব হইবার সময়ে যাঁহারা উক্ত

partnership 996

প্রতিষ্ঠানের অংশীদার ছিলেন, তাঁহাদের নাম-ঠিকানা সংবলিত বিবৃতি আদানতের নির্দেশ-মোতাবেক দাখিল এবং উহার সতাতা প্রতিপাদন করিবার জন্য মামলায় যে-কোনো পক্ষ আদালতে আবেদন করিতে পারিবেন। (২) যে-ক্ষেত্রে ১ উপন্যিম-অনুসারে কোনো ব্যবসাপ্রতিষ্ঠানের নামে উহার অংশীদারগণ মামলা করেন বা তাঁহাদের বিরুদ্ধে মামলা করা হয়, সেইসব ক্ষেত্রে আইন-অনুসারে বাদী বা বিবাদী কর্তক সেই দরখান্তে বা অন্য কোনো দলিলে স্বাক্ষরদান, প্রতিপাদন বা সার্টিফিকেট প্রদান করিলে যথেষ্ট হইবে। ২ নিয়মে অংশীদারদের নাম প্রকাশ সম্পর্কে এবং ৩ নিয়মে সমনজারি সম্পর্কে বলা হইয়াছে। ৯ নিয়ম-অনুসারে, কোনো অংশীদারি ব্যবসাপ্রতিষ্ঠান এবং উহার এক বা একাধিক ব্যক্তি যদি দুইটি প্রতিষ্ঠানেরই অংশীদার থাকেন, তবে সেই দুইটি প্রতিষ্ঠানের মধ্যে মামলা হইলে এইরূপ মামলায় এই আদেশের বিধানসমূহ প্রযোজ্য হইবে। কিন্তু এইরূপ মামলায় আদালতের অনুমতি ব্যতীত কোনো ডিক্রিজারিতে অনুমতি দেওয়া হইবে না। এই ডিক্রিজারিতে অনুমতির জন্য আদালতে আবেদন করা হইলে প্রয়োজনীয় হিসাবগ্রহণ ও তদন্ত-অনুষ্ঠান সম্পর্কে আদালত যথাবিহিত আদেশ দিতে পারিবেন। দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ৫০ নিয়মে অংশীদারি ব্যবসাপ্রতিষ্ঠানের বিরুদ্ধে ডিক্রিজারি সম্পর্কে বলা হইয়াছে ৷

partnership n. অংশীদারি বি. মুনাফা অর্জনের জন্য ব্যবসায় নিয়োজিত দুই বা ততোধিক ব্যক্তি লইয়া গঠিত একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান। ১৯৩২ সালের অংশীদারি কারবার আইনের ৪ ধারা-অনুসারে, যে-সকল ব্যক্তি সন্মত হন যে, তাঁহারা সকলে বা তাঁহাদের পক্ষে যে-কোনো একজনের দ্বারা পরিচালিত ব্যবসার মুনাফা তাঁহারা বন্টন করিয়া লইবেন, তাঁহাদের সেই সম্পর্ককে যৌথ কারবার বলা হয়। সীমিতদায় কোম্পানির মতো যৌথকারবারের স্বতন্ত্র ব্যক্তিত নাই, সেই কারবারের ঋণের জন্য প্রত্যেক অংশীদার দায়ী হন। অংশীদারি কারবারে অংশীদার থাকাকালীন কৃত ঋণের জন্য অংশীদারগণ একজন বিদায়ী অংশীদার দায়ী হন। অংশীদারি কারবার হইতে অবসরগ্রহণের যথাযথ বিজ্ঞপ্তি যদি প্রকাশিত হয়, তাহা হইলে তদ্ধপ অংশীদার ভবিষাৎ ঋণের জন্য দায়ী হইবেন না। স্বেচ্ছা অংশীদারি কারবারের কোনো মেয়াদ থাকে না। একজন অংশীদার বিজ্ঞপ্রিদানের মাধ্যমে তাহা যে-কোনো সময়ে ভঙ্গ করিয়া দিতে পারেন। তবে অংশীদারি কারবারের দলিলে কোনো বিধিনিষেধ থাকিলে অংশীদারগণ তাহা মানিয়া চলিতে বাধ্য। ১৯৩২ সালের অংশীদারি কারবার আইন-অনুসারে, অংশীদারি কারবারের জন্য নিবন্ধন বাধ্যতামূলক নহে, তবে নিবন্ধিত **ररे** ल ारा कराकि वारेनि विधकात ७ मुर्तिधास्त्रात मुखाग भारा। कात्ना অংশীদারি ব্যবসায়-প্রতিষ্ঠান যদি নিবন্ধিত না হয়, তাহা হইলে তাহার একজন অংশীদার অংশীদারিত্ব আইনের সুযোগ লইয়া নিজের কোনো অধিকার প্রতিষ্ঠা করিবার জন্য অন্য অংশীদারদের বিরুদ্ধে মামলা দায়ের কবিতে পাবিবেন না। একটি

অনিবন্ধিত অংশীদারি ব্যবসাপ্রতিষ্ঠানও কাহারো সহিত চুক্তি করিবার পর তাহা হইতে উদ্ভূত অধিকার প্রতিষ্ঠার জন্য কোনো মামলা দায়ের করিতে পারেন বা তাঁহার নিজের বিহ্নদ্ধে মামলা ইইলে তাহার জন্য ক্ষতিপূরণ দাবি করিতে আদালতের দ্বারস্থ হইতে পারেন।

part performance of contract আংশিক চুক্তিপালন সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৩ক ধারায় বলা হইয়াছে যে, যে-ক্ষেত্রে কোনো ব্যক্তি লিখিত ও তাঁহার স্বাক্ষরিত বা তাঁহার তরফ হইতে স্বাক্ষরিত দলিলদ্বারা মূল্যের বিনিময়ে কোনো স্থাবর সম্পত্তি হস্তান্তরের জন্য চুক্তি সম্পাদন করেন এবং উক্ত দলিল হইতে হস্তান্তরের জন্য প্রয়োজনীয় শর্তাবলি যুক্তিসংগত নিশ্চয়তার সহিত নির্ধারণ করা যায় এবং গ্রহীতা সম্পত্তির বা উহার অংশবিশেষের দখল গ্রহণ করিয়া অথবা পূর্ব হইতে তাহা দখলে থাকিলে দখল বজায় রাখিয়া চুক্তিটি আংশিকভাবে পালন করেন এবং চুক্তি-অনুসারে আর কোনো কাজ করেন এবং গ্রহীতা চুক্তিতে তাঁহার অংশ পালন করেন বা করিতে ইচ্ছুক থাকেন, সেক্ষেত্রে চক্তিটি রেজিন্টি করা প্রয়োজন হওয়া সত্ত্রেও রেজিন্টি করা না হইলে অথবা হস্তান্তরের দলিল থাকিলে হস্তান্তর তৎকালীন আইন-অনুসারে নির্ধারিত পদ্ধতিতে সম্পন্ন করা না হইলেও হস্তান্তরদাতা বা তাঁহার ওয়ারিশ চুক্তিপত্রে সুম্পষ্টভাবে উল্লিখিত অধিকার ছাড়া সংশ্লিষ্ট সম্পত্তির ব্যাপারে অন্য কোনো অধিকার এহীতা বা তাঁহার ওয়ারিশের উপর প্রয়োগ করিতে পারিবেন না। তবে শর্ত থাকে যে, এই চুক্তি বা তাহার আংশিক পালন সম্পর্কে অবহিত না থাকিয়া অপর কেহ সংশ্রিষ্ট সম্পত্তি মূল্য দিয়া ক্রয় করিলে এই ধারার কোনো বিধান তাঁহার অধিকার ক্ষুণ্ন করিবে ना ।

parts of human body অঙ্গপ্রত্যঙ্গ বি. মানবদেহের বৃক্ক, হৃৎপিণ্ড, যকৃৎ, অগ্ন্যাশয়, অস্থি, অন্থিমজ্জা, চক্ষু, চর্ম ও তন্তুসহ মানবদেহে সংযোজনযোগ্য যে-কোনো অঙ্গ বা প্রতাঙ্গ।

party wall সমভোগ্য দেওয়াল বাড়িতে এমন কোনো দেওয়াল বা বেড়া যাহা অপর একজন মালিক অথবা সংলগ্ন বাড়ির প্রজার সহিত একযোগে ব্যবহার করা হয় । ইংল্যান্ডে ১৯৯৬ সালের সমভোগ্য দেওয়াল আইনে সমভোগ্য দেওয়াল বা বেড়ার উপরে বা মালিকের কোনো কাজ করিবার উপর দায় চাপানো হইয়াছে। যদি কাহারো সমভোগ্য দেওয়াল বা বেড়া মেরামত করিবার অথবা সীমানা দেওয়ালের উপর কোনো কিছু নির্মাণের অভিপ্রায় থাকে, তবে তাহা করিবার জন্য তাঁহাকে সংলগ্ন মালিক বা প্রজাকে পূর্ববিজ্ঞপ্তি প্রদান করিতে হইবে। ওই সকল কার্যের ফলে কোনো ফতি হইলে তাহা পূরণ করিয়া দিতে হইবে।

parwana n. পরওয়ানা বি. সমন, নোটিশ, গুয়ারেন্ট ইত্যাদি। আদেশনামা।

passing off চালাইয়া দেওয়া এমনভাবে ব্যবসা পরিচালনা করা যাহাতে জনসাধারণকে একব্যক্তির পণ্য বা সেবা অন্যজনের বলিয়া ভুল বুঝানো হয়। য়বন কোনো পণ্য এমন নকশা, মোড়ক বা বাণিজ্যিক নামে বাজারজাত করা হয়, য়াহা অন্য কোনো ব্যক্তির পণ্যের নকশা, মোড়ক বা বাণিজ্যিক নামের প্রায়্ম অনুরূপ, তাহা ইইতেছে অতি সাধারণ ধরনের চালাইয়া দেওয়া।

passport n. পাসপোর্ট, ছাড়পত্র বি. কোনো দেশের নির্বাহী কর্তৃপক্ষ কর্তৃক প্রদন্ত দলিল যাহা ধারকের জাতীয়তার প্রাথমিক দৃষ্টিগ্রাহ্য প্রমাণ। এক দেশ ত্যাগ করিয়া অন্য দেশে প্রবেশের জন্য ইহা একান্ত আবর্শ্যকীয় দলিল। ১৯২০ সালের পাসপোর্ট আইনের ৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত ১৯৫৫ সালের পাসপোর্ট বিধিমালা-অনুসারে বাংলাদেশের বাহির হইতে কোনো ব্যক্তি পাসপোর্ট ব্যতীত সমুদ্র, আকাশ বা ভূমি দিয়া বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করিতে পারিবেন না। সংশ্লিষ্ট ব্যক্তি যে-দেশের নাগরিক সে-দেশের সরকারের পক্ষ হইতে পাসপোর্টের বৈধতার মেয়াদের মধ্যে তাহা প্রদান বা নবায়নকৃত হইতে হইবে এবং বিদেশি কোনো সরকারের পক্ষ হইতে তাহা প্রদত্ত হইলে বাংলাদেশের কৃটনৈতিক, বাণিজ্যিক বা পাসপোর্ট কর্তৃপক্ষ বা যেখানে ওইরূপ কোনো কর্তৃপক্ষ নাই সেখানে বাংলাদেশের পক্ষ হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষকর্তৃক তাহাতে ভিসা বা প্রবেশ-অনুমতি পৃষ্ঠাঙ্কিত হইতে হইবে। পাসপোর্ট যেসব দেশে প্রবেশের জন্য প্রদত্ত হইয়াছে এবং তাহার বৈধতার মেয়াদ পাসপোর্টে উল্লিখিত থাকে। কোনো দেশে এক বা একাধিকবার প্রবেশের জন্য এবং কত মেয়াদের জন্য ভিসা দেওয়া হইয়াছে তাহা ভিসায় উল্লিখিত থাকে। পাসপোর্ট বা ভিসা ব্যতীত কেহ কোনো দেশে প্রবেশ করিলে সেই দেশের কর্তৃপক্ষ ওই অনুপ্রবেশকারীকে গ্রেপ্তার ও বহিষ্কার করিতে পারে এবং তদ্ধপ অনুপ্রবেশ সংশিষ্ট দেশের আইনে অপরাধ হইলে অনুপ্রবেশকারীকে বিচারে সোপর্দ করিতে এবং অভিযোগ প্রমাণিত হইলে আদালত তাঁহাকে শান্তি প্রদান করিতে পারে। বৈধ পাসপোর্ট ও ভিসা লইয়া কোনো দেশে প্রবেশ করিবার পর কাহারো পাসপোর্টের মেয়াদ শেষ হইয়া গেলে তিনি স্বদেশীয় দূতাবাস হইতে হয় তাহা নবায়ন করাইতে অথবা নৃতন পাসপোর্ট গ্রহণ করিতে পারেন। অনুরূপভাবে ভিসার মেয়াদ শেষ হইয়া গেলে সংশ্লিষ্ট দেশের কর্তৃপক্ষ হইতে তাহার মেয়াদ বৃদ্ধি করা যাইতে পারে।

past consideration অতীত পণ consideration দ্ৰ.।

pasture চারণভূমি, পশুচারণ বি. অপরের অথবা সর্বসাধারণের ভূমিতে পশুচারণের অধিকার যাহা পরের ভূমি ভোগের অধিকার বা সাধারণ অধিকার হইতে উদ্ভূত। ইহা বিশেষ ধরনের পশু, নির্দিষ্টসংখ্যক পশু অথবা (সাধারণ অধিকারের বেলায়) ভূমিতে চারণক্ষম পশুতে সীমিত হইতে পারে।

patent n. নকশাস্বত্ব, পেটেন্ট বি. কোনো উদ্ভাবনকে ব্যবহার করিবার জন্য একচেটিয়া অধিকার মনজুরি। পেটেন্ট বা নকশাস্বত্ব নিবন্ধন-কর্তৃপক্ষ কর্তৃক মনজুর করা হয়। কেহ কোনো কিছু উদ্ভাবন করিলে তাহা নিবন্ধনের জন্য নিবন্ধন-কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হয়। উদ্ভাবনটি নৃতন এবং মৌলিক বলিয়া এবং তাহা কোনো শিল্পে প্রয়োগযোগ্য বলিয়া সন্তুষ্ট হইলেই তাহা আবেদনকারীর নামে নিবন্ধিত হয়। পেটেন্ট বা নকশাস্বত্ব নিবন্ধিত হইলে নির্দিষ্ট সময়ের মধ্যে অন্য কেহ তাহা নকল করিয়া ব্যবহার করিতে পারেন না। যদি কেহ তাহা করেন বা করিতে উদ্যোগী হন তাহা হইলে নকশাস্বত্বের নিবন্ধিত অধিকারী উক্ত ব্যক্তির বিরুদ্ধে আদালতযোগে ক্ষতিপূরণ এবং/অথবা নিষেধাজ্ঞা লাভের অধিকারী। নিবন্ধিত অধিকারী অন্য কোনো ব্যক্তির নিকট নকশাস্বত্ব হুস্তান্তর করিতে পারেন বা তাঁহাকে তাহা ব্যবহারের জন্য অনুমতি প্রদান করিতে পারেন।

patent agent নকশাস্বত্ব-দালাল যে-বিশেষজ্ঞ উদ্ভাবনের বিস্তারিত বিবরণসহকারে নকশাস্বত্ব-নিবন্ধনের দরখান্ত প্রস্তুত করেন। নকশাস্বত্ব-নিবন্ধনের জন্য উদ্ভাবনকারী দরখান্ত দাখিল করিতে সাধারণত তাঁহার সাহায্য গ্রহণ করিয়া থাকেন।

patent defect প্রতীয়মান ক্রটি defect দ্র.।

patentee n. নকশাস্বত্বাধিকারী বি. যে-ব্যক্তির বরাবরে নকশাস্বত্ব মনজুর করা ইইয়াছে।

paternity n. পিতৃত্ব বি. পিতৃত্ব হইল পিতা এবং সন্তানের মধ্যে বৈধ সম্পর্ক। পিতৃত্ব সম্পর্ক উত্তরাধিকারিত্ব, অভিভাবকত্ব এবং ভরণপোষণের দায়দায়িত্ব সৃষ্টি করে। মুসলিম আইনে কোনো শিশুর পিতৃত্ব কেবল উহার পিতামাতার মধ্যকার বৈবাহিক সম্পর্ক দ্বারাই প্রতিষ্ঠিত হইতে পারে। বিবাহ অনিয়মিত হইলে উহা অবৈধ হইবে না। ভূমিষ্ঠ সন্তানের পিতৃত্ব প্রতিষ্ঠিত হইলে উহার বৈধতাও প্রতিষ্ঠিত হয়। পিতার স্বীকৃতির মাধ্যমেও পিতৃত্ব প্রতিষ্ঠিত হইতে পারে। পিতৃত্ব প্রমাণিত না হইলে সন্তান অবৈধ হিসাবে গণ্য হন এবং এক্ষেত্রে উক্ত সন্তান পিতার সম্পত্তি দাবি করিতে পারেন না। হিন্দু আইনে পিতামাতার বিবাহজাত সন্তান বৈধ বলিয়া গণ্য হন। বৈধ সন্তানই আইনের দৃষ্টিতে সন্তানব্ধপে বিবেচিত হন এবং আইনগত অধিকার লাভ করিয়া থাকেন। পিতার মৃত্যুর ২৮০ দিনের মধ্যে জাত সন্তান বৈধ বলিয়া গণ্য হয়।

pathfinder prospectus প্রবর্তন প্রচারপত্র কোনো সীমাবদ্ধ বাণিজ্যসংস্থা বা যৌথ কারবার আরম্ভ করিবার পূর্বে বাজার বৃঝিয়া লইবার জন্য প্রচারিত তথ্যসংবলিত প্রচারপত্র। এই প্রাথমিক পর্যায়ের প্রচারপত্রে শেয়ারের সম্ভাব্য মূল্যের কোনো নির্দেশ থাকে না।

- patriarchy n. গোষ্ঠীপতির শাসন যে-সমাজসংগঠনে পিতা বা প্রধানতম পুরুষ সদস্য পরিবারের প্রধান বা কর্তা বলিয়া বিবেচিত হন এবং বংশানুক্রম-নির্ণয়ে পুরুষ-পরম্পরা গণ্য হয়।
- pattan n. পত্তন বি. ভূম্যধিকারী বা তালুকদার কর্তৃক অধীন স্বত্বে ভূমি বন্দোরত্ত দেওয়া। সম্পত্তি কোন সময়ে কিভাবে কোন ব্যক্তি পাইবেন, উহার নির্দেশ যে-ব্যবস্থায় থাকে, তাহাকে পত্তনি বা বন্দোবস্ত বলা হয়। পত্তনি উইল বা ইচ্ছাপত্র নহে।
- pattani n. পত্তনি বি. জমিদার কর্তৃক চিরস্থায়ীভাবে নির্দিষ্ট খাজনায় পত্তন দেওয়া তালুকস্বত্ব। পত্তনি তালুকের মালিককে পত্তনিদার বলা হইত।
- pauper n. নিঃশ্ব বি. মামলার আরজির জন্য নির্ধারিত রসুম বা কোর্ট ফি দেওয়ার যাঁহার সংস্থান নাই অথবা, আরজির জন্য কোর্ট ফি নির্ধারিত না থাকিলে, যে-ব্যক্তির পরিধেয় বক্তাদি এবং মামলার বিষয়বস্তু ব্যতীত একশত টাকা মূল্যের বেশি কোনো সম্পত্তি নাই।
- pauper's appeal নিঃস্ব ব্যক্তির আপিল দেওয়ানি কার্যবিধির ৪৪ আদেশের ১ নিয়ম-অনুসারে, যাঁহার আপিল করিবার অধিকার আছে, এইরূপ যে-কোনো ব্যক্তি যদি আপিলের স্মারকলিপির জন্য প্রয়োজনীয় কোর্ট ফি বা রসুম দিতে অপারগ হন, তাহা হইলে তিনি নিঃস্ব ব্যক্তি হিসেবে আপিল করিবার জন্য স্মারকলিপির সহিত একটি আবেদন দাখিল করিতে পারিবেন। এইরূপ ক্ষেত্রে উক্ত বাক্তি নিঃস্ব ব্যক্তির মামলাসংক্রান্ত উক্ত আইনের বিধানসমূহ যতদূর প্রযোজ্য তৎসাপেক্ষে নিঃস্ব ব্যক্তি হিসাবে আপিল করিবার অনমতি লাভ করিবেন। তবে আপিলের আবেদন এবং যে-রায় ও ডিক্রির বিরুদ্ধে আপিল দায়ের করা হইয়াছে, সেইগুলি দেখিয়া যদি আদানত মনে করেন যে, উক্ত ডিক্রি আইনবিরুদ্ধ নহে বা আইনসম প্রচলিত রীতিবিরুদ্ধ নহে বা অন্য কোনো কারণেও অসংগত নহে, তবে আদালত উক্ত আবেদন অগ্নাহ্য করিবেন। আবেদনকারীর নিঃস্বতা সম্পর্কে আপিল আদালত স্বয়ং তদন্ত করিতে পারিবেন এবং আপিল আদালতের আদেশক্রমে যে-আদালতের সিদ্ধান্তের বিহুদ্ধে আপিল দায়ের করা হইয়াছে সেই আদালতও তদন্ত করিতে পারিবেন। তবে আবেদনকারী যদি নিম্ন আদালতে নিঃম্ব ব্যক্তি হিসাবে মামলা করিবার অনুমতি পাইয়া থাকেন, তবে আপিল আদালত বিশেষ কারণে প্রয়োজনবোধে তদন্তের নির্দেশ না দিলে তাঁহার নিঃস্বতা সম্পর্কে তদন্ত করিবার প্রয়োজন হইবে না।
- pauper suit নিঃস্ব ব্যক্তির মামলা দেওয়ানি কার্যবিধির ৩৩ আদেশে নিঃস্ব ব্যক্তির মামলা সম্পর্কে নিয়ামাবলি বর্ণিত হইয়াছে। ১ নিয়ম-অনুসারে, কোনো নিঃস্ব ব্যক্তি উক্ত আদেশের অন্যান্য নিয়মসাপেক্ষে মামলা করিতে পারিবেন। ২ নিয়মে নিঃস্ব ব্যক্তিকে মামলা করিবার আবেদনপত্রে কী কী বিবরণ দিতে ইইবে সে-সম্পর্কে বলা

হইয়াছে। ৫ নিয়মের বিধানাবলিতে নিঃস্ব ব্যক্তির আবেদনপত্র কোন কোন ক্ষেত্রে আদানত অগ্রাহ্য করিতে পারেন, সে-সম্পর্কে বলা হইয়াছে। ৮ নিয়মে বলা হইয়াছে যে, আবেদনপত্র মনজুর হইলে উক্ত আবেদনপত্রে নম্বর দিয়া রেজিট্রি করা হইবে এবং উক্ত আবেদনপত্র মামলার আরজিরূপে গণ্য হইবে। মামলার কার্যক্রম হইবে সাধারণ মামলার অনুরূপ এবং বাদীকে গুধু সমনজারির ফি দিতে হইবে। দরখান্ত ফি কোর্ট ফি বা উকিল ফি দিতে বাদী বাধা নহেন। ১০ নিয়মে নিঃস্ব ব্যক্তি মামলায় জয়লাভ করিলে কী পদ্ধতিতে কোর্ট ফি আদায় হইবে এবং ১১ নিয়মে মামলার বাদী পরাজিত হইলে কী পদ্ধতিতে কোর্ট ফি আদায় হইবে সে-সম্পর্কে বর্ণিত হইয়াছে। দেওয়ানি কার্যবিধির ৪৪ আদেশে নিঃম্ব ব্যক্তির আপিল সম্পর্কে বলা হইয়াছে। উক্ত আদেশের ১ নিয়ম-অনুসারে, আপিল করিবার অধিকার আছে কিন্ত কোর্ট ফি দিতে অপারগ এইরূপ ব্যক্তি নিঃম্ব ব্যক্তি হিসাবে আদালতের অনুমতি লইয়া আপিল করিতে পারিবেন। যে-ব্যক্তি নিঃম্ব ব্যক্তি হিসাবে মামলা করিবার প্রার্থনা করিবেন, তাঁহাকে আবেদনপত্রে সম্পদের যথায়থ বর্ণনা দিতে হইবে – যথায়থ বর্ণনাপ্রদানে বার্থ হইলে আবেদন না-মনজুর হইবে। নিঃম্ব ব্যক্তি হিসাবে আবেদনকারীর বিদেশে সম্পদ থাকিলে তাহাও সম্পদ হিসাবে গণ্য হইবে। Mohamaya Dulta v. Radha Ballav 35 DLR 226 দ্র.। নিঃম্ব ব্যক্তি তাঁহার সাধ্যমতো মামলার তদবির করিলে বা বাদীর কোনো অবহেলা বা ত্রটির জন্য মামলা খারিজ না হইলে এবং নিঃস্ব ব্যক্তি মামলায় হারিয়া গেলে নিঃম্ব ব্যক্তি কর্তৃক অ্যাড ভেলোরাম কোর্ট ফি দেওয়ার প্রয়োজন নাই। East Pakistan v. Moniruddin 25 DLR 320 দ্র. ।

- pawn n. পণ, বন্ধক বি. ঋণের জামানত হিসাবে মালিক (বন্ধকদাতা) কর্তৃক তাঁহার কোনো মালামাল অপর ব্যক্তির (বন্ধকগ্রহীতা) নিকট হস্তান্তর । ইহার মধ্যে মালামাল গচ্ছিত রাখা এবং বন্ধকদাতা তাহার মালিক থাকা অন্তর্ভুক্ত। বন্ধকগ্রহীতা তাহার যুক্তিসংগত যতু নিতে ব্যর্থ হইলে ক্ষতির জন্য দায়ী হইবেন। সম্মত সময়ে বন্ধকদাতা ঋণপরিশোধে অপারগ হইলে বন্ধকগ্রহীতা সাধারণ আইনে বন্ধকি মালামাল বিক্রেয় করিবার অধিকারী। তাঁহার ঋণশোধের পর তিনি বন্ধকদাতাকে উদ্ধৃত অর্থের হিসাব দিতে বাধ্য। যদি বিক্রয়মূল্যের দ্বারা ঋণ পরিশোধিত না হয়, তাহা হইলে বন্ধকগ্রহীতা বন্ধকদাতার নিকট বাকি অর্থ দাবি করিতে পারেন।
- pay as you earn (PAYE) আয় করিয়া পরিশোধ আয়কর-আদায়ের এমন একটি পদ্ধতি যাহাতে কর্মচারীদের বেতন হইতে নিয়োগকারী সরাসরি কর কর্তন করিয়া রাখেন। তদ্রূপ কর্তিত অর্থ কর্মচারীদের নামধাম ও কর্তিত করের বিবরণসহ কর-কর্তৃপক্ষের নিকট নির্দিষ্ট সময়ে নিয়োগকারী জমা দেন।
- paying bank পরিশোধকারী ব্যাংক যে-ব্যাংকের উপর ড্রাফট ক্রয় করা হয় বা ব্যাংক ড্রাফটের মূল্য যে-ব্যাংক পরিশোধ করে।

payment by post ডাক্ষযোগে পরিশোধ ডাক্ষযোগে নোট, চেক অথবা অন্য কোনে হস্তান্তরযোগ্য দলিল প্রেরণপূর্বক ঝণপরিশোধ করা। পাওনাদার ব্যক্তভাবে বা নিহিতভাবে ডাক্ষযোগে পরিশোধের অনুরোধ না করিলে এবং দেনাদার যথাযথ ঠিকানায় পত্র প্রেরণ না করিলে যদি ডাক্ষযোগে প্রেরিভ পত্র হারাইয়া যায় তাহা ইইনে ঝণপরিশোধ ইইবে না।

payment in due course যথাসময়ে পরিশোধ হন্তি পরিশোধের মেয়াদ পূর্ণ হইনে বা তাহার পরে সরলবিশ্বাসে হন্তিধারকের স্বত্ব যে ক্রেটিপূর্ণ সে-সম্পর্কে অবগত না থাকিয়া হন্তিধারককে পরিশোধকারীর অর্থ পরিশোধ করা । হন্তিপ্রাপক বা স্বীকৃতিদাতা বা তাঁহার পক্ষ হইতে যথাসময়ে হন্তিতে লিখিত অর্থ পরিশোধ করা হইলে হন্তি বাতিল হইয়া যায় । ১৮৮১ সালে বিনিময়য়োগ্য দলিল আইনের ১০ ধরা-অনুসারে, যথাসময়ে পরিশোধ বলিতে বুঝায় সদ্বিশ্বাসে এবং অবহেলা না করিয়া দলিলে সুস্পষ্ট প্রতীয়মান ময়য়াদ-অনুযায়ী উক্ত দলিলের অধিকারপ্রাপ্ত ব্যক্তিকে যদি এরপ অবস্থায় অর্থ পরিশোধ করা হয়, যাহাতে ওই ব্যক্তি যে উক্ত দলিরের অর্ধ পাইবার অধিকারী নহেন, এরপ বিশ্বাস করিবার কোনো যুক্তিসংগত কারণ থাকে না ।

payment into court আদালতে পরিশোধ বিবাদী কর্তৃক বাদীর দাবির সম্পূর্ণ বা আংশিক সন্তোষের জন্য আদালতে অর্থ জমা দেওয়া। দেওয়ানি কার্যবিধির ২৪ আদেশের ১ নিয়ম-অনুসারে, ঋণ অথবা ক্ষতিপূরণ আদায়ের মামলার যে-কোনো পর্যায়ে বাদীর দাবি সন্তোষণের জন্য যে-পরিমাণ অর্থ প্রয়োজনীয় মনে করেন, তাহা বিবাদী আদালতে জমা দিতে পারেন। উক্ত আদেশের ২ নিয়ম-অনুসারে, বিবাদী আদালতযোগে বাদীকে উক্ত জমাদান সম্পর্কে বিজ্ঞাপিত করিবেন এবং জমা দেওয়া অর্থ বাদীর আবেদনক্রমে তাঁহাকে পরিশোধ করা হইবে (যদি না আদালত ভিন্ন কোনো নির্দেশ প্রদান করেন)। উক্ত আদেশের ৩ নিয়ম-অনুসারে, অনুরূপ বিজ্ঞন্তি পাইবার তারিখ হইতে জমা টাকার উপর বাদী কোনো সুদ পাইবেন না। উজ আদেশের ৪ নিয়ম-অনুসারে, যেখানে বাদী অনুরূপ অর্থ আংশিক দাবি পরিশোধ হিসাবে গ্রহণ করেন, সেখানে বাকি অর্থের জন্য বাদী মামলা চালাইতে পারেন এবং যদি আদালত এইরূপ সিদ্ধান্ত দেন যে, বিবাদীর জমা দেওয়া অর্থে বাদীর দাবি সম্পর্ণ পরিশোধ হইয়াছে তখন বাদীকে অর্থ জমা দিবার পরের মামলার খরচ দিতে হইবে: যেখানে বাদী অনুরূপ অর্থ সম্পূর্ণ দাবির সন্তুষ্টি হিসাবে গ্রহণ করেন সেখানে বাদীকে তৎমর্মে দরখান্তমূলে তাহা আদালতকে জানাইতে হইবে এবং আদালত অনুরূপভাবে মামলার রায় ঘোষণা করিবেন এবং কোন পক্ষ মামলার খরচ বহন করিবেন, তাহা নির্দেশ করিবেন। সম্পত্তি-হস্তান্তর আইনের ৮৩ ধারা-অনসারে রেহেন্মহীতা রেহেনের টাকা আদালতে জ্বমা দিতে পারেন।

payment of money out of court আদালতের অগোচরে টাকা পরিশোধ দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ২ নিয়মে ডিক্রির টাকা আদালতের অগোচরে পরিশোধ করা হইলে তৎসম্পর্কে নিয়মাবলি বর্ণিত হইয়াছে। pay statement বেতন-বিবরণী itemized pay statement দ্র.।

pecuniary jurisdiction আর্থিক এখতিয়ার দেওয়ানি কার্যবিধির ৬ ধারা-অনুসারে, অন্যর বর্ণিত সুম্পষ্ট বিধান ব্যতীত ওই আইনে যাহা কিছুই থাকুক না কেন, তাহা কোনো আদালতকে এমন কোনো মামলায় এখতিয়ায় প্রদান করিবে না, যে-মামলায় বিষয়বস্তুর মূল্য বা পরিমাণ আদালতের সাধারণ এখতিয়ায়ের আর্থিক সীমা লজ্ঞন করিবে। ১৮৮৭ সালের দেওয়ানি আদালত আইনের ১৯ ধারা-অনুসারে, সহকারী বিচায়কের আর্থিক এখতিয়ায় ২ লক্ষ টাকা দাবি পর্যন্ত, জ্যেষ্ঠ সহকারী বিচায়কের ৪ লক্ষ টাকা দাবি পর্যন্ত এবং উক্ত আইনের ১৮ ধারা-অনুসারে যুগ্ম জেলা বিচায়কের আর্থিক এখতিয়ায় ৪ লক্ষ টাকার উর্ধের্ম যে-কোনো দাবি পর্যন্ত। যে-আদালতে মামলা দাখিল হয়, সে-আদালতের আর্থিক এখতিয়ায়ের মধ্যে মামলায় দাবি সীমাবদ্ধ না হইলে আদালতে দেওয়ানি কার্যবিধির ৭ আদেশের ১০ নিয়ম-অনুসারে যথাযথ আদালতে দাখিলের জন্য আরজি ফেরত দিবেন।

pecuniary legacy ভার্থিক উত্তরদান legacy দ্র.।

penal interest দণ্ডসুদ বি. ঋণগ্রহীতা তাঁহার ঋণ বা ঋণের কিন্তি যথাসময়ে পরিশোধে ব্যর্থ হইলে বকেয়া ঋণের উপর যে-অতিরিক্ত সুদ আরোপ করা হয়।

penal notice দণ্ডনীয় বিজ্ঞপ্তি contempt of court দ্ৰ.।

penal statute দণ্ডের সংবিধি যে-সংবিধিবদ্ধ আইনে ফৌজদারি অপরাধ গণ্য হয় অথবা দেওয়ানি মামলায় বলবৎযোগ্য কোনো দণ্ডের (যেমন বাজেয়ান্তি) ব্যবস্থা হয়। ইহা কঠোর ব্যাখ্যার অধীন। interpretation of statute দ্র.।

penalty n. ১. দণ্ড বি. ক্ষমতাপ্রাপ্ত আদালত কর্তৃক যথাযথভাবে কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত আসামির উপর অর্পিত শাস্তি। শাস্তিপ্রদানের আদেশে দণ্ড ঘোষিত হয়। দুইটি মূলনীতি দণ্ড নিয়ন্ত্রণ করে : আইনব্যতীত কোনো অপরাধ নাই এবং আইনব্যতীত কোনো দণ্ড নাই। কোনো কার্য বা অকরণকে আইনে অপরাধ গণ্য না করিলে তাহার জন্য কোনো ব্যক্তিকে দণ্ডিত করা যায় না। দণ্ডবিধির ৫৩ ধারা-অনুসারে অপরাধীগণ দণ্ডবিধির অধীনে নিম্নলিখিত দণ্ডে দণ্ডনীয় হইবেন: মৃত্যুদণ্ড, যাবজ্জীবন কারাদণ্ড, সম্প্রম বা বিনাশ্রম কারাদণ্ড, সম্পত্তি বাজেয়াপ্তি এবং জরিমানা বা অর্থদণ্ড। অপরাধের জন্য কোনো শাস্তি কার্যকর করিবার পূর্বে শাস্তি অবশ্যই পরিষ্ণারভাবে বর্ণিত হইতে হইবে। যখন কোনো সংবিধিবদ্ধ আইনে অপরাধ গণ্য করা হয় এবং কীভাবে অপরাধটির বিচার হইবে তাহা উল্লেখ না করিয়া দণ্ড নির্দিষ্ট করা হয়, তখন তাহার নিহিতার্থ হইবে যে, ম্যাজিস্ট্রেট আদালতে বিচার হইবে। ২. জরিমানা রি. চুক্তিভঙ্গের জন্য পরিশোধ্য চুক্তিতে নির্দিষ্ট পরিমাণ অর্থ, কিন্তু যাহা সম্ভাব্য ক্ষতির প্রকৃত ক্ষতিপূরণ নহে।

penalty points শান্তির সংখ্যা totting up দ্ৰ. ৷

pendente lite মামলা চলাকালীন ইংল্যান্ডে যখন কোনো ইচ্ছাপত্র বা ভূসপরির ব্যবস্থাপনার অধিকারের বিষয় আদালতে বিচারাধীন থাকে, তখন আদালত প্রয়োজনীয় মনে করিলে মামলার কার্যধারা নিম্পত্তি না হওয়া পর্যন্ত ওই ভূসপত্তির দেখাশুনার জন্য একজন ব্যবস্থাপক নিযুক্ত করিতে পারিবেন। সম্পত্তি-হেন্তত্তর আইনের ৫২ ধারা-অনুসারে, স্থাবর সম্পত্তি লইয়া আদালতে কোনো মামলা বিচারাধীন থাকা অবস্থায়, তাহা যোগসাজসী না হইলে এবং উক্ত সম্পত্তির কোনো অধিকার সম্পর্কে প্রত্যক্ষ সূনির্দিষ্টভাবে কোনো প্রশ্ন ওই মামলায় উথাপিত হইলে, উক্ত মামলায় কোনো পক্ষই আদালতের অনুমতি ব্যতীত উক্ত সম্পত্তি হস্তান্তর বা অন্যকোনোভাবে লেনদেন করিতে পারিবেন না যাহার দ্বারা আদালতের সম্বার্য কোনো ডিক্রি বা আদেশের দ্বারা লব্ধ কোনো পক্ষের কোনো অধিকার ক্ষুণ্ন হয়। আদালতের অনুমতিক্রমে বা আদালতের আরোপিত শর্তানুসারে উহা হস্তান্তর করা যাইবে।

pending adj. বিচারাধীন বিণ. সাধারণত কোনো মোকদ্দমা যতক্ষণ পর্যন্ত চূড়ান্ত নিষ্পত্তি না হয় ততদিন পর্যন্ত উহা বিচারাধীন আছে বলিয়া গণ্য হইবে।

pending action বিচারাধীন মামলা ভূমি বা ইহাতে কোনো স্বার্থ সম্পর্কে আদানতে বিচারাধীন কার্যধারা বা মামলা। ইংল্যান্ডে এইরূপ কার্যধারা আরম্ভ হইলে যথাশীঘ্র সম্ভব দাবিদারকে বিচারাধীন মামলাটি ভূমিদায় হিসাবে নিবন্ধন করা উচিত। যদি তিনি তাহা করিতে ব্যর্থ হন, তাহা হইলে কোনো ক্রেতা উক্ত মামলা সম্পর্কে অবিহিত না থাকিয়া উক্ত ভূমি অর্জন করিলে তিনি উক্ত মামলার ফলাফলম্বারা বাধ্য হইবেন না। ইংল্যান্ডের উক্ত বিধানটি বাংলাদেশের সম্পত্তি-হস্তান্তর আইনের ৫২ ধারার পরিপন্থী। এতৎসহ registration of encumbrance দ্র.।

pension n. পেনশন, অবসরভাতা বি. সংবিধানের ১৫২ অনুচ্ছেদের (১) দফাঅনুসারে 'অবসরভাতা অর্থ', আংশিকভাবে প্রদেয় হউক বা না হউক, যে-কোনো
অবসরভাতা যাহা কোনো ব্যক্তিকে বা ব্যক্তির ক্ষেত্রে দেয়; এবং কোনো ভবিষা
তহবিলের চাঁদা বা ইহার সহিত সংযোজিত অতিরিক্ত অর্থ প্রত্যর্পণ-ব্যপদেশে দেয়
অবসরকালীন বেতন বা আনুতোষিক ইহার অন্তর্ভুক্ত হইবে। সরকারি কর্মচারী
ব্যতীত আধা-সরকারি কোনো প্রতিষ্ঠানের কর্মচারীগণও তাঁহাদের চাকুরি বিধিঅনুসারে অবসরভাতা পাইতে পারেন। কিন্তু বেসরকারি প্রতিষ্ঠানের কর্মচারীগণ
সাধারণত কোনো অবসরভাতা পান না। দেওয়ানি কার্যবিধির ৬০ ধারার (১)(জ)
উপধারা-অনুসারে, সরকারি পেনশনভোগীদের প্রাপ্য জলপানি ভাভা বা এককালীন
সাহায্য অথবা সরকার ক্রক্র্কৃক, সরকারি গেজেটে বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে প্রদেয়
চাকুরিয়া পরিবারের পেনশন তহবিল ইইতে প্রাপ্য সাহায্য এবং রাজনৈতিক পেনশন

ভিক্রিজারির জন্য ক্রোক বা বিক্রয় করা চলিবে না। সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপিল বিধি-অনুসারে, কোনো সরকারি কর্মচারী তাঁহার বিরুদ্ধে আনীত অভিযোগে দোষী সাব্যস্ত হইলে এবং চাকুরি হইতে বরখাস্ত হইলে অবসরভাতা পাইতে পারেন না। অবসরগ্রহণকালে কোনো কর্মচারীর বিরুদ্ধে কোনো বিভাগীয় প্রসিডিং বা চাকুরিসংক্রান্ত অপরাধে আদালতে কোনো মোকদ্দমা বিচারাধীন থাকিলে তাহা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি কোনো পেনশন পাইতে পারেন না।

pension earmarking অবসরভাত। নির্দিষ্টকরণ ইংল্যান্ডে স্বামী-স্ত্রীর বিবাহবিচ্ছেদ মনজুর ইইলে তাঁহাদের মধ্যে একজনের অবসরভাতা (প্রধান উপার্জনকারীর) প্রদেয় হইলে তাঁহার আংশিক ভাতা অপরজনকে আর্থিক সহায়তা হিসাবে দিবার বিধান। এইরূপ অর্থপ্রদানের ব্যবস্থা প্রধান উপার্জনকারীর মৃত্যুর সঙ্গে সঙ্গে বন্ধ হইয়া যায়। বাংলাদেশে তদ্রুপ বিধান নাই। তবে কোনো চাকুরিজীবী তাঁহার মৃত্যুর পর তাঁহার চাকুরিজনিত সুবিধাদি ভোগ করা সম্পর্কে কাহারো নাম মনোনীত করিয়া গেলে মনোনীত ব্যক্তি তাহা লাভ করেন। সরকারি কর্মচারীর মৃত্যু হইলে তাঁহার গ্রী ও পরিবারের সদস্যগণ নির্দিষ্ট সময় পর্যন্ত অবসরভাতা পাইয়া থাকেন।

peppercorn rent শুকনা গোলমরিচবীজে খাজনা মূল্যবান পণের বিনিময়ে কোনো প্রজাস্বত্ব বা ভাড়াটিয়া স্বত্ব মনজুর করা হইয়াছে, এইরূপ দেখাইবার উদ্দেশ্যে সামান্য খাজনা বা ভাড়া প্রদানের ব্যবস্থা।

per autre vie অপরের জীবনকাল পর্যন্ত সম্পত্তিতে কোনো স্বার্থ।

per capita মাথাপিছু, জনপ্রতি ক্রি. বিণ. প্রতি ব্যক্তির জন্য। মাথাপিছু বিতরণ বলিতে যাঁহারা কোনো ভূসম্পত্তি বা তহবিল পাইবার অধিকারী তাঁহাদের মধ্যে নির্দিষ্ট অংশানুপাতে তাহা সমভাবে বিতরণ করা বুঝায়। per stripes ভূ.।

per cause de vicinage অপরের জমি হইতে লভ্য সংগ্রহের অধিকার profit a prendre ও common দ্র.।

per curiam (per cur.) আদালতের দ্বারা কোনো একক বিচারকের বা একাধিক বিচারক থাকিলে তাঁহাদের সর্বসন্মত সিদ্ধান্ত। মার্কিন যুক্তরাষ্ট্রে বিশদ আলোচনা ব্যতিরেকে বিনা স্বাক্ষরে প্রচারিত আদালতের সর্বসন্মত সংক্ষিপ্ত সিদ্ধান্ত।

peremptory challenge অবশ্যপ্রাহ্য আপত্তি কোনো মামলা বিচারের জন্য জুরিনির্বাচনের প্রয়োজনে জুরি হইবার যোগ্য যে-সকল ব্যক্তিকে আদালতে ডাকা হয়,
তাহাদের গ্রহণযোগ্যতা সম্পর্কে পক্ষগণ কারণপ্রদর্শনপূর্বক অনির্দিষ্টসংখ্যক আপত্তি
উত্থাপন করিতে পারেন এবং ওই প্রক্রিয়াশেষে প্রত্যেক পক্ষ নির্বাচিত ব্যক্তিদের মধ্য

হইতে নির্দিষ্টসংখ্যক জুরির ক্ষেত্রে কারণ প্রদশনব্যাতরেকে আপত্তি উত্থাপন করিতে পারেন। ইহাকে ইংল্যান্ডে অবশ্যগ্রাহ্য আপত্তি বলা হইত। ১৯৮৮ সালের ফৌজদারি বিচার আইনদারা ইংল্যান্ডে অনুরূপ আপত্তি বাতিল করা হইয়াছে।

peremptory hearing চ্ড়ান্ত তনানি দেওয়ানি মামলা দাখিলের পর ওই মামলার জবাব দাখিল ইইলে বিচার্য বিষয়় গঠন ও পক্ষগণের যাবতীয়় পদক্ষেপ গ্রহণশেষে মামলাটিতে সাক্ষ্যগ্রহণ ও সওয়াল-জবাবের প্রক্রিয়াকে চ্ড়ান্ত তনানি বলা হয়। দেওয়ানি বিধিমালা ও আদেশসমূহের ১২৪ বিধি-অনুসারে আদালতের সভাপতিত্বকারী বিচারককে মামলার চ্ড়ান্ত তনানির তারিখ ধার্য করিবার বিষয়ে ব্যক্তিগতভাবে তদারক করিতে বলা হইয়াছে এবং তদ্রপ তনানির জন্য এমনসংখ্যক মামলা ধার্য করিতে বলা হইয়াছে থবং অদ্রপ তনানির জন্য এমনসংখ্যক মামলা ধার্য করিতে বলা হইয়াছে যেন মুলতুবির পরও তনানির জন্য মামলা অবশিষ্ট থাকে।

peremptory pleas অবশ্যগ্রাহ্য অজুহাত pleas in bar দ্র. ।

perfect and imperfect rights পরিণত ও অপরিণত অধিকার আইনমীকৃত অধিকার হইতেছে পরিণত অধিকার যাহা আদালতে মামলা দায়ের করিয়া বলবং করা যায়, কিন্তু অপরিণত অধিকার ওইভাবে বলবং করা যায় না।

Jerfect trust পরিণত ন্যাস executed trust দ্র.।

performance n. সম্পাদন বি. ২০০০ সালের কপিরাইট আইন-অনুসারে,
সম্পাদনকারীর অধিকারের ক্ষেত্রে এক বা একাধিক সম্পাদনকারী কর্তৃক দর্শনসাধ্য
বা শ্রবণযোগ্য জীবন্ত উপস্থাপন।

performance bond কার্যসম্পাদনের মুচলেকা bond দ্র.।

performance of contract চুক্তিপালন বি. চুক্তির দায়দায়িত্ব পালন করা। উজয় পক্ষ কর্তৃক চুক্তি পালিত হইলে তাহা পরিপূর্ণভাবে অবসায়িত হয়, কিন্তু একপক্ষ কর্তৃক তাহা পালিত হইলে সেই পক্ষই অব্যাহিতি লাভ করে। চুক্তিপালনের ক্ষেত্রে বিভাজা চুক্তি ও অবিভাজা (বা সম্পূর্ণ) চুক্তির পৃথক বিধিসমূহ। বিভাজা চুক্তিতে পক্ষদের দায়দায়িত্ব পরস্পরনির্ভরশীল নহে যাহাতে একপক্ষ দায়দায়িত্ব পালন না করিয়া অপরপক্ষকে দায়দায়িত্ব পালনের জন্য আহ্বান করিতে পারে। এইরূপে গৃহ-মেরামতের অঙ্গীকারপালনের বার্থতাহেতু একজন মালিক তাঁহার ভাড়াটিয়া কর্তৃক আদালতে অভিযুক্ত হইবার জন্য দায়ী হইলেও ভাড়াটিয়ার ভাড়াপ্রদানের অঙ্গীকার বলবৎ করিতে তাঁহার পক্ষে কোনো বাধা হয় না। চুক্তি প্রায়্ম অবিভাজ্য অর্থাৎ পক্ষদের দায়দায়িত্বগুলি পরস্পরনির্ভরশীল। কোনোপক্ষই নিজের দায়-দায়িত্ব পালন না করিলে বা পালনে প্রস্তুত ও ইচ্ছুক না হইলে অপরপক্ষের প্রতি দায়িত্ব পালনের দাবি

করিতে পারে না। কোনো পক্ষ মোটামুটিভাবে নিজের দায়িত্বপালন করিলে সেই পক্ষ চুক্তি-অনুসারে প্রাপ্য পাওনা হইতে ক্রটিপূর্ণ কাজবাবদ ধার্য ক্ষতিপূরণ বাদ দিয়া বাকি অর্থ আদায় করিতে পারেন। চুক্তিপালনের প্রস্তাব চুক্তিপালনের সামিল। সেইহেতু বিক্রেতা সঠিক পণ্য প্রদানের প্রস্তাব দিলে তিনি চুক্তি হইতে অব্যাহতি পান এবং চুক্তিভঙ্গের জন্য ক্ষতিপূরণলাভের অধিকারী হন, যদি ক্রেতা তাহা অগ্রাহ্য করেন। প্রতিনিধিত্বমূলক চুক্তিপালন (যেমন ঠিকাদারের উপ-ঠিকাদার কর্তৃক পালন করা) একটি উত্তম চুক্তিপালন যদি না চুক্তিতে ব্যক্তিগতভাবে তাহা পালনের কথা উরেথ থাকে। চুক্তি আইনের ৩৭ ধারা হইতে ৫৮ ধারায় চুক্তিপালন ও তাহার ব্যর্থতা সম্পর্কে বিধানাবলি বর্ণিত হইয়াছে। part performance ও specific performance দ্র.।

performer n. সম্পাদনকারী বি. ২০০০ সালের কপিরাইট আইন অনুসারে অভিনেতা, গায়ক, বাদ্যযন্ত্রী, লৃত্যকারী, দড়াবাজিকর, ভোজবাজিকর, জাদুকর, সাপুড়ে, লেকচারদাতা অথবা কিছু সম্পাদন করেন, এমন যে-কোনো ব্যক্তি, অন্তর্ভুক্ত হইবে।

performer's rights সম্পাদনকারীর অধিকার, কলাকারের অধিকার

মম্পাদনকারীর বা সংগীতজ্ঞ প্রভৃতি কলাকারের জীবস্ত উপস্থাপনা অন্য ব্যক্তি কর্তৃক

রকর্ডিং প্রতিরোধ করিবার অধিকার। কপিরাইট-নিবন্ধিত কোনো উপস্থাপনা

সম্পাদনকারীর বিনা অনুমতিতে সম্প্রচার করা বা অবৈধ রেকর্ডিং জানিয়া তাহা

আমদানি করা তদ্রুপ অধিকারভঙ্গের মধ্যে পড়ে। সম্পাদনকারী তদ্রুপ অধিকারের

মালিক ইইলেও অনেক সম্পাদনকারী তাঁহাদের কৃত কর্ম রেকর্ড করিবার একক

অধিকার চুক্তিমূলে অপর কোনো ব্যক্তি বা কোম্পানিকে প্রদান করিতে পারেন।

তদবস্থায় ওই ব্যক্তি বা কোম্পানি শব্দ-রেকর্ডিংয়ের কপিরাইট প্রাপ্ত হন এবং

চক্তিকালের জন্য সম্পাদনকারী তাহা হারান।

perils of the sea সমুদ্রের বিপদ নৌ-বিমাপত্রে অন্তর্ভুক্ত ঝুঁকিগুলির অন্যতম। ইহা বিমাকারীকে আকম্মিক দুর্ঘটনা বা সামুদ্রিক আপদদ্বারা সৃষ্ট ক্ষতি হইতে রক্ষা করে। উদাহরণস্বরূপ অস্বাভাবিক বায়ুপ্রবাহ বা তরঙ্গের কথা কিংবা নিমজ্জিত প্রস্তরে আঘাত করা ও অন্য জাহাজের সঙ্গে সংঘর্ষের কথা উল্লেখ করা যাইতে পারে।

per incuriam অনবধানতাবশত ক্রি. বিণ. সংবিধিবদ্ধ আইনের সংশ্লিষ্ট কোনো বিধান বা বাধ্যকর নজিরপ্রয়োগে ব্যর্থতাজনিত আদালতের সিদ্ধান্ত । উচ্চ আদালতের অনুপ সিদ্ধান্ত নিম্ন আদালতের উপর বাধ্যকর নহে।

periodic tenancy পর্যায়বৃত্ত প্রজাস্বত্ব, পর্যায়বৃত্ত ভাড়াস্বত্ব এমন একটি প্রজাস্বত্ব বা ভাড়াস্বত্ব যাহাতে নির্দিষ্ট মেয়াদে সাধারণত সাপ্তাহিক, মাসিক, ত্রৈমাসিক বা বার্ষিক হারে, ঝাজনা বা ভাড়া প্রদান করিতে হয়। এইরূপ প্রজাস্বত্ব বা ভাড়াস্বত্ব বিজ্ঞপ্তিদারা বাতিল না করা পর্যন্ত স্বয়ংক্রিয়ভাবে এক পর্যায় হইতে অন্য পর্যায় আবর্তিত হয়। পর্যায়বৃত্ত প্রজাস্বত্ব বা ভাড়াস্বত্ব মৌখিক বা লিখিভভাবে অথবা ব্যক্ত সমঝোতার দ্বারা সৃষ্টি করা যায়। বিকল্পে ভূমিদখলকারীর নিকট হইতে ভূমিমানিক খাজনাগ্রহণের মাধ্যমে তাহা পরোক্ষভাবে সৃষ্টি করিতে পারেন। উদাহরণম্বরূপ, যধন কোনো সম্পত্তি একজন পর্যায়বৃত্ত প্রজার প্রজাস্বত্বের সমাপ্তির পরও তাঁহার দখনে থাকে এবং মালিক খাজনাগ্রহণ অব্যাহত রাখেন, তখন এইরূপ হইতে পারে। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৬ ধারায় উল্লিখিত প্রজাস্বত্ব মাসিক বা বার্ষিক এবং তাহা যথাক্রমে পনের দিন বা ছয় মাসের বিজ্ঞপ্তিদ্বারা বাতিল করা যায় এবং ওই আইনের ১১৬ ধারা-অনুসারে প্রজাস্বত্বের মেয়াদশেষে প্রজার দখলে থাকিলে এবং মানিক তাঁহার নিকট হইতে খাজনাগ্রহণ করিলে প্রজাস্বত্বের মেয়াদ নবায়িত হয়।

period of limitation তামাদিকাল বি. কোনো মামলা আপিল বা দরখান্ত দাখিলের জন্য তামাদির যে-সময় আইনে নির্ধারিত করা হইয়াছে। তামাদি আইনের ৩ ধারা-অনুসারে, তামাদির মেয়াদ-অন্তে কোনো মামলা, আপিল বা দরখান্ত দায়ের ইইনে বিবাদীপক্ষ তামাদির প্রশ্ন উত্থাপন না করিলেও উক্ত মামলা, আপিল বা দরখান্ত খারিজ হইবে।

perished goods ধ্বংসপ্রাপ্ত পণ্য পণ্যবিক্রয় আইনের ৭ ধারা-অনুসারে, যেখানে সুনির্দিষ্ট পণ্য বিক্রয়ের চুক্তি হয়, যদি চুক্তি করিবার সময়ে বিক্রেতার অজ্ঞাতে ওই পণ্য ধংসপ্রাপ্ত হয়য়া থাকে বা এমনভাবে ক্ষতিগ্রস্ত হয় য়ে, তাহা চুক্তির বর্ণনার সমে মিলে না, তবে সেই চুক্তি বাতিল বলিয়া গণ্য হয়। ওই আইনের ৮ ধারা-অনুসারে, য়েখানে নির্দিষ্ট পণ্যবিক্রয়ের সমঝোতা হয় এবং পরবর্তীকালে ক্রেতা বা বিক্রেতার ক্রিটি ব্যতিরেকে ক্রেতার দায়িত্বে চলিয়া য়াইবার পূর্বে পণ্য এমনভাবে নই হয় বা এমনভাবে ক্ষতিগ্রস্ত হয় য়ে, তাহা সমঝোতার বর্ণনার সঙ্গে মিলে না, তাহা হইলে উক্ত সমঝোতা তথারা বর্জিত হয়।

perjury n. মিথ্যা সাক্ষ্য মিথ্যা সাক্ষ্যপ্রদান বা যে-সাক্ষ্য সতা নহে তাহা জানিয়াও সেইরূপ সাক্ষ্যপ্রদানের (যদিও তাহা প্রকৃতপক্ষে সত্য হয়) অপরাধ। দওবিধির ১৯১ ধারা-অনুসারে, যে-ব্যক্তি সত্যকথনের জন্য হলফ বা আইনের প্রকাশ্য বিধানবলে আইনত বাধ্য হইয়া বা কোনো ঘোষণা করিবার জন্য আইনবলে বাধ্য হইয়া এমন কোনো বিবৃতি দান করেন, যাহা মিথ্যা এবং যাহা তিনি মিথ্যা বলিয়া জানেন বা বিশ্বাস করেন বা সত্য বলিয়া বিশ্বাস করেন না, সেই ব্যক্তি মিথ্যা সাক্ষ্য দেন বলিয়া গণ্য হইবে।

permissive waste অনুমোদিত ক্ষয়ক্ষতি ভাড়া-নেওয়া গৃহ ভাড়াটিয়া মেরামত করিতে ব্যর্থ হইলে এবং তাহা ক্ষয় হইতে দিলে যে-প্রকার ক্ষতি হয়। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৮ (ড) ধারা-অনুসারে ভাড়া-নেওয়া সম্পত্তির ব্যবহারজনিত যুক্তিসংগত ক্ষয়-ক্ষতির জন্য ভাড়াটিয়া দায়ী হইবেন না। perpetual injunction চিরস্থায়ী নিষেধাজ্ঞা injunction দ্র. ।

perpetual or permanent injunction চিরস্থায়ী বা স্থায়ী নিষেধাজ্ঞা সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৫৪ ধারায় বলা হইয়াছে যে, আবেদনকারীর পক্ষে, প্রকাশ্য বা অনুমিত হউক, বিদ্যমান কোনো বাধ্যবাধকতা ভঙ্গ করা নিবৃত্ত করিবার জন্য চিরস্থায়ী নিষেধাজ্ঞা মনজুর করা যাইতে পারে। যখন চুক্তির ফলে এইপ্রকার বাধ্যবাধকতার উদ্ভব হয়, তখন আদালত উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের বিধানাবলি দ্বারা পরিচালিত হইবেন। যখন বাদীর সম্পত্তির অধিকারে অথবা ভোগে প্রতিবাদী অনধিকার হস্তক্ষেপ করেন অথবা করিবার হুমকি দেন, তখন আদালত নিম্নোক্ত ক্ষেত্রসমূহে চিরস্থায়ী নিষেধাজ্ঞা মনজুর করিতে পারেন : (ক) যেখানে বিবাদী বাদীর জমির অছি; (খ) যেখানে অধিকারলজ্ঞানের ফলে বাস্তব ক্ষতি অথবা সম্ভাব্য ক্ষতি নিরূপণের কোনো মানদণ্ড নাই: (গ) যেখানে অধিকারলজ্যন এমন ধরনের যে, আর্থিক ক্ষতিপূরণদ্বারা তাহার পর্যাপ্ত প্রতিকার হয় না: (ঘ) যেখানে এমন সম্ভাবনা থাকে যে, অধিকারলজ্ঞানের জন্য আর্থিক ক্ষতিপূরণ পাওয়া যাইবে না; (৬) যেখানে বিচার-কার্যক্রমের সংখ্যাধিক্য নিরোধের জন্য নিযেধাজ্ঞার প্রয়োজন। চিরস্থায়ী নিষেধাজ্ঞা তথ্ তনানির পর মামলার গুণাগুণ বিচার করিয়া প্রদত্ত ডিক্রির দ্বারা মনজুর করা হয়। এইরূপ নিষেধাজ্ঞার মাধ্যমে বিবাদীকে চিরস্থায়ীভাবে এমন একটি অধিকারপ্রয়োগ বা কাজ করা হইতে বিরত থাকিবার নির্দেশ দেওয়া হয় যাহা বাদীর অধিকারের বিপরীত । নিষেধাজ্ঞার আদেশ আদালতের স্বেচ্ছাধীন ক্ষমতার উপর নির্ভরশীল, তবে আদালতের এই ইচ্ছা অবশ্যই সবিবেচনাপ্রসূত হইতে হইবে। কোন কোন ক্ষেত্রে নিষেধাজ্ঞা মনজুর করা যায় না তাহা সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৫৬ ধারায় বলা হইয়াছে।

perpetual trusts চিরন্তন ন্যাস rule against perpetual trust দ্র. 🕩

perpetuating testimony সাক্ষ্য স্থায়ী করা ভবিষ্যতে কোনো মামলায় ব্যবহারের পূর্বে খোয়া যাইবার আশঙ্কা আছে (যেমন, সাক্ষীর মৃত্যুতে), এমন সাক্ষ্য দেওয়ানি মামলায় লিপিবদ্ধ করিবার একটি পদ্ধতি। ইহা কুচিৎ আদাল্ত মনজুর করেন। দেওয়ানি কার্যবিধির ২৬ আদেশের ১ নিয়ম-অনুসারে, আদালত বিচারকার্য শুরুর পূর্বে অসুস্থ বা অসমর্থ সাক্ষীর জবানবন্দি গ্রহণের জন্য কমিশন প্রদান করিতে পারেন।

perpetuity n. চিরন্তন বি. rule against perpetuity দ্র.।

per quod consortium amisit কোনো পুরষের কোনো খ্রীলোকের সাহচর্য হারাইবার হেড় consortium দ্র.।

per quod servitium amisit কাহারো চাকুরি হারাইবার হেতৃ ।০১৯ . services দ্র.।

persistent offender নাছোড় অপরাধী ইংল্যান্ডে পূর্বে যে-ব্যক্তিকে তাঁহার পূর্বে অপরাধকর্মের খতিয়ান-অনুসারে, বর্ধিত শান্তি প্রদান করা যাইত। ফৌজদারি কার্যবিধির ১১০ ধারা-অনুসারে ম্যাজিস্ট্রেট একজন নাছোড় অপরাধীকে সদাচরণের মুচলেকা প্রদানের আদেশ দিতে পারেন। repeat offender তু.।

Derson n. ব্যক্তি বি. দগুবিধির ১১ ধারায় বলা হইয়াছে যে, ব্যক্তি বনিতে সমিতিভুক্ত হউক বা না হউক, যে-কোনো কোম্পানি বা সমিতি বা ব্যক্তি-সংস্থা অন্তর্ভুক্ত হউকে বা না হউক, বে-কোনো কোম্পানি বা সমিতি বা ব্যক্তি-সংস্থা অন্তর্ভুক্ত হইবে। জেনারেল ক্লজেজ অ্যাক্টের ৩(৩৯) ধারা-অনুসারে, ব্যক্তি বনিতে, নিগমবদ্ধ করা হউক বা না হউক, কোনো কোম্পানি বা সমিতি বা ব্যক্তিসমিটিকে বুঝাইবে। ব্যক্তি যেমন একটি মানুষ হইতে পারেন, তেমনি নিম্ননিথিত উদাহরণগুলিও ব্যক্তি হইতে পারে: (১) সমিতিভুক্ত কোম্পানি; (২) ডিপজিটার আইন-অনুসারে সংবিধিবদ্ধ বা অন্যবিধ সংস্থা, কোম্পানি, সমিতি এবং অংশীদারি কারবার (মূল্য-সংযোজন কর আইন-অনুসারে, ব্যক্তি বলিতে কোনো ব্যবসায় প্রতিষ্ঠান, সংঘ ও সমিতি ব্যক্তির অন্তর্ভুক্ত হইবে), সমিতিভুক্ত নয় এমন কোম্পানি; (৩) সমিতি; (৪) প্রতিষ্ঠান; (৫) গর্ভস্থ শিত। উদাহরণস্বরূপ, ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যক্তি University of Dacca v. Zakir Ahmed (SC) 16 DLR 722 দ্র.। কিয়ু প্রাইভেট ক্লুলের পরিচালনা কমিটি ব্যক্তি নহে Syeda Sayeeda Banu v. Province of East Pakistan 17 DLR 665 দ্র.।

rsonal Act প্রাতিজনিক আইন বা সংবিধি Act of Parliament দ্র.।

personal attendence ব্যক্তিগত উপস্থিতি দেওয়ানি বা ফৌজদারি যে-কোনো মামলায় বিবাদী, প্রতিবাদী বা আসামি ব্যক্তিগতভাবে হাজির হইবেন, ইহাই সাধারণ নিয়ম। ফৌজদারি কার্যবিধির ২০৫ ধারা-অনুসারে কিছু ব্যতিক্রম আছে : (১) যখন কোনো ম্যাজিস্ট্রেট সমন প্রদান করেন, তখন যুক্তিসংগত কারণ থাকিলে তিনি আসামিকে ব্যক্তিগত হাজির। হইতে রেহাই দিয়া তাঁহাকে উকিলের মারফত হাজির হইবার অনুমতি দিতে পারেন। (২) কিছু তদন্তকালে বা মামলা অনানিকালে ম্যাজিস্ট্রেট তাঁহার সুবিবেচনায় মামলার যে-কোনো পর্যায়ে আসামিকে ব্যক্তিগতভাবে হাজির হইবার নির্দেশ দিতে পারিবেন এবং প্রয়োজনবোধে তাঁহাকে হাজির হইতে বাধ্য করিতে পারিবেন। ফৌজদারি কার্যবিধির ১১৬ ধারা-অনুসারে, শান্তিরক্ষার জনা কেন জামানত সম্পাদনের আদেশ দেওয়া হইবে না, এই মর্মে যাঁহাকে কারণ দর্শানো হয়, ম্যাজিস্ট্রেট ইচ্ছা করিলে তাঁহাকে ব্যক্তিগতভাবে হাজির না হইয় আইনজীবীর মাধ্যমে হাজির হইবার অনুমতি দিতে পারেন। দেওয়ানি কার্যবিধির ১৩২ ধারা-অনুসারে, দেশের প্রচলিত রীতি-অনুযায়ী যে-সকল মহিলাকে সর্বসমক্ষে উপস্থিত হইতে বাধ্য করা উচিত নয়, সেইসকল মহিলা ব্যক্তিগতভাবে আদালতে হাজির

হইতে অব্যাহতি পাইবেন। দেওয়ানি কার্যবিধির ১৩৩ ধারা-অনুসারে, সরকারি গেজেটে বিজ্ঞপ্তি মারফত সরকার যে-সকল ব্যক্তিকে ব্যক্তিগতভাবে আদালতে হাজিরা হইতে অব্যহতি দিয়াছেন তাঁহারা ব্যক্তিগতভাবে আদালতে হাজির হওয়া হইতে মুক্ত।

personal chattel ব্যক্তিগত সম্পদ chattel দ্ৰ.।

personal contract ব্যক্তিগত চুক্তি derecognition দ্ৰ.।

personal-credit agreement ব্যক্তিগত ঋণ-সমঝোতা দুই ব্যক্তির মধ্যে এমন একটি চুক্তি যাহার দ্বারা মহাজন খাতককে যে-কোনো পরিমাণ ঋণ প্রদান করেন (ব্যক্তিগত ঋণচুক্তি ইংল্যান্ডের ১৯৭৪ সালের ভোক্তাঋণ আইনের একটি ধারণা)। কোম্পানিকে দেওয়া ঋণ ইহার অন্তর্ভুক্ত। এতৎসহ consumer creditagreement দ্র.।

personal interest ব্যক্তিগত স্বার্থ কোনো বিচারক তাঁহার ব্যক্তিগত স্বার্থসংশ্লিষ্ট কোনো ব্যাপারে বিচার করিতে পারেন না ।

personal property ব্যক্তিগত সম্পত্তি ভূমি বা বিদেহী উত্তরাধিকার ব্যতীত সর্বপ্রকার সম্পত্তি।

personal protection order শারীরিক নিরাপন্তার আদেশ ইংল্যান্ডের ১৯৭৮
সালের পারিবারিক আইনের অধীনে পূর্বে কোনো স্বামী বা দ্রী বা তাঁহাদের
শিশুসন্তানকে শারীরিক আঘাত করা হইতে রক্ষা করিবার জন্য প্রদন্ত আদেশ।
বর্তমানে ইংল্যান্ডে ১৯৯৬ সালের পারিবারিক আইনের অধীনে উৎপীড়ন হইতে
বিরত থাকিবার আদেশদারা তদ্রুপ নিরাপন্তা দেওয়া হয়।

personal representative ব্যক্তিগত প্রতিনিধি মৃত ব্যক্তির ইচ্ছাপত্র-অনুসারে, অথবা ইচ্ছাপত্রবিহীন অবস্থায় মৃত ব্যক্তির উত্তরাধিকার সংক্রান্ত বিধি-অনুসারে, যেব্যক্তি মৃত ব্যক্তির ভূসম্পত্তি বিলি-ব্যবস্থা করিবার অধিকারী। ব্যক্তিগত প্রতিনিধি
সর্বপ্রকার বর্ণনার নির্বাহী বা প্রশাসককে অন্তর্ভুক্ত করে।

personal service ব্যক্তিগত জারি যে-ব্যক্তির উপর জারি করিতে হইবে সেই ব্যক্তিকে আদালতের কোনো মামলার পরওয়ানা প্রদানপূর্বক তাহা জারি করা। দেওয়ানি কার্যবিধির ৫ আদেশের ১২ নিয়ম-অনুসারে, যেখানে সম্ভবপর ব্যক্তিগতভাবে বিবাদীর উপর সমন জারি করিতে হইবে। তবে তাঁহার পক্ষে সমন গ্রহণ করিবার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি থাকিলে প্রতিনিধির উপর জারি যথেষ্ট হইবে।

personalty n. ব্যক্তিগত সম্পত্তি personal property দ্ৰ.।

personal union সন্ধিলিত রাষ্ট্রপ্রধান যে-ব্যবস্থায় দুই বা ততোধিক রাষ্ট্র একই রাষ্ট্রপ্রধানের অধীনে থাকিতে সন্মত হয়। আন্তর্জাতিক আইনে তদ্ধুপ সন্ধিনিত রাষ্ট্রপ্রধান ব্যবস্থায় রাষ্ট্রগুলি তাহাদের স্বতন্ত্র সন্তা হারায় না এবং তাহা কোনো একক আন্তর্জাতিক ব্যক্তিত্ব সৃষ্টি করে না। উদাহরণস্বরূপ, ১৬০৩ সালে স্কটল্যান্ডের রাজা ষষ্ঠ জেমস ইংল্যান্ডের রাজা (প্রথম জেমসরূপে) হন এবং তিনি স্কটল্যান্ডের রাজা (স্বর্ষ্ঠ জেমসরূপে) হিসাবেও বহাল থাকেন।

persona non-grata অর্থহণযোগ্য ব্যক্তি যে-রাষ্ট্রে কোনো কৃটনৈতিক প্রতিনিধি পাঠাইতে হয়, সে-রাষ্ট্রের নিকট অগ্রহণযোগ্য কৃটনৈতিক প্রতিনিধি। প্রেরক রাষ্ট্রকর্তৃক তদ্রাপ প্রতিনিধিকে নিজ দেশে ফেরত লওয়া উচিত। যদি তাহা করা না হয়, তখন আমন্ত্রণকারী রাষ্ট্র তাঁহাকে অগ্রাহ্য করিতে অথবা বহিষ্কার করিতে পারে।

personation n. ছম্মপরিচয় বি. যাহা নয়, তাহার রূপধারণ ৷ দণ্ডবিধির ১৪০ ধারা-অনুসারে, সৈনিক, নাবিক, বৈমানিক যে-পোশাক পরিধান করেন বা যে-প্রতীক ব্যবহার করেন, যাহা শক্তি ও ক্ষমতার পরিচয় বহন করে, সৈনিক, বৈমানিক বা নাবিক না হইয়া তাহা কোনো ব্যক্তি ব্যবহার করিলে তাঁহার অনুর্ধ্ব তিনমাসকাল কারাদণ্ড অথবা পাঁচশত টাকা জরিমানা বা উভয়বিধ শান্তি হইতে পারে। দণ্ডবিধির ১৭০ ধারা-অনুসারে, যে-ব্যক্তি কোনো বিশেষ পদ ধারণ করেন না বলিয়া জানিয়া একজন সরকারি কর্মচারী হিসাবে উক্ত পদ ধারণ করেন বলিয়া ভান করেন বা অসত্যভাবে অনুরূপ পদের ধারক অন্য কোনো ব্যক্তির বেশ ধারণ করেন এবং অনুরূপ কপট বেশে অনুরূপ পদমর্যাদায় কোনো কার্যসম্পাদন করেন বা করার উদ্যোগ গ্রহণ করেন, সেই ব্যক্তি দুই বৎসর পর্যন্ত কারাদণ্ডে বা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইতে পারেন। দণ্ডবিধির ১৭১খ ধারায় নির্বাচনসমূহে ছন্মবেশ ধারণ সম্পর্কে বলা হইয়াছে। সাধারণত নির্বাচনে যিনি যে-ব্যক্তি নহেন সেই ব্যক্তির রূপ ধরিয়া ভোটপত্রের জন্য আবেদন করা বা ভোটদানে সাহায্য করা ছম্মবেশধারণের অপরাধ বলিয়া গণ্য হয়। ১৭১৮ ধারা-অনুসারে, যে-ব্যক্তি এই ছদ্ববেশ ধারণ করিবেন, তাঁহার এক বৎসর কারাদও বা অর্থদও বা উভয়বিধ দও ইইতে পারে। দওবিধির ৪১৯ ধারায় বলা হইয়াছে যে, যে-ব্যক্তি অপরের রূপ ধারণ করিয়া প্রতারণা করেন, সেই ব্যক্তি তিন বৎসর পর্যন্ত কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দওনীয় হইতে পারেন। এতৎসহ false personation ও impersonation দ্র.।

per stripes বংশধরপ্রতি ক্রি. বিণ. বংশধরের পর্যায়ক্রমে। যখন কোনো ভূসম্পরি বা তহবিল বংশধরপ্রতি বিতরিত হয়, তখন প্রাথমিক শ্রেণীর হিত্য্যাহীগণ যে-অংশ পাইতেন তাঁহাদের পরবর্তী বংশধরগণের মধ্যে তাঁহাদের সেই অংশ বিতরণ করা হয়। উদাহরণম্বরূপ, কোনো ইচ্ছাপত্রে 'ক' ও 'খ'-কে সমান অংশে এই শর্তে সম্পরি দান করা হয় যে, ইচ্ছাপত্রকারীর পূর্বে তাঁহাদের মধ্যে কেহ মারা গেলে সেই ব্যক্তির সন্তানগণ তাঁহার অংশ পাইবেন। যদি ইচ্ছাপত্রকারীর পূর্বে 'ক' দুই পূত্র এবং 'ব' তিন পূত্র রাখিয়া মারা যান, সেক্ষেত্রে ইচ্ছাপত্রকারীর মৃত্যুর পর 'ক'-য়ের প্রত্যেক পুত্র এক-চতুর্থাংশ করিয়া ও 'ব'-য়ের তিন পুত্র এক-ষঠাংশ করিয়া ওই সম্পত্তি পাইবেন। ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশের ৪ ধারা-অনুসারে, কোনো ব্যক্তির মৃত্যুর পূর্বে তাঁহার কোনো পূত্র বা কন্যা মারা গেলে ওই ব্যক্তির মৃত্যুর পরে জীবিত থাকিলে তিনি যে-অংশ পাইতেন, পূত্র বা কন্যার সন্তানগণ তাঁহার সেই অংশের সমান অংশ পার ট্রাইপস বা বংশধরপ্রতি পাইবেন।

persuading to murder খুন করিতে প্ররোচনাদান কোনো ব্যক্তিকে খুন করিবার জন্য অপর কোনো ব্যক্তিকে প্ররোচিত বা উৎসাহিত করা ইংল্যান্ডে একটি সংবিধিগত অপরাধ যাহা সর্বোচ্চ যাবজ্জীবন কারাদওদ্বারা শান্তিযোগ্য। ইংল্যান্ডে অস্থায়ীভাবে থাকা কোনো বিদেশিকর্তৃক বিদেশে খুন করিতে কোনো ব্যক্তিকে প্ররোচনাদান (জ্রূপ ব্যক্তি সাধারণত উসকানিদানের জন্য দোষী হইবেন না) করিলে তিনি ওই অপরাধ সংঘটনকারী হন এবং এইরূপে আন্তর্জাতিক সন্ত্রাসী-সংগঠনসংক্রান্ত কার্যকলাপের ক্ষেত্রে প্রযোজ্য শান্তি তাঁহার প্রতি প্রযোজ্য হয়। বাংলাদেশে দওবিধির ১১৫ ধারা-অনুসারে, যে-অপরাধ মৃত্যুদও বা যাবজ্জীবন কারাদওদ্বারা শান্তিযোগ্য সে-অপরাধকর্মটি অপরাধ-সহায়ের ফলে সংঘটিত না হইলে অপরাধসহায়ক সাতবৎসর পর্যন্ত কারাদওে ও অর্থলতে দঙ্ভিত হইবেন। অপরাধ-সহায়ের ফলে কোনো কার্য সংঘটিত হইলে এবং সে-কার্যের ফলে কোনো ব্যক্তি শারীরিক আঘাতপ্রাপ্ত হইলে অপরাধসহায়ক চৌদ্দ বৎসর পর্যন্ত কারাদওে ও অর্থলতে দঙ্ভিত হইবেন।

persuasive authority প্রভাবসৃষ্টিকারী কর্তৃত্ব কোনো আদালতের সিদ্ধান্ত বা আইন সম্পর্কে মতামত যাহা নজির মতবাদ-অনুযায়ী কোনো মামলা বিচার করিবার সময়ে আদালত প্রয়োজনমতো প্রয়োগ করিতে বা নাও করিতে পারেন। প্রভাবসৃষ্টিকারী কর্তৃত্বের (নজিরের) অন্তর্ভুক্ত হইতেছে সম বা নিম্ন মর্যাদার আদালতের সিদ্ধান্ত, প্রাসন্থিক মতামত এবং প্রখ্যাত গ্রন্থকারদের মতামত। precedent দ্র.।

perverse verdict ন্যায়ভ্রষ্ট সিদ্ধান্ত জুরিসমষ্টির এমন সিদ্ধান্ত যাহা সম্পূর্ণভাবে প্রদন্ত সাক্ষ্যপ্রমাণ-পরিপন্থী বা আইনসম্পর্কে বিচারকের নির্দেশের পরিপন্থী।

perverting the course of justice বিচারের গতি রুদ্ধ করা যে-কাজ বিচারব্যবস্থাকে রুদ্ধ বা প্রতিহত করে বা করিবার জন্য অভিপ্রেত। ইংল্যান্ডের আইনে ইহার সাধারণ উদাহরণ হইতেছে, আদালতকে (দেওয়ানি বা ফৌজদারি মামলায়) অথবা সালিসি ট্রাইব্যুনালকে বিপথগামী করিবার জন্য মিথ্যা সাক্ষ্য উদ্ভাবন, পুলিশের নিকট মিথ্যা সাক্ষ্যদান, সাক্ষ্যপ্রমাণ চুরি বা নষ্ট করা, সাক্ষীদের ভীতিপ্রদর্শন petition 935

এবং জুরিদের প্রভাবান্থিত করিবার চেন্টা। ইংল্যান্ডের সাধারণ আইনে বিচারের গতিপথ অবরুদ্ধ করিবার অপরাধ আদালত-অবমাননার কতিপয় অপরাধ এবং সাক্ষীদের প্রভাবান্থিত করিবার মতো স্বতন্ত্র অপরাধের সমতুল্য। আদালতে দেওয়ানি মামলা লইয়া অগ্রসর না হইবার জন্য কোনো ব্যক্তিকে অর্থপ্রদানের প্রস্তার ফেমল অপরাধ নয় তেমনি যদি তিনি ফৌজদারি মামলা না করিতে সম্মত হন এমন অপরাধের শিকারকে যুক্তিসংগত ক্ষতিপূরণ প্রদানের প্রস্তাব করাও কোনো অপরাধ নয়। কিন্তু যখন অনুরূপ ব্যক্তি সম্ভাব্য মামলার জন্য পুলিশের নিকট বক্তব্য পেশ করিয়া ফেলেন, তথন তাঁহাকে বক্তব্য প্রত্যাহার বা বদল করিতে প্ররোচনাদান অপরাধ হইবে।

petition n. ১. দরখান্ত বি. আইনগত প্রতিকারের জন্য দরখান্ত বা আবেদন। যেমন, তালাকের জন্য দরখান্ত, দেউলিয়া ঘোষণার জন্য দরখান্ত, নির্বাচন বাতিলের জন্য দরখান্ত, কোনো কোম্পানির ব্যবসা অবসায়নের জন্য দরখান্ত। ২. আবেদনপত্র, স্মারকপত্র বি. সংসদীয় পরিভাষায় পিটিশন হইল নাগরিকদের বা ভেটারদের পক্ষ ইইতে কোনো বিষয়ে পার্লামেন্টকে অবহিত করিবার অধিকার। যে-কোনো ব্যক্তি বা গোন্তী বা প্রতিষ্ঠান পার্লামেন্টে আবেদনপত্র দাখিল করিতে পারে। মার্কিন কংগ্রেম্থে অনুরূপ আবেদনপত্রকে মেমোরিয়াল বা স্মারকপত্র বলা হয়। জনগুরুত্বপূর্ণ কোনো বিষয়ে বা এমন কোনো পরিস্থিতি যাহা বিদ্যুমান আইন ও বিধি-অনুযায়ী মোকাবেলা করা যায় না, সে-সম্পর্কে সংসদে আবেদন করা যায়। জনগণের অভাব-অভিযোগ জানাইবার জন্য পিটিশন করিবার অধিকার ব্রিটিশ রাজনীতিতে প্রথম স্বীকৃত হয় রাজা প্রথম এডওয়ার্চের (১২৩৯-১৩০৭) সময়ে। জনগুরুত্বপূর্ণ যে-কোনো বিষয় সম্পর্কে আবেদন করা যায়। তবে আদালতে বিচারাধীন কোনো বিষয় কিংবা সিদ্ধান্ত, প্রস্তাবের মাধ্যমে উপস্থাপনযোগ্য এবং আইন, বিধি-উপবিধি বা প্রবিধানের মাধ্যমে সমাধানযোগ্য, এমন বিষয়ে আবেদন করা যায় না। এতৎসহ memorial ও petition of right দ্র.।

petition of right পিটিশন অফ রাইট 'প্রজাদের অধিকার ও স্বাধীনতার ঘোষণাপত্র' বিলিয়া খ্যাত পিটিশন অব রাইট একটি ঐতিহাসিক দলিল যাহা ব্রিটিশ পার্লামেন্ট ১৬২৮ সালে রাজা প্রথম চার্লসের নিকট উপস্থাপন করে। ব্রিটিশ পার্লামেন্টের সহিত রাজার ঘন্দের একটি সুরাহা হিসাবে ইহা স্বাক্ষরিত হয়। সাধারণ মানুষের অধিকার আদায়ের লক্ষ্যে পার্লামেন্টের সার্বভৌমত্ব প্রতিষ্ঠার ইতিহাসে এই দলিলটি এক মাইলফলকরপে বিবেচিত হয়। এই ঘোষণাপত্রের চারটি ধারা ছিল। এক, ইহার পর ইতৈে পার্লামেন্টের অনুমোদন ছাড়া রাজাকে কোনো নাগরিক কোনোপ্রকার দান, ঝণ, কর বা কোনো অর্থ দিতে বাধ্যা প্রাক্তিরেন্না; দুই, কারণ না দেখাইয়া কোনো মানুষকে বন্দি বা গ্রেপ্তার করা ঘাইবে না তিন সৈন্যদের আবাসনের ব্যবস্থা করিতে

নাগরিকদের বাধ্য করা যাইবে না; চার, রাজা সামরিক শাসন জ্ঞারি করিতে পারিবেন না। পিটিশন অব রাইটকে অনেকে ঐতিহাসিক মাগনা কার্টার পর ইংল্যান্ডের সর্বাপেকা বড় সাংবিধানিক অগ্রগতি বলিয়া চিহ্নিত করেন। ইহার ফলে পার্লামেন্টের অনুমোদন ছাড়া রাজার করারোপ ক্ষমতা রহিত হয় এবং আর্থিক বিষয়াবলির উপর পার্লামেন্টের ক্ষমতা ও প্রভাব বৃদ্ধি পায়। পার্লামেন্ট পিটিশন-আকারে রাজার কাছে ইহা উপস্থাপন করিলে রাজা প্রথমে ইহাতে স্বাক্ষর করিতে অস্বীকার করেন। পরে কমনস্-সভার চাপের মুখে সাক্ষর দিতে বাধ্য হন।

petrolium product পেট্রোলিয়ামজাত পদার্থ ২০০৩ সালের বাংলাদেশ এনার্জি 'রেণ্ডলেটিং কমিশন আইনের ২(খ) ধারা-অনুসারে, প্রক্রিয়াজাত বা অপ্রক্রিয়াজাত তরল কিংবা কঠিন মিশ্রণ এবং পেট্রোলিয়াম উপজাত (যেমন, পুত্রিকেন্ট ও পেট্রোলিয়াম দ্রাবক) উহার অন্তর্ভুক্ত হইবে, তবে প্রাকৃতিক গ্যাস উহার অন্তর্ভুক্ত হইবে না।

philanthropic purposes জনহিতকর উদ্দেশ্য ব্যক্তিবিশেষের প্রতি হিতকর উদ্দেশ্য অপেক্ষা বিস্তৃত এবং বৃহত্তর জনগণের প্রতি দাতব্য উদ্দেশ্য অপেক্ষা সীমিত পরিসরের জনহিতকর উদ্দেশ্যসমূহ। benevolent purposes ও charitable purpose তৃ.।

photocopy n. ফটোকপি, বি. আলোকরশ্মির সাহায্যে গৃহীত বা অনুরূপ অন্য মাধ্যমে প্রণীত প্রতিলিপি :

photograph n. ফটোগ্রাফ বি. ২০০০ সালের কপিরাইট আইন-অনুসারে, ফটোলিথোগ্রাফ এবং ফটোগ্রাফিসদৃশ কোনো প্রক্রিয়ায় প্রস্তুত যে-কোনো কর্ম ইহার অন্তর্ভুক্ত হইবে; কিন্তু চলচ্চিত্রের কোনো অংশ অন্তর্ভুক্ত হইবে না।

photographic copies of documents দলিলের আলোকচিত্র-অনুলিপি সরকার কর্তৃক বিজ্ঞাপিত ক্ষেত্রসমূহে দলিলের ফটোগ্রাফ লওয়া যাইবে। রেজিন্ট্রিকারী অফিসার স্বয়ং ফটো-রেজিন্ট্রার না হইলে তিনি উহা ফটো-রেজিন্ট্রারের নিকট প্রেরণ করিবেন এবং রেজিন্ট্রিকারী অফিসার বা ফটো-রেজিন্ট্রার, যে-ক্ষেত্রে যিনি কাজ করিবেন তিনি, উক্ত দলিলের প্রত্যেক পৃষ্ঠার প্রত্যেক পার্শ্ব উহার স্ট্যাম্প, পৃষ্ঠাঙ্কন, সিলমোহর, টিপসহি ও উহাতে প্রদন্ত সার্টিফিকেটসহ কোনো অংশ বাদ না দিয়া, কোনো পরিবর্তন না করিয়া, ফটো গ্রহণ করিবেন। এই উদ্দেশ্যে তিনি দলিলটির বিভিন্ন পাতা পৃথক করিবার জন্য যে-ফিতা বা সূতা দিয়া পাতাগুলি প্রথিত হইয়াছে, সিলমোহর নষ্ট না করিয়া, তাহা খুলিতে বা কাটিতে পারিবেন এবং দলিলটির ফটোগ্রাফ গৃহীত হইবামাত্র তিনি যতদূরসম্ভব দলিলটি পূর্বের ন্যায় পুনরায় প্রথিত করিবেন এবং তিনি যদি সূতা বা ফিতা কাটিয়া থাকেন, তবে উহার গ্রন্থির উপর

নিজের সীলমোহর দিবেন। তবে শর্ত এই যে, দলিলটি রেজিন্ত্রি করিবার জন্য, দাখিলকারী পক্ষ যদি চায় তাহা হইলে, দলিলটি খুলিয়া ফেলা, পুনপ্পথিত করা ও সিলমোহর দিবার সময়ে তাহাকে উপস্থিত থাকিতে দিতে হইবে। আরো শর্ত এই যে, দলিল-দাখিলকারী পক্ষ অনুরোধ করিলে দলিলটি অগ্রথিত অবস্থায় তাহাকে ফেরত দিতে হইবে। আরো শর্ত, দলিলটি ফটো-রেজিন্ত্রারের নিকট পাঠাইবার পূর্বে বা পরে দলিল-দাখিলকারক ১৯০৮ সালের রেজিন্ত্রেশন আইনের ৫২ ধারা-অনুসারে দলিলটি নকল করাইবার জন্য রেজিন্ত্রিকারী অফিসারকে বলিতে পারিবেন, অথবা দলিলটি যদি ১৯ ধারা-অনুসারে রেজিন্ত্রির জন্য দাখিল করা হইয়া থাকে, তবে ৬২ ধারা-অনুসারে উহার নকল করাইতে বলিতে পারিবেন এবং তজ্জন্য অতিরিক্ত নকল ধরচা প্রদান করিবেন।

physiotherapy n. অঙ্গসংবাহন বি. আঘাত, শারীরিক প্রতিবন্ধ ইত্যাদির চিকিৎসায় অস্ত্রোপচার বা ভেষজাদির পথ না লইয়া তাপ, অঙ্গমর্দন, ব্যায়াম ইত্যাদির সাহায্যে চিকিৎসাপদ্ধতি।

picketing n. পিকেটিং বি. শ্রমিক, কর্মচারী এবং তাঁহাদের ট্রেড ইউনিয়নের প্রতিনিধিবৃন্দ কর্তৃক কারখানা বা কর্মক্ষেত্রের প্রবেশপথে অবস্থান লইয়া কাজ করিবার অথবা না করিবার জন্য বুঝানো এবং পরম্পর মত বা তথ্য বিনিময় করিয়া কোনে শিল্প-বিরোধ বিষয়ে তাঁহাদের পরিকল্পনাকে আগাইয়া লইয়া যাইবার জন্য একযোগে কাজ করা। পিকেটিং করিবার কোনো বিশেষ আইনগত অধিকার কিংবা উহার উপর কোনো আইনগত বাধা নাই। তবে ইংল্যান্ডের ১৯৯২ সালের ট্রেড ইউনিয়ন ও শ্রমিক সম্পর্ক (সংহতকরণ) আইনে পিকেটিং করিবার আইনগত অধিকারের ধারণা রহিয়াছে। ফৌজদারি অপরাধের দায় হইতে পিকেটারদের কোনো অব্যাহতি নাই এবং অন্যদেরকে তাঁহাদের কথা মানিতে বাধ্য করিবারও অধিকার নাই। তবে ট্রেড ইউনিয়নের কতিপয় নেতার কতিপয় বিষয়ে বিশেষ নিরাপত্তার বিধান রহিয়াছে। বাংলাদেশে ১৯৬৯ সালের শিল্প সম্পর্ক অধ্যাদেশে এবং ১৯৭৭ সালের শিল্প সম্পর্ক বিধিমালায় এই বিষয়ে বিস্তারিত বিধান রহিয়াছে। রাজনৈতিক কারণে রাজনৈতিক দল বা নাগরিক-গোষ্ঠীও পিকেটিং করিয়া থাকে।

pipeline পাইপে চলাচলের পথ ২০০৩ সালের বাংলাদেশ এনার্জি রেগুলেটিং কমিশন আইনের ২(ণ) ধারা-অনুসারে, গ্যাস-সরবরাহের জন্য অনুমোদিত পাইপলাইন। কমপ্রেসর, যোগাযোগ-যন্ত্রপাতি, মিটার, চাপ-নিয়ন্ত্রক, পাম্প, ভাল্ভ, এবং উহার পরিচালনায় প্রয়োজনীয় অন্যান্য যন্ত্রপাতিও ইহার অন্তর্ভুক্ত হইবে।

piracy n. জলদস্যুতা বি. ১. ব্যক্তিগত লাভ বা প্রতিশোধ গ্রহণ করিবার জন্য গভীর সমুদ্রে কোনো বেসরকারি জাহাজে করিয়া অন্য জাহাজ, মানুষ বা সম্পত্তির বিরুদ্ধে সহিংসতা, আটক ও দর্ম্যুতা সংঘটন । একটি বিমানেও অনুরূপ দস্যুতা সংঘটত

ইইতে পারে। অবশ্যই রাজনৈতিক উদ্দেশ্যে সংঘটিত অনুরূপ কোনো কর্ম দস্যতা নহে কিংবা যুদ্ধজাহাজ অথবা সরকারি জাহাজ বা বিমানকর্তৃক সংঘটিত অনুরূপ কোনো কর্ম দস্যুতা হিসাবে গণ্য হয় না। জলদস্যুতা একটি আন্তর্জাতিক অপরাধ এবং সকল দেশ উক্তরূপ দস্যুদের বিরুদ্ধে এবং দস্যুতায় ব্যবহৃত জাহাজ বা বিমানের বিরুদ্ধে তাহাদের নাগরিকত্ব-নির্বিশেষে এখতিয়ার প্রয়োগ করিতে পারে। অনুরূপ দস্যুতায় ব্যবহৃত বিমান বা যানবাহনসামগ্রী জব্দযোগ্য। সাধারণত ব্রিটিশ আদালত এইরূপ এখতিয়ার প্রয়োগ করিয়া থাকেন এবং ১৯৬৭ সালের টোকিও কনতেনশন আইনে এইরূপ এখতিয়ার প্রয়োগ করিবার অনুমোদন রহিয়াছে। ২, যে-কোনো প্রকার প্রকাশনাকে অনুকরণ করিয়া কোনো অনুলিপি প্রণয়ন করা হইলে উহাকে কপিরাইট পাইরেসি বলা হয়। ইহা কপিরাইট আইলে অপরাধ হিসাবে গণ্য।

piscary (fishery) n. মৎস্য ধরিবার অধিকার কাহারও ভূমিস্থিত জলাশয় হইতে মাছ ধরিবার সাধারণ অধিকার। profit a prendre দ্র.।

place n. স্থান বি. যে-কোনো বাড়িঘর ও যানবাহন স্থিতাবস্থায় বা চলমান যে-ভাবেই থাকুক না কেন এবং বিমানবন্দর, বন্দর ও বৈদেশিক ডাকঘর, বহিরাগমন চেক-পোষ্ট ও শুল্ক-ফাঁড়ি ইহার অন্তর্ভুক্ত ইইবে।

place of public amusement জন-বিনোদনের স্থান ১৯৩৩ সালের বঙ্গীয় সর্বসাধারণের চিত্তবিনোদন-স্থান আইনে বলা হইয়াছে যে, সর্বসাধারণের চিত্তবিনোদন স্থানের অর্থ যে-কোনো স্থান, বেষ্টিত স্থান, ভবন, নৌযান, তাঁবু, বুথ বা অপর কোনো ছাউনি, তাহা স্থায়ী হউক বা অস্থায়ী হউক, যেখানে গান, বাজনা বা নৃতা বা কোনো চিত্তাকর্ষক খেলাধুলা অনুষ্ঠিত হয়্ বা তাহা করিবার বন্দোবস্ত করা হয় এবং যাহাতে বিনামূল্যে বা টাকার বিনিময়ে বা অন্য কোনো প্রতিদানের বিনিময়ে সর্বসাধারণের প্রবেশাধিকার থাকে। সার্কাস বা আনন্দমেলা বা চিত্তবিনোদন পার্ক ইহার অন্তর্ভুক্ত । জেলা ম্যাজিস্ট্রেট সর্বসাধারণের চিন্তবিনোদনের স্থান খোলা রাখিবার লাইসেন্স প্রদান করিবেন। তিনি বিজ্ঞপ্তির মাধ্যমে যে-কোনো সময়ে সর্বসাধারণের চিত্তবিনোদনের স্থান বন্ধ করিবার নির্দেশ দিতে পারেন। যদি কোনো ব্যক্তি মালিক বা ইজারাদার লাইসেন্স ছাড়া বা লাইসেন্সের শর্ত ভঙ্গ করিয়া সর্বসাধারণের চিত্তবিনোদনের স্থান খোলা রাখেন তবে তাঁহার শাস্তি ছয়মাস পর্যন্ত কারাদণ্ড অথবা একহাজার টাকা জরিমানা অথবা উভয় দণ্ডই হইতে পারে। ১৯৭৬ সালের ঢাকা ও ১৯৭৮ সালের চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ অধ্যাদেশের ২(ছ) ধারা-অনুসারে, সর্বসাধারণের চিন্তবিনোদন-স্থান অর্থ যে-সমস্ত স্থানে গান, বাজনা, নৃত্য বা চিত্তবিনোদনের উদ্দে<u>শো</u>কোনো খেলা অনুষ্ঠিত হয় এবং যেখানে নগদ অর্থের বিনিময়ে অথবা অর্থ সংগ্রহ করা যাইবে এইরপ আশ্বাসের ভিত্তিতে জনসাধারণকে প্রবেশ করিতে দেওয়া হয়। যে-কোনো ঘোড়দৌড়ের মাঠ, সার্কাস, নাট্যশানা, সিনেমা, মিউজিক হল, বিলিয়ার্ড রুম, ব্যায়ামাগার, সুইমিং পুল বা নাচের ঘর উহার অন্তর্ভুক্ত।

place of suing মোকদ্দমা দায়েরের স্থান দেওয়ানি মোকদ্দমা কোথায় দায়ের করিতে হইবে, তাহা দেওয়ানি কার্যবিধির ১৫ হইতে ২০ ধারায় বলা হইয়ছে। সাধারণত এখতিয়ারসম্পন্ন দেওয়ানি আদালতে দেওয়ানি মামলা দায়ের করিতে হয়। স্থানিক এখতিয়ার ও আর্থিক এখতিয়ার বিবেচনা করিয়া কোন আদালতে দেওয়ানি মামলা দায়ের করিতে হইবে, তাহা নির্ধারিত হয়। উপরিউক্ত ধারায় স্থানিক এখতিয়ার সম্পর্কে এবং দেওয়ানি আদালত আইনে আদালতের আর্থিক এখতিয়ার সম্পর্কে উল্লিখিত আছে।

plaint n. আরম্ভি বি. আদালতে বাদীর নালিশের লিখিত বিবরণ, যাহা আদালতের কর্মকর্তা কর্তৃক সিলমোহরপূর্বক আদালতের নথিতে অন্তর্ভুক্ত করা হয় এবং যাহার ভিত্তিতে বিবাদীর প্রতি সমন জারি করাসহ পরবর্তী কার্যধারা চাল হয়। দেওয়ানি কার্যবিধির ৭ আদেশের ১ নিয়ম-অনুসারে, আরজিতে নিম্নলিখিত বিষয়গুলি উরেখ করিতে হইবে: (ক) যে-আদালতে মামলা দায়ের করা হইতেছে তাঁহার নাম; (খ) বাদীর নাম, পরিচয় ও বাসস্থান; (গ) বিবাদীর নাম, পরিচয় ও বাসস্থান; (ঘ) বাদী বা বিবাদী নাবালক বা অপ্রকৃতিস্থ হইলে সেই মর্মে বিবৃতি; (৬) যে-সকল ঘটনার দরুন মামলার কারণ উদ্ভব হইয়াছে ও যে-সময়ে তাহা হইয়াছে: (চ) আদালতের এখতিয়ার রহিয়াছে বলিয়া প্রতীয়মান হয় তদ্ধপ তথ্য; (ছ) বাদী যে-প্রতিকার দাবি করেন; (জ) যে-ক্ষেত্রে বাদী তাঁহার আংশিক দাবি পারস্পরিকভাবে পরিশোধে রাজি হইয়াছেন বা বর্জন করিয়াছেন, সেইক্ষেত্রে দাবির যে-অংশ অনুরূপভাবে পরিশোধ বা বর্জন করা হইয়াছে; এবং (ঝ) আদালতের এখতিয়ার ও কোর্ট ফি নির্ধারণের উদ্দেশ্যে, মামলার বিষয়বস্তুর মূল্যসংক্রান্ত বিবৃতি। ২ নিয়ম-অনুসারে, টাকা ञानारमंत्र भामना रहेत्न টाकात পतिभाग निर्मिष्टेकार्य উল्लেখ कतिरू रहेर्द, जर्द অমীমাংসিত হিসাব অথবা অন্তর্বতীকালীন মুনাফার জন্য মামলা হইলে টাকার আনুমানিক পরিমাণ উল্লেখ করিতে হইবে। ৩ নিয়ম-অনুসারে, স্থাবর সম্পত্তির মোকদ্দমা হইলে সম্পত্তি শনাক্ত করিবার মতো বিবরণ আর্বজিতে দিতে হইবে। ৪ নিয়মে প্রতিনিধি হিসাবে মামলা দায়ের করা সম্পর্কে বলা হইয়াছে। ৫ নিয়ম-অনুসারে, বিবাদীর স্বার্থ ও দায়িতু দেখাইতে হইবে। ৬ নিয়ম-অনুসারে, তামাদির মেয়াদ উত্তীর্ণ হইবার পর মামলা দায়ের করিলে তামাদি আইনের বিধান হইতে অব্যাহতি পাইবার কারণ আরজিতে উল্লেখ করিতে হইবে। ৯ নিয়মে আরজিগ্রহণের পদ্ধতি সম্পর্কে বলা হইয়াছে। ১১ নিয়ম-অনুসারে, আদালত আরজি প্রত্যাখ্যান করিতে পাবেন।

- plaintiff n. বাদী বি. কোনো ব্যক্তি বা ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত প্রতিকারের জন্য যিনি আদালতে কোনো আরঞ্জি বা যে-কোনো প্রকার দেওয়ানি নালিশ লিখিতভাবে দাখিল করেন, যাহার ভিন্তিতে আদালতের কার্যধারা চালু হয়। তামাদি আইনের ২(৮) ধারা-অনুসারে, বাদী বলিতে যে-ব্যক্তির নিকট হইতে বা যাহার মাধ্যমে বাদী মামলা করিবার অধিকার লাভ করেন, তাঁহাকে বুঝায়। claimant দ্র.।
- Plane of Bangladesh বাংলাদেশি বিমান ১৯৯৭ সালের বিমান-নিরাপতা বিরোধী অপরাধদমন আইন-অনুসারে ইহা এমন একটি বিমান যাহা— (অ) বাংলাদেশে নিবন্ধনকৃত; অথবা (আ) আপাতত কোনো দেশে নিবন্ধনকৃত না থাকা সত্ত্বেও উহার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বা উহার আইনানুগ অধিকারসম্পন্ন বা সুবিধালাভের অধিকারসম্পন্ন প্রত্যেক ব্যক্তি— (১) বাংলাদেশে নিবন্ধনকৃত কোনো বিমানে আইনানুগ অধিকার বা সুবিধালাভের অধিকার অর্জনে যোগ্যতা রাখেন; অথবা (২) বাংলাদেশে বাস করেন বা তাঁহার বা উহার কোনো কর্মস্থল বাংলাদেশে অবস্থিত; অথবা (ই) বাংলাদেশ ব্যতীত অন্য কোনো দেশে নিবন্ধনকৃত, কিন্তু উহা এমন ব্যক্তি বা ব্যক্তিগণের দ্বারা এককভাবে ভাড়ার ব্যবহারের জন্য চুক্তিবদ্ধ যে-উক্ত ব্যক্তি বা ব্যক্তিগণ উপদফা(আ)-এর অনুচ্ছেদ (১) ও (২) এর শর্ত পূরণ করেন।
- plate n. প্লেট বি. যে-কোনো মুদ্রণফলক বা অন্যরকম প্লেট, ব্লক, ছাঁচে তৈরি পুডিং ও ছাঁচ এক মাধ্যম হইতে অন্য মাধ্যমে স্থানান্তর, নেগেটিভ, টেপ, তার, অপটিক্যাল ফিলা বা অন্যরকম কৌশল যাহা কোনো কর্মের মুদ্রণ বা পুনর্মুদ্রণের জন্য ব্যবহৃত হয় অথবা ব্যবহারের অভিপ্রায়ে করা হয় এবং যে-কোনো ছাঁচ বা অন্যরকম যন্ত্রপাতি যাহার দারা শিল্পকর্মটির শ্রুভিবোধ-সম্বন্ধীয় উপস্থাপনার জন্য রেকর্ড তৈরি বা উহার অভিপ্রায় ইহার অন্তর্ভুক্ত।
- plea n. অজুহাত, কৈঞ্চিয়ত বি. কোনো অভিযুক্ত ব্যক্তি বা বিবাদী কর্তৃক আদালতে দাখিলকৃত, তাঁহার বিৰুদ্ধে আনীত অভিযোগ বা নালিশের জবাব।
- plea bargaining শান্তিলাদবের উদ্দেশ্যে দোষস্বীকার অভিযোক্তা ও অভিযুক্ত পক্ষের মধ্যে এমন একটি সমঝোতা, যাহার দ্বারা আসামি অভিযোক্তার প্রস্তাবের (উদাহরণস্বরূপ, আসামির বিরুদ্ধে আনীত গুরুতর অভিযোগের পরিবর্তে অপেক্ষাকৃত লঘু দপ্তযোগ্য অভিযোগ আনয়ন) অথবা বিচারক কর্তৃক শান্তি ব্রাস করিবার অনানুষ্ঠানিক প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আসামি কর্তৃক নির্দোষ দাবির স্থলে দোষ স্বীকার করা হয়। এই পদ্ধতিতে বিচারক এবং আসামিপক্ষের আইনজীবীর মধ্যে এই সংক্রোন্ত আলাপ-আলোচনায় অভিযোক্তা অবশ্যই উপস্থিত থাকিবেন এবং অনুরূপ আলাপ-আলোচনায় আসামি কোনো অংশগ্রহণ করেন না। তবে আসামি উক্ত প্রস্তাবের ব্যাপারে অবশ্যই স্বাধীনভাবে সিদ্ধান্তগ্রহণের সুযোগ পাইবেন।

plead vb. ওকালতি করা ক্রি. ১. আদালতে সওয়াল-জওয়াব করা বা কায়য়ে পক্ষে বক্তব্য প্রেশ করা। ২. কৈফিয়ত বা অঙ্কৃহাত দেওয়া ক্রি. অভিযোগের জবাবে আত্মপক্ষ সমর্থনসূচক বক্তব্য উপস্থাপন করা।

pleader n. উকিল বি. দেওয়ানি কার্যবিধির ২(১৫) ধারা-অনুসারে, উকিল বনিতে এমন ব্যক্তিকে বুঝায় যিনি অপরের পক্ষে আদালতে হাজির হইবার ও যুক্তিতর্ক পেশ করিবার অধিকারী। ফৌজদারি কার্যবিধির ৪ ধারায় বলা হইয়াছে যে, কোনে আদালতের কার্যক্রম-প্রসঙ্গে অ্যাডভোকেট অর্থ বলবৎ আইন-অনুযায়ী এইরূপ যে-কোনো আদালতে আইনব্যবসা করিতে ক্ষমতাপ্রাপ্ত অ্যাডভোকেট বা মোজার বুঝাইবে এবং এইরপ কার্যক্রমে আদালতের অনুমতিক্রমে নিযুক্ত অন্য যে-কোনো ব্যক্তিকে অন্তর্ভুক্ত করিবে। দেওয়ানি কার্যবিধির ৩ আদেশের ৪ নিয়মে উকিল-নিয়োগ সম্পর্কে বলা হইয়াছে যে, (১) কোনো ব্যক্তি কর্তৃক বা মোজারনামামূলে ক্ষমতাপ্রাপ্ত বা স্বীকৃত প্রতিনিধি কর্তৃক লিখিত ও স্বাক্ষরিত নিয়োগপত্রদারা নিযুক্ত না হইলে কোনো উকিল উক্ত ব্যক্তির তরফ হইতে কোনো কার্যসম্পন্ন করিতে পারিকে না। ৪ নিয়মের ২ উপনিয়ম-অনুসারে, উক্ত নিয়োগপত্র আদালতে দাখিল করিতে হইবে এবং যতক্ষণ পর্যন্ত আদালতের অনুমতিক্রমে মক্কেল বা উকিল কর্তৃক লিখিত ও স্বাক্ষরিত পত্র আদালতে দাখিল করিয়া উক্ত নিয়োগ বাতিল করা না হয় অথবা যতক্ষণ পর্যন্ত আদালতে মক্লেলের মামলার কার্যক্রম শেষ না হয়, ততক্ষণ উত নিয়োগ বলবৎ থাকিবে। ৩ আদেশের ৫ নিয়ম-অনুসারে, আদালত বিপরীত আদেশ না দিলে, উকিলের উপর জারিকৃত সমন সংশ্লিষ্ট পক্ষের উপর ব্যক্তিগতভাবে জারি হইয়াছে বলিয়া গণ্য-হইবে।

pleading n. আরজি বা জবাব বি. দেওয়ানি মোকদ্দমায় একপক্ষকর্তৃক অপর পক্ষের বিরুদ্ধে আনুষ্ঠানিকভাবে দাখিলকৃত লিখিত নালিশ বা জবাব, যাহা উক্ত পন্ধ বিচার-চলাকালে অপর পক্ষের বিরুদ্ধে প্রমাণ করিতে ইচ্ছুক। আরজিতে পক্ষের প্রার্থিত প্রতিকারের উল্লেখ থাকিবে তবে সাক্ষ্যপ্রমাণের উদ্ধৃতি থাকিবে না। এইরূপ আরজি বা জবাব সংশ্লিষ্টপক্ষের আইনজীবী কর্তৃক প্রস্তৃত করা হয় এবং উহাতে সংশ্লিষ্ট আইনজীবীর স্বাক্ষর অবশাই থাকিতে হয়। সাম্প্রতিককালে আরজিতে কেবল বস্তুগত ঘটনার অতীব গুরুত্বপূর্ণ ঘটনাবলি (material fact) বর্ণনা থাকে যাহা পক্ষের দাবিপ্রমাণে অত্যাবশাক এবং উহা প্রমাণার্থে উপস্থাপনযোগ্য আনুষঙ্গিক গৌণ বিষয়ের বিস্তারিত বর্ণনা থাকে না। ঘটনার বর্ণনা হইতে অনুমানযোগ্য আইনগত বিষয় অন্তর্ভুক্ত করা যাইতে পারে তবে উহা অত্যাবশাক নয়। আরজিতে আইনগত যুক্তিতর্কের উল্লেখ অনুমোদিত নয়। আরজিতে মূল উদ্দেশ্য হইল অপরপক্ষকে অভিযোগের ঘটনা সম্পর্কে যথাযথভাবে অবহিত করা। দেওয়ানি কার্যবিধির ৬ আদেশের ১ নিয়ম-অনুসারে, আরজি-জবাব বলিতে আরজি অথবা জবাব বৃথাইবে।

২ নিয়ম-অনুসারে, আরজি-জবাবে বাস্তব ঘটনা বিবৃত করিতে হইবে, সাক্ষ্য নহে। ৬ নিয়ম-অনুসারে, যে-পূর্বশর্ত পালন বা সংঘটন সম্পর্কে বাদী বা বিবাদী প্রতিদ্বিতা করিতে ইচ্ছুক আরজি বা জবাবে তাহা স্পষ্টরূপে উল্লেখ করিতে ইইবে। দলিল বা উহার কোনো অংশে ব্যবহৃত শব্দগুলি গুরুত্বপূর্ণ না হইলে তাহা হবহ অবিকল উদ্ধৃত করিবার প্রয়োজন নাই। ৬ আদেশের ১৭ নিয়ম-অনুসারে, মামলার যে-কোনো পর্যায়ে আদালত কোনো পক্ষকে আরজি-জবাবের ন্যায়সংগত পরিবর্তন বা সংশোধন করিবার অনুমতি দিতে পারেন এবং এতদনুসারে উভয়পক্ষের মধ্যে বিরোধের প্রকৃত প্রশু নির্ধারণকল্পে প্রয়োজনীয় যাবতীয় সংশোধন করা যাইবে। বিভিন্ন মোকদ্দমায় মাননীয় উচ্চ আদালতের সিদ্ধান্ত-অনুসারে আরজি-জবাব সংশোধনের ফলে মোকদ্দমার রূপ বা প্রকৃতি পরিবর্তন ইইবার সম্ভাবনা না থাকিলে আদালত আরজি-জবাব সংশোধনের আদেশ দিবেন।

pleading guilty by post পত্রযোগে দোষস্বীকার ইহা একটি পদ্ধতি যেখানে গৌণ
অপরাধের জন্য কোনো অভিযুক্ত ব্যক্তিকে আদালতে হাজির না হইয়া পত্রযোগে
দোষস্বীকারের সুযোগ দেওয়া হয়়। সংক্ষিপ্ত বিচারপদ্ধতির যে-সকল ক্ষেত্রে
অপরাধের সর্বোচ্চ শান্তি মাত্র তিন মাস কারাদও হইতে পারে, ইহা কেবল সেই সকদ
ক্ষেত্রে অনুমোদিত। এই পদ্ধতিতে অভিযুক্ত ব্যক্তি তাঁহার পক্ষে অপরাধের গুরুত্ব
লাঘব করে, এমন লঘুকারক পারিপার্শ্বিক পরিস্থিতির বিশদ বিবরণ লিখিয়া পাঠাইতে
পারেন, আদালতে যাহা পাঠ করিয়া শোনাইবার ব্যবস্থা করা হয়। অনুরূপ
দোষস্বীকারের ফলে আদালত অভিযুক্ত ব্যক্তির অনুপস্থিতিতে তাঁহাকে সম্ভাব্য শান্তি
সম্পর্কে আগাম সতর্ক না করিয়া বা তাঁহাকে হাজির হওয়ার যথাযথ সুযোগ না দিয়া
কারাদণ্ডের আদেশ দিতে পারেন না।

pleading in the alternative বিৰুদ্ধ দাবি দেওয়ানি মোকদ্দমায় যখন দুই বা ততোধিক পরম্পর অসমঞ্জস বা বিরোধপূর্ণ অভিযোগ আনয়ন করিয়া আদালতের নিকট যে-কোনো একটি দাবি বা অভিযোগ অধিকতর প্রমাণিত বলিয়া প্রতিভাত হয় সে-সম্পর্কে প্রতিকার মনজ্বরের আবেদন করা হয়।

plea of guilty অভিযোগের সত্যতাস্বীকার ফৌজদারি কার্যবিধির ২৪৩ ধারাঅনুসারে, ম্যাজিন্ট্রেট অভিযোগের সত্যতাস্বীকারের ভিত্তিতে দও দিতে পারেন। ২৪৩
ধারা-অনুসারে, আসামি যদি স্বীকার করেন যে, যে-অপরাধের জন্য তাঁহাকে অভিযুক্ত
করা হইয়াছে, তিনি তাহা করিয়াছেন, তাহা হইলে যথাসম্ভব তাঁহার ব্যবহৃত শব্দে
তাঁহার স্বীকৃতি লিপিবদ্ধ করিতে হইবে এবং কেন তিনি দণ্ডিত হইবেন না, সে-সম্পর্কে
যদি তিনি পর্যাপ্ত কারণ না দর্শান, তাহা হইলে ম্যাজিন্ট্রেট তাঁহাকে দণ্ডিত করিতে
পারিবেন। ফৌজদারি কার্যবিধির ২৬৫৬ ধারায় বলা হইয়াছে যে, আসামি যদি দায়রা

আদালতে দোষস্বীকার করেন, তবে আদালত তাহা লিপিবদ্ধ করিবেন এবং তাঁহার সুবিবেচনামতে দণ্ডাদেশ দান করিতে পারিবেন। সাধারণত ম্যাজিট্রেট কোর্টে সংক্ষিপ্ত বিচারসংক্রান্ত মোকদ্দমায় দোষী ব্যক্তি দোষস্বীকার করেন।

- pleas in bar চ্ড়ান্ত ওজর অভিযোগপত্রের ভিন্তিতে বিচার-চলাকালে বিশেষ যুক্তি খাড়া করিয়া উক্ত অভিযোগ প্রমাণে অগ্রসর না হওয়া। এইরূপ চারটি বিশেষ ওজর রহিয়াছে। যথা, পূর্বে খালাসপ্রাপ্ত, পূর্বে দণ্ডিত, মার্জনাপ্রাপ্ত এবং সড়ক ও সেতু মেরামতের বিশেষ দায়। এতৎসহ autrefois acquit, autrefois convict, pardon দ্র.।
- plebiscite n. গণভোট বি. কোনো দেশের জনসাধারণ কর্তৃক সার্বভৌয শাসক নির্বাচন অথবা অন্য রাষ্ট্রের নিকট নিজস্ব এলাকা হস্তান্তর অথবা অন্য কোনো বিষয় মীমাংসার জন্য সকল নাগরিক কর্তৃক ভোটদান। এতৎসহ referendum দ্র.।
- pledge n. প্রেক্ত বি., জন্থাবর বন্ধক ব্যাংক হইতে ঋণগ্রহণ করিবার সময়ে জামানত হিসাবে ঋণগ্রহীতা ব্যাংকের নিকট যে-মাল জমা রাখেন। pawn দ্র.।
- plot n. দার্গ বি. নকশায় দেখানো ভূমিখণ্ড। নকশায় ভূমিখণ্ডের বে-ক্রমিক নম্বর দেওয়া হয়, তাহাকে দার্গ নম্বর বলা হয়।
- poaching n. অবৈধ পণ্ডশিকার কাহারো ভূমিতে অনধিকার প্রবেশ করিয়া বিনা অনুমতিতে শিকার করা এবং শিকার লইয়া যাওয়া অথবা এমন ভূমিতে শিকার করা যেখানে শিকার করা নিষিদ্ধ । যেহেতু বন্যপ্রাণী সাধারণত চুরি করা যায় না বা চুরি বিনায়া গণ্য হয় না তাই বন্যপ্রাণী-শিকারের বিরুদ্ধে বিধিবদ্ধ আইন রহিয়াছে। বন আইনে কতিপয় পশুপাধি শিকার নিষিদ্ধ ও দঙ্জনীয় অপরাধ।
- poison n. বিষ বি. কোনো পদার্থ যাহা জীবদেহে প্রয়োগ করা হইলে জীবন বিপন্ন হয় বা স্বাস্থ্যের হানি ঘটে। কাহারও অনিষ্ট করিবার উদ্দেশ্যে বিষ বা অন্য কোনো অনিষ্টকারক পদার্থ (যথা, মদ বা মাদকজাতীয় পদার্থ) যদি এমন পরিমাণে খাওয়ানো হয়, যাহাতে স্বাস্থ্যহানি ঘটার আশব্ধা থাকে, বাস্তবে কোনো ক্ষতি সংঘটিত না ইইলেও, তাহা পাঁচ বৎসরের কারাদওযোগ্য অপরাধ। আবার যদি কোনো ব্যক্তিকে এমন পরিমাণে ক্ষতিকারক পদার্থ খাওয়ানো হয়, যাহাতে তাঁহার জীবন বিপন্ন হয় বা দেহের গুরুতর ক্ষতি সাধিত হয়, তাহা হইলে উহা দশ বৎসরে কারাদওযোগ্য অপরাধ (যদিও অনুরূপ ক্ষতির উদ্দেশ্যে তাহা করা না হইয়া থাকে)। কোনো ব্যক্তিকে হত্যা বা গুরুতর ক্ষতি করিবার উদ্দেশ্যে বিষপ্রয়োগ করা হইলে তাহা হত্যার চেষ্টা বা গুরুতর দৈহিক ক্ষতির চেষ্টা বিলিয়া গণ্য হয়। উভয়ক্ষেত্রেই অনুরূপ চেষ্টা সর্বোচ্চ যাবজ্জীবন কারাদওযোগ্য অপরাধ। বিভিন্ন আইনের দ্বারা বিষের বিক্রম নিয়ন্ত্রিত হয়, যেমন ১৯৮৬ সালের ঔষধ আইন এবং ১৯১৯ সালের বিষ আইন।

bot police officer

police diary পুলিশ ডায়রি, কেস ডায়রি ফৌজদারি কার্যবিধির ১৭২ ধারায় বলা হইয়াছে যে, (১) এই অধ্যায়-মোতাবেক অনুসন্ধানকারী পুলিশ-কর্মকর্তা প্রতিদিন একটি ডায়রিতে তাঁহার অনুসন্ধানের অর্মগতি লিপিবদ্ধ করিবেন এবং কখন তাঁহার নিকট খবর পৌছিল, কখন তিনি অনুসন্ধান শুরু ও শেষ করিলেন, কোন কোন স্থান তিনি পরিদর্শন করিলেন এবং অনুসন্ধানের ফলে কী পরিস্থিতি নির্ণীত হইল, উহার একটি বিবরণও উহাতে লিপিবদ্ধ করিবেন। (২) যে-কোনো ফৌজদারি আদালত উক্ত আদালতে তদন্ত বা বিচারাধীন মামলার পুলিশ ডায়রি চাহিয়া পাঠাইতে পারেন এবং সংখ্রিষ্ট মামলায় এই ডায়রি সাক্ষ্যপ্রমাণ হিসাবে গ্রহণ না করিয়া উহার তদন্ত বা বিচারের সহায়ক হিসাবে ব্যবহার করিতে পারেন। কেবল আদালত এই ডায়রি দেখিয়াছেন বা উহার প্রসন্ধ উল্লেখ করিয়াছেন বিলয়া আসামি বা তাঁহার প্রতিনিধি উহা চাহিয়া পাঠাইবার বা দেখিবার অধিকারী হইবেন না; তবে এই ডায়রি-প্রণয়নকারী পুলিশ-কর্মকর্তা যদি নিজের শ্বৃতি জাপ্রত করিবার জন্য উহা ব্যবহার করেন অথবা আদালত যদি উক্ত অফিসারের বন্ধব্যের বিরোধিতা করিবার জন্য উহা ব্যবহার করেন, তাহা হইলে সাক্ষ্য আইনের ১৬১ অথবা ১৪৫ ধারার বিধান, যেখানে যেরূপ, প্রযোজ্য হইবে।

police force পুলিশ-বাহিনী, পুলিশ-কর্তৃপক্ষ আইন-শৃঙ্খলা রক্ষা করিবার নিমিত্ত সরকার কর্তৃক ১৮৬১ সালের পুলিশ আইন ও ১৯৪০ সালের পুলিশ প্রবিধানমালা- অনুযায়ী গঠিত এবং রক্ষণাবেক্ষণাধীন পুলিশ-সদস্য ও কর্মকর্তার দল। পুলিশ-বাহিনীর প্রধান কাজ হইতেছে দেশের অভ্যন্তরে সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা করা, অপরাধের অনুসন্ধান করা, বিচারার্থ অপরাধীদের আদালতে সোপর্দ করা, অন্তর্ঘাত ও অপরাধ নিবারণ করা ইত্যাদি।

police investigation পুলিশের অনুসন্ধান ফৌজদারি কার্যবিধির ১৫৫ ধারার বিধান-অনুসারে, যে-অপরাধ আমলযোগ্য নয়, সে-অপরাধ সম্পর্কে ম্যাজিস্ট্রেটের নির্দেশ ছাড়া পুলিশ অনুসন্ধান করিতে পারে না। ফৌজদারি কার্যবিধির ১৫৬ ধারায় আমলযোগ্য অপরাধের মামলায় পুলিশের অনুসন্ধানের ক্ষমতা সম্পর্কে বলা হইয়াছে যে, ম্যাজিস্ট্রেটের নির্দেশ ছাড়াই পুলিশ অনুসন্ধানকার্য করিতে পারেন। আমলযোগ্য অপরাধের অনুসন্ধানের ব্যাপারে পুলিশ-কর্মকর্তার কর্তব্য ও ক্ষমতা, অধিকার ও দায়িত্ব ফৌজদারি কার্যবিধির ১৫৬ ধারা হইতে ১৫৮ ধারা, ১৬০ হইতে ১৬৩ ধারা এবং ১৬৫ হইতে ১৭৩ ধারায় বর্ণিত হইয়াছে।

police officer পুলিশ-কর্মকর্তা পুলিশ বাহিনীর যে-কোনো কর্মকর্তাকে পুলিশ-কর্মকর্তা বলা হয়। বাংলাদেশের সর্বোচ্চ পুলিশ্-কর্মকর্তা হইতেছেন পুলিশের মহাপরিদর্শক ও সর্বনিম্ন কর্মকর্তা হইতেছেন পুলিশের সহকারী পরিদর্শক। পুলিশ- বাহিনীর সাধারণ সদস্যগণকে পুলিশের সিপাহী বলা হয়। দেশের পুলিশ-বাহিনী ও ইহার সকল কর্মকর্তা সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন।

police power জনশৃঙ্খলারক্ষার ক্ষমতা যুক্তরাষ্ট্রে সরকারের এমন একটি ক্ষমতা যাহার দ্বারা সরকার জনশৃঙ্খলারক্ষার স্বার্থে ব্যক্তিস্বার্থ নিয়ন্ত্রণ করিতে পারে।

police protection order পুলিশদারা রক্ষার আদেশ ইংল্যান্ডে শিণ্ডকে রক্ষা করা না হইলে যদি কোনো গুরুত্বপূর্ণ ক্ষতির সমূখীন হইবে বলিয়া গণ্য করিবার যুক্তিসংগত কারণ থাকে, তাহা হইলে আদালতের যে-আদেশবলে পুলিশ কোনো শিশুকে যথোপযুক্ত আবাসনে সরাইয়া লইতে পারে, এইরূপ আদেশ।

police report পুলিশ-প্রতিবেদন ফৌজদারি কার্যবিধির ১৬৯ ধারা-অনুসারে, অধন্তন পুলিশ কোনো অনুসন্ধান করিলে তিনি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট এই অনুসন্ধানের ফলাফল সম্পর্কে প্রভিবেদন দিবেন। ১৫৭ ধারা-অনুসারে, কোনো আমলযোগ্য অপরাধের খবর পাইলে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ম্যাজিস্ট্রেটের নিকট প্রতিবেদন পাঠাইকে। কীভাবে এইরূপ প্রতিবেদন পাঠাইতে হইবে, তাহা ১৫৮ ধারায় বলা হইয়াছে। ফৌজদারি কার্যবিধির ১০৮ হইতে ১১০ ধারা এবং ১৪৫, ১৪৭ ও ১৭৪ ধারা-অনুসারে পুলিশ-কর্মকর্তা প্রতিবেদন প্রদান করিতে পারেন। কোনো মোকদ্দমার অনুসন্ধানসাপেক্ষে পুলিশ-কর্মকর্তা ম্যাজিস্ট্রেটের নিকট প্রতিবেদন পাঠাইবেন। এই প্রতিবেদন দুইটি নামে পরিচিত— চূড়ান্ত প্রতিবেদন ও অভিযোগপত্র। ১৭৩ ধারায় পুলিশ-কর্মকর্তার প্রতিবেদন সম্পর্কে বলা হইয়াছে।

police station থানা বি. ফৌজদারি কার্যবিধির ২(গ) ধারা-অনুসারে, সরকার কর্তৃক সাধারণভাবে অথবা বিশেষভাবে থানা বলিয়া ঘোষিত কোনো ঘাঁটি অথবা স্থানকে বুঝাইবে এবং সরকার কর্তৃক এই প্রসঙ্গে নির্ধারিত স্থানীয় এলাকাও ইহার অন্তর্ভুক্ত।

political asylum রাজনৈতিক আশ্রয় রাজনৈতিক কারণে কোনো ব্যক্তিকে ভিন্নদেশে প্রদন্ত আশ্রয়। কোনো ব্যক্তি অন্য কোনো রাষ্ট্রের অভিবাসন নিয়ন্তরণের অধীন হইলে তাঁহার জাতি, ধর্ম, জাতীয়তা বা রাজনৈতিক মতামতের কারণে ধদি যে-দেশ হইতে তিনি আসিয়াছেন, সেই দেশে প্রভ্যাবর্তন করিলে তাঁহার অভিযুক্ত ইইবার সম্ভাবনা থাকে, তাহা হইলে তাঁহাকে প্রথমোক্ত রাষ্ট্রে প্রবেশ ও অবস্থান করিতে দেওয়া হয়। asylum ও immigration দ্র.।

political offence রাজনৈতিক অপরাধ রাজনৈতিক চরিত্রের অপরাধ যাহার জন্য কথিত অপরাধীকে একজন পলাতক আসামির ন্যায় দণ্ডদানার্থ প্রত্যর্পণ বা সমর্পণ করা যায় না। political party রাজনৈতিক দল সংবিধানের ১৫২ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, রাজনৈতিক দল বলিতে এমন একটি অধিসংঘ বা ব্যক্তিসমষ্টি অন্তর্ভুক্ত যে, অধিসংঘ বা ব্যক্তিসমষ্টি সংসদের অভ্যন্তরে বা বাহিরে স্বাতন্ত্র্যসূচক কোনো নামে কার্য করেন এবং কোনো রাজনৈতিক মতপ্রচারে বা কোনো রাজনৈতিক তৎপরতা পরিচালনার উদ্দেশ্যে অন্যান্য অধিসংঘ হইতে পৃথক কোনো অধিসংঘ হিসাবে নিজদিগকে প্রকাশ করেন। ৭০ অনুচ্ছেদ-অনুসারে, (১) কোনো নির্বাচনে কোনো রাজনৈতিক দলের প্রাথীরপে মনোনীত হইয়া কোনো ব্যক্তি সংসদ-সদস্য নির্বাচিত হইলে তিনি যদি উক্ত দল হইতে পদত্যাগ করেন, অথবা সংসদে উক্ত দলের বিপক্ষে ভোটদান করেন, তাহা ररेल সংসদে তাঁহার আসন শূন্য হইবে। ইহার ব্যখ্যায় বলা হইয়াছে যে, यपि কোনো সংসদ-সদস্য, যে-দল তাঁহাকে নির্বাচনে প্রার্থীরূপে মনোনীত করিয়াছেন, সেই দলের নির্দেশ অমান্য করিয়া— (ক) সংসদে উপস্থিত থাকিয়া ভোটদানে বিরত থাকেন, অথবা (খ) সংসদের কোনো বৈঠকে অনুপস্থিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত দলের বিপক্ষে ভোটদান করিয়াছেন বলিয়া গণ্য হইবেন। (২) যদি কোনো সময়ে কোনো রাজনৈতিক দলের সংসদীয় দলের নেতৃত্ব সম্পর্কে কোনো প্রশ্ন উঠে তাহা হইলে সংসদে সেই দলের সংখ্যাগরিষ্ঠ সদস্যের নেতৃত্বের দাবিদার কোনো সদস্য কর্তৃক লিখিতভাবে অবহিত হইবার সাত দিনের মধ্যে স্পিকার সংসদের কার্যপ্রণালি বিধি-অনুযায়ী উক্ত দলের সকল সংসদ-সদস্যের সভা আহ্বান করিয়া বিভক্তি ভোটের মাধ্যমে সংখ্যাগরিষ্ঠ ভোটের দ্বারা উক্ত দলের সংসদীয় নেতৃত্ব নির্ধারণ করিবেন এবং সংসদে ভোটদানের ব্যাপারে অনুরূপ নির্ধারিত নেতৃত্বের নির্দেশ যদি কোনো সদস্য অমান্য করেন তাহা হইলে তিনি (১) দফার অধীন উক্ত দলের বিপক্ষে ভোটদান করিয়াছেন বলিয়া গণ্য হইবে এবং সংসদে তাঁহার আসন শূন্য হইবে। (৩) যদি কোনো ব্যক্তি নির্দলীয় প্রার্থীব্ধপে সংসদ-সদস্য নির্বাচিত হইবার পর কোনো রাজনৈতিক দলে যোগদান করেন, তাহা হইলে তিনি এই অনুচ্ছেদের উদ্দেশ্যসাধনকল্পে উক্ত দলের মনোনীত প্রার্থীরূপে সংসদ-সদস্য নির্বাচিত হইয়াছেন বলিয়া গণ্য হইবে। রাজনৈতিক দলগুলির ভিতরে স্বচ্ছতাবৃদ্ধির জন্য নির্বাচন কমিশন রাজনৈতিক দলগুলির নিবন্ধনের জন্য কিছু বিধিমালা প্রণয়ন করিয়াছে। কিন্তু কিছু কিছু ক্ষুদ্র রাজনৈতিক দল ছাড়া প্রধান রাজনৈতিক দলগুলি ইহাতে কোনো উৎসাহ দেখায় নাই।

political prisoner রাজনৈতিক বন্দি রাজনৈতিক অপরাধের কারণে আটককৃত বা বন্দি বাক্তি।

political questions রাজনৈতিক প্রশ্ন রাজনৈতিক বিষয়সমূহ আদালত কর্তৃক নিম্পন্ন হওয়া উচিত নয় এই কারণে যে, এই সিদ্ধান্তসমূহ সরকারের অন্য বিভাগ হইতে সংঘটিত হয় এবং অন্য কোনো কারণে তাহা বিচারবিভাগীয় সিদ্ধান্তের মাধ্যমে সমাধানযোগ্য নয়। যেসব বিষয় সরকারের আইন বিভাগ বা নিবাহী বিলাগ্য স্ববিবেচনাপ্রসূত ক্ষমতার অন্তর্ভুক্ত, তাহা আদালতকর্তৃক বিবেচিত হয় না।

political rights রাজনৈতিক অধিকার সরকার-পরিচালনায় বা সরকার-গঠনকটে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশগ্রহণ রাজনৈতিক অধিকারের পর্যায়ভূক। ফেন, ভোটাধিকার।

polling agent নির্বাচনী প্রতিনিধি নির্বাচনী বিধি-অনুসারে নির্বাচনপ্রার্থী কোনো নির্বাচনী এলাকার জন্য তাঁহার পক্ষে প্রতিনিধি হিসাবে যাঁহাকে নিয়োগ করেন।

poll tax যাথট, মাথাপিছু কর community charge দ্র.।

pollution

n. দৃষণ বি. যে-কার্যের দারা পরিবেশ দৃষিত হয়। ১৯৯৫ সানের পরিবেশ সংরক্ষণ আইনের ২(খ) ধারা-অনুসারে, বায়ু, পানি, মাটির তাপ, স্বাদ, গন্ধ, ঘনত্ব বা উহাদের অন্যান্য বৈশিষ্ট্য পরিবর্তনসহ বায়ু, পানি বা মাটি দৃষিতকরণ বা উহাদের ভৌতিক, রাসায়নিক বা জৈবিক গুণাবলির পরিবর্তন, অথবা বায়ু, পানি, মাটি বা পরিবেশের অন্য কোনো উপাদানের মধ্যে তরল, গ্যাসীয়, কঠিন, তেজক্রিয় বা অন্য কোনো পদার্থের নির্গমনের মাধ্যমে বায়ু, পানি, মাটি, গবাদি পত, বন্যপ্রাণী, পাখি, মৎস্য, গাছপালা বা অন্য সকল ধরনের জীবনসহ জনস্বাস্থ্যের প্রতি এবং গৃহকর্ম ও বাণিজ্য, শিল্প, কৃষি, বিনোদন ও অন্যান্য ব্যবহারিক ক্ষেত্রে ক্ষতিকর, অহিতকর বা ধরংসাত্মক কার্য।

polygamy n. বছবিবাহ বি. একসঙ্গে একাধিক স্ত্রী বা স্থামী থাকিবার প্রথা। ১৯৬১ সালের মুসলিম পারিবারিক অধ্যাদেশের ৬ ধারা-অনুসারে, পূর্বে সালিশ পরিষদের নিকট হইতে লিখিত অনুমতি না লইয়া কোনো পুরুষ একটি বিবাহ বলবং থাকাকালে আরেকটি বিবাহ করিতে পারিবেন না এবং এইরূপ অনুমতি বাতীত কোনো বিবাহ হইলে তাহা রেজিন্ত্রি করা যাইবে না । উক্তরূপ অনুমতির জন্য নির্ধারিত পদ্ধতিতে চেয়ারম্যানের নিকট আবেদন করিতে হইবে এবং আবেদনপত্রে প্রস্তাবিত বিবাহের কারণ এবং বর্তমান স্ত্রী বা স্ত্রীগণের সম্মতি লইয়াছেন কি না, তাহা উল্লেখ করিতে হইবে । আবেদনপত্র পাইবার পর চেয়ারম্যান আবেদনকারী ও তাঁহার বর্তমান স্ত্রী বা স্ত্রীগণের প্রত্যেককে তাঁহাদের নিজ নিজ প্রতিনিধি মনোনয়ন করিতে বলিবেন এবং এইরূপে গঠিত সালিশ পরিষদ যদি মনে করে যে, প্রস্তাবিত বিবাহটি প্রয়োজন ও ন্যায়সংগত তাহা হইলে, সংগত কোনো শর্ত যদি থাকে তৎসাপেক্ষে, প্রার্থীর অনুমতি মনজুর করিতে পারেন । আবেদনপত্র সম্পর্কে সিদ্ধান্তগ্রহণের সময়ে সালিশ পরিষদ উহার সিদ্ধান্তের কারণসমূহ লিপিবদ্ধ করিবেন এবং কোনো পক্ষ নির্ধারিত ফি দিয়া নির্ধারিত পদ্ধতিতে সংশ্রিষ্ট সহকারী জজের নিকট পুনর্বিচারের আবেদন করিতে

ьом portion

পারিবেন এবং সহকারী জজের সিদ্ধান্তই চূড়ান্ত বিনিয়া গণ্য হইবে এবং উহার বৈধতা সম্পর্কে কোনো আদালতে প্রশ্ন উথাপন করা যাইবে না। উক্ত অধ্যাদেশের ৬(৫) ধারা-অনুসারে, সালিশ পরিষদের অনুমতি ব্যতীত পুরুষ আরেকটি বিবাহ করিলে, তাঁহাকে অবিলম্বে তাঁহার বর্তমান প্রী বা স্ত্রীগণের তাৎক্ষণিক বা বিলম্বিত সমস্ত দেনমোহরের টাকা পরিশোধ করিতে হইবে এবং পরিশোধ করা না হইলে উহা বকেয়া ভূমি-রাজস্বের ন্যায় আদায় করা যাইবে এবং অভিযোগক্রমে দোষী সাব্যস্ত হইলে তিনি এক বংসর পর্যন্ত বিনাশ্রম কারাদও এবং দশ হাজার টাকা জরিমানা অথবা উভয়প্রকার দণ্ডে দওনীয় হইবেন। ইংল্যান্ডের আইনে কোনো বিবাহকে প্রকৃত বহুবিবাহ বলিয়া গণ্য করা হয় যদি কোনো ব্যক্তির একাপ্রি বা স্বামী থাকে এবং সঞ্জবনাপূর্ণ বহুবিবাহ গণ্য করা হয় যদি তাঁহার এক স্ত্রী বা স্বামী থাকিলেও এমন আইনব্যবস্থায় তাঁহার বিবাহ অনুষ্ঠিত হইয়াছে যাহাতে বহুবিবাহ অনুমাদিত। ইংল্যান্ডে কোনোপ্রকার বহুবিবাহ আইনসম্মতভাবে অনুষ্ঠিত হইতে পারে না। যদি ইয় বিদেশে অনুষ্ঠিত হয়, তাহা হইলে তাহা স্বীকৃত হইবে যদি বিবাহ-অনুষ্ঠানের সময়ে স্বামী-ব্রীর মধ্যে কেহ ইংল্যান্ডে নিবাসী থাকিলে তদ্ধপ বিবাহ পণ্ড ইইবে।

port n. বন্দর বি. সমুদ্রের সহিত সংযোগ আছে এমন কোনো স্থান বা শহর, যেখানে জাহাজ সুবিধাজনকভাবে প্রবেশ করিতে পারে এবং যেখানে মালামাল বোঝাই ও খালাস করা যাইতে পারে। জাহাজভাড়ার চুক্তিতে ও নৌবিমাপত্রে বন্দর শব্দটি নৌবাণিজ্যে যে-অর্থে ব্যবহৃত হয় সেভাবেই ব্যাখ্যাত হয়। ১৯০৮ সালের বন্দর আইনের ২(৪) ধারা-অনুসারে, যে-নদী ও খাড়িতে ওই আইন আপাতত বলবৎ আছে, তাহাও বন্দরের অন্তর্ভক।

portion n. বরাদ্দ বি. উত্তরাধিকারের অংশ বি. পিতা বা মাতা বা পিতৃমাতৃস্থানীয় কোনো ব্যক্তি তাঁহার শিশুসন্তানের স্থায়ী সংস্থানের বা তাঁহাকে জীবনে প্রতিষ্ঠিত করিবার জন্য প্রদত্ত অর্থ) যেতহবিল বা অন্য সম্পত্তি দান করিয়া যান বা রাখিয়া যান। যে-অর্থ শিশুর ভরণপোষণ বা শিক্ষা বা তাহার আয়বৃদ্ধির জন্য বরাদ্দ করা হয়, তাহা উহার মধ্যে পড়ে না। ইচ্ছাপত্রকারীর মৃত্যুর পর তদ্রূপ অংশ অগ্রাহ্য করিবার অভিপ্রায় তাঁহার ছিল না, এই মর্মে যদি কোনো প্রমাণ না থাকে, তবে উত্তরদায় বন্টনের সময়ে তদ্রুপ অংশ উত্তরদায়ের অন্তর্ভুক্ত করিতে হইবে, নচেৎ তাহা উত্তরদায়টিকে ব্রাস করিয়াছে বলিয়া অনুমিত হইবে। মুসলিম আইনে বা হিন্দু আইনে পিতামাতার জীবিতকালে কোনো সন্তানকে কোনো সম্পত্তি দান করিয়া গেলে তাঁহাদের মৃত্যুর পর ওই সম্পত্তি বন্টন-বহির্ভূত থাকে।

positive discrimination স্পষ্ট বৈষম্য সুযোগবঞ্চিত বিবেচনায় একশ্রেণীর লোকক অপরশ্রেণীর লোক হইতে স্বতন্ত্রভাবে আনুকৃল্য প্রদর্শন। স্পষ্ট বৈষম্য বেআইনি, কারণ ইহা স্বয়ং বৈষম্যমূলক, তবে কোনো নির্দিষ্ট জনগোষ্ঠীকে উৎসাহদানকারী কর্ম আইনে অনুমোদিত। এইরূপে স্ত্রীলোক ও জাতিগত সংখ্যালঘূকে স্বাগত জানান হইবে, এই মর্মে চাকুরির জন্য বিজ্ঞপ্তি প্রদান করা আইনসম্মত, কিন্তু অনেকক্ষেত্রেই শুধু জাতিগত উৎপত্তি বা লিঙ্গের কারণে কোনো প্রার্থীকে কোনো পদের জন্য বাছাই করা অনুমোদিত হইবে না। সংবিধানের ২৮ অনুশ্রুদে বৈষমা-প্রদর্শন নিষিদ্ধ হইলেও নারী বা শিশুদের অনুকৃলে কিংবা নাগরিকদের যে-কোনো অনগ্রসর অংশের অগ্রগতির জন্য রাষ্ট্রকর্তৃক বিশেষ বিধান-প্রণয়ন করা অনুমোদিত হইরাছে।

positive law মৌলিক আইন natural law দ্ৰ.।

possession n. দখল বি. কোনো বস্তুর উপর কোনো ব্যক্তির নিয়ন্ত্রণ এবং তৎকর্তৃক ব্যবহার। উক্ত দখলের ব্যাপারে যদি উল্লিখিত ব্যক্তির অধিকার থাকে, তবে তাহাকে দখলের অধিকার বলে। দখলের দুই ধরনের গুরুত্ব আছে: ইহা মানিকানার সাক্ষ্য এবং ইহা অধিকারের ভিত্তি। ঠিক বা বেঠিকভাবে নিজস্ব মনে করিয়া দখলব্যবহারের অভিপ্রায়সহ সম্পত্তির প্রকৃত নিয়ন্ত্রণ। ভূমির ক্ষেত্রে যখন মানিক তাহাতে প্রবেশ করেন, তাহা প্রকৃত দখল হইতে পারে অথবা যখন তাঁহার প্রবেশের অধিকার থাকা সত্ত্বেও তাহাতে প্রবেশ করেন নাই, তখন আইনত দখল ইইবে। খাজনা ও মুনাফা লাভ করা বা লাভের অধিকার দখলের অন্তর্ভুক্ত। এতৎসহ quiet possession দ্রা.।

possessor n. দখলদার বি. কোনো কারখানা বা প্রাঙ্গণের ক্ষেত্রে, উহার বিষয়াবলি নিয়ন্ত্রণকারী কোনো ব্যক্তি এবং কোনো পদার্থের ক্ষেত্রে উহার উপর অধিকারসম্পন্ন কোনো ব্যক্তি।

possessory lien দখলি পূর্বস্থ lien দ্র.।

possessory title দর্খলি স্বত্ব শুধু নির্দিষ্ট সময়ের বিরুদ্ধদর্যল বা ক্রটিযুক্ত স্বত্বের দলিলসহ দখলদ্বারা প্রমাণ করা যায়, এইরূপ মালিকানা। তামাদি আইনের প্রথম তফসিলের ১৪২ অনুচ্ছেদ-অনুসারে, কোনো স্থাবর সম্পত্তি হইতে দখলচ্যুত হইবার বারো বৎসরের মধ্যে দখল উদ্ধারের জন্য অথবা ওই তফসিলের ১৪৪ অনুচ্ছেদ-অনুসারে কোনো স্থাবর সম্পত্তিতে কোনো ব্যক্তি বিরুদ্ধদর্যল দাবি করিলে অদুপ দাবির বারো বৎসরের মধ্যে দখল উদ্ধারের জন্য মামলা দায়ের করিতে হয়, নচেৎ ওই আইনের ২৮ ধারার বিধান-অনুসারে প্রকৃত মালিকের স্বত্ব লুপ্ত হয় এবং দখলকারের মালিকানা স্বত্ব সৃষ্টি হয়।

possibility n. সম্ভাবনা বি. যে-ঘটনা ঘটিতে পারে বা নাও ঘটিতে পারে। স্থাবর বা ব্যক্তিগত সম্পত্তিতে কোনো ঘটনাসাপেক্ষ স্বার্থ। (ভূমি আইনে) অনিচ্চিত ভবিষ্যৎ ঘটনার উপর নির্ভরশীল ভূমিস্বার্থ। ওধু সম্ভাবনা; যেমন, উত্তরাধিকারের সম্ভাবনা। অর্থাৎ জীবিত কোনো ব্যক্তির কৃত কোনো ইচ্ছাপত্রমারের ইচ্ছাপত্রটি বাতিল করিবার পূর্বে মৃত্যুর উপর নির্ভরশীল) সম্পত্তিতে কোনো আইনি বা ন্যায়পর স্বার্থ সৃষ্টি করে না। কিন্তু স্বার্থযুক্ত কোনো সম্ভাব্যতা (যেমন কোনো দলিলে 'ক'-কে জীবনস্বতু এবং 'ক'-য়ের মৃত্যুর সময়ে 'গ' জীবিত থাকিলে 'খ'-কে পূর্ণস্বত্ব প্রদান করা হইলে) ইচ্ছাপত্র বা অন্য দলিলমূলে হন্তান্তর করা যায়। সম্পত্তি-হন্তান্তর আইনের ৬ ধারা-অনুসারে, সম্ভাব্য উত্তরাধিকারীর সম্পত্তিলাভের সম্ভাবনা, কোনো ব্যক্তির মৃত্যুর পর তাহার ইচ্ছাপত্রমূলে সম্পত্তিলাভের সম্ভাবনা, কোনো ব্যক্তির মৃত্যুর করা যায় না। এতৎসহ possibility of reverter ও tenant in tail after possibility of issue extinct দ্র.।

possibility and probability সন্তাবনা ও সন্তাব্যতা কোনো কিছু বা কোনো ফলাফল কেবল সম্ভব হইলেও তাহাকে সম্ভাব্য বা স্বাভাবিক বলা যায় না, কারণ, সম্ভাব্য বিষয় বা ঘটনা ঘটিবার সম্ভাবনা বেশি বলিয়া অনুমান করা যায়। যে-বিষয়ে সম্ভাবনা রহিয়াছে তাহা কখনো নাও ঘটিতে পারে, কিছু যে-সকল বিষয় সম্ভাব্য বা স্বাভাবিক তাহা ঘটিয়া থাকে এবং এমন বারবার ঘটে বা নিয়মিতভাবে ঘটে যে, তাহা যথাযথ সিদ্ধান্তের বিষয় হইতে পারে।

possibility of reverter পরাবৃত্তভোগীর প্রত্যাবর্তনের সম্ভাবনা কোনো নির্দিষ্ট ঘটনা (যাহা নাও ঘটিতে পারে) ঘটা পর্যন্ত শর্তে যে-ব্যক্তি কোনো ভূমি অন্য কোনো ব্যক্তির বরাবরে হস্তান্তর করিয়াছেন, তাঁহার স্বার্থ। ভবিষ্যুৎ ঘটনা ঘটিলে অন্রপ শর্তসাপেক্ষ স্বার্থ স্বয়ংক্রিয়ভাবে সমাপ্ত হইবে এবং আইনগত স্বার্থ দাতার নিকট প্রভাবর্তন করিবে। এইভাবে 'ক' যখন 'খ'-য়ের নিকট তাঁহার বিবাহ না করা পর্যন্ত শর্তে সম্পত্তি-হন্তান্তর করেন, তখন 'ক'-য়ের ওই সম্পত্তি ফেরৎ পাইবার সম্ভাবনা থাকে যখন 'খ' বিবাহ করেন, 'খ' অবিবাহিত অবস্থায় মারা গেলে সম্পত্তি ফেরত পাইবার সম্ভাবনা লুপ্ত হয়)। সম্পত্তি-হন্তান্তর আইনের ২১ ধারা-অনুসারে, যখন সম্পত্তি-হন্তান্তরক্রমে কোনো ব্যক্তির অনুকূলে এই শর্তে স্বার্থ সৃষ্টি করা হয় যে, কোনো নির্দিষ্ট অনিশ্চিত ঘটনা ঘটিলে বা কোনো নির্দিষ্ট অনিশ্চিত ঘটনা না ঘটিলে উক্ত স্বার্থ উক্ত ব্যক্তির উপর বর্তাইবে, তখন উক্ত ব্যক্তি সম্পত্তিতে শর্তাধীন স্বার্থ লাভ করে। পূর্ববর্তী ক্ষেত্রে ঘটনাটি ঘটা অসম্ভব হইয়া পড়িলে এইরূপ স্বার্থ কার্মেমি স্বার্থ বলিয়া গণ্য হয়। তবে যখন কোনো সম্পত্তি-হন্তান্তরের কারণে কোনো ব্যক্তি একটি নির্দিষ্ট বয়ঃসীমায় পৌছিবার পর উক্ত

せりそ

সম্পত্তিতে স্বত্বান হন এবং তাঁহার উক্ত বয়ঃসীমায় পৌছা পর্যন্ত সময়ের উক্ত বার্থ হইতে যে-আয় হইবে তাহার সম্পূর্ণ বা প্রয়োজনীয় অংশ দাতা তাঁহাকে শর্তহীনতাবে প্রদান করেন, অথবা তাঁহার হিতার্থে প্রয়োগের জন্য নির্দেশ প্রদান করেন, তখন উক্ত স্বার্থ শর্তাধীন বলিয়া গণ্য হয় না। settled land দ্র.।

postage n. ডাকমান্ডল বি. দেওয়ানি কার্যবিধির ১৪৩ ধারা-অনুসারে, যে-সবল নোটিশ, সমন বা চিঠি ডাকে পাঠাইতে হইবে, সেইগুলির জন্য প্রয়োজনীয় ডাকটিকিটের খরচ ও রেজিস্ত্রি করিবার খরচ ওইগুলি প্রেরণের পূর্বেই নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হইবে। তবে শর্ড থাকে যে, সরকার ডাকটিকিট ও রেজিস্ত্রি খরচ হইতে অব্যাহতি দিতে পারেন অথবা উহার পরিবর্তে নির্দিষ্ট হারে কোর্ট ফি দিবার ব্যবস্থা করিতে পারেন। দেওয়ানি কার্যবিধির ৯ আদেশের ২ নিয়ম-অনুসারে, বাদী কোর্ট ফি বা ডাকমাণ্ডল না দিবার ফলে বিবাদীর উপর সমন জারি করা সম্বব না হইলে আদালত মামলা খারিজ করিতে পারেন।

post-mortem ময়না-তদন্ত কোনো ব্যক্তির মৃত্যুর পর ডাজার কর্তৃক তাঁহার দেরের প্রয়োজনীয় তদন্ত করা। প্রধানত পাঁচটি কারণে ময়না-তদন্ত করিতে হয়: মৃত্যুর কারণ নির্ণয় অর্থাৎ মৃত্যুটি স্বাভাবিক কি না, তাহা নিরূপণ; মৃত্যুর প্রকৃতি নির্ধারণ অর্থাৎ মৃত্যুটি কীভাবে হইয়াছে আত্মহত্যা, না দুর্ঘটনা, না অন্য কিছু, তাহা নির্ধারণ; মৃত ব্যক্তিকে শনাক্তকরণ; মৃত্যুর সময় নিরূপণ; এবং সদ্যুভ্মিষ্ঠ শিশুটির জীবিতজন্ম না মৃতজন্ম বা বাঁচিয়া থাকা সম্ভব কি না, তাহা জানা। একজন ডাজার যে-কোনো মৃতদেহের ময়না-তদন্ত করিতে পারেন না বা করেন না। এইজন্য সুষ্ঠু বিচারের স্বার্থে ডাজারকে পুলিশ-কর্তৃপক্ষ অথবা বিচারক কর্তৃক কোনো মৃতের দেহ ময়না-তদন্তের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ কর্তৃত্ব প্রদান করিতে হয়।

post-mortem report ময়না-তদন্তের প্রতিবেদন মৃত্যুর কারণ নির্ণয় করিয় (য়প্রতিবেদন দেওয়া হয়। ফৌজদারি কার্যবিধির ৫০৯ক ধারা-অনুসারে, য়ে-ক্ষেত্রে
কোনো তদন্তে, বিচারে অথবা অপরাপর কার্যক্রমে ময়না-তদন্তের প্রতিবেদন সাফা
হিসাবে ব্যবহার করা দরকার হয় এবং য়ে-সিভিল সার্জন অথবা অন্যকোনো ডাজার
য়িনি ময়না-তদন্ত করিয়াছিলেন, তিনি য়িদি মারা য়ান অথবা সাক্ষাদানে অপারণ হন
অথবা বাংলাদেশের বাহিরে অবস্থান করেন এবং তাঁহাকে অবস্থার পরিপ্রেক্ষিতে
অমৌক্তিক বিলম্ব বা অতিরিক্ত বয়য় ছাড়া উপস্থিত করা না য়য়, সেক্ষেত্রে উক্ত
প্রতিবেদন সাক্ষ্য হিসাবে গ্রহণ করা য়াইবে। এতৎসহ post-mortem দ্র.।

postnuptial settlement বিবাহোত্তর বন্দোবস্ত marriage settlement দ্র.।

post-shipment credit জাহাজিকরণ-উত্তর ঋণ রপ্তানিকারককে অধিকতর রপ্তানিতে উদুদ্ধকরণের জন্য বহনপত্র বা অন্য কোনো সমজাতীয় দলিলের ভিত্তিতে ব্যাংক যে-ঋণ প্রদান করে। power of arrest

power n. ক্ষমতা বি. কোনো কাজ করা বা না করা হইতে নিবৃত্ত করিবার আইনি বিবেচনা। যথন ক্ষমতা অপর ব্যক্তির অধিকার ধর্ব করে (যেমন, অছির ক্ষমতা এবং প্রশাসনিক ক্ষমতা), তখন তাহার ব্যবহার সম্পর্কে আদালতে নালিশ করা যায়। কোনো কাজ কোনো দলিলে (যেমন, ন্যাস দলিল বা সংবিধিতে) নির্দিষ্টকৃত ক্ষমতাবহির্ভূত হইলে যেমন তাহা বাতিল হয়, তেমনি ক্ষমতার অপব্যবহার (যেমন, অনুচিত উদ্দেশ্যপ্রণোদিতভাবে অথবা খামথেয়ালিভাবে অবান্তর বিষয় বিবেচনায় গ্রহণপূর্বক) কোনো কাজ করা হইলে তাহাও বাতিল হয়। ultra vires দ্র.।

power in the nature of trust ন্যাসের ন্যায় ক্ষমতা trust power দ্র. ৷

power of appointment নিয়োগের ক্ষমতা নিজের নয় এইরূপ সম্পত্তি বিক্রয়ের জন্য সম্পত্তির মালিকের নির্দেশিত বাধ্যবাধকতার মধ্যে পরিচালনার জন্য কোনো ব্যক্তিকে প্রদন্ত ক্ষমতা (ইহাকে কখনো কখনো নিছক বা নপ্ল ক্ষমতা বলা হয়)। সম্পত্তির মালিক (ক্ষমতাদাতা বা নিয়েজা) অপর কোনো ব্যক্তিকে (ক্ষমতাপ্রাপ্ত বা নিয়োগী) তাঁহার পছন্দানুয়ায়ী কাহাকেও (প্রাপক) সম্পত্তি প্রদান করিবার ক্ষমতা অর্পণ করেন। এইরূপ ক্ষমতা সর্ববাপী (যাহার অধীনে ক্ষমতাপ্রাপ্ত বা নিমুক্ত ব্যক্তিকর্তৃক বা অন্য কোনো ব্যক্তিকে নিযুক্ত করা যায়) হইতে পারে, বিশেষও (দাতার বর্গের মধ্যে মাত্র নিযুক্ত করা যায়) হইতে পারে। নিযুক্ত ব্যক্তির ক্ষমতা খুবই সীমাবদ্ধ, ন্যাসের হিতথাহীদের ক্ষমতা হইতেও সীমাবদ্ধ। প্রদন্ত ক্ষমতার ক্ষেত্রে শঠতাক্রমে অথবা দাতার মনোনীত বর্গের বাহিরে নিয়োগদান করিলে তদ্দেপ নিয়োগ পও হয়। trust power ত্ব.।

power of arrest গ্রেপ্তারের ক্ষমতা আমলযোগ্য অপরাধের ক্ষেত্রে ফৌজদারি কার্যবিধির দ্বিতীয় তফসিলে বা বর্তমানে বলবৎ যে-কোনো আইনে বর্ণিত ক্ষেত্রে একজন পুলিশ-কর্মকর্তা আসামিকে বিনা পরওয়ানায় গ্রেপ্তার করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ৫৪ ধারা-অনুসারে, (১) যে-কোনো পুলিশ-কর্মকর্তা ম্যাজিট্রেটের আদেশ অথবা ওয়ারেন্ট ব্যতীত নিম্নলিখিত ব্যক্তিগণকে গ্রেপ্তার করিতে পারেন: প্রথমত, কোনো আমলযোগ্য অপরাধের সহিত জড়িত কোনো ব্যক্তি অথবা এইরূপে জড়িত বলিয়া যাঁহার বিরুদ্ধে মুক্তিসংগত অভিযোগ করা হইয়াছে অথবা বিশ্বাসযোগ্য থবর পাওয়া গিয়াছে অথবা যুক্তিসংগত সন্দেহ রহিয়াছে; দ্বিতীয়ত, আইনসংগত অজুহাত ব্যতীত যাঁহার নিকট ঘর ভাঙ্গিবার কোনো সরক্কাম রহিয়াছে, সেইরূপ ব্যক্তি (এই আইনসংগত অজুহাত প্রমাণ করিবার দায়িত্ব তাঁহার); তৃতীয়ত, এই কার্যবিধি-অনুসারে অথবা সরকারের আদেশদারা যাঁহাকে অপরাধী বলিয়া ঘোষণা করা হইয়াছে; চতুর্মত, চোরাই বলিয়া যুক্তিসংগতভাবে সন্দেহ করা যাইতে পারে, এইরূপ মাল যাঁহার নিকট রহিয়াছে এবং যিনি এইরূপ মাল সম্পর্কে কোনো অপরাধ করিয়াছেন বলিয়া যুক্তিসংগতভাবে সন্দেহ করা যাইতে পারে; পঞ্চমত, পুলিশ-

কর্মকর্তাকে তাঁহার কার্যে বাধাদানকারী ব্যক্তি অথবা যে-ব্যক্তি আইনসংগত হেমজত হইতে পলায়ন করিয়াছেন অথবা পলায়নের চেষ্টা করেন: ষষ্ঠত, বাংলাদেশ প্রতিরহা বাহিনী হইতে পলায়নকারী বলিয়া যাঁহাকে যক্তিসংগতভাবে সন্দেহ করা ঘাইতে পারে: সপ্তমত, বাংলাদেশে যে-কার্যটি করা হইলে অপরাধ হিসাবে শান্তিযোগ্য ইইত, বাংলাদেশের বাহিরে কৃত এইরূপ কোনো কার্যের সহিত জড়িত ব্যক্তি অথবা এইরূপে জড়িত বলিয়া যাঁহার বিরুদ্ধে যুক্তিসংগত অভিযোগ করা হইয়াছে অথবা বিশ্বাসযোগ্য খবর পাওয়া গিয়াছে অথবা যক্তিসংগত সন্দেহ রহিয়াছে এবং যাহার জন্য তিনি প্রত্যর্পণ-সম্পর্কিত কোনো আইন অথবা ১৮৮১ সালের পলাতক অপরাধী আইন-অনুসারে অথবা অন্য কোনোভাবে বাংলাদেশে গ্রেপ্তার হইতে অথবা হেফাঙ্গতে আটন থাকিতে বাধ্য: অষ্টমত, কোনো মুক্তিপ্রাপ্ত আসামি যিনি ৫৬৫ ধারায় (৩) উপ-ধারা অনুসারে নিয়ম লজ্ঞান করেন; নবমত, যাঁহাকে গ্রেপ্তারের জন্য অপর কোনো পুলিশ-কর্মকর্তার নিকট হইতে অনুরোধপত্র পাওয়া গিয়াছে, যদি যাঁহাকে গ্রেপ্তার করা হইবে তিনি এবং যে-অপরাধে অথবা অন্য যে-কারণে গ্রেপ্তার করা হইবে সে-সম্পর্কে উজ পত্রে সম্পষ্ট তথ্য থাকে এবং তাহা হইতে প্রতীয়মান হয় যে, যিনি অনুরোধপত্র প্রেরণ করিয়াছেন, সেই কর্মকর্তা উক্ত ব্যক্তিকে আইনসংগতভাবে বিনা পরওয়ানায় গ্রেপ্তার করিতে পারেন।

power of attorney মোক্তারনামা বি. মোক্তারনামা একখানি লিখিত দলিন। ইহার দারা একজন অন্য আরেকজনকে ক্ষমতা প্রদান করেন। যাঁহাকে ক্ষমতা প্রদান কর হয় তাঁহাকে অ্যাটর্নি বা মোক্তার বলা হয়। যিনি ক্ষমতা প্রদান করেন তাঁহার পক হইতে অ্যাটর্নি বা যোক্তার কাজ করেন। স্ট্যাম্প আইনের ২ (১১) ধারায় বলা হইয়াছে যে, মোক্তারনামার মধ্যে সেই দলিল অন্তর্ভুক্ত যাহা একটি বিশেষ ব্যক্তিকে ওই দলিলের সম্পাদকের পক্ষে এবং নামে কাজ করিবার ক্ষমতা দেয়। ক্ষমতাপ্রদানকারী তাঁহার সমস্ত সম্পত্তি বা কোনো বিশেষ সম্পত্তি বা কোনো মামলায় তাঁহার পক্ষে যাবতীয় কার্যপরিচালনার জন্য পাওয়ার অফ অ্যাটর্নি বা মোজারনামা প্রণয়ন করিতে পারেন। মোক্তারনামার সম্পাদন ম্যাজিস্ট্রেট বা নোটারি পার্বনিঞ্ কর্তৃক প্রত্যয়ন করা যায়, কিন্তু স্থাবর সম্পত্তির হস্তান্তর-দলিল সম্পাদন ও নিবন্ধন করিবার জন্য প্রদত্ত মোক্তারনামা সংশ্রিষ্ট এলাকার সাবরেজিক্টার-দ্বারা প্রত্যয়ন করাইতে হয়। মোক্তারনামা দুই প্রকার: যথা (১) আমমোক্তারনামা এবং (২) খাসমোক্তারনামা। আমমোক্তারনামার দারা ব্যাপক ক্ষমতা দেওয়া হয় এবং খাসমোক্তারনামার দারা বিশেষ ক্ষমতা দেওয়া হয়। সাক্ষা আইনের ৮৫ ধারায় বলা হইয়াছে, আমমোক্তারনামা বলিয়া যাহা বুঝিতে দেওয়া হয় এবং যাহা কোনো নোটারি পাবলিক বা কোনো আদালত, জজ, ম্যাজিস্ট্রেট, কঙ্গাল বা ভাইসকঙ্গাল অথবা সরকারের কোনো প্রতিনিধির সম্মুখে সম্পাদিত হইয়াছে বলিয়া বৃঝিতে দেওয়া হয়, তাহা অনুরূপভাবে সম্পাদিত ও প্রত্যয়িত হইয়াছে বলিয়া আদালত অবশ্যই ধরিয়া লইবেন। নিবন্ধন আইনের ৩২ ধারায় মোক্তারনামার নিবন্ধন সম্পর্কে বলা হইয়াছে। power of sale বিক্রয়ের ক্ষমতা বন্ধক-মুক্তির চুক্তিকৃত তারিখের মধ্যে ঋণপরিশোধে বন্ধকদাতা ব্যর্থ হইলে বন্ধকগ্রহীতার বন্ধকি সম্পত্তি বিক্রয়ের অধিকার। সম্পত্তি-হস্তান্তর আইনের ৬৯ ধারা-অনুসারে, যে-ক্ষেত্রে বন্ধকটি ইংলিশ বন্ধক এবং পক্ষগণ হিন্দু, মুসলমান, বৌদ্ধ বা সরকার কর্তৃক বিজ্ঞাপিত কোনো ধর্মসম্প্রদায় ইত্যাদির অন্তর্ভুক্ত নন, যে-ক্ষেত্রে বন্ধকগ্রহীতাকে আদালতের হস্তক্ষেপ ব্যতীত বিক্রয়ের ক্ষমতা বন্ধক-দলিলে সুম্পষ্টভাবে দেওয়া হইয়াছে এবং গ্রহীতা স্বয়ং সরকার হয় অথবা তফসিলভুক্ত ব্যাংক হয়; যে-ক্ষেত্রে আদালতের হস্তক্ষেপ ছাড়া বিক্রয়ের ক্ষমতা বন্ধক-দলিলে সুস্পষ্টভাবে দেওয়া থাকে এবং বন্ধক-দলিল সম্পাদনের তারিখে বন্ধকি সম্পত্তি বা উহার অংশবিশেষ ঢাকা শহরে অথবা সরকার কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোনো শহরে অবস্থিত, সেইসকল ক্ষেত্রে আসল টাকা পরিশোধের জন্য বন্ধকদাতাকে লিখিত বিজ্ঞপ্তিপ্রদানের তিনমাসের মধ্যে আসল টাকা বা তাহার অংশ পরিশোধে ব্যর্থ হইলে অথবা বন্ধকসম্পর্কিত অন্ততপক্ষে পাঁচশত টাকার সুদ পরিশোধ্য হইবার তিনমাস যাবৎ তাহা পরিশোধ করা না হইলে বন্ধকগ্রহীতা বন্ধকি সম্পত্তি বিক্রয় করিতে পারেন। উক্ত আইনের ৬৭ ধারা-অনুসারে. বিপরীত কোনো চুক্তির অবর্তমানে, বন্ধকের টাকা পরিশোধযোগ্য হইবার পর যে-কোনো সময়ে এবং সম্পত্তি বন্ধকমুক্ত করিবার ডিক্রিপ্রাণ্ডির অথবা বন্ধকের টাকা পরিশোধ করিবার বা নির্ধারিতভাবে আদালতে জমা দিবার পূর্বে বন্ধকগ্রহীতা আদালত হইতে বন্ধকি সম্পত্তি বিক্রয়ের আদেশ পাইতে পারেন।

power of search তল্লাশির ক্ষমতা কোনো ব্যক্তিকে বা সম্পত্তিতে তল্লাশি চালাইবার আইনি ক্ষমতা। কোনো বেসরকারি লোকের তল্লাশি করিবার ক্ষমতা নাই যাহা মাত্র আইনবলে পুলিশ বা অন্য কোনো সরকারি কর্মকর্তার আছে। ফৌজদারি কার্যবিধির ৫১ ধারা-অনুসারে, পুলিশ-কর্মকর্তা গ্রেপ্তারকৃত ব্যক্তিকে হেফাজতে গ্রহণ করিবার সময়ে তাঁহার দেহ তল্লাশি করিতে পারেন। উক্ত কার্যধারার ৯৮ ধারা-অনুসারে, ম্যাজিস্ট্রেট জাল দলিল, নকল করিবার বা জাল করিবার যন্ত্রপাতি, নকল সিল বা নকল টিকিট বা মুদ্রা, অশ্লীল বন্তু, চোরাই সম্পত্তির দখল গ্রহণ করিবার জন্য কোনো স্থানে প্রবেশ করিয়া তল্লাশি চালাইবার জন্য কনস্টেবল পদের উপরস্থ যে-কোনো পুলিশ-কর্মকর্তাকে ক্ষমতা দিতে পারেন। উক্ত কার্যবিধির ১০০ ধারা-অনুসারে, ম্যাজিস্ট্রেট বেআইনিভাবে আটক ব্যক্তিকে উদ্ধারের জন্য তল্লাশি পরওয়ানা প্রদান করিতে পারেন।

power of the Anti-Corruption Commission দুর্নীতি দমন কমিশনের ক্ষমতা ২০০৪ সালের দুর্নীতি দমন কমিশন আইনের ১৯(১) ধারা অনুসারে, দুর্নীতি-সম্পর্কিত কোনো অভিযোগের অনুসন্ধান বা তদন্তের ক্ষেত্রে, কমিশনের নিম্নর্নপ ক্ষমতা থাকিবে : (ক) সাক্ষীর সমন জারি ও উপস্থিতি নিশ্চিতকরণ এবং শপথের practice 535

মাধ্যমে সাক্ষীকে জিজ্ঞাসাবাদ করা; (খ) কোনো দলিল উদ্ঘাটন এবং উপস্থাপন করা; (গ) শপথের মাধ্যমে সাক্ষ্যগ্রহণ করা; (ঘ) কোনো আদালত বা অফিস হইতে পাবলিক রেকর্ড বা উহার অনুলিপি তলব করা; (ঙ) সাক্ষীর জিজ্ঞাসাবাদ বা দলিল পরীক্ষা করিবার জন্য পরওয়ানা জারি করা; এবং (চ) এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে, নির্ধারিত অন্য যে-কোনো বিষয়। (২) কমিশন যে-কোনো ব্যক্তিকে অনুসন্ধান বা তদন্ত সংশ্লিষ্ট বিষয়ে কোনো তথ্য সরবরাহ করিবার জন্য নির্দেশ দিতে পারিবেন এবং অনুরূপভাবে নির্দেশিত ব্যক্তি তাঁহার হেফাজতে রক্ষিত উক্ত তথ্য সরববাহ করিতে বাধা থাকিবেন।

- practice n. ১. রীভি, রেওয়াজ বি. কোনো আইনসম্বত অধিকার বলবৎ করিবার জন্য যে-পদ্ধতি অনুসরণ করিতে হয়। ইহা কার্যধারার সহিত সমার্থক বলিয়া বিবেচিত হইলেও আনুষ্ঠানিক রীতি ও আদালতের রেওয়াজ হিসাবে গণা হয়। ২. চর্চা বি. কোনো পেশা বা শিল্পের অনুশীলন। যেমন, আইন বা চিকিৎসা বা সংগীতের চর্চা।
- practicing certificate সলিসিটরের সনদ সলিসিটরকে তাঁহার পেশা চালাইয়া

 যাইবার জন্য ইংল্যান্ডের 'ল সোসাইটি' নামক প্রতিষ্ঠান যে-বার্ষিক সনদ প্রদান করে।
- practitioner n. চর্চাকারী, পেশাদার বি. যিনি কোনো পেশা বা শিল্পের চর্চা করেন। যেমন, আইনজীবী, চিকিৎসক, সংগীতশিল্পী।
- preamble n. প্রস্তাবনা বি. বিধিবদ্ধ আইনের যে-অংশে উহার উদ্দেশ্যাবলি ও প্রভাবাবলি বর্ণিত হয়। উহা দীর্ঘ শিরোনামের পরে ও রাষ্ট্রপতির সন্মতির পূর্বে সন্নিবেশিত হয়।
- precarious possession পরের ইচ্ছাধীন দখল অপর কোনো ব্যক্তির ইচ্ছায় সম্পত্তিতে দখল থাকা। উদাহরণস্বরূপ, অনুমতিসূত্রে দখলকার বা বর্গাদারের কোনো সম্পত্তি দখলে থাকা উল্লেখ করা যাইতে পারে। ওইরূপ দখলকারীকে সম্পত্তির মালিক যে-কোনো দখলকৃত সম্পত্তি হইতে উচ্ছেদ করিতে পারেন।
- precatory words নির্দেশসূচক শব্দাবলি দানপত্র-দলিলে অভিব্যক্ত দানকৃত সম্পত্তি
 দানগ্রহীতা সুনির্দিষ্টভাবে বিলিবন্দেজ করিবে বলিয়া দাতার আশা, ইচ্ছা বা অনুরোধ।
 কোনো ন্যাস (নির্দেশাত্মক ন্যাস) সৃষ্টির যথেষ্ট নিশ্চিত অভিপ্রায় আছে কি না অথবা
 গ্রহীতার বরাবরে তাহা একটি নির্বৃাঢ় দান কি না, এ-বিষয়ে সিদ্ধান্তে উপনীত হওয়া
 প্রায়ই কঠিন হয়। যেখানে সন্দেহাতীতভাবে ন্যাসসৃষ্টির অভিপ্রায় নাই, সেখানে
 আদালতের প্রবণতা ইইতেছে দানকে এমনভাবে ব্যাখ্যা করা যাহার দ্বারা কোনো
 ন্যাসের সৃষ্টি হয় না। সম্পত্তি-হস্তান্তর আইনের ১১ ধারা-অনুসারে, তদ্ধপ নির্দেশ
 বাধ্যকর নহে। কিন্তু মুসলিম আইনে দাতার তদ্ধপ নির্দেশ বৈধ।

precedent n. নজির বি. সাধারণত আইন-সাময়িকীতে প্রকাশিত আদানতের কোনো রায় বা সিদ্ধান্ত যাহা পরবর্তী কোনো মামলায় অনুরূপ সিদ্ধান্তে পৌছাইবার জন্য বাধ্যকর হিসাবে ব্যবহৃত হয়। ইংল্যান্তে লর্ড-সভার সিদ্ধান্ত আপিল আদালতগুলির উপর বাধ্যকর এবং লর্ড-সভাও সাধারণত তাহা অনুসরণ করিয়া থাকে। আপিল আদালতের সিদ্ধান্ত অধন্তন আদালতগুলির উপর বাধ্যকর এবং কতিপয় ব্যতিক্রমসাপেক্ষে আপিল আদালতের উপরও তাহা বাধ্যকর হয়। হাইকোর্টের সিদ্ধান্ত অধন্তন আদালতগুলির উপর বাধ্যকর, কিন্তু অধন্তন আদালতগুলির সিদ্ধান্ত কোনো বাধ্যকর নজির সৃষ্টি করে না। পূর্ববর্তী কোনো সিদ্ধান্তের সকল বিষয়ই বাধ্যকর নয়; কেবল রায়ের যে-অংশে সিদ্ধান্তের নিয়ম বিবৃত্ হয়, তাহা বাধ্যকর, অপ্রাসঙ্গিক মন্তব্য নহে। সংবিধানের ১১১ অনুক্ছেদ-অনুসারে, আপিল বিভাগ কর্তৃক ঘোষিত আইন (নজির) হাইকোর্ট বিভাগের জন্য এবং সুপ্রিম কোর্টের যে-কোনো বিভাগ কর্তৃক ঘোষিত আইন (নজির) অধন্তন সকল আদালতের জন্য অবশ্যপালনীয় হইবে। দেশের সর্বশেষ বা চূড়ান্ত আদালত নিজের রায় বা নজির অনুসরণ করিতে বাধ্য নহেন। ratio decidendi ও obiter dictum দ্ব.।

precept n. নির্দেশাজ্ঞা বি. ইংল্যান্ডে কোনো আইনত দাবি বা নির্দেশ বিশেষত কোনো অভিকর-ধার্যকারী কর্তৃপক্ষ হইতে অন্য কোনো কর্তৃপক্ষের উপর পূর্বোক্ত কর্তৃপক্ষের সুবিধার্থে অভিকর ধার্য করিবার নির্দেশ। যেমন, কাউন্টি কাউন্সিলের নির্দেশ। যেমন, কাউন্টি কাউন্সিলের নির্দেশ। সুসারে জেলা কাউন্সিলের আদায়কৃত অভিকরে কাউন্টি কাউন্সিলের অভিকরও অন্তর্ভুক্ত থাকে। বাংলাদেশে দেওয়ানি কার্যবিধির ৪৬ ধারা-অনুসারে, ডিক্রিদারের আবেদনক্রমে ডিক্রি প্রদানকারী আদালত উপযুক্ত মনে করিলে অন্য কোনো এথতিয়ারসম্পন্ন আদালতকে ডিক্রিটি জারি করিবার অনুরোধ করিতে পারেন, এবং এইরূপ আদালত ডিক্রিজারি করিতে এবং অনুরোধ ত্রানাকার দেনাদারের সম্পত্তি ক্রোক করিতে পারেন। যে-আদালতকে অনুরোধ জানানো হইয়াছে, সেই আদালত ডিক্রিজারির ব্যাপারে সম্পত্তি ক্রোকের নির্ধারিত পদ্ধতি-অনুসারে সম্পত্তি ক্রোক করিবেন। ডিক্রিপ্রদানকারী আদালত সময় বাড়াইয়া না দিলে, অথবা যে-আদালতকে অনুরোধ জানানো হইয়াছে, সেই আদালতের নিকট ডিক্রি হস্তান্তর করা না হইলে এবং ডিক্রিদার সম্পত্তি বিক্রয়ের আবেদন না করিলে অনুরোধলিপি-অনুসারে কোনো ক্রোক দুই মাসের অধিককাল বলবৎ থাকিবে না।

predatory pricing পৃষ্ঠনমূলক মূল্য প্রভাবশালী ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির অবলম্বিত এমন একটি রীতি বা পদ্ধতি, যাহার দ্বারা পণ্য ও সেবার মূল্য এমন নিম্নপর্যায়ে ধার্য করা হয় যে, প্রতিযোগীরা বাজার (ব্যবসা) পরিত্যাগ করিতে বাধ্য হন। অন্যান্য কোম্পানির সহিত যোগসাজসে করা না হইলে ক্ষুদ্র কোম্পানিগুলি নিজেদের ইচ্ছানুসারে পণ্যের মূল্য নির্ধারণ করিতে পারে। প্রভাবশালী ক্যবসায়িক

প্রতিষ্ঠানগুলি রোম চুক্তির ৮৬ অনুচ্ছেদ মান্য করিতে বাধ্য, কারণ, লুষ্ঠনমূলক মূল্য উক্ত বিধানের পরিপন্থী এবং প্রভাবশালী অবস্থানের অপব্যবহার মাত্র। যে-সকল কোম্পানি লুষ্ঠনমূলক মূল্য অবলম্বন করে তাহাদের জরিমানা হইতে পারে।

predecessor n. পূর্বপুরুষ, পূর্ববর্তী বি. (ভূমি আইনে) যে-ব্যক্তির মাধ্যমে কোনো জমির মালিক তাঁহার স্বত্বের উৎস খুজিয়া বাহির করেন। যেমন, পূর্বে যে-মালিক বিক্রয়, উত্তরদান বা বন্দোবস্তমূলে জমি হস্তান্তর করিয়াছেন এবং যে-বন্ধক্যহীতা বন্ধকের ক্ষমতাবলে জমি বিক্রয় করিয়াছিলেন, তিনি বা তাঁহারা হইতেছেন পূর্ববর্তী।

pre-emption n. অপ্রক্রয় বি. অন্যদের অপেক্ষা কোনো সম্পত্তিকরের নিজম্ব অধিকার। অকৃষি প্রজাস্বত্ব আইনের ২৪ ধারা-অনুসারে কোনো বহিরাগত ক্রেতার নিকট কোনো শরিকের বিক্রীত অকৃষি ভূমির অংশ অপর কোনো শরিক কর্তৃক আদালতের মাধ্যমে মূল্য ও নির্ধারিত ক্ষতিপূরণের টাকা জমাপ্রদানে ক্রয় করিয়া লৃওয়া। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৯৬ ধারা এবং মুসলমান আইনের বিধান-অনুসারে, কোনো বহিরাগত ক্রেতার নিকট কোনো শরিকের বিক্রীত ভূমির অংশ অপর কোনো শরিক কর্তৃক আদালতের মাধ্যমে মূল্য ও নির্ধারিত ক্ষতিপূরণের টাকা জমাপ্রদানে ক্রয় করিয়া লওয়া এবং অপর কোনো শরিক দাবিদার না হইলে পার্শ্ববর্তী জমির মালিক কর্তৃক মূল্য ও নির্ধারিত ক্ষতিপূরণ আদালতে জমাপ্রদানে তাহা ক্রয় করিয়া লওয়া। উক্ত ৯৬ ধারা-অনুসারে, উত্তরাধিকারসূত্রে শরিক ও পরিদসূত্রে শরিকের মধ্যে ক্রয়ের ক্ষেত্রে উত্তরাধিকারসূত্রে শরিক অ্রমাধিকার পান। মুসলমান আইন-অনুসারে অগ্রক্রয় করিতে হইলে আনুষ্ঠানিক দাবি উত্থাপন করিতে হয় এবং মূল্য বা ক্ষতিপূরণের টাকা মামলা ভিক্রি হইবার পূর্বে আদালতে জমা দিতে হয় না।

pre-emptive right অর্থক্রমাধিকার বি. ১. ইংল্যান্ডে কোম্পানি আইনে নির্দিষ্ট শ্রেণীর নৃতন জামানত গ্রহণের জন্য অন্য কাহারো নিকট প্রস্তাব দিবার পূর্বে অন্তত একইপ্রকার সুবিধাজনক শর্তে তাহার হারাহারি অংশ কতিপয় শেয়ারধারকের গ্রহণের জন্য প্রস্তাব পাইবার অধিকার। ২. কতিপয় প্রাতিজনিক কোম্পানির সংঘ-নারক্ষারা অর্পিত শেয়ারধারকদের অধিকার। ইহাতে কোনো শেয়ারধারক নিজের শেয়ার হস্তান্তর করিতে চাহিলে নির্দিষ্ট শর্তে অপর শেয়ারধারকদের তাহা সর্বপ্রথম অগ্রাহ্য করিবার অধিকার। rights issue দ্র.।

preference n. পছন্দ বি. ১. দেনা পরিশোধাক্ষম কোনো দেনাদার কর্তৃক কোনো নির্দিষ্ট পাওনাদারকে আনুক্ল্য প্রদর্শন (যেমন, যখন অপর পাওনাদারদের পাওনা পরিশোধের সম্ভাবনা নাই তখন কোনো একজন পাওনাদারের পাওনা সম্পূর্ণ পরিশোধ করা)। যদি দেনাদার পরবর্তীকালে দেউলিয়া ঘোষিত হন (কোনো কোম্পানির ক্ষেত্রে) এবং পাওনাদারের অবস্থার উন্নতি ঘটাইবার উদ্দেশ্যপ্রণোদিত হইয়া তাহা করিয়া থাকেন, উক্ত পাওনাদারকে আনুকূল্য প্রদর্শন করা না হইয়া থাকিলে তাঁহার যে-অবস্থা থাকিত, সেই অবস্থায় প্রত্যর্পণের জন্য আদালত আদেশ প্রদান করিতে পারেন। যথন দেনাদার কোনো সম্পত্তি দান করেন বা কম দামে বিক্রয় করেন, তথনো আদালত তদ্রূপ আদেশ দিতে পারেন। ২. কোনো বিদ্যমান পাওনাদারের অনুকূলে দেউলিয়া কার্যধারা আরম্ভ হইবার এক বৎসরের মধ্যে কোনো ভাসমান দায় সৃষ্টি করা, যদি না কোম্পানির বরাবরে পাওনাদার কোনো নৃতন সুবিধা প্রদান করিয়া থাকেন (যেমন, ঋণপ্রদান বা পণ্যসরবরাহ করা)। তবে কোম্পানির যথন দায় সৃষ্টি হয়, তথন দেনা পরিশোধাক্ষম থাকিলে তাহা অবৈধ হইবে। যদি কোম্পানির সহিত সংশ্লিষ্ট কোনো ব্যক্তির বরাবরে দুই বৎসরের মধ্যে দায় সৃষ্টি করা হয়, তথন তাহা সৃষ্টির সময়ে কোম্পানি দায়শোধাক্ষম ছিল, তাহা দেখাইবার প্রয়োজন নাই। ১৯৯৭ সালের দেউলিয়া বিধয়ক আইনের ৬১ ধারা-অনুসারে কতিপয় ক্ষেত্রে আদালত পছন্দ রহিত করিতে পারেন।

preference share পছন্দের শেয়ার share দ্র.।

preferential debts অগ্রাধিকারপ্রাপ্ত ঋণসমূহ কোনো কোম্পানি গুটাইয়া ফেলা হইলে বা ব্যক্তি দেউলিয়া ঘোষিত হইলে জামানতবিহীন ঋণ বা ভাসমান দায়দারা সুরক্ষিত ঝণের উপর যে-সকল ঋণ অগ্রাধিকার পায়। কোম্পানি আইনের ৩২৫ ধারা-অনুসারে, রাজস্ব, কর, সেস ও অভিকর; কেরানি ও অন্যান্য কর্মচারীর বেতন ও পারিশ্রমিক; শ্রমিক বা কারিগরদের পারিশ্রমিক; শ্রমিকদের ক্ষতিপুরণ; আইনের বিধান-অনুযায়ী পরিশোধ্য কোনো কর্মকর্তা বা কর্মচারীর ক্ষতিপুরণ; কর্মচারীদের পাওনা ভবিষ্য তহবিল, পেনশন, গ্র্যাচুইটি বা তাঁহাদের হিতার্থে সৃষ্ট তহবিল ও ওই আইনের ১৯৫(গ) ধারা-অনুসারে অনুষ্ঠিত তদন্তের খরচ অন্যান্য দেনার পূর্বে পরিশোধ্য। ১৯৯৭ সালের দেউলিয়া আইনের ৭৫ ধারা-অনুসারে, (১) বন্টনযোগ্য সম্পদ বিলিবউনের সময়ে, পাওনাদারগণের প্রাপ্য বউনযোগ্য অংশ প্রদানের পূর্বে, রিসিভার যে-সকল প্রয়োজনীয় খরচ করিয়াছেন তৎসহ প্রশাসনিক ব্যয় সর্বপ্রথমে পরিশোধ করিতে হইবে, এবং তৎপর ৬৬(১) ধারা বা, ক্ষেত্রমতো, ৭৪(৩) ধারা মোতাবেক রিসিভারের প্রাপ্য ফিস পরিশোধ করিতে হইবে, অতঃপর (২) উপ-ধারার বিধানসাপেক্ষে, নিম্নবর্ণিত ক্রমানুসারে অন্যান্য বন্টনযোগ্য অংশ প্রদেয় হইবে: যথা (ক) সরকারের পাওনা সকল কর এবং অনুরূপ প্রকৃতির অন্যান্য পাওনা; (খ) আরজি দাখিলের তারিখের অব্যবহিত পূর্ববর্তী ছয় মাসের মধ্যে দেনাদারের চাকুরিতে থাকাকালীন কোনো কেরানি, ভূত্য, মজুর বা শ্রমিকের দেওয়া সেবাবাবদ পাওনা মজুরি বা বেতন, তাঁহাদের জনপ্রতি অনধিক দুই হাজার টাকা হারে অগ্রাধিকারপ্রাপ্ত দেনা: (গ) সকল ব্যাংক ঋণ: (ঘ) জামানতবিহীন সকল দাবি: এবং (ঙ) কোনো অধীনস্থ দাবি।

preferment ৮२०

preferment n. উপস্থাপনা বি. ১. অপরাধ সম্পর্কে কোনো বক্তব্য বা তথ্য প্রদান। ২. কোনো আদালতের সম্মুখে অপরাধ সম্পর্কে লিখিত অভিযোগ আনয়ন।

pregnancy per alium অপরের দারা গর্ভবতী অবস্থা স্বামী বাতীত অপর কোনো ব্যক্তিদারা বিবাহের সময়ে কোনো স্ত্রীলোকের গর্ভবতী অবস্থায় থাকা। এইরপ গর্ভবতী হইবার প্রকৃত ঘটনা সম্পর্কে যদি স্বামী অবহিত না থাকেন, তবে বিবাহ বাতিল্যোগ্য হয়।

pre-hearing assessment ভনানিপূর্ব নির্ধারণ industrial tribunal দ্র. া

pre-incorporation contract নিগমবদ্ধতার পূর্বচুক্তি কোম্পানি গঠিত হইবার পূর্বেই কোনো ব্যক্তি ওই কোম্পানির প্রতিনিধি বলিয়া দাবি করিয়া তাঁহার দ্বারা সম্পাদিত চুক্তি। কোম্পানি আইনের ১২৬ ধারা-অনুসারে, কোম্পানির পক্ষেক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তিই কেবল কোম্পানির পক্ষে চুক্তি করিতে পারেন, তাই কোম্পানি নিগমবদ্ধ হইবার পূর্বে কেহ কোম্পানির পক্ষে চুক্তি করিতে পারেন না।

prejudice n. ক্ষতি বি. ১. ভূল রায় বা মতামতের কারণে কোনো পক্ষের ক্ষতি। ২. পূর্বসংক্ষার বি. unfair prejudice ও without prejudice দ্র.।

prejudicial act ক্ষতিকর কার্য ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২(চ) ধারার সংজ্ঞা-অনুসারে, এমন কোনো কাজ যাহা (১) বাংলাদেশের সার্বভৌমত্ব বা প্রতিরক্ষাকে ক্ষতিগ্রস্ত করে বা করিবার উদ্দেশ্যে প্রণোদিত; (২) বিদেশী রাষ্ট্রের সহিত বাংলাদেশের বন্ধুভূপূর্ণ সম্পর্ককে ক্ষতিগ্রস্ত করে বা করিবার উদ্দেশ্যে প্রণোদিত; (৩) দেশের নিরাপত্তাকে ক্ষতিগ্রস্ত করে বা করিবার উদ্দেশ্যে প্রণোদিত; (৩) দেশের নিরাপত্তাকে ক্ষতিগ্রস্ত করে বা করিবার উদ্দেশ্যে প্রণোদিত; (৪) দেশের জনগণের বিভিন্ন সম্প্রদার, শ্রেণী বা অংশের মধ্যে ঘৃণা বা শক্রতার মনোভাব সৃষ্টি করে বা উহার উসকানি দেয় বা দিবার উদ্দেশ্যে প্রণোদিত; (৫) আইন-প্রশাসন বা আইন-শৃঙ্খলার রক্ষণাবেক্ষণ কাজে হস্তক্ষেপ করে বা উত্তেজিত বা উৎসাহিত করে বা করিবার উদ্দেশ্যে প্রণোদিত; (৬) সমাজের অত্যাবশ্যকীয় দ্রব্যের সরবরাহ এবং কাজ অব্যাহত রাখাকে ক্ষতিগ্রস্ত করে বা করিবার উদ্দেশ্যে প্রণোদিত; (৭) জনগণের মধ্যে বা জনগণের কোনো অংশের মধ্যে ভীতি বা সন্ত্রাসের সৃষ্টি করে বা করিবার উদ্দেশ্যে প্রণোদিত; (৮) রাষ্ট্রের অর্থনৈতিক বা আর্থিক স্বার্থকে ক্ষতিগ্রস্ত করে বা করিবার উদ্দেশ্যে প্রণোদিত;

preliminary decree প্রাথমিক ডিক্রি দেওয়ানি কার্যবিধির ২(২) ধারা-অনুসারে, ডিক্রি তখনই প্রাথমিক হয় যখন মামলার চূড়ান্ত নিম্পন্তির জন্য অধিকতর ব্যবস্থাগ্রহণের প্রয়োজন থাকে। preliminary inquiries প্রাথমিক জিজ্ঞাসা লেনদেনের প্রাথমিক পর্যায়ে কোনো ভূমি বা সম্পত্তির সঞ্জাব্য খরিদদার কর্তৃক সঞ্জাব্য বিক্রেভার নিকট উথাপিত একপ্রস্থ প্রশ্ন। চুক্তিপূর্ব জিজ্ঞাসা হিসাবে অভিহিত এইসব প্রশ্ন কোনো কোনো সময়ে সম্পত্তির স্বত্বসম্পর্কিত না হইয়া বর্তমান অবস্থাসম্পর্কিত হইয়া থাকে। ইংল্যান্তে এইসকল জিজ্ঞাসার জন্য ছাপানো নমুনা-ছক পাওয়া যায়। কোনো বিক্রেভা মিথ্যা বা বিভ্রান্তিকর উত্তর দিলে মিথ্যা উপস্থাপনার জন্য দায়ী হইতে পারেন, কিন্তু বিক্রেভার উত্তর দ্বর্গবোধক হইতে পারে (প্রায়শ হয়) অথবা এমন হইতে পারে যাহাতে মূল প্রসঙ্গ এড়াইয়া যাওয়া যায়। বিকল্পে একজন বিক্রেভাকে বিক্রেভার সম্পত্তির তথ্যছকে তথ্য প্রদান করিতে বাধ্য করা যায়। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৫(১)(গ) ধারা-অনুসারে, সম্পত্তি বা উহাতে বিক্রেভার স্বত্ত্ব সম্পর্কে বিক্রেভাকে ক্রেভা যে-সকল প্রাসন্সিক প্রশ্ন জিজ্ঞাসা করিবেন, বিক্রেভাকে যতদূরসম্ভব সেগুলির সদৃত্তর দিতে ইইবে।

preliminary inquiry প্রাথমিক তদন্ত preliminary investigation দ্র.।

preliminary investigation প্রাথমিক অনুসন্ধান ইংল্যান্ডে ম্যাজিস্ট্রেট কর্তৃক আসামিকে বিচারের জন্য ক্রাউন কোর্টে সোপর্দ করা যাইবে কি না তাহা নির্ধারণের জন্য তদন্তের যে পদ্ধতি অবলম্বন করা হয়। বাংলাদেশে ১৯৭৮ সালের আইন-সংক্ষার অধ্যাদেশের বিধান-অনুসারে তদ্ধেপ তদন্তের পদ্ধতি বিলুপ্ত হইয়াছে। তৎপূর্বে দায়রা আদালতে বিচার্য অপরাধের ক্ষেত্রে প্রথম প্রেণীর ম্যাজিস্ট্রেট আসামির বিরুদ্ধে আনীত অভিযোগের সমর্থনে প্রয়োজনীয় সাক্ষ্যপ্রমাণ আছে কি না, তাহার তদন্ত করিয়া আসামির বিরুদ্ধে দায়রায় সোপর্দ করিতেন।

preliminary point of law আইনের প্রাথমিক প্রশ্ন মামলায় ঘটনাসম্পর্কিত প্রশ্ন নির্ধারণের পূর্বে আইন-সম্পর্কিত প্রশ্ন শুনানির আদেশ। যখন আইনের প্রশ্নটি চূড়ান্ত রকমের হয় বা তাহা মামলার খরচ যথেষ্ট পরিমাণে ব্রাস করে, সাধারণত তখন এইরূপ আদেশ দেওয়া হইয়া থাকে। দেওয়ানি কার্মবিধির ১৪ আদেশের ২ নিয়ম-অনুসারে, আইনের প্রশ্নে বিচার্য বিষয়গুলি নিম্পন্তির দ্বারা মামলাটি বা তাহার কোনো অংশ নিম্পন্তি হইবে বলিয়া আদালত মনে করিলে, ওই বিষয়গুলির প্রাথমিক শুনানি করিবেন।

pre-marital agreement প্রাগ্বিবাহ সমঝোতা পূর্বের এমন সমঝোতা থাহার দ্বারা সাধারণত বিবাহিত একপক্ষ বিবাহবিচ্ছেদের পর অপরপক্ষের দাবি সীমিতকরণের জন্য উপনীত হয়। প্রাগ্বিবাহ সমঝোতা মার্কিন যুক্তরাষ্ট্রে সাধারণ ব্যাপার, কিন্তু তাহার বৈধতা ইংল্যান্ডে সন্দেহজনক। মুসলমানগণ প্রাগ্বিবাহ সমঝোতার মাধ্যমে দ্রীর দেনমোহর ও খোরপোশের পরিমাণ নির্ধারণ করিতে পারেন।

premises n. বাড়ি বি. ১. ১৯৯১ সালের বাড়িভাড়া নিয়ন্ত্রণ আইনের ২(গ) ধারাঅনুসারে, কোনো দালান বা দালানের অংশবিশেষ বা কোনো কাঁচা ঘর বা ঘরের
অংশবিশেষ, যাহা আবাসিক বা অনাবাসিক বা উভয় উদ্দেশ্যে আলাদাভাবে ভাড়া
দেওয়া হইয়াছে বা ভাড়া দেওয়ার ইচ্ছা করা হইয়াছে এবং তৎসংলগু বাগান, উঠান
ও কাছারিঘরও ইহার অন্তর্ভুক্ত। ২. দলিলের কার্যকর অংশের শব্দসমূহ যাহার দারা
পক্ষণণ ও সংশ্লিষ্ট লেনদেন বর্ণিত হয়। deed দ্রে.।

- premium n. ১. বিমার কিন্তি বিমাচুক্তির অধীনে একজন বিমাকারী ব্যক্তি কর্তৃক নির্দিষ্ট সময়ে (সাধারণত বাৎসরিক) এবং নির্দিষ্ট হারে বিমাপ্রদানকারীকে প্রদেয় অর্থ। ২. সালামি বি. ইজারা অথবা ভাড়া লইবার বা নবায়ন করিবার সময়ে প্রজা বা ভাড়াটিয়া যে-থোক টাকা জমির বা বাড়ির মালিককে দিয়া থাকেন। ১৯৯১ সালের বাড়িভাড়া নিয়ন্ত্রণ আইনের ১০ ধারা-অনুসারে, বাড়ি ভাড়া দিবার বা নবায়ন করিবার বা ভাড়ার মেয়াদ বৃদ্ধি করিবার কারণে কোনো ব্যক্তি ভাড়ার অতিরিক্ত কোনো প্রিমিয়াম, সালামি, জামানত বা অনুরূপ কোনো অর্থ দাবি বা গ্রহণ করিতে বা প্রদানের জন্য বলিতে পারিবেন না।
- ্ premium and discount প্রিমিয়াম ও বাট্টা নগদ হার অপেক্ষা অগ্রিম হার বেশি হইলে তাহা প্রিমিয়াম এবং কোনো কিছুর অভিধেয় মূল্য হইতে যে-পরিমাণ ছড় দেওয়া হয় তাহা বাট্টা।
- preparatory hearing প্রস্তুতিমূলক তনানি কোনো গুরুত্বপূর্ণ বা জটিল প্রতারণার মামলায় যে-সকল বিচার্য বিষয় উদ্ভব হইতে পারে, জুরিদের শপথগ্রহণের পূর্বে ইংল্যান্ডের ক্রাউন কোর্টের বিচারকের সম্মুখে তাহা চিহ্নিতকরণের উদ্দেশ্যে এবং মামলা বুঝিতে ও ব্যবস্থাপনার সহায়তার জন্য প্রস্তুতিমূলক তনানি করা হয়।
 - prerogative of mercy ক্ষমাপ্রদর্শনের বিশেষাধিকার ইংল্যান্ডের রাজা বা রানী স্বরাষ্ট্রমন্ত্রীর পরামর্শে কোনো অপরাধীকে চূড়ান্তভাবে মার্জনা করিতে পারেন (এবং তদ্ধারা আসামিকে দোষী সাব্যস্ত হইবার সকল পরিণতি হইতে অব্যাহতি দান করিতে পারেন) এবং কোনো শান্তি লাঘব করিতে বা তাহার আংশিক হ্রাস করিতে পারেন। বাংলাদেশের সংবিধানের ৪৯ অনুচ্ছেদ-অনুসারে, কোনো আদালত, ট্রাইব্যুনাল বা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক প্রদন্ত যে-কোনো দণ্ডের মার্জনা, বিলম্বন ও বিরাম মনজুর করিবার এবং যে-কোনো দণ্ড মওকুফ, স্থগিত বা হ্রাস করিবার ক্ষমতা রাষ্ট্রপতির রহিয়াছে।
- prerogative orders বিশেষাধিকারজনিত নির্দেশ ইংল্যান্ডে হাইকোর্ট কর্তৃক বৈচারিক বা আধা-বৈচারিক ক্ষমতা পরিচালনাকারী অধস্তন আদালত, ট্রাইব্যুনাল ও অন্যান্য কর্তৃপক্ষের তত্ত্বাবধানের জন্য প্রদন্ত নির্দেশসমূহ। এইসকল নির্দেশ হইতেছে

সারশিওরারাই, ম্যান্ডামাস ও প্রহিবিশন। ১৯৩৮ সাল পর্যন্ত ওইগুলি বিশেষাধিকার রিট ছিল, কিন্তু ১৯৩৮ সালের বিচার-প্রশাসন আইন প্রণীত হইবার পর হইতে একমাত্র প্রচলিত বিশেষাধিকার রিট হইতেছে হেবিয়াস কর্পাস। সংবিধানের ১০২ অনুচ্ছেদ-অনুসারে বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ নির্দেশাত্মক ও ঘোষণাত্মক আদেশ ও নির্দেশ প্রদান করিতে পারেন যাহা ইংল্যান্ডের বিশেষাধিকার রিট বা পরওয়ানার অনুরূপ।

prescribed by laws আইনদারা নির্ধারিত কোনো সংবিধিবদ্ধ আইনে নির্দেশিত যে-বিধান বা কার্যপদ্ধতি কোনো কিছু করিতে গেলে অনুসরণ করিতে হইবে। যেমন, আরজিতে ঠিকা কোর্ট ফি অথবা মূল্যের উপর কোর্ট ফি, যাহাই দেওয়া হউক না কেন, তাহা হইবে আইনদারা নির্ধারিত কোর্ট ফি বা রসুম। কোনো সংবিধিবদ্ধ আইন কোনো বিষয়ে, কোনো কর্মকর্তা বা কর্তৃপক্ষকে বিধানাবলি প্রণয়নের ক্ষমতা দিলে, তদ্দপ ক্ষমতার অধীন প্রণীত বিধানাবলি হইবে আইনদারা নির্ধারিত বিধানাবলি।

prescribed limit নির্ধারিত সীমা কোনো আইন বা বিধিদ্বারা কোনো কিছু করিবার বা না করিবার মাত্রা নির্দিষ্ট করিয়া দেওয়া। ইংল্যান্ডের আইনে রাস্তায় বা জনস্থানে মোটরগাড়ির চালক বা নিয়ন্ত্রণকারীর রক্তে কী পরিমাণ সুরা থাকিতে পারিবে তাহার সর্বোচ্চ পরিমাণ নির্দিষ্ট করা আছে এবং তাহাই হইতেছে রক্তে সুরার নির্ধারিত সীমা।

সescription n. দীর্ঘকালীন ভোগদখলজনিত অধিকার বি. কোনো ব্যক্তির নিজম্ব ভূমির (প্রাধান্যবিস্তারকারী ভূমি) হিতার্থে অপর কোনো ব্যক্তির ভূমি (প্রাধান্যাধীন ভূমি) হইতে কোনো কিছু সংগ্রহ করিবার অধিকার অথবা বিনাবাধার দীর্ঘকাল যাবৎ ব্যবহারের ফলে অর্জিত বর্তম্বত্ব (অর্জিত ভোগাধিকার)। ঋণাত্মক ভোগাধিকার হইতেছে প্রাধান্যবিস্তারকারী মালিকের দীর্ঘকাল যাবৎ ওই সকল অধিকার ভোগ না করিবার ফলে তাহার বিলুপ্তি। ভোগাধিকার দাবিকারী ব্যক্তিকে দেখাইতে হইবে যে, তাঁহার জমি-ব্যবহার প্রাধান্যাধীন ভূমি মালিকের অনুমতিবলে ছিল না অথবা জোরপূর্বক বা গোপন ছিল না। তামাদি আইনের ২৬ ধারা-অনুসারে, বিশ বৎসর যাবৎ বর্তম্বত্ব হিসাবে এবং অধিকার হিসাবে শান্তিপূর্ণভাবে বিনাবাধায় আলো, বাতাস, পথ, জলপ্রবাহের খাত, জল বা অন্যকোনো বর্তম্বত্ব ব্যবহার করিলে তাহাতে তাঁহার ভোগাধিকার জন্মাইবে। কোনো সরকারি জমির উপর বর্তম্বত্ব জন্মাইতে হইলে বিশ বৎসরের স্থলে ধাট বৎসর যাবৎ তদ্যুপ ব্যবহার করিতে হইবে।

prescription, wrong ভুল ব্যবস্থাপত্র চিকিৎসক কর্তৃক রক্ত পরিসঞ্চালনকালে প্রদেয় রোগীর বা রক্তগ্রহীতার রক্তের যথাযথ চাহিদা, রক্তের উপাদানের প্রকৃতি, রোগী বা গ্রহীতার বিদ্যমান শারীরিক অবস্থা এবং রক্ত পরিসঞ্চালনের ধরন বা পদ্ধতির উল্লেখবিহীন ব্যবস্থাপক। presentation of bill 3. বিল-উত্থাপন আইন-প্রণয়নের তে-কোনো প্রতাব বিলআকারে জাতীয় সংসদে উত্থাপন করিতে হয়। সংবিধানের ৮২ ধারা-অনুসারে,
সরকারি অর্থবায়ের প্রশ্ন জড়িত রহিয়াছে, এমন কোনো অর্থবিল বা বিল রাষ্ট্রপতির
সুপারিশ ব্যতীত সংসদে উত্থাপন করা যাইবে না। ২. বিল-উপস্থাপন স্বীকৃতির জন্য
অথবা পরিশোধের জন্য স্বীকৃতিকারীর নিকট বিনিময়-বিল পেশ করা।

presentment n. উত্থাপন বি. হস্তান্তরযোগ্য দলিল আইনের ১৩১৮ ধারা-অনুসারে পরিশোধের জন্য হস্তি উপস্থাপনের পূর্বে দায়বদ্ধ স্বীকৃতিদাতা-নির্ধারণের নক্ষ্যে অবশ্যই তাহা স্বীকৃতির জন্য উপস্থাপন করিতে হইবে।

presents n. উত্থাপিত বিবৃতি বা বক্তব্য deed দ্ৰ.।

pre-shipment finance জাহাজিকরণ-পূর্ব অর্থসংস্থান রপ্তানিকারকের আবেদনের পরিপ্রেক্ষিতে ব্যাংক রপ্তানিপণ্য জামানত, দলিল, বন্ধক, বিশ্বস্ততা দলিল ও পিঠাপিট প্রত্যয়ের (back to back credit) বিপরীতে রপ্তানিকারককে রপ্তানির পূর্বে যে-ঋণ প্রদান করে। অপ্রত্যাহারযোগ্য নিশ্চিত ঋণপত্রে বর্ণিত মূল্যের ৯০% পর্যন্ত এই ঋণ প্রদান করা যায়।

President n. রাষ্ট্রপতি বি. কোনো রাষ্ট্রের নির্বাচিত প্রধান। বাংলাদেশের সংবিধান-অনুসারে নির্বাচিত বাংলাদেশের রাষ্ট্রপতি অথবা উক্ত পদে কোনো সময়ে কর্মরত যে-কোনো ব্যক্তি। সংবিধানের চতুর্থ অংশের ৪৮ হইতে ৫৪ অনুচ্ছেদে রাষ্ট্রপতিসংক্রান্ত বিধানগুলি বিধৃত রহিয়াছে। ৪৮(১) অনুচ্ছেদ-অনুসারে, বাংলাদেশের একজন বষ্ট্রপতি থাকিবেন, যিনি আইন-অনুযায়ী সংসদ-সদস্যগণ কর্তৃক নির্বাচিত হইবেন। রাষ্ট্রপতি রাষ্ট্রের সর্বোচ্চ আসনে অধিষ্ঠিত এবং তাঁহারই নামে সরকারের যাবতীয় কার্য সম্পাদন করা হয়, যদিও প্রকৃত ক্ষমতা নির্বাহ করেন প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিসভা। ৪৮(৩) অনুচ্ছেদ-অনুসারে, সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (৩) দক্ষা-অনুসারে কেবল প্রধানমন্ত্রী ও ৯৫ অনুচ্ছেদের (১) দফা-অনুসারে প্রধান বিচারপতি নিয়োগের ক্ষেত্র ব্যতীত রাষ্ট্রপতি তাঁহার অন্য সকল দায়িত্বপালনে প্রধানমন্ত্রীর পরামর্শ-অনুযায়ী কার্য করিবেন। সংবিধানের ৬১ অনুচ্ছেদ-অনুসারে, বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগসমূহের সর্বাধিনায়কতা রাষ্ট্রপতির উপর ন্যস্ত হইবে এবং আইনের দারা তাহার প্রয়োগ নিয়ন্ত্রিত হইবে। যে-মেয়াদে নির্দলীয় তত্তাবধায়ক সরকার থাকিবে, সে-মেয়াদে উক্ত আইন রাষ্ট্রপতি কর্তৃক পরিচালিত হইবে। ৭২(১) অনুচ্ছেদ-অনুসারে, সরকারি বিজ্ঞপ্তি-দারা রাষ্ট্রপতি সংসদ আহবান, স্থগিত ও ভঙ্গ করিবেন। সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদ-অনুসারে, সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় অথবা উহার অধিবেশনকাল ব্যতীত কোনো সময়ে রাষ্ট্রপতির নিকট আন্ত ব্যবস্থাগ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে বলিয়া সন্তোষজনকভাবে প্রতীয়মান হইনে

₽₹Ø presumption

তিনি উক্ত পরিস্থিতিতে যেরূপ প্রয়োজনীয় বলিয়া মনে করিবেন, সেরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিতে পারিবেন এবং জারি হইবার সময় হইতে অনুরূপভাবে প্রণীত অধ্যাদেশ সংসদের আইনের ন্যায় ক্ষমতাসম্পন্ন হইবে। একই অনুচ্ছেদের (২) দফাঅনুসারে, কোনো অধ্যাদেশ জারি হইবার পর অনুষ্ঠিত সংসদের প্রথম বৈঠকে তাহা উপস্থাপিত হইবে এবং ইতোপূর্বে বাতিল না হইয়া থাকিলে অধ্যাদেশটি অনুরূপভাবে উপস্থাপনের পর ত্রিশদিন অতিবাহিত হইলে কিংবা অনুরূপ মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে তাহা অননুমোদন করিয়া সংসদে প্রস্তাব গৃহীত হইলে অধ্যাদেশটির কার্যকরতা লোপ পাইবে। ১৪১ক অনুচ্ছেদের (১) দফা-অনুসারে, রাষ্ট্রপতির নিকট সম্ভোষজনকভাবে প্রতীয়মান হইলে তিনি জরুরি অবস্থা ঘোষণা করিতে পারিবেন, তবে অনুরূপ ঘোষণার বৈধতার জন্য ঘোষণার পূর্বেই প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষর প্রয়োজন হইবে।

- presiding judge পরিচালনাকারী বিচারক ইংল্যান্ডের লর্ড চাঙ্গেলর কর্তৃক বিচারকদের ভ্রাম্যমাণ এলাকা তত্ত্বাবধান করিবার জন্য নিযুক্ত কোনো বিচারক। প্রত্যেক ভ্রাম্যমাণ এলাকায় দুইজন পরিচালনাকারী বিচারক থাকেন। ইহার ব্যতিক্রম দক্ষিণপূর্ব ভ্রাম্যমাণ এলাকা, যেখানে লর্ড চিফ জাস্টিস ও অপর দুইজন কনিষ্ঠ বিচারক থাকেন। ইংল্যান্ড ও ওয়েলসের জন্য একজন জ্যেষ্ঠ পরিচালনাকারী বিচারক থাকেন।
- presume, may অনুমান করিতে পারে যেখানে সাক্ষ্য আইনের বিধান আছে যে, আদালত কোনো বিষয় ধরিয়া লইতে পারেন, সেখানে আদালত হয় সেই বিষয় মিথ্যা প্রমাণিত না হওয়া পর্যন্ত উহা প্রমাণিত বলিয়া গণ্য করিবেন, নাহয় উহা প্রমাণ করিবার আহ্বান জানাইবেন।
- presume, shall অনুমান করিবে যেখানে সাক্ষ্য আইনের নির্দেশ আছে যে, আদালত কোনো বিষয় অবশ্যই ধরিয়া লইবেন, সেখানে উক্ত বিষয় মিথ্যা প্রমাণিত না হওয়া পর্যন্ত আদালত উহা প্রমাণিত বলিয়া গণ্য করিবেন।
- presumption n. পূর্বানুমান, অনুমান বি. আইন-অনুমোদিত বা নির্দেশিত কোনো
 অনুমান। কতিপয় পূর্বানুমান মানবসম্পর্কিত অনুমান। যেমন, নির্দোষতা-সম্পর্কিত
 পূর্বানুমান ও সুস্থমন-সম্পর্কিত পূর্বানুমান। অপরগুলি হইতেছে ঘটনা-সম্পর্কিত। প্রায়
 সকল পূর্বানুমানই খণ্ডনযোগ্য পূর্বানুমান অর্থাৎ বিপরীত কোনো সাক্ষ্যের অবর্তমানে
 ইহা যথার্থ। এইভাবে নির্দোষিতার পূর্বানুমান দোষপ্রমাণের ফলে বাতিল হইয়। য়য়।
 অখণ্ডনীয় পূর্বানুমান হইতেছে এমন একটি পূর্বানুমান সাক্ষ্যদারা যাহার বিরুদ্ধতা করা
 আইন সমর্থন করে না। যেমন, সাত বৎসরের নিম্নবয়য় শিশু অপরাধ করিতে অক্ষম।
 সাক্ষ্য আইনের ৪ ধারায় বলা হইয়াছে যে, যেখানে উক্ত আইনের বিধান আছে যে,

আদালত কোনো বিষয় ধরিয়া লইতে পারেন, সেখানে আদালত হয় সে-বিষয় মিথা প্রমাণিত না হওয়া পর্যন্ত ইহা প্রমাণিত বলিয়া গণ্য করিবেন, নাহয় উহা প্রমাণ করিবার আহ্বান জানাইবেন। সাক্ষ্য আইনের ৮৬ হইতে ৮৮ ধারা, ৯০ এবং ১১৪ ধারায় এইরূপ অনুমানের বিধান আছে। যেখানে উক্ত আইনের নির্দেশ আছে য়ে, আদালত কোনো বিষয় অবশাই ধরিয়া লইবেন, সেখানে উক্ত বিষয় মিথা প্রমাণিত না হওয়া পর্যন্ত আদালত উহা প্রমাণিত বলিয়া গণ্য করিবেন। সাক্ষ্য আইনের ৭৯ হইতে ৮৫ ধারা এবং ১০৫ ধারায় এইরূপ অনুমান সম্পর্কে বলা হইয়াছে। অনুমান আইনসম্পর্কীয় ও ঘটনাসম্পর্কিত হইতে পারে। আইনসম্পর্কীয় অনুমান আবার চূড়াত্ত বা যুক্তিদ্বারা খণ্ডনীয় হইতে পারে। কিন্তু ঘটনাসম্পর্কিত অনুমান সর্বাই খণ্ডনীয়। সাক্ষ্য আইনের ১১৪ ধারা-অনুসারে, 'প্রাকৃতিক ঘটনাবলির সাধারণ গতিধারা, মানবিক কারণ এবং সরকারি-বেসরকারি কার্যাবলির পরিপ্রেক্ষিতে যাহা ঘটিয়া থাকা সম্ভব বলিয়া মনে করেন', কোনো মামলার বিষয় সম্পর্কে সেই ঘটনার অতিত্ব আদালত ধরিয়া লইবেন। interpretation of statutes ও equitable presumption দ্র.।

presumption of advancement উন্নতিসাধনের পূর্বানুমান advancement দ্র.।

presumption of death মৃত্যুর পূর্বানুমান কোনো ব্যক্তি মারা গিয়াছেন, এই মর্মে ইংল্যান্ডের সাধারণ আইনের একটি পূর্বানুমান। যদি স্বামী-ব্রীর মধ্যে কেই অন্ততপক্ষে সাত বৎসর যাবৎ নিখৌজ থাকে (তাঁহাদের মধ্যে একজনের জীবিত থাকার আর কোনো নিদর্শন না পাওয়া গেলে) বা অন্য কোনো যুক্তিসংগত হেতু থাকে (যেমন, যে-জাহাজ ভুবিয়া গিয়াছে স্বামী বা ব্রী তাহাতে ছিলেন), তবে এইরপ অনুমান করা যায়। মৃত্যুর পূর্বানুমান ও বিবাহবিচ্ছেদের ডিক্রি প্রদান করিতে আদানত ক্ষমতাপ্রাপ্ত। ইহার ফলে স্বামী-ব্রীর একজন পুনর্বিবাহ করিতে পারেন। পরবর্তীকানে যদি স্বামী-ব্রীর মধ্যে নিখোঁজ জনের পুনরাবির্ভাব ঘটে তবু পুনর্বিবাহ বৈধ হইবে।

presumption of due execution যথার্থ সম্পাদনের পূর্বানুমান সুম্পট ও বিশ্বাসযোগ্য বিরুদ্ধপ্রমাণ না থাকিলে যদি ইচ্ছাপত্র যথার্থভাবে সম্পাদিত হইয়াছে বলিয়া প্রতীয়মান হয়, আদালত ইহা সম্পাদনের পারিপার্শ্বিকতা সম্পর্কে আর কোনো তদন্ত করিবেন না, বরং সকল আনুষ্ঠানিকতা যথায়্থভাবে পালিত হইয়াছে, এই মর্মে পূর্বানুমান করিবেন।

presumption of innocence নির্দোষিতার পূর্বানুমান দোষী প্রমাণিত হইবার পূর্বপর্যন্ত ফৌজদারি অপরাধে অভিযুক্ত ব্যক্তি নির্দোষ, এই মর্মে আইনি পূর্বানুমান। burden of proof দ্র.। presumption of legality আইনানুগতার পূর্বানুমান presumption দ্র.।

presumption of legitimacy বৈধ জন্মের পূর্বানুমান legitimacy দ্র.।

presumption of life and death জীবন ও মৃত্যু সম্পর্কে অনুমান সাক্ষ্য আইনের ১০৭ এবং ১০৮ ধারায় মানুষের জীবন ও মৃত্যু বিষয়ে অনুমান সম্পর্কে বলা হইয়াছে।

presumption of negligence অবহেলার পূর্বানুমান res ipsa loquitur দ্র.।

presumption of sanity প্রকৃতিস্থতার পূর্বানুমান ফৌজদারি অপরাধে অভিযুক্ত প্রত্যেক ব্যক্তি কথিত অপরাধ-সংঘটনের সময়ে প্রকৃতিস্থ ছিলেন (এবং সেইজন্য আইনত দায়ী), এই মর্মে আইনি পূর্বানুমান।

presumption of survivorship উত্তরজীবিভার অনুমান commorientes দ্র.।
presumptive evidence আনুমানিক প্রমাণ prima facie evidence দ্র.।

pre-trial review ভনানিপূর্ব পুনরীক্ষণ ইংল্যান্ডের কাউন্টি কোর্টে কোনো মামলা বা বিষয়ে প্রাথমিক বিবেচনা সম্পর্কে গুনানি। যে-বিচারকের সম্মুখে গুনানি অনুষ্ঠিত হয়, তাঁহার কর্তব্য হইতেছে কার্যধারার গতি বিবেচনা করা এবং তাহা অগ্রসর করিবার জন্য প্রয়োজনীয় নির্দেশ প্রদান করা। কতিপয় ক্ষেত্রে, যেমন, বিবাদী হাজির না হইলে বা জবাব প্রদান না করিলে, তিনি গুনানিপূর্ব পুনরীক্ষণে রায় প্রদান করিতে পারেন অর্থাৎ মামলা একতরফা নিম্পত্তি করিতে পারেন।

preventive relief নিরোধমূলক প্রতিকার আদালতের স্ববিবেচনামূলক ক্ষমতার বলে অস্থায়ী বা চিরস্থায়ী নিযেধাজ্ঞা জারির দারা নিরোধ প্রতিকার মনজুর করা হয়। injunction দ্র.।

previous acquittal or punishment পূর্বেকার খালাস বা দণ্ড ফৌজদারি কার্যবিধির ৪০৩ ধারা-অনুসারে পূর্বেকার খালাসপ্রাপ্ত বা দণ্ডিত ব্যক্তির একই অপরাধে পুনরায় বিচার করা যাইবে না। ৪০৩ ধারায় বলা হইয়াছে যে, (১) যোগ্য এখতিয়ারসম্পন্ন আদালতে কাহাকে অপরাধের জন্য দণ্ডদান করা হইলে বা অপরাধ হইতে খালাস দেওয়া হইলে উক্ত খালাস বা দণ্ডদেশ বলবৎ থাকাকালে একই অপরাধের জন্য পুনরায় তাঁহার বিচার করা যাইবে না অথবা একই ঘটনা হইতে উদ্ভূত অপর কোনো অপরাধের জন্য কিংবা যে-অপরাধের জন্য তাঁহার বিরুদ্ধে ২৩৬ ধারা-অনুসারে একটি পৃথক অভিযোগনামা প্রণয়ন করা যাইত বা যাহার জন্য তাঁহাক ২৩৭ ধারা-অনুসারে দণ্ডিত করা যাইত, তাহার জন্য পুনরায় তাঁহার বিচার করা যাইবে না। (২) কোনো অপরাধে দণ্ডিত বা খালাসপ্রাপ্ত ব্যক্তিকে এমন একটি পৃথক অপরাধের জন্য বিচার করা যাইতে পারিবে, যে-অপরাধের জন্য পরবর্তী বিচারে

২৩৫(১) ধারা-অনুসারে তাঁহার বিরুদ্ধে একটি পৃথক অভিযোগনামা প্রণয়ন করা যাইত। (৩) কোনো কার্য হইতে উদ্ভূত অপরাধে কেহ দণ্ডিত হইলে এবং উক্ত কার্য ও উহার প্রতিক্রিয়া সমন্বয়ে তদপেক্ষা ভিন্ন ধরনের একটি অপরাধের সৃষ্টি হইলে এই পরবর্তী অপরাধের জন্য পরে তাঁহার বিচার করা যাইবে, যদি যখন তিনি দণ্ডিত হইয়াছিলেন তখন উক্ত প্রতিক্রিয়া না ঘটিয়া থাকে বা ঘটিয়াছিল বনিয়া আদানত অবহিত না থাকেন। (৪) কোনো কার্য হইতে উদ্ভত অপরাধ হইতে কেহ খানাস বা উহার জন্য দণ্ডিত হইলে এই খালাস বা দণ্ডপ্রাণ্ডি সত্ত্বেও একই কার্য হইতে উদ্বত অপর কোনো অপরাধের জন্য পরে তাঁহাকে অভিযুক্ত করা ও বিচার করা যাইবে, যদি যে-আদালতে তাঁহার প্রথম বিচার হইয়াছিল সেই আদালত পরবর্তী অপরাধের বিচার করিবার ক্ষমতাসম্পন্ন না হন। (৫) এই ধারার কোনো বিধান ১৮৭৯ সালের জেনারেল ক্লজেজ অ্যাক্টের ২৬ ধারা বা এই বিধির ১৮৮ ধারাকে প্রভাবিত করিবে না। অভিযোগ খারিজ হইলে বা ২৪৯ ধারা-অনুসারে মামলার পরবর্তী কার্যক্রম বন্ধ করা অথবা আসামিকে অব্যাহতি প্রদান করা এই ধারার অধীনে খালাস নয়। এই ধারার মূল বিষয়বস্তু হইতেছে, একই অপরাধের জন্য অপরাধীকে দিতীয়বারের জন্য বিচারাধীন করা যাইবে না। ইহা nemo debet bis vexari নীতির উপর প্রতিষ্ঠিত ৷

previous convictions পূর্ব দণ্ডাজ্ঞা (সাক্ষ্য আইনে) সাধারণত মামলার কোনো পক্ষ বা সাক্ষী পূর্বে ফৌজদারি অপরাধে দণ্ডিত হইয়াছিলেন তাহা দেওয়ানি বা ফৌজদারি মামলায় বিরুদ্ধপক্ষের নিজের বক্তব্যের সমর্থনে গ্রহণযোগ্য নয়, য়িদ না তাহা অনুরূপ ঘটনার সাক্ষ্য হয়, বা য়িদ না দেওয়ানি মামলায় কোনো বিচার্থ বিষয়ে প্রাসঙ্গিক হয়। তবে সাক্ষীর বিশ্বাসযোগ্যতা ক্ষুণ্ন করিবার জন্য তাঁহাকে তাঁহার পূর্বের শান্তিপ্রাপ্তি সম্পর্কে জেরা করা য়য়। সাক্ষ্য আইনের ১৪ ধারার ২ ব্যাখ্যা-অনুসারে, কোনো ব্যক্তি কোনো অপরাধে অভিযুক্ত হইয়া বিচারের সম্মুখীন হইলে তাঁহার পূর্বের শান্তিপ্রাপ্তি প্রাসঙ্গিক। সাক্ষ্য আইনের ১৫৩ ধারার ১ ব্যাখ্যা-অনুসারে, সাক্ষীকে কোনো অপরাধে তাঁহার পূর্বের শান্তিপ্রাপ্তি কাল্যবার গ্রহেন যুবির শান্তিপ্রাপ্তি সম্পর্কে জিজ্ঞাসা করা হইলে য়িদ তিনি তাহা অস্বীকার করেন, তাহা হইলে তাঁহার পূর্বের শান্তিপ্রাপ্তি সম্পর্কে গিল্ডপ্রাপ্তি সম্পর্কে সাক্ষ্য দেওয়া যায়।

price n. মূল্য বি. বিক্রয়চুক্তিতে মালিকানা-হস্তান্তরের বিনিময়শ্বরূপ অর্থে যে-পণপ্রবৃত্তি প্রদান করা হয়। পণ্যবিক্রয়-চুক্তিতে শর্তদ্বারা মূল্য নির্ধারিত হইতে পারে,
সমত পদ্ধতিতে পরে নির্ধারিত হইতে পারে, অথবা পক্ষদের মধ্যে লেনদেনের সময়ে
নির্ধারিত হইতে পারে। যদি উপরিউক্ত কোনো পদ্ধতিতে মূল্য নির্ধারিত না হইয়া
থাকে, তবে ক্রেতাকে যুক্তিসংগত মূল্য প্রদান করিতে হইবে। পণ্যবিক্রয় আইনের ৯
ধারায় মূল্য সম্পর্কে অনুক্রপ বিধান রহিয়াছে।

prima facie দৃশ্যত, আপাতদৃষ্ট।

Prime Minister

prima facie case মামলার আপাত যাথার্য্য কোনো মামলা যথেষ্ট প্রমাণদারা সমর্থিত হইলে তাহা পর্যাপ্ত বিপরীত সাক্ষ্যের অবর্তমানে প্রমাণিত বলিয়া ধরিয়া লওয়া।

- prima-facie evidence আপাতগ্রহণযোগ্য সাক্ষ্যপ্রমাণ ১. অপর কোনো সাক্ষ্যদারা মিথ্যা প্রমাণিত না হইলে যে-সাক্ষ্য কোনো ঘটনা বা বিষয়ের প্রমাণ হিসাবে যথেষ্ট। ২. কোনো ঘটনার অন্তিত্ব সম্পর্কে যুক্তিসংগত অনুমানে পৌছাইতে যে-সাক্ষ্য যথেষ্ট, কিন্তু যাহা ওই ঘটনার চূড়ান্ত প্রমাণ নহে।
- primary evidence প্রাথমিক সাক্ষ্য সাক্ষ্য আইনের ৬২ ধারা-অনুসারে, প্রাথমিক সাক্ষ্য অর্থ আদালতের পরিদর্শনের জন্য দাখিল করা সংশ্লিষ্ট দলিল। ইহার ১ ব্যাখ্যায় বলা হইয়াছে যে, কোনো দলিল কতিপয় খণ্ডে সম্পাদিত হইলে প্রত্যেক খণ্ডই ওই দলিলের প্রাথমিক সাক্ষ্য। কোনো দলিল যখন প্রতিলিপিসহকারে সম্পাদিত হয় এবং প্রত্যেকটি প্রতিলিপি পক্ষগণের মধ্যে একজন বা কয়েকজন কর্তৃক মাত্র সম্পাদিত হয়, তখন প্রত্যেকটি প্রতিলিপি উহার সম্পাদনকারী পক্ষের বিরুদ্ধে প্রাথমিক সাক্ষ্য। ২ ব্যাখ্যায় বলা হইয়াছে যে, মুদুণ, লিথোগ্রাফি বা ফটোগ্রাফির মতো যে-ক্ষেত্রে একাধিক দলিল সমপদ্ধতিতে প্রস্তুত হয়, সেক্ষেত্রে উহার প্রত্যেকটিই অন্যন্তলির বিষয়বন্তু সম্পর্কে প্রাথমিক সাক্ষ্য; কিন্তু যে-ক্ষেত্রে সেইগুলির সবই একটি মূল দলিদের নকল, সেক্ষেত্রে ওইগুলি মূল দলিটের বিষয়বন্তু সম্পর্কে প্রাথমিক সাক্ষ্য নহে। সাক্ষ্য আইনের ৬৪ ধারায় বলা হইয়াছে যে, দলিল প্রমাণের জন্য প্রাথমিক সাক্ষ্য সর্বক্ষেত্রে উৎকৃষ্ট সাক্ষ্য, তবে যে-ক্ষেত্রে প্রাথমিক সাক্ষ্য সর্বক্ষেত্রে উৎকৃষ্ট সাক্ষ্য, তবে যে-ক্ষেত্রে প্রাথমিক সাক্ষ্য সর্বক্ষেত্রে উৎকৃষ্ট সাক্ষ্য, তবে যে-ক্ষেত্রে প্রাথমিক সাক্ষ্য সর্বন্ধ করা যায়।
- primary facts প্রাথমিক ঘটনা সাক্ষীদের সাক্ষ্য ও উত্থাপিত প্রকৃত বা দালিলিক সাক্ষ্যদ্বারা সমর্থিত যে-সকল ঘটনা আদালত নির্ণয় করেন। প্রাথমিক ঘটনাসমূহ-সম্পর্কিত আদালতের সিদ্ধান্তগুলি পরিবর্তনে বিচারক অনিচ্ছুক থাকেন; কিন্তু যে-সকল অনুমানের উপর নির্ভর করিয়া সিদ্ধান্তে উপনীত হইয়া থাকেন তাহা আদালত পরিবর্তন করিতে পারেন।
- Prime Minister প্রধানমন্ত্রী বি. কোনো রাষ্ট্রের অথবা রাজা বা রানীর প্রধান মন্ত্রী;
 নির্বাচিত সরকার-প্রধান। বাংলাদেশের সংবিধানের ৫৫ অনুচ্ছেদ-অনুসারে,
 প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশের একটি মন্ত্রিসভা থাকিবে এবং প্রধানমন্ত্রী ও সময়ে
 সময়ে তিনি যেরূপ স্থির করিবেন সেরূপ অন্যান্য মন্ত্রী লইয়া এই মন্ত্রিসভা গঠিত
 ইইবে। প্রধানমন্ত্রী কর্তৃক বা তাঁহার কর্তৃত্বে এই সংবিধান-অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী
 ক্ষমতা প্রযুক্ত ইইবে। মন্ত্রিসভা যৌথভাবে সংসদের নিকট দায়ী থাকিবেন। ৫৬
 অনুচ্ছেদ-অনুসারে, সংখ্যাগরিষ্ঠ সংসদ-সদস্যদের আস্থাভাজন বলিয়া প্রতীয়মান

prime rate 500

সদস্যকে রষ্ট্রেপতি প্রধানমন্ত্রী নিয়োগ করিবেন। প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীকে রাষ্ট্রপতি নিয়োগদান করিবেন। সংবিধানের ৫৮৬ অনুচ্ছেদ-অনুসারে, সংবিধানের ৪৮(৩); ১৪১ক(১) এবং ১৪১গ(১) অনুচ্ছেদে যাহাই থাকুক না কেন, ৫৮খ অনুচ্ছেদের (১) দফার মেয়াদে নির্দলীয় তত্তাবধায়ক সরকারের কার্যকানে রাষ্ট্রপতি কর্তৃক প্রধানমন্ত্রীর পরামর্শ-অনুযায়ী বা তাঁহার প্রতিস্বাক্ষর গ্রহণান্তে কার্য করার বিধানসমূহ অকার্যকর হইবে। সংবিধানের ৭২(১) অনুচ্ছেদ-অনুসারে, রষ্ট্রেপতি কর্তৃক সংসদ আহ্বান, স্থগিত ও ভঙ্গ করিবার ক্ষেত্রে দায়িত্বপাননে রষ্ট্রপতি প্রধানমন্ত্রী কর্তৃক লিখিতভাবে প্রদত্ত পরামর্শ-অনুযায়ী কার্য করিবেন। সংবিধানের ১৪১ক (১) অনুচ্ছেদ-অনুসারে, রাষ্ট্রপতি কর্তৃক জরুরি অবস্থা-ঘোষণার বৈধতার জন্য ঘোষণার পূর্বেই প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষর প্রয়োজন হইবে। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী সরকারপ্রধান। তাঁহাকে রাজা বা রানী মন্ত্রিসভার সদস্যগণকে নির্বাচিত করিবার ও তাঁহাদের সভায় সভাপতিত করিবার জন্য নিযুক্ত করেন এবং তিনি সরকারের নীতি ও প্রশাসনযন্ত্রের জন্য চূড়ান্ত দায়িত্ব বহন করেন। প্রধানমন্ত্রীর পরামর্শানুসারে রাজা বা রানী পার্লামেন্ট ভাসিয়া দেন, লর্ড-সভার সদস্যপদ সৃষ্টি করেন এবং উর্ধাতন কর্মকর্তাদের (যেমন, উচ্চ আদালতের বিচারক, ন্যয়পাল ইত্যাদি) নিযুক্ত করেন। সেখানে মন্ত্রিসভার মতো প্রধানমন্ত্রীর পদ এমন একটি সাংবিধানিক রেওয়াল ইইতে উদ্ভত যে, পার্লামেন্ট সদস্যদের সংখ্যাগরিষ্ঠ দলের নেতাকেই ওই পদে নিযুক্ত কর হয়।

prime rate প্রাইম রেট, প্রধান হার মার্কিন যুক্তরাষ্ট্রের প্রধান ব্যাংকগুলি প্রথম শ্রেণীর গ্রাহকদিগকে আলাদাভাবে যে-নির্দিষ্ট হারে ঋণ প্রদান করে।

principal n. ১. প্রধান বি. (ফৌজদারি আইনে) যে-ব্যক্তি প্রকৃতপক্ষে অপরাধর্কর্ম সংঘটন করেন। (পূর্বে প্রকৃত ঘটনা-সংঘটনকারীকে প্রথম ধাপের প্রধান বলা হইত এবং যে-ব্যক্তি তাঁহাকে সাহায্য ও সহযোগিতা করিতেন তাঁহাকে দ্বিতীয় ধাপের প্রধান বলা হইত। কিন্তু বর্তমানে প্রথমোক্তকে প্রধান আসামি ও শেষোক্তজনকে দ্বিতীয় পর্যায়ের পক্ষ বলা হয়।) আসামি স্বয়ং অপরাধ না করিলেও সেই ব্যক্তি প্রধান আসামি হইতে পারেন। উদাহরণস্বরূপ, যদি তিনি কোনো নির্বোধ প্রতিনিধির দ্বারা কার্জটি করান (যেমন, একটি শিশুর দ্বারা কর্মটি করান) অথবা যদি তিনি অপর কোনো ব্যক্তির কর্মের জন্য আইনত দায়ী হন (যেমন, পরার্থ দায়ের জন্য দায়িত্ব), তবে তিনি প্রধান আসামিরূপে গণ্য হইতে পারেন।। ২. নিয়োগকারী বি. (প্রতিনিধি আইনে) যে-ব্যক্তির পক্ষে প্রতিনিধি বা নিয়োগী কোনো কাজ করেন। ৩. আসল বি. (আর্থিক বিষয়ে) সুদ হইতে ভিনু যে-অর্থ ধার দেওয়া হয় বা বিনিয়োগ করা হয়। accessory দ্র.।

principle of legality বৈধতার নীতি nullum crimen sine lege দ্র. I

bos privacy

priority n. অধ্যধিকার বি. priority of assignment, priority of mortgages ও priority of time দ্র.।

priority of assignment হস্তান্তরের অথাধিকার সম্পত্তি-হস্তান্তর আইনের ৪৮ ধারা-অনুসারে, যখন কোনো ব্যক্তি, বিভিন্ন সময়ে হস্তান্তরদ্বারা একই স্থাবর সম্পত্তির উপর একাধিক অধিকারসৃষ্টির অভিপ্রায় করেন এবং তদ্ধেপ সৃষ্ট অধিকারগুলি একত্রে একই সময়ে সম্পূর্ণভাবে অবস্থিত বা বলবৎ করা না যায়, তখন হস্তান্তর- গ্রহণকারীগণের উপর পূর্ববর্তী হস্তান্তর বাধ্যকর। কোনো বিশেষ চুক্তির বা সংরক্ষণের অবর্তমানে পরে সৃষ্ট প্রত্যেকটি অধিকার পূর্বে সৃষ্ট সকল অধিকারসাপেক্ষ হইবে।

priority of mortgages বন্ধকের অগ্রাধিকার যে-ক্রমানুসারে একই সম্পন্তির একাধিক বন্ধক কার্যকর হয়। যদি একই সম্পন্তি একাধিকবার বন্ধক দেওয়া হয় এবং ইয়র মূল্য বন্ধকসমূহের পরিমাণ হইতে কম হয়, তবে প্রত্যেকটি বন্ধকের দারির পরিমাণ নির্ধারণ করিতে হইবে। সম্পন্তি-হস্তান্তর আইনের ৪৮ ধারা-অনুসারে, বাধ্যকর কোনো চুক্তি বা সংরক্ষণের অবর্তমানে পূর্ববর্তী বন্ধক পরবর্তী বন্ধক হইতে অগ্রাধিকার লাভ করিবে। কিন্তু ওই বিধানের ব্যতিক্রম হইতেছে দুই ক্ষেত্রে। ৭৮ ধারা-অনুসারে, পূর্ববর্তী বন্ধকগ্রহীতার প্রতারণা, অথথা বর্ণনা বা চরম অবহেলার জন্য প্রলুব্ধ হইয়া বন্ধকি সম্পত্তির জামানতে অপর কেহ অর্থ প্রদান করিলে পরবর্তী বন্ধকগ্রহীতার দার পরিশোধ না হওয়া পর্যন্ত পূর্ববর্তী বন্ধকগ্রহীতার দারি স্থণিত থাকিবে। ৭৯ ধারা-অনুসারে, ভবিষৎ প্রদেয় ঋণের টাকা বা কার্য সম্পাদন বা চলিত হিসাবের অবশিষ্ট টাকার জামানতের জন্য সম্পাদিত বন্ধকে কেবল জামানতের সর্বাধিক পরিমাণ টাকার উল্লেখ থাকিলে এবং এই বন্ধকের বিষয় অবগত হইয়া পরবর্তী বন্ধকগ্রহীতা ওই সম্পন্তির বন্ধক গ্রহণ করিলে, প্রথম বন্ধকগ্রহীতার সর্বাধিক পরিমাণ দাবি পরিশোধ না হওয়া পর্যন্ত দ্বিতীয় বন্ধকগ্রহীতার দাবি স্থণিত থাকিবে, যদিও ওই পরিশোধের বিষয় পরবর্তী বন্ধকগ্রহীতার অবগতিতে আনা হয়।

priority of time সময়ের অগ্রাধিকার যখন দুই বা ততোধিক প্রতিঘদী সার্থ বা দাবি থাকে, তখন 'যিনি সময়ে অগ্রবর্তী তিনিই আইনত অধিক শক্তিশালী' এই প্রবচন প্রযুক্ত হয়। ইহার অর্থ হইতেছে সময়ে যাহা পূর্ববর্তী তাহা পরবর্তীটির পূর্বে প্রাধান্য লাভ করিবে। উদাহরণস্বরূপ, যেখানে কোনো সম্পত্তি দুইটি বন্ধকাধীন হয় সেখানে যে-বন্ধকটি প্রথমে মনজুর করা হইয়াছিল, সেটি অগ্রাধিকার পায়। এই অগ্রাধিকার বিনাবিজ্ঞপ্তিতে ক্রয়, প্রবঞ্চনা, স্বকার্যজনিত বাধা, গুরুতর অবহেলা, নিবন্ধন এবং ভূমিকে মূলধনি অর্থে রূপান্তরের নীতিসাপেক্ষ।

privacy n. একাস্ততা, বিনিক্ততা বি. কাহারো একা থাকিবার অধিকার। ১৯৯৮ সালের মানবাধিকার আইনের পরিণতিতে মানবাধিকার-সম্পর্কিত ইউরোপীয় কনভেনশনের ৮ অনুচ্ছেদ্দ একান্ততার অধিকার যেরূপে বর্ণিত হইয়াছে, তাহা এখন যুক্তরাজ্যের আইনের অংশস্বরূপ। ইহাতে যোগাযোগের গোপনীয়তা (টেনিফোন, চিঠিপত্র প্রভৃতি); বাড়ি ও দণ্ডরের গোপনীয়তা; পরিবেশ রক্ষা; শারীরিক অন্ধুণ্নত রক্ষা; এবং পারস্পরিক সম্মতিক্রমে অহিংস যৌনকর্মে রত ব্যক্তিদের বিষদ্ধে অন্যায় মামলা ও দোষী সাব্যস্তকরণ হইতে রক্ষার অধিকার অন্তর্ভুক্ত। এতদ্যতীত কতিপয় আইনে— যেমন, মানহানি, অনধিকারপ্রবেশ ও কপিরাইট আইনদ্বারাও— পরোক্ষভাবে কিছু সুরক্ষা দেওয়া হইয়াছে। বাংলাদেশের সংবিধানে যোগাযোগের গোপনীয়তার বিধান আছে। দওবিধির ৫০৯ ধারা-অনুসারে, যে-ব্যক্তি কোনো নারীর শালীনতার অমর্যাদা করিবার অভিপ্রায়ে এই উদ্দেশ্যে কোনো মন্তব্য করেন, কোনো শব্দ বা অঙ্গভঙ্গি করেন, বা কোনো বন্তু প্রদর্শন করেন, থাহাতে উক্ত নারী অনুরূপ মন্তব্য বা শব্দ শুনিতে পান অথবা অনুরূপ অঙ্গভঙ্গি বা বন্তু দেখিতে পান, কিংবা উক্ত নারীর একান্ততায় হস্তক্ষেপ করেন, সেই ব্যক্তি এক বংসর পর্যন্ত বিনাশ্রম কারাদঙ্গে বা অর্থদিও বা উভয়বিধ দঙে দণ্ডিত হইবেন। privacy of correspondence দ্রে.।

privacy of correspondence যোগাযোগের গোপনীয়তা সংবিধানের ৪৩(খ) অনুচ্ছেদ-অনুসারে, রাষ্ট্রের নিরাপত্তা, জনশৃঙ্খলা, জনসাধারণের নৈতিকতা বা জনপাস্থ্যের স্বার্থে আইনদ্বারা আরোপিত যুক্তিসংগত বাধানিষেধসাপেক্ষে প্রত্যেক নাগরিকের চিঠিপত্র ও যোগাযোগের অন্যান্য উপায়ের গোপনীয়তা রক্ষার অধিকার থাকিবে।

private act প্রাতিজনিক বিধিবদ্ধ আইন Act of Parliament দ্র.। private bill প্রাতিজনিক আইনের খসড়া বা বিল Bill দ্র.।

private carrier প্রাতিজ্ঞানিক পরিবহণ ১৯৮৩ মোটরযান অধ্যাদেশের ২ ধারায় বনা হইয়াছে যে, প্রাতিজ্ঞানিক পরিবহণ বলিতে এমন একটি পরিবহণ যান বুঝায়, যাহা সর্বসাধারণের জন্য নহে, বরং যাহা মালিক নিজের সম্পদ পরিবহণের জন্য ব্যবহার করেন। carrier দ্র.।

private company প্রাতিজনিক কোম্পানি কোম্পানি আইনের ২(ট) ধারা-অনুসারে প্রাতিজনিক কোম্পানি বলিতে এমন কোম্পানিকে বুঝাইবে যাহা উহার সংঘ-বিধি ঘারা (অ) কোম্পানির শেয়ার, যদি থাকে, হস্তান্তরের অধিকারে বাধানিষেধ আরোপ করে; (আ) কোম্পানির শেয়ারে বা ডিবেঞ্চারে, যদি থাকে, চাঁদাদানের নিমিন্ত জনসাধারণের প্রতি আমন্ত্রণ জানানো নিষিদ্ধ করে; এবং (ই) উহার সদস্য-সংখ্যা, কোম্পানির চাকুরিতে নিযুক্ত ব্যক্তিগণ ব্যতীত, পঞ্চাশের মধ্যে সীমাবদ্ধ রাখে: তবে শর্ত থাকে যে, যদি দুই বা ততোধিক ব্যক্তি যৌথভাবে কোনো কোম্পানির এক বা একাধিক শেয়ারের ধারক হন, তাহা হইলে তাঁহারা এই সংজ্ঞার উদ্দেশ্যপূরণকল্পে, একজন সদস্য বলিয়া গণ্য হইবেন।

private defence ব্যাক্তগত প্রতিরক্ষা ব্যক্তিগত প্রতিরক্ষা বলিতে অনোর আক্রমণ হইতে নিজের দেহ এবং সম্পত্তি রক্ষা করা বুঝায়। দণ্ডবিধির ৯৬ ধারা-অনুসারে, ব্যক্তিগত প্রতিরক্ষার অধিকার প্রয়োগকালে কত কোনো কিছুই অপরাধ নহে। দর্থবিধির ৯৬ ধারা হইতে ১০৬ ধারা পর্যন্ত ব্যক্তিগত প্রতিরক্ষার অধিকার সম্পর্কে বলা হইয়াছে। ৯৭ ধারায় বলা হইয়াছে যে, ৯৯ ধারায় বিধৃত বিধিনিষেধসাপেক্ষে যে-কোনো অপরাধের বিরুদ্ধে প্রত্যেক ব্যক্তির, প্রথমত, স্বীয় দেহ ও অন্য যে-কোনো ব্যক্তির দেহের প্রতিরক্ষার অধিকার থাকিবে: দিতীয়ত, চুরি, দস্যতা, অনিষ্ট বা অপরাধমূলক অনধিকার প্রবেশের সংজ্ঞাধীন অপরাধ কিংবা চুরি, দস্যুতা, অনিষ্ট বা অপরাধমূলক অনধিকার প্রবেশের উদ্যোগের বিরুদ্ধে নিজের বা অপর কোনো ব্যক্তির অন্থাবর বা স্থাবর সম্পত্তি প্রতিরক্ষার অধিকার থাকিবে। ৯৯ ধারায় ব্যক্তিগত প্রতিরক্ষার সীমা বর্ণনা করা হইয়াছে। ৯৯ ধারা-অনুসারে, পদাধিকারবলে কোনো সরকারি কর্মচারী সদ্বিশ্বাসে আইনবহির্ভূত কাজ করিলেও যদি তাহা গুরুতর আঘাত বা মৃত্যুর আশঙ্কা সৃষ্টি না করে, তবে তাহার বিরুদ্ধে ব্যক্তিগত প্রতিরক্ষার অধিকার থাকিবে না। অনুরূপভাবে কোনো ব্যক্তি পদাধিকারবলে সরকারি কর্মচারীর নির্দেশপালনের উদ্যোগকালে আইনের দৃষ্টিতে যথার্থ না হইলে এবং মৃত্যু বা গুরুতর আঘাতের কারণ না থাকিলে কেহ ব্যক্তিগত প্রতিরক্ষার অধিকার প্রয়োগ করিতে পারে না। সরকারি কর্তৃপক্ষের নিকট আশ্রয় লইবার সময় থাকিলে ব্যক্তিগত প্রতিরক্ষার অধিকার থাকে না। ব্যক্তিগত প্রতিরক্ষার জন্য যতটুকু আঘাত করিবার প্রয়োজন তাহার অতিরিক্ত করা অবৈধ। দণ্ডবিধির ৩০০ ধারার ২ ব্যতিক্রমে বলা হইয়াছে যে. অপরাধকারী সদ্বিশ্বাসে নিজের দেহ বা সম্পত্তি-সম্পর্কিত ব্যক্তিগত প্রতিরক্ষার অধিকার প্রয়োগকালে পূর্বপরিকল্পনা-ব্যতীত ও অনুরূপ প্রতিরক্ষার উদ্দেশ্যে প্রয়োজনীয় ক্ষতি হইতে অধিকতর ক্ষতিসাধনের অভিপ্রায় না করিয়া তৎপ্রতি আইনপ্রদত্ত ক্ষমতাসমূহ অতিক্রম করিলে এবং যে-ব্যক্তির বিরুদ্ধে অনুরূপ প্রতিরক্ষার অধিকার প্রয়োগ করা হয় তাঁহার মৃত্যু ঘটাইলে দগুর্হ নরহত্যা খুন নহে। পূরণযোগ্য ক্ষতির মামলায় নিজের দেহের বা সম্পত্তি রক্ষার ক্ষেত্রে যুক্তিসংগত অজুহাত হিসাবে সাফাই দেওয়া যাইতে পারে। আত্মরক্ষার অধিকার নিজের পরিবার বা অন্য কোনো ব্যক্তিকে অবৈধ বলপ্রয়োগ হইতে রক্ষা করিবার ক্ষেত্রে প্রযোজ্য হইতে পারে।

private document ব্যক্তিগত দলিল দেশের যাবতীয় দলিলকে দুইভাগে ভাগ করা যায়: সরকারি দলিল ও ব্যক্তিগত দলিল। সাক্ষ্য আইনের ৭৫ ধারা-অনুসারে, যে-দলিল সরকারি নহে, তাহাই ব্যক্তিগত দলিল। সাক্ষ্য আইনের ৭৪ ধারায় সরকারি দলিলের সংজ্ঞার্থ দেওয়া ইইয়াছে। public document তু.।

private international law (conflict of laws) প্রাতিজনিক আন্তর্জাতিক আইন (আইনসমূহের বিরোধ) কোনো দেশের আইনের সেই অংশ যাহা বিদেশি উপাদানসৃম্পক্ত মাস্ট্র পরিচালনাসংক্রান্ত বিধানাবলি সৃষ্টি করে (যেমন, কোনো বিদেশি আইনব্যবস্থার সহিত চুক্তি)। উদাহরণস্বন্ধপ, ইংল্যান্ডে সম্পাদিত চুতি বিদেশে বলবৎ হইলে তখন কোন দেশের আইনের দ্বারা ওই চুক্তির বৈধতা নির্ধারিত হইবে তাহা ঠিক করা প্রয়োজনীয় হইবে। ইহাকে বলা হয় আইন নির্বাচন করিবার প্রশ্ন। সাধারণত রোম কনভেনশন (১৯৮০ সালে গৃহীত এবং ১৯৯১ সালের ১ এপ্রিলে বলবৎ)-অনুসারে পক্ষদের লিখিত চুক্তিতে উল্লিখিত আইন-নির্বাচনকে মানা করা হয়। কিন্তু পক্ষগণ চুক্তিতে আইননির্বাচন সম্পর্কে উল্লেখ না করিলে কোন আইন কার্যকর হইবে সে-সম্পর্কে বিধানাবলি ওই কনভেনশনে উল্লিখিত আছে। কোনো কোনো সময়ে কোনো মামলা বিচার করিবার এখতিয়ার আছে কি না এবং কোনো বিদেশি রায়কে স্বীকৃতি দেওয়া হইবে কি না (যেমন, বিদেশি আদালতের বিবাহবিচ্ছেদের রায়) সে-সম্পর্কে আদালতকে সিদ্ধান্ত গ্রহণ করিতে হয়। প্রাতিজনিক আন্তর্জাতিক আইনকে সর্বজনীন আন্তর্জাতিক আইনের সঙ্গে এক করিয়া দেখা অবশ্য ঠিক হইবে না।

private law প্রাতিজনিক আইন আইনের সৈই সকল অংশ যাহা রাট্রের সহিত সম্পর্কস্তীন, এবং ব্যক্তির সহিত ব্যক্তির সম্পর্ক লইয়া কারবার করে। ইহার অন্তর্গত হুইতেছে সম্পত্তিসংক্রান্ত আইন, অছি আইন, পারিবারিক আইন, চুক্তি আইন, বাণিজ্যিক আইন, টর্ট বা পূরণযোগ্য ক্ষতি আইন। public law তু.।

private life একান্ত জীবন privacy দ্ৰ. ।

private member's bill বেসরকারি সদস্যের বিল মন্ত্রী ব্যতীত, সরকারি বা বিরোধী যে-দলেরই হউক না কেন, অন্য সংসদ-সদস্যেরা যেসব বিল উথাপন করেন। বাংলাদেশে সংসদের সময়ের বিন্যাস সরকার নিয়ন্ত্রণ করে। বাংলাদেশের সংসদ কার্যপ্রণালি বিধি-অনুযায়ী বৃহস্পতিবার বেসরকারি কার্যপ্রণালি প্রাধান্য পাইবে এবং অন্যান্য দিনে সরকারি কার্য ব্যতীত অন্য কোনো কার্য সম্পাদন করা হইবে না। সেইজান্য শুধু বৃহস্পতিবার বেসরকারি সদস্যের বিল উথাপন ও আলোচনা করা যায়। Bill দ্র.।

private nuisance প্রাতিজনিক উপদ্রব nuisance দ্র.।

private university বেসরকারি বিশ্ববিদ্যালয় ১৯৯৮ সালের বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-অনুসারে স্থাপিত বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং এই আইনের বিধানাবলি এবং এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক নির্ধারিত শর্তপুরণসাপেক্ষে কোনো বিদেশি বিশ্ববিদ্যালয়ের অধীনে বাংলাদেশে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি, ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পরিচালনাকারী কিংবা ডিগ্রি, ডিপ্লোমা বা সার্টিফিকেট প্রদানকারী কোনো প্রতিষ্ঠান।

₽0€ privilege

privatization n. বিরাষ্ট্রায়ন্তকরণ, বেসরকারিকরণ এমন একটি কর্মসূচি যাহার মাধ্যমে জনকল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহকে সরকারের নিয়ন্ত্রণমুক্ত করিয়া বেসরকারি নিয়ন্ত্রণে স্থাপন করা হয়। বেসরকারিকরণের ক্ষেত্রে প্রতিষ্ঠানটিকে সর্বজনীন কোম্পানিতে রূপান্তরিত করিয়া সর্বসাধারণের নিকট শেয়ার বিক্রয়ের মাধ্যমে সাধারণত ইহা করা হয়। সরকারি মালিকানা হইতে ব্যক্তি-মালিকানায় কোনো প্রতিষ্ঠান হস্তান্তরের মাধ্যমেও ইহা করা হয়। বাংলাদেশে বেশির ভাগ ক্ষেত্রে ব্যক্তি-মালিকানায় হস্তান্তরের মাধ্যমেও ইহা করা হয়। বাংলাদেশে বিশির ভাগ ক্ষেত্রে ব্যক্তি-মালিকানায় হস্তান্তরের মাধ্যমেই রাষ্ট্রায়ন্ত প্রতিষ্ঠানসমূহকে বিরাষ্ট্রায়ন্ত করা হইয়াছে।

privilege n. বিশেষাধিকার বি. ১, নাগরিক হিসাবে কিছু সাধারণ দায়দায়িত্ব হইতে অব্যাহতি পাওয়াকে বিশেষাধিকার বলে। সংবিধানের ৫১ অনুচ্ছেদ-অনুসারে রষ্ট্রপতি স্বীয় দায়িতপালন সম্পর্কে আদালতে জবাবদিহি করিতে বাধ্য নহেন। সংবিধানের ৭৮ অনুচ্ছেদে সংসদ-সদস্যের বিশেষ অধিকার ও দায়মূক্তি সম্পর্কে বলা হইয়াছে যে, (১) সংসদের কার্যধারার বৈধতা সম্পর্কে কোনো আদালতে প্রশু উত্থাপন করা যাইবে না। (২) সংসদের যে-সদস্য বা কর্মচারীর উপর সংসদের কার্যপ্রণালি নিয়ন্ত্রণ, কার্যপরিচালনা ও শঙ্খলারক্ষার ক্ষমতা ন্যস্ত থাকিবে, তিনি এই সকল ক্ষমতাপ্রয়োগ-সম্পর্কিত কোনো ব্যাপারে কোনো আদালতের এখতিয়ারের অধীন হইবেন না। (৩) সংসদ বা সংসদের কোনো কমিটিতে কিছু বলা বা ভোটদানের জন্য সংসদ-সদস্যের বিরুদ্ধে কোনো আদালতে কোনো কার্যধারা গ্রহণ করা যাইবে না। (৪) সংসদ কর্তৃক বা সংসদের কর্তৃত্বে কোনো রিপোর্ট, কাগজপত্র, ভোট বা কার্যধারা প্রকাশের জন্য কোনো ব্যক্তির বিরুদ্ধে কোনো আদালতে কেনো কার্যধারা গ্রহণ করা যাইবে না। (৫) এই অনুচ্ছেদসাপেকে সংসদের আইনদারা সংসদের, সংসদের কমিটিসমূহের এবং সংসদ-সদস্যের বিশেষ অধিকার নির্ধারণ করা যাইবে। ২. কোনো সাক্ষীর সাক্ষ্যপ্রদানের সময়ে কতিপয় ধরনের প্রশ্নের উত্তর না দিবার অধিকার অথবা কোনো পক্ষের দলিলপ্রকাশের ক্ষেত্রে সাক্ষ্য আইনে স্বীকৃত বিশেষ স্বার্থের অজুহাতে কতিপয় ধরনের দলিলপ্রকাশে অস্বীকৃতির অধিকার। বিশেষাধিকারসমূহ দুই শ্রেণীতে বিভক্ত: জনম্বার্থের বিশেষাধিকার ও প্রাতিজনিক বিশেষাধিকার। রাষ্ট্রে নিরাপত্তা ও জনশৃঙ্খলার স্বার্থে সরকার কর্তৃক রাষ্ট্রীয় গোপনীয় বিষয় প্রকাশ না করিবার বিশেষ অধিকার। প্রাতিজনিক বিশেষাধিকারের অন্তর্গত হইতেছে সাক্ষা আইনের ১২৩ ধারা-অনুসারে রাষ্ট্রীয় বিষয়াদি সম্পর্কিত অপ্রকাশিত সরকারি দলিলপত্র হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কাহাকেও সংশ্রিষ্ট বিভাগের প্রধান কর্মকর্তার অনুমতি ব্যতীত সাক্ষ্য দেওয়ার অনুমতি না দেওয়া। উক্ত কর্মকর্তা যেমন উপযুক্ত বিবেচনা করিবেন, সেই মতো অনুমতি দিবেন বা দেওয়া হইতে বিরত থাকিবেন। ১২৬ ধারা-অনুসারে, মক্কেলের ব্যারিস্টার, অ্যাটর্নি বা উকিল হিসাবে কাজ করিবার সময়ে ও উদ্দেশ্যে উক্ত মক্কেল কর্তৃক বা মক্কেলের পক্ষ হইতে তাঁহার নিকট প্রদন্ত কোনো সংবাদের বিষয় মক্কেলের অনুমতি ব্যতীত ব্যারিন্টার, অ্যাটর্নি বা উকিল

প্রকাশ করিতে অনুমতি পাইবেন না, অথবা ব্যক্তিগত কার্য-সম্পাদনকালে এবং মেই প্রসঙ্গে মক্কেলের যে-সমস্ত দলিলের সহিত তিনি পরিচিত হইয়াছেন, সেইগুনির বিষয়বস্তু বা অবস্থার বিষয়ে কোনো বিবতি দিতে পারিবেন না; অথবা তাঁয়র কার্যকালে ও উদ্দেশ্যে মক্কেলকে তিনি যে-পরামর্শ দিয়াছেন, তাহা প্রকাশ করিতে পারিবেন না। তবে শর্ত থাকে যে, নিম্নলিখিত বিষয়গুলি প্রকাশ হইতে এই ধারায় কিছু রক্ষা করিবে না: (১) বেআইনি উদ্দেশ্যসাধনকল্পে যে-সংবাদ আদান-প্রদান করা হইয়াছে। (২) ব্যারিন্টার, অ্যাটর্নি বা উকিল পেশাগতকার্যে নিযুক্ত থাকিবার সময়ে তৎকর্তক লক্ষিত বিষয় যদ্দারা প্রতীয়মান হয় যে, তাঁহার নিযুক্তির পরে কোনো অপরাধ বা প্রতারণা সংঘটিত হইয়াছে: অনুরূপ ঘটনার প্রতি উক্ত ব্যারিস্টার, অ্যাটর্নি বা উকিলের মনোযোগ তাঁহার মক্কেল কর্তৃক বা মক্কেলের পক্ষ হইতে আকৃষ্ট করা হইয়াছে কি না তাহা গুরুত্বপূর্ণ নহে। সংবিধানের ৩৫(৪) অনুচ্ছেদ-অনুসারে, কোনো অপরাধের দায়ে অভিযক্ত ব্যক্তিকে নিজের বিরুদ্ধে সাক্ষ্য দিতে বাধ্য করা যাইবে না। কিন্তু সাক্ষ্য আইনের ১৩২ ধারা-অনুসারে, সাক্ষীকে অপরাধের সহিত জড়িত করিবে এই অজহাতে কোনো প্রশ্রের উত্তরদান হইতে তাঁহাকে অব্যাহতি দেওয়া যাইবে না। তবে তদ্রূপ প্রশ্নের উত্তরদানে বাধ্য হইলে তাঁহাকে অভিযুক্ত করা যাইবে না বা তাহা কোনো ফৌজদারি মামলায় তাঁহার বিরুদ্ধে প্রমাণ করা যাইবে না। দেওয়ানি কার্যবিধির ১৩৫ক ধারায় দেওয়ানি পরওয়ানা, আটক এবং গ্রেপ্তার হইতে সংসদ-সদস্যের অব্যাহতি সম্পর্কে বলা হইয়াছে যে নিম্নলিখিত ক্ষেত্রে কোনো ব্যক্তিকে দেওয়ানি পরওয়ানাধীনে গ্রেপ্তার করা বা কারাগারে আটক রাখা যাইবে না: (ক) কোনো আইনসভার সদস্যকে উক্ত আইনসভার অধিবেশন চলাকালে: (খ) অনুরূপ আইনসভার কোনো সদস্যকে উক্ত কমিটির বৈঠক চলাকালে: এবং অনুরূপ অধিবেশন বা বৈঠকের পূর্ববর্তী ও পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে। absolute privilege, parliamentary privilege, qualified privilege, marital privilege ও disclosure and inspection of documents বৃ.।

privileged communication বিশেষাধিকারপ্রাপ্ত যোগাযোগ ১. সাক্ষ্য আইনের ১২৪ ধারা-অনুসারে, সরকারি বার্তার আদানপ্রদান প্রকাশ করিলে জনম্বার্থের ব্যাঘাত হইবে বলিয়া যখন কোনো সরকারি কর্মচারী মনে করিবেন, তখন সরকারি বিশ্বস্ততায় লব্ধ বার্তা প্রকাশ করিতে তিনি বাধ্য থাকিবেন না। ২. সাক্ষ্য আইনের ১২২ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি মিনি বিবাহিত বা যাঁহার সহিত তাঁহার বিবাহ হইয়াছে, বিবাহ বজায় থাকাকালে সেই ব্যক্তির সহিত তাঁহার স্ত্রী বা স্বামীর বার্তার বিষয়বস্তু প্রকাশ করিতে সেই ব্যক্তিকে বাধ্য করা যাইবে না; বার্তাপ্রদানকারীর বা তাঁহারে ম্বার্থসংগ্লিষ্ট প্রতিনিধির সম্মতি ব্যতীত বার্তার বিষয়বস্তু প্রকাশ করিবার অনুমতিও তাঁহাকে দেওয়া যাইবে না, তবে বিবাহিত ব্যক্তিম্বয়ের মধ্যে কোনো দেওয়ানি মামলায় অথবা তাঁহাদের একজনের বিরুদ্ধে কোনো অপরজের নায়ে অপরজন ফৌজদারিতে সোপর্দ

ইইয়া থাকিলে সেই ক্ষেত্রে বার্তার বিষয় প্রকাশ করিতে দেওয়া যাইবে। ৩. টর্ট বা পূরণযোগ্য ক্ষতি আইনে কোনো যোগাযোগ নির্বাঢ় বিশেষাধিকার বা শর্তমুক্ত বিশেষাধিকার দ্বারা সংরক্ষিত। নির্বাঢ় বিশেষাধিকার দ্বারা সুরক্ষিত ক্ষেত্রে মানহানির জন্য কোনো মামলা করা যায় না, যদি না তাহা বিদ্বেষপ্রসৃত হয়। শর্তমুক্ত বিশেষাধিকার দ্বারা সংরক্ষিত ক্ষেত্রে মানহানির জন্য কোনো মামলা করা যায় না, যদি না তাহা বিদ্বেষপ্রসৃত হয়। শর্তমুক্ত বিশেষাধিকার দ্বারা সুরক্ষিত যোগাযোগের ক্ষেত্রেও কোনো মামলা করা যায় না।

privileged will বিশেষধিকারপ্রযুক্ত ইচ্ছাপত্র উত্তরাধিকার আইনের ৬৫ ধারাঅনুসারে যুদ্ধের নিমিন্ত নিযুক্ত অথবা প্রকৃতপক্ষে যুদ্ধে নিযুক্ত একজন সৈনিক,
বৈমানিক অথবা সমুদ্রে থাকা কোনো নাবিক, যাঁহার বয়স আঠারো বৎসর পূর্ণ
ইইয়াছে, তিনি ওই আইনের ৬৬ ধারায় উল্লিখিত পদ্ধতিতে একটি বিশেষাধিকারপ্রাপ্ত
ইচ্ছাপত্র প্রণয়ন করিতে পারেন। ৬৬ ধারা-অনুসারে, বিশেষাধিকারপ্রাপ্ত ইচ্ছাপত্র
লিখিতভাবে বা মৌখিকভাবে করা যায় তবে তাহা কতিপয় নিয়মাধীন হইবে।
ইচ্ছাপত্রটি ইচ্ছাপত্রকারী কর্তৃক মৌখিকভাবে বা সম্পূর্ণ বা আংশিকভাবে লিখিত
হইতে পারে। কতিপয় অবস্থায় তাহা ইচ্ছাপত্রকারী কর্তৃক সম্পাদিত হইবার বা
প্রত্যায়িত হইবার প্রয়োজন নাই। যদি দেখানো যায় যে, ইচ্ছাপত্রটি ইচ্ছাপত্রকারীর
ইচ্ছা এবং নির্দেশানুসারে করা হইয়াছে, তবে তাহাই যথেষ্ট হইবে।

privity n. স্বার্থসংখ্রিষ্ট সম্পর্ক কোনো ঘটনা বা লেনদেনে অংশগ্রহণের ফলে ব্যক্তিদের মধ্যে বিদ্যমান সম্পর্ক। যেমন, চুক্তি বা সম্পদের স্বার্থসংখ্রিষ্ট সম্পর্ক।

privity of contract চুক্তির স্বার্থসংশ্রিষ্ট সম্পর্ক কোনো চুক্তির পক্ষদের মধ্যে বেস্বার্থসংশ্রিষ্ট সম্পর্ক বিদ্যমান থাকে। চুক্তির স্বার্থসংশ্রিষ্ট সম্পর্ক সম্বন্ধে ইংল্যান্ডের
সাধারণ আইনের মতবাদ-অনুসারে চুক্তির একপক্ষ অপরপক্ষের বিরুদ্ধে পরম্পর
নালিশ করিতে পারেন। ইহা অপর কোনো ব্যক্তির বরাবরে যেমন কোনো অধিকার
সৃষ্টি করে না তেমনি তাঁহাদের উপর কোনো দায়ও সৃষ্টি করে না। যেমন যদি 'ক' ও
'খ'-য়ের মধ্যে এফন একটি সমঝোতা হয় যে 'ক' 'খ'-য়ের বাড়ি রং করিয়া দিলে
'খ' 'গ'-কে তৎপরিবর্তে ১০০০ টাকা দিবেন তাহা হইলে 'গ' ওই টাকার জন্য 'খ'য়ের বিরুদ্ধে নালিশ করিতে পারিবেন না। যদি তিনি ভাহা করিতে পারিতেন, তবে
চুক্তিটি তৃতীয় পক্ষের বরাবরে অধিকার সৃষ্টি করিত এবং ইংল্যান্ডের আইনে তদ্ধপ
অধিকার স্বীকৃত হইত।

privity of estate ভূসম্পদের স্বার্থসংগ্রিষ্ট সম্পর্ক একই পন্তনের অধীনে ভূম্যধিকারী ও প্রজার পন্তনের আদিপক্ষ না হইলে ভূম্যধিকারী ও প্রজা পরম্পরের বিরুদ্ধে তাঁহাদের দায়দায়িত্ব বলবৎ করিতে পারেন। এইরূপে 'ক' যখন 'খ'-মের বরাবরে কোনো সম্পত্তির পত্তন মনজুর করেন যাহা পরবর্তীকালে 'খ' 'গ'-য়ের নিকট হস্তান্তর

করেন এবং 'ক' তাঁহার পুনঃপ্রাপ্তির অধিকার 'ঘ'-য়ের নিকট হস্তান্তর করেন, তথন 'গ' ও 'ঘ'-য়ের মধ্যে কোনো চুক্তি না থাকিলেও 'ঘ' 'গ'-য়ের বিরুদ্ধে 'ক'-য়ের দেওয়া নিশ্চয়তাসমূহ বলবৎ করিতে পারিবেন। বিভিন্ন পত্তনি ভূসম্পদে একান্ত সম্পর্ক নাই। যেমন 'ক' 'ঝ'-কে কোনো সম্পত্তি পত্তন দিলে এবং 'ঝ' তাহা 'গ'-য়ের নিকট দরপত্তন দিলে 'ক' 'গ'-য়ের বিরুদ্ধে পত্তন বা দরপত্তনের ইতিবাচক দায়সমূহ বলবৎ করিতে পারিবেন না, যদিও মূল পত্তনের সীমাবদ্ধকারী নিশ্চয়তাসমূহ বলবৎ করিতে সমর্থ হউতে পারেন।

Privy Council প্রিভি কাউন্সিল পূর্বে ইংল্যান্ডের রাজা ও রানীকে সরকারি নীতি সম্পর্কে পরামর্শদানের জন্য কাউন্সিলের লর্ড প্রেসিডেন্টের নেতৃত্বে গঠিত একটি সংস্থা যাহার ওই ভূমিকা পরে মন্ত্রিসভায় বর্তাইয়াছে। ইহার কার্যাবলি বর্তমানে আনুষ্ঠানিক (যেমন কতিপয় সদস্যকে অর্ডারস ইন কাউন্সিল প্রণয়নের জন্য ডাকা হয়), কিন্তু ইহার আইন-প্রণয়নের সীমাবদ্ধ বিধিবদ্ধ ক্ষমতাও আছে (Orders in Council দ্র.) এবং ইহা রাজা বা রানীকে কতিপয় বৈচারিক বিষয়ে পরামর্শ দান করে (Judicial Committee of Privy Council দ্র.)। রাজ-পরিবারের সদস্যবৃদ্ধ, মন্ত্রিসভার সকল সদস্য স্পিকার ও অন্যান্য অরাজনৈতিক উচ্চপদাধিকারী এবং জনসেবার জন্য সম্মানিত ব্যক্তিবর্গসহ প্রায় ৩৬০ জন সদস্য-সমন্তুয়ে প্রিভি কাউপিন গঠিত। প্রিভি কাউন্সিলের একজন সদস্যকে রাইট অনারেবলরূপে সম্বোধন করা হয়। বাংলাদেশে প্রিভি কাউন্সিল বলিতে প্রধানত ওই কাউন্সিলের জুডিশিয়ান কমিটিকে বুঝাইয়া থাকে। ১৯৫০ সালে হাইকোর্টের রায়ের বিরুদ্ধে প্রিভি কাউন্সিলে আপিলের বিধান বাতিল করিয়া দিয়া সেই ক্ষমতা পাকিস্তান ফেডারেল কোর্টের উপর অর্পণ করা হয়। প্রিভি কাউন্সিলের তৎকালীন নজিরসমূহ সকল ব্রিটিশ ঔপনিবেশিক আদালতের উপর বাধ্যকর ছিল। বর্তমানে প্রিভি কাউন্সিলের ১৯৫০ সালের পূর্বে নজির দেশের প্রচলিত আইন হিসাবে হাইকোর্ট বিভাগের উপর বাধ্যকর, কিন্তু আপিল বিভাগের উপর বাধাকর নতে।

prize court প্রাইজ কোর্ট, যুদ্ধধন আদালত যুধ্যমান কোনো দেশের নৌ বা বিমান বাহিনী কর্তৃক যুদ্ধের সময়ে সমুদ্রে বা বন্দরে ধৃত যুদ্ধধন অর্থাৎ জাহাজ বা বিমান বা মালামাল সংক্রান্ত বিষয় আন্তর্জাতিক আইন-অনুযায়ী ব্যবস্থাগ্রহণ করিবার জন্য গঠিত আদালত। অন্য দেশের দৃষ্টিতে যুদ্ধধন ধৃতকরণ ও ধৃতকারীর কাজ ন্যায্য ছিল কি না তাহা নির্ধারণ এবং অন্যায্য ধৃতকরণ নিবারণ ও প্রতিকারবিধানের উদ্দেশ্যে এই আদালত গঠিত হয়। বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের অ্যাডমিরালটি এর্থতিয়ার-পরিচালনাকারী বিচারক বাংলাদেশের যুদ্ধধন আদালত হিসাবে কার্য পরিচালনা করেন। এই আদালতে প্রথমে স্থির করা হয় অধিকৃত সম্পত্তি সত্যকারভাবে শক্রপক্ষীয় ব্যক্তি বা সরকারের কি না। যুদ্ধধন দখল করার পর প্রথমে তাহা একজন প্রাইজ মান্টারের দায়িত্বাধীন করা হয় এবং তারপর বিচারের জন্য

নিকটবর্তী বন্দরে লইয়া যাওয়া হয়। অবশ্য কোনো জাহাজ শত্রপক্ষীয় বলিয়া ম্প্রটভাবে প্রতীয়মান হইলে জাহাজের যাত্রী, নাবিক ও কাগজপত্র লইয়া ইচ্ছা করিলে সমৃদ্রে ভুবাইয়া দেওয়া যায়, তবে নিয়ন্ত্রণ-কর্মকর্তার সরকার নিরপেক্ষ দেশীয় যাত্রীদের ক্ষতিপূরণদানে বাধ্য থাকিবেন। বিচারের পূর্বে যুদ্ধধন বিক্রয় করিয়া দিলে বিক্রয়লব্ধ অর্থ ভাগ-বাটোয়ারার জন্য বিচারের সময়ে কোর্টে জমা দিতে হয়। জাহাজের কাগজপত্র, যাত্রীদের সাক্ষ্য ও অন্যান্য প্রাসঙ্গিক প্রমাণ বিচার-বিবেচনার পর আদালত রায় প্রদান করেন। যুদ্ধধন আদালতে সাধারণত আন্তর্জাতিক আইন-অনুসারে বিচার করা হয়, তবে অনেক সময়ে (মার্কিন যুক্তরাষ্ট্রে ফেডারেল কোর্টে) জাতীয় আইন-অনুযায়ী রায়প্রদানের জন্য উক্ত আদালত বাধ্য থাকেন। এই জাতীয় অসুবিধা এড়াইবার জন্য কোনো কোনো ক্ষেত্রে যুদ্ধধনের মামলা আন্তর্জাতিক ট্রাইব্যালারে কাছে প্রেরণ করা হয়।

probability n. সম্ভাব্যতা বি. কোনো বিষয়ের বিপক্ষের অপেক্ষা সপক্ষে অধিকতর প্রমাণ থাকা— যাহার ফলে মনে কোনো সন্দেহের অবকাশ থাকিলেও সেই সম্পর্কে একটি বিশ্বাসযোগ্যতা সৃষ্টি হয়।

probable cause সম্ভাব্য কারণ সম্ভাব্য কারণ বা যথার্থ কারণ এক নহে। যেখানে সন্দেহের যুক্তিসংগত অজুহাত আছে এবং ঘটনাপ্রবাহ একজন সাবধানি মানুষের মনে বিশ্বাস জন্মাইতে পারে, সেই পরিপ্রেক্ষিতে একজন অভিযুক্ত ব্যক্তি অপরাধ করিয়াছেন এবং দেওয়ানি মামলার ক্ষেত্রে মামলার কারণ বিদ্যামান বলিয়া বলা যায়।

probate n. প্রোবেট, ইচ্ছাপত্র-প্রমাণক বি. ইচ্ছাপত্রে নিযুক্ত নির্বাহীর আবেদনক্রমে আদালত কর্তৃক তাঁহার বরাবরে প্রদত্ত এই মর্মে প্রত্যয়নপত্র যে, ইচ্ছাপত্রটি বৈধ এবং নির্বাহী মৃতব্যক্তির সম্পদের ব্যবস্থাপনা করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত । উত্তরাধিকার আইনের ২(চ) ধারা-অনুসারে, প্রবেট বা ইচ্ছাপত্র-প্রমাণক অর্থ উপযুক্ত এখতিয়ারসম্পন্ন আদালতের সিলমোহর দ্বারা প্রত্যয়িত ইচ্ছাপত্রের অনুলিপিমূলে ইচ্ছাপত্রকারীর সম্পদের ব্যবস্থাপনার মনজরিপত্র ।

probate action প্রোবেট বা ইচ্ছাপত্র-প্রমাণক-সম্পর্কিত মামলা কোনো ইচ্ছাপত্র বৈধ কি না, তাহা নির্ধারণ অথবা পূর্বে মনজুরিকৃত ইচ্ছাপত্র-প্রমাণক বাতিল করিবার জন্য আদালতে আনীত কার্যধারা। উত্তরাধিকার আইনের ২৬৪ ধারা-অনুসারে, জেলা জজ ইচ্ছাপত্র-প্রমাণক অথবা প্রশাসনপত্র মনজুর বা বাতিল করিতে পারেন। উক্ত আইনের ২৬৫ ধারা-অনুসারে জেলা প্রতিনিধি ইচ্ছাপত্র-প্রমাণক-সম্পর্কিত অথবা প্রশাসনসংক্রান্ত একতরফা কার্যধারার বিচার করেন।

Probate, Divorce and Admiralty Division প্রোবেট, ডিডোর্স অ্যান্ড অ্যান্ডমিরালটি ডিভিশন ইংল্যান্ডে হাইকোর্টের একটি বিভাগ। ১৯৭০ সালের বিচার probation \$80

প্রশাসন আইন-অনুসারে বর্তমানে ফ্যামিলি ডিভিশন বা পারিবারিক বিভাগ হিসাবে ইহার নতুন নামকরণ হইয়াছে। অ্যাডমিরালটি এখতিয়ার কুইনস বেঞ্চ ডিলিনে এবং দোতরফা ইচ্ছাপত্র-প্রমাণক এখতিয়ার চানসারি ডিভিশনে স্থানান্তরিত ইইয়াছে।

probation n. শিক্ষানবিশি, অবেক্ষা বি. কোনো পদ, সমিতি ইত্যাদিতে চূড়ান্তভাবে গ্রহণ করিবার পূর্বে কোনো ব্যক্তির আচরণ, সামর্থ্য, গুণাবনি ইত্যাদি পরীক্ষণ।

probationary system অবেক্ষণ ব্যবস্থা যে-ব্যবস্থায় ১৯৬০ সালের অপরাধীদের অবেক্ষণ অধ্যাদেশের ৫ ধারা-অনুসারে মুচলেকাগ্রহণে তরুণ অপরাধীদের দ্বিতীয়বার আইন লজ্ঞন না করিবার শর্তে কতিপয় শান্তিভোগ মওকুফ করা হয়।

probation hostel অবেক্ষাধীনদের আবাস আদালত যাঁহাদের অবেক্ষাধীনে থাকিবার আদেশ প্রদান করেন তাঁহাদের বসবাসের জন্য বাড়ি।

probation officer অবেক্ষণ-কর্মকর্তা যিনি অবেক্ষণ আদেশ, তত্ত্বাবধান আদেশ বা সামাজিক সেবা আদেশ-প্রাপ্ত ব্যক্তিদের তত্ত্বাবধান করেন। অবেক্ষণ-কর্মকর্তা অবেক্ষাধীনদের ও অন্যদের (যেমন, যে-সকল ব্যক্তি জামিনপ্রাপ্ত বা কারাগার হইতে মুক্তিপ্রাপ্ত) পরামর্শ, সহায়তা ও বন্ধুতা প্রদান করেন এবং আদালত যাহাতে সর্বোত্তমভাবে অপরাধীদের সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করিতে পারেন, সেইজন্য তাঁহাদের পারিপার্শ্বিকতা সম্পর্কে তদন্ত করেন। অবেক্ষাধীন অপরাধীর উপর নজর রাখিবার জন্য ১৯৬০ সালের অপরাধীদের অবেক্ষণ অধ্যাদেশের ১২ ধারা-অনুসারে নিযুক্ত কর্মকর্তা। ১৯৭৪ সালের শিশু আইনের বিধান-অনুসারে, সামাজিক কল্যাণ কর্মকর্তা (Social Welfare Officer) অবেক্ষণ-কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করেন।

probation order অবেক্ষণ-আদেশ আদালতের যে-আদেশবলে কারাদণ্ডের পরিবর্তে

একজন অপরাধীকে (অপরাধীর সম্মতিক্রমে) অবেক্ষণ-কর্মকর্তার তত্ত্বাবধানে ছয়

মাস হইতে তিন বৎসর পর্যন্ত করা হয়। য়োলো বৎসরের বেশি বয়য়, তয়ৢণ ও

সাহায্যনির্ভর প্রবীণ অপরাধীদের, প্রায় ক্ষেত্রে প্রথম অপরাধীদের, এবং য়াহাদের

অপরাধ গুরুতর প্রকৃতির নয়, তাঁহাদের প্রতি অবেক্ষণ-আদেশ প্রদান করা হয়।

অবেক্ষণ-আদেশদ্বারা অবেক্ষাধীনদের অবেক্ষণ-কর্মকর্তার তত্ত্বাবধানে থাকার জন্য

আরও কতিপয় শর্তপালনের কথা উল্লেখ করা হয়। অবেক্ষণ-আদেশের ফলে

অপরাধী অব্যাহতি লাভ করেন। কিন্তু অবেক্ষাধীনকালে কেহ পুনরায় দণ্ডিত হইলে

পূর্বের অপরাধের জন্যও তাঁহাকে শান্তিভোগ করিতে হয়। ১৯৬০ সালের অপরাধী

অবেক্ষণ অধ্যাদেশের ৪ ও ৫ ধারা-অনুসারে, আদালত তরুণ অপরাধীদের এবং

কতিপয় অপরাধের ক্ষেত্রে প্রথম অপরাধীদের অবেক্ষণ-আদেশ প্রদান করিতে অধরা

শর্তাধীনে অব্যাহতি প্রদান করিতে পারেন।

Proces-verbal

probative evidence প্রমাণযোগ্য সাক্ষ্য .যে-সাক্ষ্য বিচার্য বিষয়কে প্রমাণ বা অপ্রমাণ করে।

probative force প্রমাণের শক্তি যে-শক্তি কোনো কিছু প্রমাণে ব্যবহৃত হয়।

- pro-bono publico জনকল্যাণে কোনো কাজ বা সেবা যে-কাজ বিনাফিতে করা হয়। যেমন, আইন-সেবা। যে-সকল ব্যক্তি দারিদ্যের কারণে তাঁহাদের অধিকার রক্ষার্থে আদালতে মামলা করিয়া প্রতিকারলাভে অপারগ হন, তাঁহাদের পক্ষে কোনো জনদরদি ব্যক্তি বা সংগঠন প্রতিকারের জন্য আদালতের দ্বারস্থ হইলে ওইরূপ মামলাকে জনকল্যাণের মামলা বলা হয়।
- procedural law কার্যবিধি বি. আদালতযোগে অধিকার বা দায় বলবতের জন্য যে-বিধিমালা অনুসরণ করা হয়। স্বত্বাচক আইনে অধিকার বা দায়ের সংজ্ঞার্থ দেওয়া হয়।
- procedure . n. কার্যধারা, কার্যবিধি বি. ১. যে-আনুষ্ঠানিক পদ্ধতিতে আদালতে কর্ম পরিচালিত হয়। ২. দেওয়ানি ও ফৌজদারি মামলায় অনুসরণীয় বিধি। যেমন, দেওয়ানি কার্যবিধি ও ফৌজদারি কার্যবিধি। adjective law, practice ও rules of court দ্র.।
- proceeding কার্যধারা, কার্যক্রম বি. আদালত বা কর্তৃপক্ষের নিকট প্রতিকার প্রার্থনা করিয়া দাখিলি আবেদনপত্রের ভিত্তিতে আরম্ভ হওয়া কোনো কার্যক্রম। ভিন্ন ভিন্ন আইন-অনুসারে বিভিন্নপ্রকারের কার্যক্রম অনুসরণ করিতে হয়।
- process n. পরওয়ানা বি., আদালতের আদেশনামা পক্ষদের হাজির ইইবার জন্য বা বিবাদী কর্তৃক কতিপয় প্রাথমিক পদক্ষেপ গ্রহণ করিবার জন্য আদালত কর্তৃক জারিকৃত কোনো দলিল। যখন কোনো কার্যধারা আরম্ভ করিবার জন্য ইহা ব্যবহৃত হয়, তখন তাহাকে মামলার প্রারম্ভিক পরওয়ানা বলা হয়। দেওয়ানি কার্যবিধির ৫ আদেশে, ২১ আদেশের ২৪ এবং ২৫ নিয়মে এবং ১৬ আদেশের ৮ নিয়মে সমন সম্পর্কে বলা ইইয়াছে। ফৌজদারি কার্যবিধির ৬৮ ধারা ইইতে ৭৪ ধারায় ফৌজদারি আদালতের সমন জারি সম্পর্কে এবং ৭৫ ধারা ইইতে ৭৯ ধারায় পরওয়ানা (ওয়ারেন্ট) জারির পদ্ধতি সম্পর্কে বলা ইইয়াছে। ফৌজদারি কার্যবিধির ৯৩ ইইতে ৯৩(গ) ধারায় বাংলাদেশে এবং বাংলাদেশের বাহিরে জারি করিবার জন্য প্রাপ্ত সমন ও পরওয়ানা (ওয়ারেন্ট) সম্পর্কে বলা ইইয়াছে।
- proces-verbal প্রোন্দেভ্যেরবাল কোনো আন্তর্জাতিক আলাপ-আলোচনায় উপনীত কার্যক্রমের অনানুষ্ঠানিক নির্ভরযোগ্য বিস্তারিত লিখিত প্রতিবেদন। ইহা প্রায়শ কোনো চুক্তিতে উপনীত হইবার প্রাথমিক পদক্ষেপ। ইহাকে প্রোটোকলও বলা হয়।

proclamation n. ঘোষণা, হলিয়া বি. ১. ফৌজদারি কার্যবিধির ৮৭ ধারাঅনুসারে, গ্রেগুরি পরওয়ানা জারি হইবার পরও কোনো ব্যক্তি আত্মগোপন করিলে বা
পলাতক হইলে তাঁহাকে ৩০ দিনের মধ্যে আদালতে হাজির হইবার নির্দেশ দিয়া
আদালত হলিয়া জারি করিতে পারেন। ২. ঘোষণাপত্র বি. জনসাধারণের জ্ঞাতার্থে
প্রকাশ্য ঘোষণা যাহা সরকারের কোনো কর্ম বা জনসাধারণের কোনো কর্তব্য
পালনের নির্দেশ দেয়। রাষ্ট্রপতি কর্তৃক সংবিধানের ১৪১ক অনুচ্ছেদের অধীন জরুরি
অবস্থা ঘোষণার বিধান রহিয়াছে।

proclamation of sale নিলাম বিক্রয়ের ইশতেহার ডিক্রিজারির জন্য কোনো স্থাবর
সম্পত্তি নিলামে বিক্রয় করিবার পূর্বে সর্বসাধারণের ক্রয়ে অংশগ্রহণের যে-শোহরত
দেওয়া হয়। দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ৬৫ নিয়মে সম্পত্তি প্রকাশ্য নিলামে
বিক্রয় করিতে হইবে বলিয়া উল্লিখিত হইয়াছে। উক্ত কার্যবিধির ৬৬ নিয়মে প্রকাশ্য
নিলাম বিক্রয়ের ইশতেহার জারির পদ্ধতি সম্পর্কে বলা হইয়াছে এবং ঘোষিত তারিখে
নিলাম না হইলে, ৬৯ নিয়ম-অনুসারে, পুনরায় ইশতেহার জারি করিতে হইবে বলিয়া
উল্লিখিত হইয়াছে।

procurement n. সংগ্রহণ বি. যৌনসংগমের উদ্দেশ্যে কোনো নারীকে আমন্ত্রণ বা প্ররোচনাদান। সংগ্রহের অপরাধ নিম্নরূপ: ১. হমকি বা ভাওতার মাধ্যমে পৃথিবীর যে-কোনো স্থানে নিজে বা অপর কোনো ব্যক্তির সহিত সংগমের জন্য কোনো নারী সংগ্রহ করা। ২. পৃথিবীর যে-কোনো স্থানে কোনো তৃতীর ব্যক্তির সহিত সংগমের জন্য ২১ বৎসরের কমবয়স্ক কোনো বালিকা সংগ্রহ করা। ৩. পৃথিবীর যে-কোনো স্থানে সংগমের জন্য গুরুতর ও মানসিক প্রতিবন্ধী কোনো নারী (যিনি নিজকে শোষণ হইতে রক্ষা করিতে অক্ষম) সংগ্রহ করা। যৌনসংগম ঘটিলেই কেবল এই তিন প্রকার অপরাধ সংঘটিত হইবে। (৪) বেশ্যাবৃত্তি অবলম্বনার্থ কোনো নারী সংগ্রহ করা অথবা ওই অভিপ্রায়ে তাঁহাকে যে-কোনো দেশের বেশ্যালয়ে যোগদানের জন্য সংগ্রহ করা। এই সকল অপরাধের জন্য দুই বৎসর পর্যন্ত কারাদণ্ডের শান্তি হইতে পারে। বাংলাদেশে দণ্ডবিধির ৩৬৬ক ধারা-অনুসারে কোনো ব্যক্তি আঠারো বৎসরের কমবয়স্ক কোনো বালিকাকে যৌনসংগমে বাধ্য বা প্ররোচিত করিবার উদ্দেশ্যে সংগ্রহ করিলে তাঁহাকে দশ বৎসর পর্যন্ত কারাদণ্ডে ও অর্থদণ্ডে করা বাইবে।

procuring breach of contract (inducing breach of contract) চুক্তিত্বসংঘটন (চুক্তিভঙ্গে প্ররোচিত করা) কোনো তৃতীয় পক্ষের সহিত সম্পাদিত চুক্তিভঙ্গ করিবার জন্য কোনো ব্যক্তিকে প্ররোচিত বা সম্মত করাইবার জন্য টর্ট বা পূরণযোগ্য ক্ষতি । চুক্তিভঙ্গের ফলে যিনি ক্ষতিগ্রস্ত হন তিনিই তদ্ধেপ নালিশ করিতে পারেন । এইভাবে রঙ্গালয়ের একজন ব্যবস্থাপক কোনো গায়িকাকে রঙ্গালয়ে তাঁহার সংগীত-পরিবেশনের চুক্তিভঙ্গে প্ররোচনা দান করিবার বিরুদ্ধে নালিশ করিতে

পারেন। কতিপয় অবস্থায় ন্যাযাতা অজুহাত হিসাবে দেখানো যায়। পরোক্ষভাবে চুক্তিভঙ্গ ঘটানো (যেমন, তৃতীয় ব্যক্তিকে চুক্তিভঙ্গ করাইবার জন্য প্ররোচিত করা) এবং প্রকৃতপক্ষে চুক্তিবদ্ধ না হইলেও কোনো কার্যকর চুক্তিবলে বাধাপ্রদানও ইহার অন্তর্ভুক্ত। এই প্রকারের টর্ট বা পূর্নথোগ্য ক্ষতির জন্য নালিশ করা যায় যদি চুক্তিভঙ্গে অবৈধ বেআইনি পন্থা অবলম্বিত হইয়া থাকে। interference with trade and business দ্বা।

procuring disclosure of personal data ব্যক্তিগত তথ্যসংগ্রহের প্রকাশ সংঘটন তথ্যসংগ্রহ ব্যবহার করিবার জন্য নিবন্ধিত ব্যক্তি নয় জানিয়া বা বিশ্বাস করিয়াও যে-ব্যক্তি কম্পিউটারে সংরক্ষিত কোনো ব্যক্তি-সম্পর্কিত তথ্যসংগ্রহ হন্তগত করিবার অপরাধ সংঘটন করেন। অন্যান্য অপরাধ হইতেছে এইভাবে সংগৃহীত তথ্যসংগ্রহ যখন বিক্রয়ের প্রপ্তাব দেওয়া হয় বা বিক্রয় করা হয়। ইংল্যান্তে ১৯৯৪ সালের ফৌজদারি বিচার ও জনশৃঙ্খলা আইনে এই সকল অপরাধের জন্য দণ্ডের ব্যবস্থা করিয়াছে।

nroducer n. প্রযোজক বি. ২০০০ সালের কপিরাইট আইন অনুসারে, চলচ্চিত্র, ছবি অথবা শব্দ ধারণের ক্ষেত্রে সেই ব্যক্তিকে বৃঝাইবে যিনি ওই বিষয়ে উদ্যোগ, বিনিয়োগ বা দায়িত্ব পালন করিবেন।

production of document দলিল দাখিল প্রতিপক্ষের পরিদর্শনের জন্য অথবা মামলা বিচারের সময়ে সাক্ষ্য হিসাবে ব্যবহারের জন্য দলিল-উথাপনের জন্য বিজ্ঞপ্তি-অনুযায়ী কোনো পক্ষ কর্তৃক তাহার দখলে, জিম্বায় বা ক্ষমতাধীনে থাকা দলিলসমূহ হাজির করা। দেওয়ানি কার্যবিধির ১১ আদেশের ১৪ নিয়ম-অনুসারে, মামলা বিচারাধীন থাকাকালে যে-কোনো সময়ে আদালত যদি মনে করেন যে, মামলার বিচার্য কোনো বিষয়ের সহিত সংশ্লিষ্ট কোনো দলিল কোনো পক্ষের হস্তগত বা আওতাধীন রহিয়াছে, তবে আদালত সেই পক্ষকে শপথের মাধ্যমে সেই দলিল উপস্থিত করিবার আদেশদান করিলে তাহা আইনসংগত হইবে। উক্ত দলিল উপস্থিত করা হইলে আদালত তাহা যেরূপ সংগত মনে করেন সেইভাবে ব্যবহার করিতে পারিবেন। উক্ত ধারার ক্ষমতাবলে আদালত বিচারাধীন মামলার বিচার্য বিষয় নিরূপণের উদ্দেশ্যে যে-কোনো পক্ষকে তাহার হস্তগত কাগজ আদালতে দাখিল করিবার নির্দেশ দিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ৯৪ ধারায় দলিল দাখিল সম্পর্কে বলা হইয়াছে। discovery and inspection দ্রে.।

production tax উৎপাদন-কর ১৯৯১ সালের মৃল্য-সংযোজন কর আইনের অধীন আরোপিত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমতো, মূল্য-সংযোজন কর ও সম্পূরক ওব্ধ। products liability উৎপন্মদ্রব্যের দায় ক্রটিযুক্ত উৎপন্মদ্রব্যের জন্য উৎপাদনকারী এবং অপরাপর ব্যক্তির দায়। ইংল্যান্ডে ১৯৮৭ সালের ভোক্তা সুরক্ষা আইনে ক্রটিযুক্ত উৎপন্দ্রব্যের দ্বারা কাহারো মৃত্যু, শারীরিক ক্ষতি বা সম্পত্তি নট হইলে তাহার জনা উৎপাদনকারী ক্ষতিপূরণ করিবার জন্য যথাযথ দায়ের অধীন হয়। বাংলাদেশে ভোক্তা সংরক্ষণ আইন না থাকায় তজ্জন্য পূরণযোগ্য ক্ষতি বা টর্টের মামলা করা যায়। সেইক্ষেত্রে উৎপাদনকারী যথাযথ দায়ের অধীন হন না। তদ্রুপ দ্রব্য উৎপাদনকারীর উৎপাদিত এবং তজ্জন্য বাদী ক্ষতিগ্রস্ত হইয়াছেন বলিয়া বাদীকে প্রমাণ করিতে হয়।

professional misconduct পেশাগত অসদাচরণ পরামর্শ, চিকিৎসা বা যে-কোনো সেবাদান-পেশায় অসততা বা নৈতিক শ্বলনজনিত অসদাচরণ। কেবন অনিয়ম বা অবহেলা বা ভুল পরামর্শের জন্য কোনো পেশাজীবী ব্যক্তিকে পেশাগত অসদাচরণের জন্য দায়ী করা যায় না। কাহারো বিরুদ্ধে পেশাগত অসদাচরণের মামলায় বাদীকে অবশাই তাঁহার ক্ষতির সহিত বিবাদীর অসদাচরণের কার্যকারণ-সম্পর্ক প্রতিষ্ঠিত করিতে হয়। এতৎসহ misconduct ও malpractice দ্র.।

profit and loss account লাভলোকসানের হিসাব কোনো আর্থিক বৎসরের শেষে কোম্পানির লাভলোকসানের যথাযথ ও সুম্পষ্ট হিসাব প্রদর্শনার্থ সংক্ষিপ্ত আকারের দলিল। ইহার কাজ হইতেছে বর্ণিত সময়ে কোম্পানির ব্যবসায় আয় ও বায়ের হিসাব করিয়া যে-লাভ বা লোকসান হইয়াছে, তাহা দেখানো। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ১৮৫(২) ধারা-অনুসারে, প্রত্যেক আর্থিক বৎসরে কোম্পানির লাভলোকসানের যথাযথ ও সুম্পষ্ট হিসাব-সংবলিত বিবরণ তৈরি করিতে হইবে এবং ১৮৩ ধারা-অনুসারে, বার্ষিক স্থিতিপত্রের সহিত তাহা বার্ষিক সাধারণ সভায় পেশ করিতে হইবে।

profit a prendre ভূমিলভা সংগ্রহের অধিকার অপরের ভূমি (অধীন ভূমি) ইইতে মৃত্তিকা, খনিজ, বা উৎপন্ধদ্রব্য (যেমন ফল, কাঠ, মাছ বা তৃণাচ্ছাদিত ভূমির চাপড়া) আহরণের অথবা তাহাতে পশুচারণের অধিকার। ইহা আইনগত বা ন্যায়পর স্বার্থ হিসাবে বিদ্যমান থাকিতে পারে। ইংল্যান্ডে অপরের ভূমিতে কোনো ব্যক্তির এইরপ স্বার্থ অনেকটা বাংলাদেশে অপরের ভূমিতে পার্শ্ববর্তী বা নিকটবর্তী ভূমি-মালিকের বর্তস্বত্ত্বের অনুরূপ।

pro-forma invoice নমুনা চালানপত্র আমদানিকারকের নিকট হইতে ফরমায়েশ পাইবার পরপরই রপ্তানিকারক সাধারণত আমদানিকারকের নিকট নমুনা চালানপত্র প্রেরণ করিয়া থাকেন। ইহাতে রপ্তানিকারকের নিকট হইতে চালানের আকারে পণ্যের বিস্তারিত প্রাথমিক বিবরণ— যথা, পণ্যের বিবরণ, পণ্যের মূল্য, পণ্যের আকার, পণ্যের খরচ, মূল্য পরিশোধ ব্যবস্থা ইত্যাদি তথ্য— আমদানিকারক পাইয়া থাকেন।

prohibited degrees নিষিদ্ধ ধাপ একজন মুসলমানের পক্ষে সগোত্রীয়তা, জ্ঞাতিত্ব এবং বেআইনি সম্পর্কের ক্ষেত্রে বিবাহ নিষেধ। ইহাকেই নিষিদ্ধ ধাপ বলা হয়। মুসলিম আইন-অনুসারে কোনো পুরুষ তাঁহার (১) মাতা অথবা পিতামহী বা

মাতামহী, যতই উর্ধ্বগামী হউন না কেন; (২) তাঁহার কন্যা অথবা পুত্র বা দৌহিত্রী. যতই নিম্নগামী হউন না কেন; (৩) তাঁহার পূর্ণ অথবা বৈমাত্রেয় অথবা বৈপিত্রেয় ভগ্নী; (৪) ভ্রাতৃষ্পুত্রী অথবা ভাগিনেয়ী অথবা ভ্রাতৃষ্পুত্রী বা ভাগিনেয়ীর কন্যা, যতই নিম্নগামী হউন না কেন; এবং (৫) তাঁহার পিতৃব্যপত্নী, পিতৃস্বসা বা মাতৃস্বসা অথবা তাঁহার পিতামাতার পিতৃব্যপত্নী, পিতৃস্বসা বা মাতৃস্বসা কাহাকেও বিবাহ করিতে পারিবেন না। সগোত্রীয়তার দরুন নিষিদ্ধ ধাপের কোনো মহিলাকে বিবাহ করিলে তাহা বৈধ বা আইনসিদ্ধ হইবে না। জ্ঞাতিত বা কুটুম্বিতার কারণে বৈবাহিক নিষেধাজ্ঞা সম্পর্কের ফলে একজন মুসলমান তাঁহার (১) স্ত্রীর মাতা বা মাতামহী. যতই উর্ম্বগামী হউন: (২) তাহার স্ত্রীর কন্যা অথবা পৌত্রী, যতই নিম্নগামী হউন: (৩) তাঁহার পিতার স্ত্রী অথবা পিতামহী যতই উর্ধ্বগামী হউন: (৪) তাঁহার পুত্রবধ্ অথবা পৌত্রবধ্ব অথবা দৌহিত্রবধ্য যতই নিম্নগামী হউন কাহাকেও বিবাহ করিতে পারেন না। জ্ঞাতিত্ব বা কুটুম্বিতার দরুন এই জাতীয় কোনো মহিলাকে বিবাহ করিলে উহা অবৈধ হইবে। সগোত্রীয়তা অথবা জ্ঞাতিত্বের ভিত্তিতে বৈবাহিক সম্বন্ধস্থাপনে বাধাপ্রাপ্ত ব্যক্তি একই স্তন্যে লালিত হইবার কারণেও বৈবাহিক সম্পর্কস্থাপনে বাধাপ্রাপ্ত হইবেন। লালনপালনের ভিত্তিতে নিষেধাজ্ঞাপ্রাপ্ত বিবাহ অবৈধ। উল্লিখিত তিন প্রকারের মধ্যে কোনো বিবাহ হইলে তাহা অবৈধ বিবাহ বলিয়া গণ্য হইবে। মুসলিম আইন-অনুসারে, অবৈধ বিবাহের ফলে পক্ষদ্বয়ের মধ্যে কোনো দেওয়ানি বা নাগরিক অধিকার কিংবা দায়দায়িত সৃষ্টি করে না। বাতিল বা অবৈধ বিবাহ হইতে ভূমিষ্ঠ সন্তান-সন্ততিও অবৈধ। নিষিদ্ধ ব্যক্তির মধ্যে বিবাহ হইলে আইননির্দিষ্ট কোনো দায়দায়িত্ব স্বামী-স্ত্রীর উপর বর্তায় না এবং সন্তানগণও উত্তরাধিকারিত্ব দাবি করিতে পারেন না। একই সময়ে এক ব্যক্তির এমন দুইজন স্ত্রী থাকিতে পারেন না যাঁহারা পরস্পর পরস্পরের সহিত সগোত্রীয়তা, জ্ঞাতিত অথবা লালনপালনের কারণে এমনভাবে সম্পর্কিত হয় যে. উহাদের কোনো একজন পুরুষ হইলে একজন অপরজনকে বিবাহ করিতে পারিতেন না। এই ধরনের বিবাহ অনিয়মিত হইবে তবে অবৈধ হইবে না। হিন্দু আইনে কোনো পুরুষ তাঁহার একই পূর্বপুরুষান্তর্গত কোনো নারীকে বিবাহ করিতে পারেন না। এছাড়া কোনো পুরুষ একই গোত্রের কোনো নারীকে, সগোত্র বা সপিও শ্রেণীর কোনো নারীকে, বিমাতার ভগ্নীকে, ভ্রাতৃষ্পুত্রী বা দৌহিত্রীকে বিবাহ করিতে পারেন না। *দায়ভাগ*-মতপন্থী কোনো হিন্দু তাঁহার পিতার নিম্বতী সপ্তম পুরুষ পর্যন্ত বা পিতার ষষ্ঠ পূর্বপুরুষান্তর্গত কোনো নারীকে বিবাহ করিতে পারেন না অথবা মাতৃকূলে মাতামহের নিম্নবর্তী পঞ্চম পুরুষের বা মাতামহের চতুর্থ পূর্বপুরুষান্তর্গত কোনো নারীকে বিবাহ করিতে পারেন না। তিনি পিতার ত্রিবিধ বন্ধুর (আত্মবন্ধু, মাতৃবন্ধু, ও পিতৃবন্ধু) নিম্নবর্তী সপ্তম পুরুষ পর্যন্ত বা ষষ্ঠ পূর্বপুরুষান্তর্গত কোনো ব্যক্তির মাধ্যমে আত্মীয় কোনো নারীকে বিবাহ করিতে পারেন না অথবা মাতার ত্রিবিধ বন্ধুর নিম্নবর্তী পঞ্চম পুরুষের পর্যন্ত বা চতুর্থ পূর্বপুরুষান্তর্গত কোনো বাক্তির মাধ্যমে আত্মীয় কোনো নারীকে বিবাহ করিতে পারেন না।

prohibited degrees of relationships নিষিদ্ধ আত্মীয়তার ধাপ prohibited degrees দ্ৰ.।

prohibited weapon নিষিদ্ধ অস্ত্র যে-অন্ত্র সামরিক বাহিনীর ব্যবহারের উপযোগী এবং বেসামরিক জীবনে যাহার কোনো স্বাভাবিক কার্যকরতা নাই। নিষিদ্ধ অক্রের অন্তর্ভুক্ত হইতেছে স্বয়ংক্রিয় আগ্নেয়ান্ত্র, যে-সকল আগ্নেয়ান্ত্র বিষাক্ত তরল পদার্থ বা গ্যাস ছড়াইবার জন্য পরিকল্পিত বা উপযোগী, এবং বিষাক্ত উপাদানসম্পন্ন গোলাবারুদ। প্রতিরক্ষা পর্যদের অনুমতি ভিন্ন ইংল্যান্ডে নিষিদ্ধ অন্ত্র উৎপাদন, বিক্রম, ক্রয় বা দখল করা একটি অপরাধ (যাহার শান্তি দুই বৎসর পর্যন্ত কারাদণ্ড)। এতৎসহ firearm ও offensive weapon দ্র.।

prohibition notice নিষেধাত্মক বিজ্ঞপ্তি ইংল্যান্ডে ১৯৭৪ সালের কর্মস্থলে বাস্থ্য ও নিরাপত্তা আইনের বিধান-অনুসারে, পরিদর্শকের মতানুযায়ী নির্দিষ্ট নিরাপত্তা ব্যবস্থা গৃহীত না হওয়া পর্যন্ত গুরুতর শারীরিক আঘাতের ঝুঁকিপূর্ণ বিলয়া চিহ্নিত কার্যাবিলি নিষিদ্ধ করিয়া দেওয়ার বিজ্ঞপ্তি। বাংলাদেশে ১৯৬৫ সালের কারখানা আইনের ২২ ধারা-অনুসারে, কোনো কারখানায় অগ্নিকাণ্ডের ক্ষেত্রে নিরাপদে বাহির হইয়া যাইবার জন্য নির্ধারিত ব্যবস্থাগ্রহণের জন্য পরিদর্শক কারখানার ব্যবস্থাপককে লিখিত বিজ্ঞপ্তি দিতে পারিবেন।

prohibition order নিষেধাত্মক আদেশ ইংল্যান্ডে হাইকোর্ট কর্তৃক কোনো ধর্মীণ আদালত, অধস্তন আদালত, ট্রাইব্যুনাল বা প্রশাসনিক কর্তৃপক্ষকে ক্ষমতাবহির্তৃত কোনো কর্মসম্পাদৰ হইতে বিরত রাখিবার আদেশ যে-সকল ক্ষেত্রে, যেমন, কর্মটি সম্পাদিত হইয়া থাকিলে, বাতিলকরণ আদেশের দ্বারা প্রতিকার লাভ করা যায়, সেসকল ক্ষেত্রেও ইহা লভ্য এবং একই ধরনের নিয়মাবলি দ্বারা নিয়ন্ত্রিত। বাংলাদেশের সংবিধানের ১০২ অনুচ্ছেদের (২)(ক) (অ) দফা-অনুসারে কোনো অধস্তন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষকে আইনের দ্বারা অনুমোদিত নয় এমন কোনো কার্য করা হইতে বিরত রাখা যায়।

prohibitory injunction প্রতিষেধাত্মক নিষেধাজ্ঞা injunction দ্র.।

prolixity n. বহুলতা বি. আরজি-জবাব, হলফনামা বা অন্যপ্রকার দলিবের অতিদৈর্ঘ্য বা পুনরুন্তির বাহুল্য। আধুনিক কার্যবিধি বহুলতা নিরুৎসাহ করে। বহুলতাপূর্ণ দলিল কর্তন করা হয় অথবা তাহার বাবদ খরচ না-মনজুর হয়। দেওয়ানি কার্যবিধির ৬ আদেশের ১৬ নিয়ম-অনুসারে, আদালত আরজি-জবাবের অপ্রয়োজনীয় বা কুৎসাপূর্ণ বিষয় কর্তন করিবার আদেশ দিতে পারেন।

promise n. প্রতিশ্রুতি, অঙ্গীকার বি. কোনো কিছু করিবার বা না করিবার জন্য কোনো ব্যক্তি (প্রতিজ্ঞাকারী) কর্তৃক অপর কোনো ব্যক্তির (প্রতিজ্ঞাত) বরাবনে দেওয়া দায়িত্ব। যদি ইহা কোনো চুক্তি বা দলিলের অন্তর্ভুক্ত হয় ভাহা হইলে ইহা আইনত বাধাকর।

promised capital প্রতিশ্রুত মূলধন বিলিকৃত মূলধনের যে-অংশের শেয়ার ক্রয়ের জন্য জনসাধারণের নিকট হইতে আবেদনপত্র ইতিমধ্যেই পাওয়া গিয়াছে। ইহাকে নিশ্চিত মূলধনও বলা হয়।

promissory note অঙ্গীকারপত্র বি. কোনো ব্যক্তি কর্তৃক অপর কোনো ব্যক্তির বরাবরে এমন একটি নিঃশর্ভ প্রতিজ্ঞাপূর্ণ লিখন, যাহা রচনাকারী কর্তৃক স্বাঙ্গরিত এবং যাহা নির্দিষ্ট অঙ্কের অর্থ নির্দিষ্ট ব্যক্তিকে বা বাহককে (বা তাঁহার নির্দেশিত ব্যক্তিকে) চাহিবামাত্র বা নির্দিষ্ট সময়ে বা নিরূপণযোগ্য ভবিষ্যতে পরিশোধ করিবার প্রতিশ্রুতি প্রদান করে। শ্বীকৃতির জন্য অঙ্গীকারপত্র হাজির করিতে হয় না এবং রচনাকারীই তাহা পরিশোধ করিবার জন্য প্রাথমিকভাবে দায়ী থাকেন। ব্যাংক নোট একপ্রকার অসীকারপত্র, যাহা চাহিবামাত্র ইহাতে উল্লিখিত পরিমাণ অর্থ বাহককে পরিশোধ্য। তামাদি আইনের ২(৯) ধারার বলা হইয়াছে যে, অঙ্গীকারপত্র এমন কোনো দলিল যদ্ধারা উহার প্রণেতা নির্দিষ্ট অঙ্কের টাকা দলিলে নির্ধারিত কোনো সময়ে অথবা চাহিবামাত্র অথবা দলিলটি উপস্থাপিত করামাত্র অপর একজনকে প্রদানের জন্য নিজেকে সম্পূর্ণরূপে দায়বদ্ধ করেন।

promoter n. উদ্যোক্তা বি. ১. যে-ব্যক্তি কোনো কোনো কোম্পানি গঠনে বা আরম্ভ করায় যুক্ত থাকেন। একজন উদ্যোক্তা কোম্পানির সহিত আস্থার সম্পর্কে সম্পর্কিত। তাঁহার কার্যাবলির অন্তর্ভুক্ত হইতে পারে অনুষ্ঠানপত্র মুসাবিদা করা, প্রাথমিক চুক্তিসমূহ সম্পর্কে আলাপ-আলোচনা করা, আইনজীবীকে নির্দেশ দেওয়া এবং কোম্পানির অন্তর্ভুক্ত হইবার জন্য পরিচালক, আইনজীবী, ব্যাংকার এবং অন্যান্য পেশাজীবী সংগ্রহ করা। কিন্তু যাঁহারা শুধুমাত্র পেশাজীবীর ভূমিকায় ওই সকল কাজ করেন তাঁহাদের উদ্যোক্তা বলিয়া গণ্য করা হয় না। ২. যে-ব্যক্তি প্রাতিজনিক বিল আইনসভায় উথাপন করেন।

পক্ষে অনুরূপ পরিস্থিতিতে উহার অন্তিত্ব ধরিয়া লওয়া উচিত। উক্ত আইনের ১৩৪ ধারা-অনুসারে, মামলায় কোনো বিষয় প্রমাণের জন্য কোনো নির্দিষ্টসংখ্যক সাক্ষীর প্রয়োজন হইবে না। ২. (আনুষ্ঠানিকভাবে) একজন সলিসিটর কর্তৃক গৃহীত কোনো সম্ভাব্য সাক্ষীর লিখিত বক্তব্য। অনুরূপ লিখিত বক্তব্যের সমর্থনে সাক্ষী আদালতে হাজির না হইলে তিনি তাহা প্রমাণ করিতে আসেন নাই বলিয়া বলা হইয়া থাকে। standard of proof দ্র.।

- proof beyond reasonable doubt সন্দেহাতীত প্রমাণ ফৌজদারি মামলায় প্রমাণের যে-মান আবশ্যক বলিয়া প্রত্যাশা করা হয়। বিচারকের মনে আসামির দোষ সম্পর্কে যুক্তিসংগত (যদিও তাহা সম্ভাব্য না হয়) সন্দেহ উপস্থিত ইইলে আদানত আসামিকে দোষী সাব্যস্ত নাও করিতে পারেন। দেওয়ানি মামলায় (যেমন, যখন প্রবঞ্জনার অভিযোগ থাকে) এইরূপ প্রমাণের মান প্রযোজ্য কি না তাহা বিতর্কিত বিষয়। সাধারণত ইহা মনে করা হয় যে, তাহা প্রযোজ্য নয়। burden of proof দ্র.।
- iproof, conclusive চ্ড়ান্ত প্রমাণ সাক্ষ্য আইনে যখন একটি বিষয়কে অপর একটি বিষয়ের চ্ড়ান্ত প্রমাণ বলিয়া ঘোষণা করা হয়, তখন আদালত প্রথমোক্ত বিষয় প্রমাণিত হইলেই অপর বিষয়ও প্রমাণিত বলিয়া গণ্য করিবেন এবং উহা মিথ্য, প্রমাণিত করিবার জন্য সাক্ষ্যদানের অনুমতি দিবেন না।
- proof of birth জন্মের প্রমাণ সাধারণত জন্মের প্রত্যয়নপত্র দাখিল করিয়া জন্মের প্রমাণ দেওয়া হয়। সরকারি দলিলের বক্তব্য শোনা সাক্ষ্যের বাতিক্রমী নিয়মের অধীনে গ্রহণযোগ্য এবং জন্মের প্রত্যয়নপত্রে উল্লিখিত ব্যক্তির সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিকে শনাক্ত করিবার প্রমাণের সহিত ইহা একত্রে বিবেচনা করা হয়।
- proof of handwriting হস্তাক্ষরের প্রমাণ যাঁহার হস্তাক্ষর তাঁহার সাক্ষ্যদারা বা মিনি
 তাঁহাকে সংশ্রিট দলিল সম্পাদন করিতে দেখিয়াছেন তাঁহার সাক্ষ্যদারা হস্তাক্ষর প্রমাণ
 করা যায়। কথিত লেখকের হস্তাক্ষরের সহিত পরিচিত কোনো ব্যক্তির মতামতের
 দারা অথবা লেখকের হস্তাক্ষরের প্রমাণিত নমুনার সঙ্গে তুলনা করিয়াও তাহা প্রমাণ
 করা যায়। বিশেষজ্ঞের সাক্ষ্যও গ্রহণযোগ্য। সাক্ষ্য আইনের ৪৫, ৪৭ ও ৬৭ ধারায়
 এ সম্পর্কে উল্লেখ আছে। এতৎসই opinion evidence দ্র.।
- proof of marriage বিবাহের প্রমাণ বিবাহ অনুষ্ঠিত হওয়া সম্পর্কে আইনত বৈধ
 সাক্ষ্য। সাধারণত বিবাহের প্রত্যয়নপত্র এবং ব্যক্তিকে শনাক্তকরণের দ্বারা ইহা প্রমাণ
 করা যায়, তবে অন্যধরনের প্রমাণের দ্বারাও ইহা দেখানো যায়। বাংলাদেশে
 মুসলমানদের বিবাহের প্রমাণ হইতেছে কাবিননামা এবং খ্রিষ্টানদের বিবাহের প্রমাণ
 প্রত্যয়নপত্র। কিন্তু হিন্দুদের বিবাহ-নিবন্ধনের বিধান না থাকায় তাঁহাদের অন্যপ্রকার
 সাক্ষ্যপ্রমাণ হাজির করিতে হফ।

Property property

proper creditor যথাযোগ্য পার্গুনাদার -১৯৯৭ সালের দেউলিয়া আইনের ২(৩৯) ধারা-অনুসারে এমন পাওনাদার, যিনি একক বা যাঁহারা যৌথভাবে অন্তত পাঁচ লক্ষ্ণ টাকার মেয়াদোন্তীর্ণ দেনার দাবিতে দেনাদারের নিকট ৯(১) ধারার (ঝ) দফা অনুসারে দাবিনামা প্রেরণ করিয়াছেন।

proper debtor যথাযোগ্য দেনাদার ১৯৯৭ সালের দেউলিয়া আইনের ২(৩৮) ধারা-অনুসারে এমন একজন দেনাদার, যিনি একক ব্যক্তি নহেন।

proper law of contract চুক্তির যথাযথ আইন বিদেশিদের সহিত সম্পাদিত চুক্তির ক্ষেত্রে প্রাতিজনিক আন্তর্জাতিক আইনের যে-ব্যবস্থা প্রযুক্ত হয়। সকল পারিপার্শ্বিক ঘটনা ও চুক্তির শর্ত বিবেচনা করিয়া পক্ষদের অভিপ্রায়ের উপর নির্ভর করিয়া কোন আইনি ব্যবস্থা চুক্তি নিয়ন্ত্রণ করিবে তাহা স্থির করিতে হয়। যদি পক্ষণণ কোন আইন প্রযোজ্য হইবে তাহা স্পষ্টভাবে ব্যক্ত করিয়া থাকে, তবে ১৯৮০ সালের রোম কনভেনশন (১ এপ্রিল ১৯৯১ ইইতে বলবৎ)-অনুযায়ী সেই আইনই চুক্তি নিয়ন্ত্রণ করিবে। যদি তাহারা স্পষ্টভাবে তাহা ব্যক্ত করিয়া না থাকে (সচরাচর এমনই হয়), তবে আদালত পারিপার্শ্বিক অবস্থা হইতে তাহাদের অভিপ্রায় অনুমানের চেষ্টা করেন। যদি তাহা অনুমান করা না যায়, তাহা হইলে চুক্তির সহিত যে-আইনব্যবস্থার সর্বাপেক্ষা নিকট ও বাস্তব সম্পর্ক আছে, আদালত সে-ব্যবস্থাই প্রয়োগ করিবেন।

property n. সম্পত্তি বি. ১. যাহা কিছু মালিকানাধীন করা যায়, তাহা সম্পত্তি। নির্বাঢ় স্বত্যের সম্পত্তির (ভূমি ও উত্তরাধিকার) এবং ব্যক্তিগত সম্পত্তির (অন্য সকলপ্রকার সম্পত্তি) মধ্যে এবং স্পর্শযোগ্য সম্পত্তি (যাহার ভৌতিক অন্তিত্ব আছে, যেমন, ব্যক্তিগত জিনিসপত্র ও ভূমি) ও স্পর্শাতীত সম্পত্তির (নালিশের অধিকার, বুদ্ধিবৃত্তিক সম্পত্তি ও অশরীরী উত্তরাধিকারসহ) মধ্যেও ইংল্যান্ডের আইনে পার্থক্য করা হয়। ইংল্যান্ডে চুরির আইনে সম্পত্তি বলিতে সকল নির্ব্যুত, ব্যক্তিগত এবং অশরীরী সম্পত্তির উত্তরাধিকার বুঝায় যদিও ভূমি চুরি করা যায় কেবল কতিপয় নির্দিষ্ট অবস্থায়। অপরাধমূলক ক্ষতিপুরণ আইনে সম্পত্তি বলিতে ম্পর্শাতীত সম্পত্তি অন্তর্ভুক্ত নহে। দণ্ডবিধির ৩৭৮ ধারা-অনুসারে, কোনো ব্যক্তির দখল হইতে তাঁহার সমতিব্যতীত কোনো অস্থাবর সম্পত্তি অসাধুভাবে গ্রহণের অভিপ্রায়ে স্থানান্তর করা হইতেছে চুরি। ২. সংবিধানের ১৫২ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, সম্পত্তি বলিতে সকল স্থাবর, অস্থাবর, বস্তুগত ও নির্বস্তুগত সকল প্রকার সম্পত্তি, বাণিজ্যিক ও শিল্পগত উদ্যোগ এবং অনুরূপ সম্পত্তি বা উদ্যোগের সহিত সংশ্লিষ্ট যে-কোনো স্বত্ত্ব বা অংশ অন্তর্ভুক্ত হইবে ৷ ৩. বাংলাদেশে ১৯৩০ সালের পণ্যবিক্রয় আইন-অনুসারে সম্পত্তি বলিতে সাধারণ পণ্যস্বত বঝায় এবং কেবল বিশেষ কোনো সম্পত্তি বুঝায় না। তবে জেনারেল ক্লজেজ অ্যাক্ট-অনুসারে সম্পত্তি বলিতে স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি বুঝায়। ডিক্রিজারির মাধ্যমে কোন সম্পত্তি ক্রোক করা যাইবে, তাহা দেওমনি কার্যবিধির ৬০ ধারায় বলা হইয়াছে। ফৌজদারি কার্যবিধির ৮৮ ধারায় প্লাতক ব্যক্তির সম্পত্তি ক্রোক সম্পর্কে বলা হইয়াছে।

property adjustment order সম্পত্তি-সমন্বয়ের আদেশ স্বামী-দ্রীর বিবাহবিচ্ছেদ, পৃথকভাবে বসবাস বা বিবাহ-বাতিলের মামলায় তাঁহাদের যে-কোনো একছনের সম্পত্তির মালিকানা প্রভাবিত করিয়া প্রদন্ত আদালতের একটি আদেশ। এইরপ আদেশের অন্তর্ভুক্ত হইতেছে স্বামী-দ্রীর মধ্যে একজনের সম্পত্তি অপরজনের বরাবরে হস্তান্তর, স্বামী-দ্রীর মধ্যে একজনের বা সন্তানদের হিতার্থে সম্পত্তির বন্দোবন্ত, বিভিন্নপ্রকার বৈবাহিক বন্দোবন্ত বা তদ্রূপ বন্দোবন্তের অধীন বিদ্যামান অধিকারের বিলোপ। সম্পত্তি-সমন্বয় আদেশ প্রদানের ক্ষেত্রে ইংল্যান্ডের আদালতের ব্যতিক্রমধর্মী বিস্তৃত স্ববিবেচনার ক্ষয়তা আছে এবং প্রত্যেকটি মামলা তাহার ঘটনাবলির উপর নির্ভরশীল।

property in goods মালামালের মালিকানা ব্যক্তিগত জিনিসপত্রের মালিকানাস্বত্ব। ownership দ্র.।

property register সম্পত্তির নিবন্ধনবহি land registration দ্র.।

property which cannot be attached যে-সম্পত্তি ক্রোক্ষযোগ্য নয় দেওয়ানি কার্যবিধির ৬০ ধারায় যে-সকল সম্পত্তি ক্রোক করা যায় না তাহা বর্ণিত হইয়াছে।

proponent n. প্রস্তাব-প্রমাণকারী বি, যাঁহার উপর মামলার কোনো বিচার্য বিষয় সাক্ষ্যসাবুদদ্বারা এবং কতিপয় ক্ষেত্রে বিশ্বাসযোগ্য প্রমাণ উপস্থাপনের ভার বর্তায়।

proportionality সমানুপাতিকতা বি. ইউরোপীয় ইউনিয়নের এমন একটি নীতি
যাহার দ্বারা কোনো আইন-প্রণয়নের প্রস্তাব্ ইউরোপীয় ইউনিয়ন পর্যায়ে উত্থাপিত
হয়, যখন ওই পর্যায়ে তাহা উত্থাপন করা যথাযথ বিবেচিত হয়। যখন স্থানীয়ভাবে
আইনপ্রণয়নের দ্বারা সেই প্রয়োজন মিটানো গেলে তাহাই উৎসাহিত করা হয়।
subsidiarity দ্রা,।

propositus n. মূলব্যক্তি বি. ১. যে-ব্যক্তি বিষয়টির সহিত সরাসরি সংশ্লিষ্ট। ২. কোনো পূর্বপুরুষ যাঁহার সূত্রে বংশানুক্রম অনুসৃত হয়। ৩. কোনো ইচ্ছাপত্রকারী যখন তিনি ইচ্ছাপত্র সম্পাদন করেন।

propounder n. ইচ্ছাপত্র-উপস্থাপনকারী বি. যিনি প্রবেট বা ইচ্ছাপত্র প্রমাণের মামলায় ইচ্ছাপত্রটি বৈধ বলিয়া দাবি করেন।

proprietor n. মালিক বি মালিক অথবা জমিদার বলিতে নিজস্বার্থে অথবা অছিসূত্রে কোনো মহাল অথবা ভূসম্পত্তির স্বত্যাধিকারীকে রুঝায়। ₽@\$ prostitute

proprietorship register ভূম্যধিকারীর নিবন্ধনবহি জমিদারি প্রথা উচ্ছেদের পূর্বে জেলা কালেক্টর প্রণীত ও রক্ষিত তৌজি নিবন্ধন তালিকা ছিল ভূম্যধিকারী বা জমিদারদের ভূসম্পত্তির নিবন্ধনবহি। ওই নিবন্ধনবহিতে জেলার সকল জমিদারি ও স্বাধীন তালুকদারির বিবরণ, তাহার মালিকের নামধাম এবং প্রদেয় সরকারি রাজস্বের পরিমাণ লিপিবদ্ধ থাকিত। land registration দ্র.।

proprietory estoppel মালিকানামূলক স্বকার্যজনিত বাধা estoppel দ্র.। prorogation n. স্থগিতকরণ বি. parliament দূ.।

- prosecution n. মামলা পরিচালনা কোনো মামলা, বিশেষত ফৌজদারি মামলা, পরিচালনা (এ প্রত্যয়টি যে-পক্ষ মামলা রুজু করে তাহার সম্পর্কেও প্রয়োগ করা হয়)। আমলযোগ্য ফৌজদারি মামলায় সাধারণত বাদী হয় সরকার এবং আমলঅযোগ্য ফৌজদারি মামলায় বাদী হয় অপরাধের দ্বারা ক্ষতিগ্রস্ত পক্ষ। সরকারপক্ষে ম্যাজিস্ট্রেটের আদালতে মামলা পরিচালনা করেন একজন পুলিশ-পরিদর্শক যাহাকে কোর্ট ইঙ্গপেক্টর বলা হয় এবং দায়রা আদালতে সরকারি অভিযোক্তা বা পাবলিক প্রসিকিউটর। সরকারপক্ষে দেওয়ানি মামলা পরিচালনা করেন সরকারি উকিল বা গভর্নমেন্ট প্রিভার। হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে সরকারের পক্ষে মামলা পরিচালনা করেন অ্যাটর্নি-জেনারেল ও তাঁহার সহকারিবৃন্দ।
- prosecutor n. অভিযোগকারী বি. ইংল্যান্ডে রাজা বা রানীর পক্ষে যিনি আদালতে ফৌজদারি মামলা দায়ের করেন। বাংলাদেশে পুলিশ-কর্মকর্তা বা ক্ষতিগ্রস্ত ব্যক্তি ফৌজদারি মামলা দায়ের করেন। prosecution দ্র.।
- prospectus n. প্রসপেক্টাস, অনুষ্ঠানপত্র বি. জনসাধারণের নিকট শেয়ার বা ডিবেঞ্চার বিক্রয়ের লিখিত, মুদ্রিত ও প্রকাশিত প্রস্তাব। কোম্পানি আইনের ১৩৪ ধারা-অনুসারে, কোনো কোম্পানি কর্তৃক বা উহার পক্ষে প্রকাশিত অথবা গঠিতব্য কোনো কোম্পানির বিষয়ে প্রকাশিত কোনো প্রসপেক্টাসে উহা প্রকাশের তারিখ উল্লেখ করিতে হইবে এবং বিপরীত প্রমাণিত না হইলে উক্ত তারিখ প্রসপেক্টাস প্রকাশনার তারিখ বলিয়া গণ্য হইবে। floatation দ্র.।
- prostitute n. বেশ্যা, যৌনকর্মী বি. যে-ব্যক্তি, সাধারণত যে-নারী, অর্থের বিনিময়ে যৌনকর্মে রত হন। হিন্দু আইন-অনুসারে, কোনো হিন্দু রমণী বিবাহের পরে বেশ্যা হইলে নিজের গোত্র হারান এবং স্বামী ও নিকটাত্মীয়ের উত্তরাধিকারিত্ব হারান। তবে একজন বেশ্যার স্ত্রীধনে তাঁহার ভ্রাতা, ভগ্নী, ভ্রাতুম্পুত্র ও অন্যান্য আত্মীয় এবং তাঁহার স্বামী, সপত্নীপুত্র এবং স্বামীর সপিওদাতাগণ উত্তরাধিকারী হন।

prostitution bet

prostitution n. বেশ্যাবৃত্তি, পতিতাবৃত্তি বি. অর্থের বিনিময়ে যৌনসংগমের বা মন্য যৌনকর্মের জন্য দেহদান। ইংল্যান্ডে বেশ্যাবৃত্তি কোনো অপরাধ নহে কিতু ইয়া সম্পর্কিত অনেক কার্যাবলি অপরাধ (brothel, procurement ও soliciting দ্.)। কোনো অশ্লীল বিজ্ঞাপন বা বেশ্যাদের সম্পর্কে বিস্তারিত বর্ণনা প্রকাশ করা সাধারণ আইনে ষড়যন্ত্রের বা অশ্লীল বিজ্ঞাপন প্রকাশের অপরাধ হইতে পারে। বেশ্যানয়-সম্পর্কিত কতিপয় অপরাধ ও অনৈতিক আয়ে জীবিকানির্বাহের মতো অপরাধ পুরুষ দেহব্যবসায়ীদের ক্ষেত্রেও প্রযোজ্য হয়। বাংলাদেশে কোনো সাবালিকা ফেছায় বেশ্যালয়ে বেশ্যাবৃত্তি করিলে তাহা কোনো অপরাধ নহে, তবে প্রকাশ্য স্থানে ব কোনো আবাসিক[্]এলাকায় বেশ্যাবৃত্তি অপরাধ। দণ্ডবিধির ৩৭২ ও ৩৭৩ ধারায় বেশ্যাবৃত্তির জন্য অপ্রাপ্তবয়স্কদের ক্রয় ও বিক্রয়ের শান্তির বিধান বর্ণিত হইয়াছে। ৩৭২ ধারায় বলা হইয়াছে যে, যে-ব্যক্তি আঠারো বৎসরের কমবয়ন্ধ কোনো বাঙিকে বেশ্যাবৃত্তি বা অন্য কোনো লোকের সহিত অবৈধ যৌন সহবাস অথবা কোনো বেআইনি ও অসদুদ্দেশ্যে নিয়োজিত বা ব্যবহৃত হইবে এইরূপ সম্ভাবনা রহিয়াছে জানিয়া তাহাকে বিক্রয় করেন, ভাড়া দেন বা প্রকারান্তরে হস্তান্তর করেন, সেই ব্যক্তির দশবৎসর পর্যন্ত কারাদণ্ড এবং তদপরি অর্থদণ্ড হইতে পারে। যে-ক্ষেত্রে আঠারো বৎসরের কমবয়স্ক কোনো নারীকে কোনো বেশ্যা বা বেশ্যালয় পরিচালনা বা ব্যবস্থাপনা-কারী কোনো ব্যক্তির নিকট বিক্রয় করা হয় বা ভাডা দেওয়া হয় বা প্রকারান্তরে হস্তান্তর করা হয়, সেক্ষেত্রে, ভিনুরূপ প্রমাণিত না হওয়া পর্যন্ত, অনুরূপ নারীর ব্যবস্থাপনাকারী ব্যক্তি উক্ত নারী বেশ্যাবন্তির জন্য ব্যবহৃত হইবে, এই অভিপ্রায়ে তাহার ব্যবস্থাপনা করিয়াছেন বলিয়া ধরিয়া লওয়া হইবে। দওবিধির ৩৭৩ ধারায় বেশ্যাবৃত্তির উদ্দেশ্যে কোনো ব্যক্তি অপ্রাপ্তবয়ঙ্ক কোনো ব্যক্তিকে ক্রয় করিনে তাঁহার দশ বংসর পর্যন্ত কারাদণ্ড এবং তদপরি অর্থদণ্ড হইতে পারে। ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইনের ৫ ধারা-অনুসারে, যদি কোনো ব্যক্তি পতিতাবৃত্তি বা বেআইনি বা নীতিবিগর্হিত কোনো কাজে নিয়োজিত করিবার উদ্দেশ্যে কোনো নারীকে বিদেশ হইতে আনয়ন করেন বা বিদেশে পাচার করেন বা প্রেরণ করেন অথবা ক্রয় বা বিক্রয় করেন বা কোনো নারীকে ভাডায় বা কোনোভাবে নির্যাতনের উদ্দেশ্যে হস্তান্তর করেন বা অনুরূপ কোনো উদ্দেশ্যে কোনো কোনো নারীকে তাঁহার দখলে, জিম্মায় বা হেফাজতে রাখেন তাহা হইলে উক্ত ব্যক্তি মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ড বা অনধিক বিশ বৎসর কিন্তু অন্যুন দশবৎসর সম্রুম কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন।

protected child প্রযন্তাধীন শিশু যে-শিশুকে কেহ পোষ্য গ্রহণ করিতে ইঙ্কুক এবং
যাহার উপর ইংল্যান্ডের স্থানীয় কর্তৃপক্ষের তত্ত্বাবধান আবশ্যক। সেদেশের ১৯৭৬
সালের পোষ্য আইন-অনুসারে, যে-শিশুকে পোষ্য-সংস্থা বা অ্যান্ডপশন এজেসি পোষ্যরূপে গ্রহণের জন্য উপস্থাপন করে নাই, তেমন শিশুর ক্ষেত্রে অনুরূপ
তত্ত্বাবধানের প্রয়োজন হয়। এজেন্সির অধীনে থাকিলে শিশুর তত্ত্বাবধানের দায়িত্ব
এজেন্সিরই থাকিয়া যায়।

protected foresty সংরক্ষিত বন ১৯২৭ সালের বন আইনের ২০ ধারা-অনুসারে, দাবি পেশ করিবার জন্য নির্দিষ্ট সময় অতিক্রান্ত হইলে এবং ৬ বা ৯ ধারাধীন সমস্ত দাবি (থদি থাকে) বনবাসন-কর্মকর্তা কর্তৃক নিষ্পত্তি হইলে; কোনো দাবি পেশ হইয়া থাকিলে ১৭ ধারা-অনুসারে উপস্থিত হইবার জন্য সীমিত সময় অতিক্রান্ত হইয়া থাকিলে; এবং সময়মতো পেশকৃত সমস্ত আপিল (যদি থাকে) বিভাগীয় কমিশনার কর্তৃক নিষ্পত্তি হইয়া থাকিলে; এবং বনবাসন-কর্মকর্তা ১১ ধারা অনুসারে যে-সকল ভূমি ১৯৮২ সালের স্থাবর সম্পত্তির অধিগ্রহণ ও হকুমদখল অধ্যাদেশ-অনুসারে অধিগ্রহণ করিয়া প্রস্তাবিত সংরক্ষিত বনের অন্তর্গত করিতে মনস্থ করিয়াছেন, উক্ত সকল ভূমি উক্ত আইনের ১১ ধারা-অনুসারে সরকারে বর্তাইলে; এবং সরকার যে-বন সংরক্ষিত হইবে উহার সীমানা নির্দিষ্ট করিয়া থাকিলে বা অন্যভাবে নিশ্চিত করিলে এবং প্রজ্ঞাপনের দিন হইতে উহা সংরক্ষিত বন হিসাবে ঘোষণা করিয়া সরকারি গেজেটে একটি প্রজ্ঞাপন প্রকাশ করিলে। ওইরূপ নির্দিষ্ট দিন হইতে উক্ত বনটি একটি

protected goods সংরক্ষিত পণ্য (ইংল্যান্ডের ১৯৭৪ সালের ভোক্তাঋণ আইনের অধীনে) যে-পণ্য নিয়ন্ত্রিত ভাড়া-ক্রয় বা শর্তাধীন ক্রয়-চুক্তির বিষয়বস্তু এবং যে-ক্ষেত্রে পাওনাদারের মালিকানা আছে, তবে ক্রেতা পণমূল্যের এক-তৃতীয়াংশ বা ততোধিক পরিশোধ করিয়াও চুক্তিভঙ্গ করিয়াছেন। আদালতের আদেশ-ব্যতিরেকে পাওনাদার দখল উদ্ধার করিতে পারেন না এবং আদালত দেনাদারকে মূল্যপরিশোধের জন্য অতিরিক্ত সময় প্রদান করিতে পারেন। দেনাদার চুক্তি বাতিল করিলে উপরিউক্ত বিধিনিষেধ প্রযুক্ত হয় না।

protected occupancy সংরক্ষিত দখল একজন কৃষি-মজুরের পক্ষে ভূমিসংযুক্ত গৃহ সংরক্ষিত প্রজাপ্তত্ত্বের ন্যায় বিধিবদ্ধ সুরক্ষাসহ দখল করিবার অধিকার। ইংল্যান্ডের ১৯৮৮ সালের গৃহায়ণ আইনদ্বারা সংরক্ষিত দখল সুনিশ্চিত কৃষি-সংক্রান্ত দখলে পরিবর্তিত হইয়াছে, কিন্তু যে-সকল সংরক্ষিত দখলস্বত্ব পূর্ব হইতে বিদ্যমান সেইগুলি পূর্বের ন্যায় সুরক্ষা পাইতে থাকিবে। protected tenancy দ্র.।

protected person নিরাপত্তাপ্রাপ্ত ব্যক্তি আন্তর্জাতিক আইন-অনুযায়ী শারীরিক আঘাত হইতে বিশেষ সুরক্ষালাভের অধিকারী ব্যক্তি। যেমন, রাষ্ট্রপ্রধান (বা রাষ্ট্রসমূহের প্রধানদের যে-কোনো সদস্য), সরকারপ্রধান বা পররাষ্ট্রমন্ত্রী অথবা তাঁহাদের সঙ্গী পারিবারিক সদস্য কিংবা রাষ্ট্রের বা আন্তঃসরকারি কোনো আন্তর্জাতিক সংস্থার কোনো প্রতিনিধি বা কর্মকর্ত্তা বা তাঁহার পারিবারিক কোনো সদস্য যিনি অনুরূপ নিরাপত্তার অধিকারী।

protected site সংরক্ষিত স্থান ইংল্যান্তে যে-স্থানে এক বা একাধিক ভ্রাম্যমাণ বাসগৃহ স্থাপনের জন্য নকশা মনজুর করা হইয়াছে। protected state সংরক্ষিত রাষ্ট্র যে-রাষ্ট্র নামমাত্র সার্বভৌম, অপর একটি রাষ্ট্রে সুরক্ষার অধীন। সাধারণত সংরক্ষিত রাষ্ট্র ইহার রক্ষাকারীকে আন্তর্জাতিক সম্পর্ক পূর্ণ নিয়ন্ত্রণের ক্ষমতা প্রদান করে, কিন্তু ইহার অভ্যন্তরীণ বিষয়ের নিয়ন্ত্রণ নিজ হাতে রাখে। একটি নিয়ন্ত্রিত রাষ্ট্রকে কখনো কখনো প্রোটেক্টরেটও বলা হয়।

protected tenancy সংরক্ষিত প্রজাস্বত্ব চুক্তিমূলে আবাসিক প্রজাস্বত্ব যাহাতে ভাড়াটিয়ার ন্যায্য ভাড়া ও প্রজাস্বত্বের নিশ্চয়তা আছে। ইংল্যান্ডে ১৯৮৮ সালের গৃহায়ণ আইনদ্বারা সংরক্ষিত প্রজাস্বত্ব সুনিশ্চিত প্রজাস্বত্বে পরিবর্তিত হইয়াছে, কির্ যে-সকল সংরক্ষিত প্রজাস্বত্ব পূর্ব হইতে বিদ্যমান সেইগুলি পূর্বের মতো সুরক্ষা পাইতে থাকিবে। বাংলাদেশে ১৯৯১ সালের বাড়িভাড়া নিয়ন্ত্রণ আইন-অনুসারে ভাড়াটিয়া রীতিমতো ভাড়া প্রদান করিলে বা বাড়িতে মালিকের ভাড়াটিয়া প্রকৃত প্রয়োজন না হইলে উচ্ছেদযোগ্য নহেন।

protection and indemnity association (or club) সুরক্ষা ও দায়মুক্তি সংষ (বা ক্লাব) সদস্যদের প্রদন্ত চাঁদার দারা নৌচলাচলের কর্ম হইতে বিমার অতিরিক্ত দায় মিটাইবার উদ্দেশ্যে গঠিত জাহাজ-মালিকদের একটি সমিতি।

protection of home স্বগৃহে নিরাপন্তালাভ সংবিধানের ৪৩(ক) অনুচ্ছেদ-অনুসারে, রাষ্ট্রের নিরাপন্তা, জনশৃঙ্খলা, জনসাধারণের নৈতিকতা বা জনস্বাস্থ্যের স্বার্থে আইনের দ্বারা আরোপিত যুক্তিসংগত বাধানিষেধ-সাপেক্ষে প্রত্যেক নাগরিকের (ক) প্রবেশ, তল্পাশি ও আটক হইতে স্বীয় গৃহে নিরাপন্তালাভের অধিকার থাকিবে; এবং (খ) চিঠিপত্রের ও যোগাযোগের অন্যান্য উপায়ের গোপনীয়তা রক্ষার অধিকার থাকিবে।

protection of law আইনের আশ্রয় সংবিধানের ২৭ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, সুকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয়লাভের অধিকারী। সকল নাগরিক সম অবস্থায় আইনের নিকট সম আশ্রয় পাইবেন।

protective award সংরক্ষণমূলক রোয়েদাদ ইংল্যান্ডে ১৯৯২ সানের ট্রেড ইউনিয়ন ও শ্রম সম্পর্ক (সংহতকরণ) আইনের বিধান-অনুসারে আলোচনার আবশ্যকীয়তা পরিহার করিয়া যে-সকল শ্রমিককে উদ্বত্ত-ঘোষণা করা হইয়াছে, সংরক্ষিত সময়ের জন্য তাঁহাদের বেতনপ্রদান অব্যাহত রাখিবার প্রয়োজনে শ্রম-ট্রাইব্যুনাল কর্তৃক মালিকের প্রতি আদেশ। বাংলাদেশে ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ১২ ধারা-অনুসারে কতিপয় শর্তাধীনে উদ্বত্তের অজুহাতে একজন শ্রমিককে মালিক ছাঁটাই করিতে পারেন। অন্যায়ভাবে কোনো শ্রমিককে ছাঁটাই করা হইলে বা তাঁহাকে ক্ষতিপূরণ প্রদান না করা হইলে তিনি শ্রম আদালতে প্রতিকারের জন্য নালিশ করিতে পারেন। redundancy দ্রে.।

₽¢¢ protocol

protective trust সংরক্ষণমূলক ন্যাস যে-ন্যাস হিত্যাহীর জীবনকালের অতিরিক্ত সময়ের জন্য নহে, কতিপয় ঘটনাসাপেক্ষে (সাধারণত হিত্যাহীর দেউলিয়াত্ত্বের ফলে) যে-ন্যাসের আয়ুদ্ধাল সমাপ্ত হয়। তদ্যুপ ঘটনা ঘটিলে, অছিদের চূড়ান্ত স্ববিবেচনায় ন্যাসকৃত সম্পত্তির আয় হিত্যাহীর বা তাঁহার পরিবারের জন্য ব্যয় করা হয়, কিন্তু ওই আয় হিত্যাহীর নিজের জন্য গ্রহণের কোনো অধিকার নাই।

protectorate n. আখিত রাজ্য protected state দ্র.।

pro tempore সাময়িকভাবে ক্রি. বিণ. কোনো পদে সাময়িকভাবে নিযুক্তি। সংবিধানের ৯৮ অনুচ্ছেদ-অনুসারে, রাষ্ট্রপতি উপযুক্ত বিবেচনা করিলে হাইকোর্ট বিভাগের কোনো বিচারককে যে-কোনো অস্থায়ী মেয়াদের জন্য আপিল বিভাগে একজন অ্যাডহক বিচারক হিসাবে আসনগ্রহণের ব্যবস্থা করিতে পারেন।

protest n. আপত্তি বি. ১. কোনো কর্মে যে-নিহিত অর্থ থাকে তাহা অন্যথায় প্রয়োগ লা করিবার জন্য কোনো ব্যক্ত ইঙ্গিত। যেমন, যখন আপত্তিমূলে কোনো অর্থ প্রদান করা হয় অর্থপ্রদানকারী তাহার জন্য দায়ী বলিয়া স্বীকার করেন না। ২. বিনিময়-বিল বা হতি অগ্রাহ্য করিবার জন্য নোটারি-প্রদন্ত আনুষ্ঠানিক প্রমাণের একটি প্রক্রিয়া। যখন কোনো বৈদেশিক হত্তি গ্রহণ না করিয়া বা পরিশোধ না করিয়া অগ্রাহ্য করা হয়, তখন তাহা নোটারির নিকট হন্তান্তর করা হয় এবং তিনি তাহা পুনরায় হাজির করেন। যদি ইহা আবারও অগ্রাহ্য হয় তখন নোটারি হত্তির সহিত একটি কাগজ সংযুক্ত করিয়া তাহাতে প্রাপ্ত উত্তর ও অন্যান্য বিবরণ উল্লেখ করেন যাহাকে লিপিকরণ প্রক্রিয়া বলা হয়। তৎপরবর্তী সময়ে আনুষ্ঠানিক দলিল হিসাবে আপত্তি রচনা করা যায়। ১৮৮১ সালের বিনিময়যোগ্য দলিল আইনের ১০০ ধারা-অনুসারে, অঙ্গীকারপত্র বা বিনিময়পত্র অস্বীকৃতি বা অপরিশোধের ফলে প্রত্যাখ্যাত হইয়া থাকিলে, উক্ত অঙ্গীকারপত্র বা বিনিময়পত্রের ধারক যুক্তিসংগত সময়ের মধ্যে প্রত্যাখ্যানের বিষয়টি প্রোটেণ্টিং বা 'প্রত্যাখ্যানের প্রমাণে'র মাধ্যমে নোটারি পাবলিকের নিকট হইতে একটি সনদপত্র গ্রহণ করিতে পারেন। এইরূপ সনদপত্রকে 'প্রত্যাখ্যানের প্রমাণ' বলা হইয়া থাকে।

protocol n. প্রোটোকল বি. দলিল বা চুক্তির খসড়া বা সারসংক্ষেপ। কোনো চুক্তির সংশোধন এবং সম্পূরণের জন্য অপর একটি চুক্তি। কোনো আন্তর্জাতিক সম্পেলনের কার্যক্রমের আনুষ্ঠানিক প্রতিবেদন। কোনো সভার কার্যবিবরণ যাহার যথার্থতা অনুমোদন করিয়া সভায় অংশগ্রহণকারী সকলে অনুস্বাক্ষর দেন। আন্তর্জাতিক সম্পর্কে জাতিসমূহের অনুসৃত কূটনৈতিক শীলধর্মের নিয়ম ও রেওয়াজ। কোনো কনভেনশনের সম্পূরক বা অনুপূরক দলিল হিসাবেও ইহা ব্যবহৃত হইতে পারে, সেক্ষেত্রে ইহা ব্যাখ্যার বা সংরক্ষণের বিষয়-সম্পর্কিত হইতে পারে। treaty দ্র.।

provable debt প্রমাণযোগ্য ঋণ যে-ঋণের জন্য পাওনাদার দেউলিয়ার সম্পদের অংশ দাবি করিতে পারেন। প্রমাণযোগ্য ঋণ অবশ্যই দেউলিয়া ব্যক্তির বিরুদ্ধে দেউলিয়াত্ত্বে আদেশ হইবার পূর্বকৃত বা তদ্রুপ আদেশ হইবার পরে পূর্বকৃত কোনো দায় পরিশোধের ফলে উদ্ভূত ঋণ হইতে হইবে। non-provable debt তু.।

- proved pp. প্রমাণিত বিণ. সাক্ষ্য আইনের ৩ ধারা-অনুসারে, কোনো বিষয় তখনই প্রমাণিত বলিয়া বিবেচিত হয় যখন আগত বিষয়সমূহ বিবেচনা করিয়া আদানত সেই বিষয়ের অস্তিত্ব আছে বলিয়া বিশ্বাস করেন অথবা উহার অস্তিত্ব এতই সম্ববপর বিবেচনা করেন যে, কোনো বিচক্ষণ লোকের পক্ষে অনুরূপ পরিস্থিতিতে তাহার অস্তিত্ব আছে মর্মে ধরিয়া লইয়া কার্য করা উচিত।
- provident fund, recognized অনুমোদিত ভবিষ্য তহবিল কর্মচারী ও নিয়োগকর্তার চাঁদা লইয়া এই তহবিল গঠিত হয়। অনুমোদিত ভবিষ্য তহবিলে কর্মচারী ও নিয়োগকর্তা যে-চাঁদা প্রদান করেন, উহা করযোগ্য আয় হিসাবে কর্মচারীর বেতন-আয়ের অন্তর্গত হইবে।
- provident fund, statutory সংবিধিবদ্ধ ভবিষ্য তহবিল ১৯২৫ সালের ভবিষ্য তহবিল আইন-অনুসারে স্থাপিত ভবিষ্য তহবিল। সরকার, রেল-কর্তৃপদ্ধ, বিশ্ববিদ্যালয়, কোম্পানি, স্বায়ন্ত্রশাসিত প্রতিষ্ঠান এইরূপ ভবিষ্য তহবিল রাধিয়া থাকেন। আয়কর আইনে এইরূপ ভবিষ্য তহবিলের সভ্যগণ যে-চাঁদা প্রদান করেন, উহা তাঁহার বেতন-আয়ের অন্তর্ভুক্ত হয়, কিন্তু নিয়োগকর্তা কর্তৃক এই তহবিলে কর্মচারীর হিস্যবের চাঁদা প্রদন্ত হইলে উহা এবং হিসাবে সঞ্চিত জমার উপর যে-সুদ জমা হয় উহা করমুক্ত আয় বলিয়া বিবেচিত হয় এবং বেতন-আয়ের অন্তর্ভুক্ত হয় না। করদাতা কর্তৃক প্রদন্ত চাঁদা বিনিয়োগের বিষয় ধরিয়া উহার জন্য কর-রেয়াত প্রদান করা হয়। অবসরগ্রহণকালে করদাতা এই তহবিল হইতে যে-সঞ্চিত অর্থ পাইয়া থাকেন তাহা তাঁহার মোট আয়ের সহিত যুক্ত হয় না।
- provident fund, unrecognized অননুমোদিত ভবিষ্য তহবিল যে-ভবিষ্য তহবিল সংবিধিবদ্ধ ভবিষ্য তহবিল বা অনুমোদিত ভবিষ্য তহবিল শ্রেণীভূজ নহে। কর-কমিশনার কর্তৃক এই প্রকার ভবিষ্য তহবিল স্বীকৃত হয় না। provident fund, recognized ও provident fund, statutory দ্র.।
- proving a will ইচ্ছাপত্র প্রমাণ করা প্রমাণিত ইচ্ছাপত্রের প্রত্যয়িত অনুনিপিসহ আদালত হইতে প্রবেট বা ইচ্ছাপত্র-প্রমাণক অথবা প্রশাসনপত্র গ্রহণের প্রক্রিয়া।
- provision n. ভবিষ্য ব্যবস্থা কারবার বা প্রতিষ্ঠানের প্রয়োজনে অনেক সময়ে মুনাফার যে-অংশ কোনো জ্ঞাত বা অনুমিত এবং সুনির্দিষ্ট দায় মিটাইবার উদ্দেশ্যে পৃথক করিয়া রাখা হয়। অর্থাৎ চলতি মুনাফার যে-অংশ হিসাব-বহিতে সাময়িকভাবে আলাদা করিয়া রাখা হয়।

provisional damages সাময়িক ক্ষতিপূরণ শারীরিক আঘাতের মামলায় যখন আঘাতের ফলে ভবিষ্যতে বাদীর কোনো গুরুতর পীড়ার বা শারীরিক বা মানসিক অবস্থার অন্য গুরুতর অবনতির সম্ভাবনা থাকে তখন বাদীকে যে-ক্ষতিপূরণ দেওয়া হয়। বাদীর শারীরের বর্তমান অবস্থা বিবেচনা করিয়া তৎক্ষণাৎ ক্ষতিপূরণ প্রদানের ক্ষমতা আদালতের আছে এবং আদালত আরো আদেশ প্রদান করিতে পারেন যে, বাদী যদি কোনো পীড়ায় আক্রান্ত হন বা তাঁহার অবস্থার অবনতি ঘটে, তবে তিনি নির্ধারিত সময়ের মধ্যে অতিরিক্ত ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন।

provisional liquidator সাময়িক অবসায়ক কোম্পানির বাধ্যবাধকতামূলক অবসায়নের ক্ষেত্রে অবসায়ক নিযুক্তিসাপেক্ষে যে-ব্যক্তিকে আদালত অবসায়ন-কার্য পরিচালনার জন্য নিয়োগ করেন। ইংল্যান্ডে হয়্ম সরকারি রিসিভার নতুবা কোনো যোগ্যতাসম্পন্ন দেউলিয়া-আইনজীবীকে উক্ত পদে নিযুক্ত করা যাইতে পারে। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৫৫ ধারা-অনুসারে আদালত কোনো ব্যক্তিকে সাময়িক অবসায়ক নিযুক্ত করিতে পারেন।

provision for drinking water for workers শ্রমিকদের জন্য পানীয়জলের ব্যবস্থা ১৯৭৯ সালের কারখানা বিধিমালার ২৫ বিধি-অনুসারে, প্রতিটি কারখানায় সকল শ্রমিকের সহজগম্য এবং সুবিধাজনক জারগায় পান করিবার উপযুক্ত পানি সরবরাহের ব্যবস্থা রাখিতে হইবে এবং তাহা সংরক্ষণ করিতে হইবে। সেখানে যতসংখ্যক শ্রমিক থাকিবেন কমপক্ষে তত গ্যালন পানি প্রতিদিন সরবরাহ করিতে হইবে। প্রয়োজনীয় সরবরাহকৃত পানীয় জল উপযুক্ত পাত্রে রাখিতে হইবে এবং প্রতিদিন কমপক্ষে একবার উক্ত পানি বদলাইতে হইবে। পানি এবং পাত্র সংক্রমণ হইতে মুক্ত রাখিবার সকল বাস্তব পদক্ষেপ গ্রহণ করিতে হইবে। কোনো উন্মুক্ত কৃপ অথবা জলাধার হইতে খাবার পানি সংগ্রহ করা হইলে তাহা এমন স্থানে অবস্থিত এবং সংরক্ষিত রাখিতে হইবে যাহা কোনো জৈব পদার্থ অথবা অন্য কোনো ময়লাম্বারা দৃষিত হইতে না পারে। যে-স্থানে শ্রমিকদের খাবার পানি সরবরাহ করিতে হয়, সেজায়গার চতুর্দিকের এলাকা পরিক্ষার-পরিক্ছন্ন এবং নালা-সংযুক্ত অবস্থায় রাখিতে হইবে। শ্রমিকদেরকে সরবরাহকৃত খাবার পানি পানের উপযুক্ত কি না, সে-সম্পর্কে স্বাস্থ্য অধিদপ্তর হইতে রিপোর্ট সংগ্রহের জন্য পরিদর্শক কারখানার ব্যবস্থাপককে লিখিতভাবে নির্দেশ দিতে পারেন।

proviso n. শর্ভ বি. কোনো সংবিধিবদ্ধ আইন, দলিলপত্র বা অন্য কোনো আইনগত দলিলের অপর কোনো বিধানের উপর সীমাবদ্ধতা বা শর্ত আরোপ করা একটি দফা, যাহা প্রায়শ শর্তের অব্যবহিত পূর্ববর্তী হয়। উদাহরণস্বন্ধপ, ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ১৬ ধারা-অনুসারে, একজন শ্রমিককে শারীরিক ও মানসিক অসামর্থ্য বা অবিচ্ছিন্ন খারাপ স্বাস্থ্যের জন্য কর্মচ্যুত করা যাইতে পারে, তবে শর্ত থাকে যে, তাঁহাকে ক্ষতিপূরণ বা গ্র্যাচুইটি প্রদান করিতে হইবে।

provocation but

provocation n. উসকানি, প্ররোচনা, ক্রোধোদ্দীপনা বি. কোনো বথা বা আচরণের দ্বারা কোনো ব্যক্তির আত্মনিয়ন্ত্রণচ্যুতি ঘটানো। নিহত ব্যক্তি তাঁহার বধা বা আচরণের দ্বারা ঘাতকের ক্রোধোদ্দীপনা সৃষ্টি করিলে খুনের পরিবর্তে তাহা নিম্বৃদ ইইবে। দণ্ডবিধির ৩০০ ধারার ১ ব্যক্তিক্রমে তাহা বর্ণিত হইয়াছে। মে-বাজি বিদ্বেম্দূলকভাবে বা বেপরোয়াভাবে কোনো অবৈধ কার্য সম্পাদন করিয়া কোনো ব্যক্তিকে এইরূপ অভিপ্রায় বা এইরূপ সম্ভাবনা রহিয়াছে জানিয়া উত্তেজনাদান করের যে, অনুরূপ উত্তেজনার দ্বারা দাঙ্গার অপরাধ অনুষ্ঠিত হইবে, অনুরূপ উত্তেজনার দ্বারা দাঙ্গার অপরাধ অনুষ্ঠিত বহুবৈ, অনুরূপ উত্তেজনার দ্বারা দাঙ্গার অপরাধ অনুষ্ঠিত না হইলে মে-কোনো উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন এবং দাঙ্গার অপরাধ অনুষ্ঠিত না হইলে মে-কোনো বর্ণনার ছয় মাস পর্যন্ত মেয়াদের কারাদত্রে বা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন।

- proxy n. প্রব্ধি বি., স্থানাপন্ন ব্যক্তি কোম্পানির কোনো সদস্য যে-ব্যক্তিকে (কোম্পানির কোনো সদস্য নাও হইতে পারেন) তাঁহার পরিবর্তে কোম্পানির সভায় যোগদান ও ভোটপ্রদানের জন্য নিযুক্ত করেন। কোম্পানি-আইনের ৮৫ ধারায় কোম্পানির সদস্য কর্তৃক ১ তফসিলের ৬৮ রেগুলেশানে দেওয়া ছকে প্রবিধ্ব বা স্থানাপন্ন ব্যক্তি নিযুক্ত করিবার এবং কোম্পানির সভায় তাঁহার যোগদানের ও ভোটপ্রদান করিবার কথা উল্লেখ আছে।
- P. S. I. (Pre-Shipment Inspection) পি.এস.আই., জাহাজে উঠাইবার পূর্বে.
 পরিদর্শন কোনো আমদানিকারকের ঋণপত্রকৃত মাল রপ্তানিকারক কর্তৃক জাহাজে
 উব্যোলনের পূর্বে ভৃতীয় পক্ষদ্বারা নিরীক্ষা করা। এইরূপ নিরীক্ষাকার্যের দায়িত্ব
 দেওয়া হয় আন্তর্জাতিকভাবে খ্যাত কোনো কোম্পানিকে যাহাদের বিশ্ববাপী
 নেটওয়ার্ক রহিয়াছে।
- psychopathic disorder মানসিক অন্থিরতা এক ধরনের মানসিক গোলযোগ যাহা ক্রমাণত মানসিক বৈকল্য বা অসামর্থ্য সৃষ্টি করে (ইহাতে বৃদ্ধিমন্তার বিশেষ কোনো ক্ষতি হইতে বা নাও হইতে পারে) যাহার ফলে অস্বাভাবিক আক্রমণাত্মক বা গুরুতর দায়িত্বজ্ঞানহীন আচরণের উদ্ভব হয় এবং সেজন্য চিকিৎসার প্রয়োজন হয় বা চিকিৎসাযোগ্য হয়।
- public n. জনগণ বি. জনসাধারণ, সাধারণ মানুষ। দণ্ডবিধির ১২ ধারায় বলা ইইয়াছে যে, 'জনগণ' শব্দে যে-কোনো শ্রেণীর জনগণ বা সম্প্রদায় বুঝাইবে।
- Public Accounts Committee সরকারি হিসাব কমিটি সংবিধানের ৭৬ অনুচ্ছেদ-অনুসারে, সংসদ-সদস্যদের মধ্য হইতে সদস্য লইয়া সংসদ সরকারি হিসাব কমিটি নামক একটি স্থায়ী কমিটি গঠন করেন। ইহা সরকারি ব্যয় পরীক্ষা করিয়া তাহাতে

কোনো প্রকার অনিয়ম প্রকাশ পাইলে সে-সম্পর্কে সংসদে প্রতিবেদন পেশ করেন। এই কমিটি একজন চেয়ারম্যান এবং সংসদের কার্যবিধিতে উল্লিখিত সদস্যদের লইয়া গঠিত হয়।

public Act সরকারি আইন Act of Parliament দ্র. ।

publication n. প্রকাশনা বি. ১. কপিরাইট আইনের ৩ ধারা-অনুসারে, প্রকাশনার অর্থ কোনো কর্মের অনুলিপি জনগণের নিকট সরবরাহ করা অথবা পৌছাইবার ব্যবস্থা করা। কিন্তু নাট্যকর্ম, নাট্যসংগীত, চলচ্চিত্র বা সংগীতকর্ম, জনসমক্ষে সাহিত্যকর্মের আবৃত্তি, তারের মাধ্যমে যোগাযোগ, সাহিত্য বা শিল্পকর্মের সম্প্রচার, শিল্পকর্মের প্রদর্শনী ও স্থাপত্যশিল্পের নির্মাণ ওই আইনে ভিন্নরূপ কিছু না থাকিলে প্রকাশনা অর্থে ব্যবহৃত হইবে না। ২. (মানহানির অপরাধে) যে-ব্যক্তির মানহানি করা হইয়াছে তাঁহাকে ব্যতীত অন্য ব্যক্তি বা ব্যক্তিবর্গের নিকট তাঁহার মানহানিকর বক্তব্য প্রকাশ করা। ৩. অশ্লীল প্রকাশনা obscene publications দ্র.।

public Bill সরকারি বিল Bill দ্র.।

public body সার্বজনিক সংস্থা যে-নিগমবদ্ধ বা অন্যপ্রকার সংস্থা ব্যক্তির নহে বরং সর্বসাধারণের হিতার্থে ক্ষমতা ও দায়িত্ব পালন করে। ইংল্যান্ডে ১৯৭২ সালের স্থানীয় সরকার আইনের অধীনে সার্বজনিক সংস্থা বলিতে স্থানীয় কর্তৃপক্ষ, অছিগণ, কমিশনারগণ এবং যাঁহাদের দায়িত্ব হইতেছে গোরস্থান বা বাজার স্থাপন করা এবং কোনো স্থানের উন্নয়নের জন্য কাজ করা বা অভিকর ধার্য করা, তাঁহাদের অন্তর্ভুক্ত করে। বাংলাদেশে ১৮৯৭ সালের জেনারেল ক্লজেজ অ্যাক্টের ৩(২৮) ধারায় সংজ্ঞায়িত স্থানীয় সংস্থাসমূহ সার্বজনিক সংস্থা।

public carrier সাধারণ পরিবহণ ১৯৮৩ সালের মোটরযান অধ্যাদেশের ২ ধারাঅনুসারে, 'পাবলিক ক্যারিয়ার' বলিতে এমন একটি পরিবহণ-যানকে বৃঝায় যাহা
ভাড়া বা পারিভোষিকের বিনিময়ে যে-কোনো সময়ে সর্বসাধারণের ব্যবহার্য যেকোনো প্রকাশ্য স্থানে কোনো চুক্তির শর্ত-অনুযায়ী বা অন্যভাবে মালিক ব্যতীত অপর
কোনো ব্যক্তির বা কোনো শ্রেণীর মালপত্র বহন করে।

public charities গণ দাতব্য প্রতিষ্ঠান যখন কোনো সম্পত্তি জনকল্যাণে উৎসর্গ করা হয় তখন তাহাকে গণ দাতব্য প্রতিষ্ঠান বলে। দেওয়ানি কার্যবিধির ৯২ ধারায় গণ দাতব্য প্রতিষ্ঠান-সম্পর্কিত মামলার বিষয়ে বলা হইয়াছে যে, (১) কোনো ধর্মীয় বা দাতব্য উদ্দেশ্যে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে স্থাপিত কোনো ন্যাস প্রতিষ্ঠানের উপর আস্থা বিনষ্ট হইয়া থাকিলে অথবা অনুরূপ কোনো ন্যাস প্রতিষ্ঠান পরিচালনার ব্যাপারের আদালতের নির্দেশগ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিলে অ্যাটর্নি-জেনারেল নিজে অথবা

তাঁহার লিখিত অনুমতিক্রমে উক্ত ন্যাসের সহিত স্বার্থসংশ্লিষ্ট অপর দুই বা ততাধিক ব্যক্তি, বিরোধের সহিত সংশ্লিষ্ট হউন বা না হউন, মামলা দায়ের করিতে পারিবেন। মূল দেওয়ানি এখতিয়ারসম্পন্ন প্রধান আদালতে অথবা সরকার কর্তৃক ক্ষমতাপ্রদত্ত অপর কোনো আদালতে, যাঁহার এখতিয়ারভুক্ত এলাকায় ন্যাসের বিষয়বন্তু অবিষ্থত, অনুরূপ মামলা দায়ের করা চলিবে এবং অনুরূপ মামলায় নিম্নলিখিত ব্যাপারে ডিক্রি দাবি করা চলিবে: (ক) কোনো অছি অপসারণ; (খ) নতুন অছি নিয়োণ; (গ) কোনো ন্যাসের উপর কোনো সম্পত্তি ন্যান্তকরণ; (ঘ) হিসাব দাখিল ও তদন্ত অনুষ্ঠানের নির্দেশ; (ঙ) ন্যাসের অন্তর্গত কোনো বিশেষ উদ্দেশ্যে ন্যাসভুক্ত সম্পত্তির কিরূপ অংশ বরাদ্দ করা চলিবে তৎসম্পর্কে ঘোষণা; (চ) ন্যাসভুক্ত সম্পত্তির কিরূপ অংশ বরাদ্দ করা চলিবে তৎসম্পর্কে ঘোষণা; (চ) ন্যাসভুক্ত সম্পত্তির কিরূপ অংশ বরাদ্দ করা চলিবে তৎসম্পর্কে ঘোষণা; (চ) ন্যাসভুক্ত সম্পত্তির কিরূপ অংশ বরাদ্দ করা চলিবে তৎসম্পর্কে ঘোষণা; (ছ) কোনো পরিকল্পনার করা, বন্ধক রাখা বা বিনিময় করিবার ক্ষমতা প্রদান; (ছ) কোনো পরিকল্পনার করার্বাক্ষমান; অথবা (জ) মামলার ধরন-বিবেচনায় প্রয়োজনীয় অন্য কোনোরূপ প্রতিকার। (২) ১৮৬৩ সালের ধর্মীয় অর্পণ আইনের বিধানে বর্ণিত পস্থায় না হইলে ১ উপধারায় নির্দিষ্ট কোনো প্রতিকার দাবি করিয়া উক্তরূপ কোনো ন্যাস প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনো মামলা দায়ের করা চলিবে না, যদি উত্ত উপধারার সহিত সামঞ্জস্যপূর্ণ না হয়।

public communication জনসাধারণের সহিত যোগাযোগ ২০০০ সালের কণিরাইট আইনের ২(১৫) ধারা-অনুসারে, যে-কোনো কর্মের অনুলিপি সরবরাহ ন করিয়া উক্ত কর্ম জনসাধারণের দেখা, শোনা বা অন্যভাবে তার ও বেতারের মাধামে প্রত্যক্ষ উপভোগের সুযোগ করা বা যে-কোনো প্রকারের প্রদর্শনীর বা প্রচারণার মাধ্যমে অনুরূপ সুযোগ সৃষ্টি করা, জনসাধারণের মধ্যে কেহ অনুরূপভাবে কর্মটি প্রকৃতই উপভোগ করুন বা না করুন। এই উদ্দেশ্যসাধনকল্পে স্যাটেলাইট অথবা কেব্ল অথবা অন্য কোনো যুগপৎ মাধ্যমে একই সঙ্গে একের অধিক গৃহ অথবা বাসস্থান, আবাসিক হোটেল অথবা হোটেলের একাধিক কক্ষের সহিত একই সঙ্গে যোগাযোগকে 'জনসাধারণের সহিত যোগাযোগ' বুঝাইবে।

public company সার্বজনিক সংস্থা বা কোম্পানি কোম্পানি আইনের ২(এ) ধারাঅনুসারে, ওই আইনের বা ওই আইন চালু হইবার পূর্বে যে-কোনো সময়ে প্রচলিত
আইনের অধীনে নিগমবদ্ধ এমন কোম্পানি যাহা প্রাতিজনিক কোম্পানি নহে। এইরপ
কোম্পানিকে শেয়ারক্রয়ের জন্য সর্বসাধারণকে আহ্বান জানাইতে হয়। ইহার সংঘমারকে ইহা যে-একটি সার্বজনিক কোম্পানি তাহা উল্লেখ করিতে হইবে; ইহার নামের
শেষে লিমিটেড শব্দ থাকিতে হইবে; ইহার সংঘ-বিধিতে শেয়ার হস্তান্তরের উপর
কোনোপ্রকার বিধিনিষেধ আরোপ করা যাইবে না; কমপক্ষে সাতজন সদস্য ছাড়া ইহা
গঠন করা যাইবে না; এবং ইহার সদস্যদের সর্বোচ্চ সংখ্যা সীমাবদ্ধ হইবে না; ইহার
সর্বনিম্ন পরিচালকের সংখ্যা তিনজন হইবে; এবং ব্যবসা আরম্ভ করিবার প্রত্যয়নপত্র
ছাড়া ইহা ব্যবসা আরম্ভ করিতে পারিবে না।

- public corporation সার্বজনিক সংস্থা বা করপোরেশন সর্বসাধারণের সাধারণত ব্যবসায়িক কার্যাবলি সম্পাদনের জন্য স্থাপিত কোনো সংস্থার, কিন্তু আবশ্যকীয়ভাবে তাহা নাও হইতে পারে (ইহা সামাজিক, পরামর্শদানকারী বা অন্য প্রকৃতিরও হইতে পারে)। সাধারণত সংসদের আইনদারা সংবিধিবদ্ধ করপোরেশন স্থাপিত হয়। এই সকল সংস্থার পরিচালনা-বোর্ড সরকারকর্তৃক নিযুক্ত হয় এবং সরকারের নিয়ন্ত্রণে পরিচালিত হয়।
- public defender সরকারি প্রতিঘদ্বিতাকারী ফৌজদারি মামলায় আত্মপক্ষসমর্থন করিবার জন্য যাঁহাদের আইনজীবী নিযুক্ত করিবার সংগতি নাই তাঁহাদের পক্ষে মামলা প্রতিঘদ্বিতা করিবার জন্য নিযুক্ত সরকারি উকিল। মৃত্যুদওযোগ্য অপরাধের বিচারের সময়ে আসামির আইনজীবী নিযুক্ত করিবার সংগতি না থাকিলেই মাত্র বাংলাদেশে সরকারপফ হইতে তাঁহার পক্ষে মামলা প্রতিঘদ্বিতা করিবার জন্য আইনজীবী নিযুক্ত করা হয়। মার্কিন যুক্তরাষ্ট্রের মতো সকল সংগতিহীন আসামির পক্ষে মামলা প্রতিঘদ্বিতা করিবার জন্য বাংলাদেশের কোনো সরকারি প্রতিঘদ্বিতাকারী নাই।
- Public Demand Recovery Act সরকারি পাওনা আদায় আইন সরকারি পাওনা আদায়ের ক্ষেত্রে সরকারকে ডিক্রিলাভের জন্য দেওয়ানি আদালতে যাইতে হয় না। সরকারি দাবি যে-পদ্ধতিতে আদায় করা হয়, তাহার নাম সার্টিফিকেট পদ্ধতি। জমির রাজস্ব (কোনো আইনে যে-দাবিকে সরকারি দাবি আদায় বা রাজস্ব আদায়ের পদ্ধতিতে আদায়যোগ্য ঘোষণা করা হয়); জরিমানা; প্রবেটের উপর প্রদের কোর্ট ফি; জরিপ আইন-অনুসারে জরিমানা; আফিম আইন-অনুসারে জরিমানা; আয়কর; আবগারি কর; সেচ কর; রেজিস্ট্রেশন ফি; প্রমোদ কর ইত্যাদি সরকারি দাবির অন্তর্ভূক।
- public document সরকারি দলিল সার্বজনিক বিষয়সংক্রান্ত কোনো দলিল যাহা সরকারি দায়িত্বের অংশস্বরূপ। উক্ত বিষয় সকল পারিপার্শ্বিক অবস্থা তদন্ত করিয়া লিপিবদ্ধ করা হয় এবং সর্বসাধারণের পরিদর্শনের জন্য সংরক্ষিত হয়। শোনা সাক্ষ্য গ্রহণ না করিবার নিয়মের ব্যতিক্রম হিসাবে সরকারি দলিলে লিপিবদ্ধ বক্তব্য সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য। সাক্ষ্য আইনের ৭৪ ধারা-অনুসারে, নিম্নলিখিত দলিলগুলি সরকারি দলিল: (১) যে-সমস্ত দলিল (ক) কোনো সার্বভৌম কর্তৃপক্ষের, (খ) সরকারি প্রতিষ্ঠান বা ট্রাইব্যুনালের, এবং (গ) বাংলাদেশের বা কমনওয়েলথের কোনো অংশের অথবা বিদেশের আইনবিভাগীয়, বিচারবিভাগীয় বা নির্বাহীবিভাগীয় কোনো কর্মকর্তার কার্য অথবা কার্যের রেকর্ড নথি; (২) বাংলাদেশে সরকারিভাবে রক্তি বার্তিকগত দলিলের রেকর্ড নথি। সাক্ষ্য আইনের ৭৬ এবং ৭৭ ধারায় সরকারি দলিলের জাবিদা নকল সম্পর্কে বলা হইয়াছে এবং ৭৮ ধারায় সরকারি দলিল কীভাবে প্রমাণ করা যায়, সে-সম্পর্কে বিধান বর্ণিত হইয়াছে।

public domain পাবলিক ডোমেইন, সার্বলৌকিক এলাকা ১. সরকারি বাসজ্ঞন।

২. প্রকাশনা, উদ্ভাবনা ও প্রক্রিয়ার সেই ভূবন যাহা কপিরাইট বা পেটেটের
আইনদ্বারা সংরক্ষিত নহে। সেই ভূবনের কোনো বিষয়াধিকার কেহ লচ্ছান করিলে
তিনি স্বভুলজ্জনের দায়ে দায়ী হইবেন না।

public duties সরকারি দায়িত্ব, নাগরিক দায়িত্ব ১. ইংল্যান্ডে ১৯৯৬ সালের শ্রমিক অধিকার আইনের অধীনে কতিপয় সরকারি কর্মকর্তা— যেমন, ম্যাজিন্ট্রেট, কাউসিলর, ক্বল ও কলেজের পরিচালক এবং স্বাস্থ্য-কর্তৃপক্ষের সদস্য— তাঁহাদের সরকারি দায়িত্বপালনের জন্য ছুটি পাইবার অধিকারী। যে-কর্মচারী সরকারি দায়িত্বপালনের জন্য ছুটি পাইবার অধিকারী তিনি অনুপস্থিতিকালের জন্য বিধিবন্ধ আইনে মজুরি পাইবার অধিকারী নহেন। জুরির দায়িত্বপালনের জন্য ছুটি পাইবার কোনো সুনির্দিষ্ট অধিকার না থাকিলেও উক্ত দায়িত্বপালনের জন্য ছুটিলাতের ব্যর্থতা আদালত-অবমাননাবিশেষ, সেইজন্য জুরির দায়িত্বপালনের নিহিত অধিকার আছে বিলিয়া মনে করা হয়। ২. বাংলাদেশে সংবিধানের ২১(১) অনুক্ষেদ-অনুসারে, সংবিধান ও আইন মান্য করা, শৃঙ্খলা রক্ষা করা, নাগরিক দায়িত্ব পালন করা এবং জাতীয় সম্পত্তি রক্ষা করা প্রত্যেক নাগরিকের কর্তব্য। ২১(২) অনুক্ষেদে বলা হয়াছে, সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজ্ঞাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য।

public examination প্রকাশ্য তদন্ত ইংল্যান্ডে দেউলিয়া মোকদ্দমায় দেনাদারের আচরণ, লেনদেন এবং সম্পত্তি সম্পর্কে তদন্ত। ইহা আদালতে অনুষ্ঠিত হয় এবং দেনাদারকে আদালতে হাজির হইতে এবং হলক্ষগ্রহণপূর্বক প্রশাবলির উত্তর দিতে বাধ্য করা হয়। দেউলিয়া আদেশ প্রদন্ত হইলে সরকারি রিসিভার স্ববিবেচনায় ত্বির করিতে পারেন, প্রকাশ্য তদন্তের জন্য আদালতের নিকট প্রার্থনা করিবেন কি না। যদি পাওনাদারগণ অনুরোধ করেন, তাঁহাকে অবশ্যই তদ্রুপ প্রার্থনা করিতে হইবে (যদি না আদালত ভিনুরূপ আদেশ প্রদান করেন)। ১৯৯৭ সালের দেউলিয়া আইনের ৬৭ ধারা-অনুসারে, রিসিভার বন্টনযোগ্য সম্পদের ব্যাপারে দেনাদার বা দায়িত্বাপ্ত কর্মকর্তাকে জিজ্ঞাসাবাদ করিবেন।

public figure পাবলিক ফিগার, জনব্যক্তিত্ব খ্যাতি বা অখ্যাতি অর্জন করিয়া যে-ব্যক্তি স্বেচ্ছায় সর্বসাধারণের আলোচনার বিষয় হইয়াছেন, এহেন ব্যক্তি মানহানির মামলা করিলে তাঁহাকে প্রমাণ করিতে হইবে যে, ि নী বিদ্বেষমূলকভাবে কার্য করিয়াছেন।

public general Act সার্বজনিক সাধারণ আইন Act of Parliament দ্র.।

- public good জনকল্যাণ ইংল্যান্ডের অশ্রীল প্রকাশনা আইনের কতিপয় অপরাধের অভিযোগের বিরুদ্ধে বিশেষ অজুহাত। বাংলাদেশে দণ্ডবিধির ৪৯৯ ধারার প্রথম ব্যতিক্রম-অনুসারে, কোনো ব্যক্তি সম্পর্কে সত্য দোষারোপ করা মানহানিকর বলিয়া গণ্য হইবে না, যদি উক্ত দোষারোপ জনকল্যাণের উদ্দেশ্যে প্রস্তুত বা প্রকাশ করা হয়। ইহা জনগণের মদলের জন্য কি না, তাহা একটি বিবেচ্য বিষয়।
- public house গণগৃহ বি. ইংল্যান্ডে ১৯৬৬ সালের স্থানীয় সরকার আইনের অধীনে যে-সকল বাড়িতে সুরা বিক্রয়ের ও পানের জন্য অনুমতি প্রদান করা হয়; ইহাই (আনুষঙ্গিক বা তৎসম্পর্কিত ব্যবসা বা বাণিজ্য ব্যতীত) একমাত্র ব্যবসা যাহা সেখানে চালানো হয়।
- public industry or commercial enterprise সরকারি শিল্প বা বাণিজ্য প্রতিষ্ঠান ২০০০ সালের সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সংশোধন) আইন-অনুসারে, কোনো শিল্প বা বাণিজ্য প্রতিষ্ঠান যাহা সরকার বা সরকারের নিয়ন্ত্রণাধীন বা তৎকর্তৃক স্থাপিত, প্রতিষ্ঠিত বা গঠিত কোনো কর্পোরেশন, ট্রান্ট, বোর্ড কোম্পানি বা অন্য যে-কোনোপ্রকার প্রতিষ্ঠানের মালিকানাধীন, বা যাহা সরকার বা উক্তরূপ যে-কোনো প্রতিষ্ঠান যে-কোনো ব্যক্তির নিকট হস্তান্তর করিবার অধিকারী, এবং উক্তরূপ কোনো শিল্প বা বাণিজ্য প্রতিষ্ঠানের কোনো অংশ, স্বত্ব, স্বার্থ, বা পরিচালনা কিংবা ব্যবস্থাপনার অধিকারসহ, অন্য যে-কোনো অধিকারও ইহার অন্তর্ভক্ত।
- public law সরকারি আইন আইনের যে-অংশ সংবিধান ও সরকারের অঙ্গসমূহ, রাষ্ট্র ও ব্যক্তির সম্পর্ক এবং ব্যক্তিবর্গের পারম্পরিক সম্পর্ক যাহাতে রাষ্ট্রের প্রাথমিক সংশ্লিষ্টতা থাকে সে-সম্পর্কিত। ইহার অন্তর্ভুক্ত হইতেছে সাংবিধানিক আইন, প্রশাসনিক আইন, কর আইন ও ফৌজদারি আইন। private law তু.।
- public limited company সাৰ্বজনিক সীমিতদায় কোম্পানি public company ্ৰদ্ৰ,
- public morals জননৈতিকতা বি. সমাজের নৈতিক কাঠামো, যাহা কালক্রমে পরিবর্তিত হইতে পারে। সমকামিতা ও আত্মহত্যার ন্যায় কাজ বর্তমানে ইংল্যান্তে কোনো অপরাধ নহে, যদিও তদ্ধপ অপরাধ-সংক্রান্ত বিধান বাতিল করিবার পূর্বে তাহা অপরাধ বলিয়া গণ্য ছিল। বাংলাদেশে দণ্ডবিধির ৩০৯ ধারা-অনুসারে আত্মহত্যার চেষ্টা ও ২৭৭ ধারা-অনুসারে সমকামিতা দণ্ডনীয় অপরাধ।
- public notification সরকারি বিজ্ঞপ্তি সংবিধানের ১৫২ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, সরকারি বিজ্ঞপ্তি অর্থ বাংলাদেশ গেজেটে প্রকাশিত কোনো বিজ্ঞপ্তি।
- public nuisance গণউপদ্ৰৰ nuisance দ্ৰ.।

public office 5-58

public office সরকারি কর্ম ইংল্যান্ডের অসামরিক কর্মে বা অন্য কোনো পদে নিযুক্তি,
যাহার জন্য সংযুক্ত তহবিল বা পার্লামেন্ট-প্রদন্ত অর্থ হইতে আনুতোষিক দেওয়া হয়।
সংবিধানের ১৫২ অনুচ্ছেদ-অনুসারে, প্রজাতন্ত্রের কর্ম অর্থ অসামরিক বা সামরিক
ক্ষমতায় বাংলাদেশ সরকারসংক্রান্ত যে-কোনো কর্ম, চাকুরি বা পদ এবং আইনের
দারা প্রজাতন্ত্রের কর্ম বলিয়া ঘোষিত হইতে পারে, এরূপ কোনো কর্ম।

public officer সরকারি কর্মচারী সংবিধানের ১৫২ অনুচ্ছেদ-অনুসারে, সরকারি কর্মচারী অর্থ প্রজাতন্ত্রের কর্মে বেতনাদিযুক্ত পদে অধিষ্ঠিত বা কর্মরত কোনো ব্যক্তি। দেওয়ানি কার্যবিধির ২(১৭) ধারায় বলা হইয়াছে যে, সরকারি কর্মচারীর অর্থ নিম্নলিখিত যে-কোনো বিবরণের ব্যক্তি: (ক) প্রত্যেক জজ বা বিচারক; (খ) বাংলাদেশ প্রশাসনিক কর্মের প্রত্যেক সদস্য; (গ) বাংলাদেশের সেনা, নৌ ও বিমান বাহিনীতে চাকুরিরত প্রত্যেক কমিশনপ্রাপ্ত বা গেজেটেড কর্মকর্তা; (ঘ) আদানতের এমন কোনো কর্মচারী, যাঁহার কর্তব্য হইতেছে আইন বা ঘটনা-সংক্রান্ত কোনো বিষয়ে তদন্ত বা প্রতিবেদন প্রদান করা: অথবা কোনো সম্পত্তির দায়িত্ব গ্রহণ বা হস্তান্তর করা অথবা কোনো সমন বা পরওয়ানা জারি করা: অথবা কোনো শপথ গ্রহণ করানো; অথবা কিছু ব্যাখ্যা করা; অথবা আদালতের শৃঙ্খলা বজায় রাখা; এবং এই সকল কর্তব্যের যে-কোনোটি সম্পাদনের জন্য আদালত কর্তৃক বিশেষরূপে অনুমোদিত কোনো ব্যক্তি: (৬) এমন প্রত্যেক কর্মচারী যিনি তাঁহার পদাধিকারবলে কোনো লোককে আটক করিতে বা আটক রাখিতে পারেন; (চ) এমন প্রত্যেক সরকারি কর্মচারী, যাঁহার কর্তব্য হইতেছে অপরাধ প্রতিরোধ করা, অপরাধ সম্পর্কে খবর দেওয়া, অপরাধীগণকে বিচারার্থে হাজির করা, অথবা জনস্বাস্থ্য, নিরাপতা ও সুবিধা সংরক্ষণ করা; (ছ) এমন প্রত্যেক কর্মচারী যাঁহার কর্তব্য হইতেছে সরকারের পক্ষে কোনো সম্পত্তি গ্রহণ, সংরক্ষণ বা ব্যয় করা; অথবা সরকারের পক্ষে কোনো জরিপ, হিসাব বা চুক্তি করা: অথবা রাজস্ব আদেশ জারি করা; অথবা সরকারের আর্থিক স্বার্থসম্পর্কিত বিষয়ে কোনো দলিল প্রণয়ন, সহিমোহর বা সংরক্ষণ করা অথবা সরকারের আর্থিক স্বার্থসংরক্ষণের জন্য প্রণীত কোনো আইনের লঙ্খন প্রতিরোধ করা; এবং (জ) কোনো সরকারি কর্তব্যসম্পাদনের জন্য নিযুক্ত সরকারি সুবিধাভোগী বা বেতনভোগী প্রত্যেক কর্মচারী অথবা যাঁহার কার্যের জন্য সরকার ফি বা কমিশন প্রদান করিয়া থাকেন।

public place সর্বসাধারণের স্থান, সরকারি জায়গা সাধারণত যে-সমস্ত স্থান সর্বসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত। উক্ত স্থান সর্বসাধারণ ব্যবহার করে কি না, তাহা গুরুত্বপূর্ণ নহে। ফৌজদারি কার্যবিধির ১৩৩ ধারার ব্যাখ্যায় বলা হইয়াছে যে, সর্বসাধারণের স্থান বলিতে রাষ্ট্রের সম্পত্তি, ক্যাম্পিং করিবার জায়গা এবং স্বাস্থ্যগত কারণে বা আমোদ-প্রমোদের জন্য রক্ষিত খোলা জায়গাও বুঝায়। ২০০৫ সালে ধূমপান ও ভামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইনের ২(চ) ধারা-অনুসারে, শিক্ষাপ্রতিষ্ঠান, সরকারি, আধা-সরকারি ও স্বায়ন্ত্রশাসিত অফিস, গ্রন্থাগার, লিফট,
হাসপাতাল ও ক্লিনিক ভবন, আদালত ভবন, বাস টার্মিনাল ভবন, ফেরি, প্রেক্ষাগৃহ,
আচ্ছাদিত প্রদর্শনী কেন্দ্র, থিয়েটার হল, বিপণি-ভবন, পাবলিক টয়লেট, সরকারি ও
বেসরকারিভাবে পরিচালনাধীন শিশুপার্ক এবং সরকার কর্তৃক, সরকারি গেজেটে
প্রজ্ঞাপনদারা, নির্ধারিত অন্য যে-কোনো বা সকল স্থান।

public policy জননীতি বি. সমাজের স্বার্থ। ইংল্যান্ডে যদি কোনো চুক্তি (সাধারণ আইনের নীতিতে) জননীতির পরিপন্থী হয়, তাহা হইলে সাধারণত চুক্তিটি অবৈধ হইবে। কতিপয় ক্ষেত্রে, এইরূপ চুক্তি পও কিন্তু অবৈধ হইবে না এবং ইহাকে কিছুটা অধিক নমনীয়ভাবে দেখা হয় (বেমন, পৃথক্করণ)। জননীতির পরিপন্থী যে-সকল চুক্তি অবৈধ, তাহার অন্তর্ভুক্ত হইতেছে অপরাধ বা টর্ট (পূরণযোগ্য ক্ষতি) সংঘটনের বা রাজস্ব ফাঁকি দিবার চুক্তি, জাতীয় নিরাপত্তার বা বিচারপদ্ধতির ক্ষতিকারক চুক্তি এবং যে-কোনো অনৈতিক চুক্তি। যে-সকল চুক্তি কেবল পও তাহার অন্তর্ভুক্ত হইতেছে ব্যবসায় ও বিবাহে বাধাদানকারী চুক্তি এবং বিবাহের ঘটনাবলিসংক্রান্ত চুক্তি। চুক্তি আইনের ২৩ ধারা-অনুসারে, চুক্তির যে-পণ বা উদ্দেশ্য নৈতিকতার সহিত সম্পর্কহীন বা জননীতিবিরোধী বলিয়া আদালত গণ্য করেন, তাহা অবৈধ।

public procurement সরকারি সংগ্রহ সরকারি প্রতিষ্ঠানের জন্য পণ্য বা সেবা গ্রহণ। সরকারি কাজে কোনো পণ্য বা সেবা সংগ্রহ করিতে হইলে প্রভিযোগিতামূলক আনুষ্ঠানিক টেভার-বিজ্ঞপ্তি প্রদান করিয়া সাধারণত সর্বনিম্ন দরদাতার নিকট হইতে তাহা সংগ্রহ করিতে হয়। যদি কোনো সরকারি কর্মকর্তা সরকারের ক্রয়-নীতিমালা ভঙ্গ করিয়া সর্বনিম্ন দরদাতার নিকট হইতে পণ্য বা সেবা সংগ্রহ করিয়া সরকারকে ক্রিপ্রতিষ্কার করেন, তাহা হইলে ওই কর্মকর্তা ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা-অনুসারে দওনীয় অসদাচরণের দায়ে অভিযুক্ত হইতে পারেন।

public prosecutor সরকারি অভিযোক্তা ফৌজদারি কার্যবিধির ৪ ধারায় বলা
ইইয়াছে যে, সরকারি অভিযোক্তা অর্থ ফৌজদারি আইনের ৪৯২ ধারা-অনুসারে
নিযুক্ত যে-কোনো ব্যক্তি এবং সরকারি অভিযোক্তার নির্দেশক্রমে কার্যরত ব্যক্তি উহার
অন্তর্ভুক্ত ইইবেন। পুলিশের প্রতিবেদনের ভিন্তিতে যে-সমস্ত মামলা গৃহীত হয় সেসকল মামলার জন্য সরকারি উকিল নিয়োগ করা হয়। ফৌজদারি মামলায় সরকারের
পক্ষ ইইতে যে-উকিল নিয়োগ করা হয়, তাঁহাকে সরকারি অভিযোক্তা বলা হয়।
সাধারণত দায়রা আদালতে সরকারি অভিযোক্তাগণ সরকারের পক্ষে ফৌজদারি
মামলা পরিচালনা করেন এবং ম্যাজিস্ট্রেট আদালতে সরকারের পক্ষে কোর্ট
ইনসপেন্টরগণ মোকদ্দমা পরিচালনা করেন। ফৌজদারি কার্যবিধির ৪৯২ ধারায়
সরকারি অভিযোক্তা নিয়োগের ক্ষমতা সম্পর্কে বলা ইইয়াছে যে, (১) সরকার

সাধারণভাবে বা কোনো স্থানীয় এলাকার বা কোনো মোকদ্দমায় বা কোনো নির্দিষ্ট শ্রেণীর মোকদ্দমার জন্য সরকারি অভিযোক্তা নামক এক বা একাধিক কর্মকর্তা নিয়োগ করিতে পারেন। (২) সরকারি অভিযোক্তার অনুপস্থিতিতে, বা যে-ক্ষেত্রে কোনো সরকারি অভিযোক্তা নিয়ুক্ত হন নাই সেক্ষেত্রে, মামলা পরিচালনার জন্য চিফ্ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট অথবা জেলা ম্যাজিস্ট্রেটের নিয়ন্ত্রণসাপেক্ষে উপজেলা ম্যাজিস্ট্রেট সরকার কর্তৃক এই সম্পর্কে নির্ধারিত পদের নিম্নপদস্থ পুলিশ কর্মকর্তা ব্যতীত যে-কোনো ব্যক্তিকে সরকারি অভিযোক্তা নিয়োগ করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ৪৯৩ ধারা-অনুসারে, সরকারি অভিযোক্তা সকল ফৌজদারি যামলা পরিচালনার জন্য নিযুক্ত; বেসরকারিভাবে নিযুক্ত উকিল তাঁহার অধীনে কাজ করিবেন এবং কোনো বেসরকারি ব্যক্তি সরকারি অভিযোক্তা ওই মামলা সরকারপক্ষে পরিচালনা করিবেন এবং উক্তরূপে নিযুক্ত উকিল উক্ত মামলায় তাহার নির্দেশাধীনে কার্য করিবেন। ফৌজদারি কার্যবিধির ৪৯৪ ধারা-অনুসারে, সরকারি অভিযোক্তা আদালতের অনুমতি লইয়া কোনো ব্যক্তির বিরুদ্ধে আনীত যে-কোনো অপরাধের অভিযোক্তা স্থামনা মামলা প্রত্যাহার করিতে পারেন।

- public purpose জন-উদ্দেশ্য সরকার বা সরকারের নির্দেশে জনগণ বা জনগণের কিয়দংশের স্বার্থে বা উদ্দেশ্যে গৃহীত কর্ম। সামাজিক ও অর্থনৈতিক প্রয়োজন বা সুবিধাদির পরিপ্রেক্ষিতে জনগণের উদ্দেশ্যে শব্দদুইটির অর্থের হেরফের হইতে পারে। ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হ্কুমদখল অধ্যাদেশের ও ধারা-অনুসারে, জেলা প্রশাসক জন-উদ্দেশ্যে বা জনস্বার্থে ধর্মীয় উপাসনা, কবরস্থান ও শাশান ব্যতীত যে-কোনো স্থাবর সম্পত্তি হ্কুমদখল ও অধিগ্রহণ করিতে পারেন। Ekramul Huq v. The Province of East Pakistan 16 DLR (SC) 121 দ্র.।
- public safety জন-নিরাপত্তা সাধারণ অর্থে ইহা জনগণের নিরাপত্তা বা জনগণকে বিপন্মুক্ত রাখা বুঝায়। জনস্বাস্থ্যের প্রতি কোনো হুমকি-নিবারণকেও জন-নিরাপত্তা হিসাবে গণ্য করা হয়।
- public securities সরকারি সিকিউরিটি সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের ঋণপত্র। সরকার কর্তৃক গ্যারান্টি-প্রদন্ত কোনো কোম্পানির শেয়ার, ক্টক বা ডিবেঞ্চার।
- public servant n. জনসেবক বি. দণ্ডবিধির ২১ ধারা-অনুসারে, জনসেবক বলিতে অতঃপর উল্লিখিত বর্ণনাসমূহের থে-কোনোটির অধীন থে-কোনো বক্তিকে বৃথাইবে। যথা: বাংলাদেশের সেনা, নৌ বা বিমান বাহিনীসমূহের প্রত্যেক কমিশনপ্রাপ্ত অফিসার; প্রত্যেক জজ বলিতে সেই ব্যক্তি, যিনি একাকী বা কোনো ব্যক্তিসমটির একজন সদস্যরূপে বিচারকার্য করিবার জন্য আইনদারা ক্ষমতাপ্রাপ্ত; বিচারালয়ের

এমন প্রত্যেক পদস্থ কর্মচারী যাঁহার কর্তব্য হইতেছে অনুরূপ পদস্থ কর্মচারী হিসাবে আইন বা তথ্য-সংক্রান্ত যে-কোনো বিষয় সম্পর্কে তদন্ত করা বা রিপোর্ট প্রদান করা বা যে-কোনো দলিল প্রণয়ন করা, প্রমাণীকৃত করা বা সংরক্ষণ করা কিংবা যে-কোনো সম্পত্তির দায়িত্ব গ্রহণ করা বা উহার বিলিবন্দেজ করা, অথবা যে-কোনো বিচারবিভাগীয় পরওয়ানা কার্যকর করা বা যে-কোনো শপথকার্য পরিচালনা করা বা ব্যাখ্যাদান করা বা আদালতের শৃঙ্খলারক্ষা করা এবং অনুরূপ কর্তব্যসমূহ সম্পাদন করণার্থ কোনো বিচারালয় কর্তৃক বিশেষভাবে ক্ষমতাপ্রদন্ত প্রত্যেক ব্যক্তি; কোনো বিচারালয় বা সরকারি কর্মচারীকে সহায়তাকারী প্রত্যেক জুরি, অ্যাসেসর বা পঞ্চায়েতের সদস্য; এইরূপ প্রত্যেক মধ্যস্থতাকারী বা অন্য কোনো ব্যক্তি কোনো বিচারালয় বা অন্য কোনো যোগ্যতাসম্পন্ন সরকারি কর্তৃপক্ষ-কর্তৃক যাঁহার নিকট কোনো সমস্যা বা বিষয় সিদ্ধান্ত বা রিপোর্টের জন্য প্রেরণ করা হইয়াছে; যে-পদাধিকারবলে কোনো ব্যক্তিবিশেষ কোনো ব্যক্তিকে আটক করিতে বা রাখিতে পারেন অনুরূপ পদে সমাসীন প্রত্যেক ব্যক্তি: সরকারের এমন প্রত্যেক পদস্থ কর্মচারী অনুরূপ পদস্ত কর্মচারী হিসাবে যাঁহার কর্তব্য হইতেছে অপরাধসমূহ নির্ধারণ করা, অপরাধসমূহ সম্পর্কে তথ্য সরবরাহ করা, অপরাধকারীগণকে বিচারাধীনে আনা বা জনগণের স্বাস্থ্য, নিরাপত্তা বা সুযোগ-সুবিধা সংরক্ষণ করা; এমন প্রত্যেক পদস্থ কর্মচারী অনুরূপ পদস্থ কর্মচারী হিসাবে যাঁহার কর্তব্য হইতেছে সরকারের পক্ষে যে-কোনো সম্পত্তি লওয়া, গ্রহণ করা, রক্ষণ করা বা ব্যবহার করা, অথবা সরকারের পক্ষে যে-কোনো জরিপকার্য, নিরূপণকার্য বা চুক্তিসম্পাদন করা অথবা যে-কোনো রাজম্ব প্রক্রিয়া কার্যকর করা, অথবা সরকারের অর্থনৈতিক স্বার্থসমূহ খর্বকারী যে-কোনো বিষয় সম্পর্কে তদন্ত অনুষ্ঠান বা রিপোর্ট প্রদান করা, অথবা সরকারের অর্থনৈতিক স্বার্থসমূহসংক্রান্ত যে-কোনো দলিল প্রণয়ন করা, প্রমাণীকৃত করা, সংরক্ষণ করা অথবা সরকারের অর্থনৈতিক স্বার্থসমূহ রক্ষাকল্পে যে-কোনো আইন-লজ্ঞন নিবারণ করা; এমন প্রত্যেক পদস্থ কর্মচারী, অনুরূপ পদস্থ কর্মচারী হিসাবে যাঁহার কর্তব্য ইইতেছে যে-কোনো গ্রাম, শহর বা জেলার যে-কোনো লোকায়ত সাধারণ উদ্দেশ্যে যে-কোনো সম্পত্তি লওয়া, গ্রহণ করা রক্ষণ করা বা ব্যয় করা, যে-কোনো জরিপকার্য, নিরূপণকার্য সম্পাদন করা, যে-কোনো অভিকর ধার্য করা, অথবা যে-কোনো গ্রাম, শহর বা জেলায় জনগণের স্বত্বসমূহ নির্ধারণের উদ্দেশ্যে যে-কোনো দলিল প্রণয়ন করা, প্রমাণীকৃত করা বা রক্ষণ করা; কোনো পদে সমাসীন এমন প্রত্যেক ব্যক্তি যাঁহাকে উক্ত পদাধিকারবলে কোনো ভোটার তালিকা প্রস্তুত, প্রকাশ, সংরক্ষণ বা সংশোধন করিবার জন্য বা কোনো নির্বাচন বা কোনো নির্বাচনে অংশবিশেষ পরিচালনার জন্য ক্ষমতা প্রদত্ত হয়; এবং এমন প্রত্যেক ব্যক্তি (ক) যিনি সরকারি চাকুরিতে নিযুক্ত বা বেতনভোগী বা কোনো সরকারি কর্তব্য সম্পাদন বাবদ ফিস বা কমিশনের মাধ্যমে পারিশ্রমিক গ্রহণকারী, (খ) যিনি স্থানীয় কর্তৃপক্ষ বা

public trust

করপোরেশনের আইনের দারা বা আইনের অধীনে স্থাপিত সংস্থা বা কর্তৃপক্ষ বা ফারম বা কোম্পানির (যাহার মূলধন বা অংশে সরকারের অধিকার রহিয়াছে বা স্বত্ব বর্তিয়াছে) চাকুরিতে নিযুক্ত বা বেতনভোগী।

- public trust জনন্যাস বি. জনকল্যাণের জন্য সৃষ্ট ন্যাস, যাহা দাতব্য ন্যাস হইতে পারে বা নাও হইতে পারে।
- Public Trustee সরকারি অছি ইংল্যান্ডে ১৯০৬ সালের সরকারি অছি আইনের অধীনে নিযুক্ত একজন সরকারি কর্মকর্তা, যিনি করপোরেশন সোল বা একক নিগমবদ্ধ সংস্থা। তিনি তত্ত্বাবধায়ক-অছি, আদালত-নিযুক্ত অছি, বা একজন সাধারণ অছি হিসাবে কাজ করিতে পারেন। সরকারি অছি কতিপয় ন্যাসের দায়িত্ব গ্রহণ করিতে পারেন না, যেমন, সম্পূর্ণ দাভব্য বা ধর্মীয় উদ্দেশ্যের ন্যাস, বৈদেশিক আইনদ্বারা নিয়ন্ত্রিত ন্যাস, অথবা যে-ন্যাস ব্যবসার ব্যবস্থাপনা নির্বাহ করিতে প্রয়োজনীয়। তাঁহার একটি দায়িত্ব হইতেছে ছোটখাটো ভূসম্পদের ব্যবস্থাপনা, যদি না তাহা অথাহ্য করিবার যুক্তিসংগত কারণ থাকে।
- puisne judge অবর বিচারক, কনিষ্ঠ বিচারক ইংল্যান্ডে হাইকোর্টে প্রধান বিচারপতির নিম্নপদস্থ যে-কোনো বিচারক। অন্ততপক্ষে দশ বৎসরের অভিজ্ঞ ব্যারিস্টারদের মধ্য হইতে অবর বিচারক নিযুক্ত হন।
- puisne mortgage অবর বন্ধক যে-বন্ধকে বন্ধকগ্রহণকারী বন্ধকি সম্পত্তির মালিকি দলিল জামানত হিসাবে জমা গ্রহণ করেন না. অনিবন্ধিত সম্পত্তির এমন আইনত বন্ধক। সাধারণত প্রথম বন্ধকগ্রহীতা মালিকানা-দলিল জমা রাখেন বলিয়া পরবর্তী বন্ধকসমূহ অবর বন্ধক, তাই তাহা নিবন্ধন করা প্রয়োজনীয়।
- punishment n. দণ্ড বি. দোষী সাব্যন্তপূর্বক প্রদন্ত দণ্ড। দণ্ডবিধির ৫৩ ধারাঅনুসারে, এই বিধির বিধানসমূহ-অনুযায়ী অপরাধীগণ যে যে দণ্ডে দণ্ডিত হইবেন
 তাহা হইতেছে (১) মৃত্যুদণ্ড; (২) যাবজ্জীবন কারাদণ্ড; (৩) কারাদণ্ড— ইহা দুই
 প্রকার: (ক) সম্রম অর্থাৎ কঠোর শ্রমসহকারে, ও (খ) বিনাশ্রম; (৪) সম্পত্তি
 বাজেয়াণ্ডি; এবং (৫) অর্থদণ্ড।
- punishment for causing death etc. for dowry যৌতুকের জন্য মৃত্যু ইত্যাদি ঘটাইবার শান্তি কোনো মহিলার স্বামী বা স্বামীর পিতামাতা, অভিভাবক বা আখীয় যৌতুকের জন্য ওই মহিলার মৃত্যু ঘটাইলে বা মৃত্যু ঘটাইবার প্রচেষ্টা চালাইলে অথবা নিদারুণভাবে আঘাত করিলে তাঁহাকে মৃত্যুদও বা যাবজ্জীবন কারাদও অথবা টৌদ্দ বংসর পর্যন্ত সম্প্রম কারাদও দেওয়া যাইবে এবং তাঁহাকে জরিমানাও করা যাইবে। যৌতুকের অর্থ বিবাহের জন্য তাঁহার স্ত্রী বা তাঁহার পিতামাতা, অভিভাবক বা অন্য

কোনো আত্মীয়ের নিকট হইতে কোনো মূল্যবান জামানত দাবি করা, কিন্তু মুসলিম ব্যক্তিগত আইনে প্রযোজ্য এমন ব্যক্তির ক্ষেত্রে দেনমোহর বা মোহর ইহার অন্তর্ভুক্ত ইববে না।

punishment for hijacking of plane বিমান ছিনতাই ও উহার দও ১৯৯৭ সালের বিমান-নিরাপত্তা বিরোধী আইনের ১১ ধারা-অনুসারে, কোনো বিমান উড্ডয়ন থাকাকালে উহার কোনো আরোহী বেআইনি বলপ্রয়োগের মাধ্যমে বা বলপ্রয়োগের ভীতিপ্রদর্শন বা অন্য উপায়ে বিমানটির লিয়ন্তরপবাবস্থা দখল করিলে বা বিমানটিকে যে-কোনো প্রকারে নিয়ন্তরণ করিলে তাহার উক্ত কাজ বিমান ছিনতাইয়ের অপরাধ হইবে। (২) কোনো বিমানের ব্যাপারে কোনো ব্যক্তি (১) উপ-ধারায় উল্লিখিত অপরাধ সংঘটনের চেষ্টা করিলে বা উহা সংঘটনে সহায়তা করিলে তিনিও বিমান ছিনতাইয়ের অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন। (৩) কোনো ব্যক্তি বিমান ছিনতাইয়ের অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন। (৩) কোনো ব্যক্তি বিমান ছিনতাইয়ের অপরাধ করিলে তিনি অন্যূন পাঁচ বৎসর এবং অনধিক বিশ বৎসর সশ্রম কারাদেও অথবা মৃত্যুদণ্ডে দণ্ডিত হইবেন, এবং তদুপরি অর্থদণ্ডেও দণ্ডনীয় হইবেন।

punishment for hijacking of plane-related violence বিমান ছিনতাইসংক্রাপ্ত সহিংস কার্যকলাপের দণ্ড ১৯৯৭ সালের বিমান-নিরাপত্তা বিরোধী আইনের ১২ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি বিমান-ছিনতাইয়ের অপরাধ-সংঘটনের স্ত্রে বিমানের কোনো আরোহী বা কোনো ক্রু-সদস্যের প্রতি যদি এমন কোনো কাজ করেন যাহা অন্য কোনো আইনের অধীনে একটি অপরাধ তাহা হইলে তিনি উক্ত কাজের জন্য উক্ত অন্য আইনের অধীন অপরাধ সংঘটনের দায়েও দোষী হইবেন এবং তদনসারে দণ্ডনীয় ইইবেন।

punishment for trafficking in women নারী ব্যবসায়ের শান্তি বেশ্যাবৃত্তি বা যে-কোনো ব্যক্তির সহিত অবৈধ যৌন সংসর্গ অথবা অন্য কোনো অবৈধ এবং অসৎ উদ্দেশ্যে অথবা জ্ঞাত হইয়া কোনো মহিলাকে অনুরূপ কোনো কাজে নিয়োগ বা ব্যবহার করিবার উদ্দেশ্যে যে-কেহ যে-কোনো বয়সের কোনো মহিলাকে আমদানি বা রপ্তানি অথবা বিক্রয় বা ভাড়া প্রদান বা অন্য কোনোভাবে হস্তান্তর অথবা ক্রয়, ভাড়া বা অন্য কোনোভাবে অধিকারে আনিলে তাঁহাকে যাবজ্জীবন কারাদও অথবা চৌদ্দ বৎসর পর্যন্ত সশ্রম কারাদও দেওয়া যাইবে এবং তাঁহাকে জরিমানাও করা যাইবে। কোনো মহিলাকে কোনো বেশ্যার নিকট বিক্রয়, ভাড়া বা অন্য কোনোভাবে হন্তান্তর করা হইলে অথবা বেশ্যালয় আছে বা পরিচালনা করেন এমন ব্যক্তির নিকট বিক্রয়, ভাড়া বা অন্য কোনোভাবে হন্তান্তর করা হইলে, বিপরীত কিছু প্রমাণিত না হইলে, হন্তান্তরকারী ব্যক্তি অনুরূপ মহিলাকে বেশ্যাবৃত্তির উদ্দেশ্যে হন্তান্তর করিয়াছেন বলিয়া অনুমান করা হইবে।

pur autre vie 890

pur autre vie অপর ব্যক্তির জীবনকালে।

pur cause de vicinage অপরের জমি হইতে লভ্য সংগ্রহের অধিকার profit a prendre ও common দ্র.।

- purchaser n. ক্রেতা বি. (ভূমি আইনে) আইনের প্রক্রিয়ার ফল ব্যতীত যে-বাজি ভূমি অর্জন করেন। অর্থ বা অন্য কোনো পণপ্রদানে জমি খরিদসহ বন্ধক্প্রহীতা বা যাঁহাকে দান বা বন্দোবস্ত, বা ইচ্ছাপত্রমূলে ভূমি দেওয়া হইয়াছে, তিনিও ইংল্যান্ডের আইনে ক্রেতার শ্রেণীভূক্ত। ভূমিতে প্রজাস্বত্বের উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত ব্যক্তি বা জবরদখলসূত্রে স্বত্ববান ব্যক্তি ক্রেতা বা খরিদদার নহেন।
- purchaser for value without notice বিনা অবগতিতে মূল্যপ্রদানে ক্রেতা যেব্যক্তি মূল্যের বা মূল্যবান পণ্যের বিনিময়ে জমি খরিদ করেন এবং উক্ত জমির স্বত্বকে
 বিরূপভাবে প্রভাবান্থিত করে, এমন কোনো বন্ধক সম্বন্ধে যিনি অবগত নহেন এবং
 যাহার সম্পর্কে অবগত থাকিবার তাঁহার কোনো যুক্তিসংগত কারণ নাই। সম্পত্তি
 হস্তান্তর আইনের ৫৩ ধারা-অনুসারে, হস্তান্তরকারীর পাওনাদারকে বঞ্চিত করিবার
 অথবা বিলম্বিত করিবার জন্য স্থাবর সম্পত্তির হস্তান্তর অনুরূপ পাওনাদারের ইচ্ছাঅনুযায়ী বাতিলযোগ্য হইবে। তবে সরল বিশ্বাসে মূল্যের বিনিময়ে অনুরূপ সম্পত্তি
 ক্রম করিলে ক্রেতার অধিকার উক্ত বিধান-অনুযায়ী ক্তিগ্রন্ত হইবে না।
- purchasing power parity theory সমক্রয়ক্ষমতা তত্ত্ব কাগজি মুদ্রা প্রচলিত আছে এমন দৃটি দেশের মধ্যে প্রত্যেক মুদ্রার ক্রয়ক্ষমতার উপর ভিত্তি করিয়া বিনিময়-হার নির্ধারণ-তত্ত্ব।
- purpose trust উদ্দেশ্যমূলক ন্যাস যে-ন্যাস কোনো মানুষের হিতার্থে বা দাতব্য উদ্দেশ্যে নয়, তদ্রেপ ন্যাস সাধারণত অবৈধ, কারণ, ওইরূপ ন্যাস বলবং করিবার জন্য কেহ থাকেন না। এই নীতির ব্যতিক্রম হইতেছে কোনো নির্দিষ্ট পতর জন্য ন্যাস, নির্দিষ্ট কবরের জন্য ন্যাস, বা জনসাধারণের প্রার্থনার জন্য ন্যাস।
- putative father অনুমিত পিতা যে-ব্যক্তি কোনো অবৈধ সন্তানের পিতা বলিয়া অনুমিত হন। আদালত এ-বিষয়ে মাতার দাবি গ্রহণ করিলে তখন ওই ব্যক্তিকে অনুমিত পিতা হিসাবে ঘোষণা এবং তাঁহাকে ওই শিশুর ভরণপোষণের জন্য অর্থপ্রদান করিবার আদেশ দিতে পারেন। ইংল্যান্ডে শিশুর জন্মনিবন্ধন প্রত্যয়নপত্রে তাঁহার নাম পিতা হিসাবে লিপিবদ্ধও করা যাইতে পারে। বাংলাদেশে ফৌজদারি কার্যবিধির ৪৮৮ ধারা-অনুসারে, ম্যাজিস্ট্রেট কোনো ব্যক্তিকে তাঁহার অবৈধ সন্তানের ভরণপোষণের জন্য মাসিক ৪০০ টাকা পর্যন্ত ভাতাপ্রদানের আদেশ দিতে পারেন।

qaim muqarari কায়েম মুকাররি kayemi mokarari দ্র.।

qanungo n. কানুনগো বি. kanungo দ্ৰ.।

qazi n. कांकि वि. kazi जि.।

qazi'l quzat n. কাজিল কুজাত বি. kazi-ul-kuzzat দ্ৰ.।

Q. C. রানীর কৌসুলি Queen's Counsel দ্র. ।

qualification n. ১. যোগ্যতা বি. কোনো পদবি বা দায়িত্বপূর্ণ পদের উপযোগী হইবার জন্য কিংবা কোনো সরকারি কর্তব্য পালন করিবার জন্য অন্তর্নিহিতভাবে বা আইনত যে-সকল গুণ বা ধর্ম (যেমন, উপযোগিতা ও সামর্থ্য) থাকা প্রয়োজন, সে-সকল গুণ বা ধর্মের অধিকার। ২. সীমিতকরণ বি. শর্ত বা ভাষার কিঞ্চিৎ পরিবর্তন বা সীমারোপ; বিশেষত যে-সকল শর্ত অন্যথায় ব্যাপকভাবে ব্যাখ্যা করা যাইতে পারে, উহাদের উপর সীমারোপ। ৩. চরিত্রাঙ্কন বি.।

qualified acceptance শর্জাধীন স্বীকৃতি এমন একটি স্বীকৃতি যাহার দ্বারা হুন্তি যেউদ্দেশ্যে অদ্ধিত হইয়াছিল, তাহা পরিবর্তিত হয়। যেমন, কোনো শর্জপূর্বসাপেক্ষে
হৃত্তি-বীকারকারী কর্তৃক অর্থপরিশোধ অথবা হুন্তিতে অদ্ধিত পরিমাণের আংশিক
অর্থপরিশোধ (আংশিক স্বীকৃতি)। শর্জসাপেক্ষ স্বীকৃতি সাধারণ স্বীকৃতি হইতে
এইদ্বান্য পৃথক যে, সাধারণ স্বীকৃতির মাধ্যমে হুন্তিলেখকের নির্দেশ নিঃশর্ভভাবে গ্রহণ
করা হয়। হুন্তিধারক শর্জসাপেক্ষ স্বীকৃতি গ্রহণ করিতে অস্বীকার করিতে পারেন।
যদি তিনি নিঃশর্জ স্বীকৃতিগ্রহণে অপারগ হন তাহা হইলে অস্বীকৃতির দ্বারা হুন্তিটি
প্রত্যাখ্যাত ইইয়াছে বলিয়া গণ্য হইতে পারে। যদি শর্জসাপেক্ষ স্বীকৃতি (আংশিক
পরিশোধ গ্রহণ না করিবার শর্তে) গ্রহণ করা হয় এবং হুন্তিলেখক বা পৃষ্ঠাদ্ধনকারী
হুন্তিধারককে তাহা গ্রহণের সম্মতি প্রদান না করেন, অথবা পরবর্তীকালে তাহাতে
সম্মতি প্রদান না করেন, তাহা হইলে তদ্ধাপ হুন্তিলেখক বা পৃষ্ঠাদ্ধনকারী হুন্তির দায়
হইতে অব্যাহতি লাভ করেন। ১৮৮১ সালের বিনিময়যোগ্য দলিল আইনের ৮৬
ধারা-অনুসারে, যে-সকল পক্ষ শর্তাধীন স্বীকৃতি বা সীমিত স্বীকৃতিতে সম্মতি প্রদান
না করেন তাহারা হুন্তির দায় হইতে অব্যাহতি লাভ করিবেন।

qualified privilege শর্তাধীন অব্যাহতি কোনো বক্তব্য মানহানির মামলার বিষয় হইতে পারে না, যদি তাহা বিশেষাধিকার উপলক্ষে দেওয়া হইয়া থাকে এবং বিদ্বেপ্রসূত ও অনুচিত উদ্দেশ্যে দেওয়া না হয়। কতিপয় বক্তব্য শর্তাধীন অব্যাহতির আওতাধীন। যেমন, কোনো তথ্যপ্রদানের আইনগত ও নৈতিক দায়িত্ব থাকিলে এবং যে-ব্যক্তিকে তাহা প্রদান করা হইতেছে তাঁহারও অনুরূপ তথ্যপ্রহণের দায়িত্ব বা স্বার্থ থাকিলে এবং কোনো ব্যক্তি তাঁহার নিজের সম্পত্তি বা সুনাম রক্ষার জন্য তাহা করিলে। জনসভার ও অন্যান্য জনকার্যধারার যথাযথ ও ন্যায্য প্রতিবেদনও শর্তাধীন অব্যাহতির আওতাধীন। উকিল ও তাঁহার মক্কেলের মধ্যে পেশাসংক্রান্ত আদানপ্রদান সম্পর্কে অব্যাহতি চূড়ান্ত অব্যাহতি নয়, বরং শর্তাধীন অব্যাহতি। absolute privilege তু.।

- qualified right শর্ভাধীন অধিকার আইনগত বা চুক্তিগত এমন অধিকার যাহা ভোগ করিতে হইলে সংশ্লিষ্ট আইন বা চুক্তিতে যে-শর্ভ আরোপিত হয় তাহা পালন করিতে হইবে। যেমন, কোনো ব্যক্তি যদি তাঁহার কোনো সম্পত্তি অপর এক ব্যক্তির নিকট এই শর্ডে নির্দিষ্ট মূল্যে বিক্রয়ের চুক্তি করেন যে, তৃতীয় এক ব্যক্তি প্রস্তাবিত মতে ওই সম্পত্তি থরিদ করিতে রাজি না হইলে তাহা কার্যকর হইবে, সেক্ষেত্রে বিক্রয়ের চুক্তি হইতে উদ্ভূত অধিকারটি শর্তাধীন অধিকার। সংবিধানের ৩৬ হইতে ৪৩ অনুচ্ছেদে বর্ণিত মৌলিক অধিকারগুলি আইনের দ্বারা আরোপিত যুক্তিসংগত বাধানিষেধসাপেক্ষে ভোগ করা যায়, এইজন্য ওইসকল অধিকার শর্তাধীন মৌলিক অধিকার।
- qualified title শর্ডাধীন স্বত্ব ইংল্যান্ডের নিবন্ধন-তালিকায় লিপিবন্ধ কতিপয় বিধিনিষেধ ও ব্যতিক্রম-সাপেক্ষে কোনো নিবন্ধিত জমিতে আইনত স্বত্বের মালিকানা। উদাহরণস্বরূপ, যদি 'ক' কোনো ভূমিতে তাঁহার স্বত্ব নিবন্ধিত করিতে চান এবং উক্ত ভূমির অংশ অন্যের নিকট ইতোপূর্বেই বিক্রীত হইবার সম্ভাবনা থাকে, তাহা হইলে ওই অংশে অপর কোনো ব্যক্তির অধিকতর উত্তম স্বত্ব থাকিলে সেই স্বত্বসাপেক্ষে 'ক'-য়ের স্বত্ব নিবন্ধিত হইতে পারে। রাষ্ট্রপ্রদন্ত উত্তম স্বত্বের নিশ্চয়তা কোনো মালিককে নির্দিষ্ট বিধিনিষেধ সম্পর্কে রক্ষা করিবে না। সম্পত্তি-হন্তান্তর আইনের ৪৮ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি কর্তৃক একই স্থাবর সম্পত্তি একাধিক ব্যক্তির নিকট হন্তান্তর হইলে যদি একত্রে একই সময়ে তাহা বলবৎ করা না যায়, তাহা হইলে পরবর্তী হন্তান্তর পূর্ববর্তী হন্তান্তর-সাপেক্ষ হইবে। absolute title তূ.।
- qualifying child যোগ্য শিশু ইংল্যান্ডে ১৯৯১ সালের শিশু ভরণপোষণ আইনের উদ্দেশ্যে যে-শিশুর বয়স ১৬ বৎসরের নিচে অথবা সার্বক্ষণিক শিক্ষার্থী যে-শিশুর বয়স ১৯ বৎসরের নিচে এবং যাহার কখনো বিবাহ হয় নাই। এই সংজ্ঞার্থ ঔরসজাত বা গর্ভজাত (অর্থাৎ অবৈধ সন্তান) অথবা দন্তক শিশুর ক্ষেত্রে প্রযোজ্য হইলেও তাহা সংপুত্র বা সংকন্যার ক্ষেত্রে প্রযোজ্য নয়।
- qualifying distribution পরিমিত বিভাজন যে-মুনাফার উপর অগ্রিম কর্পোরেশন কর দিতে হয়, কোম্পানি কর্তৃক সেই মুনাফা-বিতরণ। অতিরিক্ত মুনাফা বা বোনাস

হিসাবে পরিশোধ্য সরকারি ঝণপত্র প্রদান করা হইলে তাহাকে পরিমিত বিভাজন হিসাবে গণ্য করা হয় না।

- quality n. ১. গুণমান বি. উৎকর্ষের মাত্রা। ২. সামাজিক মর্যাদা কৌলীনা; পদমর্যাদা। ৩. তণ বি., বিশেষ ধর্ম মানসিক বা নৈতিক গুণবিশেষ। বৈশিষ্ট্য; লক্ষণ; স্বভাব-লক্ষণ।
- quality control certificate গুণগত মান-নিয়ন্ত্রণ প্রত্যরনপত্র কোনো কোনো ক্ষেত্রে পণ্যের গুণগত মানের পরিচয়-প্রদানকারী শংসাপত্র দাবি করা হয়। এ ধরনের প্রত্যয়নপত্র সাধারণত গুণগত মান-নির্ণয়কারী স্বীকৃত কোনো সংস্থা কর্তৃক প্রদান করা হয়। অনেক সময়ে কোন সংস্থা হইতে এই শংসাপত্র সংগ্রহ করিতে হইবে, ঝণপত্রে তাহা উল্লেখ করা থাকে।
- quality of goods পণ্যের বৈশিষ্ট্য পণ্যের গুণ বা অবস্থা ইহার অন্তর্ভুক্ত।
- quantitative rule পরিমাণাত্মক বিধি মামলা পরিসমাপ্ত হইবার পূর্বে অতিরিক্ত সাক্ষ্যপ্রমাণযুক্ত করা না হইলে একটি বিশেষ ধরনের সাক্ষ্যপ্রমাণ অপর্যাপ্ত, এইরূপ নির্দেশবহ সাক্ষ্যপ্রমাণঘটিত একটি বিধি।
- quantity n. পরিমাণ বি. ১. কোনো ভূসম্পত্তি সম্বন্ধে প্রযুক্ত হইলে ইহা ধারকের স্বত্বের স্থিতিকাল ও ব্যাপ্তি নির্দেশ করে, যেমন কিছু বৎসরের জন্য কিংবা যাবজ্জীবন ও পুরুষানুক্রমিক। ২. মোট পরিমাণ বা আকারমান।
- quantum n. ক্ষতিপূরণের পরিমাণ ফতিপূরণ হিসাবে যে-পরিমাণ অর্থ নির্ধারিত হয়।
- quantum meruit কোয়ান্টাম মেরুইট, যে-পরিমাণ পাইবার যোগ্য চুক্তিভঙ্গের প্রতিকার হিসাবে কর্ম-অনুযায়ী পারিশ্রমিকের অর্থ হইল, যে-পরিমাণ কার্য সম্পাদিত হইয়াছে সেই অনুপাতে মূল্যপ্রদান। কোনো চুক্তি রদ হইবার পূর্বে যদি চুক্তিভুক্ত কোনো পক্ষ চুক্তির শর্তানুসারে কিছু কার্য করে এবং চুক্তিভঙ্গের ফলে কার্যসম্পাদনকারী পক্ষ ক্ষতিগ্রস্ত হয়, তাহা হইলে ক্ষতিগ্রস্ত পক্ষ চুক্তিভঙ্গের জন্য ক্ষতিপূরণের নিমিত্তে এবং কর্ম-অনুযায়ী পারিশ্রমিকের জন্য মামলা করিতে পারে। চুক্তি আইনের ৬৮ ধারায় কোনো আইনত অক্ষম ব্যক্তি বা তাঁহার উপর নির্ভরশীল কোনো ব্যক্তিকে কেহ প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহ করিলে, তিনি ওই অক্ষম ব্যক্তির সম্পত্তি হইতে তাহার মূল্য আদায় করিতে পারিবেন। চুক্তি আইনের ৬৯ ধারায় যদি কোনো ব্যক্তির কোনো দেনা কেহ পরিশোধ করিতে বাধ্য হন, তবে তিনি প্রথমোক্ত ব্যক্তির নিকট হইতে তাহা আদায় করিতে পারিবেন। চুক্তি আইনের ৭০ ধারার

বিধান-অনুসারে, যেখানে কোনো ব্যক্তি অপর কোনো ব্যক্তির জন্য মূল্যব্যতিরেকে কোনো কিছু করিবার অভিপ্রায় ব্যতীত আইনানুগভাবে কিছু করেন অথবা কোনো কিছু তাঁহাকে প্রদান করেন এবং সেই ব্যক্তি ভাহার সুবিধা ভোগ করেন, শেষাক্ত ব্যক্তি প্রথমোক্ত ব্যক্তিকে সেইজন্য ক্ষতিপূরণ দিতে বা ভাহা ফেরত দিতে বাধ্য থাকিবেন। চুক্তি আইনের উপরিউক্ত বিধান কোয়ান্টাম মেরুইট তত্ত্বের উপর ভিত্তি করিয়া প্রণীত হইয়াছে। quasi contract দ্র.।

quantum valebat ইহার যাহা মূল্য হইত মূল্যনির্ধারণ না করিয়া কোনো মালামাল এই নিহিত অঙ্গীকারে যখন বিক্রয় করা হইত যে, তাহার যাহা মূল্য হইবে তাহা দেওয়া হইবে, সেই মূল্য আদায়ের জন্য আনীত মামলা।

quarantine n. কোয়ারান্টাইন, সঙ্গরোধ বি. রোগসংক্রমণ প্রতিরোধ করিবার জন্য কোনো জাহাজ, ব্যক্তি বা প্রাণীকে সাময়িকভাবে বিচ্ছিন করিয়া রাখা। আদিতে বিচ্ছিন্ন করিয়া রাখিবার সময় ছিল চল্লিশ দিন (ইতালিয় 'কোয়ারেন্টিনা' শব্দজাত)। কিন্তু বর্তমানে তাহা সন্দেহভাজন সংক্রামক ব্যাধির সংক্রমণকাল পর্যন্ত ব্যাপ্ত। কোনো দেশের স্বাস্থ্যবিধির অধীনেই এই কোয়ারান্টাইন বা সঙ্গরোধ আদেশ জারি করা হয়। সংক্রামক রোগ বিদ্যমান রহিয়াছে, এমন স্থান হইতে আগত জাহাজ সাধারণত চল্লিশ দিনের জন্য সঙ্গরোধাবস্থায় রাখা হয়। দণ্ডবিধির ২৭১ ধারা-অনুসারে, জাহাজকে সঙ্গরোধাবস্থায় রাখিবার জন্য বা সঙ্গরোধাবস্থায় স্থাপিত জাহাজসমূহের সহিত উপকূলের বা অন্যান্য জাহাজের মেলামেশা নিয়ন্ত্রণের জন্য, বা যে-স্থানসমূহে সংক্রামক ব্যাধি বিদ্যমান রহিয়াছে, সেই স্থানসমূহের মধ্যে মেলামেশা নিয়ন্ত্রণের জন্য সরকার কর্তৃক প্রণীত বা জারিকৃত কোনো নিয়ম যে-ব্যক্তি জ্ঞাতসারে অমান্য করেন, সেই ব্যক্তি ছয় মাস পর্যন্ত কারাদণ্ড বা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন। ২০০৫ সালের বাংলাদেশ পশু ও পশুজাত পণ্য সঙ্গনিরোধ আইনের ২ (চ) অনুসারে, 'সঙ্গনিরোধ' অর্থ পণ্ডরোগের প্রাদুর্ভাব বা বিস্তার রোধকল্পে পণ্ড বা পশুজাত পণ্য স্বতন্ত্রীকরণ এবং পরীক্ষার জন্য সরকার কর্তৃক অনুমোদিত কোনো স্থান বা আঙ্গিনায় আমদানি বা রগুনির উদ্দেশ্যে পশু বা পশুজাত পণ্য সঙ্গনিরোধ কর্মকর্তাকর্তৃক নির্ধারিত সময় পর্যন্ত অন্তরীণ রাখা। আইনের ১৪ ধারায় বলা হইয়াছে যে, (১) পতরোগবিষয়ক কোনো কর্মকর্তা যথাযথ তদন্তপূর্বক যদি এই মর্মে নিশ্চিত হন যে, কোনো পণ্ড সংক্রামক রোগে আক্রান্ত হইয়াছে, তাহা হইলে তিনি উক্ত পত্র মালিক, দখলকার, তত্ত্বাবধায়ক বা নিয়ন্ত্রককে লিখিতভাবে উক্ত পশু সম্পর্কে নিম্নরূপ বিষয়ে আদেশ প্রদান করিতে পারিবেন। যথা: (ক) কোনো নির্দিষ্ট স্থানে উহা রাখিবার, উহা অপসারণ করিবার বা উক্ত কর্মকর্তা কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে উহা পৃথক্করণের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ; এবং (খ) উহার চিকিৎসাকরণ। (২) উপ-ধারা (১)-এর অধীন কোনো পণ্ডরোগবিষয়ক কর্মকর্তা কর্তৃক কোনো আদেশ প্রদান করা

হইলে সকল পশুর মালিক, দখলকার, তত্ত্বাবধায়ক বা নিয়ন্ত্রক উক্ত আদেশ মানিয়া চলিবেন। উক্ত আইনের ২০ ধারা-অনুসারে, যদি কোনো ব্যক্তি এই আইন বা বিধির কোনো বিধান লচ্ছান করেন বা এই আইন বা বিধির অধীন প্রাপ্ত নোটিশ-অনুযায়ী দায়িত্বসম্পাদনে বা নির্দেশপালনে ব্যর্থ হন, তাহা হইলে তিনি অনুরূপ লচ্ছান বা বার্থতার দায়ে অনুর্ধ্ব দুই বংসর কারাদণ্ড বা অনুর্ধ্ব দুশ হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।

quash vb. বাতিল করা ক্রি. উচ্চ আদালত কর্তৃক নিম্ন আদালতের অথবা আধা-বৈচারিক কর্তৃপক্ষের কোনো কার্যধারা, আদেশ বা রায় বাতিল করা। quashing order ও quashment of the proceeding দ্র.।

quashing order বাতিলকরণ আদেশ উচ্চ আদালতের যে-রায় বা আদেশ দ্বারা নিম্ন আদালতের অথবা ট্রাইব্যুলালের অথবা প্রশাসনিক কর্তৃপক্ষের কার্যধারা, আদেশ বা রায় বাতিল করা হয়। সংবিধানের ১০২(২)(ক)(আ) অনুচ্ছেদ-অনুসারে, হাইকার্ট বিভাগের নিকট যদি সন্তোযজনকভাবে প্রতীয়মান হয় যে, আইনের দ্বারা অন্য কোনো সফলপ্রদ বিধান করা হয় নাই, তাহা হইলে যে-কোনো সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনক্রমে প্রজাতন্ত্র বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলির সহিত সংশ্লিষ্ট যে-কোনো দায়িত্বপালনে রত কোনো ব্যক্তির কৃত কোনো কার্য বা গৃহীত কোনো কার্যধারা আইনগত কর্তৃত্ব ব্যতিরেকে করা হইয়াছে বা গৃহীত হইয়াছে ও তাহার আইনগত কার্যকরতা নাই বলিয়া ঘোষণা করিয়া উক্ত বিভাগ আদেশ দান করিতে পারিবেন।

quashment of the proceeding কার্যধারা বাতিল হাইকোর্ট কর্তৃক কোনো মোকদ্দমার কার্যধারা বাতিল ঘোষণা করা। ফৌজদারি কার্যবিধির ৫৬১ক ধারায় বলা হইয়াছে যে, এই বিধি-অনুসারে প্রদন্ত কোনো আদেশ কার্যকর করিবার জন্য কোনো আদালতের কার্যধারার অপব্যবহার প্রতিরোধের জন্য বা অন্য কোনোভাবে ন্যায়বিচার নিচিত করিবার জন্য আদেশপ্রদানের বিষয়ে হাইকোর্ট বিভাগের যে-অন্তর্নিহিত ক্ষমতা আছে, এই আইনের কোনো কিছু তাহা সীমাবদ্ধ বা ক্ষুণ্ন করে বলিয়া গণ্য হইবে না। হাইকোর্ট বিভাগ অন্তর্নিহিত ক্ষমতাবলে ন্যায়বিচারের স্বার্থে ফৌজদারি মোকদ্দমা বা মোকদ্দমার যে-কোনো কার্যধারা বাতিল ঘোষণা করিতে পারেন। বিনা কারণে মোকদ্দমার বিচার বিলম্বিত হইলে কার্যধারা বাতিল হইবে। Md. Shaliqueullah v. State 33 DLR 297 দ্র.। প্রথম প্রীর অনুমতি ছাড়া দ্বিতীয় বিবাহ করায় দ্বিতীয় প্রী কোনো অপরাধ করেন নাই বলিয়া প্রীর নামীয় কার্যধারা বাতিল হইবে। Makbul Ali v. Manwara Bequm 39 DLR 181 দ্র.।

quasi প্রায় ক্রি. বিণ.। দৃশ্যত অব্য.। আধা বিণ.।

- quasi-civil and quasi-criminal প্রায়-দেওয়ানি এবং প্রায়-ফৌজদারি দেওয়ানি আদালত চলাকালে কোনো ব্যক্তি আদালত অবমাননাকর কাজ করিলে আদালত ফৌজদারি কার্যবিধির ৪৮০ ধারা-অনুসারে আদালত অবমাননাকারীকে শান্তি দিতে পারেন। আদালতের এই ধরনের কাজকে প্রায়-দেওয়ানি এবং প্রায়-ফৌজদারি বলা হয়।
- quasi contract নিমচ্জি, প্রায়চ্জি দৃশ্যত চুক্তি মনে হইলেও প্রকৃতপক্ষে চুক্তি
 নহে। উভয়পক্ষের মধ্যে প্রকৃতপক্ষে কোনো চুক্তি না থাকিলেও এক ব্যক্তি কোনো
 ব্যক্তির দ্বারা উপকৃত হইলে কোনো কোনো ক্ষেত্রে আইন উপকৃত ব্যক্তিকে
 ন্যায়সংগত প্রতিদান দিতে বাধ্য করেন। এইরপ ক্ষেত্রে পক্ষদ্বয়ের মধ্যে চুক্তি
 সম্পাদিত হইলে যে-সম্পর্ক স্থাপিত হইত, সেরূপ সম্পর্ক আরোপিত হইবে। এই
 ধরনের সম্পর্ককে নিমচ্কি বা প্রায়্যকৃতি বলে। কারণ উভয়পক্ষের মধ্যে চুক্তির সদৃশ
 বাধ্যবাধকতার সৃষ্টি হয়। চুক্তি আইনের ৬৮ ধারায় বলা হইয়াছে যে, চুক্তিপালনে
 অক্ষম ব্যক্তিদের জীবনধারণের জন্য বা তাঁহাদের উপর নির্ভরশীল ব্যক্তিদেরকে
 প্রয়োজনীয় দ্ব্যাদি কেহ সরবরাহ করিয়া থাকিলে অক্ষম ব্যক্তির সম্পত্তি হইতে
 সরবরাহকারী মৃল্য আদায় করিয়া লইতে পারিবেন। ৬৯ ধারায় বলা হইয়াছে যে, যদি
 কোনো ব্যক্তির কোনো ঝণ অপর কোনো ব্যক্তি পরিশোধ করিয়া থাকেন, তাহা
 হইলে অপর কোনো ব্যক্তি তাঁহার অর্থ প্রথম (ঝণগ্রন্ত) ব্যক্তির নিকট হইতে আদায়
 করিয়া লইতে পারিবেন। ৭০ ধারায় বলা হইয়াছে যে, চুক্তি ছাড়াই ভূলক্রমে কোনো
 ব্যক্তি অন্য কোনো ব্যক্তির নিকট কোনো দ্রব্য হস্তান্তর করিয়া থাকিলে দ্রব্যটি
 গ্রহণকারী ফ্রেবত দিতে বাধ্য থাকিবে।
- quasi easement সুখাধিকারসম, বর্তসত্বসম একই মালিকের একদাগের জমির সুবিধার্থে অন্য দাগের উপর ভাগে করা সুখাধিকার বা বর্তস্বত্বসম অধিকার। যদি ভিন্ন ভিন্ন ব্যক্তি দাগণ্ডলির মালিক হইতেন তাহা হইলে ইহা সুখাধিকার বা বর্তস্বত্ব হইত। যেমন, যদি একই মালিকের এক দাগ বা খণ্ড জমিতে যাইতে হইলে তাহার অপর দাগ বা খণ্ড জমির উপর দিয়া যাতায়াত করিতে হয়, তাহা হইলে এইরূপ যাতায়াতের অধিকার বর্তস্বত্ব বা সুখাধিকারসম অধিকার।
- quasi judicial adj. আধা-বৈচারিক, প্রায়-বৈচারিক যে-কাজ বৈচারিক কাজের মতো। কোনো নির্বাহী বা প্রশাসনিক কর্মকর্তার নিষ্পন্তিযোগ্য কাজ বা সে-সম্পর্কিত কিছু। কোনো আইনে কোনো কর্মকর্তাকে যখন কোনো ঘটনাবিশেষ নির্দেশাত্মকভাবে নহে বরং স্ববিবেচনাপ্রসূতভাবে (প্রকৃতপক্ষে বৈচারিকভাবে) দেখিতে দায়িত্ব প্রদান করে, সেই কাজ আধা-বৈচারিক। যাহা অত্যাবশ্যকীয়ভাবে বৈচারিক চরিত্রের কিছু যাহা বৈচারিক ক্ষমতা বা কাজের মধ্যে পড়ে না এবং সাংবিধানিকভাবে সংজ্ঞায়িত বিচারবিভাগের অন্তর্গত নহে। নির্বাহী কর্মকাণ্ডে বা ক্ষমতাপ্রয়োগে কোনো বিষয়

বিবেচনা করিয়া সিদ্ধান্ত দেওয়ার পদ্ধতি। স্ববিবেচনার অপব্যবহার না ঘটিলে ইহা বৈধ, তবে ইহা আদালতের পুনর্বিবেচনার অধীন। বিচারের জন্য উত্থাপিত কোনো বিষয়ে বিচারকের বিবেচনা ও সিদ্ধান্তপ্রদানকে বৈচারিক পদ্ধতি বলে।

Queen's Counsel কুইনস কাউনসেল, রানীর কৌসুলি যুক্তরাজ্য ও কানাডায় এবং যে-সকল ভূখণ্ডে এই পদমর্যাদা রক্ষিত হইয়াছে. সেইখানে আদিতে রানীর কৌসুলি হিসাবে কার্য করিবার জন্য নিযুক্ত একজন বিশিষ্ট জ্যেষ্ঠ ব্যারিন্টার। তিনি জ্যেষ্ঠ কৌসুলি নামেও অভিহিত হন।

question n. প্রশ্ন বি. একজন সাক্ষীর উদ্দেশ্যে একটি জিজ্ঞাসা। একটি বিতর্কিত বিষয়; একটি মীমাংসিতব্য বিষয়। ফৌজদারি কার্যবিধির ৩৪২ ধারা-অনুসারে বিচারের যে-কোনো পর্যায়ে আদালত আসামিকে প্রশ্ন করিতে পারেন। সাক্ষ্য আইনের ১৬৫ ধারা-অনুসারেও আদালত সাক্ষীকে প্রশ্ন করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ৩৪২ ধারায় বলা হইয়াছে যে, (১) আসামিকে তাঁহার বিরুদ্ধে প্রদত্ত সাক্ষ্য হইতে উদ্বত কোনো পরিস্থিতি ব্যাখ্যার জন্য সুযোগ দেওয়ার উদ্দেশ্যে, তদন্ত বা বিচারের যে-কোনো পর্যায়ে আসামিকে পূর্বে সতর্ক করিয়া না দিয়াও আদালত প্রয়োজনীয় বলিয়া বিবেচিত যে-কোনো প্রশ্ন তাঁহাকে জিজ্ঞাসা করিতে পারিবেন এবং উপরিউক্ত উদ্দেশ্যে অভিযোগকারী পক্ষের সাক্ষীদের জবানবন্দি হওয়ার পর ও তাঁহাকে আত্মপক্ষসমর্থনের আহ্বান জানাইবার পূর্বে তাঁহার নিকট মোকদ্দমা সম্পর্কে সাধারণভাবে প্রশু জিজ্ঞাসা করিবেন। (২) এইরূপ কোনো প্রশ্নের জবাব দিতে অধীকার করিলে বা মিথ্যা জবাব দিলে আসামি দণ্ডনীয় হইবেন না, তবে আদালত এইরূপ অস্বীকৃতি বা জবাব হইতে যেরূপ ন্যায়সংগত মনে করেন সেরূপ অনুমান করিতে পারেন। সাক্ষ্য আইনের ১৬৫ ধারায় বলা হইয়াছে যে, বিচারক প্রাসঙ্গিক ঘটনানির্ণয়ের জন্য বা তৎসম্পর্কে উপযক্ত প্রমাণসংগ্রহের জন্য যে-কোনো সাক্ষীকে যে-কোনো প্রশু জিজ্ঞাসা করিতে পারিবেন অথবা প্রাসঙ্গিক বা অপ্রাসঙ্গিক ঘটনা সম্পর্কে পক্ষগণকে যে-কোনো প্রশু জিজ্ঞাসা করিতে পারিবেন এবং যে-কোনো দলিল বা বহু দাখিল করিবার আদেশ দিতে পারিবেন। অনুরূপ কোনো প্রশ্নের উত্তরে সাক্ষী যাহা বলিবেন তৎসম্পর্কে পক্ষগণ বা তাহাদের প্রতিনিধিগণ আদালতের অনুমতি বাতীত সাক্ষীকে জেবা কবিতে পাবিবেন না।

questioning of suspects সন্দেহভাজন ব্যক্তিকে প্রশ্ন জিজ্ঞাসা করা interrogation ও right of silence দ্র.।

question of fact তথ্যঘটিত প্রশ্ন ১. ইতিপূর্বে যে-বিষয় আইন মীমাংসা করে নাই এবং প্রমাণ-নির্তর উত্তর দেয় নাই। যেমন, কোনো আসামি একটি অপরাধের জন্য দোষী কি না, কিংবা একজন ঠিকাদার একটি গৃহনির্মাণে অহেতুক বিলম্ব করিয়াছেন কি না। ২. যে-প্রশ্ন একটি বিশেষ বিষয়ে প্রচলিত আইনের সহিত সম্পৃক নহে। ৩. যে-বিতর্কিত প্রশ্নের সীমাংসা জুরির বিচারে জুরিকে এবং বিচারককর্তৃক বিচারে বিচারককে করিতে হইবে। ইহা ঘটনার প্রশ্ন নামেও পরিচিত। ৪. একটি অপ্রমাণসাধ্য মতামতের বৈপরীত্যক্রমে, প্রমাণের মাধ্যমে যে-প্রশ্নের উত্তর দেওয়া সম্ভবপর। এতৎসহ jury trial দ্র.।

- question of law আইনঘটিত প্রশ্ন ১. আইনের প্রয়োগ বা ব্যাখ্যা-ঘটিত একটি প্রশ্ন, যাহার মীমাংসা বিচারককে করিতে হইবে। ২. যে-প্রশ্নের উত্তর স্বয়ং আইন প্রামাণ্যরূপে দিয়াছে, ফলত উহার উত্তর না দেওয়া আদালতের স্ববিবেচনার বিষয়। ৩. কোনো বিশেষ বিষয়ে আইনের বিধান কী, এতদ্বিষয়ক একটি প্রশ্ন; যে-প্রশ্নেপক্ষয় তর্কে লিপ্ত হয় এবং আদালতকে মীমাংসা করিতে হয় আইনের প্রকৃত বিধান কী। ৪. এমন-একটি প্রশ্ন, কোনো তথ্যঘটিত বিষয়ের উপর নির্ভরশীল ইইলেও যাহার মীমাংসা সম্পূর্ণরূপে আদালতের এখতিয়ারভুক্ত এবং জুরির এখতিয়ার-বহির্ভৃত।
- quia timet যেহেতু সে ভীত সম্ভাব্য ক্ষতি নিবারণের জন্য যে-প্রকারের নিষেধাজ্ঞা প্রার্থনা করা হয়। যদি দরখান্তকারী দেখাইতে পারেন যে, তিনি বাস্তবিকপক্ষে আসম বিপদের সম্মুখীন অথবা অপূরণীয় ক্ষতির সম্মুখীন, তাহা হইলেই মাত্র আদালত অদ্রপ প্রতিকার প্রদান করেন। দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশের ১ ও ২ নিয়ম-অনুসারে দেওয়ানি আদালত অদ্রপ নিষেধাজ্ঞা প্রদান করিতে পারেন।
- quicquid plantatur solo, solo cedit যাহা কিছু ভূমিতে প্রোথিত তাহা ভূমির অন্তর্গত। fixture দূ.।
- quid pro quo প্রতিদান, প্রতিষ্কল বি. মূল্যবান কোনো বস্তুর বদলে অন্য একটি মূল্যবান বস্তু প্রদান। একবস্তুর বিনিময়ে অন্যবস্তু। ক্ষতিপূরণ হিসাবে প্রদন্ত বস্তু।
- quiet enjoyment নির্বিমে ভোগাধিকার নির্বিঘ্নে ইজারা লওয়া সম্পত্তি প্রজাকে ভোগ-দখল করিতে দিতে ভূম্যধিকারীর দায়িত্ব। সুনির্দিষ্ট কোনো ব্যতিক্রম না করা হইলে ইহা প্রত্যেকটি ইজারায় অন্তর্নিহিত থাকে। প্রজা ইজারাপ্রাপ্ত জমি ভূমাধিকারী বা তাঁহার মাধ্যমে অধিকার দাবিকারী কোনো ব্যক্তির বাধাবিঘ্ন-ব্যতিরেকে ভোগ দখল করিবার অধিকারী। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৮ (গ) ধারায় ইজারাগ্রহীতার তদ্দেপ অধিকার নিশ্চিত করা হইয়াছে।
- quiet possession নির্বিমে দখলাধিকার বিনাবাধায় সম্পত্তি ভোগ করিবার স্বাধীনতা। ভূমি বা পণ্য বিক্রয়ের বেলায় চুক্তির অন্তর্নিহিত শর্ত হইতেছে যে, ক্রেতা বিক্রীত ভূমি বা পণ্য বিনাবাধায় ভোগ করিতে পারিবেন।

b 98 quo warranto

quit rent খাজনা ত্যাগ rent charge দ্ৰ.।

- quittance n. মুক্তিপত্র, অব্যাহতিপত্র বি. এমন একটি দলিল যাহাতে ঋণ পরিশোধ স্বীকৃত হয়।
- quorum n. কোরাম বি. কোনো সভা-সমিতির কার্যধারা বৈধ করিবার নিমিত্তে প্রয়োজনীয় ন্যুনতম সদস্যসংখ্যা। কোনো কোম্পানি, সংস্থা বা সংগঠনের সংঘবিধি, গঠনতর বা বিধিতে সভার অনুষ্ঠানের জন্য আবশ্যকীয় সংখ্যক সদস্যের উপস্থিতির কথা উল্লিখিত থাকে। সংবিধানের ৭৫ অনুচ্ছেদ-অনুসারে, সংসদের বৈঠক চলাকালে ৬০ (ষাট) ভান সংসদ-সদস্য উপস্থিত না থাকিলে কোরাম হয় না। সংসদের বৈঠক চলাকালে কোনো সময়ে উপস্থিত সদস্যসংখ্যা ষাটের কম বলিয়া যদি সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হয়, তাহা হইলে তিনি অন্যুন ষাটজন সদস্য উপস্থিত না হওয়া পর্যন্ত বৈঠক মুলতবি রাখিবেন।
- quota n. কোটা, যথাংশ বি. রাষ্ট্র বা কোনো সংগঠন কর্তৃক যে-ন্যূনতম পরিমাণ বা সংখ্যক পণ্য বা অন্য বস্তু আমদানি, রপ্তানি বা উৎপাদন করিতে অনুমতি দেওয়া ইয়।
- quotation n. ১. মূল্যতালিকাভুক্তি বি. স্টক এক্সচেঞ্জে শেয়ারের মূল্য তালিকাভুক্তকরণ। এক বা একাধিক পণ্যদ্রব্যের বাজারদর সম্পর্কে প্রতিবেদন। কোনো লেখার অংশের প্রতিলিপি অন্য বই বা লেখায় অন্তর্ভুক্ত করা। ২. উদ্ধৃতি বি.।
- quo warranto কোওয়ারান্টো, অধিকার-জিজ্ঞাসা ১. কোন ক্ষমতাবলে একটি সরকারি পদ অধিকার করা হইয়াছে কিংবা একটি বিমুক্তি দাবি করা হইতেছে, তাহা জানিবার জন্য সাধারণ আইনানুগ একটি রিট। ইহা writ of quo warranto নামেও পরিচিত। ২. সংবিধানের ১০২ অনুচ্ছেদের ক্ষমতাবলে হাইকোর্ট বিভাগ কোনো সরকারি পদে আসীন ব্যক্তি বা আসীন বলিয়া বিবেচিত ব্যক্তিকে তিনি কোন কর্তৃত্ববলে অনুরূপ পদমর্যাদায় অধিষ্ঠানের দাবি করিতেছেন, তাহা প্রদর্শনের নির্দেশ প্রদান করিয়া আদেশদান করিতে পারেন। হাইকোর্ট বিভাগের এইধরনের আদেশদানের ক্ষমতাকে কোওয়ারান্টো বলা হয়। সরকারি পদ ব্যতীত অন্য কোনো ক্ষেত্রে এই আদেশ প্রদন্ত হয় না। Md. Farid Mia v. Amjad Hossain 42 DLR(AD) 13 দ্র.। ৩. একটি মামলাবিশেষ, যদ্মারা রাষ্ট্র একটি সংস্থা বা করপোরেশনের সনদ বাতিল করিবার প্রয়াস পায়।

racial discrimination বর্ণবৈষম্য, জাতিবৈষম্য বি. বর্ণ, জাতি, জাতীয়তা বা নৃগোষ্ঠীগত উৎপত্তিহেতু বৈষম্য। সংবিধানের ২৮(১) অনুচ্ছেদে রাষ্ট্রকর্তৃক কোনো নাগরিকের প্রতি বর্ণবৈষম্য প্রদর্শন নিষেধ করা হইয়াছে। ইংল্যান্ডে ১৯৬৫, ১৯৬৮ ও ১৯৭৬ সালের জাতি-সম্পর্ক আইন-অনুযায়ী ইহার সম্পর্কে ব্যবস্থা প্রহণ করা হয়। ১৯৬৫ সালের আইনদ্বারা জনস্থানে বর্ণবৈষম্যকে বেআইনি ঘোষণা করা হইয়াছে এবং বর্ণবিদ্বেষ উসকানি দেওয়া একটি অপরাধ বলিয়া গণ্য হইয়াছে। ১৯৭৬ সালের আইনে পণ্য, সেবা, সুযোগ, চাকুরি, বাসস্থান এবং প্রচারপত্রে বৈষম্য নিষিদ্ধ করিয়াছে; তাহা ছাড়া ২৫ সদস্যের অধিক সদস্যবিশিষ্ট ক্লাবে বৈষম্য নিষিদ্ধ করিয়াছে। ১৯২৫ সালের লিঙ্গবৈষম্য আইনে যে-প্রকার বৈষম্য সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা হয়, ওই সকল বৈষম্যও উক্ত আইনে নিষিদ্ধ করা হইয়াছে। জাতি-সমতা কমিশন এই বিষয়ে অভিযোগ সম্পর্কে আনুষ্ঠানিক তদন্ত করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত। চাকুরিসম্পর্কিত ব্যক্তিবিশেষের অভিযোগ শিল্প-ট্রাইব্যুনালে বিচার করা হয় এবং অপর অভিযোগ সম্পর্কে নির্দিষ্ট কাউন্টি কোর্টে বিচার করা হয়।

racial harassment বৰ্ণগত হয়রানি racist abuse ও threatening behaviour দ্ৰ.।

racial hatred বর্ণবিদেষ বি. বর্ণ, জাতি বা জাতীয়তা বা নৃগোষ্ঠীগত উৎপত্তিহেতু কোনো জনসমষ্টির বিরুদ্ধে বিদ্বেষ পোষণ করা। ধর্মীয় বিদ্বেষ সরাসরিভাবে ইহার মধ্যে পড়ে না। ইংল্যান্ডের ১৯৮৬ সালের জনশৃঙ্খলা আইনে বর্ণবিদ্বেষ উসকানি দেওয়ার জন্য অপরাধ ছয়প্রকার নির্দিষ্ট হয়। এই সকল অপরাধ প্রমাণের উপাদান ইইতেছে বর্ণবিদ্বেষ জাগ্রত করিবার অভিপ্রায়ে বা তাহা সংঘটনের সম্ভাবনায় ভীতিপ্রদ, কুৎসাপূর্ণ বা অবমাননাকর কথাবার্তা, আচরণ, বা বস্তুর ব্যবহার।

racist abuse বর্ণবাদী কুৎসা কোনো ব্যক্তির জাতিগত উৎপত্তি সম্পর্কে বিদ্বেষপূর্ণ
মতামতের দ্বারা কাহাকেও হয়রানি করা। ইংল্যান্ডের ১৯৯৭ সালের হয়রানি হইতে
রক্ষা আইনের বিধান-অনুযায়ী যাঁহারা বর্ণবাদী কুৎসার দ্বারা অপরের নিরাপত্তা
সম্পর্কে ভীতি সৃষ্টি করেন, তাঁহাদের পাঁচ বৎসর পর্যন্ত কারাদও বা অর্থদণ্ডের বিধান
করা হইয়াছে। যেখানে হয়রানি নিরাপত্তার প্রতি ভীতি সৃষ্টি করে না, সেখানেও
ছয়মাস পর্যন্ত কারাদও বা অর্থদণ্ড বা উভয়বিধ দণ্ডের বিধান করা হইয়াছে।

racketeering n. সংঘবদ্ধ দৌরাস্ব্যা, ব্যাকেটিয়ারিং ১. পরম্পরাগতভাবে ভীতিপ্রদর্শন, সহিংসতা কিংবা অন্যান্য বেআইনি পদ্ধতির মাধ্যমে ব্যবসায়-প্রতিষ্ঠানের নিকট হইতে জবরদম্ভিপর্বক অর্থ আদায়ঘটিত একটি সংঘবদ্ধ অপরাধতন্ত্র। ২. একটি ব্যবসায়-উদ্যোগের (যেমন, একটি অপরাধ-চক্রের) অংশ হিসাবে নিম্পাদিত একধরনের বেআইনি কার্যকলাপ (যেমন, ঘুস আদানপ্রদান, জবরদন্তিপূর্বক অর্থ আদায়, প্রতারণা ও খুন)। উদ্যোগটি ওই সকল বেআইনি কার্যকলাপে লিপ্ত ব্যক্তিদের মালিকানার বা নিয়ন্ত্রণের অধীন।

rack rent প্রত্যাশিত ভাড়া, অতি ভাড়া, শুরুভার কর ১. কোনো ভাড়াটিয়া খোলা বাজারে যুক্তিসংগতভাবে যে-পরিমাণ বার্ষিক ভাড়া প্রদান করিবার প্রত্যাশা করিতে পারেন। ২. কোনো ভাড়াটিয়া বা প্রজার নিকট হইতে আদায়কৃত অত্যধিক ভাড়া বা ধাজনা। বাংলাদেশে বাড়িভাড়া নিয়ন্ত্রপ আইনের ১৫ ধারা-অনুসারে, বাড়িভাড়া-নিয়ন্তরক, বাড়ির মালিক বা ভাড়াটিয়ার আবেদনের ভিত্তিতে কোনো বাড়ির মানসম্মত ভাড়া নির্ধারণ করিবেন এবং এমনভাবে উহা নির্ধারণ করিবেন যেন উহার বাৎসরিক পরিমাণ বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে স্থিরীকৃত উক্ত বাড়ির বাজারদরের ১৫ শতাংশের সমান হয়। তবে শর্ভ থাকে যে, যে-ক্ষেত্রে মানসম্মত ভাড়ার পরিমাণ ১৯৮৬ সালের বাড়িভাড়া অধ্যাদেশের অধীন নির্ধারণ করা হইয়াছে, সেক্ষেত্রে অনুরূপভাবে নির্ধারিত মানসম্মত ভাড়া, নিয়ন্ত্রক কর্তৃক সংশোধন বা পরিবর্তন না করা পর্যন্ত, এই ধারার অধীন মানসম্মত ভাড়া হিসাবে গণ্য হইবে। ৩. কোনো সম্পত্তির মোট বার্ধিক মূল্যবাবদ খাজনা। ground rent ত্র.।

raise vb. সংগ্রহ করা ক্রি. ব্যক্তি বা ব্যবসায়িক সংস্থার ক্ষেত্রে অর্থসংগ্রহ বলিতে সাধারণ উপায়ে— নগদ অর্থ, বন্ধক, অঙ্গীকার প্রভৃতি— অর্থসংগ্রহ বুঝায়। পৌরসভার ক্ষেত্রে সাধারণত ইহার অর্থ করারোপ করিয়া অর্থসংগ্রহ। যদি কোনো পৌরসভার অধ্যাদেশে বিধান থাকে যে, শহরের মালিকানাধীন পরিপণ বন্ধক রাখিয়া একটি বিশেষ অঙ্কের অর্থ সংগ্রহ করা হইবে, তাহা হইলে সংগ্রহ করা শব্দির অর্থ কর্জ করা। যদি কোনো পৌরসভার সনদের বিধানে বলা হয় যে, এক বৎসরে যে-পরিমাণ অর্থ সংগ্রহ' করা যাইতে পারে উহা মূল্যনির্ধারণের একটি নির্দিষ্ট শতাংশের অধিক হইবে না, তাহা হইলে 'সংগ্রহ করা' শব্দের অর্থ করারোপের মাধ্যমে সংগ্রহ করা।

rank n. পদমর্যাদা বি. পদবি; সামাজিক বা দাপ্তরিক প্রতিষ্ঠা।

ransom n. মুক্তিপণ বি. কোনো বন্দি, যুদ্ধবন্দি বা যুদ্ধধন খালাস করিবার জন্য প্রদত্ত অর্থ। কোনো গুরুতর অপরাধ ক্ষমা করিবার জন্য কিংবা কারারুদ্ধ একজন অপরাধীকে মুক্তিদানের জন্য প্রদত্ত অর্থ নির্দেশ করিতেও ইহা ব্যবহৃত হয়।

rape n. ধর্ষণ, বলাৎকার বি. কোনো পুরুষ কর্তৃক কোনো নারীর সহিত তাঁহার ইচ্ছার বিরুদ্ধে ও অমতে বলপ্রয়োগে বা ভীতিপ্রদর্শন করিয়া বা শঠতাপ্রয়োগে সন্মতি আদায় করিয়া বা তাঁহার অজ্ঞান বা ঘুমন্ত অবস্থায় যৌনসংগম করা। দণ্ডবিধির ৩৭৫ আইন-শব্দকের ১৮৬

ধারা-অনুসারে, যে-ব্যক্তি, ব্যতিক্রান্ত ক্ষেত্র-ব্যতিরেকে, নিম্নোক্ত পাঁচ প্রকার বর্ণনাধীন যে-কোনো অবস্থায় কোনো নারীর সহিত যৌন সহবাস করেন, সেই ব্যক্তি নারীধর্ষণ করেন বলিয়া গণ্য হইবে। প্রথমত, সংশ্লিষ্ট নারীর ইচ্ছার বিরুদ্ধে; দিতীয়ত, তাঁহার সম্বতি ব্যতিরেকে; তৃতীয়ত, তাঁহার সম্বতিক্রমে, যে-ক্ষেত্রে তাঁহাকে মৃত্যু বা আঘাতের ভীতি প্রদর্শন করিয়া তাঁহার সম্মতি আদায় করা হয়: চতুর্থত, তাঁহার সম্মতিক্রমে, যে-ক্ষেত্রে লোকটি জানেন যে, তিনি তাঁহার স্বামী নন, এবং ওই নারী এই বিশ্বাসে সম্মতিদান করেন যে, পুরুষটি এমন কোনো ব্যক্তি যাঁহার সহিত তিনি আইনানুগভাবে বিবাহিত অথবা তিনি নিজেকে তাঁহার সহিত আইনানুগভাবে বিবাহিত বলিয়া বিশ্বাস করেন; এবং পঞ্চমত, তাঁহার সম্মতিসহকারে বা ব্যতিরেকে, যে-ক্ষেত্রে তিনি চৌদ্দ বৎসরের কমবয়ন্ধ হন। উক্ত ধারা-অনুযায়ী ষোলো বৎসরের কমবয়ন্ধ নারীর সহিত তাহার সম্মতি সহকারে যৌনসংগম করা বা পনের বৎসরের কমবয়ঙ্ক নিজের স্ত্রীর সহিত যৌনসংগম করাও ধর্ষণ বা বলাংকার। ইংল্যান্ডের আইনে কোনো পুরুষের সহিত উপরিউক্ত অবস্থায় যৌনসংগম করাও বলাৎকারের মধ্যে পড়ে। বাংলাদেশে দণ্ডবিধির ৩৭৬ ধারার বিধান-অনুযায়ী কোনো নারীকে ধর্ষণ করা দণ্ডনীয় অপরাধ। দওবিধির ৩৭৭ ধারার বিধান-অনুযায়ী কোনো পুরুষ বা নারীর সহিত পায়ুকামও শান্তিযোগ্য অপরাধ। তবে ইংল্যান্ডের আইনে উভয়ের ইচ্ছায় ও সন্মতিতে পায়কাম অপরাধ নহে।

rapporteur সংযোগকারী, রাপোর্টার ১. সভার কার্যধারার বিবরণ লিপিবদ্ধ করিবার জন্য নিযুক্ত এক বা একাধিক ব্যক্তি। ২. ইউরোপীয় পার্লামেন্টের বা ইউরোপীয় ইউনিয়নের অন্য কোনো সংস্থার একজন কর্মকর্তা, যাহার কাজ হইতেছে কোনো নির্দিষ্ট বিষয়ের আলোচনার অগ্রগতিতে সাহায্য করা ও তৎসম্পর্কে প্রতিবেদন তৈয়ারি করা।

rate of exchange বিনিময়-হার এক দেশের মুদ্রার সহিত অন্য দেশের মুদ্রা-বিনিময়ের হার।

rate of interest সুদের হার প্রচলিত অর্থে 'সুদের হার' সুদের শতকরা হার বা পরিমাণ নির্দেশ করে, কিন্তু সুদগণনার পদ্ধতি নির্দেশ করে না। কোনো সংবিধিতে যদি বিধান থাকে যে, সংশ্লিষ্ট পক্ষগুলি সুদের যে-কোনো হার স্থির করিতে পারে, তাহা হইলে 'সুদের হার' কথাটি সুদের পরিমাণ নির্দেশ করিবে, সুদগণনার প্রণালি নির্দেশ করিবে না।

rates n. অভিকর বি. স্থানীয় সংস্থা কর্তৃক সেবাপ্রদানের বিনিময়ে সম্পত্তির উপর যে-স্থানীয় কর ধার্য করা হয়। ইউনিয়ন পরিষদ, পৌরসভা বা পৌর কর্পোরেশন কর্তৃক সংশ্লিষ্ট এলাকার সম্পত্তির মালিক বা ব্যবসায়ী, পেশাজীবী প্রভৃতিকে সেবাদানের নিমিত্ত যে-স্থানীয় কর ধার্য করা হয়।

ratification n. অনুসমর্থন, অনুমোদন বি. ১, কোনো কাজ অনুমোদন করা। যেমন 'ক' যদি 'খ'-য়ের প্রতিনিধি হিসাবে 'গ'-য়ের সহিত চুক্তি করেন, কিন্তু প্রকৃতপক্ষে 'ক'-য়ের অদ্ধপ ক্ষমতা না থাকিলেও 'খ' পরবর্তীকালে তাহা সমর্থন বা অনুমোদনের মাধ্যমে ওই চুক্তি গ্রহণ করিতে পারেন। নাবালকের সহিত উপনীত চুক্তি বলবৎযোগ্য না হইলেও কোনো নাবালক সাবালক হইবার পর তাহা অনুমোদন করিলে ওই চুক্তি বলবংযোগ্য হইবে। ২. (আন্তর্জাতিক আইনে) সাধারণত রাষ্ট্রপ্রধান (বা রাষ্ট্রপ্রধান ও আইনসভা) কর্তৃক কোনো সন্ধি সমর্থন বা অনুমোদন করা। পক্ষদের মধ্যে সন্ধিপত্র বিনিময় করিবার বা উল্লিখিত গচ্ছিত রক্ষকের নিকট জমা রাখিবার পরই মাত্র তাহা অনুমোদন করিতে হয়। সন্ধিপত্রে পরিষ্কারভাবে উল্লেখ থাকে যে, কোনো পক্ষের প্রতিনিধির স্বাক্ষরের পরই তাহা ওই পক্ষের উপর বাধ্যকর হইবে না, তাহার জন্য অনুমোদন দরকার। সন্ধি সম্পর্কে ১৯৬৯ সালের ভিয়েনা সম্মেলনে স্থির হয় যে, কোনো সন্ধির জন্য অনুমোদন প্রয়োজনীয় কি না, তাহা উল্লেখ না থাকিলে পক্ষদের কী অভিপ্রায় ছিল তাহা দেখিতে হইবে। সন্ধি কার্যকর করা হইলে তাহা পরোক্ষ অনুমোদন বলিয়া গণ্য হয় ৷ ৩. (কোম্পানি আইনে) কোম্পানির ব্যবস্থাপনার কোনো অনিয়মকে সাধারণ সভার সিদ্ধান্তের দ্বারা অনুমোদন করা যায়; কিন্তু অবৈধ কাজ বা সংখ্যালঘিষ্ঠ সদস্যের উপর শঠতামূলক কোনো কাজ উপরিউক্তভাবে অনুমোদন করা याय ना ।

ratio decidendi সিদ্ধান্তের হেতু আইনের যে-নিয়ম বা নিয়মাবলির ভিত্তিতে আদালত কোনো সিদ্ধান্তে পৌছান। কোনো মামলার হেতু বা যুক্তি ইহার ঘটনাবলি, সিদ্ধান্তে উপনীত হইবার জন্য আদালত-প্রদর্শিত যুক্তি এবং আদালতের সিদ্ধান্ত হইতে অনুসৃত হয়। নজিরের মতবাদ-অনুযায়ী কোনো মামলার হেতু বা যুক্তি অধন্তন আদালতের উপর বাধ্যকর। precedent দ্র.।

rational-basis test যথাযুক্ত ভিত্তি-নিকষ সাংবিধানিক আইনের একটি মূলসূত্র।
এই সূত্র-অনুসারে, আদালত সমসুরক্ষা দফা-অনুযায়ী একটি আইন বৈধ বলিয়া
সমুনুত রাথিবেন, যদি কোনো ন্যায়সংগত সরকারি উদ্দেশ্য অর্জনের সহিত উহার
একটি যুক্তিসংগত সম্বন্ধ থাকে।

rayat chasi চাষি রায়ত, চাষি দর-রায়ত অবস্থাভেদে ওইরূপ রায়ত বা দররায়ত যিনি নিজে অথবা নিজ পরিবারের সদস্যদের দ্বারা অথবা ভূত্যদ্বারা অথবা বর্গাদারদ্বারা অথবা কৃষিশ্রমিকদারা অথবা ব্যবসায় অংশীদারদ্বারা চাষ করিবার জন্য জমির অধিকারী হন।

readiness and willingness প্রস্তুত ও ইচ্ছুক থাকা চুক্তি আইনের ৫১ ধারা-অনুসারে উক্ত 'প্রস্তুত ও ইচ্ছুক থাকা'র আওতায় আসিবার জন্য কোনো ব্যক্তির প্রমাণ করিবার প্রয়োজন নাই যে, নির্ধারিত তারিখে পণ্যগুলি প্রকৃতপক্ষে তাঁহার দখলে ছিল। তিনি যদি প্রমাণ করিতে পারেন যে, প্রয়োজনীয় পণ্যগুলির উপর তাঁহার নিয়ন্ত্রণ রহিয়াছে, কিংবা তাঁহার কাছে চাওয়া হইলে পণ্যগুলি তিনি ক্রেতার নিকট হস্তান্তর করিতে সমর্থ, তাহা হইলেই যথেষ্ট। অর্থাৎ তাঁহাকে প্রমাণ করিতে হইবে যে, ক্রেতার চাহিদা-অনুযায়ী তিনি নির্দিষ্ট তারিখে তাঁহার দিক হইতে চুক্তির শর্ত পূরণ করিতে সমর্থ।

- ready money রোক বি., নগদ অর্থ যে-অর্থ হাতের কাছে আছে কিংবা যাহা আত লভ্য। বিশেষত, লেনদেনের সময়ে মূল্য পরিশোধ করিবার জন্য যে-অর্থ প্রস্তৃত রাখা হয় কিংবা প্রদান করা হয়।
- reaffirmation n. পুনর্নিক্তয়ন বি. ১. ইতিপূর্বে যে-বিষয়ে সিদ্ধান্ত গৃহীত বা মতৈক্য প্রতিষ্ঠিত হইয়াছে, সেই বিষয়ের অনুমোদন। ২. (দেউলিয়াত্বে) দেনাদার ও পাওনাদারের মধ্যে একটি সংবিদা, যদ্ধারা দেনাদার আরজির পূর্ববর্তী এমন-একটি ঋণ শোধ করিতে প্রতিশ্রুতিবদ্ধ হন, যাহা অন্যথায় দেউলিয়াত্ব সমাপ্ত হইবার পরে শোধ করা হইত।
- real adj. প্রকৃত, বান্তব বিণ. ১. ভূমি-সম্পর্কিত। real estate ও real property দ্র.। ২. ব্যক্তিসম্পর্কিত নহে, বরঞ্চ বন্তুসম্পর্কিত। real evidence দ্র.।
- real estate ভূসস্পত্তি বি. ন্যাসের অন্তর্গত ভূমি বিক্রয় বা দায়বদ্ধ করিয়া প্রাপ্ত অর্থে সৃষ্ট কোনো স্বার্থ ইহার অন্তর্ভুক্ত নহে। ইংল্যান্ডের ১৯২৫ সালের ভূসম্পত্তি-ব্যবস্থাপনা আইন-অনুসারে কোনো মৃত ব্যক্তির মৃত্যুকালে ভূমিতে তাঁহার সর্বপ্রকার স্বার্থ।
- real evidence বাস্তব সাক্ষ্য বস্তুর আকারে সাক্ষ্য। যেমন, অন্ত্রশস্ত্র। যথন কোনো বস্তু সাক্ষ্য হিসাবে গৃহীত হয়, সাধারণত তাহা প্রদর্শনী হিসাবে চিহ্নিত হয়। দিললসমূহ সাধারণত বাস্তব সাক্ষ্যের শ্রেণীতে পড়ে না। কিছু দলিলের দৈহিক বৈশিষ্ট্য (ইহার বিষয়বস্তু নহে) যদি গুরুত্বপূর্ণ হয়, তবে ইহাকে তদ্রুপ সাক্ষ্য বিলয়া গণ্য করা যায়। কোনো কোনো বিশেষজ্ঞের মতে শনাক্তকরণ-সম্পর্কিত সাক্ষ্য ও সাক্ষীর আচরণ বাস্তব সাক্ষ্যের শ্রেণীভুক্ত হয়।
- real property স্থাবর সম্পত্তি ভূমি এবং উত্তরাধিকারযোগ্য বিদেহী সম্পত্তি। property দ্র.।
- real security বাস্তব জ্ঞামানত ১. কোনো সম্পত্তির বন্ধক। ২. নির্বৃঢ়ি স্বত্বের মালিকানায় দখলি ভূমির উপর সৃষ্ট খাজনার দায়।
- realty n. স্থাবর সম্পত্তি real property দ্র.।
- reasonable adj. ১. যুক্তিসংগত বিণ. সঠিক বিচারবৃদ্ধির সহিত সংগতিপূর্ণ। যুক্তিবিরুদ্ধ নহে, এমন। ২. যুক্তিমান বিণ. যুক্তিবৃত্তিসম্পন্ন; তর্কশক্তিসম্পন্ন। যুক্তিসংগত শব্দটির যথাযথ সংজ্ঞার্থ নির্ণয় করা দুরুহ। ব্যক্তির স্বভাববৈশিষ্ট্য-অনুযায়ী

এবং যে-সময় ও পরিস্থিতিতে তিনি চিন্তা করেন, সেই সময় ও পরিস্থিতি-অনুসারে
যুক্তিপ্রসৃত সিদ্ধান্তের হেরন্ফের ঘটে। তবে মানুষকে তাঁহার নাগালের মধ্যে লভ্য
যুক্তিযুক্ততা লইয়া সন্তুষ্ট থাকিতে হইবে এবং যে-সকল ক্ষেত্র প্রামাণ্য গ্রন্থ ইত্যাদির
আওতায় পড়ে না, সেইসকল ক্ষেত্রে (বিচারকের সিদ্ধান্তের জন্য) কোনটি
যুক্তিসংগত, তাহা সাধারণত জুরির রায়ের দারা নির্ণীত হয়। যেখানে জুরিপ্রথা
প্রচলিত নাই, সেখানে আদালতই অনুরূপ সিদ্ধান্ত গ্রহণ করেন। যুক্তিযুক্ততা প্রায়শ
আইনের জ্ঞানের বিষয় বলিয়া তাহা আদালতকর্তৃক নির্ণেয়।

reasonable and probable cause যুক্তিসংগত ও সম্ভাব্য কারণ ইহার অর্থ
যুক্তিসমত হেতুর ভিত্তিতে এমন একটি পরিস্থিতির অস্তিত্বে আন্তরিক বিশ্বাস, যাহা
সত্য বলিয়া ধরিয়া লইলে অভিযোক্তার স্থলবর্তী সাধারণভাবে বিবেচক ও সতর্ক
ব্যক্তিকে যুক্তিসংগতভাবে এই সিদ্ধান্তগ্রহণে প্রণোদিত করিবে যে, অভিযুক্ত ব্যক্তি
সম্ভবত আরোপিত অপরাধটির জন্য দোষী।

reasonable cause যুক্তিসংগত কারণ মানুষের কার্য সম্বন্ধে প্রযুক্ত হইলে, ইহার অর্থ, যাহা গড়পড়তা বুদ্ধিমত্তা ও সাধারণ বিবেচনা-সম্পন্ন ব্যক্তিকে বাধ্য করিতে পারে।

reasonable diligence যুক্তিসংগত অভিনিবেশ ব্যবসায়ের প্রতি যুক্তিসংগত মনোযোগ। একজন সুবিবেচক ব্যক্তি তাঁহার নিজ ব্যবসায়ের প্রতি যতটা অভিনিবেশ প্রদান বা নিবদ্ধ করিবেন।

reasonable doubt যুক্তিসংগত সন্দেহ প্রমাণের অপ্রতুলতাহেতু সংভাবে যে-সন্দেহ ক্ষয়ত হয়; যুক্তিসংগতভাবে যাহা যথেষ্ট সন্দেহের কারণ হয়।

reasonable excuse যুক্তিসংগত অজুহাত 'দায়ী ব্যক্তি'র (person liable) অসুস্থ থাকা বা বিদেশে অবস্থানের দরুন বিজ্ঞপ্তিপ্রাপ্ত না হইলে, তিনি যে অসুস্থ ছিলেন বা বিদেশে ছিলেন, তাহা একটি যুক্তিসংগত অজুহাত হইতে পারে।

reasonable financial provision যুক্তিসংগত আর্থিক ব্যবস্থা মৃত ব্যক্তির উপর নির্ভরশীল ব্যক্তিগণ তাঁহার ভূসম্পত্তি হইতে যে-প্রকারের আর্থিক ব্যবস্থা যুক্তিসংগতভাবে পাইবার প্রত্যাশা করিতে পারেন, যদি মৃত ব্যক্তির ইচ্ছাপত্রে অদ্রপ বিধান করা না হয় বা তিনি ইচ্ছাপত্রবিহীন অবস্থায় মারা যান । ইচ্ছাপত্রবিহীন অবস্থায় মৃত্যুর ক্ষেত্রে প্রযোজ্য আইনে তদ্যুপ বিধান না থাকিলে নির্ভরশীল ব্যক্তিগণ তদ্যুপ ব্যবস্থার জন্য আদালতে প্রার্থনা জানাইতে পারেন । স্বামী বা স্ত্রীর নিজের ভরণপোষণের জন্য যথেষ্ট সংগতি থাকিলেও তিনি যুক্তিসংগত আর্থিক ব্যবস্থা পাইবার অধিকারী; কিন্তু অন্যসকল ক্ষেত্রে যুক্তিসংগত আর্থিক ব্যবস্থা বলিতে ভরণপোষণের জন্য যাহা প্রয়োজনীয় তাহা বুঝাইয়া থাকে।

reasonable force যুক্তিসংগত বলপ্রয়োগ সাধারণ আইনে আত্মরক্ষার্থে যে-কোনো ব্যক্তি যুক্তিসংগত বল প্রয়োগ করিতে পারেন এবং চরম অবস্থায় তাঁহার আক্রমণকারী ব্যক্তিকে হত্যা করাও ন্যায়সংগত। যে-কোনো ব্যক্তি তাঁহার সম্পত্তিরক্ষার্থে যুক্তিসংগত বল প্রয়োগ করিতে পারেন। যদি কেহ রাক্রিবেলায় তাঁহার সম্পত্তিরে অনধিকারপ্রবেশ করেন, তাহা হইলে তিনি ইহাকে শুধুমাত্র তাঁহার সম্পত্তির প্রতি হুমকিস্বরূপ নহে, বরং তাঁহার ব্যক্তিগত নিরাপত্তার প্রতিও হুমকি হিসাবে ন্যায়সংগতভাবে গণ্য করিতে পারেন। কোনো বাড়ির দখলকার (তিনি মালিক না হইলেও) এবং সম্ভবত অনুমতিসূত্রে দখলকার (যেমন, ভাড়াটিয়া) যে-কোনো আনধিকারপ্রবেশকারীর বিরুদ্ধে যুক্তিসংগত বল প্রয়োগ করিতে পারেন। দণ্ডবিধির ৯৬-১০৬ ধারায় কোন কোন ক্ষেত্রে একজন ব্যক্তি অপর কোনো ব্যক্তির বিরুদ্ধে তাঁহার শরীর ও সম্পত্তি রক্ষার জন্য বলপ্রয়োগ করিতে পারেন এবং মৃত্যু পর্যন্ত ঘটাইতে পারেন, তাহা বলা হইয়াছে। আত্মরক্ষার্থে কোনো কিছু করা হইলে তাহা অপরাধ হইবে না। legal force দ্র.।

reasonable ground যুক্তিসংগত হেতু সারাত্মকভাবে (substantially) সম্ভাবা কারণ । probable cause দ্র. ।

reasonable man যুক্তিবান মানুষ একজন সাধারণ নাগরিক, যাঁহাকে ইংল্যান্ডে 'একজন অমনিবাস্যাত্রী হিসাবে'ও উল্লেখ করা হয়। অবহেলার জন্য ক্ষতিপূরণের মামলায় একজন যুক্তিবান মানুষ পারিপার্শ্বিকতা ও সম্ভাব্য ভবিষ্যুৎ ফলাফল বিবেচনা করিয়া যেভাবে কাজ করিবেন বলিয়া প্রত্যাশা করা যায়, তাহাকেই যত্ন লইবার মান ধরা হয়। তদ্যুপ মান কখনও সম্পূর্ণভাবে একপ্রকারের নহে। শিশুর ক্ষেত্রে যেমন নিম্নতর মান প্রত্যাশা করা হয়, তেমনি বিশেষ দক্ষতাসম্পন্ন ব্যক্তির, যেমন একজন চিকিৎসকের, বেলায় উচ্চতর মান প্রত্যাশা করা যায়।

reasonable opportunity যুক্তিসংগত সুযোগ (আপিলের গুনানি সম্বন্ধে) বিভাগীয় তদন্তের পর্যায়ে ব্যক্তিগত গুনানির ব্যবস্থা করা হইয়া থাকিলে, সাংবিধানিক বিধানের অভিপ্রায়-অনুযায়ী আইনগত কার্যক্রমের প্রতিটি স্তরে ওইরূপ ব্যক্তিগত গুনানি যুক্তিসংগত সুযোগের অপরিহার্য ও অবিচ্ছেদ্য অংশ নহে।

reasonable restriction যুক্তিসংগত বাধানিষেধ 'যুক্তিসংগত বাধানিষেধ' পরিশব্দের দারা বুঝানো হইয়া থাকে যে, কোনো ব্যক্তির অধিকার উপভোশের উপর আরোপিত সীমাবদ্ধতা খামখেয়ালিপূর্ণ কিংবা, জনস্বার্থে প্রয়োজন না হইলে, আত্যন্তিক হওয়া উচিত নহে। বাংলাদেশের প্রত্যেক নাগরিক সংবিধানের ৩৬, ৩৭, ৩৮ এবং ৩৯(২) অনুচ্ছেদে প্রদন্ত মৌলিক অধিকার যুক্তিসংগত বাধানিষেধ-সাপেক্ষে ভোগ করিবেন।

reason to believe বিশ্বাসের কারণ দণ্ডবিধির ২৬ ধারায় বলা হইয়াছে যে, কোনো ব্যক্তির কোনো বিশ্বাস করিবার যথেষ্ট কারণ থাকিলে, তবে অন্য বিষয়ে নহে, উক্ত বাক্তির উক্ত কিছু বিশ্বাস করিবার কারণ রহিয়াছে বলিয়া গণ্য হইবে। ঘটনার সংঘটন যদি এইরূপ পরিস্থিতিতে হয় যে, একজন সাধারণ, স্বাভাবিক ও সৃস্থ মানুষ এই ঘটনার অন্তিত্ব বা প্রকৃতি স্পষ্টভাবে বুঝিতে পারেন, তবে ধরিয়া লইতে হয় যে, তিনি উয় জানিতেন। দণ্ডবিধির ৪১১ হইতে ৪১৪ ধারায় চোরাই ও ডাকাতির মাল জানিয়া রাঝা ও বেচাকেনা করা সম্পর্কে শান্তির বিধান বর্ণিত হইয়াছে। এতৎসহ receiving of stolen property দ্র.।

- rebate .n. রিবেট, বাটা, অবহার বি. বিনিময়-বিল ভাঙ্গাইবার সময়ে প্রাপক আদিষ্টকে যে-পরিমাণ টাকা মওকুফ করিয়া দেন।
- rebellion n. বিদ্রোহ বি. ১. কোনো প্রতিষ্ঠিত সরকার বা শাসকের বিরুদ্ধে প্রকাশ্য, সংঘবদ্ধ ও সশস্ত্র প্রতিরোধ। ২. কোনো কর্তৃপক্ষ বা ঐতিহ্যের প্রকাশ্য বিরোধিতা কিংবা বিরুদ্ধাচরণ। ৩. (ঐতিহাসিক) কোনো আইনসন্মত আদেশ বা সমনের অননুবর্তন।
- rebroadcasting n. পুনঃসম্প্রচার বি. কোনো সম্প্রচার-কর্তৃপক্ষের দ্বারা বাংলাদেশ বা অন্যদেশের কোনো সম্প্রচার-কর্তৃপক্ষের অনুষ্ঠান যুগপৎ বা পরবর্তীকালে সম্প্রচার। তারের মাধ্যমে অনুরূপ অনুষ্ঠান-বিতরণ ইহার অন্তর্ভুক্ত হইবে এবং তদনুসারে পুনঃসম্প্রচার ব্যাখ্যা করা হইবে।
- rebuilding and building পুনর্নির্মাণ ও নির্মাণ ভাড়া সম্পর্কিত-আইনের অর্থপরিধির মধ্যে নির্মাণ বা পুনর্নির্মাণের লক্ষ্য এমন হইতে হইবে যে, নির্মাণাধীন গৃহবাটিকাদি ভাড়াটিয়ার দখলে থাকিলে উহা সম্পন্ন করা সম্ভবপর নহে।
- rebuttable presumption খণ্ডনীয় অনুমান presumption দ্র.।
- rebuttal n. খণ্ডন বি. খণ্ডনমূলক সাক্ষ্যপ্রমাণ উপস্থাপন। বিচারের যে-পর্যায়ে উক্তরপ সাক্ষ্যপ্রমাণ উপস্থাপন করা যাইতে পারে। খণ্ডনমূলক সাক্ষ্যপ্রমাণ।
- rebutter পুনর্যুক্তিখণ্ডন বিবাদীর জবাবের প্রভুত্তরে বাদী যে-বক্তব্য পেশ করেন,
 তাহার উত্তরে বিবাদীর দাখিলি পুনর্জবাব। বর্তমানে ইহার চর্চা বিরল এবং তাহা
 কেবল আদালতের অনুমতিক্রমেই করা যায়। দেওয়ানি কার্যবিধির ৬ আদেশের ৫
 নিয়ম-অনুসারে জবাব দাখিলের পর বিবাদী আদালতের অনুমতিক্রমে অধিকতর ও
 সুস্পাই বর্ণনা প্রদান করিতে পারেন।
- recall of witness সাক্ষীকে পুনঃতলব কোনো সাক্ষীর সাক্ষ্য সমাপ্ত ইইবার পর তাঁহাকে আরো জিজ্ঞাসাবাদ করিবার জন্য আহবান। কোনো সাক্ষ্য খণ্ডন করিবার উদ্দেশ্যে কোনো পক্ষের সাক্ষ্যগ্রহণ সমাপ্ত হইবার পর কোনো সাক্ষীকে পুনঃপরীক্ষা

recaption

করিবার জন্য বিচারক অনুমতি প্রদান করিতে পারেন। সাক্ষ্য আইনের ১৩৭ ধারা-অনুসারে, জেরার পরে সাক্ষী-উপস্থিতকারী পক্ষ তাঁহাকে আরো কিছু জিজ্ঞাসা করিতে চাহিলে তাঁহাকে পুনঃতলব বলা হয়।

- recaption n. পুনর্দখল বি. কেহ অন্যায়ভাবে পণ্য লইয়া গেলে বা আটক রাখিলে তাহা পুনরায় দখল করা। ইহা একপ্রকার আত্ম-সহায়ক কর্ম।
- receipt n. রসিদ বি. এমন যে-কোনো চিঠা, স্মারকলিপি বা লিখন, (ক) যদ্দারা কোনো অর্থ, হুন্ডি, চেক বা অঙ্গীকারপত্রের প্রাপ্তিস্বীকার করা হয়, কিংবা (খ) যদ্দারা ঋণশোধার্থে প্রদন্ত অন্য কোনো অস্থাবর সম্পত্তির প্রাপ্তিস্বীকার করা হয়, কিংবা (গ) যদ্দারা কোনা ঋণ বা দাবি কিংবা কোন ঋণদাবির অংশবিশেষ শোধ করা ইইয়াছে বিলিয়া স্বীকার করা হয়, কিংবা (ঘ) যাহা উক্তরূপ যে-কোনো প্রাপ্তি সুচিত করে।
- receivable adj. গ্রহণযোগ্য, আদেয় বিণ. অনেকক্ষেত্রে গ্রহণযোগ্য ও প্রদেয় বলিতে একই বস্তু বুঝায়।
- receiver রিসিভার ১. ঝুঁকিপূর্ণ সম্পত্তি রক্ষণাবেক্ষণের জন্য আদালতকর্তৃক নিযুক্ত ব্যক্তি। তাঁহার কাজ হইতেছে অপর কোনো ব্যক্তিকে সম্পত্তির সুবিধাভোগের অধিকারলাভে অথবা সাধারণ আইনে প্রতিকারলাভের অপ্রতুলতাহেতু ঋণ-আদায়ে সাহায্য করা। ২. কোম্পানির ঋণপত্রের মর্তানুযায়ী অথবা আদালত কর্তৃক নিযুক্ত ব্যক্তি যাঁহার কাজ হইতেছে দায়বদ্ধ সম্পদ আদায় করিয়া যাঁহারা তাহা পাইবার অধিকারী তাঁহাদের নিকট বিতরণ করা। কোম্পানির ব্যবস্থাপনা করিবার ক্ষমতা রিসিভারের থাঁকিতে পারে। official receiver দ্র.।
- eceiving of stolen property চোরাইমাল গ্রহণ চোরাইমালের একক নিয়ন্ত্রণ লাভ করা বা চোরের বা অপর গ্রহণকারীর সহিত তাহার যৌথ দখল লাভ করা। চোরের উপস্থিতিতে যদি কেহ গুধু চোরাইমাল পরীক্ষা করেন, তাহা হইলে তিনি চোরাইমাল গ্রহণ করিবার অপরাধে দোষী হইবেন না। দণ্ডবিধির ৪১১ ধারা-অনুসারে, যে-ব্যক্তি চোরাইমাল জানা সত্ত্বেও তাহা অসাধুভাবে গ্রহণ বা রক্ষণ করেন, সেই ব্যক্তি তিনবৎসর পর্যন্ত কারাদণ্ডে বা অর্থদণ্ডে দণ্ডিত হইবেন। দণ্ডবিধির ৪১২ ধারায় ডাকাতির মাল গ্রহণ বা রক্ষণের জন্য বর্ধিত শান্তির বিধান করা হইয়াছে। দণ্ডবিধির ৪১৩ ধারা-অনুসারে চোরাইমাল অভ্যাসগতভাবে গ্রহণ বা লেনদেন এবং দণ্ডবিধির ৪১৪ ধারা-অনুসারে চোরাইমাল লুকাইতে বা বিক্রয়্ম করিতে সহায়তা করিবার জন্য শান্তির বিধান করা হইয়াছে। stolen property দ্রি.।
- receiving order দেউলিয়া সম্পত্তি গ্রহণের আদেশ পূর্বে দেউলিয়া মামলায় আদালত প্রদন্ত যে-আদেশবলে খাতকের সম্পত্তি সরকারি রিসিভার বা অছির নিয়ন্ত্রণে নাস্ত করা হইত।

recognition

recidivism n. অপরাধপ্রবণতা, পরাবর্তনপ্রবণতা বি. অপরাধমূলক কার্যকলাপ বা আচরণে পুনর্থস্ত হইবার প্রবণতা। যে-অপরাধপ্রবণতা কিছুতেই সংশোধন হইবার নহে।

- reciprocity n. পারস্পরিকতা, ব্যতিহার বি. কেহ অপরের সহিত যেরপ ব্যবহার করিবেন, তাঁহার নিকট হইতে সেরপ ব্যবহার লাভ করিবেন। সাধারণত কূটনৈতিক বা ব্যবসায়িক সম্পর্কের ক্ষেত্রে এই নীতি অনুসৃত হয়। দুই দেশের মধ্যে বিদ্যমান এমন সম্পর্ক, যখন প্রত্যেক দেশ অপর দেশের নাগরিকদের কতিপয় সুযোগ-সুবিধা প্রদান করে।
- recital n. মুখবন্ধ বি., প্রারম্ভিক বর্ণনা। দলিলের যে-অংশে কতিপয় ঘটনার বর্ণনা দেওয়া হয়, যাহা লেনদেনের মর্মকে কোনোভাবে প্রভাবান্বিত করে না। সাধারণত লেনদেনের কারণ বুঝাইবার জন্য তাহা সন্নিবেশিত হয়। deed দ্র.।
- recklessness n. উদাসীনতা, উচ্ছুঙ্খলতা বি. অপরের ক্ষতি ইইল কি ইইল না সে-সম্পর্কে উদাসীনতা। অপরের অধিকার সম্পর্কে উদাসীনতা। ইহা অবহেলা ইইতে বেশি এবং অভিপ্রায় ইইতে কম ধরনের দোষী মনের পরিচায়ক। উদাসীন বা উচ্ছুঙ্খল ভাবে রাস্তায় গাড়ি ইত্যাদি চালনা দণ্ডনীয় অপরাধ। দণ্ডবিধির ২৭৯, ২৮০, ২৮৪, ১৮৯, ৩০৪ক, ৩৩৭ ও ৩৩৮ ধারা-অনুসারে বেপরোয়াভাবে বা তাচ্ছিল্যভাবে কোনো কাজ করিলে তাহা দণ্ডনীয় অপরাধ।
- recognition n. স্বীকৃতি বি. ১. অনুমোদন বা মনজুরি প্রদান। আনুষ্ঠানিকভাবে
 থীকার করা। কোনো ব্যক্তি, সন্তা বা বস্তুর বিশেষ পদমর্যাদা আনুষ্ঠানিকভাবে স্থীকার করা। ২. (আন্তর্জাতিক আইনে) যে-প্রক্রিয়ায় একটি রাষ্ট্র ঘোষণা করে যে, অন্য
 একটি রাজনৈতিক সন্তা রাষ্ট্র হইবার শর্তসমূহ পূরণ করে এবং উহার সহিত
 আন্তর্জাতিক সম্প্রদায়ের একজন সদস্য হিসাবে ইহা লেনদেন করিতে ইচ্ছুক। কোনো
 নৃতন রাষ্ট্রের জন্ম হইলে সাধারণত স্থীকৃতিদান করা হয়। ৩. কোনো সরকারকে
 একটি রাষ্ট্রের আইনত প্রতিনিধি হিসাবে গ্রহণ। ইহা কার্যত বা আইনত হইতে পারে।
 অপরদিকে স্থীকৃতিদান ব্যক্ত বা নিহিত হইতে পারে। ইংল্যান্ডের আইনে কেবল
 থীকৃতিদানপ্রদন্ত রাষ্ট্র আদালতের এখতিয়ার হইতে সার্বভৌম দায়মুক্তি লাভ করিতে
 পারে; যে-রাষ্ট্রের স্থীকৃতি দেওয়া হয়় নাই, সেই রাষ্ট্র ইংল্যান্ডের আদালতে কোনো
 মামলা দায়ের করিতে পারে না এবং প্রাতিজনিক আন্তর্জাতিক আইনের বিধানঅনুযায়ী কেবল স্থীকৃতিদানপ্রাপ্ত রাষ্ট্রের আইনই প্রয়োগ করা হয়। কোন রাষ্ট্র
 থীকৃতিদানপ্রাপ্ত, সে-সম্পর্কে বিদেশ ও কমনওয়েলথ অফিসের প্রত্যয়নপ্রকে
 ইংল্যান্ডের আদালত চুড়ান্ত বলিয়া গণ্য করেন।

recognition issue স্বীকৃতিদানের প্রশ্ন মালিক কর্তৃক তাঁহার কর্মচারীদের পক্ষ হইতে তাঁহাদের চাকুরির শর্তাবলি সম্পর্কে আলোচনা করিবার জন্য কোনো ট্রেড ইউনিয়ন স্বীকৃতি পাইবার যোগ্য কি না, সেই প্রশ্নে বিরোধ। ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ২২ ধারা-অনুসারে, কোনো শিল্প-প্রতিষ্ঠানের শ্রমিকদের এক-তৃতীয়াংশ যে-ট্রেড ইউনিয়নের সদস্য, সেই ইউনিয়ন একমাত্র ইউনিয়ন হইলে অথবা যে-শিল্প প্রতিষ্ঠানে একাধিক ইউনিয়ন আছে, তাহাদের মধ্য হইতে নির্বাচিত ইউনিয়নই শ্রমিকদের পক্ষ হইতে দরকষাক্ষি করিবার স্বীকৃত প্রতিনিধি।

recognizance ব্যক্তিগত মুচলেকা শর্তভঙ্গ করিলে আসামি (বা তাঁহার পক্ষে জামিনদার) কর্তৃক নির্দিষ্ট পরিমাণ অর্থ বাজেয়াপ্ত করিতে দিবার অঙ্গীকার। ফৌজদারি কার্যবিধির ৭৬ ধারা-অনুসারে, আদালত গ্রেপ্তারি পরওয়ানা জারি করিবার সময়ে আসামি আদালতে হাজির হইবার জন্য জামিনদারসহ মুচলেকাপ্রদানে আদেশ দিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ৫৪ ধারা-অনুসারে, সন্দেহের বশবর্তী হইয়া পুলিশ কোনো ব্যক্তিকে গ্রেপ্তার করিয়া তাঁহার বিরুদ্ধে যথেষ্ট প্রমাণ না পাইলে বা তাঁহাকৈ আদালতে প্রেরণ করা ন্যায়সংগত মনে করিলে তাঁহাকে মুচলেকাগ্রহণে ছাড়িয়া দিতে পারে। বর্তমানে বাতিলকৃত ফৌজদারি কার্যবিধির ৫৬২ ধারা-অনুসারে, কতিপয় ক্ষেত্রে আসামি বিচারে দোষী সাবান্ত হইলে তাঁহাকে কারাদও প্রদান না করিয়া সদাচরণের মুচলেকাগ্রহণে ছাড়িয়া দিবার বিধান ছিল। ফৌজদারি কার্যবিধির ১০৬-১১০ ধারা-অনুসারে দওপ্রাপ্ত ব্যক্তিকে শান্তিরক্ষা করিবার জন্য, রাষ্ট্রদ্রোহিতামূলক কর্মকাও হইতে বিরত রাখিবার জন্য, সন্দেহভাজন ও ভবঘুরে ব্যক্তি এবং অভ্যাসগত অপরাধীদের সদাচরণের জন্য ম্যাজিস্ট্রেট মুচলেকাপ্রদানের আদেশ দিতে পারেন।

recognized provident fund অনুমোদিত ভবিষ্য তহবিল provident fund, recognized দ্ৰ.।

reconciliation n. পুনর্মিলন, বিরোধাবসান বি. ১. বিচ্ছিন্ন স্বামী-দ্রীর মধ্যে পুনর্মিলন। দাম্পত্য অধিকার পুনরুদ্ধার বা বিবাহবিচ্ছেদের মামলায় বিচ্ছিন্ন স্বামী-দ্রীর মধ্যে বিরোধ দূর করিয়া তাঁহাদের পুনর্মিলন ঘটাইবার জন্য পারিবারিক আদালত উভয়পক্ষকে ঝাস কামরায় ডাকিয়া আলাপ-আলোচনা করিতে পারেন। ২. কোনো শিল্প বা কারখানায় মালিক ও শ্রমিকদের মধ্যে শিল্প-বিরোধ উপস্থিত হইলে ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ২৭ক ও ২৯ ধারার বিধান-অনুসারে বিরোধ-নিম্পত্তিকারী উভয়পক্ষের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে বিরোধ দূর করিতে পারেন।

reconstruction of a company কোম্পানির পুনর্গঠন স্বেচ্ছায় অবসায়নের ক্ষেত্রে কোনো নিবন্ধিত কোম্পানির সম্পত্তি অন্য একটি কোম্পানির নিকট শেষোক্ত কোম্পানি-কর্তৃক শেয়ারের বিনিময়ে হস্তান্তর করিয়া সেই শেয়ার অবসায়িত কোম্পানির সদস্যদের মধ্যে বিতরণ। (সদস্যদের স্বেচ্ছায় অবসায়নের ক্ষেত্রে) বিশেষ সিদ্ধান্তবলে অবসায়ক বা (পাওনাদারদের স্বেচ্ছায় অবসায়নের ক্ষেত্রে) অবসায়ন কমিটি, বা আদালতের অনুমতিক্রমে অবসায়ক কোম্পানির পুনর্গঠন সম্পন্ন করেন। যে-সদস্য এইরূপ ব্যবস্থায় সম্মত না হন, তিনি তাঁহার শেয়ার ক্রয় করিয়া লইবার জন্য অবসায়ককে বাধ্য করিতে পারেন। scheme of arrangement দ্র.।

- reconveyance deed ফেরভ-কবলা বি. ক্রেডা যদি এই শর্তে জমি ক্রয়্ম করেন যে, বিক্রেডা নির্দিষ্ট সময়ের মধ্যে মূল্যের টাকা ফেরভ দিলে তাঁহাকে জমি ফেরড দিবেন, তাহা হইলে যে-দিলিন্মূলে জমি ফেরড দেওয়া হয়, তাহাকে ফেরড-কবলা বলা হয়। অপ্রক্রয়ের মোকদ্দমা দায়েরের পূর্বেই নালিশি কবলার প্রহীতা নালিশি জমির জন্য দাতাকে ফেরড-কবলা দলিল করিয়া দিলে অপ্রক্রয়ের মোকদ্দমা চলিতে পারে না। অপ্রক্রয় মোকদ্দমা দায়েরের পর ফেরড-কবলা হইলে অপ্রক্রয়ের মোকদ্দমা ক্ষতিগ্রস্ত ইইবে না। Abul Hossain v. Masim Ali 19 DLR 677 দ্র.।
- record n. নিথ বি. যে-সকল দলিলদ্বারা আদালতে পেশকৃত কোনো কার্যধারার নির্ভরযোগ্য বিবরণী সৃষ্ট হয়। আরজি, জবাব, পরওয়ানা, আদেশপত্র, আদেশ বা রায় ইহার অন্তর্ভূক্ত। সাধারণত পেশকৃত সাক্ষ্য ইহার অন্তর্ভূক্ত নহে। বাংলাদেশে অবশ্য কোনো মামলায় গৃহীত বাচনিক ও দালিলিক সাক্ষ্যপ্রমাণও কোনো কার্যধারার নথির অন্তর্ভূক। উচ্চ আদালত আপিল, পর্যালোচনা বা সারশিওরাই মামলা বিচারের সময়ে অধন্তন আদালতের সংশ্লিষ্ট নথি তলব করিয়া লইয়া তাহা বিবেচনা করিয়া থাকেন। certiorari ও quashing order দ্র.।
- recorder n. রেকর্ডার বি. ইংল্যান্ডে কোনো ব্যারিন্টার বা সলিসিটরকে খণ্ডকালীন বিচারক নিযুক্ত করিলে রেকর্ডার বলা হয়। রেকর্ডারগণকে বংসরে অন্ততপক্ষে চার সপ্তাহ বিচারকার্যে অংশগ্রহণ করিবার জন্য সবসময়ে পাওয়া যাইবে, এই মর্মে সম্মত ইইতে হয়। ইহার বিপরীত হইতেছেন উপবিচারকগণ যাঁহাদের অ্যাডহক ভিত্তিতে নিয়োগ করা হয়। রেকর্ডারগণ সাধারণত ক্রাউন কোর্টে বিচারে বসেন, কিন্তু তাঁহারা হাইকোর্টেও বসিতে পারেন।
- recoverable adj. পুনরুদ্ধরণীয়, পুনর্লভ্য বিণ. যাহা আইনসম্বত অধিকারবলে পুনরুদ্ধার করা যাইতে পারে বা পুনরুদ্ধার করা সম্ভবপর। পাওনাদার বা দখলদারের নিকট হইতে আইনি প্রক্রিয়ায় প্রাপ্তব্য।
- recovery n. পুনরুদ্ধার বি. আদালতে মামলা দায়ের করিয়া জবরদখলকারীর নিকট হইতে পুনরায় জমির দখল। সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৯ ধারা-অনুসারে বেদখলের ছয় মাসের মধ্যে জবরদখলকারীর বিরুদ্ধে দেওয়ানি আদালতে মামলা দায়ের করিয়া

স্থাবর সম্পত্তির দখল উদ্ধার করা যায়, তবে কোনো স্থাবর সম্পত্তিতে ক্রতের ভিত্তিতে তাঁহার দখল উদ্ধার করা যায় দেওয়ানি কার্যবিধিতে উল্লিখিত বিধান-অনুসারে।

recovery of costs মামলার খরচ উদ্ধার bill of costs দ্র.।

recovery of possession দখল-উদ্ধার বি. বেদখল হইতে দখল-উদ্ধারের মোকদ্দমা বিষয়বস্তুর মূল্যের উপর কোর্ট ফি প্রদানে দাখিল করিতে হয়। সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৯ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি নালিশি বস্তু হইতে বেদখল হইলে বেদখলের ছয় মাসের মধ্যে মোকদ্দমা রুজু করিলে বিষয়বস্তুর অর্ধেক কোর্ট ফি প্রদানে মোকদ্দমা করিতে পারেন। তামাদি আইনের ১৪২ ধারা-অনুসারে, বেদখল ইইবার ১২ বৎসরের মধ্যে দখল-উদ্ধারের মোকদ্দমা করিতে হইবে; না করিলে দখল-উদ্ধারের অধিকার বিলুপ্ত হইয়া যাইবে। দখল-উদ্ধারের মোকদ্দমায় বাদীকে প্রমাণ করিতে হইবে যে, মোকদ্দমা দায়েরের পূর্বে ১২ বৎসরের অনুর্ধ্ব কালের মধ্যে তিনি বেদখল ইইয়াছেন।

recovery of premises বাড়িঘর-পুনরুদ্ধার যে-ব্যক্তিকে তাঁহার সম্পত্তি হইতে বেআইনিভাবে বেদখল করা হইয়াছে, তাঁহার দখল পুনরায় ফেরত পাইবার অধিকার অথবা আদালতের কোনো কর্মকর্তার উক্ত উদ্দেশ্যে দেওয়া রায় বলবৎ করিবার অধিকার। দওবিধির ৪৪৮ ধারার বিধান-অনুসারে, গৃহ জবরদখল করা দওনীয় অপরাধ। উক্ত অপরাধে কেহ দণ্ডিত হইলে ফৌজদারি কার্যবিধির ৫২২ ধারার বিধান-অনুসারে ফৌজদারি আদালত যে-ব্যক্তিকে দখলচ্যুত করা হইয়াছে, তাঁহাকে দখল ফেরত দিবার জন্য আদেশ দিতে পারেন। অন্যথায় দেওয়ানি আদালতের ডিক্রির মাধ্যমে দখল উদ্ধার করা যায়।

rectification n. সংশোধন বি. পক্ষদের সমঅভিপ্রায় যদি গুদ্ধভাবে দলিলে প্রকাশিত না হয়, তাহা হইলে দলিল গুদ্ধকরণ। আদালতে মামলা করিয়া হস্তান্তর দলিল, বন্দোবস্ত দলিল বা চুক্তিপত্র এবং কোম্পানির কতিপয় খাতাপত্রে ভুল সংশোধন করা যায়। তৃতীয় কোনো ব্যক্তির স্বার্থ কুণু না হইলে উভয়পক্ষ চুক্তির মাধ্যমে দলিলের ভুল সংশোধন করিতে পারেন। সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৩১ ধারায় দলিল-সংশোধনের বিধান বর্ণিত হইয়াছে।

rectification of will ইচ্ছাপত্র সংশোধন ইংল্যান্ডের ১৯৮২ সালের বিচার প্রশাসন আইনের বিধান-অনুসারে, যে-ইচ্ছাপত্র ইচ্ছাপত্রকারীর অভিপ্রায় প্রকাশে বার্থ হয়, তাহা আদালত সংশোধন করিতে পারেন। করণিক ভুল বা ইচ্ছাপত্রকারীর নির্দেশ বৃঝিবার ভ্রমবশত ইহা ঘটিয়াছে, এই মর্মে আদালত সন্তুষ্ট হইলেই মাত্র সংশোধনের আদেশ দিতে পারেন। বাংলাদেশে ১৯২৫ সালের উত্তরাধিকার আইনের ৭৭ ও ৭৮ ধারার বিধান-অনুসারে, ইচ্ছাপত্র সম্পূর্ণভাবে ব্যক্ত করিবার জন্য যথাযথ শব্দ বাদ

পড়িয়া থাকিলে প্রাসঙ্গিকতা হইতে তাহা পূরণ করা যায় অথবা যাহার উত্তরদান অভিপ্রেত ছিল, তাহা ইচ্ছাপত্রের বর্ণনা হইতে যথেষ্টভাবে শনাক্ত করা না গেলে অথবা বর্ণনার কোনো অংশ অপ্রযোজ্য হইলে, তাহা বাদ দেওয়া যায়।

reddendum n. রেডেনডাম, ঝাজনার মেয়াদ ইজারা চুক্তির যে-ধারায় খাজনার পরিমাণ ও তাহা পরিশোধ করিবার সময় উল্লিখিত হয়।

redeemed adj. পরিমুক্ত, পরিক্রীত বিণ. (বন্ধকি সামগ্রী সম্বন্ধে) প্রয়োজনীয় অর্থ পরিশোধপূর্বক ছাড়াইয়া লওয়া হইয়াছে, এমন। ইহাকে রেহেন-উদ্ধারের অধিকার বনা হয় এবং এই অধিকার হইতে উদ্ভূত মামলাকে রিডেমশনের মামলা বনা হয়। সম্পত্তি-হস্তান্তর আইনের ৬০ ধারায় রেহেনদাতার অধিকার সম্পর্কে আলোচনা করা ইইয়াছে। redemption দ্র.।

redress n. প্রতিকার, প্রতিবিধান বি. নিবারণ বা দমন। প্রতিকার বা প্রতিবিধান অনেষণের উপায় ইহার অন্তর্ভক্ত।

reduction of capital মৃলধন-হাসকরণ নিবন্ধিত কোম্পানির শেয়ার-মূলধন ব্রাস কর। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৫৯ ধারার বিধান-অনুসারে, সীমিতদায় কোম্পানি সংঘবিধিসমূহদ্বারা ক্ষমতাপ্রাপ্ত হইলে আদালতের অনুমোদনসাপেক্ষে কোম্পানি সংঘবিধিসমূহদ্বারা ক্ষমতাপ্রাপ্ত হইলে আদালতের অনুমোদনসাপেক্ষে কোম্পানির শেয়ার-মূলধন ব্রাস করিবার সিদ্ধান্তের মাধ্যমে নিম্নলিখিত যে-কোনো প্রকারে তাহা ব্রাস করিতে পারিবে, এবং বিশেষত এই সাধারণ ক্ষমতার অংশ-হিসাবে উক্ত কোম্পানি— (ক) অপরিশোধিত শেয়ার-মূল্য বাতিল বা ব্রাস করিতে পারিবে; (খ) শেয়ার-মূল্য বাতিল বা ব্রাস করিয়া বা না করিয়া কোম্পানির প্রাপ্ত সম্পদ নষ্ট হইলে বা ব্রাস পাইলে কোনো পরিশোধিত শেয়ার-মূলধন বাতিল করিয়া বা না করিয়া পরিশোধিত মূলধনের কোনো অংশ ফেরত দিতে পারিবে; (ঘ) প্রয়োজনমতো কোম্পানির সংঘম্মারক সংশোধনক্রমে ইহার শেয়ার-মূলধনের পরিমাণ এবং তদানুসারে শেয়ারসমূহ ব্রাস করিতে পারিবে। share capital দ্র.।

redundancy n. প্রয়োজনাতিরিক্ততা বি. কোনো শ্রমিকের চাকুরির প্রয়োজন না থানিলে তাঁহার মালিক তাঁহাকে চাকুরি হইতে ছাঁটাই করিতে পারেন। ছাঁটাই করিবার শর্ত, পদ্ধতি ও ছাঁটাইকৃত শ্রমিকের পুনর্নিয়োগের বিধান ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ১২-১৪ ধারায় বর্ণিত হইয়াছে। এতৎসহ redundancy payment দ্র.।

redundancy payment ছাঁটাইকৃত শ্রমিকের পাওনা-পরিশোধ ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ১২ ধারার বিধান-অনুসারে, শ্রমিককে ঘাঁটাইয়ের পূর্বে এক মাসের লিখিত নোটিশ না দিলে এক মাসের মজুরি এবং তাঁহাকে ক্ষতিপূরণবাবদ প্রতি সম্পূর্ণ বৎসর চাকুরিকালের জন্য এক মাসের করিয়া মজুরি বা গ্রাচুইটি, যাহা বেশি হয়, তাহা পরিশোধ করিতে হয়।

- re-engagement order পুনর্নিয়োগের আদেশ কোনো শ্রমিককে তাঁহার মালিক অবৈধভাবে চাকুরিচ্যুত করিলে ইংল্যান্ডে শিল্প ট্রাইব্যুনাল যে-পদ হইতে তাঁহাকে বরখান্ত করা হইয়াছে, তাহার তুল্য বা অপর কোনো উপযুক্ত পদে নিয়োগ করিবার জন্য মালিকের প্রতি যে-আদেশ প্রদান করেন (পুনর্বহালের আদেশের সপ্রে তুলনীয়)। যেমন, শিল্প-পুনর্গঠনের ফলে শ্রমিকের পূর্বের চাকুরির অন্তিত্ব না থাকিলে ও তাঁহাকে অনুরূপ ভিন্নপদে নিয়োগপ্রদান সম্ভব হইলে, পুনর্নিয়োগের আদেশ প্রদান করা যাইতে পারে। উক্তরূপ আদেশে ট্রাইব্যুনাল নৃতন চাকুরির প্রকৃতি ও পারিশ্রমিক, যে-সকল সুযোগ-সুবিধা ওই শ্রমিককে প্রভ্যুপণ করিতে হইবে এবং যে-তারিখের মধ্যে তাঁহাকে পুনর্নিয়োগ করিতে হইবে, তাহা নির্দেশ প্রদান করেন। কোনো মালিককে ওইরূপ আদেশ পালন করিতে বাধ্য করা যায় না। তবে তিনি তাহা পালনে ব্যর্থ হইলে ট্রাইব্যুনাল অতিরিক্ত পরিমাণ অর্থ প্রদানসহ সাধারণ নিয়মে ক্ষতিপূরণ প্রদানের আদেশ দিবেন।
 - e-entry n. পুনঃপ্রবেশ বি. ইজারাস্বত্ব বাজেরাপ্ত করিবার পর ভূম্যধিকারী কর্তৃক ইজারা দেওয়া ভূমির দখলে পুনঃপ্রবেশ করা। আদালতের আদেশ ভিন্ন পুনঃপ্রবেশের উপর বিধিনিষেধ আছে। পুনঃপ্রবেশের অধিকার বলবৎ করিবার স্বাভাবিক পদ্ধতি হইতেছে দখলের জন্য আদালতে মামলা দায়ের করা। এতৎসহ eviction দ্র.।
- re-examination n. পুনঃপরীক্ষা বি. প্রতিপক্ষ কর্তৃক সান্ধীর জেরা সমাপ্ত হইবার পর যে-পক্ষ প্রথমে তাঁহাকে সাক্ষ্যপ্রদানের জন্য আদালতে হাজির করিয়াছে, সে-পক্ষ কর্তৃক ওই সাক্ষীকে প্রশ্ন করা। পুনঃপরীক্ষায় উত্তর-নির্দেশক প্রশ্ন করা যায় না। জেরায় যে-সকল বিষয় উত্থাপিত হইয়াছে, সে-সম্পর্কে পুনঃপরীক্ষায় প্রশ্ন করা যায়। তথু আদালতের অনুমতিক্রমে নৃতন কোনো বিষয় উত্থাপন করা যায়। সাক্ষ্য-আইনের ১৩৮ ধারা-অনুসারে, যে-সকল বিষয়ে পুনঃপরীক্ষায় সাক্ষীকে প্রশ্ন করা যাইবে, তাহা উদ্ধিতি আছে। উক্ত বিধান-অনুযায়ী পুনঃপরীক্ষায় কোনো নৃতন বিষয় আদালতের অনুমতিক্রমে অবতারণা করা হইলে প্রতিপক্ষ সে-বিষয়ে সাক্ষীকে আরো জেরা কবিতে পারে।
- referee n. রেক্টারি, সালিশ বি. যে-ব্যক্তির নিকট তাঁহার অভিমতের জন্য কোনো বিরোধের বিষয় প্রেরণ করা হয়। এতৎসহ official referee ও referee দ্র.।
- reference n. রেফারেন্স, প্রেরণ বি. কোনো আদালত কর্তৃক সিদ্ধান্ত বা অভিমতের জন্য অপর একটি আদালত বা সালিশের (রেফারির) নিকট কোনো মামলা (কোনো মামলায় উত্থাপিত কোনো বিচার্য বিষয়) প্রেরণ। ইংল্যান্ডে হাইকোর্ট কোনো মামলা

৮৯৫ reformation

বা তাহাতে উত্থাপিত ঘটনা-সম্পর্কিত কোনো প্রশ্ন বা বিচার্য-বিষয় বিচারের জন্য সরকারি সালিশের নিকট পাঠাইতে পারেন। কাউন্টি কোর্ট কোনো মামলা অভিমত বা প্রতিবেদনের জন্য রেজিন্ট্রারের (বর্তমানে জেলা জজ) নিকট পাঠাইতে পারেন। রোম চুক্তির অধীনে কমিউনিটি আইনের কোনো প্রশ্ন প্রাথমিক সিদ্ধান্তের জন্য কোনো আদালত ইউরোপীয় আদালতের নিকট প্রেরণ করিতে পারেন এবং জাতীয় ব্যবস্থায় যে-আদালতের সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো আপিলের বিধান নাই, তাহা অবশ্যই উক্ত আদালতের নিকট প্রেরণ করিতে হইবে।

reference to tax-ombudsman কর-ন্যায়পালের নিকট প্রেরণ ২০০৫ সালের কর-ন্যায়পাল আইনের ২৩ ধারা-অনুসারে, (১) এই আইনের অধীন তদন্ত-পরিচালনা ও সুপারিশপ্রদানের জন্য রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী, জাতীয় সংসদ কর্তৃক প্রতিটি অভিযোগ বা অন্য কোনো বিষয় রেফারেঙ্গ-আকারে কর-ন্যায়পালের নিকট প্রেরণ করিতে ইইবে। (২) উপ-ধারা (১)-এর অধীন কোনো রেফারেঙ্গ প্রেরিত ইইলে কর-ন্যায়পাল উক্ত অভিযোগ বা বিষয়ে দ্রুত তদন্ত পরিচালনা করিবেন এবং যুক্তিসংগত সময়ের মধ্যে তাঁহার সুপারিশ রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী, বা জাতীয় সংসদের নিকট প্রেরণ করিবেন।

referendum n. গণভোট বি. ১. রাষ্ট্রের আইনসভাকর্তৃক প্রণীত কোনো আইন, সাংবিধানিক সংশোধন কিংবা কোনো গুরুত্বপূর্ণ জনস্বার্থসংখ্রিষ্ট বিষয় সর্বসাধারণের ভোটে চূড়ান্ত অনুমোদনের উদ্দেশ্যে জনসাধারণের নিকট প্রেরণ করিবার প্রক্রিয়া। ২. উক্ত পদ্ধতিতে গৃহীত ভোট। সংবিধানের ১৪২ অনুচ্ছেদের (১ক) উপ-অনুচ্ছেদ-অনুসারে, (১) দফায় যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও এই সংবিধানের প্রস্তাবনার অথবা ৮, ৪৮ বা ৫৬ অনুচ্ছেদ অথবা এই অনুচ্ছেদের কোনো বিধানাবলির সংশোধনের ব্যবস্থা রহিয়াছে এইরূপ কোনো বিল উপরি-উক্ত উপায়ে গৃহীত হইবার পর সম্বতির জন্য রষ্ট্রেপতির নিকট উপস্থাপিত হইলে, উপস্থাপনের সাত দিনের মধ্যে তিনি বিলটিতে সম্মতিদান করিবেন কি করিবেন না, এই প্রশ্নুটি গণভোটে প্রেরণের ব্যবস্থা করিবেন।

referential settlement উল্লেখপূর্বক মীমাংসা পরিবর্তন করিয়া বা না করিয়া পূর্ববর্তী একটি মীমাংসার শর্তাবলি উল্লেখপূর্বক তাহা অন্তর্ভুক্ত করিয়া যে-মীমাংসা করা হয়। যদি দুইটি মীমাংসা অসামঞ্জস্যপূর্ণ হয় তাহা হইলে উভয় দলিল একত্রে বিবেচনা করিয়া ভিন্ন কিছু উল্লেখপূর্বক মীমাংসা করিলে দুই দলিলের যথাযথ অর্থ সম্পর্কে দুরুহ প্রশ্নের সৃষ্টি হইতে পারে।

reformation n. দোষসংশোধন, নিবর্তন একটি ন্যায়পরতানির্ভর প্রতিকার, যদ্মারা সচরাচর জালিয়াতি বা পারস্পরিক ভ্রম-সংশোধনার্থে (যেমন, একটি দলিলে সম্পত্তির refoulement bab

অসম্পূর্ণ বর্ণনা) পক্ষদ্বয়ের প্রকৃত অভিপ্রায় প্রতিফলিত করিবার উদ্দেশ্যে আদালত একটি লিখিত চুক্তির অদলবদল করিতে পারেন।

- refoulement n. প্রতিসারণ বি. এক রাষ্ট্র হইতে অন্য রাষ্ট্রে একজন শরণার্থীর বহিষ্করণ বা প্রত্যাবর্তন।
- refreshing memory শৃতি জাপ্রত করা সাক্ষ্যপ্রদানের সময়ে কোনো সাক্ষী যে ঘটনা ভুলিয়া গিয়াছেন, সে-ঘটনা সম্পর্কে তাঁহার শৃতি জাপ্রত করিবার জন্য তিনি সংশ্লিষ্ট ঘটনার সময়কার লিখিত দলিল দেখিতে পারেন, যদি সে-ঘটনা তাঁহার শৃতিতে জাপ্রত থাকিবার সময়ে তিনি তাহা যথার্থ বলিয়া গণ্য করিয়া থাকেন। সাক্ষ্য আইনের ১৫৯ ধারায় বলা হইয়াছে যে, সাক্ষ্যপ্রদানের সময়ে সাক্ষী কোনো লেনদেন সম্পর্কে লেনদেনের সময়ে বা তাহার অল্পনেই তাঁহার শৃতিতে তাহা জাপ্রত অবস্থায় লিপিবদ্ধ করিয়া থাকিলে অথবা তাহা তথন অপর কোনো ব্যক্তি লিপিবদ্ধ করিয়া থাকিলে অথবা তাহা তথন পাঠ করিয়া যথার্থ মনে করিয়া থাকিলে, সে-সম্পর্কে তাঁহাকে প্রশ্ন করা হইলে তিনি তাহা দেখিয়া সাক্ষ্য প্রদান করিতে পারেন এবং কোনো বিশেষজ্ঞ সাক্ষী তাঁহার শৃতি জাপ্রত করিবার জন্য তাঁহার পেশা-সম্পর্কিত কোনো বই দেখিতে পারেন।
- refugee n. শরণার্থী বি, নিগ্রহের কারণে যে-ব্যক্তি কোনো দেশ হইতে পলায়নপূর্বক বা বহিষ্কৃত হইয়া অন্য কোনো দেশে আশ্রয় প্রার্থনা করেন। যে-ব্যক্তি বিশেষত ধর্মীয় নির্যাতন বা রাজনৈতিক সংক্ষোভ হইতে আত্মরক্ষার জন্য অন্যদেশে আশ্রয়গ্রহণ করেন।
- refuse vb. & n. ১. প্রত্যাখ্যান করা, না-মনজুর করা (অনুরোধ, যাচনা বা নিমন্ত্রণ)
 ফিরাইয়া দেওয়া। গ্রহণ করিতে রাজি না হওয়া; প্রস্তাবে রাজি না হওয়া। ২. জঞ্জাল
 বি. আবর্জনা, আগাছা, অবাঞ্ছিত বস্তু।

refuse disposal জঞ্জাল-পরিষার pollution দ্র.।

register n. & vb. ১. দাগুরিক রেকর্জ বি. (একটি আদালতের করণিকের রেকর্জ সম্বন্ধে) যে-বহিতে করণিককে মামলার শিরোনাম লিপিবদ্ধ করিয়া উহার নিচে সময়ে সময়ে তৎসম্পর্কে দাখিলকৃত সকল কাগজপত্র ও আইনগত ব্যবস্থা সংক্ষেপে উল্লেখ করিতে হয়। দেওয়ানি কার্যবিধির ৪ আদেশের ২ নিয়ম-অনুসারে, আদালতে দেওয়ানি মামলার রেজিন্টার নামে একটি বহি থাকিবে এবং প্রত্যেক মামলার বিবরণ উক্ত বহিতে লিপিবদ্ধ করিতে হইবে। প্রতি বৎসর আদালতে আরজিয়হণের ক্রমানুসারে উক্ত বহিতে লিপিবদ্ধ বিবরণগুলির ক্রমিক সংখ্যা দিতে হইবে। ২. নিবন্ধন-বহি বি. যে-বহিতে জন্ম, মৃত্যু, বিবাহ, ভোটার প্রভৃতির দাগুরিক তথ্য লিপিবদ্ধ করা হয়। ৩. নথিভুক্ত করা ক্রি. নিবন্ধন-বহিতে লিপিবদ্ধ করা; তালিকাবদ্ধ করা ৷

- registered adj. নিবন্ধিত বিণ. জেনারেল ক্লজেজ অ্যাকট-অনুসারে, কোনো দলিলের ব্যাপারে ব্যবস্থত 'নিবন্ধিত' অর্থ, দলিল-নিবন্ধনের জন্য প্রাসঙ্গিক সময়ে বলবং আইনের অধীন নিবন্ধিত।
- registered company নিবন্ধিত কোম্পানি ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২(খ) ধারা-অনুসারে, 'কোম্পানি' বলিতে উক্ত আইনের বিধান-অনুযায়ী গঠিত ও নিবন্ধিত বা একটি প্রচলিত কোম্পানিকে বুঝায়। প্রচলিত কোম্পানি বলিতে ১৯১৩ সালের কোম্পানি আইনের (যাহা বাতিল হইয়াছে) বিধান-অনুযায়ী গঠিত ও নিবন্ধিত কোম্পানি বুঝায়। কোম্পানি নানাপ্রকারের হইতে পারে। যেমন, শেয়ারদ্বারা সীমিত কোম্পানি, গ্যারান্টিদ্বারা সীমিত কোম্পানি, প্রাতিজনিক কোম্পানি ও সার্বজনিক কোম্পানি।
- registered design নিবন্ধিত নকশা যে-নকশা পেটেন্ট ও ডিজাইন কার্যালয়ে নিবন্ধিত হইয়াছে। নিবন্ধিত নকশার দ্বারা নকশা-নিবন্ধনকারীকে উৎপাদিত দ্রব্যের উপর একচেটিয়া অধিকার প্রদান করা হয় এবং তাঁহাকে নিবন্ধিত নকশার দ্বারা উৎপাদিত দ্রব্যের অনুরূপ দ্রব্য অন্য কেহ উৎপাদন করিতে পারেন না।
- registered land নিবন্ধিত জমি যে-জমির স্বত্ব নিবন্ধিত হয়। ইংল্যান্ডে জমির স্বত্ব নিবন্ধন করিবার বিধান আছে এবং কতিপয় স্বত্বের জমি— যেমন, ২১ বংসরের উর্ধ্যম্যাদি ইজারাম্বত্ব এবং নিবন্ধন আইন চালু হইবার পর, উত্তরাধিকারযোগ্য নির্বৃঢ় স্বত্বের জমি— নিবন্ধিত করিতে হয়। বাংলাদেশে জরিপের সময়ে জমিত্ত্বে সর্বপ্রকার স্বত্ব লিপিবন্ধ করা হয়। তাহা ছাড়া একশত টাকার অধিক মূল্যের জমি নিবন্ধিত দলিলমূলেই মাত্র হস্তান্তর করা যায়।
- registered office নিবন্ধিত কার্যালয় কোনো নিবন্ধিত কোম্পানির কার্যালয়ের ঠিকানা। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৭৭ ধারায় বলা হইয়াছে যে, প্রত্যেক কোম্পানি নিবন্ধিত হইবার পর ইহার কার্যালয়ের একটি ঠিকানা থাকিতে হইবে এবং তাহা কোম্পানিসমূহের রেজিন্ট্রার বা নিবন্ধককে জানাইতে হইবে।
- register of members সদস্য-বহি কোম্পানির অংশী বা শেয়ারহোন্ডারদের নাম
 ঠিকানা ও শেয়ারের পরিমাণ যে-বহিতে লিপিবদ্ধ করা হয় এবং যাহা কোম্পানির
 নিবন্ধিত কার্যালয়ে রাখা হয়। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৩৪ ধারায় বলা
 হইয়াছে যে প্রত্যেক কোম্পানিকে এক বা একাধিক সদস্য-বহি রাখিতে হইবে এবং
 তাহাতে সদস্যদের নাম, ঠিকানা, পেশা, শেয়ারের পরিমাণ ও নম্বর, পরিশোধিত
 অর্থের পরিমাণ, সদস্য হইবার ও সদস্যপদ হইতে বিলুপ্ত হইবার তারিখ উল্লেখ
 করিতে হইবে।

षारेन-गम्पकाषः : ৫१

registrar ৮৯৮

registrar n. রেজিক্রার, নিবন্ধক বি. কোম্পানিসমূহের নিবন্ধক নামক কর্মকর্তা,
যাঁহার দায়িত্ব হইতেছে কোম্পানির নিবন্ধন করা ও বহিতে তাহার বিবরণ লিপিবদ্ধ
করা। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২(দ) ধারায় নিবন্ধক বলিতে কোনো নিবন্ধক
বা অন্য কোনো কর্মকর্তাকে বুঝাইবে, যে-নামেই তাঁহাকে অভিহিত করা হউক না
কেন, যিনি এই আইনের অধীনে কোম্পানিসমূহ নিবন্ধনের দায়িত্ব পালন করিতেছেন।

registration certificate নিবন্ধনপত্র বি. কোম্পানির অস্তিত্বের স্বীকৃতিপত্র। কোম্পানি নিবন্ধন-কর্তৃপক্ষ কোম্পানির অনুকূলে এই পত্র প্রদান করিয়া থাকে। কোম্পানির পরিচালনার ক্ষেত্রে এই পত্র খুবই গুরুত্বপূর্ণ।

registration law রেজিট্রেশন আইন রেজিট্রেশন আইন লেনদেনকে নিয়ন্ত্রণ না করিয়া কেবল দলিলকে নিয়ন্ত্রণ করে। কোনো দলিলের অস্তিত না থাকিলে মৌথিক সম্মতির উপর প্রতিষ্ঠিত চুক্তি রেজিষ্ট্রেশন আইনের আওতায় আসিবার প্রশু আসে না। দলিল রেজিট্রেশনের উদ্দেশ্য হইল সমস্ত পৃথিবীকে বিজ্ঞপ্তি দিয়া জানানো যে, একটি দলিল সম্পাদিত হইয়াছে। প্রতারণা এবং জালিয়াতি নিবত্ত করাও রেজিন্ট্রেশন আইনের উদ্দেশ্য। যে-সকল লেনদেন সম্পত্তির স্বত্ত প্রভাবিত করে, তাহার পূর্ণাঙ্গ এবং নির্ভরযোগ্য হিসাব রাখা রেজিন্ট্রেশন আইনের উদ্দেশ্য বটে। বাংলাদেশে রেজিন্ট্রেশন বিভাগের একজন ইনসপেক্টর জেনারেল আছেন। ইন্সপেক্টর জেনারেলের নিচে রেজিক্টার ও সাব-রেজিক্টার নিয়োজিত আছেন। সরকার রেজিস্ট্রেশন-কর্মের সুবিধার জন্য সারাদেশকে জেলায় এবং উপজেলায় বিভক্ত করে এবং তাহা গেজেটে বিজ্ঞাপিত করে। কোন শ্রেণীর দলিল রেজিন্ট্রি করিতে হইবে তাহা আইনে স্পষ্ট উল্লেখ আছে। যে-শ্রেণীর দলিলের কথা আইনে বলা হয় নাই, সেইগুলি রেজিট্রি না করিলে কোনো দোষ হয় না। যে-সকল দলিল আইন-অনুযায়ী অবশ্যই রেজিন্ট্রি করিতে ইইবে, সে-সকল দলিল রেজিন্ট্রিকৃত না হইলে ওই দলিলদ্বারা কোনো আদান-প্রদান প্রমাণিত হয় না। স্থাবর সম্পত্তি দানের দলিল অবশ্যই রেজিট্রি করিতে হইবে।

registration of birth জন্ম-নিবন্ধন জনা ও মৃত্যু নিবন্ধনকরণ আইনের বিধানঅনুসারে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক জন্ম নিবন্ধনকরণ। কোনো শিশুর জন্মের পর নির্দিষ্ট
সময়ের মধ্যে ওই শিশুর পিতামাতা, বা যে-হাসপাতাল বা ক্লিনিকে শিশুর জন্ম হয়,
তাহার কর্তৃপক্ষ কর্তৃক সে-খবর নিবন্ধন-কর্তৃপক্ষের নিকট লিপিবদ্ধ করিবার জন্য
প্রেরণ করিতে হয়। জন্মের তারিখ, স্থান, শিশুর লিন্ধ এবং পিতামাতার নামধাম
প্রভৃতি বৃত্তান্ত সংবাদ-প্রেরণকারীকে অবশ্যই পাঠাইতে হয়, যেন তাহা জন্ম-নিবন্ধন
বহিতে লিপিবদ্ধ করা যায়। নগর কর্পোরেশন, পৌরসভা বা ইউনিয়ন পরিষদ জন্ম
বা মৃত্যুর নিবন্ধন করে এবং জন্ম বা মৃত্যুর প্রত্যয়নপত্র প্রদান করে।

- registration of company কোম্পানি-নিবন্ধন কোনো নিগমবন্ধ কোম্পানি গঠন করিবার অতি সাধারণ পদ্ধতি। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৩ ধারার বিধান-অনুসারে একটি কোম্পানির সংঘস্মারক ও সংঘবিধিসমূহ নিবন্ধকের নিকট দাখিল করিতে হইবে এবং তিনি উক্ত আইনের অবশ্যপূরণীয় শর্তাদি পালন করা সম্পর্কে সম্ভুষ্ট হইলে তাহা গ্রহণ ও নিবন্ধন করিবেন।
- registration of death মৃত্যু-নিবন্ধন জনা ও মৃত্যু নিবন্ধনকরণ আইনের বিধানঅনুসারে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক মৃত্যু নিবন্ধনকরণ। কোনো ব্যক্তির মৃত্যু ইইলে
 নিবন্ধন-কর্তৃপক্ষের নিকট নির্দিষ্ট সময়ের মধ্যে ওই ব্যক্তির মৃত্যুসংবাদ তাঁহার
 কোনো নিকটান্বীয়, বা যে-হাসপাতাল বা ক্লিনিকে তাঁহার মৃত্যু ইইয়াছে, তাহার
 কর্তৃপক্ষ কর্তৃক জনা ও মৃত্যু-নিবন্ধন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হয়। মৃত্যুর
 তারিখ, স্থান, মৃত ব্যক্তির নাম, ঠিকানা, লিঙ্গ, পেশা ও মৃত্যুর কারণ সম্পর্কে বৃত্তান্ত
 সংবাদ প্রেরণকারী অবশ্যই প্রদান করিবেন। জনা ও মৃত্যু নিবন্ধন-কর্তৃপক্ষ মৃত্যুর
 প্রত্যয়নপত্র প্রদান করিয়া থাকেন।
- registration of encumbrances দায়-নিবন্ধন স্থাবর সম্পত্তি একশত টাকার অধিক দেনার দায়ে বন্ধক দেওয়া হইলে তাহা ১৯০৮ সালের নিবন্ধন আইনের বিধান-অনুযায়ী নিবন্ধন করা বাধ্যতাসূলক। কিন্তু ঢাকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম শহরে এবং সরকারি গেজেটে বিজ্ঞাপিত অন্য কোনো শহরে স্বত্বের দলিল জমার মাধ্যমে সৃষ্ট দায় নিবন্ধন করিতে হয় না। স্থাবর সম্পত্তির উপর সৃষ্ট দায় নিবন্ধন করা হইলেই, মাত্র তাহা তৃতীয় ব্যক্তির উপর বাধ্যকর হয়। সেইজন্য কোনো স্থাবর সম্পত্তি খরিদ করিতে হইলে ক্রেতাকে নিবন্ধন কার্যালয়ে তল্লাশ করিয়া ওই সম্পত্তি দায়বদ্ধ কি না তাহা জানিয়া লইতে হয়।
- registration of gift of property সম্পত্তিদান-নিবন্ধন স্থাবর সম্পত্তি লিখিতভাবে দান করিলে, ভাহার মূল্য যাহাই হউক না কেন, ভাহা অবশাই নিবন্ধন করিতে হইবে। দাতার ইচ্ছার বিরুদ্ধে অথবা ভাহার মূত্যুর পরে কোনো দানপত্রের নিবন্ধন কার্যকর হইবার কারণে দানপত্র অবৈধ গণ্য হইবে না। কোনো মুসলমান কর্তৃক দানের বৈধতা মুসলিম আইনের বিধান-অনুসারে করিতে হইবে। নিবন্ধন এমন একটি বিষয় নহে যাহা একটি অবৈধ দানকে বৈধতা দান করিবে। কাজেই মুসলিম আইন-অনুসারে কোনো দান বৈধ হইতে হইলে মুসলিম আইন-অনুসারে যে-সকল শর্ত পূরণ করিতে হয়, তাহা পূরণ না করিলে উহার নিবন্ধন উহাতে বৈধতা আনয়ন করিবে না। মুসলিম আইন-অনুসারে দানকে বৈধ করিবার জন্য উহা লিখিবার প্রয়োজন নাই। কোনো মুসলিম কর্তৃক সম্পাদিত দানপত্র দানসৃষ্টি এবং দান কার্যকর করিবার দলিল হিসাবে গণ্য না হইয়া তথুমাত্র সাক্ষ্য হিসাবে গণ্য হয়। বর্তমান মুসলিম আইন-অনুসারে কোনো দান ঘোষিত হইলে তদ্ধাপ ঘোষণাপত্রিটি অবশাই রেজিন্ত্রি করিতে হইবে।

- registration of marriage বিবাহ-নিবন্ধন ১৯৭৪ সালের মুসলমান বিবাহ ও বিবাহবিচ্ছেদ (নিবন্ধন) আইনের বিধান-অনুসারে, সরকার-নিযুক্ত নিকাহ রেজিন্টার মুসলমানদের বিবাহ নিবন্ধন করেন। বাংলাদেশে খ্রিষ্টানদের বিবাহ ১৮৭২ সালের খ্রিষ্টান বিবাহ আইন-অনুসারে নিবন্ধন করিতে হয়। কিন্তু হিন্দু বা বৌদ্ধদের বিবাহ নিবন্ধনের বিধান নাই।
- registration of merchant ship বাণিজ্যিক জাহাজ নিবন্ধন বাণিজ্যিক জাহাজ আইনের বিধান-অনুযায়ী বাণিজ্যিক জাহাজ নিবন্ধন করিতে হয়। যে-দেশে বাণিজ্যিক জাহাজ নিবন্ধন করা হয়, ওই জাহাজ সে-দেশের পতাকাবাহী জাহাজ হিসাবে পরিচিত।
- registration of title স্বজ্-নিবন্ধন land registration দ্ৰ.।
- regular force নিয়মিত বাহিনী কোনো দেশের সামরিক বাহিনী। সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী ইহার অন্তর্ভুক্ত। অতিরিক্ত বাহিনী বা সংরক্ষিত বাহিনী ইহার অন্তর্ভুক্ত নহে।
- regularization n. বিধিসম্মতকরণ বি. 'বিধিসম্মত' বা 'বিধিসম্মতকরণ' শব্দুইটি স্থায়িত্ব সূচিত করে না। পরিশব্দ দুইটির উদ্দেশ্য পদ্ধতিগত কোনো অনিয়ম ঘটিলে, তাহা উল্লেখ করা এবং নিয়োগের ক্ষেত্রে কেবল সেইসকল ক্রুটি-বিচ্যুতির প্রতিকার করা, যাহা অনুসূত পদ্ধতিপ্রণালির উপর আরোপ করা যাইতে পারে।
- regularly adv. ১. নিয়মিতভাবে ক্রি. বিণ. নিয়ম-অনুসরণপূর্বক। শব্দটির দ্বারা নির্দিষ্ট কালপর্ব অন্তর অন্তর একরূপ শৃঙ্খলা সূচিত হয়। ২. যথাবিধি, বিধিসম্মতভাবে ক্রি. বিণ. যথোচিতভাবে কিংবা আইন বা রীতি-অনুসারে (গঠিত, নিযুক্ত বা পরিচালিত)। যদি কোনো শর্তে বলা হয় যে, কোনো ব্যক্তি নিয়মিতভাবে লাইসেক্সপ্রাপ্ত, তবে তাহা বৈধভাবে (lawfully) লাইসেক্সপ্রাপ্ত উক্তির সমত্ল্য।
- regularly kept in the course of business ব্যবসায়-সূত্রে নিয়মিতভাবে রক্ষিত ১৮৭২ সালের সাক্ষ্য আইনের ৩৪ ধারা-অনুসারে, ব্যবসার সূত্রে নিয়মিতভাবে রক্ষিত হিসাবের খাতায় লিখিত কোনো ভুক্তিতে যখন এমন বিষয়ের উল্লেখ থাকে যে, সে-বিষয়ের অনুসন্ধান করা আদালতের কর্তব্য, তখন উহা প্রাসঙ্গিক। কিন্তু কেবল এইরূপ ভুক্তি কাহারো উপর দায় আরোপ করিবার জন্য যথেষ্ট সাক্ষ্য বলিয়া বিবেচিত হইবে না।
- regular meeting নিয়মিত সভা annual meeting দ্ৰ.।
- regulate vb. নিয়ন্ত্রণ করা, বিনিয়ত করা ক্রি. নিয়ম, পদ্ধতি বা প্রতিষ্ঠিত রীতি-অনুযায়ী সমন্থিত করা। নিয়ন্ত্রণের দ্বারা শুদ্ধ করা; নিয়ম রা বিধানের সাহায্যে সংযত, শাসিত বা পরিচালিত করা। নিয়ামক মূলসূত্র বা আইনের অধীন করা।

- regulated agreement নিয়ন্ত্রিত চুক্তি ইংল্যান্ডে ১৯৭৪ সালের ভোক্তাঝণ আইনদারা নির্দিষ্টভাবে অব্যাহতিপ্রাপ্ত চুক্তি ব্যতীত উক্ত আইনের অধীনে যে-কোনো ভোক্তাঝণ-চুক্তি বা ভোক্তা ভাড়া-চুক্তি।
- regulated mortgage নিয়ন্ত্রিত বন্ধক (সাধারণত ১৯৬৫ সালের ৮ ডিসেম্বরের পূর্ববর্তী) ইংল্যান্ডের নিয়ন্ত্রিত প্রজাম্বত্বের অধীন কোনো ভূমির বন্ধক্যহীতার উপর আইনত বাধ্যকর বন্ধক। কষ্টকর পরিস্থিতিতে ক্ষেত্রে ইংল্যান্ডে ১৯৭৭ সালের খাজনা আইনের বিধান-অনুসারে বন্ধকদাতা নিয়ন্ত্রিত বন্ধকের বেলায় প্রতিকার পাইতে পারেন। বাংলাদেশে বর্তমানে ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাম্বত্ব আইনের ৯৫ ধারার বিধান-অনুসারে কৃষি জমি সাত বংসর মেয়াদে খাইখালাসি বন্ধক ব্যতীত অন্যপ্রকার বন্ধক দেওয়া যায় না এবং ৯৫ক ধারার বিধান-অনুসারে ক্ষেব্রত কবলার চুক্তিমূলে বিক্রীত কৃষিজমি সাতবংসর মেয়াদি খাইখালাসি বন্ধক বলিয়া গণ্য হয়। উক্ত ৯৫ ধারার বিধান-অনুযায়ী বন্ধকদাতা উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে সাতবংসর মেয়াদ পূর্ণ হইবার পর তদ্রপ বন্ধকি জমির দখল ক্ষেব্রত পাইবার অধিকারী।
- regulated tenancy নিয়ন্ত্রিত প্রজাস্বত্ব ইহা একপ্রকার সংরক্ষিত প্রজাস্বত্ব বা বিধিবদ্ধ প্রজাস্বত্ব । ইংল্যান্ডে এই প্রকারের প্রজাস্বত্ব চুক্তির উপাদান যে-পর্যন্ত সমাপ্ত না হয়, সেই পর্যন্ত ইহা একটি রক্ষিত প্রজাস্বত্ব এবং তৎপর ইহা একটি সংবিধিবদ্ধ প্রজাস্বত্বে পরিণত হয় । ১৯৮৮ সালের আবাসন আইনের বিধান-অনুসারে নিয়ন্ত্রিত প্রজাস্বত্ব এখন নিশ্চিত প্রজাস্বত্বে রূপান্তরিত হইয়াছে । বাংলাদেশে ১৯৯১ সালের বাড়িভাড়া নিয়ন্ত্রণ আইনের বিধান-অনুযায়ী বাড়ির মালিক খেলাপি ভাড়ার দরুন বা প্রকৃত প্রয়োজন ব্যতীত ভাড়াটিয়ারেক উচ্ছেদ করিতে পারেন না । এইজন্য ভাড়াটিয়ার স্বত্ব একধরনের নিয়ন্ত্রিত প্রজাস্বত্ব বটে ।
- regulation n. প্রবিধান বি. কোনো বিষয়ের ব্যবস্থাপনার জন্য বিহিত নিয়ম।
 সাধারণত সংবিধান-প্রদত্ত ক্ষমতাবলে সরকারের কোনো নির্বাহী কর্তৃপক্ষকর্তৃক
 জারিকৃত বিধি বা প্রবিধান, যাহা আইনের তূল্য ক্ষমতাসম্পন্ন। সাংবিধানিক দলিলের
 দ্বারা প্রাধিকারপ্রাপ্ত কোনো ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত এবং বাংলাদেশে বলবৎ
 কোনো প্রবিধান।
- regulatory agency নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বিবাট্টায়ন্ত শিল্পসমূহ নিয়ন্ত্রণ করিবার জন্য মন্ত্রণালয়-বহির্ভূত বিধিবদ্ধ দায়িত্বপ্রাপ্ত সরকারি বিভাগ। ইংল্যান্তে সরকারি কর্পোরেশনের মাধ্যমে প্রদন্ত সেবা বেসরকারি করিবার জন্য প্রণীত প্রত্যেকটি আইনে সংশ্লিষ্ট সেবা নিয়ন্ত্রণের জন্য একটি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ প্রতিষ্ঠার বিধান করা হইয়াছে। বাংলাদেশে টেলিকম্যুনিকেশন রেগুলেটরি কমিশন সেবামূলক প্রতিষ্ঠানের এইরূপ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ।

- rehabilitated refugee পুনর্বাসিত শরণার্থী ৯ মার্চ ১৯৯৯ তারিখে ভারতের আগরতলায় বাংলাদেশ সরকারের সহিত উপজাতীয় শরণার্থী নেতৃবৃদ্দের সম্পাদিত চুক্তির আওতায় তালিকাভুক্ত শরণার্থী।
- rehabilitation n. পুনর্বাসন বি. punishment ও spent conviction দ্র.।
- rehabilitation order পুনর্বাসন-আদেশ গৃহায়ণ-কর্তৃপক্ষ কর্তৃক ইংল্যান্ডে কোনো এলাকার উন্নয়নের জন্য ওই এলাকার কোনো দালান সম্পর্কে প্রদত্ত আদেশ। পুনর্বাসন-আদেশে কর্তৃপক্ষের দায়িত্ব হইতেছে দালানটি ভাঙ্গিয়া তাহার পরিবর্তে উহার উন্নয়ন বা উন্নয়ন নিশ্চিতকরণ।
- rehearing n. পুনঃশুনানি বি. বিচারসমাপ্ত কোনো মামলার দ্বিতীয়বার শুনানি।

 যেমন, নিম্ন আদালতের কোনো মামলার রায়ের বিরুদ্ধে আনীত আপিলে নিম্ন

 আদালতে প্রদত্ত সাক্ষ্যপ্রমাণসহ মামলার সম্পূর্ণ নথি আপিল-আদালত বিবেচনা

 করিয়া থাকেন এবং প্রয়োজনবোধে নৃতন সাক্ষ্য গ্রহণ ও বিবেচনা করিয়া থাকেন।

 আপিল আদালতের রায়ের বিরুদ্ধে আনীত আপিল বা পর্যালোচনায় উচ্চতর আদালত

 সাধারণত সাক্ষ্যপ্রমাণ বিবেচনা করেন না এবং নৃতন সাক্ষ্যপ্রমাণ গ্রহণ করেন না ।

 আপিলে সাধারণত নিম্ন আদালতের ঘটনাসমূহ-সম্পর্কিত সিদ্ধান্তে উচ্চতর আদালত

 হস্তক্ষেপ করেন না, যদি না তাহা ওইসকল ঘটনা হইতে উদ্ভূত অনুমান সম্পর্কিত

 হয় ।
- reimburse vb. অর্থ ফেরত দেওয়া ক্রি. প্রসঙ্গ কিংবা চুক্তির শর্তাবলির ঘারা
 নিয়ন্ত্রিত না হইলে ইহার প্রাথমিক অর্থই শব্দটিতে আরোপ করিতে হইবে। ইহার
 অন্যান্য অর্থ: ক্ষতিপূরণ করা; পুষাইয়া দেওয়া। প্রদন্ত, ব্যয়িত বা হৃত অর্থ কিংবা
 উহার সমতুল্য কিছু প্রত্যূর্পণ করা।
- reimbursing bank পুনর্ভরণকারী ব্যাংক নেগোশিয়েটিং ব্যাংক কর্তৃক রপ্তানিকারককে তাঁহার প্রাপ্য অর্থ কমিশনসহ তৃতীয় কোনো ব্যাংকের নিকট যখন দাবি মিটাইয়া দিবার জন্য বলা হয় এবং তৃতীয় ব্যাংক সেই দাবি মিটাইয়া দেয়, সেক্ষেত্রে উক্ত তৃতীয় ব্যাংককে পুনর্ভরণকারী ব্যাংক বলে।
- reinstatement order পুনর্বহালের আদেশ কোনো শ্রমিককে তাঁহার মানিক অবৈধভাবে চাকুরিচ্যুত করিলে শ্রম আদালত তাঁহাকে স্বীয় পদে পুনর্বহালের আদেশ দিতে পারেন। ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ২৫ ধারার বিধান-অনুসারে, শ্রম আদালত কোনো বরখাস্তকৃত শ্রমিকের আবেদনক্রমে তাঁহাকে পূর্ণ বেতনে বা বিনা বেতনে বরখাস্তের তারিখ হইতে চাকুরিতে পুনর্বহালের আদেশ দিতে পারেন।

- reinsurance n. পুনর্বিমা বি. যে-কার্যক্রমে বিমাপ্রদানকারী কোনো বিমার চুক্তিতে যে-দায়ের ঝুঁকি নিজে গ্রহণ করিয়াছেন, অপর একজন বিমা প্রদানকারীর সহিত তাহার আংশিক বা সম্পূর্ণ দায় বিমাকরণ। বিমাপ্রদানকারীর একার পক্ষে তিনি যে-ঝুঁকি গ্রহণ করিয়াছেন তাহার সঞ্জাব্য দায় বহন করা অত্যধিক মনে হইলেই তিনি পুনর্বিমা গ্রহণ করিয়া থাকেন। বৈধ বিমাচুক্তি বিমাপ্রদানকারীর পক্ষে একটি বিমাযোগ্য স্বার্থ সৃষ্টি করে, যাহাতে তাঁহার পুনর্বিমা করিবার অধিকার জন্মায়।
- rejection of offer প্রস্তাব-প্রত্যাখ্যান যে-ব্যক্তিকে প্রস্তাব দেওয়া হয় তাঁহার পক্ষ হয়তে প্রস্তাব প্রত্যাখ্যান করা হয়লে, যাঁহাকে প্রস্তাব দেওয়া হয়য়াছিল, তাঁহার পক্ষ হয়তে তাহা গ্রহণ করা যায় না। প্রতি-প্রস্তাব প্রত্যাখ্যানের সমত্ল্যা, কিন্তু প্রস্তাবের কোনো শর্ত পরিবর্তনের সম্ভাবনা সম্পর্কে জিজ্ঞাসা প্রত্যাখ্যান নহে। lapse of offer ও revocation of offer দ্র.।
- rejoinder n. প্রভ্যুত্তর বি. বাদীর জবাবের উত্তরে বিবাদীর জবাব। আদালতের অনুমতিক্রমেই মাত্র এইরপ জবাব প্রদান করা যায়। দেওয়ানি কার্যবিধির ৮ আদেশের ৯ নিয়মের বিধান-অনুসারে, পালটা দাবির জবাব ভিন্ন আদালত কর্তৃক আদিট না হইলে অথবা আদালতের অনুমতি না পাইলে কোনো মামলায় কোনো পক্ষ জবাব-দাখিলের পর আর কোনো জবাব প্রদান করিতে পারে না।
- relation back পূর্বসম্পর্ক বি. কোনো কাজ বা ঘটনা প্রকৃতপক্ষে যে-তারিখে হয় বা ঘটে, তাহা পূর্ববর্তী কোনো তারিখে আইনত কার্যকর হইয়াছে বলিয়া গণ্য করা। যেমন, প্রোবেট বা ইচ্ছাপত্র-প্রমাণক ইচ্ছাপত্রকারীর মৃত্যুর তারিখ হইতে কার্যকর বিলিয়া গণ্য করা হয়। ১৯২৫ সালের উত্তর্মধিকার আইনের ২২৭ ধারায় একই বিধান করা হইয়াছে।
- relative nullity আপেক্ষিক অসিদ্ধতা আইনত অসিদ্ধ ঘোষিত কোনো কার্যের উদ্দেশ্য বৈধ থাকিলে পরবর্তী পর্যায়ে যে-অসিদ্ধতা সংশোধনযোগ্য ।
- relator n. অভিযোগকারী, তথ্য প্রদানকারী বি. ইংল্যান্ডে কোনো গণ-অধিকার বলবৎ করিবার জন্য যে-ব্যক্তির অনুরোধে অ্যাটর্নি-জেনারেল আদালতে মামলা দায়ের করেন। যদিও অভিযোগকারী বা তথ্যপ্রদানকারী মামলার বাদী নহেন, তবু তিনি মামলা-খরচের জন্য দায়ী হন। মামলা দায়েরের জন্য অ্যাটর্নি-জেনারেলের অনুমতি আবশ্যক এবং তথ্যপ্রদানকারীর পক্ষ হইতে মামলা দায়ের করা হইবে কিনা, সে-সম্পর্কে অ্যাটর্নি-জেনারেলের সিদ্ধান্তই চূড়ান্ত এবং তাহা আদালতের বিচার্য নহে। দেওয়ানি কার্যবিধির ৯১ ধারা-অনুসারে গণ-উপদ্রব সম্পর্কে এবং ৯২ ধারা-অনুসারে গণ-দাতব্য প্রতিষ্ঠান সম্পর্কে অ্যাটর্নি-জেনারেল বা তাহার নিকট হইতে অনুমতিপ্রাপ্ত দুইজন ব্যক্তি প্রতিকারলাভের জন্য দেওয়ানি আদালতে মামলা দায়ের করিতে পারেন।

release %08

release n. মুক্তি বি. ১. কোনো ব্যক্তির বিরুদ্ধে নালিশ রুজু করিবার অধিকার ত্যাগ। যে-ব্যক্তি সেই অধিকার করিয়াছেন, তিনি যদি পরবর্তীকালে আদালতে নালিশ রুজু করেন, তবে অজুহাত হিসাবে সে-সম্পর্কে জবাবে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে। ২. যে-দাললমূলে কোনো বিষয় সম্পর্কে কোনো দাবি এক ব্যক্তি অপর ব্যক্তির বরাবরে পরিত্যাগ করেন। ৩. শান্তিভোগ করিবার পর অথবা শান্তিপ্রদানের সময়ে পূর্ব হইতে আটক কোনো ব্যক্তির মুক্তি। সরকার ইচ্ছা করিলে শান্তিভোগের বা আটকের মেয়াদ পূর্ণ হইবার পূর্বেই যে-কোনো আটক ব্যক্তিকে মুক্তি দিতে পারেন।

release on licence অনুমতিসূত্রে মুক্তি parole দ্ৰ.।

relevance n. প্রাসঙ্গিকতা বি. দুইটি ঘটনার মধ্যে সম্পর্ক যাহার ফলে একটির অস্তিত্ব হইতে অপরটির অস্তিত্বকে হয় এককভাবে নয় অপর ঘটনাসমূহের সহিত একত্রে সম্ভাব্য করিয়া তোলে। যদিও অধিকাংশ প্রাসঙ্গিক ঘটনা সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য, তবু প্রাসঙ্গিকতা ও গ্রহণযোগ্যতা এক নহে; কারণ, প্রাসঙ্গিক সাক্ষ্যও বর্জনযোগ্যতার নিয়মের মধ্যে পড়িলে অবশ্যই তাহাকে বর্জন করিতে হইবে। যদি পরিত্যাজ্য নিয়মের মধ্যে না পড়ে, তবে যে-সকল ঘটনা বিচার্য ঘটনার সহিত সম্পর্কিত, তাহা বিচার্য না হইলেও প্রমাণিত হইতে পারে। প্রাসঙ্গিকতা সম্পর্কে সাক্ষ্য আইনের ৫-১৬ ধারায় বিস্তারিতভাবে উল্লেখ করা হইয়াছে।

relevant evidence প্রাসঙ্গিক সাক্ষ্য relevance দ্র.।

relevant fact প্রাসঙ্গিক ঘটনা relevance দ্র. ।

relevant transfer প্রাসন্থিক বদলি ব্যবসার মালিকানা পরিবর্তনের ফলে কোনো কর্মচারীর চাকুরির চুক্তি কোনো ব্যবসা বা তাহার অংশ হইতে অন্য ব্যবসায়ে স্বয়ংক্রিয়ভাবে বদলি হইয়া যাওয়া। এইরূপ প্রাসন্থিক বদলি ইংল্যান্ডে ১৯৮১ সালের ব্যবসা প্রতিষ্ঠান (চাকুরি সংরক্ষণ) বিধিমালার আওতায় পড়ে। যদি কর্মচারী বদলিকারী বা বদলিগ্রহীতার মধ্যে যে-কোনো একজনের নিকট বদলি সম্পর্কে তাঁহার আপত্তি জ্ঞাপন করেন, তবে বদলি বাস্তবায়ন না করিয়া তাঁহার চাকুরির অবসান করা হয়, কিন্তু সেক্ষেত্রে তিনি অন্যায্য চাকুরিচ্যতির দাবি করিতে পারেন না।

reliable evidence নির্ভরযোগ্য সাক্ষ্যপ্রমাণ একটি তদন্তকালে একজন ম্যাজিস্ট্রেটকে অনুসন্ধান করিয়া দেখিতে হইবে, বিঘুসৃষ্টিকারী বলিয়া কথিত পক্ষের অম্বীকৃতির সমর্থনে কোনো নির্ভরযোগ্য সাক্ষ্যপ্রমাণ আছে কি না। নির্ভরযোগ্য সাক্ষ্যপ্রমাণ আদপে নির্ভরযোগ্য ব্যক্তিদের সাক্ষ্যপ্রমাণ। ইহার দ্বারা আসলে যাহা বুঝানো হইয়া থাকে, তাহা এই যে, ম্যাজিস্ট্রেটের উচিত উভয় পক্ষকর্তৃক পেশকৃত সাক্ষ্যপ্রমাণ যাচাই করা

এবং অতঃপর কোনটা তিনি বিশ্বাস করেন কিংবা কোনটা তিনি অধিকতর গ্রহণযোগ্য বিনিয়া বিবেচনা করেন, সে-বিষয়ে সিদ্ধান্ত নেওয়া। তবে ম্যাজিন্ট্রেটের উচিত সাক্ষ্যপ্রমাণ যেভাবে পাওয়া যায়, সেভাবে গ্রহণ করা এবং দৃশ্যত বিপক্ষে কোনো সাক্ষ্যপ্রমাণ না থাকিলেও পূর্বোক্ত সাক্ষ্যপ্রমাণ মিথ্যা এবং সেইহেতু অনির্ভরযোগ্য ছিল বিন্য়া তিনি সিদ্ধান্ত গ্রহণ করিতে পারেন কি না, তাহা ভাবিয়া দেখা।

relief n. প্রতিকার বি. ১. remedy দ্র.। ২. কর-রেয়াত। যেমন, ব্যক্তিগত খরচ বা পুনর্বিনিয়োগের জন্য রেয়াত। income tax ও capital gains tax দ্র.।

relief from forfeiture বাজেয়াঙি হইতে অব্যাহতি যখন ভূম্যধিকারী প্রজারত্ব বাজেয়াঙ্জ করিবার অধিকার দাবি করেন বা তাহা প্রয়োগ করেন, তখন আদালত ববিকেনামূলক ক্ষমতাবলে প্রজার ইজারাস্বত্ব পুনর্বহাল করিতে পারেন।

religion n. ধর্ম বি. বিশ্বাস ও উপাসনার একটি পদ্ধতি, যাহার সঙ্গে সচরাচর এক পরমপুরুষের অন্তিত্বে বিশ্বাস এবং সদাচার বা শ্রেয়ানীতি-বিষয়ক একটি সংহিতা সম্পৃত্ত থাকে। অধিকাংশ ধর্মে এই বিশ্বাস করা হয় যে, এক পরম সন্তা ইহকালের জীবন নিয়ন্ত্রণ করেন এবং প্রত্যেকের কর্ম-অনুযায়ী পরকালে পুরন্ধার ও শান্তির বিধান দেন। অনেকের মতে ইতিহাসে ধর্মের অত্যন্ত শক্তিশালী প্রভাব রহিয়াছে, আবার অনেকের মতে দুর্গতদের ও দুস্থদের অন্যায় ও বর্তমান সাময়িক অবস্থা সহনীয় করিবার জন্য ধর্মের জন্ম। ধর্মনিরপেক্ষবাদীরা রাট্র ও ধর্মকে পৃথক রাখিবার পক্ষপাতী, তবে বিশ্বাসীদের মতে ধর্মকে রাজনীতি হইতে সম্পূর্ণ পৃথক করা অসম্ভব। মার্কিন যুক্তরাষ্ট্রের বিল অফ রাইট্সে বলা হইয়াছে, কংগ্রেস কোনো ধর্মের প্রতিষ্ঠা বা অনুশীলন নিষেধ করিয়া কোনো আইন প্রণয়ন করিবে না। freedom of religion দ্র.।

religion and crime ধর্ম ও অপরাধ দওবিধির ২৯৫ ইইতে ২৯৮ ধারায় ধর্মসম্পর্কিত বিভিন্ন অপরাধ এবং তাহার শান্তির মেয়াদ বর্ণিত আছে। ২৯৫ ধারা-অনুসারে, কোনো শ্রেণীবিশেষের ধর্মের প্রতি অবমাননা প্রদর্শনের উদ্দেশ্যে উপাসনালয়ের ম্বাতিসাধন করা বা উহা অপবিত্র করার শান্তি হইতেছে দুই বৎসর পর্যন্ত কারাদও বা অর্থনও বা উভয়বিধ দও। ২৯৫ক ধারা-অনুসারে, কোনো শ্রেণীবিশেষের ধর্ম বা ধর্মীয় বিশ্বাসকে অবমাননা করিয়া উহার অনুভূতিতে কঠোর আঘাত হানিবার উদ্দেশ্যে ইচ্ছাকৃত বিদ্বেযাত্মক কার্ম করিবার শান্তি হইতেছে দুই বৎসর পর্যন্ত কারাদও বা অর্থনও বা উভয়বিধ দও। ২৯৬ ধারা-অনুসারে, ধর্মীয় সমাবেশে গোলযোগস্টি করিরার শান্তি হইতেছে এক বৎসর পর্যন্ত কারাদও বা অর্থনও বা উভয়বিধ দও। ২৯৭ ধারা-অনুসারে, গোরস্থান ইত্যাদিতে অনধিকারপ্রবেশের শান্তি হইতেছে এক বৎসর পর্যন্ত কারাদও বা অর্থনও আঘাত হানিবার জন্য শব্দসমূহ ইত্যাদি উচ্চারণ করিবার শান্তি হইতেছে এক বৎসর পর্যন্ত কারাদও বা অর্থদও বা উভয়বিধ দও।

religion and politics ধর্ম ও রাজনীতি বাংলাদেশের সংবিধান প্রবর্তনকালে ইহার ১২ অনুচ্ছেদে বলা হয় যে, ধর্মনিরপেক্ষতার নীতি বাস্তবায়নের জন্য (ক) সর্বপ্রকার সাম্প্রদায়িকতা, (খ) রাষ্ট্র কর্তক কোনো ধর্মকে রাজনৈতিক মর্যাদাদান, (গ) রাজনৈতিক উদ্দেশ্যে ধর্মের অপব্যবহার (ঘ) কোনো বিশেষ ধর্মপালনকারী ব্যক্তির প্রতি বৈষম্য বা তাঁহার উপর নিপীডন বিলোপ করা হইবে। ১৯৭৮ সালের দিতীয় ঘোষণাপত্র আদেশদারা উক্ত অনুচ্ছেদ বিলুপ্ত করা হয় এবং ইহা সংবিধানের পঞ্চম সংশোধনদারা সমর্থিত হয়। সংবিধান প্রবর্তনকালে ৩৮ অনুচ্ছেদে যে-সংগঠনের স্বাধীনতার কথা বলা হয়, সে-সম্পর্কে একটি শর্ত ছিল যে, রাজনৈতিক উদ্দেশ্যসম্পন্ন বা লক্ষ্যানুসারী কোনো সাম্পুদায়িক সমিতি বা সংঘ কিংবা অনুরূপ উদ্দেশ্যসম্পন্ন বা লক্ষ্যানুসারী ধর্মীয় নামযুক্ত বা ধর্মভিত্তিক অন্য কোনো সমিতি বা সংঘ গঠন করিবার বা তাহার সদস্য হইবার বা অন্য কোনোপ্রকারে তাহার তৎপরতায় অংশগ্রহণ করিবার অধিকার কোনো ব্যক্তির থাকিবে না। উক্ত শর্ত ১৯৭৮ সালের দিতীয় ঘোষণাপত্র আদেশদারা বিলুপ্ত হয় এবং ইহা সংবিধানের পঞ্চম সংশোধনদারা সমর্থিত হয়। অন্যদিকে ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২০ ধারায় বিধান রহিয়াছে যে. ১. কোনো ব্যক্তিই রাজনৈতিক উদ্দেশ্য বা লক্ষ্য হাসিলের জন্য ধর্মভিত্তিক বা ধর্মের নামে গঠিত কোনো সাম্প্রদায়িক বা অন্য সংঘ বা ইউনিয়ন গঠন করিতে বা ইহার সদস্য হইতে বা অন্যভাবে ইহার তৎপরতায় অংশগ্রহণ করিতে পারিবেন না। ২. যে-ক্ষেত্রে সরকার সন্তুষ্ট হয় যে, ১ উপধারার বিধান লজ্ঞান করিয়া সংঘ বা ইউনিয়ন গঠন করা হইয়াছে, বা সংঘ বা ইউনিয়ন কাজ চালাইতেছে, সেক্ষেত্রে সরকার সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিদের বক্তব্য শ্রবণের পর সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে ঘোষণা করিতে পারেন যে, তেমন সংঘ বা ইউনিয়ন ১ উপধারার বিধান লজ্ঞ্যন করিয়া গঠন করা হইয়াছে বা বিধান লজ্ঞান করিয়া চালানো হইতেছে এবং এই ঘোষণার পর সংশ্লিষ্ট সংঘ বা ইউনিয়ন ভাঙ্গিয়া গিয়াছে বলিয়া গণ্য হইবে এবং উহার সমস্ত সম্পত্তি ও তহবিল সরকারে বাজেয়াপ্ত হইবে। ৩. উপধারা ২-অনুসারে একটি সংঘ বা ইউনিয়ন ভাঙ্গিয়া দিবার পর যদি কোনো ব্যক্তি সেই সংঘ বা ইউনিয়নের সদস্য বা কর্মকর্তা হিসাবে নিজেকে পরিচিত করেন বা তেমন সংঘ বা ইউনিয়নের পক্ষে কাজ করেন বা অন্য কোনোভাবে কাজে অংশগ্রহণ করেন, তাহা হইলে তিনি তিন বৎসর পর্যন্ত কারাদত্তে বা অর্থদত্তে বা উভয়বিধ দত্তে দণ্ডিত হইবেন। ১৯ ধারায় ধাংসাম্বক সংঘসমূহের নিয়ন্ত্রণের যে-বিধান দেওয়া হইয়াছে তাহার ৯ উপধারায় বলা হইয়াছে, এই ধারায় বর্ণিত সংঘ ইউনিয়ন বা রাজনৈতিক দলকে অন্তর্ভক্ত করিবে।

relinquishment n. পরিত্যাগ, বিসর্জন, সম্পত্তিত্যাগ বি. দাবি বা দাবির অংশবিশেষ ত্যাগ; স্বত্ত্যাগ। কোনো অধিকার বা বস্তু পরিত্যাগ।

remain vb. থাকা ক্রি. চলিতে থাকা; অব্যাহত থাকা। অবশিষ্ট থাকা; অবস্থান করা। কোনো অংশ, পরিমাণ বা সংখ্যা অপসারণ বা বরাদ্দকরণের পর অবশিষ্ট থাকা। hon remission

remainder n. অবশিষ্টাংশ বি. ইংল্যান্ডে ভূমিতে কোনো পূর্বস্বার্থ অবসানের পরই মাত্র যে-স্বার্থ দখলে বলবং হয়। যেমন 'ক' তাঁহার জমি 'খ'কে জীবনস্বত্বে বন্দোবস্ত দিয়া তৎপর 'গ'কে নির্বাঢ় স্বত্বে বন্দোবস্ত দিলে 'খ'-য়ের মৃত্যু পর্যন্ত 'গ'-য়ের স্বত্ব অবশিষ্টাংশমাত্র। একটি বন্দোবস্তের পরপর একাধিক অবশিষ্টাংশ সৃষ্টি করা যায়, কিন্তু নির্বাঢ় স্বত্বের পরে আর কোনো অবশিষ্টাংশ সৃষ্টি করা যায় না। যে-ব্যক্তি অবশিষ্টাংশ পাইয়া থাকেন, তাঁহাকে অবশিষ্টাংশ ব্যক্তি বলা হয়।

remainderman অবশিষ্টাংশ ব্যক্তি remainder দু ।

remand vb. পুনঃপ্রেরণ করা, পুনরাটক করা ক্রি. ১. মামলা তদন্ত বা বিচার সাপেক্ষে আসামিকে পুনরায় হাজতে আটক রাখা। আসামিকে ধৃত করিয়া পুলিশ আদালতে প্রেরণ করিলে তদন্তসাপেক্ষে ম্যাজিস্ট্রেট তাঁহাকে জেল হাজতে বা পুলিশের জিন্মায় আটক রাখিবার অথবা তাঁহাকে জামিনে মুক্তি দিবার আদেশ প্রদান করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ১৬৭ ধারা-অনুসারে পুলিশ আসামিকে ধৃত করিয়া আদালতে হাজির করিলে ম্যাজিস্ট্রেট এককালীন পনের দিনের বেশি সময়ের জন্য তাহাকে পুনঃআটকের আদেশ দিতে পারেন না। ২. দেওয়ানি কার্যবিধির ৪১ আদেশের ২৩ ও ২৫ নিয়ম-অনুসারে আপিল আদালত পুনর্বিচারের জন্য নিম্ন আদালতে মামলা পুনঃপ্রেরণ করিতে পারেন। মামলা বিচারের সময়ে নিম্ন আদালত কানো গুরুত্বপূর্ণ বিষয় উপেক্ষা করিয়া থাকিলে তাহা বিবেচনা করিবার জন্য বা প্রাথমিক প্রশ্নে মামলা নিম্পত্তি করিয়া থাকিলে, সেই সিদ্ধান্ত বাতিল হইলে, আপিল আদালত মামলা পুনর্বিচারের জন্য নিম্ন আদালতে পুনঃপ্রেরণ করিতে পারেন।

remedies, judicial বৈচারিক প্রতিকার অন্যায়কারীর বিরুদ্ধে ক্ষতিগ্রন্ত পক্ষ কর্তৃক দায়েরকৃত মামলায় আদালত যে-প্রতিকার মনজুর করিয়া থাকেন। এইসব ক্ষেত্রে আদালত ক্ষতিগ্রন্ত পক্ষকে ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা করিয়া থাকেন। ক্ষতিপূরণ হইতেছে সাধারণ প্রতিকার। ইহা ছাড়া নিষেধাজ্ঞা, সম্পত্তির সুনির্দিষ্ট প্রত্যর্পণ, এবং বিধিকদ্ধ আইন-অনুযায়ী প্রতিকারের মাধ্যমেও প্রতিকার সাধন করা যাইতে পারে।

remedy n. প্রতিকার বি. অধিকার বলবং, রক্ষা বা আদায় করিবার জন্য অথবা তাহা তঙ্গজনিত ক্ষতির প্রতিকার করিবার জন্য আইনের প্রদন্ত যে-কোনোপ্রকার পত্থা। দেওয়ানি মামলা দায়ের করিয়া আদালত হইতে দেওয়ানি প্রতিকার লাভ করা যায়। ইহার অন্তর্ভুক্ত হইতেছে ক্ষতিপূরণ, নিষেধাজ্ঞা, সুনির্দিষ্ট সম্পাদন, ঘোষণা, দখল-উদ্ধার, উচ্ছেদ ইত্যাদি। relief দ্র.।

remission n. মওকৃষ বি. ১. কারাদণ্ডের একাংশের মওকৃষ। সংবিধানের ৪৯ অনুচ্ছেদে প্রদন্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি এবং ফৌজদারি কার্যবিধির ৪০১ ধারায় প্রদন্ত ক্ষমতাবলে সরকার যে-কোনো ব্যক্তির দণ্ডাদেশ মওকৃষ্ণ করিতে পারেন। ২. যে-

remittance %ob

ব্যক্তি, কোনো শর্তাধীনে শান্তি মওকৃষ্ণ গ্রহণ করিবার পর, যে-শর্তের ভিত্তিতে অনুরূপ মওকৃষ্ণ মনজুর করা হইয়াছিল, জ্ঞাতসারে সেই শর্ত ভঙ্গ করেন, সেই ব্যক্তি, ইতিমধ্যেই উক্ত শান্তির কোনো অংশ ভোগ না করিয়া থাকিলে, তাঁহাকে মূলত যে-দগুজ্ঞা দেওয়া হইয়াছিল সেই দণ্ডে দণ্ডিত হইবেন এবং তিনি উক্ত শান্তির কোনো অংশ ভোগ করিয়া থাকিলে ইতিমধ্যে উক্ত শান্তির যতটুকু ভোগ করেন নাই, ততটুকু পরিমাণ দণ্ডে দণ্ডিত হইবেন।

remittance n. ১. অর্থ-প্রেরণ বি. নগদে কিংবা হুন্তি বা চেকের মাধ্যমে বা অন্যভাবে এক ব্যক্তি কর্তৃক অন্য কোনো ব্যক্তির নিকট অর্থ প্রেরণ। ২. প্রেরিড অর্থ।

remoteness of damage ক্ষতির দূরবর্তিতা বিবাদী তাঁহার ক্ষতিকর কাজ বা বিচ্যুতির জন্য যে-পরিমাণে দায়ী হন। যদি অনুরূপ ক্ষতি যুক্তিসংগত প্রত্যাশার মধ্যে পড়ে, তাহা হইলে বিবাদীকে চুক্তি-অনুযায়ী ক্ষতিপুরণ দিতে হয়। চুক্তিভঙ্গের ফলে যে-ক্ষতি হইবার সম্ভাবনা সাধারণ ঘটনাবলি হইতে উদ্ভত হয় তাহা তাঁহার বিবেচনার মধ্যে ছিল বলিয়া অনুমিত হয় এবং সেই ক্ষতির জন্য তিনি দায়ী। বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে অস্বাভাবিক ফতি হইলে তাহা তাঁহার বিবেচনার মধ্যে ছিল বলিয়া মনে করা হয়, যে-ক্ষেত্রে কোনো যুক্তিবান মানুষের পক্ষে ভাবা উচিত ছিল যে, তাহার জন্য যে-দায় সৃষ্টি হইবে তাহা তিনি জানিতেন বা তাহা তাঁহার জানা উচিত ছিল। পুরণযোগ্য ক্ষতির বেলায় কোনো ক্ষতি অতি দুরবর্তী ছিল কি না, তাহা নির্ধারণ করিবার একক কোনো মানদণ্ড নাই। কোনো অবহেলা বা ক্রটির কারণে অন্যপ্রকার দায়দায়িত্বের মামলায় বিবাদীর পক্ষে পূর্বেই জানা উচিত ছিল, এমন ক্ষতির জন্যই মাত্র তিনি দায়ী হন, কিন্তু তদ্ধপ ক্ষতি যদি পূর্বেই জানা থাকে তাহা হইলে যে-ক্ষতি ঘটে, তাহার পরিমাণ প্রত্যাশাতিরিক্ত হইলেও, তাহা ওই মামলায় কোনো অজুহাত হইতে পারে না। অনমনীয় দায়িত্বের জন্য পুরণযোগ্য ক্ষতির বেলায় যে-ক্ষতি বিবাদীর বিবেচনার মধ্যে ছিল না, তাহার জন্যও তিনি দায়ী হন। তাই বিপজ্জনক জন্তু যে-কোনো প্রকারের ক্ষতি করে তাহা পূর্বে জানা থাকুক বা না থাকুক, তাহার জন্য ওই জন্তর রক্ষক দায়ী হইবেন।

removal of action মামলা সরানো, মামলা বদলিকরণ ইংল্যান্ডে হাইকোর্টে বিচারাধীন কোনো মামলা জেলা রেজিন্ত্রি হইতে লন্ডনে (বা বিপরীতভাবে) অথবা কাউন্টি কোর্টে বিচারাধীন মামলা হাইকোর্টে (বা বিপরীতভাবে) বদলি করা। বাংলাদেশের সংবিধানের ১১০ অনুচ্ছেদ-অনুসারে, নিম্ন আদালতে বিচারাধীন কোনো মামলায় সংবিধানের ব্যাখ্যা-সংক্রান্ত আইনের কোনো গুরুত্বপূর্ণ প্রশ্ন বা জনগুরুত্বপূর্ণ

বিষয় জড়িত থাকিলে তাহা নিম্পন্তির জন্য ওই মামলাটি হাইকোর্ট বিভাগে বদলি করা যায়। তাহা ছাড়া দেওয়ানি কার্যবিধির ২৪ ধারার বিধান-অনুসারে, হাইকোর্ট বিভাগ বা জেলা আদালত যে-কোনো বিচারাধীন দেওয়ানি মামলা ওই আদালত হইতে অধস্তম যে-কোনো আদালতে বা অধস্তম যে-কোনো আদালত হইতে নিজ আদালতে বদলি করিয়া দিতে বা আনিতে পারেন। তেমনি হাইকোর্ট বিভাগ ফৌজদার কার্যবিধির ৫২৬ ধারা-অনুসারে বিচারাধীন যে-কোনো ফৌজদারি মামলা এক অধস্তম আদালত হইতে অন্য অধস্তম আদালতে বা নিজের নিকট বদলি করিয়া দিতে বা আনিতে পারেন।

remuneration n. পারিশ্রমিক বি. প্রদন্ত সেবা কিংবা কৃত কার্যের জন্য প্রদন্ত অর্থ। ব্যাপকতম অর্থে ইহাতে বুঝায় প্রতিদান, প্রতিফল, পারিশ্রমিক, বেতন, মজুরি, মাহিনা।

renew vb. নবায়ন করা, নবায়িত করা ক্রি. ইহার লোকপ্রচলিত অর্থ: একটি অবসায়মান বা অবক্ষীয়মাণ বিষয়কে নতুন করা বা পুনরুজ্জীবিত বা পুনর্বাসিত করা। আরেকটি কালপর্বের জন্য বলবৎ রাখা।

renewal of bill বিলের নবায়ন আদিষ্টের অনুরোধক্রমে আদেষ্টা অপরিশোধিত পুরাতন বিলের পরিবর্তে আদিষ্টের উপর যে-লৃতন বিল অঙ্কন করেন।

renewal of lease ইজারা-নবায়ন পূর্বের ইজারার একই পক্ষদের মধ্যে একইরকম শর্তে নৃতন করিয়া ইজারা প্রদান করা। কোনো কোনো ইজারায় ইজারার মেয়াদ পূর্ণ হইবার পর ইজারাদারকে তাহা নবায়ন করিবার ক্ষমতাপ্রদান করিয়া শর্ত যুক্ত করা হইয়া থাকে। যদি নবায়ন একই শর্তে, নবায়নের শর্তসহ, হয় তাহা হইলে ওই ইজারাকে অনন্তকালব্যাপী নবায়নযোগ্য ইজারা (perpectually renewable lease) বলা হয়।

renounce vb. ১, ত্যাগ করা ক্রি. (একটি অধিকার বা স্বত্ব) আনুষ্ঠানিকভাবে পরিত্যাগ করা। ২, অস্বীকার করা ক্রি. অনুসরণ বা মান্য করিতে অস্বীকৃত হওয়া।

renouncing probate নির্বাহকের পদের দাবিত্যাগ ইচ্ছাপত্রকারীর মৃত্যুর পর
নির্বাহকের পদগ্রহণে অসম্মতির কথা লিখিতভাবে নির্বাহক কর্তৃক প্রোবেট রেজিস্ট্রিতে
জ্ঞাপন। এমতাবস্থায় ইচ্ছাপত্রকারী ইচ্ছাপত্রবিহীন অবস্থায় মারা গেলে যে-ব্যক্তি
প্রশাসনাদেশলাভের জন্য আবেদন করিবার অধিকারী, তিনি ইচ্ছাপত্রের অনুলিপিযুক্ত
প্রশাসনাদেশ মনজুরির আবেদন করিতে পারেন। ১৯২৫ সালের উত্তরাধিকার
আইনের ২৩১ ধারার বিধান-অনুসারে, নির্বাহক নির্ধারিত সময়ের মধ্যে ওই পদগ্রহণে
অসম্মতি জ্ঞাপন করিলে বা পদগ্রহণ না করিলে ইচ্ছাপত্রবিহীন অবস্থায় ইচ্ছাপত্রকারীর
মৃত্যু ইইলে যে-ব্যক্তি প্রশাসনাদেশ লাভ করিবার অধিকারী, তাঁহার বরাবরে
ইচ্ছাপত্রের অনুলিপিযুক্ত প্রশাসনাদেশ মনজুর করা যায়।

- rent n. ভাড়া, খান্ধনা বি. প্রজা কর্তৃক জমি ব্যবহার অথবা দখলে রাখা বাবদ আইনানুগভাবে ভূমাধিকারীকে প্রদেয় অর্থ বা বস্তু। প্রজা বা ভাড়াটিয়া কর্তৃক ইজারা বা ভাড়ার চুক্তির শর্তানুযায়ী ভূম্যধিকারী বা মালিককে প্রদেয় অর্থ। ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ২ ধারা-অনুসারে, খান্ধনা বলিতে প্রজা কর্তৃক ভূমি ব্যবহার বা দখলে রাখা বাবদ আইনানুগভাবে ভূম্যধিকারীকে পরিশোধযোগ্য বা প্রদানযোগ্য নগদ অর্থ বা দ্রব্য বুঝায়। সকল ইজারায় ভাড়াপ্রদানের দায়িত্ব নিহিত্ত থাকে। প্রজা বা ভাড়াটিয়া ভূম্যধিকারী বা মালিকের দখলি সম্পত্তি দখল ও ব্যবহারের জন্য মাসিক বা বার্ষিক নির্ধারিত হারে খান্ধনা বা ভাড়া নগদ অর্থে বা কোনো দ্রব্য বা সেবার মাধ্যমে প্রদান করিতে পারেন। প্রজা বা ভাড়াটিয়া নির্ধারিত খান্ধনা বা ভাড়া ভূম্যধিকারী বা মালিককে নির্দিষ্ট সময়ে প্রদান না করিলে তাহা আদায়ের জন্য আদালতে নালিশ দায়ের করা যায় এবং তাঁহার ইজারা বা ভাড়াটিয়া-স্বত্ব বাতিল করা ও তাঁহাকে উচ্ছেদ করা যায়।
- rental period খাজনা বা ভাড়ার মেয়াদ ইজারার বা ভাড়ার চুক্তির শর্তানুযায়ী যেসময়ের জন্য প্রজা বা ভাড়াটিয়া খাজনা প্রদান করিতে বাধ্য । সাধারণত ভূমি ইজারার
 বেলায় বার্ষিক খাজনা প্রদান করিতে হয় এবং ঘরভাড়ার চুক্তির বেলায় মাসিক ভাড়া
 প্রদান করিতে হয় । সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৬ ধারার বিধান-অনুসারে, বিপরীত
 চুক্তি, স্থানীয় আইন বা আচারের অবর্তমানে কৃষিকার্য বা কারখানাজাত উৎপাদনের
 নিমিত্ত স্থাবর সম্পত্তির ইজারা হইলে তাহা বার্ষিক ইজারা এবং অন্য কোনো উদ্দেশ্যে
 স্থাবর সম্পত্তির ইজারা হইলে তাহা মাসিক ইজারা হিসাবে গণ্য হইবে।
- rent book দাবিলা বি. যে-বহি বা দলিলে প্রজাস্বত্বের অপরাপর বিবরণসহ খাজনাপ্রদান লিপিবদ্ধ করা হয়। ১৯৯১ সালের বাড়িভাড়া নিয়ন্ত্রণ আইনের বিধান-অনুসারে নির্ধারিত ছকে ভাড়া প্রদানের সময়ে ভাড়াপ্রদান সম্পর্কে বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করিয়া মালিক ভাড়াটিয়াকে প্রদান করিতে বাধ্য।
- rentcharge n. খাজনা দায় ইংল্যান্ডে ইজারা বা প্রজাস্বত্বের অধীনে প্রদেয় খাজনা এবং সুদ ব্যতীত ভূমির উপর দাবিকৃত যে-অর্থ পর্যায়বৃত্তভাবে প্রদান করিতে হয়।
- rent controller ভাড়া-নিয়ন্ত্রক ১৯৯১ সালের বাড়িভাড়া নিয়ন্ত্রণ আইনের বিধান-অনুসারে, সরকার-নিযুক্ত বিচারবিভাগীয় কর্মকর্তা, সাধারণত সহকারী বিচারক, যাঁহার দায়িত্ব ইইতেছে বাড়িভাড়া নির্ধারণ করা, ভাড়া জমা নেওয়া, এবং মালিক ও ভাড়াটিয়ার মধ্যে কতিপয় নির্ধারিত বিষয়ে বিরোধ নিম্পত্তি করা।
- rent officer খাজনা বা ভাড়া-কর্মকর্তা ইংল্যান্ডে সরকার-নিযুক্ত কর্মকর্তা, থাঁহার দায়িত্ব ইইতেছে ন্যায্য খাজনা বা ভাড়া নির্ধারণ করা, এবং তাঁহার এলাকার সকল ন্যায্য খাজনা বা ভাড়ার খাতা সংরক্ষণ করা। ইংল্যান্ডে ১৯৮৮ সালের গৃহায়ণ আইনের বিধান-অনুসারে গৃহায়ণ-সুবিধা ও ভাড়ার ভর্তুকি প্রদান করা তাঁহার অতিরিক্ত দায়িত্ব।

rent rebate ভাড়া-ব্রাস ইংল্যান্ডে স্থানীয় কর্তৃপক্ষ অভাবগ্রস্ত ভাড়াটিয়াদের বাড়িভাড়ার যে-ভর্তৃকি প্রদান করিয়া থাকে। ইহা প্রদানের শর্ত এক এলাকা হইতে অন্য এলাকায় ভিনুরকম।

- rent receiver খাজনাপ্রাপক বি. রায়ত অথবা অকৃষি প্রজাসহ জমিদার অথবা অনুকদার, যাঁহার জমি ইজারা দেওয়া হইয়াছে, এবং কোনো কাজের বিনিময়ে নিছর মত্বে ভূমিদখলকারী ব্যক্তি যিনি ভূমাধিকারীর প্রত্যক্ষাধীনে তাহা দখল করেন। কিন্তু ইয়তে চিরস্থায়ী ইজারা ব্যতীত অন্যপ্রকার ইজারামূলে ভূমি ও তদস্থিত দালান ও তৎসংলগ্ন প্রয়োজনীয় ভূমির ইজারাপ্রদানকারীকে বুঝায় না।
- rent registration ভাড়া-নিবন্ধন ১. ইংল্যান্ডে ১৯৭৭ সালের খাজনা বা ভাড়া আইনের বিধান-অনুসারে, খাজনা বা ভাড়া-কর্মকর্তা বা নির্ধারক কমিটি কর্তৃক নির্ধারিত ন্যায্য খাজনা বা ভাড়া নিবন্ধন। পূর্বে নির্ধারিত খাজনা বা ভাড়ার ক্ষেত্র ব্যতীত এই পদ্ধতি বর্তমানে বাতিল করা হইয়াছে। ২. খাজনা বা ভাড়া-ট্রাইব্যুনাল বা নির্ধারণ কমিটি কর্তৃক নিয়ন্ত্রিত চুক্তির অধীনে নির্ধারিত খাজনা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন। ইংল্যান্ডে ১৯৮৮ সালের গৃহায়ণ আইন জারি ইইবার পর হইতে নৃত্ন কোনো প্রজাস্বত্বের খাজনা বা ভাড়া নিবন্ধন করা হয় না।
- rent service খাজনাসেবা বি. ১. ভূম্যধিকারী ও প্রজা-সম্পর্ক বিদ্যমান থাকাকালে যে-খাজনা প্রদেয়। ২. আদিকালে ইংল্যান্ডে সামন্তপ্রধানকে প্রদেয় খাজনা।
- rent tribunal ভাড়া ট্রাইব্যুনাল নিয়ন্ত্রিত চুক্তির অধীনে ন্যায়সংগতভাবে প্রদেয় ভাড়া নির্ধারণ করিবার জন্য যে-ট্রাইব্যুনালের নিকট নালিশ করা যায়। ইংল্যান্ডে ১৯৮০ নালের গৃহায়ণ আইনের পূর্বের চুক্তির ক্ষেত্রে ভাড়া-ট্রাইব্যুনাল প্রজাস্বত্বের সীমিত সুরক্ষা প্রদান করিতে পারেন। বর্তমানে ভাড়া-নির্ধারণ কমিটি ওই দায়িত্ব পালন করে। ইংল্যান্ডে ১৯৮৮ সালের গৃহায়ণ আইন জারি হইবার পরে নৃতন করিয়া নিয়ন্ত্রণ-চুক্তি করা যায় না।
- renunciation n. ১. স্বত্বত্যাগ বি. একটি অধিকার অন্যের নিকট হস্তান্তর না করিয়া স্পষ্টত বা অনুকভাবে সম্পরিত্যাগ। ২. (ফৌজদারি আইনে) পরিত্যজ্জন বি. একটি অপরাধ সংঘটিত হইবার পূর্বে অপরাধমূলক অভিপ্রায় সম্পূর্ণত ও স্বেচ্ছায় পরিত্যাগ। ৩. (ইচ্ছাপত্র ও সম্পদ) স্বত্বত্যাগ বি. ইচ্ছাপত্রোক্ত একটি অধিকার পরিত্যাগপূর্বক তৎস্থলে একটি সংবিধিবদ্ধ হিস্সা দাবিকরণ।
- renvoi n. ক্ষেরত বি. যে-তত্ত্ব অনুসারে কোনো কোনো অবস্থায় এক দেশের আদালত আইনসংক্রান্ত বিরোধ-নিষ্পত্তি করিবার জন্য অন্যদেশের আইন প্রয়োগ করেন। প্রাতিজনিক আন্তর্জাতিক আইনে সমস্যা দেখা দেয় যখন আইনের বিরোধসম্পর্কিত এক দেশের নিয়ম অন্য দেশের আইনসংক্রান্ত কোনো মামলার

repair %>>

উল্লেখ করে, আবার সেই দেশের আইন প্রথমোক্ত দেশের কিংবা ভৃতীয় কোনো দেশের আইনের উল্লেখ করে। যেমন, ইংল্যান্ডের আইনে বিরোধসম্পর্কিত নিয়মে যদি কোনো ব্যক্তি ইচ্ছাপত্রবিহীন অবস্থায় মারা যান তাঁহার উত্তরাধিকার নির্ধারিত হয় তিনি যে-দেশের নিবাসী, সেই দেশের আইন-অনুসারে। ইতানির আইনের বিরোধসম্পর্কিত নিয়মে ব্যক্তিগত সম্পত্তির উত্তরাধিকার ওইরূপ ক্ষেত্রে ইচ্ছাপত্রবিহীন অবস্থায় মৃত ব্যক্তির জাতীয়তার দ্বারা নির্ধারিত হয়। এইরূপে ইংল্যান্ডের একজন নাগরিক ইচ্ছাপত্রবিহীনভাবে ইতালিতে নিবাসী অবস্থায় মারা গেলে ফেরত তত্ত্বের সমস্যা দেখা দিবে; ইংল্যান্ডের আইন বিষয়টিতে তাঁহার নিবেশের আইন প্রয়োগ করিতে বলিবে এবং ইতালির আইন তাঁহার জাতীয়তার আইন প্রয়োগ করিতে বলিবে

repair n. মেরামত বি. ১৯৯১ সালের বাডিভাডা নিয়ন্ত্রণ আইনের ২১ ধারা-অনুসারে, ১. কোনো বাড়ি-মালিক তাঁহার ভাড়া দেওয়া কোনো বাড়ি মেরামত করিতে বাধ্য থাকিলে বা পানি বা বিদ্যুৎ সরবরাহ বা পয়ঃপ্রণালী নিষ্কাশন বা লিফট ব্যবস্থাসহ কোনো অত্যাবশ্যকীয় সরবরাহ-ব্যবস্থা রক্ষণাবেক্ষণের জন্য ভাডার শর্ত বা স্থানীয় প্রথা-অনুযায়ী বাধ্য থাকিলে এবং তজ্জন্য ভাডাটিয়া বাডিভাডা-নিয়ন্ত্রকের নিকট দরখান্ত করিলে, নিয়ন্ত্রক বাড়ির মালিককে, বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে, নোটিশ প্রদান করিয়া উক্ত মেরামত বা রক্ষণাবেক্ষণের জন্য নির্দেশ দিতে পারিবেন। ২. (১) উপ-ধারার অধীন নোটিস জারির ত্রিশ দিনের মধ্যে যদি বাড়ির-মালিক উক্তরূপ মেরামত বা রক্ষণাবেক্ষণ করিতে ব্যর্থ হন বা অবহেলা করেন তাহা হইলে ভাড়াটিয়া উক্ত মেরামত বা রক্ষণাবেক্ষণ নিজে করার জন্য নিয়ন্ত্রকের অনুমতি প্রার্থনা করিয়া উহার আনুমানিক খরচের একটি হিসাবসহ দরখান্ত করিতে পারিবেন। ৩. (২) ^{উপ}-ধারার অধীন দরখান্ত প্রাপ্ত হইবার পর নিয়ন্ত্রক, বাড়ি-মালিককে গুনানির সুযোগ দিয়া এবং উক্ত আনুমানিক খরচের হিসাব বিবেচনা করিয়া এবং প্রয়োজন মনে করিলে আরো তদন্ত করিয়া, লিখিত আদেশদ্বারা ভাডাটিয়াকে আদেশে উল্লিখিত অর্থের অনধিক অর্থব্যয়ে উক্ত মেরামত বা রক্ষণাবেক্ষণ করিবার অনুমতি দিতে পারিবেন। ৪, (৩) উপ-ধারার অধীন অনুমতিপ্রাপ্ত হইলে ভাডাটিয়া নিজ ব্যয়ে উক্ত মেরামত বা রক্ষণাবেক্ষণ করিতে পারিবেন এবং তজ্জন্য ব্যয়িত অর্থ ভাড়া হইতে কর্তন করিয়া বা অন্য কোনোভাবে বাড়ির মালিক হইতে আদায় করিতে পারিবেন; তবে শর্ত থাকে যে, উক্ত অর্থের পরিমাণ নিয়ন্ত্রকের আদেশে উল্লিখিত অর্থের অধিক হইবে না এবং কোনো বৎসরে উক্ত অর্থের পরিমাণ উক্ত বৎসরে প্রদেয় ভাড়ার এক-ষষ্ঠাংশের বেশি হইবে না। আরো শর্ত থাকে যে, যদি উক্ত মেরামত বা রক্ষণাবেক্ষণের জন্য ব্যয়িত অর্থ নিয়ন্ত্রকের আদেশে উল্লিখিত অর্থের অধিক হয় তবে উক্ত অতিরিক্ত অর্থ ভাড়াটিয়া বহন করিবেন। ৫. কোনো বাডিতে যেরূপ মেরামত বা রক্ষণাবেক্ষণ করা না হইলে উহাতে বসবাস করা বা উহা ব্যবহার করা চরম কষ্টসাধ্য হয়, সেরপ

মেরামত বা রক্ষণাবেক্ষণ করিতে বাড়ির মালিক সকল অবস্থাতেই বাধ্য থাকিবেন এবং উক্তরূপ মেরামত (১) উপ-ধারায় উল্লিখিত মেরামত বা রক্ষণাবেক্ষণের অন্তর্ভুক্ত হইবে না; এবং যদি বাড়ির মালিক উক্তরূপ মেরামত বা রক্ষণাবেক্ষণ করিতে ব্যর্থ হন তাহা হইলে (১), (২) ও (৩) উপ-ধারা প্রয়োগের ক্ষেত্রে উক্তরূপ মেরামত বা রক্ষণাবেক্ষণের জন্য ব্যয়িত অর্থ তাঁহার ভাড়া কর্তন করা বা তাঁহার নিকট হইতে আদায়ের ব্যাপারে (৩) উপ-ধারায় উল্লিখিত অর্থের পরিমাণের সীমা প্রযোজ্য হইবে না।

reparations n. ক্ষতিপূরণ বি. (আন্তর্জাতিক আইনে) ১. ক্ষতিসাধনের বা আন্তর্জাতিক দায়িত্বভঙ্গের জন্য ক্ষতিপূরণ। যখনই সম্ভব আন্তর্জাতিক আদালত বা নালিশি ট্রাইব্যুনাল খোয়া-যাওয়া বস্তু পূর্বাবস্থায় ফেরত প্রদানের নির্দেশ দিবেন; যদি তাহা সম্ভব না হয়, খোয়া-যাওয়া বস্তু পূর্বাবস্থায় ফেরত পাইতে যে-পরিমাণ অর্থ প্রমাজন সে-পরিমাণ ক্ষতিপূরণ প্রদানের নির্দেশ দিবেন। ক্ষতিপূরণের উদ্দেশ্য ইইতেছে বেআইনি কাজের মন্দ প্রতিক্রিয়া বিমোচন। ২. বিজয়ী দেশ যুদ্ধে যে-ক্ষতির সম্মুধীন ইইয়াছে, পরাজিত রাষ্ট্র কর্তৃক তাহার জন্য ক্ষতিপূরণপ্রদান।

repatriation n. প্রভ্যাবাসন বি. কোনো ব্যক্তি যে-দেশের নাগরিক, বিদেশ হইতে স্বেচ্ছায় তাঁহার সে-দেশে প্রভ্যাবর্তন। deportation তু.।

repeal n. বাতিল বি, পরবতীকালে প্রণীত একটি বিধিবদ্ধ আইনদ্বারা কোনো বিধিবদ্ধ আইন আংশিক বা সম্পূর্ণ বাতিল করা। সাধারণত একটি বিধিবদ্ধ আইন ব্যক্তভাবে বাতিল করা হয়। কিন্তু যদি পরবর্তী বিধিবদ্ধ আইনের কোনো বিধান পূর্ববর্তীটির সহিত অসামঞ্জস্যপূর্ণ হয়, তাহা হইলে অনুমিত হইবে যে, পার্লামেন্ট বা সংসদের পূর্ববর্তী বিধান বাতিল করার অভিপ্রায় ছিলো। কোনো আইন বাতিলের ফলে উক্ত আইনের অধীনে পূর্বে কৃত কোনো লেনদেন বাতিল হয় না।

repeat offender দাগি অপরাধী যে-অপরাধী একই অপরাধ একাধিকবার করেন। এইরপ অপরাধীদের পরবর্তী অপরাধের জন্য বর্ধিত শান্তিপ্রদানের বিধান আছে। দৌজদারি কার্যবিধির ৫৫ ধারা-অনুসারে অভ্যাসগত অপরাধীকে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা স্বয়ং গ্রেপ্তার করিতে বা গ্রেপ্তারের আদেশ দিতে পারেন। উক্ত কার্যবিধির ১১০ ধারার বিধান-অনুসারে কতিপয় ম্যাজিস্ট্রেট ওইরূপ অপরাধীকে সদাচরণের জন্য মুচলেকাপ্রদানের আদেশ দিতে পারেন।

replevin n. রেপ্রভাঁা, সাময়িক প্রত্যর্পণ যে-কার্যক্রমের ফলে বাদীর দখল হইতে (সাধারণত বকেয়া ভাড়ার জন্য ক্রোকের মাধ্যমে) সরাইয়া লওয়া মালামাল পক্ষদের স্বত্ব নির্ধারিত হওয়া সাপেক্ষে সাময়িকভাবে বাদীর পুনর্দখলে প্রদান করা হয়।

replication n. প্রত্যুত্তর বি. বিবাদীর জবাবের উত্তরে বাদী বা ফরিয়াদির প্রত্যুক্তি। আইন-শনকোষ: ৫৮

- reply n. উত্তর, প্রত্যুত্তর বি. দেওয়ানি মামলায় বিবাদীর জবাবের উত্তরে বাদী আদালতে যে-বক্তব্য দাখিল করেন। ইহা প্রায়শ পালটা দাবির জবাবে একই দলিলে লিপিবদ্ধ করা হয়। দেওয়ানি কার্যবিধির ৮ আদেশের ৯ নিয়ম-অনুসারে, পালটাদাবির জবাব ভিন্ন আদালত কর্তৃক.অনুমিতপ্রাপ্ত না হইলে বাদী আর কোনো জবাব দাখিল করিতে পারেন না।
- report n. প্রতিবেদন বি. ১. একটি আনুষ্ঠানিক মৌখিক বা লিখিত তথ্য-বিবরণ। ২. আদালতের কার্যধারা ও বৈচারিক সিদ্ধান্তের একটি লিখিত বিবরণ। ৩. (সাধারণত বহুবচনে) একটি বিশেষ আদালত বা কিছুসংখ্যক আদালতের বৈচারিক সিদ্ধান্তসমূহ-সংবলিত প্রকাশিত পুস্তক।
- repository n. আগার বি. যে-স্থানে কোনো কিছু জনা বা সংরক্ষণ করা হয়। যেমন, পণ্যাগার বা ভাণ্ডার।
- repossession n. পুনর্দখল বি. বন্ধকের শর্তানুযায়ী বন্ধকদাতা কর্তৃক বন্ধকগ্রহীতার দখল হইতে বন্ধকি সম্পত্তির দখল উদ্ধারের অধিকার। যখন কোনো সম্পত্তির বন্ধক দেওয়া হয়, তখন বন্ধকদাতার তাহাতে দখল ফেরত পাইবার অধিকার থাকে, যদি তিনি সেই স্বত্ব ত্যাগ না করেন। বন্ধকগ্রহীতা কোনো শর্ত ভঙ্গ না করিলে বন্ধকদাতার পক্ষে সাধারণত ওইরপ অধিকার কার্যকর হয় না। ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৯৫ ধারা-অনুসারে বন্ধকগ্রহীতার পক্ষে সাত বৎসর দখলের পর কৃষিজমি বন্ধকদাতাকে ফেরত দিতে হয়। সম্পত্তি-হস্তান্তর আইন-অনুসারে বন্ধকদাতা ঋণের টাকা পরিশোধের পর বন্ধকি সম্পত্তির দখল ফেরত পাইবার অধিকারী।
- representation n. প্রতিনিধিত্ব, বিবৃতি, উপস্থাপন বি. ১. প্রতিনিধি কর্তৃক নিয়োগকর্তার পক্ষে কাজ করিবার, উকিল কর্তৃক আদালতে পক্ষাবলম্বন করিবার বা নির্বাচিত প্রতিনিধি কর্তৃক নির্বাচকমণ্ডলীর প্রতিনিধিত্ব করিবার অবস্থা। ২. (উত্তরাধিকারের ক্ষেত্রে) ইচ্ছাপত্রের নির্বাচকমণ্ডলীর প্রতিনিধিত্ব করিবার অবস্থা। ২. কেন, এবং ইচ্ছাপত্রেরিহীন অবস্থায় কেহ মারা গেলে মৃত ব্যক্তির ওয়ারিশকে প্রশাসনাদেশ, মনজুর করিয়া আদালত মৃত ব্যক্তির পক্ষে কাজ করিবার ক্ষমতা প্রদান করেন। অর্থাৎ ইচ্ছাপত্রে উল্লিখিতমতে, মৃত ব্যক্তির সম্পত্তির আয় আদায় করিবার বা সম্পত্তি বিক্রয় বা অন্যভাবে হস্তান্তর করিবার ক্ষমতা, অথবা ইচ্ছাপত্রবিহীনাবস্থায় কেহ মারা গেলে যে-নিয়মে তাঁহার সম্পত্তির ব্যবস্থাপনা করিতে হয় সে-মতে, আদালত আদেশ প্রদান করেন। ৩. (চুক্তি আইনে) অসত্য প্রতিবেদন বা আবশ্যকীয় ঘটনা সম্পর্কে মিথ্যা বর্ণনার দ্বারা কাহাকেও চুক্তিতে উপনীত হইতে প্রলুব্ধ করা হইলে তিনি ক্ষতিপুরণের জন্য বা চুক্তি বাতিলের জন্য নালিশ করিতে পারেন। ৪. (বিমা আইনে)

বিমা চুক্তি করিবার সময়ে বা তৎপূর্বে বিমাকারীর নিকট পেশকৃত উপস্থাপন হইতেছে সেইসকল উপাদান হাজির করা, যাহার উপর ভিত্তি করিয়া গৃহীতবা ঝুঁকি হিসাব করিতে হইবে। এই উপাদানগুলিই চুক্তির ভিত্তি। ঝুঁকির কোনো গুরুত্বপূর্ণ দিক অযথার্থভাবে উপস্থাপিত হইলে, উক্ত উপাদানসমূহের ভিত্তিতে প্রদন্ত বিমাপত্রটি কার্যকর হইবে না।

- representative n. প্রতিনিধি, প্রতিভূ বি. এমন একজন ব্যক্তি, যাঁহাতে মামলার কোনো পক্ষের স্বত্ব্ সেই পক্ষের কোনো কার্যের দ্বারা কিংবা আইনের পরিক্রিয়াবলে ন্যন্ত হইয়াছে।
- representative action প্রতিনিধিত্বমূলক মামলা একটি বৃহত্তর গোষ্ঠী বা দলের প্রতিনিধিস্বরূপ এক বা একাধিক ব্যক্তির পক্ষে বা বিপক্ষে মামলা। যে-সকল ব্যক্তির পক্ষে মামলা। করা হয় তাঁহাদের সকলেরই ওই মামলায় একই স্বার্থ থাকা আবশ্যক এবং সেজন্য দলের প্রত্যেকের যদি ক্ষতিপূরণের ভিন্ন ভিন্ন দাবি থাকে তবে সাধারণত সেক্ষেত্রে প্রতিনিধিত্বমূলক মামলা করা যায় না। প্রতিনিধিত্বমূলক মামলা যে-সকল ব্যক্তির পক্ষ হইতে করা হয়, মামলার রায় তাঁহাদের সকলের উপর বাধ্যকর ইংল্যান্ডের আইনে সাধারণত এইরূপ মামলা সম্ভবপর নহে, যদিও মার্কিন যুক্তরাষ্ট্রে তাহা খুব সাধারণ ব্যাপার। দেওয়ানি কার্যবিধির ১ আদেশের ৮ নিয়ম-অনুসারে একই স্বার্থ লইয়া এক বা একাধিক ব্যক্তি আদালতের অনুমতিক্রমে সকল স্বার্থবান ব্যক্তির পক্ষে মামলা চালাইতে বা প্রতিছ্বিদ্যতা করিতে পারেন।
- reprieve n. দণ্ডবিলম্বন বি. কোনো ফৌজদারি দণ্ডজ্ঞার, বিশেষত প্রাণদণ্ডের,
 নিপ্পাদন সাময়িকভাবে স্থগিতকরণ। ফৌজদারি কার্যবিধির ৪০১ ধারা-অনুসারে
 সরকার এবং সংবিধানের ৪৯ অনুচ্ছেদ-অনুসারে রাষ্ট্রপতি যে-কোনো দণ্ডের বিলম্বন
 করিতে পারেন।
- reprimand n. ভর্ৎসনা বি. পেশাগত দায়িত্বপালনের ক্ষেত্রে একপ্রকার শৃঙ্খলামূলক ব্যবস্থা, যাহা বিচার বা আনুষ্ঠানিক অভিযোগের পরে গ্রহণ করা হয়। ইহার দ্বারা আইনজীবীর আচরণ অনুচিত বলিয়া ঘোষণা করা হয়, কিন্তু তাঁহার আইনব্যবসা করিবার অধিকার খর্ব করা হয় না। শৃঙ্খলাভঙ্গকারী সরকারি কর্মচারীদের গৌণ শান্তিরূপে ভর্ৎসনার বিধি আছে।
- reprisal n. প্রতিশোধ, প্রত্যাঘাত বি. কোনো রাষ্ট্রের বেআইনি বা অন্যায্য আচরণের ফলে সৃষ্ট কোনো বিরোধ নিষ্পত্তির জন্য তাহার বিরুদ্ধে অপর রাষ্ট্র কর্তৃক গৃহীত প্রতিশোধমূলক ব্যবস্থা। বর্জন, অবরোধ এবং সীমিত সামরিক ব্যবস্থা এইরূপ প্রতিশোধমূলক ব্যবস্থার অন্তর্ভক্ত।

reproduction n. প্রত্যুৎপাদন বি. মনের সামনে অবিকল একইরপে হার্জির করিবার প্রক্রিয়া বা কার্য। একটি প্রতিলিপিতে পুনরাবৃত্তি করিবার প্রক্রিয়া বা কার্য। একটি অনুলিপি বা প্রতিলিপি। তক্ষণ বা অন্য কোনো প্রক্রিয়ায় কোনো চিত্র বা অন্য কোনো শিল্পকর্মের নকল।

- reproductive rights প্রজননের অধিকার কোনো ব্যক্তির প্রজননাত্মক কর্মকাণ্ডের নিয়ন্ত্রণসংক্রান্ত অধিকারসমূহ। সুনির্দিষ্টভাবে, গর্ভধারণ, গর্ভপাত ও বন্ধ্যাকরণ, বিশেষত কোনো নারী গর্ভধারণ বা সন্তান ধারণ করিবেন কি না, সেই বিষয়ে তাঁহার ব্যক্তিগত শারীরিক অধিকার-সম্পর্কিত নাগরিক স্বাধীনতা।
- republic n. প্রজাতন্ত্র বি. প্রজাবর্গের নির্বাচিত প্রতিনিধিদ্বারা শাসিত রাষ্ট্র। জেনারেল ক্লজেজ অ্যাক্টের ৩(৪৬ক) ধারা-অনুসারে, প্রজাতন্ত্র অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।
- republication of a will ইচ্ছাপত্র পুনঃসম্পাদন যথার্থ আনুষ্ঠানিকতাসহ কোনো বিদ্যমান ইচ্ছাপত্র সম্পাদন করা বা কোনো ইচ্ছাপত্র সম্পাদন উর্বাধ করে ক্রাড়পত্র সম্পাদন করা। পুনঃসম্পাদিত হইলে ইচ্ছাপত্র পুনঃসম্পাদনের তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হয়। উত্তরাধিকার আইনের ৭১ ধারা-অনুসারে, পুনঃসম্পাদনের দ্বারা বা সংশোধনের পার্শ্বে সম্পাদনকারী ও সাক্ষীদের দত্তখত দ্বারা ইচ্ছাপত্র বৈধ করা যায় এবং ৭৩ ধারা-অনুসারে, বাতিলকৃত অব্যাহতিহীন ইচ্ছাপত্র পুনরুজ্জীবিত করা যায়। এতৎসহ codicil দ্র.। revival of will তু.।
- repudiation n. প্রত্যাখ্যান বি. ১. (চুক্তি আইনে) চুক্তি অগ্রিম ভঙ্গ করা। ২. কোনো নাবালক কর্তৃক নাবালকত্বহেতু বাতিলযোগ্য চুক্তি মান্য করিতে অস্বীকৃতি। capacity to contract ও rescission দ্র.।
- repugnancy n. প্রতিকূলতা, অসামঞ্জস্য বি. কোনো দলিলের শর্তাবলিতে অসংগতি বা সামঞ্জস্যহীনতা। পক্ষদের প্রাথমিক অভিপ্রায়কে (প্রধান উদ্দেশ্যবিধান) যেভাবে বলবৎ করা যায়, সাধারণত আদালত সেভাবে দলিলগুলিকে ব্যাখ্যা করেন। ইহা করা না গেলে এবং দলিলের শর্তাবলি সরাসরি স্ববিরোধী হইলে আদালত ইচ্ছাপত্রের ক্ষেত্রে পরবর্তী শর্ত এবং অপরাপর দলিলের ক্ষেত্রে পূর্ববর্তী শর্ত বলবৎ করেন।
- reputation n. খ্যাভি বি. সাধারণত কোনো ব্যক্তিকে যেভাবে বিবেচনা করা হয়। character ও defamation দ্র.।
- reputed ownership খ্যাতমালিকানা কোনো ব্যবসায়ীর দেউলিয়াত্বের প্রথমদিকে কোনো পণ্য প্রকৃত মালিকের সম্মতিক্রমে তাঁহার দখলে থাকিলে এবং এমন পারিপার্শ্বিক অবস্থায় তাহা দেউলিয়ার মালিকি বলিয়া মনে হইলে তাহাকে

a) 9 rescission

দেউলিয়াখ্যাত মালিকানার সম্পত্তি বলা হয়। এইব্লপ পণ্য দেউলিয়ার নিজম্ব পণ্য হিসাবে গণ্য হয় এবং সেইজন্য তাঁহার পাওনাদারদের মধ্যে বউনের জন্য তাহা গ্রহণ করা হয়।

requirements of law আইনের প্রয়োজন নিবন্ধন-আইনে (Registration Act) উল্লিখিত 'আইনের প্রয়োজন' পরিশব্দটি কোনো বিশেষ আইনের মধ্যে, যেমন নিবন্ধন-আইনের মধ্যে, সীমাবদ্ধ করা যাইবে না। ইহার দ্বারা অবশ্যই সামগ্রিকভাবে সকল আইন বৃঝিতে হইবে। সামগ্রিকভাবে বলবৎ অন্য যে-কোনো আইনও ইহার অন্তর্ভক্ত।

requisition n. হকুমদখল, তলৰ বি. ১. স্থাবর সম্পত্তি হকুমদখল ও অধিগ্রহণ আইনের বিধান-অনুসারে কোনো স্থাবর সম্পত্তি জনস্বার্থে বা জনকল্যাণের উদ্দেশ্যে সরকারি বা বেসরকারি কোনো কাজে ব্যবহারের জন্য মালিকের নিকট হইতে সাময়িকভাবে গ্রহণ করা। ২. আদালত বা কোনো কর্তৃপক্ষ কর্তৃক কোনো ব্যক্তি বা সংস্থার নিকট হইতে কোনো দলিল বা বস্তু চাহিয়া পাঠানো। ৩. কোনো সংস্থা বা কোম্পানির নির্দিষ্টসংখ্যক সদস্যকর্তৃক নির্দিষ্ট তারিখে ও সময়ে নির্দিষ্ট স্থানে সভা আহ্বান করিবার জন্য লিখিত ও স্বাক্ষরযুক্ত আবেদনপ্র।

're-registration n. পুনর্নিবন্ধন বি. কোনো নিবন্ধিত কোম্পানির শ্রেণীপরিবর্তন।

যেমন, দায়বন্ধ ইইতে দায়মুক্ত অথবা পাবলিক বা সার্বজনিক কোম্পানি ইইতে

থাইভেট বা প্রাতিজনিক কোম্পানিতে (অথবা কোনো ক্ষেত্রে তদ্বিপরীতভাবে)

পরিবর্তিত করিবার পদ্ধতি।

res n. বস্তু বি. ১. ব্যক্তির সহিত বৈপরীত্যক্রমে একটি বস্তু, সামগ্রী, অধিকার বা পদমর্যাদা। ২. একটি ন্যানের বিষয়বস্তু।

res adjudicata যে-বিষয় পূর্বেই নিষ্পত্তি করা হইয়াছে res judicata দ্র.। resale n. পুনর্বিক্রয় বি. right of resale দ্র.।

rescission n. বাতিলকরণ বি. বাতিল্যোগ্য চুক্তি বাতিল করা যাহার ফলে ওই

চুক্তির কোনো অন্তিত্ব কখনও ছিল না বলিয়া গণ্য করা হয়। বাতিলকরণ একটি
প্রত্যাহারযোগ্য পদক্ষেপ। ইহা করিতে হইলে চুক্তির দ্বারা আর বাধ্য থাকিবে না, এই

মর্মে সুস্পষ্ট অভিপ্রায় ব্যক্ত করিতে হইবে। অপরপক্ষকে অথবা প্রকাশ্যে

সর্বসাধারণকে জ্ঞাত করিবার যে-কোনো পস্থায় তাহা করিতে হইবে। আদালতে

নালিশ দায়ের করিয়াও বাতিল করা যায়। (এই প্রতিকারটি) ইংল্যান্ডের ন্যায়পর
আদালত উদ্ভাবন করিয়াছিলেন। ইহা করিবার ক্ষেত্রে কতিপয় সীমাবদ্ধতা আছে।

যেমন, চুক্তির অধীন কোনো কিছু লেনদেন করা হইয়া থাকিলে, উভয়পক্ষকে সাবেক

অবস্থায় পুনঃস্থাপন করা সম্ভবপর না হইলে, এবং তৃতীয় ব্যক্তির কোনো স্বার্থসৃষ্টি হইয়া থাকিলে, তাহা করা যায় না। চুক্তি আইনের ৬৬ ধারায় বলা হইয়াছে যে, কোনো প্রস্তাব যে-পদ্ধতিতে বাতিল বা রদ করা যায়, বাতিলযোগ্য চুক্তি বাতিলকরণ, জ্ঞাতকরণ বা রদকরণের ক্ষেত্রে সেইসকল বিধান অনুসরণ করিতে হইবে।

rescission of contracts চুক্তি রদ ১৮৭৭ সালের সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৩৫ ধারা-অনুসারে, লিখিত চুক্তিতে স্বার্থসংশ্রিষ্ট যে-কোনো ব্যক্তি তাহা রদ করিবার জন্য মামলা দায়ের করিতে পারেন এবং আদালত নিম্নাক্ত যে-কোনো ক্ষেত্রে বিচারপূর্বক চুক্তি রদ করিতে পারেন : (ক) যেখানে চুক্তি বাতিলযোগ্য অথবা বাদী কর্তৃক সমাপনীয়; (খ) যেখানে আপাতদৃশ্যমান কোনো কারণে চুক্তি অবৈধ এবং তাহার জন্য বাদীর চাইতে প্রতিবাদীকেই দায়ী করা যায় বেশি। (গ) যেখানে একটি বিক্রম চুক্তি অথবা একটি ইজারাগ্রহণের চুক্তির সুনির্দিষ্ট কার্য সম্পাদনের জন্য ডিক্রি প্রদান করা হইয়াছে এবং ক্রেতা বা ইজারাগ্রহীতা আদালত-নির্দেশিত ক্রয়্মসূল্য বা অপরাপর অর্থ পরিশোধে ব্যর্থ হইয়াছেন। যখন বিষয়বন্তু ক্রেতা বা ইজারাগ্রহীতার দখলাধীন থাকে এবং আদালত তেমন দখল অন্যায় মনে করেন, সেইখানে তাঁহাকে ওইরূপ দখলকারী হিসাবে গৃহীত খাজনা ও লাভ বিক্রেতা বা ইজারাদাতাকে প্রদান করিবার জন্য আদালত নির্দেশ প্রদান করিতে পারেন। একই ক্ষেত্রে আদালত সেই মামলামই আদেশের মাধ্যমে, যাহাতে ডিক্রি প্রদান করা হইয়াছিল কিন্তু তদনুযায়ী কার্য সম্পাদন করা হয় নাই, হয় কর্তব্যে অবহেলাকারী পক্ষের বেলায় অথবা সম্পূর্ণ চুক্তিই মামলার ন্যায়বিচারের আবশ্যকতা-অনুযায়ী রদ করিয়া দিতে পারেন।

rescue n. উদ্ধার বি. ১. কোনো ব্যক্তি বা সম্পত্তিকে বিপদ হইতে পরিআণ করা।
বিপদ হইতে কোনো ব্যক্তি বা সম্পত্তি উদ্ধার করিবার কোনো সাধারণ দায়িত্ব না
থাকিলেও জাহাজের অধ্যক্ষের পক্ষে সমুদ্রে বিপদগ্রস্ত লোকদের সাহায্যপ্রদানের
দায়িত্ব সংবিধিবদ্ধ আইনদারা অর্পণ করা হইয়াছে। ২. আইনের হেফাজতে থাকা
কোনো ব্যক্তিকে জোরপূর্বক উদ্ধার করা দওবিধির ২২৫খ ধারা-অনুসারে একটি
দওনীয় অপরাধ। ৩. যে-সম্পত্তি কোক করিয়া লওয়া হইয়াছে তাহার পুনরুদ্ধার।
কোক বেআইনি হইলে মালিক তাহা পুনরুদ্ধার করিতে পারেন। আদালতের যেডিক্রি বলবৎ করিবার জন্য ক্রোক করা হয়, সে-ডিক্রির দাবি পরিশোধ করিয়া
নিলামে বিক্রয়ের পূর্বে ক্রোকি সম্পত্তি পুনরুদ্ধার করা যায়।

reseal probate পুনরায় প্রভ্যয়িত ইচ্ছাপত্র-প্রমাণক কোনো দেশে কোনো ইচ্ছাপত্রপ্রমাণক নকল প্রদান করা হইলে তাহা অন্য কোনো দেশের আদালতকর্তৃক
অনুমোদনক্রমে পুনরায় প্রভায়িত করিয়া দেশে দ্বিতীয়োক্ত ইচ্ছাপত্র-সম্পাদনকারীর
সম্পত্তির ব্যবস্থাপনার জন্য নির্বাহককে ক্ষমতাপ্রদান। probate দ্র.।

resembling adj. সদৃশ, সাদৃশ্যযুক্ত বিণ. সদৃশরূপে নির্মিত কিংবা দৃশ্যত অভীষ্ট।

reservation n. সংরক্ষণ বি. ১. (আন্তর্জাতিক আইনে) কোনো চুক্তি স্বাক্ষর, অনুমোদন, গ্রহণ, সমর্থন বা তাহাতে সম্মতিজ্ঞাপন করিবার সময়ে কোনো রাষ্ট্র কর্তৃক প্রণীত একপাক্ষিক বিবৃতি, যাহাতে সেই রাষ্ট্রে উক্ত চুক্তির কোনো কোনো বিধানের আইনি কার্যকরতা পরিহার বা পরিবর্তন করা যায়। ২. (ভূমি আইনে) সম্পত্তি-হস্তান্তরের দলিলদ্বারা বিক্রেতা বা হস্তান্তরকারীর বিক্রীত জমির সুবিধার্থে যে-স্বত্ব বা অন্যকোনো অধিকার সৃষ্টি করা হয়। যেমন 'ক' যদি 'খ'-য়ের নিকট ৩৪২ দাগের জমি বিক্রয় করিবার সময়ে বিক্রীত ৩৪২ দাগের উপর দিয়া তাহার পার্শ্ববর্তী ৩৪১ দাগের জমিতে চলাচলের অধিকার বহাল রাখেন, তবে তাহা সংরক্ষণ হইবে।

reservation of title বত্ব-সংরক্ষণ retention of tittle দ্ৰ.।

reserve n. ১. সংরক্ষিত বি. ভবিষ্যতে ব্যবহার করিবার জন্য সংরক্ষিত বা সম্ভূত কোনো বস্তু। বিশেষত ভাবী দায় মিটাইবার জন্য ব্যাংক বা বিমা কোম্পানিকর্তৃক পৃথকভাবে রক্ষিত তহবিল। ২. reservation দ্র.।

reserve capital সংরক্ষিত মূলধন authorised capital দ্ৰ.।

reserved forest রক্ষিত বন সরকারি গেজেটে প্রজ্ঞাপনদ্বারা সংরক্ষিত বনের অন্তর্ভুক্ত নহে অথচ সরকারি সম্পত্তির, অথবা যে-সম্পত্তির উপর সরকারের বত্বাধিকার রহিয়াছে অথবা যাহার সমগ্র বা আংশিক বনজাত পণ্যের উপর সরকারের স্বত্বাধিকার রহিয়াছে, এমন বনভূমির বা পতিত জমির ক্ষেত্রে সরকার বন আইনের বিধানাবলি প্রয়োগ করিতে পারেন। উক্তরূপ কোনো প্রজ্ঞাপনদারা গঠিত বনভূমি বা পতিত জমিকে রক্ষিত বন বলা হইবে। প্রজ্ঞাপিত বনভূমিতে বা পতিত জমিতে তদন্ত, জরিপ বা ভূ-ব্যসনের রেকর্ড অথবা সরকারের বিবেচনায় অন্য কোনো প্রকারে সরকার ও বেসরকারি ব্যক্তির অধিকারের আকার ও আকৃতি যথেষ্টভাবে নির্ণয় না করিয়া, কোনো প্রজ্ঞাপন প্রকাশিত হইবে না। বিপরীত কিছু প্রমাণিত না হইলে উক্ত প্রত্যেক রেকর্ড যথার্থ বলিয়া অনুমান করা হইবে। তবে শর্ত এই যে, যে-সমন্ত বনভূমি বা পতিত জমি বা চরজমির ক্ষেত্রে সরকার উক্তরপ তদন্ত বা রেকর্ড করিবার প্রয়োজনীয়তা অনুভব করেন, কিন্তু উহাতে এমন দীর্ঘ সময় লাগিতে পারে যাহাতে ইতিমধ্যে সরকারের স্বত্যাধিকার বিপন্ন হইতে পারে, সেইক্ষেত্রে সরকার উক্তরূপ তদন্ত বা রেকর্ড হওয়া সাপেক্ষে, কিন্তু উহাতে ব্যক্তিবর্গের বা সম্প্রদায়সমূহের বর্তমান অধিকার ক্ষুণু বা ভঙ্গ না করিয়া, উক্ত ভূমিকে রক্ষিত বন হিসাবে ঘোষণা করিতে পারেন।

reserved seats for women members in parliament সংসদে সংরক্ষিত মহিলা আসন সংবিধান-প্রবর্তনকালে সংসদে দশ বৎসরের জন্য সংরক্ষিত মহিলা আসনের সংখ্যা ছিল পনের। পরে সেই সংখ্যা ত্রিশে বৃদ্ধি করা হয়। সংবিধানের reserve forces %\(\partial\)

চতুর্দশ সংশোধনে সংবিধানের ৬৫ অনুচ্ছেদের (৩) দফার পরিবর্তে নিমন্ত্রপ (৩) দফা প্রতিস্থাপন করিয়া আনুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতির বিধান করা হইয়াছে। '(৩) সংবিধান (চতুর্দশ সংশোধন) আইন, ২০০৪ প্রবর্তনকালে বিদ্যমান সংসদের অব্যবহিত পরবর্তী সংসদের প্রথম বৈঠকের তারিখ হইতে গুরু করিয়া দশ বংসর কাল অতিবাহিত হইবার অব্যবহিত পরবর্তীকালে সংসদ ভাঙ্গিয়া না যাওয়া পর্যন্ত প্রয়তাল্লিশটি আসন কেবল মহিলা–সদস্যদের জন্য সংরক্ষিত থাকিবে এবং তাঁহারা আইনানুযায়ী পূর্বোক্ত সদস্যদের দ্বারা সংসদে আনুপাতিক প্রতিনিধিত্বপদ্ধতির ভিত্তিতে একক হস্তান্তরযোগ্য ভোটের মাধ্যমে নির্বাচিত হইবেন : তবে শর্ত থাকে যে, এই দফার কোনো কিছুই এই অনুচ্ছেদের (২) দফার অধীন কোনো আসনে কোনো মহিলার নির্বাচন নিবৃত্ত করিবে না।' সংবিধানের ৬৫ অনুচ্ছেদের (৩) দফা এবং চতুর্থ তম্বসিলের ২৩ অনুচ্ছেদের অধীন জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনসমূহ আনুপাতিক হারে বন্টন এবং বন্টনকৃত আসনের জন্য নির্বাচনপদ্ধতি-নির্ধারণ ও তৎসংশ্লিষ্ট অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে বিধান করিবার লক্ষ্যে জাতীয় সংসদ (সংরক্ষিত মহিলা আসন) নির্বাচন আইন ২০০৪ প্রণীত হয়।

reserve forces সংরক্ষিত বাহিনী যে-বাহিনী প্রকৃতপক্ষে চাকুরিতে নিয়োজিত নহে। সংরক্ষিত বাহিনীকে জাতীয় দুর্যোগ বা জরুরি অবস্থায় নিয়মিত বাহিনীকে সাহায্য করিবার জন্য আহ্বান করা এবং কর্মে নিযুক্ত করা হয়।

reserve fund সংরক্ষিত তহবিল অর্জিত মুনাফার যে-অংশ অংশী বা শেয়ারহোন্ডারদের মধ্যে বন্টন করা হয় না সেই অবন্টিত মুনাফা লইয়া এই তহবিল গঠিত হয়। এই কারণে এই তহবিল শেয়ারহোন্ডারদের নিকট একটি দায় হিসাবে গণ্য হয়। তবে ব্যাংকারগণ বিপদের মুহূর্তে তহবিলটি ব্যবহার করিতে পারেন।

res extincta অন্তিত্বীন বিষয় যে-বিষয় বা বন্তুর আর অন্তিত্ব নাই।

res gestae সংঘটিত ব্যাপার কোনো কর্ম সম্পাদনকালে একই ঘটনার অংশ হিসাবে কথাবার্তাসহ যে-সকল ঘটনা ঘটে। সাক্ষ্য আইনের ৬ ধারা-অনুসারে, যে-সকল ঘটনা বিচার্য না হইলেও বিচার্য ঘটনার সহিত এমনভাবে যুক্ত যেন তাহা একই ঘটনার অংশ, তাহা একই সময়ে ও স্থানে কিংবা ভিন্ন সময়ে ও স্থানে সংঘটিত হইলেও প্রাসঙ্গিক হইবে।

residence n. বাসস্থান বি. যে-স্থানে কোনো ব্যক্তির বসতবাড়ি অবস্থিত। বাসস্থান 'দুই প্রকারের। সাধারণ বাসস্থান ও প্রকৃত বাসস্থান। সাধারণ বাসস্থান হইতেছে যে-স্থানে কোনো ব্যক্তি সাধারণত বাস করেন, যদিও সবসময়ে নহে। প্রকৃত বাসস্থান হইতেছে যে-স্থানে কোনো ব্যক্তি প্রকৃতপক্ষে সবসময়ে বাস করেন। ১৯৮২ সালের নির্বাচনী তালিকা অধ্যাদেশের ৮ ধারার ১ উপধারা-অনুসারে, যে-ব্যক্তি যে-নির্বাচনী

residuary estate n. অবশিষ্ট ভূসম্পত্তি কোনো মৃত ব্যক্তির ঋণ, অন্ত্যেষ্টিক্রিয়ার ব্যয়, সম্পত্তি ব্যবস্থাপনার খরচ এবং সকল নির্দিষ্ট (প্রমাণদায়ক) উত্তরদায় ও উত্তরাধিকারীকে প্রদন্ত সম্পদ পরিশোধ করিবার পর তাঁহার যে-সম্পত্তি থাকে। ইচ্ছাপত্রে যদি ইচ্ছাপত্রকারীর সম্পূর্ণ সম্পত্তি প্রদান না করা হয়, ইচ্ছাপত্রবিহীন অবস্থায় তিনি মারা গেলে যাঁহারা তাঁহার সম্পত্তি পাইতেন তাঁহারাই অবশিষ্টাংশ পাইয়া থাকেন।

resignation n. পদভ্যাগ, ইস্তফা বি. কোনো পদে ইস্তফা সম্পূর্ণ হইলে, উহাতে পদারুয় ব্যক্তির সম্মতি সূচিত হয়।

res integra সম্পূর্ণ বস্তু যে-বস্তু যেমন ছিল তেমনি আছে। একটি সম্পূর্ণ বা অম্পৃষ্ট বস্তু। যে-বস্তু কোনো মামলা বা সিদ্ধান্তের বিষয়ীভূত হয় নাই। বাক্যাংশটি আইনের সেই সকল বিষয় সম্বন্ধে প্রয়োগ করা হয়, যাহা কোনো নজিরের প্রভাবাধীন হয় নাই।

res ipsa loquitur স্বব্যক্ত ঘটনা এই নীতিটি অবহেলা-সম্পর্কিত প্রণযোগ্য ক্ষতির আইনে প্রয়োগ করা হয়। যদি এমন ধরনের কোনো দুর্ঘটনা ঘটে যাহা সাধারণত অবহেলার ফলে ঘটিয়া থাকে এবং যে-সকল অবস্থায় দুর্ঘটনা ঘটিয়াছে তাহা বিবাদীর নিয়ব্রণে ছিল, তবে বিপরীত সাক্ষ্যের অভাবে, ইহা অনুমিত হইবে যে, দুর্ঘটনাটি বিবাদীর অবহেলার জন্য ঘটিয়াছে। negligence দ্র.।

res judicata দোবারা বা বিচারিত বিষয় উপযুক্ত এর্থতিয়ারসম্পন্ন আদালত যেবিষয় চূড়ান্তভাবে নিম্পত্তি করেন, এই নীতি-অনুসারে, মূল পক্ষণণ বা তাহাদের
স্থলাভিষিজণণ সেই বিষয়ে পুনর্বিচার দাবি বা তাহার বৈধতা সম্পর্কে প্রশ্ন উত্থাপন
করিতে পারে না। ইহাতে অবশ্য আপিল করায় অথবা আদালতের এর্খতিয়ার সম্পর্কে
প্রশ্ন উত্থাপন করায় কোনো বাধা নাই। মামলা-মোকদ্দমায় চূড়ান্ত পরিণতির
প্রয়োজনীয়তাই ইহার যথার্থতা। দেওয়ানি কার্যবিধির ১১ ধারায় রেস জুডিকাটা
সম্পর্কিত বিধান বর্ণিত হইয়াছে। estoppel দ্র.।

res nullius >>>

res nullius মালিকবিহীন বস্তু যে-বস্তুর কেহ মালিক হইতে পারেন না।

resolution n. সিদ্ধান্ত, প্রস্তাব বি. ১. কোনো কোম্পানির সভায় সংখ্যাগরিষ্ঠ সদস্যদের দ্বারা সমর্থিত বা উপনীত সিদ্ধান্ত। ২. বাধ্যকর হউক বা না হউক যে-কোনো সংগঠনের সদস্যদের সভার সিদ্ধান্ত। extraordinary resolution ও special resolution দ্র.।

- respite n. ১. বিলম্বন বি, সাময়িক বিরাম। ২. দণ্ডবিরাম সাময়িকভাবে মৃত্যুদণ্ড স্থানিতকরণ। ৩. মেয়াদবৃদ্ধি বি, একটি দণ্ডনির্ণয় বা আপিল আরো উত্তমরূপে বিবেচনা করিবার নিমিন্ত একটি জুরি বা আদালতকে প্রদন্ত দীর্ঘতর সময়। ৪. (দেওয়ানি আইনে) মেয়াদবৃদ্ধি বি, বিভিন্ন ঋণ শোধ করিবার জন্য একজন দেনাদার এবং কতিপয় পাওনাদারের মধ্যে মেয়াদবৃদ্ধি-বিষয়ক একটি চুক্তি।
- respondeat superior নিয়োগকারী জবাবদিহি করুন চাকুরিরত অবস্থায় কোনো কর্মচারী কোনো ক্ষতিকর কাজ করিলে, এই মতবাদ-অনুসারে, ওই কর্মচারীর নিয়োগকর্তা তাহার জন্য দায়ী হন। vicarious liability দ্র.।
- respondent n. প্রতিবাদী বি. আদালতে কোনো আপিল বা আবেদনের প্রতিপক্ষ। dependent তু.।
- respondentia n. পরিবহণকালীন পণ্যবন্ধক hypothecation দ্র.।
- responsa prudentium বিদ্যানগণের উত্তর খ্যাতিমান আইনজীবী ও আইনজ্ঞদের নিকট উপস্থাপিত আইনঘটিত প্রশ্লাদি সম্বন্ধে তাঁহাদের মতামত ও মীমাংসা।
- responsibility n. ১. (ফৌজদারি আইনে) দায়িতা বি. কোনো ব্যক্তির কার্যকলাপের জন্য আদালতে উত্তরদানের নিমিত্তে তাঁহার মানসিক উপযুক্ততা। ২. (ফৌজদারি আইনে) দোষিতা বা সাপরাধতা। ৩. liability দ্র.।
- res publicae গণদ্রব্য বি. সর্বজনীন সামগ্রী। (রোমক ও দেওয়ানি আইনে) যে-সকল সামগ্রী সর্বসাধারণের বলিয়া ব্যক্তিগত মালিকানাভূক্ত হইতে পারে না। যেমন সাগর, নাব্য জলভাগ ও রাজপথ।
- rest n. হিসাবশোধন বি. পরবর্তী হিসাবের জন্য আসলের সহিত সুদ যোগ করিবার উদ্দেশ্যে এবং এইভাবে চক্রবৃদ্ধিহারে সুদ কষিবার জন্য একটি হিসাবে জমা ও ধরচের সমতা প্রদর্শন। যেমন, ষান্মাসিক হিসাব-শোধন (half yearly rests)-সহ ৬ শতাংশ হারে সুদ।
- restitutio in integrum সাবেক অবস্থায় প্রত্যর্গণ। damages ও rescission দ্র.।

restilution n. প্রত্যর্পণ, পুনঃস্থাপন মালিক বা দখলের অধিকারীকে সম্পত্তি ফেরত দেওয়া। যদি কোনো ব্যক্তি অন্যায়ভাবে অপরের নিকট হইতে সম্পত্তি বা অর্থ প্রহণ করেন, তবে তাহা প্রকৃত মালিকের নিকট ফেরত দেওয়া তাঁহার দায়িত্ব। কারণ তাঁহার পক্ষে অসংগতভাবে ধনী হওয়া অথবা অন্যায্য সুবিধা অধিকারে রাখা অনুচিত। কোনো প্রকার বাধ্যবাধকতায় (বলপ্রয়োগ), ভ্রমক্রমে, বা অবৈধতার জন্য বার্থ লেনদেনে, আনুষ্ঠানিকতার অভাবে, বা অন্য কোনো কারণে পণ্য বা অর্থ হস্তান্তরিত হইলে, অথবা যে-ব্যক্তি সম্পত্তিটি গ্রহণ করিয়াছেন অন্যায্যভাবে তাঁহার কার্মের দায়া তিনি সুবিধা লাভ করিলে, এই দায়ের সৃষ্টি হয়। আদালতের ডিক্রিজারিতে যে-সম্পত্তির দখল গ্রহণ করা হয়, ডিক্রি বাতিল হইলে দেওয়ানি কার্যবিধির ১৪৪ ধারা-অনুসারে ওই সম্পত্তির দখল প্রত্যর্পণ করিতে হয়।

restitution of conjugal rights দাস্পত্য অধিকার পুনরুদ্ধার স্বামী-দ্রীর মধ্যে দাস্পত্য সম্পর্ক নষ্ট হইলে আদালতে মামলা করিয়া তাহা পুনরুদ্ধার করা যায়। পারিবারিক আদালত আইনের বিধান-অনুসারে ওই আদালত এইরূপ মামলা বিচার করিতে পারেন।

restorable property প্রত্যর্পণযোগ্য সম্পত্তি ২০০১ সালের অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইনের ২(ঞ) ধারা-অনুসারে, 'গ্রত্যর্পণযোগ্য সম্পত্তি' অর্থ অর্পিত সম্পত্তি আইনের অধীনে তত্ত্বাবধায়ক কর্তক অর্পিত সম্পত্তি হিসাবে তালিকাভুক্ত করা হইয়াছে এইরূপ সম্পত্তির মধ্যে (অ) যাহা এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে সরকারের দখলে বা নিয়ন্ত্রণে ছিল; বা (আ) যাহা 'প্রত্যর্পণযোগ্য জনহিতকর সম্পত্তি' অর্থাৎ দেবোত্তর সম্পত্তি, মঠ, শাশান, সমাধিক্ষেত্র বা ধর্মীয় প্রতিষ্ঠানের বা দাতব্য প্রতিষ্ঠানের সম্পত্তি বা জনকল্যাণের উদ্দেশ্যে ব্যক্তি-উদ্যোগে সৃষ্ট ট্রাস্ট সম্পত্তি এবং যাহা এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে সরকারের দখলে বা নিয়ন্ত্রণে ছিল। এই আইনের ৬ ধারা-অনুসারে প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকায় নিম্নবর্ণিত সম্পত্তি অন্তর্ভুক্ত করা যাইবে না, যথা: (ক) এই আইন প্রবর্তনের পূর্বে কোনো সম্পত্তি অর্পিত সম্পত্তি নহে, এই মর্মে যথায়থ আদালত চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করিয়া থাকিলে, সেই সম্পত্তি; (খ) এই আইন প্রবর্তনের পূর্বে যে-কোনো সময়ে তত্ত্বাবধায়ক কর্তৃক অর্পিত সম্পত্তির তালিকা হইতে অবমুক্ত করা হইয়াছে, এইরূপ কোনো সম্পত্তি: (গ) সরকার কর্তৃক কোনো সংবিধিবদ্ধ সংস্থা বা অন্য কোনো সংগঠন বা কোনো ব্যক্তির নিকট স্থায়ীভাবে হস্তান্তরিত বা স্থায়ী ইজারাপ্রদত্ত অর্পিত সম্পত্তি: (ঘ) কোনো সংবিধিবদ্ধ সংস্থার নিকট ন্যস্ত এমন অর্পিত সম্পত্তি যাহা শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং উহার আওতাধীন সকল সম্পদ এবং এইরূপ সংবিধিবদ্ধ সংস্থা কর্তৃক উক্ত প্রতিষ্ঠান বা উহার আওতাধীন সম্পদ বা উহার কোনো অংশবিশেষ হস্তান্তর করিয়া থাকিলে, সেই হস্তান্তরিত সম্পত্তি: (ঙ) কোনো কোম্পানির শেয়ার বা অন্য কোনো প্রকারের সিকিউরিটি, এমন অর্পিত সম্পত্তি: (চ) জনস্বার্থে অধিগ্রহণ করা হইয়াছে, এইরূপ

restoration 528

কোনো অর্পিত সম্পত্তি। তবে শর্ত থাকে যে, উক্ত অধিগ্রহণকৃত সম্পত্তির বিপরীতে প্রদেয় ক্ষতিপূরণের অর্থ জমা থাকিলে উক্ত সম্পত্তির অধিগ্রহণ-পূর্ব মানিককে বা তাঁহার উত্তরাধিকারী বা স্বার্থাধিকারীকে ক্ষতিপূরণের অর্থ এই আইনের বিধান-অনুসারে প্রদান করা হইবে, যদি উক্ত মানিক বা উত্তরাধিকারী বা স্বার্থাধিকারী অব্যাহতভাবে বাংনাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হন। এই আইন প্রবর্তনের পর কোনো ব্যক্তি কোনো সম্পত্তি প্রত্যুর্ণথায়া সম্পত্তির তানিকায় অন্তর্ভুক্তিযোগ্য নহে, এই মর্মে বা উক্ত তানিকায় অন্তর্ভুক্ত সম্পত্তি কোনো প্রত্যুর্পথযোগ্য সম্পত্তি নহে, এই মর্মে কোনো আদালতে মামলা দায়ের করিতে বা এইরূপ সম্পত্তি অবমুক্তির জন্য তত্ত্বাবধায়কের নিকট কোনো দানি উত্থাপন করিতে বা উহার ব্যাপারে নামজারির জন্য কোনো রাজস্ব কর্মকর্তার নিকট কোনো আবেদন করিতে পারিবেন না। এইরূপ মামলা দায়ের বা দাবি উত্থাপন করা হইলে আদালত বা ক্ষেত্রমতো তত্ত্বাবধায়ক উক্ত দাবি বা রাজস্ব কর্মকর্তা উক্ত আবেদন সরাসরি নাকচ করিবেন।

- restoration n. পুনরুদ্ধার, প্রত্যর্পণ, প্রত্যানয়ন বি. ফেরত প্রদান। পূর্বে হত বা অপনীত কোনো বন্ধ পুনরর্পণ বা প্রত্যর্পণ।
- restraint n. ১. নিরোধ বি. সংক্ষেপণ বা সীমারোপণ। যেমন, বাক্স্বাধীনতার উপর সীমারোপণ। ২. সংযম, নিষেধ বি. কার্যের উপর নিষেধারোপ। ব্যবসার উপর সীমারোপণ সাধারণত বেআইনি। জনসাধারণ ও পক্ষদের স্বার্থ উত্তমরূপে রক্ষার্থে ঘুক্তিসংগত সীমারোপণ বেআইনি নহে।
- restraint of marriage বিবাহে বাধা চুক্তি বা অন্য কোনো দলিলে কোনো ব্যক্তিকে বিবাহে বাধাপ্রদানের অভিপ্রায়ে যে-শর্ত আরোপ করা হয়। গুইরূপ শর্ত সাধারণত (যদি তাহা খুব সীমিত ধরনের না হয়) বাতিলযোগ্য, কারণ গুইগুলি জননীতির পরিপন্থী বলিয়া বিবেচিত হয়।
- restraint of trade ব্যবসা-বাণিজ্যে বাধা কোনো ব্যক্তির ব্যবসা বা বাণিজ্য পরিচালনার অধিকারে বাধাসৃষ্টিকারী শর্ত। উদাহরণস্থরপ, চাকুরির চুক্তিতে বা যৌথ কারবারের চুক্তিতে অন্তর্ভুক্ত এমন একটি শর্ত, যাহার দ্বারা তদ্ধ্রপ সম্পর্ক অবসানের পর নির্দিষ্ট সময় পর্যন্ত একইপ্রকার ব্যবসা নিষিদ্ধ করিবার কথা উল্লেখ করা যাইতে পারে। তদ্ধ্রপ শর্ত বাতিল হইবে যদি না দেখানো যায় যে, তাহা জননীতির বিরোধী নহে। তাহা পক্ষদের মধ্যে অবশ্যই যুক্তিসংগত হইবে। তদ্ধ্রপ অনেক শর্তই যুক্তিসংগত এবং তজ্জন্য বৈধ।
- restraint on alienation হস্তান্তরে বাধা কোনো বন্দোবন্তি বা হস্তান্তর দলিলে এমন একটি শর্ত যাহার দ্বারা মালিককে উক্ত সম্পত্তি হস্তান্তরে বাধাপ্রদান করে। চূড়ান্তরকমের বাধা বাতিল গণ্য হইলেও আংশিক বাধা আদালত অনুমোদন করেন। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০ ধারা-অনুসারে, তদ্ধপ চূড়ান্ত বাধা অবৈধ হইবে, কিন্তু

ইজারার ক্ষেত্রে ইজারাদাতার বা তাঁহার স্বত্বাধীন দাবিদারের সুবিধার জন্য হইলে শর্ত বৈধ হইবে। তবে হিন্দু, মুসলমান বা বৌদ্ধ মহিলা ব্যতীত অন্যকোনো মহিলার নিকট বা তাঁহার উপকারের জন্য এইরূপ শর্তে সম্পত্তি হস্তান্তর করা যায় যে, তাঁহার বিবাহ বলবৎ থাকাকালে তিনি উক্ত সম্পত্তি হস্তান্তর করিতে বা উহাতে বা উহার উপর তাঁহার অধিকারে কোনো শর্ত সৃষ্টি করিতে পারিবেন না।

restricted contract সীমাবদ্ধ চুক্তি ইংল্যান্ডে ১৯৭৭ সালের ভাড়া আইনের এমন একটি চুক্তি যাহার দ্বারা কোনো ব্যক্তিকে ভাড়ার বিনিময়ে কোনো বাসস্থানে আসবাবপত্র ব্যবহার বা সেবার সুযোগসহ থাকিতে দেওয়া হয়। বাংলাদেশে ১৯৯১ সালের বাড়িভাড়া নিয়ন্ত্রণ আইনের ৮ ধারার বিধান-অনুসারে, বাড়ির মালিক আসবাবপত্র সরবরাহ করিলে ভাড়াটিয়ার নিকট হইতে মানসন্মত ভাড়ার অতিরিক্ত ভাড়া আদায় করিতে পারেন।

restriction order বাধানিষেধের আদেশ মানসিকভাবে অসুস্থ কোনো কয়েদিকে
যাসপাতালে আটক রাখিবার জন্য ইংল্যান্ডের ক্রাউন কোর্ট যে-আদেশ দিয়া থাকেন
বা ম্যাজিট্রেট কোর্ট কর্তৃক আদেশে তদ্ধপ আটক ব্যক্তিকে হাসপাতাল হইতে মুক্ত
করিয়া দিবার উপর আরোপিত বিধিনিষেধ। এইরপ আদেশ কেবল ক্রাউন কোর্ট
(কখনো ম্যাজ্লিট্রেট কোর্ট নহে) দিতে পারেন যখন তাহা জনরক্ষার্থে প্রয়োজনীয়
বিবেচিত হয়। বাংলাদেশে ফৌজদারি কার্মবিধির ৪৭১ ধারা-অনুসারে, মানসিকভাবে
অসুস্থ কোনো আসামি অপরাধ করিয়াছেন বিনয়া বিচারে সাব্যস্ত হইলে তাঁহাকে
পার্গলা গারদে আটক রাখিবার জন্য আদেশ প্রদান করা হয়।

restrictive covenant সীমা-আরোপকারী শর্ত দলিলদ্বারা সৃষ্ট এমন একটি বাধ্যবাধকতা যাহার ফলে ভূমি-মালিকের অধিকার থর্ব হয়। যেমন, ক্রেতার ভূমির কিয়দংশ বিক্রেতার সংলগ্নভূমি ব্যবহারের সুবিধার্থে খালি রাখা। এইরূপ শর্ত সম্পত্তি হস্তান্তর-আইনের ৪০ ধারা-অনসারে বৈধ। restrictive endorsement সংকোচক পৃষ্ঠান্ধন এমন একটি পৃষ্ঠান্ধন যাহা হতির অধিকতর বিনিময় (হস্তান্তর) নিষেধ করে (যেমন, মাত্র 'ক'-কে প্রদেয়) অথবা উল্লেখ করে যে, হুন্ডিটি নির্দেশিভমতে লেনদেন করা যাইবে এবং ভাহার মালিকানা হস্তান্তর করা যাইবে না (যেমন 'ক' অথবা তাঁহার নির্দেশিত ব্যক্তিকে প্রদেয়)। সংকোচক পৃষ্ঠান্ধন অনুমোদনকারীর মতো অনুমোদিত ব্যক্তিকে হুন্ডির অর্থ গ্রহণ করিতে অথবা ইহার কোনো পক্ষের বিরুদ্ধে নালিশ দায়ের করিতে মাত্র অধিকারী করে, কিন্তু ব্যক্তভাবে ক্ষমতা প্রদান করা না হইলে, অনুমোদিত ব্যক্তি হিসাবে তাঁহার অধিকার হস্তান্তর করিতে কোনো ক্ষমতা প্রদান করে না। বিনিময়যোগ্য দলিল আইনের ৫০ ধারা-অনুসারে অনুমোদিত ব্যক্তিকর্তৃক হুন্তি ব্যবহারের উপর অনুমোদনকারী সংকোচক পৃষ্ঠান্ধনদ্বার বাধানিষেধ আরোপ করিতে পারেন।

restrictive trade practices সংকোচক ব্যবসায়িক রীতি কোনো ব্যবসা বা পেশা হইতে বহিরাগতদের বাদ দিবার জন্য অথবা উচ্চমূল্য বা আয় বহাল রাখিবার উদ্দেশ্যে কোনো শিল্পে গৃহীত ব্যবস্থা। উদাহরণস্বরূপ, পুনর্বিক্রয়মূল্য বহালচুজি, চাহিদা অপূর্ণ রাখিয়া উচ্চমূল্য বহাল রাখার জন্য উৎপাদন সীমিত করিবার অভিপ্রায়ে উৎপাদকদের মধ্যে সমঝোতা, কোনো ব্যবসা বা পেশায় প্রবেশ, চাকুরির বিধান বা নিয়মাবলি সীমিত করিবার জন্য তদ্রুপ সমঝোতা। ইংল্যান্ডে ১৯৭৬ সালের সংকোচক ব্যবসায়িক রীতি আইনের অধীনে কয়েকপ্রকারের সীমিতকরণ সমঝোতা জনস্বার্থ-পরিপন্থী (এবং সেইহেতু বাতিল) বলিয়া অনুমিত হয়, যদি না সেইগুলি ন্যায্যবাণিজ্যের মহাপরিচালকের নিকট প্রথমে নিবন্ধিত হয় এবং তৎপর আদালতের নিকট উক্ত সংকোচক রীতির ন্যায্যতা প্রমাণিত হয়।

resulting trust উদ্ভূত ন্যাস আইনের প্রভাবে এবং কতিপয় ক্ষেত্রে বন্দোবন্তকারীর অব্যক্ত কিছু অনুমিত অভিপ্রায়ের উপর নির্ভর করিয়া সৃষ্ট ন্যাস। যখন কোনো ন্যাসে দাতব্য অভিপ্রায়ে দেওয়া সম্পত্তি সম্পূর্ণরূপে বিলিব্যবস্থা করা যায় না, তখন অবশ্তিত সম্পত্তি বন্দোবন্তকারীর নিকট বা তাঁহার ভূসম্পত্তিতে ফেরত যায়। যে-ব্যক্তি মূল্য প্রদান করেন তাঁহার নামে বিক্রীত সম্পত্তি হস্তান্তরিত না হইয়া অন্য কোনো ব্যক্তির নিকট হস্তান্তরিত হইলে যেমন উদ্ভূত ন্যাস সৃষ্টি হয়, তেমনি কেহ ক্বেছয়েয় সম্পত্তি-হস্তান্তর করিলেও হয়। উদ্ভূত ন্যাসকে নিহিত ন্যাসের অনুরূপ বা তাহার একটি শ্রেণীর ন্যায় গণ্য করা যায়। কখনো কখনো উদ্ভূত ন্যাস ও পরোক্ষ ন্যাসের মধ্যে কোনো পরিকার পার্থক্য থাকে না এবং কোনো কোনো সময়ে আদালত ওই পদগুলি পরম্পর-বদলযোগ্য হিসাবে ব্যবহার করেন। ন্যাস আইনের ৮১ হইতে ১৪ ধারায় উদ্বিখিত ন্যাসগুলি উদ্ভূত ন্যাস।

resulting use অবশ্য**ন্ধা**বী ব্যবহার যখন কোনো আইনত মালিকানা হস্তান্তরিত হয় কিন্তু কাহার হিতার্থে সম্পত্তি ব্যবহৃত হইবে তাহা হস্তান্তরকারী উল্লেখ করেন না, እ২৭ retorsion

তখন যে-অধিকারের উদ্ভব হয়। সেরূপ অবস্থায় সম্পত্তির স্বত্বভোগ হস্তান্তরকারীর নিকট থাকিয়া যায়।

- resumption n. ১. পুনরারম্ভ বি. নৃতন করিয়া গুরু । ২. দন্তাপহার বি. জমির ন্যায়সংগত স্বত্যাধিকারী যাঁহাদের নিকট হইতে জমি ফিরাইয়া লইয়াছেন, জমিটি আর তাঁহাদের সম্পত্তি নহে।
- retail n. খুচরা বিক্রয় চূড়ান্ত ভোক্তাদের নিকট অল্প পরিমাণে পণ্যাদি বিক্রয়।
- retainer n. ১. নিয়োজন বি. কোনো মামলা চালাইবার জন্য মঞ্চেল কর্তৃক আইনজীবীকে ক্ষমতাপ্রদান। ২. নিয়োজন ফি আইনঘটিত বিষয়ে প্রতিনিধিত্ব করিবার জন্য একজন আইনজীবীকে প্রদত্ত অগ্রিম ফি।
- retention of title স্বত্বধারণ বি. বিক্রয়চুক্তিতে এমন একটি শর্ত যে, সম্পূর্ণ মূল্য বা বিক্রেতার সম্পূর্ণ দায় পরিশোধ না করা পর্যন্ত পণ্যের মালিকানার উপর ক্রেতার অধিকার বর্তাইবে না।
- retirement age অবসরগ্রহণের বয়স ১৯৭৪ সালের সরকারি কর্মচারী (অবসরগ্রহণ) আইনের ৪ ধারা-অনুসারে, একজন সরকারি কর্মচারীর বয়স ৫৭ বৎসর পূর্ণ হইলে তিনি চাকুরি হইতে অবসর গ্রহণ করিবেন। উক্ত আইনের ২(খ) ধারায় বর্ণিত সংজ্ঞার্থ-অনুসারে সরকারি কর্মচারীর মধ্যে সরকারি কর্মচারী, কোনো কর্পোরেশন, রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান বা স্থানীয় সংস্থার কর্মচারীগণও অন্তর্ভুক্ত।
- retirement of bill বিল-নিরন্তকরণ মেয়াদ সমাপ্ত হইবার পূর্বেই যখন আদিট কর্তৃক বিলের মূল্য পরিশোধিত হয়।
- retirement of jury জুরিদের নিভূতে গমন মামলার শুনানি সমাও হইবার পর সিদ্ধান্তগ্রহণের নিমিত্ত আলাপ-আলোচনা করিবার জন্য আদালতকক্ষ ইইতে জুরিদের নিভূতে গমন। কোনো ঐকমত্যে পৌছিতে (অথবা না পৌছিতে) পারা পর্যন্ত জুরিগণকে জনসাধারণের সঙ্গে মেলামেশা করিতে দেওয়া হয় না।
- retirement of trustees অছিদের অবসরগ্রহণ কোনো অছির দায়িত্ব হইতে
 অব্যাহতি লাভ করিবার অধিকার। পূর্বে অছিদের অবসরগ্রহণ অনুমোদন করা হইত
 না। কিন্তু বর্তমানে কতিপয় রক্ষাকবচের শর্তাধীনে অবসরগ্রহণ করা সম্ভব। ন্যাস
 আইনের ৭১ ধারা-অনুসারে হিত্পাহীদের সম্বতিক্রমে, ক্লেচ্ছায় অথবা আদালতের
 অনুমতিক্রমে অছি অবসরগ্রহণ করিতে পারেন।
- retorsion n. সমুচিত উত্তর এক রাষ্ট্র কর্তৃক অপর রাষ্ট্রের বিরুদ্ধে প্রতিশোধ্যহণের আইনসম্মত পহা। অপর রাষ্ট্রের একই প্রকার আইনসম্মত কিন্তু অশোভন কাজ, যেমন, বিদেশি নাগরিকদের লক্ষ্য করিয়া প্রণীত বাণিজ্যের উপর আরোপিত

retortion ৯২৮

বৈষম্যমূলক ব্যবস্থা অথবা সরকার-নিয়ন্ত্রিত প্রচারমাধ্যম হইতে প্রচারদারা প্রতিকূল প্ররোচিত হইয়া সাধারণত এইরূপ ব্যবস্থাগ্রহণ করা হয়। reprisal ও sanction দ্র.।

retortion n. সমুচিত জবাব retorsion দ্ৰ.।

retour sans protet বিনাপন্তিতে ফেরত হুন্ডির অর্থপ্রদানে অপারগ হইলে আপত্তি না জানাইয়া তাহা ফেরত পাঠাইবার জন্য হুন্ডিতে উল্লিখিত নির্দেশ।

retraction n. ১. প্রত্যাহরণ বি. কোনো কিছু ফিরাইয়া লওয়া বা তুলিয়া লওয়া। যেমন, চুক্তিভঙ্গের পূর্বে আগাম প্রত্যাখ্যান। ২. পূর্বোক্ত বিপরীতবাদ ইতোপূর্বে কৃত উক্তি বা মন্তব্য ফিরাইয়া লওয়া। যেমন, একটি মানহানিকর মন্তব্য প্রত্যাহার। ৩. প্রত্যাহার বি. (ইচ্ছাপত্র ও রিক্থ সম্বন্ধে) স্বত্বত্যাগ প্রত্যাহরকরণ। এতৎসহ renunciation দ্র.।

retrial n. পুনর্বিচার বি. new trial দ্র.।

retribution n. প্রতিশোধ বি. punishment দ্র.।

retroactive অতীতপ্রভাবী বিণ. (সংবিধি, বিনির্দেশ ইত্যাদি সম্বন্ধে) অতীতে সংঘটিত বিষয়াদি পর্যন্ত সম্প্রসারিত।

retroactive legislation অতীতপ্রভাবী আইন retrospective legislation দ্র. ৷

retrocession n. পশ্চাদোৎর্সজ্ঞন বি. ১. কোনো কিছু ছাড়িয়া দেওয়া (যেমন ভূখণ্ড, এখতিয়ার)। ২. সম্পত্তির স্বত্ব বা অন্য অধিকার উহার সাবেক বা বৈধ মালিকের নিকট প্রত্যর্পণ। ৩. একটি পুনর্বিমাকৃত ঝুঁকির সমগ্র বা অংশবিশেষ অন্য একটি পুনর্বিমা কোম্পানির নিকট হস্তান্তর করিবার প্রক্রিয়া; পুনর্বিমার পুনর্বিমা। ৪. পূর্বোক্তরূপে হস্তান্তরিত ঝুঁকির পরিমাণ।

retrospective legislation ভূতাপেক্ষ আইন যে-সকল বিষয় সম্পন্ন হইয়াছে, তাহার উপর কার্যকর কোনো আইন। যেমন, যে-আচরণ একসময়ে আইনসন্মত ছিল, 545 revenue

তাহার জন্য পরবর্তীকালে দণ্ডবিধান। সাধারণভাবে, কেবল প্রযোজ্য হইবে না বলিয়া কার্যবিধি পরিবর্তনসম্পর্কিত না হইলে, বিধিবদ্ধ আইন ভূতাপেক্ষ অনুমিত হয়। interpretation of statutes দ্র.।

return n. ১. প্রত্যাবর্তন, ফেরত বি. মুসলিম আইনে ওয়ারিশদের মধ্যে অংশনির্ধারণের ক্ষেত্রে শব্দটি একটি বিশেষ অধিকার বহন করে। মুসলিম আইনে অংশীদারদের মধ্যে দাবিপূরণের পর সম্পত্তির কিছু অংশ অবশিষ্ট থাকিলে এবং কোনো অবশিষ্টাংশভোগী না থাকিলে উক্ত অবশিষ্টাংশ অংশীদারদের প্রাপ্য অংশের অনুপাতে তাঁহাদের নিকট প্রত্যাবর্তন করিবে। তবে স্বামী বা প্রীর কেহই অন্য কোনো উত্তরাধিকারীর বর্তমানে— তিনি অংশীদার হউন বা দূরবর্তী জ্ঞাতি হউন— ফেরতের অংশলাডের অধিকারী নহেন। অন্য কোনো উত্তরাধিকারী না থাকিলে ফেরত-নীতি-অনুযায়ী অবশিষ্টাংশটি ক্ষেত্রবিশেষে স্বামী বা প্রীর নিকট প্রত্যাবর্তন করিবে। ২. রিটার্ন বি. কোম্পানির শেয়ার কাহাদের বরাদ্দ করা হইয়াছে, সে-সম্পর্কে জয়েন্ট কৈ কোম্পানির রেজিন্ট্রার বা নিবন্ধকের নিকট প্রেরিত বার্ষিক বিবরণীজাতীয় আনুষ্ঠানিক দলিল। ৩. ফেরত-বিবরণী বি. কোনো নির্বাচনে প্রদন্ত ভোটের ফলাফল ঘোষণা করিয়া দেওয়া সরকারি বিবরণী। ৪. আয়ের বিবরণী প্রত্যেক অর্থবৎসরে আয়কর-নির্ধারণের জন্য প্রদন্ত বিবরণী।

return day সমনে উল্লিখিত তারিখ বিবাদীর প্রতি প্রেরিত সমনে উল্লিখিত মামলা-তনানির তারিখ। দেওয়ানি কার্যবিধির ৫ আদেশের ১ নিয়ম-অনুসারে বিবাদীর প্রতি ধার্য তারিখে হাজির হইয়া দাবি সম্পর্কে তাঁহার বক্তব্য প্রদান করিতে এবং ৫ নিয়ম-অনুসারে বিচার্য বিষয়় নির্ধারণের জন্য অথবা চূড়ান্ত তনানির জন্য সমন প্রেরণ করা হয়।

returning officer রিটার্নিং অফিসার, নির্বাচন-কর্মকর্তা যিনি নির্বাচন পরিচালনা এবং নির্বাচনের ফলাফল প্রকাশ করেন। বাংলাদেশে সংসদ এবং স্থানীয় সরকারসমূহের নির্বাচনের সার্বিক দায়িত্ব পালন করেন নির্বাচন কমিশন। সংসদের বা কোনো স্থানীয় সরকারের নির্বাচনী অফসিল ঘোষণার পর প্রত্যেক জেলায় একজন সরকারি কর্মকর্তা বা বিচারবিভাগীয় কর্মকর্তাকে নির্বাচন কমিশন ওই জেলায় নির্বাচন পরিচালনা করিবার জন্য এবং নির্বাচনের ফলাফল প্রকাশ করিবার জন্য নির্বাচন-কর্মকর্তা নিযুক্ত করেন। নির্বাচনসংক্রান্ত কোনো আইনের অধীন কমিশন কর্তৃপক্ষনিযুক্ত কোনো রিটার্নিং অফিসারের দায়িত্বপালনরত কোনো নির্বাচন-কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন।

revenue n. ১. রাজস্ব বি. জনস্বার্থে ব্যবহারের জন্য কোনো রাষ্ট্র বা স্থানীয় সরকার বার্ষিক বা পর্যায়বৃত্তভাবে সরকারি কোষাগারে যে-কর, শুল্ক, বহিঃশুল্ক, আন্তঃশুল্ক এবং revenue officer

অন্য উৎস হইতে প্রাপ্ত আয় আদায় করে ও প্রাপ্ত হয়। ২, **আয়** বি. যে-কোনো ^{উৎস} হইতে আয়। জমি কিংবা অন্য তহবিল হইতে প্রাপ্ত বার্ষিক আয়।

- revenue officer রাজস্ব-কর্মকর্তা সাক্ষ্য আইনের ১২৫ ধারার ব্যাখ্যা-অনুসারে, সরকারি রাজস্ব কার্যক্রমের যে-কোনো শাখায় নিযুক্ত বা সংশ্রিষ্ট কোনো কর্মকর্তা। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ২ ধারা-অনুসারে রাজস্ব-কর্মকর্তা বলিতে উক্ত আইনের অধীনে প্রণীত বিধি-মোতাবেক একজন রাজস্ব-কর্মকর্তার সকল বা যে-কোনো কার্য সম্পাদন করিবার উদ্দেশ্যে সরকারকর্তৃক নিযুক্ত যে-কোনো কর্মকর্তাসহ সকল রাজস্ব-কর্মকর্তা।
- revenue statute রাজস্ব-আইন যে-আইনদারা কর ধার্য ও আদায় করিবার বিধান করা হয়। আয়কর আইন, গুল্ক আইন প্রভৃতি রাজস্ব-আইনবিশেষ।
- reversal of judgment রায় বাতিলকরণ আপিলে নিম্ন আদালতের রায় সম্পূর্ণ বা আংশিকভাবে পরিবর্তন বা বাতিল করা যায়। দেওয়ানি কার্যবিধির ৪১ আদেশের ৩২ নিয়ম-অনুসারে, আপিল আদালত নিম্ন আদালতের রায় বহাল, পরিবর্তন বা বাতিল করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ৩২৩ ধারা-অনুসারে আপিল আদালত নিম্ন আদালতের রায় বহাল, বাতিল বা পরিবর্তন করিতে পারেন।
- reversion n. পরাবৃত্তি, প্রতিপ্রাপ্তি বি. ভূমিতে এমন কোনো ব্যক্তির স্বার্থ, যিনি
 নিজের স্বার্থ হইতে কম স্বার্থ অন্যকে মনজুর করেন, কিন্তু নিজের স্বার্থ (প্রতিপ্রাপক
 বা পরাবৃত্তধারী) সম্পূর্ণ পরিত্যাগ করেন না। যেমন, 'ক' তাঁহার সম্পত্তি 'খ'-কে
 জীবনস্বত্বে দান করিলে 'খ'-য়ের মৃত্যুর পর 'ক'-য়ের সম্পত্তি ফেরত পাইবার স্বার্থই
 পরাবৃত্তি। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৮(খ) ধারা-অনুসারে, ইজারার পরিসমান্তি
 হইলে ইজারাদারের নিকট হইতে ইজারাদাতার দখল ফেরত পাইবার অধিকার একটি
 পরাবৃত্তি।
- reversionary interest পরাবৃত্ত স্বার্থ ভূমি, অর্থ বা ব্যক্তিগত সম্পদলাভের স্থগিত স্বার্থ ৷
- reversioner adj. প্রতিপ্রাপক, পরাবৃত্তিধারী বিণ. যে-ব্যক্তি উত্তরপ্রাপ্তির অধিকারী। পূর্বতন স্বত্যাধিকারীর উত্তরাধিকারী বলিয়া যে-ব্যক্তির একটি বিদ্যমান স্বত্ব সমাপ্ত হইবার পর স্বয়ং স্বত্যাধিকারী হইবার অধিকার রহিয়াছে। হিন্দু আইনে কোনো ব্যক্তি অপুত্রক অবস্থায় স্ত্রী রাখিয়া মারা গেলে তাঁহার ভ্রত্তপুত্র তাঁহার সম্পত্তির উত্তরপ্রাপক হন অর্থাৎ ওই ব্যক্তি মারা গেলে তাঁহার স্ত্রী তাঁহার সম্পত্তিতে জীবনস্বত্বে মালিক হন এবং খ্রী মারা গেলে ওই ব্যক্তির ভ্রাতুম্পুত্র উত্তরপ্রাপক হিসাবে তাহাতে নির্বৃাঢ় স্বত্বে মালিক হন।

reverter n. পরাবৃত্তিভোগী বি. reversion দ্র. া

303 revision

review n. পুনরীক্ষণ, পুনর্বিচার বি. কোনো অধন্তন আদালত, কর্মকর্তা বা প্রশাসনিক কর্তৃপক্ষের কোনো সিদ্ধান্ত কোনো আদালত অথবা উর্ধ্বতন সরকারি কর্মকর্তা বা কর্তৃপক্ষের কোনো সিদ্ধান্ত কোনো আদালত অথবা উর্ধ্বতন সরকারি কর্মকর্তা বা কর্তৃপক্ষের পরীক্ষা করিবার এবং তাহা অনুমোদন, পরিবর্তন বা বাতিল করিবার ক্ষমতা। ইহা সংবিধিদ্বারা প্রদন্ত একটি কার্যক্রম। দেওয়ানি কার্যবিধির ১১৪ ধারা ও ৪৭ আদেশের ১ নিয়ম–অনুসারে, আদালত-প্রদন্ত কোনো আদেশ বা ডিক্রিদ্বারা সংক্ষুব্ব ইইলে ওই আদালতে তাহা পুনরীক্ষণের জন্য সংক্ষুব্ব পক্ষ আবেদন করিতে পারেন এবং ওই আদালত তাহা বিবেচনা করিয়া যেরূপ সমীচীন মনে করেন সেরূপ আদেশ দিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ৩৬৯ ধারা-অনুসারে, রায় দত্তপত করিবার পর কোনো আদালত করণিক ভুল সংশোধন করা ব্যতীত তাহা পরিবর্তন বা পুনরীক্ষণ করিতে পারেন না।

review of judgment রায়-পুনরীক্ষণ, রায়-পুনর্বিবেচনা ১৮৭৭ সালের তামাদি আইনের ১৭৯(৩) ধারায় ব্যবহৃত 'review of judgment' পরিশব্দটি উক্ত আইনের কোথাও ব্যাখ্যা করা হয় নাই। পরিশব্দটি ১৮৮২ সালের ফৌজদারি কার্যবিধিতে যে-অর্থে ব্যবহৃত হইয়াছে, তামাদি আইনেও সেই অর্থে ব্যবহৃত হইয়াছে। ইহা 'review of decree'র সহিত পরস্পরবিনিময়ার্হরূপে ব্যবহৃত হয়, ফলে যে-ডিক্রি সংশোধনের জন্য রায়-সংশোধন আবশ্যক হয় না, তাহা রায়-পুনরীক্ষণের অন্তর্ভুক্ত। দেওয়ানি কার্যবিধির ৪৭ আদেশের ১ নিয়মের (১) উপনিয়ম-অনুসারে, কোনো ব্যক্তি (ক) যে-ডিক্রি বা আদেশের বিরুদ্ধে আপিল করা চলে, কিন্তু আপিল দায়ের করা হয় নাই, এইরূপ কোনো ডিক্রি বা আদেশ দ্বারা: (খ) যে-ডিক্রি বা আদেশের বিরুদ্ধে আপিল চলে না, এইরূপ কোনো ডিক্রি বা আদেশ দারা: অথবা (গ) স্বল্প-এখতিয়ার আদালতের রেফারেন্স সম্পর্কে প্রদত্ত সিদ্ধান্তদারা, সংস্কৃদ্ধ হইলে তিনি যদি এমন গুরুত্বপূর্ণ বিষয় বা প্রমাণের সন্ধান লাভ করেন, যাহা মামলার ডিক্রি হওয়ার পর্বে সর্বপ্রকার চেষ্টা সত্ত্বেও তাঁহার জ্ঞাতসারে আসে নাই অথবা তাহা আদালতে উপস্থাপন করিতে পারেন নাই, সেই কারণে, অথবা নথিপত্রে কোনোরূপ ভূলভ্রান্তি থাকার দরুন, অথবা অন্য কোনো সংগত কারণে তাঁহার বিরুদ্ধে প্রদন্ত ডিক্রি বা আদেশ পুনরীক্ষণ করিতে ইচ্ছুক হন, তবে উক্ত ব্যক্তি তাঁহার বিরুদ্ধে প্রদন্ত ডিক্রি বা আদেশ পুনরীক্ষণ করিবার জন্য যে-আদালতকর্তৃক উক্ত ডিক্রি বা আদেশ প্রদত্ত হইয়াছে, সেই আদালতে আবেদন করিতে পারিবেন।

revision পর্যালোচনা বি. ১. সংশোধন বা উৎকর্ষসাধনার্থে পুনরীক্ষণ বা সতর্ক বিবেচনা। নিম্ন আদালতের নথি পরীক্ষা করিয়া উর্ধ্বতন আদালত কর্তৃক ভুলক্রটি সংশোধন করা। দেওয়ানি কার্যবিধির ১১৫ ধারা-অনুসারে, কোনো আদেশ বা ডিক্রির বিরুদ্ধে আপিল করিবার বিধান না থাকিলে নিম্ন আদালতের আইনগত ক্রটিজনিত ভুল সিদ্ধান্তের ফলে ন্যায়বিচার ব্যর্থ হইলে উর্ধ্বতন আদালত নথি পর্যালোচনা করিয়া revival ৯৩২

উপযুক্ত আদেশ প্রদান করিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ৪৩৯ ও ৪৩৯ক ধারাঅনুসারে, হাইকোর্ট বিভাগ বা দায়রা বিচারক যে-সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা যায়
না, সে-সম্পর্কে নিম্ন আদালতের নথি পর্যালোচনা করিয়া খালাসপ্রাপ্ত আসামিকে
শান্তিপ্রদান ব্যতীত আপিল আদালত যে-সকল আদেশ দিতে ক্ষমতাপ্রাপ্ত সেরপ
আদেশ দিতে পারেন এবং ওই কার্যবিধির ৪৩৬ ধারা-অনুসারে ম্যাজিস্ট্রেটকে
বাতিলকৃত ফৌজদারি মামলা অধিকতর তদন্তের নির্দেশ দিতে পারেন। ২.
(সেনাবাহিনীর আইনে) একটি সাধারণ বা বিশেষ সেনা-আদালতের সিদ্ধান্ত বা
দণ্ডাদেশ সম্বন্ধে কোনো অনুচিত বা অসংগত ব্যবস্থার কারণে ওই ব্যবস্থা
পুনর্বিবেচনার্থে কিংবা রেকর্ড সংশোধনার্থে সেনা-আদালত পুনরাহ্বান।

- revival n. পুনরুজ্জীবন বি. ১. বর্তমান ব্যবহারে বা ক্রিয়াশীলতায় প্রত্যানয়ন। বিশেষত একটি মেয়াদোন্তীর্ণ চুক্তি বা একটি নিদ্রিয় রায়ের বৈধতা কিংবা আইনি বলের পুনঃপ্রতিষ্ঠা। ২. (ইচ্ছাপত্র ও রিক্থ সম্বন্ধে) একটি মূল ইচ্ছাপত্র অন্য একটি ইচ্ছাপত্রের দ্বারা অসিদ্ধ করা হইলে, শেষোক্ত ইচ্ছাপত্রটি রদ করিবার মাধ্যমে মূল ইচ্ছাপত্রটির সিদ্ধতার পনঃপ্রতিষ্ঠা।
- revival of will ইচ্ছাপত্র-পুনকক্ষীবন উত্তরাধিকার আইনের ৭৩ ধারা-অনুসারে, ইচ্ছাপত্র পুনঃসম্পাদন অথবা কোডিসিল বা ক্রোড়পত্র সম্পাদনের মাধ্যমে পুনকক্ষীবিত করিবার অভিপ্রায় ব্যতীত বাতিলকৃত কোনো ইচ্ছাপত্র বা কোডিসিল বা তাহার কোনো অংশ পুনকক্ষীবিত করা যায় না। যখন কোনো ইচ্ছাপত্র বা কোডিসিল আংশিক বাতিল করিবার পর সম্পূর্ণ বাতিল করা হয় এবং তাহা পুনকক্ষীবিত করা হয়, তদ্রুপ পুনকক্ষীবিত করণের দ্বারা প্রথমে যে-অংশ বাতিল করা হইয়াছিল তাহা পুনকক্ষীবিত হইবে না যদি না ইচ্ছাপত্রে বা কোডিসিলে তদ্বিপরীত কোনো অভিপ্রায় প্রকাশিত হয়।
- revocation n. রদকরণ, বাতিলকরণ, পরাবর্তন বি. ১. কোনো আইন বা ক্ষমতা রদ বা বাতিলকরণ কিংবা উহার বিপ্রতীপ পরিবর্তনসাধন। ২. (চুক্তি সম্বন্ধে) প্রস্তাবকারীকর্তৃক প্রস্তাব প্রত্যাহার। ৩. (ইচ্ছাপত্র ও রিক্থ সম্বন্ধে) ইচ্ছাপত্রটি বিনষ্টকরণ কিংবা একটি নৃতন ইচ্ছাপত্র সম্পাদনের মাধ্যমে ইচ্ছাপত্রকারকর্তৃক একটি ইচ্ছাপত্র অসিদ্ধকরণ।
- revocation of offer প্রস্তাব বাতিল করণ প্রস্তাবকারী কর্তৃক প্রস্তাব প্রত্যাহার করা, যেন তাহা আর গ্রহণ করা না যায়। চুক্তি আইনের ৩ ধারা-অনুসারে কোনো কার্য বা বিচ্যুতির দ্বারা প্রস্তাব বাতিল জ্ঞাপন করা যায়। প্রস্তাব-গ্রহণকারী যথন জানিতে পারেন (যে-কোনো সূত্র হইতে) যে তাহা বাতিল করা হইয়াছে, তখন হইতে বাতিল কার্যকর হয়।

- revocation of probate ইচ্ছাপত্র-প্রমাণক বাতিলকরণ প্রতারণা বা অমের দারা ইচ্ছাপত্রের যে-প্রোবেট বা প্রমাণক মনজুর করানো হইয়াছিল, আদালত কর্তৃক তাহা বাতিল করিয়া দেওয়া। প্রোবেট বাতিলের পূর্বে প্রশাসকের নিকট হইতে থাঁহারা সম্পত্তি থরিদ করেন তাঁহাদের খরিদ প্রভাবান্থিত হয় না। উত্তরাধিকার আইনের ২৬৩ ধারা-অনুসারে, ন্যায়সংগত কারণে আদালত প্রোবেট বা প্রমাণক বাতিল করিতে পারেন। ন্যায়সংগত কারণ কোন ক্ষেত্রে বর্তমান বলিয়া গণ্য করা হইবে তাহা উক্ত ধারার ব্যাখ্যায় উল্লেখ করা হইয়াছে।
- revocation of will ইচ্ছাপত্র বাতিল করণ ইচ্ছাপত্রকারী নিজের কৃত ইচ্ছাপত্র বাতিল করিবার অভিপ্রায়ে তাহা ধ্বংস করিয়া দিয়া অথবা তাহার সহিত অসংগতিপূর্ণ নূতন একটি ইচ্ছাপত্র সম্পাদনের মাধ্যমে পূর্বের ইচ্ছাপত্র বাতিল করিতে পারেন। উত্তরাধিকার আইনের ৬৯ ধারা-অনুসারে, কাহাকেও কোনো পদে নিযুক্ত করিবার ক্ষমতাবলে কৃত ইচ্ছাপত্র বাতীত ইচ্ছাপত্রকারীর কৃত সকল ইচ্ছাপত্র তাঁহার বিবাহের দ্বারা বাতিল ইইয়া যায়। উক্ত আইনের ৭০ ধারা-অনুসারে, কোনো ইচ্ছাপত্র বা কোডিসিল অপর একটি ইচ্ছাপত্র বা কোডিসিল বা অন্য কোনো লিখনদারা বাতিলের অভিপ্রায় প্রকাশের মাধ্যমে অথবা তাহা ছিড়িয়া, পোড়াইয়া বা অন্য কোনোভাবে ধ্বংস করিয়া দিয়া বাতিল করা যায়।
- revolution n. বিপ্লব বি. একটি সরকারের উৎসাদন, যাহার ফলে সাধারণত মৌলিক রাজনৈতিক পরিবর্তনসূচিত হয়। সফল বিদ্রোহ।
- revolving letter of credit আবর্তমান প্রত্যয়পত্র কোনো নির্দিষ্ট পরিমাণ অর্থের জন্য এবং নির্দিষ্ট সময়ের জন্য ব্যবহারযোগ্য এবং ব্যাংক কর্তৃক প্রদন্ত যে-প্রত্যয়পত্র বারংবার একই অঙ্কের অর্থের জন্য ব্যবহার করা।
- rider n. অনুবন্ধ বি. খসড়া আইন, বিমাপত্র প্রভৃতি কিছু কিছু দলিলের সহিত যুক্ত সংশোধনাত্মক বা সম্পুরক সংযোজন।
- right n. অধিকার বি. ১. কোনো সম্পত্তিতে কোনো স্বত্ব বা স্বার্থ। ২. অন্য যে-কোনো স্বার্থ বা সুবিধা যাহা আইনদারা স্বীকৃত ও রক্ষিত। ৩. আইনদারা প্রদত্ত যে-কোনো ক্ষমতা পরিচালনার স্বাধীনতা। human rights ও natural rights দ্র.।
- right against self incrimination স্বদোষারোপের বিরুদ্ধে অধিকার কোনো ব্যক্তিকে নিজের প্রতি দোষ আরোপ করিতে বাধ্য না করিবার অধিকার। এই অধিকার সংবিধানের ৩৫(৪) অনুচ্ছেদ-অনুসারে রক্ষিত : কোনো অপরাধের দায়ে অভিযুক্ত ব্যক্তিকে নিজের বিরুদ্ধে সাক্ষ্য দিতে বাধ্য করা যাইবে না। যুক্তরাষ্ট্রের সংবিধানের পঞ্চম সংশোধনী-অনুযায়ী (তবে কোনো কোনো অবস্থায় পরিত্যাজ্য) ফৌজদারি

মামলার একজন বিবাদী বা সাক্ষীর একটি সাংবিধানিক অধিকার। কোনো ব্যক্তি সাক্ষ্যদান করার ফলে যদি ফৌজদারিতে সোপর্দ হইবার সম্ভাবনা থাকে, তাহা ইইলে সরকার তাঁহাকে সাক্ষ্যদানে বাধ্য করিতে পারে না, ইহাই এই অধিকারের দ্বারা নিশ্চিত করা ইইয়াছে।

right in personam ব্যক্তির বিরুদ্ধে প্রযোজ্য অধিকার যে-অধিকার কোনো নির্দিষ্ট ব্যক্তি বা ব্যক্তিসমষ্টির বিরুদ্ধে প্রয়োগ করা যায়। সার্বজনিক অধিকারের বিপরীত অধিকার হইতেছে ব্যক্তিগত অধিকার। ব্যক্তিগত অধিকার কতিপয় সুনির্দিষ্ট ব্যক্তি বা সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য যাহার সহিত ব্যাপক সম্প্রদায়ের কোনো সংশ্লিষ্টতা নাই। এই অধিকার কোনো নির্দিষ্ট ব্যক্তি বা ব্যক্তির সমষ্টির বিরুদ্ধে প্রয়োগ করা যায়। যেমন, চুক্তিমূলে উদ্ভূত কোনো অধিকার চুক্তির একপক্ষ অপরপক্ষের বিরুদ্ধে বলবৎ করিতে পারে, কোনো ব্যক্তি যদি অপর কোনো ব্যক্তির সম্পত্তি জবর দখল করেন, তবে শেষাক্ত ব্যক্তি প্রথমোক্ত ব্যক্তির বিরুদ্ধে আদালতে মামলা করিয়া দখল-উদ্ধারের যে-ডিক্রি লাভ করেন তাহা প্রথমোক্ত ব্যক্তির বিরুদ্ধে মাত্র কার্যকর হয়।

right in rem সকলের বিরুদ্ধে প্রযোজ্য অধিকার যে-অধিকার কোনো নির্দিষ্ট ব্যক্তির বিরুদ্ধে নহে, সকলের বিরুদ্ধে প্রয়োগ করা যায়। যেমন, জীবন ও শরীর রক্ষার অধিকার সকলের বিরুদ্ধে প্রয়োগ করা যায়। কোনো ব্যক্তি যদি কোনো মৃত ব্যক্তির কৃত ইচ্ছাপত্র আদালতে দাখিল করিয়া উপযুক্ত আদালত হইতে প্রোবেট বা প্রমাণক প্রাপ্ত হন, তবে তাহা সকলের ক্ষেত্রে বাধ্যকর হয়।

right of abode বাসস্থানের অধিকার immigration দ্র.।

right of action মামলার অধিকার, দাবির অধিকার ১. কোনো নির্দিষ্ট বিষয়ে আদালতে মামলা দায়ের করিবার অধিকার। ২. নালিশযোগ্য দাবি। claim ও chose দ্র.।

right of assembly সমাবেশের অধিকার প্রকাশ্যে ধর্ম, রাজনীতি বা ক্ষোভ ব্যক্ত করিবার উদ্দেশ্যে জনসাধারণের শান্তিপূর্ণভাবে সমবেত হইবার সাংবিধানিক অধিকার। যুক্তরাষ্টের সংবিধানের প্রথম সংশোধনীর দ্বারা এই অধিকার নিশ্চিত করা ইইয়াছে। ইহা freedom of assembly ও right to assembly নামেও পরিচিত। বাংলাদেশ সংবিধানের ৩৭ অনুক্ষেদ-অনুসারে, জনশৃঙ্খনা বা জনম্বাস্থ্যের মার্থে আইনের আরোপিত যুক্তিসংগত বাধানিষেধ-সাপেক্ষে শান্তিপূর্ণভাবে ও নিরম্ভ অবস্থায় সমবেত হইবার এবং জনসভা ও শোভাষাত্রায় যোগদান করিবার অধিকার প্রত্যেক নাগরিকের থাকিবে। freedom of association তু.।

right of asylum আশ্রয়লাভের অধিকার asylum দ্র.।

right of audience শ্রুন্থ হইবার অধিকার মামলায় একজন আইনজীবীর শ্রুণ্ড হইবার অধিকার। জেলা আদালতের একজন অ্যাডভোকেটের যে-কোনো অধন্তন আদালতে, হাইকোর্ট বিভাগের একজন অ্যাডভোকেটের হাইকোর্ট বিভাগসহ সকল অধন্তন আদালতে এবং আপিল বিভাগের একজন অ্যাডভোকেটের ও অ্যাডভোকেট-অন-রেকর্ডের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ এবং সকল অধন্তন আদালতে হাজির হইবার এবং শ্রুন্থ হইবার অধিকার আছে। জেলা আদালতের আ্যাডভোকেটসহ সকল অ্যাডভোকেটের যে-কোনো ট্রাইব্যুনাল বা প্রশাসনিক কর্মকর্তার নিকট হাজির হইবার ও শ্রুন্থ হইবার অধিকার আছে। শ্রম্ম আদালতে বা রাজস্ব কর্মকর্তার নিকট একজন অ্যাডভোকেট ছাড়াও অনুমতিপ্রাপ্ত ব্যক্তির হাজির হইবার ও শ্রুন্থ হুব্যার অধিকার আহে।

right of common সাধারণের অধিকার common দ্র.।

right of election বরণাধিকার বি. (ইচ্ছাপত্র ও রিক্থ সম্বন্ধে) স্বামী বা দ্রীর মৃত্যু হইলে উত্তরজীবী দ্রী বা স্বামীর এই সংবিধিবদ্ধ অধিকার যে, তিনি হয় মৃত স্বামী বা দ্রীর ইচ্ছাপত্রে নির্ধারিত হিসসা গ্রহণ করিবেন কিংবা ইচ্ছাপত্র-প্রমাণক সংবিধিতে যেরপ নিরপণ করা হইয়াছে, সেইরূপ রিক্থের একটি অংশ গ্রহণ করিবেন, যাহার পরিমাণ সাধারণত মৃতব্যক্তি ইচ্ছাপত্র না করিয়া মারা গেলে উত্তরজীবী দ্রী বা স্বামী যাহা পাইতেন, তাহার সমতুল্য ।

right of entry প্রবেশাধিকার বি. ১. শান্তিপূর্ণভাবে জমি বা অন্য স্থাবর সম্পত্তির দখল গ্রহণ বা পুনর্গ্রহণ করিবার অধিকার। ২. অনধিকারপ্রবেশের অপরাধ না করিয়া অন্যের স্থাবর সম্পত্তিতে প্রবেশ করিবার অধিকার। উদাহরণস্বরূপ, গৃহসংক্ষারের জন্য ভাড়াটিয়ার সম্পত্তিতে প্রবেশ করিবার অধিকার একজন বাড়িওয়ালার রহিয়াছে। ৩. একজন বিদেশির কোনো বিশেষ উদ্দেশ্যে একটি অধিক্ষেত্রে প্রবেশ করিবার অধিকার। উদাহরণস্বরূপ, বিনিময়-কর্মসূচির আওতায় অধ্যয়নের জন্য একজন ছাত্রের অন্য দেশে প্রবেশের অধিকার।

right of establishment প্রতিষ্ঠান-স্থাপনের অধিকার ইউরোপীয়-ইউনিয়নের কোনো সদস্য-রাষ্ট্রের কোনো নাগরিকের অপর যে-কোনো সদস্য-রাষ্ট্রে ব্যবসায় আত্মনিয়োগ ও ব্যবস্থাপনা করিবার যে-অধিকার রোম চুক্তিতে স্বীকৃত।

right of light আলোর অধিকার সম্পত্তিতে খাড়াভাবে যে-আলো প্রবেশ করে তাহাতে প্রত্যেক ভূমি বা গৃহ মালিকের স্বাভাবিক অধিকার আছে। কিন্তু পার্শ্ব হইতে যে-আলো তাঁহার সম্পত্তিতে প্রবেশ করে তাহাতে তাঁহার কোনো স্বাভাবিক অধিকার নাই, যদি না তাহা গ্রহণের জন্য একটি বর্তস্বত্ব ও অধিকার হিসাবে বিনাবাধায়

শান্তিপূর্ণভাবে বিশ বৎসর পর্যন্ত তিনি ভোগ করেন। তামাদি আইনের ২৬(১) ধারা ও বর্তস্বত্ব আইনের ১৫ ধারা-অনুসারে আলো ব্যবহারের বর্তস্বত্ব সৃষ্টি হয়। এই অধিকার যুক্তিসংগতভাবে প্রয়োজনীয় পরিমাণ আলোর প্রবেশের ক্ষেত্রে প্রযোজা।

right of publicity প্রকাশতার অধিকার নিজের নাম, ছবি বা সাদৃশ্যের ব্যবহার নিয়ন্ত্রণ করিবার এবং নিজের সম্মতিব্যতিরেকে বাণিজ্যিক স্বার্থে উহার ব্যবহার হইতে অন্য কোনো ব্যক্তিকে নিবৃত্ত করিবার অধিকার। privacy দ্র.।

right of re-entry পুনঃপ্রবেশের অধিকার re-entry দ্র.।

right of resale পুনর্বিক্রয়ের অধিকার চুক্তি-অনুযায়ী ক্রেতা যদি সম্মত মূল্য প্রদান না করেন, তখন বিক্রেতার পুনর্বিক্রয় করিবার যে-অধিকার থাকে। পণ্য-বিক্রয় আইনের ৪৬(১) (গ) ধারা-অনুসারে ক্রেতা মূল্য প্রদান না করিলে উক্ত আইন বা চুক্তির শর্তসাপেক্ষে বিক্রেতা বিক্রীত পণ্য পুনর্বিক্রয় করিতে পারেন।

right of rescission বাতিল করিবার অধিকার right to rescind দ্র.।

right of search তল্লাশের অধিকার (আন্তর্জাতিক আইনে) মুক্ত সমুদ্রবক্ষে কোনো নৌযান বা উহার পণ্যসামগ্রী গ্রেপ্তারযোগ্য কি না, তাহা উদ্ঘাটন করিবার জন্য নৌযান থামাইবার এবং পরিদর্শন ও পরীক্ষা করিবার অধিকার। বিশেষত একটি মুধ্যমান রাষ্ট্রের পক্ষে কোনো নিরপেক্ষ রাষ্ট্রের যে-কোনো বাণিজ্যিক নৌযানের গতিরোধ করিয়া নৌযানটি আন্তর্জাতিক নৌযুদ্ধ আইন-অনুযায়ী গ্রেপ্তারযোগ্য হইয়াছে কি না, তাহা উদ্ঘাটন করিবার জন্য প্রয়োজনমতো তল্লাশ করিবার অধিকার রহিয়াছে। ইহা right of visit এবং right of visit and search নামেও অভিহিত।

right of silence নিরুত্তর থাকিবার অধিকার ফৌজদারি অভিযোগে অভিযুক্ত বা বিচারাধীন আসামির বক্তব্য বা সাক্ষ্য প্রদান না করিবার অধিকার। আসামির নিরুত্তর থাকিবার অধিকার ইংল্যান্ডের সাধারণ আইনের একটি বিশিষ্ট অধিকার। তবে বর্তমানে এই অধিকার কভিপয় ক্ষেত্রে সীমিত। এই অধিকারের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশে সাক্ষ্য আইনের ২৪ ধারা ও ফৌজদারি কার্যবিধির ১৬৩ ধারা-অনুসারে কোনো পুলিশ কর্মকর্তা অথবা ক্ষমতাপ্রাপ্ত অপর কোনো ব্যক্তি অপরাধস্বীকার করিতে কোনো আসামিকে কোনো প্ররোচনা, ভীতি বা প্রতিশ্রুতি প্রদান করিবেন না। তাহা ছাড়া উক্ত কার্যবিধির ২৪৪ ধারা বা ২৬৫৮ ধারা-অনুসারে অভিযোগগঠনের পর আসামি তাহা স্বীকার না করিলে তাহা প্রমাণের জন্য ফরিয়াদি পক্ষের সাক্ষ্য গ্রহণ করিতে হইবে। উক্ত কার্যবিধির ৩৪২ ধারা-অনুসারে ফরিয়াদি পক্ষের সাক্ষ্য গ্রহণের পর আদালত আসামিকে প্রশ্ন জিজ্ঞাসা করিতে পারেন এবং তখনো আসামি নিরুত্তর থাকিতে পারেন। সংবিধানের ৩৫(৪) অনুচ্ছেদ-অনুসারে নিজের বিরুদ্ধে সাক্ষ্য দিতে কাহাকেও বাধ্য করা যাইবে না।

nights issue

right of support আলম্বনের অধিকার ১. এমন একটি বর্তস্বত্ব যাহা বর্তস্বত্ব-প্রয়োগকারী ভূমির মালিকের ভূমিস্থিত দালানের জন্য বর্তস্বত্বাধীন ভূমি হইতে আলম্বনের অধিকার প্রদান করেন। ২. স্বাভাবিক অবস্থায় ভূমি সংরক্ষণের জন্য আলম্বনের অধিকার। natural rights দ্র.।

- right of survivorship উদ্বর্তিতার অধিকার সম্পত্তির যৌথ মালিকের মধ্যে একজনের মৃত্যুর পর সম্পূর্ণ সম্পত্তিতে অপরজনের নির্বৃঢ় মালিকানা অর্জন করা। joint tenancy দ্র.।
- right of water জলের অধিকার ১. এমন একটি বর্তস্বত্ব যাহা বর্তস্বত্ব-প্রয়োগকারী ভূমির মালিককে জল সম্পর্কে অধিকার প্রদান করে। যেমন, অপরের ভূমি হইতে জল গ্রহণ বা ভূমির উপর দিয়া জল নিষ্কাশনের অথবা বর্তস্বত্ব-প্রয়োগকারীর ভূমি প্রাবিত লা হয়, সেজন্য অপরের ভূমিতে প্রবেশ করিয়া আগত জলপ্রবাহ বন্ধ করিয়া দেওয়া।
 ২. কোনো ব্যক্তির ভূমির উপর দিয়া প্রবাহিত জলধারার জল ব্যবহার করিবার স্বাভাবিক অধিকার।
- right of way চলাচলের অধিকার অপর ব্যক্তির ভূমির উপর দিয়া চলাচল করিবার অধিকার। ইহা গণ-অধিকার হিসাবে যে-কোনো ব্যক্তি ব্যবহার করিতে পারেন, বর্তবত্ব হিসাবে নির্দিষ্ট কোনো জমির উপকারার্থে ব্যবহার করা যায়, অথবা কেবল কোনো ব্যক্তিবিশেষকে দেওয়া অনুমতি হিসাবেও ব্যবহার করা যায়। বর্তব্বত্ব আইনের ১৩ ধারা-অনুসারে হস্তান্তরকারী বা ইচ্ছাপত্রকারীর অপর ভূমির উপর দিয়া যে-ভূমি হস্তান্তরিত বা উত্তরদান করা হইয়াছে ভাহা অথবা এজমালি সম্পত্তি বন্টনের শর এক অংশীদারের প্রাপ্ত অংশের উপর দিয়া আবশ্যক হইলে অপর অংশীদারের অংশভোগের জন্য তাহার উপর দিয়া চলাচল করিবার অধিকার জন্মায়। তামাদি আইনের ২৬(১) ধারা ও বর্তব্বত্ব আইনের ১৫ ধারা-অনুসারে কোনো ভূমি বা গৃহের মালিক পার্শ্ববর্তী মালিকের ভূমির উপর দিয়া একটি বর্তব্বত্ব ও অধিকার হিসাবে বিনা বাধায় শান্তিপূর্ণভাবে বিশ বৎসর পর্যস্ত চলাচল করিলে ওই ভূমিতে ভাহার চলাচলের অধিকার জনায়।
- rights issue প্রদান্য শেয়ারের অধিকার কোম্পানির অংশী মূলধন সংগ্রহ করিবার এমন একটি পদ্ধতি যাহার দ্বারা জনসাধারণের মধ্যে নহে, কোম্পানির বর্তমান অংশীদারের মধ্যে, শেয়ার বিতরণ করিয়া মূলধন সংগ্রহ করা হয়। কোম্পানি আইনের ১৫৫ ধারা-অনুসারে পরিচালকগণ কোম্পানিতে অনুমোদিত মূলধনের সীমার মধ্যে পরিশোধিত মূলধন বৃদ্ধি করিবার জন্য অতিরিক্ত শেয়ার ছাড়িবার সিদ্ধান্ত গ্রহণ করিলে, তাহা সদস্যদের মধ্যে তাঁহাদের মূলধনের অংশানুপাতে নির্দিষ্ট সময়ের মধ্যে গ্রহণের জন্য প্রস্তাব দিতে হইবে।

right to air ৯৩৮

right to air বায়ুর অধিকার অপরের পার্শ্ববর্তী জমি বা গৃহাদির মধ্য দিয়া প্রবাহিত বায়ু ভোগ করিবার অধিকার। পার্শ্ববর্তী ভূমি-মালিকের সহিত উপনীত যে-কোনো শর্তে এইরূপ অধিকার ভোগ করা যায়। তামাদি আইনের ২৬(১) ধারা ও বর্তস্বত্ব আইনের ১৫ ধারা-অনুসারে কোনো গৃহের মালিক পার্শ্ববর্তী ভূমি বা গৃহের মধ্য দিয়া প্রবাহিত বায়ু বর্তস্বত্ব হিসাবে বিনাবাধায় শান্তিপূর্ণভাবে বিশ বৎসর যাবৎ ভোগ করিলে তাঁহার বায়ুর অধিকার জন্মায়।

- right to bear arms অন্তবহনের অধিকার (যুক্তরাষ্ট্রে) আগ্নেয়ান্ত্রের স্বত্বাধিকারী হওয়ার অধিকার। যুক্তরাষ্ট্রে ইহা বিল অফ রাইট্সের অন্তর্ভুক্ত একটি মৌলিক অধিকাব।
- right to begin শুনানি আরম্ভ করিবার অধিকার মামলার প্রতিদ্বন্দ্বী পক্ষদের মধ্যে কোন পক্ষ মামলার শুনানি আরম্ভ করিবে, সে-অধিকার। দেওয়ানি কার্যবিধির ১৮ আদেশের ১ নিয়ম-অনুসারে, বাদীর মামলার শুনানি আরম্ভ করিবার অধিকার আছে যদি না বিবাদী বাদীর অভিযোগে বর্ণিত ঘটনাবলি স্বীকার করিয়া কোনো আইনের প্রশ্নে অথবা বাদীর অভিযোগে বর্ণিত অভিরিক্ত কোনো ঘটনাবলির কারণে বাদী কোনো প্রার্থিত প্রতিকার পাইবেন না, এই মর্মে দাবি করেন। তখন মামলার শুনানি আরম্ভ করিবার অধিকার বিবাদীর হইবে। ফৌজদারি মামলায় ফরিয়াদি পক্ষ মামলার শুনানি আরম্ভ করে এবং আসামিপক্ষ ফরিয়াদি পক্ষের সাক্ষ্যপ্রদান সমাপ্ত হইলে প্রয়োজনবাধে সাক্ষ্য প্রদান করে এবং আসামি বা তাঁহার উকিল তাহার উত্তর প্রদান করেন।
- right to counsel আইনজীবীর সহায়তালাভের অধিকার ফৌজদারি মামনার একজন অভিযুক্ত ব্যক্তি কোনো আইনজীবী নিয়োগ করিতে অসমর্থ হইলে, তাঁহার আদালতকর্তৃক নিযুক্ত একজন আইনজীবীর প্রতিনিধিত্বলাভের অধিকার। ফৌজদারি কার্যবিধির ৩৪০(১) ধারা-অনুসারে, ফৌজদারি আদালতে অপরাধে অভিযুক্ত কোনো ব্যক্তির অথবা আদালতে এই আইন-অনুসারে যাহার বিরুদ্ধে কার্যক্রম রুজু করা হইয়াছে তাঁহার অ্যাডভোকেটদারা আত্মপক্ষ সমর্থনের অধিকার থাকিবে। ইহা access to counsel নামেও পরিচিত।
- right to life জীবনের অধিকার কোনো ব্যক্তির জীবনরক্ষার অধিকার একটি স্বাভাবিক অধিকার। এই অধিকার জাতিসংঘের মানবাধিকার-ঘোষণাপত্রে এবং বাংলাদেশের সংবিধানের ৩২ অনুচ্ছেদে স্বীকৃত। বহু দেশে এই অধিকারের ভিত্তিতে মৃত্যুদঙ্গের অধিকার রহিত করা হইয়াছে।
- right to privacy ব্যক্তিগোপনীয়তার অধিকার privacy দ্র.।

- right to rescind নাকচ করিবার অধিকার (ইংল্যান্ডের আইনে) একটি চুক্তির একপক্ষ চুক্তির সঙ্গে সম্বন্ধনিরপেক্ষভাবে উদ্ভূত কোনো কর্তব্যপালনে ব্যর্থ হইলে চুক্তির অপরপক্ষকে প্রদন্ত প্রতিকার। rescission দ্র.।
- right to vote ভোটাধিকার বি. ভোটদানের অধিকার আইনদারা সৃষ্ট একটি
 অধিকার। ইহা কোনো সাংবিধানিক মৌলিক অধিকার নহে। সংবিধানের ১১
 অনুচ্ছেদ-অনুসারে, বাংলাদেশ একটি গণতন্ত্র এবং এখানে প্রশাসনের সকল পর্যায়ে
 নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে জনগণের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করিবার কথা
 বলা ইইয়াছে। এইজন্য জাতীয় সংসদ এবং স্থানীয় সরকারগুলির নির্বাচনে সুস্থমনা
 সকল প্রাপ্তবয়ন্ক নাগরিকের ভোটদানের অধিকার আইনদারা স্বীকৃত। Suffrage দ্র.।
- rigorous imprisonment সম্রম কারাদণ্ড যে-কারাদণ্ডে কয়েদিকে কঠোর
 পরিশ্রমের কাজ করিতে হয়। দণ্ডবিধির ৫৩ ধারা-অনুসারে কারাদণ্ড দুই প্রকারের—
 ১. সম্রম অর্থাৎ কঠিন শ্রমসহকারে এবং ২. সহজ্ঞামসহকারে বা বিনাশ্রমে। দণ্ডবিধির
 ৬০ ধারা-অনুসারে শান্তি ঘোষণার সময়ে কারাদণ্ড সম্রম বা বিনাশ্রম বা আংশিক
 সম্রম ও আংশিক বিনাশ্রম কি না, আদালত তাহা উল্লেখ করিবেন।
- riot n. দাঙ্গা বি. সহিংস বেআইনি সমাবেশের নাম দাঙ্গা। দণ্ডবিধির ১৪৬ ধারাঅনুসারে কোনো বেআইনি সমাবেশ বা তাহার কোনো সদস্যকর্তৃক অনুরূপ
 সমাবেশের সাধারণ উদ্দেশ্য বান্তবায়নের জন্য বল বা হিংস্রতা প্রয়োগ করিলে অনুরূপ
 সমাবেশের প্রত্যেক সদস্য দাঙ্গার অপরাধে দোষী হইবেন। দণ্ডবিধির ১৪১ ধারাঅনুসারে, পাঁচ বা ততোধিক ব্যক্তির সমাবেশকে তখনই অবৈধ সমাবেশ বলা হয় যদি
 ওই সমাবেশে অংশগ্রহণকারী ব্যক্তিদের সাধারণ উদ্দেশ্য হয় কতিপয় ক্ষেত্রে
 বাধাপ্রদান কিংবা কোনো কাজ বা অপরাধমূলক বলপ্রয়োগ করা। দণ্ডবিধির ১৪৭ ও
 ১৪৮ ধারা-অনুসারে যথাক্রমে দাঙ্গাকারী ও মারাত্মক অক্সে সজ্জিত দাঙ্গাকারী দণ্ডিত
 হবৈন। দণ্ডবিধির ৩১৫ ধারা-অনুসারে, কখনো কোনো বেআইনি সমাবেশ কর্তৃক
 বা উহার যে-কোনো সদস্য কর্তৃক অনুরূপ সমাবেশের সাধারণ উদ্দেশ্য বান্তবায়নে
 বল বা উপ্রতা প্রয়োগ করা হইলে, অনুরূপ সমাবেশের প্রত্যেক সদস্য দাঙ্গার
 অপরাধে দোষী সাবান্ত হইবেন।
- riparian adj. তীরস্থ, তীরবর্তী বিণ. প্রবহমান জলস্রোত বা নদীর তীরবর্তী উচ্চভূমির মালিকদের অধিকার বর্ণনার্থে ব্যবহৃত একটি পরিশব্দ। জলস্রোত, নদী, ম্রদ বা সাগরের তীরসম্বন্ধী; নদীতীরবর্তী; নদীতটবর্তী। যে-জমির পানি একটি নদীতে গড়ায় না, উহা ওই নদীর তীরবর্তী নয়।
- riparian rights তীরস্থজনের অধিকার নদীতীরস্থ সম্পত্তির মালিকদের অধিকার বর্ণনার্থে ব্যবহৃত একটি পরিশব্দ। এইসকল অধিকারের মধ্যে রহিয়াছে ওইরূপ মানিকের জমি-সংলগু নাব্য নদীতে প্রবেশাধিকার এবং, জনসাধারণের উক্ত

অধিকাররক্ষার্থে আইনসভা-কর্তৃক আরোপিত সাধারণ নিয়মাবলি-সাপেক্ষে, তাঁহার নিজের কিংবা সাধারণের ব্যবহারার্থে ঘাট নির্মাণ করিবার অধিকার।

risk n. ঝুঁকি বি. ১. জখম, ক্ষয়ক্ষতি বা হানির সঞ্জাবনা। ২. জখম, ক্ষয়ক্ষতি বা হানি ঘটিলে উহার জন্য দায়িতা। ৩. (বিমাসম্বন্ধে) একটি বিমাপত্রের বিষয়বস্তুর জন্য বিপদ, দুর্ঘটনা ও ক্ষতির সঞ্জাবনা কিংবা সঞ্জাব্যতার মাত্রা। ৪. (বিমাসম্বন্ধে) একজন বিমাকারী যে-পরিমাণ অর্থ হারাইতে পারেন। ৫. (বিমাসম্বন্ধে) যে-ব্যক্তি বা বতুকে একজন বিমাকারী ঝুঁকি বলিয়া বিবেচনা করেন। ৬. (বিমাসম্বন্ধে) যে-ধরনের হানি বিমার অন্তর্ভুক্ত করা হয়। ৭. (ব্যবসায়) বাণিজ্যিক ক্ষতির সম্ভাবনা বা বিপদ। insurance দ্র.।

river n. নদী বি. যে-কোনো জলস্রোত, খাল, খাঁড়ি বা স্বাভাবিক বা কৃত্রিম প্রণালি।

road সভৃক, রান্তা বি. এক স্থান হইতে অন্য স্থানে যানবাহন, ভ্রমণকারী, বা গৃহপালিত পশুর যাতায়াতের পথ। সভৃক বা রান্তায় জনসাধারণের প্রবেশের অধিকার আছে। ১৯২৫ সালের জনপথ আইনের ২ ধারা-অনুসারে সরকারি রান্তা বলিতে বুঝায় যে-রান্তা সরকারে ন্যন্ত হইয়াছে অথবা সরকারের সভৃক বা জনপথ বিভাগের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনায় আছে। রান্তার ঢাল, ঢাল ও গর্ত-মধ্যবর্তী স্থান, মাটি খোঁড়ার গর্ত ও পার্শ্ববর্তী নালা; সরকারি রান্তার সহিত যুক্ত সকল ভ্রমি ও বাঁধ যাহা সরকারে ন্যন্ত বা উক্ত সড়ক বা জনপথ বিভাগের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার অধীন; সরকারি রান্তার উপরে বা মধ্যে নির্মিত সকল সেতু, কালভার্ট বা জাঙাল, এবং সরকারি রান্তার উপরের বা সরকারি রান্তার সহিত যুক্ত কোনো ভূমিস্থিত সকল বেড়া ও খুঁটি এবং ওই ভূমিস্থিত রান্তার পার্শ্ববর্তী বৃক্ষাদি ইহার অন্তর্ভুক্ত। সরকারি রান্তা ব্যতীত স্থানীয় সরকারের নিয়ন্ত্রণ ও ব্যবস্থার অধীন রান্তা এবং ব্যক্তিগত রান্তাও আছে। সরকারি রান্তা ও স্থানীয় সরকারের রান্তায় সর্বসাধারণের চলাচলের অধিকার থাকিলেও ব্যক্তিগত রান্তায় তাহা নাই।

road traffic accidents সড়কে যান-দুর্ঘটনা কোনো যানবাহন যদি রাস্তায় কোনো দুর্ঘটনা ঘটাইয়া কোনো ব্যক্তিকে আহত করে বা তাঁহার যানবাহনের ক্ষতি করে অথবা রাস্তায় কোনো সম্পত্তির বা রাস্তার পার্শ্বস্থ ভূমিস্থিত কোনো কিছুর ক্ষতি করে তাহা হইলে ওই যানের চালক দায়ী হইবেন। দওবিধির ২৭৯ ধারা-অনুসারে, কোনো ব্যক্তির পক্ষে বেপরোয়া বা অবহেলাভরে সর্বসাধারণের চলাচলের রাস্তায় কোনো যান চালাইয়া মানবজীবন বিপদগ্রস্ত করিবার অথবা কোনো ব্যক্তিকে আঘাত বা ক্ষতিগ্রস্ত করিবার সম্ভাবনা দেখা দিলে ওই ব্যক্তি ছয় মাস পর্যন্ত কারাদও বা একহাজার টাকা পর্যন্ত অর্থদও বা উভয়বিধ দওে দণ্ডিত হইবেন। ১৯৮৪ সালের মোটরযান অধ্যাদেশের ১০২ ধারা-অনুসারে, কোনো মোটরযান দুর্ঘটনা ঘটাইলে চালককে ওই

মোটরযান থামাইতে হইবে এবং তাঁহার মালিকের নাম-ঠিকানা দিতে হইবে। উক্ত আইনের ১০৪ ধারা-অনুসারে, কোনো মোটরমানদ্বারা সংঘটিত দুর্ঘটনায় কোনো বাজি আহত বা কোনো সম্পত্তি ক্ষতিগ্রস্ত হইলে ওই গাড়ির চালক বা ভারপ্রাপ্ত বাজিকে আহত বাজির চিকিৎসা এবং প্রয়োজনবোধে নিকটবর্তী হাসপাতালে স্থানান্তর করিতে হইবে এবং নিকটবর্তী থানায় যথাশীঘ্রসম্ভব ওই ঘটনা জানাইতে হইবে। উক্ত ১০২ ও ১০৪ ধারার বিধান লচ্ছন করিলে ১৪৬ ধারা-অনুসারে অপরাধী বাজি ছয় মাস পর্যন্ত কারাদণ্ডে অথবা এক হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন। উক্ত আইনের ১২৩ ধারা-অনুসারে, যে-মোটরযান দুর্ঘটনা ঘটায় সেই যানের চালককে ওই যানের বিমাপত্র পুলিশ-কর্মকর্তার নিকট জমা দিতে হয়। উক্ত আইনের ১৬ ধারা-অনুসারে, দুর্ঘটনা ঘটাইবার পর চালক মোটরযান না থামাইলে অথবা উক্ত অধ্যাদেশের আওভায় কোনো অপরাধে দণ্ডিত হইলে তাহার লাইসেঙ্গ বাভিল করা যায়।

robbery n. দস্যুতা বি. বলপ্রয়োগে অথবা বলপ্রয়োগের ভয় দেখাইয়া কোনো ব্যক্তির সম্পদ চুরি করা বা কোনো ব্যক্তির নিকট সম্পদ আদায় করা। দণ্ডবিধির ৩৭৮ ধারায় চুরির এবং ৩৮৩ ধারায় বলপ্রয়োগের ভয় দেখাইয়া গ্রহণের সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে। দণ্ডবিধির ৩৯০ ধারা-অনুসারে সকল দস্যুতায় হয় চুরি বা বলপূর্বক গ্রহণ নিহিত। যদি চুরি করিবার উদ্দেশ্যে বা চুরি করিতে, কিংবা চুরিতে লব্ধ সম্পত্তি বহন বা বহনের উদ্যোগকালে, তদুদ্দেশ্যে অপরাধকারী স্বেচ্ছাকৃতভাবে কোনো ব্যক্তির মৃত্যু ঘটান বা তাঁহাকে আঘাত দান করেন বা তাঁহাকে অবৈধভাবে আটক করেন বা করিবার উদ্যোগ করেন, কিংবা তাঁহাকে তাৎক্ষণিক মৃত্যু বা তাৎক্ষণিক আঘাত বা তাৎক্ষণিক অবৈধ আটকের ভীতিপ্রদর্শন করেন বা করিবার উদ্যোগ করেন, তাহা হইলে উক্ত চুরি হইতেছে দস্যুতা।

rogatory letter অনুরোধপত letter of request দ্র. ৷

roll n. রোল বি. ১. কোনো আদালত বা সরকারি দপ্তরের কার্যাবলির বিবরণ-সংবলিত নথি। ২. করারোপযোগ্য ব্যক্তি বা সম্পণ্ডিসমূহের একটি দাপ্তরিক তালিকা।

rolled up plea গুটানো অজুহাত মানহানির মামলায় ন্যায্য মন্তব্যের মতো
একধরনের অজুহাত। যদি আপত্তিকর কথাগুলি ঘটনার বিবরণ ও মন্তব্যের সংমিশ্রণ
হয়, বিবাদী এই অজুহাত দেখাইতে পারেন যে, ঘটনা সম্পর্কে অভিযোগ যতদূর সেকথাগুলিতে আছে তাহা বাস্তবিক ও প্রকৃতপক্ষে সত্য এবং তাহাতে যতদূর মন্তব্য
আছে তাহা ওই সকল ঘটনা সম্পর্কে সরল বিশ্বাসে এবং বিদ্বেষহীনভাবে প্রদন্ত ন্যায্য
মন্তব্য এবং তাহা জনস্বার্থের বিষয়। বিবাদী যে-সকল কথাকে ঘটনার বিবরণ বলিয়া
অভিহিত করেন এবং যে-সকল পারিপার্শ্বিক অবস্থার উপর নির্ভর করিয়া তিনি

rolling stock %83

ওইসকল কথা সত্য বনিয়া দেখাইতে চান তাহার বিশেষ বিবরণ তাঁহাকে অবশাই প্রদান করিতে হইবে। দণ্ডবিধির ৪৯৯ ধারার প্রথম ব্যতিক্রমে বলা হইয়াছে যে, কোনো ব্যক্তি সম্পর্কে নিন্দনীয় কোনো সত্য আরোপ করা মানহানি হইবে না, যদি তাহা জনকল্যাণে কৃত ও প্রকাশিত হয়।

- rolling stock লোল-সামগ্রী, রোলিং ক্টক সামষ্টিকভাবে রেলপথের ইঞ্জিন, বণি, কামরা ইত্যাদি। যাত্রী বা পণ্য পরিবহণের জন্য রেলপথে বা ট্রামপথে ব্যবহৃত যাবতীয় সামগ্রী।
- root of title মালিকানার মূল দলিল যে-দলিল হইতে কোনো অনিবন্ধিত জমির মালিক তাঁহার মালিকানা উদ্ভূত হইয়াছে বলিয়া দাবি করেন। একটি উত্তম মূলকে অবশ্যই ন্যুনপক্ষে ১৫ বৎসরের পুরাতন, জমির সম্পূর্ণ আইনগত ও হিতকরী মালিকানা সম্পর্কিত, শনাক্তযোগ্যরূপে বর্ণিত এবং স্বত্ত্ব সম্পর্কে সন্দেহ-আরোপের সুযোগহীন হইতে হইবে। চুক্তিতে অন্যরূপ কিছু না থাকিলে বিক্রেতাকে মূল দলিল অবশ্যই প্রদান করিতে এবং ক্রেতাকে তাহা অবশ্যই গ্রহণ করিতে হইবে। সম্পত্তিহন্তান্তর আইনের ৫৫(১)(খ) ধারা-অনুসারে, ক্রেতার অনুরোধে সম্পত্তির স্বত্ত্ব সম্পর্কে বিক্রেতার দখলে বা ক্ষমতার মধ্যে যে-সকল দলিল রহিয়াছে, তাহা পরীক্ষার জন্য ক্রেতার নিকট সমর্পণ করিতে হইবে।
- royal assent রাজকীয় সম্মতি রাজা বা রানী ব্যক্তিগতভাবে অথবা তাঁহার প্রতিনিধির মাধ্যমে যে-সমতি প্রদান করিলে পার্লামেন্ট কর্তৃক গৃহীত একটি আইনের খসড়া বা বিল আইনে পরিণত হয়। বাংলাদেশে সংবিধানের ৮০ অনুচ্ছেদ-অনুসারে, সংসদ কর্তৃক গৃহীত কোনো বিলে রাষ্ট্রপতি সম্মতিদান করিলে বা তিনি সম্মতিদান করিয়াছেন বিলিয়া গণ্য হইলে তাহা আইনে পরিণত হইবে এবং সংসদের আইন বিলিয়া অভিহিত ইইবে।
- royal prerogative রাজকীয় বিশেষাধিকার ইংল্যান্ডের সাধারণ আইনে একমাত্র রাজা বা রানী যে-বিশেষ অধিকার, ক্ষমতা ও বিমুক্তির অধিকারী। তাঁহার পক্ষে সরকারই এখন প্রায় সকল বিশেষাধিকার প্রয়োগ করে। কতিপয় বিশেষাধিকার সরকারের পরামর্শ-অনুসারে (যেমন, পার্লামেন্ট ভাঙ্গিয়া দেওয়া) বা সাংবিধানিক রেওয়াজ-অনুসারে (যেমন, প্রধানমন্ত্রীর নিযুক্তি) রাজা বা রানী স্বয়ং সম্পাদন করেন। সামান্য কিছু বিশেষাধিকার (যেমন, অর্ডার অব গার্টারের মতো কতিপয় খেতাব প্রদান) রাজা বা রানীর ব্যক্তিগত ইচ্ছানুসারে সম্পাদিত হয়। প্রধানত যুক্তরাজ্যের বেসামরিক কর্মচারীদের বিষয়ে ও অধীনস্থ ভূখণ্ডের ক্ষেত্রে বিশেষাধিকার প্রয়োগ করিয়া রাজা বা রানীর আইন-প্রণয়নের সীমিত ক্ষমতা আছে। রাজকীয় ফরমান, সনদ, অধ্যাদেশ বা কাউসিলের আদেশের মাধ্যমে ইহা করা হইয়া থাকে। পার্লামেন্ট স্থগিত ও ভঙ্গ করা এবং বিলে রাজকীয় সম্মতিপ্রদান করা হয় বিশেষাধিকারের

অধীনে। আদিতে রাজাই ন্যায়বিচারের উৎস থাকায় তাঁহার নিকট হইতে আদালতের উৎপত্তি হইয়াছে। সেই ক্ষমতাবলে রাজা বা রানী এখনো (স্বরাষ্ট্র সচিবের মাধ্যমে) ক্ষমাপ্রদর্শনের এবং (অ্যাটর্নি-জেনারেলের মাধ্যমে) *নলে প্রসিকুই* প্রয়োগের দারা ফৌজদারি বিচার বন্ধ করিয়া দিবার বিশেষাধিকার রাখেন। বৈদেশিক সম্পর্কের ক্ষেত্রে বিশেষাধিকারের অধীনে রাজা বা রানী যুদ্ধঘোষণা ও শান্তিস্থাপন করেন আন্তর্জাতিক চক্তিতে আবদ্ধ হন এবং পাসপোর্ট বা ছাডপত্র প্রদান করেন। বিশেষাধিকারের অধীনে বহু নিয়োগ (যেমন, উচ্চ আদালতের বিচারকদের, আর্কবিশপদের ও ডাইওসেশন বিশপদের) প্রদান করা হয়। সম্মানের উৎসরূপে রাজা বা রানী নৃতন এবং বংশানুক্রমিক পিয়ারেজসহ বহুপ্রকারের সম্মান বিশেষাধিকারের অধীনে প্রদান করেন। তিনি সশস্ত্র বাহিনীসমূহের প্রধান এবং যদিও ইহাদের নিয়ন্ত্রণ সম্পর্কে বেশিরভাগ আইন বিধিবদ্ধ তবে ইহাদের ব্যবস্থাপনা সাধারণত বিশেষাধিকারের বিষয় ৷ যুদ্ধ বা যুদ্ধের আশঙ্কাবস্থায় ক্ষতিপূরণ প্রদানসাপেক্ষে ব্যক্তিগত সম্পত্তি অধিগ্রহণ বা হুকুমদখল করা হয় বিশেষাধিকারের প্রয়োগে। বিবিধ প্রকারের বিশেষাধিকারের অন্তর্ভক্ত হইতেছে গুপ্তধনলাভ ও রাষ্ট্রানুগামিতা। রাজা বা রানীর একটি গুরুত্বপূর্ণ বিমুক্তি হইতেছে উৎকর্মের বিশেষাধিকার। 'রাজ্য কোনো ভূল করিতে পারেন না' সাধারণ আইনের এই প্রবচনের ফলে রাজা বা রানী যাহা কিছুই করুন না কেন, তাহার জন্য ব্যক্তিগতভাবে তাঁহার সকলপ্রকার দেওয়ানি বা ফৌজদারি মামলার দায় হইতে পূর্ণ অব্যাহতি আছে। ব্যক্তিগত অব্যাহতি বিদ্যমান থাকা সত্ত্বেও ১৯৪৭ সালের রাজকীয় মামলা আইনের অধীনে বর্তমানে রাজা বা রানীর (অর্থাৎ সরকারের) বিরুদ্ধে মামলা রুজু করা যায়। nolle prosequi দ্র.।

royal proclamation রাজকীয় ঘোষণা যে-দলিলদ্বারা রাজা বা রানী কতিপয় বিশেষাধিকারের ক্ষমতা (যেমন, পার্লামেন্ট আহ্বান করা ও ভঙ্গ করা) এবং বিধিবদ্ধ আইনদ্বারা তাঁহার উপর অর্পিত কতিপয় বিধানগত ক্ষমতা (যেমন, জরুরি অবস্থা ঘোষণা) প্রয়োগ করেন। emergency powers দ্র.।

royalty লত্য, অধিকারভাগ বি. লাভের জন্য অপর কোনো ব্যক্তির সম্পত্তি ব্যবহারের অধিকারের কারণে প্রদেয় অর্থ। অন্যভাবে, মালিক কর্ভৃক কোনো সম্পত্তি অপর কোনো ব্যক্তিকে ব্যবহার করিতে অনুমতিপ্রদানের জন্য উৎপাদিত পণ্য অথবা মুনাফার সংরক্ষিত অংশ। যেমন, ভূগর্ভস্থ খনিজ আহরণের জন্য ভূমি-মালিককে, পেটেন্ট বা কৃতিস্বত্ব ব্যবহারের জন্য উদ্ভাবনকারীকে বা কৃতিস্বত্ববানকে, অথবা পুস্তকবিক্রয়ের জন্য প্রকাশক কর্তৃক গ্রন্থকারকে প্রদেয় অর্থ।

rule বিধি, নিয়ম বি., আদালতের নির্দেশ ১. যে-কোনো আইনের দারা অর্পিত ক্ষমতা প্রয়োগ করিয়া প্রণীত কোনো বিধি এবং নিয়ম-অনুসারে যে-কোনো আইনের অধীন প্রণীত বিধি। এইরূপ বিধিকে অধন্তন আইনও বলা হয়। ২. কোনো দেওয়ানি মামলা বা অন্য কোনো কার্যধারায় আদালত-প্রদন্ত আদেশ বা নির্দেশ। কোনো মামলা প্রাথমিক শুনানির পর হাইকোর্ট বিভাগ প্রতিপক্ষের প্রতি যে-আদেশ বা নির্দেশ জারি করেন। সাধারণত হাইকোর্ট বিভাগ রিট বা রিভিশন মামলা শুনানির জন্য এহণ করিলে প্রতিপক্ষের উপর রুল নাইসাই জারি করিয়া, কেন দরখান্তকারীর আবেদন মনজুর করা যাইবে না, সে-সম্পর্কে কারণ দর্শাইবার আদেশ প্রদান করেন এবং প্রয়োজনবাধে প্রতিপক্ষের উপর নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ আরোপ করেন।

rule against bias পক্ষপাতবিরোধী নিয়ম natural justice দ্র. ৷

- rule against inalienability হস্তান্তর-অযোগ্যতা-বিরোধী নিয়ম থে-নিয়ম চিরন্তনকালের জন্য অর্থাৎ কোনো ব্যক্তির জীবনকাল এবং আরো একুশ বৎসরের জন্য কোনো সম্পত্তিকে হস্তান্তরের অযোগ্য করে তাহার বিরোধী। এই সময়ের মধ্যে হস্তান্তর-অযোগ্য দান বাতিল বলিয়া গণ্য হয়।
- rule against perpetual trust চিরন্তন ন্যাস-বিরোধী বিধি যে-বিধি
 চিরন্তনকালের জন্য অর্থাৎ কোনো ব্যক্তির জীবনকাল এবং আরো একুশ বৎসরের
 জন্য কোনো অদাতব্য ন্যাস সৃষ্টি নিষিদ্ধ করে। এইরূপ সময়ের জন্য সৃষ্ট কোনো
 ন্যাস বাতিল বলিয়া গণ্য হয়।
- rule against perpetuity চিরন্তনতা-বিরোধী বিধি সম্পত্তি-হস্তান্তর আইনের ১৪ ধারা-অনুসারে, কোনো সম্পত্তি এমনভাবে হস্তান্তর করা যাইবে না যাহা হস্তান্তরের তারিখে জীবিত এক বা একাধিক ব্যক্তির জীবনকাল এবং এইরূপ জীবনকালের অবসানের অব্যবহিত পর হইতে অপর কোনো ব্যক্তির নাবালক অবস্থা অতিবাহিত হইবার পরে বলবং হইবে। জীবিত ব্যক্তি বা ব্যক্তিগণের জীবনকাল শেষ হইবার সময়ে তদ্রূপ নাবালকের অন্তিত্ব থাকিতে হইবে এবং নাবালক সাবালক হইবামাএ সৃষ্ট স্বার্থ তাহার উপর বর্তাহিব। ১৯২৫ সালের উত্তরাধিকার আইনের ১১৪ ধারায় প্রায় অনুরূপ বিধান করা হইয়াছে।
- rule against remoteness of future vesting দ্রভবিষ্যতে বর্তানো বিরোধী নিয়ম rule against perpetuity দ্র.।
- rule against self-incrimination নিজের প্রতি দোষারোপ না করিবার নিয়ম যে-নিয়ম অনুসারে কোনো ব্যক্তি নিজেকে কোনো অপরাধের জন্য অভিযুক্ত করিতে বা নিজের অপরাধ স্বীকার করিতে বাধ্য নহেন। ইংল্যান্ডের সাধারণ আইনে এই নিয়ম স্বীকৃত। সংবিধানের ৩৫(৪) অনুচ্ছেদ-অনুসারে, কোনো অপরাধের দায়ে অভিযুক্ত ব্যক্তিকে নিজের বিরুদ্ধে সাক্ষ্য দিতে বাধ্য করা যাইবে না।
- rule nisi ফল নাইসাই আদালতের যে-নির্দেশের পরিপ্রেক্ষিতে কোনো কারণ দর্শানো না ইইলে আদালতের উক্ত আদেশ চূড়ান্তভাবে বাধ্যকর হয়। ইহা সাধারণত রুলনিশি বলিয়া অভিহিত।

rule of law আইনের শাসন আইনের প্রাধান্য। অধ্যাপক ডাইসি আইনের শাসন সম্পর্কে তিনটি বৈশিষ্ট্যের কথা বলেন। নাগরিকের উপর সরকারের কোনো স্বৈর কর্তৃত্ব নাই. সরকারি কর্মচারী-কর্মকর্তা ও নাগরিক সকলে সাধারণের আইনের দারা শাসিত এবং নাগরিকের ব্যক্তি-স্বাধীনতা দেশের সাধারণ আইনদারা নির্ধারিত ও সংরক্ষিত। বাংলাদেশে আইনের শাসন বলিতে দেশের সাধারণ আইন ও সংবিধানের প্রাধান্য বুঝায়। সংবিধানের ৭ অনুচ্ছেদে সংবিধানকে দেশের সর্বোচ্চ আইন বলিয়া অভিহিত করা হইয়াছে, অন্য সকল আইনকে ইহার সহিত সামঞ্জস্যপূর্ণ করিতে বলা হইয়াছে, এবং দেশের সকল ক্ষমতা কেবল সংবিধানের অধীনে ও কর্তুতে কার্যকর করিবার কথা বলা হইয়াছে। সংবিধানের ২৭ অনুচ্ছেদে বলা হইয়াছে, সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয়লাভের অধিকারী। সংবিধানের ৩১ অনুচ্ছেদে সকল নাগরিক ও দেশে বসবাসরত সকল ব্যক্তির আইনের আশ্রয়লাভ ও আইনানুযায়ী ব্যবহারলাভের অধিকারের কথা এবং আইনানুযায়ী ব্যতীত কোনো ব্যক্তির জীবন, স্বাধীনতা, দেহ, সুনাম, বা সম্পত্তির হানি না ঘটাইবার কথা বলা ইইয়াছে। সংবিধানের ৩২ অনুচ্ছেদে আইনানুযায়ী ব্যতীত কোনো ব্যক্তিকে জীবন ও ব্যক্তি-স্বাধীনতা হইতে বঞ্চিত না করিতে বলা হইয়াছে। এইরূপে সংবিধানের প্রস্তাবনায় সকল নাগরিকের জন্য আইনের শাসনের যে-অঙ্গীকার করা হইয়াছে তাহা নিশ্চিত করা হইয়াছে। আইনের শাসন বলিতে, কোনো ব্যক্তির খেয়াল-খুশিমতো বা বেচ্ছাচারীভাবে নয়, দেশের প্রচলিত আইনানুসারে ন্যায়ানুগভাবে শাসন ও সুবিচার প্রতিষ্ঠা করা বুঝায়।

rule of necessity বাধ্যবাধকতার নিয়ম পক্ষপাত বা স্বার্থসংঘাতের দরুন বিচারে অক্ষমতার ফলে উপযুক্ত আদালত বা ট্রাইব্যুনালের অভাব ঘটিলে যে-নিয়ম বিচারক বা অপর কোনো কর্মকর্তাকে মামলা শুনানি করিতে বাধ্য করে।

rules n. নিয়ম বি. দেওয়ানি কার্যবিধির ২(১৮) ধারা-অনুসারে, নিয়মসমূহ অর্থ
প্রথম তফসিলে বর্ণিত অথবা ১২২ ধারা বা ১২৫ ধারা-অনুসারে প্রণীত নিয়ম ও
ফরমসমূহ। ১২২ ধারা-অনুসারে, সূপ্রিম কোর্ট সময়ে-সময়ে স্বীয় কার্যপদ্ধতি ও
অধন্তন দেওয়ানি আদালতসমূহের কার্যপদ্ধতি নিয়ৢরুণকল্পে নিয়ম প্রণয়ন ও প্রকাশ
করিতে পারিবেন এবং উক্তরূপ প্রণীত বিধিবলে প্রথম তফসিলের সকল বা যেকোনো বিধি বাতিল, সংশোধন বা সংযোজন করিতে পারিবেন। ১২৩ ধারায়
নিয়মাবলি প্রণয়নের জন্য কমিটি-গঠন সম্পর্কে বলা হইয়ছে। ১২৭ ধারা-অনুসারে,
উক্তরূপে প্রণীত বা অনুমোদিত নিয়মসমূহ সরকারি গেজেটে প্রকাশিত হইবে এবং
প্রকাশের তারিথ অথবা নির্ধারিত অপর কোনো তারিব হইতে তফসিলে বর্ণিত
নিয়মসমূহের ন্যায়ই বলবৎ হইবে। কী কী বিষয়ে সৃপ্রিম কোর্ট নিয়ম প্রণয়ন করিতে
পারিবেন, তাহা দেওয়ানি কার্যবিধির ১২৮ ধারায় বলা ইইয়ছে।

rules of court \$86

rules of court আদালতের বিধি সংবিধানের ১০৭(১) অনুচ্ছেদ-অনুসারে, সংসদ কর্তৃক প্রণীত যে-কোনো আইনসাপেক্ষে সুপ্রিম কোর্ট রাষ্ট্রপতির অনুমোদন লইয়া প্রত্যেক বিভাগের এবং অধস্তন যে-কোনো আদালতের রীতি ও পদ্ধতি নিয়ন্ত্রণের জন্য বিধিসমূহ প্রণয়ন করিতে পারে । উক্ত অনুচ্ছেদ ও দেওয়ানি কার্যবিধির ১২২ ধারায় প্রদন্ত ক্ষমতাবলে সুপ্রিম কোর্ট হাইকোর্ট বিভাগের রীতি ও পদ্ধতি নিয়ন্তরণের জন্য ১৯৭৩ সালের সুপ্রিম কোর্টের (হাইকোর্ট বিভাগ) বিধিসমূহ এবং ১৯৮৮ সালে বাংলাদেশ সুপ্রিম কোর্টের (আদিল বিভাগ) বিধিসমূহ এবং অধস্তন দেওয়ানি আদালতসমূহ ও তাঁহাদের কর্মকর্তাদের নির্দেশনার জন্য ১৯৮১ সালের দেওয়ানি বিধি ও আদেশসমূহ প্রণান করিয়াছেন। ইহা ব্যতীত দেওয়ানি কার্যবিধি ও উক্ত কার্যবিধির প্রথম তফসিলের বিধিসমূহ এবং উক্ত ১২২ ধারায় প্রদন্ত ক্ষমতাবলে সংশোধিত, পরিবর্তিত ও সংযোজিত বিধিসমূহ দ্বারা দেওয়ানি আদালতের রীতি ও পদ্ধতি নিয়ন্ত্রিত হয়। অনুরূপভাবে ফৌজদারি কার্যবিধির বিধিসমূহ দ্বারা ফৌজদারি ক্রেম্ব প্রান্ত ক্ষমতাবলে সুপ্রিম কোর্ট কর্তৃক প্রণীত বিধিসমূহ দ্বারা ফৌজদারি আদালতের রীতি ও পদ্ধতি নিয়ন্ত্রিত হয়।

ruling n. নজির, বিনির্দেশ বি. উচ্চ আদালত কোনো মামলা বিচার করিয়া ইহার রায়ে ঘটনা সম্পর্কে যে-সিদ্ধান্ত বা আইন সম্পর্কে যে-নতুন নিয়মনীতি ঘোষণা করেন। এইরূপ সিদ্ধান্ত বা নিয়মনীতি আদালতের নজির হিসাবে উক্ত আদালত ও সকল অধন্তন আদালতের উপর বাধ্যকর। সংবিধানের ১১১ অনুক্ষেদ-অনুসারে, আপিল বিভাগকর্তৃক ঘোষিত আইন হাইকোর্ট বিভাগের জন্য এবং সুপ্রিম কোর্টের যে-কোনো বিভাগ কর্তৃক ঘোষিত আইন অধন্তন সকল আদালতের জন্য অবশ্যপালনীয়। precedent দ্র.।

running capital চলতি মূলধন কোনো ব্যবসা-প্রতিষ্ঠান বা কারবারের দৈনন্দিন খরচাদি মিটাইবার জন্য চলতি দায়দেনা পরিশোধ করিবার জন্য যে-মূলধনের প্রয়োজন হয়।

rural area পল্লী এলাকা পৌরসভার মধ্যে অন্তর্ভুক্ত নয়, এমন যে-কোনো এলাকা।

sabotage n. অন্তর্ঘাত বি. সম্পত্তির ক্ষয়ক্ষতি বা ধ্বংসসাধন। বিশেষ করিয়া ধর্মঘটের সময়ে কোনো নিয়োগকর্তার সম্পত্তির কিংবা রাজনৈতিক কারণে রাষ্ট্রের সম্পত্তির ধাংসসাধন। অন্তর্ঘাত এই হিসাবে একটি অপরাধ নয়, যদিও ইহা অপরাধমূলক ক্ষয়ক্ষতি (criminal damage) বলিয়া গণ্য হইতে পারে। তবে ইংল্যান্ডের আদালত ১৯১১ সালের সরকারি গোপনীয়তা রক্ষা আইনের 'নিষিদ্ধ স্থান' বাক্যাংশটি ব্যাখ্যাপূর্বক রাষ্ট্রের বিরুদ্ধে অন্তর্ঘাতকে ওই আইনের আওতায় অনিয়াছেন। বাংলাদেশে ২০০২ সালের আইন-শৃঙ্খলা বিগ্নকারী (অপরাধ দমন) আইনের ২(খ) ধারা-অনুসারে, আইন-শৃঙ্খলা বিঘুকারী অপরাধ অর্থ (অ) কোনো প্রকার ভয়জীতি প্রদর্শন করিয়া বা বেআইনি বল প্রয়োগ করিয়া— (১) কোনো ব্যক্তি বা সংবিধিবদ্ধ সংস্থা বা প্রতিষ্ঠানের নিকট হইতে চাঁদা সাহায্য বা অন্য কোনো নামে অর্থ বা মালামাল দাবি, আদায় বা অর্জন করা বা অন্য কোনোপ্রকার সুযোগ-সুবিধা আদায় করা বা আদায়ের চেষ্টা করা; বা (২) স্থল, রেলপথ, জলপথ বা আকাশপথে যান-চলাচলে প্রতিবন্ধকতা বা বিঘু সৃষ্টি করা কিংবা কোনো যানচালকের ইচ্ছার বিরুদ্ধে যানের গতি ভিন্নপথে পরিবর্তন করা; অথবা (আ) ইচ্ছাকৃতভাবে কোনো যানবাহনের ক্ষতিসাধন করা; অথবা (ই) ইচ্ছাকৃতভাবে সরকার বা কোনো সংবিধিবদ্ধ সংস্থা বা কোনো প্রতিষ্ঠান বা কোনো ব্যক্তির স্থাবর বা অস্থাবর যে-কোনোপ্রকার সম্পত্তি বিনষ্ট বা ভাঙ্চুর করা; অথবা (ঈ) কোনো ব্যক্তির নিকট হইতে কোনো অর্থ, অলংকার, মূল্যবান জিনিসপত্র বা অন্য কোনো বস্তু বা যানবাহন ছিনতাইয়ের চেষ্টা করা বা ছিনতাই করা বা জোরপর্বক কাডিয়া লওয়া।

sacrilege n. ধর্মদ্রোহিতা, অধর্মাচরণ, অষ্ট্রাচার বি. পবিত্র বিবেচ্য কোনো বস্তুর প্রতি অসম্মানজনক আচরণ বা ওইরূপ বস্তুর ক্ষতিসাধন। কোনো উপাসনালয়ে চুরি কিংবা অন্যপ্রকারের পাপাচার; কোনো উপাসনালয় ভাঙিয়া উহাতে বা উপাসনার জন্য রক্ষিত স্থানে চুরি বা কোনো অন্যায় কার্য; পবিত্র বস্তু অপবিত্রকরণ। অধর্মাচরণ হইল এইরূপ কোনো কর্ম যাহা কোনো পবিত্র স্থান বা ব্যক্তির— যেমন, কোনো উপাসনালয় বা ধর্মযাজকের— সম্মান ও পবিত্রতা ক্ষুণ্ণ করে। উপাসনালয়ে দস্যুতা বা কোনো পবিত্র স্থান হইতে কোনো কিছু লইয়া যাওয়া, যেমন, কোনো ব্যক্তি বা ক্ষেকজন ব্যক্তি কর্তৃক কোনো উপাসনালয় হইতে যানবাহন, বা শোভাবর্ধনকারী মৃদ্যবান সামগ্রী চুরি বা দস্যুতা করিয়া লইয়া যাওয়া। উপাসনালয়ে রক্ষিত কোনো ব্যক্তির কোনো নিজস্ব বস্তু কেহ চুরি করিলে উহা সাধারণ চুরি হওয়া সত্ত্বেও কানুনি আইন উহাকেও উৎসণীকৃত বস্তু চুরির ন্যায় অধর্মাচরণ বলিয়া সাব্যস্ত করে।

safe berth %8৮

safe berth নিরাপদ নোঙ্গরস্থান নোঙ্গর করিবার জন্য কোনো নিরাপদ স্থান, যাহা পরবর্তীকালে নোঙ্গর করিবার জন্য আগত জাহাজ পূর্বে নোঙ্গরকৃত জাহাজকে প্রদান করিতে বাধ্য। যাহাতে সকল জরুরি অবস্থায় জাহাজে-জাহাজে কোনো সংঘর্ষ ধাঞ্ছা বা বিরোধ না বাধে, তাহাই ইহার লক্ষ্য।

- safe conduct অভয়পত্র বি. একটি যুধ্যমান সরকারকর্তৃক কিংবা তাহার নৌবাহিনী বা সামরিক বাহিনীর কোনো অধিনায়ককর্তৃক প্রদন্ত একটি লিখিত অনুমতি, যাহার সাহায্যে শক্রপক্ষের একজন প্রজা কোনো বিশেষ উদ্দেশ্যে কোনো বিশেষ স্থানে গমন করিতে পারেন।
- safe custody নিরাপত্তামূলক হেফাজত নারী ও শিন্ত নির্যাতন দমন (বিশেষ বিধান)
 আইনের অধীনে কোনো অপরাধের বিচার-চলাকালে যদি ট্রাইব্যুনাল মনে করেন যে,
 কোনো নারী বা শিশুকে নিরাপত্তামূলক হেফাজতে রাখা প্রয়োজন, তাহা হইলে
 ট্রাইব্যুনাল উক্ত নারী বা শিশুকে কারাগারের বাহিরে এবং সরকার কর্তৃক এতদুদ্দেশা
 নির্ধারিত স্থানে সরকারি কর্তৃপক্ষের হেফাজতে বা ট্রাইব্যুনালের বিবেচনায় যথাযথ
 অন্য কোনো ব্যক্তি বা সংস্থার হেফাজতে রাখিবার নির্দেশ দিতে পারিবেন।
- safe haven নিরাপদ আশ্রয় একটি সার্বভৌম রাষ্ট্রের অভ্যন্তরে জাতিসংঘ (কিংবা অন্য কোনো আন্তর্জাতিক সংগঠন) কর্তৃক আশ্রয় হিসাবে চিহ্নিত এলাকা, যেখানে কোনো নিগৃহীত নৃজাতিক সংখ্যালঘু গোষ্ঠী আশ্রয় গ্রহণ করিতে পারে। ওই এলাকায় অবস্থানকালে সংখ্যালঘু গোষ্ঠীটিকে এলাকা-স্থাপনকারী সংস্থা সামরিক সুরক্ষা প্রদান করে।
- safe loading place মালবোঝাইয়ের নিরাপদ স্থান যে-স্থানে যুক্তিসংগত পূর্বসতর্কতামূলক ব্যবস্থাগ্রহণের দ্বারা একটি জাহাজকে মাল বোঝাই করিবার জন্য নিরাপদ করা যাইতে পারে।
- safety at work কর্মস্থলে নিরাপত্তা প্রত্যেক নিরোগকর্তার কর্মস্থলে তাঁহার কর্মচারীদের স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণের প্রতি যুক্তিসংগতভাবে যতুশীল হওয়ার আইনসম্মত একটি কর্তব্য রহিয়াছে। নিয়োগকর্তার অবহেলা কিংবা নিরাপত্তাঘটিত নিয়মাবলি পালনে ব্যর্থতার দক্ষন কোনো কর্মচারী আহত হইলে, নিয়োগকর্তার বিরুদ্ধে ক্ষতিপূরণের জন্য আদালতে মামলা করা যাইতে পারে। নিজেদের স্বাস্থ্য ও নিরাপত্তার প্রতি যুক্তিসংগতভাবে যতুবান হওয়ার কর্মচারীদেরও কর্তব্য রহিয়াছে।
- safety committee নিরাপত্তা কমিটি ইংল্যান্ডে ১৯৭৪ সালের কর্মস্থলে স্বাস্থ্য ও নিরাপত্তা আইন-অনুযায়ী গঠিত একটি কমিটি। কর্মচারীদের নিরাপত্তা প্রতিনিধিদের অন্ততপক্ষে দুইজন লিখিত অনুরোধ পেশ করিবার তিন মাসের মধ্যে নিয়োগকর্তাকে অবশ্যই একটি নিরাপত্তা কমিটি গঠন করিতে হইবে।

sail vb. যাত্রারম্ভ করা ক্রি. যাত্রার উদ্দেশ্যে কোনো জাহাজের আগাইয়া যাওয়া।
ইয়র দারা সমুদ্রযাত্রা বা জলযাত্রা আরম্ভ করা বুঝায়। কোনো জাহাজ যাত্রারম্ভ করিয়াছে বলা যায়, যঝন উহা সম্পূর্ণভাবে নোঙ্গর ভূলিয়া, যাত্রার উদ্দেশ্যে সর্বপ্রস্তৃতি সম্পন্ন করিয়া, বহির্গমন বন্দরে আর কালবিলম্ব না করিয়া সমুদ্র-অভিমূবে জলপথে অগ্রসরমাণ হয়।

sailor's will নাবিকের ইচ্ছাপত্র soldier's will দ্র.।

- sajjadanashin

 না সাজ্জাদানশিন বি. সাজ্জাদার অর্থ নামাজের জন্য ব্যবহৃত, নশিন অর্থ ক্ষমতাসীন। নামাজের সময়ে সাজ্জাদানশিন পদটি অগ্রাধিকার লাভ করে। সাজ্জাদানশিনের পদটি ধর্মীয় এবং ওই পদাধিকারীকে কিছু কিছু ধর্মীয় দায়িত্ব পালন করিতে হয়। সাজ্জাদানশিনের ক্ষেত্রে কোনো মহিলা মুতাওয়াল্লি হইতে পারেন না। ওয়াক্ফনামায় কোনো সুস্পষ্ট নির্দেশ না থাকিলেও সাজ্জাদানশিনের উত্তরাধিকারমূলক প্রশ্নটি প্রথাদ্বারা নিয়ন্ত্রিত হয়। আদালত কোনো সাজ্জাদানশিন নিয়োগ করিলে সেক্ষেত্রে ঐতিহ্যের প্রতি দৃষ্টি রাখেন এবং সম্ভব হইলে প্রতিষ্ঠাতার কোনো বংশধরকে নিয়োগ করিবেন। খানকাহ্ এমন একটি প্রতিষ্ঠান যাহা ধর্মীয় উপদেশাবলি প্রদানের জন্য নির্মিত। সাজ্জাদানশিন সেখানকার ধর্মীয় মতবাদ এবং জীবনযাপন-প্রণালি-সম্পর্কিত বিষয়ের শিক্ষাদাতা, প্রতিষ্ঠানটির পরিচালক, উহার দানশীলতা-সংক্রান্ত বিষয়ের প্রশাসক এবং একজন মুতাওয়াল্লির অপেক্ষা খানকাহ্র অতিরিক্ত আয়য়য়হণের ব্যাপারে ভাঁহার অধিকার ব্যাপক।
- S.A. Khatian এস. এ. খতিয়ান সরকার কর্তৃক জমিদারি অধিগ্রহণ করিবার পর প্রত্তুত খতিয়ান। সিলেট ও পটুয়াখালি জেলা ও অন্য কতিপয় এলাকা ভিন্ন বেশির ভাগ ক্ষেত্রে সি. এস. অথবা আর. এস. খতিয়ান সংশোধন করিয়া বিনা জরিপে প্রস্তুত খতিয়ান।
- salami n. সালামি বি. সাধারণত, কোনো উপরওয়ালাকে প্রদন্ত উপহার। কোনো সম্পত্তি নিজ বা পত্তন নেওয়ার জন্য খাজনা ছাড়া অতিরিক্ত যে-অর্থ নজরানা দেওয়া হয়।
- salary n. বেতন বি. বিশেষত পেশাদারি বা আধা-পেশাদারি সেবার জন্য সাধারণত বার্ষিক বা মাসিক ভিত্তিতে অথবা নিয়মিত সময় অন্তর-অন্তর পরিশোধিত একটি খীকৃত পারিতোষিক। আয়কর আইনের ২(৫৮) ধারা-অনুসারে নিম্নলিখিত বিষয়গুলি বেতনের অন্তর্ভুক্ত: (ক) বেতন অথবা মজুরি; (খ) বার্ষিক সালিয়ানা; আনুতোষিক; (গ) অবসরবৃত্তি; (ঘ) ফি, কমিশন, ভাতা; (ঙ) বেতনপূরক; (চ) মাহিনার পরিবর্তে মুনাফা বা বেতনাতিরিক্ত মুনাফা; এবং (ছ) অগ্রিম বেতন। বেতনের কোন কোন অংশ ক্রোক করা যাইবে না বা বেতন কী পদ্ধতিতে ক্রোক করা যাইবে, তাহা দেওয়ানি কার্যবিধির ৬০ ধারায় বলা হইয়াছে।

- sale n. বিক্রয় বি. সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৪ ধারা-অনুসারে, বিক্রয় ইইল মালিকানা-হস্তান্তর, যাহা পরিশোধিত মূল্যে অথবা পরিশোধ করিতে প্রতিজ্ঞাবদ্ধ বা আংশিক পরিশোধিত মূল্যে অথবা পরিশোধ করিতে প্রতিজ্ঞাবদ্ধ বা আংশিক পরিশোধিত বা আংশিক পরিশোধে প্রতিজ্ঞাবদ্ধ মূল্যের বিনিময়ে করা হয় । ১৯৩০ সালের পণ্য বিক্রয় আইনের ৪(৩) ধারা-অনুসারে, য়ে-চুক্তির অধীন পণ্যয়ত্ব বিক্রেতার নিকট হস্তান্তরিত হয়, সেই চুক্তিকে বিক্রয় বলা হয়; কিছু যে-ক্ষেত্রে পণ্যয়ত্বর হস্তান্তর ভবিষ্যতে কোনো এক সময়ে হইবে, এইরূপ বুঝায়, অথবা তাহা পরবর্তীকালে কতকগুলি শর্তপুরণসাপেক্ষে হয়, সেক্ষেত্রে অনুরূপ চুক্তিকে বিক্রয়ের সম্মতি বলে। একশত টাকা বা তদুর্ধ্ব মূল্যের দৃশ্যমান স্থাবর সম্পত্তির অথবা যে-কোনো মূল্যের অ-দৃশ্যমান বস্তু বা বিষয় কিংবা উত্তরাধিকারের অধিকার কেবল রেজিন্ত্রিকৃত দলিলদারা বিক্রয়মূলে হস্তান্তর করা যায়। বিক্রয়ের তিনটি উপাদান থাকে: (ক) স্বতু-হস্তান্তর, (খ) দখলপ্রদান, এবং (গ) মূল্যপরিশোধ।
- sale and agreement to sale বিক্রয় ও বিক্রয়-চুক্তি এমন একটি চুক্তি যাহাতে বিক্রেজা কোনো মূল্যের বিনিময়ে ক্রেতার নিকট তাঁহার পণ্যস্বত্ব হস্তান্তর করেন বা করিতে সম্বত হন। বিক্রয়-চুক্তি স্বত্বাধিকারী পদ্ধ এবং অপর কোনো পক্ষের মধ্যে হইতে পারে এবং শর্ডহীন বা শর্তযুক্ত হইতে পারে। যে-চুক্তির অধীন বিক্রেতার নিকট হইতে ক্রেতার নিকট পণ্যস্বত্ব হস্তান্তরিত হয়, সেই চুক্তিকে বিক্রয়-চুক্তি বলা হয়; কিছু যে-ক্ষেত্রে পণ্যস্বত্বের হস্তান্তর ভবিষ্যতে কোনো এক সময়ে হইবে এইরপ বুঝায়, অথবা তাহা পরবর্তীকালে কতকগুলি শর্তপ্রবাসাপেক্ষ হয়, সেইক্ষেক্রে অনুরূপ চুক্তিকে বিক্রয়ের সম্মতি বলে। বিক্রয়ের সম্বতিতে তখন বিক্রয় সম্পূর্ণ হয় যথন নির্ধারিত সয়য় অতিবাহিত হইয়া য়য় অথবা যে-শর্তাবলিসাপেক্ষে পণ্যস্বত্ব হস্তান্তরিত হইবে, সেই শর্তাবলি পুরণ করা হয়।
- sale and exchange বিক্রম ও বিনিময় স্থাবর সম্পত্তি সম্বন্ধে ইহার নিহিতার্থ এই যে, বিক্রয়লব্ধ অর্থ একই প্রকৃতির অন্য একটি সম্পত্তিতে ন্যস্ত করিতে হইবে এবং একইপ্রকার ব্যবহারার্থে বন্দোবস্ত দিতে হইবে।
- sale and mortgage বিক্রয় ও বন্ধক প্রাতিভাব্য হিসাবে একটি বিক্রয়পত্র সম্পাদিত
 ইইলে, উহা সাধারণত নিছক বন্ধক বলিয়া গণ্য হয়। তাই যে-সকল ক্ষেত্রে দখলের
 কোনো পরিবর্তন ঘটে নাই, কিংবা বিক্রয়ের সহিত চুক্তিরহিতের সাধনপত্র থাকে,
 কিংবা বিক্রয়পত্রে বিমোচন বা পুনঃহস্তান্তরের বিধি থাকে, সেইসকল ক্ষেত্রে লেনদেনটি
 সাধারণত একটি বন্ধক বলিয়া পরিগণিত হয়। bill of sale ও security দ্র.।
- sale by description বিবরণ নির্ভর বিক্রয় পণ্য বিক্রয়ের যে-চুক্তিতে চুক্তির বিষয়বস্তুর পরিচয়সূচক শব্দাবলি থাকে। যেমন, ১০০০ টন বালাম চাল। চুক্তি করিবার সময়ে চুক্তির বিষয়বস্তু ভৌতভাবে যাচাই করা হইলেও, যেমন একটি বিশেষ মোটরগাড়ি, চুক্তিতে বিবরণ বা শনাক্তকরণ-সূচক শব্দাবলি থাকিতে পারে।

সরবরাহকৃত পণ্য অবশ্যই চুক্তিতে প্রদণ্ড উহার বিবরণের অনুরূপ হইতে ইইবে, অন্যথায় বিক্রেতা চুক্তির একটি নিহিত শর্তভঙ্গের জন্য দায়ী হইবেন এবং সে-ক্ষেত্রে ক্রেতা পণ্যগুলি নাকচ করিতে পারেন। ১৯৩০ সালের পণ্য-বিক্রয়় আইনের ১৫ ধারা-অনুসারে যে-ক্ষেত্রে বর্ণনার মাধ্যমে বিক্রয়ার্থ কোনো চুক্তি সম্পাদিত হয়, সেক্ষেত্রে উক্ত পণ্য যে সেই বর্ণনা-অনুযায়ী হইবে, তাহা একটি অপ্রকাশ্য শর্ত; এবং যদি কোনো নমুনা ও বর্ণনার মাধ্যমে বিক্রয় সম্পাদিত হয়, তাহা হইলেও অধিকাংশ পণ্য উহার নমুনা-অনুযায়ী হইলে যথেষ্ট বিবেচিত হইবে না, তাহা সেই বর্ণনা-অনুযায়ী হইতে হইবে।

sale by sample নমুনানির্ভর বিক্রয় ক্রেতাকে যে-বৃহৎ পরিমাণ পণ্য সরবরাহ করা হইবে, উহা বিক্রেতা কর্তৃক উপস্থাপিত একটি নমুনার অনুরূপ ইইবে, এই প্রতিশ্রুতির ভিত্তিতে সম্পাদিত বিক্রয়-চুক্তি। বৃহৎ পরিমাণ পণ্য নমুনার অনুরূপ না হইবে, বিক্রেতা চুক্তির একটি নিহিত শর্তভঙ্গের জন্য দায়ী হইবেন এবং সেই ক্ষেত্রে ক্রেতা পণ্যগুলি নাকচ করিতে পারেন। ১৯৩০ সালের পণ্য-বিক্রয় আইনের ১৭ ধারা-অনুসারে, নমুনার মাধ্যমে বিক্রয়ার্থ চুক্তি হইতেছে এমন একটি চুক্তি, যাহাতে তৎসম্পর্কে ব্যক্ত বা নিহিত শর্ত থাকে। নমুনার মাধ্যমে বিক্রয়ার্থ চুক্তির ক্ষেত্রে নিম্নের প্রত্যেকটি অপ্রকাশ্য শর্ত থাকে। কমুনার মাধ্যমে বিক্রয়ার্থ চুক্তির ক্ষেত্রে নিমের প্রত্যেকটি অপ্রকাশ্য শর্ত থাকে: (ক) পণ্য যে-গুণবিশিষ্ট উহার স্কৃপ সেই গুণবিশিষ্ট হইবে; (খ) ক্রেতা নমুনার সহিত পণ্যের স্কৃপ তুলনা করিবার যুক্তিসংগত সুযোগ লাভ করিবেন; (গ) পণ্য অবিক্রয়যোগ্য পণ্যে পরিণত হয়়, এমন দোষমুক্ত হইতে হইবে, যাহা নমুনার যুক্তিসংগত পরীক্ষায় প্রতীয়মান নহে।

sale certificate বয়নামা, বিক্রয়পত্র বি. দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ৯৪
নিয়ম-অনুসারে, কোনো স্থাবর সম্পত্তির নিলাম-বিক্রয় চূড়ান্তরূপে নিম্পন্ন ইইয়া
থাকিলে আদালত ক্রেতাকে একটি বয়নামা দিবেন এবং উহাতে সম্পত্তির বিবরণ এবং
ক্রেতার নাম উল্লিখিত থাকিবে। যে-তারিখে বিক্রয় চূড়ান্তরূপে সম্পন্ন ইইয়াছে,
বয়নামায় সেই তারিখ দেওয়া হইবে। কোনো বিক্রয় চূড়ান্ত ইইলে আদালতকে
অবশাই বয়নামা দিতে ইইবে।

sale deed বিক্রয়-দলিল, বয়নামা বি. নিলাম-খরিদ্দারকে দেওয়া সম্পত্তি নিলামে কিনিবার দলিল।

sale of goods পণ্য-বিক্রয় যে-চুক্তির দারা একজন বিক্রেতা অর্থ-মূল্যের বিনিময়ে একজন ক্রেতার নিকট পণ্যের মানিকানা হস্তান্তর করেন কিংবা হস্তান্তর করিতে সম্মত হন। পণ্যের মানিকানা ভবিষ্যতে কোনো সময়ে হস্তান্তরযোগ্য হইলে, চুক্তিটি বিক্রয়ের সমঝোতা (agreement to sale) নামে অভিহিত হয়। ১৯৩০ সালের পণ্য বিক্রয় আইনের ৪ ধারা-অনুসারে, (১) পণ্য-বিক্রয় চুক্তি এমন একটি চুক্তি যাহাতে বিক্রেতা কোনো মূল্যের বিনিময়ে ক্রেতার নিকট তাঁহার পণ্যস্বত্ব হস্তান্তর করেন বা

sale on trial ৯৫২

করিতে সম্মত হন। বিক্রয়-চুক্তি সেখানে স্বত্বাধিকারী পক্ষ এবং অপর পক্ষের মধ্যে হইতে পারে। (২) বিক্রয়-চুক্তি শর্তহীন বা শর্তবৃক্ত হইতে পারে। (৩) যে-যুক্তির অধীন পণ্যস্বত্ব বিক্রেতার নিকট হস্তাত্তরিত হয়, সেই চুক্তিকে বিক্রয়-চুক্তি বলা হয়; কিন্তু যে-ক্ষেত্রে পণ্যস্বত্বের হস্তান্তর ভবিষ্যতে কোনো এক সময়ে হইবে এইরূপ বৃঝায় অথবা তাহা পরবর্তীকালে কতকগুলি শর্তপূরণসাপেক্ষ হয়, সেইক্ষেত্রে অনুরূপ চুক্তিকে বিক্রয়ের সম্মতি বলে। (৪) বিক্রয়ের সম্মতিতে তখন বিক্রয় সম্পূর্ণ হয় যখন নির্ধারিত ক্ষময় অতিবাহিত হইয়া য়য় অথবা যে-শর্তাবলিসাপেক্ষে পণ্যস্বত্ব হস্তান্তরিত হইবে সেই শর্তাবলি পরণ করা হয়।

sale on trial পরীক্ষাসাপেক বিক্রয় প্রয়োজনীয় শর্ত পূরণসাপেকে ক্রয় করিবার অধিকার। দখল হস্তান্তরিত হইলেও পূর্বনির্ধারিত শর্তাবিল সম্পূর্ণ পূরণ না হওয়া পর্যন্ত ক্রেতা স্বত্ব লাভ করেন না। ইহাকে বিক্রয় না বিলয়া ক্রয় করিবার সুবিধাসহ জিমা বা গচ্ছিত রাখা বলাই ঠিক। শর্তপূরণসাপেকে বা অনুমোদনসাপেকে বিক্রয়ের ক্লেক্রে নির্দিষ্ট সময় অতিবাহিত হইলেও শর্ত সম্পূর্ণ পূরণ বা অনুমোদন লাভ না করা হইলে বিক্রয় হয় না। অপরদিকে 'বিক্রয় বা ফেরতে'র ক্লেক্রে নির্দিষ্ট সময় অতিবাহিত হইলে পণ্য ফেরত না দিলে উহার বিক্রয় নিরজ্বশ হয় এবং য়ুক্তিসংগত সময় অতিবাহিত হইবার পরে উহার মালিকানা হস্তান্তরিত বলিয়া গণ্য হয়।

sale on approval অনুমোদনসাপেক্ষে বিক্রয় sale or return দ্র. ৷

sale or return বিক্রয় কিংবা প্রভ্যর্পণ কোনো ব্যক্তির নিকট এমন শর্তে পণ্য হস্তান্তরকরণ, যাহাতে তিনি উহা ক্রয় করিবার বা না করিবার সিদ্ধান্ত গ্রহণের পূর্বে কিছু সময়ে নিজের নিকট রাখিতে পারেন। অন্যপ্রকার সমঝোতা না হইলে, ওই ব্যক্তি যদি পণাগুলি অনুমোদন করেন, কিংবা লেনদেন-গ্রহণসূচক অন্য কোনো কার্য সম্পন্ন করেন, তাহা হইলে তিনি পণাগুলির মালিক হইবেন। পণাগুলি ফেরত দেওয়ার নির্ধারিত সময়ের পরে কিংবা, কোনো সময় নির্ধারিত না হইয়া থাকিলে, একটি যুক্তিসংগত সময়ের পরে সেগুলি নিজের কাছে রাখিয়া দিলেও তিনি মালিক হইবেন।

salus populi suprema lex জনকল্যাণই সর্বোচ্চ আইন জনসাধারণের কল্যাণসাধনই সর্বোচ্চ আইন। দণ্ডবিধির ৮১ ধারা-অনুসারে, ক্ষতিসাধন করিতে পারে, এইরূপ সম্ভাবনা রহিয়াছে জানিয়া তাহা রোধের জন্য কোনো কিছু করা অপরাধ নহে, যদি উহা কোনো ক্ষতিসাধনের অভিপ্রায় ব্যতিরেকে এবং মনুষ্য বা সম্পত্তির প্রতি অন্য কোনো ক্ষতি নিবারণ এড়াইবার উদ্দেশ্যে করা হইয়া থাকে। যেমন, কোনো বাড়িতে আগুন লাগিলে ওই আগুন চারিদিকে ছড়াইয়া পড়িয়া যাহাতে অন্যদের ক্ষতি করিতে না পারে তজ্জন্য উক্ত বাড়ি ভাঙ্গিয়া ফেলা কোনো অপরাধ নহে। কারণ জনসাধারণের কল্যাণের জন্য তাহা করা হইয়াছে।

- salvage n. উদ্ধারকার্য বি., উদ্ধারকার্যের পারিভোষিক যে-ব্যক্তি সামুদ্রিক এলাকা হইতে সম্পত্তি উদ্ধার করেন কিংবা উদ্ধার করিতে সাহায্য করেন, তৎকর্তৃক প্রদন্ত সেবা। উদ্ধারকার্য একটি সুস্পষ্ট চুক্তির বিষয়ীভূত হইতে পারে। চুক্তির অবর্তমানে, উদ্ধারকর্তা যদি প্রমাণ করিতে পারেন যে, সম্পত্তিটি প্রকৃতপক্ষে বিপন্ন হইয়াছিল এবং তিনি কিছুটা দক্ষতার সঙ্গে এবং নিছক স্বেচ্ছাপ্রবৃত্ত হইয়া কার্য করিয়াছেন, তাহা হইলে আইনত তিনি একটি পুরস্কারলাভের (যাহা salvage বা উদ্ধারকার্যের পারিতোষিক নামে পরিচিত) অধিকারী। পুরস্কারের পরিমাণ আদালতকর্তৃক নির্ণেয় এবং উদ্ধারকৃত সম্পত্তি হইতে পরিশোধ্য। পুরস্কার প্রদানের সময়ে জীবনরক্ষার জন্য কোনো পুরস্কার দাবি করা যায় না, যেহেতু ইহার সহিত এমন-কোনো সম্পত্তি-উদ্ধার সম্পৃত্ত নয়, যাহা হইতে অর্থপ্রদানের জন্য আদেশ দেওয়া যাইতে পারে। এই বিধিগুলি বিমান সম্বন্ধেও সমভাবে প্রযোজ্য।
- salvage of trust property ন্যাস সম্পত্তির উদ্ধারকার্য যে-ক্ষমতাবলে ইংল্যান্ডে ১৯২৬ সালের পূর্বে আদালত ন্যাস সম্পত্তির সংরক্ষার (বা উদ্ধারকার্যের) জন্য ন্যাসসৃষ্টির দলিলের দ্বারা অনুজ্ঞাত না হইলেও অর্থপ্রদানের অনুমতি দিতে পারিতেন। ১৯২৫ সালে সংবিধিদ্বারা আদালতকে আরো ব্যাপক ক্ষমতা প্রদান করা হইয়াছে, যে-ক্ষমতাবলে আদালত যে-কোনো প্রয়োজনপোযোগী লেনদেনের অনুমতি দিতে পারেন।
- salvor n. উদ্ধারকারী বি. যে-ব্যক্তি বিপদগ্রস্ত জাহাজের সহিত তাঁহার কোনো
 নির্দিষ্ট সম্পর্ক না থাকা সত্ত্বেও স্বেচ্ছাপ্রণোদিত ঝুঁকি গ্রহণকারী হিসাবে উক্ত
 সংকটাপনু জাহাজকে রক্ষা করিবার জন্য তাঁহার কর্তব্যসংক্রান্ত কোনো চুক্তিপত্র
 ছাড়াই প্রয়োজনীয় উদ্ধারকার্য পরিচালনা করেন। পূর্ব হইতেই বিদ্যমান কোনো চুক্তি,
 বাধ্যবাধকতা বা সম্পর্ক না থাকা সত্ত্বেও সমুদ্রে আসনু মহা-বিপদ-কবলিত হইয়া বা
 ঝঞ্চায় পতিত হইয়া সমুদ্র-উপকৃলে, নদীতে বা ব্রুদে ধ্বংসপ্রাপ্ত বা ধ্বংসের সমুখীন
 কোনো জাহাজ বা উহাতে অবস্থিত সম্পত্তি অনুরূপ বিপদ হইতে রক্ষা বা উদ্ধার
 করিবার জন্য যে-ব্যক্তি নিজেকে নিয়োজিত করেন।
- sanction n. ১. শাস্তি বি. কোনো অপরাধের জন্য শান্তি। ২. বলবৎকরণ বি. আন্তর্জাতিক আইন মান্য করিতে বাধ্য করা কিংবা কোনো আন্তর্জাতিক আইনভঙ্গের জন্য শান্তিপ্রদানের উদ্দেশ্যে গৃহীত একটি ব্যবস্থা। ৩. মনজুরি বি. কোনো কাজের সরকারি অনুমোদন।
- sanctuary n. ১. আশ্রয়স্থল, অভয়াশ্রম বি. একটি নিরাপদ স্থান, যেখানে আইনের প্রক্রিয়া কার্যকর হয় না। ২. গর্ভগৃহ বি. একটি উপসানালয়ের পবিত্র এলাকা, বিশেষত গির্জার যে-অংশে প্রধান বেদি অবস্থিত।
- sanity n. প্রকৃতিস্থতা বি. presumption of sanity দ্র.।

sans recours %68

sans recours শরণাপন্ন না হইয়া একটি শর্ত, যাহা একটি বিনিময়পত্রের রচনাকারী বা পৃষ্ঠাঙ্কনকারী ধারকের নিকট তাঁহার দায়িতা প্রত্যাখ্যান করিবার জন্য তাঁহার স্বাক্ষরের সহিত যোগ করিতে পারেন। বিনিময়পত্রটি প্রত্যাখ্যাত হইলে, ধারক এইরূপ শর্তদাতা রচনাকারী বা পৃষ্ঠাঙ্কনকারীর শরণাপন্ন হইতে পারেন না।

sapinda adj. সপিও বিণ. সাধারণভাবে বলিতে গেলে, পিওদানের অধিকারীই সপিও। হিন্দু আইনে 'সপিও' শব্দের অর্থ একই জনগণ বা একই পিতৃসমূত। স^{পিও} দুইটি ভিন্ন অর্থে ব্যবহৃত হয়: (১) একই ব্যক্তির আত্মীয়সমূত; এবং (২) একই পৈতৃক আত্মীয়সম্ভূত। যে-ব্যক্তি তিনপুরুষ উপরের এবং তিনপুরুষ নিচের তাঁহাকে সপিও বলা হয়। তিনটি উপায়ে সপিও সম্পর্কের উদ্ভব ঘটিয়া থাকে। যেমন, (১) পিওদানের মাধ্যমে, (২) পিও গ্রহণ করিবার মাধ্যমে, এবং (৩) সাধারণ পূর্বপুরুষকে পিওদানের মাধ্যমে। হিন্দু আইনে 'পিও' বলিতে একজনের নিকট হইতে আরেকজনের আহুতি পাওয়া বা দেওয়া বুঝায়। *দায়ভাগ ও মিতাক্ষরা* বিধানমতে সপিও বিভিন্ন অর্থে ব্যবহৃত হইয়া থাকে। *দায়ভাগ*-বিধানে মৃতের সম্পত্তিতে উত্তরাধিকারলাভ মৃতব্যক্তির পিগুদানে যুগপৎভাবে অংশগ্রহণকারীদের উপর নির্ভর করে। *দায়ভাগ-*মতে, সপিণ্ড সবার অগ্রে উত্তরাধিকারিত্ব লাভ করেন। মোট ২১ জন সপিও শ্রেণীভুক্ত। একজন হিন্দু, *দায়ভাগ বা মিতাক্ষরা* যে-মতানুসারী হউন না কেন, নিজস্ব সপিওভুক্ত কোনো কন্যা বা নারীকে বিবাহ করিতে পারেন না। *মিতাক্ষরা*-বিধানমতে মৃত ব্যতিরেকে তদীয় সরাসরি ষষ্ঠ পুরুষগ্রেবতী ও মৃত ব্যতিরেকে তদীয় সরাসরি ষষ্ঠ পুরুষানুবর্তী বংশধরগণ এবং সগোত্র প্রত্যেকের নিজ নিজ ষষ্ঠ পুরুষানুবর্তী বংশধরগণ মৃতের সপিও বলিয়া বিবেচিত হইবেন।

sarai n. সরাই বি. ১৮৬৭ সালের সরাই আইনের ২ ধারা-অনুসারে, কোনো বাড়িঘর কিংবা দালান কিংবা উহার অংশবিশেষ, যাহা পথিক বা যাত্রীসাধারণের আশ্রয়ের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। এই একই অর্থে 'পুরাও'ও বুঝায়। সরাইখানার মালিক বা তত্ত্বাবধায়ককে সরাইরক্ষক বলা হয়। যে-জেলায় সরাই অবস্থিত, উক্ত জেলার জেলা ম্যাজিস্ট্রেট নিজে বা সংশ্লিষ্ট কোনো কর্মচারীদ্বারা সরাইয়ের সকল কর্মচারীর নাম ও ঠিকানা রেজিস্ট্রিভুক্ত করিবেন। নাম রেজিস্ট্রি করিতে কোনো খরচ লাগে না। সরাইখানা রেজিস্ট্রিভুক্ত না হওয়া পর্যন্ত কোনো ব্যক্তি সরাইয়ে আশ্রয় গ্রহণ করিতে পারিবেন না বা কোনো সরাইওয়ালা কাহাকেও আশ্রয় দিতে কিংবা গরু, ভেড়া, হাতি, উট প্রভৃতি পশু রাখিতে পারিবেন না। সন্ধরিত্রতার প্রভায়নপত্র দাখিল না করিলে ম্যাজিস্ট্রেট কোনো ব্যক্তিকে সরাইওয়ালা হিসাবে রেজিস্ট্রি করিতে অস্বীকার করিতে পারেন। কেহ এই আইনলন্ডানিত অপরাধে তিনবার দণ্ডিত হইলে ম্যাজিস্ট্রেট কর্ত্বক প্রদন্ত লাইসেস ব্যতীত তিনি সরাই-রক্ষক থাকিতে পারিবেন না। ম্যাজিস্ট্রেট ইচ্ছা করিলে লাইসেস নাও দিতে পারেন, অথবা তাঁহার মতে উপযুক্ত শর্ভ আরোপ

করিয়া লাইসেঙ্গ দিতে পারেন। যে-সকল সরাই সরকারের বা অন্য পৌরসভার ব্যবস্থাধীন সেগুলির ক্ষেত্রে এই আইনের ৮ ধারা ব্যতীত অন্যান্য বিধান প্রযোজ্য ইইবে না। এই আইন কোনো মেট্রোপলিটান এলাকায় প্রযোজ্য হইবে না।

- satisfaction সন্তোষণ ১. দাবিপূরণ। এতৎসহ accord and satisfaction দ্র.।
 ২. ন্যায়পরতার যে-নীতি অনুযায়ী অর্থপ্রদান, কার্যানুষ্ঠান বা অনুরূপ কোনো কার্যের দারা কোনো দায়দায়িত্ব পালন করা হয়। একজন বন্দোবস্তদাতার কার্যকলাপ অস্পষ্ট হইলে এই নীতিটি প্রযোজ্য হয়। যদি বন্দোবস্তদাতা আবশ্যিক কার্য ভিনু অন্য কোনো কার্যের দারা তাঁহার দায়দায়িত্ব পালন করেন, তাহা হইলে তাঁহার দায়দায়িত্ব পালিত হইয়াছে বলিয়া গণ্য হয়, এই শর্তে যে, যে-কার্যের দায়িত্ব তাঁহাকে দেওয়া হইয়াছে, তৎকৃত কার্যটি উহার একটি পর্যাপ্ত প্রতিকল্প হয়। যেমন, তাঁহার যদি দেনা থাকে এবং তিনি যদি পাওনাদারের জন্য সমান বা ততোধিক পরিমাণের একটি উত্তরদায় রাখিয়া যান, তাহা হইলে পাওনাদারকে সম্ভষ্ট করা হইবে।
- salisfactory adj. সন্তোষজনক বিণ. যন্ত্রপাতি বিক্রয়ের কোনো চুক্তিপত্রে 'সন্তোষজনকভাবে কর্ম সম্পাদন করিবে' এইরূপ নির্ভরপত্র থাকিবার অর্থ হইল উহা ক্রেডার নিকট সন্তোষজনক হইবে। সন্তোষজনক অর্থাৎ উৎকৃষ্ট মান সম্পর্কে সদ্দেহ দূর করিতে সমর্থ এবং যাহা প্রয়োজন-অনুসারে পর্যাপ্ত হয়। কেবল ধেয়ালখুশিমতো কোনো যন্ত্র সন্তোষজনক নহে বলিয়া মূল্য দাবি করা যায় না; তবে যন্ত্রের মান সম্পর্কে যে-কোনো অকপট আপত্তি মূল্য-আদায়ের মোকদ্দমায় যথেষ্ট আপত্তি হিসাবে গণ্য হয়, যদি সাধারণভাবে দক্ষ ব্যক্তিকর্তৃক পরিচালিত হওয়া সত্ত্বেও যন্ত্রটি মানসম্পন্ন বা সন্তোষজনক সেবা প্রদান করিতে ব্যর্থ হয়। 'সন্তোষজনক' শব্দটি প্রসঙ্গ-অনুযায়ী গ্রহণযোগ্য, বিশ্বাস্বযোগ্য এবং নির্ভর্রযোগ্য অর্থে ব্যবহৃত হইতে পারে।
- satisfactory quality সন্তোষজনক গুণমান বাণিজ্যিক লেনদেনসূত্রে বিক্রীত পণ্য

 এমন মানসমত হইবে, যাহা একজন যুক্তিসম্পন্ন ব্যক্তি সন্তোষজনক বলিয়া বিবেচনা
 করেন, এই নিহিত শর্ত। ইহা নির্ণয় করিবার সময়ে, পণ্যের বিবরণ, মূল্য (প্রাসঙ্গিক
 হইলে), এবং অন্য সকল পরিস্থিতি বিবেচনা করা হয়। এতৎসহ ১৯৩০ সালের পণ্যবিক্রয় আইনের ১৬ ধারা দ্র.।
- satisfied term উত্তীর্ণ মেয়াদ একটি সুনির্দিষ্ট উদ্দেশ্যে জমিতে সৃষ্ট কয়েক বৎসর মেয়াদি স্বার্থের যতখানি উদ্দেশ্য সিদ্ধ হওয়া অবধি উত্তীর্ণ হইয়াছে। দৃষ্টান্তস্বরূপ, যদি শর্তযুক্ত বদ্যোবন্তের অধীন জমি বন্দোবন্তদাতার পরিবারের সদস্যদের জন্য মূলধন সংগ্রহার্থে ন্যাস হিসাবে কয়েক বৎসরের মেয়াদে অছিদের নিকট সমর্পণ করা হয়, তাহা হইলে মূলধন সংগৃহীত হইলেই সেই মেয়াদ উত্তীর্ণ হইবে।
- Saunders v Vautier সভার্স বনাম ভটিয়ার rule in Saunders v. Vautier দ্র. ।

saving n. সংরক্ষণ, ব্যতিক্রম, সঞ্চয়, উদ্বন্ত বি. যাহা সঞ্চয় করা হয়; খরচা হইতে যাহা তুলিয়া রাখা হয়; ক্ষতি হইতে সংরক্ষণ; ব্যতিক্রম; সংরক্ষণ (যেমন কোনো সংবিধিবদ্ধ আইনের কোনো ধারায় কোনো কিছু সংরক্ষণপূর্বক কোনো দফা যুক্ত করা হয়)। সঞ্চয়দারা কোনো ব্যক্তি কিছু অর্থ রক্ষা করেন, যাহা এইরূপ রক্ষা করা না হইলে অন্যভাবে খরচ হইয়া যাইত।

- saving clause ব্যতিক্রমান্ত্রক অনুচ্ছেদ অন্যথায় অন্তর্ভুক্ত হইত, এমন কোনো বিষয়কে বর্জনপূর্বক সন্নিবিষ্ট একটি সংবিধিবদ্ধ বিধান। যে-সকল অধিকার ও বিশেষাধিকার অন্যথায় বিলুপ্ত হইত, সেইগুলি সংরক্ষণ করিবার জন্য সাধারণত বাতিলকারক আইনে এইরূপ অনুচ্ছেদ ব্যবহার করা হয়।
- saving for existing laws প্রচলিত আইনের হেফাজত সংবিধানের ১৪৯
 অনুচ্ছেদ-অনুসারে, সংবিধানের বিধানাবলি-সাপেক্ষে সকল প্রচলিত আইনের
 কার্যকরতা অব্যাহত থাকিবে, তবে অনুরূপ আইন সংবিধানের অধীন প্রণীত আইনের
 দারা সংশোধিত বা রহিত হইতে পারিবে।
- scandalous adj. কুৎসাজনক বিণ. যে-বক্তব্য অপ্রাসঙ্গিক ও নিন্দামূলক।
 দেওয়ানি কার্যবিধির ৬ আদেশের ১৬ নিয়ম-অনুসারে মামলার যে-কোনো পর্যায়ে
 কোনো আরজি-জবাবে উল্লিখিত কোনো বিষয়় অপ্রয়োজনীয় বা কুৎসাজনক হইলে
 অথবা তদ্দারা মামলার সুষ্ঠু বিচার ক্ষতিগ্রন্ত, বিভ্রান্ত বা বিলম্বিত হইবার সম্ভাবনা
 থাকিলে আদালত তাহা কর্তন বা সংশোধন করিবার আদেশ দিতে পারেন।
- scandalous statement কুৎসাপূর্ণ বিবৃতি একটি অপ্রাসন্ধিক ও কটুজিপূর্ণ বিবৃতি। এইরূপ বিবৃতি মামলার বিবরণে কিংবা কোনো হলফনামার পরিলক্ষিত হইলে, আদালত বা বিচারক উহা কাটিয়া দেওয়ার আদেশ প্রদান করিতে পারেন। দেওয়ানি কার্যবিধির ৬ আদেশের ১৭ নিয়ম-অনুসারে আদালত কুৎসাপূর্ণ বিবৃতি কাটিয়া দেওয়া বা সংশোধন করিবার আদেশ দিতে পারেন। ৪৩ ধারায় পুনর্বিন্যাস পরিকল্পনার বিধান করা হইয়াছে। আদালত অবমাননার আইনের ৪ ধারা-অনুসারে আদালত সম্পর্কে কুৎসারটনা আদালত অবমাননার শামিল।
- schedule n. তফসিল বি. সংসদের কোনো আইন বা অন্য কোনো আইনের পরিশিষ্ট, যাহা মুখ্য অংশের সম্পূরক আনুপুঙ্খিক বিষয়াদির সহিত সম্পর্কিত।
- schedule-1 তফসিল-১ সরকারি পাওনা আদায় আইনের তফসিল-১এ সরকারি পাওনা কী তাহা ১ হইতে ১৫ ভুক্তিতে বর্ণিত হইয়াছে। ওইগুলির মধ্যে ১ ও ২ ভুক্তি বাদ দেওয়া হইয়াছে এবং অন্য কয়েকটি সংশোধিত হইয়াছে। গুধু কালেক্টরের প্রাপ্যই সরকারি দাবি আদায় আইনের আওতাভুক্ত নহে। ইহা ব্যতীত আরো অনেক সরকারি এবং আধা-সরকারি সংস্থা, যথা, গৃহঝণ সংস্থা, কৃষি-উনুয়ন ব্যাংক ইত্যাদি

scrip

সংস্থার নানাজাতীয় পাওনা সরকারি দাবি আদায় আইনের আওতাভুক্ত। সরকারকে তাহার পাওনা আদায়ের জন্য সাধারণ নাগরিকের ন্যায় আদালতে যাইয়া মামলা দায়ের করিয়া উভয় পক্ষের শুনানির পর ডিক্রি নিতে হয় না। এই আইনে সার্টিফিকেট জারি করিয়া সরকারি পাওনা আদায়ের বিধান রহিয়াছে।

- scheduled bank তফসিলি ব্যাংক ১৯৭২ সালের বাংলাদেশ ব্যাংক আদেশের তফসিলে উল্লিখিত ব্যাংকসমূহ।
- scheme n. প্রকল্প বি. কোনো পরিকল্পনা: কোনো উদ্দেশ্য: কোনো লক্ষ্য অর্জনের জন্য কোনো সুনির্দিষ্ট সংগঠন বা ব্যবস্থা। বন্তুসমূহের অভিপ্রায়পূর্বক কৃত সমবায়। কোনো প্রকল্প যথাযথভাবে অনুমোদিত হইলে এবং আইনের বিধান-অনুযায়ী প্রকাশিত হইলে উহা বলবংযোগ্য প্রকল্প হয়।
- scheme of arrangement পুনর্বিন্যাস-পরিকল্পনা ১. পাওনাদারদের সন্তোষসাধনার্থে দেনাদারের বিষয়কর্মের ব্যবস্থাপনা করিবার জন্য দেনাদার ও তাঁহার পাওনাদারদের মধ্যে একটি চক্তি। দেনাদার সাধারণত দেউলিয়াত এডাইবার জন্য এইরূপ পরিকল্পনায় সম্মত হন। দেউলিয়াত্মের আদেশ জারি হয় নাই, এমতাবস্থায় পরিকল্পনা মানিয়া লইলে, উহা প্রধানত সাক্ষ্য আইনদারা নিয়ন্ত্রিত হয়। দেউলিয়াত্ত্রের আদেশ জারি হইবার পর কোনো পরিকল্পনা মানিয়া লওয়া হইলে, উহা দেউলিয়াত্-ঘটিত সংবিধিমূলক বিধানাবলির দ্বারা নিয়ন্ত্রিত হয়। ১৯৯৭ সালের দেউলিয়া বিষয়ক আইনের ৪৩ ধারা-অনুসারে আদালত তদ্ধপ পরিকল্পনা মনজুর বা না-মনজুর করিতে পারেন। ২. কোনো কোম্পানি আর্থিক সংকটের মুখামুখি হইলে কিংবা একটি অধিগ্রহণ সম্পন্ন করিতে উদ্যোগী হইলে কোম্পানি ও উহার পাওনাদার বা সদস্যদের মধ্যে একটি চুক্তি। ইহা অবশ্যই পৃথক পৃথক সভায় মূল্যমানের ভিত্তিতে ওইসব পাওনাদার বা সদস্যদের তিন-চতুর্থাংশ সংখ্যাগরিষ্ঠের দারা অনুমোদিত এবং আদালত কর্তৃক মনজুর হইতে হইবে। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২২৮ ধারায় পাওনাদারের সহিত আপস-নিষ্পত্তির বিধান করা হইয়াছে।
- scope of employment নিয়োজন-ব্যাপ্তি নিয়োগকর্তার বিষয়কর্ম নির্বাহসূত্রে একজন কর্মচারী যে-সকল যুক্তিসন্মত ও প্রাগৃদৃষ্টিগ্রাহ্য কর্মকাণ্ডে নিয়োজিত হন, তাহার পরিধি।
- scrip n. পৌর্বিক সনদ (কোম্পানি আইনে) যে-প্রমাণপত্র হস্তগত হইলে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা পুরণ করিবার পর ব্যবসায়-প্রতিষ্ঠানের শেয়ারের মালিকানার আনুষ্ঠানিক সনদ পাওয়া যায়। সনদ বা তফসিল; সাধারণ কোম্পানির শেয়ার-সার্টিফিকেট লাভের অধিকারের প্রমাণপত্র। শেয়ারের প্রকৃত মালিকানা হইতে পার্থক্য করিবার উদ্দেশ্যে কখনো কখনো স্ক্রিপ সার্টিফিকেট বলা হয়। ইহা কোম্পানির

- শেয়ারের প্রকৃত সনদ অর্থেও ব্যবহৃত হয়। কোনো কোনো কোন্সানিতে দ্ধিপ ও শেয়ার একই অর্থে ব্যবহৃত হয়। তথাপি ক্রিপের অধিকারী শেয়ারের মালিক হন না, যে পর্যন্ত না কোম্পানির নিকট বিনিময়ের জন্য ক্রিপ-সার্টিফিকেট হস্তান্তর করা হয় এবং কোম্পানির নিকন্ধন-বহিতে শেয়ার-হোন্ডার হিসাবে ধারকের নাম লিপিবদ্ধ হয়।
- sculpture, architecructural work n. ভাস্কর্য, স্থাপত্যকর্ম বি. ছাঁচেে ঢালা বন্ধ ও মডেল ভাস্কর্যকার্যের অন্তর্ভুক্ত হইবে। স্থাপত্যকর্ম অর্থ শৈল্পিক চরিত্র অথবা ডিজাইনকৃত কোনো দালান বা ইমারত অথবা ওইরূপ দালান বা ইমারতের কোনো মডেল।
- scuttling n. নৌছেদন বি. (বিশেষত একটি প্রতারণামূলক বিমার দাবি উপস্থাপন করিবার উদ্দেশ্যে) জাহাজের খোলে ছিদ্র করিয়া জাহাজ নিমজ্জিতকরণ।
- sea n. ১. সাগর, সমুদ্র বি. লবণাক্ত উর্মিল জলরাশি। ২. সমুদ্রের একটি বৃহৎ
 ভূবেষ্টিত অংশ। যেমন, ভূমধ্যসাগর। ৩. সমুদ্রবিক্ষোভ।
- sea insurance সমুদ্রবিমা বি. সমুদ্রপথে পরিবহণের জন্য যে-কোনো ধরনের পণ্যসামগ্রী, মালপত্র বা সম্পত্তির বিমা।
- sea waybill সমুদ্রযাত্রাপত্র বি. সমুদুপথে পণ্য-পরিবহনের চুক্তি-সংবলিত কিংবা চুক্তির প্রমাণপত্রস্বরূপ একটি রসিদ, যাহাতে মালামালের বিবরণ এবং চুক্তি-অনুযায়ী পরিবহণকারীকে যে-ব্যক্তির নিকট পণ্য বিলি করিতে হইবে, তাঁহার পরিচয়ও লিপিবদ্ধ থাকে। সমুদ্রযাত্রাপত্র বহনপত্র নয়। ইহা সাধারণত ধারণপাত্র বা কন্টেইনার পরিবহণে ব্যবহৃত হয় এবং মাল খালাস করিবার জন্য বহনপত্রের মতো ইহা মালখালাসের বন্দরে পেশ করিতে হয় না।
- seagoing vessel সমুদ্রগামী জাহাজ নকশা, বৃত্তি, উদ্দেশ্য ও সামর্থ্যের বিবেচনায় গভীর সমুদ্রে (অর্থাৎ কোনো দেশের অভ্যন্তরীণ সমুদ্রসীমার বাহিরে) চলাচলের উপযোগী এবং ভাড়ায় যাত্রী পরিবহণ এবং অন্য গুরুত্বপূর্ণ কার্যোপলক্ষে গভীর সমুদ্রে চলাচল করিতে সমর্থ বলিয়া সাধারণভাবে প্রভ্যাশিত কোনো নৌযান।
- seal n. সিলমোহর বি. ছাপ দিয়া মুদ্রিত একটি চিহ্নসহ গালা, যাহা কোনো দলিলের প্রামাণিকতার চিহ্ন হিসাবে সংযোজিত হয়। বিকল্প হিসাবে, একটি আঠাযুক্ত আবরণ কিংবা সিলমোহরের উদ্দেশ্যসিদ্ধির জন্য উদ্দিষ্ট যে-কোনো কিছু ব্যবহার করা যাইতে পারে।
- sealed adj. মুদাঙ্কিত, সিলমোহরাঙ্কিত বিণ. সিলের চিহ্নযুক্ত। মুদাঙ্কনপূর্বক কিংবা যেন মুদাঙ্কন করা ইইয়াছে, এইরূপে দৃঢ়ীকৃত কিংবা দৃঢ়বদ্ধ।

seaman n. নাবিক বি. যে-ব্যক্তি সমুদ্রবন্ধে নৌচালনায় সহায়তা করে, বিশেষত কর্মকর্তা পদমর্যাদার নিম্নবর্তী একজন নাবিক।

seaman's will জাহাজির ইচ্ছাপত্র soldier's will দু. ৷

- search n. তল্লাশি বি. সতর্ক ও অনুপূজ্ঞভাবে কোনো কিছুর সন্ধান। ফৌজদারি কার্যবিধির ৪৭ ধারায়, যাঁহাকে গ্রেফতার করা হইবে তিনি যে-স্থানে প্রবেশ করিয়াছেন, সেই স্থান তল্লাশি, ৫১ ধারায় আটক ব্যক্তির দেহ-তল্লাশি, ৫২ ধারায় মহিলাদের দেহ-তল্লাশি, ১০০ ধারায় আটক ব্যক্তির জন্য তল্লাশি, ১০৩ ধারায় ত্লাশির পদ্ধতি এবং ১০৫ ধারায় ম্যাজিস্ট্রেটের সম্মুখে তল্লাশির নিয়ম বর্ণিত হইয়াছে।
- search and seizure তল্লাশ ও জব্দকরণ কোনো অপরাধের প্রমাণ সন্ধানের উদ্দেশ্যে কোনো ব্যক্তির দেহ, বাড়ি বা বহির্বাটি পরীক্ষা করা হইল তল্লাশ। কোনো সামগ্রী অধিকারভুক্ত করা হইল জব্দকরণ। তল্লাশ ও জব্দকরণের নির্বাহী ক্ষমতা কন্যাণ-রাষ্ট্রের একটি অপরিহার্য অনুষঙ্গী। ইহা জাতির কন্যাণসাধনের অনুকূল।
- search of ship জাহাজ তল্লাশ সর্বজনীন আন্তর্জাতিক আইন-অনুযায়ী, কোনো জাহাজে কোনো নিষিদ্ধ পণ্য বহন করা হইতেছে কিনা, তাহা অনুসন্ধানের জন্য মুক্ত সাগরে কোনো নিরপেক্ষ শক্তির যে-কোনো জাহাজ তল্লাশ করিবার যে-অধিকার যুদ্ধকানে একটি যুধ্যমান শক্তির রহিয়াছে।
- search order তল্লাশি আদেশ দাবিদারের দাবি তণ্ণল করিবার জন্য বিবাদী যে-সকল গুরুত্বপূর্ণ সাক্ষ্যপ্রমাণ অপসারণ বা নষ্ট করিবার প্রয়াস পাইতে পারেন, তাহা পরীক্ষার জন্য বাদী বা তাঁহার প্রতিনিধিকে বিবাদীর গৃহবাটিকাদিতে প্রবেশ করিবার অনুমতি দেওয়ার জন্য নির্দেশদানপূর্বক কিংবা বিবাদীকে জবাব দিতে বাধ্য করিবার জন্য ইংল্যান্ডের হাইকোর্ট কর্তৃক জারিকৃত একটি আদেশ। বাংলাদেশে দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশের ৭ নিয়ম-অনুসারে আদালত অনুরূপ আদেশ দিতে পারেন।
- search warrant তল্লাশি পরওয়ানা তল্লাশি পরওয়ানা কখন দেওয়া ঘাইতে পারে তাহা ফৌজদারি কার্যবিধির ৯৬ ধারায় বলা হইয়াছে। ১০০ ধারায় বেআইনিভাবে আটক ব্যক্তিকে উদ্ধারের জন্য তল্লাশি সম্পর্কে বলা হইয়াছে যে, যখন কোনো মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট, প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মহকুমা ম্যাজিস্ট্রেটের এইরূপ বিশ্বাস করিবার কারণ ঘটে যে, কোনো ব্যক্তিকে এমন পরিস্থিতিতে আটক রাখা হইয়াছে যাহাতে আটক রাখা অপরাধে পরিণত হয়, তখন তিনি তল্লাশি পরওয়ানা প্রদান করিতে পারেন। যাহার প্রতি পরওয়ানা নির্দেশিত ইইবে, তিনি পরওয়ানা-অনুসারে উক্ত আটক ব্যক্তির জন্য তল্লাশি করিতে পারিবেন, এবং উক্ত ব্যক্তিকে যদি পাওয়া যায় তাহা হইলে অবিলম্বে তাঁহাকে কোনো ম্যাজিস্ট্রেটের নিকট হাজির করিতে

হইবে, এবং তিনি ঘটনার পরিস্থিতি-অনুসারে উপযুক্ত আদেশ দিবেন। তল্লাশি পরওয়ানা কীভাবে কার্যকর করিতে হইবে তাহা ফৌজদারি কার্যবিধির ১০১ ধারায় বলা হইয়াছে যে, যেখানে তল্লাশি করা হইবে সেই এলাকায় তল্লাশির সময়ে দুইজন সম্মানিত ব্যক্তিকে উপস্থিত থাকিতে আহ্বান করিতে হইবে এবং তল্লাশির সময়ে আটক বস্তুর তালিকা প্রস্তুত করিয়া সাক্ষীদের স্বাক্ষর লইতে হইবে। যে-স্থানে তল্লাশি করা হয় তথায় তাহার বাসিন্দা উপস্থিত থাকিতে পারেন। power of search দ্র.।

- seat n. ১. আসন বি. কোনো সংগঠনের সদস্যপদ ও বিশেষাধিকারসমূহ, বিশেষত পণ্যাদির বিনিময়-কেন্দ্রের সদস্যপদ। ২. পীঠস্থান, কেন্দ্র বি. কোনো কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু। যেমন, সরকার পরিচালনার কেন্দ্রস্থান।
- seat belt নিরাপন্তা বন্ধনী দুর্ঘটনা ঘটিলে, মোটরযানের চালক বা সামনের আসনের আরোহীর সম্মুখগতি সীমিত রাখিবার জন্য সন্মিবিষ্ট মোটরযান-সংলগ্ন বন্ধনীবিশেষ। পৃথিবীর অধিকাংশ দেশে নিরাপন্তা বন্ধনী বাঁধা সম্বন্ধে সংবিধিবন্ধ বিধিবিধান বহিয়াছে।
- seat of Supreme Court সুপ্রিমকোর্টের আসন সংবিধানের ১০০ অনুচ্ছেদ-অনুসারে, রাজধানীতে সুপ্রীমকোর্টের স্থায়ী আসন থাকিবে, তবে রাষ্ট্রপতির অনুমোদন লইয়া প্রধান বিচারপতি সময়ে সময়ে অন্য যে-স্থান বা স্থানসমূহ নির্ধারণ করিবেন, সেই স্থান বা স্থানসমূহে হাইকোর্ট বিভাগের অধিবেশন অনুষ্ঠিত হইতে পারিবে।
- seaworthy adj. সমুদ্রগমনোপযোগী ১. একটি সমুদ্রযাত্রার প্রাক্কালে ওই বিশেষ যাত্রাটির জন্য (জাহাজ, জাহাজের নাবিকদল ও সাজসরঞ্জাম সম্বন্ধে) যে-পরিমাণ উপযুক্ততা একজন সতর্ক মালিক তাঁহার জাহাজের জন্য আবশ্যক জ্ঞান করিবেন বিলিয়া প্রত্যাশিত, সেই পরিমাণ উপযোগী। যে-কাজ বা যে-সেবায় জাহাজ নিয়োজিত, তাহার জন্য জাহাজ তৈয়ারির উপাদান, উহার গঠন, যন্ত্রপাতি, কর্মকর্তা, জনবল ও সাজসরঞ্জামের পর্যাপ্ততা। গস্তব্যে পৌছাইবার জন্য জাহাজে যে-সমন্ত মালামাল তর্তি করা হয়, উহা নিরাপদে বহন করিবার জন্য জাহাজটির উপযুক্ততা। ২. (কোনো বিশেষ জাহাজ সম্বন্ধে) একটি বিশেষ পণ্যসঞ্জার বহনের উপযোগী।
- seaworthy vessel সমুদ্রগমনোপযোগী জাহাজ সমুদ্রগামী জাহাজকে বাতাস, ঢেউ ও অন্য আবহাওয়ার যে-চাপ মোকাবিলা করিতে হইবে বলিয়া সাধারণত প্রত্যাশিত, তাহা প্রতিহত করিয়া টিকিয়া থাকিতে পারে, এমন জাহাজ। যাত্রার গুরুতে বিমাকৃত অভিযাত্রার জন্য জাহাজটি সমুদ্রোপযোগী, এইরূপ একটি উপলক্ষিত গ্যারাটি বা নিশ্চয়তা থাকে। তবে সমুদ্রোপযোগিতা-সংক্রান্ত গ্যারাটি সর্বদাই আপেক্ষিক, যদিও পক্ষগণকর্তৃক সুব্যক্ত ও সীমিত পরিধিতে পরিকল্পনা-মাফিক কোনো অভিযাত্রায় অনুরূপ গ্যারাটি নিরন্ধশে হইতে পারে।

sebayet n. সেবায়েত বি. হিন্দু আইনে সেবায়েত বলিতে কোনো ধর্মীয় উদ্দেশ্যে উৎসগীকৃত সম্পত্তির ব্যবস্থাপককে বৃঝায়। এইরূপ সম্পত্তিতে সেবায়েতের কোনো মালিকানা নাই। সেবায়েত হইলেন দেবমূর্তির সেবক। ধর্মীয় উদ্দেশ্যে উৎসগীকৃত বা দেবোত্তর সম্পত্তির অর্জিত মুনাফার মালিক দেবতা, সেবায়েত নহেন। তবে সম্পত্তির ব্যবস্থাপক হিসাবে সেবায়েতের কিছু কিছু অধিকার ও দায়িত্ব আছে: ১. তিনি ধর্মীয় উদ্দেশ্যে উৎসগীকৃত সম্পত্তির ব্যবস্থাপনার অধিকারী; ২. ধর্মীয় মন্দিরের শৃঙ্খলা বজায় রাখা এবং ইচ্ছুক ব্যক্তিদের পূজার ব্যবস্থা করা এবং মন্দিরের পবিত্রতা রক্ষা তাঁহার কর্তব্য; এবং ৩. তিনি কেবল আইনগত বিশেষ প্রয়োজনে দেবোত্তর বন্ধক রাখিতে ও হস্তান্তর করিতে পারেন।

secession n. বিচ্ছিন্ন হওয়া কোনো জোট, ফেডারেশন, রাজনৈতিক বা ধর্মীয় সংগঠন ইত্যাদি হইতে অপসরণ বা আনুষ্ঠানিকভাবে সরিয়া যাওয়া। যুক্তরাষ্ট্রের বিচ্ছিন্নতাবাদী যুদ্ধে (war secession, 1861-68) কনফেডারেট রাজ্যগুলির বিচ্ছিন্ন হইবার চেষ্টা ইহার দৃষ্টান্ত।

Second Amendment দ্বিতীয় সংশোধন ১৯৭৩ সালের সংবিধান (দ্বিতীয় সংশোধন) আইনে বলা হয়: 'রাষ্ট্রপতির নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, এমন জরুরি অবস্থা বিদ্যমান রহিয়াছে, যাহাতে যুদ্ধ বা বহিরাক্রমণ বা অভ্যন্তরীণ গোলযোগের দারা বাংলাদেশ বা ইহার যে কোনো অংশের নিরাপত্তা বা অর্থনৈতিক জীবন বিপদের সম্মুখীন, তাহা হইলে তিনি জরুরি অবস্থা ঘোষণা করিতে পারিবেন। তবে শর্ত থাকে যে, অনুরূপ ঘোষণার বৈধতার জন্য প্রধানমন্ত্রীর প্রতি-স্বাক্ষরের প্রয়োজন হইবে। জরুরি অবস্থার ঘোষণা— পরবর্তী কোনো ঘোষণার দারা প্রত্যাহার করা যাইবে; সংসদে উপস্থাপিত হইবে: একশত কুড়ি দিন অতিবাহিত হইবার পূর্বে সংসদের প্রস্তাব-দারা অনুমোদিত না হইলে উক্ত সময়ের অবসানে কার্যকর থাকিবে না; তবে শর্ত থাকে যে, যদি সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় অনুরূপ কোনো ঘোষণা জারি করা হয় কিংবা এই দফার (গ়) উপদফায় বর্ণিত একশত কৃডি দিনের মধ্যে সংসদ ভাঙ্গিয়া যায়, তাহা হইলে তাহা পুনর্গঠিত হইবার পর সংসদের প্রথম বৈঠকের তারিখ হইতে ত্রিশ দিন অতিবাহিত হইবার পূর্বে ঘোষণাটি অনুমোদন করিয়া সংসদে প্রস্তাব গৃহীত না হওয়া পর্যন্ত উক্ত ত্রিশ দিনের অবসানে অনুরূপ ঘোষণা কার্যকর थाकिरव ना।' এই সংশোধনে সংবিধানের নবম क ভাগ সংযোজন এবং ১৪১ক, ১৪১খ ও ১৪১গ অনুচ্ছেদ যোগ করা হয়।

second cousins অসাক্ষাৎ ভ্রাতা বা ভগ্নী একই প্রপিতামহ বা প্রমাতামহ হইতে সম্ভূত ব্যক্তি বা বংশধর হিসাবে যাঁহারা সম্পর্কযুক্ত বা আত্মীয়।

secondary evidence আনুষঙ্গিক সাক্ষ্য, দৈতীয়িক সাক্ষ্য যে-সাক্ষ্য তাহার প্রকৃতির দ্বারা উৎকৃষ্টতর সাক্ষ্যের অন্তিত্ব নির্দেশ করে এবং ওই উৎকৃষ্টতর সাক্ষ্য (যেমন, কোনো দলিলের অনুলিপি) পাওয়া গেলে যাহা প্রত্যাখ্যাত হইতে পারে। মুখ্য জাইন-শনকাষ : ৬১ সাক্ষ্যের (primary evidence দ্র.) অনুপস্থিতি ব্যাখ্যাত হইলে, দ্বৈতীয়িক সাক্ষ্য সাধারণত গ্রহণযোগ্য। সাক্ষ্য আইনের ৬৩ ও ৬৫ ধারায় দ্বৈতীয়িক সাক্ষ্য সম্পর্কে বিধান দেওয়া ইইয়াছে। সাক্ষ্য আইনের ৬৩ ধারা-অনুসারে দ্বৈতীয়িক সাক্ষ্যপ্রমাণ বলিতে নিম্নলিখিত সাক্ষ্যপ্রমাণ বুঝায় :

- (১) এই আইনে অতঃপর বর্ণিত বিধান-অনুসারে প্রদত্ত জাবেদা নকল;
- (২) মূল দলিল হইতে এইরূপ যান্ত্রিক উপায়ে প্রস্তুত নকল, যাহাতে নকলের নির্ভূলতা সম্পর্কে নিশ্চিত হওয়া যায় এবং এইরূপ নকলের সহিত মিলাইয়া লওয়ার জন্য নকল;
- (৩) মূল দলিল হইতে প্রস্তুত করা অথবা মূল দলিলের সহিত মিলাইয়া লওয়া নকল;
- (৪) কোনো দলিলের মুড়ি, যে-পক্ষ উক্ত দলিল সম্পাদন করে নাই, তাহার বিরুদ্ধে উহা ব্যবহারের ক্ষেত্রে:
- (৫) যে-ব্যক্তি কোনো দলিল দেখিয়াছেন, তাঁহার দেওয়া ওই দলিলের বিষয়বস্তু সম্পর্কে মৌখিক বিবরণ।

কোন কোন ক্ষেত্রে দলিল সম্পর্কে দ্বৈতীয়িক সাক্ষ্যপ্রমাণ দেওয়া যাইতে পারে তাহা সাক্ষ্য আইনের ৬৫ ধারায় বলা হইয়াছে।

secondary party গৌণ পক্ষ কোনো অপরাধ্যহায়তাকারী। accessory দ্র.। secondary use বৈতীয়িক ব্যবহার shifting use দ্র.।

- secrecy n. গোপনীয়তা, গৃঢ়তা বি. গোপন থাকার অবস্থা বা গুণ। বিশেষত অন্যের নিকট হইতে ইচ্ছাপূর্বক গোপন রাখার কাজ।
- secret profits তথ্য মুনাফা একজন নিয়োগী কর্তৃক তাঁহার নিয়োগিত্বের কালে তাঁহার নিয়োজকের অজ্ঞাতসারে কিংবা বিনা অনুমতিতে অর্জিত মুনাফা। নিয়োজক নিয়োগীকে গুহা মুনাফার হিসাব দিবার নির্দেশ দিতে পারেন। কোম্পানি ও উহার পরিচালকবৃদ, প্রভু ও ভৃত্য বা মালিক ও কর্মচারী, নিয়োজক ও নিয়োগী প্রভৃতি বিশ্বাসাম্রিত সম্পর্কের ক্ষেত্রে মূল্নীতি হইল এই যে, কোনো কর্তব্য বা দায়িত্ব পালনে নিয়োজিত আস্থাভাজন ব্যক্তি উক্ত কর্তব্য বা দায়িত্ব পালনের সুবাদে গোপনে কোনো লাভ করিবেন না। কারণ 'প্রহরী কুকুর উহার প্রভুর অজ্ঞান্তে কোনো নেকড়ের নিকট হইতে ঘুস লইতে পারে না।'
- secret trust গোপন ন্যাস যে-ন্যাসের অন্তিত্ব, যে-ব্যক্তিকে অছিরক্ষক নিয়োগ করা হইবে, তাঁহার নিকট সম্পত্তি হস্তান্তরের দলিলে প্রকাশ করা হয় না। যখন একজন ইচ্ছাপত্রকারী কিংবা, আরো বিরলক্ষেত্রে, একজন বন্দোবন্তদাতা কোনো ব্যক্তিকে সম্পত্তি প্রদান করেন, ওই ব্যক্তির নিকট হইতে এইরূপু সুম্পষ্ট বা নিহিত প্রতিশ্রুতি প্রাপ্ত হইয়া তিনি ওই ব্যক্তি কোনো তৃতীয় পক্ষের হইয়া ন্যাস হিসাবে ওই সম্পত্তি অধিকার করিবেন তখন ইহার উদ্ভব ঘটে। দলিলদ্ষ্টে লেনদেনটি একটি পুরাদম্বর দান বলিয়া মনে হইবে এবং একটি ন্যাসের অন্তিত্ব প্রতীয়মান হইবে।

৯৬৩ secure creditor

secretary n. সচিব বি. কোম্পানি আইনে ইহার অধীনে সচিবের কর্তব্য বা অন্য কোনো নির্বাহী বা প্রশাসনিক দায়িত্ব পালনার্থে নিযুক্ত এবং নির্ধারিত যোগ্যতাসম্পন্ন কোনো একক ব্যক্তিকে বুঝাইবে।

- Secretary of State পররাষ্ট্র মন্ত্রী মার্কিন যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্টের মন্ত্রিসভার যে-সদস্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্রপ্রাপ্ত।
- section n. ধারা, উপশাখা, ভাগ, খণ্ড, বিভাগ, উপবিভাগ, এলাকা, সম্প্রদায় বি.
 কোনো কিছুর বাকি সমুদয় হইতে আলাদাভাবে দেখানো অংশ। যেমন, কোনো বই
 বা রচনার স্বতন্ত্র বা সহজে লক্ষণীয় অংশ। কোনো অনুচ্ছেদের উপ-বিভাগ। কোনো
 সংবিধি, আইনের গ্রন্থ, কোনো পাঠ্যপুত্তক ইভ্যাদিতে আলাদা আলাদাভাবে প্রদত্ত
 ক্রমসংখ্যা বা দৃশ্যমান বিভাজন, যাহার প্রত্যেকটি স্বতন্ত্র বিষয় ধারণ করে। 'ধারা'
 শব্দটি দ্বারা কোনো আইনের কোনো অনুচ্ছেদের এইরূপ কোনো অংশ বুঝায়, যাহার
 ভক্ততে সংখ্যা, প্রতীক বা চিহ্ন দ্বারা উহাকে স্বতন্ত্র করা হয়। যেমন, দণ্ডবিধির ৫০
 ধারা।
- secularism n. ধর্মনিরপেক্ষতা বি. secular শব্দটির অর্থ পার্থিব বা ইহলৌকিকআধ্যাত্মিক বা ধর্মসম্পৃক্তের বিপরীত। secularism বলিতে বুঝায় রাষ্ট্রকে ধর্মের
 সহিত সম্পৃক্ত না করিবার নীতি বা মতবাদ। প্রবর্তনকালে বাংলাদেশ সংবিধানের
 প্রভাবনায় ধর্মনিরপেক্ষতা ছিল চার মূলনীতির একটি। পরে ১৯৭৮ সালে পঞ্চম
 সংশোধনের দ্বারা তাহা এবং ১২ অনুচ্ছেদে বর্ণিত ধর্মনিরপেক্ষতার নীতি বাস্তবায়নের
 জন্য বিধান বিলোপ করা হয়।
- secure vb., adj. ১. নিশ্চিত করা, ঝুঁকিমুক্ত করা ক্রি. কোনো ঋণের বিপরীতে জামানত দেওয়া। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৮ (ক) ধারা-অনুসারে ঋণ বা আর্থিক দায়ের নিশ্চয়তা হিসাবে স্থাবর সম্পত্তি হস্তান্তরকে বন্ধক বলা হয়। বিপদ হইতে রক্ষা করা; বিমা করা; সার্থকভাবে কোনো কিছু রাখা বা ঘিরয়া ফেলা। ইহার দ্বারা সাধারণত দুর্ঘটনাজনিত পতন বা ক্ষতি হইতে সুরক্ষা করা বৃঝায়, ইচ্ছাকৃত আক্রমণপূর্বক ক্ষতিসাধন হইতে রক্ষা করা যাহার অন্তর্ভূক। কমিশনপ্রাপ্তির জন্য কোনো প্রতিনিধি কোনো ক্রেতাকে নিরাপদ করিতে চাহিলে তিনি কমিশন পাইবার অধিকারী হইবেন, যদি তাঁহার প্রদন্ত নিরাপত্তা মালিককর্তৃক অনুমোদিত শর্তাধীন হইয়া থাকে। ২. নিরাপদ, ঝুঁকিমুক্ত বিণ.।
- secure creditor জামানতধারী পাওনাদার যে-পাওনাদারের হাতে তৎকর্তৃক কর্জ হিসাবে গৃহীত অর্থের জন্য বন্ধক প্রভৃতি কোনো জামানত বা প্রতিভাব্য আছে। দেনাদার দেউলিয়া ইইলে, পাওনাদার কয়েকটি পন্থার যে-কোনো একটি বাছিয়া নিতে পারেন। তিনি তাঁহার জামানতের অধিকার ত্যাগ করিয়া দেনাদারের পরিসম্পৎ

হইতে তাঁহার কর্জের অর্থ দাবি করিতে পারেন; জামানত বিক্রয় বা মূল্যায়ন করিবার পর জামানতের মূল্য বাদ দিয়া কর্জের যে-অর্থ তাঁহার পাওনা থাকে, তিনি তাহা দাবি করিতে পারেন; কিংবা তিনি দেউলিয়াত্বের প্রক্রিয়ায় কোনো দাবি উত্থাপন না করিয়া জামানতের উপর নির্ভর করিতে পারেন। ১৯৯৭ সালের দেউলিয়া বিষয়ক আইনের ৫৪ ধারায় জামানতধারী পাওনাদার সম্পর্কে অনুরূপ বিধান করা হইয়াছে। unsecured creditor তা

secure tenancy নিরূপদ্র ভাড়াস্বত্ব ইংল্যান্ডে যে-আবাসিক ভাড়াস্বত্বে ভাড়াটিয়ার সংবিধিমূলক সংরক্ষণ থাকে, যদি তিনি ভাড়া-করা সম্প্রিটি তাঁহার নিবাস হিসাবে ভোগদখল করেন। একটি বিশেষ ধরনের বাড়িওয়ালা থাকিলে, যেমন, একটি স্থানীয় কর্তৃপক্ষ, গৃহায়ন কর্পোরেশন কিংবা একটি গৃহসংস্থান ন্যাসের মতো বিশেষ ধরনের বাড়িওয়ালা থাকিলে, ইহা প্রযোজ্য হয়। বাংলাদেশে ১৯৯১ সালের বাড়িভাড়া নিয়য়ণ আইনদ্বারা কতিপয় শর্ভ পালনসাপেক্ষে মাসিক ভাড়াটিয়ার স্বত্ব নিরূপদ্রব ভাড়াস্বত্বের মতো।

secured advances জামানতযুক্ত ঋণ কোনো সম্পদের জামানতের বা তৃতীয় পক্ষের ব্যক্তিগত জামানতে ব্যাংক যে-ঋণ প্রদান করে।

securities n. সিকিউরিটি, সুরক্ষাপত্র বি. শিথিল অর্থে, সংভার, শেয়ার, ঋণপত্র, তমসুক কিংবা লভ্যাংশ বা সুদ প্রাপ্তির যে-কোনো অধিকার। সৃদ্ধ্য অর্থে, পরিপদ্ধতি ব্যবহার করা কেবল সেইসব অধিকার বুঝায়, যাহার পিছনে কোনো প্রকার জামানতের সমর্থন রহিয়াছে, যেমন, ঋণপত্রের ক্ষেত্রে।

Securities and Exchange Commission (SEC) সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন মূলধন বাজার নিয়ন্ত্রণকারী একটি সরকারি হিসাবে ইহা ১৯৯৩ সালের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইনদারা প্রতিষ্ঠিত হয়। ওই কমিশন প্রতিষ্ঠিত হইবার পূর্বে ১৯৪৭ সালের ক্যাপিটাল ইস্যুজ আইন-অনুযায়ী ক্যাপিটাল ইস্যুসমূহের নিয়ন্ত্রক কর্তৃক বাংলাদেশের সিকিউরিটিজ বাজার নিয়ন্ত্রিত হইত। কমিশনের প্রাথমিক ও প্রধান উদ্দেশ্যাবলির মধ্যে সিকিউরিটিজ বাজারে ক্ষছতা নিশ্চিতকরণ ও বিনিয়োগকারীদের স্বার্থরক্ষা, সিকিউরিটিজ বাজারের উন্নয়ন, যথাযথ পদ্ধতিতে সিকিউরিটিজ ইস্যু এবং ইস্যুপ্রক্রিয়ায় সংশ্লিষ্ট আইনের অনুসরণ নিশ্চিতকরণ, বাজার নিয়ন্তরণের উদ্দেশ্যে বিধি ও প্রবিধি প্রণয়ন ও প্রচার, এবং সিকিউরিটিজ বাজারের সূষ্ট্র পরিচালনার ক্ষেত্রে নির্দেশনা ও নেতৃত্ব প্রদান উল্লেখযোগ্য। বাজার নিয়ন্তরণের মাধ্যমে বিনিয়োগকারীদের উৎসাহিত করা ও তাহাদের স্বার্থরক্ষা কমিশনের অন্যতম প্রধান কাজ। কমিশন মূলধন ইস্যু এবং সংশ্লিষ্ট কোম্পানির প্রসপেষ্টাস অনুমোদন, বিধিবহির্ভ্ত ও ইনসাইডার লেনদেন নিয়ন্ত্রণ, ক্টক এক্সচেঞ্জ তদারকি, সিকিউরিটিজ ইস্যু ও ক্রয়-বিক্রয়ে নিয়োজিত ফার্ম ব্রোকারদের কাজ এবং কোম্পানির শেয়ারসমূহের

পার্বনিক ইস্যুর সহিত সম্পুক্ত প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের কার্যাবলি নিয়ন্ত্রণ করেন। কমিশন কোম্পানিগুলি কর্তক সম্পূর্ণ তথ্য প্রকাশ, যথাসময়ে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান, লভ্যাংশ প্রদান, শেয়ার বন্টনের চিঠি প্রেরণ এবং সিকিউরিটিজসমূহের ইস্যুকারী কর্তৃক আবেদনকারীদের নিকট দ্রুত রিফান্ড ওয়ারেন্ট প্রেরণ তদারকি ও নিচিতকরণসহ সিকিউরিটিজ বাজার সংক্রান্ত আরো নানাবিধ কাজ সম্পাদন করে। কমিশন ইতিমধ্যে বেশ কয়েকটি আদেশ ও বিধি প্রণয়ন ও জারি করিতে সমর্থ হইয়াছে। এইগুলির মধ্যে রহিয়াছে: ক. সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উক বোকার, ক্টক ডিলার অ্যান্ড অথরাইজড রিপ্রেজেনটেটিভ) রেগুলেশন ১৯৯৪. খ. সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার অ্যান্ড পোর্টফলিও ম্যানেজার) রেণ্ডলেশন ১৯৯৫, গ. সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কন্ট্রোল অব ইনসাইডার ট্রেডিং) রেগুলেশন ১৯৯৭, ঘ. ক্রেডিট রেটিং রুলস ১৯৯৭, ঙ. সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কন্ট্রোল অফ ইনসাইডার ট্রেডিং) রেগুলেশন ১৯৯৫, চ. পাবলিক ইস্যু রুলস ১৯৯৮, ছ. রাইট ইস্যু রুলস ১৯৯৮, এবং জ. ডিপোজিটরি অ্যাক্ট ১৯৯৯। ইহা সিকিউরিটিজ বাজারে কার্যরত স্টক ভিলার, ব্রোকার, কমিশন মার্চেন্ট ব্যাংক, শেয়ারবাজার সদস্যবন্দের অনুমোদিত প্রতিনিধি এবং অপরাপর সকল মধ্যবতী পক্ষের অনুকূলে নিবন্ধন, সনদ প্রদান এবং বাতিল করিবার একমাত্র কর্তৃত্বধারী প্রতিষ্ঠান। ইহা ঢাকা ও চট্টগ্রাম ক্টক এক্সচেঞ্জের শেয়ার মূল্যসমূহের গতিপ্রকৃতি নিয়মিত পর্যবেক্ষণ ও পরীক্ষা করে। সিকিউরিটিজ বাজার এবং উক্ত বাজারে অংশগ্রহণকারীদের কার্যাবলি পরিদর্শন ও নিয়ন্ত্রণের অংশ হিসেবে কমিশন তাঁহাদের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহকে গুরুত্ব দেয়। ইহা ক্টক ব্রোকার, নিবন্ধিত কোম্পানি এবং সকল মধ্যবতী পক্ষের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ পরীক্ষা-নিরীক্ষা করিয়া সেইগুলির নিম্পত্তি করে। কমিশন ইহাদের লাইসেন্স বাতিল, জরিমানা আরোপ ইত্যাদি শান্তিমূলক ব্যবস্থাগ্রহণ করে। খেলাপি কোম্পানি ও ফার্মসমূহের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে।

security n. জামানত বি. দেওয়ানি কার্যবিধির ৩৮ আদেশের ১ নিরমে বিবাদীর হাজির হওয়ার জন্য জামানত তলব করা সম্পর্কে এবং ২ নিরমে বিবাদীর নিকট হইতে জামানত তলবের পদ্ধতি সম্পর্কে বর্ণিত হইয়াছে। ৫ নিয়মে সম্পর্তি আদালতে হাজির করিবার জন্য বিবাদীর নিকট হইতে জামানত তলবের বিধান বর্ণিত হইয়াছে। ৪১ আদেশের ৬ নিয়মের ১ উপনিয়ম-অনুসারে, যে-ক্ষেত্রে একটি ডিক্রির বিরুদ্ধে আপিল বিচারাধীন থাকাকালে উক্ত ডিক্রি জারির আদেশ দেওয়া হইয়াছে সে-ক্ষেত্রে ডিক্রিদানকারী আদালত আপিলকারী কর্তৃক উপযুক্ত কারণ প্রদর্শিত হইলে ডিক্রিজারির দরুন গৃহীত সম্পত্তি প্রত্যর্পণ বা উহার মূল্যপরিশোধের জন্য এবং আপিল আদালতের ডিক্রি বা আদেশ যথারীতি প্রতিপালনের জন্য জামানত তলব করিতে পারিবেন অথবা অনুরূপ কারণে আপিল আদালত ডিক্রিদানকারী আদালতকে উক্তরূপ জামানত তলবের নির্দেশ দিতে পারেন।

Security Council নিরাপত্তা পরিষদ United Nations দ্র.।

security for cost খরচার জন্য জামানত একটি দেওয়ানি মামলা চালাইয়া যাইবার অনুমতিলাভের শর্ত হিসাবে একজন বাদী কর্তৃক পরিশোধ্য অর্থ। বরচাদির জন্য প্রতিভাব্য দেওয়ার আদেশপ্রদান করার বা না করা আদালতের স্ববিবেচনাধীন। কখন এবং কীভাবে আদালত বাদীকে মামলার খরচার জন্য জামানত দাখিল করিবার নির্দেশ দিতে পারেন তাহা দেওয়ানি কার্যবিধির ২৫ আদেশে বলা হইয়াছে: (১) কোনো মামলার কোনো পর্যায়ে আদালতের নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, মামলার একমাত্র বাদী বা, একাধিক বাদী থাকিলে, সকল বাদী বাংলাদেশের বাহিরে বসবাস করিতেছেন এবং মামলার সহিত জড়িত সম্পত্তি ব্যতীত উক্ত বাদী বা বাদীদের অথবা বাদীগণের মধ্যে কাহারো কোনো স্থাবর সম্পত্তি বাংলাদেশে নাই, তবে আদালত নিজ উদ্যোগে অথবা বিবাদীদের আবেদনক্রমে নির্দিষ্ট সময়ের মধ্যে বিবাদীপক্ষের যাবতীয় খরচা ও সম্ভাব্য খরচার দরুন বাদীপক্ষের নিকট জামানত তলব করিতে পারিবেন। (২) কেহ বাংলাদেশ ত্যাগ করিলে যদি সংগত কারণে এইরূপ সম্ভাবনার উদ্ভব হয় যে. খরচা তলব করা হইলে তিনি তাহা পরিশোধ করিবেন না, তবে তাঁহাকে ১ উপনিয়ম-অনুসারে দেশের বাহিরে বসবাসকারীরূপে গণ্য করা হইবে। (৩) টাকা আদায়ের জন্য দায়েরকৃত মামলায় বাদীপক্ষ গ্রীলোক হইলে যে-কোনো পর্যায়ে বিবাদীপক্ষের আবেদনক্রমে যদি আদালতের নিকট সন্তোষজনকরূপে প্রতীয়মান হয় যে, বাংলাদেশে উক্ত বাদিনীর যথেষ্ট স্থাবর সম্পত্তি নাই তবে আদালত উপরিউক্তমতে জামানত তলব করিতে পারিবেন। দেওয়ানি কার্যবিধির ৪১ আদেশের ১০ নিয়ম-অনুসারে: (১) আপিল আদালত ইচ্ছা করিলে প্রতিবাদী পক্ষকে হাজির হইয়া বক্তব্যপ্রদানের বিজ্ঞপ্তি দেওয়ার পূর্বে অথবা তৎপর প্রতিবাদীর আবেদনক্রমে আপিলকারীর নিকট হইতে আপিলের অথবা মূল মামলার অথবা উভয় মামলার খরচার দরুন জামানত তলব করিতে পারিবেন। তবে যে-ক্ষেত্রে আপিলকারী বাংলাদেশের বাহিরে বাস করেন এবং বাংলাদেশের অভ্যন্তরে আপিলের সহিত সংশ্লিষ্ট সম্পত্তি (যদি থাকে) ব্যতীত তাঁহার যথেষ্ট স্থাবর সম্পত্তি না থাকে, কেবল সেই ক্ষেত্রেই আদালত উক্তরূপ জামানত তলব করিবেন। (২) আদালত কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উক্ত জামানত দাখিল না করা হইলে আদালত আপিল অগ্রাহ্য করিবেন।

security for good behaviour সদাচরণের মুচলেকা ফৌজদারি কার্যবিধির ১০৮ ধারায় রাষ্ট্রদ্রোহমূলক বিষয়-প্রচারকের নিকট হইতে সদাচরণের মুচলেকা, ১০৯ ধারায় ভবদুরে ও সন্দেহভাজন ব্যক্তির নিকট হইতে সদাচরণের মুচলেকা, এবং ১১০ ধারায় অভ্যাসগত অপরাধীদের নিকট হইতে সদাচরণের মুচলেকা গ্রহণ সম্পর্কে বিধান রহিয়ছে।

৯৬৭ sedition

security for keeping the peace শান্তিরক্ষার মৃচলেকা ফৌজদারি কার্যবিধির ১০৬ ধারা-অনুসারে যখন কোনো ব্যক্তি দাঙ্গা, মারামারি, আক্রমণ, শান্তিভঙ্গমূলক অপরাধ প্রভৃতিতে দণ্ডিত হন, তখন তাঁহার নিকট হইতে আদালত শান্তিরক্ষার জন্য মুচলেকা চাহিতে পারেন। ফৌজদারি কার্যবিধির ১০৭ ধারায় বলা হইয়াছে যে, যখন কোনো মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট বা প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটকে জানানো হয় যে, কোনো ব্যক্তি সম্ভবত শান্তিভঙ্গ করিতে পারেন বা সর্বসাধারণের প্রশান্তি বিনষ্ট করিতে পারেন, তখন উক্ত ম্যাজিস্ট্রেট যদি মনে করেন যে, ব্যবস্থাগ্রহণের পর্যাপ্ত কারণ রহিয়াছে তাহা হইলে উক্ত ব্যক্তিকে এক বংসরের অনধিককাল, ম্যাজিস্ট্রেট যাহা উপযুক্ত মনে করেন, শান্তিরক্ষার জন্য, জামিনদার সহ বা ব্যতীত, একটি মুচলেকা সম্পাদনের আদেশ দিতে পারেন এবং উহার কারণ দর্শাইতে বলিতে পারেন।

- security loan or advance জামানতী ঋণ বা অগ্রিম সেই ঋণ বা অগ্রিম যাহা সম্পদের জামানত গ্রহণ করিয়া প্রদান করা হয় এবং যাহার মূল্য উক্ত জামানতের বাজারমূল্য অপেক্ষা কোনো সময়েই কম হয় না, এবং জামানতি ঋণ বা অগ্রিম অর্থ সেই ঋণ বা অগ্রিম বা উহার কোনো অংশ যাহা সম্পদের জামানত হিসাবে গ্রহণ করা হয় না।
- security of tenure প্রজাস্বত্বের নিরাপত্তা ভাড়াটিয়া বা প্রজ্ঞাকে প্রদন্ত সংবিধিবদ্ধ সুরক্ষা, যাহা ভূম্যাধিকারীর দখললাভের অধিকার সীমিত করে। প্রজাস্বত্বের ধরন-অনুযায়ী দখললাভের শর্তসমূহের হেরকের হয়, তবে দখললাভের জন্য সচরাচর আদালতের একটি আদেশের আবশ্যক হয়। tenure দ্ব্যা।
- security of the State রাষ্ট্রের নিরাপত্তা বহিরাক্রমণ রাষ্ট্রের নিরাপত্তা লচ্ছিত করে; কখনো কখনো অভ্যন্তরীণ সংকটও রাষ্ট্রের নিরাপত্তার প্রতি হুমকিস্বরূপ হইতে পারে। তবে রাষ্ট্রের নিরাপত্তার প্রশ্ন বলিতে গুধু দেশের নিরাপত্তার প্রতি হুমকি বুঝায় না; সমগ্র দেশের নিরাপত্তার জন্য বিপজ্জনক একটি অভ্যূথান বা বিদ্রোহের মধ্যেও ইহাকে সীমাবদ্ধ রাখা যায় না।

seduction ৯৬৮

seduction n. প্রশুক্ষকরণ বি. ১. সন্ধরিত্রতা ও কর্তব্যের পথ হইতে কাহাকেও অপসারণ। বিপথে চালনা; সতীত্ববিসর্জনে প্ররোচনা। কোনো অনুচিত কর্মে প্ররোচনাদান; যৌনকর্মে প্ররোচনাদান। দণ্ডবিধির ৩৬৬ ও ৩৬৬ক ধারায় কোনো নারী বা অপ্রাপ্তবয়স্ক বালিকাকে অসংকর্মে বা যৌন সহবাসে প্রলুক্করণের শান্তি বর্ণিত রহিয়াছে। এতংসহ abduction ও kidnapping দ্র.। ২. ইংল্যান্ডের ১৯৩৪ সালের অসন্তোষে প্ররোচনাদান আইন-অনুযায়ী, রাজকীয় সশস্ত্র বাহিনীর কোনো সদস্যকে তাঁহার কর্তব্য বা রাজশক্তির প্রতি তাঁহার আনুগত্য ত্যাগ করিবার জন্য বিদ্বেষমূলক ও সচিত্তিত ভাবে প্রোৎসাহিত করিবার প্রয়াস।

- segregation n. বিচ্ছিন্নকরণ, পৃথক্করণ, বিযুক্তকরণ বি. একই সমাজবদ্ধ বৃংৎ জনগোষ্ঠী হইতে ব্যক্তিবিশেষ বা ছোট ছোট উপদল বা শ্রেণীকে আলাদাকরণ। ১৮৯৭ সালের মহামারী আইনের ২(২) ধারা-অনুসারে সরকার বিপজ্জনক মহামারী রোগগ্রস্ত ব্যক্তিকে রেলে বা অন্যভাবে ভ্রমণের সময়ে সেখান হইতে সরাইয়া হাসপাতাল, সাময়িক আবাসন বা অন্যত্র পৃথক করিয়া রাখিতে পারেন। ১৮৯৮ সালের কুষ্ঠরোগী আইনের প্রস্তাবনায় বলা হইয়ছে যে, নিঃস্ব কুষ্ঠ রোগীদের পৃথকীকরণ ও চিকিৎসার জন্য এবং তাঁহাদের নিয়ন্ত্রণের জন্য উক্ত আইন করা হইয়ছে।
- selsin n. দখলাধিকার বি. ইংল্যান্ডের সামন্তদের নির্ব্যুঢ় স্বত্বে মালিকানাধীন ভূসম্পত্তির দখল। স্বাধীন দখলাধিকার প্রমাণ করিবার সামর্থ্যের উপর ভূম্যধিকারীদের জন্য কিছু কিছু প্রতিকারের প্রাপ্যতা নির্ভর করিত। আধুনিককালে স্বাধীন দখলাধিকার ও ভোগদখলের মধ্যে পার্থক্য করা অনাবশ্যক; দখলই একজন ভূম্যধিকারীর প্রাপ্ত অধিকাংশ প্রতিকারের ভিত্তি। unity of seisin দ্র.।
- seizure n. অভিগ্রহ, জব্দকরণ বি. আইনি অধিকারবলে কিংবা আইনি প্রক্রিয়ায় কোনো ব্যক্তি বা সম্পত্তির দখলগ্রহণ; বিশেষত সাংবিধানিক আইনে, এমত বাজিয়াপ্তকরণ বা গ্রেপ্তার যাহা কোনো ব্যক্তির একান্ততার যুক্তিসংগত প্রত্যাশাকে ব্যাহত করিতে পারে।
- select committee বাছাই কমিটি সংসদের কর্তব্যানুষ্ঠানের স্বার্থে প্রয়োজনীয় কোনো বিষয়ে তদন্ত করিয়া প্রতিবেদন পেশ করিবার জন্য সংসদ কর্তৃক নিযুক্ত একটি পর্ষদ।
- selection grade সিলেকশন গ্রেড, নির্বাচিত পর্যায় যখন কোনো কর্মচারী বা কর্মকর্তা তাঁহার বেতন-স্কেলের শেষসীমায় পৌছান এবং তাঁহাকে পদোনুতি দেওয়ার সুযোগ নাই, তখন তাঁহাকে উচ্চতর বেতন-স্কেল দিবার পদ্ধতিকে সিলেকশন গ্রেড বলে।

- self-accusation n. আত্মাভিযোগ বি. নিজেকে অভিযুক্তকরণ।
- self-acquired property স্বোপার্জিত সম্পত্তি হিন্দু আইনে কোনো ব্যক্তি— তিনি এজমালি সম্পত্তির শরিক হউন বা না হউন— পূর্বপুরুষের সম্পত্তির ক্ষতি বা অনিষ্টসাধন না করিয়া কোনো সম্পত্তি অর্জন করিলে ওই সম্পত্তির মালিকানা স্বত্তভাবে তাঁহারই হয়। কোনো হিন্দু মহিলা তাঁহার স্বোপার্জিত সম্পত্তি ইচ্ছানুসারে তোগদখল করিতে এবং সেই সম্পত্তির অন্যবিধ ব্যবস্থা করিতে পারেন।
- self-assessment n. স্ব-নির্ধারণ বি. করদাতারা যাহাতে তাঁহাদের প্রদের বার্ষিক করের পরিমাণ স্বয়ং নির্ণয় করিতে পারেন, সেজন্য গৃহীত একটি ব্যবস্থা। ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ৮৩ক ধারায় স্বনির্ধারণের বিধান বর্ণিত ইইয়াছে।
- self-build society স্ব-নির্মাণ সমিতি একটি গৃহায়ন সমিতি যাহার উদ্দেশ্য প্রধানত সমিতির সদস্যগণের নিজ শ্রমে নির্মিত বা উন্নয়নকৃত বাড়িঘর সদস্যদের নিকট বিক্রয় করা বা তাঁহাদের ভোগদখল করিতে দেওয়া।
- self-defence n. আত্মরক্ষা বি. নিজের জীবন ও মালের নিরাপত্তার জন্য যতটুকু শক্তিপ্রয়োগ অত্যাবশ্যক কোনো ব্যক্তি ততটুকু শক্তিপ্রয়োগের অধিকারী। ১. নরহত্যাসহ ব্যক্তির বিরুদ্ধে অপরাধের অভিযোগে প্রথানুগ আইন-অনুযায়ী একটি সাফাই, যদি আক্রমণ বা আক্রমণের হুমকি হইতে আত্মরক্ষার্থে যুক্তিসংগত বলপ্রয়োগ করা হয়। এইরূপ আত্মরক্ষার পরিধি অনেক সময়ে একটি অপরাধ-বিচারার্থে যুক্তিসংগত বলপ্রয়োগের সংবিধিবদ্ধ অধিকারকে অধিক্রমণ করে, তবে যেস্ব ক্ষেত্রে সংবিধিবদ্ধ অধিকারকে অধিক্রমণ করে, তবে যেস্ব ক্ষেত্রে সংবিধিবদ্ধ অধিকার অপ্রয়োজ্য (যেসন, আক্রমণকারী যদি কোনো কারণবশত কৃতাপরাধ না হন), সেসব ক্ষেত্রে ইহা প্রয়োজ্য হয়। দণ্ডবিধির ৯৬-১০৬ ধারায় আত্মরক্ষার অধিকার-সম্পর্কিত বিধানাবিল বর্ণিত হইয়াছে। ২. আন্তর্জাতিক আইন-অনুযায়ী আইনসন্মত বলপ্রয়োগের খুব অক্লসংখ্যক ভিত্তির একটি। জাতিসংঘ সনদের ৭ম অধ্যায়ের ৫১ অনুচ্ছেদ-অনুযায়ী আত্মরক্ষার অধিকার সংরক্ষিত।
- self-determination n. আত্মনিয়ন্ত্রণাধিকার বি. (আন্তর্জাতিক আইনে) স্ব-শাসিত নয়, এমন কোনো ভূখণ্ডের অধিবাসীদের ওই ভূখণ্ডের রাজনৈতিক ও আইনগত অবস্থান নিজেদের বাছিয়া লইবার অধিকার।
- self-employed adj. স্বনিযুক্ত বিণ. নিজস্ব ব্যবসায় নিয়োজিত, অর্থাৎ চাক্রির
 চুক্তিতে কর্মচারী হিসাবে নিযুক্ত নন। সংবিধিবদ্ধ নিয়োগের বিধানসমূহ স্বনিযুক্ত ব্যক্তি
 সম্বন্ধে প্রযোজ্য নয়।

self-help n. স্বাবলম্বন বি. ১. কোনো ব্যক্তির প্রতি কোনো অন্যায় করা হইলে, আদালতের শরণাপন্ন না হইয়া তৎকর্তৃক স্বীয় অধিকার রক্ষার্থে গৃহীত ব্যবস্থা। অনধিকার প্রবেশ, উপদ্রব প্রভৃতি কিছু কিছু অপকারের ক্ষেত্রে স্বাবলম্বন অনুজ্ঞাত। তথ্ যুক্তিসংগত বলপ্রয়োগের শর্তে একজন অনধিকার প্রবেশকারীকে উচ্ছেদ করা যাইতে পারে। ২. একটি প্রাপ্তাপকার রাষ্ট্রকর্তৃক অপকারের প্রতিবিধানার্থে সীমালজ্ঞানকারী রাষ্ট্রটির বিরুদ্ধে গৃহীত স্বাধীন ও স্ব-নির্দিষ্ট ব্যবস্থা। বিশ শতকের মধ্যভাগ পর্যন্ত অনেক রাষ্ট্রই স্বাবলম্বন সার্বভৌমত্বের একটি অপরিহার্য ধর্ম বিলিয়া দাবি করিত। এতৎসহ tresspass, nuisance, tort, soverignity দ্র্য়।

- self-induced frustration স্ব-উৎপাদিত বিফলতা কার্যসম্পাদন নিবারণ করে, কোনো এক পক্ষের এইরূপ কার্যের ফলে চুক্তিভঙ্গ। এই বিশিষ্টার্থক উক্তিটি একপ্রকার শব্দের অপপ্রয়োগ, যেহেতু স্ব-উৎপাদিত ব্যর্থতা প্রকৃতপক্ষে কোনো প্রকার ব্যর্থতাই নহে, বরং ইহা একটি চক্তিভঙ্গ।
- self-regarding evidence স্ব-সম্পর্কিত সাক্ষ্য মামলার একটি পক্ষের নিজের বা উহার প্রতিনিধিদের ভাষা বা আচরণের দ্বারা উহার পক্ষে বা বিপক্ষে যে-সাক্ষ্য প্রদত্ত হয়। ইহা এইরূপ সাক্ষ্যপ্রদানকারী পক্ষের অনুকূল হইলে ইহাকে 'আত্মহিতকর' (self-serving) এবং অন্যথায় 'আত্মাহিতকর' (self-disserving) বলা যাইতে পারে।
- self-regulatory organization (SRO) আন্ধ-নিয়মান্ধক সংগঠন যে-সংগঠনের সদস্যরা বিনিয়োগ ব্যবসায় নিয়োজিত এবং যাঁহারা তাঁহাদের আচরণ নিজেরা নিয়ন্ত্রণ করেন।
- seller n. বিক্রেতা বি. একটি পণ্য-বিক্রয় চুক্তির যে-পক্ষ বিক্রেতার নিকট পণ্য-হস্তান্তর করে কিংবা হস্তান্তর করিতে সন্মত হয়। ১৯৩০ সালের পণ্য-বিক্রয় আইনের ২(১৩) ধারা-অনুসারে 'বিক্রেতা' অর্থ কোনো ব্যক্তি যিনি পণ্য বিক্রয় করেন অথবা বিক্রয় করিতে সন্মত হন। শব্দটি ভূমির মালিকের ভূমি-হস্তান্তরের প্রসঙ্গেও ব্যবহার করা যাইতে পারে, তবে ভূমিবিক্রেতা সচরাচর vendor নামে অভিহিত হন। সম্পব্তি-হস্তান্তর আইনের ৫৫ ধারার ১ হইতে ৪ উপধারায় বিক্রেতার দায়দায়িত্ব সম্পর্কে বলা হইয়াছে। vendor তু.।
- seller's lien বিক্রেতার পূর্বস্বত্ব ১৯৩০ সালের পণ্য-বিক্রয় আইনের ৪৭ ধারার ১ উপধারা-অনুসারে, ওই আইনের বিধানাবলিসাপেক্ষে যে-বাকি বিক্রেতার দখলে পণ্য রিহায়েছে, পণ্যের মূল্যপরিশোধ বা মূল্যপ্রদানের প্রস্তাব না করা পর্যন্ত নিম্নবর্ণিত ক্ষেত্রে তিনি উক্ত পণ্য আটক রাখিতে পারেন :
 - (ক) যে-ক্ষেত্রে ধারের করার ব্যতীত পণ্য বিক্রয় করা হইয়াছে;

ه sentence

(খ) যে-ক্ষেত্রে ধারে পণ্য বিক্রয় করা ইইয়াছে কিন্তু ধারের মেয়াদ অতিবাহিত ইইয়া গিয়াছে:

- (গ) যে-ক্ষেত্রে ক্রেতা দেউলিয়া হইয়াছেন।
- seller's property information form বিক্রেতার সম্পর্কিত তথ্যের ফরম conveyancing দ্র,।
- semi-conductor topography অর্ধ-পরিবাহী বিলিখন কম্পিউটার চিপের উপর সুচ ও অ্যাসিডের সাহায্যে উৎকিরণ।
- semi-judicial অর্ধ-বৈচারিক প্রশাসনিক কার্যাবলিকে দুই ভাগে ভাগ করা যায় : (১) কোয়েজাই-জুডিশিয়াল বা দৃশ্যত বৈচারিক এবং (২) সেমি-জুডিশিয়াল বা অর্ধ-বৈচারিক। quasi-judicial দ্র.।
- semi-secret trust নিমগোপন ন্যাস half-secret trust ज.।
- sending distressing letters পীড়াদায়ক পত্রপ্রেরণ তথ্যটি যে অসত্য তাহা জানিয়া বা বিশ্বাস করিয়া কাহারো নিকট কোনো অশালীন বা অত্যন্ত আপত্তিকর বার্তা অথবা কোনো হুমকি বা অসত্য তথ্যসহ কোনো পত্র বা অন্য কোনো সামগ্রী প্রেরণ করা ইংল্যান্ডের আইনে দওনীয় অপরাধ। একটি অশালীন বা অত্যন্ত আপত্তিকর সামগ্রী প্রেরণ করাও অনুরূপভাবে দওনীয়।
- senior counsel জ্যেষ্ঠ কোঁসুলি ১. lead counsel দ্ৰ. । ২. King's Counsel ও Queen's Counsel দ্ৰ. ।
- seniority n. জ্যেষ্ঠত্ব বি. ১. একজন নিয়োগকর্তার অধীনে একজন কর্মচারীর চাকুরির দৈর্ঘ্যের ভিত্তিতে প্রদত্ত অগ্রগণ্যতা, অধিকার বা বিশেষাধিকারসমূহ। ২. নিয়মিত চাকুরির অন্যতম বৈশিষ্ট্য। অন্য কোনো বস্তু বা ব্যক্তির তুলনায় দীর্ঘজীবন। জ্যেষ্ঠ বা বয়োজ্যষ্ঠ হইবার অবস্থা। সরকারি চাকুরির ক্ষেত্রে ইহার অর্থ চাকুরির দৈর্ঘা।
- sentence n. দণ্ডাদেশ বি. ফৌজদারি মোকদ্দমার ক্ষেত্রে আদালত বা বিচারক কর্তৃক রায় বা আদেশের মাধ্যমে যে-শান্তি প্রদান করা হয়। বিবাদী দোষ স্বীকার করিলে কিংবা দোষী সাব্যস্ত হইলে, তাঁহাকে প্রদেয় শান্তি বর্ণনাপূর্বক আদালতের রায়। আদালত দণ্ডাদেশ প্রদান করিবার পূর্বে বাদীপক্ষকে বিচারকের নিকট আসামির কর্মের পূর্ববৃত্তান্ত উপস্থাপন করিতে হয়, অতঃপর বিবাদীপক্ষ দণ্ডাদেশ লাঘব করিবার জন্য একটি ওজর উত্থাপন করিতে পারেন। দণ্ডাদেশ অবশাই বিচারককে প্রকাশ্য আদালতে এবং আসামির উপস্থিতিতে উচ্চারণ করিতে হয়।

separate ৯१२

separate adj. পৃথক, বিভক্ত, স্বতন্ত্র, বিচ্ছিন্ন, তিন্ন বিণ. অন্য হইতে ভিন্ন বা আলাদা। যেমন, কোনো পৃথক ভূসম্পত্তি। অন্যদের হইতে বিযুক্ত, বিভক্ত বা প্রত্যাহত। এককভাবে বিবেচিত; মাত্র এক ব্যক্তি বা বস্তু সংক্রান্ত; ব্যক্তিগত; বিশিষ্ট। সম্পত্তি-হস্তান্তর আইনের ৪৫ ধারা-অনুসারে পৃথক তহবিল হইতে পণ-প্রদানপূর্বক একাধিক ব্যক্তি কোনো স্থাবর সম্পত্তি খরিদ করিলে বিপরীত চুক্তির অবর্তমানে তাঁহারা প্রত্যেকে মোট পণের যে-অংশ প্রদান করিয়াছেন সেই অংশের অনুপাতে সম্পত্তির মালিক হন।

- separate property পৃথক সম্পত্তি নিম্নলিখিত উপায়ে অর্জিত সম্পত্তি হিন্দু আইনে পৃথক সম্পত্তি বলিয়া গণ্য হইবে:
 - (১) উত্তরাধিকারী আইনের নিয়মানুসারে যে-সম্পত্তিতে জন্মলাভে অধিকার অর্জিত হয় না:
 - (২) পুত্রের প্রতি শ্লেহবশবর্তী হইয়া পিতা কর্তৃক পৈতৃক স্থাবর সম্পত্তির অংশবিশেষদানের সূত্রে প্রাপ্ত সম্পত্তি;
 - (৩) যৌথ পরিবারের সদস্যকে সরকার যদি কোনো বিশেষ সম্পত্তির অনুমোদন প্রদান করেন, তাহা হইলে এইরূপ সম্পত্তি;
 - (৪) যৌথ পারিবারিক সম্পত্তির সহায়তা ব্যতীত অর্জিত সম্পত্তি;
 - (৫) পৃথক সম্পত্তির আয় হইতে সম্পত্তি ক্রীত;
 - (৬) যদি কোনো পুরুষ ঔরসজাতের অন্তিত্ব না থাকে তাহা হইলে বিভাগ-বন্টনের উপর সহ-উত্তরাধিকারী কর্তৃক প্রাপ্ত সম্পত্তি;
 - (৭) যৌথ পরিবারের সদস্য কর্তৃক অর্জিত আলাদা আয়;
 - (৮) ১৯৩০ সালের পাণ্ডিত্যের দ্বারা অর্জন আইনের বিধানানুযায়ী সকলপ্রকার অর্জিত আয়।
- separate trial পৃথক বিচার দেওয়ানি কার্যবিধির ১ আদেশের ২ নিয়মে এবং ২ আদেশের ৬ নিয়মে পৃথকভাবে বিচার-অনুষ্ঠানের আদেশদানের ক্ষমতা আদালতের রহিয়াছে। joinder of defendants দ্র.।
- separation n. ৰিচ্ছিন্নতা, পৃথকৰাস বি. judicial separation order ও living apart দ্ৰ.।
- separation agreement পৃথগ্বাসের চুক্তি স্বামী ও স্ত্রীর মধ্যে একটি চুক্তিবিশেষ, যাহা তাঁহাদের পরস্পরকে একত্রবাসের কর্তব্য হইতে অব্যাহতি প্রদান করে। এইরূপ একটি চুক্তি তথনই শুধু বৈধ হইবে (সাধারণ চুক্তি আইনের বিধানাবলি সাপেক্ষে) যদি বিবাহ ইতিমধ্যেই ভাঙ্গিয়া গিয়া থাকে। ভবিষ্যতে কথনও বিবাহ ভাঙ্গিয়া যাইতে পারে, এই সম্ভাবনার কথা ভাবিয়া পূর্ব-ব্যবস্থা হিসাবে চুক্তি করিলে, তাহা বৈধ হইবে না।

separation of powers ক্ষমডার পৃথক্করণ ব্যক্তিরাধীনতা তথনই গুধু নিন্চিত হইতে পারে, যদি রাষ্ট্রের তিনটি প্রধান কর্তব্যাদি (আইনপ্রণয়ন, নির্বাহী ও বিচারকর্ম সংক্রান্ত) তিনটি পৃথক ও স্বাধীন অঙ্গের দারা নির্বাহিত হয়, এই তত্ত্ব। ফরাসি দার্শনিক মঁতেক্ষিউ্য তার দা লেম্প্রি দে লোয়া (১৭৪৮) গ্রন্থে এই তত্ত্বটি উপস্থাপন করেন। তত্ত্বটি মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান-রচনাকে বহুলভাবে প্রভাবিত করিয়াছিল। ইয় যুক্তরাজ্যের সংবিধানের একটি বৈশিষ্ট্য। তবে কার্যত বিচার বিভাগ স্বাধীন হইলেও, আইন ও নির্বাহী বিভাগ দুটি পরম্পরনির্ভরশীল এবং উহাদের সদস্যগণ অধিক্রমণ করেন।

separation order পৃথগ্ৰাসের আদেশ judicial separation order দ্ৰ.।

- septic tank latrine সেন্টিক ট্যাংক পায়খানা সেন্টিক ট্যাংক পায়খানায় নিম্লোক্ত বিধানসমূহ প্রযোজ্য হইবে:
 - (ক) পরিকল্পিত ট্যাংকটি প্রতিদিন ব্যবহারকারীর সর্বোচ্চ সংখ্যা স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং অনুরূপ সংখ্যানির্দেশক নোটিশ বোর্ড প্রত্যেক পায়খানায় সুম্পষ্টস্থানে স্থাপন করিতে হইবে;
 - (খ) পারখানাসমূহের নক্শা এমনভাবে করিতে হইবে যাহাতে প্রতিজন ব্যবহারকারীর জন্য ২ ঘনফুট হইতে ৩ ঘনফুট জায়গা থাকে এবং প্রতিজন ব্যবহারকারী পিছু ৬ ঘনফুট আয়তনের শোধন মাধ্যমে সম্পন্ন সাধারণ ফিন্টার বেড অথবা রোটারি ফিন্টার হইলে ইহার ধারণক্ষমতা প্রতি ব্যবহারকারীর জন্য ২ ঘনফুটে ব্রাস করা যাইতে পারে:
 - (গ) একদিনে কতজন পায়খানা ব্যবহার করিয়াছেন তাহা হিসাব করিবার জন্য কার্যকর স্বয়ংক্রিয় টার্নন্টাইল অথবা টার্নন্টাইলসমূহ স্থাপন করিতে হইবে এবং প্রতিদিন ব্যবহারকারীর সংখ্যাপ্রদর্শন মোতাবেক নির্গত মান-অনুযায়ী ময়লা নিক্ষাশন ব্যবস্থা রাখিতে হইবে:
 - (ঘ) সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপনে এতদুদ্দেশ্যে নির্দিষ্ট মোতাবেক নির্গত মান-অনুযায়ী ময়লা নিঞ্চাশন ব্যবস্থা রাখিতে ইইবে;
 - (৬) নির্গত ময়লা অথবা অন্য কঠিন বস্তুর সন্তোষজনক নিক্ষাশনের জন্য অন্য কঠিন ময়লা গ্রহণের জন্য অন্ত একঘন্টা সময়ে নিক্ষাশিত ময়লা ধারণক্ষম ঘন ক্ষেত্রাকারের একটি গর্তের ব্যবস্থা করিতে হইবে; গর্তটি পূর্ণ হইয়া গেলে ভার্লটি বন্ধ হইয়া যাইবে এবং কঠিন পদার্থ ও পদ্ধিল ময়লা থিতানোর জন্য সময় দেওয়া হইবে; নির্গত ময়লা তখন নিক্ষাশিত করিয়া জীবাণুমুক্ত করা হইবে এবং কঠিন ও আঁঠালো পদার্থ গভীর পরিবায় প্রেরিত অথবা পুরিয়া ফেলা হইবে; প্রধান পরিদর্শক যদি কোনো সেন্টিক ট্যাংক সম্পর্কে এই মর্মে সন্তুষ্ট হন যে, সেখানে (গ) অনুচ্ছেদের

sequestration 548

প্রয়োজনীয় ব্যবস্থার প্রয়োজন নাই, তাহা হইলে তিনি লিখিত আদেশদ্বারা, প্রয়োজনবোধে তাঁহার আরোপিত শর্তসাপেক্ষে, উক্ত অনুচ্ছেদ হইতে অব্যাহতি দিতে পারিবেন।

- sequestration n. জব্দকরণ বি. কোনো ব্যক্তির সম্পত্তির নিয়ন্ত্রণ গ্রহণ করিবার নিমিন্ত ইংল্যান্ডে (সাধারণত চারজন) কমিশনারের (যাহাদের জব্দকারী বলা হয়) উদ্দেশ্যে জারিকৃত রিট আকারে আদালতের একটি আদেশ। আদেশটি এমন-কোনো ব্যক্তির বিরুদ্ধে জারি করা যাইতে পারে, যিনি আদালতের কোনো আদেশ (যেমন, একটি নিষেধাজ্ঞা) অমান্য করিয়া আদালতের অবমাননা করিয়াছেন। তিনি আদেশ মান্য না করা অবধি তাঁহার সম্পত্তি আটক রাখা হয়। বাংলাদেশে দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশের ২(৩) নিয়মে অস্থায়ী নিষেধাজ্ঞা অমান্যের জন্য এবং ২১ আদেশের ৩২ নিয়মে স্থায়ী নিষেধাজ্ঞা অমান্যের জন্য একং ২১ আদেশের বিধান বর্ণিত হইয়াছে।
- servant n. সেবক বি, একজন কর্মচারী। employee দ্র. ।
- servant of the government সরকারি কর্মচারী সংবিধানের ১৫২ অনুচ্ছেদঅনুসারে, প্রজাতন্ত্রের কর্মে বেতনাদিযুক্ত পদে অধিষ্ঠিত বা কর্মরত কোনো ব্যক্তি।
 দণ্ডবিধির ১৪ ধারার-সংজ্ঞানুসারে কর্মচারী বলিতে সরকারের কর্তৃত্বলে বা অধীনে
 বাংলাদেশে বহাল, নিযুক্ত বা নিয়োজিত সমুদয় কর্মকর্তা ও কর্মচারী বৃঝাইবে।
 এতৎসহ public servant দ্র.।
- service n. জারিকরণ বি. আদালতের মামলা-মোকদ্দমা সংক্রান্ত কোনো পরওয়ানা-হস্তান্তর। পরওয়ানাটি সংশ্লিষ্ট ব্যক্তির নিকট হাতে হাতে বিলি করিয়া জারি করা যাইতে পারে কিংবা ওই ব্যক্তি কর্তৃক প্রদত্ত প্রজ্ঞাপনের ঠিকানায় বিলি করা যাইতে পারে। এতৎসহ substituted service ও personal service দ্র.।
- service court সশন্ত্রবাহিনীর আদালত সশন্ত্রবাহিনীসমূহে কর্মরত যে-সকল ব্যক্তি সশন্ত্রবাহিনীসমূহের শৃঙ্খলারক্ষা আইনের অধীন, তাঁহাদের উপর এখতিয়ারসম্পন্ন আদালত।
- service law সশস্ত্রবাহিনীর আইন যে-আইন সশস্ত্রবাহিনীসমূহের সদস্যদের আচরণ
 নিয়ন্ত্রণ করে। ইহা সেনাবাহিনী আইন, নৌবাহিনী আইন ও বিমানবাহিনী আইন
 লইয়া গঠিত (সেনাবাহিনী আইন সেনাবাহিনী শাখা সংক্রান্ত হইলেও, ইহা প্রায়শ
 তিনটি শাখা বর্ণনা করিতে ব্যবহৃত হয়)। সশস্ত্রবাহিনীর আইন বিশেষায়িত
 ফৌজদারি আইন সংহিতা। ইহার মূলগত অভীষ্ট শৃঙ্খলারক্ষা এবং ইহাতে এমন
 কতকগুলি অপরাধ অন্তর্ভুক্ত করা হয়, যাহার কোনো প্রতিরূপ সাধারণ ফৌজদারি
 আইনে পাওয়া যায় না।

age servitude

service of notice বিজ্ঞপ্তি জারি বিজ্ঞপ্তি জারি বলিতে তধুমাত্র আনুষ্ঠানিক প্রজ্ঞাপনই বৃষ্ণায় না, অনানুষ্ঠানিক প্রজ্ঞাপনও বৃষ্ণায়। অনুরূপভাবে, সংরচনাত্মক বা অনানুষ্ঠানিক বিজ্ঞপ্তিও ইহার অন্তর্ভুক্ত বলিয়া ধরিয়া লইতে হইবে।

- service of summons সমন জারি যাঁহার প্রতি নির্দেশিত তাঁহার বা তাঁহার পক্ষে
 অন্য কোনো ব্যক্তির নিকট সমন পৌছাইয়া দেওয়া বা তদভাবে তাঁহার বাসস্থান বা
 কর্মস্থানে লটকাইয়া দেওয়া। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরিত এবং প্রত্যাখ্যাত বলিয়া
 পৃষ্ঠান্ধিত একটি সমনের চিঠিই দৃশ্যত প্রমাণ করে যে, বিবাদীর উহা গ্রহণ করিবার
 সুযোগ ছিল। এইরূপ একটি পত্র উপযুক্ত ও যথোচিত সমন জারি বলিয়া গণ্য।
 দেওয়ানি কার্যবিধির ৫ আদেশের ৯ নিয়ম হইতে ২৯ নিয়ম পর্যন্ত সমনপদ্ধতি
 সম্পর্কে বিধান রহিয়াছে।
- Service of the Republic প্রজাতন্ত্রের কর্ম সংবিধানের ১৫২ অনুচ্ছেদ-অনুসারে, অসামরিক বা সামরিক ক্ষমতায় বাংলাদেশ সরকার-সংক্রান্ত যে-কোনো কর্ম, চাকুরি বা পদ এবং আইনের দ্বারা প্রজাতন্ত্রের কর্ম বলিয়া ঘোষিত হইতে পারে, এইরূপ অন্য কোনো কর্ম।
- service out of the jurisdiction এখতিয়ার-বহির্ভ্ এলাকায় জারি ইংল্যান্ড ও ওয়েলসের বাহিরে কোনো দাবিপত্র কিংবা অন্য প্রারম্ভিক তলবপত্র জারি করা। ইহার জন্য সাধারণত আদালতের অনুমতি প্রয়োজন হয় এবং আদালতের নিয়মাবলিতে নির্ধারিত কিছুসংখ্যক সীমিত পরিস্থিতিতে অনুরূপ অনুমতি দেওয়া হয়। বাংলাদেশে দেওয়ানি কার্যবিধির ৫ আদেশের ২১ নিয়ম-অনুসারে সনদ দানকারী আদালত বিবাদীর বাসস্থানের উপর জারির জন্য এখতিয়ারসম্পন্ন আদালতের নিকট (হাইকোর্ট বিভাগ নহে) কোনো কর্মচারীর মারফত অথবা ডাকযোগে সমন প্রেরণ করিতে পারিবেন।
- service tenancy চাকরান প্রজাস্বত্ব যে-প্রজাস্বত্ব বাড়িওয়ালা ভাড়াটিয়ার নিয়োগকর্তাও বটেন এবং নিয়োগের একটি শর্ত হিসাবে গৃহবাটিকা ভাড়া দেওয়া হইয়াছে। যদিও এইরূপ প্রজাস্বত্ব একটি সুরক্ষিত প্রজাস্বত্ব হইতে পারে, তবু বাড়িওয়ালা যদি আর ভাড়াটিয়ার নিয়োগকর্তা না থাকেন, তাহা হইলে তিনি দখল পাইবার জন্য ইংল্যান্ডের কাউন্টি আদালতে আবেদন করিতে পারেন। এইক্ষেত্রে দখল দেওয়া হইবে কি না. তাহা আদালতের স্ববিবেচনাধীন।
- servient tenement প্রভাবাধীন ভূমি যে-ভূমি প্রভাববিস্তারকারী ভূমির বর্তস্বত্ব, ইট্যাহণাধিকার বা নিয়ন্ত্রণকারী শর্তের মতো দায়ের অধীন।
- servitude n. অধীনতা, পারতন্ত্র বি. একটি রাষ্ট্রের ভূখণ্ডে সার্বভৌমত্ব প্রয়োগের উপর সীমারোপণ। দৃষ্টান্তস্বরূপ, ১৮৫৬ সালে রাশিয়া একটি চুক্তির দ্বারা বর্থনিয়া উপসাগরের মুখে উহার নিজস্ব দ্বীপগুলিতে দুর্গনির্মাণ না করিতে সম্মত হয়।

session ৯৭৬

session n. অধিবেশন বি. বাংলাদেশ সংবিধানের ১৫২ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, 'অধিবেশন (সংসদ-প্রসঙ্গে) অর্থ এই সংবিধান-প্রবর্তনের পর কিংবা একবার স্থগিত হইবার বা ভাঙ্গিয়া যাইবার পর সংসদ যখন প্রথম মিলিত হয়, তখন ইইতে সংসদ স্থগিত হওয়া বা ভাঙ্গিয়া যাওয়া পর্যন্ত বৈঠকসমূহ।'

- set apart vb. আলাদা করিয়া রাখা ক্রি. কিছু জমি কতিপয় ব্যক্তির জন্য আলাদা করিয়া রাখিবার বিধান-সংবলিত কোনো চুক্তিতে 'আলাদা করিয়া রাখা' উন্তিই ওইরূপে সংরক্ষিত জমির স্বত্ব বা মালিকানা প্রদান করিবার জন্য যথেষ্ট। কোনো বিশেষ উদ্দেশ্যে জমি আলাদা করিয়া রাখিবার জন্য ইহা আবশ্যক নহে যে ওইরূপে আলাদা করিয়া রাখা অপ্রত্যাহারযোগ্য হইতে হইবে।
- set aside of ex parte decree একতরফা ডিক্রি রদ দেওয়ানি কার্যবিধির ৯ আদেশের ১৩ নিয়মে একতরফা ডিক্রি রদসংক্রান্ত বিধানে বর্ণিত হইয়াছে যে, কোনো মামলার বিবাদীর বিরুদ্ধে একতরফা ডিক্রি দেওয়া ইইয়া থাকিলে উহা রদ করিবার জন্য বিবাদী ডিক্রি-দানকারী আদালতে আবেদন করিতে পারিবেন। বিবাদী যদি সন্তোষজনকভাবে প্রমাণ করিতে পারেন যে, তাঁহার উপর সমন যথারীতি জারি হয় নাই, অথবা তিনি কোনো যথেষ্ট কারণে মামলার শুনানির সময়ে হাজির ইইতে পারেন নাই, তবে আদালত খরচা সম্পর্কে উপযুক্ত শর্তসাপেক্ষে উক্ত ডিক্রি রদের আদেশদান করিবেন এবং মামলা-বিচারের জন্য তারিখ নির্ধারণ করিবেন। তবে ডিক্রি যদি এইরূপ ধরনের হয় যে, উহা কেবল আবেদনকারী-বিবাদীর উপর ইইতে রদ করা সম্ভবপর নহে, সেইক্ষেত্রে অন্যসকল বা যে-কোনো বিবাদীর উপর ইইতেও উহা রদ করা যাইবে।
- set fire vb. আন্থন লাগানো, অগ্নিসংযোগ করা ক্রি. অগ্নিসংযোগের অপরাধরণে, গণ্য ইইবার জন্য অগ্নিশিখা দৃষ্টিগোচর ইইবার প্রয়োজন নাই। দণ্ডবিধির ৪৩৬ ধারা- অনুসারে গৃহাদি ধ্বংসসাধনের উদ্দেশ্যে আগুন লাগাইবার অপরাধের শান্তি দশ বংসর পর্যন্ত কারাদণ্ড ও অর্থদণ্ড।
- set up vb. স্থাপন করা, প্রতিষ্ঠা করা ক্রি. কারখানা স্থাপিত বা প্রতিষ্ঠিত হইবার
 অর্থ ইইল সকল প্রস্তুতিশেষে উহা ব্যবসা শুরু করিবার জন্য উপযুক্ত এবং প্রস্তুত।
 কোনো প্রতিষ্ঠান বা কারখানার ভবন নির্মিত এবং তাহার অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি,
 কলকজা, স্থাবর দ্রব্যসাম্মহী ইত্যাদি সংস্থাপিত না হওয়া পর্যন্ত ইহা বলা যাইবে না
 যে, কারখানা স্থাপিত হইয়াছে। ১৯৬৫ সালের কারখানা আইনের ২(চ) ধারাঅনুসারে, যে-গৃহে দশ বা ততোধিক ব্যক্তি শক্তিচালিত বা শক্তির সাহায্য ছাড়াই
 কোনো উৎপাদন প্রক্রিয়ায় কাজ করেন তাহাই কারখানা।
- set-off n. পালটাদাবি বি. অর্থঘটিত একটি পালটা দাবি, যাহা মামলায় বাদীকর্তৃক উত্থাপিত দাবির বিরুদ্ধে একটি সাফাইও বটে। আধুনিক রীতানুসারে, একজন বিবাদীর যে-কোনো অঙ্কের অর্থের (অঙ্কটি নিরূপিত হউক বা না হউক) দাবি যদি

একই সঙ্গে একটি সাফাই হিসাবেও ব্যবহৃত হয়, তবে উহা বাদীর দাবির সহিত কাটাকাটি করা যাইতে পারে। দেওয়ানি কার্যবিধির ৮ আদেশের ৬ নিয়ম-অনুসারে, লিখিত বিবৃতিতে পারম্পরিক দায়পরিশোধের বর্ণনা দান করিতে হইবে। বিবাদীর লিখিত বিবৃতিসম্পর্কিত বিধিসমূহ পারম্পরিক দায়পরিশোধের দাবিতে প্রদন্ত বিবৃতির জবাবের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

- setting aside বাতিলকরণ বি. অন্য কোনো আদেশ বা রায় কিংবা মোকদ্দমার কোনো পক্ষকর্তৃক গৃহীত কোনো পদক্ষেপ বাতিল বা অসিদ্ধ করিয়া জারিকৃত আদানতের একটি আদেশ। judgment দ্র.।
- setting down for trial ত্বনানির জন্য লিপিবদ্ধকরণ পূর্বকালে ইংল্যান্ডের
 হাইকোর্টে একটি রিটের মাধ্যমে আরব্ধ কোনো মামলায় অন্তর্বর্তীকালীন কার্যাবলির
 শেষ পর্যায়। দেওয়ানি প্রক্রিয়ার নিয়মাবলি-অনুযায়ী বর্তমানে এ-বিষয়ে বিচারের
 জন্য বরাদ্দকরণ প্রণালির মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হয়। allocation দ্র.।
- settled adj. আবাসিত বিণ. ইংল্যাণ্ডের আইনে, যিনি সচরাচর যুক্তরাজ্যনিবাসী এবং সেখানে অবস্থানের দৈর্ঘ্য সম্পর্কে অভিবাসন আইন-অনুযায়ী কোনো বিধিনিষেধের অধীন নহেন।
- settled land বন্দোবন্তি জমি যে-জমি ইংল্যান্ডের ১৯২৫ সালের বন্দোবন্তি জমির আইন-অনুযায়ী বন্দোবন্ত দেওয়া হইয়াছে। অর্থাৎ যে-জমিতে পর্যায়ক্রমে দুই বা ততাধিক হিতপ্রাহীর স্বত্ব (beneficial interest) রহিয়াছে কিংবা যে-জমি মানিকের ক্ষমতার উপর আরোপিত অন্য কতকগুলি বাধানিষেধের অধীন।
- settlement n. বিলিবন্দোবস্ত বি. ১. দলিল, ইচ্ছাপত্র কিংবা, বিরল ক্ষেত্রে, সংবিধির দারা প্রদন্ত জমি বা সম্পত্তির বিলিব্যবস্থা। দলিল, ইচ্ছাপত্র বা সংবিধির দারা হিত্যাহী বা ইষ্টভোগীদের নাম এবং যে-সকল শর্তে তাঁহারা সম্পত্তি গ্রহণ করিবেন, বন্দোবস্তদাতা তাহা উল্লেখপূর্বক ন্যাস সৃষ্টি করেন। বন্দোবস্ত নানান ধরনের হইতে পারে। যেমন, বৈবাহিক বন্দোবস্ত, সম্যক বন্দোবস্ত, বেচ্ছাবৃত্ত বন্দোবস্ত এবং বিশেষত, বন্দোবন্তি জমির আইন-অনুযায়ী বন্দোবস্ত। ২. জমিদার প্রভৃতিকে কোনো এলাকার ধার্ম জমা পরিশোধ করিবার শর্তে তাহার ব্যবস্থাপনা করার জন্য অর্পণ করা। রায়তের দখলি জমির জন্য জমা ধার্ম করিয়া তাহা তাঁহাকে ভোগদখল করিতে দেওয়াকেও বন্দোবস্ত বলা হয়। ৩. সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৩ ধারা-অনুসারে, 'বন্দোবস্ত' অর্থ এমন দলিল (১৯২৫ সালের উত্তরাধিকার আইন-অনুসারে যাহা ইচ্ছাপত্র বা ইচ্ছাপত্রের সংযোজনী নহে) যাহার দ্বারা স্থাবর বা অস্থাবর সম্পত্তিতে আনুক্রমিক স্বত্বের উত্তরাধিকার বা লক্ষ্যে বিলিবন্দোবস্ত করা হয় অথবা বিলিবন্দোবস্ত করিবার সম্বতি প্রকাশ করা হয়। ৪. স্ট্যাম্প আইনের ২(২৪) ধারা-অনুসারে,

বিবাহের পণ-প্রবৃত্তিমূলে, পরিবারের মধ্যে সম্পত্তিবন্টন বা কোনো ব্যক্তির বা তাঁহার উপর নির্ভরশীল ব্যক্তির সংস্থানের জন্য, অথবা কোনো ধর্মীয় বা দাতব্য উদ্দেশ্যে ইচ্ছাপত্র ব্যতীত লিখিত দলিলমূলে স্থাবর বা অস্থাবর সম্পত্তির হস্তান্তর যাহার অন্তর্ভুক্ত হয় অনুপ কোনো হস্তান্তরের লিখিত সম্মতি এবং যেখানে লিখিতভাবে অনুপ কোনো হস্তান্তরের করা হয় নাই, সেখানে অনুপ হস্তান্তরের শর্ত-সংবলিত দলিলমূলে লিপিবদ্ধ ন্যাস বা অন্য কিছুর স্বত্ব সৃষ্টির ঘোষণা। ৫. ১৯৬৯ সালের শিল্প সম্পর্কে অধ্যাদেশ-অনুসারে বিরোধ-নিম্পত্তি। উক্ত অধ্যাদেশের ২(২৪) ধারা-অনুসারে, আপসরফা অর্থে সালিশির মাধ্যমে কৃত মীমাংসা এবং সালিশি ছাড়া অন্য কোনোভাবে নিয়োগকর্তা ও মজুরদের ভিতরে যে-কোনো চুক্তিও ইহার অধীন বলিয়া বিরেচিত হইবে। তবে উক্ত চুক্তি লিখিত এবং নির্দিষ্ট নিয়ম ও পদ্ধতি-অনুযায়ী উভয়পক্ষের স্বাক্ষরকৃত হইতে হইবে এবং উহার নকল সরকার, সালিশকারী এবং নির্দেশিত অপর কোনো ব্যক্তির নিকট পাঠাইতে হইবে।

settlement conference মীমাংসা-সভা ২০০৩ সালের অর্থঝণ আদালত আইনের চতুর্থ পরিচ্ছেদে বর্ণিত সাধারণ পদ্ধতিতে মামলার বিচার বা শুনানি সম্পর্কিত যে-বিধানই থাকুক না কেন, ওই আইনের অধীন দায়েরকৃত কোনো মামলায় বিবাদী কর্তৃক লিখিত জবাব দাখিলের পর, আদালত ২৪ ধারার বিধানসাপেক্ষে, যথাযথ মনে করিলে, পরবর্তী কার্যক্রম স্থূগিত রাখিয়া একটি মীমাংসা-সভা আহ্বান করিতে পারিবেন এবং উক্ত সভায় পক্ষগণ, তাহাদের নিযুক্ত আইনজীবী ও প্রতিনিধিগণকে উপস্থিত থাকিতে নির্দেশ প্রদান করিতে পারিবেন। আদালতের বিচারক মীমাংসা-সভায় সভাপতিত্ব করিবেন, এবং এই ধারার অধীন মীমাংসা-সভা রুদ্ধঘারকক্ষে অনুষ্ঠিত হইবে। বিচারক মীমাংসা-সভায় পক্ষগণ এবং তাহাদের নিযুক্ত আইনজীবী ও প্রতিনিধিগণকে বিরোধের বিষয়বস্তু ব্যাখ্যা করিয়া মীমাংসায় উপনীত হওয়ার লক্ষ্যে প্রয়াস চালাইবেন, তবে এইরূপ প্রয়াসে তিনি তাঁহার নিজম্ব প্রস্তাব গ্রহণের জন্য পক্ষদের উপর কোনোরূপ চাপ প্রয়োগ করিবেন না। মীমাংসা-সভার মাধ্যমে মামলার বিরোধ মীমাংসিত হইয়া থাকিলে মীমাংসার শর্তসমূহ চুক্তির আকারে লিপিবদ্ধ করিতে হইবে এবং উহাতে সম্পাদনকারী হিসাবে পক্ষগণ এবং সাক্ষী হিসাবে আইনজীবী ও উপস্থিত প্রতিনিধিগণ স্বাক্ষর করিবেন: অতঃপর আদালতে উহার ভিত্তিতে ১৯০৮ সালের দেওয়ানি কার্যবিধির ২৩ আদেশের সংশ্লিষ্ট বিধান-অনুযায়ী প্রয়োজনীয় আদেশ বা ডিক্রি প্রদান করিবেন। যে-তারিখে আদালত মীমাংসা-সভার মাধ্যমে মামলার বিরোধ-নিষ্পত্তির লক্ষ্যে সিদ্ধান্ত গ্রহণ করিবেন, সেই তারিখ হইতে ষাট (৬০) দিবসের মধ্যে মীমাংসা-সভার কার্যক্রম পরিসমাপ্ত করিতে হইবে, যদি না পক্ষগণের লিখিত আবেদনের ভিত্তিতে বা, কারণ লিপিবদ্ধ করিয়া স্ব-উদ্যোগে, আদালত উক্ত সময়সীমা আরো অনধিক ৩০(ত্রিশ) দিবস বর্ধিত করিয়া থাকেন। মীমাংসা-সভার মাধ্যমে মামলার বিরোধ নিষ্পত্তির প্রয়াস বার্থ হইলে, উজ

আদালতে যদি না ইতিমধ্যে বিচারক বদলি হইয়া থাকেন, মামলার পরবর্তী শুনানি করা যাইবে না। গুনানির জন্য উপযুক্ত এখতিয়ারসম্পন্ন অন্য কোনো আদালতে মামলাটি স্থানান্তর করিতে হইবে এবং মীমাংসা-সভার সিদ্ধান্তের অব্যবহিত পূর্ববর্তী অবস্থান হইতে মামলার গুনানির কার্যক্রম এমনভাবে গুরু ও পরিচালনা করিতে হইবে যেন এই ধারার অধীনে মীমাংসা-সভা বিষয়ে আদৌ কোনো কার্যক্রম গহীত হয় নাই। উপরিউক্ত বিধানমতে মামলাটি উপযুক্ত এখতিয়ারসম্পন্ন অন্য কোনো আদালতে স্থানান্তর করা কোনো কারণে সম্ভব না হইলে, জেলা জজ তাঁহার প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন উপযুক্ত অপর একজন বিচারককে অস্থায়ীভাবে (on ad-hoc basis) উক্ত আদালতে উক্ত নির্দিষ্ট মামলাটি গুনানি করিবার জন্য নিয়োগ করিতে পারিবেন। ওই ধারার অধীন মধ্যস্থতা-কার্যক্রম গোপনীয় হইবে এবং পক্ষগণ, তাহাদের নিযুক্ত আইনজীবী, প্রতিনিধি এবং মধ্যস্থতাকারীর মধ্যে অনুষ্ঠিত কোনো আলোচনা বা পরামর্শ, উপস্থাপিত কোনো সাক্ষ্য, প্রদত্ত কোনো স্বীকৃতি, বিবৃতি বা মন্তব্য গোপনীয় গণ্য হইবে এবং পরবর্তীকালে অনুষ্ঠিত ওই মামলার গুনানির কোনো পর্যায়ে বা অন্য কোনো কার্যক্রমে তাহার উল্লেখ করা যাইবে না বা সাক্ষ্য হিসাবে ইহা গ্রহণযোগ্য হইবে না। কোর্ট ফি আইনে যাহা কিছুই থাকুক না কেন, যদি ওই ধারার অধীন কোনো মামলার বিরোধ সীমাংসা-সভার মাধ্যমে মীমাংসিত হয়, তাহা হইলৈ আদালত কোনো পক্ষ কর্তৃক আরজি কিংবা লিখিত বর্ণনার উপর প্রদত্ত কোর্ট ফি ফেরতপ্রদানের লক্ষ্যে আদেশ অন্তর্ভুক্ত করিয়া একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন এবং উহার ভিত্তিতে পক্ষগণ প্রদত্ত কোর্ট ফি ফেরত পাইবার অধিকারী হইবে। এই ধারার অধীন মীমাংসা-সভার মাধ্যমে সম্পাদিত মীমাংসার ভিত্তিতে আদালত কর্তৃক প্রদত্ত কোনো আদেশের বিরুদ্ধে উচ্চতর কোনো আদালতে কোনো আপিল বা রিভিশন দায়ের করা যাইবে না।

settlement of accounts হিসাব-নিষ্পত্তি বি. দুই ব্যক্তির মধ্যে একটি চুক্তিবিশেষ,
যদ্দারা তাঁহারা নিজেদের লেনদেনের হিসাবের অবস্থা নিরূপণপূর্বক একটি আপসরফা
করেন। হিসাব-নিষ্পত্তি বলিতে অবধারিতরূপে অর্থপ্রদান বা সন্তোষণ বুঝায় না,
যদিও তাহা বুঝাইতেও পারে। নিষ্পত্তির অর্থ ঋণশোধ, কটকসমূহের নিরসন,
বোঝাপড়া ইত্যাদি।

settlement of action মোকদ্দমার আপস-নিম্পন্তি উভয় পক্ষের সম্মতিক্রমে একটি দেওয়ানি মামলার স্বেচ্ছাবৃত্ত পরিসমাপ্তি। আপস-নিম্পন্তি যে-কোনো সময়ে করা যাইতে পারে এবং নিম্পন্তির পরে দাবিদার সাধারণত একটি অবসানের বিজ্ঞপ্তি দাখিল করেন। কোনো বিশেষ আনুষ্ঠানিকতা পালন করিতে হয় না, তবে যদি কোনো অক্ষমতার অধীন একটি পক্ষ (যেমন, কোনো নাবালক বা মানসিক রোগী) অর্থ দাবি করেন, তাহা হইলে আদালতের অনুমোদন ব্যতীত একটি আপস-নিম্পন্তি (তাঁহার

দাবির সম্পর্কে) বৈধ নহে। দেওয়ানি কার্যবিধির ২৩ আদেশের ৩ নিয়ম-অনুসারে পক্ষগণ মামলা আপস-নিম্পত্তি করিতে পারেন। structured settlement ও Tomlin Order দ্র.।

- settlement of issues বিচার্য বিষয়ের নিষ্পত্তি একটি দেওয়ানি মামলায় পক্ষণ্ডলির মধ্যে আইন বা তথাঘটিত বিতর্কিত বিষয়ে আদালতের নিষ্পত্তি।
- settlement officer n. জরিপ-কর্মকর্তা বি. জেলার কালেক্টর কিংবা রাজস্ব-ঘটিত এখতিয়ারের দায়িতৃপ্রাপ্ত যে-কোনো কর্মকর্তা। কালেক্টর বা উক্ত কর্মকর্তা যে-কোনো সহকারী কমিশনার, ডেপুটি কালেক্টর বা সাব-ডেপুটি কালেক্টরকে ভূমি-জরিপসংক্রান্ত তদন্ত ও কার্যক্রম পরিচালনার্থে ক্ষমতা প্রদান করিলে, তাঁহারাও জরিপ-কর্মকর্তার অন্তর্ভুক্ত হইবেন।
- settler n. বসভিস্থাপনকারী বি. ১. যে-ব্যক্তি বসতি করিবার উদ্দেশ্যে সম্পত্তি অধিকার করেন। পরিশব্দটি সাধারণত একটি দেশ বা অঞ্চলের আদি অধিবাসীদের সম্বন্ধে প্রয়োগ করা হয়। ২. settlor তু.।
- settling issues বিচার্য বিষয়-নির্ধারণ দেওয়ানি কার্যবিধির ১৪ আদেশে বিচার্য বিষয়-নির্ধারণ, প্রণয়ন ও পদ্ধতি সম্পর্কে বিধান বর্ণিত হইয়াছে। ১৪ আদেশের ১ (১) নিয়ম-অনুসারে যখন তথ্যসংক্রান্ত বা আইনসংক্রান্ত কোনো গুরুত্বপূর্ণ বিষয় একপক্ষ স্বীকার করেন এবং অপরপক্ষ অবীকার করেন তখন বিচার্য বিষয়ের উদ্ভব হয়। ৪১ আদেশের ২৫ নিয়মে বলা হইয়াছে যে, যে-আদালতের ডিক্রির বিরুদ্ধে আপিল দায়ের করা হইয়াছে সেই আদালত যদি বিচার্য বিষয় প্রণয়ন বা বিবেচনা না করিয়া থাকেন অথবা তথ্যসংক্রান্ত এমন কোনো প্রশ্ন নিম্পত্তি না করিয়া থাকেন, যাহা আপিল আদালতের বিবেচনায় মামলাটিতে যথাযথ সিদ্ধান্তগ্রহণের জন্য আবশ্যক ছিল, তবে আপিল আদালত প্রয়োজনবোধে সংশ্লিষ্ট বিচার্য বিষয় প্রণয়ন করিয়া যে-আদালতের ডিক্রির বিরুদ্ধে আপিল ইইয়াছে সে-আদালতে উহা বিচারের জন্য প্রেরণ করিতে পারিবেন। এইরূপ ক্ষেত্রে আপিল আদালত উক্ত আদালতকে প্রয়োজনীয় অতিরিক্ত প্রমাণগ্রহণের নির্দেশদান করিবেন।
- settlor n. বন্দোবস্তকারী বি. যে-ব্যক্তি একটি বন্দোবস্ত সৃষ্টি করেন। ব্যাপক অর্থে, ইচ্ছাপত্রকারগণও এই পরিশব্দটির অন্তর্ভুক্ত। সংকীর্ণতর অর্থে, ইহা সেই ব্যক্তিকে নির্দেশ করে, যিনি তাঁহার জীবদ্দশায় সম্পত্তি বিলিবন্দোবস্ত করেন।
- Seventh Amendment সপ্তম সংশোধন ১৯৮৬ সালের সংবিধান (সপ্তম সংশোধন)
 আইন-অনুসারে ১৯৮২ সালের সামরিক শাসনকালে প্রধান সামরিক আইন প্রশাসক
 যে-সকল ফরমান, ফরমান-আদেশ, আদেশ, নির্দেশ, অধ্যাদেশ ও আইন জারি

করেন সেগুলি সপ্তম সংশোধনের মাধ্যমে অনুমোদিত হয়। প্রধান সামরিক আইন প্রশাসক যে-সকল আদেশ, আইন ইত্যাদি জারি করেন সেগুলি বৈধভাবে প্রণীত ইইয়াছে বলিয়া এবং তৎসম্পর্কে কোনো আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কোনো প্রশু উত্থাপন করা যাইবে না বলিয়া ঘোষিত হয়।

several adj. পৃথগাত্মক বিণ. (যৌথের বৈপরীত্যক্রমে) পৃথক, যেমন যৌথ পৃথগাত্মক ও পৃথগাত্মক প্রজাস্বতু।

several tenancy পৃথগাত্মক প্রজারত্ব জমিতে এক ব্যক্তির নিরক্কুশ মালিকানা, অর্থাৎ যে-মালিকানা যৌথ বা এজমালি নয়। joint tenancy ও tenancy in common তু.।

severance n. পৃথক্করণ বি. ১. জমিতে একটি ন্যায়সংগত যৌথ প্রজাস্বত্বকে একটি এজমালি প্রজাস্বত্বে রূপান্তরিতকরণ। দৃষ্টান্তস্বরূপ, যৌথ প্রজাদের পারস্পরিক সমতিক্রমে, তাঁহাদের একজনের দেউলিয়াত্বের দ্বারা, জমি কিংবা একজন যৌথ প্রজার মরিকানা বিক্রয়ের দ্বারা কিংবা অন্য যৌথ প্রজাদের নিকট লিখিত বিজ্ঞপ্রিসানের মাধ্যমে পৃথক্করণ সম্পন্ন ইইতে পারে। একটি আইনি যৌথ প্রজাস্বত্বক এজমালি প্রজাস্বত্বে (lenancy in common) রূপান্তরিত করা সম্ভবপর নহে, কেননা এজমালি প্রজাস্বত্ব আইনি ভূসম্পত্তি বা রিক্থ হিসাবে বিদ্যমান থাকিতে পারে না। ২. একটি চুক্তির ভালো অংশগুলি প্রত্যাখ্যাত দৃষ্ট অংশগুলি ইইতে পৃথক্করণ। পৃথক্করণের তত্ত্ব এমন যে-কোনো চুক্তি সম্বন্ধে প্রযোজ্য, যাহাতে সংবিধি বা প্রথানুগ আইন-অনুযায়ী বাতিল কিংবা, কোনো কোনো ক্ষেত্রে, বেআইনি ধারা রিইয়াছে। void contract দ্র.।

severance pay বরখান্ত-ভাতা একজন কর্মচারীর নিয়োগ-চুক্তি পরিসমাপ্ত করা হইলে, ইংল্যান্ডের সাধারণ আইন-অনুযায়ী তিনি যে-অর্থলান্ডের অধিকারী। যেমন, তাঁহাকে অপর্যাপ্ত বিজ্ঞপ্তি দিয়া বরখান্ত করা হইলে, বিজ্ঞপ্তির স্থলে বেতন। একটি নির্দিষ্ট মেয়াদি চুক্তি অবসানের পূর্বে বরখান্তকৃত একজন কর্মচারী চুক্তির অবশিষ্ট সময়ে তিনি যে-বেতন উপার্জন করিতেন, তাহার ক্ষতিপূরণ বাবদ আদালতে খেসারত দাবি করিতে পারেন, যদি না তাঁহাকে কোনো চুক্তিভঙ্গের জন্য বরখান্ত করা হইয়া থাকে। এতংসহ redundancy payment, unfair dismissal ও wrongful dismissal দ্র.।

. severe disablement allowance গুরুতর পঙ্গুত্ব ভাতা পূর্বকালে দীর্ঘস্থায়ী পীড়া বা পঙ্গুত্বের দরুন যাঁহারা কাজ করিতে পারিতেন না এবং যাঁহাদের অশক্তিপ্রযুক্ত অর্থ দাবি করিবার মতো জাতীয় বিমায় যথেষ্ট অংশদান ছিল না, তাঁহাদেরকে প্রদেয় একটি করমুক্ত অনংশদায়ী (non-contributory) আর্থিক সুবিধা।

- severe mental impairment শুরুতর মানসিক দৌর্বল্য বুদ্ধির অভাব ও সামাজিক ক্রিয়ার অক্ষমতা, তৎসহ আক্রমণাত্মক এবং গুরুতর দায়িত্বহীন আচরণ। mental impairment তৃ.।
- sewage n. ভরল আবর্জনা নর্দমা দিয়া নিষাশিত তরল ময়লা। পায়খানা, নর্দমা, দেশীচাগার, মলমূত্রত্যাগের স্থান, মূত্রাধার, কুয়া ইত্যাদি স্থানের ময়লা। ভৃগর্ভস্থ মলকুও, আস্তাবল, গোয়ালঘর ও একই ধরনের অন্যান্য স্থানের ময়লাও ইয়ার অন্তর্ভুক্ত। ইহার দ্বারা শিল্পোৎপাদন প্রক্রিয়ায় উদ্ভূত এবং গৃহস্থালিতে উদ্ভূত সকল ধরনের তরল ময়লাও বুঝায়।
- sewerage surcharge পয়ঃ অভিকর ১৯৯৬ সালের পানি সরবরাহ ও পয়ঃনিয়াশন আইনের ২(জ) ধারা-অনুসারে, পয়ঃব্যবস্থা ব্যবহারের জন্য কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত চার্জ। পয়ঃসংযোগদানের জন্য কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত হইতে পারে এইরূপ চার্জ বা ফিসও ইহার অন্তর্ভুক্ত হইবে।
- sex change শিক্ষান্তর বি. সাধারণত অস্ত্রোপচার ও হর্মোন চিকিৎসার দ্বারা কোনো ব্যক্তির যৌন বৈশিষ্ট্যাবলির পরিবর্তন। বিবাহের ক্ষেত্রে ইংল্যান্ডের আইন এইরূপ পরিবর্তনের বৈধতা স্বীকার করে না। লিস জন্মের সময়েই নির্ধারিত হইয়া যায় বলিয়া গণ্য করা হয় এবং উহা পরিবর্তন করা যায় না।
- sex discrimination निन्न-বৈষম্য বি. ইংল্যান্ডে ১৯৮৬ সালের লিঙ্গবৈষম্য আইন বা ১৯৭০ সালের সম বেতন আইন-অনুযায়ী নারীপুরুষের মধ্যে বৈষম্য করা যায় না।
- sex offenders যৌন অপরাধী sexual offence দ্ৰ.।
- sexual harassment যৌন হয়রানি কর্মক্ষেত্রে যৌনপ্রকৃতির বাচিক বা শারীরিক দুর্ব্যবহার। কোনো পুরুষ অবৈধভাবে তাঁহার যৌন কামনা চরিতার্থ করিবার উদ্দেশ্যে কোনো নারীর শ্লীলতাহানি করিলে বা অশোভন অঙ্গভঙ্গি করিলে তাঁহার এই কাজ হইবে যৌন হয়রানি।
- sexual intercourse যৌনসংগম বি. যোনিতে লিঙ্গ প্রবেশন। সংগমঘটিত যৌন অপরাধন্তলির প্রয়োজনার্থে লিঙ্গ-প্রবেশন যৎসামান্য হইলেই যথেষ্ট, সতীচ্ছদ-ছেদন বা বীর্যপাত আবশ্যক নহে। এতৎসহ unlawful sexual intercourse দ্র.।
- sexual offence যৌনাপরাধ বি. যৌনসংগম কিংবা যৌনকার্য-ঘটিত অন্য যে-কোনো অপরাধ। এই শ্রেণীর প্রধান প্রধান অপরাধ হইতেছে ধর্ষণ, পায়ুকাম, অজাচার, অশালীন অনাবৃতকরণ, ইন্দ্রিয়জ অশালীনতা এবং অপহরণ। এতৎসহ child abuse দ্র.।

- sexual torture যৌনপীড়ন বি. কোনো পুরুষ অবৈধভাবে তাঁহার যৌনকামনা চরিতার্থ করিবার উদ্দেশ্যে যদি তাঁহার শরীরের যে-কোনো অঙ্গ বা কোনো বন্তু দারা কোনো নারী বা শিশুর যৌন অঙ্গ বা অন্য কোনো অঙ্গ স্পর্শ করেন, বা কোনো নারীর শ্লীনতাহানি করেন, তাহা হইলে তাঁহার ওই কাজ হইবে যৌন পীড়ন।
- shadow director ছায়া-পরিচালক বি. যে-ব্যক্তি কোনো কোম্পানির পরিচালক না হইয়াও এমন নির্দেশাবলি (পেশাগত পরামর্শ নয়) প্রদান করেন, যাহা অনুসরণ করিতে পরিচালকণণ অভ্যন্ত । কিছু কিছু সংবিধিমূলক বিধান (যেমন, শেয়ার ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিধানসমূহ) ছায়া-পরিচালক ও যথার্থ পরিচালক এতদুভয়ের সম্বন্ধে প্রযাজ্য।
- shall and may ১. কর্তব্য হওয়া আরো ব্যাপক অর্থে, করিতে ইইবে, যথা: 'the requester shall send notice'। ২. (করা) উচিত্ত (আদালত যেমন প্রায়ণ ব্যাখ্যা করিয়া থাকেন), যথা: 'all claimants shall request mediation।' ৩. অনুমতিসূচক পারা (may) অর্থে, যথা: 'no person shall enter the building without first signing the roster'। ৪. ভবিষ্যৎকালের সহায়ক ক্রিয়া will অর্থে, যথা: 'the debtor shall then be released from all debts'। ৫. অধিকারী হওয়া, যথা: 'the secretary shall be reimbursed for all expenses'। তবে মুসাবিদার কঠোর মান-অনুযায়ী একমাত্র প্রথম অর্থটিই গ্রহণযোগ্য। may ক্রিয়াপদটি সচরাচর অনুমতিসূচক, আজ্ঞাসূচক নহে। তবে ইহা কখনো কখনো shall-এর অর্থ বহন করিতে পারে। may ক্রিয়াপদটি ব্যবহার করা হইলে, ইহা ব্যাখ্যা করিবার সাধারণ নিয়ম এই যে, প্রয়োজনীয় শর্ত পূরণ করা হইলে, যে-ক্ষমতা আদালত প্রয়োগ করিতে পারেন, তাহা আদালত প্রয়োগ করিবেন এবং ওই ক্ষমতা আদালতের প্রয়োগ করা উচিত। প্রধানত অনুমতিসূচক হইলেও এইরপ ক্ষেত্রে may শব্দটি আজ্ঞাসূচক বলিয়া পরিগণিত হইতে পারে।
- shall presume অনুমান করিবে সাক্ষ্য আইনের ৪ ধারা-অনুসারে, যেখানে উক্ত আইনের নির্দেশ আছে যে, আদালত কোনো ঘটনা অবশ্যই অনুমান করিবেন, সেখানেই উক্ত ঘটনা মিথ্যা প্রমাণিত না হওয়া পর্যন্ত আদালত উহা প্রমাণিত বলিয়া গণ্য করিবেন। সাক্ষ্য আইনের ৭৯ হইতে ৮৫ ধারায় এবং ৮৯ ও ১০৫ ধারায় এইরপ অনুমান সম্পর্কে বলা হইয়াছে। সাক্ষ্য আইনের ৮৯ ধারায় বলা হইয়াছে যে, আদালত যে-দলিল তলব করিয়াছেন এবং তাহা দাখিল করিবার নোটিশ দেওয়া সত্ত্বেও দাখিল করা হয় নাই, এইরপ প্রত্যেক দলিল আইনের বিধান-অনুসারে সহিমোহরকৃত, স্ট্যাম্পযুক্ত ও সম্পাদিত হইয়াছে বলিয়া আদালত অবশ্যই অনুমান করিবেন।

sham marriage ছদ্মবিবাহ বি. অন্য পক্ষের সহিত সহবাস করিবার অভিপ্রায় ব্যতিরেকে কোনো গৃঢ় উদ্দেশ্যে সম্পাদিত বিবাহ। এইরূপ বিবাহ এতংসত্ত্বেও সাধারণত বৈধ বলিয়া গণ্য হইবে, যদি না দুইপক্ষের কোনো পক্ষ (যেমন, বহিঃসমর্পন এড়াইতে সচেষ্ট কোনো ব্যক্তি) তাঁহার পরিচয় সম্বন্ধে অন্যপক্ষকে প্রতারিত করেন কিংবা যদি না এইরূপ বিবাহ জীবন বা স্বাধীনতার প্রতি কোনো হুমকি এড়াইবার জন্য (যেমন, দৃঃসহ পরিবেশে কারারন্ধদ্ধ কোনো ব্যক্তিকে তাঁহার স্বদেশ ত্যাগ করিতে সাহায্য করিবার জন্য) কিংবা কারাবরণ এড়াইবার জন্য সম্পাদিত হয়।

sham plea যিখ্যা ওজর, কপট অজুহাত false plea দ্ৰ.।

shameful adj. লচ্জাকর, লচ্জাজনক বিণ. 'লজ্জাকর আচরণ' শিরোনামে পত্রিকায় প্রকাশিত একটি সত্য প্রতিবেদনও মানহানিকর, এমন কি প্রতিবেদনটির সং অজুহাত থাকিলেও।

share n. শেয়ার বি. যে-এককের দ্বারা একটি কোম্পানিতে একজন অংশীদারের শরিকানা ও দায়িতা পরিমাপ করা হয়। যেহেতু কোম্পানির সদস্যমণ্ডলী হইতে একটি নিগমিত কোম্পানি পৃথক একটি সত্তা, তাই এই সত্তাটিকে কতকণ্ডলি নিৰ্দিষ্ট এককে বিভক্ত করিয়া বিক্রয় করা সম্ভবপর। শেয়ারের দ্বারা সীমিত একটি কোম্পানিতে অংশীদের দায়িতা শেয়ারের ক্রয়সূল্যের মধ্যে সীমিত থাকে। একবার কেনা হইলে, কোম্পানির এই এককগুলি উহাদের নিজস্ব অধিকারে অধরা সম্পত্তিতে পরিণত হয় এবং সংশ্রিষ্ট কোম্পানির বাণিজ্যিক কর্মকাও হইতে স্বতন্ত্র একটি কর্মকাওরূপে উহাদের ক্রয়-বিক্রয় চলিতে পারে। কোম্পানি যতদিন চালু থাকে, ততদিন শেয়ারগুলি ভোটপ্রদান এবং লাভের হিস্যাপ্রাপ্তি সম্পর্কে অধিকার বহন করে। কোম্পানি আইনের ৩০ ধারায় শেয়ারের প্রকৃতি সম্পর্কে বলা হইয়াছে যে. (১) কোম্পানির কোনো সদস্যের শেয়ার বা অন্যবিধ কোনো স্বার্থ অস্তাবর সম্পত্তি হিসাবে গণা হইবে এবং উহা কোম্পানির সংঘ-বিধি দারা নির্ধারিত পদ্ধতিতে হস্তান্তরযোগ্য হইবে। (২) শেয়ার মূলধন-সংবলিত কোম্পানির প্রত্যেক শেয়ার উহার যথোপযুক্ত সংখ্যাদ্বারা চিহ্নিত থাকিবে। শেয়ার প্রধানত তিনটি শ্রেণীতে বিভক্ত: অগ্রাধিকারযুক্ত শেয়ার, সাধারণ বা ইকুইটি শেয়ার, এবং বিলম্বিত দাবিযুক্ত বা উদ্যোক্তাগণের শেয়ার। কোম্পানি আইনের ৩৮ ও ৩৯ ধারায় শেয়ার-হস্তান্তর সম্পর্কে বলা হইয়াছে। অগ্রাধিকারযুক্ত শেয়ার একটি নির্দিষ্ট হারে, যেমন নামমাত্র মূল্যের ১০%, লভ্যাংশ প্রাপ্তির অধিকার বহন করে এবং উহা অংশীদের কিছু প্রদান করিবার পূর্বে অবশ্যপ্রদেয়। অংশী অগ্রাধিকারযুক্ত শেয়ারের মালিকগণের আরো অধিকার রহিয়াছে সাধারণ অংশীদের সহিত উদ্বত্ত লাভ বা পরিসম্পৎ ভাগাভাগি করিয়া লওয়ার। অগ্রাধিকার শেষার সাধারণত উপচয়ী অর্থাৎ কোনো বৎসর লভাংশ ঘোষিত না አትሮ share warrant

হইলে, লভ্যাংশ যখনি দেওয়া হইবে, তখন অংশীদারগণ বকেয়া পাওয়ার অধিকারী। সাধারণ শেয়ারগুলি ঝুঁকি-সংবলিত মূলধন গঠন করে, যেহেতু এইগুলি লভ্যাংশ কিংবা অভিহিত মূল্য-প্রত্যর্পণ সম্পর্কিত কোনো পূর্বাধিকার বহন করে না। পরিক্রেয় শেয়ারগুলি বিমুক্ত করা হয় এই অনুবিধিসাপেক্ষে যে, (অংশী বা কোম্পানির ইচ্ছাক্রমে) এইগুলি কোম্পানি পুনঃক্রয় করিবে কিংবা পুনঃক্রয় করিতে পারে। একটি সোনালি শেয়ারের মালিক, সাধারণত সরকার, কোম্পানির কোনো কোনো প্রকার সিদ্ধান্ত সম্বন্ধে অন্য সকল অংশীকে ভোটে হারাইয়া দিতে পারে। nominal capital, limited company, dividend ও authorized capital দ্র.।

share capital অংশ-পুঁজি capital দ্ৰ.।

share certificate শেয়ারের সনদপত্র একজন উল্লিখিত ব্যক্তি যে একটি কোম্পানির একজন সদস্য, তাহার প্রমাণস্বরূপ কোম্পানি কর্তৃক প্রদন্ত একটি দলিল, যাহাতে উজ ব্যক্তির নামে নিবন্ধিত শেয়ারের সংখ্যা এবং উহাদের মূল্য কতদূর পরিশোধ করা হইয়াছে, তাহা উল্লেখ করা হয়। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৩১ ধারা-অনুসারে কোনো সদস্যের শেয়ার বা উক কোম্পানির সাধারণ সিলমোহরযুক্ত সার্টিফিকেটে বর্ণিত থাকিলে, প্রাথমিকভাবে উক্ত সার্টিফিকেটই উহাতে বর্ণিত শেয়ার বা উক্তর মালিকানার সাক্ষ্য বহন করিবে। call দ্য.।

share in a corporation করপোরেশনের শেয়ার দেওয়ানি কার্যবিধি আইনের ২(১৯) ধারা-অনুসারে, ক্টক, ডিবেঞ্চার ক্টক, ঋণস্বীকার পত্র বা মুচলেকা।

share premium শেরারের অধিমূল্য একটি শেরার যে-দরে ছাড়া হইরাছিল, উহা শেরারটির নামমাত্র মূল্য হইতে যে-পরিমাণে বৃদ্ধি পাইরাছে। কোম্পানিকে শেরারের অধিমূল্য অবশ্যই একটি শেরারের অধিমূল্যের হিসাবে জমা দিতে হয়, যাহা মূলধন দ্রাসের নিয়মাবলিসাপেক্ষ এবং যাহা কেবল বোনাস শেরারের অর্থ-পরিশোধ প্রভৃতি কতিপয় উদ্দেশ্যে ব্যবহার করা যায়। authorised capital ও bonus issue দ্র.।

share transfer শেয়ার-হস্তান্তর যে-দলিলের দ্বারা, সাধারণত একটি সংভার হস্তান্তর ফরমে নিবন্ধিত শেয়ার (অর্থাৎ যেসব শেয়ারের জন্য সনদপত্র জারি করা হইয়াছে) হস্তান্তর করা হয়। একটি যথাযথ ফরমে সম্পন্ন শেয়ার-হস্তান্তর কোম্পানি কর্তৃক এইীতার নাম সদস্যদের তালিকাভুক্ত করিবার পূর্বে অবশাই কোম্পানির নিকট বিলি করিতে হইবে। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৩৮ ধারায় শেয়ার-হস্তান্তরের শর্তাবিলি বর্ণিত হইয়াছে। transfer of shares দ্র.।

share warrant শেয়ারের প্রমাণপত্র ইংল্যান্ডের প্রতি কাউন্টিতে একটি কোম্পানি কর্তৃক জারিকৃত যে-দলিলে এই মর্মে প্রত্যায়ন করা হয় যে, বাহক ওই প্রমাণপত্রে উল্লিখিত শেয়ারগুলির স্বত্যাধিকারী। বাহক শেয়ার-হস্তান্তরের বিনিময়ে প্রমাণপত্রটি কোম্পানির নিকট অর্পণ না করা পর্যন্ত তাঁহার নাম সদস্যতালিকার অন্তর্ভুক্ত করা হইবে না, তবে সংঘ বিধি-অনুযায়ী তিনি কোম্পানির একজন সদস্য হিসাবে গণ্য হইতে পারেন।

share, redeemable পরিক্রেয় শেয়ার share দ্র.।

- share-certificate শেয়ার-সার্টিফিকেট কোম্পানি আইনের ৩১ ধারা-অনুসারে কোনো সদস্যের শেয়ার বন্টন বা শ্টক কোম্পানির সাধারণ সিলমোহরযুক্ত সার্টিফিকেটে বর্ণিত থাকিলে, আপাতদৃষ্টিতে উক্ত সার্টিফিকেটই উহাতে বর্ণিত শেয়ার বা শ্টকের মালিকানার সাক্ষ্য বহন করিবে।
- sharecropper n. বর্গাচাষি বি. যিনি আধিবর্গা অথবা ভাগ বলিয়া সাধারণভাবে পরিচিত পদ্ধতিতে অপর কোনো ব্যক্তির জমি চাষ করিয়া থাকেন এই শর্তে যে, তিনি ওই জমির উৎপন্র ফসলের একটি অংশ উক্ত ব্যক্তিকে অর্পণ করিবেন।
- sharecropping n. বর্গাচাষ বি. যে-কৃষিব্যবস্থায় ইজারাদারের নিকট ভূষামী তাঁহার জমি ও কৃষিসরঞ্জাম ধার দেন এবং বিনিময়ে খাজনা হিসাবে ইজারাদার তাঁহাকে ফসলের একটি অংশ প্রদান করেন। barqadar দ্র. ।
- shareholder n. শেয়ারহোন্ডার, অংশী বি. যিনি শেয়ারের অধিকারী এবং যাঁহার নাম শেয়ার-রেজিন্ট্রারে অন্তর্ভুক্ত। কোম্পানি আইনের ৬৬ ধারায় বিশেষ শ্রেণীর শেয়ারধারীদের অধিকার সম্পর্কে বলা হইয়াছে। কোম্পানির সম্পত্তিতে শেয়ারধারীর সরাসরি কোনো স্বার্থ না থাকিলে কোম্পানির সম্পত্তি নিলামে বিক্রয় ইইলে তাহা রদ করিবার জন্য তিনি কোনো মামলা করিতে পারেন না। Panjab Ali v. Mokarram Hossain 29 DLR (AD) 185 দ্র.।
- sharer n. অংশীদার বি. মুসলিম আইনে তিন ধরনের উত্তরাধিকারী রহিয়াছেন
 যাঁহাদের মধ্যে অংশীদার এক ধরনের উত্তরাধিকারী। মুসলিম আইন-অনুসারে
 তাঁহারাই অংশীদার যাঁহারা মিরাসের নির্দিষ্ট অংশভোগের অধিকারী। মুসলিম আইনঅনুসারে মৃত মুসলমানের অন্ত্যেষ্টিক্রিয়ার ব্যয়ভারবহন, ঝণপরিশোধ এবং উইলে
 প্রদন্ত সম্পত্তি নির্ণয়ের পর তাঁহার সম্পত্তিবন্টনের প্রথম ধাপটি হইল জীবিত ও
 জ্ঞাতিদের মধ্যে কে বা কাহারা অংশীদার শ্রেণীভুক্ত রহিয়াছেন তাহা নির্ণয় করা,
 তাঁহাদের মধ্যে কে বা কাহারা মিরাসের অংশলাভের অধিকারী তাহা নির্ণয় করা এবং
 অবস্থার পরিপেক্ষিতে যে-সকল অংশীদার মৃতের সম্পত্তির অংশগ্রহণের অধিকারী
 তাহাদেরকে স্ব স্ব অংশ বন্টন করা। কে বা কাহারা অংশীদার এবং ব্যক্তির সম্পত্তির
 কতটুকু অংশ পাইবেন তাহা পবিত্র কোরান শরিফে বর্ণিত হইয়াছে।

shares, ordinary সাধারণ শেয়ার share দ্র.।

shares, preference অথাধিকার শেয়ার share দ্র.।

share-warrant শেয়ার-ওয়ারেন্ট কোম্পানি আইনের ৪৬ হইতে ৫১ ধারায় বাহককে শেয়ার-ওয়ারেন্ট প্রদান, বাহকের নাম নিবন্ধন, সদস্যবহিতে রদবদল, এবং শেয়ার-ওয়ারেন্ট সমর্পণ সম্পর্কে বিধান রহিয়াছে।

sharik n. শরিক, সহঅংশীদার বি. যৌথমালিকানার সম্পত্তির প্রত্যেকে একেকজন শরিক।

shariyat n. শরিয়াত বি. 'শরিয়াত' শব্দটি 'শার' হইতে উদ্ভত। 'শারে'র অর্থ জ্লাশয়ে কিংবা কূপে যাইবার পথ, অনুসরণীয় স্পষ্ট পথ। পারিভাষিক অর্থে ইহা হইল ইসলামি আইনকানুন। কোরান শরিফের ৫ সরার ৪৮ আয়াতে বলা হইয়াছে. 'তোমাদের প্রত্যেক জাতিকে একটি শির'আ (পথ) ও একটি মিনহাজ (পদ্ধতি) প্রদান করিয়াছি।' ৪৫ সুরার ১৮ আয়াতে বলা হইয়াছে, 'অতঃপর আমি তোমাকে দীনের শরিয়াতের উপর প্রতিষ্ঠিত করিয়া দিলাম। অতএব তমি উহা অনুসরণ কর, এবং অজ্ঞ ব্যক্তিদের থেয়াল-খুশি অনুসরণ করিও না। তাবারির মতে, শরিয়াত বলিতে ফারাইদ (দায়ভাগ), হন্দ (শান্তি), হুকুম (আদেশ) এবং শার বলিতে সামগ্রিকভাবে মানুষের কার্যাবলি সম্পর্কে আল্লাহর অনশাসনকে বঝায়। 'ফিকহ' শরিয়াতের বিজ্ঞান, ইহাকে শরিয়াতের সমার্থবাচক বলা যাইতে পারে। শরিয়াতের প্রধান উৎস কোরান, দিতীয় সুন্নাহ বা রসূলের হাদিস, ইহার অপর দইটি উৎস হইল ইজমা ও কিয়াস। কোনো সমস্যার সমাধান যদি কোরান ও হাদিসে পাওয়া না যায় তাহা হইলে মুসলিম সম্প্রদায়ের একত্রে মিলিয়া বিচারবৃদ্ধিদারা সমস্যা সমাধান করার প্রচেষ্টাকে ইজমা বলা হয়। ইজমা-ই-ফাউল (কথার মাধ্যমে), ইজমা-ই-ফিল (কাজের মাধ্যমে) ও ইজমা-ই-সাকৃতি (মৌনতা অবলম্বন) করিয়া ঐকমত্যে পৌছানো যায়। আর কিয়াস হইল যুক্তিতর্কদ্বারা তলনা করিয়া কোনো সিদ্ধান্তে পৌছানো। উপরিউক্ত চারিটি উৎসের মাধ্যমে সমাধান যদি না হয় তাহা হইলে ব্যক্তিগত যক্তিতর্ক ও বিচারবৃদ্ধি দারা সমস্যা-নিরসনের যে-পদ্ধতি ব্যবহার করা হয়, তাহাকে ইজতেহাদ বলে। কিয়াস ও ইজতেহাদের মতবিরোধের ফলে সুন্নি মুসলমানদের মধ্যে চারিটি মাজহাব বা গোষ্ঠীর— হানাফি, মালেকি, শাফেয়ি ও হামবলি— সৃষ্টি হইয়াছে: কোরান ও সনাহর সহিত এই চারি গোষ্ঠীর কোনো মতবিরোধ নাই। কিয়াস, ইজতেহাদ, ইসতেহসান ও ইসতেদলালের প্রয়োগভেদে সুন্নি সম্প্রদায় চার গোষ্ঠীতে বিভক্ত হয়। ইমাম আবু হানিফা কিয়াস ও ইজতেহাদকে প্রাধান্য দেন। ইমাম মালিক মাসনাহাতকে (জনহিতকর নীতি) বিশেষ গুরুত্ব দেন। ইমাম শাফেয়ি কিয়াস ও ইজতেহাদ পদ্ধতিতে বিশ্বাস করিলেও হাদিসের উপর বিশেষ জোর দেন। ইমাম হামবলি ইজতেহাদের গুরুত দেন নাই বরং তিনি হাদিসকে প্রাধান্য দেন। বাংলাদেশের আইনদারা পরিবর্তনসাপেক্ষে মুসলিম পারিবারিক আইন অর্থাৎ উত্তরাধিকার, বিবাহ, বিবাহবিচ্ছেদ, নাবালকের অভিভাবকতু ইত্যাদি বিষয়ে শরিয়াত অনসরণ করা হয়।

shebayet n. সেবায়েত sebayet দ্ৰ.।

- sheriff n. শেরিফ বি. ইংল্যান্ডের প্রতিটি কাউন্টিতে রাজশক্তির প্রধান কর্মকর্তা।
 আইন-প্রয়োগ সম্বন্ধে তাঁহার প্রধান কর্তব্যগুলির মধ্যে রহিয়াছে ফৌজদারি
 আদালতকর্তৃক প্রদন্ত পরওয়ানা জারি, প্রতিজ্ঞাপত্রের বাজেয়াগুকৃত অর্থ আদায় এবং
 ক্রোকি পরওয়ানা, দর্খলি পরওয়ানা ও অর্পণাত্মক পরওয়ানা দ্বারা হাইকোর্টের রায়
 বলবৎকরণ।
- shia n. শিয়া বি. মুসলিম সম্প্রদায়ের মধ্যে তিনটি প্রধান মতবাদ প্রভাব বিত্তার করে— খারিজি, সুন্নি ও শিয়া । শিয়াতুল আলী— আলীর দল— হইতে শিয়া নামের উদ্ভব । শিয়ারা মনে করেন, আহল-আল-বায়েত (নবী (দঃ)র পরিবার) অর্থাৎ হঙ্করত আলী ও ফাতিমা (রাঃ)র বংশোদ্ভতগণই ইমামতের অধিকারী । তাঁহারা আবুবকর, উমর ও ওসমানে (রাঃ)র খিলাফতের অধিকারকে স্বীকার করেন না । বাংলাদেশে শিয়াদের সংখ্যা নগণ্য এবং তাঁহারা ইসনা-আশারি মাজহাবের অন্তর্ভুক্ত । মুসলিম আইনে ইচ্ছাপত্র, উত্তরাধিকার, ওয়াক্ফ, বিবাহ, তালাক, দেনমোহর ইত্যাদি বিষয়ে শিয়া ও সুন্নিমতে পার্থক্য রহিয়াছে । যেমন, সুন্নি আইনে মৃতআ বা অস্থায়ী বিবাহ অসিদ্ধ, কিন্তু শিয়া আইনে তাহা সিদ্ধ । সুন্নি আইন-অনুযায়ী কোনো ব্যক্তি ইচ্ছাকৃতভাবে বা ভুল, অবহেলা বা দুর্ঘটনাবশত অপর কোনো ব্যক্তির মৃত্যু ঘটাইলে সেই ব্যক্তি শেষোক্ত মৃত ব্যক্তির সম্পত্তির উত্তরাধিকারী হইতে পারিবেন না । শিয়া আইনে ইচ্ছাকৃতভাবে মৃত্যু না ঘটাইলে মৃত ব্যক্তির সম্পত্তির উত্তরাধিকারে কোনো বাধা নাই । সুন্নি আইনে অবৈধ সন্তান তাঁহার মা ও অন্যান্য আত্মীয়বজনের উত্তরাধিকার লাভ করিতে পারেন, কিন্তু শিয়া আইনে তাঁহার সেইরূপ অধিকার নাই । এতংসহ sunni দ্রা. ।
- shifting use অনুব্যবহার বি. পূর্ববর্তী একটি ব্যবহার পরিসমাপ্ত করিবার জন্য পূর্বকালে যে-ব্যবহার কার্যকর হইত। দৃষ্টান্তস্বরূপ, ক-য়ের ব্যবহারের জন্য খ-কে সম্পত্তি প্রদান করিবার পর যদি গ ঘ-কে ১০০০ টাকা প্রদান করিলে ওই সম্পত্তি ঘ-য়ের ব্যবহারের জন্য দেওয়া হইত, তাহা হইলে ঘ একটি অনুব্যবহারের অধিকারী হইত; ওই অনুব্যবহার গ-কর্তৃক নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করা হইতে উদ্ভূত।
- ship n. জাহাজ বি. বাণিজ্যিক নৌ-চলাচল আইনের প্রয়োজনার্থে, নৌবাহের কাজে ব্যবহৃত এমন যে-কোনো নৌপোত যাহা দাঁড়চালিত নহে। খাল বা নদীতে ভারি বোঝা পরিবহণের জন্য ব্যবহৃত বিরাট সমতল তলাবিশিষ্ট বজরা সাধারণভাবে সমুদ্রগামী নৌযান নহে। ইহার ব্যাসের উপর নির্ভর করিয়া ইঞ্জিনযুক্ত হইতেও পারে বা নাও পারে এবং দাঁড়, পাল বা ইঞ্জিন চালিত হইতে পারে। এই বজরাগুলি নৌ-পরিবারের মধ্যে পড়ে এবং জাহাজের অন্তর্ভুক্ত নহে।

- shipment n. ১. পোভারোপণ বি. প্রেরণার্থে জাহাজে পণ্য আরোপণ। ২. চালান প্রেরণার্থে জাহাজে আরোপিত পণ্যসম্ভার। ৩. পণ্য-পরিবহণ যে-কোনো উপায়ে পণ্যাদি পরিবহণ।
- shipwreck n. জাহাজভূবি, পোততগ্ন বি. একটি জাহাজকে এইরূপে ভাঙ্গিয়া ফেলা যাহাতে সে আর তাহার আদি আকারে বা মৌলিক প্রকৃতিতে টিকিয়া থাকে না। ঝড়ে বা সংঘর্ষে জাহাজের এমন ভগুদশা যে উহার মূল রূপ ও প্রকৃতি আর বজায় থাকে না। wreck দ্র.।
- shock n. আঘাত, সংক্ষোভ বি. ১. শরীর বা মনের আকস্মিক আলোড়ন। ২. আকস্মিক ও প্রচণ্ড আঘাত, প্রতিঘাত বা সংঘর্ষ, যাহা উহার অধীন বস্তুকে ওলটপালট করিতে কিংবা ওই বস্তুর মধ্যে অভ্যন্তরীণ বিচলন ঘটাইতে পারে। তজ্জনিত ভারসাম্যহীনতা ইহার অন্তর্ভক্ত। nervous shock দ্র.।
- shop n. দোকান, পণ্যশালা, বিপণি বি. সুরক্ষিত কোনো স্থান, যাহা পণ্যদ্রব্য বিক্রয়ের জন্য ব্যবহৃত হয়। দোকানের একটি কমবেশি স্থায়ী কাঠামো থাকিতে হয়। উহাতে বিক্রয়ের জন্য পণ্যসামগ্রী মজুদ থাকে এবং পছন্দ করিবার সুবিধার্থে তাহা ক্রেভাসাধারণের নিকট সহজভাবে প্রদর্শিত হয়। 'দোকান' শব্দের দ্বারা সাধারণত ধুচরা ক্রয়-বিক্রয়ের স্থান বুঝায়। কোনো খোলা স্থান পণ্য ক্রয়-বিক্রয়ের জন্য ব্যবহৃত হইলে উহাকে সাধারণত 'ক্টল' বলা হয় আর 'দোকান' শব্দের দারা ছোট-বড়, স্থায়ী-অস্থায়ী একটি সুরক্ষিত কাঠামো বঝায়, যাহাতে দৈনন্দিন ক্রয়-বিক্রয়শেষে পণ্যসামগ্রী নিরাপদে রাখা যায়। ইহা বিশেষ ধরনের ও বিশেষ উদ্দেশ্যে ব্যবহৃত সাম্গ্রীর সমাহারপূর্ণ স্থান, যেমন কসাইয়ের দোকান হইতে ভিন্ন। কসাইয়ের দোকান সপ্তাহের কোনো নির্দিষ্ট দিনে বন্ধ রাখার আইনগত বাধ্যবাধকতা থাকে, যাহা সাধারণ দোকানের ক্ষেত্রে প্রযোজ্য হয় না। ১৯৬৫ সালের দোকান ও প্রতিষ্ঠান আইনের ২(ড) ধারা-অনুসারে দোকান বলিতে বুঝাইবে নগদে অথবা ধারে দ্রব্যসাম্মী বা জিনিসপত্র পাইকারি অথবা খুচরা বিক্রয়ের জন্য সম্পূর্ণরূপে বা আংশিকভাবে ব্যবহৃত প্রাঙ্গণ অথবা এমন প্রাঙ্গণ যেখানে খরিদ্দারের স্বার্থে কাজ করা হয় এবং একই প্রাঙ্গণের মধ্যে হউক বা অন্য কোনো জায়গাই হউক প্রধানত সেই কারবার বা ব্যবসা সম্পর্কে ব্যবহৃত অফিস, ভাণ্ডার, গুদামঘর, পণ্যাগার অথবা কর্মস্থল, এবং এই আইনের উদ্দেশ্য সাধনার্থে সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে অন্য যেসব প্রাঙ্গণকে দোকান বলিয়া সরকার ঘোষণা করেন সেসব প্রাঙ্গণও এই শব্দের অন্তর্ভুক্ত হইবে।
- shop and commercial establishment দোকান ও বাণিজ্যপ্রভিষ্ঠান মামুলি অর্থে দোকান শব্দটি এমন একটি ভবন নির্দেশ করে, যাহা প্রধানত পণ্য ক্রয়বিক্রয়ার্থে ব্যবহৃত হয়। এইরূপ ভবন সচরাচর পণ্যাদির খুচরা বিক্রয়ের জন্য ব্যবহৃত হয়।

একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে পণ্যসামগ্রী ক্রয়বিক্রয় ও বিনিময় করা হয়। একটি বণিক-সমিতির গৃহ-প্রাঙ্গণাদিও একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান। ১৯৬৫ সালের দোকান ও প্রতিষ্ঠান আইনের ২(খ) ধারায় বাণিজ্যিক প্রতিষ্ঠানের এবং ২(ড) ধারায় দোকানের সংজ্ঞার্থ দেওয়া হইয়াছে। shop দ্র.।

- shoplifting n. দোকানের পণ্যচুরি মূল্য পরিশোধ না করিয়া অসাধুভাবে দোকান ইইতে পণ্য অপসারণ। দোকানের পণ্যচুরির অপরাধে দোষী ইইবার জন্য দোকানের চৌহদ্দি ইইতে পণ্যগুলি অপসারণ করা আইনত আবশ্যক নহে, তবে কার্যত আসামিকে বাধা দেওয়ার পূর্বে তাঁহার দোকান ত্যাগ না করা পর্যন্ত অপেক্ষা করা বিবেচনাসম্বত, যেহেতু তখন চুরি করার অভিপ্রায় প্রমাণ করা সহজ হয়।
- shore n. কৃল, বেলাভূমি, তট, তীর বি. সাধারণত জোয়ার-ভাটার দুই চরম অবস্থায় সমুদ্র বা নদীর তীরে পানির সর্বোচ্চ রেখা ও সর্বনিম্ন রেখার মধ্যবর্তী স্থান। ইহা সৈকত শব্দের সমার্থক।
- short cause list সংক্ষিপ্ত মামলা-তালিকা ইংল্যান্ডে যে-সকল মামলার বিচারকার্য চার ঘন্টার মধ্যে সমাপ্ত হইবে বলিয়া প্রত্যাশিত, গুনানির জন্য উহাদের একটি তালিকা।
- short committal সময়ে সোপর্দকরণ committal for trial দ্র. ৷
- short form bill of lading ক্ষুদ্র আকারে জাহাজি দলিল এই জাতীয় জাহাজি দলিল জাহাজের ক্যাপ্টেন কর্তৃক প্রদত্ত ও স্বাক্ষরিত হয়। ইহাতে কেবল মালামাল বহনের শর্তাদির উল্লেখ থাকে বলিয়া ব্যাংকের নিকট ইহার গ্রহণযোগ্যতা নাই, কেননা ইহাতে বহনপত্রের পূর্ণ তথ্য থাকে না।
- short notice স্বল্পসময়ের বিজ্ঞপ্তি কোম্পানির সভার জন্য আইনত যতদিন পূর্বে বিজ্ঞপ্তি দেওয়া প্রয়োজন, তাহা হইতে কম সময় দিয়া বিজ্ঞপ্তিপ্রদান। বার্ষিক সাধারণ সভার ক্ষেত্রে সভায় উপস্থিত থাকা ও ভোট দেওয়ার অধিকারী সকল সদস্য একত্রে এ-বিষয়ে সন্মত হইতে পারেন; অন্যান্য সভার ক্ষেত্রে অংশীদের ৯৫ শতাংশকে অবশ্যাই সন্মত হইতে হইবে। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৮৫ ধারায় সাধারণ সভা আহ্বানের জন্য নোটিশের মেয়াদ সম্পর্কে বিধান করা হইয়াছে।
- Short Notice Deposit (SND) স্বল্পকালীন নোটিশের জমা যেসব স্বল্পকালীন ঋণপত্র ব্যাংক যে-কোনো সময়ে প্রয়োজনমতো অর্থবাজারে ভাঙ্গাইতে পারে।
- Short Term Deposit (STD) স্বল্পকালের আমানত Short Notice Deposit দ্র.। short title সংক্ষিপ্ত শিরোনাম Act of Parliament দ্র.।

እክህ shuffa

show cause কারণ দর্শানো সাধারণত কোনো ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা কেন নেওয়া হইবে না সেই মর্মে তাঁহাকে তাঁহার বক্তব্য উপস্থাপনের অধিকার দেওয়াকে শো-কজ বা কারণ দর্শানো বলা হয়। দেওয়ানি কার্যবিধির বিভিন্ন ক্ষেত্রে, বিশেষ করিয়া অস্থায়ী নিষেধাজ্ঞা জারি ও সম্পত্তি ক্রোক করিবার ক্ষেত্রে কারণ দর্শানোর বিধান রহিয়াছে। সংবিধানের ১৩৫ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, কোনো ব্যক্তিকে চাকুরি হইতে বরখান্ত করিবার ক্ষেত্রে কারণ দর্শাইতে বলা হইবে, তবে রাষ্ট্রপতি ইচ্ছ্য করিলে কারণ দর্শানোর নোটিশ নাও দিতে পারেন। 'কারণ দর্শানো'র অর্থ এই নয় যে নিছক একটি ব্যাখ্যা পেশ করিবার সুযোগপ্রদানই যথেষ্ট। ইহার নিহিতার্থ এই যে, সংশ্রিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যে-সকল উক্তি করা হইয়াছে, তাহার সমর্থনে অবশ্যই সাক্ষ্যপ্রমাণ উপস্থাপনের পর্যাপ্ত সুযোগ দিতে হইবে এবং প্রয়োজন হইলে বিপক্ষের সাক্ষীদের জেরা করিবার এবং যুক্তি পেশ করিবার সুযোগ দিতে হইবে।

show house প্রেক্ষাগৃহ বি. ১৯৫২ সালের প্রেক্ষাগৃহে ধূমপান নিষিদ্ধকরণ আইনে বলা ইইয়াছে যে, প্রেক্ষাগৃহ বলিতে এমন কোনো দালান, তাঁবু বা ছাদযুক্ত ও বেষ্টিত কাঠামো বুঝাইবে, যাহা সাধারণত বা মধ্যে মধ্যে অর্প্রের বিনিময়ে বা বিনামূল্যে সর্বসাধারণকে দেখাইবার উদ্দেশ্যে চলচ্চিত্র, নাটক, সংগীতানুষ্ঠান, নৃত্য, মানুষ বা পতর শরীরচর্চা, জাদু বা হাতসাফাই, ঘরে অনুষ্ঠানযোগ্য খেলা বা ঘরে প্রদর্শনযোগ্য প্রমোদানুষ্ঠানের জন্য ব্যবহৃত হইয়া থাকে, কিন্তু এমন কোনো দালান, তাঁবু বা ঘর বুঝাইবে না, যেখানে প্রদর্শনীর সঙ্গে উহার ব্যবস্থাপকগণ আহার্য সরবরাহ করিয়া থাকেন, অথবা যাহা উপরিউক্ত উদ্দেশ্য ভিন্ন অপর কোনো উদ্দেশ্যে ব্যবহৃত হইয়া থাকে,

Shruti n. শ্রুতি বি. আক্ষরিক অর্থে শ্রুতির অর্থ যাহা শ্রুবণ করা ইইয়াছিল। শ্রুতির অপর নাম বেদ। অতি প্রাচীনকালে দেবতাগণ প্রত্যক্ষভাবে যাহা বলিয়াছিলেন এবং মুনিগণ যাহা শ্রুবণ করিয়াছিলেন এবং পরবর্তীকালে যাহা সংকলিত হয় তাহাই বেদ। বেদ চারিভাগে বিভক্ত ঋক্, যজু, সাম ও অর্থব। এই চারি বেদকে একত্রে শ্রুতি বলা হয়। বেদে কিছু আইনের কথা থাকিলেও ইহাতে ব্যবহারিক আইনের উল্লেখ অল্পই। যেহেতু হিন্দুধর্মের মূলভিত্তি বেদ এবং হিন্দু আইন হিন্দুদের ধর্মীয় আইন, সেইহেতু বেদকেই হিন্দু আইনের মূল উৎস হিসাবে ধরা হয়।

shuffa n. শুফা বি. মুসলিম আইন-অনুসারে অগ্রক্রয়ের স্বীকৃত অধিকার। শুফা বা অগ্রক্রয় এমন একটি অধিকার, যাহার দ্বারা কোনো স্থাবর সম্পত্তির মালিক অন্য একজনের নিকট বিক্রীত অপর একটি স্থাবর সম্পত্তি, অগ্রক্রয়ের অধিকার প্রয়োগ করিয়া, ক্রয় করিতে সমর্থ হন। ১৯৫০ সালের জমিদারি উচ্ছেদ ও প্রজাস্বত্ব আইনের ৯৬ ধারায় এবং ১৯৪৯ সালের অকৃষি প্রজাস্বত্ব আইনের ২৪ ধারায় অগ্রক্রয়ের অধিকারী ব্যক্তি বিক্রয় হওয়ার চারমাসের মধ্যে অগ্রক্রয়ের দাবি আনয়ন করিতে

পারেন। কিন্তু শৃফার ক্ষেত্রে কোনো ব্যক্তি অপ্রক্রয়ের অধিকারী হইবেন না, যদি না তিনি বিক্রয়ের সংবাদ পাইবার পর অবিলম্বে তাঁহার অধিকার প্রয়োগ করিবার ইচ্ছা ঘোষণা করেন। এই আনুষ্ঠানিকতা তলব-ই-মুয়াসিবাদ বা তাৎক্ষণিক দাবি নামে অতিহিত। তিনি সম্ভাব্য স্বপ্পতম বিলম্বে তাৎক্ষণিক দাবি ইতিপূর্বে করা হইয়াছে, একথা উল্লেখ করিয়া ক্রেতা বা বিক্রেতার উপস্থিতিতে অথবা বিক্রীত সম্পত্তির উপরে এবং দুইজন সাক্ষীর উপস্থিতিতে তাঁহার ইচ্ছা পুনর্ব্যক্ত করেন: এই আনুষ্ঠানিকতাকে তলব-ই-ইশাদ বা সাক্ষী রাখিয়া দাবি উথাপন করা বলে। মুসলিম আইনে শিয়া ও সুন্নি মতে শুফার অধিকার ভিন্নপ্রকার। সুন্নি আইন-অনুসারে সংগ্রিষ্ট সম্পত্তির শরিক, পথ চলিবার বা পানি নিক্ষাশনের অধিকারী ব্যক্তিগণ এবং সন্নিহিত স্থাবর সম্পত্তির মানিকগণ গুফার অধিকার প্রয়োগ করিতে পারেন, কিন্তু শিয়া আইন-অনুসারে সংলগ্রতা বা স্বিধাভোগের কারণে কেহ গুফার অধিকার প্রয়োগ করিতে পারেন।

- sic utere tuo ut alienum non laedas তোমার সম্পত্তি এমনভাবে ব্যবহার কর, যেন অন্যের সম্পত্তির ক্ষতি না হয় উপদ্রব-সংক্রান্ত মামলায় প্রায়শ ব্যবহৃত একটি প্রবচন।
- sickness benefit পীড়াজনিত সুযোগসুবিধা পূর্বকালে, যাঁহারা ইংল্যান্ডে সংবিধিবদ্ধ পীড়াকালীন বেতন পাওয়ার যোগ্যতা অর্জন করিতেন না, তাঁহাদের জন্য ২৮ সপ্তাহ ধরিয়া প্রদেয় রাষ্ট্রীয় আর্থিক সুবিধা।
- siding n. সাইজিং বি. রেলের মূল লাইনের সহিত সংযুক্ত ছোট লাইন, যাহার সাহায্যে রেলগাড়ির গমনপথ বদল করা হয়। রেলগাড়ি যাহাতে এক লাইন হইতে অন্য লাইনে যাইতে পারে সেইজন্য রেলপথের পয়েন্টসমূহের সংযোগ স্থাপন বা বিচ্ছিন্ন করার কৌশল। মূল লাইনে অবস্থানরত কোনো রেলগাড়ির অবস্থান সাময়িকভাবে পরিবর্তন করিয়া অন্য রেলগাড়িকে কোনো পয়েন্ট অতিক্রম করিবার সুযোগ দেওয়া।
- sight bill দর্শনী বিল আদিষ্ট কর্তূক দর্শনমাত্র যে-বিলের টাকা পরিশোধ্য।
- sign vb. স্বাক্ষর করা ক্রি. ১. কোনো দলিল বা নথির প্রামাণিকতা প্রতিপন্ন করিবার জন্য স্বাক্ষর, চিহ্ন বা অন্য কোনো প্রতীক দ্বারা শনাক্ত করা, যাহাতে বোঝা যায় যে, শনাক্তকারী ব্যক্তি গুই দলিলের বক্তব্যের সহিত একমত। ২. একমত হওয়া বা যোগদান করা।
- signature n. স্বাক্ষর, দস্তখত বি. ১. কোনো ব্যক্তিকর্তৃক কিংবা তাঁহার নির্দেশে লিখিত ওই ব্যক্তির নাম বা চিহ্ন। কোনো দলিল বা কাগজের উপর ব্যক্তির স্বহন্তে লিখিত তাঁহার নাম। ইহার ব্যাকরণিক পরিবর্তন ও সমজাতীয় ভাবধারাসহ 'স্বাক্ষর'

বলিতে নাম লিখিতে অসমর্থ এইরূপ ব্যক্তিসম্পর্কে ব্যাকরণিক পরিবর্তন ও সমজাতীয় ভাবধারাসহ 'চিহু' অন্তর্ভুক্ত হইবে। ২. (বাণিজ্য আইনে) কোনো দলিল প্রমাণীকৃত করিবার অভিপ্রায়ে ব্যবহৃত যে-কোনো নাম, চিহু বা লিখন। ইহা আইনি দম্ভখত নামেও পরিচিত।

signature of treaty চুক্তি-স্বাক্ষর আলাপ-আলোচনারত রাষ্ট্রসমূহের প্রতিনিধিগণকর্তৃক, রাষ্ট্রকর্তৃক একটি চুক্তির শর্তাবলি মানিয়া লইবার চূড়ান্ত সন্মতি হিসাবে কিংবা সত্যকরণ, স্বীকরণ বা অনুমোদন-সাপেক্ষে সাময়িক সন্মতির অভিব্যক্তি হিসাবে, আনুষ্ঠানিক ও সরকারি স্বাক্ষরাঙ্কন।

signature of will ইচ্ছাপত্রে স্বাক্ষর execution of will দ্র.।

signed adj. স্বাক্ষরিত বিণ. দেওয়ানি কার্যবিধির ২(২০) ধারা-অনুসারে স্বাক্ষরিত বলিতে রায় বা ডিক্রি ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে স্ট্যাম্পযুক্ত স্বাক্ষর বুঝায়। স্বাক্ষর কীভাবে প্রমাণ করা যায়, তাহা সাক্ষ্য আইনের ৬৭ ধারায় বলা হইয়াছে।

silence n. নীরবতা বি. right of silence দ্ৰ.।

similar adj. অনুরূপ, সদৃশ বিণ. অত্যাবশ্যকীয় বৈশিষ্ট্যে একরপ। 'অনুরূপ' আংশিক সাদৃশ্য সূচিত করে এবং ইহা অত্যাবশ্যকীয় খুঁটিনাটিতে সমরূপতাও নির্দেশ করিতে পারে। 'অনুরূপ অপরাধ' বলিতে অভিনুক্তপ অপরাধ বুঝায়। 'অনুরূপ বর্ণনার পণ্যদ্রব্য' বলিতে সদৃশ পণ্যদ্রব্য বুঝায়, যাহা সকল বিস্তারিত খুঁটিনাটিতে হুবহু এক না-ও হুইতে পারে।

similar-fact evidence অনুরূপ-তথ্যভিত্তিক সাক্ষ্যপ্রমাণ একটি পক্ষ, বিশেষত একজন আসামি যে আদালতের সামনে উপস্থাপিত মামলায় কথিত অসদাচরণের অনুরূপ অসদাচরণ ইতিপূর্বেও করিয়াছেন, এইরূপ সাক্ষ্যপ্রমাণ। এই সাক্ষ্যপ্রমাণ প্রায়শ পূর্বতন দোষী সাব্যস্তকরণের রূপ পরিগ্রহ করে। সাধারণত বাদীপক্ষ তাহার মামলার অংশ হিসাবে অনুরূপ তথ্যভিত্তিক সাক্ষ্যপ্রমাণ উপস্থাপন করিতে পারে না, যদি না উহা জুরির সন্মুখে উপস্থিত প্রশ্নুটির সন্ধন্ধে প্রাসঙ্গিক বলিয়া প্রমাণ করা যায়। যেমন, আসামি কর্তৃক উপস্থাপিত কোনো সাফাই খণ্ডনপূর্বক। দৃষ্টান্তস্বরূপ, প্রতারণার অভিযোগে অভিযুক্ত কোনো ব্যক্তি যদি এইরূপ বিতথা করেন যে, তিনি অকপটে তুল করিয়াছিলেন, তাহা হইলে তিনি যে ইতিপূর্বেও অনুরূপ প্রতারণার আশ্রয় লইয়াছিলেন, এই তথাটি গ্রহণযোগ্য হইতে পারে।

simple contract মৌখিক চুক্তি দলিলের দ্বারা সম্পাদিত চুক্তি ভিন্ন অন্য যে-কোনো চুক্তি।

- simple mortgage সরল রেহেন, সাধারণ বন্ধক সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৮ (খ)
 ধারা-অনুসারে, যে-ক্ষেত্রে রেহেন সম্পত্তির দখল অর্পণ না করিয়া রেহেনদাতা
 রেহেনের অর্থ পরিশোধের জন্য নিজে ব্যক্তিগতভাবে দায়িত্ব গ্রহণ করেন এবং প্রকাশ্য
 বা অপ্রকাশ্যে সম্মত হন যে, চুক্তি-অনুযায়ী তিনি অর্থ পরিশোধ করিতে ব্যর্থ ইইলে
 রেহেন্প্রহীতা রেহেন সম্পত্তি বিক্রয় করিতে পারিবেন এবং বিক্রয়লব্ধ অর্থ হইতে
 যতটা প্রয়োজন রেহেনের অর্থ পরিশোধের জন্য ব্যয় করা যাইবে, সেক্ষেত্রে এইরূপ
 লেনদেনকে সরল রেহেন এবং রেহেনগ্রহীতাকে সরল রেহেনগ্রহীতা বলা হয়।
- simultaneous execution যৌগপদিক সম্পাদন দুই বা ততোধিক কাজ একই সময়ে সম্পাদন। ১৯০৮ সালের দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ২১ নিয়ম-অনুসারে, আদালত ইচ্ছা করিলে একই সঙ্গে দেনাদারের দেহ ও সম্পত্তির উপর ডিক্রি জারি করিতে অস্বীকার করিতে পারেন।
- simultaneously adv. যুগপৎ ক্রি. বিণ. কোনো বইয়ের বা পত্রিকার যৌগপদিক প্রকাশনা অর্থ একই দিনে প্রকাশনা।
- sine die তারিখ ব্যতিরেকে অনির্দিষ্টকালের জন্য। কোনো মামলা অনির্দিষ্টকালের জন্য মূলতবি করার অর্থ ভাবী গুনানির জন্য কোনো তারিখ ধার্য না করিয়া উহা মূলতবি করা।
- sine quo non অপরিহার্য শর্জ অপরিহরণীয় অবস্থা। পরিহারযোগ্য নহে, এইরূপ বস্তু বা যোগ্যতা।
- single administrative document (SAD) একক প্রশাসনিক দলিল ইউরোপীয় ইউনিয়নভুক্ত কোনো রাট্রে কোনো আমদানি ঘোষণাপূর্বক সম্পাদিত একটি একক দলিল। পূর্বে ইউরোপীয় ইউনিয়নে কোনো পণ্য আমদানি করিতে হইলে বহুসংখ্যক দলিল আবশাক হইত।
- single-member company একক সদস্যের কোম্পানি private company দ্র.।
- single-union agreement একক-সংঘ সংবিদা কোনো কোম্পানি বা প্রতিষ্ঠানের অভ্যন্তরে একটি সামষ্টিক সংবিদা, যাহা সামষ্টিক দর-কষাকষির প্রয়োজনার্থে একটিমাত্র স্বাধীন শ্রমিক সংঘকে স্বীকৃতি দেয়।
- site n. স্থান বি. ইমারত এবং ইমারতের অঙ্গন নির্মাণ, পুকুরখনন বা পাহাড়-কর্তনের জন্য নির্দিষ্ট সীমারেখাবিশিষ্ট কোনো স্থান।
- sittings n. ১. উপবেশন বি. (ইংল্যান্ডের সুপ্রিম কোর্টে) আইন-বর্মের যে-চারটি কালপর্বে বিচারসম্বন্ধীয় যাবতীয় কর্মকাণ্ড নির্বাহ হয়। ২. বৈঠক বি. (বাংলাদেশের জাতীয় সংসদ প্রসঙ্গে) মুলতুবি না করিয়া সংসদ যতক্ষণ ধারাবাহিকভাবে বৈঠকরত থাকেন।

৯৯৫ slander

Sixth Amendment ষষ্ঠ সংশোধন ১৯৮১ সালের সংবিধান (ষষ্ঠ সংশোধন) আইনঅনুযায়ী সংবিধানের ৫১ অনুচ্ছেদের (৪) দফার পরিবর্তে নিম্নন্ধপ (৪) (৫) ও (৬)
দফা প্রতিস্থাপন করা হয়: (৪) উপ-রাষ্ট্রপতি রাষ্ট্রপতিরূপে নির্বাচিত হইলে, তিনি যে
তারিখে রাষ্ট্রপতিপদে কার্যভার গ্রহণ করিবেন সেই তারিখে তাঁহার পদ শূন্য হইয়াছে
বলিয়া গণ্য হইবে। (৫) রাষ্ট্রপতি অথবা উপ-রাষ্ট্রপতি সংসদ-সদস্য নির্বাচিত হইলে,
তিনি রাষ্ট্রপতি অথবা উপ-রাষ্ট্রপতি পদে বহাল থাকা পর্যন্ত অনুরূপ সংসদ-সদস্য
থাকিবার যোগ্য হইবেন না। (৬) কোনো সংসদ-সদস্য রাষ্ট্রপতি নির্বাচিত কিংবা
উপ-রাষ্ট্রপতি নিযুক্ত হইলে রাষ্ট্রপতি কিংবা উপ-রাষ্ট্রপতিরূপে তাঁহার কার্যভারগ্রহণের
দিনে সংসদে তাঁহার আসন শূন্য বলিয়া গণ্য হইবে। ৬৬ অনুচ্ছেদের (২ক) দফায়
'কেবল প্রধানমন্ত্রী' শব্দগুলির পরিবর্তে 'কেবল রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী'
শব্দগুলি প্রতিস্থাপন করা হয়। পূর্বে সরকারের লাভজনক পদে অথিষ্ঠিত থাকিয়া কেহ
রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতির পদে নির্বাচনে প্রতিবন্দ্বিতা করিতে পারিতেন না।

- skill n. দক্ষতা বি. কোনো কার্য সুচারুরপে সম্পাদন করিবার জন্য আবশাক নৈপুণা। বান্তব জ্ঞান ও সামর্থ্যের সংযুক্তি। কোনো ব্যক্তি কোনো কাজে দক্ষ বলিয়া দাবিপূর্বক উহা সম্পাদনের নিমিন্ত অর্থের বিনিময়ে কাজ করিতে চুক্তিবদ্ধ হইলে, তিনি উক্ত কাজ স্বাভাবিক দক্ষতায় সম্পাদন করিতে বাধ্য এবং অনুরূপ দক্ষতায় অভাবে তিনি ভদ্রজনোচিতভাবে ক্ষতিপূরণ দিতে বাধ্য। এমনকি কখনো কখনো অপরাধসংক্রোন্ত আইনও তাঁহার বিরুদ্ধে প্রযোজ্য হইয়া থাকে। কোনো কার্যে একজন দক্ষ ব্যক্তির নিয়োগে তাঁহার পক্ষ হইতে এইরূপ একটি উপলক্ষিত নিময়তা থাকে যে, ওইরূপ কাজে আবশ্যক এবং যুক্তিসংগতভাবে প্রত্যাশিত স্বাভাবিক মানসম্পন্ন দক্ষতা ও জ্ঞান তাঁহার রহিয়াছে, তবে উচ্চতম মাত্রার দক্ষতা আবশ্যকীয় নহে। দক্ষ সান্ধী বলিতে ওইরূপ ব্যক্তিকে বুঝায়, যিনি প্রাপ্ত প্রশিক্ষণ ও চর্চার দক্ষন সংশ্লিষ্ট বিষয়ে যথেষ্ট জ্ঞান ও শিল্পকৌশল আয়ও করিয়াছেন। সাক্ষ্য আইন-অনুযায়ী এইরূপ ব্যক্তির মতামত বিশেষজ্ঞের মতামত হিসাবে গুরুত্ব পায়।

- slander of goods পণ্যের অপবাদ বিদ্বেষপ্রণোদিত একটি অসত্য বিবৃতি, যাহা বাদীকর্তৃক নির্মিত ও বিক্রীত পণ্যাদির গুণমানকে হেয় করে। ইহা বিদ্বেষপ্রণোদিত পূরণযোগ্য মিথ্যাকথনের একটি প্রকারভেদ। মামলাযোগ্য হইতে হইলে, বিবৃতিটিতে অবশ্যই বাদীর পণ্যের কোনো সুনির্দিষ্ট ক্রুটির উল্লেখ থাকিতে হইবে। একজন প্রতিদ্বদ্দী ব্যবসায়ী যদি দাবি করেন যে, তাঁহার পণ্য উৎকৃষ্টতর, তবে মিথ্যা ও বিদ্বেষপ্রসৃত হইলেও, এইরূপ দাবিই মামলার জন্য যথেষ্ট নয়। malicious falsehood দ্ব।
- slander of title স্বত্বের জপবাদ বিদ্বেমপ্রণোদিত একটি অসত্য বিবৃতি, যাহা একজনের বিক্রেয় সম্পত্তির স্বত্ব সম্বন্ধে সন্দেহ ব্যক্ত করে। ইহা বিদ্বেমপ্রণোদিত পুরণযোগ্য মিধ্যাকথনের একটি প্রকারতেদ। malicious falsehood দ্র.।
- slave trade দাস-ব্যবসা বি. মুনাফার জন্য ক্রীতদাস ক্রয়-বিক্রয়। সুনির্দিষ্ট
 আইনম্বারা বারিত বা অস্বীকৃত না হইলে আগে ক্রীতদাস-ব্যবসা একটি আইনসমত
 ব্যবসা হিসাবে স্বীকৃত ছিল; তথাপি ইহা সকল সভ্য দেশে মানুষের ঘৃণার বিষয় ছিল।
 পরবর্তীকালে পৃথিবীর সকল সভ্য দেশে আইনপ্রথয়নের মাধ্যমে দাস-ব্যবসা, দাস
 ক্রয়-বিক্রয়, ক্রীতদাস আমদানি-রপ্তানি সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হয়। ধর্মীয় আইন বা
 অনুশাসন ছারাও ক্রীতদাস প্রথাকে নিরুৎসাহিত বা দমিত করা হইয়ছে। ১৮৪৩
 সালে আইনম্বারা দাসপ্রথা নিষিদ্ধ করা হয়। বাংলাদেশ সংবিধানের ৩৪ অনুষ্পেদ
 অনুযায়ী সকল প্রকার জবরদন্তি-শ্রম নিষিদ্ধ।
- slavery n. দাসত্ব বি. মানবাধিকারবিষয়ক ইউরোপীয় কনভেনশনের ৪ অনুচ্ছেদে যেতাবে দাসত্ব বা জবরদন্তি শ্রম নিষিদ্ধকরণ লিপিবদ্ধ করা হইয়াছে, তাহা এখন ১৯৯৮ সালের মানবাধিকার আইনের ফলস্বরূপ যুক্তরাজ্যের আইনের অঙ্গীভূত। বাংলাদেশের সংবিধানের ৩৪ অনুচ্ছেদে জবরদন্তি শ্রম নিষিদ্ধ করা ইইয়াছে।
- sleeping partner নিক্রিয় অংশীদার অংশীদারি কারবারে যে-অংশীদার কারবারের সমস্ত টাকা-পয়সা প্রদান এবং দায়দায়িত্ব সম্পূর্ণরূপে বহনের অধিকারী, কিন্তু অংশীদারি কারবার-পরিচালনার সহিত জড়িত নহেন।
- slip rule ৠলনঘটিত বিধি রায় বা আদেশে কোনো আপতিক ৠলন বা বর্জন ইইতে
 উদ্ধৃত করণিক-প্রমাদের সংশোধনের অনুমতি-সংবলিত বিধি। আদালত আপিল
 ব্যতীত আবেদনক্রমে যে-কোনো সময়ে এইরূপ প্রমাদ সংশোধন করিতে পারেন।
 দেওয়ানি কার্যবিধির ১৫২ ধারা-অনুসারে রায়, ডিক্রি বা আদেশে কেরানির ভুল বা
 গাণিতিক ভুল থাকিলে অথবা ঘটনাক্রমে ওইগুলিতে কোনো কথা বাদ পড়িয়া
 যাওয়ার দরুন ভুল হইয়া থাকিলে, যে-কোনো সময়ে তাহা আদালতের নিজ উদ্যোগে
 বা কোনো পক্ষের আবেদনক্রমে সংশোধন করা ঘাইতে পারে।

small agreement ক্ষ্র সংবিদা ১. (ইংল্যান্ডের ১৯৭৪ সালের ভোক্তা-ঋণ আইনঅন্যায়ী) ভাড়া-ক্রয় বা শর্ডাধীন বিক্রয়ের সংবিদা ব্যতীত, অনুর্ধ্ব ৫০ পাউন্ড ঝণের
জন্য একটি নিয়ন্ত্রিত ভোক্তা-ঋণের সংবিদা কিংবা একটি নিয়ন্ত্রিত ভোক্তা-ভাড়ার
সংবিদা, যাহাতে ভাড়াকারীকে ৫০ পাউন্ডের অধিক অর্থ পরিশোধ করিতে হয় না ।
উভয়ক্ষেত্রে, সংবিদাটি হয় সুরক্ষিত নহে, কিংবা শুধু একটি গ্যারান্টি বা ক্ষতিপূরণের
য়ারা সুরক্ষিত । ২. (১৯৯৮ সালের প্রতিযোগিতা আইন-অনুযায়ী) যে-সংবিদায়
পক্ষণ্ডলি প্রতিযোগিতাবিরুদ্ধ ক্রিয়াকলাপের জন্য দগুরোপ (জরিমানা) হইতে
অব্যাহতিপ্রাপ্ত ।

small causes court বল্প এখতিয়ারসম্পন্ন আদালত ১৮৮৭ সালের স্মল ক্লজেজ কোর্ট আইনের ৪ ধারা-অনুসারে যে-আদালত উক্ত আইনের বিধান-অনুসারে গঠিত এবং যে-ব্যক্তি উক্ত বিধান-অনুসারে এখতিয়ার প্রয়োগ করেন, তিনি উহার অন্তর্ভুক্ত। এই আইনের ৫ ধারায় বল্প-এখতিয়ারসম্পন্ন আদালতের গঠনপ্রণালি সম্পর্কে বলা হইয়াছে। ওই আইনের ১৬ ধারা-অনুসারে বল্প এখতিয়ারসম্পন্ন আদালতের বিচার্ম কোনো বিষয় অন্য কোনো আদালতে বিচার করিবার এখতিয়ার নাই। ওই আইনের তম্পনিলে বর্ণিত বিষয় ব্যতীত অন্য কোনো বিষয়ে কোনো মামলা বল্প এখতিয়ারসম্পন্ন আদালত বা ছোট আদালতে বিচার্ম নহে। তেমনি দেওয়ানি কার্মবিধির ৫০ আদেশে উল্লিখিত কোনো বিষয়ে কোনো মামলা ছোট আদালতে বিচার্ম নহে। বর্তমানে বল্প এখতিয়ারসম্পন্ন আদালত ৩০,০০০ টাকা পর্যন্ত দাবির মামলা বিচার করিতে পারেন।

smoking n. ধূমপান বি. ২০০৫ সালের ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইনের ২(ঘ) ধারা-অনুসারে, কোনো তামাকজাত দ্রব্যের ধোঁয়া শ্বাসের সহিত টানিয়া লওয়া বা শ্বাসের সহিত বাহির করা। কোনো প্রজ্বলিত তামাকজাত দ্রব্য ধারণ করা বা নিয়ন্ত্রণ করাও ইহার অন্তর্ভুক্ত হইবে।

Smriti n. শৃতি বি. যাহা শ্বরণে রাখা হইয়াছিল। প্রাচীনকালের মানুষের পালনীয় ঐশ্বরিক নির্দেশাবলি যাহা ঋষিগণ গুরুশিষ্য-পরশ্বরায় শ্বরণে রাখিয়াছিলেন, এবং যাহা পরবর্তীকালে মুনিগণ পুস্তকাকারে সংকলন করিয়াছিলেন, তাহাই সংহিতা অথবা শৃতিশাস্ত্র নামে খ্যাত। এই সংহিতাগুলিকে ধর্মশাস্ত্রও বলা হয়। উৎস হিসাবে শ্রুতির প্রান।

smuggling n. cbiরাbালান বি. প্রয়োজনীয় কর পরিশোধ না করিয়া বহিঃশুব্ধ বা আবগারি করসাপেক্ষ পণ্যাদি আমদানি বা রপ্তানি ঘটিত অপরাধ। biরাbালানকৃত পণ্য বাজেয়াপ্ত করা যাইতে পারে এবং biরibালানকারী পণ্যের মূল্যের তিনগুণ কিংবা আইনের দ্বারা বিহিত পরিমাণ অর্থ (যাহাই অধিকতর) পরিশোধ করিতে বাধ্য হইতে পারেন; বিকল্প বা অতিরিক্ত ব্যবস্থা হিসাবে অপরাধীগণ কারাদণ্ডে দণ্ডিত হইতে

social contract ৯৯৮

পারেন। ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২৫খ ধারা-অনুসারে কেহ কতিপয় দ্রব্য বাংলাদেশের বাহিরে চোরাচালান করিলে বা যে-কোনো দ্রব্য চোরাচালান করিয়া বাংলাদেশে আনিলে তাঁহার অন্যূন দুই বংসর হইতে যাবজ্জীবন পর্যন্ত কারাদও হইতে পারে তবে তাহা কোনো অবস্থাতেই দুই বংসরের কম হইবে না।

- social contract সামাজিক চুক্তি নাগরিকবৃদ্দ এবং তাঁহাদের সরকারের মধ্যে একটি ব্যক্ত বা নিহিত সংবিদা, যদ্দারা পারস্পরিক সুরক্ষার বিনিময়ে ব্যক্তিবর্গ তাঁহাদের কিছু কিছু স্বাধীনতা বিসর্জন দেন। রাজনৈতিক সমাজব্যবস্থার ভিত্তিস্বরূপ একটি সংবিদা। পরিশব্দটি প্রধানত টমাস হব্স, জন লক এবং বিশেষত জঁ জাক রুসো প্রমুখ রাষ্ট্রনীতিবিষয়য়ক দার্শনিকের সঙ্গে সম্পৃক্ত, যদিও গ্রিক সোফিস্টদের মধ্যে ইহার উৎস খুঁজিয়া পাওয়া যায়।
- social forestry সামাজিক বনায়ন সরকারি কোনো ভূমি অথবা সরকারি স্বত্ব ও মালিকানাধীন কোনো ভূমি, যে-ক্ষেত্রে ভূমির মালিক স্বেচ্ছায় লিখিত চুক্তির দ্বারা সামাজিক বনায়নের কর্মকাণ্ড পরিচালনার নিমিত্তে সরকারকে সরকারি ব্যবস্থাপনায় বনায়ন, বনসংরক্ষণ এবং বনজাত সামগ্রীর উৎপাদন বৃদ্ধি করিয়া সামাজিক বনায়ন কর্মসূচি পালনের উদ্দেশ্যে প্রদান করেন, সরকার উক্ত জমিতে সামাজিক বনায়ন কর্মসূচি স্থাপন করিবেন।
- social fund সামাজিক তহবিল ইংল্যাভে ১৯৮৬ সালে সামাজিক নিরাপতা আইনের অধীনে স্থাপিত একটি তহবিল, যাহার উদ্দেশ্য এই তহবিল হইতে আর্থিক সুবিধালাভের অধিকারী ব্যক্তিদের বিশেষ প্রয়োজন মিটানো (যেমন ঠাণ্ডা আবহাওয়ার জন্য ভাতা)।
- social inquiry report সামাজিক তদন্ত প্রতিবেদন ইংল্যান্ডে একজন দোষী সাব্যন্ত ব্যক্তিকে কী দণ্ড দেওয়া হইবে, সে-বিষয়ে সিদ্ধান্তগ্রহণে সহায়তা করিবার জন্য একজন অবেক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রস্তুত এবং ফৌজদারি আদালতে পেশকৃত একটি প্রতিবেদন। প্রতিবেদনে সংশ্লিষ্ট ব্যক্তির সামাজিক-সাংশ্কৃতিক পারিপার্ম্বিকতা, পরিবার, বাড়ির পরিবেশ, সম্পর্কাদি, চাকুরির পরিস্থিতি ও সম্ভাবনা সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করা হয়। ইহা অভিযুক্ত ব্যক্তি, তাঁহার আত্মীয়ম্বজন ও বন্ধুবান্ধবদের সঙ্গে সাক্ষাৎকারের ভিত্তিতে প্রণীত হয়।
- social policy rule সামাজিক নীতি বিধি interpretation of statutes দ্ৰ.।
- society n. সমিতি, সমাজ বি. কোনো স্বীকৃত সামাজিক বা ব্যবসায়িক কার্যসাধনের উদ্দেশ্যে আইনের অধীন সংগঠিত কোনো সমিতি। একটি কমবেশি সুশৃঙ্খল সম্প্রদায়ের মধ্যে একত্রে বসবাসরত ব্যক্তিবর্গের সমষ্টি। সংবিধানের ৩৮

অনুচ্ছেদ-অনুসারে জনশৃঙ্খলা ও নৈতিকতার স্বার্থে আইনের দ্বারা আরোপিত যুক্তিসংগত বাধানিষেধ-সাপেক্ষে সমিতি বা সংঘ গঠন করিবার অধিকার প্রত্যেক নাগরিকের রহিয়াছে। ১৮৬০ সালের সমিতিসমূহের নিবন্ধন আইনে এ-বিষয়ে বিশদ ব্যাখ্যা আছে।

sodomy n. পায়ুকাম buggery দ্ৰ. ।

- soft law অকঠোর আইন (আন্তর্জাতিক আইনে) আচরণ-বিষয়ক স্থুল নির্দেশনা; যেমন যে-সকল চুক্তি এখনো বলবৎ করা হয় নাই, তাহাতে এবং জাতিসংঘ কিংবা আন্তর্জাতিক সম্মেলনসমূহের সিদ্ধান্তে সন্নিবিষ্ট যে-সকল নির্দেশনা স্বতই অবশ্যমান্য না হইলেও নিছক রাজনৈতিক আশা-আকাজ্জার বিবৃতিমাত্র নহে। অকঠোর আইনের সঙ্গে বৈপরীত্য লক্ষ্য করা যায় কঠোর আইনের (hard law), অর্থাৎ যে-সকল আইনগত বাধ্যবাধকতার সাক্ষাৎ মেলে চুক্তি প্রথানুগ আন্তর্জাতিক আইনে এবং যাহা অবশ্যমান্য। custom দ্র.।
- software n. সফ্টওয়্যার যে-সকল কম্পিউটার পূর্বলেখের (programme) কপিরাইট, কপিরাইট নক্শা ও কৃতিস্বত্ব আইনের দ্বারা সুরক্ষিত।
- soil n. মাটি, মৃত্তিকা বি. পৃথিবী-পৃষ্ঠ বা পৃথিবীর উপরিভাগ, যাহার উপর ইমারত
 ইড্যাদি নির্মিত হয় বা নির্মাণ করা যাইতে পারে। মাটিই হইল মুখ্য আর নির্মিত
 হইলে দালান হয় আনুষঙ্গিক উপকরণ। মাটি স্থায়ী আর নির্মিত দালান (অপেক্ষাকৃত)
 অস্থায়ী। কেহ জমি ক্রয় করিলে জমিতে স্থায়ীভাবে আবদ্ধ গাছ, দালান ইত্যাদির
 মালিকানাও ক্রেতার উপর বর্তায়। তবে ওই মাটিতে ভূগর্ভস্থ কোনো খনিজ সম্পদ
 পাওয়া গেলে তাহার মালিক হয় সংশ্রিষ্ট দেশের জনগণ অর্থাৎ রাষ্ট্র।
- solatium n. সান্ত্রনাপ্রদ ক্ষতিপূরণ দুঃখ, মনঃকষ্ট বা আহত অনুভূতির জন্য ক্ষতিপূরণ বা বেসারত। সম্পত্তি-হস্তান্তরের চুক্তি প্রমাণিত হইলেও বিক্রেতার ক্টলাঘবের জন্য ক্রেতাকে সান্ত্রনাপ্রদ ক্ষতিপূরণপ্রদানে চুক্তি বলবৎ অগ্রাহ্য করা যায়। Latifur Rahman v. Golam Ahmed Shah 39 DLR (AD) 242 দ্র.।
- soldier n. সৈনিক বি. স্ট্যাম্প আইনের ২(২৫) ধারা-অনুসারে, যিনি আর্মি আ্যান্টঅনুযায়ী নন-কমিশন্ড অফিসারের নিম্নের পদে অন্তর্ভুক্ত। দেওয়ানি কার্যবিধির ২৮
 আদেশের ১ নিয়ম-অনুসারে সৈনিক, নাবিক বা বৈমানিক ছুটি না পাইলে তাঁহাদের
 পক্ষে মামলা দায়ের বা জবাব দেওয়ার জন্য যে-কোনো ব্যক্তিকে ক্ষমতা প্রদান করা
 যাইতে পারে। দেওয়ানি কার্যবিধির ৫ আদেশের ২৮ নিয়ম-অনুসারে বিবাদী যদি
 সৈনিক, বৈমানিক বা নাবিক হন তবে সমন কমান্ডিং অফিসারের মাধ্যমে জারি
 করিতে হইবে।

soldier's will 5000

soldier's will সৈনিকের ইচ্ছাপত্র একজন সৈনিকের মৌথিক বা লিখিত ইচ্ছাপত্র। ইচ্ছাপত্র তৈরি করিবার সময়ে সৈনিক প্রকৃত চাকুরিতে নিয়োজিত থাকিলে ওই ইচ্ছাপত্র সংবিধিবদ্ধ আনুষ্ঠানিকতাসম্মত না হইলেও বৈধ। ইহা seaman's will, mariner's will ও military testament নামেও পরিচিত। privileged will দ্রি.।

- soldier's, mariner's or airman's suit সৈনিক, নাবিক অথবা বৈমানিকের মামলা যে-ক্ষেত্রে কার্যরত কোনো অফিসার, সৈনিক, নাবিক বা বৈমানিক তাঁহার পদাধিকারবলে কোনো মামলায় পক্ষ থাকেন এবং মামলার তদবির করিবার জন্য ব্যক্তিগতভাবে হাজির হইবার উদ্দেশ্যে ছুটি না পান, সেইক্ষেত্রে তাঁহার পক্ষে মামলা চালাইবার জন্য তিনি যে-কোনো একজনকে ক্ষমতাদান করিতে পারিবেন।
- sole solicitor একক সলিসিটর যে-সলিসিটর অন্যদের সঙ্গে অংশীদারিত্বে আইন-ব্যবসা করেন না, বরং যিনি স্বয়ং একটি আইন-ব্যবসার এক্মাত্র প্রধান।
- solemn form সম্রদ্ধ পদ্ধতি probate দ্র.।
- solicior and own client basis of costs সম্পিসিটর ও নিজ মক্তেশভিত্তিক খরচাদির হিসাব খরচাদি নির্ধারণের একটি ভিত্তি। প্রাতিজনিকভাবে প্রতিনিধিনিয়োগকারী একজন মক্কেলের পক্ষে সলিসিটরকে কী পরিমাণ অর্থ প্রদান করিতে ইইবে, তাহা এই ভিত্তিতে হিসাব করা হয়।
- soliciting n. উপযাচন ১. একজন দেহপশারিণীকর্তৃক রান্তায় বা সর্বসাধারণের জন্য উন্মুক্ত কোনো স্থানে খরিদার ধরিবার প্রচেষ্টা। ২. দেহবাবসার উদ্দেশ্যে একজন পুরুষকর্তৃক সর্বসাধারণের জন্য উন্মুক্ত কোনো স্থানে গায়ে পড়িয়া নির্বন্ধসহকারে কোনো স্ত্রীলোকের সহিত কথা বলা কিংবা নীতিবিগর্হিত উদ্দেশ্যে সর্বসাধারণের জন্য উন্মুক্ত কোনো স্থানে গায়ে পড়িয়া নির্বন্ধসহকারে যে-কোনো ব্যক্তির সঙ্গে কথা বলা। এতৎসহ kerb crawling দ্র.।
- Solicitor General সলিসিটর জেনারেল ইংল্যান্ডে অ্যাটর্নি জেনারেলের অব্যবহিত অধন্তন একজন আইন কর্মকর্তা।
- solicitor's lien সলিসিটরের পূর্বস্বত্ব একজন সলিসিটরের খরচাদি আদায়ের জমা হিসাবে তাহার মক্কেলের কাগজপত্র বা সম্পত্তি ধরিয়া রাখিবার আধিকার।
- solitary confinement নির্জন কারাবাস যে-অবস্থায় দণ্ডিত ব্যক্তি সর্বপ্রকার জনসাহচর্য হইতে বঞ্চিত হন। দণ্ডবিধির ৭৩ ধারা-অনুসারে যে-অপরাধের জন্য কোনো ব্যক্তিকে সশ্রম কারাদণ্ডদানের জন্য আদালতের ক্ষমতা থাকে, সেই অপরাধে

ব্যজিবিশেষের দণ্ডিত হওয়ার ক্ষেত্রে আদালত দণ্ডাজ্ঞাবলে নির্দেশদান করিতে পারিবেন যে, তিনি যে-কারাদণ্ডে দণ্ডিত হন তাহার যে-কোনো অংশ বা অংশসমূহের জন্য নির্দাদিও হারে সাকুল্য অনধিক তিনমাসকাল তাঁহাকে নির্জন কারাবাসে রাখা যাইবে। কারাবাসের মেয়াদ ছয়মাসের অধিক না হইলে একমাসের অনুর্ধ্বকাল, মেয়াদ ছয় মাসের অধিক ও এক বৎসরের কম হইলে দুইমাসের অনুর্ধ্বকাল এবং মেয়াদ এক বৎসরের অধিক হইলে তিনমাসের অনুর্ধ্বকাল। দণ্ডবিধির ৭৪ ধারা-অনুসারে নির্জন কারাবাসের সীমা একসঙ্গে চৌদ্দদিনের বেশি হইবে না। নির্জন কারাবাসের পূর্বে ও পরে বিরাম থাকিবে এবং কারাবাসের মেয়াদ তিনমাসের অধিক হইলে নির্জন কারাবাস কোনো মাসে সাতদিনের বেশি হইবে না। কোন কোন অপরাধের ক্ষেত্রে নির্জন কারাবাস কোনো মাসে সাতদিনের বেশি হইবে না। কোন কোন অপরাধের ক্ষেত্রে

- sometime adv. একসময়ে ক্রি. বিণ. কোনো কোনো ক্ষেত্রে ইহা এইমাত্র অতিক্রান্ত সময় সম্পর্কে বলা হয়। যথাসময় হইতে অনেক বেশি সময় হইলে, সেই ক্ষেত্রে 'প্রাক্তন' বলা হয়। একসময় অর্থাৎ ভূতপূর্ব বা প্রাক্তন বলিতে, যেমন কোনো ব্যক্তি কোনো বিদ্যালয়ের ভূতপূর্ব বা প্রাক্তন শিক্ষক বলিতে, তিনি কোনো এক সময়ে উক্ত বিদ্যালয়ের শিক্ষক ছিলেন, তাহা বুঝায়।
- son n. পুত্র বি. ছেলে। যাঁহার ক্ষেত্রে ব্যক্তিগত আইন দন্তকের অনুমতি দেয় তাঁহার ক্ষেত্রে 'পুত্র' বলিতে দত্তক পুত্রকেও অন্তর্ভুক্ত করিবে।
- sound mind সৃত্বমন্তিক বি. চুক্তি আইনের ১২ ধারা-অনুসারে সেই ব্যক্তি
 সৃত্বমন্তিকসম্পন্ন যিনি চুক্তিকালে চুক্তির বিষয়বস্তুতে তাঁহার স্বার্থের ফলাফল সম্পর্কে
 ক্ষিষ্টভাবে বুঝিতে পারেন। যে-ব্যক্তি সাধারণত সৃত্বমন্তিকের অধিকারী কিন্তু সময়ে
 সময়ে অসুত্বমন্তিক হইয়া পড়েন, তিনি কখনো অসুত্বমন্তিকেকালে চুক্তি সম্পাদন
 করিতে পারেন না; অন্যদিকে যে-ব্যক্তি সাধারণত অসুত্বমন্তিকের লোক কিন্তু মাঝে
 মাঝে সৃত্বমন্তিকসম্পন্ন হন সেই ব্যক্তি সৃত্ব অবস্থায় চুক্তি সম্পাদন করিতে পারেন।
 বৈধ চুক্তির প্রথম উপাদান হইতেছে সৃত্বমন্তিকে চুক্তি সম্পাদন।
- sound recording শব্দ রেকর্ডিং রেকর্ড করিবার মাধ্যম ও পদ্ধতি নির্বিশেষে, এমন প্রক্রিয়ায় শব্দের রেকর্ড করা যাহা হইতে উক্ত শব্দ পুনরুৎপাদন করা যায়।
- sovereign n. সার্বভৌম বি. Crown দ্র.।
- sovereignty, in Islamic law ইসলামি আইনে সার্বভৌমত্ব ইসলামি আইনে একমাত্র আল্লাহ্তালাই সার্বভৌম। আল্লাহ্ তাঁহার খলিফা বা প্রতিনিধি হিসাবে মানুষের উপর যে-দায়িত্ব অর্পণ করিয়াছেন, সেই অনুসারে আল্লাহ্তালার পর মানুষ হইতেছে সার্বভৌম।

- soverign immunity সার্বভৌম দায়মুক্তি ইংল্যাণ্ডে আদালতের এখতিয়ার হইতে বিদেশি রাজা-রানী বা রাষ্ট্রপ্রধান এবং বিদেশি সরকারের বিভাগসমূহের অব্যাহতি।
- soverignity of parliament সংসদের সার্বভৌমত্ব সংসদের আইন-প্রণয়নক্ষমতা সীমাহীন, যুক্তরাজ্যের পার্লামেন্ট এই সার্বভৌম নীতি অনুসরণ করে। সে-দেশের সংসদীয় সার্বভৌমত্ব সম্পর্কে দুইটি বিষয় বিবেচিত হয়। এক, সংসদ সকল আইনের উৎস। এই সংসদ যে-নীতি প্রণয়ন করেন সে-সম্পর্কে কোনো আদালত প্রণ্ন করিতে পারিবেন না বা আদালতে সংসদ-প্রণীত আইন অবৈধ ঘোষিত ইইবে না। যুক্তরাজ্যের কোনো আদালত সংসদের ইচ্ছামতো আইনপ্রণয়নের ক্ষমতা সম্বন্ধে প্রশ্ন উত্থাপন করিতে পারেন না।
- soverignty n. সার্বভৌমত্ব বি, কোনো রাষ্ট্রের সর্বোচ্চ কর্তৃত্ব। যে-কোনো রাষ্ট্রে সেই প্রতিষ্ঠান, ব্যক্তি বা সংস্থার উপর সার্বভৌমত বর্তায়, রাষ্ট্রে অন্য সকলের উপর আইন আরোপ করিবার কিংবা বিদ্যমান আইন পরিবর্তন করিবার চূড়ান্ত কর্তৃত্ব যাঁহার বহিয়াছে। কর্তৃত্ব কীভাবে এবং কে প্রয়োগ করিবেন, সে-বিষয়ে রাষ্ট্রের রাজনৈতিক প্রকৃতি-অনুযায়ী প্রভেদ ঘটে। অনেক দেশে পৃথক পৃথক সংস্থা সার্বভৌমত্বের নির্বাহী, ব্যবস্থাপক ও বিচারসম্বন্ধীয় ক্ষমতা প্রয়োগ করে। প্রকৃতপক্ষে, এই সংস্থাগুলির যে-কোনো একটি অন্যগুলির উপর চূড়ান্ত নিয়ন্ত্রণের মাধ্যমে সার্বভৌমত্ব ধরিয়া রাখিতে পারে। তবে কোনো কোনো দেশে, যেমন যক্তরাষ্ট্রে, সংবিধানের দ্বারা ক্ষমতাগুলির মধ্যে সযতে ভারসাম্য রক্ষা করা হয়। যক্তরাজ্যে সার্বভৌমত সংসদের উপর ন্যন্ত। আন্তর্জাতিক আইনে সার্বভৌমতের একটি অপরিহার্য দিক হইতেছে এই যে, আন্তর্জাতিক আইনের দারা আরোপিত কতকগুলি সীমাবদ্ধতাসাপেক্ষে সকল রাষ্ট্রের অভ্যন্তরীণ বিষয়াদির উপর তাহাদের সর্বোচ্চ নিয়ন্ত্রণ থাকা উচিত। এই সীমাবদ্ধতাগুলির মধ্যে রহিয়াছে মানবাধিকারের আন্তর্জাতিক আইন এবং শক্তিপ্রয়োগ সম্বন্ধে নিষোধাত্মক নিয়মাবলি। তবে যেসব বিষয় একটি রাষ্ট্রের অভ্যন্তরীণ এখতিয়ারভুক্ত, তাহাতে অন্য কোনো রাষ্ট্র বা আন্তর্জাতিক সংগঠন হস্তক্ষেপ করিতে পারে না। soverighty of parliament দ্র.।
- Speaker n. শ্বিকার বি. আইনসভায় সভাপতিত্বকারী ব্যক্তি। সংবিধানের ৭৪ ধারা-অনুসারে কোনো সাধারণ নির্বাচনের পর সংসদের প্রথম বৈঠকে সংসদ-সদস্যদের মধ্য হইতে সংসদ একজন শ্বিকার ও একজন ডেপুটি শ্বিকার নির্বাচিত করিবেন, এবং এই দুই পদের যে-কোনোটি শূন্য হইলে সাত দিনের মধ্যে, কিংবা ওই সময়ে সংসদ বৈঠকরত না থাকিলে পরবর্তী প্রথম বৈঠকে, তাহা পূর্ণ করিবার জন্য সংসদ-সদস্যদের মধ্য হইতে একজনকে নির্বাচিত করিবেন। শ্বিকার বা ডেপুটি শ্বিকারের পদ শূন্য হইবে, যদি (ক) তিনি সংসদ-সদস্য না থাকেন; (খ) তিনি মন্ত্রিপদ গ্রহণ করেন; (গ) পদ হইতে তাঁহার অপসারণ দাবি করিয়া মোট সংসদ-

Special case

সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটে সমর্থিত কোনো প্রস্তাব (প্রস্তাবটি উত্থাপনের অভিপ্রায় জ্ঞাপন করিয়া অন্যন চৌদ্দদিনের নোটিশ প্রদানের পর) সংসদে গহীত হয়: (ঘ) তিনি রষ্ট্রেপতির নিকট স্বাক্ষরযুক্ত পত্রযোগে তাঁহার পদ ত্যাগ করেন; (৬) কোনো সাধারণ নির্বাচনের পর অন্য কোনো সদস্য তাঁহার কার্যভার গ্রহণ করেন; অথবা (চ) ডেপুটি ম্পিকারের ক্ষেত্রে তিনি স্পিকারের পদে যোগদান করেন। (৩) স্পিকারের পদ শূন্য হইলে বা তিনি রাষ্ট্রপতিরূপে কার্য করিলে কিংবা অন্যকোনো কারণে তিনি স্বীয় দায়িত্বপালনে অসমর্থ বলিয়া সংসদ নির্ধারণ করিলে স্পিকারের সকল দায়িত্ব ডেপ্রটি শিকার পালন করিবেন, কিংবা ডেপুটি স্পিকারের পদও শূন্য হইলে সংসদের कार्यश्रभानिविधि-जनुयाग्नी कात्ना সংসদ-সদস্য তাহা পাनन कविदन: এবং সংসদের কোনো বৈঠকে স্পিকারের অনপস্থিতিতে ডেপটি স্পিকার কিংবা ডেপটি স্পিকারও অনুপস্থিত থাকিলে সংসদের কার্যপ্রণালি-বিধি-অনুযায়ী কোনো সংসদ-সদস্য শিকারের দায়িত্ব পালন করিবেন। (৪) সংসদের কোনো বৈঠকে শ্পিকারকে তাঁহার পদ হইতে অপসারণের জন্য কোনো প্রস্তাব বিবেচনাকালে ম্পিকার (কিংবা ডেপ্রটি ম্পিকারকে তাঁহার পদ হইতে অপসারণের জন্য কোনো প্রস্তাব বিবেচনাকালে ডেপটি শিকার) উপস্থিত থাকিলেও সভাপতিত করিবেন না এবং এই অনুচ্ছেদের (৩) দফায় বর্ণিত ক্ষেত্রমতো স্পিকার বা ডেপটি স্পিকারের অনপস্থিতিকালীন বৈঠক সম্পর্কে প্রযোজ্য বিধানাবলি অনুরূপ প্রত্যেক বৈঠকের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

- speaking objection বক্তব্যবহল আপত্তি যে-আপত্তি রক্ষা বা নাকচ করিবার জন্য বিচারকের পক্ষে প্রয়োজনীয় তথ্যের অপেক্ষা অধিক তথ্য (যাহা প্রায়শ যুক্তিতর্কের আকার ধারণ করে)।
- speaking order স্পষ্ট আদেশ যে-আদেশ দেখামাত্র বা পাঠ করামাত্র ওই আদেশের যৌকিকতা স্পষ্টভাবে প্রতিভাত হয় এবং যাহা আর কোনো ব্যাখ্যা বা উদাহরণের অপেন্ধা রাখে না। আদেশের মধ্যেই আদেশের কারণের ব্যাখ্যামূলক বা উদাহরণসমেত বর্ণনা থাকিলে এইরূপ বলা হয়।
- special administration বিশেষ ব্যবস্থাপনা limited administration দ্ৰ. ৷
- special business বিশেষ কার্য যে-কার্য গুধুমাত্র একটি সাধারণ সভার নিম্পন্ন করা যাইতে পারে, যদি উহার সামগ্রিক প্রকৃতি সভা আহ্বান করিবার বিজ্ঞপ্তিতে সুনির্দিষ্টভাবে বর্ণনা করা হইয়া থাকে। annual general meeting ও extraordinary general meeting দ্র.।
- special case বিশেষ মামলা দেওয়ানি কার্যবিধির ৯০ ধারায় এবং ৩৬ আদেশে বিশেষ মামলা সম্পর্কে বলা হইয়াছে যে, (১) কোনো তথ্য বা আইনগত প্রশ্নের সিদ্ধান্তে স্বার্থসংশ্লিষ্ট দাবিদার পক্ষগণ উক্ত প্রশুটি মোকদ্দমার ছাঁচে আদালতের

অভিমতের জন্য বিবৃত করিয়া এই মর্মে বিধান করিয়া একটি লিখিত চুক্তিতে আবদ্ধ হইতে পারে যে, উক্ত প্রশ্র সম্পর্কে আদালতের সিদ্ধান্তের উপর—

- (ক) একপক্ষ অপরপক্ষকে পক্ষদ্বয় কর্তৃক বা আদালত কর্তৃক নির্ধারিত টাকা প্রদান করিবে; অথবা (খ) একপক্ষ অপরপক্ষকে চুক্তিপত্রে উল্লিখিত কোনো স্থাবর বা অস্থাবর সম্পত্তি প্রদান করিবে; অথবা (গ) পক্ষগণের এক বা একাধিক জন চুক্তিপত্রে উল্লিখিত কোনো কার্য করিবেন বা তাহা হইতে বিরত থাকিবেন।
- (২) এই নিয়ম-অনুযায়ী বিবৃত প্রত্যেকটি মোকদ্দমা ধারাবাহিকভাবে সংখ্যাভ্রুক্ত অনুচ্ছেদে বিভক্ত করিতে হইবে এবং আদালতকর্তৃক উত্থাপিত প্রশুটি নিম্পত্তি বা সিদ্ধান্তগ্রহণ করিবার সুবিধার্থে প্রয়োজনীয় অনুরূপ তথ্যসমূহ সংক্ষেপে বিবৃত করিতে হইবে এবং অনুরূপ দলিলপত্রের উল্লেখ করিতে হইবে । বিশেষ মামলার ক্ষেত্রে ত্বনাদি ও নিম্পত্তি বা মামলার বিচারপদ্ধতি উক্ত আদেশের ৫ নিয়মে বলা হইয়াছে যে, (১) সাধারণ মামলার অনুরূপ পদ্ধতিতেই বিশেষ মামলার তনানি অনুষ্ঠিত হইবে এবং এই আইনের বিধানসমূহ যতদ্রসম্ভব এইরূপ মামলায় প্রয়োজ্য হইবে । (২) পক্ষণণের জবানবন্দি এবং প্রয়োজনীয় সাক্ষ্যপ্রমাণ গ্রহণের পর আদালত যদি নিম্নলিখিত মর্মে সন্তুষ্টিলাভ করেন যে, চুক্তিপত্রেটি পক্ষগণ কর্তৃক যথাবিহিতরূপে সম্পাদিত হইয়াছে, চুক্তিপত্রে উল্লিখিত বিষয়ে প্রকৃতপক্ষেই তাঁহাদের স্বার্থ নিহিত রহিয়াছে এবং বিষয়টি সম্পর্কে সিদ্ধান্তগ্রহণ করা সম্ভবপর, তবে আদালত সাধারণ মামলার অনুরূপ পদ্ধতিতেই উক্তরূপ মামলার রায় দান করিবেন এবং উক্ত রায় মোতাবেক একটি ডিক্রি প্রদান করিবেন।

special circumstances বিশেষ পরিস্থিতি বিশেষ পরিস্থিতি অবশ্যই এমন হইবে যে, অবিরাম বা বারংবার পুনরাবৃত্তির দরুন উহা দুর্ঘটনা ঘটাইবার জন্য বিশেষভাবে দায়ী বলিয়া গণা হইবে।

special damages বিশেষ ক্ষতিপূরণ general and special damages দ্র.।
special defences বিশেষ অজুহাত general defences দ্র.।

Special Drawing Right (SDR) মুদা তুলিবার বিশেষ অধিকার ১৯৬৯ সালে বিশ্ব মুদার তারলা সংরক্ষণের লক্ষ্যে আন্তর্জাতিক মুদা তহবিল নিজস্ব তহবিল হইতে মুদা তুলিবার জন্য একটি আইন পাশ করে, যাহাকে মুদা তুলিবার বিশেষ অধিকার বলা হয়। যুক্তরাজ্যের পাউন্ড স্টার্লিং, যুক্তরাষ্ট্রের ডলার, জার্মানির ডয়েশমার্ক, ফ্রাপের ফ্রা এবং জাপানের ইয়েন বিশ্বের এই পাঁচটি মুদার সমন্বয়ে এস.ডি.আর. অর্থাৎ মুদা তুলিবার বিশেষ অধিকার গঠিত হয়।

special endorsement বিশেষ পৃষ্ঠান্ধন endorsement দ্ৰ. ।

- special law বিশেষ আইন দগুবিধির ৪১ ধারা-অনুসারে, 'বিশেষ আইন হইতেছে বিশেষ বিষয়ের প্রতি প্রয়োজ্য আইন।' রেলওয়ে আইন, আয়কর আইন প্রভৃতিকে বিশেষ আইন বলা হয়। দেওয়ানি কার্যবিধির ৪ ধারা-অনুসারে, যে-ক্ষেত্রে কোনো বিশেষ আইনে কোনো বিশেষ পদ্ধতি প্রদন্ত হইয়াছে, সে-ক্ষেত্রে ওই বিশেষ আইনের মামলায় সেই আইনে বর্ণিত বিশেষ পদ্ধতি প্রয়োজ্য হইবে, এই কার্যবিধি প্রয়োজ্য হইবে না। তবে ওই বিশেষ আইনে যদি পূর্ণাঙ্গ কার্যবিধি দেওয়া না থাকে তাহা হইলে দেওয়ানি কার্যবিধি প্রযোজ্য হইবে এবং বিশেষ আইনের কার্যবিধির সহিত দেওয়ানি আইনের কার্যবিধির সংঘাত দেখা দিলে বিশেষ আইন প্রযোজ্য হইবে।
- special meeting বিশেষ সভা কোনো অসাধারণ উদ্দেশ্যে— যেমন, বৃহত্তর কোম্পানির সহিত অন্তর্ভুক্তির বিষয়ে— ভোটগ্রহণের জন্য পরিচালকবৃদ্দ, কোনো কর্মকর্তা বা হিস্যাদারগণের কোনো অংশ কর্তৃক আহূত সভা। ইহা আহূত সভা হিসাবেও অভিহিত।
- special notice বিশেষ বিজ্ঞপ্তি কোনো নিবন্ধিত কোম্পানির সাধারণ সভায় কোনো কোনো সিদ্ধান্ত প্রস্তাব করিবার অভিপ্রায় সম্বন্ধে ওই কোম্পানিকে যে ২৮ দিনের বিজ্ঞপ্তি প্রদান করিতে হয়। এই সিদ্ধান্তগুলি হইতেছে: (১) কোনো হিসাব-নিরীক্ষক নিয়োগ বা অপসারণ; (২) একজন পরিচালকের কার্যকালের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে তাঁহার অপসারণ কিংবা একই সভায় তাঁহার স্থলে একজন নতুন পরিচালক নিয়োগ; এবং (৩) সন্তরোধর্ষ বয়সের একজন পরিচালক নিয়োগ কিংবা নিয়োগ অনুমোদন। কোম্পানিকে অতঃপর সভার জন্য সদস্যদেরকে অবশাই ২১ দিনের বিজ্ঞপ্তি দিতে হইবে। short notice দ্র.।
- special parliamentary procedure সংসদীয় বিশেষ পদ্ধতি special procedure orders দ্ৰ.।
- special plea বিশেষ অজুহাত অভিযোগের উত্তরে একটি বিশেষ অজুহাত উত্তরবাদ, যেমন, অতীতে বেকসুর খালাস বা অতীতে দোষী সাব্যস্ত। autrefois acquit ও autrefois convict দ্র.।
- special power বিশেষ ক্ষমতা power of appointment দ্ৰ.।
- special procedure বিশেষ পদ্ধতি (বিবাহবিচ্ছেদ সম্বন্ধীয় আইনগত ব্যবস্থায়)
 ইংল্যান্ডে নির্বিবাদ বিবাহ-বিচ্ছেদের মামলায় একটি ত্বরিত, সহজ ও সুলত পদ্ধতি।
 একজন জেলা জজ বিবাহ-বিচ্ছেদের দরখাস্তটি সমীক্ষাপূর্বক বিবাহবিচ্ছেদের কারণ
 প্রমাণিত বলিয়া নিঃসংশয় হইলে, সেই মর্মে একটি প্রত্যয়নপত্র জারি করেন।
 অতঃপর প্রকাশ্য আদালতে আনুষ্ঠানিকভাবে বিবাহবিচ্ছেদ মনজুর করা হয়; কোনো
 পক্ষেরই হাজির হওয়ার প্রয়োজন হয় না।

- special procedure material বিশেষ পদ্ধতির সামগ্রী ব্যবসা, বাণিজা, পেশা বা অবৈতনিক পদাধিকারসূত্রে অর্জিত বা সৃষ্ট সংবাদপত্রঘটিত বা জন্য গোপনীয় সামগ্রী। ইংল্যান্ডের ১৯৮৪ সালের পুলিশ ও ফৌজদারি সাক্ষ্য আইন-অনুযায়ী কেবল একটি বিশেষ পদ্ধতি অনুসরণে এইরূপ সামগ্রী তল্লাশের জন্য পরওয়ানা লাভ করা যায় এবং ইহার জন্য একজন সার্কিট জজের অনুমতি আবশ্যক।
- special procedure orders বিশেষ পদ্ধতি অনুযায়ী আদেশ সমাদিট আইনপ্রণয়নের একটি রূপবিশেষ। সরকারের মন্ত্রীরা বিশেষ সংসদীয় পদ্ধতিসাপেক্ষে
 প্রয়োগযোগ্য ক্ষমতাবলে এইরূপ আদেশ প্রদান করেন। মন্ত্রীদের আদেশ জারি করার
 ক্ষমতা এতদুদ্দেশ্যে প্রণীত সংবিধিতে পরিব্যক্ত হয়।
- special reasons বিশেষ কারণসমূহ 'বিশেষ কারণসমূহ' অভিব্যক্তি দ্বারা কোনো
 মামলায় অভিযুক্ত ব্যক্তি সম্বন্ধে 'বিশেষ' কিংবা যে-মামলায় দণ্ডাদেশ দেওয়া
 হইতেছে, সেই মামলার তথ্যাবলি ও পরিস্থিতি সম্বন্ধে বিশেষভাবে বৃঝানো হইয়া
 থাকে। স্বাভাবিক অবস্থাকে প্রভাবিত করিবার মতো বিশেষ কারণ থাকিলে বিচারক
 আইনের আওতায় বিবেচনাপূর্বক শান্তির পরিমাণ কমবেশি করিতে পারেন।
- special resolution বিশেষ সিদ্ধান্ত একটি সাধারণ সভায় কোম্পানির অন্যূন ৭৫
 শতাংশ সদস্যের উপস্থিতিতে বা প্রতিনিধির মাধ্যমে ভোটের দ্বারা গৃহীত একটি
 সিদ্ধান্ত। বিশেষ সিদ্ধান্ত গ্রহণ করিবার অভিপ্রায়জ্ঞাপক বিজ্ঞপ্তি সভা-অনুষ্ঠানের অভত
 ২১ দিন পূর্বে জারি করা আবশ্যক। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৮৭ ধারায়
 অসাধারণ ও বিশেষ সিদ্ধান্ত সম্পর্কে বিধান দেওয়া হইয়াছে।
- special trust বিশেষ ন্যাস active trust দ্ৰ.।
- special verdict বিশেষ সিদ্ধান্ত ১. অপ্রকৃতিস্থৃতার কারণে আসামি নির্দোষ বলিয়া সিদ্ধান্ত। ২. (ফৌজদারি মামলায়) দোষিতা সম্বন্ধে কিংবা (দেওয়ানি মামলায়) বাদী বা বিবাদীর অনুকূলে কোনো সামগ্রিক সিদ্ধান্ত ব্যতীত বিশেষ বিশেষ তথ্যঘটিত একটি সিদ্ধান্ত। বিচারক তথ্যগুলি সম্বন্ধে জুরির মতামত জিজ্ঞাসা করেন, কিন্তু সামগ্রিক প্রশুটি সম্পর্কে নিজেই নিজের সিদ্ধান্ত গ্রহণ করেন। এইরূপ সিদ্ধান্ত ফৌজদারি মামলায় অত্যন্ত বিরল। general verdict তু.।
- speciality n. বিশেষ অনুসন্ধানের বিষয় কোনো রাষ্ট্র কোনো পলাতকের বহিঃসমর্পণের জন্য অন্য একটি রাষ্ট্রকে অনুরোধ করিলে, অনুরোধ রক্ষা করিতে হইলে, যে-অপরাধের জন্য আসামিকে বহিঃসমর্পণ করিতে হইবে, অনুরোধকারী রাষ্ট্রকে তাহা সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে, এই মূলসূত্র। উপরন্থ, অনুরোধকারী রাষ্ট্র আসামিকে অবশ্যই গুধুমাত্র বহিঃসমর্পণের জন্য অনুরোধে সুনির্দিষ্টভাবে উল্লিখিত অপরাধের জন্যই বিচার করিবেন। এতৎসহ double crimininality দ্র.।

specialized Bank বিশেষায়িত ব্যাংক আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা অধীন স্থাপিত বা গঠিত কোনো ব্যাংক। এই আইনের উদ্দেশ্যে ও পূরণকল্পে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা সরকার কোনো ব্যাংককে বিশেষায়িত ব্যাংক হিসাবে ঘোষণা করিলে সেই ব্যাংকও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে।

specialty n. চুক্তির দলিল deed দ্র,।

special-use valuation বিশেষ ব্যবহারঘটিত মূল্যনির্ধারণ একজন নির্বাহক-কর্তৃক একটি রিক্থের অন্তর্গত ভূসম্পত্তির, বিশেষত কৃষিজমির, মূল্যায়নের ক্ষেত্রে জমির সর্বোধ্ন সম্ভাব্য মূল্য না ধরিয়া উহার বর্তমান ব্যবহারের উপর মূল্য নির্ধারণ করিবার স্বাধীনতা।

specie n. ধাতৰ মুদ্রা সরকারি কর্তৃপক্ষকর্তৃক বাজারে প্রযুক্ত ধাতৰ মুদ্রা। কোনো কোনো দেশে সরকারকর্তৃক প্রযুক্ত কাগজের নোটের সহিত পার্থক্যক্রমে ব্যবহত হয়। স্বর্ণমুদ্রা, রৌপ্যমুদ্রা ইত্যাদি ধাতৰ মুদ্রার অন্তর্ভুক্ত।

specific adj. সুনির্দিষ্ট বিণ. বিশেষ জাতীয় সাধারণ কিংবা অস্পষ্ট নহে, এমন। কোনো বিশেষ প্রকারের সহিত মানানসই বা সংশ্লিষ্ট। 'সুনির্দিষ্ট' 'সাধারণে'র বিপরীত। পরিষ্কারভাবে ও পরিপূর্ণভাবে প্রকাশিত ও নিরূপণীয়। ১৮৭৭ সালের সুনির্দিষ্ট প্রতিকার আইন দ্র.।

specific delivery সুনির্দিষ্ট অর্পণ writ of delivery দ্র. ৷

specific devise সুনির্দিষ্ট প্রদান devise দ্র.।

specific directions সুনিৰ্দিষ্ট নিৰ্দেশ community legal service দ্ৰ. ৷

specific goods সুনির্দিষ্ট পণ্য ১৯৩০ সালের পণ্য-বিক্রয় আইনের ২(১৪) ধারাঅনুসারে, বিক্রয়-চুক্তি সম্পাদনকালে শনাক্ত ও সম্বতিপ্রদন্ত পণ্য। একটি চুক্তি
সম্পাদনকালে সুনির্দিষ্টভাবে শনাক্তকৃত পণ্য, যেমন, একটি সুনির্দিষ্ট নিবন্ধন-নম্বরসহ
একটি গাড়ি। এইভাবে বিষয়বস্তু শনাক্ত করা না হইলে চুক্তিটি হইবে অনিরূপিত
পণ্যের জন্য। সুনির্দিষ্ট পণ্য বিক্রয়ের জন্য চুক্তিতে বিক্রেতা অন্য কোনো পণ্য নয়,
শনাক্তকৃত পণ্যগুলিই সরবরাহ করিতে বাধ্য।

specific intent সুনির্দিষ্ট অভিপ্রায় intention দ্র.।

specific legacy সুনির্দিষ্ট উত্তরদায় legacy দ্র.।

specific objection সুনির্দিষ্ট আপত্তি এক বা একাধিক কারণ দর্শাইয়া উত্থাপিত কোনো আপত্তি।

- specific performance সুনির্দিষ্ট বলবৎকরণ কোনো চুক্তির অধীনে একজন ব্যক্তির দায়দায়িত্ব পালন করিবার জন্য তাঁহার প্রতি আদালতের আদেশ। দৃষ্টান্তস্বরূপ, একটি বাড়ি বিক্রয়ের জন্য চুক্তি সম্পাদিত হইলে, আদালত একজন অনিচ্ছুক বিক্রেতাকে বিক্রয় সম্পন্ন করিবার জন্য আদেশ দিতে পারেন। ইহা একটি স্ববিবেচনাধীন প্রতিকার, তবে কোনো কোনো ক্ষেত্রে ইহা প্রযোজ্য নহেন। যেমন, একটি নিয়োগচুক্তি বলবৎকরণের ক্ষেত্রে কিংবা যে-ক্ষেত্রে ক্ষতিপূরণ প্রদানই পর্যাপ্ত প্রতিকার হইতে পারে।
- specific performance of contracts চুক্তির সুনির্দিষ্ট কার্য সম্পাদন ১৮৭৭ সালের সুনির্দিষ্ট প্রতিকার আইনের ১২ ধারা-অনুসারে, যদি দ্বিতীয় অধ্যায়ে অন্য কোনোভাবে কোনো বিধান না থাকে, তবে যে-কোনো চুক্তির সুনির্দিষ্ট কার্য সম্পাদন আদালতের বিবেচনামূলক ক্ষমতাবলে কার্যকর করা যাইতে পারে— (ক) যথন সম্মতিভুক্ত কাজ সম্পূর্ণ বা আংশিক জিম্মার অন্তর্ভুক্ত; (থ) যথন সম্মতিভুক্ত কাজ সম্পন্ন না করিলে কথিত যে-ক্ষতি হইবে উহার প্রকৃত ক্ষতি-মূল্য নির্ণয় করিবার মানদণ্ড না থাকে; (গ) যথন সম্মতিভুক্ত কাজ এমন হয় যে, তাহা সম্পাদিত না করিলে তাহা আর্থিক ক্ষতিপূরণের মাধ্যমে পর্যাপ্ত প্রতিকার লাভ করা যায় না; অথবা (ঘ) যথন এই সম্ভাবনা থাকে যে, সম্মতিভুক্ত কাজ সম্পাদন না করিবার জন্য আর্থিক ক্ষতিপূরণ পাওয়া যাইবে না। যদি না এবং যতক্ষণ পর্যন্ত না বিপরীত কিছু প্রমাণিত হয়, আদালত অবশ্যই ধরিয়া লইবেন যে, স্থাবর সম্পত্তি হস্তান্তরের চুক্তিভঙ্গের পর্যাপ্ত প্রতিকার আর্থিক ক্ষতিপূরণ প্রদানের মাধ্যমে সম্ভব নহে এবং অস্থাবর সম্পত্তি হস্তান্তরের চুক্তিভঙ্গের প্রতিকার তেমনভাবে করা য়ায়।
- specific relief সুনির্দিষ্ট প্রতিকার (ক) কোনো নির্দিষ্ট সম্পত্তির অধিকার গ্রহণ এবং উহা দাবিদারকে অর্পণের মাধ্যমে; (খ) কোনো কাজ করিতে আইনগত বাধ্য এমন ব্যক্তিকে ওই কাজ করিবার আদেশপ্রদানের মাধ্যমে; (গ) আইনগতভাবে কোনো কাজ না করিতে বাধ্য এমন ব্যক্তিকে তাহা করা হইতে বিরত রাখিবার মাধ্যমে; (ঘ) ক্ষতিপূরণের রায় ব্যতীত পক্ষসমূহের অধিকার নির্ণয় ও ঘোষণার মাধ্যমে এবং (ঙ) একজন রিসিভার বা তত্ত্বাবধায়ক নিয়োগের মাধ্যমে সুনির্দিষ্ট প্রতিকার প্রদান কাম হয়।
- specification n. বিভং বি., বিশদ বিষরণ ১. কৃতিস্বত্ব্ আইনে কোনো উদ্ভাবনের কৃতিস্বত্বের জন্য আবেদনের সহিত অবশ্যসংযোজনীয় একটি দলিল। ইহাতে অবশ্যই উদ্ভাবনটির একটি বর্ণনা, আবেদনকারী যে-বিষয়ে সংরক্ষা চাহেন তাহার ব্যাখ্যাসহ একটি দাবি ও বর্ণনা অথবা দাবিতে উল্লিখিত নক্শা থাকিতে হইবে। ২. একটি সামগ্রিক দলিল, যাহাতে একজন বাণিজ্যিক ক্রেতা বা বিক্রেতা ক্রেয় বা বিক্রেয় পণ্যগুলি বর্ণনা করেন। ইহা কখনো কখনো সূত্র উল্লেখপূর্বক চুক্তির অসীভূত করা হয়।

specified adj. নির্দিষ্ট বিণ. সুনির্দিষ্টভাবে উল্লিখিত স্পষ্টরূপে বর্ণিত হইয়াছে, এমন। যেমন, আপিলের স্থারকে হেতুসমূহ সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হয়।

- specimen of blood রক্তের নমুনা ইংল্যান্ডে পানোনান্ত অবস্থায় গাড়িচালনাঘটিত মামলায় নিশ্বাদের নমুনার বিকল্প হিসাবে বিশ্লেষণের নিমিন্ত রক্তের নমুনা। একজন পুলিশ অফিসার রক্তের নমুনাসংগ্রহের নির্দেশ দিতে পারেন, যদি তিনি যুক্তিসংগতভাবে মনে করেন যে, চিকিৎসাবিদ্যাঘটিত কারণে তিনি নিশ্বাদের নমুনা চাহিতে পারেন না, যদি নিশ্বাদের নমুনাসংগ্রহের জন্য অনুমোদিত ও নির্ভরযোগ্য কোনো কৌশল পাওয়া বা ব্যবহার করা না যায়, কিংবা যদি বিবাদী গাড়িচালনার অনুপযুক্ত বলিয়া সন্দেহভাজন হন এবং একজন চিকিৎসক বিশ্বাস করেন যে, তাঁহার ওই অবস্থার জন্য কোনো মাদকদ্রব্য দায়ী।
- specimen of breath নিশ্বাসের নমুনা ইংল্যান্ডে পানোনান্ত অবস্থার গাড়িচালনার জন্য সন্দেহভাজন কোনো ব্যক্তির নিকট হইতে বিশ্লেষণের নিমিন্ত গৃহীত নিশ্বাসের নমুনা । পানোনান্ত অবস্থার গাড়িচালনার অপরাধের জন্য মামলা ও দোষী সাব্যন্তকরণের জন্য সাধারণত এই নমুনাই সাক্ষ্যপ্রমাণের অন্তর্ভুক্ত হয়। প্রাথমিক নিশ্বাস পরীক্ষার সঙ্গে ইহাকে গুলাইয়া ফেলা উচিত নয়।
- specimen of urine প্রস্রাবের নমুনা পানোন্যক্ত অবস্থায় গাড়িচালনাঘটিত মামলায় নিশ্বাসের নমুনার বিকল্প হিসাবে বিশ্লেষণের জন্য গৃহীত প্রস্রাবের নমুনা। নিশ্বাসের নমুনাগ্রহণে আপত্তি থাকিলে এবং একজন চিকিৎসকের মতে স্বাস্থ্যগত কারণে রক্তের নমুনা সংগ্রহ করা অনুচিত হইলে, প্রস্রাবের নমুনা সংগ্রহ করা আবশ্যক হইতে পারে।
- speculative transactions জল্পনাস্ত্রক লেনদেন, ফটকাবাজারি লেনদেন বান্তবিক হস্তান্তর বা বিলিবন্দোবন্ত দ্বারা পণ্যসামগ্রীর লেনদেন চুকানো না ইইয়া থাকিলে উহা জল্পনাত্মক লেনদেন। পক্ষগণের মধ্যে চুক্তিভঙ্গজনিত বিরোধের ক্ষেত্রে সালিশি সিদ্ধান্তে ক্ষতিপূরণপ্রদানের আদেশ দেওয়া ইইয়া থাকিলে, সেই লেনদেনকে জল্পনাত্মক লেনদেন বলা যায় না।
- speech n. ১. বাক্ বি. মুখোচ্চারিত শন্ধাবলির সাহায্যে চিন্তা বা মতামতের প্রকাশ বা তৎসম্পর্কিত যোগাযোগ (communication); যাহা কথিত বা উচ্চারিত, ইইয়াছে। freedom of speech দ্র. । ২. বক্তব্য (ইংল্যান্ডের আইনে) লর্ড সভার একজন বিচারক-সদস্য (Law Lord) কর্তৃক প্রদন্ত অভিমত।
- speeding n. অভিবেগে গাড়িচালনা অনুমোদিত বেগ অপেক্ষা দ্রুতবেগে মোটরযান-চালনা। ১৯৮৩ সালের মোটরযান অধ্যাদেশের ৮৫ ধারা ও অষ্টম তফসিলে উল্লিখিত গতিবেগের অধিক গতিতে মোটরযান চালনা দণ্ডনীয় অপরাধ।

speedy trial দ্রুত বিচার ২০০২ সালের দ্রুত বিচার ট্রাইব্যুনাল আইন-অনুসারে, বাংলাদেশের বিভিন্ন আদালতে বিভিন্ন পর্যায়ে বিচারাধীন হত্যা, ধর্ষণ, আগ্নেয়ান্ত্র, বিস্ফোরকদ্রব্য এবং মাদকদ্রব্য সংক্রান্ত মামলার অগ্রাধিকার নিরূপণান্তে সরকারি গেজেট প্রজ্ঞাপনদারা স্থানান্তরের মাধ্যমে বিচারের জন্য প্রয়োজনীয়সংখ্যক দ্রুত বিচার ট্রাইব্যুনাল গঠন করা হয়। দায়রা আদালতের ন্যায় মর্যাদা ও এথতিয়ারসম্পন্ন ট্রাইব্যুনাল নক্তই দিনের (ব্যতিক্রম ব্যতীত) মধ্যে বিচার নিষ্পন্ন করেন। এই আইনে মামলা পরিচালনার জন্য বিশেষ সরকারি অভিযোক্তা বা স্পেশাল পাবলিক প্রসিকিউটর নিয়োগ করা হয়। যাহাতে মামলার একটানা বিচার কার্যক্রম নির্বাহ হয়, বিচারকের বদলিজনিত কারণে মামলার বিচার-কার্যক্রমের ধারাবাহিকতা বিঘ্নিত না হয়, এবং ন্যায়বিচারের স্বার্থে অন্য অপরাধের একই সঙ্গে বিচার করা যায়, তাহার জন্য ওই আইনে বিধান দেওয়া হইয়াছে। ওই আইনে বিচার কার্যক্রমের সহিত সম্পুক্ত ব্যক্তিদের জবাবদিহির বিধান প্রতিষ্ঠিত ও নিণ্চিতকরণ, সাক্ষ্যপ্রমাণের দলিন হিসাবে আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং ইহার স্বীকৃতির বিধান প্রবর্তন, দ্রুত বিচার টাইব্যনালের কার্যক্রমের ব্যবস্থাপনায় তথ্যব্যবস্থা প্রবর্তন এবং আইনটি ফলপ্রসূতাবে কার্যকরণে প্রয়োজনীয় বিধিপ্রণয়নের বিধান রহিয়াছে। দ্রুত বিচার ট্রাইব্যুনাল সরাসরি কোনো মামলা গ্রহণ করিতে পারিবেন না এবং পুলিশও কোনো মামলা সরাসরি এই আদালতে রুজু করিতে পারিবেন না। বিচারাধীন উল্লিখিত অপরাধের যে-সব মামলা গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে সরকার স্থানান্তর করিবে ট্রাইব্যুনান কেবল সেইসব মামলার বিচার করিবেন। আপাতত বলবৎ অন্য কোনো আইনে যাহা কিছু থাকুক না কেন, এই আইনের বিধানাবলি প্রাধান্য পাইবে।

- spent conviction অতিবাহিত দোষনিক্তা যে-দোষনিক্তা, পুনর্বাসন-কাল (rehabilitation period) নামে অভিহিত নির্দিষ্ট সংখ্যক বংসরের পরে, পরবর্তী সকল দেওয়ানি মামলায় এমনভাবে বিবেচনা করা যাইতে পারে, যেন কম্মিনকালে উহার কোনো অস্তিত্বই ছিল না। পুনর্বাসন-কালের দৈর্ঘ্য নির্ভর করে অপরাধের গুরুত্বের উপর এবং কোনো কোনো দোষনিক্তয় পুনর্বাসন-সাপেক্ষ নয় (যেমন, যাবজ্জীবন কারাদণ্ডের ক্ষেত্রে)।
- spes successionis উত্তরাধিকারিত্বের আশা কোনো জীবিত ব্যক্তির ইচ্ছাপত্রানুযায়ী সম্পত্তিলাভের আশা। সম্পত্তি-হস্তান্তর আইনের ৬ (ক) ধারাঅনুসারে, সম্ভাব্য উত্তরাধিকারীর কোনো সম্পত্তিলাভের সম্ভাবনা— কোনো আত্মীয়ের
 মৃত্যুর পর তাঁহার ইচ্ছাপত্রানুসারে সম্পত্তিলাভের সম্ভাবনা বা অন্য কোনো
 সম্ভাবনামাত্র— হস্তান্তর করা যায় না। এতৎসহ possibility দ্র.।
- split order পৃথক দায়িত্বের আদেশ পূর্বকালে বিবাহবিচ্ছেদ আদালতকর্তৃক শিওর হেফাজত সম্বন্ধে প্রদন্ত একটি আদেশ, যাহাতে শিওর আইনসম্বত হেফাজত পিতামাতার একজনের উপর এবং শিওর যতু ও নিয়ন্ত্রণ অন্যজনের উপর ন্যন্ত হইত।

stale cheque

split trial পৃথক বিচার ইংল্যান্ডের হাইকোর্টে একটি বিচারকার্য, যাহাতে ক্ষতিপূরণের দায়িতা ও পরিমাণের প্রশুগুলির বিচার পৃথকভাবে করা হয়।

- sponsor company উদ্যোক্তা কোম্পানি ১৯৯৬ সালের বাংলাদেশ বেসরকারি রগুনি প্রক্রিয়াকরণ অঞ্চল আইনের ২(খ) ধারা-অনুসারে, জোন প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে ১৯৯৪ সালের কোম্পানি আইনের অধীন নিবন্ধনকৃত যে-কোনো কোম্পানি, যাহাকে ১০ ধারার অধীন জায়গা নির্বাচন করিবার অনুমতিপত্র প্রদান করা হইয়াছে, অথবা ১১ ধারার অধীন লাইসেন্স মনজুর করা হইয়াছে।
- spread over কাজের সময়ের ব্যাপ্তি ১৯৬৫ সালের কারখানা আইনের ৫৫ ধারাঅনুসারে পরিদর্শকের অনুমতি ছাড়া এবং তৎকর্তৃক সাধারণভাবে অথবা বিশেষ
 কারখানার জন্য নির্দেশিত শর্তসাপেক্ষ ছাড়া কোনো কারখানার একজন প্রাপ্তবয়ক্ষ
 শ্রমিকের কাজের সময় এমনভাবে নির্ধারিত হইবে যাহাতে তাহা বিশ্রাম ও আহারের
 জন্য বিরতিসহ একদিন সাড়ে এগারো ঘন্টার বেশি না হয়।
- spying n. তপ্তচরবৃত্তি বি. এমন-কোনো তথ্য সংগ্রহ করা বা শক্রর হাতে তুলিয়া দেওয়া, যাহা রাষ্ট্রের নিরাপত্তা বা স্বার্থ স্কুণ্ল করিতে কিংবা কোনো শক্রর জন্য হিতকর ইইতে পারে। official secrets দ্র.।
- squatter n. জবরদখলকারী বি. অবৈধভাবে জমি দখলকারী কোনো ব্যক্তি। adverse occupation, adverse possession ও tresspass দ্র.।
- squatter title জবরদখলকারীর স্বত্ব adverse possession দ্র.।
- Sruti n. শ্রুতি বি. Shruti দ্র.।
- stag n. মুনাফাশিকারি যে-ফটকাবাজ এই অভিপ্রায়ে কোনো সার্বজনিক কোম্পানিতে সদাবিমুক্ত প্রতিভাব্যের জন্য আবেদন করেন যে, বিমোচনের কিছুদিনের মধ্যে প্রতিভাব্যগুলির মূল্য বৃদ্ধি পাইলে তিনি ওইগুলি পুনরায় বিক্রয় করিয়া ত্বরায় মুনাফা করিয়া লইবেন।
- stakeholder pension সর্থবিভাগী অবসর-ভাতা (ইংল্যান্ডে) ৬ এপ্রিল ২০০১ ইইতে প্রবর্তিত একটি নৃতন ধরনের স্বল্পমূল্য অবসরভাতা। যে-সকল নিয়োগকর্তার পাঁচ বা ততোধিক কর্মচারী রহিয়াছে, তাঁহারা তাঁহাদের কর্মীবৃন্দের জন্য একটি সংবিভাগী অবসর-ভাতার ব্যবস্থা করিতে বাধ্য।
- stale cheque বাসি চেক চেক অঙ্কন করিবার ছয় মাসের মধ্যে আদিষ্ট কর্তৃক ব্যাংকে মৃল্যপ্রাপ্তির জন্য উপস্থাপন না করিলে তাহা বাসি হইয়া যায়। সরকারি চেকের ক্ষেত্রে ইহার মেয়াদ তিন মাস।

stalking n. ভর্জন বি. কোনো ব্যক্তির বিরুদ্ধে অন্য এক ব্যক্তির ক্রমাণত হমিকিপূর্ণ আচরণ। ইংল্যান্ডে ১৯৯৭ সালের হয়রানি হইতে সংরক্ষা আইন ভর্জন সম্পর্কে দুইটি অপরাধ সৃষ্টি করিয়াছে। তর্জনকারীর আচরণে তর্জিত ব্যক্তি তাঁহার নিরাপত্তা সম্বন্ধে আশঙ্কাবোধ করিলে তাহার সর্বোচ্চ শান্তি পাঁচ বৎসর কারাদও এবং অথবা যে-কোনো অঙ্কের অর্থদও। আচরণ বলপ্রয়োগের ভয় উদ্রেক না করিলেও যদি উহা পীড়াদায়ক হয়, তাহা হইলে সর্বোচ্চ শান্তি ছয় যাসের কারাদও অথবা নির্দিষ্ট অঙ্ক পর্যন্ত অর্থদও।

- stall n. উল বি. সম্মুখের দিকে খোলা ছোট দোকান। কোনো হাটে বা বাজারে কোনো ব্যাপারীকে ব্যবসা-পরিচালনার জন্য আলাদাভাবে প্রদন্ত কোনো খোলা জায়গা বা পৃথকভাবে ভাগ করা ছোট কামরা।
- stamp vb., n. ১. মুদ্রান্ধন করা ক্রি. কাগজ, কাপড় বা অনুরূপ কোনো কিছুর উপর ছাপ দেওয়া, মুদ্রণ করা, অন্ধন করা, ছাপানো, খোদাই করা। কোনো দলিল বা পরওয়ানার উপর দাপ্তরিক চিহ্ন বা আদালতের মোহর যাহা নির্দেশ করে যে, প্রয়োজনীয় ফি, তল্ক বা কর প্রদান করা হইয়াছে। সরকারের নির্দেশে কোনো লিষিত চুক্তিপত্রে ছাপ দেওয়া। 'ছাপ দেওয়া' দ্বারা রংয়ের সাহায্যে অঙ্কন করা কোনো চিহ্ন প্রদান করা বা কোনো চিহ্নযুক্ত আঠালো টিকিট সংযুক্ত করা বুঝায়, যাহাতে উক্ত ছাপ বা টিকিটযুক্ত দলিল যথাযথভাবে প্রস্তুত বলিয়া আইনগতভাবে স্বীকৃত হয়। ২. টিকিট, ক্ট্যাম্প বি. ভাকটিকিট বা অন্য কোনো টিকিট।
- stamp duty স্ট্যাম্প ডিউটি, মুদ্রাস্ক শুব্ধ সংবিধির দ্বারা স্নির্দিষ্ট কিছু কিছু আইনি দলিলের উপর প্রদেয় করবিশেষ। ইহা একটি ধরাবাঁধা করের রূপ পরিগ্রহ করিতে পারে, মূল্যানুগ করের রূপও পরিগ্রহ করিতে পারে। প্রথমোক্ত ক্ষেত্রে একই ধরনের সকল দলিলের জন্য একই পরিমাণে কর প্রদেয়; শেষোক্ত ক্ষেত্রে দলিলের দ্বারা সম্পন্ন লেনদেনের মূল্য-অনুযায়ী করের পরিমাণ কমবেশি হয়। অপর্যাপ্ত বা অনুচিতভাবে মুদ্রাস্ক্রযুক্ত দলিল দেওয়ানি মোকদ্দমায় প্রমাণ হিসাবে গ্রহণযোগ্য হয় না এবং সেইহেতু এইগুলি আইনত বলবংযোগ্য নয়। ১৮৯৯ সালের স্ট্যাম্প আইনের ও ধারা-অনুসারে উক্ত আইনের ১ তফসিলে উল্লিখিত দলিলের স্ট্যাম্প ডিউটি দিতে হয়।
- stand by letter of credit ঋণপত্রদারা বাধ্য এই ধরনের প্রত্যয়পত্র রপ্তানিকারককে তাঁহার অর্থপ্রাপ্তি সম্পর্কে অধিকতর নিশ্চয়তা প্রদান করে। এই প্রত্যয়পত্রের বৈশিষ্ট্য এই যে, ইহা রপ্তানিকারক কর্তৃক উপস্থাপিত প্রয়োজনীয় দলিলপত্রাদির বিনিময়ে আমদানিকারকের ব্যাংক কর্তৃক দেনা-পরিশোধের আইনত নিশ্চয়তা প্রদান করে। যুক্তরাষ্ট্রে ইহা ব্যাপকহারে ব্যবহৃত হয়।
- standard investment criteria বিনিয়োগের প্রমিত মান general power of investment দ্র. ।

- standard of care সতর্কতার মান অবহেলাসংক্রান্ত আইনে, একজন যুক্তিমান যানুষের যে-পরিমাণ সতর্কতা অবলয়ন করা উচিত।
- standard of proof প্রমাণের মান মামলা-মোকদ্দমায় যে-কোনো বিচার্য ঘটনার জন্য প্রয়োজনীয় প্রমাণের মাত্রা, যাহা প্রাসঙ্গিক সাক্ষ্যপ্রমাণ মূল্যায়নপূর্বক নির্ণয় করা হয়। দৌজদারি মামলায় এই মান হইতেছে যুক্তিসংগত সন্দেহের অতীত প্রমাণ। দেওয়ানি মামলায় (বিবাহ-বিচ্ছেদের আরজিসহ) এই মান হইতেছে সম্ভাব্যতাসমূহ তৌলনের ভিত্তিতে প্রমাণ। এতৎসহ burden of proof দ্র.।
- standard rent মানসম্মত ভাড়া ১৯৯১ সালের বাড়ীভাড়া নিয়ন্ত্রণ আইনের অধীন নির্ধারিত বা নির্ধারিত বলিয়া গুল্য মানসম্মত ভাড়া।
- standard-form contract প্রমিত ছক চুক্তি যে-বাণিজ্যিক চুক্তি (যেমন একটি গতানুগতিক পরিবহণ বা বিমা চুক্তি) প্রস্তাবকারীকর্তৃক প্রদন্ত প্রমেত ছকে বা ফরমে সম্পাদিত হয় এবং যাহাতে কার্যকর আলাপ-আলোচনার কোনো সুযোগ থাকে না।
- standing n. ১. দাবি-উত্থাপনের অধিকার আইনসম্মত দাবি পেশ করিবার কিংবা
 একটি কর্তব্য বা অধিকার আদালতের মাধ্যমে বলবৎ করিতে চাহিবার অধিকার। ২.
 উৎকূলন বি. (সমুদ্র আইনে) হাওয়া বা স্রোতের টানে ভাসিতে ভাসিতে কিংবা চলও
 অবস্থায় জাহাজ ভাঙ্গায় ওঠা বা চডায় ঠেকা।
- standing civilian court স্থায়ী অসামরিক আদালত কোনো অসামরিক ব্যক্তি কর্তৃক, যেমন সশস্ত্র বাহিনীর সদস্যদের পরিবারকর্তৃক, সংঘটিত ন্যুনতর অপরাধ বিচারের জন্য ইংল্যান্ডের ১৯৭৬ সালের সশস্ত্র বাহিনী আইনের বিধান-অনুযায়ী দেশের বাহিরে গঠিত একটি আদালত।
- standing committee স্থায়ী কমিটি ইংল্যান্ডের হাউজ অফ কমস কর্তৃক নিযুক্ত একটি কমিটি, যাহা সরকারকর্তৃক উহাকে বরাদ্দকৃত সরকারি বিলসমূহ কমিটি পর্যায়ে গ্রহণ করে। বাংলাদেশের সংবিধানের ৭৬ অনুচ্ছেদ-অনুসারে (১) সংসদ-সদস্যদের মধ্য হইতে সদস্য লইয়া সংসদ নিম্নলিখিত স্থায়ী কমিটিসমূহ নিয়োগ করিবেন: (ক) সরকারি হিসাব কমিটি; (খ) বিশেষ-অধিকার কমিটি; এবং (গ) সংসদের কার্যপ্রণালি-বিধিতে নির্দিষ্ট অন্যান্য স্থায়ী কমিটি। (২) সংসদ এই অনুচ্ছেদের (১) দফায় উল্লিখিত কমিটিসমূহের অতিরিক্ত অন্যান্য স্থায়ী কমিটি নিয়োগ করিবেন এবং অনুক্রপভাবে নিযুক্ত কোনো কমিটি এই সংবিধান ও অন্যকোনা আইনসাপেক্ষে (ক) খসড়া বিল ও অন্যান্য আইনগত পরীক্ষা করিতে পারিবেন; (খ) আইনের বলবৎকরণ পর্যালোচনা এবং অনুক্রপ বলবৎকরণের জন্য ব্যবহুদি গ্রহণের প্রস্তাব করিতে পারিবেন; (গ) জনগুরুত্বসম্পন্ন বলিয়া সংসদ কোনো

বিষয় সম্পর্কে কমিটিকে অবহিত করিলে সেই বিষয়ে কোনো মন্ত্রণালয়ের কার্য বা প্রশাসন সম্বন্ধে অনুসন্ধান বা তদন্ত করিতে পারিবেন এবং কোনো মন্ত্রণালয়ের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে প্রাসঙ্গিক তথ্যাদি সংগ্রহের এবং প্রশ্নাদির মৌথিক বা লিখিত উত্তরলান্ডের ব্যবস্থা করিতে পারিবেন; (ঘ) সংসদ কর্তৃক অর্পিত যে-কোনো দায়িত্ব পালন করিতে পারিবেন। (৩) সংসদ আইনের দারা এই অনুচ্ছেদের অধীন নিযুক্ত কমিটিসমূহকে (ক) সাক্ষীদের হাজিরা বলবং করিবার শপথ, ঘোষণা বা অন্য কোনো উপায়ের অধীন করিয়া তাঁহাদের সাক্ষ্যগ্রহণের এবং (খ) দলিলপত্র দাখিল করিতে বাধ্য করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

- standing mute মৌনাবলম্বন অভিযোগের বিচারকালে দোষ স্বীকারপূর্বক বা অস্বীকারপূর্বক কোনো কথা বলিতে বিবাদীর অসমতি। ইংল্যান্ডে বিবাদী দুরভিপ্রায়হেতু মৌনাবলম্বী (অর্থাৎ ইচ্ছাকৃতভাবে কিছু বলিতে অসমত), না দৈবদুর্বিপাকে মৌনাবলম্বী (অর্থাৎ কোনো শারীরিক বা মানসিক বৈকল্যের দরুন দোষ স্বীকার বা অস্বীকার পূর্বক কোনো বিবৃতি দিতে অপারগ), তাহা বলিবার জন্য উপস্থিত ব্যক্তিদের মধ্য হইতে যে-কোনো ১২ জনের একটি জুরির তালিকা প্রণয়ন করিতে হয়। বিবাদী জুরির কোনো সদস্যের সম্বন্ধে আপত্তি উত্থাপন করিতে পারেন না। জুরি দুরভিপ্রায়হেতু মৌনাবলম্বী বলিয়া রায় দিলে, বিবাদীর পক্ষে 'নির্দোঘ' কিন্য়া লিপিবদ্ধ অজুহাত করিতে হইবে; আর দৈবদুর্বিপাকে মৌনাবলম্বী বলিয়া রায় দিলে, বিবাদী বিবৃতিপ্রদানে অসমর্থ কি না, তাহা জুরিকে বিবেচনা করিতে ইইবে। কোনো ব্যক্তি নিছক মৃক ও বিধির হইলে, তিনি একজন দোভাষীর মাধ্যমে অভিযোগ সম্বন্ধে বিবৃতি প্রদান করিতে পারেন। বাংলাদেশে ফৌজদারি কার্যবিধির ২৬৫ চ ধারা-অনুসারে আসামি অভিযোগের উত্তরে যদি হেতু প্রদর্শন করিতে অস্বীকার করেন বা নিশ্বপ থাকেন, তবে আদালত ফরিয়াদি পক্ষের সাক্ষ্য গ্রহণ করিবেন।
- standing timber দথায়মান দারুবৃক্ষ যে-বৃক্ষের কাঠ বাড়িঘর নির্মাণে বা সংস্কারে প্রয়োজন হয়। এইগুলি স্থাবর সম্পত্তি নহে। ফলদায়ী গাছ— যেমন, আমগাছ এবং রস আহরণ করিবার জন্য তাল ও খেজুর গাছ— স্থাবর সম্পত্তি। নিমগাছ কিংবা শিশামগাছ দগ্রায়মান দারুবৃক্ষ এবং ইহারা স্থাবর সম্পত্তি নহে। বাবলা, সেগুন প্রভৃতি গাছ অস্থাবর সম্পত্তি।
- stare decisis নির্ণীত বিষয়াদির প্রতি অনুগত থাকা নজির তত্ত্বের অন্তর্নগ্ন তিরির মর্মোদ্ঘাটক একটি প্রবচন, যাহার মূলকথা হইতেছে এই যে, মামলা-মোকদ্দমায় একই বিষয়ের উদ্ভব ঘটিলে, পূর্বেকার নজিরসমূহ মান্য করা আবশ্যক।
- starling area ন্টার্লিং এলাকা বিশ্বের যে-সব দেশের মুদ্রা পাউন্ত-ন্টার্লিঙের সহিত সরকারিভাবে সম্পর্কযুক্ত সে-সমস্ত দেশকে লইয়া গঠিত এলাকা। বর্তমানে 'ব্যাংক অব ইংল্যান্ড' ন্টার্লিং এলাকার ব্যাংক হিসাবে কাজ করিয়া থাকে।

- state n. রাষ্ট্র বি. অন্য রাষ্ট্রের সহিত সম্বন্ধস্থাপনে সমর্থ এবং আন্তর্জাতিক আইনি ব্যক্তিত্বসম্পন্ন একটি সার্বভৌম ও স্বাধীন সন্তা। রাষ্ট্র হিসাবে যোগ্যতা অর্জন করিতে হইলে সন্তাটির অবশ্যই (১) একটি স্থায়ী জনসমষ্টি, (২) উহার কর্তৃত্বাধীন একটি সুনির্দিষ্ট ভৃষণ্ড, এবং (৩) একটি কার্যকর সরকার থাকিতে হইবে। পৃথিবীতে বর্তমানে প্রায় ২০০ রাষ্ট্র রহিয়াছে। নৃতন কোনো রাষ্ট্রের উদ্ভব ঘটিলে, উহা স্বতঃক্রিয়ভাবে আন্তর্জাতিক আইনের মূলসূত্রসমূহের আওতায় আসে।
- state aid রাষ্ট্রীয় সাহায্য স্থানীয় ব্যবসা-প্রতিষ্ঠানগুলিকে প্রায়শ রাষ্ট্রীয় সহায়তা প্রদান করা হইয়া থাকে। ইহা সচরাচর আর্থিক প্রকৃতির এবং সহায়তাপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলির সহিত প্রতিযোগিতা করিতে সচেষ্ট প্রতিষ্ঠানগুলির প্রতি বৈষম্যমূলক।
- state of emergency জরুরি অবস্থা emergency power দ্র.।
- state responsibility রাষ্ট্রীয় দায়িত্ব আন্তর্জাতিক আইন-অনুসারে কোনো আইনানুগ দায়পালনের ব্যর্থতা হইতে উদ্ভূত ক্ষতিপূরণ করিতে একটি রাষ্ট্রের বাধ্যবাধকতা। এতংসহ espousal of claim দ্র.।
- stateless person রাষ্ট্রহীন ব্যক্তি (আন্তর্জাতিক আইনে) যে-ব্যক্তিকে কোনো রাষ্ট্র উহার নাগরিক বলিয়া গণ্য করে না।
- statement n. বিবৃতি, বর্ণনা, বিবরণ বি. ১. সত্য ঘটনা, মতামত, সমস্যা ইত্যাদি বিষয়ে আনুপূর্বিক বিবৃতি বা প্রতিবেদন। মৌখিক কিংবা লিখিতভাবে বর্ণনা করিবার, আবৃত্তি করিবার বা উপস্থাপন করিবার কার্য। ২. যাহা বিবৃত হইয়াছে। কোনো অভিযোগ, ঘোষণা ইত্যাদি। ৩. নির্দিষ্ট সময়ের বিরতিতে প্রকাশিত সাময়িকপত্র, যেমন মাসিক, ত্রৈমাসিক ইত্যাদিতে পরিবেশিত কোনো বিষয়ে তথ্যাদি। দণ্ডবিধির ১৯৩ ধারা-অনুসারে আনুষ্ঠানিক বিবৃতি। ফৌজদারি কার্যবিধির ১৬২ ধারা-অনুসারে পুলিশ কর্মকর্তার নিকট প্রদত্ত সাক্ষীর বিবৃতি ইত্যাদি।
- statement of affairs ব্যবসা-বিবরণী কোনো দেনাদারের বিরুদ্ধে দেউলিয়াত্বের আদেশ জারি করা হইলে, তৎকর্তৃক অবশ্যসম্পাদ্য একটি দলিল, যদি না দেউলিয়াত্বের আদেশ তাঁহার নিজের আবেদনক্রমে জারি করা হয়, কিংবা যদি না আদালত তাঁহাকে অব্যাহতি দেন। ইহাতে দেনাদারের পরিসম্পৎ, ঝণ ও দায়িতা, তাঁহার পাওনাদারদের নাম ও ঠিকানা এবং তাঁহাদের হস্তগত প্রাতিভাব্যসমূহের বিশদ বিবরণ দেওয়া হয়। দেনাদারকে বিবরণীটি অবশ্যই সরকারি রিসিভারের নিকট প্রেরণ করিতে হয় এবং পাওনাদারদের উহা পরীক্ষা করিবার অধিকার থাকে। কোনো দেনাদার অন্যায়ভাবে একটি বিবরণী দাঝিল করিতে ব্যর্থ হইলে তিনি আদালত অবমাননার অপরাধে অভিযুক্ত হন। ১৯৯৭ সালের দেউলিয়া বিষয়ক আইনের ২৫

ধারা-অনুসারে দেনাদার আদালত বা রিসিভারের নির্দেশমতো তাঁহার সম্পত্তি ও ব্যবসা সম্পর্কে কতিপয় কর্তব্য পালন করিবেন এবং ৮৪ ধারা-অনুসারে ওইসকল কর্তব্য পালন না করিলে বা তাঁহার বিষয়াদি সম্পর্কিত কোনো বিবরণীতে কোনো গুরুত্বপূর্ণ তথ্য উল্লেখ না করিলে দুই বংসর পর্যন্ত কারাদণ্ডে বা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডনীয় ইইবেন। voluntary winding up দ্র.।

- statement of arrangement for children সন্তানদের জন্য বন্দোবন্তের বিবরণী ইংল্যান্ডে বিবাহ-বিচ্ছেদের জন্য আবেদনকারী পিতামাতার সন্তানদের জন্য প্রস্তাবিত বন্দোবন্ত-সম্পর্কিত একটি বিবরণী, যাহা বিবাহ-বিচ্ছেদ মনজুর হওয়ার পূর্বে অবশ্যই দাখিল করিতে হয়। আদালত অবশাই বিবরণীটি পরীক্ষা করিবেন এবং প্রয়োজনমতো সন্তানদের সম্বন্ধে আদেশ জারি করিবেন।
- statement of case মামলার বিবরণ ইংল্যান্ডে একটি দেওয়ানি মামলায় প্রত্যেক
 পক্ষকর্তৃক অপর পক্ষের উদ্দেশে প্রেরিত একটি আনুষ্ঠানিক লিখিত বিবৃতি, যাহাতে
 পক্ষটি মামলায় যে-প্রতিকার (যদি থাকে) দাবি করেন, তাহার উল্লেখসহ তথ্য-বর্ণনা
 সন্নিবিষ্ট করা হয়, যাহা ওই পক্ষ বিচারকালে প্রমাণ করিতে ইচ্ছুক। মামলার
 বিবরণের অন্তর্ভুক্ত দাবিপত্র, দাবির বিশদ বিবরণ, সাফাই, পালটা দাবি, এবং
 সাফাইয়ের জবাব। প্রত্যেকটি বিবরণের সহিত একটি সত্যতার বিবৃতি অবশ্যই
 থাকিতে হইবে।
- statement of claim দাবির বিবরণ পূর্বকালে, ইংল্যান্ডের হাইকোর্টে সমন রিটের দ্বারা সূচিত একটি মামলায় দাবিদারকর্তৃক জারিকৃত একটি হেতৃবাদ, যাহা বর্তমানে মামলার বিবরণ নামে পরিচিত। দেওয়ানি বিধি-অনুযায়ী দাবির বিবরণ এখন দাবির বিস্তাবিত বিবরণ নামে পরিচিত।
- statement of objections আপন্তির বিবরণী কোনো ব্যবসা-প্রতিষ্ঠান রোম-চুক্তির
 ৮১ ও ৮২ ধারাভুক্ত প্রতিযোগিতার নিয়মাবলি লজ্ঞান করিলে, উহার বিরুদ্ধে মামলাটি
 বর্ণনাপূর্বক ইউরোপীয় কমিশন কর্তৃক জারিকৃত একটি দলিল। ওই বিবরণীতে জবাব
 দিবার জন্য যুক্তিসংগত সময় নির্ধারণ করিতে ইইবে।
- statement of reasons for dismissal বরখান্তের কারণবর্ণন কোনো কর্মচারীকে বরখান্ত করা কিংবা কোনো নির্দিষ্ট-মেয়াদি চুক্তি নবায়ন না করার কারণ সম্পর্কে একটি লিখিত বিজ্ঞপ্তি। ইংল্যান্ডের ১৯৯৬ সালের নিয়োগ অধিকার আইন-অনুযায়ী, কোনো বরখান্তকৃত কর্মচারী একবংসর কাল নিরবিচ্ছিন্ন চাক্রি করিয়া থাকিলে, তিনি তাঁহার নিয়োগকর্তার নিকট হইতে এইরূপ একটি কারণবর্ণন দাবি করিতে পারেন এবং নিয়োগকর্তা উহা প্রদান করিতে অসমত হইলে কিংবা ১৪ দিনের মধ্যে প্রদান না করিলে, কোনো নিয়োগ-ট্রাইব্যনালে নালিশ করিতে পারেন।

\$609 stalute

statement of truth সত্যতার বিবৃতি (দেওয়ানি মামলায়) কোনো পক্ষ (কিংবা তাহার অনুমোদিত প্রতিনিধি, যেমন আইনজীবী) কর্তৃক প্রদন্ত এই মর্মে একটি বিজ্ঞপ্তি যে, তাঁহার বিশ্বাসমতে এই সত্যতার বিবৃতি-সংবলিত দলিলটির বিষয়বন্তু সতা। দেওয়ানি কার্যবিধি-অনুযায়ী আবশ্যিক এই সত্যতার বিবৃতির উদ্দেশ্য কোনো দাবি পেশ করিবার সময়ে প্রদন্ত বিভিন্ন বিবৃতির সমর্থনে হলফনামা দাখিল করার আবশ্যকতা পরিহার করা। মামলার বিবরণ, সাক্ষীর বিবৃতি এবং বিশেষজ্ঞদের প্রতিবেদনে সত্যতার বিবৃতি আবশ্যক। সত্যতার বিবৃতিতে ইচ্ছাকৃতভাবে ভূল তথ্য দেওয়া আদালতের অবমাননাবিশেষ।

- statements of standard accounting practice (SSAP) মানসম্মত হিসাবরক্ষণ রীতির বিবরণ ইংল্যান্ডে হিসাবরক্ষণ মান বোর্ড কর্তৃক প্রকাশিত বিবরণসমূহ, যাহা একটি কোম্পানির পরিসম্পৎ ও দায়িতা মূল্যায়ন এবং লাভলোকসান হিসাব করিবার মূলসূত্রাবলি নির্ণয় করে।
- state-secrets privilege রাষ্ট্রীয় গুহাবিষয়-ঘটিত বিশেষাধিকার প্রকাশিত হইলে জাতীয় নিরাপত্তা বিপন্ন করিতে পারে, এমন-কোনো বস্তুর প্রকাশের বিরুদ্ধে সরকারকর্তৃক আবাহনযোগ্য একটি বিশেষাধিকার।
- status n. অধিষ্ঠা বি. কোনো ব্যক্তির আইনগত মর্যাদা বা সামর্থ্য। শব্দটি রোমক আইন হইতে উদ্ভূত, যেখানে ইহা একজন ব্যক্তির স্বাধীনতা, নাগরিকত্ব ও পারিবারিক অধিকারসমূহের সহিত সম্পৃক্ত ছিল। অধিষ্ঠা আইনগত অধিকার ও কর্তব্য, ক্ষমতা এবং অক্ষমতার একটি সচক।
- status of certificate officer সার্টিফিকেট অফিসারের পদমর্যাদা কালেক্টর, সহলারী কালেক্টর, ডেপুটি কালেক্টর এবং সার্টিফিকেট অফিসার যখন পাওনা আদায় আইনের আওতায় সার্টিফিকেটের কার্য-পরিচালনা করিবেন, তখন তাঁহারা বিচারবিভাগীয় কর্মচারী বলিয়া গণ্য হইবেন এবং ১৮৫০ সালের বৈচারিক কর্মকর্তা রক্ষা আইনের আওতাভুক্ত হইবেন।
- status quo স্থিতাবস্থা বি. কোনো নির্দিষ্ট তারিখে কোনো কিছুর বিদ্যমান অবস্থা।
 সাধারণত দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশের ১ ও ২ বিধি-অনুসারে নিষেধাজ্ঞার
 আবেদনপত্র নিষ্পপ্তিসাপেক্ষে আদালত উপযুক্ত ক্ষেত্রে বিবাদের বিষয়ে স্থিতাবস্থা
 বজার রাখিবার জন্য সংশ্রিষ্ট পক্ষগণকে নির্দেশ দিয়া থাকেন। তবে দখল-বিষয়ে
 পরম্পরবিরোধী দাবির ক্ষেত্রে আদালতের এইরূপ আদেশে 'জাের যার মুরুক তার'
 অবস্থা সৃষ্টি হইবার ঝুঁকি থাকে।
- statute n. সংবিধি বি., সংবিধিবদ্ধ আইন আইনসভা কর্তৃক প্রণীত আইন। Act of Parliament দ্র.।

stalute book 3036

statute book সংবিধি-পুস্তক বিদ্যমান যাবতীয় সংবিধির সমষ্টি।

statute law সংবিধি-আইন সংসদের কৃত আইনসমূহে বিধৃত যাবতীয় আইন। case law তৃ.।

- statute of frauds প্রবঞ্চনাবিষয়ক সংবিধি ১৬৭৭ সালে প্রণীত ইংল্যান্ডের প্রবঞ্চনাবিষয়ক-সংবিধিতে কতকগুলি চুক্তিকে আদালতের মাধ্যমে বলবংকরণের অযোগ্য (তবে বাতিল নহে) বলিয়া ঘোষণা করা হয়, যদি না চুক্তিগুলি লিখিত এবং অভিযোক্তব্য পক্ষ কর্তৃক স্বাক্ষরিত হয়। যে-চুক্তি লিখিত এবং অভিযোক্তব্য পক্ষকর্তৃক স্বাক্ষরিত হইতে, এইরূপ বিধান প্রবর্তনের উদ্দেশ্যে, প্রবঞ্চনা ও মিথাা সাক্ষ্য নিবারণ করা।
- statute of limitations তামাদির সংবিধি ১. দাবি উদ্ভূত হইবার তারিথের (যেমন, যথন ক্ষতি সংঘটিত বা আবিষ্কৃত হইরাছে) ভিত্তিতে একটি দেওয়ানি মামলা রুজু করিবার সময়সীমা বাঁধিয়া দিবার জন্য প্রণীত একটি সংবিধি। ২. একটি অপরাধ সংঘটিত হইবার তারিখের ভিত্তিতে ওই অপরাধের জন্য মামলা রুজু করিবার সময়সীমা বাঁধিয়া দিবার জন্য প্রণীত একটি সংবিধি। limitation দ্র.। statute of repose তু.।
- statute of repose বিরামের সংবিধি বিবাদী কোনো প্রকার কার্য করিবার (যেমন, কোনো পণ্যসামগ্রী পরিকল্পন বা উৎপাদন করিবার) পর নির্দিষ্ট কিছুসংখ্যক বৎসরের জন্য— এমনকি এই কালপর্ব ফরিয়াদি ক্ষতিগ্রস্ত হইবার পূর্বে শেষ ইইলেও— যে-সংবিধি মামলা দায়ের নিষিদ্ধ করে।
- statute-barred debt তামাদি ঋণ যে-ঋণ তামাদি আইনের দ্বারা নির্ধারিত সময়ের
 মধ্যে আদায় করা হয় নাই। এইরূপ ঋণ মামলার দ্বারা আর আদায় করা য়য় না।
 ইংল্যান্ডে দলিলের দ্বারা কৃত প্রতিশ্রুতি-অনুয়য়ী দেয় ঋণের জন্য সময়সীমা ঋণ
 পরিশোধ্য হইবার তারিখ হইতে ১২ বৎসর: অন্যান্য ঋণের জন্য সময়সীমা ঋণ
 পরিশোধ্য হইবার তারিখ হইতে ৬ বৎসর। বাংলাদেশে ১৯০৮ সালের তামাদি
 আইনের প্রথম তফসিলের ৫৭ অনুচ্ছেদ-অনুসারে ঋণপ্রদানের পর ৩ বৎসর তায়ার
 তামাদিকাল এবং ১৩২ অনুচ্ছেদ-অনুসারে ৠবর সম্পত্তির উপর দায়সৃষ্ট ঋণ দেয়
 হইবার পর ১২ বৎসর তাহার তামাদিকাল।
- statutory assignment সংবিধিবদ্ধ স্বত্বার্পণ assignment দ্র.।
- statutory company সংবিধিবদ্ধ কোম্পানি সংসদের একটি আইনদারা নিগমিত (incorporated) কোম্পানি। registered company তু.।
- statutory corporation সংবিধিবদ্ধ সংস্থা public corporation দ্ৰ. া

- statutory declaration সংবিধিবদ্ধ ঘোষণা ইংল্যান্ডের একজন জান্টিস অফ পিস, নোটারি পাবলিক কিংবা শপথ পাঠ করাইবার ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো ব্যক্তির সামনে নির্ধারিত ছকে বা ফরমে প্রদন্ত একটি ঘোষণা। ইহা আদালতে নয়, বিচারাপয়-বহির্ভূত বিচারকার্যে ব্যবহৃত হয়, তবে ইহার পরিণাম শপথপূর্বক প্রদন্ত শোসগার অনুরূপ।
- statutory demand সংবিধিবদ্ধ চাহিদাপত্র ঋণ-আদায়ের জন্য ব্যবহৃত একটি প্রমিত ছক বা ফরম। ইহাতে একটি পাওনার অঙ্ক পরিশোধ করিবার জন্য দেনাদারের উদ্দেশে একজন পাওনাদারের একটি দাবি বৈশিষ্ট্যসূচকভাবে বিন্যস্ত করা হয়। অঙ্কটি অব্যবহিতভাবে কিংবা ভবিষ্যতের কোনো তারিখে (যদি পাওনাদারের যুক্তিসংগতভাবে বিশ্বাস করিবার কারণ থাকে যে, উহা ওই তারিখে পরিশোধ করা হবৈ না) প্রদেয় হইতে পারে। ১৯৯৭ সালের দেউলিয়া বিষয়ক আইনের ৯(২)(ঝ) ধারা-অনুসারে প্রদন্ত আনুষ্ঠানিক দাবিনামা প্রেরণের পরবর্তী ৯০ দিনের মধ্যে দেনাদার কর্তক পাওনাদারের দাবিপুরণে ব্যর্থতা দেউলিয়া কর্ম হইবে।
- statutory instrument সংবিধিবদ্ধ দলিল এমন যে-কোনো অর্পিত ক্ষমতাবলে আইন, যাহার সম্বন্ধে ১৯৪৬ সালের প্রণীত সংবিধিবদ্ধ দলিল আইন প্রযোজ্য; তবে অর্পিত ক্ষমতার অধীন সমাদিষ্ট আইন ইহার আওতাবহির্ভূত। ইংল্যান্তে ১৯৪৭ সালের পরে প্রবর্ভিত কোনো আইনদ্বারা রাজশক্তি বা কোনো মন্ত্রীর উপর অর্পিত ক্ষমতাবলে প্রদন্ত এবং উক্ত আইনের দ্বারা প্রথমোক্ত ক্ষেত্রে কাউনসিলে প্রদন্ত আদেশ কিংবা শেষোক্ত ক্ষেত্রে সংবিধিবদ্ধ দলিলদ্বারা পরিব্যক্ত সমাদেশ (delegation) অথবা ১৯৪৭ সালের পরে পূর্ববর্তী কোনো আইনদ্বারা অর্পিত এবং পূর্বকালে ১৮৯৩ সালের নিয়মাবলি প্রকাশনা আইনদ্বারা নিয়ন্ত্রিত ক্ষমতাবলে প্রদন্ত সমাদেশ।
- statutory owner সংবিধিবদ্ধ স্বভাধিকারী ইংল্যান্ডের বন্দোবস্তকৃত জমির হিতভোগী স্বয়ং ১৮ বৎসরের কমবয়সী হইলে কিংবা কোনো অব্যবহিত হিতভোগী না থাকিলে (যেমন, যে-স্ববিবেচনাধীন বন্দোবস্তে কোনো হিতভোগী নিয়োগ করা হয় নাই), অব্যবহিত হিতভোগীর ক্ষমতাসম্পন্ন একজন ব্যক্তি। সংবিধিবদ্ধ স্বভাধিকারী হইবেন হয় পূর্ণবয়ন্ধ সেই ব্যক্তি, যাঁহার উপর বন্দোবস্তের দ্বারা ক্ষমতা অর্পত হইয়াছে; কিংবা অছিগণ অথবা ইচ্ছাপত্রের দ্বারা ১৮ বৎসরের কমবয়সী একজন হিতভোগীর অনুকূলে বন্দোবস্ত দেওয়া হইলে, একটি অপর্ণের দলিল সম্পন্ন না হওয়া অর্বধি ইচ্ছাপত্রকারের ব্যক্তিগত প্রতিনিধিগণ।
- statutory periodic tenancy সংবিধিবদ্ধ নিয়তকালিক প্রজাস্বত্ব ইংল্যান্ডের যেনিয়তকালিক প্রজাস্বত্ব নির্দিষ্ট মেয়াদের জন্য একটি সুনিশ্চিত প্রজাস্বত্বের মেয়াদ
 উত্তীর্ণ হইলে কার্যকর হয়, যদি না ওই প্রজাস্বত্ব আদালতের আদেশ কিংবা প্রজাস্বত্ব
 পরিত্যাগের দারা বাতিল হইয়া যায়। এতৎসহ surrender of tenancy দ্র.।

- statutory provident fund সংবিধিবদ্ধ ভবিষ্য তহবিল provident fund, statutory দ্ৰ.।
- statutory reserve সংবিধিবদ্ধ আমানত আইনগত বাধ্যবাধকতায় জমা দেওয়া আমানতের অংশ। পৃথিবীর প্রায় প্রতিটি দেশে প্রত্যেক বাণিজ্যিক ব্যাংককে আইন-অনুযায়ী তাহার বিভিন্ন ধরনের আমানতের একটি নির্দিষ্ট অংশ কেন্দ্রীয় ব্যাংকে আমানত হিসাবে জমা রাখিতে হয়। ইহাকে সংবিধিবদ্ধ আমানত বলে। বাংলাদেশের প্রতিটি তক্তসিলি ব্যাংককে তাহার চাহিদা ও মেয়াদি আমানতের শতকরা ৪ ভাগ বাংলাদেশ ব্যাংকে আইনগতভাবে জমা রাখিতে হয়। এই হার পরিবর্তনশীল।
- statutory rules and order সংবিধিবদ্ধ নিয়ম ও আদেশ পূর্বকালে নিয়মাবলি প্রকাশন আইনের বিধান-অনুযায়ী, অর্পিত ক্ষমতাবলে প্রণীত আইন প্রকাশের জন্য একটি সরকারি ধারাবাহিক প্রকাশনা। statutory instruments দ্র.।
- statutory tenancy সংবিধিবদ্ধ প্রজাস্বত্ব একটি সুরক্ষিত প্রজাস্বত্বের চুক্তিগত উপাদান পরিসমাপ্ত হইবার পরেও সাবেক সুরক্ষিত প্রজা সম্পত্তিতে বাস করিলে ইংল্যান্ডে যে-প্রজাস্বত্বের উদ্ভব ঘটে (একটি কোম্পানি সংবিধিবদ্ধ প্রজা বা ভাড়াটিয়া হইতে পারে না)। একটি সংবিধিবদ্ধ প্রজাস্বত্ব ততদিনই শুধু বজায় থাকে, যতদিন প্রজা সম্পত্তিতে বাস করেন (সূতরাং প্রজা দর-ইজারা দেওয়ার চেটা করিলে উহার পরিসমাপ্তি ঘটিবে)। তবে প্রজা মারা গেলে সংবিধিবদ্ধ প্রজাস্বত্ব তাহার স্ত্রীর নিকট হস্তান্তর করা যাইতে পারে, যদি তিনি প্রজার অব্যবহিত পূর্বে ওই বাড়িতে বসবাসরত হন। স্ত্রী না থাকিলে, প্রজাস্বত্ব প্রজার পরিবারের অন্য এমন-কোনো সদস্যের নিকট হস্তান্তর করা যাইতে পারে, যিনি পূর্ববর্তী দুই বৎসর ধরিয়া তাঁহার সহিত বাস করিতেছিলেন। ইহা পরম্পরাক্রমে সংবিধিবদ্ধ প্রজাস্বত্ব (statutory tenancy by succession) নামে পরিচিত।
- statutory trust সংবিধিবদ্ধ ন্যাস ইংল্যান্ডে ১৯৯৭ সালের পূর্বে বিক্রয়ের অপেক্ষায় জমি ন্যাস হিসাবে অছিদের জিম্মায় থাকিলে, সংবিধির দারা সৃষ্ট একটি ন্যাস। বিক্রয়ের পূর্বে জমি হইতে উদ্ভূত যে-কোনো আয় এবং বিক্রয়লব্ধ অর্থ অছিগণকর্তৃক ন্যাস হিসাবে রক্ষিত হইত। বিপরীত অভিপ্রায় না থাকিলে, অছিগণের স্ববিবেচনায় বিক্রয় মুলতুবি করিবার অধিকার ছিল। ১৯৯৬ সালের আইনগত ন্যাস ও অছি নিয়োগ আইনের দারা নিয়ন্ত্রিত আইনগত ন্যাস ১৯৯৭ হইতে সংবিধিবদ্ধ ন্যাসের স্থলবতী হইয়াছে।
- statutory warning সংবিধিবদ্ধ সতর্কবাণী তামাকজাত সামগ্রীর প্যাকেট ইত্যাদিতে লিখিত সতর্কবাণী। 'ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর' এই মর্মে একটি

সতর্কবাণী সহজপাঠ্য বাংলায় তামাকজাত সামগ্রীর প্যাকেট বা কৌটার কোনো বিশিষ্ট অংশে উৎকীর্ণ, লিপিবদ্ধ বা মুদ্রিত না করিয়া প্যাকেটের বা কৌটার কোনো তামাকজাত সামগ্রী বিক্রি না করিবার বিধান রহিয়াছে।

stay of execution ডিক্রিজারি স্থগিতকরণ কোনো আদেশবলে আদালতের কোনো আদেশজারি মূলতুবি করা। ১. ইংল্যান্ডে হাইকোর্ট fieri facioas রিটের মাধ্যমে একটি নিষ্পাদন স্থগিতকরণ এই শর্তে মনজুর করিতে পারেন যে, দেনাদার সুনির্দিষ্ট কিন্তিতে ডিক্রির দেনা শোধ করিবেন। ২. দেওয়ানি কার্যবিধির ২১ আদেশের ২৬ ও ২৯ নিয়মে এবং ৪১ আদেশের ৫ নিয়মে ডিক্রিজারি স্থগিত রাখা সম্পর্কে বিধান রহিয়াছে। ২১ আদেশের ২৬ নিয়মে বলা হইয়াছে যে, কোনো ডিক্রিজারির জন্য যে-আদালতে প্রেরিত হইবে, সাব্যস্ত দেনাদার যাহাতে ডিক্রিদানকারী আদালতে অথবা উক্ত ডিক্রি বা জারি সম্পর্কে আপিলের এখতিয়ারসম্পন্ন কোনো আদালতে ডিক্রিজারি স্থগিত রাখিবার আদেশের জন্য অথবা উক্ত প্রথম আদালত বা আপিল আদালত কর্তৃক ডিক্রিজারির পরওয়ানা প্রদত্ত হইয়া থাকিলে অথবা সেখানে ডিক্রিজারির জন্য আবেদন করা হইয়া থাকিলে যেরূপ আদেশ দান করিতে পারিতেন, তদ্ধপ আদেশের জন্য যাহাতে আবেদন করিতে পারেন, তজ্জন্য উপযুক্ত কারণ দর্শানো হইলে সংগত পরিমাণ সময়ের জন্য ডিক্রিজারি স্থগিত রাখিবেন। ২৯ নিয়মে ডিক্রিদার ও সাব্যস্ত দেনাদারের মধ্যে কোনো মামলা বিচারাধীন থাকিলে তাহা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ডিক্রিজারি স্থগিত রাখা সম্পর্কে বিধান রহিয়াছে। ৪১ আদেশের ৫ নিয়মে বল হইয়াছে: (১) আপিলকৃত ডিক্রি বা আদেশ-অনুসারে কোনো কার্যক্রম আপিল আদালত যতদূর আদেশ দান করেন ততদূর ব্যতীত কোনো আপিলদারা স্থগিত হইবে না কিংবা কোনো ডিক্রি হইতে কেবল আপিল দায়ের করা হইয়াছে বলিয়াই উক্ত ডিক্রির কার্যকরতা স্থগিত হইবে না; কিন্তু আপিল আদালত উক্ত ডিক্রিজারি যথেষ্ট কারণে স্থগিত করিতে পারেন। (২) যে-ক্ষেত্রে আপিল করিবার জন্য অনুমোদিত সময় উত্তীর্ণ হইবার পূর্বে কোনো আপিলযোগ্য ডিক্রিজারি স্থগিত রাথিবার জন্য প্রার্থনা করা হয়, সেক্ষেত্রে যে-আদালত ডিক্রি প্রদান করিয়াছেন, যথেষ্ট কারণ প্রদর্শিত হইলে, সেই আদালত ডিক্রিজারি স্থগিত করিতে পারেন। (৩) ১ ও ২ উপনিয়ম-অনুসারে কোনো ডিক্রিজারি স্থগিতের আদেশ দেওয়া যাইবে না, যদি না আদালত এই মর্মে সন্তষ্ট হন যে.

- (ক) ডিক্রিজারি স্থগিত করা না হইলে আবেদনকারীর গুরুতর ক্ষতি হইবে;
- (খ) অযৌক্তিক বিলম্ব ছাড়া আবেদন করা হইয়াছে; এবং
- (গ) চূড়ান্ত ডিক্রি মান্য করিবার জন্য আবেদনকারী যথাবিহিত জামানত দাখিল করিয়াছেন।

- (৪) আবেদনের শুনানি বিচারাধীন রাখিয়া (৩) উপনিয়মের বর্ণিত বিধান সত্ত্বে আদালত একতরফাভাবে ডিক্রিজারি স্থৃগিতের আদেশ দিতে পারেন। fieri lacias দ্র.।
- stay of proceeding বিচারকার্য স্থৃগিতকরণ সাধারণত দাবিদারের কোনো অসদাচরণের কারণে (যেমন, শারীরিক অনিষ্টহেত্ একটি ক্ষতিপূরণের মামলায় বিবাদীকর্তৃক মনোনীত একজন চিকিৎসকের দ্বারা স্বাস্থ্যপরীক্ষা করাইতে অযৌক্তিকভাবে অস্বীকার করা) ইংল্যান্ডের আদালতকর্তৃক বিচারকার্য মূলতৃবি করিবার আদেশ। বাংলাদেশে দেওয়ানি কার্যবিধির ১০ ধারা-অনুসারে একই পক্ষদের মধ্যে একই বিষয়ে একাধিক মামলা চলিতে থাকিলে আদালত পরবর্তী মামলার বিচারকার্য স্থৃগিত করিবেন। এতদ্ব্যতীত দেওয়ানি কার্যবিধির ১৫১ ধারা, ৪১ আদেশের ৫ নিয়ম এবং ২১ আদেশের ২৬ ও ২৯ নিয়মে বিচারবিভাগীয় কার্যক্রম স্থৃগিত রাখা সম্পর্কে বিধান বর্ণিত রহিয়াছে।
- step-parent বিমাতা বা বিপিতা যে-ব্যক্তি একটি শিশুর পিতা বা মাতার সহিত বিবাহিত, কিন্তু শিশুটির জন্মগত মাতা বা পিতা নহেন।
- stipendiary magistrate বেতনভূক ম্যাজিক্ট্রেট ইংল্যান্ডের আইনে বেতনভূক একজন ম্যাজিক্ট্রেট, যিনি জান্টিস অব পিসের পরিবর্তে বা তাঁহার সহযোগে বিচারকার্য সমাধা করেন।
- stipulation n. করার, শর্ত বি. একটি চুক্তির গুরুত্বপূর্ণ শর্ত বা ধারা।
- stock n. সংভার বি. ১. সরকার বা কোনো স্থানীয় কর্তৃপক্ষকর্তৃক বাঁধা সুদে সংগৃহীত কর্জ। ২. শেয়ারের সর্বমোট মূল্যের সমান অভিহিত মূল্যসহ একটি একক হিসাবে রূপান্তরিত একটি নিবন্ধিত কোম্পানির শেয়ার। দৃষ্টান্তস্বরূপ, নিবন্ধিত কোম্পানিতে কাহারো ১০ টাকা মূল্যের ১০০টি শেয়ার থাকিলে রূপান্তরের পর তিনি ১০০০ টাকা মূল্যের সংভারের মালিক হইবেন। ৩. loan capital দ্র.।
- stock exchange সংভার-বিনিময় কেন্দ্র, ক্টক এক্সচেঞ্জ যে-স্থানে শেয়ার ও পরিপণ প্রকাশ্যে ক্রয়-বিক্রয় হয়।
- stock in trade ব্যবসায় নিয়োজিত মালপত্র, কারবারি বেসাত কোনো ব্যক্তির ব্যবসায়-সূত্রে বিক্রয় কিংবা ভাড়া দিবার উদ্দেশ্যে সংগৃহীত সকল অস্থাবর সম্পত্তির সমষ্টি।

১০২৩ stop notice

stock transfer form সংভার-হস্তান্তর ফরম share transfer দ্র.।

stockbroker n. উকরোকার, মজুদ-দালাল ২০০০ সালের সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন আইনের ৬(২) (খ) ধারা-অনুসারে উকরোকার হইতেছেন উক সাব-রোকার, শেয়ার-হস্তান্তরকারী প্রতিনিধি, ইস্যুর ব্যাংকার, মার্চেট ব্যাংকার, ইস্যুর নিবন্ধক, ইস্যুর ম্যানেজার, অবলিখক, পোর্টফোলিও ম্যানেজার, বিনিয়োগ-উপদেষ্টা, ন্যাস-দলিলের অছি, সম্পদ-ব্যবস্থাপনা কোম্পানি, হেফাজতকারী, ক্রেডিট রেটিং কোম্পানি এবং সিকিউরিটি মার্কেটের সহিত সম্পৃক্ত হইতে পারে, এইরূপ অন্যান্য মধ্যবর্তী প্রতিষ্ঠানের কার্য নিরূপণ ও নিয়ন্ত্রণকারী।

stocking n. স্থূপীকরণ বি. ১. (বিমা সম্বন্ধে) কেবল প্রথম বিমাপত্রটি হইতে পুনৰুদ্ধার অপর্যাপ্ত হইবে, এই বিবেচনায় একই দাবিতে একটি দ্বিতীয় বিমাপত্র হইতে সুবিধা-অর্জনের প্রক্রিয়া। ২. নির্বাচনে অন্যায় সুযোগলাভের জন্য নির্বাচনী এলাকার পুনর্বিন্যাসের কৌশলবিশেষ, যাহাতে একই এলাকায় একটি বৃহৎ রাজনৈতিক বা জাতিভিত্তিক গোষ্ঠীকে একটি বৃহস্তর বিরোধী গোষ্ঠীর সহিত যুক্ত করা হয়।

stolen property চোরাই মাল দওবিধির ৪১০ ধারা-অনুসারে যে-সম্পত্তি দখল, চুরি বা বলপূর্বক গ্রহণ বা দস্যুতার ফলে হস্তান্তরিত হইয়াছে এবং যে-সম্পত্তি সম্পর্কে অপরাধমূলকভাবে আত্মসাৎ করা হইয়াছে অথবা যে-সম্পত্তি সম্পর্কে অপরাধমূলক বিশ্বাসভঙ্গ করা হইয়াছে সেই সম্পত্তি, উহার হস্তান্তর, আত্মসাৎকরণ বা বিশ্বাসভঙ্গকরণ, বাংলাদেশের ভিতরে বা বাহিরে যেখানেই হউক না কেন, চোরাই মান বিলিয়া অভিহিত হইবে। কিন্তু যদি অনুরূপ মাল উত্তরকালে এমন কোনো ব্যক্তির দখলে আসে যিনি আইনত উহা দখল করিবার অধিকারী, তাহা হইলে উহা চোরাই মান বিলয়া গণ্য হইবে না। দওবিধির ৪১১ ধারা-অনুসারে চোরাই মাল বিলয়া গানা সত্ত্বেও যদি কেহ উহা অসাধূভাবে গ্রহণ বা রক্ষণ করেন তবে তাঁহার শাস্তি তিন বংসর পর্যন্ত কারাদও বা অর্থদও অথবা উভয়বিধ দও। ৪১৩ ধারা-অনুসারে যে-ব্যক্তি অভ্যাসগতভাবে চোরাই মাল বেচাকেনা করেন, সেই ব্যক্তি যাবজ্জীবন বা দশ বংসর পর্যন্ত কারাদওে এবং তদুপরি অর্থদণ্ডেও দণ্ডিত হইবেন। ৪১৪ ধারায় বলা হইয়াছে যে, চোরাই মাল গোপন করিবার ব্যাপারে সহায়তা করিলে তাহার শাস্তি তিন বংসর পর্যন্ত কারাদণ্ড বা অর্থদণ্ড বা উভয়বিধ দও।

stop notice নিরোধ বিজ্ঞপ্তি ১. শেয়ারের সহিত স্বার্থসংশ্লিষ্ট থাকিলেও যাঁহারা কোম্পানির সদস্য হিসাবে নিবন্ধিত হন, তাঁহাদের সংরক্ষণ প্রাপ্তব্য একটি আদালতি কার্যপ্রণালি। বিজ্ঞপ্তি প্রদান করা হইলে বিজ্ঞপ্তিপ্রদানকারীকে অবহিত না করিয়া কোম্পানি শেয়ারগুলির হস্তান্তর নিবন্ধন করিতে কিংবা উহাদের উপর লভ্যাংশ দিতে

- পারে না। ২. একটি স্থানীয় পরিকল্পনা কর্তৃপক্ষকর্তৃক জারিকৃত একটি বিজ্ঞপ্তি, যদি ওই কর্তৃপক্ষ বিবেচনা করেন যে, কোনো বলবৎকরণ বিজ্ঞপ্তিতে সুনির্দিষ্ট কোনো কার্য ওই বিজ্ঞপ্তিতে প্রদত্ত আদেশপালনের সময়ের পূর্বেই নিবারণ করা উচিত।
- stoppage in transitu সংক্রমপথে নিরোধন ক্রেতা দেউলিয়া ইইলে এবং পণ্যসম্ভার তখনো যাত্রাপথে থাকিলে, একজন অশোধিতমূল্য-পণ্যবিক্রেতার প্রাপ্তব্য একটি প্রতিকার। বিক্রেতা যদি পণ্যের পরিবাহক বা অন্য জিম্মাদারের উদ্দেশ্যে নিরোধের বিজ্ঞপ্তি জারি করেন, তাহা হইলে তাঁহার ওই পণ্য ফেরত পাইবার অধিকার রহিয়াছে এবং তখন তিনি মূল্য পরিশোধিত না হওয়া অবধি উহা নিজের দখনে রাখিবার অধিকারী।
- storage n. গুদামজাতকরণ, গুদামভাড়া বি. কোনো দ্রব্যসামগ্রী সংগ্রহ করিয়া রাখিবার জন্য যে-জায়ণা ব্যবহার করা হয় অথবা উক্ত জায়ণা ব্যবহার করিবার জন্য যে-ভাড়া প্রদান করা হয়। শব্দটি বিভিন্ন অবস্থায় বিভিন্ন উদ্দেশ্যে সংগৃহীত এবং সংরক্ষিত দ্রব্যসামগ্রী বুঝাইলেও ইহার সাধারণ অর্থ হইল মজুদ বা সংগৃহীত করিবার স্থান। মজুদ বা সংগৃহীত করিবার কার্য; মজুদ বা সংগৃহীত থাকিবার অবস্থা। পণ্য মজুদ অর্থই হইল বিক্রয় করিবার উদ্দেশ্যে মজদ, অন্য কোনো উদ্দেশ্যে নহে।
- stowage n. ১. নিবেশীকরণ বি. (সমূদ্র আইনে) সমূদ্রযাত্রা-কালে ঘর্ষণ, চোট বা পানিজনিত ক্ষতি ইইতে পণ্যসামগ্রী রক্ষা করিবার জন্য জাহাজে বোঝাই মান সংরক্ষণ, সম্পুটীকরণ বা বিন্যন্তকরণ। ২. নিবেশস্থল বি. যে-স্থানে (যেমন, জাহাজের থোলে) পণ্যসামগ্রী সংরক্ষণ করা হয়। ৩. নিবেশীত পণ্যসামগ্রী। ৪. নিবেশীকরণের মান্তল।
- stowaway л. তপ্তযাত্রী বি. যে-ব্যক্তি আত্মগোপন করিয়া কোনো জাহাজে সমুদ্রযাত্রা করেন। ইংল্যান্ডের ১৮৯৪ সালের বাণিজ্যিক নৌ-চলাচল আইন-অনুযায়ী ইহা একটি ফৌজদারি অপরাধ।
- straight bill of lading সরাসরি বহনপত্র যে-বহনপত্রে জাহাজি দলিলে কোনো নির্দিষ্ট ব্যক্তি বা প্রাপকের নাম থাকে। bill of lading দ্র.।
- straight letter of credit সরাসরি ঋণপত্র যে-ঋণপত্রের অধীনে রপ্তানিকারক কর্তৃক প্রেরিত বিনিময়-বিলের বা ড্রাফটের পাওনা আমদানিকারকের ব্যাংক রপ্তানিকারককে সরাসরি প্রদান করে। মার্কিন যুক্তরাষ্ট্রে এইরূপ ঋণপত্র ব্যবহৃত হয়।
- stranger n. ১. নিঃসম্পর্ক ব্যক্তি, অসংশ্লিষ্ট ব্যক্তি যে-ব্যক্তি কোনো একটি কার্যের সহিত জড়িত বা সংশ্লিষ্ট নহেন। যে-ব্যক্তি অন্য এক ব্যক্তির সহিত, প্রসঙ্গ যেমন ইঙ্গিত করে, সেইরূপ কোনো সম্পর্কের দ্বারা সংশ্লিষ্ট নহেন। ২, অপরিচিত বিণ.।

stream n. প্রবাহ বি. নদী, প্রোতম্বিনী, ছোট নদী ইত্যাদি। বস্তুত প্রবহমান যে-কোনো তরল দ্রব্য। প্রাকৃতিক বা কৃত্রিম বাধা দ্বারা ইহার গতিপথ বাধাগ্রস্ত হইলে কিংবা পানির গভীরতা বৃদ্ধি পাইবার ফলে প্রবাহের গতি ব্রাস পাইলেই ইহা ক্ষান্ত হইমাছে বলা যায় না। এই প্রবাহ যে অবিরাম থাকিতে হইবে, এমনও নবে। সময়ে সময়ে ইহা গুৰুও হইতে পারে, তবে ইহার সুস্পষ্ট একটি খাত বা প্রণালি এবং বাস্তব অন্তিত্ব থাকিতে হইবে। 'প্রবাহ' দুইটি তীর বা কিনারার মধ্য দিয়া একটি সুনির্দিষ্ট প্রণালি-পথে পানি প্রবাহিত হওয়ার ধারণা বহন করে। 'পুকুর' ও 'ব্রুদে'র সহিত 'প্রবাহে'র পার্থক্য এই যে, প্রবাহের ক্ষেত্রে পানির একটি স্বাভাবিক গতি থাকে আর পুকুর ও ব্রুদের ক্ষেত্রে পানি সাধারণত দ্বির থাকে।

- street

 ा. রাস্তা, সড়ক বি. সাধারণত শহরের পাকা রাস্তা, যাহার পাশে ভবন, অট্টালিকা, দোকান-পাট বা অন্যান্য নাগরিক নির্মাণ দৃষ্টিগোচর হয়। মানুষ, গাড়িযোড়া ইত্যাদি চলাচলের জন্য ভূমির উপর দিয়া সাধারণত ইটপাথরে নির্মিত পথ। রাস্তা সরকারি, বেসরকারি এবং ব্যক্তিগত হইতে পারে। পায়ে ইটিয়া চলাচলের জন্য কেবল মাটি ফেলিয়া প্রস্তুত পথ ও রাস্তাকে কাঁচা রাস্তা বলা হয়।
- street offence সড়ক অপরাধ সার্বজনিক সড়কের ব্যবহারসংক্রান্ত যে-কোনো অপরাধ। যেমন, পথরোধ, যানবাহন ও পথচারীদের চলাচল সম্বন্ধে পুলিশের নমমকানুন অমান্য করা, উপযাচনা এবং বিশেষত যৌনসংসর্গের উদ্দেশ্যে ধীরগতিতে গাড়ি চালাইয়া কাহাকে তাহাতে উঠিবার জন্য পীড়াপীড়ি করা। kerb crawling দ্র.।

strict construction আইনের আক্ষরিক ব্যাখ্যা interpretation of statues দ্র.।

- strict liability কঠোর দায়িতা ১. (ফৌজদারি আইনে) যে-অপরাধ আরোপ করিতে অপরাধিটির এক বা একাধিক উপাদান সম্বন্ধে দোষী মন প্রমাণ করিবার প্রয়োজন হয় না, সেই অপরাধের দায়িতা। প্রথানুগ আইনে কঠোর দায়িতার অপরাধের সংখ্যা নগণ্য, তবে এইরূপ অপরাধ প্রায়শ সংবিধির দ্বারা সৃষ্টি করা হয়, বিশেষত দৈনন্দিন কর্মকাণ্ড নিয়ন্ত্রণ করিবার জন্য। দৃষ্টান্ত হিসাবে খাদ্যসাম্ম্মী উৎপাদন ও বিপণন সংক্রান্ত অপরাধ এবং সভূকপধে চলাচল সম্পর্কিত অপরাধসমূহ উল্লেখ্য।
 - ২. প্রণযোগ্য যে-ক্ষতি আরোপ করিতে দাবিদারকে প্রমাণ করিতে হয় না যে, বিবাদী দোষ করিয়াছেন, সেই ক্ষতির জন্য দায়িতা। পূরণযোগ্য ক্ষতি বা টর্টের আইনে কঠোর দায়িতা ব্যতিক্রমী, তবে বিপজ্জনক প্রাণী ও বিপজ্জনক বস্তু অন্যথাকরণ, মানহানি, পণ্যসংক্রান্ত দায়িতাঘটিত অপরাধ এবং সংবিধিবদ্ধ কর্তব্যলম্ভানের কিছু কিছু ক্ষেত্রে ইহা অরোপ করা হয়।

strict settlement 5035

strict settlement কঠোর বন্দোবস্ত জমিতে হিততোগীর স্বত্ব অর্পণপূর্বক সৃষ্ট একটি
ন্যাস। ইহা ইংল্যান্ডের ১৯২৫ সালের বন্দোবস্তকৃত ভূমি আইনদারা নিয়ন্ত্রিত।
বন্দোবস্তকৃত ভূমিতে সাধারণত একটি কঠোর বন্দোবস্তের উদ্দেশ্য পারম্পরিক স্বত্ব
সৃষ্টি করা, যাহা জমি বন্দোবস্তদাতার পরিবারে রাখিয়া দিবে।

- stridhan n. গ্রীধন বি. হিন্দু আইনে গ্রীধন বলিতে নারীর সম্পত্তি বুঝায়। উক্ত
 সম্পত্তিতে নারীর চূড়ান্ত মালিকানা রহিয়াছে এবং এই চূড়ান্ত মালিকানাবলে নারী
 ইচ্ছানুসারে গ্রীধন দখল, ভোগ বা হস্তান্তর করিতে পারেন। গ্রীধন বিভিন্ন উপায়ে
 আর্জিত হইতে পারে। যেমন, দানমূলে, উত্তরাধিকারসূত্রে, বন্টনমূলে, স্বীয় পরিশ্রমে,
 শিল্পকলা বা বিশেষ বিদ্যাদ্বারা বা ব্যক্তিগত নৈপুণাগুণে। কোন কোন সম্পত্তি গ্রীধন
 বলিয়া গণ্য হইবে তাহা নির্ভর করে অর্জন-বিধির মূল ভিত্তির উপর। কোনো হিন্দু
 রমণীর আত্মীয়স্বজনদের নিকট হইতে প্রাপ্ত উপহারসামগ্রী এবং তাহার অলংকার ও
 সাজসজ্জা, তদুপরি বিবাই অগ্নির পূর্বে অপরিচিত কর্তৃক যে-উপহারসামগ্রী প্রদান
 করা হয় তাহা গ্রীধন। গ্রীধনসম্পন্ন কোনো হিন্দু রমণী মারা গেলে উক্ত গ্রীধন তাহার
 উত্তরাধিকারীদের উপর বর্তায়। মিতাক্ষরা-মতে বিবাহ যজ্ঞাদির সময়ে পিতা, মাতা,
 স্বামী, ভ্রাতা এবং মাতুলের তরফ হইতে দান বা উপহার হিসাবে যাহা পাওয়া যায়
 তাহাকে গ্রীধন বলা যায়। এতদ্যতীত স্বামীর দ্বিতীয় বিবাহের সময়ে প্রথম গ্রীকে
 প্রদেশ্ব আনুতোষিক ওই গ্রীর গ্রীধন হিসাবে গণ্য ইইবে।
- strike n. ১. ধর্মঘট বি. নিজেদের অথবা অন্য শ্রমিকদের চাকুরির উৎকৃষ্টতর শর্তাবলি আদায়ের লক্ষ্যে কোনো শিল্পবিরোধকে কেন্দ্র করিয়া কর্মচারীদের একযোগে কর্মবিরতি কিংবা কাজ করিতে অসম্বত হওয়া। ইংল্যান্ডে গোপন ব্যালটের মাধ্যমে সংখ্যাগরিষ্ঠ সদস্যগণ ধর্মঘটে সন্মত না হইলে একটি শ্রমিক-সংঘ ধর্মঘট ডাকিতে পারে না। বাংলাদেশে ১৯৬৯ সালের শিল্প সম্পর্ক অধ্যাদেশের ২(২৫) ধারা-অনুসারে, কোনো শিল্পে নিয়োজিত একদল লোক যদি একসঙ্গে কাজে যোগ না দেন, অথবা একযোগে কাজ করিতে না চাহেন, অথবা কিছুসংখ্যক লোক যে-কাজের জনা নিয়োজিত নিজেদের মধ্যে বোঝাপডার ভিত্তিতে মিলিতভাবে তাহা করিতে গররাজি হন, তবে তাহাকে ধর্মঘট বলে। ওই অধ্যাদেশের ২৮ক ধারা-অনুসারে ধর্মঘটের জন্য ২১ দিনের বিজ্ঞপ্তি দিতে হইবে এবং তৎপূর্বে গোপন ব্যালটের মাধ্যমে তিন-চতুর্থাংশ সদস্যের সম্মতি নিতে হইবে এবং ৩২ ধারা-অনসারে মধ্যস্থতা বা সালিশ কার্যক্রম বিফল হইলে ওইরূপ বিজ্ঞপ্তি-অনুসারে ধর্মঘট করা যাইবে । কোনো ধর্মঘট ৩০ দিন স্থায়ী হইলে সরকার তাহার পূর্বে উক্ত ধর্মঘট বেআইনি ঘোষণা করিতে পারে, অবশ্য দেশের স্বার্থবিবেচনায় সরকার তৎপূর্বেও উক্ত ধর্মঘট বেআইনি ঘোষণা করিতে পারে। ওই অধ্যাদেশের <u>৩৩ ধারা</u>-অনুসারে জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের বেলায় সরকার লিখিতভাবে নির্দেশ দিয়া ধর্মঘট আরম্ভ হইবার যে-কোনো সময়ে

ধর্মঘট বেজাইনি ঘোষণা করিতে পারেন। ওই অধ্যাদেশের ৫৭ ধারায় অবৈধ ধর্মঘটের জন্য শান্তির বিধান বহিয়াছে।

- ২. হরতাল বি. কোনো রাজনৈতিক দল বা সংগঠনের উদ্যোগে বা জনসাধারণের বতঃকূর্ত অংশগ্রহণের মাধ্যমে কোনো বিষয়ের প্রতিবাদস্বরূপ বা কোনো দাবি আদায়ের জন্য কর্মবিরতি। 'হুমিক বা বলপ্রয়োগ ব্যতীত হরতাল আহ্বান ভাবপ্রকাশের স্বাধীনতার অধিকারবিশেষ, কিন্তু অপরের অধিকারে হস্তক্ষেপ করিয়া হরতাল বলবৎ করিবার যে-কোনো প্রচেষ্টা হরতালকে বেআইনি করিবে। হরতাল আহ্বান একটি গণতান্ত্রিক অধিকার, কিন্তু হরতালের সক্রিয় সমর্থকগণকে বে-আইনি কর্মকাণ্ডের আশ্রয় না লইয়া ইহা শান্তিপূর্ণভাবে পালন করিতে হইবে। অপরদিকে হরতাল-বিরোধীদের দ্বারা কোনো প্রকার প্ররোচনা, উত্তেজনা, বাধা ও আক্রমণ ব্যতীত শান্তিপূর্ণভাবে হরতাল পালন করিতে দিতে হইবে।' Kh. Modarresh Elahi v. Bangladesh 54 DLR 47 দ্র.।
- striking off নামকর্তন ১, একজন সলিসিটরের অনুরোধে কিংবা অসদাচরণের জন্য
 সূথিম কোর্টের সলিসিটরদের তালিকা হইতে তাঁহার নাম অপসারণ। ২. অন্যান্য
 পেশায় অনুরূপ পদ্ধতি (যেমন সাধারণ চিকিৎসাজীবীদের তালিকা-বহি হইতে
 একজন চিকিৎসকের নাম কর্তন)। ৩. প্রায়শ হিসাব দাখিল করিতে ব্যর্থ হওয়ার দরুন কোম্পানিসমূহের তালিকা-বহি হইতে কোনো লিমিটেড কোম্পানির নাম
 অপসারণ।
- striking out of pleading আরজি-জবাব কর্তন দেওয়ানি কার্যবিধির ৬ আদেশের ১৬ নিয়মে মামলার যে-কোনো পর্যায়ে কোনো আরজি জবাবে উল্লিখিত কোনো বিষয় অপ্রয়োজনীয় বা কৃৎসাজনক হইলে, অথবা তদ্দারা মামলার সৃষ্ঠ বিচার ক্ষতিগ্রস্ত, বিভ্রান্ত বা বিলম্বিত হওয়ার সম্ভাবনা থাকিলে, আদালত তাহা কাটিয়া দেওয়ার বা সংশোধন করিবার আদেশ দিতে পারেন।
- structure n. নির্মিতি, কাঠামো, দালান বি. যাহা নির্মাণ বা তৈরি করা হইয়াছে। তবন; হর্ম্য; ইমারত; কাঠামো; নির্মাণ। কোনো তবনের কাঠামো বা অপরিহার্ম অংশসমূহ। নির্মাণ করিবার পদ্ধতি। সুনির্দিষ্ট পদ্ধতিতে নির্মিত কোনো কিছু। বিভিন্ন অংশের সমন্বয়ে গঠিত বা নির্মিত কোনো বন্তু। পাটকাঠির বেড়া ইইতে সুবিশাল অট্টালিকা, ছোট নৌকা হইতে সমুদুগামী জাহাজ ইত্যাদি সবই কাঠামো, তবে কাঠামোর এই বিস্তৃত সংজ্ঞার্থ লইয়া মতভেদ আছে।
- structure plan কাঠামোগত পরিকল্পনা পরিবেশের উনুতিসাধন, যানচলাচল-ব্যবস্থাপনার উনুয়ন ও ভূমি-ব্যবস্থার ব্যবহার সম্বন্ধে কোনো স্থানীয় পরিকল্পনা-কর্তৃপক্ষের নীতিসংবলিত একটি লিখিত বিবৃতি।

- structured settlement বিন্যাসিত নিম্পত্তি গুরুতর ব্যক্তিগত ক্ষয়ক্ষতির ক্ষেত্রে ব্যবহৃত মামলা-নিম্পত্তির একটি পদ্ধতি, যাহাতে এই মর্মে সম্মতি প্রদান করা হয় যে, ক্ষতিগ্রস্ত ব্যক্তি ইতিমধ্যে যে-সকল ক্ষতি ভোগ করিয়াছেন, তাহার কারণে থোক অঙ্ক ছাড়াও ভবিষ্যতের প্রয়োজন মিটাইবার জন্য তিনি সময়ে সময়ে অর্থপ্রাপ্ত ইইবেন।
- sub judice rule বিচারাধীন মোকদ্দমা-ঘটিত বিধি ১. ইংল্যান্ডে মামলার ফলাফল
 যাহাতে আগেভাগে বিচার করা না হয় কিংবা জুরিকে যাহাতে প্রভাবান্থিত করা না
 হয়, সেই উদ্দেশ্যে বিচারকার্য সম্বন্ধে মন্তব্য ও বিবৃতি সীমিত করিবার বিধি। ২. যেসংসদীয় রীতি-অনুযায়ী ম্পিকার প্রশ্নোত্তর বা বিতর্ককালে আদালতের বিচারাধীন
 বিষয়াদির (দেওয়ানি বা ফৌজদারি) উল্লেখ বারণ করেন। দেওয়ানি মামলার ক্ষেত্রে,
 তাহার বিধিটি রহিত করিবার ক্ষমতা রহিয়াছে, যদি জাতীয় স্বার্থঘটিত কোনো বিষয়
 তাহাতে সম্পুক্ত থাকে।
- sub-agent n. সাব-এজেন্ট, উপ-প্রতিনিধি, সহ-নিয়োগী চুক্তি আইনের বিধান-অনুসারে, যিনি মূল প্রতিনিধি বা নিয়োগীর অধীনে বা তত্ত্বাবধানে কাজ করেন।
- subcontractor n. দর-ঠিকাদার যে-ঠিকাদারের নিকট বিশেষত একজন সাধারণ ঠিকাদার একটি বিদ্যমান ঠিকার অংশবিশেষ হস্তান্তর করেন।
- subdelegated legislation অর্পিত ক্ষমতাবলে সমাদিষ্ট আইন অর্পিত ক্ষমতাবনে প্রণীত সমাদিষ্ট আইন অথবা শেষোক্ত আইনদারা অর্পিত ক্ষমতাবলে প্রণীত আইন।
- subject to adj. সাপেক্ষ, অধীন, শর্তাধীন বিণ. কোনো কিছুর বা কাহারো নিয়ন্ত্রণ বা প্রভাবের অধীন। কোনো দলিলে কোনো শর্ত বা অনুবিধি যোগ করিবার জন্য শব্দটি ব্যবহার করা হয়।
- subject to contract চুক্তিসাপেক acceptance দ্ৰ.।
- subjective adj. ১. বিষয়ীনিষ্ঠ, সানুভব বিণ. বাহ্যত সত্যাকরণযোগ্য প্রণঞ্চের বিপরীতক্রমে, কোনো ব্যক্তির সংবোধ, অনুভূতি বা অভিপ্রায়-ভিত্তিক। ২. ব্যক্তিগত, প্রাতিস্থিক বিণ।
- subjective meaning মনোগত অর্থ আইনগত দলিল উহার লিখিত, সম্পাদিত বা অন্য কোনোভাবে গৃহীত হইবার সময়ে কোনো এক পক্ষ উহাতে যে-অর্থ আরোপ করেন।
- subject-matter of the suit মামলার বিষয়বস্তু একটি বিশেষ বিষয় কোনো মামলার বিষয়বস্তু কি না কিংবা উহার সঙ্গে সম্পর্কিত কি না, তাহা প্রধানত একটি

705%

তথ্যঘটিত প্রশ্ন, যাহা প্রতিটি ক্ষেত্রের বিশেষ পরিস্থিতির উপর নির্ভর করে। কোনো বিষয় সম্যক অর্থে একটি মামলার বিষয়বস্তু না হইলেও, উহা মামলাটির সহিত সম্পর্কিত হইতে পারে, যদি উহা বিবেচনার অংশবিশেষ হয়।

- subjugation n. পদানতকরণ, দমন বি. পদানতকরণ যুদ্ধাবস্থার সমাপ্তি সূচিত করে এবং বিদ্যমান সরকারের কর্তৃত্বের উৎস বিনষ্ট করে। ইহা স্বত্ব্ অর্জনের অন্যতম রীতি। ইহাতে গুধু বাস্তবিক (de facto) নয়, আইনানুগ (de jure) অধিকারও বিজেতার হস্তগত হয়।
- sublease n. দর-ইজারা বি. কোনো সম্পত্তির ইজারাদারকর্তৃক প্রদন্ত ওই সম্পত্তির পুনরায় ইজারা। দর-ইজারার মেয়াদ অবশ্যই আসল ইজারা অপেক্ষা কম হইতে হববে। lease দ্র.।
- subletting vb. দর-ইজারা প্রদান sublease দ্র.।
- submission n. ১. সালিশির জন্য পেশ বিবদমান পক্ষদ্বয়কর্তৃক বিতর্কাধীন কোনো বিষয় একজন তৃতীয় ব্যক্তির সিদ্ধান্তের জন্য উপস্থাপন। যে-ব্যক্তির নিকট বিষয়টি উপস্থাপন করা হয়, তিনি সালিশ নামে অভিহিত হন এবং তাঁহার সিদ্ধান্তকে রোয়েদাদ বলা হয়। ২. বশ্যতা, বশ্যতাসীকার, আত্মসমর্পণ বি. ৩. নিবেদন, পেশকরণ বি.।
- submortgage অনুবন্ধক বি. একটি বন্ধকের বন্ধক। একজন অনুবন্ধকদাতা সেই ব্যক্তি, যিনি অন্যের জমি বন্ধক গ্রহণ করিয়া কোনো তৃতীয় পক্ষের (submortagagee— অনুবন্ধকগ্রহীতা) নিকট তাঁহার ঋণের জামানত বা প্রতিভাব্য (security) হিসাবে ওই বন্ধক হস্তান্তর করেন। অনুবন্ধকদাতা ঋণ পরিশোধ না করিলে অনুবন্ধকগ্রহীতা ওই বন্ধক (তবে জমি নয়) বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ অর্থ হইতে ঋণ আদায় করিতে পারেন।
- subordinate court অধস্তন আদালত উর্ধ্বতন আদালতের অধীন যে-কোনো আদালত, যাঁহার এখতিয়ার আইনের দ্বারা একটি নির্দিষ্ট ভৌগোলিক এলাকা, দাবির পরিমাণ অথবা মামলার ধরনের মধ্যে সীমিত। ইহাদের এখতিয়ার উর্ধ্বতন আদালতের নিয়ন্ত্রণাধীন হইতে পারে এবং ইহাদের সিদ্ধান্তের বিরুদ্ধে উর্ধ্বতন আদালতে আপিল দায়ের করা যায়। ইংল্যান্ডে কাউন্টি-কোর্ট ও ম্যাজিস্ট্রেট-কোর্ট অধন্তন আদালত। বাংলাদেশের সংবিধানের ১১৪ ধারায় বলা হইয়াছে যে, আইনের দ্বারা যেরূপ প্রতিষ্ঠিত হইবে, সুপ্রিম কোর্ট ব্যতীত সেইরূপ অন্যান্য অধন্তন আদালত থাকিবে। দেওয়ানি আদালত আইনের বিধান-অনুযায়ী প্রতিষ্ঠিত ফৌজদারি আদালতসমূহ এবং ফৌজদারি কার্যবিধির বিধান-অনুযায়ী প্রতিষ্ঠিত ফৌজদারি আদালতসমূহ বাংলাদেশের অধন্তন আদালত।

subordinate legislation সমাদিষ্ট আইন delegated legislation দ্ৰ.।

- subornation n. কুকার্যসাধনে নিয়োজন কোনো অপরাধ সংঘটিত করিবার জন্য অন্য কোনো ব্যক্তিকে জোগাড় করিবার অপরাধ। সাধারণত কুকার্যসাধনে নিয়োজন অপরাধসহায়তা অপরাধের অন্তর্ভুক্ত, তবে মিথ্যা সাক্ষ্যদানে নিয়োজন নামে একটি সংবিধিবদ্ধ অপরাধ রহিয়াছে। perjury ও accessory দ্র.।
- subpoena n. সপিনা, সাক্ষীর পরওয়ানা বি. আদালতে হাজির হইবার নিখিত

 হকুম বা পরওয়ানা যাহা অমান্য করা দওনীয়। দওবিধির ১৭২ ধারা-অনুসারে যে
 ব্যক্তি তাঁহার উপর কোনো সমন, বিজ্ঞপ্তি বা আদেশ জারি করিবার জন্য আইনত

 ক্ষমতাসম্পন্ন কোনো সরকারি কর্মচারীর নিকট হইতে অনুরূপ সমন, বিজ্ঞপ্তি বা

 আদেশ জারি এড়াইবার উদ্দেশ্যে আত্মগোপন করেন, সেই ব্যক্তি এক মাস পর্যন্ত

 বিনাশ্রম কারাদত্তে বা পাঁচশত টাকা পর্যন্ত অর্থদত্তে বা উভয়বিধ দত্তে দত্তিত হইবেন;

 অথবা সমন বা বিজ্ঞপ্তি বা আদেশে কোনো বিচারালয়ে স্বয়ং বা কোনো প্রতিভ্রম

 মাধ্যমে উপস্থিত হইবার বা কোনো দলিল পেশ করিবার নির্দেশ থাকিলে, ছয়মাস

 পর্যন্ত বিনাশ্রম কারাদত্তে বা এক হাজার টাকা পর্যন্ত অর্থদত্তে বা উভয়বিধ দত্তে দত্তিত

 ইইবেন। witness summons দ্বা.।
- subrogation n. স্থানাপন্নকরণ বি. কোনো ব্যক্তির স্থলে অন্য ব্যক্তির প্রতিকল্পন, যাহাতে প্রতিকল্পিত ব্যক্তি অপর ব্যক্তির অধিকারসমূহ প্রাপ্ত হন। যেমন, যে-বিমাকারী তাঁহার বিমাপ্রহীতার সম্পদহানির ক্ষতিপূরণ করিয়াছেন, তিনি যে-তৃতীয় ব্যক্তির অবহেলার কারণে সম্পদহানি ঘটিয়াছে, তাঁহার বিরুদ্ধে বিমাপ্রহীতার অধিকারসমূহের ব্যাপারে স্থানাপন্ন হইতে পারেন। সম্পত্তি-হন্তান্তর আইনের ৯২ ধারা-অনুসারে যে-ব্যক্তি বন্ধকি সম্পত্তি বন্ধকমুক্ত করিবেন, তিনি তাঁহার যে-সমন্ত স্বত্ব বন্ধকদাতা বা বন্ধকগ্রহীতার বিরুদ্ধে বর্তমান, তাহার অধিকারী হইবেন।
- subscribe vb. স্বাক্ষর করা, সম্বাতিদান করা, চাঁদা প্রভৃতি দেওয়া, গ্রাহক হওয়া, শেয়ার ক্রয়় করা, অংশীদার হওয়া ক্রি. কোনো দলিল, অঙ্গীকারনামা ইত্যাদিতে সম্মতি জ্ঞাপনপূর্বক নাম সই করা। মৌখিকভাবে শপথবাক্য উচ্চারণ করিবার পর লিখিত শপথবাক্যের নিম্নে স্বাক্ষর করিবার অর্থ হইল শপথকারী শপথবাক্যে সম্মত হইয়া উহা মানিয়া চলিকেন বলিয়া নিজেকে বাধা কবিলেন।
- subscribed capital প্রতিশ্রুত মূলধন বিলিকৃত মূলধনের যে-অংশ জনসাধারণ ক্রয় করিতে সম্মত হয় এবং তাহাদের মধ্যে বিতারিত হয়।
- subscribing witness অনুস্বাক্ষরকারী সাক্ষী যে-ব্যক্তি অন্য কোনো ব্যক্তির স্বাক্ষরের প্রত্যয়নকারী হিসাবে কোনো লিখিত দলিলে স্বাক্ষর করেন। সম্পতি-হত্তান্তর আইনের ৩ ধারা-অনুসারে দলিল-সম্পাদনকারীর দলিল-সম্পাদন সম্পর্কে যিনি দলিলে সাক্ষী হন, তাঁহাকে প্রত্যয়নকারী বলা হয়।

- subscription n. ১. স্বাক্ষর, স্বাক্ষরকরণ বি. কোনো দলিলে নিজের নাম লিখন; উক্তরপে সংযোজিত স্বাক্ষর। ২. অবলেখন বি. (সরকারি ঋণপত্রের ক্ষেত্রে) পরিপণ (stock) বা তমসুকের (bonds) সদ্যোবিমুক্ত শেয়ার ক্রয়ের জন্য একটি লিখিত চুক্তি। ৩. অংশদান বি. কোনো বিশেষ ব্যক্তির নিকট কিংবা কোনো বিশেষ উদ্দেশ্যে বিনা প্রতিদানে কিংবা প্রতিলাভের বিনিময়ে কিছু পরিমাণ অর্থ বা সম্পত্তি প্রদানের বিষয়ে একটি মৌখিক বা লিখিত চুক্তি।
- sub-section n. উপধারা বি. জেনারেল ক্লজেজ অ্যাক্ট-অনুসারে, যে-ধারার মধ্যে কাজটি পরিদৃষ্ট হয়, সেই ধারার উপধারা।
- subsidiary company অধীন কোম্পানি অন্য একটি ধারক বা মূল কোম্পানির দ্বারা নিয়ন্ত্রিত একটি কোম্পানি। এই নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়, যদি অধীন কোম্পানিটিতে ধারক কোম্পানির শেয়ারের সহিত সংখ্যাগরিষ্ঠ ভোটাধিকার সংযুক্ত থাকে কিংবা যদি অনুবর্তী কোম্পানির পরিচালকমণ্ডলীর সংখ্যাগরিষ্ঠকে নিয়োগ বা অপসারণ করিবার অধিকার ধারক কোম্পানির থাকে।
- subsistence allowance থাসাচ্ছাদন-ভাতা বি. ভরণ-পোষণের জন্য বিশেষ পরিস্থিতিতে মনজুরকৃত ভাতা।
- subsisting adj. সত্ত্বান বিণ. যাহা বাঁচিয়া বা টিকিয়া আছে। কোনো কিছুর অধিকার বহাল আছে, এইরূপ। বাস্তবে যাহার অস্তিত্ব টিকিয়া আছে। পণ্যন্ত্রব্য আইনের ৬০ ধারা দু.।
- subsoil n. অন্তর্মৃত্তিকা, অধোমৃত্তিকা বি. ভূপৃষ্ঠের অব্যবহিত নিম্নবর্তী মাটির স্তর।
 আপাতভাবে অন্তর্মৃত্তিকা বলিতে ভূপৃষ্ঠের অব্যবহিত নিম্নের সবকিছুকেই বুঝায়। ইহা
 'র্থনিজ' অপেক্ষা অধিকতর বিস্তৃত অর্থবোধক এইজন্য যে, খনিজ পদার্থ কেবল
 সাধারণ মৃত্তিকার মধ্যে প্রোথিত এবং উহার সহিত মিশিয়া থাকা অন্তর্মৃত্তিকার
 অংশবিশেষ মাত্র।
- substance n. সারাংশ, বস্তু, সারবন্তা, বিন্ত বি. কোনো কিছুর অপরিহার্য বা অত্যাবশ্যকীয় উপাদান। কোনো বস্তু, বস্তুর সার বা মূল। যাহা দ্বারা কোনো বস্তু গঠিত হয়। কোনো ধরনের ভৌতিক বা দৈহিক বস্তু। যে-কোনো ধরনের বস্তু, ধনসম্পদ, সম্পত্তি।
- substantial adj. সারবান, সারগর্ভ, উল্লেখযোগ্য, বিত্তবান, মূলগত, বান্তব, প্রকৃত বিণ. গুরুত্বপূর্ণ বা বিবেচনাযোগ্য। গুরুত্বপূর্ণ ও মূল্যবান। সূপ্রচুর পরিমাণ।
- substantial evidence সারবান বা শুরুত্বপূর্ণ সাক্ষ্য, সাক্ষ্যপ্রমাণ, পর্যাপ্ত সাক্ষ্য নির্ভরযোগ্য সাক্ষ্য, সারবান সাক্ষ্য। কোনো মোকদ্দমায় সিদ্ধান্তে উপনীত হইবার জন্য কোনো যুক্তিসম্পন্ন মানুষ যে-সাক্ষ্যপ্রমাণকে যথেষ্ট বা সন্তোষজনক বলিয়া গ্রহণ

করেন। সান্ধীর সংখ্যা কিংবা সান্ধ্যের পরিমাণ নহে, বরং সান্ধ্য আইন-অনুযায়ী তণগত মানসম্পন্ন হইলে এবং নির্ভরযোগ্য হইলেই উহা সারবান সান্ধ্য হয়।

- substantial performance মোটারকমে বলবৎকরণ performance of contract দ্র.।
- substantial question of law আইনের সারগত প্রশ্ন পক্ষদ্বয়ের অধিকার সম্বন্ধে যে-কোনো আইনঘটিত প্রশ্নই আইনের সারগত প্রশ্ন নয়। গুরুত্বপূর্ণ বা দুরুহ প্রশ্ন অবশ্যই একটি সারগত প্রশ্ন হইতে পারে; তবে একটি প্রশ্ন গুরুত্বপূর্ণ বা দুরুহ না হইলেও উহার সম্বন্ধে যদি যুক্তিসম্বত সন্দেহ বা মতপার্থক্যের অবকাশ থাকে, তাহা হইলে উহা আইনের একটি সারগত প্রশ্ন হইতে পারে।
- substantive laws মৌলিক আইন আইনের যে-অংশের উপজীব্য অধিকার, কর্তব্য এবং সেইসকল বিষয়, যাহা নিছক রেওয়াজ ও পদ্ধতি-ঘটিত নয়। adjective law তু.।
- substantive unconscionability গ্রন্থত অবৌক্তিকতা চুক্তির প্রকৃত শর্তগুলি অনুচিতভাবে কঠোর, বাণিজ্যিকভাবে অবৌক্তিক, এবং বিদ্যমান পরিস্থিতিতে প্রকটভাবে অন্যায্য হইলে যে-অযৌক্তিকভার উপ্তব ঘটে।
- substitute n., vb. ১. অনুকল্প, বিকল্প বি. কোনো লেনদেন বা কারবার করিবার জন্য একটি বস্তু বা ব্যক্তির স্থলে প্রতিস্থাপিত অন্য বস্তু বা ব্যক্তি। ২. প্রতিস্থাপন করা কি. বিকল্পর্রূপে ব্যবহার করা বা ব্যবহৃত হওয়া। কোনো কার্য সম্পাদনার্থে কোনো ব্যক্তিকে অন্য কাহারো স্থলবতী করা বা কোনো বস্তুকে অন্য কোনো বস্তুর বিকল্প হিসাবে ব্যবহার করা। বিকল্প সাধারণত সমমান-সম্পন্ন ব্যক্তি বা বস্তু হয়। কোনো কোনো ক্ষেত্রে প্রতিস্থাপন বলিতে পূর্বে বিদ্যামান কোনো ব্যক্তি বা বস্তুকে অপসারণ করিয়া তৎস্থলে অন্য কোনো ব্যক্তি বা বস্তুর স্থলবর্তী হওয়া বা করা বুঝায়। কোনো মোকদ্দমার কোনো পক্ষের কেহ মৃত্যুবরণ করিলে তৎস্থলে মৃত ব্যক্তির আইনসম্মত ওয়ারিশগণকে স্থলবর্তী করাও বুঝায়। subrogation দ্র.।
- substituted service বিকল্প জারি দেওয়ানি মোকদ্দমায় ব্যক্তিগত জারি কিংবা (ডাকযোগে প্রেরণ করা অনুজ্ঞাত হইলে) ডাকযোগে তিনু অন্যভাবে দনিলটি জারি করিবার ব্যবস্থা। বিকল্প জারির জন্য আদালতের একটি আদেশ আবশ্যক এবং এতদুদ্দেশ্যে আবেদনের সঙ্গে অবশাই একটি হলফনামা থাকিতে হইবে। দেওয়ানি কার্যবিধির ৫ আদেশের ২০ নিয়ম-অনুসারে পরওয়ানা বিকল্প জারি করা যায়। এই নিয়মে নটকাইয়া জারি ও তাহার ফলাফল সম্পর্কে বলা হইয়াছে যে, ১ আদালত যে-ক্ষেত্রে যুক্তিসংগত কারণে বিশ্বাস করেন যে, বিবাদী সমন এড়াইবার জন্য

আম্বগোপন করিয়া থাকিতেছেন বা অন্য কোনো কারণে সাধারণ উপায়ে সমন জারি করা যাইতেছে না, বিবাদীর গৃহের কোনো প্রকাশ্য স্থানে অথবা যে-গৃহে বিবাদী সর্বশেষ বসবাস করিয়াছেন, ব্যবসা করিয়াছেন বা অন্য কোনো উপায়ে লাভজনক কাজ করিয়াছেন (যদি করিয়া থাকেন) বলিয়া জানা যায়, সেই গৃহের কোনো প্রকাশ্য স্থানে সমনের একটি নকল লটকাইয়া জারি করিবার জন্য অথবা উপযুক্ত অন্য কোনো উপায়ে জারি করিবার জন্য আদেশ আদালত দিবেন। আদালতের আদেশক্রমে সমন লটকাইয়া জারি করা হইলে তাহা বিবাদীর উপর ব্যক্তিগতভাবে জারি করিবার ন্যায়ই কার্যকর হইবে। আদালতের আদেশক্রমে সমন লটকাইয়া জারি করা হইলে বিবাদীর হাজিরার জন্য আদালত যথোপযক্ত সময় নির্ধারিত করিবেন।

- substitution n. ১. প্রতিকল্পন, প্রতিস্থাপন বি. যে ব্যক্তি বা বন্তু অন্য কোনো ব্যক্তি বা বন্তুর স্থান অধিকার করে। ২. কায়েম-মোকাম বি. মোকদ্দমার কোনো পক্ষ মারা গেলে তাঁহার বা তাঁহাদের ওয়ারিশদের দেওয়ানি কার্যবিধির ২২ আদেশ-অনুসারে মোকদ্দমার পক্ষ করা বা হওয়া। ৩. প্রতিকল্পন বি. (রোমক আইনে) পূর্বে মনোনীত একজন উত্তরাধিকারী একটি উত্তরাধিকার গ্রহণে অসম্বত বা ব্যর্থ হইলে, তাঁহার স্থলে অন্য কোনো ব্যক্তির মনোনয়ন। ৪. প্রতিস্থাপন বি. (রোমক আইনে) অপ্রাপ্তবয়য় একজন বংশধর উত্তরাধিকারগ্রহণে ব্যর্থ হইলে কিংবা বয়য়প্রাপ্তির পূর্বে মারা যাইলে, ভাহার স্থলে উত্তরাধিকারগ্রহণের জন্য কিংবা ভাহার স্থলাভিষিক্ত হওয়ার জন্য কোনো ব্যক্তিকে মনোনয়ন। ৫. প্রতিস্থাপন বি. (রোমক আইনে) উত্তরাধিকারী হিসাবে মনোনীত ব্যক্তি কিংবা ওই ব্যক্তির উত্তরাধিকারীকে যে-ব্যক্তির নিকট সম্পত্তি হস্তান্তর করিতে হইবে, ইচ্ছাপত্রকারী কর্তৃক তাঁহার নামোল্লেখ। ৬. প্রতিস্থাপন বি. (দেওয়ানি আইনে) একটি রিক্থের হিতভোগী হিসাবে অন্য কোনো ব্যক্তির স্থলাভিষিক্ত হওয়ার জন্য কোনো ব্যক্তির স্থলাভিষিক্ত হওয়ার জন্য কোনো ব্যক্তির সন্ধানমন্যন।
- substitution of parties পক্ষ-প্রতিস্থাপন দেওয়ানি কার্যবিধির ১ আদেশের ১০
 নিয়মে যে-বিধান অনুযায়ী উপযুক্ত ব্যক্তিদের বাদী হিসাবে প্রতিস্থাপন করা যায়, উহা
 এমন ক্ষেত্রেও প্রয়োগ করা সম্ভবপর, যেখানে মূল বাদীর মামলা দায়ের করিবার
 কোনো অধিকার নাই, অথবা মামলাটি একটি অকপট ভুলের দরুন রুজু করা
 হইয়াছিল। দেওয়ানি কার্যবিধির ২২ আদেশে মামলার কোনো পক্ষের মৃত্যু, বিবাহ,
 দেউলিয়াত্ বা স্বত্ব হস্তান্তর ঘটিলে তাঁহার স্থলবতীকে প্রতিস্থাপনের বিধান করা
 হইয়াছে।
- substitutional legacy প্রতিকল্পনাত্মক উত্তরদায় কোনো ইচ্ছাপত্রে উল্লিখিত একজন হিতভোগী ইচ্ছাপত্রকারের পূর্বে মারা গেলে যে-উত্তরদায় ওই হিতভোগীর বংশধবদের উপর বর্তায়।

subsume 5008

subsume vb. অন্তর্ভুক্ত করা ক্রি. একটি সাধারণ মূলসূত্রের দ্বারা নিয়ন্ত্রিত একটি বিশেষ দৃষ্টান্তরূপে বিচার করা; একটি ব্যাপক নিয়মের অধীন করা।

- subtenancy n. দর-প্রজাস্বত্ব বি. sublease দ্ৰ. ৷
- subtenant দর-ইজারাদার বি. যে-ইজারাদার একটি দর-ইজারার স্বত্যাধিকারী।
- sub-trust n. অবর ন্যাস একটি ন্যাস হইতে সৃষ্ট অন্য একটি ন্যাস। ক যদি একটি ন্যাসের অধীনে একটি স্বত্বের অধিকারী হন এবং নিজেকে খ ও গ-য়ের স্বত্বের জন্য ন্যাস রক্ষক বলিয়া ঘোষণা করেন, তাহা হইলে মূল বন্দোবন্তদাতার সম্পর্কে খ ও গ একটি অবর ন্যাসের অধীনে স্বত্বাধিকারী হইবেন। derivative trust, interest, trustee ও settler দ্র.।
- subversive activity নাশকতামূলক কার্য বলপ্রয়োগপূর্বক কিংবা অন্য অবৈধ উপায়ে একটি সরকারকে উৎখাত করিবার জন্য পরিকল্পিত কার্যকলাপ।
- succeed vb স্থলাভিষিক্ত হওয়া, উত্তরাধিকারী হওয়া ক্রি. কোনো কিছুর পরে বা ক্রমান্বয়ে আবির্ভূত হওয়া। বংশানুক্রম, নির্বাচন বা নিয়োগ দ্বারা কাহারও পরে কোনো কিছুর মালিকানা বা অধিকার লাভ করা। সম্পত্তি-হস্তান্তর আইনের ৬ (ক) ধারা-অনুসারে, আভ উত্তরাধিকারীর উত্তরাধিকার-সূত্রে সম্পতিলাভের সম্ভাবনা হস্তান্তরযোগ্য নয়।
- succession n. উত্তরাধিকার বি. ১. যে-আইন ও পদ্ধতি অনুসারে হিতথ্রাহীগৃণ একজন ইচ্ছাপত্রকারীর ইচ্ছাপত্র-অনুযায়ী, কিংবা ইচ্ছা নিন্দিত না হইয়া থাকিলে, সম্পত্তির অধিকারী হন। ২. আন্তর্জাতিক আইনে একটি রাষ্ট্রকর্তৃক অন্য একটি রাষ্ট্রের নিকট কোনো ভৃথণ্ডের সার্বভৌমত্ব হস্তান্তর। উত্তরাধিকারের ফলে একটি বিদ্যামান রাষ্ট্র সম্পূর্ণ বিলুপ্ত হইয়া যায় কিংবা একটি রাষ্ট্র উহার ভৃথণ্ডের অংশবিশেষ অন্য একটি রাষ্ট্রের নিকট হস্তান্তর করে। যেমন, ১৯৬৪ সালে তানজানিয়া রাষ্ট্রগঠনের সঙ্গে সঙ্গে ট্যাঙ্গানিকা ও জানজিবারের বিলুপ্তি ঘটে।
- successive adj. ক্রমাগত, পারম্পরিক, আনুক্রমিক বিণ. নিরবচ্ছির্ম ধারাবাহিকতায় একের পর এক আগত। ক্রম-অনুসারে পরম্পর-অনুসারী। সম্পত্তিব স্তান্তর আইনের ৯৪ ধারা-অনুসারে, কোনো সম্পত্তির ধারাবাহিক স্বণের জন্য ধারাবাহিকভাবে একাধিক লোকের নিকট রেহেন দেওয়া হইয়া থাকিলে, মধ্যবর্তীরেহেনপ্রহীতা রেহেনদাতার বিরুদ্ধে যে-অধিকার লাভ করিবেন, পরবর্তী রেহেনয়হীতাগণের বিরুদ্ধেও সেই একই অধিকার লাভ করিবেন।
- successor n. উত্তরাধিকারী, উত্তরসূরি বি. ১. যে-ব্যক্তি অন্য কোনো ব্যক্তির পদ, অধিকার, দায়িত্ব বা স্থান দখল করেন; যে-ব্যক্তি অন্য কোনো ব্যক্তির স্থলাভিষিক্ত বা

Sufficient cause

অনুবর্তী হন। ২. কোনো ব্যক্তির মৃত্যুর পর যাঁহারা উক্ত ব্যক্তির সম্পত্তি প্রাপ্ত হন। ৩. যে-কর্পোরেশন সংযুক্তি, একত্রীকরণ কিংবা অন্যান্য অংশীত্ব পরিগ্রহণের মাধ্যমে পূর্ববর্তী একটি সংস্থা বা কর্পোরেশনের অধিকার ও কর্তব্যসমূহ অঙ্গীকার করে।

- Sudder Dewanny Adawlut সদর দেওয়ানি আদালত ইন্ট ইন্ডিয়া কোম্পানি-সরকারের অধীনে বাংলা প্রেসিডেন্সির সর্বোচ্চ দেওয়ানি আদালত। ওই আদালত জেলা আদালতের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল, রিভিশন ইত্যাদি মামলার বিচার করিত। ১৮৬২ সালে ওই আদালত কলিকাতা হাইকোর্টের সহিত একীভূত হয়।
- Sudder Nizamut Adawlut সদর নিজামত আদাপত ইউ ইভিয়া কোম্পানি-সরকারের অধীনে বাংলা প্রেসিডেন্সির সর্বোচ্চ ফৌজদারি আদালত। ওই আদালত দায়রা আদালত ও ম্যাজিস্ট্রেট আদালতের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল, রিভিশন ইত্যাদি মামলার বিচার করিত। ১৮৬২ সালে ওই আদালত কলিকাতা হাইকোর্টের সহিত একীভূত হয়।
- sue vb. নালিশ করা, মামলা করা ক্রি. দেওয়ানি আদালতে কোনো প্রতিকার প্রার্থনা করিয়া দাবি পেশ করা।
- sue-and-labour clause মামলা ও শ্রম দকা (নৌবিমায়) বিমাকৃত সম্পত্তির ক্ষয়ক্ষতি নিবারণের জন্য কিংবা সম্পত্তির প্রকৃত ক্ষয়ক্ষতি ন্যূনতম মাত্রায় রাখার জন্য বিমাথহীতা যে-অর্থ ব্যয় করিবেন, বিমাকারী তাহা শোধ করিবেন, এই বিধান-সংবলিত একটি দফা। ইহা rescue clause নামেও অভিহিত হয়।
- sufferance n. অনাপত্তিমূলক অনুমতি tenancy at sufferance দ্ৰ. গ
- sufficient adj. যথেষ্ট, পর্যাপ্ত বিণ. প্রয়োজন মিটাইবার উপযুক্ত। প্রস্তাবিত উদ্দেশ্য সিদ্ধির উপযোগী: কোনো নির্দিষ্ট লক্ষ্যের বাস্তবায়নে যথেষ্ট।
- sufficient cause যথেষ্ট কারণ ১. দেওয়ানি কার্যবিধির ৯ আদেশের ৪, ৯ ও ১৩
 নিয়ম-অনুসারে খারিজ রদের দরখান্তের ক্ষেত্রে যথেষ্ট কারণ প্রমাণ করিবার দায়িত্ব
 বাদীর বা দরখান্তকারীর । বাদী বা বিবাদীর অনুপস্থিতির কারণে মোকদ্দমা খারিজ বা
 একতরফা হইলে এবং দরখান্তকারী অনুপস্থিতির যথেষ্ট কারণ প্রদর্শন করিতে পারিলে
 আদালত উক্ত খারিজ বা একতরফা আদেশ রদ করিতে পারেন।
 - ২. ১৯০৮ সালের তামাদি আইনের ৫ ধারা-অনুসারে, কোনো আপিল বা পর্যালোচনা বা পুনরীক্ষণের দরখান্ত, বা আপিল করিবার অনুমতিপ্রার্থনার দরখান্ত। বা অন্য যে-কোনো আইনে এই বিধান প্রযোজ্য হয় এইরূপ কোনো দরখান্ত, উহার নির্দিষ্ট তামাদির মেয়াদ উত্তীর্ণ হইবার পর গৃহীত হইতে পারে, যদি আপিলকারী বা দরখান্তকারী এই মর্মে আদালতের সন্তুষ্টিবিধান করেন যে, নির্ধারিত মেয়াদের মধ্যে আপিল বা দরখান্ত দাখিল কবিবার যথেষ্ট কারণ ছিল।

sufficient reason 300%

sufficient reason যথেষ্ট যুক্তি দেওয়ানি কার্যবিধির ৪৭ আদেশের ১ নিয়ম-অনুসারে পুনর্বিবেচনার দরখান্তের ক্ষেত্রে দরখাস্তকারীকে যথেষ্ট যুক্তি প্রদর্শন করিতে ইইবে।

- suffrage n. ১. ভোটাধিকার বি. কোনো সার্বজনিক নির্বাচনে ভোট দিবার অধিকার বা বিশেষাধিকার। ইহা ভোটপ্রদানের অধিকার নামেও অভিহিত হয়। ২. ভোট, ভোটপ্রদান বি.।
- sui generis তাহার নিজ শ্রেণীর অদ্বিতীয়, অনন্য। একাই একটি শ্রেণী গঠন করে, এমন।
- sui juris তাহার নিজ অধিকারে স্বয়মধিকারী, পূর্ণ বয়স ও সামর্থ্যের অধিকারী একজন ব্যক্তির অবস্থা।
- suicide n. আত্মহত্যা বি. সেচ্ছায় নিজের দ্বারা নিজের প্রাণনাশ। দণ্ডবিধির ৩০৯ ধারা-অনুসারে আত্মহত্যার চেষ্টা করা শান্তিযোগ্য অপরাধ। দণ্ডবিধির ৩০৫ ধারা-অনুসারে, আঠারো বৎসরের কমবয়য় কোনো ব্যক্তি, কোনো অপ্রকৃতিস্থ ব্যক্তি, কোনো বিকারয়স্ত ব্যক্তি, কোনো জড়বৃদ্ধিসম্পন্ন ব্যক্তি অথবা কোনো প্রমন্ততায়ত্ত ব্যক্তি আত্মহত্যা করিলে অনুরূপ আত্মহত্যা-অনুষ্ঠানে সহায়তাকারী ব্যক্তি মৃত্যুদণ্ডে, যাবজ্জীবন কারাদণ্ডে বা অনধিক দশ বৎসরকাল মেয়াদি কারাদণ্ডে দণ্ডিত হইবেন, তদুপরি অর্থদণ্ডেও দণ্ডিত হইবেন। ৩০৬ ধারায় বলা হইয়াছে যে, কোনো ব্যক্তি আত্মহত্যা করিলে অনুরূপ আত্মহত্যা-অনুষ্ঠানে সহায়তাকারী ব্যক্তি দশ বৎসর পর্যন্ত কারাদণ্ডে এবং তদুপরি অর্থদণ্ডেও দণ্ডিত হইবেন।
- suit n. মোকদ্দমা, মামলা বি. কোনো ব্যক্তির বিরুদ্ধে অপর কোনো ব্যক্তির প্রতিকারের জন্য আদালতে দায়ের করা আবেদন। ইংল্যান্ডের সাধারণ আইন-অনুযায়ী আনীত মামলার বৈপরীত্যক্রমে ন্যায়পর আইন-অনুযায়ী মামলা বুঝাইলেও সচরাচর যে-কোনো মামলা অর্থেই ব্যবহৃত হয়। দেওয়ানি কার্যবিধির ২৬ ধারা-অনুসারে, আরজি পেশ করিয়া বা নির্ধারিত অন্য কোনো পদ্ধতিতে প্রত্যেক মামলা দায়ের করিতে হইবে। তামাদি আইনের ২(১০) ধারা-অনুসারে, মামলা বলিতে কোনো আপিল বা দরখান্ত বুঝায় না।
- suit for price মৃল্যের জন্য মামলা যে-ক্ষেত্রে বিক্রয়-চুক্তি-অনুযায়ী পণ্যের স্বত্ব ক্রেতার নিকট চলিয়া গিয়াছে এবং ক্রেতা চুক্তির শর্তানুসারে উক্ত পণ্যের মূল্য দিতে অন্যায়ভাবে অবহেলা এবং অস্বীকার করেন, সেই ক্ষেত্রে বিক্রেতা ক্রেতার বিরুদ্ধে পণ্যের মূল্য আদায়ের জন্য মামলা করিতে পারিবেন।

- suit for recovery of possession দখল উদ্ধারের মামলা যে-ক্ষেত্রে বিক্রয়চুকি-অনুযায়ী পণ্য অর্পণ করা হইলে পণ্যের মূল্য কোনো নির্দিষ্ট দিনে
 পরিশোধযোগ্য হয় এবং ক্রেভা উক্ত মূল্য দিতে অন্যায়ভাবে অবহেলা বা অস্বীকার
 করেন, সেই ক্ষেত্রে উক্ত পণ্যের স্বাস্থ্ যদিও চলিয়া না যাইয়া থাকে তবু বিক্রেভা
 উহার দখল উদ্ধারের জন্য ক্রেভার বিরুদ্ধে মামলা করিতে পারিবেন।
- summary judgement সংক্ষিপ্ত বিচারের রায় ইংল্যান্ডের হাইকোর্টে দেনা বা ক্ষতিপ্রণের একটি মামলায় যে-পদ্ধতিতে বাদী বিবাদীর আত্মপক্ষসমর্থন করিবার অনুমতি ব্যতিরেকে রায় লাভ করিতে সমর্থ হন। মানহানিকর রচনা, অপবাদ, বিষেপ্তসূত মোকদ্দমা কিংবা অন্যায় কারাব্রোধ বা প্রবঞ্চনার জন্য দাবি সম্পৃক্ত না থাকিলে, ইহা অধিকাংশ মামলায় বাবহার করা যাইতে পারে।
- summary conviction সংক্ষিপ্ত বিচারে দোষ সাব্যস্তকরণ যে-অপরাধ গুরুতর নহে এবং যে-অপরাধমূলক কাজের জন্য শান্তি লঘু হয়, সেসব অপরাধের বিচার কোনো কোনো ম্যাজিস্ট্রেট সংক্ষিপ্ত পদ্ধতিতে করিয়া যে-শান্তি দেন। অনুরূপ ম্যাজিস্ট্রেট যুগপৎ আইন ও তথ্যের বিচারক এবং তাঁহাদের অবশাই হয় আসামিকে দোষী সাব্যস্ত করিতে হইবে, কিংবা মামলাটি খারিজ করিতে হইবে। conviction দ্র.।
- summary financial statement সংক্ষিপ্ত আর্থিক বিবরণ কোনো কোম্পানির বার্ষিক হিসাবনিকাশ হইতে লব্ধ উহার আর্থিক তথ্যাদি-সংবলিত একটি বিবরণ। সদস্যরা আপত্তি না করিলে তালিকাভুক্ত কোম্পানিগুলি উহাদের সদস্যদের সরবরাহ করিবার জন্য সম্পূর্ণ হিসাব-নিকাশের স্থলে এইরূপ হিসাব বাছিয়া লইতে পারে।
- summary offence সংক্ষেপে বিচারযোগ্য অপরাধ যে-অপরাধ সংক্ষেপে, অর্থাৎ
 ম্যাজিন্ট্রেটের আদালতে বিচার করা যায়। অধিকাংশ গৌণ অপরাধ, যেমন, মামূলি
 হামলা ও নিগ্রহ সংক্ষেপে বিচারযোগ্য। সংক্ষেপে বিচারযোগ্য সকল অপরাধের জন্য
 মামলা অবশ্যই অপরাধ-সংগঠনের ছয় মাসের মধ্যে রুজু করিতে হইবে, যদি না
 সংবিধিতে সুস্পষ্টভাবে ইহার বিপরীত বিধান থাকে। indictable offence ও
 offences triable either way তু.।
- summary procedure সংক্ষিপ্ত কার্যক্রম দেওয়ানি কার্যবিধির ৩৭ আদেশে হস্তান্তর-দলিল সম্পর্কে সংক্ষিপ্ত বিচারের বিধান দেওয়া হইয়াছে। এতৎসহ summary trial দ্র.।
- summary suits সংক্ষিপ্ত মোকদ্দমা যে-সকল মোকদ্দমায় সংক্ষিপ্ত কার্যপ্রণালি বা ক্রিয়াবিধি অনুসরণ করা হয়। দেওয়ানি কার্যবিধির ৩৭ আদেশের ১-৭ নিয়ম-অনুসারে হস্তান্তরযোগ্য দলিল সম্পর্কিত মামলা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার করা হয়।

summary trial 3000

summary trial সংক্ষিপ্ত বিচার ১. ইংল্যান্ডে জুরি ব্যতিরেকে ম্যাজিট্রেটগণ কর্তৃক বিচার। সংক্ষেপে বিচারযোগ্য সকল অপরাধ এবং উভয়প্রকারে বিচারযোগ্য কিছু কিছু অপরাধের বিচার এইভাবে করা হইয়া থাকে। আনুষ্ঠানিক অভিযোগপত্রসূলে বিচারে অনুসূত প্রধান প্রধান পদ্ধতিগত মূলসূত্র সংক্ষিপ্ত বিচার সম্বন্ধেও প্রযোজা। দুইটির মধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ পার্থক্য ইইতেছে: (১) সাধারণত শুনানিতে আসামিকে উপস্থিত থাকিতে হয়; (২) ম্যাজিট্রেটের সম্মুখে উপস্থাপিত তথ্য কিংবা বিবাদীর নিকট দাবিকৃত সমন বা পরওয়ানা সম্বন্ধে সারবস্তু বা প্রকরণ-ঘটিত ক্রটিহেতু সাধারণত আপত্তি উত্থাপন করা যায় না: (৩) সংক্ষেপে বিচারযোগ্য অপরাধের ক্ষেত্রে আসামি দণ্ডলাঘবের আবেদনসহ দোষস্বীকারপূর্বক একটি লিখিত বিবৃতি প্রেরণ করিতে পারেন। অতঃপর বাদীপক্ষ বা বিবাদীপক্ষের অনুপস্থিতিতেই মামলাটির বিচার করা যাইতে পারে। ২ বাংলাদেশে ফৌজদারি কার্যবিধির ২৬০ ধারায় কোন কোন অপরাধের সংক্ষিপ্ত বিচার হইবে, তাহা উল্লিখিত হইয়াছে। ২৬৩-২৬৫ ধারায় সংক্ষিপ্ত বিচারপদ্ধতি বর্ণিত হইয়াছে। ২৬২ ধারা-অনুসারে, সংক্ষিপ্ত বিচারের ক্ষেত্রে দুই বৎসরের বেশি কারাদণ্ডের আদেশ দেওয়া যাইবে না। সংক্ষিত্ত বিচারের ক্ষেত্রে অভিযোগের সংক্ষিগুসার আসামির নিকট বিবৃত করা এবং ফৌজদারি কার্যবিধির ৩৪২ ধারায় আসামিকে জিজ্ঞাসাবাদ করা বাধ্যতামূলক।

- summing up সংক্ষিপ্তসার-বর্ণন জুরি-সম্পৃক্ত একটি বিচারের শেষে বিচারকের বক্তৃতা যাহাতে তিনি জুরির নিকট উহার কর্তব্য ব্যাখ্যা করেন, আইনগত কোনে। প্রাসঙ্গিক বিষয়ে জুরি-সদস্যদের নির্দেশ প্রদান করেন, এবং বিচারকালে প্রদন্ত সমুদয় সাক্ষ্যপ্রমাণের সংক্ষিপ্তসার উপস্থাপন করেন।
- summons n. সমন বি. কোনো নির্দিষ্ট স্থানে ও সময়ে আদালতে হাজির হইবার জন্য কোনো ব্যক্তির উদ্দেশ্যে আদালতের একটি হুকুম। ফৌজদারি মামলায় কোনো ম্যাজিন্ট্রেটের আদালতে হাজির হইবার জন্যও পরিশব্দটি ব্যবহৃত হয়। দেওয়ানি কার্যবিধির ৫ আদেশে সমন জারি করিবার পদ্ধতি সম্পর্কে বলা হইয়াছে।
- sunnah সুরাহ বি. রসুলুলাহ যাহা বলিয়াছেন এবং করিয়াছেন, সেসব এবং তাঁহার আচরণ সুন্নাহরূপে গণ্য। তিনি কী অনুমোদন করিয়াছেন এবং কী করেন নাই, তাহা তাঁহার আচরণ হইতে বুঝিয়া লওয়া হইয়াছে। যে-রীতিনীতি বা প্রথা বা কাজ মুসলিমগণ রসুলুলাহর সামনে বা জ্ঞাতসারে করিয়াছিলেন এবং একাধিকবার করা সন্ত্বেও রসুলুলাহ বাধা দেন নাই, সেই রীতি বা প্রথা বা কাজ রসুলুলাহ অনুমোদিত বলিয়া গৃহীত হইয়াছে। আবার যে-বিশেষ আচরণ রসুলুলাহ সর্বদা এড়াইয়া চলিতেন, তাহা তাঁহার অননুমোদিত সাব্যস্ত হইয়াছে।
- sunni সুন্নি বি. সুন্নাহ্র সমর্থক বা অনুসারী। কোরানে সুন্নাহ্ দুইভাবে উল্লিখিত ইইয়াছে— প্রাচীন সুন্নাহ্ ও আল্লাহর সুনাহ্। হাদিস-অনুযায়ী হজরত মুহাম্মদের (সঃ)

কর্ম, উক্তি ও সমর্থনের দৃষ্টান্ত হইল সুনাহ। সুনাহর জ্ঞান নামাজে ইমাম হওয়ার অন্যতম মানদও। সুনাহ কোরানের সমমর্থাদাসম্পন্ন নহে। ইহা কোরানের কোনো দিদ্ধান্ত বাতিল করিতে পারে না, ইহা কোরআনের পরিপূরক ও ব্যাখ্যা বলিয়া বিবেচিত। মুসলমান সম্প্রদায় যে-তিন মতাবলম্বী— খারিজি, দিয়া ও সুন্নি— তাহার মধ্যে সুন্নিরাই সংখ্যাধিক। সুনিদের মতে, গুরুত্বপূর্ণ বিষয়ে মতপ্রকাশ করিবার মতো যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের দ্বারা নির্বাচিত কোরায়েশবংশীয় ব্যক্তি কেবল হজরত মুহাম্মদের (সঃ) খলিফা বা স্থলাভিষিক্ত হইতে পারেন। খারিজিদের মতে খলিফা ইইবার জন্য বংশপরিচয় নিতান্তই গুরুত্বহীন। সুনিরা ইসলামের চার খলিফা (খোলাফায়ে রাম্পেদিন)-কে শ্বীকার করেন। শিয়ারা প্রথম তিন খলিফাকে শ্বীকার করেন না। শিয়াদের মতে আহল আল-বায়াত বা নবির (সঃ) পরিবার অর্থাৎ হজরত আলী ও ফাতিমার (রাঃ) বংশোভূতগণই ইমামতের অধিকারী। মুসলিম আইনের নানা বিষয়ে— যেমন, ইচ্ছাপত্র, উত্তরাধিকার, ওয়াক্ফ, বিবাহ, তালাক, দেনমোহর ইত্যাদি— শিয়া ও সুনি মতে পার্থক্য রহিয়াছে। এতৎসহ shia দ্রে.।

- ই্য়০ moto স্ব-উদ্যোগ আদালত ন্যায়বিচারের স্বার্থে কোনো কোনো বিষয়ে স্বউদ্যোগে কোনো মামলার কার্যক্রম শুরু এবং নিম্পত্তি করিতে পারেন।
 উদাহরণস্বরূপ, দেওয়ানি কার্যবিধির ১১৫ ধারা-অনুসারে, যদি নিম্ন আদালতের
 কোনো কার্যক্রমের ক্রটি উচ্চ আদালতের দৃষ্টিগোচর হয়, সেক্ষেত্রে আদালত স্বউদ্যোগে তদ্রুপ ক্রটি সংশোধন করিতে পারেন।
- superintendence n. তত্ত্বাবধান বি. পরিচালনার্থ; পরিচালনা করিবার কর্তৃত্বসহ; কার্যাবেক্ষণ; সযত্ন দেখাশুনা ও পরিচর্যা। যেমন, সংবিধানের ১০৯ অনুচ্ছেদ-অনুসারে, হাইকোর্ট বিভাগের অধস্তন সকল আদালত ও ট্রাইব্যুনালের উপর উক্ত বিভাগের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ-ক্ষমতা থাকিবে।
- superior court উচ্চতর আদালত বিচার-ব্যবস্থায় এমন যে-কোনো উচ্চতর আদালত, যাঁহার এখতিয়ার, দৃষ্টান্তস্বরূপ, ভূগোল কিংবা দাবির বিষয়বস্তুর মূল্যের দ্বারা সীমিত নয় এবং যাঁহার সিদ্ধান্তসমূহ নজির হিসাবে গুরুত্বপূর্ণ। ইংল্যান্ডের আইনে উচ্চতর আদালতগুলি হইতেছে প্রিভি কাউনসিলের বিচারপর্যদ, হাউজ অব নর্ডস, আপিল আদালত, হাইকোর্ট ও ক্রাউন কোর্ট। উচ্চতর আদালতগুলির সিদ্ধান্ত হাইকোর্ট কর্তক বিচারবিভাগীয় পর্যালোচনার অধীন নয়। inferior court তু.।
- superior orders উপরওয়ালার হুকুম যেহেতু কোনো আচরণ একজন উপরওয়ালার (সাধারণত সশস্ত্র বাহিনীর একজন উপরস্থ কর্মকর্তা) আদেশের বশবর্তী হইয়া করা ইইয়াছে, সেহেতু উহা অপরাধ নহে বলিয়া অজুহাত।
- supersession n. স্থানাধিকার বি. কোনো বস্তু বা ব্যক্তির অপসারণ এবং তাঁহার স্থান-অধিকার।

supervision \$080

supervision n. তত্ত্বাবধান, কার্যাবেক্ষণ বি. তত্ত্বাবধানের নিমিন্ত দাবি বা পরিদর্শন। কার্যের প্রকৃতি-অনুসারে তত্ত্বাবধানের পরিধি, সময়, ধারাবাহিকতা ইত্যাদি নির্দিষ্ট হয়। সকল ক্ষেত্রেই তত্ত্বাবধান অবিরাম হইতে হইবে, এইরূপ নহে। উর্ধ্বতন কর্মকর্তা সাধারণত অধস্তন কর্মকর্তা ও কর্মচারীগণের কার্যাবলি তত্ত্বাবধান করিয়া থাকেন ।

- supervision order তত্ত্বাবধানের আদেশ ১. ইংল্যান্ডে একটি শিতকে কোনো স্থানীয় কর্তৃপক্ষ কিংবা একজন আবেক্ষণ কর্মকর্তার তত্ত্বাবধানে ন্যস্ত করিয়া প্রদত্ত আদালতের আদেশ। স্থানীয় কর্তৃপক্ষ বা আবেক্ষণ কর্মকর্তার কর্তব্য শিশুটিকে পরামর্শ ও সহায়তা প্রদান করা। কেবল একটা নির্দিষ্ট মানদও পূরণ ইইলেই আদালত তত্ত্বাবধানের আদেশ দিতে পারেন। ২. suspended sentence দ্র.।
- supervisory authority তত্ত্বাৰধানকারী কর্তৃপক্ষ (ফৌজি আইনে) সাধারণ সেনা-আদালতের (general court-martial) এখতিয়ার-সম্পন্ন একজন কর্মকর্তা যিনি, আহ্বায়ক কর্তৃক সংক্ষিপ্ত ও বিশেষ সেনা-আদালতের বিচারের রেকর্ডসমূহ পর্যালোচনার পর, সেগুলি পুনরায় পর্যালোচনা করেন।
- supply n. সরবরাহ বি. ১৯৯১ সালের মূল্য সংযোজন কর আইনের ২(ম) ধারাঅনুসারে, প্রস্তুতকারক বা উৎপাদক কর্তৃক বাংলাদেশে প্রস্তুত বা উৎপাদিত পণ্যের
 ক্ষেত্রে পণ্যের বিনিময়ে বিক্রয়, ইজারা বা অন্য কোনো উপায়ে উজরূপ পণ্যের
 নিম্পত্তিকরণ। নিম্নাজ কার্যাবিলি ইহার অন্তর্ভুক্ত হইবে— (অ) ব্যবসায়কার্য
 পরিচালনাকালে অর্জিত, প্রস্তুত বা উৎপাদিত পণ্যের ব্যক্তিগত, ব্যবসায়সংক্রান্ত বা
 ব্যবসায়বহির্ভূত কার্যে ব্যবহার; (আ) কোনো ব্যক্তির ঋণ পরিশোধের নিমিত্তে কোনো
 পণ্যের নিলাম বা বিলিবন্দেজ; (ই) কোনো ব্যক্তির নিবন্ধন বাতিলের অব্যবহিত পূর্বে
 তৎকর্তৃক কোনো করযোগ্য পণ্যের দখল; (ঈ) পণ্যের প্রস্তুত বা উৎপাদন স্থল হইতে
 পণ্য খালাস বা অপসারণ; (উ) সরকার কর্তৃক, প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারিত অন্য
 কোনোপ্রকার লেনদেন।
- support vb., n. ১. ভারবহন করা, ধারণ করা, আলম্বিত করা, পতন রোধ করা ক্রি. কোনো ব্যক্তির বা প্রাণীর জীবনধারণের জন্য প্রয়োজনীয় সামগ্রী সরবরাহপূর্বক প্রতিপালন বা পরিপোষণ করা। অভিভাবক ও প্রতিপালা আইনের ২৪ ধারা-অনুসারে, কোনো নাবালকের শরীরের অভিভাবকের দায়িত্ব হইতেছে তাহাকে প্রতিপালন করা। সহায়তা দ্বারা কাহারো অবস্থানকে মজবুত করা; ব্যয়নির্বাহ করিবার জন্য তহবিল জোগান দিয়া সাহায্য করা; ভর্তুকি প্রদান করা। ২. ভরণপোষণ, প্রতিপালন বি. সাধারণত খাদ্য, বস্ত্র ও বাসস্থানের মতো জীবনধারণের অত্যাবশ্যকীয় উপাদানের জোগান। প্রসঙ্গ-অনুসারে অনুরূপ অভিপ্রায় না থাকিলে ঔষধপত্রাদি ইহার অন্তর্ভক্ত হয় না।

আইন-শন্দকোষ : ৬.৬

- supposed adj. কথিত, স্বীকৃত, অনুমানসিদ্ধ বিণ. কোনো মোকদ্দমার কথিত কারণ হইল মোকদ্দমার কারণ হিসাবে যে-অভিযোগ মোকদ্দমার আরজিতে বর্ণনা করা হইয়াছে।
- suppression of document দলিলাদি গোপনকরণ কোনো আদালত কিংবা সরকারি পরিদপ্তরের অধিকারভুক্ত কিংবা কোনো আদালতে কিংবা সরকারি পরিদপ্তরে দাখিলকৃত যে-কোনো মূল্যবান প্রাতিভাব্য অর্থাৎ অর্থ বা সম্পত্তিঘটিত অধিকার সৃষ্টি, বিলোপ বা হস্তান্তর করে, এমন প্রায় সর্বপ্রকার দলিল, ইচ্ছাপত্র বা অনুরূপ দলিল, কিংবা যে-কোনো মূল দলিল (অনুলিপি নয়) অসদুদ্দেশ্যে বিনষ্ট, গোপন বা বিকৃতকরণ। নিজে লাভবান হওয়ার বা অন্য কোনো ব্যক্তির ক্ষতিসাধনের উদ্দেশ্যে এইরূপ কার্য করা হইলে ইংল্যান্ডে ইহা অনুর্ধ্ব সাত বৎসর পর্যন্ত কারাদণ্ডে দণ্ডনীয় অপরাধ।
- suppression of evidence ১. সাক্ষ্য দমন একজন বিচারকের এইরপ নির্দেশ যে,
 মামলার একটি পক্ষ যে-সাক্ষ্যপ্রমাণ উপস্থাপন করিরাছে, উহা বর্জন করিতে হইবে,
 যেহেতু ইহা অবৈধ উপায়ে অর্জিত। ২. সাক্ষ্য বিনাশকরণ একটি ফৌজদারি
 মামলায় সাক্ষ্যপ্রমাণ বিনাশ কিংবা সাক্ষ্যপ্রমাণদানে অস্বীকৃতি। ৩. সাক্ষ্য
 গোপনকরণ যে-সাক্ষ্যপ্রমাণ বিবাদীর অনুকৃল, বাদীপক্ষ কর্তৃক তাহা উপস্থাপন না
 করা।
- supremacy n. মুখ্যাধিকার বি. দুইটি আইন বা দলিলের মধ্যে সংঘাত ঘটিলে, একটির উপর অন্যটির প্রাধান্য।
- Supreme Court of Bangladesh বাংলাদেশের সুপ্রিম কোর্ট সংবিধানের ৯৪ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, (১) বাংলাদেশ সুপ্রিম কোর্ট নামে বাংলাদেশের একটি সর্বােচ্চ আদালত থাকিবে এবং আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ লইয়া তাহা গঠিত হইবে। (২) প্রধান বিচারপতি (যিনি 'বাংলাদেশের প্রধান বিচারপতি' নামে অভিহিত হইবেন) এবং প্রত্যেক বিভাগে আসনগ্রহণের জন্য রাষ্ট্রপতি যেরূপ সংখ্যক বিচারক নিয়াগের প্রয়োজন বােধ করিবেন, সেইরূপ সংখ্যক অন্যান্য বিচারক লইয়া সুপ্রিম কোর্ট গঠিত হইবে। (৩) প্রধান বিচারপতি ও আপিল বিভাগে নিযুক্ত বিচারকগণ কেবল উক্ত বিভাগে এবং অন্যান্য বিচারক কেবল হাইকোর্ট বিভাগে আসন গ্রহণ করিবেন। সংবিধানের ১০০ অনুচ্ছেদ-অনুযায়ী, রাজধানীতে সুপ্রিম কোর্টের স্থায়ী আসন থাকিবে, তবে রাষ্ট্রপতির অনুমোদন লইয়া প্রধান বিচারপতি সময়ে সময়ে অন্য যে-স্থান বা স্থানসমূহ নির্ধারণ করিবেন, সেই স্থান বা স্থানসমূহে হাইকোর্ট বিভাগের অধিবেশন অনুষ্ঠিত হইতে পারিবে। সংবিধানের ১০৬ অনুচ্ছেদ-অনুসারে, যদি কোনো সময়ে রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হয় যে, আইনের এইরূপ কোনো প্রশ্ন

উথাপিত হইয়াছে বা উথাপনের সম্ভাবনা দেখা দিয়াছে যাহা এমন ধরনের ও এমন জনগুরুত্বসম্পন্ন যে. সেই সম্পর্কে সুপ্রিম কোর্টের মতামত গ্রহণ করা প্রয়োজন, তাহা হইলে তিনি প্রশ্রটি আপিল বিভাগের বিবেচনার জন্য প্রেরণ করিতে পারিবেন এবং উক্ত বিভাগ স্বীয় বিবেচনায় উপযুক্ত গুনানির পর প্রশুটি সম্পর্কে রাষ্ট্রপতিকে স্বীয় মতামত জ্ঞাপন করিতে পারিবেন। ১০৭ অনুচ্ছেদের ১ দফা-অনুসারে সংসদ কর্তৃকপ্রণীত যে-কোনো আইনসাপেক্ষে সপ্রিমকোর্ট রাষ্ট্রপতির অনুমোদন লইয়া প্রত্যেক বিভাগের এবং অধস্তন যে-কোনো আদালতের রীতি ও পদ্ধতি নিয়ন্ত্রণের জন্য বিধিসমূহ প্রণয়ন করিতে পারিবেন। সংবিধানের ১০৮ অনুচ্ছেদ-অনুসারে সুপ্রিম কোর্ট একটি 'কোর্ট অব রেকর্ড' হইবেন এবং ইহার অবমাননাব জন্য তদন্তের আদেশদান বা দণ্ডাদেশদানের ক্ষমতাসহ আইনসাপেক্ষে অনুরূপ আদালতের সকন ক্ষমতার অধিকারী থাকিবেন। ১১১ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, আপিল বিভাগ কর্তৃক ঘোষিত আইন হাইকোর্ট বিভাগের জন্য এবং সুপ্রিম কোর্টের যে-কোনো বিভাগ কর্তৃক ঘোষিত আইন অধন্তন সকল আদালতের জন্য অবশ্যপালনীয় হইবে। সংবিধানের ১১২ অনুচ্ছেদ-অনুসারে প্রজাতন্ত্রের রাষ্ট্রীয় সীমানার অন্তর্ভুক্ত সকল নির্বাহী ও বিচার বিভাগীয় কর্তৃপক্ষ সুপ্রিম কোর্টের সহায়তা করিবেন। সংবিধানের ১১৩ অনুচ্ছেদে সপ্রিম কোর্টের কর্মচারী নিয়োগ সম্পর্কে বলা **হই**য়াছে।

Supreme Court of Judicature সর্বোচ্চ বিচার আদালত হাউজ অব লর্ডস ব্যতীত, তৎকালে ইংল্যান্ডে বিদ্যমান সকল উচ্চতর আদালতের এখতিয়ার অধ্বিহণ করিবার জন্য ১৮৭৩-৭৫ সালের বিচারব্যবস্থা আইনঘারা সৃষ্ট আদালত। এই আদালত একটি একক আদালত হিসাবে বসেন না, পরস্তু ইহা হাইকোর্ট, আপিল আদালত ও ক্রাউন কোর্ট লইয়া গঠিত। ইহার রীতিনীতি ও পদ্ধতি সুপ্রিম কোর্টের বিধিসমূহ দ্বারা নিয়ন্ত্রিত।

Supreme Court Rule Committee সুপ্রিম কোর্টের বিধি কমিটি Rules of Court দ্র.।

Supreme Judicial Council সৃপ্রিম জুডিশিয়াল কাউন্সিল সংবিধানের ৯৬(৩) অনুচ্ছেদ-অনুসারে, বাংলাদেশের প্রধান বিচারপতি এবং অন্যান্য বিচারকের মধ্যে পরবর্তী যে-দুইজন কর্মে প্রবীণ তাঁহাদের লইয়া সৃপ্রিম জুডিশিয়াল কাউন্সিল গঠিত হইবে। তবে শর্ত থাকে যে, কাউন্সিল যদি কোনো সময়ে কাউন্সিলের সদস্য এইরপ কোনো বিচারকের সামর্থ্য বা আচরণ সম্পর্কে তদন্ত করেন, অথবা কাউন্সিলের কোনো সদস্য যদি অনুপস্থিত থাকেন অথবা অসুস্থতা কিংবা অন্য কোনো কারণে কার্য করিতে অসমর্থ হন তাহা হইলে কাউন্সিলের যাঁহারা সদস্য আছেন তাঁহাদের পরবর্তী যে-বিচারক কর্মে প্রবীণ তিনিই অনুরূপ সদস্য হিসাবে কার্য করিবেন।

- ৯৬(৪) অনুচ্ছেদ-অনুসারে কাউন্সিলের দায়িত্ব হইবে—
- (ক) বিচারকগণের জন্য পালনীয় আচরণবিধি নির্ধারণ করা, এবং
- (খ) কোনো বিচারকের অথবা কোনো বিচারক যেরূপ পদ্ধতিতে অপসারিত হইতে পারেন সেইরূপ পদ্ধতি ব্যতীত তাঁহার পদ হইতে অপসারণযোগ্য নহেন এইরূপ অন্য কোনো কর্মকর্তার, সামর্থ্য বা আচরণ সম্পর্কে তদন্ত করা।
- ৯৬(৫) অনুচ্ছেদ-অনুসারে যে-ক্ষেত্রে কাউন্সিল অথবা অন্য কোনো সূত্র হইতে প্রাপ্ত তথ্যে রাষ্ট্রপতির এইরূপ বৃঝিবার কারণ থাকে যে কোনো বিচারক—
- (ক) শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে তাঁহার পদের দায়িত্ব সঠিকভাবে পালন করিতে অযোগ্য হইয়া পড়িতে পারেন, অথবা
- (খ) গুরুতর অসদাচরণের জন্য দোষী হইতে পারেন, সেইক্ষেত্রে রাষ্ট্রপতি কাউসিলকে বিষয়টি সম্পর্কে তদন্ত করিতে ও উহার তদন্তফল জ্ঞাপন করিবার জন্য নির্দেশ দিতে পারেন।
- ১১৮(৫) অনুচ্ছেদ-অনুসারে কোনো নির্বাচন কমিশনার, ১২৯(২) অনুচ্ছেদ-অনুসারে মহা হিসাব-নিরীক্ষক এবং ১৩৯(২) অনুচ্ছেদ-অনুসারে কোনো সরকারি কর্ম কমিশনের সভাপতি বা অন্য কোনো সদস্য সুপ্রীম কোর্টের কোনো বিচারক যেরূপ পদ্ধতি ও কারণে অপসারিত হইতে পারেন, সেইরূপ পদ্ধতি ও কারণ ব্যতীত অপসারিত হইবেন না।
- supreme law সর্বোচ্চ আইন কোনো দেশের সর্বোচ্চ আইন বলিতে সেই দেশের সংবিধানকে বুঝায়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান বাংলাদেশের সর্বোচ্চ আইন। সংবিধানের ৭(২) অনুচ্ছেদে বলা হইয়াছে, 'জনগণের অভিপ্রায়ের পরম অভিব্যক্তিরূপে এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন এবং অন্য কোনো আইন যদি এই সংবিধানের সহিত অসামঞ্জস হয়, তাহা হইলে সেই আইনের যতখানি অসামঞ্জস্যপূর্ণ, ততখানি বাতিল হইবে।'
- surcharge n. ১. অধিকর বি. একটি অতিরিক্ত কর, মাণ্ডল বা মূল্য, যাহা সচরাচর অতাধিক হইয়া থাকে। আয়কর, আমদানি শুল্ক, বিনিয়োগ হইতে প্রাপ্ত আয় বা অনর্জিত আয়ের উপর অধিকর বা অধিভার বসিতে পারে। ২. অধিভার বি. অতিরিক্ত ভার বা বোঝা। ৩. অধিভার বি. একটি দ্বিভীয় বা অতিরিক্ত বন্ধক। ৪. অধিভার বি. কোনো হিসাবে একটি সংগত জমা বাদ পড়ন। ৫. অধিভার বি. একজন আয়াভাজন (fiduciary) কর্তব্যপালনে ব্যর্থ হইলে আদালত তাহার উপর যে-পরিমাণ অর্থপ্রদানের আদেশ দিতে পারেন। ৬. অধিমূদ্রণ বি. একটি স্ট্যাম্পের উপর একটি অধিছাপ, বিশেষত যাহা উহার অভিহিত মূল্য পরিবর্তিত করে। ৭. অধিভার বি. জীবজন্ত দিয়া কোনো এলাকার অতিসংভরণ (overstocking)।

surety n. জামিন, পারিভাব্য বি. ১. স্বরং বিবাদীকর্তৃক কিংবা উপযুক্ত আর্থিক সংগতি, চরিত্র এবং বিবাদীর সঙ্গে সম্পর্কযুক্ত অন্য কোনো ব্যক্তিকর্তৃক অর্থরণে প্রদত্ত প্রাতিভাব্য, যাহা আদালতে হাজির না হইলে বাজেয়াপ্ত হইবে। ২. যে-ব্যক্তি অন্য কোনো ব্যক্তির জামিন হন। bail ও recognizance দ্র.।

- surface n. উপরিভাগ, পৃষ্ঠদেশ বি. ভূমির উপরিভাগ, যাহা কৃষিকার্যের উদ্দেশ্যে ব্যবহারের উপযুক্ত। উপরিভাগ বলিতে সাধারণত কেবল কৃষিকার্যের জন্য প্রয়োজনীয় নিম্নভাগসহ জমির উপরিস্থিত সকল কিছু বুঝায় এবং কৃষি-কর্মের নিমিত্তে যতটুকু প্রয়োজনীয় তদপেক্ষা অধিক নিম্নভাগ ইহার অন্তর্ভুক্ত নহে।
- surgeon n. শল্যচিকিৎসক, শল্যবিদ বি. যিনি হস্তচালিত যন্ত্রপাতি দারা রোগীর দেহে অন্ত্রোপচার করেন। যদিও দন্তচিকিৎসকগণ হাত ও যন্ত্রের সহযোগে দাঁত পরিষ্কার, দাঁত উৎপাটন, দাঁত প্রতিস্থাপন করেন, তথাপি তাঁহারা মর্যাদায় সর্বক্ষেত্রে শল্যচিকিৎসকদের বিশেষাধিকার ভোগ করেন না।
- surname n. পদবি, অন্তনাম বি. পারিবারিক নাম, যাহা পরিবারের সকলেই ধারণ করেন। নামের শেষাংশ যাহা পারিবারিক নাম নাও হইতে পারে।
- surplus n. উদ্বৃত্ত বি. ১. কোনো বন্তুর অবশিষ্ট; অবশিষ্টাংশ বা বাড়তি অংশ। ২. ব্যয় অপেক্ষা আয়ের আধিক্য। ৩. একটি অংশীদারি কারবার বিলুপ্ত এবং উহার সকল ঋণ পরিশোধিত হইবার পর যে-তহবিল অবশিষ্ট থাকে। ৪. একটি সংস্থা বা কর্পোরেশনের মূলধনি সংভারের (capital stock) অভিহিত মূল্যের বাহিরে উহার প্রকৃত মূল্য।
- surplusage n. ৰাগাতিরেক্য বি. ১. একটি সংবিধি কিংবা অন্য মুসাবিদাকৃত দলিলে অন্যবশ্যক শব্দাবলি। যে-ভাষা অর্থকে সমৃদ্ধ করে না। ২. ওকালতিতে অবান্তর বা অপ্রাসন্ধিক বিষয়।
- surprise n. চমক বি. (আদালতের কার্যপ্রণালিতে) একটি অপ্রত্যাশিত ঘটনা, যাহা মামলার এক পক্ষকে কিছুটা অসুবিধায় ফেলিতে পারে। বিচারপূর্ব কার্যপ্রণালির অনেক বিধিই চমক নিবারণার্থে পরিকল্পিত। যেমন, প্রতিপক্ষকে অন্যথায় চমকিত করিতে পারে, এমন যে-কোনো বিষয়ের পক্ষে অবশ্যই সুনির্দিষ্ট অজুহাত দেখাইতে হইবে। বিশেষজ্ঞ সাক্ষীদের প্রতিবেদন-বিনিময় সম্বন্ধেও নিয়মাবলি রহিয়াছে। মামলার আরন্ধি, জবাব ও অন্যান্য দলিলের সংশোধনে বাধাদান করিতে ইঙ্কুক পক্ষগুলি প্রায়ই চমককে একটি যুক্তি হিসাবে উপস্থাপন করে; বিচারকালে যৌতিকতা প্রদর্শনপূর্বক উপস্থাপিত হইলে ইহার ফলে অসুবিধাগ্রস্ত পক্ষকে সুযোগপ্রদানের জন্য বিচারকার্য স্থগিত করা হইতে পারে।

- surrebutter n. প্রত্যুত্তর পূর্বকালে, ইংল্যান্ডে বিবাদীর জবাবের উত্তরে বাদী কর্তৃক জারিকরা একটি উত্তরবাদ। এই ধরনের উত্তরবাদ আধুনিক ব্যবহারে বিরল এবং দেওয়ানি কার্যবিধির অধীনে ইহার আর অন্তিত্ব নাই।
- surrejoinder n. পালটা প্রত্যুত্তর পূর্বকালে, ইংল্যান্ডে বিবাদীর প্রত্যুক্তির জবাবে বাদীকর্তৃক জারিকরা একটি উত্তরবাদ। এই ধরনের উত্তরবাদ আধূনিক ব্যবহারে বিরল এবং দেওয়ানি কার্যবিধির অধীনে ইহার আর অন্তিত্ব নাই।
- surrender n. ১. আত্মসমর্পণ বি. অন্যের বশ্যভাষীকার ২. দাবিত্যাগ বি. অধিকার ত্যাগ। ৩. প্রভ্যাগম বি. প্রত্যাবৃত্তি বা অবশিষ্টের অধিকারসম্পন্ন ব্যক্তির নিকট একটি রিক্থের প্রভ্যাবর্তন, যাহাতে একটি বৃহত্তর রিক্থের মধ্যে ওই রিক্থের বিলুপ্তি ঘটে। ৪. সমর্পণ বি. (বাণিজ্যিক আইনে) একটি সাধনপত্রের হস্তান্তর, যাহার ফলে সমর্পণকারী সকল দায়িতা হইতে মুক্তি লাভ করেন। ৫. প্রভ্যুর্পণ বি. একটি ইজারার মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে ইজারাদারকর্তৃক দখলত্যাগ, যাহার ফলে ভূষামী জমির দখল গ্রহণ করিতে পারেন এবং ইজারার পরিসমাপ্তি ঘটিয়াছে বলিয়া বিবেচনা করিতে পারেন। reversion ও remainder দ্র.।
- surrender by operation of law আইনের প্রক্রিয়ার মাধ্যমে প্রত্যর্পণ এমন-কোনো কার্য, যাহা ইজারাদারকর্তৃক সম্পত্তি ছাড়িয়া দেওয়ার এবং ভূস্বামীকর্তৃক দখল পুনঃগ্রহণ করিবার একটি চুক্তির সমতৃল্য। উদাহরণস্বরূপ, দূই পক্ষ যদি এমন কোনো কার্য করেন, যাহা ভূস্বামী-ইজারাদার সম্পর্কের সহিত এতই অসংগতিপূর্ণ যে সম্পত্তি ছাড়িয়া দেওয়া হইয়াছে বলিয়া অনুমান করা যায়, কিংবা ইজারাদার যদি এমন কোনো কার্য করেন যাহা ওই রিক্থ বজায় থাকিলে বৈধ হইত না, তাহা হইলে তাহা ইজারাদার কর্তৃক সম্পত্তি ছাড়িয়া দিবার এবং ভৃস্বামী কর্তৃক তাহা দখল করিবার তুল্য হইবে।
- surrender of tenancy প্রজাস্বত্ব-সমর্পণ ভাড়াটিয়া বা ইজারাদার তাঁহার ভৃস্বামীর
 নিকট নিজের স্বত্ব ছাড়িয়া দিলে ইজারার যে-পরিসমাপ্তি ঘটে। সমর্পণ সুস্পষ্টরূপে
 ব্যক্ত কিংবা নিহিত হইতে পারে। সুস্পষ্টরূপে ব্যক্ত সমর্পণ সাধারণত একটি দলিল
 আকারে হইয়া থাকে। ইংল্যান্তে ইজারা তিন বংসরের কম সময়ের জন্য হইলে
 দলিলের প্রয়োজন হয় না, যদি ভাড়াটিয়া সমর্পণ করিবার জন্য একটি সম্মতিপত্রে
 স্বাক্ষর করেন। নিহিত সমর্পণ সম্পন্ন হয়, যদি উভয়পক্ষের কার্যকলাপ প্রমাণ করে
 যে, তাঁহারা ইজারা সমাপ্ত হইয়াছে বলিয়া বিবেচনা করেন। যেমন, ভাড়াটিয়া যদি
 দখল ছাড়িয়া দেন এবং ভূস্বামী পুনরায় সম্পত্তির দখল গ্রহণ করেন।
- surrender to custody হেফাজতে আত্মসমর্পণ একটি নির্দিষ্ট সময়ে ও স্থানে আদালত বা পুলিশের হেফাজতে আত্মসমর্পণ করা। হেফাজতে আত্মসমর্পণ জামিনে

surrogacy 5086

মুক্তির প্রাথমিক শর্ত; ইহা অর্জন করিবার জন্য আদালত জামিনের সঙ্গে শর্ত করিতে পারে। যেমন একটি পারিভাব্য সরবরাহ কিংবা গতিবিধির উপর সীমারোপণ। হেফাজতে আত্মসমর্পণ না করা একটি অপরাধ। absconding দ্র.।

- surrogacy n. উপকল্পন বি. নিজেরা সন্তানোৎপাদনে অসমর্থ বিবাহিত
 দম্পত্তিকর্তৃক একটি সন্তানধারণের জন্য নিযুক্ত নারীর (surrogate mother—
 উপকল্পিত জননী) ভূমিকা। গর্ভ সঞ্চারিত হয় সাধারণত স্বামীকর্তৃক উপকল্পিত
 জননীর কৃত্রিম পরিনিষেকের মাধ্যমে, যদিও কখনো কখনো শ্রীর ডিম্বও ব্যবহৃত হয়।
 এই ক্ষেত্রে শিভটির সঙ্গে উপকল্পিত জননীর কোনো বংশানুগতিক সম্পর্ক থাকে না,
 যেহেতু তিনি জ্রণটির জন্য নিছক একটি আশয় মাত্র।
- surveillance n. নজরদারি বি. একজন সন্দেহভাজন ব্যক্তির উপর নজর রাধিবার কাজ। ব্রিটেনে ১৯৭৭ সালের পুলিশ আইনে প্রধান পুলিশ অফিসারগণ কর্তৃক প্রবেশমূলক নজরদারি তৎপরতার জন্য ক্ষমতাপ্রদানের বিধান রহিয়াছে। এতৎসহ electronic surveillance দ.।
- survey n. জরিপ বি. কোনো কিছুর সামগ্রিক মূল্যবিচার। সামগ্রিক দৃষ্টিপাত। অবস্থা, পরিমাণ বা গুণ নির্ণয়ের জন্য পুঞ্খানুপুঞ্খ পরীক্ষণ বা পরিদর্শন। ভূমির স্বত্ব ও খাজনা নির্ধারণের জন্য সরকারি উদ্যোগে ভূমি জরিপ করিয়া নকশা ও খতিয়ান প্রস্তুত করা হয়। সাক্ষ্য আইনের ৮৩ ধারায় বলা হইয়াছে যে, যে-সকল মানচিত্র বা নকশা সরকারের কর্তৃত্বাধীনে প্রণীত বলিয়া কথিত হয়, আদালত অবশ্যই সেগুলিকে অনুরপভাবে প্রণীত বা যথাযথ বলিয়া অনুমান করিবেন: কিন্তু যে-সকল মানচিত্র বা নকশা কোনো বিশেষ উদ্দেশ্যে প্রণীত, সেগুলি যথাযথ বলিয়া অবশ্যই প্রমাণ করিতে হইবে।
- survey map জরিপ নক্শা সাক্ষ্য আইনের ৮৩ ধারায় বলা হইয়াছে যে, সকল মানচিত্র বা নক্শা সরকারের কর্তৃত্বাধীনে প্রণীত বলিয়া কথিত হয়, আদালত অবশ্যই সেইগুলিকে অনুরূপভাবে প্রণীত বা সঠিক বলিয়া অনুমান করিবেন; কিন্তু যে-সকল মানচিত্র বা নক্শা কোনো বিশেষ উদ্দেশ্যে প্রণীত, সেইগুলি সঠিক বলিয়া অবশ্যই প্রমাণ করিতে হইবে।
- survey of island চর জরিপ, জরিপ নতুন চর জরিপ; ক্ষুদ্র ও বিচ্ছিন্ন এলাকার আলাদা জরিপ।
- survey, R.S আর. এস. জরিপ জেলা জরিপের অথবা এস. আর. জরিপের পর যে-এলাকায় পুনরায় জরিপ হয়, সেই জরিপ। অর্থাৎ একবার জরিপ হইলে পরবর্তীকালে তাহাতে কোনো পরিবর্তন ঘটিলে তাহা সংশোধন করিবার জন্য অনুষ্ঠিত জুরিপ।

3089 suzerainty

survival of cause of action on death মৃত্যুতে মামলার কারণের বিদ্যুমানতা ইংল্যান্ডের সাধারণ আইনে ব্যক্তিগত মোকদ্দমায় (অর্থাৎ চুক্তি ও টর্ট) বাদীর মৃত্যুতে মামলার কারণ বিলুপ্ত হইয়া যাইত। তবে সংবিধির দ্বারা, মানহানি এবং কোনো কোনো প্রকার ক্ষতিপূরণের দাবির জন্য ছাড়া, মৃত ব্যক্তির বিরুদ্ধে কিংবা তাঁহার সুবিধার্থে এই ধরনের সকল মামলার কারণ বর্তমান থাকে। দেওয়ানি কার্যবিধির ২২ আদেশের ১ নিয়্ম-অনুসারে মামলার কারণ বিদ্যুমান থাকিলে বাদী বা বিবাদীর মৃত্যুর ফলে মামলা নষ্ট হয় না। উক্ত আদেশ-অনুসারে মৃত ব্যক্তির ওয়ারিশদের কায়েম-মোকাম করিয়া মামলা চালু রাখা যায়।

suspended sentence স্থগিত দণ্ডাদেশ যে-কারাদণ্ডাদেশ তৎক্ষণাৎ কার্যকর হয়
না। কোনো ব্যক্তি দুই বৎসরের কম মেয়াদের জন্য কারাদণ্ডপ্রাপ্ত হইলে, আদালত
ব্যতিক্রমী পরিস্থিতিতে এইরূপ আদেশ প্রদান করিতে পারেন যে, তাঁহাকে
প্রকৃতপক্ষে কারাক্রদ্ধ করা হইবে না, যদি না তিনি এক হইতে দুই বৎসরের একটি
সুনির্দিষ্ট প্রয়োগ-কালের মধ্যে আরেকটি অপরাধ সংঘটিত করেন।

suspension n. সাময়িক বরখান্ত কোনো বৃত্তি বা বিশেষাধিকার হইতে কিয়ংকালের জন্য নিবৃত্তকরণ। নিজের পদ বা অবস্থান হইতে সাময়িক চ্যুতি।

suspension of enforcement of certain rights during emergency জম্বি অবস্থার সময়ে মৌলিক অধিকারসমূহ স্থাগিতকরণ সংবিধানের ১৪১গ অনুচ্ছেদ-অনুসারে, জরুরি অবস্থা ঘোষণার কার্যকরতা-কালে প্রধানমন্ত্রীর লিখিত পরামর্শ-অনুযায়ী রাষ্ট্রপতি আদেশের দ্বারা ঘোষণা করিতে পারিবেন যে, আদেশে উল্লিখিত এবং সংবিধানের তৃতীয় ভাগের অন্তর্গত মৌলিক অধিকারসমূহ বলবংকরণের জন্য আদালতে মামলা রুজু করিবার অধিকার এবং আদেশে অনুরূপভাবে উল্লিখিত কোনো অধিকার বলবংকরণের জন্য কোনো আদালতে বিচারাধীন সকল মামলা জরুরি অবস্থা-ঘোষণার কার্যকরতাকালে কিংবা উক্ত আদেশের দ্বারা নির্ধারিত স্বল্পতর কালের জন্য স্থানিত থাকিবে। সমগ্র বাংলাদেশ বা উহার যে-কোনো অংশে এই অনুচ্ছেদের অধীন প্রণীত আদেশ প্রযোজ্য হইতে পারিবে। এই অনুচ্ছেদের অধীন প্রণীত প্রান্তেশ যথাসম্ভব শীঘ্র সংসদে উপস্থাপিত হইবে।

suspicious circumstances সন্দেহজনক পরিস্থিতি যে-পরিস্থিতি সন্দেহ উদ্রেক করে বা করিতে পারে।

suzerainty n. আধিরাজ্য বি. কোনো প্রজা, ব্যক্তি বা রাষ্ট্র সম্বন্ধে অধিরাজের প্রভূত্ব, কর্তৃত্ব বা সম্পর্ক, বিশেষত ওইরূপ রাষ্ট্রের বৈদেশিক বিষয়াদির উপর নিয়ন্ত্রণের ক্ষেত্রে। swear 508b

swear vb. শপথ করা জেনারেল ক্লজেজ অ্যাক্ট অনুসারে, ব্যাকরণিক পরিবর্তন ও সমজাতীয় ভাবধারাসহ 'শপথ করা' অর্থ দৃঢ়ভাবে বলিতে বা ঘোষণা দিতে আইনের দ্বারা অনুমতিপ্রাপ্ত ব্যক্তির ক্ষেত্রে শপথের পরিবর্তে প্রতিজ্ঞাপূর্বক কথন বা ঘোষণা দেওয়া।

symbolic delivery প্রতীকী অর্পণ delivery দ্র.।

synallagmatic contract পারস্পরিক চুক্তি bilateral contract দ্র.।

synergism n. সংশক্তিতা বি. (কৃতিসত্ব সম্বন্ধে) ১. জ্ঞাত উপাদান বা বৃত্তিসমূহের

এমন-একটি সংমিশ্রণ যাহা ভিন্ন ভিন্ন উপাদান বা বৃত্তির সমষ্টি অপেকা বৃহত্তর

ফলোৎপাদন করে। ২. কৃতিস্বত্ব লওয়ার উপযোগী একটি প্রযুক্তি, যাহা একটি নূতন
বা অন্যরূপ কিংবা একটি অসাধারণ বা বিস্ময়কর পরিণাম সৃষ্টি করে।

- table n. & vb. ১. সারণি বি. কোনো সুনির্দিষ্ট নথিতে সাজাইয়া রাখা ঘটনা, সংখ্যা ইত্যাদির প্রণালিবদ্ধ তালিকা। ২. ছকবদ্ধ বা তালিকাবদ্ধ করা ক্রি. সারণিতে বিন্যস্ত করা।
- Table A সারণি 'ক' ইংল্যান্ডে শেয়ারের সীমিতদায় কোম্পানি নিবন্ধনের সময়ে যেআদর্শ সংঘবিধিসমূহ দাখিল করা হয়। অন্য বিধিদ্বারা উক্ত সংঘবিধি বাদ না দিলে
 অথবা সংশোধন না করিলে এগুলিই প্রযোজ্য হয়। বাংলাদেশে ১৯৯৪ সালের
 কোম্পানি আইনের ১৮ ধারা-অনুসারে উক্ত আইনের ১ তফসিলে উল্লিখিত
 সংঘবিধিসমূহ অনুরূপভাবে বলবৎ হয়।
- table of cases মামলাসমূহের সারণি আইনের পাঠ্যপুত্তক, প্রতিবেদন-সংকলন বা ডাইজেন্টে উদ্ধৃত, উল্লিখিত বা সংক্ষেপিত মামলাগুলির একটি বর্ণনানুক্রমিক তালিকা। উক্ত পাঠ্যপুক্তক ইত্যাদিতে প্রতিটি মামলা যে-পরিচ্ছেদ, পৃষ্ঠা বা অনুচ্ছেদে উল্লিখিত হইয়াছে, তাহাও তালিকায় নির্দেশ করা হয়।
- tacking n. সংযোজন বি. সম্পত্তি-হস্তান্তর আইনের ৯৩ ধারা-অনুসারে, কোনো
 বন্ধবর্যহীতা মধ্যবর্তী কোনো বন্ধকের বিষয় অবগত হইয়া বা না হইয়া পূর্ববর্তী
 কোনো বন্ধকের টাকা পরিশোধ করিলে উহার জন্য তিনি তাঁহার মূল জামানতের জন্য
 কোনো অগ্রাধিকার অর্জন করিবেন না এবং ৭৯ ধারায় উল্লিখিত ক্ষেত্র ছাড়া কোনো
 বন্ধবর্যহীতা মধ্যবর্তী কোনো বন্ধক সম্পর্কে অবগত হইয়া বা না হইয়া বন্ধকদাতাকে
 পরবর্তী সময়ে কোনো অর্থ প্রদান করিয়া থাকিলে উহার জন্য তিনি তাঁহার
 পরবর্তীকালে দেওয়া টাকাব জামানত সম্পর্কে কোনো অগ্রাধিকার অর্জন করিবেন না।
- tackle n. নৌসজ্জা বি. জাহাজের পাল উঠানো, নামানো কিংবা ভারোত্তোলনের জন্য প্রয়োজনীয় দড়াদড়ি, কপিকল, হাতিয়ার, অস্ত্র ইত্যাদি সাজসরঞ্জাম। হস্তান্তরের ক্ষেত্রে এই সাজসরঞ্জাম বলিতে আসবাবপত্র, পোশাক, অন্যান্য আনুষঙ্গিক যন্ত্রপাতি ইত্যাদি বুঝায়। তবে স্পষ্টভাবে অভিপ্রেত না হইলে জাহাজের ছোট ছোট নৌকা হস্তান্তরিত হয় না।
- tahsil n. তহসিল বি. ইহার শাব্দিক অর্থ খাজনা-আদায়। খাজনা বা রাজস্ব আদায়কারী দপ্তর।
- tahsildar n. তহসিলদার বি. সরকার বা জমিদার বা তালুকদারের অধীন রাজস্ব বা খাজনা আদায়কারী।

taidad 5000

taidad n. তারদাদ বি. ১. ১৭৯৩ সালের বাদশাহি ও অবাদশাহি রেগুলেশন এবং
১৮০০ সালের নিষ্কর রেগুলেশনের অধীনে দাখিলি নিষ্কর সম্পত্তির বিবরণী। ২.
মামলার মূল্যমান আইনে মামলার মূল্যমান বা তারদাদ ধার্য করিবার বিধান বর্ণিত
হইয়াছে।

- tail n. সীমিত স্বত্ব entailed interest দ্ৰ.।
- tail generai সাধারণ সীমিত স্বত্ব সীমিত স্বত্বের প্রথম প্রজার নির্দিষ্ট স্বামী বা প্রীর সন্তানদের মধ্যে যে-ভূমির সীমিত স্বার্থের উত্তরাধিকার সীমাবদ্ধ নয়। tail special তু.।
- tail male পুরুষে সীমাবদ্ধ সীমিত স্বত্ব সীমিত স্বত্বের সাবেক প্রজার কেবল পুরুষ বংশধরগণের মধ্যে যে-ভূমির সীমিত স্বার্থের উত্তরাধিকার সীমাবদ্ধ। পুরুষ বংশধর লোপ পাইলে যে-ব্যক্তি ওই ভূমির অবশিষ্টাংশ বা প্রতিপ্রাপ্তি পাইবার অধিকারী, সেই ব্যক্তি তাহা পাইবেন।
- tail special বিশেষ সীমিত স্বত্ব সীমিত স্বত্বের প্রথম প্রজার নির্দিষ্ট স্বামী বা স্ত্রীর সন্তানদের মধ্যে যে-ভূমির সীমিত স্বার্থের উত্তরাধিকার সীমাবদ্ধ। tail general তু.।
- takeover n. কর্তৃত্বহণ বি. এক কোম্পানি কর্তৃক সাধারণত অপর একটি ছোট কোম্পানির (উদ্দিষ্ট কোম্পানি) নিয়ন্ত্রণ-অর্জন। সাধারণত ইহা করা হয় ১. উদ্দিষ্ট কোম্পানির সদস্যদের (তাঁহারা স্বল্পসংখ্যক হইলে) সম্মতি-অনুসারে ওই কোম্পানির অথবা উহার নিয়ন্ত্রকদের শেয়ার ক্রয় করিয়া; ২. শেয়ার বাজারে শেয়ার ক্রয় করিয়া; অথবা ৬. কর্তৃত্বগ্রহণের প্রস্তাবের মাধ্যমে। merger তু.।
- takeover bid কর্তৃত্থহণের প্রন্তাব কোম্পানির কর্তৃত্থহণ বা অন্তর্ভুক্তির একপ্রকার কৌশল। উদ্দিষ্ট কোম্পানির শেয়ারসমূহ ক্রয়ের জন্য (নগদ অর্থে অথবা প্রস্তাবকারী কোম্পানির শেয়ারের বিনিময়ে) উহার সদস্যদের সম্মতিলাভের আশায় প্রদন্ত প্রস্তাব।
- takia n. তার্কিয়া বি. যে-স্থানে কোনো ফকির-দরবেশ জনসাধারণ্যে খ্যাত হইবার
 পূর্বে বসবাস করেন এবং বসবাসের জন্য গৃহনির্মাণ করেন। তার্কিয়া একটি ধর্মীয়
 প্রতিষ্ঠান হিসাবে আইনে স্বীকৃত এবং উহার উদ্দেশ্যে কোনো মনজুরি বা উৎসর্গ দ্বারা
 আইনসিদ্ধ ওয়াক্ফ বা ধর্মীয় উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ন্যাস।
- taking n. ১. থহণ বি. (ফৌজদারি ও টর্টের আইনে) অপসারণপূর্বক কিংবা অপসারণ না করিয়া, তবে দখল বা নিয়ন্ত্রণের সূচিত (implicit) হস্তান্তরসহ একটি সামগ্রী হস্তগতকরণ। ২. অধিগ্রহণ বি. (সাংবিধানিক আইনে) মালিককে উৎখাতপূর্বক স্বত্ব দাবি করিয়া কিংবা সম্পত্তি বিনষ্ট করিয়া বা উহার উপযোগিতার গুরুতর ক্ষতিসাধন করিয়া সরকারকর্তৃক ব্যক্তিমালিকানাধীন সম্পত্তির প্রকৃত বা কার্যকর গ্রহণ।

taking at sea সমুদ্রে ধৃত করা নৌবিমায় এমন একটি দায়গ্রহণ যাহার দারা শক্রপক্ষ বা জনদস্য কর্তৃক জাহাজ ধৃত বা আটক করা হইলে তাহার ঝুঁকি অন্তর্ভুক্ত।

taking cognizance আমলে লওয়া ফৌজদারি কার্যবিধির ১৯০ ধারায় বলা ইইয়াছে যে, (১) বিহিত ব্যতিক্রম ব্যতীত কোনো মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট, জেলা ম্যাজিস্ট্রেট, উপজেলা ম্যাজিস্ট্রেট এবং এই বিষয়ে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত অপর কোনো ম্যাজিস্ট্রেট যে-কোনো অপরাধ আমলে আনিতে পারেন— (ক) এমন কোনো ঘটনা সম্পর্কে নালিশ পাইয়া যাহাদ্মরা উক্ত অপরাধ সংঘটিত হয়; (খ) কোনো পুলিশ-কর্মকর্তার নিকট হইতে এইরূপ ঘটনা সম্পর্কে প্রতিবেদন পাইয়া; (গ) এইরূপ অপরাধ সংঘটিত হয়য়াছে বলিয়া পুলিশ-কর্মকর্তা ব্যতীত অপর কোনো লোকের নিকট হইতে থবর পাইয়া অথবা নিজে জানিয়া বা সম্পেহ করিয়া। (২) সরকার বা সরকারের সাধারণ বা বিশেষ আদেশসাপেক্ষে জেলা ম্যাজিস্ট্রেট যে-কোনো ম্যাজিস্ট্রেটকে সেইসকল অপরাধ আমলে গ্রহণের ক্ষমতা দিতে পারেন, তিনি যেওলির বিচার করিতে বা বিচারের জন্য প্রেরণ করিতে পারেন। আদালত কর্তৃক অপরাধ আমলে নেওয়া একটি বৈচারিক কর্ম। Abdul Ali and another v. State 30 DLR (SC) 58 দ্র.। ফৌজদারি কার্যবিধির ১৯৩ ধারায় দায়রা আদালত কর্তৃক অপরাধ আমলে লওয়া সম্পর্কে বলা হইয়াছে।

talaq n. তালাক, বিবাহবিচ্ছেদ বি, মুসলিম আইনে বিবাহবিচ্ছেদের একটি প্রধান উপায় হইতেছে তালাক। মুসলিম আইন-অনুসারে সুস্তমনা ও সাবালক কোনো মুসলমান যখন ইচ্ছা তখনই কোনো কারণ না দেখাইয়া তাঁহার স্ত্রীকে তালাক দিতে পারেন। তালাক মৌখিকভাবে বা লিখিতভাবে হইতে পারে। নিম্নলিখিত যে-কোনো একটি উপায়ে তালাক কার্যকর হইতে পারে : (১) তালাক-ই-আহসান : তুহর অর্থাৎ দুই ঋতুস্রাবকালের মধ্যবতী সময়ে একবারমাত্র তালাক ঘোষণা করিয়া তৎপর ইদত্তকালে যৌন সহবাস হইতে বিরত থাকিলে এইপ্রকার তালাক সম্পন্ন হয়। (২) তালাক-ই-হাসান: একাদিক্রমে তিন তহরের সময়ে তিনবার তালাক ঘোষণা করিলে এবং এই সময়ের মধ্যে কোনো *তুহরে*ই যৌন সহবাস না করিলে এইপ্রকার তালাক সম্পন্ন হয়। (৩) *তালাক-ই-বিদাত* : একটি *তহরে*র মধ্যে তিনবার ঘোষণা অথবা এক তুহরের মধ্যে একবারমাত্র প্রত্যাহারযোগ্য নহে বলিয়া তালাক দিলে এইপ্রকার তালাক সম্পন্ন হয়। ইহাকে *তালাক-ই-বাদাই* বা বাইন তালাকও বলা হয়। তাহা ছাডা *ইলা, জিহার, খলা* ও *মবারত* দারাও মসলমানের বিবাহবিচ্ছেদ করা যায়। ১৯৬১ সালের মুসলিম পারিবারিক অধ্যাদেশের ৭ ধারায় বলা হইয়াছে যে, (১) কোনো পুরুষ তাঁহার খ্রীকে তালাক দিতে চাহিলে, তাঁহাকে যে-কোনো আকারে তালাক ঘোষণার পর যথাশীঘ্রসম্ভব চেয়ারম্যানকে (অর্থাৎ যেখানে যেমন প্রযোজ্য ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান, পৌর কর্পোরেশনের মেয়র বা প্রশাসক tale qual rate 5043

অথবা সেনানিবাস এলাকায় সরকার-নিযুক্ত ব্যক্তিকে) লিখিতভাবে তালাকের নোটিশ দিতে হইবে এবং নোটিশের একটি নকল প্রীকে দিতে হইবে। (২) যে-ব্যক্তি ১ উপধারার বিধান লজ্ঞন করিবেন, তিনি এক বৎসর পর্যন্ত বিনাশ্রম কারাদও অথবা দশহাজার টাকা জরিমানা অথবা উড়য়প্রকার দণ্ডে দণ্ডিত হইবেন। (৩) ৫ উপধারার বর্ণিত বিধান ছাড়া কোনো তালাক, পূর্বে প্রকাশ্যে বা অন্য কোনোভাবে প্রত্যাহার না করা হইলে ১ উপধারা-অনুসারে চেয়ারম্যানকে নোটিশ দেওয়ার দিন হইতে নক্ষই দিন অতিবাহিত না হইলে বলবৎ হইবে না। (৪) ১ উপধারা-অনুসারে নোটিশ পাইবার ত্রিশদিনের মধ্যে চেয়ারম্যান পক্ষসমূহের মধ্যে সমঝোতার জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করিবেন। (৫) তালাক ঘোষণার সময়ে স্ত্রী গর্ভবতী থাকিলে ৩ উপধারায় বর্ণিত সময় অথবা গর্ভাবস্থা এই দুইটির মধ্যে যেটি দীর্ঘতর তাহা অতিবাহিত না হওয়া পর্যন্ত তালাক বলবৎ হইবে না। (৬) এই ধারা-অনুসারে বলবৎ তালাকদ্বারা যাঁহার বিবাহবিচ্ছেদ ঘটিয়াছে সেইরূপে স্ত্রী উক্তরূপে বলবৎ বিবাহবিচ্ছেদ ঘটিয়াছে সেইরূপ স্ত্রী উক্তরূপে বলবৎ বিবাহবিচ্ছেদ তৃতীয়বার না ঘটিয়া থাকিলে মধ্যবর্তী সময়ে কোনো তৃতীয় ব্যক্তিকে বিবাহ না করিয়াই পুনরায় পূর্ব স্বামীকে বিবাহ করিতে পারিবেন।

- tale qual rate টেল কুয়েল রেট দর্শনী সময়ের কিছু অংশ অতিবাহিত হইবার পর
 যদি বিল বাট্টা করা হয়, তখন দর্শনী সময়ের ভাঙ্গা অংশের যে-হার উদ্ধৃত করা হয়।
- taluqdar তালুকদার বি. জমিদার ও রায়তের মধ্যবর্তীস্বত্বের ভূমি-মালিক। যে-সকল তালুকদার সরাসরি সরকারকে রাজস্ব প্রদান করিতেন, তাঁহাদের বলা হইত স্বাধীন তালুকদার ও যে-সকল তালুকদার জমিদারকে বাজনা প্রদান করিতেন, তাঁহাদের বনা হইত অধীন তালুকদার। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের বিধান-অনুসারে ভূমিতে সর্বপ্রকার মধ্যস্বত্ব বিলপ্ত হওয়ায় বর্তমানে তালুকদারের কোনো অন্তিত্ব নাই।
- tampering n. অবৈধ প্রভাববিস্তার ১. এমনভাবে কোনো (জিনিসের) রদবদন, যাহাতে মূলের বিকার বা পরিবর্তন ঘটে। ২. বিশেষত প্রভাবিত করিবার প্রয়াসে অনুচিত বা গোপন লেনদেনে নিয়োজন।
- tangible property স্পর্শযোগ্য সম্পত্তি যে-সম্পত্তির ভৌত অন্তিত্ব আছে। যেমন, স্থাবর ও অস্থাবর সম্পত্তি। কিন্তু নালিশের অধিকার বা অশরীরী উত্তরাধিকারম্বত্ব (যাহা স্পর্শ-অযোগ্য সম্পত্তি) ইহার অন্তর্ভুক্ত নহে। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৪ ধারায় বলা হইয়াছে যে, একশত টাকা বা তাহার কম মূল্যের স্পর্শযোগ্য স্থাবর সম্পত্তি রেজিন্ত্রি দলিলদ্বারা অথবা সম্পত্তি অর্পণের দ্বারা হস্তান্তর করা যাইতে পারে, কিন্তু একশত টাকা বা তাহার অধিক মূল্যের স্পর্শযোগ্য স্থাবর সম্পত্তি কেবল রেজিন্ত্রি দলিলদ্বারা হস্তান্তর করা যায়।
- tape recording n. টেপ রেকর্ডিং বি. সাক্ষ্য আইনের ৬০ এবং ৬২ ধারা-অনুসারে, টেপ রেকর্ডিং প্রাথমিক এবং প্রত্যক্ষ প্রমাণ হিসাবে গণ্য হইতে পারে।

- taqlid n. তকলিদ বি. কোরান, হাদিস এবং ইজমায় যাহার সমাধান আছে তৎসম্পর্কে অন্য কোনো অভিমতের অবকাশ নাই; সকলেই তাহা মানিতে বাধ্য। আইনতত্ত্বে তকলিদ বলিতে আইনবিদের মতের অনুসরণ বুঝায়। কোরান, হাদিস বা ইজমতে যাহার কোনো ফয়সালা নাই, তৎসম্পর্কে আইনবিদ যে-অভিমত প্রদান করেন তাহা গ্রহণ করিবার নাম তকলিদ। যাহারা আইনবিদ নহেন, তাঁহাদের জন্যই তকলিদ অর্থাৎ অনুসরণ। যিনি নিজে আইনবিদ তিনি স্বাধীন অভিমত পোষণ করিতে পারেন।
- tariff n. ট্যারিফ, মান্ডল বি. বাংলাদেশ এনার্জি রেগুলেটিং কমিশন আইনের ২(ঝ) ধারা-অনুসারে, এনার্জি সরবরাহ বা তৎসম্পর্কিত বিশেষ সেবার মূল্যহার।
- tasdiq n. তসদিক, সত্যাখ্যান বি. কোনো দলিলের সত্যতা যাচাই। রাজস্ব-কর্মকর্তা কর্তৃক জরিপের সময়ে প্রস্তুত করা পর্চা মালিকানাসংক্রান্ত দলিলপত্রের সহিত মিলাইয়া প্রত্যয়িত করা। attestation ও verification দ্র.।
- tauji n. তৌজি বি. জমিদারি ও খারিজা তালুকের ভূমি ও ভূমি-রাজস্বের বিবরণী এবং নিষ্কর স্বত্বের ভূমির বিবরণী লিপিবদ্ধ করিবার জন্য কালেক্টরিতে রক্ষিত নিবন্ধন-বহিতে লিপিকৃত মহালের ক্রমিক নম্বরকে তৌজি নম্বর, নিবন্ধন বহিকে তৌজি রেজিন্টার এবং মহালের বিবরণকে তৌজি বলা হয়।
- tax n. কর বি. সরকারি রাজস্ব সংগ্রহার্থে ব্যক্তি, সন্তা বা সম্পত্তির উপর আরোপিত একটি অর্থমূল্য। আয়কর অধ্যাদেশ-অনুসারে, কর বলিতে গুধু আয়কর বুঝায় না, আয়কর অধ্যাদেশের অধীনে আয়কর, জরিমানা, সুদ, ফি অথবা অন্যান্য দাবি যাহা উক্ত অধ্যাদেশের বিধান-অনুযায়ী করা হয় এবং করদাতা প্রদান করিতে বাধ্য থাকেন, তাহাও করের অন্তর্ভক্ত।
- taxable goods করযোগ্য পণ্য মূল্য-সংযোজন কর আইনের প্রথম তফসিলের অন্তর্ভুক্ত নহে, এইরূপ কোনো পণ্য।
- taxable income করযোগ্য আয় ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ২(৬৩) ধারাঅনুসারে, নিম্নলিখিত আয় করযোগ্য আয় বলিয়া গণ্য হইবে: (ক) করদাতা কোম্পানি
 ব্যতীত অন্য কোনো অনাবাসিক অথবা কোনো সমবায় সমিতি হইলে, তাহার মোট
 আয়, (খ) অন্যান্য করদাতার ক্ষেত্রে তাঁহাদের মোট আয় হইতে রেয়াত বা বাদযোগ্য
 ধরচ— যাহা ষষ্ঠ তফসিলের দ্বিতীয় খণ্ডে বর্ণনা করা হইয়াছে— বাদ দিবার পর যেয়্রাসকৃত আয় দাঁড়াইবে।

taxable person করযোগ্য ব্যক্তি income tax দ্র.।

taxable supply করযোগ্য সরবরাহ value added tax দ্র.।

taxation \$008

taxation n. করারোপ বি. সংবিধানের ১৫২ অনুচ্ছেদে বলা হইয়াছে যে, করারোপ বলিতে সাধারণ, স্থানীয় বা বিশেষ যে-কোনো কর, খাজনা, শুল্ক বা বিশেষ করের আরোপ অন্তর্ভুক্ত হইবে।

taxation of costs মামলার খরচ-নির্ধারণ যে-পদ্ধতিতে আদালতের একজন কর্মকর্তা একপক্ষ কর্তৃক অপরপক্ষকে অথবা মক্কেল কর্তৃক সলিসিটরকে প্রদেয় খরচের পরিমাণ নির্ধারণ করেন। লন্ডনে সূপ্রিম কোর্টের ট্যাক্সিং মান্টার নামক কর্মকর্তা এবং লন্ডনের বাহিরে জেলা জজ নামক কর্মকর্তা মামলার খরচ নির্ধারণ করেন। খরচ সম্পর্কে আদালতের নির্দেশপ্রয়োগে পাওনা খরচের হিসাব পরীক্ষা করিয়া দেখা এই প্রক্রিয়ার মধ্যে পড়ে। সংক্ষুদ্ধ ব্যক্তি খরচ-নির্ধারণের বিরুদ্ধে বিচারকের পুনর্বিবেচনার আবেদন করিতে পারেন এবং তাঁহাকে সিদ্ধান্তগ্রহণে নির্ধারকগণ (ট্যাক্সিং মান্টার ও পেশাজীবী সলিসিটর) সহায়তা করেন।

tax avoidance কর এড়ান নিজের বিষয়াবলির আইনসমত পরিকল্পনা বা ব্যবস্থাপনার মাধ্যমে করের দায় লাঘব করা। কর এড়ানো কোনো অপরাধ নহে। tax evasion তু.।

tax deductible at source উৎসে কর্তনযোগ্য কর আয়কর আইনের সাধারণ বিধি-অনুযায়ী নিয়মিত করনির্ধারণের পরে নির্ধারিত আয়ের ভিত্তিতে কর প্রদান করা হইলেও, এই আইনের বিধান-অনুসারে নিয়মিত করনির্ধারণের পূর্বেই করদাতার আয়ের উপর তাঁহার নিকট হইতে কর আদায় বা তাঁহার আয় হইতে আদিতে কর কর্তন করিয়া রাখা হয়। এই বিধান-অনুযায়ী করদাতার আয় হইতে যে-অঙ্ক কর্তন করা হয় বা তাঁহার নিকট হইতে যে-অর্থ আদায় করা হয়, উহা করদাতার মোট-আয় নির্ধারণে করদাতা কর্তৃক প্রাপ্ত হইয়াছে বলিয়া গণ্য করা হয়। আদিতে যে-কর কর্তন করা হয় বা আদায় করা হয়, উহা করদাতা কর্তৃক সময়মতো কর প্রদান করা হইয়াছে বলিয়া বিবেচিত হয়। নিম্নলিখিত আয়গুলি হইতে আদিতে কর কর্তন করা হয় বা আদায় করা হয়: বেতন খাতে আয়; লগ্নিপত্রের উপর সূদ খাতে আয়; মান সরবরাহের জন্য বা চুক্তি সম্পাদনের জন্য বা সেবা প্রদানের জন্য ঠিকাদারগণের আয়: মালামাল আমদানি বা রপ্তানি করিবার জনা আমদানিকারক ও রপ্তানিকারকের আয়; ফরমায়েশি পণ্য সরবরাহের জন্য কমিশন বাবদ আয়; ১৯(১৩) ধারায় বর্ণিত লটারি বা শব্দ প্রতিযোগিতা জিতিবার ফলে আয়। অনাবাসিকের আয়কর আইন-অনুযায়ী প্রদত্ত বা প্রদেয় যে-কোনো আয়; গৃহ-সম্পত্তি হইতে আয়; জনশক্তি রপ্তানির ফলে আয়; প্রকাশ্য নিলামডাকের মাধ্যমে ক্রয় হইতে আয়; চিত্রাভিনয় হইতে আয়; জাহাজি এজেন্সি কমিশন হইতে আয়; উৎপাদিত পণ্য বিতরণ অথবা বাজারজাতকরণের জন্য বিতরণকারী কর্তৃক প্রাপ্ত কমিশন বা ফি বাবদ আয়; ব্যাংকের সঞ্চয়ী ও স্থায়ী আমানতের উপর সদখাতে আয় এবং ইসলামি নীতি-

অনুযায়ী পরিচালিত ব্যাংক হইতে সময়কালীন আমানতের জন্য প্রদন্ত লভ্যাংশ হইতে আয়; বিমা কমিশনবাবদ প্রাপ্ত আয়; মূলধনি লাভ খাতে আয়; এবং বাংলাদেশ ব্যাংকের বিলের উপর প্রদন্ত বাটা। প্রাপককে প্রদেয় আয়প্রদানকারী ব্যক্তি উপরিউল্লিখিত যে-কোনো প্রদানের পূর্বে ওই আইনের বিধান-মোতাবেক উৎসস্থানে উহা হইতে কর কর্তন করিয়া রাখিবেন।

- tax duration কর-মেয়াদ বি. এক মাসের মেয়াদ অথবা, সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এতদুদ্দেশ্যে নির্ধারিত কোনো মেয়াদ।
- tax evasion কর-ফাঁকি বি. আইনসমত কর-ধার্য এড়াইবার জন্য বেআইনিভাবে কোনো কাজ। যেমন, আয় গোপন করা বা আয় ঘোষণা করিতে ব্যর্থ হওয়া। কর ফাঁকি দেওয়া দওনীয় অপরাধ। tax avoidance তু.।
- tax-exempt adj. করমুক্ত বিণ. ১. যাহা আইনত করারোপযোগ্য নহে। যেমন, করমুক্ত দানদাক্ষিণ্য (charity)। ২. আয়করমুক্ত সুদযুক্ত; যেমন, করমুক্ত পৌর তমসুক (municipal bond)। ইহা tax-free নামেও অভিহিত হয়।
- tax holiday কর-অবকাশ বি. কতকগুলি ক্ষেত্রে, পর্যটন শিল্পসহ নৃতন শিল্পপ্রতিষ্ঠান অথবা ভৌত কাঠামো সুবিধাপ্রদানকারী প্রতিষ্ঠান ও ইহার বর্ধিত ইউনিট

 যাহা ১ জুলাই ১৯৮৭ হইতে ৩০ জুন ২০০০-এর মধ্যে প্রতিষ্ঠিত, তাহা কর-অবকাশ
 ভোগ করিতে পারিবে। এইরূপ প্রতিষ্ঠান যাহা বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ, রান্তাঘাট,
 সেত্, বিমানখাটি ইত্যাদি নির্মাণ অথবা রেলওয়ে বা তাহার বেতার-যোগাযোগ
 সংস্থাপন ইত্যাদি জনহিতকর কার্যে নিয়োজিত থাকিবে অথবা খনিজ সম্পদ
 উৎপাদনে অথবা কৃষিজাত পণ্যের প্রক্রিয়াজাতকরণ ইত্যাদি কার্যে নিয়োজিত
 থাকিবে এবং উপরিউক্ত সময়ের মধ্যে প্রতিষ্ঠিত এই বিধান তাহার ক্ষেত্রে প্রযোজ্য
 হইবে। পর্যটন শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে পর্যটকদের জন্য সেবাপ্রদানের উদ্দেশ্যে ৬৬
 নিয়মাবলিতে নির্ধারিত মানসম্পন্ন হোটেল, মোটেল, শিকারির জন্য নির্দিষ্ট কক্ষ
 ইত্যাদির ব্যবস্থা থাকিবে। কর-অবকাশের এই বিধান উল্লিখিত সময়-সীমার মধ্যে
 স্থাপিত শিল্প-প্রতিষ্ঠানের সম্পান্যণের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।
- taxing master ট্যাক্সিং মান্টার ইংল্যান্ডের সূপ্রিম কোর্টের যে-কর্মকর্তা মামলার খরচ
 নির্ধারণ করেন। সাধারণত সলিসিটরদের মধ্য হইতে লর্ড চাঙ্গেলর ট্রেজারির (অর্থ
 বিভাগ) সম্মতিক্রমে ট্যাক্সিং মান্টারদের নিয়োগ প্রদান করেন। বাংলাদেশ সুপ্রিম
 কোর্টের রেজিট্রার ট্যাক্সিং কর্মকর্তার দায়িত্ব পালন করেন এবং মামলার খরচ নির্ধারণ
 করেন।
- taxing statute কর-আইন বি. পার্লামেন্টের যে-আইনদারা কর আরোপিত হয়। ইহাতে কোনো দ্বার্থতা থাকিলে তাহা করপ্রদানকারীর পক্ষে ব্যাখ্যাত হয়।

tax ombudsman ১০৫৬

tax ombudsman কর-ন্যায়পাল বি. কর-আদায়ের ক্ষেত্রে দুর্নীতি, অপশাসন ও কর-আদায়েরারী কর্মকর্তা-কর্মচারীদের প্রশাসনিক ক্ষমতার অপব্যবহার রােধকয়ে ২০০৫ সালে কর-ন্যায়পাল আইন পাশ করা হয়। এই আইন-অনুসারে, কর-সংক্রান্ত আইন প্রয়োগে নিয়ােজিত পদাধিষ্ঠিত ব্যক্তি বা কর-কর্মচারীর কৃত অপশাসন নিরপণসহ উক্ত বিষয়ে তদন্ত পরিচালনা এবং তৎসম্পর্কে প্রতিকারমূলক বা সংশােধনমূলক ব্যবস্থাগ্রহণের লক্ষ্যে নিয়ুক্ত ব্যক্তি। কর-ন্যায়পাল সুপ্রিম কােটের হাইকােট বিভাগের বিচারকের সমমর্যাদাপূর্ণ। কর-ন্যায়পালের সর্বােচ্চ বয়মসীমা ৬৭ বৎসর এবং সুপ্রিম কােটের বিচারক যেভাবে অপসারিত হন সেইভাবে তিনি অপসারিত হইতে পারেন। তিনি কােনাে সংক্ষ্মর ব্যক্তির অভিযােগ অথবা রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী বা সংসদের রেফারেল অথবা সুপ্রিম কােটের নির্দেশনা লাভ করিয়া কর কর্মচারীদের অপশাসনের অভিযােগ তদন্ত করিতে পারিবেন।

- tax point কর-দায়ের তারিখ করযোগ্য সরবরাহের উপর যে-তারিখ হইতে মূল্য-সংযোজন করের দায় উদ্ভব হয়। কর-দায়ের তারিখে যে-হার বলবৎ থাকে সরবরাহের উপর সেই হারে করারোপযোগ্য হয় এবং যে-করকালের মধ্যে কর-দায়ের তারিখ সংঘটিত হয়, সেই সময়ের সরবরাহের হিসাব দিতে হয়। যদি সরবরাহ সরাসরি পণ্যবিক্রয় হয় তাহা হইলে ক্রেতা যে-তারিখে পণ্যের দখল নেন সেই তারিখই কর-দায়ের তারিখ হইবে। সেবার ক্ষেত্রে কর-দায়ের তারিখ হইবে যে-তারিখে সেবাপ্রদান সমাপ্ত হয়। ভাড়া, খাজনা, অবিরাম বা মিটারযোগে সরবরাহ (যেমন, বিদ্যুৎ), এবং যে-সরবরাহ ক্রমবৃদ্ধিহারে পরিশোধ্য, সেই সকল ক্ষেত্রে কর-দায়ের তারিখ হইবে যে-তারিখে চালান প্রেরণ করা হয় বা যে-তারিখে পাওনা আদায় হয় তাহার মধ্যে যেটি পূর্বে সংঘটিত হয়, সেই তারিখ। সরবরাহকারী কর চালান দাখিল করিলে তাহাতে কর-দায়ের তারিখ উল্লেখ করিতে হইবে। ১৯৯১ সালের মূল্য-সংযোজন কর আইনের ৬ ধারায় মূল্য-সংযোজন কর পরিশোধের সময় ও পদ্ধতি বর্ণিত হইয়াছে।
- T. D. R. টি. ডি. আর. ইহা ইংরেজি ট্রেজারি ডিপোজিট রিসিটের সংক্ষিপ্ত রপ।
 ব্যাংকসমূহ সরকারের খাজাঞ্চিখানায় অর্থ জমা রাখে এবং বিনিময়ে একটি রসিদ
 পায়। ইহা সরকারকে সরাসরি ঋণ দিবার একটি উপায়। দ্বিতীয় মহাযুদ্ধের সময়ে
 ইহা প্রবর্তিত হয়। ইহা নয় মাস পর পর ভাঙ্গানো যায়।
- telegraph n. টেলিগ্রাফ বি. ১৮৮৫ সালের টেলিগ্রাফ আইনের ৩(১) ধারায়
 সংজ্ঞায়িত তারবার্তা-যন্ত্র। তারের মাধ্যমে বৈদ্যুতিক তরঙ্গ পাঠাইয়া অথবা বিনা
 তারে থবরাথবর পাঠানোর ব্যবস্থা বা যন্ত্র। টেলিগ্রাফের মাধ্যমে বার্তা প্রেরণ;
 টেলিগ্রাফের মাধ্যমে প্রেরিত/প্রাপ্ত বার্তা; টেলিগ্রাফসংক্রাপ্ত। ইহা দ্বারা টেলিফোনের
 মাধ্যমে বার্তা প্রেরণ বা গ্রহণ প্রক্রিয়াও বুঝায়। 'তারবার্তা-যন্ত্র' শব্দের মধ্যে
 তারবার্তার লাইন, বুঁটি, স্কম্ভ ইত্যাদিও অন্তর্ভুক্ত।

Telegraphic Transfer (T. T.) া. ভারযোগে প্রেরণ ব্যাংক কর্তৃক তারযোগে বিদেশে বা দেশের বিভিন্ন অংশে অর্থপ্রেরণ করা।

lelephone-tapping টেলিফোনে আডিপাতা টেলিফোন লাইনে সংযোগ দিয়া গোপনে আলাপ-আলোচনা শোনা। ইংল্যান্ডে স্বরাষ্ট্রমন্ত্রী কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত না হইয়া আড়িপাতা বেআইনি। বাংলাদেশের সংবিধানের ৪৩ অনুচ্ছেদের (খ) দফা-অনুসারে, আইনের দ্বারা আরোপিত বিধিনিষেধ-সাপেক্ষে প্রত্যেক নাগরিকের যোগাযোগের উপায়ের গোপনীয়তা রক্ষার অধিকার থাকিবে। ২০০৬ সালের বাংলাদেশ টেলিযোগাযোগ (সংশোধন) আইনের ৪ ধারা-অনুসারে, '(১) এই আইন বা অন্য কোনো আইনে ভিনুতর যাহা কিছুই থাকুক না কেন, রাষ্ট্রের নিরাপত্তা বা জনশৃঙ্খলার মার্থে যে-কোনো টেলিযোগাযোগ সেবা-ব্যবহারকারীর প্রেরিত বার্তা ও কথোপকথন প্রতিহত, রেকর্ড ধারণ বা তৎসম্পর্কিত তথ্যাদি সংগ্রহের জন্য সরকার সময়-সময় নির্ধারিত সময়ের জন্য গোয়েন্দা-সংস্থা, জাতীয় নিরাপত্তা সংস্থা, তদন্তকারী সংস্থা বা আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের দায়িত্তে নিয়োজিত সংস্থার কোনো কর্মকর্তাকে ক্ষমতা প্রদান করিতে পারিবে এবং উক্ত কার্যক্রমে সার্বিক সহায়তা প্রদানের জন্য টেলিযোগাযোগ সেবা প্রদানকারীকে নির্দেশ দিতে পারিবে এবং সেবাপ্রদানকারী উক্ত নির্দেশ পালন করিতে বাধ্য থাকিবে। (২) এই ধারার উদ্দেশ্য পুরণকল্পে 'সরকার' বলিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে বুঝাইবে এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্প্রাপ্ত মন্ত্রী বা প্রতিমন্ত্রীর অনুমোদনক্রমে এই ধারার বিধান প্রয়োগযোগ্য হইবে।' এতৎসহ wiretapping ज.।

teleworking n. টেলিফোনে কর্মসম্পাদন একপ্রকারের চাকুরি যাহাতে বার্তাকৌশল প্রয়োগ করিয়া কর্মচারীগণ নিজ বাসস্থান হইতে কাজ করিতে পারেন। ইহাতে মালিকের সুবিধা হইতেছে যাতায়াতের সমস্যা-নিরসন, কর্মস্থানের ব্যয়-সংকোচন ও বর্ধিত নমনীয়তা।

temporary adj. অস্থায়ী বিণ. যাহা অল্প সময়ের জন্য টিকিয়া থাকে। একটি নির্দিষ্ট সময়ের জন্য স্থায়ী; দীর্ঘ মেয়াদের নহে; স্থায়ী নহে; পরিবর্তনশীল। কোনো আইন উহা প্রণয়নের বা বলবৎ হইবার তারিখ হইতে একটি স্বল্পকালীন সুনির্দিষ্ট মেয়াদ পর্যন্ত কার্যকর থাকিবে, এইরূপ হইলে উহা অস্থায়ী সংবিধি বলিয়া বিবেচিত হইবে।

temporary frustration সাময়িক বিফলতা (১) যে-ঘটনা কার্যসম্পাদন নিবারণ করে এবং অনুষ্ঠান চলাকালে কার্যসম্পাদনের কর্তব্যকে আইনগতভাবে স্থগিত করে। যদি অনুষ্ঠান-পরবর্তী সময়ের পরিস্থিতি প্রকৃতপক্ষে ভিনু হয় তাহা হইলে উক্ত কর্তব্য প্রতিপালন করা যাইতে পারে।

temporary injunction অস্থায়ী নিষেধাজ্ঞা দেওয়ানি মামলা বিচারাধীন অবস্থায় আদালত কর্তৃক মামলার যে-কোনো পক্ষের উপর কোনো কিছু করা হইতে বিরত

आहेन-गम्दकास : ७१

থাকিবার আদেশ। এই আদেশ মামলা বিচারাধীন থাকার সম্পূর্ণ বা আংশিক সময়ের জন্য বলবৎ হইতে পারে। সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৫৩ ধারায় বলা হইয়াছে যে, অস্থায়ী নিষেধাজ্ঞা হইতেছে তেমন নিরোধ যাহা একটি নির্দিষ্ট সময় পর্যন্ত অথবা আদালতের পরবর্তী নির্দেশ না হওয়া পর্যন্ত কার্যকর থাকে। মামলার যে-কোনে অবস্থাতেই তাহা মনজুর করা যায় এবং দেওয়ানি কার্যবিধির দ্বারা তাহা নিয়ন্ত্রিত হয়। দেওয়ানি কার্যবিধির ৩৯ আদেশের ১ নিয়ম-অনুসারে অস্থায়ী নিষেধান্ডা দেওয়া হয়। উক্ত নিয়মে বলা হইয়াছে যে, কোনো মামলায় হলফনামা দারা বা অন্য কোনোভাবে যদি প্রমাণিত হয় যে, (ক) মামলার জড়িত কোনো সম্পত্তি মামলার কোনো পত্ন কর্তৃক ধ্বংস, ক্ষতিগ্রস্ত বা হস্তান্তরিত হওয়ার অথবা ডিক্রিজারির দক্ষন বেআইনিভাবে বিক্রয় হওয়ার উপক্রম হইয়াছে, অথবা (খ) বিবাদী তাঁহার পাওনাদারকে প্রতারিত করিবার উদ্দেশ্যে তাঁহার সম্পত্তি অপসারণ বা হস্তান্তর করিবার হুমকি বা ইচ্ছা প্রকাশ করিতেছেন, সেই ক্ষেত্রে আদালত উক্ত কাজ রোধ করিবার জন্য আদেশ দিয়া অস্থায়ী নিষেধাজ্ঞা মনজুর করিতে পারেন অথবা মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বা পরবর্তী আদেশ না হওয়া পর্যন্ত উক্ত সম্পত্তি ধ্বংসকরণ, হস্তান্তর, বিক্রয় বা অপসারণ স্থণিত করিবার উদ্দেশ্যে, যেরূপ উপযুক্ত মনে করেন সেইরূপ, আদেশ দিতে পারেন। সাধারণত, অস্থায়ী নিষেধাজ্ঞার প্রার্থনাকারীকে তাঁহার মামলার আপাত যাথার্থ্য প্রমাণ করিতে হইবে এবং, একই সঙ্গে, অস্থায়ী নিষেধাজ্ঞা প্রদত্ত না হইলে তাঁহার যে-ফতি হইবে তাহা অর্থদ্বারা পুরণ সম্ভব নহে, ইহাও প্রমাণ করিতে হইবে। যদি অস্থায়ী নিষেধাক্তা অমান্য করা হয় অথবা অনুরূপ কোনো শর্ত ভঙ্গ করা হয়, তবে নিষেধাজ্ঞা-মনজুরকারী আদালত দোষী ব্যক্তির সম্পত্তি ক্রোক করিবার নির্দেশ দিতে এবং উক্ত ব্যক্তিকে অনধিক ছয় মাসের জন্য দেওয়ানি কয়েদে আটক রাখিবার নির্দেশ দিতে পারেন।

temporary insanity সাময়িক অপ্রকৃতিস্থৃতা কোনো ব্যক্তি যেমন স্থায়ীভাবে দীর্ঘ সময় পর্যন্ত অপ্রকৃতিস্থ থাকিতে পারেন তেমনি স্বল্প সময়েও অপ্রকৃতিস্থ থাকিতে পারেন। যিনি সাময়িকভাবে অপ্রকৃতিস্থ এবং চিকিৎসায় দ্রুত আরোগ্য লাভ করেন, তাঁহাকে আদালত অপ্রকৃতিস্থ ঘোষণা করেন না এবং তাঁহার জন্য কোনো অভিভাবক নিযুক্ত করেন না; কিন্তু যিনি স্থায়ী বা দীর্ঘ সময় পর্যন্ত অপ্রকৃতিস্থ থাকেন তাঁহার ক্ষেত্রে করেন। দণ্ডবিধির ৮৪ ধারা-অনুসারে কোনো কিছু সংঘটনের সময়ে যদি কোনো বাক্তি মানসিক অপ্রকৃতিস্থতার কারণে ওই কাজের প্রকৃতি বুঝিতে অক্ষম হন অথবা তিনি যাহা করিতেছেন তাহা বুঝিতে না পারেন, তবে তাহা অপরাধ হইবে না। সাময়িক অপ্রকৃতিস্থ অবস্থায় কোনো অপরাধ কর্ম করিলে উক্ত ধারা-অনুসারে তাহা অপরাধ ইবৈন। তবে অপ্রকৃতিস্থতার ভান করিয়া কেহ অপরাধ করিলে তিনি দণ্ডিত হইবেন।

tenancy n. প্রজাস্বত্ব বি., রায়তি স্বত্ব প্রজা বা রায়ত হিসাবে জমির দখলকারের স্বত্ব। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ২(২৭) ধারা-অনুসারে, প্রজা বলিতে অপরের অধীনে জমি-দখলকারী ব্যক্তি, যিনি বিশেষ কোনো চুক্তির অবর্তমানে উক্ত জমির জন্য উক্ত ব্যক্তিকে খাজনা দিতে বাধ্য, তাঁহাকে বুঝায়। তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তি যদি সাধারণভাবে প্রচলিত আধি, বর্গা বা ভাগ প্রথায় এই শর্তে অন্য ব্যক্তির জমি চাষাবাদ করেন যে, তিনি ওই ব্যক্তিকে উৎপন্ন ফসলের একটি অংশ প্রদান করিবেন, তবে তিনি প্রজা নন, যদি না তাঁহাকে তাঁহার বরাবরে ভৃষামীর সম্পাদিত বা তৎকর্তৃক ভৃষামীর অনুকৃলে সম্পাদিত কোনো দলিলে স্পষ্টভাবে প্রজা বিনিয়া স্বীকার করা হয় অথবা তাঁহাকে দেওয়ানি আদালত প্রজা বিনয়া সাব্যস্ত করিয়া থাকেন।

tenancy at sufferance অবসহন প্রজাস্বত্ব ইজারার মেয়াদ সমাপ্তির পরও প্রজার দখল ত্যাগ না করিবার ফলে এবং প্রজার নিরবচ্ছিন্ন দখলে মালিকের সম্মতি থাকা অপ্রকাশিত থাকিলে যে-প্রজাস্বত্বের সৃষ্টি হয়। ইংল্যান্ডে মালিক যদি সম্মতি ব্যক্ত করেন, তাহা হইলে ওই প্রজাস্বত্ব ইচ্ছাধীন প্রজাস্বত্ব বলিয়া গণ্য হয়। বাংলাদেশে সম্পত্তি-হক্তান্তর আইনের ১১৬ ধারা-অনুসারে তাহা উক্ত আইনের ১০৬ ধারায় উল্লিখিত প্রজাস্বত্ব হইবে।

tenancy at will ইচ্ছাধীন প্রজাস্বত্ব্ব্ব্ যে-প্রজাস্বত্ত্ব্ব্যালিক বা প্রজা যে-কোনো সময়ে বিলুপ্ত করিতে পারেন। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৬ ধারায় উল্লিখিত প্রজাস্বত্ব্ একপ্রকার ইচ্ছাধীন প্রজাস্বত্ব। ১৯৯১ সালের বাড়িভাড়া নিয়ন্ত্রণ আইনের ফলে ভাড়াটিয়ার পক্ষে সময়মতো ভাড়াপ্রদানে ব্যর্থ হওয়া অথবা ভাড়া দেওয়া সম্পত্তি মালিকের পক্ষে প্রকৃত ব্যবহার ও দখলের জন্য প্রয়োজন হওয়া ব্যতীত মালিক যে-কোনো সময়ে প্রজার ভাড়াটিয়া স্বত্ব বিলুপ্ত করিতে পারেন না।

tenancy by estoppel স্বকার্যজনিত বাধায় সৃষ্ট প্রজাস্বত্ব যে-প্রজাস্বত্ব সৃষ্টির সময়ে মানিকের প্রজাস্বত্ব সৃষ্টির কোনো আইনত অধিকার ছিল না। তদ্ধ্রপ প্রজাস্বত্ব কোনো তৃতীয় ব্যক্তির উপর বাধ্যকর নহে, কিন্তু তাহা প্রজা ও মানিকের মধ্যে বাধ্যকর, যদি মানিক পরবর্তীকালে প্রজাস্বত্ব সৃষ্টি করিবার অধিকার অর্জন করেন স্বয়ংক্রিয়ভাবে তাহা সম্পূর্ণ আইনসন্মত প্রজাস্বত্বে রূপান্তরিত হয়। সাক্ষ্য আইনের ১১৬ ধারাঅনুসারে, প্রজা তাঁহার প্রজাস্বত্ব সৃষ্টির সময়ে মানিকের কোনো স্বত্ব্ থাকা অস্বীকার করিতে পারেন না।

tenancy for years কভিপয় বংসরের প্রজাস্বত্ব term of years দ্র. ।

tenancy from year to year বাৎসরিক প্রজাস্বত্ব সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৬ ধারা-অনুসারে, বিপরীত কোনো চুক্তি, স্থানীয় আইন বা দেশাচারের অবর্তমানে কৃষিকার্য বা কারখানাজাত উৎপাদনের জন্য সৃষ্ট প্রজাস্বত্ব বাৎসরিক প্রজাস্বত্ব বলিয়া গণ্য হইবে।

- tenancy in common যৌপ প্রজাস্বত্ব দুই বা ততোধিক ব্যক্তির সম বা অসম অংশে কোনো ভূমিতে অবিভাজ্য ন্যায়পর মালিকানা। প্রত্যেক সহ-মালিক তাঁহার অংশ বিক্রয় বা ইচ্ছাপত্রমূলে হস্তান্তর করিতে পারেন এবং কোনো সহ-মালিকের মৃত্যুর পর স্বয়ংক্রিয়ভাবে তাঁহার অংশ উদ্বর্তিতার দ্বারা অন্য সহ-মালিকদের উপর বর্তায় না, কিন্তু তাঁহার সম্পদের অংশ হয়।
- tenant n. প্রজা, রায়ত বি. যে-ব্যক্তির বরাবরে ইজারা বা প্রজাস্বত্ব মনজুর করা হয়। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ২(২৭) ধারায় প্রজার সংজ্ঞার্থ দেওয়া ইইয়াছে। যিনি অন্যের অধীনে টাকা বা অন্য কোনো বস্তুর বিনিময়ে সম্পত্তির ভোগদখল করেন এবং চুক্তি-অনুসারে খাজনা দিতে বাধ্য থাকেন। দেওয়ানি আদানত কোনো ব্যক্তিকে প্রজা হিসাবে ঘোষণা করিলে অথবা জমির মালিক দলিলদ্বারা অন্য কোনো চুক্তির মাধ্যমে কাহাকে প্রজা স্বীকার করিলে তিনি প্রজা বলিয়া গণ্য ইইবেন। ২. ভাড়াটিয়া বি. কোনো ব্যক্তি যাহার দ্বারা বা যাহার পক্ষে কোনো বাড়ির জন্য ভাড়া প্রদের হয়। দেওয়ানি কার্যবিধিতে সংজ্ঞায়িত আইনগত প্রতিনিধি এবং ভাড়ার মেয়াদ শেষ হইবার পরও বাড়ি-দখলকারী কোনো ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবেন। tenancy দ্র.।
- tenantable repair প্রজার ব্যবহারোপযোগী মেরামত বন্দোবন্তি সম্পত্তি প্রজার ব্যবহারোপযোগীভাবে মেরামত করিয়া দেওয়া বন্দোবন্তদাভার কর্তব্য । সম্পত্তিহস্তান্তর আইনের ১০৮(চ) ধারা-অনুসারে, বন্দোবন্তদাভা যদি বিজ্ঞপ্তিপ্রান্তির পর যুক্তিসংগত সময়ের মধ্যে উক্ত সম্পত্তিতে তিনি যেসব মেরামতের কাজ করাইয়া দিতে বাধ্য সেসব কাজ করাইতে অবহেলা করেন, তবে প্রজা নিজ ব্যয়ে উহা করাইয়া নিতে পারিবেন এবং খাজনার টাকা হইতে উক্ত মেরামতের খরচ ময়সুদ কর্তন করিয়া লইতে অথবা অন্য উপায়ে বন্দোবন্তদাভার নিকট হইতে আদায় করিতে পারিবেন। এতৎসহ repair দ্র.।
- tenant for life জীবনস্বত্বভোগী প্রজা যে-ব্যক্তি তাঁহার জীবিতকালে ভূমিতে এমন ন্যায়পর স্বার্থের মালিক হন, তাঁহার মৃত্যুর সঙ্গে যাহার অবসান হয়। life interest দ্র.।
- tenant in tail সীমিত স্বত্বভোগী প্রজা যে-ব্যক্তি দখলের অধিকারী অথবা যিনি পূর্বপুরুষের মৃত্যুর পর সীমাবদ্ধ প্রজাস্বত্বের অধিকারী।
- tenant in tail after possibility of issue extinct সন্তান জন্মাইবার সন্তাবনাহীন সীমিত স্বত্বভোগী প্রজা বিশেষপ্রকারের সীমিত স্বত্বভোগী মূল প্রজার স্বত্ব, যখন তাঁহার স্বামী বা প্রীর মৃত্যুর পর সীমিত স্বার্থের অধিকারী হইবার মতো কোনো উত্তরাধিকারী বিদ্যমান থাকে না। tail special দ্র.।

tenant's fixtures প্রজার স্থাপনা বন্দোবন্তি সম্পত্তিতে প্রজার স্থাপনাসমূহ।
বন্দোবন্তের মেয়াদ-অন্তে প্রজা তাহা সরাইয়া লইবার অধিকারী। সম্পত্তি-হস্তান্তর
আইনের ১০৮ (জ) ধারা-অনুসারে, বন্দোবন্তি সম্পত্তির মাটিতে প্রোথিত সম্দয়
স্থাপনা বন্দোবন্তের মেয়াদ-অন্তে উক্ত সম্পত্তি তাঁহার দখলে থাকা অবস্থায় প্রজা যেকোনো সময়ে অপসারণ করিবার অধিকারী; তবে শর্ত থাকে যে, উক্ত সম্পত্তি যেঅবস্থায় প্রজা বন্দোবন্ত লইয়াছিলেন, সে-অবস্থায় পরিত্যাগ করিতে হইবে।

lender n. দরপত্র, টেন্ডার বি. ১. কোনো পণ্য বা সেবা সরবরাহ (বা খরিদ) করিবার প্রস্তাব। সাধারণত পণ্যসরবরাহ বা নির্মাণকার্যের জন্য সরকার বা আধাসরকারি প্রতিষ্ঠান দরপত্রের মাধ্যমে ঠিকাদার নিযুক্ত করেন। চুক্তিসৃষ্টির উদ্দেশ্যে সাধারণত একটি দরপত্র অবশ্যই গ্রহণ করিতে হইবে, যদি না দরপত্র আহ্বানের মধ্যে দ্বার্থহীনভাবে উল্লেখ থাকে যে, সর্বনিম্ন (বা সর্বোচ্চ) দরপত্র গ্রহণ করা হইবে। ২. মূল্যজ্ঞাপক প্রস্তাব। পণ্য খরিদের জন্য ক্রেতা কর্তৃক বিক্রেতার সম্মতির উদ্দেশ্যে দেওয়া মূল্যের প্রস্তাব। টেভারের শর্ত লজ্ঞন করা হইলে বা টেভারের মূল্যায়নে স্বচ্ছতা না থাকিলে রিট আবেদন করা যাইবে।

tender before action মামলাপূর্ব দারশোধ-প্রস্তাব পাওনা অর্থ বা ক্ষতিপূরণ দাবির মামলায় এক ধরনের অজুহাত, যাহাতে বাদীর মামলা দায়েরের পূর্বেই বিবাদী দাবিকৃত অর্থ পরিশোধের প্রস্তাব দিয়াছিল বলিয়া অভিযোগ করা হয়। এইরূপ অজুহাতের উপর নির্ভর করিতে হইলে বিবাদীকে অবশ্যই প্রস্তাবিত অর্থ আদালতে জমা দিতে হইবে এবং সেই সম্পর্কে বাদীকে বিজ্ঞাপিত করিতে হইবে। payment into court দ্র.।

tender before claim দাবির পূর্বে দায়শোধ-প্রস্তাব tender before action দ্র.।

lender offer দরপত্রের প্রস্তাব প্রাপ্ত দরপত্রসমূহের মাধ্যমে স্থিরীকৃত একই মূল্যে (নির্দিষ্ট সর্বনিম্নদরের বেশি) কোম্পানির ঋণপত্রগুলি খরিদের জন্য দরপত্রের প্রস্তাব।

tenor n. মর্ম, মর্মার্থ বি. অন্তর্নিহিত অর্থ, সারমর্ম ও তাৎপর্য। কোনো দলিলের মর্মার্থ ইইল উহার স্বরূপ বা পরিচয়। ইহাদ্বারা কোনো মানুষের জীবনের সাধারণ ধারা অথবা কোনো বক্তৃতা বা রচনার ধরন ইত্যাদিও বুঝায়। কোনো আইনগত দলিলের ভাষায় পক্ষগণের যে-উদ্দেশ্য প্রতীয়মান হয়। তবে আইনগত ক্ষেত্রে ইহার একটি প্রায়োগিক অর্থ আছে, যাহাদ্বারা কোনো নির্দিষ্ট দলিলের যথাযথ অনুলিপি নির্দেশিত হয়। 'কোনো হন্ডির মর্মার্থ' প্রচলিত অর্থে উহা পরিশোধের সময় ও পদ্ধতি নির্দেশ করে। হস্তান্তরযোগ্য দলিল আইনের ১০ ধারা-অনুসারে, সদ্বিশ্বাসে এবং অবহেলা না করিয়া দলিলের সুস্পষ্ট প্রতীয়মান মেয়াদ্-অনুযায়ী উক্ত দলিলের অধিকারপ্রাপ্ত

ব্যক্তিকে যদি এইরূপ অবস্থায় অর্থ পরিশোধ করা হয় যে, ওই ব্যক্তি যে উক্ত দলিলের অর্থ পাইবার অধিকারী নহেন, এইরূপ বিশ্বাস করিবার কোনো যুক্তিসংগত কারণ থাকে না, তাহা হইলে উক্ত অর্থ পরিশোধকে বলা হয় 'যথাকালে পরিশোধ'।

Tenth Amendment দশম সংশোধন ১৯৯০ সালের সংবিধান (দশম সংশোধন)
আইনের দ্বারা ১২৩ অনুচ্ছেদে বর্ণিত রাষ্ট্রপতির কার্যকাল শেষ হইবার আগে ১৮০
দিনের মধ্যে রাষ্ট্রপতি নির্বাচনের ব্যাপারে সংবিধানের বাংলা ভাষ্য সংশোধন করা
হয়। সংবিধানের বাংলা ভাষ্যে বলা ছিল রাষ্ট্রপতির পদ শূন্য হইলে, তাহা প্রণের
জন্য পদটি শূন্য হওয়ার ১৮০ দিন পূর্বে নির্বাচন করিতে হইবে। সংশোধন করিয়
১৮০ দিনের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করিবার বিধান করা হয়। দশম সংশোধনের দ্বারা
৬৫ অনুচ্ছেদে মহিলাদের জন্য সংসদে আরো ১০ বৎসরকাল ৩০টি আসন সংরক্ষিত
রাখিবার বাবস্থা করা হয়।

tenure n. ১. তালুক, মধ্যস্বত্ব ভূমিতে তালুকদার ও দরতালুকদারের স্বার্থ।
সামন্তপ্রথায় যে-সকল শর্তে প্রজা ভূম্যধিকারীর অধীনে ভূমি দখল করিতেন তাঁহাদের
মধ্যে পারস্পরিক সম্পর্কের দ্বারা তাহা নির্ভর করিত। ২. মেয়াদ, ধারণকাল বি.
কর্মের ও পদের কার্যকালের পরিধি।

tenure-holder and rayat তালুকদার ও রায়ত যে-ব্যক্তি বংশানুক্রমিক ও বে-মেয়াদিভাবে ভূমিতে মধ্যস্বত্বাধিকারী এবং যে-ব্যক্তি ভূমিতে রায়ত-স্বত্বের অধিকারী। সাধারণত তালুকদার জমিদারের অধীন প্রজা হিসাবে ও রায়ত তালুকদারের অধীন প্রজা হিসাবে ও রায়ত তালুকদারের অধীন প্রজা হিসাবে ভূমির স্বত্বাধিকারী ছিলেন। তালুকদারের যেমন বিভিন্ন শ্রেণী ছিল, তেমনি রায়তদেরও বিভিন্ন শ্রেণী ছিল। কায়েমি তালুকদার ও বেকায়েমি তালুকদার ছিল তালুকদারের মধ্যে প্রধান দৃই শ্রেণী; মোকররি রায়ত, স্থিতিবান রায়ত, দর্খলি স্বত্বের রায়ত ও দর্খলিস্বত্বশূন্য রায়ত ছিল রায়তদের মধ্যে প্রধান চার শ্রেণী। দর-তালুকদার ও দর-রায়ত নামক অধন্তন স্বত্বের তালুকদার ও রায়তও ছিল অপর দৃই শ্রেণীর প্রজা। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের বিধান-অনুসারে ১৩৬২ বঙ্গাম্বের ৩০ চৈত্র তারিখ হইতে সর্বপ্রকার মধ্যস্বত্ব বিল্প্ত হওয়ায় বর্তমানে তালুকদারের অস্তিত্ব নাই এবং রায়তকে মালিক হিসাবে অভিহিত করা হয়।

term n. ১. পর্ব বি. ইংল্যান্ডের বিচারব্যবস্থার সাবেক আমলে বিচারকার্যপরিচালনার জন্য বিভক্ত বংসরের চারটি পর্বের যে-কোনো একটি। বর্তমানে
আইনগত বংসর অধিবেশন ও অবকাশে বিভক্ত। এখনও ইন্স অব কোর্টে বংসর
বিভিন্ন পর্বে বিভক্ত যাহা আদালতের অধিবেশনের সমার্থক, কিন্তু স্কল্পলবের।
কোনো ছাত্রকে বারে তালিকাভুক্তির যোগ্যতার অংশরূপে তাঁহার ইনের কালপর্বের
মধ্যে নির্দিষ্টসংখ্যক ভোজ-অনুষ্ঠানে যোগ দিতে হয়। ২. শিক্ষাবর্ষের পর্ব
শিক্ষাবর্ষের কোনো একটি ভাগ। ৩. শর্ভ বি. চুক্তির অংশভুক্ত যে-কোনো একটি

অনুচ্ছেদ বা অনুবিধি। গুরুত্ত্বের উপর নির্ভর করিয়া ইহা একটি শর্ত বা নিশ্চয়তা বা অন্য কোনোরূপ ব্যবস্থা হইতে পারে এবং ইহার ধরনের উপর নির্ভর করিয়া ইহা ব্যক্ত বা নিহিত হইতে পারে। ৪. মেয়াদ, স্থিতিকাল বি. ভূমি-ইজারার মেয়াদ।

lerm for years মেয়াদিস্বত্ব term of years দ্ৰ.।

Rerminal n. টার্মিনাল, প্রান্ত বি. চরম অবস্থায় পৌছিয়াছে, এইরূপ। রেল, বাস, লঞ্চ লাইনের প্রান্তিক স্টেশন। প্রান্তিক বলিতে কোনো যাত্রা শুরু করিবার স্থান এবং শেষ গন্তব্যস্থানও বুঝায়।

lerminal charges টার্মিনাল ভাড়া, প্রান্তিক মান্তল প্রান্তিক স্টেশনে রেলগাড়িতে মানভর্তি বা রেলগাড়ি হইতে মালপত্র নামানো বা রেল-কর্তৃপক্ষের নিকট পরিবহণের জন্য ন্যন্ত মালামাল অথবা যে-কোনোপ্রকার ব্যবস্থাগ্রহণের জন্য প্রদেয় ভাড়া বা মাঙন। টেশনের কোনো নির্দিষ্ট স্থান, গুদাম, আসবাব, ক্রেন ইত্যাদি এবং অন্যান্য অনুষঙ্গিক যন্ত্রপাতি ব্যবহার বা সেবা গ্রহণের বিনিময়ে কর্তৃপক্ষ সাধারণ পরিবহণকারী হিসাবে যে-সমস্ত গুল্ক, মাণ্ডল ইত্যাদি আরোপ করেন, তাহাও প্রান্তিক মান্তলের অন্তর্ভুক্ত।

lerm of office পদের মেয়াদ কার্যকাল। কোনো ব্যক্তির কোনো পদে বহাল থাকিবার সীমিত সময়কাল।

lerm of trade বাণিজ্যের শর্জ মূল্য ও পরিমাণ বিবেচনায় যে-অনুপাতে দুই দেশের মধ্যে দুইটি দ্রব্যের বিনিময় ঘটে।

term of years মেয়াদি স্বত্ব ভূমিতে এমন স্বত্ব্ যাহা নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত বহাল
ধাকে। এক বংসরের কম সময়ের জন্য বিদ্যমান স্বার্থ (যেমন, ছয়মাসমেয়াদি
ইজারা) এবং মেয়াদি ইজারা (যেমন সাপ্তাহিক, মাসিক বা বার্ষিক ইজারা, যাহা
উচ্ছেদের বিজ্ঞপ্রিপ্রদানে অবসান করা যায়) ইহার অন্তর্ভুক্ত। ইজারা বলবং হইবার
পূর্বেই ইহার প্রারম্ভ তারিখ ও সর্বোচ্চ মেয়াদকাল শনাক্তযোগ্য হইতে হইবে। সম্পত্তিহত্তান্তর আইনের ১০৬ ধারায়্র উল্লিখিত ইজারা একপ্রকার মেয়াদি ইজারাবিশেষ।

term of years absolute কভিপয় বৎসরমেয়াদি নির্দিষ্ট শর্ভ ভূমিতে যে-ইজারা থত্ব কোনো ব্যক্তির মৃত্যু ব্যতীত বিজ্ঞপ্তি, বাজেয়াপ্তি বা অন্য কোনো ঘটনার দারা বিনুধ করা যায় বা যায় না।

territoriality n. স্থানিকতা বি. (আন্তর্জাতিক আইনে) রাষ্ট্রীয় ভৃথণ্ডের বাহিরে রাষ্ট্রের ইহার এখতিয়ার পরিচালনা না করিবার নীতি। রাষ্ট্রের নাগরিকগণ রাষ্ট্রের ভৃথণ্ডের বাহিরে কোনো কাজ করিলে রাষ্ট্র ইহার ভৃখণ্ডের মধ্যে এখতিয়ার পরিচালনা করিতে পারে। আন্তর্জাতিক আইন ও শৃঙ্খলা ভঙ্গের অপরাধের বিরুদ্ধে সকন্ধ রাষ্ট্রের territorial limits 3058

এখতিয়ার আছে। কোনো রাষ্ট্রের নৌযান ও বিমান ইহার ভৃখণ্ডের অন্তর্গত। কোনো রাষ্ট্রের ভৃখণ্ডে আরম্ভ হওয়া কোনো অপরাধ ইহার বাহিরে সমাপ্ত হইলে বা বাহিরে আরম্ভ হওয়া কোনো অপরাধ ইহার ভৃখণ্ডের মধ্যে সমাপ্ত হইলে ওই রষ্ট্র সেই সম্পর্কে এখতিয়ার পরিচালনা করিতে পারে। দওবিধির ৪ ধারার বিধান কিছুটা অনুরূপ।

- territorial limits স্থানিক সীমা যে-ভূখণ্ডের মধ্যে একটি রাষ্ট্রের আইন কার্যকর হয়। রাষ্ট্রের ভূখণ্ডের সংলগ্ন মহীসোপানও স্থানিক সীমার অন্তর্গত। স্থানিক সীমা আন্তর্জাতিক আইনদারা সীমাবদ্ধ বা নিয়ন্ত্রিত।
- territorial waters বাষ্ট্রীয় জলসীমা ১৯৭৪ সালের বাষ্ট্রীয় জলসীমা ও সামূদ্রিক এলাকা বিধি-অনুসারে বাংলাদেশের রাষ্ট্রীয় সামূদ্রিক জলসীমা ১২ নটিকাল মাইল ও একান্ত অর্থনৈতিক অঞ্চল (EEZ) ২০০ নটিকাল মাইল চিহ্নিত করা হইয়ছে। আঞ্চলিক জলসীমা ও সামূদ্রিক এলাকা আইনের ৭ ধারা-অনুসারে, মহীসোপান মহাসাগরের পর্যন্ধ বা পাতালিক তলসীমা পর্যন্ত বিস্তৃত সমুদুগর্ভ ও আন্তঃসাগরীয় অন্তঃমৃত্রিকা লইয়া গঠিত। এইভাবে বর্ণিত সামুদ্রিক এলাকান্ডলি ১৯৮২ সালের সমুদ্র-আইনবিষয়ক জাতিসংঘ কনভেনশন-অনুসারে প্রণীত হইয়ছে।
- territory n. এলাকা, ভৃষণ্ড বি. অঞ্চল; কর্মক্ষেত্র। এক শাসক বা সরকারের অধীন ভূভাগ। কোনো এলাকা বা জেলার যে-অংশবিশেষের উপর কোনো বিচারক বা ম্যাজিস্ট্রেটের আঞ্চলিক এখতিয়ার রহিয়াছে, উহাই উক্ত ম্যাজিস্ট্রেট বা বিচারকের এলাকা। 'এলাকা' শব্দদ্বারা সাধারণত অধিক্ষেত্র-সম্পর্কিত এলাকা বা অঞ্চলই নির্দেশিত হয়। একজনের এলাকা বলিতে এই এলাকার উপর তাঁহার নিয়ন্ত্রণ, ক্ষমতা, অধিক্ষেত্র বা এখতিয়ার ইত্যাদি থাকা বুঝায়।
- terrorism n. সন্ত্রাসবাদ বি. রাজনৈতিক উদ্দেশ্যসাধনের জন্য হিংসার আশ্রয়্যহণ অথবা একটি সরকারকে কিছু করিতে বাধ্য করিবার জন্য সন্ত্রাসী কর্ম। আধিপত্যবিস্তার অথবা মনোবল ভাঙ্গিয়া দেওয়ার জন্য ভীতিপ্রদর্শনকে রাজনৈতিক অন্তর্রূপে ব্যবহার। ২০০২ সালের আইনশৃঙ্খলা বিঘুকারী অপরাধ (দ্রুত বিচার) আইনের ধারায় বর্ণিত অপরাধসমূহ সন্ত্রাসমূলক অপরাধ এবং উক্ত আইনের ৪ ধারা-অনুসারে উক্ত অপরাধের শান্তি অন্যন দুই বৎসর এবং অনধিক পাঁচ বৎসর পর্যন্ত কারাদও।
- testament n. ইচ্ছাপত্র, উইল বি. দওবিধির ৩১ ধারা-অনুসারে একটি ইচ্ছাপত্র বলিতে যে-কোনো ইচ্ছাপত্রমূলক দনিল বুঝায়। ১৯২৫ সালের উত্তরাধিকার আইনের ২(জ) ধারা-অনুসারে, ইচ্ছাপত্র অর্থ ইচ্ছাপত্রকারীর সম্পত্তি সম্পর্কে তাঁহার অভিপ্রায়ের এমন আইনগত ঘোষণা যাহা তাঁহার ইচ্ছানুসারে তাঁহার মৃত্যুর পরে প্রতিপালিত হইবে। এতদ্ব্যতীত, বিশেষভাবে, যে-ইচ্ছাপত্রে ভূসম্পত্তি তিন্ন ইচ্ছাপত্রকারীর ব্যক্তিগত সম্পত্তির বিলিব্যবস্থা করা হয়।

- testamentary capacity ইচ্ছাপত্র করিবার যোগ্যতা বৈধ ইচ্ছাপত্র করিবার ফমতা। নাবালক ও মানসিক রোগীর ইচ্ছাপত্র করিবার যোগ্যতা নাই। (সেনাবাহিনীতে চাকুরিত ব্যক্তিরাও ইচ্ছাপত্র করিতে পারেন।) দলিলের প্রকৃতি, যেসম্পত্তি তিনি বিলিব্যবস্থা করিতেছেন, তাঁহার সম্পত্তিতে যাঁহাদের ভরণপোষণের স্বাভাবিক দাবি আছে, এবং যেভাবে তিনি তাঁহার সম্পত্তি বিতরণের ব্যবস্থা করিতেছেন, তাহা ইচ্ছাপত্র করিবার সময়ে ইচ্ছাপত্রকারীকে অবশাই বৃঝিতে হইবে। উত্তর্যাধিকার আইনের ৫৯ ধারা-অনুসারে, সুস্থ মনের অধিকারী যে-ব্যক্তি নাবালক নাহেন, তিনি তাঁহার সম্পত্তি ইচ্ছাপত্রদ্বারা বিলিব্যবস্থা করিতে পারেন। এতৎসহ privileged will দ্র.।
- testamentary expenses ইচ্ছাপত্রের ব্যয় মৃত ব্যক্তির সম্পদের ব্যবস্থাপনায় তাঁহার ব্যক্তিগত প্রতিনিধি যে-অর্থ ব্যয় করেন।
- testamentary freedom ইচ্ছাপত্র করিবার স্বাধীনতা কোনো ব্যক্তির ইচ্ছাপত্রের দারা তাঁহার সম্পত্তি তাঁহার ইচ্ছামতো যে-কোনোভাবে বিলিব্যবস্থা করিবার স্বাধীনতা-সম্পর্কিত নীতি।
- testamentary guardian ইচ্ছাপত্রের ঘারা নিযুক্ত অভিভাবক ১৮ বংসরের কমবয়ঙ্ক ব্যক্তির জন্য ইচ্ছাপত্রদারা নিযুক্ত অভিভাবক। উত্তরাধিকার আইনের ৬০ ধারা-অনুসারে যে-কোনো পিতা তাঁহার শিশুসন্তানের নাবালকত্ব কালের জন্য ইচ্ছাপত্রদারা এক বা একাধিক অভিভাবক নিযুক্ত করিতে পারেন।
- testamentary intention ইচ্ছাপত্রগত অভিপ্রায় ইচ্ছাপত্রে ইচ্ছাপত্রকারীর প্রকৃত অভিপ্রায় অবশ্যই ব্যক্ত হইবে। চাপ-প্রয়োগ, তঞ্চকতা, বা অবৈধ প্রভাবের ফলে সৃষ্ট ইচ্ছাপত্রে ইচ্ছাপত্রকারীর প্রকৃত অভিপ্রায় ব্যক্ত হয় না বলিয়া আদালত তাহা বাতিল করিবেন। উত্তরাধিকার আইনের ৬১ ধারা-অনুযায়ী ইচ্ছাপত্রকারীর স্বাধীন ইচ্ছা ব্যতীত কৃত ইচ্ছাপত্র বাতিল।
- testamentary jurisdiction ইচ্ছাপত্র-সম্পর্কিত এখতিয়ার একদা ইংল্যান্ডে একমাত্র সুপ্রিম কোর্টেরই ইচ্ছাপত্র-সম্পর্কিত যাজকীয় (ecclesiastical) এখতিয়ার ছিল। সুপ্রিম কোর্টের উত্তরাধিকারী হাইকোর্টগুলির ক্ষেত্রেও সনদসমূহ ইচ্ছাপত্র-সম্পর্কিত যে-এখতিয়ার প্রদান করে বলিয়া দাবি করা হয়, তাহা যাজকীয় এখতিয়ারের একটি শাখা হিসাবে প্রদান করা হয়।
- testamentary trust ইচ্ছাপত্রদারা সৃষ্ট ন্যাস ইচ্ছাপত্রের মাধ্যমে যে-সম্পত্তি ন্যাসে পরিণত হয়।
- testate adj. ইচ্ছাপত্র রাখিয়া মৃত্যুবরণ করা কোনো ব্যক্তি কর্তৃক তাঁহার মৃত্যুকালে আইনত বৈধ ইচ্ছাপত্র রাখিয়া যাওয়া।

testator)obs

testator n. ইচ্ছাপত্রকারী বি. যে-ব্যক্তি ইচ্ছাপত্র সম্পাদন করেন।

testatum n. मिन वि. deed ज.।

testimonial evidence প্রামাণিক সাক্ষ্য testimony দ্র.।

testimonium প্রামাণিক দলিল deed দ্র.।

testimony প্রামাণিক সাক্ষ্য হলফান্তে আদালতে সাক্ষ্য হিসাবে প্রদান করা সাফীর বক্তব্য।

- textbooks n. মূলপুন্তক, পাঠ্যপুন্তক বি. আইনের ব্যাখ্যায় সহায়তার জন্য সময়ে সময়ে আদালতে মূলপুন্তক উল্লিখিত হয়। আইনের চলমান অবস্থা সম্পর্কে তাহা বিশেষজ্ঞের মতামত মাত্র, কিন্তু আইনের উৎস হিসাবে তাহা নির্ভরযোগ্য নহে। পূর্বে প্রচলিত প্রথা ছিল কেবল মৃত গ্রন্থকারকৃত পুন্তক হইতে উদ্ধৃতি দেওয়া। কিন্তু বর্তমানে জীবিত গ্রন্থকারের পুন্তক হইতেও উদ্ধৃতি দেওয়া যায়। সাক্ষ্য আইনের ৮৭ ধারা-অনুসারে, আদালত সাধারণ বা জনস্বার্থে কোনো তথ্যের জন্য সেই সম্পর্কিত কোনো পুন্তক হইতে সাহায্য গ্রহণ করিতে পারেন।
- thakbast survey থাকবন্ত জরিপ জরিপ আইন প্রণীত হইবার পূর্বে আবাদি এলাকা জরিপ করিয়া জেলা ও জমিদারি এলাকা চিহ্নিত করিয়া জমা ধার্য করাকে থাকবন্ত বলা ইইত। ১৮৫৮-৬০ সালে থাক জরিপের মাধ্যমে জমিদারি এলাকা চিহ্নিত করা ইইয়াছিল।
- thalweg n. কল্পিড মধ্যরেখা নদীর গভীরতর প্রণালির মধ্যবতী স্থান। নদীর কিংবা নদীর গভীরতর প্রণালির মাঝামাঝি অঙ্কিত কাল্পনিক রেখা।
- that is to say অর্থাৎ অব্য., অন্য কথায় সাধারণত ব্যাখ্যাপ্রদান বা সংজ্ঞায়িত করিবার প্রয়োজনে কোনো কিছুর অর্থ পরিষ্কার ও নির্দিষ্ট করণের জন্য এই অভিব্যক্তিটি ব্যবহৃত হয়। ইহা কোনো জটিল বাক্যের প্রারম্ভিক অংশবিশেষ, অবশাই যাহা বাক্যের প্রধান অংশের অর্থ ব্যাখ্যা করে। অনুরূপ ব্যাখ্যা করিবার ক্ষেত্রে ইহা মূল অংশের বিপরীত হইবে না কিংবা মূল অংশের ব্রাস-বৃদ্ধি করিবে না, তবে মূল অংশ সাধারণ ও ব্যাপক অর্থবাধক হইলে এই প্রারম্ভিক বাক্যাংশ উহাকে সীমিত করিতে পারে।
- theatre n. রঙ্গমঞ্চ, নাট্যশালা বি. নাট্যাভিনয় বা নাটক প্রদর্শনের স্থান। নাটক বা নাটক-সম্বন্ধীয় মঞ্চাভিনয় প্রদর্শনের নিমিত্ত প্রস্তুত এক প্রান্তে মঞ্চসহ কোনো একটি দালান। উল্লেখযোগ্য সংখ্যক দর্শকদের বসিবার ব্যবস্থাসহ নাট্যাভিনয় উপভোগ করিবার সুবিধাদি-সংবলিত বিশেষভাবে নির্মিত কোনো গৃহ বা দালান।

)ob9 Ihereafter

theft n. চুরি বি. দণ্ডবিধির ৩৭৮ ধারা-অনুসারে, যদি কোনো ব্যক্তি কাহারো দখল হইতে তাঁহার সমতিব্যতিরেকে কোনো অস্থাবর সম্পত্তি অসাধৃভাবে গ্রহণ করিবার উদ্দেশ্য নইয়া উক্ত সম্পত্তি অপসারণ করেন, তাহা হইলে সেই ব্যক্তি চুরি করিয়াছেন বলিয়া গণ্য হইবে। অস্থাবর সম্পত্তি ব্যতিরেকে কোনো বস্তু যতক্ষণ মাটির সহিত সংযুক্ত থাকে ততক্ষণ চুরির বিষয়বস্তু বলিয়া গণ্য হইবে না; কিন্তু যে-মুহূর্তে উহাকে মাটির সহিত হইতে বিচ্ছিন্ন করা হয়. সেই মুহুর্তেই উহা চুরির বিষয়বস্তু হইতে পারে। যে-কার্যদারা বিচ্ছিন্নতা সাধন করা হয়, সেই কার্যদারা অপসারণ করা হইলে তাহা চুরি হইতে পারে। কোনো ব্যক্তি কোনো বস্তুর গতির প্রতিবন্ধক অপসারণ করিলে বা উহাকে অন্য কোনো বস্ত হইতে অপসারণ করিলে এবং বাস্তবিকভাবে উহা স্থানান্তর করিলে উক্ত বন্তর স্থানান্তর বলিয়া গণ্য হইবে। কোনো ব্যক্তি কোনো প্রকারে <u>কোনো পতকে স্থানান্তরিত করিলে</u>, সেই ব্যক্তি পণ্ডটিকে স্থানান্তরিত করিয়াছেন এবং এইরূপ স্থানান্তরের ফলে পশুটি যাহা কিছু স্থানান্তরিত করিয়াছে, তাহাও তিনি স্থানান্তরিত করিয়াছেন বলিয়া গণ্য হইবে। সংজ্ঞার্থে উল্লিখিত সম্বতি স্পষ্ট বা পরোক্ষ হইতে পারে এবং উক্ত সম্মতিদানকারী ব্যক্তি বা উক্ত উদ্দেশ্যে স্পষ্ট বা পরোক্ষ অধিকারসম্পন্ন ব্যক্তি কর্তক তাহা প্রদন্ত হইতে পারিবে। ৩৭৯ ধারা-অনুসারে, যদি কোনো ব্যক্তি চরি করেন, তাহা হইলে তিনি তিন বংসর পর্যন্ত যে-কোনো মেয়াদের কারাদও কিংবা অর্থদও অথবা উভয়বিধ দত্তে দণ্ডিত হুইবেন। ৩৮০ ধারায় বলা হইয়াছে যে, যদি কোনো ব্যক্তি এমন কোনো গৃহ, তাঁবু বা জলযান চুরি করেন, যে-গৃহ, তাঁবু বা জলযান মানুযের বাসস্থান হিসাবে ব্যবহৃত হয় কিংবা সম্পত্তি হেফাজতের জন্য ব্যবহৃত হয়, তাহা হইলে সেই ব্যক্তি সাত বৎসর পর্যন্ত যে-কোনো মেয়াদের কারাদণ্ডে এবং অর্থদণ্ডে দণ্ডিত হইবেন। ৩৮১ ধারায় ভূত্য কর্তৃক প্রভুর সম্পত্তি চরির শান্তি এবং ৩৮২ ধারায় চরি করিতে গিয়া আঘাত করিলে তাহার শান্তি সম্পর্কে বলা হইয়াছে।

thereabouts adv. কাছাকাছি, প্রায় ক্রি. বিণ. কোনো সংখ্যা, মাত্রা বা পরিমাণের কাছাকাছি। কোনো জাহাজে মাল পরিবহণের জন্য ভাড়া চুক্তিপত্রে ১৮০ টন হইতে ২০০ টন বা কাছাকাছি এইরূপ বর্ণনা করা হইলে, উহা নিছক বর্ণনামাত্র, উহা নিষ্ঠয়তাদানের শামিল নহে। যদি অনেকখানি জমি চৌহদ্দিসমেত হস্তান্তর করা হয় এবং হস্তান্তরের দলিলে বলা হয় যে 'এত একর বা তাহার কাছাকাছি' চুক্তির অন্তর্গত, তাহা হইলে ভূখণ্ডটিতে নির্দিষ্টসংখ্যক একর অপেক্ষা বেশি জমি থাকিলেও, গোটা ভূখণ্ডটি যথাযথভাবে হস্তান্তরিত বলিয়া গণ্য হইবে।

lhereafter adv. তারপর, তদনন্তর, অতঃপর ক্রি. বিণ. পরবর্তীকালে, উত্তরকালে। কোনো নির্দিষ্ট সময়, ক্রম বা অনুক্রমের পরবর্তী কালে। কোনো নির্দিষ্ট তারিখের পরে কোনো অর্থ দাবিমাত্র পরিশোধের এবং তদনন্তর কোনো নির্দিষ্ট হারে thereby 30%

সুদপ্রদানের অঙ্গীকার থাকিলে ওই নির্দিষ্ট তারিখ অতিক্রান্ত হইবার পর ইইতে সুদ ধার্য হইবে। অন্যথায় 'তদনন্তর' শব্দটির অবর্তমানে ওইরূপ পরিশোধের অঙ্গীকার স্বাক্ষর করিবার তারিখ হইতেই সদ গণনা করা হইত।

- thereby adv. তন্দারা, ওই উপায়ে, তদনুযায়ী ক্রি. বিণ. উহার ফলে ব সেই কারণে; উহার মাধ্যমে। উহার দরুন; সেই সুত্রে, উক্ত প্রসঙ্গে।
- thereof adv. উহার, তাহার, উহা হইতে, তাহা হইতে সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে বিলিবার ক্ষেত্রে বিষয়টি অনুক্ত রাখিয়া এইরূপ 'উহার', 'তাহার', 'উহা হইতে' ইত্যাদি উক্তি ব্যবহৃত হয়।
- thereupon adv. তৎক্ষণাৎ, অতঃপর, অবিলম্বে ক্রি. বিণ. তাহার ফলে, উহার
 পরে দেরি না করিয়া; বিলম্ব বা সময় ক্ষেপণ না করিয়া। কোনো সংবিধিতে
 'অতঃপর' কোনো কিছু করিবার নির্দেশ থাকিলে উহাদ্বারা নির্দেশিত কাজ তৎক্ষণাং
 বা অবিলম্বে করিতে হইবে বুঝায়। সম্পত্তি-হস্তান্তর আইনের ৮৯ ধারায় ব্যবহৃত
 'অতঃপর' শব্দটি প্রকৃতভাবে সম্পত্তি বিক্রয় ও বিক্রয়লব্ধ অর্থ বিতরণ করিবার সহিত
 সম্বন্ধযুক্ত, কেবল বিক্রয়ের আদেশের সহিত নহে।
- these presents বর্তমান দলিল বা লিখনাবলি এই উক্তিদ্বারা সংখ্রিষ্ট দলিল বা রচনা ইত্যাদিকে বৃঝায়, উহাতে বর্ণিত সম্পত্তি বৃঝায় না।
- think fit উপযুক্ত মনে করা, যোগ্য বিবেচনা করা, যথার্থ বলিয়া ধারণা করা 'যেমন তিনি উপযুক্ত মনে করেন' অর্থাৎ তাঁহার সন্তুষ্টিমোতাবেক। এইরূপ উক্তিদ্বারা কোনো ব্যক্তি বা কর্তৃপক্ষের উপর বিবেচনাপ্রয়োগপূর্বক কোনো কিছু করিবার ক্ষমতা অর্পিত হয়।
- Third Amendment তৃতীয় সংশোধন ১৯৭৪ সালের সংবিধান (তৃতীয় সংশোধন) আইনে ভারত ও বাংলাদেশের স্থল-সীমানা চিহ্নিতকরণ সম্পর্কিত ১৯৭৪ সালের দিদেশীয় চুক্তি কার্যকর করিবার উদ্দেশ্যে সংবিধানের কতিপয় বিধান সংশোধন করিয়া আইন প্রণীত হয়।
- third degree ত্তীয় মাত্রা দীর্ঘায়িত জিজ্ঞাসাবাদ, ভীতিপ্রদর্শন বা শারীরিক নির্যাতন দারা স্বীকারোক্তি বা তথা আদায়ের পদ্ধতি।
- third party তৃতীয় পক্ষ যে-ব্যক্তি কোনো মামলা, চুক্তি বা অন্য কোনো লেনদেনের পক্ষ নহেন, কিন্তু কোনোভাবে লেনদেনটির সঙ্গে জড়িত। প্রধান পক্ষগুলি ব্যতীত অন্য কেহ।
- third party insurance তৃতীয় পক্ষসংক্রান্ত বিমা বিমাকারী ভিন্ন অন্য ব্যক্তির ঝুঁকির বিমা। মোটরযান-চালনার জন্য মোটরযান চালাইয়া অন্য ব্যক্তির মৃত্যু বা দৈহিক জখম বা কোনো তৃতীয় পক্ষের সম্পত্তির ক্ষতির দায়ের ঝুঁকি অন্তর্ভুক্ত করিয়া

১০৬৯ thoroughfare

বৈধ বিমাপত্র গ্রহণ করিতে হয়। ১৯৮৩ সালের মোটরযান অধ্যাদেশের ১০৯ ধারা-অনুসারে তৃতীয় পক্ষের ঝুঁকির জন্য বিমাপত্র ব্যতীত মোটরযান ব্যবহার করা বা করানো নিষিদ্ধ।

third party proceeding তৃতীয় পক্ষসংক্রান্ত কার্যধারা দেওয়ানি মামলায় পক্ষতৃত নন, এইরূপ ব্যক্তির বিরুদ্ধে বিবাদীর আনীত কার্যধারা। এইরূপ কার্যধারায় সাধারণত ক্ষতিপূরণ বা অংশের জন্য প্রাপ্য অর্থের দাবি করা হইলেও বাদী ও বিবাদীর মামলার বিষয়বস্তুর সহিত সংশ্রিষ্ট অন্য দাবিও উত্থাপন করা যায়। বিবাদীর জবাব দাখিলের পূর্বে আদালতের অনুমতি ভিন্ন তৃতীয় পক্ষের উপর বিজ্ঞতি জারির মাধ্যমে অন্দ্রপ কার্যধারা আরম্ভ করা যায়, কিন্তু তাহার পরে করিলে আদালতের অনুমতি প্রয়োজন।

Thirteenth Amendment ত্রয়েদশ সংশোধন ১৯৯৬ সালের সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইনে সংসদ ভাঙ্গিয়া দেওয়ার বা মেয়াদ অবসানের কারণে ভঙ্গ হওয়ার পরবর্তী ১৫ দিনের মধ্যে একজন প্রধান উপদেষ্টা এবং অপর অনিধক ১০জন উপদেষ্টা লইয়া একটি নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার গঠনের বিধান করা হয়। এই সরকার যে-ভারিখে প্রধান উপদেষ্টা কার্যভার গ্রহণ করিবেন ভাহা হইতে সংসদ গঠিত হওয়ার পর নতুন প্রধানমন্ত্রী কার্যভার গ্রহণ করার ভারিখ পর্যন্ত বহাল থাকিবে। তত্ত্বাবধায়ক সরকার প্রধানত নির্বাচন পরিচালনা এবং সরকারের দৈনন্দিন কার্যাবলি সম্পাদন করিবে, কোনো নীতিনির্ধারণী সিদ্ধান্ত গ্রহণ করিবে না। রাষ্ট্রপতি সর্বশেষ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন। যদি সর্বশেষ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন। যদি সর্বশেষ বিচারপতিকে প্রধান তাহার অব্যবহিত পূর্বে অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে প্রধান করিবেন। তাহাকে পাওয়া না গেলে আপিল বিভাগের সর্বশেষ অবসরপ্রাপ্ত বিচারপতিকে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন। এ ক্ষেত্রেও বার্থ হইলে সংবিধানের অধীনে উপদেষ্টা নিয়ুক্ত হওয়ার যোগ্য ব্যক্তিকে রাষ্ট্রপতি প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন।

thoroughfare n. জনপথ বি. বিশেষত দুই দিক খোলা যানবাহনবহল রাস্তা। এক রান্তা হইতে অন্য রাস্তায় যাতায়াতের জন্য নির্মিত পথ বা করিডোর বিশেষ। পথের এক প্রান্ত বন্ধ থাকিলে উহাকে জনপথ বলা যায় না। জনপথ হইল এইরূপ রাস্তা যাহা জনসাধারণকর্তৃক অবাধে অতিক্রমণযোগ্য। কোনো রাস্তা দিয়া জনসাধারণ পায়ে হাঁটিয়া নির্বিদ্নে উভয় প্রান্ত অতিক্রম বা এদিক ওদিক চলাচল করিবার অধিকারী হইলেই উহাকে জনপথ বলা যায়। উহার উপর দিয়া গাড়ি, ঘোড়া চালনা করিতে পারা জনপথেব অত্যাবশাকীয় উপাদান নহে।

threat 5090

threat n. ভীতিপ্রদর্শন বি. কোনো ব্যক্তিকে কোনো কিছু করিতে বাধ্য করিবার উদ্দেশ্যে কাহারো ক্ষতি করিবার অভিপ্রায় ব্যক্ত করা। ভীতিপ্রদর্শন অথবা কাহাকেও ভীতিপ্রদর্শনের কর্ম অনেক অপরাধের উপাদান। দণ্ডবিধির ১৮৯ ধারায় জনসেবককে আঘাতের ভয় দেখানো, ৩৮৫ ধারায় বলপূর্বক ছিনাইয়া লওয়া, ৩৮৬ ধারায় মৃত্যু বা গুরুতর আঘাতের ভয় দেখানো, ৩৮৮ ধারায় অপরাধে জড়িত করিবার তম দেখাইয়া ছিনাইয়া লওয়া এবং ৩৮৯ ধারায় ছিনাইয়া লইবার উদ্দেশ্যে অপরাধে জড়িত করিবার ভয় দেখানো প্রভৃতি ভীতিপ্রদর্শনসংশ্লিষ্ট অপরাধের উপাদান ব্যাখ্যাত হইয়াছে।

- threatening behavior ভীতিপ্রদ আচরণ অপরের প্রতি ভীতিপ্রদ, গালাগানিপূর্ণ, অপমানজনক শব্দাবলি ব্যবহার বা আচরণ শান্তিযোগ্য অপরাধ। দওবিধির ২২৮, ২৯৫, ৫০৪ ও ৫০৯ ধারায় অপমানজনক ব্যবহার দওনীয় অপরাধ।
- through prep. ভব্ধ হইতে শেষ পর্যন্ত, মধ্য দিয়া, একপাশ হইতে অন্য পাশে
 দূর বা গুরুত্বপূর্ণ বিন্দুগুলির মধ্যে; মধ্যবর্তী স্থাননির্বিশেষে (যেমন, যাত্রাপথে)।
 কোনো ভ্রমণপথের একেবারে শেষ পর্যন্ত গমনেচ্ছুক যাত্রী, যানবাহন ইত্যাদির ক্ষেত্রে
 বলা হয়। সাহায্যে (যেমন, কোনো কার্যসাধনের নিমিত্তে যন্ত্রাদির সাহায্যে)। সাধারণ
 বাচনভঙ্গিতে প্রসঙ্গ-অনুসারে এই শব্দদ্বারা মাধ্যম, প্রতিনিধি, যন্ত্র ইত্যাদি অর্থ বৃথায়।
- through traffic সরাসরি চলাচল ১৮৯০ সালের রেলওয়ে আইনের ৩ (১২) ধারায় সংজ্ঞায়িত সরাসরি অতিক্রমণ দ্বারা দৃই বা ততোধিক রেলপথ প্রশাসনের আওতাধীন পথে সরাসরি এবং নির্বিঘ্নে গমনাগমন, চলাচল, পরিবহণ ইত্যাদি বুঝায়।
- till money দেরাজে রক্ষিত অর্থ ব্যাংকের নিকট যে-নগদ অর্থ থাকে।
- timber n. কাঠ বি. ইহার অন্তর্ভুক্ত হইতেছে পতিত হওয়া বা পতিত করা বৃক্ষ এবং কর্তিত বা, রুচিসন্মতভাবে গঠিত বা কোনো উদ্দেশ্যে হউক বা না হউক, বিচ্ছিন্ন সমস্ত কাঠ।
- time n. ১. সময়, কাল বি. স্থিতির পরিমাণ। ২. সময় বি. যে-ক্ষণে কিংবা যতক্ষণ ধরিয়া কিছু ঘটিয়াছে বলিয়া কথিত হয়। ৩. মেয়াদ বি. একজন সাজাপ্রাপ্ত অপরাধীর কারাদওভোগের কাল।

time charter সাময়িক নৌযানভাড়া charterparty দ্ৰ.।

time immemorial স্বরণাতীত কাল legal memory দ্র.।

time limits of written statement লিখিত জবাব দাখিলের সময়সীমা written statement ও time limits of দ্র.।

- time policy সাময়িক বিমাপত্র যে-নৌবিমাপত্র নৌধানে নির্দিষ্ট সময়ে ভ্রমণের ঝুঁকি গ্রহণ করে। ইহা ভ্রমণ-বিমাপত্র হইতে ভিন্ন। ইহা যে-কোনো সময়কালের জন্য (জাহাজের) নির্দিষ্ট ভ্রমণের ঝুঁকি বহন করে। কোনো বিমাপত্র মিশ্র হইতে পারে, যাহাতে সময় ও ভ্রমণ দুইটিই অন্তর্ভুক্ত।
- time provision in contract চুক্তিতে সময়-সম্পর্কিত ধারা যখন কোনো চুক্তির কোনো পক্ষ কোনো নির্দিষ্ট সময়ে বা তাহার পূর্বে কোনো বিশেষ বস্ত, অথবা কোনো নির্দিষ্ট সময়সমূহে বা তাহার পূর্বে কোনো বিশেষ বস্তুসমূহ করিবার অঙ্গীকার করেন, এবং এইরূপ কোনো বস্তু উক্ত নির্দিষ্ট সময়ে বা তাহার পূর্বে করিতে ব্যর্থ হন, তখন উক্ত চুক্তি, বা উহার অসম্পাদিত অংশ অঙ্গীকারগ্রহীতার ইচ্ছাক্রমে বাতিলযোগ্য হয়, যদি পক্ষসমূহের অভিপ্রায় এইরূপ হইয়া থাকে যে, সময় চুক্তির মূল উপাদান হইবে। যদি পক্ষসমূহের অধিকার এইরূপ না থাকে যে, সময় চুক্তির মূল উপাদান হইবে, তবে নির্দিষ্ট সময়ে বা তাহার পূর্বে সেই বস্তু করার ব্যর্থতার দ্বারা চুক্তিটি বাতিলযোগ্য হয় না; কিন্তু উক্ত ব্যর্থতার দারা অঙ্গীকারগ্রহীতার কোনো সন্মতি সাধিত হইলে তাহার জন্য তিনি অঙ্গীকারকারীর নিকট হইতে ক্ষতিপুরণের অধিকারী হন। অঙ্গীকারকারী তাঁহার অঙ্গীকারসমত সময়ে সম্পাদনে ব্যর্থতার কারণে চুক্তি বাতিলযোগ্য হওয়ার ক্ষেত্রে, যদি অঙ্গীকারগ্রহীতা সেই সন্মত সময় ব্যতীত অন্য কোনো সময়ে অসীকারসম্পাদন গ্রহণ করেন, তাহা হইলে অসীকারগ্রহীতার সমত সময়ে অঙ্গীকার-অসম্পাদনের দারা কোনো ক্ষতি সাধিত হইলে তাহার জন্য ক্ষতিপুরণ দাবি করিতে পারেন না, যদি উক্ত সম্পাদন-গ্রহণকালে তিনি এইরূপ করার অভিপ্রায় সম্পর্কে অঙ্গীকাবকারীকে নোটিশ না দেন।
- time requisite জাবশ্যক সময় যথার্থ ও যুক্তিসংগতভাবে প্রয়োজনীয় সময়। তামাদি জাইনের ১২(২) ধারায় উল্লিখিত 'আবশ্যক সময়' ডিক্রির অনুলিপি সংগ্রহার্থে প্রকৃতপক্ষে ব্যয়িত সময় বুঝায় না, এতদুদ্দেশ্যে যথোচিতরূপে প্রয়োজনীয় সময় বুঝায়।
- Tirmizi তিরমিজি ইহার পূর্ণ নাম আবু ইসা মুহম্মদ ইবনে ইসা ইবনে সারওয়াহ ইবনে শাদ্দাদ আত-তিরমিজি (মৃত্যু ৮৯৩ খ্রিষ্টাব্দ)। ছয়জন বিশিষ্ট হাদিস-সংগ্রাহকের তিনি অন্যতম। তাঁহার *জামি আল তিরমিজি* তৃতীয় স্থান অধিকার করিয়া আছে।
- title n. ১. স্বত্ব বি. কোনো সম্পন্তিতে কোনো ব্যক্তির মালিকানার অধিকার। উত্তম
 স্বত্ব যে-কোনো ব্যক্তির অধিকার-প্রতিষ্ঠার জন্য যথেষ্ট প্রমাণস্বরূপ। absolute title,
 qualified title ও deeds দ্র.। ২. শিরোনাম বি. আইনসভা প্রণীত আইনের
 শিরোনাম। ইহা দীর্ঘ অথবা সংক্ষিপ্ত হইতে পারে। ৩. মামলার নাম যেমন, স্বত্বের
 মামলা, টাকার মামলা ইত্যাদি।

title deeds 5093

title deeds স্বত্বের দলিল ভূসম্পত্তিতে যে-সকল দলিলদ্বারা কোনো ব্যক্তির মালিকানা প্রমাণিত হয় এবং যে-সকল শর্তে ওই ব্যক্তি তাহার মালিক। স্বত্বের দলিল নানা প্রকারের হইতে পারে। যেমন, কবালা, পাট্টা, কবুলিয়ত, বন্ধকি দলিল ইত্যাদি। patta, kabuliyat, kabla ও khatian দ্র.।

- tobacco ভামাক বি. ২০০৫ সালের ২(খ) ধারা-অনুসারে, কোনো নিকোটিয়ানা টাবাকাম বা নিকোটিয়ানা বাসটিকার উদ্ভিদ বা এতৎসম্পর্কিত অন্য কোনো উদ্ভিদ বা উহাদের কোনো পাতা বা ফসল। উক্ত আইনের ২(ঘ) ধারা-অনুসারে, 'তামাকজাত' দ্রব্য অর্থ তামাক হইতে তৈয়ারি যে-কোনো দ্রব্য যাহা ধূমপানের মাধ্যমে শ্বানের সহিত টানিয়া লওয়া যায়। বিড়ি, সিগারেট, চুরুট, সিগার এবং পাইপে ব্যবহার্য মিশ্রণও (মিক্সার) ইহার অন্তর্ভুক্ত হইবে।
- Tobar doctrine তোবারের মতবাদ বৈধ গণতান্ত্রিক পন্থায় ক্ষমতাসীন সরকারকে বীকৃতিপ্রদানের মতবাদ। ইহার স্রষ্টা ইক্রেডরের পররাষ্ট্র মন্ত্রী তোবারের নামানুসারে এই মতবাদ প্রচলিত এবং ১৯০৭ সালে প্রথম মধ্য আমেরিকার পাঁচটি রাষ্ট্র কর্তৃক একটি সন্ধিতে ইহা গৃহীত হয়। পরবতীকালে মার্কিন যুক্তরাষ্ট্রের অনুমোদনক্রমে তাহা উইলসন নীতি হিসাবে অভিহিত হয়। যদিও অস্থিতিশীলতার জন্য পৃথিবীর যে-অংশ ক্র্য্যাত, সেখানে স্থিতিশীলতা বহাল রাখিবার প্রশংসনীয় উদ্দেশ্য ইহার ছিল, দ্বিতীয় মহাযুদ্ধের পর হইতে এই মতবাদ অসমগ্রসভাবে প্রয়োগ করা হইয়াছে। মার্কিন যুক্তরাষ্ট্র ও অপর কতিপয় রাষ্ট্র অধিক বাস্তবধর্মী এসত্রাদা মতবাদকে আনুক্ল্য প্রদর্শন করিতেছে। Estrada doctrine দ্র.।
- token n. ১. লক্ষণ, চিহ্ন, আলামত বি. একটি তথ্যের অন্তিত্বের মূর্ত প্রমাণ। ২. নিদর্শন, অভিজ্ঞান বি. কিছু করিবার অভিপ্রায়ের লক্ষণ বা আভাস। যেমন, পরবর্তীকালে বড় ধরনের ফরমাশ করিবার অভিপ্রায়ে একজন ক্রেতা যখন একজন বিক্রেতার নিকট একটি ছোট ফরমাশ পেশ করেন।
- Tokyo Convention টোকিও কনভেনশন ১৯৩৬ খ্রিষ্টাব্দের ১৪ সেপ্টেম্বর তারিখে টোকিওতে সম্পাদিত Convention of Offences and Certain other Acts Committed on board Aircraft।
- toll n. পথকর বি. জনপথ ব্যবহার করিবার জন্য আদায়কৃত করবিশেষ।
- Tomlin Order টমলিন আদেশ ইংল্যান্ডের হাইকোর্টে মামলার আপস-নিম্পত্তিকে কার্যকর করিবার জন্য একপ্রকারের আদেশ। ১৯২৭ সালে বিচারপতি টমলিন কর্তৃক প্রদত্ত নীতিনির্দেশক কার্যপ্রণালির ভিন্তিতে ইহা সৃষ্ট। পক্ষদের সম্মতিক্রমে এইরূপ আদেশ প্রদান করা হয় এবং তাহাতে বলা হয় যে, তাহাদের মধ্যে (মামলার-তফসিলে উল্লিখিত স্বীকৃত শর্ত) মামলার অধিকার কার্যধারা স্থগিত থাকিবে যদি না সম্মত শর্ত কার্যকর করিবার জন্য তাহার প্রয়োজন হয়।

tonnage n. টনেজ বি. টনের হিসাবে জাহাজের বহনক্ষমতা; প্রতি টনের বহন খরচ বা টন হিসাবে প্রদেয় শুল্ক ইত্যাদি। ১০০০ ঘনফুট, ঘনক্ষেত্র বা টনের হিসাবে বহনযোগ্য ওজনের পরিমাণ, যাহা এক বা একাধিক জাহাজ বহন করিতে সমর্থ।

tools of trade পেশার হাতিয়ার যদি কোনো শ্রমিক দেউলিয়া সাবান্ত হন তবু তিনি তাঁহার পেশাসংশ্লিষ্ট হাতিয়ার নিজ আয়ত্তে রাখিবার অধিকারী। দেউলিয়ার চাকুরি বা ব্যবসার প্রয়োজনে ব্যক্তিগত ব্যবহারের জন্য প্রয়োজনীয় সর্বপ্রকার হাতিয়ার, পুন্তক, যানবাহন এবং অন্যান্য সরঞ্জাম ইহার অন্তর্ভুক্ত।

tort n. টর্ট বি., পূরণযোগ্য ক্ষতি যে-কাজ করা বা না করার ফলে কোনো ব্যক্তির বৈধ ব্যক্তিগত অধিকার অনিষ্টকরভাবে লজ্জিত হয়। ইহা চুক্তি-বহির্ভূত এমন এক ষ্ণতি যাহার দেওয়ানি প্রতিকার ক্ষতিপুরণের মাধ্যমে প্রদান করা হয়। কোনো ব্যক্তি আইনগতভাবে যে-কর্তব্য সম্পন্ন করিতে বাধ্য, তাহা না করিবার ফলে কোনো ব্যক্তির ক্ষতি হইলে, তাহা টর্ট বা পুরণযোগ্য ক্ষতি বলিয়া গণ্য হয় এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তি ষ্ণতিপুরণ পাইবার প্রার্থনা করিতে পারেন। অবহেলার দ্বারা কোনো ব্যক্তির শরীর আঘাতপ্রাপ্ত হইলে অথবা তাঁহার সম্পত্তি ক্ষতিগ্রস্ত হইলে তাহার জন্য ক্ষতিপুরণ প্রদানের ব্যবস্থার সঙ্গেই টর্ট বা পূরণযোগ্য-ক্ষতি সংক্রান্ত আইন প্রধানত সংশ্লিষ্ট। ইহা অন্যপ্রকারের স্বার্থও সংরক্ষণ করে। যেমন, সুনাম (defamation দ্র.), ব্যক্তিরাধীনতা (assault ও false imprisonment দ্র.), সম্পত্তির রত্ (conversion ও trespass দ্র.), সম্পত্তির ভোগাধিকার (nuisance দ্র.), ও বাণিজ্যিক স্বার্থ (intimidation, conspiracy ও passing off দ্র.)। কতিপয় শিথিল-অযোগ্য টর্ট বা পূরণযোগ্য ক্ষতি ব্যতীত অন্যক্ষেত্রে সাধারণত ইহা অবশ্যই দেখাইতে হইবে যে, স্বেচ্ছাকৃত বা অবহেলাজনিত ক্ষতি করা হইয়াছে। টর্টের দ্বারা ফতি করা হইয়াছে দেখাইতে পারিলে বেশিরভাগ ক্ষেত্রে তাহা আদালতযোগে প্রতিকারযোগ্য। কিন্তু যে-ক্ষেত্রে টর্টের প্রধান উদ্দেশ্য ক্ষতিপূরণ করা নয় বরং অধিকার-সংরক্ষণ (যেমন, অনধিকারপ্রবেশের ক্ষেত্রে) সে-ক্ষেত্রে ক্ষতির প্রমাণ ব্যতীত তাহা আদালতযোগে প্রতিকারযোগ্য। যে-ব্যক্তি টর্ট বা পুরণযোগ্য-ক্ষতিকর কর্ম করিয়াছেন তিনি প্রধানত তাহার জন্য দায়ী (টর্ট বা পূরণযোগ্য ক্ষতির অপরাধী)। কিন্তু প্রতিনিধিত্মূলক দায়ের বিধান-অনুসারে কোনো ব্যক্তির টর্ট বা পূরণযোগ্য ক্ষতির জন্য অপর কোনো ব্যক্তি দায়ী হইতে পারেন। টর্ট বা পূরণযোগ্য-ক্ষতির প্রধান প্রতিকার হইতেছে ক্ষতিপূরণ, কিন্তু কতিপয় ক্ষেত্রে পুনরাবৃত্তিরোধের ন্ত্রনার করা বার । ইহার অপর প্রতিকার হইতেছে স্বাবলম্বন ও পুনরুদ্ধার। সকল দেওয়ানি ক্ষতিই টর্ট নয়। যে-দেওয়ানি ক্ষতির কোনো প্রতিকার নাই, তাহা টর্ট নহে। টর্টের আইন বলিয়া কিছু নাই, বরং কতকগুলি কাজ করা বা না করার ফলাফল কতিপয় শর্তাধীনে প্রতিকার ঘোষিত হইয়াছে, যাহা টর্ট আইন হিসাবে বিবেচিত। টর্ট আইন এমন কডকগুলি নির্ধারিত নিয়মদারা গঠিত যাহা কতিপয় ধরনের ক্ষতিকর কার্যের প্রতি বাধাপ্রদান এবং অবশিষ্ট সকল ক্ষতিকর কার্যকে বৈধ দায়িত্বের পরিধি-বহির্ভূত গণ্য করে। ব্যক্তির কাজ ক্ষতিকর হইলেও তাহা সম্পূর্ণ বৈধ হইতে পারে। কোনো অন্যায় কাজ আবশ্যিকভাবে অবৈধ নয়। ইংল্যান্ডে প্রচলিত টর্ট আইনের দিকনির্দেশনা, সুবিচার, সুনীতি ও সুবিবেচনার অনুষঙ্গরূপে ব্রিটিশ ভারতে এবং বাংলাদেশের আদালতে 'টর্ট' বিবেচনা করা হয়। সুবিচার, ন্যায়পরায়ণতা ও সুবিবেচনা বলিতে দেশীয় সমাজ ও অবস্থার পরিপ্রেফিতে ইংল্যান্ডের আইনকে বঝিতে হইবে।

tort and breach of contract টের্ট বা পূরণযোগ্য ক্ষণ্ডি ও চুক্তিভঙ্গ টির্ট ও চুক্তিভঙ্গ টির্ট ও চুক্তিভঙ্গর মধ্যে সাদৃশ্য হইতেছে উভয়ই ব্যক্তিগত অধিকার লব্ধনের ফল, যেখানে সাম্প্রিকভাবে সমাজের সংশ্লিষ্টতা নাই বলিলেই চলে। টটের ক্ষেত্রে সেই কর্তব্য আরোপিত হয় আইনদ্বারা যাহা সাধারণভাবে সমাজের প্রতি বর্তায়। কিছু চুক্তিভঙ্গের ক্ষেত্রে কর্তব্য নির্ধারিত হয় পক্ষসমূহের ইচ্ছা ও সম্বাতির ভিত্তিতে যাহা কোনো সুনির্দিষ্ট ব্যক্তি অথবা ব্যক্তিবর্গের প্রতি বর্তায়। টট হইতেছে আইনদ্বারা নির্ধারিত কর্তব্য লক্ষনের ফল, পক্ষান্তরে চুক্তিভঙ্গ হইতেছে সমঝোতায় প্রতিষ্ঠিত কর্তব্য লক্ষনের ফল, পক্ষান্তরে চুক্তিভঙ্গ ইইতেছে সমঝোতায় প্রতিষ্ঠিত কর্তব্য লক্ষনের ফল, গক্ষান্তরে কোনো মামলায় উভয়পক্ষের নিজস্বতা অবশ্যই প্রমাণ করিতে হয়, টটের ক্ষেত্রে এ ধরনের নিজস্বতার অন্তিত্ব নাই। কাহারো অধিকার লক্ষিতে হয়, টটের ক্ষেত্রে এ ধরনের নিজস্বতার অন্তিত্ব নাই। কাহারো অধিকার লক্ষিতে হইলেই তিনি মামলা করিতে পারিবেন।

tort and crime টর্ট বা পূরণযোগ্য ক্ষতি ও অপরাধ টর্ট ও অপরাধের মধ্যে সাদৃশ্য ইইতেছে উভয়ই সাধারণ অধিকারলজ্ঞনের ফল এবং উভয় ক্ষেত্রেই অধিকার ও কর্তব্য পক্ষসমূহের সম্মতিনির্বিশেষে আইনদ্বারা নির্ধারিত হয়। টর্ট হইতেছে ব্যক্তিগত অন্যায়। কোনো ব্যক্তির ব্যক্তিগত অধিকার লক্ষিত হইলে টর্ট সাধিত হয়। কিন্তু অপরাধ ইইতেছে সরকারি অধিকার ও কর্তব্যলজ্ঞানের ফল যাহা সমগ্র সমাজের জনা ক্ষতিকর হিসাবে বিবেচিত হয়। টর্টের ক্ষেত্রে অন্যায়কারীকে ক্ষতিগ্রন্ত পক্ষকে ক্ষতিপূরণ দিতে হয়, কিন্তু অপরাধের ক্ষেত্রে অপরাধী রাষ্ট্রকর্তৃক শান্তিপ্রাপ্ত হইয়া থাকে। টর্টের ক্ষেত্রে ক্ষতিগ্রন্ত পক্ষ নিজেই মামলা দায়ের করিয়া থাকে, কিন্তু অপরাধের ক্ষেত্রে ক্ষতিগ্রন্ত করিয়া থাকে, কিন্তু অপরাধের ক্ষেত্রে ক্ষতিগ্রন্ত পক্ষের অনুরোধক্রমে মামলা করা হইলেও তাহা রাষ্ট্রের নামে পরিচালিত হইয়া থাকে।

tortfeasor n. পূরণযোগ্য ক্ষতির অপরাধী যে-ব্যক্তি পূরণযোগ্য ক্ষতি করেন। এতংসহ joint tortfeasor দ্র.।

tortious adj. পূরণযোগ্য-ক্ষতিকারক যাহা পূরণযোগ্য ক্ষতির মতো ক্ষতিকারক।

tort, personal ব্যক্তিগত পূরণযোগ্য-ক্ষ্তি, রাদীর অস্থাবর সম্পত্তিসংক্রান্ত বা ব্যক্তি
হিসাবে কোনো ক্ষতি সংঘটিত হইলে নিম্নোক্ত দুইটি শর্তপূরণসাপেক্ষে মামলা করা

যাইবে: যে-জায়গায় অভিযোগকৃত কাজটি সংঘটিত হইয়াছে, সেই জায়গায় তাহা অবশ্যই বেআইনি হইতে হইবে। দেশে সংঘটিত কোনো কাজ টর্টমূলক হওয়া সত্ত্বেও যদি দেশে তাহা আইনংগত বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে কোনো মামলা চলিবে না। দিতীয় শর্তটি হইতেছে এই যে, অভিযোগকৃত কাজটি অবশ্যই এমন চরিত্রের হইতে হইবে যাহা দেশে সংঘটিত হইলে মামলাযোগ্য হইত। অভিযোগকৃত অন্যায়টি যদি দেশের আইনানুসারে মামলাযোগ্য না হয়, বরং যে-জায়গায় তাহা সংঘটিত হইয়াছে, সেই জায়গার আইনমোতাবেক তাহা মামলাযোগ্য হয়, তাহা হইলে দেওয়ানি কার্যক্রম গ্রহণের অনুমতিপ্রদানের ক্ষেত্রে দেশের আইনের পরিবর্তে বিদেশি আইন অনুস্ত হইবে। সুতরাং দেশের আইন-অনুযায়ী এমন কোনো অন্যায়ের জন্য দায়দায়িত্ব আরোপের ধারণা বিটিশ আদালত পোষণ করে না।

- lorts, discharge of টর্ট বা প্রণযোগ্য ক্ষতির অবসান সাতটি বিভিন্ন পদ্ধতির মাধ্যমে টর্টের প্রতিকারমূলক কার্যক্রমের অবসান হইতে পারে : পক্ষসমূহের মৃত্যু; প্রত্যাহারকরণ; মামলার কারণসংক্রান্ত কোনো কিছু সন্তোষজনকভাবে করিবার পারস্পরিক সম্বতি এবং তদানুযায়ী তাহা করা; মুক্তি; মৌন সন্বতি বা বিনা আপত্তিতে সন্মতি প্রদান; প্রাপ্ত রায়; এবং বিধিবদ্ধ মেয়াদ।
- torts, foreign বিদেশি প্রণযোগ্য ক্ষতি বিদেশে সংঘটিত টর্ট অর্থাৎ টর্টসংক্রান্ত যে-মামলার কারণ বিদেশে উদ্ভূত হইয়াছে। বিদেশি রাষ্ট্রের স্থাবরসম্পত্তি সংক্রান্ত কোনো ক্ষতি সাধিত হইলে, অন্যায়কারী দেশের অধিবাসী হওয়া সত্ত্বেও কোনো মামলা পরিচালনা করা যাইবে না।
- torts, remedy against টর্টের প্রতিকার টর্টের জন্য ক্ষতিগ্রস্ত ব্যক্তি যেসব প্রতিকার পাইবার অধিকারী তাহা মূলত দুই শ্রেণীতে বিভক্ত: বৈচারিক প্রতিকার এবং বিচারালয়-বহির্ভূত প্রতিকার।
- torture n. নির্যাতন বি. ইংল্যান্ডের ১৯৮৮ সালের ফৌজদারি বিচার আইনঅনুসারে, কোনো সরকারি কর্মকর্তার (অথবা তাঁহার মৌন সম্মতিক্রমে অন্য কাহারো)
 ইচ্ছাকৃতভাবে পৃথিবীর যে-কোনো স্থানে কোনো ব্যক্তিকে গুরুতর শারীরিক বা
 মানসিক যন্ত্রণা প্রদান করিবার অপরাধ। ইহার সর্বোচ্চ শান্তি যাবজ্জীবন কারাদও।
 আসামি আইনসংগতভাবে ক্ষমতাপ্রাপ্ত, আইনগতভাবে সমর্থিত বা ক্ষমার্হ প্রমাণ
 করিতে পারিলে তাহা তাঁহার অব্যাহতির অজুহাত হইবে।
- total disability সম্পূর্ণ অক্ষমতা যে-অক্ষমতার দরুন বিমাকৃত ব্যক্তি এমন-একটি পেশাগ্রহণে বাধাগ্রস্ত হন, যদ্দারা তিনি জীবনধারণ করিতে পারেন। এইরূপ অক্ষমতা আছে কি না, তাহা নির্ণয় করিবার-জন্য অবশ্যই তাঁহার শারীরিক ও মানসিক উভয়বিধ ক্ষমতা বিবেচনা করিতে হইবে।

total loss 3098

total loss সমূহ ক্ষতি (নৌবিমায়) actual total loss, constructive total loss ও partial loss তু.।

- totting up যোগ করিয়া বৃদ্ধি গাড়িচালনায় আদালত কর্তৃক অযোগ্য বলিয়া আদেশপ্রদানের ক্ষমতা-পরিচালনার জন্য চালকের অনুমতিপত্রে তাঁহার অপরাধসমূহ পৃষ্ঠান্ধন করিবার পদ্ধতি।
- touch and stay ভিড়ন ও অবস্থান একজন বিমাকারিকর্তৃক একজন বিমাকৃতকে সমুদ্র-যাত্রাকালে কতকণ্ডলি নির্দিষ্ট স্থানে থামিবার ও অবস্থান করিবার অধিকারপ্রদান।
- tout n. টাউট, দালাল বি. ১. যে-ব্যক্তি কোনো আইনজীবীকে, প্রতিলাভের বিনিময়ে, আইনঘটিত কোনো কাজে নিয়োগের উপায় করিয়া দেন, কিংবা যে-ব্যক্তি কোনো আইনজীবীকে কিংবা আইনঘটিত কোনো কার্যে আগ্রহী কোনো ব্যক্তিকে, প্রতিলাভের বিনিময়ে, আইনঘটিত কোনো কাজ জোগাড় করিয়া দিবার প্রস্তাব করেন। ২. যে-ব্যক্তি উপরিউক উদ্দেশ্যে দেওয়ানি বা ফৌজদারি আদালত-প্রাঙ্গণ, রাজস্ব-কর্মকর্তার অফিস, রেলস্টেশন, জাহাজঘাট কিংবা সর্বসাধারণের জন্য উন্তুক্ত অন্য কোনো স্থানে ঘোরাফেরা করেন।
- touting n. ১. টাউটগিরি, দালালি বি. ব্যবসালাভের জন্য সম্ভাব্য গ্রাহকের দ্বারস্থ হওয়া। ২. টাউট, দালাল বি. ১৮৭৯ সালের টাউট আইনের ও ধারা-অনুসারে (ক) যে-ব্যক্তি পারিশ্রমিকের বিনিময়ে কোনো আইনাজীবীর পক্ষে কাজ করেন ও তাঁহাকে আইনসংক্রান্ত কাজ জোগাড় করিয়া দেন অথবা তাহা করিয়া দিবার প্রন্তার প্রদান করেন, অথবা (খ) যে-ব্যক্তি তাহা জোগাড় করিবার উদ্দেশ্যে দেওয়ানি বা ফৌজদারি আদালত, রাজস্ব কার্যালয়, রেলস্টেশন, ঘাট, আশ্রমন্থান, অথবা অন্য কোনো স্থানে আনাগোনা বা ঘোরাঘুরি করেন, অথবা (গ) ৩৬ক ধারার অধীনে হাইকোর্ট বিভাগ অথবা প্রধান রাজস্ব নিয়ত্রপ-কর্মকর্তা কর্তৃক প্রণীত বিধির অধীনে টাউট হিসাবে গণ্য ঘোষিত হন। উক্ত আইনের ৩৬ ধারা-অনুসারে কোনো ব্যক্তির নাম টাউটের তালিকাভুক্ত হইলে তাঁহাকে আদালত-প্রাঙ্গণে প্রবেশ করা হইতে বিরত করা যায় এবং তিনি তখন টাউটের কাজ করিলে তিন মাস পর্যন্ত কারাদণ্ড বা পাঁচশত টাকা পর্যন্ত অর্থাদণ্ড বা উভ্যবিধ দণ্ডে দণ্ডিত হইবেন।
- towage n. ত্রণ-টানা, ত্বন-টানার মজুরি কোনো জাহাজ, বজরা বা বড় নৌকাকে অন্য কোনো জাহাজ বা নৌকার সহিত বাঁধিয়া পানির উপর দিয়া কিংবা নদীর তীরবর্তী ভূমির উপরে মানুষ কিংবা ঘোড়াদ্বারা তীর ঘেঁষিয়া টানিয়া লওয়া। ইহাদ্বারা নদীর তীরবর্তী যে-স্থানের উপর দিয়া জাহাজ বা নৌকা টানা হয়, ওই ভূমির মালিককে বজরার মালিককর্তৃক প্রদন্ত মজুরিও বুঝায়। রাস্তা হইতে মোটরযান টানিয়া আটক করিলে তাহা ছাড়াইয়া লইতে মোটরযান মালিককে টানিয়া লইবার মজুরি পরিশোধ করিতে হয়।

- toward prep. অভিমুখে, দিকে, প্রতি, সম্পর্কে, ব্যাপারে, উদ্দেশে, কাছাকাছি বাকার প্রসঙ্গ-অনুসারে শব্দের যথাযথ অর্থ গ্রহণ করা হয়। যেমন, দশ বৎসরের অধিক বয়সের কোনো ব্যক্তিকর্তৃক অন্য কোনো ব্যক্তির অভিমুখে ক্ষতিসাধনের ইচ্ছা থাকা না-থাকা নির্বিশেষে কোনো আপ্লেয়ান্ত্র তাক করাকে বেআইনি সাব্যস্ত করিয়া প্রণীত সংবিধিতে 'অভিমুখে' শব্দ দ্বারা 'দিকে' বা 'প্রতি' অর্থ বৃঝায়। আংশিক দায়দেনা পরিশোধের ক্ষেত্রে এই শব্দ্দ্বারা সম্পূর্ণ দায় স্বীকার করা বোঝায়। ১৯০৮ সানের তামাদি আইনের ১৯ ও ২০ ধারার প্রয়োজনে দেনা সম্পর্কে এবং পরিশোধের উদ্দেশ্যে বৈধ স্বীকৃতি হিসাবে গণ্য হয়।
- town n. শহর বি. ১. গ্রাম অপেক্ষা বৃহত্তর এবং অধিকতর উনুত জনপদ কিন্তু যাহা (গতানুগতিক অর্থে) একটি নগররূপে সংগঠিত নহে। ২. যে-ভৃথণ্ডে উক্ত জনপদের অধিবাসীগণ বাস করেন।
- own and country planning শহর ও অঞ্চল পরিকল্পনা ইংল্যান্ডের ১৯৯০ সালের শহর ও অঞ্চল পরিকল্পনা আইনের অধীনে স্থানীয় পরিকল্পনা কর্তৃপক্ষ কর্তৃক ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ করিবার পদ্ধতি। বাংলাদেশে নগর কর্পোরেশন বা পৌর কর্তৃপক্ষ নগর ও শহরে ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ করে। ওইসকল সংস্থা বা কর্তৃপক্ষের অনুমোদিত নকশা ভিন্ন নগর ও শহরে কোনো ভূমি-উন্নয়ন অথবা গৃহাদি, দালান বা কঠিয়েয়া তৈরি করা যায় না।
- Iracing n. উৎসানুসন্ধান বি. উন্তব হইতে বর্তমান কাল পর্যন্ত সম্পত্তির মালিকানা বা বৈশিষ্ট্যসমূহ অনুসন্ধানের প্রক্রিয়া। ২. অনুহরণ, ট্রেসিং বি. একটি স্বচ্ছ মাধ্যমের উপর কলম বা পেঙ্গিল দিয়া মূলের রেখানুসরণে প্রস্তুত একটি যান্ত্রিক অনুলিপি বা হবহু প্রতিরূপ। ৩. নষ্টানুসন্ধান (skiptracing) বি. খেলাপি পাওনাদার, নিরুদ্দেশ উত্তরাধিকারী, সাক্ষী, পরিপণদার বা সংভারধারক (stockholder), তমসুকদার প্রভৃতি ব্যক্তির বা নিরুদ্দেশ পরিসম্পদের (যেমন, ব্যাংকের হিসাব) অবস্থান নির্ণয়ের জন্য অনুসন্ধান।
- tracing or following trust property ন্যাস-সম্পত্তি উদ্ধার আস্থা-সম্পর্কের কোনো ব্যক্তি যদি ন্যাস সম্পত্তি অন্যায়ভাবে হস্তান্তর করেন তবে সেই সম্পর্কিত হিতথাহীর সেই সম্পত্তি অথবা তাহার মূল্য পুনরুদ্ধারের অধিকার থাকে। আস্থা-সম্পর্কের দায়ের বিষয়ে অবগত না থাকিয়া কোনো ব্যক্তি ন্যাস সম্পত্তি থরিদ করিলে তাহার বিরুদ্ধে ব্যতীত অন্য সকল খরিদদারের বিরুদ্ধে তদ্ধেপ অধিকার প্রয়োগ করা যায়। যে-অছি ন্যাস সম্পত্তি তাহার নিজ তৃহবিলের সঙ্গে একত্রিত করিয়াছেন অথবা যে-ব্যক্তিকে ন্যাস সম্পত্তি অবৈধভাবে দেওয়া ইইয়াছে, তাহাদের নিকট ইইতে সেই সম্পত্তি উদ্ধার করিবার কথা উদাহরণস্করুপ উল্লেখ করা যায়। ১৯২৫ সালের

tractor 309b

উত্তরাধিকার আইনের ৩০৭(২) (গ) ধারা-অনুসারে আদালতের অনুমতি ভিন্ন নির্বাহী অথবা প্রশাসক সম্পত্তি হস্তান্তর করিলে তাহা স্বার্থবান ব্যক্তির ইচ্ছানুসারে বাতিলযোগ্য হইবে। ১৮৮২ সালের ন্যাস আইনের ৬২ ধারা-অনুসারে অছি কোনো ন্যাস সম্পত্তি থরিদ করিলে হিতথাহী তাহা অছি অথবা অছির নিকট হইতে হস্তান্তরগ্রহীতার নিকট হইতে উদ্ধার করিতে পারেন। উক্ত আইনের ৬২ ধারা-অনুসারে অছি ন্যাস-সম্পত্তি হস্তান্তর করিলে হিতথাহী ওই সম্পত্তি বা তাহার মৃদ্য অছি অথবা হস্তান্তরগ্রহীতার নিকট হইতে উদ্ধার করিতে পারেন।

tractor n. ট্রাক্টর বি. মোটরযান আইনের ২(৫২) ধারা-অনুসারে, এমন মোটরযান যাহা (উহার যন্ত্র-পরিচালনের জন্য ব্যবহৃত সরঞ্জাম ছাড়া) কোনো ভাড়া-বহনের জন্য নির্মিত নয়। রোডরোলার ইহার বহির্ভৃত।

trade bill কারবারি বিল যে-বিনিময় বিল বা হুস্তি বাণিজ্যিক দেনাপাওনা নিপ্পত্তির জন্য ব্যবহার করা হয়।

trade description বাণিজ্যিক বর্ণনা কোনো পণ্য বা তাহার কোনো অংশের কতিপয় বিশেষত্ব সম্পর্কে প্রত্যক্ষ বা পরোক্ষ ইন্দিত। যেমন, তাহাদের পরিমাণ, পরিমাপ, যে-উদ্দেশ্যে তৈরি তাহার উপযোগিতা, কোন স্থানে ও সময়ে তৈরি, তৈরির পদ্ধতি বা প্রক্রিয়াজাতকরণ এবং মূল্য। ইংল্যান্ডে ১৯৬৮ সালের বাণিজ্যিক বর্ণনা আইন-অনুসারে কোনো পণ্যের মিথ্যা বর্ণনা অথবা তদ্ধেপ মিথ্যা বর্ণনাযুক্ত পণ্য সরবরাহ করা অথবা করিবার প্রস্তাব করা একটি দণ্ডনীয় অপরাধ।

trade dispute বাণিজ্য-বিরোধ, শিল্পবিরোধ বি. শ্রমিকগণ ও তাঁহাদের নিয়োগকর্তার মধ্যে নিম্নবর্ণিত এক বা একাধিক বিষয়ে বিরোধ: (১) চাকুরির শর্তাবলি ও কাজের অবস্থা; (২) কোনো শ্রমিককে কর্ম প্রদান অথবা কর্ম প্রদান না করা, সাময়িক বরখান্ত অথবা বরখান্ত করা; (৩) শ্রমিকদের মধ্যে দায়িত্ব বন্টন করা; (৪) শৃঙ্খলার বিষয়াবলি; (৫) ট্রেড ইউনিয়নের সদস্যপদ গ্রহণ করা বা না করা; (৬) ট্রেড ইউনিয়ন কর্মকর্তাদের সুবিধাদি; এবং (৭) দরকষাক্ষির বাবস্থা ও শ্রমিকের পক্ষ হইতে ট্রেড ইউনিয়নের দর-কষাক্ষির অধিকারের স্বীকৃতি। ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ২(১৩) ধারা-অনুসারে, শিল্পবিরোধ বলিতে কোনো ব্যক্তির চাকুরি বা বেকারত্ব, চাকুরির শর্ত বা কাজের অবস্থার সহিত সংশ্লিষ্ট বিষয়ে মালিকে-মালিকে অথবা মালিকে-শ্রমিকে অথবা শ্রমিকে-শ্রমিকে বিরোধ বা মতপার্থক্য বৃয়াইবে। উক্ত আইনে যৌথ দর-কষাক্ষি প্রতিনিধির মাধ্যমে আলাপ-আলোচনা, মধ্যস্থতা, সালিশ ও শ্রম-আদালতের মাধ্যমে শিল্পবিরোধ-নিম্পত্তির বিধান করা হইয়াছে।

309à trade secret

trade fixture n. বাণিজ্যিক স্থাপনা কোনো ভাড়াটিয়া তাঁহার ব্যবসা-বাণিজ্যের উদ্দেশ্যে ভাড়া লওয়া গৃহে যে-স্থাপনা সংযুক্ত করেন। ভাড়ার মেয়াদের মধ্যে বা মেয়াদের শেষে ভাড়াটিয়া তাঁহার বাণিজ্যিক-স্থাপনা সরাইয়া নিতে পারেন। সম্পত্তি- ইস্তান্তর আইনের ১০৮(জ) ধারা-অনুসারে, ভাড়া-লওয়া সম্পত্তিতে ভাড়াটিয়া যাহা স্থাপন করেন তাহা ভাড়ার মেয়াদ শেষ হইয়া যাইবার পর উক্ত সম্পত্তি তাঁহার দখলে থাকা অবস্থায় সরাইয়া লইতে পারেন। তবে শর্ভ থাকে যে, যে-অবস্থায় তিনি উক্ত সম্পত্তি ভাড়া লইয়াছিলেন সেই অবস্থায় তাহা পরিত্যাগ করিতে তিনি বাধা।

trademark n. ট্রেডমার্ক, পণ্যচিহ্ন বি. যে-স্বাতন্ত্রাসূচক চিহ্ন কোনো ব্যবসায়ীর নির্দিষ্ট পণ্যকে জনসাধারণের নিকট শনাক্ত করে। কোনো আকার বা শব্দ বা আহাদের মিলনে ওইরূপ চিহ্ন হইতে পারে। পণ্যচিহ্ন-নিবন্ধকের নিকট যে-কোনো ব্যবসায়ী তাঁহার পণ্যচিহ্ন-নিবন্ধক করাইতে পারেন। যে-পণ্যের চিহ্ন নিবন্ধিত হইয়াছে ব্যবসায়ী সে-পণ্যচিহ্ন ব্যবহারের একমাত্র অধিকারী। ১৯৪০ সালের পণ্যচিহ্ন আইনের বিধান-অনুসারে পণ্যচিহ্ন নিবন্ধকের কার্যালয়ে পণ্যচিহ্ন নিবন্ধক করা যায়। পণ্যচিহ্ন নিবন্ধিত হইলে নিবন্ধকারী। ওই পণ্যচিহ্ন এককভাবে তাঁহার পণ্যে ব্যবহার করিতে পারেন এবং তাহা ভঙ্গ করিয়া কেহ অনুরূপ পণ্যচিহ্ন ব্যবহার করিলে তাঁহাকে তাহা ব্যবহার করা হইতে বিরত রাখিবার জন্য নিষেধাজ্ঞা লাভ করিতে এবং তাঁহার নিকট হইতে ক্ষতিপূরণ আদায় করিতে পারেন। বাংলাদেশে দণ্যবিধির ৪৮২ ধারা-অনুসারে মিখ্যা পণ্যচিহ্ন ব্যবহার করা দণ্ডনীয় অপরাধ।

trademark infringement ট্রেডমার্কের অধিকারলজ্ঞান ট্রেডমার্কের অননুমোদিত ব্যবহার বা বিভ্রান্তিকরভাবে একই রকম নাম, শব্দ, প্রতীক বা এইগুলির যে-কোনো সমবায়ের ব্যবহার।

trademark of common law সাধারণ আইনের পণ্যচিহ্ন পণ্যচিহ্ন-নিবন্ধকের
নিকট নিবন্ধিত নহে, এইরূপ পণ্যচিহ্ন যাহা প্রতিষ্ঠিত ব্যবহারের মাধ্যমে নির্দিষ্ট
কোনো পণ্যের সহিত শনাক্ত-যোগ্য হয়। এইরূপ পণ্যচিহ্ন ভঙ্গ করা হইলে মালিক
তাহার পণ্য অপরের পণ্য হিসাবে চালাইয়া দেওয়ার জন্য আদালতে নালিশ করিতে
পারেন।

trade secret ব্যবসায়ের গোপনীয়তা কোনো ব্যবসায়ের কোনো প্রক্রিয়া বা উৎপাদিত বস্তু যাহা প্রকাশিত হইলে ব্যবসায়ের স্বার্থহানি হয়। কোনো ব্যবসায়ের কর্মচারী, সাবেক কর্মচারী এবং অপর কোনো ব্যক্তি যাহাদের নিকট বিশ্বাসপূর্বক ব্যবসায়ের গোপনীয়তা প্রকাশ করা হইয়াছে, তাঁহাদের দ্বারা তাহা প্রকাশ করিবার হ্মকি আদালত সাধারণত নিষেধাজ্ঞাপ্রদানে বারণ করেন। কর্মচারী ও তাঁহার নিয়োগকারীর মধ্যে আস্থা ও বিশ্বাসের সম্পর্ক বিদ্যমান এবং যদি কোনো কর্মচারী ব্যবসায়ের গোপনীয়তা প্রকাশ করেন, তাহা হইলে সে-সম্পর্ক ভঙ্গ হয় এবং এই

trade union 50%

কর্মচারীকে বরখাস্ত করিবার হেতু হয়। তদ্রূপ বরখাস্ত করিতে প্রয়োজনীয় পদ্ধতি ও আবশ্যকীয় শর্তাদি পালন হইলে তাহা করা ন্যায়সংগত হইবে। এতৎসহ restrain of trade ও unfair dismissal দ্র.।

trade union n. ট্রেড ইউনিয়ন, শ্রমিক-সংঘ বি. ইংল্যান্ডের আইনে ট্রেড ইউনিয়ন বলিতে এমন একটি সংগঠনকে বুঝায় যাহার সদস্যগণ সম্পূর্ণভাবে বা প্রধানত শ্রমিক এবং যাহার প্রধান উদ্দেশ্যের অন্তর্ভুক্ত হইতেছে শ্রমিকদের ও তাঁহাদের নিয়োগকারীদের সমিতির সহিত সম্পর্ক নিয়ন্ত্রণ করা। বাংলাদেশে ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ২(২৬) ধারা-অনুসারে, ট্রেড ইউনিয়ন বলিতে প্রধানত বুঝায় শ্রমিকদের সহিত শ্রমিকদের অথবা মালিকের সহিত মালিকের সম্পর্ক নিয়ন্ত্রণ করিবার অথবা কোনো বাণিজ্য বা ব্যবসায় পরিচালনার উপর নিয়ন্ত্রণমূলক শর্ত আরোপের জন্য গঠিত শ্রমিকদের কিংবা মালিকদের কোনো সংঘ। দুই বা ততাধিক ট্রেড ইউনিয়নের সমন্বয়ে গঠিত ফেডারেশনও ইহার অন্তর্ভুক্ত। উক্ত আইনের ৮ ধারা-অনুসারে ট্রেড ইউনিয়ন নিবন্ধিত হয় এবং ১০ ধারা-অনুসারে তাহা বাতিল হয়।

trade union official ট্রেড ইউনিয়ন-কর্মকর্তা ইংল্যান্ডে ট্রেড ইউনিয়নের সদস্যদের কোনো শ্রেণীর প্রতিনিধিত করিবার জন্য ইউনিয়নের বিধি-অনুসারে নির্বাচিত বা নিযুক্ত একজন ব্যক্তি অথবা কোনো ট্রেড ইউনিয়নের (অথবা ইহার শাখা বা বিভাগের) একজন কর্মকর্তা। কোনো কর্মচারী ট্রেড ইউনিয়ন-কমকর্তা হইলে এবং তাঁহার চাক্রি স্বাভাবিক কর্মসপ্তাহ ১৬ ঘণ্টা বা ততোধিক হইলে তিনি কতিপয় উদ্দেশ্যে স্বাভাবিক হারে পরিশোধিত কর্মবিরতি পাইবার অধিকারী। এই উদ্দেশাগুলি তাঁহার মালিক এবং অন্য কোনো অনুষঙ্গী মালিক ও তাঁহাদের কর্মচারীদের শিল্প-সম্পর্ক সম্বন্ধে তাঁহার পদ-সংক্রান্ত ইউনিয়নের কর্তব্য অথবা তাঁহার ইউনিয়ন-সংশ্রিষ্ট ট্রেড ইউনিয়ন কংগ্রেস অনুমোদিত প্রশিক্ষণ হইতে হইবে। বাংলাদেশে ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ৭ক ধারা-অনুসারে, কোনো ব্যক্তি নৈতিক শ্বলনের অপরাধসহ কতিপয় অপরাধে দণ্ডিত হইলে এবং কোনো প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানপুঞ্জে কর্মে নিযুক্ত না থাকিলে অথবা কোনো সময়ে তাহাতে নিযক্ত না থাকিলে তিনি উক্ত প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানপুঞ্জে গঠিত কোনো টেড ইউনিয়নের কোনো কর্মকর্তা হইতে পারিবেন না। উক্ত আইনের ৪৭ক ধারা-অনুসারে ট্রেড ইউনিয়ন নিবন্ধনের জন্য কোনো দরখান্ত বিবেচনাধীন থাকা অবস্থায় কোনো ট্রেড ইউনিয়ন-কর্মকর্তার চাকুরির শর্ত পরিবর্তন করা যায় না এবং ৪৭খ ধারা-অনুসারে কর্মকর্তা ইউনিয়নের সভাপতি বা সম্পাদক হইলে তাঁহার সম্মতি ভিন্ন তাঁহাকে এক স্থান হইতে অন্য স্থানে বদলি করা যায় না। ট্রেড ইউনিয়নের কর্মকাণ্ডে অংশগ্রহণের অজুহাতে কোনো শ্রমিকের চাকুরির অবসান হইলে তাহার বিরুদ্ধে তিনি শ্রম-আদালতে ১৯৬৫ সালের শ্রমিক নিয়োগ (স্থায়ী আদেশ) আইনের ২৫ ধারা-অনুসারে প্রতিকার প্রার্থনা ক

ነውን transcript

trading stamp বাণিজ্যিক টিকিট কোম্পানি হইতে ক্রয় করা যে-টিকিট পুচরা বিক্রেতা তাঁহার নিকট হইতে পণ্য-ক্রয়কারী গ্রাহককে দিয়া থাকেন। গ্রাহক তাঁহার ক্রীত পণ্যের অনুপাতে টিকিট পান এবং তিনি যখন যথেষ্ট টিকিট সংগ্রহ করেন, তখন তাহার বিনিময়ে তিনি বাণিজ্যিক টিকিট কোম্পানির নিকট হইতে পণ্য গ্রহণ করিতে পারেন। ইংল্যান্ডের ১৯৬৪ সালের বাণিজ্যিক টিকিট আইনদারা বাণিজ্যিক টিকিট প্রচলন নিয়ন্ত্রিত। প্রত্যেক টিকিটে যে-কোম্পানি তাহা বাজারে ছাড়িয়াছে তাহার নাম ও টিকিটের আর্থিক মূল্য লিখিত থাকিতে হইবে। খুচরা বিক্রেতা ক্ট্যাম্পের মূল্য বর্ধিত বিক্রয় হইতে প্রাপ্ত তাঁহার মুনাফাদ্বারা পোষাইয়া লইবার আশা করেন।

- traffic n. ১. বাণিজ্য বি. পণ্যদ্রব্যাদি, হুন্তি, অর্থ প্রভৃতির ক্রয়বিক্রয় বা বিনিময়।
 ২. সংবাহ, পরিষান বি. কোনো পথ দিয়া পরিবাহিত মানুষজন ও পণ্যাদি। ৩.
 যাতায়াত বি. কোনো পরিবহণ-পথে মানুষ, জীবজত্ম, যানবাহন বা নৌযানের
 আনাগোনা।
- trafficking n. অপব্যবসায় বি. প্রায়শ অসাধুতার ইঙ্গিতসহ, পণ্যাদির ক্রয়বিক্রয় বা ব্যবসায়ে আঅনিয়োগ। তাচ্ছিল্যসূচক অর্থে কিংবা অনুচিত বলিয়া বিবেচিত ব্যবসা অর্থে ব্যবহৃত।
- traffic offence পরিযান অপরাধসমূহ offences relating to road traffic দ্র.।
- trailer n. ট্রেইলার, ট্রাক অথবা ট্রাক্টরে-টানা যানবাহন বি. যে-গাড়িকে অন্য গাড়ি টানিয়া নইয়া যায়। দুর্গম পাহাড়ি এলাকায় দুরারোহ পর্বতের উপরে পর্বত হইতে পর্বতে চলাচলের জন্য বিশেষভাবে নির্মিত যানবাহন।
- transaction n. সংব্যবহার, লেনদেন বি. ১. ব্যবসা-ঘটিত কিংবা অন্যান্য আদানপ্রদান পরিচালন। ২. যাহা সম্পন্ন বা নিম্পন্ন করা হইয়াছে; একটি ব্যবসায়িক সংবিদা বা বিনিময়। ৩. দুই বা ততোধিক ব্যক্তিঘটিত যে-কোনো কার্য। ৪. (দেওয়ানি আইনে) বিবদমান পক্ষগুলির মধ্যে এমন একটি সংবিদা যাহার উদ্দেশ্য একটি বিবাদ নিবারণ বা নিরসন করা এবং যাহাতে তাঁহারা পারস্পরিকভাবে ছাড় দেন।
- transcript n প্রতিলিপি বি. মৌখিকভাবে প্রদন্ত সাক্ষ্যের একটি হস্তলিখিত, মুদ্রিত বা মুদ্রাক্ষর-যন্ত্রে লিখিত অনুলিপি, বিশেষত একটি বিচারানুষ্ঠান বা শুনানির কার্যধারার দাপ্তরিক রেকর্ড, আদালতের একজন প্রতিবেদক (court reporter) যেমন লিপিবদ্ধ করেন। ইহার্কে report of proceedings ও reporter's record-ও বলা হয়।

transfer ५०७२

transfer n. হস্তান্তর বি. বিক্রয়, ইজারা, বন্দোবস্ত বা অন্য কোনো প্রকারের মালিকানাস্বত্ব, স্বার্থ বা অধিকার হস্তান্তর বা অবসান। পরিচালনা বা ব্যবস্থাপনা অর্পণ বা হস্তান্তরও ইহার অন্তর্ভুক্ত হইবে। বাংলাদেশ সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৪ ধারা-অনুসারে একশত টাকা বা তদ্ধর্ম মূল্যের স্থাবর সম্পত্তি নিবন্ধিত দলিনের দ্বারা হস্তান্তর করা যায়। এতৎসহ conveyance দ্রু,।

transferable interest হস্তান্তরযোগ্য শরিকানা যে-শরিকানা অন্যের নিকট হস্তান্তর বা সমর্পণ করা যাইতে পারে।

transfer by endorsement পৃষ্ঠান্ধনদারা হস্তান্তর কোনো হুভি বা বিনিময়-পত্র বা অঙ্গীকার-পত্র সম্বন্ধে ব্যবহৃত হইলে, ইহা তথু দলিলটির উপর লিখিত পৃষ্ঠান্ধনই বুঝায় না, দলিলটির হস্তান্তরও বুঝায়।

transfer of case মামলা স্থানান্তরকরণ আইনসমত ক্ষমতাবলে একটি মামলা এক আদালত বা বিচারকে হইতে অন্য আদালত বা বিচারকের নিকট হন্তান্তর। ইয় transfer of cause নামেও অভিহিত হয়। ফৌজদারি কার্যবিধির ৫২৬খ ধারার ১ উপধারার দায়রা বিচারক কর্তৃক মামলা-স্থানান্তর সম্পর্কে এবং ৫২৬ ধারার হাইকোর্ট বিভাগ কর্তৃক মামলা-স্থানান্তর সম্পর্কে বলা হইয়াছে। ৫২৬খ ধারার ১ উপধারা-অনুসারে যখন কোনো দায়রা বিচারক মনে করেন যে, ন্যায়বিচারের স্বার্থে এই ধারা-অনুসারে কোনো আদেশ দান করা প্রয়োজন, তখন তিনি তাঁহার অধিক্ষেত্রের এক ফৌজদারি আদালত হইতে অপর কোনো ফৌজদারি আদালতে মামলা-স্থানান্তরের আদেশ দিতে পারেন। এই ধারায় জীবিত ব্যক্তি বলিতে বিধিবদ্ধ অথবা বিধিবদ্ধ নহে এরপ কোনো বিধানবলে কোম্পানি, সমিতি ও ব্যক্তিসমষ্টি কর্তৃক বা তাঁহাদের নিকট সম্পত্তি-হন্তান্তর সম্পর্কিত বর্তমানে বলবৎ কোনো আইন ব্যাহত ইইবে না।

transfer of property সম্পত্তি-হস্তান্তর ১৮৮২ সালের সম্পত্তি-হন্তান্তর আইনের ৫ ধারা-অনুসারে 'সম্পত্তি-হন্তান্তর' বলিতে এমন একটি কাজ বুঝায় যাহার দারা কোনো জীবিত ব্যক্তি বর্তমান বা ভবিষ্যৎ কোনো সম্পত্তি এক বা একাধিক জীবিত ব্যক্তিকে বা নিজকে অথবা নিজকে এবং এক বা একাধিক জীবিত ব্যক্তিকে প্রদান করেন। কোন কোন সম্পত্তি হন্তান্তর করা যায় তাহা উক্ত আইনের ৬ ধারায় বলা হইয়াছে।

transfer of risk ঝুঁকি-হস্তান্তর সম্পত্তি ক্ষতিগ্রস্ত বা বিনষ্ট হইলে ভজ্জনিত ক্ষতি বিক্রেতার নিকট হইতে ক্রেতার উপর আপতিত হওয়া। পণ্যবিক্রয় আইনের ২৬ ধারা-অনুসারে, ভিন্ন প্রকারে সম্মত না হইলে, যতক্ষণ পর্যন্ত মালিকানা ক্রেতার উপর বর্তায় না, ততক্ষণ পর্যন্ত পণ্যের ঝুঁকি বিক্রেতার থাকে। কিন্তু যখন মালিকানা ক্রেতার নিকট হস্তান্তরিত হয়়, পণ্য অর্পণ করা হউক বা না হউক, তাহার ঝুঁকি

ক্রেভার উপর বর্তায়। ভবে শর্ভ থাকে যে, ক্রেভা-বিক্রেভার মধ্যে যাঁহার দোষে অর্পণ দেরিভে হয় তখন যে-পক্ষ দোষী সেই পক্ষের উপর পণ্যের ঝুঁকি বর্তায়।

transfer of shares শেয়ার-হন্তান্তর এমন একটি লেনদেন যাহার ফলে শেয়ারের মানিকানা পরিবর্তিত হয়। সাধারণত (১) শেয়ার-বিক্রয়ের একটি চুক্তি, (২) শেয়ার সার্টিফিকেট-অর্পণ অথবা শেয়ার-হন্তান্তর দনিল সম্পাদন, এবং (৩) কোম্পানির শেয়ার-রেজিন্টারে হন্তান্তরগ্রহীতার নাম লিপিবদ্ধ করিয়া ইহা করা হয়। ব্যক্তিগত কোম্পানির শেয়ার এবং আংশিক পরিশোধিত শেয়ার হন্তান্তরের ক্ষেত্রে তাহা কতিপয় বিধিনিষেধের অধীন হইতে পারে। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৩৮ ধারায় শেয়ার-হন্তান্তরের বিধান বর্ণিত হইয়াছে। এতৎসহ transmission of shares দ্র,।

Iransfer of suit মোকদ্দমা-স্থানান্তর দেওয়ানি কার্যবিধির ২২ ও ২৪ ধারায় মোকদ্দমা-স্থানান্তর সম্পর্কে বলা হইয়াছে। মোকদ্দমার যে-কোনো পক্ষের আবেদনক্রমে সকল পক্ষকে নোটিশ দিয়া এবং তাহাদের কাহারো বক্তবা থাকিলে তাহা শ্রবণ করিয়া, অথবা কোনো নোটিশ না দিয়া স্বতঃপ্রবৃত্ত হইয়া হাইকোর্ট বিভাগ অথবা জেলা আদালত যে-কোনো স্তরে (ক) তাঁহার সম্মুখে বিচারাধীন কোনো মোকদমা, আপিল বা অন্যান্য কার্যক্রম তাঁহার অধীন কোনো এখতিয়ারসম্পন্ন আদালতে বিচার বা নিম্পত্তির জন্য স্থানান্তর করিতে পারেন, অথবা (খ) তাঁহার অধীন কোনো আদালত হইতে কোনো মামলা, আপিল বা অন্যান্য কার্যক্রম প্রত্যাহার করিতে পারেন, এবং (১) ইহার বিচার বা নিষ্পত্তি করিতে পারেন, অথবা (২) তাঁহার অধীন কোনো এখতিয়ারসম্পন্ন আদালতে বিচার বা নিম্পত্তির জন্য স্থানান্তর করিতে পারেন. অথবা (৩) যে-আদালত হইতে উহা প্রত্যাহার করা হইয়াছিল, পুনরায় সেই আদালতে বিচার বা নিম্পত্তির জন্য প্রেরণ করিতে পারেন। মোকদ্দমা সম্পর্কে বাদীর বিচারক্ষেত্র পছদের অধিকার রহিয়াছে, কিন্ত উপযুক্ত কারণ ছাড়া গুধু বাদীর ইচ্ছামতো মোকদ্দমা স্থানান্তর করা যাইতে পারে না। Md. Shamsul Huda v. Md. Mozammel Hoque 27 DLR 43 দ্র. । দেওয়ানি কার্যবিধির ২৪ ধারা-অনুসারে হাইকোর্ট বিভাগ ও জেলা আদালতের সুবিবেচনার অবকাশ রহিয়াছে, কিন্তু সুবিবেচনার ক্ষমতা অবশ্যই ন্যায়বিচারের স্বার্থে প্রয়োগ করিতে হইবে। Chowdhury Mohammad Sanwer v. Sakhawat Hossain 20 DLR 867 页。L

transfer of undertakings প্রতিষ্ঠান-হস্তান্তর relevant transfer দ্র. । transferred malice পরিবর্তিত বিষেষ malice দ্র.।

transformation n. রূপান্তর বি, doctrine of incorporation দ্র.।

transit n. ১. পরিবহণ বি. পণ্যাদি বা মানুষজন এক স্থান হইতে অন্য স্থানে বহনপূর্বক হস্তান্তর । ২. সংক্রমণ বি. গমন; অতিক্রমণরূপ কার্য ।

- transitory and temporary provisions ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলি সংবিধানের ১৫০ অনুচ্ছেদ-অনুসারে, সংবিধানের অন্য কোনো বিধান সত্ত্বে এই সংবিধানের চতুর্থ তফসিলে বর্ণিত ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলি কার্যকর হইবে।
- translation n. অনুবাদ, তরজমা বি. অনুবাদ করা বলিতে বুঝায় একভাষার শদ, উজি কিংবা একটি সমগ্র পুস্তকের অর্থ বা সমতুল্য বস্তু অন্যভাষায় প্রকাশ, স্পষ্টতর ভাষায় ব্যাখ্যা কিংবা ভিনুরূপে বা রীতিতে প্রকাশ করা। অনুবাদ যে সবসময়ে ভাষাত্তর হইবে, এমন কোনো কথা নাই। একই চিন্তা একই ভাষার অন্য শদাবলির দ্বারা প্রকাশ করা হইলে তাহাও অনুবাদপদবাচ্য।
- transmission of shares শেয়ার হস্তান্তরিত হওয়া স্বয়ংক্রিয়ভাবে কোনো শেয়ার হস্তান্তরিত হওয়া। যেমন, আইনের অনুকূলে, দেউলিয়া ঘোষিত হইলে (দেউলিয়ার নিকট হইতে দেউলিয়ার অছির নিকট), অথবা মৃত্যু ঘটিলে (মৃত ব্যক্তির বাঙিগত প্রতিনিধির নিকট) হস্তান্তর। হস্তান্তরিত হইলে যাঁহারা মালিক হন, যতক্ষণ পর্যব তাঁহাদের নাম কোম্পানির সদস্য নিবন্ধন-বহিতে লিপিবদ্ধ না হয়, ততক্ষণ পর্যব তাঁহারা কোম্পানির সদস্য হন না। ওই মধ্যবর্তী সময়ে তাঁহারা কোম্পানির সভায় উপস্থিত হইতে ও ভোট প্রদান করিতে পারেন না। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ১ তফসিলের ২১ অনুচ্ছেদ-অনুসারে, মৃত ব্যক্তির ওয়ারিশ অথবা দেউলিয়া-অবসায়কের নিকট শেয়ার স্বয়ংক্রিয়ভাবে হস্তান্তরিত হয়।
- transnational law জাত্যতিশারী আইন ১. আইনের যে-সকল সাধারণ মূল্দূর্ব সকল সভ্য জাতি স্বীকার করে। ২. বিশেষত সার্বভৌম রাষ্ট্রসমূহ এবং বিদেশি বেসরকারি পক্ষগুলির মধ্যে সম্পাদিত চুক্তি হইতে উদ্ভূত সমস্যাদি সম্বন্ধে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক আইনের সাধারণ মূলসূত্রাবলির মিশ্রণ। international law তু.।
- transparency n. স্বচ্ছতা বি. যাঁহারা কোনো বাজার-কার্যক্রমে ক্রিয়াশীন, তাঁহাদের ক্ষেত্রে প্রযোজ্য একটি অপরিহার্য শর্ত হইতেছে, এই যে, তাঁহারা যে-সকল বিধির অধীন, তাহা যেন সুস্পষ্ট হয়। সাধারণত ইহার দ্বারা যে-সকল পদক্ষেপ গ্রহণ করা হয় তাহার হেতু নিশ্চিত করা হয় এবং প্রযোজ্য বিধিগুলি সকলের নিকট সুস্পষ্ট করা হয়, যেন সকলে ন্যায্য ব্যবহার পাইতে পারেন।
- transportation for life যাবজ্জীবন দ্বীপান্তর অপরাধের জন্য এ ধরনের দও এখন বাংলাদেশে প্রচলিত নাই। দণ্ডবিধির সংশোধনের ফলে ইহার পরিবর্তে যাবজ্জীবন কারাদণ্ডের বিধান করা হইয়াছে।
- transport vehicle পরিবহণ-যান মোটরযান আইনের ২ ধারা-অনুসারে 'পরিবহণ' অর্থ সর্বসাধারণের ব্যবহার্য যান, পর্যটন যান, মালবাহী যান, অমনিবাস এবং কলের লাঙল অর্থাৎ কৃষিকার্যে ব্যবহৃত লোকোমটিভ বা ট্রাক্টর এবং অন্যান্য প্রকার লোকোমটিভ ও ট্রাক্টর।

Sob@ treason

transshipment n. পোভান্তরে প্রেরণ এক পরিবহণ হইতে অন্য পরিবহণে বদলি, স্থানাত্তর বা হস্তান্তর। পণ্যসামগ্রী জাহাজযোগে চালান দেওয়ার জন্য নির্দিষ্ট পরিবহণ, গতিপথ বা বন্দোবস্ত বদল।

- trap n. ফাঁদ বি. ১. পশুপাথি ধরিবার জন্য কোনো প্রযুক্তি। যেমন, চোরাগর্ত, জাল বা এমন-কোনো যন্ত্র যাহা অকস্মাৎ বন্ধ হইয়া যায়। ২. এমন যে-কোনো কৌশল বা প্রযুক্তি যাহাতে কেহ অপ্রত্যাশিতভাবে ধরা পড়িতে পারেন; ফন্দি; কূটকৌশল। ৩. (টটোঁ) এমন-কোনো আত্যন্তিক ঝুঁকিপূর্ণ গুপু বিপদ, যাহার সম্বন্ধে সম্পত্তির মালিক বা দখলদার অবহিত, কিন্তু অনুমতিপ্রাপ্ত ব্যক্তি অনবহিত।
- Itavaux preparatoires আইন-প্রণয়নের প্রস্তুতি যে-প্রস্তৃতিমূলক কাজ আইন-প্রণয়নের পটভূমিরূপে ব্যবহৃত হয়। যেমন, রাজকীয় কমিশনের সুপারিশ এবং সরকার কর্তৃক প্রকাশিত আলোচনাপত্র। আইন-ব্যাখ্যার সহায়তাস্বরূপ তাহা আদালত কর্তৃক ব্যবহার করা যায় না।
- traveller's cheque n. ভ্রমণকারীর চেক ভ্রমণকারীর অনুকূলে ব্যাংক যে-প্রত্যয়পত্র প্রদান করিয়া তাহার বিদেশস্থ শাখা বা প্রতিনিধিকে নির্দিষ্ট পরিমাণ অর্থপ্রদানের আদেশদান করে।
- traverse vb. & n. ১, অস্বীকার করা ক্রি. প্রতিপক্ষের আরজি বা জবাবের কোনো অভিযোগ অস্বীকার করা। ২. অস্বীকৃতি বি. অনুরূপ অস্বীকৃতি।
- treachery n. বিশ্বাসঘাতকতা বি. যে-আচরণ শক্রকে সাহায্য করে। দওবিধির ১২১ ধারা-অনুসারে, যে-ব্যক্তি বাংলাদেশের বিরুদ্ধে যুদ্ধচালনাতে সহায়তাপ্রদান করেন, সেই ব্যক্তি মৃত্যুদও অথবা যাবজ্জীবন কারাদণ্ডে এবং অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।
- treason n. রাষ্ট্রদ্রোহিতা, রাজদ্রোহিতা বি. ইংল্যান্ডে যে-আচরণ রাজা বা রাষ্ট্রের আনুগতা তদ করে। ১৭৯৫ সালের রাজদ্রোহ আইন-অনুসারে, (১) রাজা বা রানী অথবা যথাক্রমে তাঁহার খ্রী বা তাঁহার স্বামী অথবা জ্যেষ্ঠপুত্রের মৃত্যু ঘটানো অথবা তাঁহাকে গুরুতর আঘাত প্রদান; (২) দাঙ্গা অথবা প্রচণ্ড বিশৃঙ্খলার অতিরিক্ত সরকার অথবা রাজ-কর্তৃত্বের বিরুদ্ধে গণ-অভ্যুত্থানসহ দেশে রাজন্যের বিরুদ্ধে যুদ্ধ করা; (৩) যুদ্ধের সময় রাজা বা রানী শক্রপক্ষকে সাহায্য অথবা উৎসাহ প্রদান রাজদ্রোহের অন্তর্ভুক্ত। রাজদ্রোহের শান্তি মৃত্যুদণ্ড, তবে বিশেষাধিকারবলে রাজা বা রানী অপরাধীকে ক্ষমাপ্রদর্শন করিতে পারেন। বাংলাদেশে দণ্ডবিধিতে রাষ্ট্রদ্রোহিতা নামক কোনো অপরাধের উল্লেখ নাই। কিন্তু ইহার ১২১ ধারায় রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ অথবা যুদ্ধপ্রচন্টা অথবা যুদ্ধে সহায়তাপ্রদান, ১২১ক ধারায় উপরিউক্ত অপরাধের ষড়যন্ত্র এবং ১২৪ক ধারায় রাষ্ট্র ও সরকারবিরোধী কার্যকলাপ দণ্ডনীয় অপরাধ।

treasure trove

treasure trove তপ্তধন বি. ইংল্যান্ডের ১৯৯৬ সালের সঞ্চিত ধন আইন-অনুসারে সঞ্চিত ধনের অন্তর্ভক্ত হইতেছে অন্তত তিনশত বৎসরের পরাতন সেই বস্ত যাহা পাঁচ শতাংশের অধিক মূল্যবান ধাতুসম্পন্ন (কোনো একক মুদ্রা ইহার মধ্যে পড়ে না)। রাজা বা রানী বর্তমানে সকল গুপুধনের অধিকারী এবং যে-ব্যক্তি তাহা পাইয়াছেন তাঁহাকে রাজা বা রানী পুরস্কৃত করিতে পারেন। বাংলাদেশে ১৮৭৮ সালের ৫৪ধন আইনের ৩ ধারা-অনুসারে গুপ্তধন বলিতে বুঝায় মূল্যবান যে-বস্তু মাটিতে নুক্কায়িত থাকে অথবা যে-বস্তু তাহার সহিত যুক্ত থাকে। উক্ত আইনের ৪ ধারা-অনুসারে, যে ব্যক্তি দশ টাকার বেশি মূল্যের গুপ্তধন পায় তাঁহাকে তাহার বিবরণ সমাহর্তা তথা জেলা প্রশাসককে লিখিতভাবে জানাইতে হয় এবং গুপ্তধন সরকারি কোষাগারে জম দিতে হয় অথবা তাহা জমাপ্রদানের জন্য জামানত দিতে হয়। উক্ত আইনে জেন। প্রশাসক গুপ্তধনের প্রকৃত মালিক কে অথবা তাহা মালিকবিহীন কিনা সে-সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারেন। যদি কোনো বাক্তি তাঁহার মালিক বলিয়া সাব্যন্ত না হন, তখন যে-ব্যক্তি গুপ্তধন পাইয়াছেন, জেলা প্রশাসক তাঁহাকে তাহা প্রদান করেন। যে-ব্যক্তি তাহা পাইয়াছেন, সেই ব্যক্তি বাতীত অন্য এক ব্যক্তি যখন তাহার মানিক বলিয়া সাব্যস্ত হন, তখন ওই দুই ব্যক্তির মধ্যে কোনো সমঝোতা না হইলে জেনা প্রশাসক গুপ্তধনের তিন-চতুর্থাংশ যে-ব্যক্তি পাইয়াছেন তাঁহাকে দিবেন এবং বাকি অংশ তাহার মালিককে দিবেন।

- treasury n. ১. কোষাগার বি. যে-স্থানে বা যে-ভবনে ধনভাপ্তার রক্ষিত হঙ্গ, বিশেষত যে-স্থানে সরকারি রাজস্ব জমা করা হয় এবং যে-স্থান হইতে সরকারি ব্যয়নির্বাহের নিমিত্ত অর্থ বিলি করা হয়। ২. কোষাগার বিভাগ যুক্তরাষ্ট্রে ১৭৮৯ সালে কংগ্রেসকর্তৃক সৃষ্ট একটি বিভাগ, যাহার কর্তব্যের অন্তর্ভুক্ত হইতেছে অর্থ-ব্যবস্থাপনা, কর ও রাজস্ব-সম্পর্কিত নীতি প্রণয়ন ও সুপারিশ করা, ফেডারেন সরকারের আর্থিক নিয়োগী হিসাবে কাজ করা এবং মুদ্রা ও নোট তৈরি করা।
- treasury bill কোষাগার বিল জনসাধারণের নিকট স্বল্পমেয়াদি ঋণ গ্রহণের জন্য সরকার যে-বিল প্রচার করিয়া থাকে।
- treating n. আপ্যায়ন বি. (নির্বাচনী আইনে) উৎকোচপ্রদানের প্রকারভেদ, যাহাতে পানভোজন, বিনোদন বা রসদ-সরবরাহের দ্বারা তোষণ করা হয়। দণ্ডবিধির ১৭১(৬) ধারার ব্যাখ্যায় আপ্যায়ন বলিতে সেইপ্রকারের উৎকোচ প্রদান বুঝায় যেখানে পান, ভোজন, বিনোদন বা রসদ সরবরাহ করা হয়।
- treatment n. ১. প্রনীতি, উপায়প্রয়োগ বি. কোনো কিছু সম্বন্ধে, প্রায়শ বিশেষায়িতভাবে, ব্যবস্থাগ্রহণ বা কারবার করিবার পদ্ধতি। ২. চিকিৎসা বি. ঔষধপ্রয়োগ বা অক্রোপচার দ্বারা রোগনিরাময় বা রোগনিরাময় পদ্ধতি। ৩. ব্যবহার বি. কাহারো সহিত আচরণ। ৪. উপচার বি, শ্কিৎসায় ব্যবহৃত কোনো বস্তু।

Ireaty n. সন্ধি, চুক্তি বি. দুইটি রাষ্ট্রের মধ্যে কোনো লিখিত আন্তর্জাতিক চুক্তি (একটি দ্বিপাক্ষিক সন্ধি) অথবা একাধিক রাষ্ট্রের মধ্যে তদ্রুপ সন্ধি (একটি বহুপাক্ষিক সৃষ্ধি)। অদ্ধুপ সমঝোতাসমূহ অনেক সময়ে কনভেনশন বা সম্মেলনের দলিল, **अ**टोंकिन वा সম্মেলন স্বারকপত্র, প্যাষ্ট বা চুক্তি, ফাইনাল অ্যাষ্ট বা চূড়ান্ত কার্য, আরেপ্রমেন্টস বা ব্যবস্থা এবং জেনারেল আক্টস বা সাধারণ আইন হিসাবেও অভিহিত হয়। সন্ধি আন্তর্জাতিক আইনে বাধ্যকর এবং তাহা রাষ্ট্রীয় আইনে চুক্তি. হস্তান্তর-দলিল অথবা আইনসভা-প্রণীত বিধানের সমতুল্য। কতিপয় সন্ধি পক্ষভুক্ত রষ্ট্রেসমূহের জন্য মাত্র আইন সৃষ্টি করে, কতিপয় পূর্বে প্রচলিত প্রথাভিত্তিক আন্তর্জাতিক আইন বিধিবদ্ধ করে, কতিপয় এমন সব বিধি উপস্থাপন করে যাহা পরবর্তীকালে সকল রাষ্ট্রের উপর বাধ্যকর প্রথাভিত্তিক আন্তর্জাতিক আইনে পরিণত হয় (যেমন, গণহত্যাসংক্রান্ত কনভেনশন)। যুক্তরাষ্ট্রীয় রাজ্য, ঔপনিবেশিক দেশ, এবং সর্বজনীন আন্তর্জাতিক সংঘসমূহ কোনো কোনো সময়ে সন্ধির দায় গ্রহণ করিতে পারে। (১৯৬৯ সালের) সন্ধির আইন-সম্পর্কিত ভিয়েনা সম্মেলনে আন্তঃরাষ্ট্রীয় সন্ধি-সম্পর্কিত বিধিসমূহ বিশদভাবে সংজ্ঞায়িত হইয়াছে এবং ওইক্ষেত্রে উহা স্বয়ং প্রথাভিত্তিক আন্তর্জাতিক আইন প্রণয়ন অথবা ঘোষণা করিয়াছে বলিয়া বিবেচিত হয়। সাধারণত রাষ্ট্রানুমোদনের প্রক্রিয়ার মাধ্যমে সন্ধিসমূহ চূড়ান্তভাবে সম্পাদিত হয়।

tree n. বৃক্ষ বি. ইহার অন্তর্ভুক্ত হইতেছে পামগাছ, বাঁশ, কাটাগাছের গোড়া, ঝোপের কাঠ এবং বেত।

trespass n. অন্ধিকারপ্রবেশ বি. অপরের শরীর বা সম্পত্তির উপর কৃত একটি বেআইনি কার্য; বিশেষত অপরের ভূসম্পত্তিতে অবৈধ প্রবেশ। অনধিকারপ্রবেশ দুই ধরনের হইতে পারে— ব্যক্তির উপর অনধিকারপ্রবেশ এবং সম্পত্তির উপর অনধিকারপ্রবেশ। কোনো ব্যক্তির নিরাপত্তা ও স্বাধীনতাজনিত অধিকার লজ্ঞন করা হইলে তাহা ব্যক্তির উপর অনধিকারপ্রবেশ বলিয়া গণ্য হয়। কোনো ব্যক্তির বৈধ মালিকানাধীন সম্পত্তির উপর কেহ অবৈধভাবে হস্তক্ষেপ করিলে তাহা সম্পত্তির উপর অনধিকারপ্রবেশ দেওয়ানি ও ফৌজদারি উভয় অনধিকারপ্রবেশ বলিয়া গণ্য হয়। অনধিকারপ্রবেশ দেওয়ানি ও ফৌজদারি উভয় আইনে অপরাধ। ক্ষতিগ্রস্ত ব্যক্তি দেওয়ানি আদালতে ক্ষতিপূরণের মামলা করিয়া, স্বত্বোষণা, দখল পুনরুদ্ধার, নিষেধাজ্ঞা প্রভৃতির মোকদ্দমার মাধ্যমে অনধিকারপ্রবেশের ক্ষতি হইতে পরিত্রাণ পাইতে পারেন। দণ্ডবিধি-অনুসারে অনধিকারপ্রবেশ অপরাধ। দণ্ডবিধির ৪৪১ ধারা-অনুসারে, যে-ব্যক্তি কোনো অপরাধ করিবার অভিপ্রায়ে অথবা কোনো ব্যক্তিকে ভীতিপ্রদর্শন, অপমান অথবা বিরক্ত করিবার জন্য তাঁহার দখলি সম্পত্তিতে অথবা সম্পত্তির উপরে প্রবেশ করিবার পর কোনো

অপরাধ করিবার অভিপ্রায়ে অথবা ভীতিপ্রদর্শন, অপমান অথবা বিরক্ত করিবার ছন্য বে-আইনিভাবে তাহাতে অবস্থান করেন, তবে তিনি অপরাধ সংঘটন করিয়াছেন বিলিয়া অভিহিত হন। দণ্ডবিধির ৪৪৭ ধারা হইতে ৪৬০ ধারা পর্যন্ত অনধিকারপ্রবেশের শান্তি সম্পর্কে বলা হইয়াছে। যে-ব্যক্তি অপরাধমূলক অনধিকারপ্রবেশ করেন, সেই ব্যক্তি তিন মাস পর্যন্ত কারাদ্ধে বা পাঁচশত টাকা পর্যন্ত অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন। এতৎসহ tresspassory assembly দ্র.।

trespass by relation সম্পর্কিত জনধিকারপ্রবেশ আইনসম্মত কল্পসত্যের তিরিতে সৃষ্ট একধরনের অনধিকারপ্রবেশ, যাহাতে যে-মুহুর্তে দখলদার দখল পাওয়র অধিকারী হন সেই সময় হইতে তাঁহার প্রকৃত দখল গণ্য হন। ইহা এইরপ বিধি হইতে উদ্ভূত যে, দখলদারই কেবল জনধিকারপ্রবেশের জন্য নালিশ করিতে পারেন। যখন কোনো ব্যক্তি তৎক্ষণাৎ ভূমিতে দখল পাইবার অধিকারী হইয়া তাহাতে পরে দখলে প্রবেশ করেন, তখন যে-মুহুর্তে তিনি দখল পাইবার অধিকারী হইয়াছিলেন সে-মুহুর্তে তাঁহার দখল সম্পর্কিত বলিয়া গণ্য হয়, যেন মধ্যবর্তী সময়ে সংঘটিত অনধিকারপ্রবেশের বিরুদ্ধে তিনি নালিশ করিতে পারেন।

trespasser ab initio প্রথমাবধি অনধিকারপ্রবেশকারী কোনো ব্যক্তি বৈধ্তাবে অপর কোনো ব্যক্তির সম্পত্তিতে প্রবেশ করিয়া বৈধ ক্ষমতার অপব্যবহার করিয়া অবৈধভাবে অবস্থান করিলে অথবা যে-কাজ করিবার বৈধ অধিকার তাঁহার নাই সেই কাজ করিলে, উক্ত ব্যক্তি প্রথমাবধি অনধিকারপ্রবেশকারী বলিয়া গণ্য হইবেন। অপরাধীকে গ্রেপ্তার অথবা চোরাইমাল তল্লাশির জন্য প্রবেশের পরে ক্ষমতার অপব্যবহারজনিত কর্ম অনধিকারপ্রবেশের অন্তর্ভুক্ত। এমতাবস্থায় ভূতাপেক্ষভাবে প্রবেশের অধিকার বাতিল হইয়া যায় এবং প্রথম হইতে প্রবেশটি অনধিকারপ্রবেশ হিসাবে গণ্য হয়।

trespassory assembly অন্ধিকারপ্রবেশকারী সমাবেশ উন্মৃত্ত কোনো ভূমিতে বিশ বা ততোধিক ব্যক্তির এমন একটি সমাবেশ যাহাতে জনসাধারণের যাতায়াতের কোনো অধিকার বা সীমিত অধিকার নাই এবং যখন তাহার দখলদার তদ্রূপ ঘটনার জন্য কোনো সম্মতি প্রদান করেন নাই এবং যাহার ফলে সমাজজীবনে গুরুতর অশান্তির সৃষ্টি হয় অথবা স্মৃতিসৌধ, ঐতিহাসিক স্থাপত্য, প্রত্নতাত্ত্বিক বা বৈজ্ঞানিক গুরুত্বের দালানের তাৎপর্যপূর্ণ ক্ষতি হয়। দণ্ডবিধির ১৪১, ধারা-অনুসারে পাঁচ বা ততোধিক ব্যক্তি উক্ত ধারায় উল্লিখিত সাধারণ উদ্দেশ্যে সমবেত ইইলে তাহাকে বেআইনি সমাবেশ বলা হয়।

trial n. বিচারকার্য, মামলার শুনানি বি. ফৌজদারি কার্যবিধির ২৪১ ইইতে ২৫০ ধারায় ম্যাজিট্রেট-আদালতে কীভাবে মামলার বিচার হইবে সে-সম্পর্কে, ২৬০ ধারা হইতে ২৬৫ ধারায় সংক্ষিপ্ত বিচারের পদ্ধতি সম্পর্কে এবং ২৬৫ক ধারা হইতে ২৬৫ঠ ধারা পর্যন্ত দায়রা আদালতে কী পদ্ধতিতে মামলার বিচার হইবে, সে-সম্পর্কে বলা হইয়াছে। ফৌজদারি কার্যবিধির ৩৫৩ ধারায় বলা হইয়াছে যে, ভিনুরূপ বিধান না থাকিলে, সকল সাক্ষ্য আসামির উপস্থিতিতে অথবা ব্যক্তিগত উপস্থিতি প্রয়োজন না হইলে নিযুক্ত কৌসুলির উপস্থিতিতে গ্রহণ করিতে হইবে। দেওয়ানি কার্যবিধির ১৮ আদেশে মামলার তনানি ও সাক্ষীর জবানবন্দি গ্রহণের নিয়মাবলি সম্পর্কে বলা হইয়াছে। দেওয়ানি মামলার গুনানি প্রথমে কোন পক্ষ গুরু করিবে, সে-সম্পর্কে ১৮ আদেশের ১ নিয়মে বলা হইয়াছে যে, বাদীই প্রথমে বক্তব্য পেশ করিবেন, তবে বাদীর দাবি স্বীকার করিয়া কোনো আইনগত প্রশের জন্য বাদী তাঁহার প্রার্থিত দাবি পাইতে পারেন না বলিয়া বিবাদী দাবি করিলে বিবাদী প্রথমে বক্তব্য পেশ করিবেন। ১৮ আদেশের ৪ নিয়মে বলা হইয়াছে যে, আদালতে উপস্থিত সাক্ষীদের সাক্ষ্য মৌথিকভাবে প্রকাশ্য আদালতে বিচারকের উপস্থিতিতে এবং তাঁহার প্রত্যক্ষ তত্ত্বাবধানে গ্রহণ করিতে হইবে। উপযুক্ত এখতিয়ারসম্পন্ন আদালতে কোনো .দওয়ানি বা ফৌজদারি মামলার গুনানি। বিরল দৃষ্টান্ত ব্যতীত গুনানি জনসমুখে হইতে হইবে। গুনানি তথা বিচারে আইন ও ঘটনা সম্পর্কিত সকল বিচার্য বিষয়ের সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে। এতৎসহ in camera দ্র.।

rial at bar বিশেষ বিচারপদ্ধতি ইংল্যান্ডের কুইন্স বেঞ্চ ডিভিশনের তিনজন বিচারক ও জুরির সম্মুখে লিখিত অভিযোগের ভিত্তিতে বিচারকার্য, যাহা পূর্বে জনগুরুত্বপূর্ণ ফৌজদারি মামলার বিচারে ব্যবহৃত হইত। ১৯১৬ সালে সর্বশেষ রাজদ্রোহিতার জন্য স্যার রজার কেইজমেন্টের তদ্ধপ বিচার হইয়াছিল এবং ১৯৬১ সালের আদালত আইনদারা উক্ত বিচারপদ্ধতি বিলুপ্ত ইইয়াছে।

trial by jury জুরির সাহায্যে বিচার আইন-অনুসারে মনোনীত একটি জুরি বা নির্ণায়কমণ্ডলীর সহায়তায় একজন বিচারকের সভাপতিত্বে অনুষ্ঠিত বিচারকার্য। ইংল্যান্ড ও যুক্তরাষ্ট্রে গুরুতর অপরাধের বিচারকার্য জুরির সাহায্যে করা হয়, কিন্তু বাংলাদেশে এখন অদুপ বিচারপদ্ধতি নাই।

trial in absentia আসামির অনুপস্থিতিতে বিচার ফৌজদারি কার্যবিধির ৩৩৯খ ধারার ১ উপধারায় বলা হইয়াছে যে, যে-ক্ষেত্রে ৮৭ ও ৮৮ ধারার বিধান পালন করিবার পর আদালতের এইরূপ বিশ্বাস করিবার কারণ থাকে যে, আসামিকে যাহাতে গ্রেপ্তার বা বিচারের জন্য প্রেরণ করা না যায়, তজ্জন্য আসামি ফেরারি হইয়াছেন বা আম্মগোপন করিয়াছেন এবং তাঁহাকে গ্রেপ্তার করিবার আত্ম সম্ভাবনা নাই, তাহা হইলে

অপরাধ আমলে গ্রহণকারী আদালত সরকারি গেজেটে বিচ্চপ্তি এবং কমপক্ষে একটি বাংলা দৈনিক সংবাদপত্রে প্রচারিত বিচ্চপ্তি দান করিয়া উক্ত ব্যক্তিকে আদেশে নির্ধারিত সময়ের মধ্যে আদালতে হাজির হইবার নির্দেশ দিবেন। সংশ্লিষ্ট ব্যক্তি বা আসামি নির্ধারিত সময়ে আদালতে হাজির না হইলে সেই ব্যক্তির অনুপশ্বিভিতে আদালত তাঁহার বিচার করিতে পারিবেন। সাজাপ্রাপ্ত আসামি হাজির হইবার বা ধরা পড়িবার পর হইতে তাঁহার প্রাপ্ত দড়ের মেয়াদ গণনা হইবে।

trial of insane person অপ্রকৃতিস্থ ব্যক্তির বিচার ফৌজদারি কার্যবিধির ৪৬৪ ধাবা-অনুসারে, যখন কোনো ম্যাজিস্ট্রেট তদন্ত বা বিচার করিতেছেন, তখন তিনি যদি যুক্তিসংগতভাবে বিশ্বাস করেন যে, আসামি মানসিক বিকারগ্রন্ত এবং ফলে আত্মপক্ষসমর্থনে অপারগ্ তাহা হইলে ম্যাজিট্রেট উক্ত অসুস্থতা সম্পর্কে অনুসন্ধান করিবেন, এবং জেলার সিভিল সার্জন অথবা সরকার-নির্দেশিত অপর কোনো চিকিৎসা-কর্মকর্তা দারা তাঁহাকে পরীক্ষা করাইবেন: অতঃপর সাক্ষী হিসাবে উক্ত সার্জন বা কর্মকর্তার জবানবন্দি গ্রহণ করিবেন এবং এই জবানবন্দি লিখিয়া নইবেন। উক্ত আইনের ৪৬৬ ধারা-অনুসারে, এই পরীক্ষা ও তদন্ত সাপেক্ষে ম্যাজিট্রেট আসামিকে জামিনে মুক্তি দিবার অথবা নিরাপদ হেফাজতে রাখিবার আদেশ প্রদান করিতে পারেন। ম্যাজিন্ট্রেট যদি মনে করেন যে, আসামি মানসিকভাবে অপ্রকৃতিস্থ এবং ফলে আত্মপক্ষসমর্থনে অপারগ, তাহা হইলে তিনি উক্ত মর্মে মন্তব্য লিপিবদ্ধ করিয়া মামলার কার্যক্রম স্থগিত রাখিবেন। উক্ত আইনের ৪৬৫ ধারা-অনুসারে, দায়রা আদালতে বিচারের সময় কোনো ব্যক্তি মানসিকভাবে অপ্রকৃতিস্থ এবং ফলে আত্মপক্ষসমর্থনে অপারগ বলিয়া আদালতের নিকট প্রতীয়মান হইলে আদালত প্রথমে উক্ত অপ্রকৃতিস্থতা ও অসামর্থ্যের বিষয় বিচার করিবেন এবং আদালত সেই সম্পর্কে নিশ্চিত হইলে সেই মর্মে সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন ও মামলার কার্যক্রম স্থৃগিত করিবেন। উক্ত আইনের ৪৬৭ ধারা-অনুসারে, ম্যাজিক্ট্রেট বা আদালত অপ্রকৃতিস্থ ব্যক্তির স্থগিত তদন্ত বা বিচার পুনরায় আরম্ভ করিতে পারেন। উক্ত আইনের ৪৬৮ ধারা-অনুসারে, তদ্ধপ আসামিকে পুনরায় হাজির করা হইলে ম্যাজিন্ট্রেট বা আদানত তাঁহাকে আত্মপক্ষসমর্থনে সমর্থ বলিয়া মনে করিলে তদন্ত বা বিচারে অগ্রসর হইবেন এবং আত্মপক্ষসমর্থনে অসমর্থ বলিয়া মনে করিলে বিচারকার্য স্থগিত রাখিবেন ও আসামিকে হয় জামিনে মুক্তি দিবার অথবা নিরাপদ হেফাজতে রাখিবার আদেশ দিবেন। উক্ত আইনের ৪৬৯ ধারা-অনুসারে, আসামি ঘটনার সময়ে তাঁহার কৃতকর্মের প্রকৃতি অথবা উহা যে অন্যায় বা বেআইনি তাহা জানিতে অসমর্থ থাকিলে আসামি সুস্থ হইলে তাঁহার বিচারকার্য চলিবে এবং ৪৭০ ধারা-অনুসারে, ওই ভিত্তিতে তাঁহাকে খালাস দেওয়া হইলে তাহা রায়ে উল্লেখ করিতে হইবে।

tribal adj. উপজ্ঞাতীয় বিণ. ১৯৯৮ সালের পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইনে উপজাতীয় অর্থ পার্বত্য দেশসমূহে স্থায়ীভাবে বসবাসরত চাকমা, মারমা, তনচৈঙ্গা, ত্রিপুরা, লুসাই, পাংখা, বিয়াং, ম্রো, বোম, শ্বমি, উচাই ও চাক উপজাতীয় কোনো সদস্য। বিভিন্ন সূত্রে মণিপুরী, সাওতাল, ওরাও, মূরং, গারো, খাসিয়া, কোচ, হাজং, কৃকি, রাজবংশী, মণ, মুণ্ডা, কাচারি, মালপাহাড়ি, মিকির, শদ্রি, রিয়াং, মালো, মাহাতো, গঞ্জু, কোলকামার ও পাতো উপজাতির কথা জানা যায়। বেদে, বাগদি ও বিদিদেরও অনেকে উপজাতি শ্রেণীভুক্ত করেন। এতৎসহ aboriginal ও non-tribal resident দ্র.।

tribunal n. ট্রাইব্যুনাল বি. এক ধরনের বিচার-আদালত। সংবিধানের ১১৭ অনুচ্ছেদ-অনুসারে কতিপয় বিষয়ে এখতিয়ার প্রয়োগের জন্য সংসদ আইনের দ্বারা এক বা একাধিক প্রশাসনিক ট্রাইব্যুনাল প্রতিষ্ঠিত করিতে পারেন। ১৯৮০ সালের প্রশাসনিক ট্রাইব্যুনাল আইনের দ্বারা প্রতিষ্ঠিত প্রশাসনিক ট্রাইব্যুনালগুলি সরকারি কর্মচারী ও কতিপয় আধা-সরকারি প্রতিষ্ঠানের কর্মচারীদের চাকুরিসংক্রান্ত বিরোধ মীমাংসা করেন এবং প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল প্রশাসনিক ট্রাইব্যুনালের বিক্লচ্কে আনীত আপিল নিষ্পত্তি করেন।

trier of facts ঘটনা-বিচারকারী আদালতের এমন একজন সদস্য থাঁহার দা্রিত্ব হইতেছে ঘটনার প্রশ্নে সিদ্ধান্তপ্রদান। ইংল্যান্ডে লিখিত অভিযোগের ভিত্তিতে আনীত দৌজদারি বিচারে ও জুরির সাহায্যে দেওয়ানি বিচারে জুরি ঘটনার বিচারকারী: দেওয়ানি মামলায় বিচারক এককভাবে ও সংক্ষিপ্ত বিচারে বিচারক ও ম্যাজিস্ট্রেটগণ যথাক্রমে আইন ও ঘটনা সম্পর্কিত সকল বিচার্য বিষয় বিচার করেন। বাংলাদেশে বর্তমানে জুরিপ্রথা বিদ্যমান না থাকায় দেওয়ানি ও ফৌজদারি উভয়প্রকার মামলায় বিচারক বা ম্যাজিস্ট্রেট আইন ও ঘটনা সম্পর্কিত সকল বিচার্য বিষয়ে সিদ্ধান্ত প্রদান করেন।

tripartite adj. ত্রিপাক্ষিক, ত্রিপক্ষীয় বিণ. তিনটি অংশ-সংবলিত। যখন তিন পক্ষের মধ্যে কোনো চুক্তিপত্র বা প্রতিজ্ঞাপত্র সম্পাদিত হওয়া সাব্যস্ত হয়, এই শব্দের দ্বারা তখন ওই চুক্তিপত্র বা প্রতিজ্ঞাপত্রটির তিনটি অনুলিপি প্রস্তুত হওয়া (কিংবা চুক্তিপত্রটিই তিন খণ্ডে সম্পাদিত হওয়া) বুঝায়।

trover n. পণ্যদায় মামলা আধুনিককালে ইংল্যান্ডে পণ্য আত্মসাতের জন্য যেপ্রণযোগ্য দেওয়ানি ক্ষতি বা টর্ট মামলা করা হয়, তাহার সাবেক প্রতিরূপ। পণ্যদায়
মামলা এমন অলীক সত্যের উপর নির্ভর করিয়া করা হইত যেখানে বাদী অভিযোগ
করিতেন যে, তিনি তাহার পণ্য হারাইয়াছেন এবং বিবাদী তাহা পাইয়া নিজ ব্যবহারে
লাগাইয়াছেন। মামলার ওই আদিরূপ বিলুপ্ত হইলেও ইহার নাম এখনো কোনো
কোনো সময়ে পণ্য-আত্মসাতের সমার্থক হিসাবে ব্যবহৃত হয়।

true copy 50%

true copy হবহু নকল সাক্ষ্য আইনের ৭৬ ধারাতে সরকারি দলিলের হবহু নকন কিভাবে প্রদান করা হইবে তাহা বলা হইরাছে। হবহু নকলকে জাবেদা নকনও বলা যায় যাহা সাক্ষ্য আইনের ৬৩ ধারায় বলা হইয়াছে।

trust n. ন্যাস, ট্রাস্ট বি. ১৮৮২ সালের ন্যাস আইনের ৩ ধারা-অনুসারে, ন্যাস হইতেছে সম্পত্তির মালিকানার সঙ্গে যুক্ত এমন একটি দায়িত্ব এবং যাহা মালিকের দারা আস্থা স্থাপন ও গ্রহণ হইতে উদ্ভত হয়, অথবা অন্যের হিতার্থে অথবা অন্যের ও মালিকের হিতার্থে তাঁহার দ্বারা ঘোষিত ও স্বীকৃত হয়। যে-ব্যক্তি আস্থা স্থাপন অথবা ঘোষণা করেন তাঁহাকে বলা হয় ন্যাস-প্রণেতা, যে-ব্যক্তি আস্থা স্বীকার করেন তাঁহাকে অছি বলা হয়। যে-ব্যক্তির হিতার্থে আস্থা স্বীকৃত হয় তাঁহাকে হিআহী বলে। ন্যাসের বিষয়বস্তুকে ন্যাস-সম্পত্তি বা ন্যাস-অর্থ বলা হয়। ন্যাস-সম্পত্তির মালিক হিসাবে অছির বিৰুদ্ধে হিতগ্রাহীর অধিকারকে হিতগ্রাহীর স্বার্থ বলা হয় এবং যে-দলিলদ্বারা ন্যাস ঘোষিত হয় তাহাকে ন্যাস-দলিল বলা হয়। সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৩ ধারায় বলা হইয়াছে যে, ন্যাস বলিতে প্রত্যেক ধরনের সুম্পট ইন্সিতবোধক অথবা আনুমানিক বিশ্বাসপূর্বক ন্যন্ত মালিকানা অন্তর্ভুক্ত হইবে। যথন কোনো সম্পত্তি জনস্বার্থে উৎসর্গ করা হয় তখন তাহাকে জন্ট্রান্ট বলা হয়। জন্ট্রান্ট মুখের কথায় বা দলিলের মাধ্যমে সৃষ্টি করা যায়। দেওয়ানি কার্যবিধির ৯২ ধারায় বলা হইয়াছে যে, কোনো ধর্মীয় বা দাতব্য উদ্দেশ্যে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সৃষ্ট ট্রাস্ট-প্রতিষ্ঠানের উপর আস্থা বিনষ্ট হইয়া থাকিলে অথবা ট্রাস্ট-প্রতিষ্ঠান পরিচাননার ব্যাপারে আদালতের নির্দেশগ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিলে অ্যাটর্নি-জেনারেন স্বয়ং অথবা তাঁহার লিখিত অনুমতিক্রমে উক্ত ট্রাস্ট্রের সহিত স্বার্থসংশ্লিষ্ট অপর দুই বা ততোধিক ব্যক্তি, বিরোধের সহিত সংশ্লিষ্ট হউন বা না হউন, মূল দেওয়ানি এখতিয়ারসম্পন্ন প্রধান আদালতে বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অপর কোনো আদালতে যাহার স্থানীয় এখতিয়ারের সীমানায় উক্ত ন্যাসের বিষয় বা ইহার অংশ অবস্থিত নিম্নলিখিত বিষয়ে ডিক্রিলাভের জন্য মোকদ্দমা দায়ের করিতে পারেন : (ক) কোনো অছিকে অপসারণ: (খ) নতুন অছি নিয়োগ: (গ) অছির উপর কোনো সম্পত্তি ন্যস্তকরণ; (ঘ) হিসাব দাখিল ও তদন্তের নির্দেশ দান; (ঙ) ন্যাস সম্পত্তির বা তাহার কোনো স্বার্থের কী পরিমাণ অংশ অছি কর্তৃক কোনো বিশেষ উদ্দেশ্যে বণ্টন করা যাইবে তৎসম্পর্কিত ঘোষণা: (চ) ন্যাস সম্পত্তি সামগ্রিক বা আংশিকভাবে ভাড়া দেওয়া, বিক্রয় করা, বন্ধক দেওয়া বা বিনিময় করার ক্ষমতাপ্রদান; (ছ) কোনো পরিকল্পনা কার্যসম্পাদন; (জ) মামলার প্রকৃতি বিবেচনায় প্রয়োজনীয় অন্য কোনোরূপ প্রতিকার ৷ ২ উপধারায় বলা হইয়াছে যে, ১৮৬৩ সালের ধর্মীয় অর্পণ আইনের বিধানে বর্ণিত পন্থায় না হইলে ১ উপধারায় বর্ণিত যে-কোনো প্রতিকারের দাবিতে উক্ত ন্যাস প্রতিষ্ঠান সম্পর্কে ১ উপধারায় বর্ণিত শর্ত পূরণ না হইলে কোনো মোকদ্দমা ১০৯৩ trust for sale

দায়ের করা যাইবে না। ৯২ ধারার মোকদ্দমা প্রতিনিধিত্বমূলক মোকদ্দমার ন্যায় পরিচালিত হয়; এই ধরনের মোকদ্দমা জনগণের স্বার্থে জনকল্যাণমূলক ন্যাস প্রতিষ্ঠানের উপকারার্থে আনীত হয়। Dildar Ahmed Choudhury v. Farroque Ahmed Chowdhury 27 DLR 138 দ্র.। দেওয়ানি কার্যবিধির ৯২ ও ৯৩ ধারা-অনুসারে মোকদ্দমায় সরকারের পূর্ব অনুমতি লওয়া বাধ্যতামূলক। Sree Sunil Kumar Bhattacharjee v. Jatindra Mohan Das 36 DLR 227 দ্র. এতৎসহ trustee দ্র.।

trust corporation নিগমবদ্ধ অছি ইংল্যান্ডের সরকারি অছি অথবা কোনো নিগম
যাহা আদালত কর্তৃক অছির দায়িত্বপালনের জন্য নিযুক্ত অথবা যুক্তরাজ্যে নিগমবদ্ধ
হওয়ায় এবং আড়াই লক্ষ পাউন্ডের বিতরিত মূলধনের মধ্যে অন্ততপক্ষে এক লক্ষ
পাউত পরিশোধিত মূলধন থাকায় স্বয়ংক্রিয়ভাবে সেই দায়িত্ব পালনের অধিকারী।
যে-কার্যে অন্ততপক্ষে দুইজন অছির প্রয়োজন হইত (যেমন, ভূমি বিক্রয়ের জন্য)
সেসব ক্ষমতা নিগমবদ্ধ অছি পরিচালনা করিতে পারেন। পরিশোধকারী ব্যাংক
এবং অন্য প্রতিষ্ঠান, যাহাদের অধীন কোম্পানি আছে, সেগুলি হইতেছে নিগ্মবদ্ব
অছি।

trustee n. অছি, ট্রান্টি বি. ১৮৮২ সালের ন্যাস আইনের ৩ ধারা-অনুসারে, যেবাজি বিশ্বস্ততার সহিত ন্যাস গ্রহণ করেন। সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৩ ধারাঅনুসারে, অছি বলিতে এমন প্রতিটি ব্যক্তি অন্তর্ভুক্ত হইবেন যিনি সুম্পষ্টভাবে,
ইদিতবোধকভাবে অথবা আনুমানিকভাবে বিশ্বাসপূর্বক ন্যন্ত মালিকানার অধিকারী।
১৮৮২ সালের ন্যাস আইনের বিধানাবলি-সাপেক্ষে অছির দায়িত্ব ও ক্ষমতা নিয়ন্ত্রিত
হয়।

Irustee de son tort স্বীয় অবৈধ কর্মে সৃষ্ট ন্যাস ন্যাসের সহিত সম্পর্কহীন কোনো ব্যক্তি যিনি নিজেই অছিরূপে দায়িত্বপালনের ভার গ্রহণ করেন। সেজন্য, যেন তিনি অছি নিযুক্ত হইয়াছিলেন, এইরূপ দায়দায়িত্বের ভাগী তিনি হন।

trust for sale বিক্রয়ের উদ্দেশ্যে ন্যাস হিত্যাহীদের জন্য ন্যাস-সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ সংরক্ষণের জন্য সৃষ্ট এমন একটি ন্যাস, যাহাতে ন্যাস-সম্পত্তির বিক্রয় করিয়া দেওয়া অছির দায়িত্ব। ১৮৮২ সালের ন্যাস আইনের ২২ ধারা-অনুসারে, নির্দিষ্ট সময়ের মধ্যে বিক্রয়ের নির্দেশ পালন না করিয়া অছি যখন তদ্ধেপ সময় আদি-অধিক্ষেত্রসম্পন্ন প্রধান দেওয়ানি আদালতের অনুমোদন ব্যতিরেকে বর্ধিত করেন, তখন সময়বৃদ্ধির জন্য হিত্যাহী ক্ষতিগ্রস্ত হইয়াছেন কি না তাহা প্রমাণের ভার, অছি ও হিত্যাহীর মধ্যে, অনির উপর বর্তাইবে।

trust instrument 30%8

trust instrument ন্যাস-দলিল দলিলে উল্লিখিত-মতে হিত্যাহীদের উপকারার্থ প্রয়োগের জন্য যে-দলিলবলে সৃষ্ট সম্পত্তি অছিতে ন্যন্ত হয়। ন্যাস আইনের ৩ ধারা-অনুসারে, যদি কোনো দলিলমূলে কোনো ন্যাস ঘোষিত হয়, সেই দলিলকে ন্যাস-দলিল বলা হয়। উক্ত আইনের ৫ ধারা-অনুসারে, ন্যাস-প্রণেভার অথবা অছির স্বাক্ষরযুক্ত নিবন্ধনকৃত লিখিত দলিলদ্বারা অথবা ন্যাস-প্রণেভা বা অছির ইচ্ছাপত্রের দ্বারা ভিন্ন স্থাবর সম্পত্তি সম্পর্কে কোনো ন্যাস সৃষ্টি করা যায় না।

- trust land ন্যাস-ভূমি যে-ভূমি ন্যাসাধীন অর্থাৎ যে-ভূমির মালিক ওই ভূমি ন্যাসে নান্ত করিয়াছেন।
- trust power অছির ক্ষমতা কাহাকেও নিযুক্ত করিবার জন্য অছির ক্ষমতা। উচ্চ ক্ষমতা— যাহা দানসূত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি প্রয়োগ করিতে বাধ্য নন— প্রয়োগ করিবেন কি না, সে-সম্পর্কে অবশ্যই অছিদের বিবেচনা করিতে হইবে। সেহেতু
 ..অছির-ক্ষমতাধীনে নিযুক্তদের অধিকার উদ্দেশ্য হিতগ্রাহীদের অধিকারের সমান, বা হয়তো অপেক্ষাকৃত দুর্বল।
- trust property ন্যাস-সম্পত্তি যে-সম্পত্তি ন্যাসাধীন, যাহা সাধারণত অছির অধীনে থাকে (ইহা ন্যাস-দলিলকে অন্তর্ভুক্ত করিতে পারে যাহা ন্যাসকে প্রভাবিত করে)। যদি অবৈধভাবে ন্যাস-সম্পত্তির বিলিব্যবস্থা করা হয় তাহা হইলে হিত্প্রাহীণণ তাহা উদ্ধার করিতে পারেন। ন্যাস আইনের ৩ ধারা-অনুসারে ন্যাসের বিষয়বন্তুকে ন্যাস-সম্পত্তি অথবা ন্যাস-অর্থ বলা হয়। এতৎসহ tracing or following trust property দ্র.।
- trust receipt ট্রান্ট রসিদ কোনো ব্যক্তি কর্তৃক পণ্যের মালিকানা-দলিনের প্রাপ্তিস্বীকারপত্রসহ ব্যাংকের সপক্ষে অর্থ গচ্ছিত রাখার ব্যাপারে প্রদন্ত মুচলেকা।
- trust territory ন্যাসাধীন ভূখও যে-ভূখও পূর্বে লিগ অব নেশনসের কর্তৃত্বাধীন ছিল এবং ১৯৪৫ সালের পর স্বাধীনতার জন্য প্রস্তুত হওয়া পর্যন্ত যাহা জাতিসংঘের ন্যাসাধীন হয়।
- turbary n. জ্বালানি সংগ্রহের অধিকার অপরের ভূমিতে উপস্থত্ব ভোগাধিকার অথবা জ্বালানি হিসাবে ব্যবহারের প্রয়োজনে কয়লাসংগ্রহের নিমিত্ত অপরের ভূমিতে গর্ত খুড়িবার জন্য ন্যস্ত সাধারণ অধিকার।
- turnkey contract প্রকৌশল, সংগ্রহ ও নির্মাণ চুক্তি একটি নির্ধারিত-মূল্য, সময়সূচিনিষ্ঠ নির্মাণ-চুক্তি। ইহার প্রতিনিধিস্থানীয় ব্যবহার লক্ষ করা যায় বিদ্যুৎ উৎপাদন-কেন্দ্র প্রভৃতি একক উদ্দেশ্যমূলক প্রকল্পে। এইরূপ চুক্তিতে ঠিকাদার

নানাবিধ ব্যাপক দায়িত্বপালনে সম্মত হন। যেমন, নকশা, প্রকৌশল, সংগ্রহ ও নির্মাণের ব্যবস্থা করা, চালু করার পদ্ধতি প্রস্তুত করা, কার্য-নিষ্পাদনের পরীক্ষানিরীক্ষা পরিচালনা করা, পরিক্রিয়াঘটিত বিধিবিধান (manual) তৈয়ারি করা এবং কারখানাটি চালাইবার জন্য কর্মীদের প্রশিক্ষণ দেওয়া। ইহা engineering, procurement and construction contract নামেও অভিহিত হয়।

turnover n. মোট বিক্রয়মূল্য, টার্নওভার কোনো ব্যক্তিকর্তৃক কোনো নির্দিষ্ট সময়ে তাঁহার দ্বারা প্রস্তুত বা উৎপাদিত করযোগ্য পণ্যের সরবরাহ বা করযোগ্য সেবা প্রদান ইইতে প্রাপ্য বা প্রাপ্ত সমুদয় অর্থ।

turnover duty হস্তান্তরকালীন কর্তব্য (সমুদ্র আইনে) জাহাজে মালবোঝাই বা জাহাজের মাল খালাস করিবার সময়ে জাহাজ-মালিকের কর্তব্য এই যে, তিনি নিরাপদ কাজের পরিবেশ নিশ্চিত করিবেন এবং যে-সকল যন্ত্রপাতি ও এলাকা তিনি মাল বোঝাই বা খালাসের কাজে নিযুক্ত কর্মীদের নিকট ছাড়িয়া দিতেছেন, উহাদের ক্ষেত্রে যে-কোনো তাপ-প্রকট বিপদের ঝুঁকি সম্বন্ধে তাঁহাদের অবহিত করিবেন।

turnover tax টার্নওভার কর, মোট বিক্রয়্দুল্যের উপর কর ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাসিক বা বার্ষিক মোট বিক্রয়্দুল্যের অনুপাতে আরোপিত কর। এই ভিত্তিতে কর আরোপ করিলে উৎপাদনের উপাদানের ওপর আগে কোনো কর আদায় হইয়া থাকিলে, সেই করের পরিমাণও এই করের অন্তর্ভুক্ত হইয়া যায়। ফলে করের পুনরাবৃত্তি ঘটিতে থাকে। বিক্রয়্মুল্যের উপর কর আরোপ করা হইলে ব্যবসায়িক সংস্থাতলিতে উৎপাদনন্তর সংযুক্তির একটা প্রবণতা দেখা দেয়। ইহার কারণ হইল, এই কর আরোপ করা হইলে একটি উৎপাদন-সংস্থার পক্ষে কোনো একটি মধ্যবতী ব্যবহারের দ্রব্য বাহিরের কোনো ফার্ম, যে ওই দ্রব্যটি বেশি দক্ষভার সহিত উৎপাদন ও সরবরাহ করিতেছে, তাহার নিকট হইতে ক্রয় না করিয়া উৎপাদন-সংস্থাটির ভিতরেই তাহা উৎপাদন করিলে করযুক্ত উৎপাদন-বায় ব্রাস পায়। এই ক্রেটির কথা বিবেচনা করিয়া বেশিরভাগ দেশেই আজকাল মূল্য-সংযোজন কর চালু করা হইয়াছে।

tutelage n. অভিভাবকত্ব বি. ১. সুরক্ষা বা পথনির্দেশনার কার্য । ২. (আন্তর্জাতিক আইনে) জাতিসংঘের মতো কোনো আন্তর্জাতিক সংস্থার রক্ষণাবেক্ষণে বা ব্যবস্থাপনায় থাকিবার অবস্থা।

Twelfth Amendment ঘাদশ সংশোধন ১৯৯১ সালের সংবিধান (দ্বাদশ সংশোধন) আইনবলে রাষ্ট্রপতিকে রাষ্ট্রপ্রধান রাখিয়া সকল নির্বাহী ক্ষমূতা মন্ত্রিপরিষদকে দেওয়া হয়। মন্ত্রিপরিষদের নেতৃত্বে থাকিবেন প্রধানমন্ত্রী। মন্ত্রিসভা যৌথভাবে সংসদের

two-counsel rule ১০৯৬

নিকট দায়ী থাকিবেন। রাষ্ট্রপতি পাঁচ বংসরের জন্য সংসদ-সদস্যগণ কর্তৃক নির্বাচিত হইবেন এবং কোনো ব্যক্তি দুই মেয়াদের বেশি সময় এই পদে থাকিতে পারিবেন না। প্রধানমন্ত্রী ও প্রধান বিচারপতি নিয়োগ ব্যতীত অন্য সকল কাজ সম্পাদনে রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীর সহিত পরামর্শ করিবেন।

two-counsel rule দুই-কৌসুলির নিয়ম কোনো আদালতে কোনো মোকদমা পরিচালনা করিবার জন্য দুইজন কৌসুলি হাজির হইলে আইনজীবীদের শিষ্টাচার-অনুযায়ী নবীন কৌসুলি প্রধান কৌসুলিকে মামলা পরিচালনায় সহায়তা করিয়া থাকেন। বাংলাদেশ বার কাউসিলের পেশাগত আচরণবিধি ও শিষ্টাচারের ১১ বিধিতে অনুরূপ বিধান করা হইয়াছে।

tyranny n. বৈরতন্ত্র বি. যথেচ্ছাচারী ও বৈরতান্ত্রিক সরকার; সার্বভৌম ক্ষমতার কঠোর ও বেচ্ছাতান্ত্রিক প্রয়োগ, সে ক্ষমতা কোনো শাসকের উপর সাংবিধানিকভাবে আরোপিত হউক, কিংবা ওই শাসককর্তৃক সরকারি ক্ষমতাসমূহের বিভাজন ও বটন বিনাশপূর্বক অনধিকারপূর্ব গৃহীত হউক।

Uu

- uberrimae lidei পরম প্রভারাত্মক ইহা এক ধরনের চুক্তি, যাহাতে এক পক্ষের প্রাথমিক কর্তব্য অন্যের নিকট বিষয়বস্তুর প্রাসঙ্গিক গুরুত্বপূর্ণ তথ্যাদি প্রকাশ করা। যেমন, বিমার চুক্তি। অপ্রকাশন চুক্তিটিকে বাতিলযোগ্য করিয়া ভূলে। nondisclosure, insurance ও voidable contract দ্র.।
- ullerior intent গৃঢ় অভিপ্রায় যেসব অপরাধে খোদ অপরাধমূলক কার্যটির অতীত একটি পরিণতি ঘটাইবার অভিপ্রায় থাকা আবশ্যক, উহাদের জন্য অপরাধী মনের একটি উপাদান। গৃঢ় অভিপ্রায়সম্পৃক্ত অপরাধগুলির মধ্যে রহিয়াছে অভিপ্রায়যুক্ত সিঁদেল চুরি এবং অভিপ্রায়যুক্ত জখমকরণ। প্রথমোক্ত ক্ষেত্রে, গৃঢ় অভিপ্রায় হইতেছে গৃহে অনধিকারপ্রবেশ করিয়া চারিটি অপরাধের (চুরি, গুরুতর শারীরিক অনিষ্ট, ধর্ষণ, বা অপরাধমূলক ক্ষতিসাধন) যে-কোনো একটি সংঘটিত করা। mens rea ও actus reus দ্র.।
- ultimatum n. চরমপত্র বি. কোনো সদ্ধি, চুক্তি বা এতৎসংক্রান্ত আলাপআলোচনায় প্রদন্ত সর্বশেষ এবং স্পষ্ট নিঃশর্ত প্রস্তাব। চরমপত্রের নিহিতার্থ এই যে,
 প্রস্তাব প্রত্যাখ্যান করা হইলে আলোচনা ভাঙ্গিয়া যাইতে পারে বা, আন্তর্জাতিক
 আইনে, কূটনৈতিক সম্পর্কের অবসান ঘটিতে, এমনকি যুদ্ধ গুরু হইতে পারে।
- ultra vires ক্ষমতাবহির্ভ্ বিণ. কোনো সরকারি কর্তৃপক্ষ, কোম্পানি বা অন্য কোনো সংস্থার এমন-কোনো কার্য সম্পর্কে প্রয়োগ করা হয়, যাহা উহার উপর অর্পিত ক্ষমতার সীমা অতিক্রম করে। ক্ষমতাবহির্ভ্ত কার্য অসিদ্ধ। ক্ষমতাবহির্ভ্ত তত্ত্ব সকল ক্ষমতা সম্বন্ধে প্রযোজ্য, সে-ক্ষমতা সংবিধির দ্বারা সৃষ্ট হউক আর প্রাতিজনিক দলিল (যেমন, একটি ন্যাসের দলিল কিংবা নিয়োগিত্বের চুক্তি) বা সম্মতিপত্রের দলিলদ্বারা সৃষ্ট হউক। সার্বজনিক (বিশেষত প্রশাসনিক) আইনে ইহা সকল সমাদিষ্ট ও অনুসমাদিষ্ট আইন নিয়ন্ত্রণ করে। intra vires তু.। delegated ও subdelegated দ্র.।
- umpire n. আম্পায়ার বি. বিবাদের মীমাংসার জন্য আহ্ত বা নিযুক্ত নিরপেক্ষ বাজি। ১৯৪০ সালের সালিশি আইন-অনুসারে, আম্পায়ারের কর্তবা ছিল সালিশকারীগণের মতপার্থক্য হইলে সিদ্ধান্ত দেওয়া। সূতরাং সালিশকারীগণের মধ্যে যক্তক্ষণ কোনো মতপার্থক্য না হয় ততক্ষণ পর্যন্ত আম্পায়ারের কোনো ক্ষমতা নাই। ২০০১ সালের সালিশি আইনে আম্পায়ারের বিধান বাতিল করিয়া তিনজন সালিশকারীর মাধ্যমে বিবাদ-মীমাংসার বিধান দেওয়া ইইয়াছে। Mojibul Hoque Meah v. Ali Ahmed 25 DLR 286 দ্র.। এতৎসই arbitration দ্র.।

UN Sobt

UN জাতিসংঘ United Nations দ্ৰ.।

unascertained goods অনিরূপিত পণ্য বিক্রয়-চুক্তি করিবার সময়ে যেসব পণ্য সুনির্দিষ্টভাবে শনাক করা হয় না। যেমন, ১০০০ টন সয়াবিন বিক্রয়ের জন্য একটি চুক্তিতে, বিক্রেতা চুক্তির বর্ণনানুগ যে-কোনো ১০০০ টন সরবরাহ করিতে পারেন। ক্রেতাকে সরবরাহ করিবার জন্য যথাযথ পরিমাণ আলাদা করিয়া রাখা হইলে, পণ্যটি নিরূপিত বলিয়া বর্ণিত হয়। পণ্য নিরূপিত না হওয়া পর্যন্ত ক্রেতার নিকট মানিকান হস্তান্তরিত হয় না। ১৯৩০ সালের পণ্য-বিক্রয় আইনের ২৩(১) ধারা-অনুসারে যে-ক্ষেত্রে অনিরূপিত বা ভবিষ্যুৎ পণ্য বর্ণনার মাধ্যমে বিক্রয়ার্থ কোনো চুক্তি থাকে এবং অর্পণযোগ্য অবস্থায় সেই বর্ণনার পণ্য শর্তহীনভাবে ক্রেতার সম্মতিসহকারে বিক্রেতার দারা বা বিক্রেতার সম্মতিসহকারে ক্রেতার দারা বা বিক্রেতার সম্মতিসহকারে ক্রেতার দারা বা বিক্রেতার সংগতি প্রবিলম্বে ক্রেতার নিকট চলিয়া যায়। উক্ত সংগতি প্রকাশ্য বা অপ্রকাশ্য হইতে পারে এবং উপযোজন করিবার পূর্বে বা পরে তাহা প্রদান করা যাইতে পারে। specific goods তু.।

unauthorized blood collection and transfusion অনন্যোদিত পদ্ধতিতে রক্ত সংগ্রহ ও পরিসঞ্চালন ভূল পদ্ধতিতে রক্ত সংগ্রহ করা, সঠিকভাবে রক্ত সংরক্ষণ না করা, সময়োত্তীর্ণ রক্ত পরিসঞ্চালন করা, কোন্ড চেইন অনুসরণ না করা, ভূল পদ্ধতিতে রক্ত পরিসঞ্চালন করা, বা রক্ত পরিসঞ্চালনের জন্য বিধিদ্বারা নির্ধারিত অন্যান্য পদ্ধতি বা নিয়ম অনুসরণ না করিয়া রক্ত সংগ্রহ ও পরিসঞ্চালন।

unauthorized camping অননুমোদিত ক্যাম্পিং ইহা সংক্ষেপে বিচারযোগ্য একটি অপরাধ। ইংল্যাভের আইনে ভোগদখলকারীর অনুমতি ব্যতীত কোনো জমিতে কিংবা কোনো মহাসড়কের অঙ্গীভূত কোনো জমিতে যানবাহনে ক্যাম্পিং করিলে এবং স্থানীয় কর্তৃপক্ষকর্তৃক প্রদত্ত স্থানত্যাগের নির্দেশ অমান্য করিলে এই অপরাধ সংঘটিত হয়। তিন মাসের মধ্যে উক্ত জমিতে পুনঃপ্রবেশ করাও একটি অপরাধ।

unauthorized occupation অবৈধ দখল ভোগদখলের জন্য যথাযথ অনুমতি
ব্যতীত কোনো ব্যক্তিকর্তৃক সরকারি জায়গা-জমি, ভবন ইত্যাদি ভোগদখলে রাধা।
ইজারার মেয়াদ শেষ হইবার পরে কোনো ব্যক্তিকর্তৃক জমির দখল অব্যাহত রাধাও
ইহার অন্তর্ভুক্ত। অবৈধ দখলে থাকা বলিতে গুরুতেই উক্তরূপ দখল অবৈধ ছিল এবং
কোনো ব্যক্তির দখলে থাকার কালব্যাপী উহা অবৈধ থাকা বুঝায়।

unauthorized provident fund অননুমোদিত ভবিষ্য তহ্বিল provident fund, unauthorized দ্ৰ.।

unavoidable adj. অনিবার্ফ বিদ. অপারহার্য; অবারণীয়। এইরূপ দৈব ঘটনা বা প্রাকৃতিক বিপর্যয়, যাহা কোনোভাবেই রোধ করা যায় না। উচ্চমাত্রার যুক্তিসংগত সতর্কতা সন্তেও যে-বিপর্যয় অনিবারণায়। unavoidable-accident doctrine অবশাস্থাবী দুর্ঘটনা মতবাদ পূর্বে পরিজ্ঞেয়
নহে এবং যুক্তিসংগত সতর্কতা সন্ত্বেও নিবারণ করা যাইত না, এইরূপ দুর্ঘটনার জন্য
কোনো পক্ষকেই দায়ী না করিবার বিধি বা নিয়ম। ইহা অনিবার্য দুর্ঘটনার মতবাদ
নামেও অভিহিত হয়। অধুনা আদালতগুলির প্রবণতা হইল এই মতবাদ উপেক্ষা
করিয়া কর্তব্য, অবহেলা ও নিকটতম কারণ— এই মৌলিক সম্প্রত্যয়গুলির উপর
নির্ভর করা।

uncalled capital অ-তলবী মূলধন বিলিকৃত মূলধনের যে-অংশের অর্থপ্রদানের জন্য শেয়ার-ক্রেতা আহ্বান করা হয় না।

uncertainty n. অনিশ্চয়তা বি. যদি কোনো দলিল বা ইচ্ছাপত্রের ভাষা এইরূপ অস্পষ্ট ও দ্বর্থবাধক হয় যে, তাহার ফলে উহার কোনো সুনির্দিষ্ট অর্থ নির্ধারণ করা যায় না, তাহা হইলে মনজুরি বা দান অনিশ্চয়তার কারণে বাতিল হয়।

unchaste adj. অসভী বিণ, হিন্দু আইনের দায়ভাগ-মতানুসারে, অসতী হইবার কারণে বিধবাসহ সকল মহিলাই উত্তরাধিকার হইতে বঞ্চিত হইবেন। তবে অসতী কন্যা তাঁহার মাতৃসম্পত্তির ওয়ারিশ হইবেন এবং অসতী হইবার কারণে কাহারো ব্রীধন সম্পত্তির ওয়ারিশ হওয়াতে কোনো বাধা নাই। একজন অসতী ব্রী তাঁহার স্বামীর সম্পত্তি হইতে বঞ্চিত হইবেন এবং স্বামী অসতী ব্রীর ভরণপোষণ করিতে বাধ্য নহেন। তবে স্বামীর মৃত্যুর পর তাঁহার ত্যক্ত সম্পত্তিতে উত্তরাধিকারী হইবার পর যদি ব্রী অসতী জীবন যাপন করেন, তাহা হইলে তাহার জন্য ব্রীকে বা বিধবাকে তাঁহার স্বামীর ত্যক্ত সম্পত্তি হইতে বঞ্চিত করা যাইবে না। হিন্দু আইন-অনুসারে একজন অসতী রমণী ধর্মীয় আচার-অনুষ্ঠান পালন করিতে পারেন না বলিয়া তিনি কোনো দত্তক পুত্র গ্রহণ করিতে পারেন না।

UNCID আনসিড দ্রসম্প্রেরণের দারা বাণিজ্যিক উপাত্ত বিনিময়ের জন্য সমরূপ আচরণবিধি। ইলেক্ট্রনিক উপাত্ত বিনিময়ের জন্য ১৯৮৮ সালে আন্তর্জাতিক বণিক সমিতি কর্তৃক প্রণীত Uniform Rules of Conduct for Interchange of Trade Data by Teletransmission নামক বিধিমালা। চুক্তির পক্ষদ্বয় ইচ্ছা করিলে এই বিধিগুলি চুক্তির অঙ্গীভূত করিতে পারে। electronic data interchange (EDI) দ্র.।

uncollected goods অসংগৃহীত দ্রব্যাদি disposal of uncollected goods দ্র.।

unconditional adj. শর্ভহীন, নিঃশর্ভ, নিরস্কুশ বিণ. যাহা কোনো শর্তের দ্বারা সীমিত বা শর্তসাপেক্ষ নহে। হস্তান্তরযোগ্য দলিল আইনের ৫ ধারা দ্র.।

unconditional surrender শর্তহীন আত্মসমর্পণ capitulation দ্র.।

unconscionability n. অবিবেকিতা বি., চরম অযৌদ্ধিকতা একটি
মূলসূত্রবিশেষ, যদনুসারে আদালত এমন কোনো চুক্তি বলবৎকরণে সম্বত নাও ইইতে
পারেন, যাহা চুক্তিসৃজনকালে পদ্ধতিগত কুপ্রয়োগের দরুন চুক্তির অতি-সন্ধানী
শর্তাবলির (বিশেষত যে-সকল শর্ত একপক্ষের প্রতি অসংগতভাবে অনুকৃলে, অথচ
অন্যপক্ষের জন্য কোনো অর্থপূর্ণ বিকল্প নিবারিত করে) দরুন অন্যায় বা
নিপীড়নমূলক।

unconscionable bargain অযৌক্তিক দর-কমাক্ষি catching bargain দ্ৰ.।

unconstitutional adj. অসাংবিধানিক বিণ. সংবিধানের বিপরীত বা উহার পরিপন্থী। যেমন, সংবিধানে নিশ্চিতকৃত বাক্স্বাধীনতা লঙ্ঘন করে, এইরূপ আইন অসাংবিধানিক।

uncontrollable impulse অদম্য মনোবেগ যে-প্রবণতা এমনভাবে অভিভূত করিয়া
ফেলে যে উহাকে প্রতিরোধ করা যায় না। কোনো কোনো এখতিয়ারে মনোবেগর
কবলে থাকাকালে সংঘটিত কোনো অপরাধমূলক আচরণের পক্ষে অদম্য মনোবেগ
একটা সাফাই হিসাবে কাজ করে।

undefended cause প্রতিপক্ষতাহীন মোকদ্দমা ইংল্যান্ডে যে-মোকদ্দমায় বিবাদী

(১) দাবিপত্রের প্রাপ্তিস্বীকার করিতে ব্যর্থ হইয়াছেন; (২) একটি জবাব দাধিল
করিতে ব্যর্থ হইয়াছেন; কিংবা (৩) মোকদ্দমার সমনপ্রাপ্ত হওয়া সত্ত্বেও তনানিতে
হাজির হইতে কিংবা প্রতিনিধি পাঠাইতে ব্যর্থ হইয়াছেন। বিবাদী আত্মপক্ষসমর্থন
করিতে ব্যর্থ হইলে, বাদী আদালতে রায়ের জন্য একটি অনুরোধপত্র পেশ করিয়া
তাহার বিরুদ্ধে আগেভাগে রায় পাইতে পারেন। claim form দ্রা.!

under prep. নিমে, ভিতরে, অধীন কোনো কিছুর অবস্থান অপেক্ষা নিমে কিংবা কোনো পরিমাণ বা মূল্য অপেক্ষা কম। যেমন, পাঁচশ টাকার অপেক্ষা কম মূল্যের বা পাঁচ কেজি অপেক্ষা কম পরিমাণের কিংবা পাঁচ ফুটের অপেক্ষা কম উচ্চতা বা দৈর্ঘ্যের। দুইটি সন্তার মধ্যে তুলনা বুঝাইতে কিংবা একটির সহিত অপরটির সম্পর্কগত অবস্থান বুঝাইতে ব্যবহৃত হয়। যেমন, বাণিজ্যিক ব্যাংকসমূহ বাংলাদেশ ব্যাংকের নিয়ন্ত্রণাধীন বা নিম্ন আদালতসমূহ সুপ্রিম কোর্টের অধীন।

under-invoice ঊন-উদ্ধৃতায়ন রপ্তানিকারক কর্তৃক রপ্তানিকৃত পণ্যাদির মূল্য রপ্তানি-মূল্যের অপেক্ষা কম দেখানো।

underlease n. দর-ইজারা বি. sublease দু.া

under protest আপত্তি সহকারে প্রতিবাদপূর্বক, আপত্তিসহকারে। এই বিশিষ্টার্থক বাক্যাংশ 'দাবিটি বেআইনি বা ন্যায্য পাওনার অতিরিক্ত এবং ভবিষ্যতে সংশোধন করিবার প্রয়োজনীয়তা রহিয়াছে' এইরূপ ঘোষণাসহ কোনো অর্থপ্রদান নির্দেশ করে।)\o\) underwriter

আপত্তিসহকারে' বাক্যাংশটির গুরুত্ব হইল এই যে, ইহা অর্থ-প্রদানকারী ব্যক্তির সুবিধান্তনক অবস্থানের রক্ষাকবচ এবং প্রতিপক্ষ যাহাতে এইরূপ বলিতে না পারে যে, তৎকর্তৃক প্রদন্ত অর্থ বেচ্ছাপ্রণোদিত ছিল, ইহা তাহা নিশ্চিত করে। অর্থপ্রদানের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট ব্যক্তি যদি কোনো দরখান্তে এই কথা উল্লেখ করেন যে, তিনি ইহা কেবল 'আপত্তিসহকারে' গ্রহণ করিতে প্রস্তুত আছেন, তবে ইহাই যথেষ্ট এবং ইহা প্রাপ্তিসীকারপত্রে লিপিবদ্ধ করিবার প্রয়োজন হয় না। ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইনের ১০(২) ধারা-অনুসারে, স্বার্থযুক্ত বিন্য়া স্বীকৃত কোনো ব্যক্তি ক্ষতিপূরণের অর্থের অপর্যাপ্ততা সম্পর্কে আপত্তিসহকারে তাহা গ্রহণ করিতে পারেন।

undertaking n. ১. প্রতিশ্রুভি, অঙ্গীকার বি. আদালতে কোনো পক্ষ বা তাহার আইনজীবীকর্তৃক অপরপক্ষের উপর কোনো সুবিধা বা ছাড়লাভের শর্ভ হিসাবে 'আদালতে প্রদন্ত প্রতিশ্রুভি 'অর্থে এই শব্দটি প্রায়শই ব্যবহৃত হয়। বিশেষত মামলানমোকদ্দমায় এমন প্রতিশ্রুভি, যাহা একটি কর্তব্যবদ্ধন সৃষ্টি করে। একজন সলিসিটর এইরপ প্রতিশ্রুভি তঙ্গ করিলে তিনি শৃঙ্খলামূলক বিধিলজ্ঞানের জন্য দায়ী হইবেন। ২. উদ্যোগ, সংস্থা বি. কোম্পানি, শরিকানা, একক ব্যবসাদার প্রভৃতি ব্যবসা। ইহার দ্বারা কোনো কিছুর অংশবিশেষ নহে, বরং হস্তান্তরযোগ্য কোনো সম্পূর্ণ সংস্থা, নাভের উদ্দেশ্যে পরিচালিত কোনো ব্যবসা-প্রতিষ্ঠান, কিংবা উহা পরিচালনার সর্বময় গায়িত্বভার বৃঝায়। ৩. উদ্যোগ বি. ২০০৩ সালের বাংলাদেশ এনার্জি রেগুলেটিং দমিশন আইনের ২(ক) ধারা-অনুসারে, প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, ইহাতে বিদ্যুৎ উৎপাদন, এনার্জি সঞ্চালন, পরিবহণ, মজুতকরণ, বিতরণ বা সরবরাহের কোনো স্থাপনা বা উহার অংশবিশেষ বৃঝাইবে।

nder way অগ্রসরমাণ বিণ, শুরু হইবার পর আগাইয়া চলিয়াছে, এমন। (বিশেষত জাহাজ সম্বন্ধে) চলিতে শুরু করিয়াছে, এমন।

underwriter n. অবলেখক, দায়গ্রাহক বি. ১. শেয়ারের দালাল, বিনিয়োগকারী, অথবা ব্যাংক বা কোনো আর্থিক প্রতিষ্ঠান অনেক সময়ে শেয়ার বা ঋণপত্র বিক্রয়ের জন্য প্রতিশ্রুতি প্রদানপূর্বক কোম্পানির সহিত চুক্তিবদ্ধ হয়। তাঁহাদিগকে দায়গ্রাহক বা অবলেখক কলা হয়। অবলেখকদের সংস্থা কমিশনের ভিন্তিতে এই কাজ করিয়া থাকে। সাধারণত জনসাধারণ একজন দালালের মাধ্যমে, কেবল একজন দায়গ্রহীতার সহিত কারবার করে। ২. কোনো বিমা কোম্পানি বা লয়েডস সিভিকেটের একজন সদস্য, যিনি সিদ্ধান্ত গ্রহণ করেন যে, একটি নির্দিষ্ট অঙ্কের কিন্তির বিনিময়ে একটি বিশেষ ঝুঁকি গ্রহণ করা হইবে কি না। ৩. কোনো ব্যক্তি, আর্থিক কোম্পানির বা বিমোচন প্রতিষ্ঠান, যাহা প্রমোচনের সময়ে একটি দন্তুরির বিনিময়ে একটি কোম্পানির নির্দিষ্টসংখ্যক শেয়ার ক্রয়ের অস্বীকার করে, যদি জনগণ ওই শেয়ারগুলি ক্রয় না

করে। উভয়ক্ষেত্রে দায়গ্রহীতা অনুদায়গ্রহীতাদের (sub-underwriters) সহিত অনুরূপ বন্দোবস্তের মাধ্যমে তাঁহার দায়িতার অংশবিশেষ হইতে অব্যাহতি লাভ করিতে পারেন। flotation দ্র.।

underwriting n. অবলিখন বি. কোনো কোম্পানি কর্তৃক বাজারে শেয়ার ছাড়ার সময়ে অবিক্রীত শেয়ার ক্রয় করিয়া লইবার অগ্রিম নিশ্চয়তা দান করিবার কাজ।

undischarged bankrupt দায়গ্রস্ত দেউলিয়া যে-ব্যক্তি দেউলিয়া ঘোষিত হইলেও এখনো আদালত হইতে খালাসি আদেশ পান নাই। এইরূপ ব্যক্তি জান্টিস অফ পিস, কাউন্সিলর, সংসদ-সদস্য প্রভৃতি কিছু কিছু পদাধিকারের জন্য অযোগ্য বিবেচিত হন।

undisclosed principal অপ্রকাশ্য নিয়োগকর্তা agent দ্র.।

undivided family অবিভক্ত পরিবার যে-পরিবার আইনানুগভাবে বিভক্ত হয় নাই।
কোনো একজন কর্তার অধীনে বসবাসরত একদল লোক অবিভক্ত পরিবারের
অন্তর্ভুক্ত। ইহার সদস্যগণের মধ্যে একটি গৃহ অবশ্যই অবিভক্ত থাকিতে হইবে।
অবিভক্ত পরিবারের সদস্যগণ অবিভক্ত বসতবাড়িতে স্বতন্ত্র গৃহ নির্মাণ করিলেও ইহা
অবিভক্ত পরিবারের বসবাসের গৃহ হিসাবে গণ্য হয়। একসঙ্গে বসবাসকারী একই
পূর্বপুরুষ ইইতে উদ্ভূত ব্যক্তিগণের যৌথ সংঘ, যাহা সকলের সাধারণ উদ্দেশ্যে
পারম্পরিক স্বার্থ, সামাজিক সুখস্বাচ্ছন্য ইত্যাদির উন্নয়নের প্রতি মনোযোগ দিয়া
যৌথভাবে টিকিয়া থাকে। বাটোয়ারার প্রয়োজনে অবিভক্ত পরিবার যৌথ হিন্দ্
পরিবারের সমপর্যায়ের নহে, বরং উহাদ্যরা সম্পত্তির মালিক কোনো পারিবারিক
সম্পত্তি ভাগ করেন নাই, এইরূপ বুঝায়। 'অবিভক্ত পরিবার' এই বাক্যাংশটি বেশ
বিস্তৃত ও সাধারণ অর্থে ব্যবহৃত, যাহাতে দুইজন মুসলমান কন্যার একজন বাস্তবে
সম্পত্তিতে বসবাস না করিলেও তিনি অবিভক্ত পরিবারের সদস্য বলিয়া বিবেচিত
এবং প্রয়োজনে তাঁহার প্রাপ্য অংশ দখল করিতে পারেন। যখন কোনো পরিবারের
সদস্যগণ কোনো বসতবাটি যৌথভাবে দখল করেন, তখন উহার বিভাজন না হওয়া
পর্যন্ত পরিবারটি উক্ত বসতবাটি সম্পর্কে অবিভক্ত পরিবার হিসাবে গণ্য হন।

undivided shares অবিভক্ত হিস্সা সহ-প্রজাদের মালিকানাধীন সম্পত্তিতে ন্যায়সন্মত স্বত্ব। সম্পত্তিতে প্রত্যেক সহ-স্বত্বাধিকারীর একটি সুনির্দিষ্ট (তবে অবশ্যম্ভাবীরূপে সমান নয়) হিস্সা থাকে, যাহা তিনি অন্যদের হইতে পৃথকভাবে বিলিব্যবস্থা করিতে পারেন। tenancy in common দ্র.।

undue hardship অসংগত দুর্ভোগ অন্যায্য, অনুচিত, অবৈধ, অসমীচীন, বিধিবিরুদ্ধ, কষ্টকর পরিস্থিতি। অন্যথায় সফল হইতে পারে, এমন কোনো যুক্তিসহ দাবি কেবল তামাদিদ্বারা বারিত হইলে অনুচিত কষ্টকর পরিস্থিতির সৃষ্টি হয়। সাধারণত প্রাকৃতিক ন্যায়বিচারের বিঘু ঘটায়, এইরূপ অবস্থাকে অসমীচীন দুর্ভোগ হিসাবে আখ্যায়িত করা হয়।

- undue influence অসংগত প্রভাব সাধারণত কোনো অনিচ্ছুক ব্যক্তিকে কৌশলে বা অনুচিতভাবে চাপ সৃষ্টি করিয়া চুক্তিবদ্ধ করিতে অথবা কোনো কাজ করিতে বাধ্য করা। চুক্তি আইনের ১৬ ধারায় বলা হইয়াছে যে, চুক্তিভুক্ত কোনো পক্ষ যদি তাহার উপর বিদ্যমান বিশেষ সম্পর্কের বলে অপর পক্ষের ইচ্ছার উপর অন্যায় প্রভাব বিস্তার করিতে সমর্থ হয় এবং এইরূপ অবস্থার সুযোগে অন্যান্য কোনো সুবিধা গ্রহণ করিয়া থাকে তাহা হইলে চুক্তিটি অসংগত প্রভাবের অধীনে সম্পাদিত হইয়াছে বলা যাইবে। চুক্তি আইনের ১৯-ক ধারা-অনুসারে অনুচিত প্রভাবে সৃষ্ট চুক্তি বাতিলযোগ্য। দেওয়ানি কার্যবিধির ৬ আদেশের ৪ নিরম-অনুসারে, মামলার কোনো পক্ষ অসংগত প্রভাবের উপর নির্ভ্র করিলে তাহা আরজি জবাবে বিবৃত করিতে হইবে। দওবিধির ১৭১গ (১) উপধারা-অনুসারে, কোনো নির্বাচনাধিকার অবাধে প্রয়োগের ব্যাপারে যেব্যক্তি স্বেচ্ছাকৃতভাবে হস্তক্ষেপ করেন বা হস্তক্ষেপের উদ্যোগ গ্রহণ করেন সেই ব্যক্তি কোনো নির্বাচনা অপরাধ করেন।
- unemployment benefit বেকার-ভাতা ইংল্যান্ডের ১৯৮৬ সালের সংশোধিত সামাজিক নিরাপত্তা আইন-অনুযায়ী পূর্বকালে কিছু কিছু শর্তপূরণসাপেক্ষে একজন বেকারকে প্রদন্ত ভাতাবিশেষ। ১৯৯৬ সাল হইতে ইহার স্থলে কর্মান্থেমী-ভাতা (job seeker's allowance) প্রবর্তিত হইয়াছে।
- unenforceable contract বলবৎ-অযোগ্য চুক্তি ইংল্যান্ডের আইনে যে-চুক্তি বৈধ
 ইইনেও মামলার দ্বারা বলবৎ করা যায় না, কারণ উহা লেখ্য প্রমাণদ্বারা প্রমাণিত নয়,
 একটি পর্যাপ্ত আংশিক নিষ্পাদনমূলক কার্যের দ্বারা সমর্থিত নয়। দুই শ্রেণীর চুক্তি
 ইহার অন্তর্ভুক্ত— গ্যারান্টি এবং ২১ সেন্টেম্বর ১৯৮৯-এর পূর্বে সম্পাদিত জমিবিক্রয়ের চুক্তি। বাংলাদেশে চুক্তি আইনের ২(ছ) ধারা-অনুসারে যে-সমঝোতা বলবৎ
 করা যায় না, তাহাকে পণ্ড বলা হয় এবং ২(ক) ধারা-অনুসারে যে-সমঝোতা বলবৎ
 করা যায়, তাহা একটি চুক্তি।
- unenforceable trust ৰলবৎ-অযোগ্য ন্যাস থে-ন্যাস বৈধ হইলেও একজন হিত্যাহী তাহা সরাসরি বলবৎ করিতে পারেন না। purpose trust प्र. ।
- unexpired adj. অনবসিত বিণ, অবসিত বা সমাপ্ত হয় নাই এমন। সাধারণত মেয়াদ সম্পর্কে ব্যবহৃত হয়।
- unfair competition অন্যাষ্য প্রতিযোগিতা ব্যবসাবাণিজ্যে অসাধু বা প্রতারণাপূর্ণ প্রতিযোগিতা। বিশেষত, কোনো ব্যক্তি কর্তৃক অন্য ব্যক্তির পণ্যের নাম, মার্কা,

আকৃতি, রং, পরিকল্পনা, প্রতীক, নকশা বা অন্যান্য পার্থক্যসূচক বৈশিষ্ট্য নকন ব জাল করিয়া বাজারে নিজ পণ্য প্রতিকল্পিত করিবার প্রচেষ্টা।

unfair consumer practices ভোক্তার প্রতি অন্যায্য আচরণ consumer protection দ্র.।

unfair dismissal অন্যায্য বরখাস্ত একজন কর্মচারীর যে-বরখান্ত একটি শ্রম ট্রাইব্যুনাল অন্যায্য বলিয়া রায় দেন। ইংল্যান্ডের ১৯৯৬ সালের শ্রম-অধিকার আইন-অনুযায়ী কর্মচারীদের অন্যায্যভাবে বরখান্ত না হইবার অধিকার রহিয়াছে, এই শর্ডে যে, তাঁহারা আবশ্যিক কালাবধি নিরবচ্ছিন্নভাবে চাক্রিতে নিযুক্ত ছিলেন এবং তাঁহাদের বয়স ৬৫ বৎসর কিংবা ওই বিশেষ চাক্রির জন্য একজন কর্মচারীর অবসরগ্রহণের বয়স অতিক্রম করেন নাই। বাংলাদেশে ১৯৬৫ সালের শ্রমিক নিয়েগ (স্থায়ী আদেশ) আইনের ২৫ ধারা-অনুসারে শ্রম-আদালত অন্যায্যভাবে বরখাত্ত্রত শ্রমিককে চাকুরিতে পুনর্বহালের আদেশ দিতে পারেন।

Infair labour practice শ্রম-সংশ্রিষ্ট অন্যায্য আচরণ শ্রমিক, মানিক ও শ্রমিক-সংঘের মধ্যকার সম্পর্ক-নিয়ন্ত্রক আইনদারা নিষিদ্ধ যে-কোনো আচরণ। কর্মচারীগণের সুরক্ষিত অধিকারে হস্তক্ষেপ নিয়োগকর্তাকর্তৃক অন্যায্য আচরণ হিসাবে গণ্য হয়, আবার বেআইনি ধর্মঘট আহ্বান করা কর্মচারীগণকর্তৃক অন্যায় আচরণ হিসাবেও গণ্য হয়। ১৯৬৯ সনের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ১৫ ধারায় মালিকের অন্যায্য আচরণ এবং উক্ত অধ্যাদেশের ১৬ ধারায় শ্রমিকগণের অন্যায্য আচরণকে অপরাধ হিসাবে গণ্য করিয়া বিস্তারিত বর্ণনা দেওয়া হইয়াছে। একই অধ্যাদেশের ৫৩ ধারায় শ্রম-সংশ্লিষ্ট অন্যায্য আচরণের বিরুদ্ধে শান্তির বিধান করা হইয়াছে। উক্ত অধ্যাদেশের ৬৪ ধারার বিধানসাপেক্ষে এইসকল অপরাধ শ্রম-আদালতে বা প্রথম শ্রেণীর ম্যাজিক্ট্রেট আদালতে বিচার্য।

unfair prejudice অন্যায্য অপকার একটি কোম্পানি পরিচালনা বা নিয়ন্ত্রণের দায়িত্বে নিয়োজিত ব্যক্তিদের তরফে কোম্পানির সদস্যদের, বিশেষত সংখ্যালঘু সদস্যদের, সম্বন্ধে অন্যায্য আচরণ। ক্ষতিগ্রস্ত যে-কোনো সদস্য ইংল্যান্ডের ১৯৮৫ সালের কোম্পানি আইন-অনুযায়ী আদালতে আবেদন করিতে পারেন এবং এই আইনের দ্বারা প্রদন্ত ক্ষমতাবলে আদালত, উপযুক্ত বিবেচনা করিলে, প্রয়োজনীয় আদেশ জারি করিতে পারেন। বাংলাদেশে ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৩৩ ধারায় সংখ্যালঘ্ব শেয়ারধারকদের স্বার্থরক্ষার বিধান করা হইয়াছে।

unfavourable witness অসহায়ক সাক্ষী যে-পক্ষ তাঁহাকে সাক্ষী দিতে তলব করিয়াছে, উহার প্রতি বৈরিভাবাপনু নন এমন একজন প্রতিকূল সাক্ষী। একজন অসহায়ক সাক্ষীকে ওই পক্ষ জেরা নাও করিতে পারেন। adverse witness ও hostile witness দ্র.। unfit adj. অনুপ্যোগী, অনুপ্যুক্ত, অযোগ্য বিণ. কোনো উদ্দেশ্য বা কার্যের জন্য অনুপ্যুক্ত। যোগ্য নহে, এইরূপ। কেবল শারীরিক অযোগ্যতা নহে, অধিকত্তু মানদিক, আর্থিক এবং নৈতিক অক্ষমতাও বুঝায়। কোনো জামানতদাতা বা জামিনদার ব্যক্তি উপযুক্ত কি না, তাহা বিচারক প্রতিটি মামলার ক্ষেত্রে স্ববিবেচনার দারা নির্ধারণ করিবেন। ফৌজদারি কার্যবিধিতে 'অনুপ্যুক্ততা' শব্দটি পুত্থানুপুত্থরূপে বর্ণনা না করিয়া আইন-প্রণেতাগণ উহা অধন্তন আদালতের স্ববিবেচনার উপর ন্যন্ত করিয়াছেন। অধন্তন আদালতের এতৎসম্পর্কিত আদেশ যুক্তিসংগত কি না, তাহা হাইকোর্ট সকল ক্ষেত্রেই বিবেচনা করিবেন।

unfitness or incompetence অনুপযুক্ততা বা অযোগ্যতা imputation of unfitness or incompetence দ্ৰ.।

unfit to plead অজুহাত-প্রদর্শনে অনুপযুক্ত যদি কোনো আসামির এমন-কোনো অসামর্থ্য (যেমন, মানসিক অক্ষমতা) থাকে, যাহা তাঁহার বিচার-প্রতিবন্ধকতা সৃষ্টি করিতে পারে, তাহা হইলে ওই ব্যক্তিকে এইরূপে বর্ণনা করা হয়। অজুহাত দান করিবার উপযুক্ততার প্রশ্ন উঠিলে (যেমন, দশাপ্রাপ্ত হইয়া বিবাদী মৌন থাকিলে), ইংল্যান্ডে আসামির উপযুক্ততা নির্ণয় করিবার জন্য একটি জুরির তালিকা প্রণয়ন করা হয়। তাঁহারা আসামিকে অসমর্থ বিলয়া রায় দিলে, আদালতকে অবশ্যই আসামিকে কোনো হাসপাতালে ভর্তি করিবার আদেশ প্রদান করিতে হইবে। বাংলাদেশে দৌজদারি কার্যবিধির ৪৬৪-৪৭৫ ধারায় আসামি উন্মাদ হইলে তাঁহার বিচার ও হেফাজত সম্পর্কে বিধান করা হইয়াছে।

unforeseen adj. অদৃষ্টপূর্ব বিণ. অভাবিত; অপ্রত্যাশিত। যাহা আগাম জানা যায় নাই বা আগেই বোঝা যায় নাই। ভূমি অধিগ্রহণ আইনের ১৭(২) ধারা দ্র.।

Uniform Business Rate (UBR) সমরূপ ব্যবসায়িক দর rates দ্র.।

uniform commercial code সমরূপ বাণিজ্য-সংহিতা পণ্যবিক্রয়, প্রাপ্তলগ্নক লেনদেন এবং বিনিময়যোগ্য দলিলসহ বাণিজ্যিক লেনদেন নিয়ন্ত্রণ করিবার জন্য প্রণীত একটি সমরূপ আইন। সংক্ষেপে ইহাকে ইউ. সি. সি. বলা হয়।

unilateral contract একপাক্ষিক চুক্তি যে-চুক্তিতে একপক্ষ অন্যপক্ষের বরাবরে এই বিনয়া অঙ্গীকার করেন যে, অন্যপক্ষ কিছু একটা করিলে বা করা হইতে বিরত থাকিলে, তিনিও কিছু একটা করিবেন কিংবা করা হইতে বিরত থাকিবেন, কিছু প্রতিশ্রুতিগ্রহীতা কিছু করার বা না করার জন্য অঙ্গীকার করেন না। একপাক্ষিক চুক্তির দৃষ্টান্ত হিসাবে উল্লেখ করা যায়, যে-চুক্তিতে প্রতিশ্রুতিদাতা তথ্যপ্রদানের জন্য পুরস্কার দেওয়ার প্রস্তাব করেন। bilateral contract তু.।

unilateral discharge একপাক্ষিক অব্যাহতি accord and satisfaction দ্ৰ.।
unilateral mistake একপাক্ষিক ভ্ৰান্তি mistake দ্ৰ.।

unincorporated body অনিগমবদ্ধ সংস্থা যে-সমিতির সদস্যদের আইনি ব্যক্তিত্ব হইতে পৃথক কোনো আইনি ব্যক্তিত্ব নাই। অংশীদারি কারবার ও ক্লাব অনিগমবদ্ধ সংস্থার দৃষ্টান্ত।

United for Peace Resolution শান্তির জন্য ঐক্যবদ্ধ হইবার সিদ্ধান্ত ১৯৫০ সালে জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক গৃহীত একটি সিদ্ধান্ত, যাহাতে কোনো আচরণ শান্তির প্রতি হুমকি, শান্তিভঙ্গ বা আগ্রাসন কি না, তাহা নির্ণয় করিবার ক্ষমতা সাধারণ পরিষদ অধিগ্রহণ করে। এইরূপ যে-কোনো ঘটনা ঘটিলে, সাধারণ পরিষদ সদস্য-রাষ্ট্রগুলিকে সশস্ত্র বলপ্রয়োগসহ সামাজিক ব্যবস্থাগ্রহণের জন্য আহ্বান করিবার সিদ্ধান্ত গ্রহণ করে।

United Nations জাতিসংঘ ১৯৪৫ সালে জাতিসংঘ সনদদ্বারা লিগ অব নেশনুসের স্থলবর্তী হইবার জন্য প্রতিষ্ঠিত নিউইয়র্ক ও জেনেভা-ভিত্তিক আন্তর্জাতিক সংগঠন। জাতিসংঘের প্রধান প্রধান লক্ষ্য হইতেছে : (১) আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা রক্ষা করা এবং শান্তিপূর্ণ উপায়ে আন্তর্জাতিক বিরোধসমূহ নিষ্পত্তি করা; (২) জাতিসমূহের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের বিকাশ ঘটানো; এবং (৩) অর্থনৈতিক বা সাংস্কৃতিক প্রকৃতির আন্তর্জাতিক সমস্যাগুলি নিম্পত্তির এবং মানবাধিকারের প্রতি শ্রদ্ধাবর্ধনের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা অর্জন করা। জাতিসংঘ সনদের দ্বারা জাতিসংঘের ছয়টি প্রধান অঙ্গ প্রতিষ্ঠান স্থাপিত হয়, যাহাদের মধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ হইতেছে সাধারণ পরিষদ (General Assembly), নিরাপত্তা পরিষদ (Security Council) এবং অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (Economic and Social Council)। সকল সদস্য-রাষ্ট্রের সমবায়ে গঠিত সাধারণ পরিষদ জাতিসংঘের একটি বিতর্ক মঞ্চবিশেষ. ইহা প্রস্তাব গ্রহণ করিতে পারে, কিন্তু গৃহীত প্রস্তাবগুলি সদস্য-রাষ্ট্রগুলির জন্য আইনত অবশ্যমান্য নয়। নিরাপত্তা পরিষদ পাঁচটি স্থায়ী সদস্য (চীন, ফ্রান্স, রাশিয়া, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র) এবং দুই বৎসর মেয়াদের জন্য দশটি অস্থায়ী সদস্য লইয়া গঠিত। ইহার সিদ্ধান্তসমূহ সদস্য-রাষ্ট্রগুলির জন্য অবশ্যমান্য, তবে কোনো প্রস্তাবের বিরুদ্ধে প্রত্যেক স্থায়ী সদস্যের ভেটো প্রয়োগের অধিকার রহিয়াছে।

unit trust একক ন্যাস যে-ন্যাসের মাধ্যমে ক্ষুদ্র বিনিয়োগকারীরা বিভিন্ন ধরনের কোম্পানি ও অন্যান্য বিনিয়োগের শরিকানা ক্রয় করিতে পারেন। এই বিনিয়োগগুলি ন্যাসরক্ষকদের (বিনিয়োগগুলি অধিকারে রাখা এবং আয় সংগ্রহ ও বন্টনের দায়িত্বে নিয়োজিত) অধিকারে থাকে; তাঁহারা তহবিলের ব্যবস্থাপকদের (যাঁহারা

বিনিয়োগগুলি নির্বাচন, ক্রয় ও বিক্রয় করেন) সহিত একটি ন্যাস-চুক্তি সম্পাদন করেন। প্রশাসকগণ বিনিয়োগকারীদের নিকট এককগুলি বিক্রয় করেন। বিনিয়োগকারীরা এইভাবে তাঁহাদের বিনিয়োগের অনুপাতে তহবিলে একটি শরিকানা অর্জন করেন।

unity of personality ব্যক্তিত্বের একত্ব পূর্বকালে ইংল্যান্ডের সাধারণ আইনের এইরূপ মতবাদ যে, আইনের দৃষ্টিতে স্বামী ও স্ত্রী একটি অভিনু ব্যক্তিত্ব। এই মতবাদটি বর্তমানে প্রায় সম্পূর্ণ রহিত করা হইয়াছে। মুসলমান আইন বা হিন্দু আইনে স্বামী ও স্ত্রী একক ব্যক্তিত্ব নয়, বরং পৃথক ব্যক্তিত্ব।

unity of seisin অধিকারিভার একত্ব দুই খণ্ড জমিতে একই ব্যক্তির মালিকানা।
প্রভাবান্তিত ভূম্যধিকার (servient tenement) ও প্রভাববিস্তারকারী ভূম্যধিকার
(dominant tenement) একই মালিকানাধীন হইলে প্রভাববিস্তারকারী
ভূম্যধিকারের হিতার্থে অধীনস্থ ভূম্যধিকারের উপর গমনাগমনের এবং অন্যান্য
অধিকার বিলুপ্ত হইয়া যায়।

Universal Declaration of Human Rights সর্বজ্ঞনীন মানবাধিকারের ঘেষণাপত্র ১৯৪৮ সালে জাতিসংঘকর্তৃক অনুমোদিত একটি আন্তর্জাতিক অধিকারপত্র, যাহা মানবাধিকার ও মৌলিক স্বাধীনতা সম্পর্কে উক্ত সংস্থার প্রথম ঘোষণাপত্র। উহার প্রস্তাবনায় বলা হয় : মানব-পরিবারের সকল সদস্যের অন্তর্নিহিত মর্যাদা এবং সমান ও অবিভাজ্য অধিকারের স্বীকৃতি হইল বিশ্বের স্বাধীনতা, ন্যারবিচার ও শান্তির ভিত্তি।' ঘোষণাটির মধ্যে অধিকার ও মৌলিক স্বাধীনতার ত্রিশ অনুচ্ছেদ-সংবলিত একটি দীর্ঘ তালিকা রহিয়াছে। ঘোষণাটি মাগনাকার্টা, মানবাধিকারের ফরাসি ঘোষণা ও আমেরিকার স্বাধীনতা ঘোষণার সমমানের, যাহা স্বাধীনতা ও মানুষের মর্যাদা প্রতিষ্ঠার জন্য মানবজাতির সুদীর্ঘ সংগ্রামের পথপত্রিক্রমায় একটি মাইলফলক।

unjust enrichment অন্যায্য সমৃদ্ধি quasi-contract দ্ৰ.।

unlawful adj. আইনবিরুদ্ধ, অবৈধ বিণ. ১. যাহা আইনদারা অনুমোদিত নহে; বেআইনি। কোনো কোনো নগরে এলোমেলোভাবে পথচলা বেআইনি। ২. যাহা ফৌজদারি অপরাধ হিসাবে শাস্তিযোগ্য। যেমন, বেআইনি অনুপ্রবেশ। ৩. নৈতিক শ্বলনসম্পূক্ত।

unlawful assembly বেআইনি সমাবেশ দণ্ডবিধির ১৪১ ধারা-অনুসারে পাঁচ বা ততোধিক ব্যক্তির সমাবেশ বেআইনি সমাবেশ বলিয়া গণ্য হয় যদি উক্ত সমাবেশ- গঠনকারী ব্যক্তিগণের উদ্দেশ্য নিম্নরূপ হয়: প্রথমত, অপরাধমূলক বলপ্রয়োগ বা

অপরাধমূলক বলপ্রয়োগের ভান করিয়া সরকার বা আইন-পরিষদ বা কোনো সরকারি কর্মচারীকে অনুরূপ সরকারি কর্মচারী হিসাবে তাঁহার আইনানুগ ক্ষমতাপ্রয়োগের ক্ষেত্রে ভয়াভিভূত করা: অথবা দ্বিতীয়ত, কোনো আইন বা আইনানুগ প্রক্রিয়া বাস্তবায়নে বাধাদান করা; অথবা তৃতীয়ত, কোনো দৃষ্কর্ম বা অপকর্মসূলক অনধিকারপ্রবেশ বা অন্যবিধ অপরাধ অনুষ্ঠান করা; চতুর্থত, কোনো ব্যক্তির প্রতি অপরাধমূলক বলপ্রয়োগ বা অপরাধমূলক কর্মপ্রয়োগের ভান করিয়া কোনো সম্পত্তি অধিকার বা অর্জন করা অথবা কোনো ব্যক্তিকে রাস্তার অধিকার বা পানির ব্যবহার অথবা তাঁহার দখল বা অধিকারভক্ত অন্য কোনো অশরীরী অধিকার হইতে বঞ্চিত করা; অথবা পঞ্চমত, অপরাধমূলক বলপ্রয়োগ বা অপরাধমূলক বলপ্রয়োগের জন করিয়া কোনো ব্যক্তিকে যাহা সম্পাদন করিবার জন্য তিনি আইনত বাধ্য নহেন তাহা সম্পাদন হইতে তাঁহাকে বিরত করা। যে-সমাবেশ মিলিত হইবার সময়ে বেআইনি ছিল না, তাহা পরবর্তীকালে বেআইনি সমাবেশে পরিণত হইতে পারে। ১৪২ ধারা-অনুসারে যদি কোনো ব্যক্তি সম্যকভাবে জ্ঞাত হইয়া স্বেচ্ছাকৃতভাবে বেজাইনি সমাবেশে যোগদান করেন বা উপস্থিত থাকেন, তবে তাঁহাকে বেআইনি সমাবেশের সদস্য বলে। ফৌজদারি কার্যবিধির ১২৭ ধারা-অনুসারে, কোনো বেআইনি সমাবেশ অথবা সর্বসাধারণের শান্তি বিনষ্ট হওয়ার কারণ ঘটাইতে পারে এইরূপ পাঁচ বা ততোধিক ব্যক্তির সমন্তরে গঠিত কোনো সমাবেশের প্রতি কোনো ম্যাজিট্রেট অথবা কোনো থানার ভারপ্রাপ্ত অফিসার ছত্রভঙ্গ হওয়ার আদেশ দিতে পারেন। ১২৭ ধারায় প্রদত্ত নিষেধ সত্ত্তেও কেহ বেআইনি সমাবেশ করিলে তাহা দণ্ডবিধির ১৪৫ এবং ১৫১ ধারা-অনুসারে শান্তিযোগ্য হইবে। violent disorder তু.।

- unlawful compulsory labour বেজাইনি বাধ্যতামূলক শ্রম দণ্ডবিধির ৩৭৪ ধারা-অনুসারে, (১) যে-ব্যক্তি বেজাইনিভাবে কোনো ব্যক্তিকে ইচ্ছার বিরুদ্ধে কোনো শ্রমে বাধ্য করেন, সেই ব্যক্তি এক বৎসর পর্যন্ত কারাদণ্ডে বা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হইবেন।
- unlawfui force বেআইনি বলপ্রয়োগ কোনো ব্যক্তির সম্মতি ব্যতীত তাঁহার বিরুদ্ধে পরিচালিত কোনো মামলার উপযুক্ত অপরাধজনক কর্ম বা অপরাধ ও শান্তি-সম্পর্কিত কর্ম।
- unlawful possession of drugs মাদকের বেআইনি অধিকার controlled drugs দ্র.।
- unlawful sexual intercourse অবৈধ যৌনসংগম ১৬ বংসরের কমবয়সী কোনো নারী কিংবা মানসিক ক্রেটিযুক্ত কোনো নারীর সহিত সংগমসহ যে-কোনো যৌন অপরাধে যে-যৌনসংগম ঘটে। এই প্রসঙ্গে 'অবৈধ' বলিতে বিবাহ-বহির্ভূত সংগম নির্দেশ করে।

لامرز unnatural death

unlawful trust অবৈধ ন্যাস void trust দ্ৰ.।

unlawful wounding অবৈধ জ্বামকরণ যে-জ্বামকরণ বা উদ্দেশ্যপ্রণোদিত জ্বামকরণ অযৌক্তিক। আত্মরক্ষা কিংবা অপরাধীদের গ্রেফতার করিবার জন্য পুলিশকে প্রদন্ত সংবিধিবদ্ধ ক্ষমতার অজুহাত দেখাইয়া ইহা যুক্তিযুক্ত বলিয়া প্রতিপাদন করা যায় না।

- unless conj. যদি না, যদি....না কোনো ঘটনা ঘটিবার শর্ত যোজনপূর্বক কোনো কার্য করিবার বা না করিবার অধিকার সংরক্ষণপূর্বক অঙ্গীকার সম্বন্ধে ব্যবহৃত হয়।
- unless order যদি না আদেশ আদালতকর্তৃক পরিকৃত একটি আদেশ, যাহাতে আদেশে স্নির্দিষ্ট আজ্ঞাগুলি পালন করিবার জন্য কোনো পক্ষকে নির্দেশ দেওয়া হয় এবং একটি নির্দিষ্ট সময়ের মধ্যে আদেশ পালন না করিবার পরিণতিও লিপিবদ্ধ করা হয়।
- unlimited company সীমাহীন দায়যুক্ত কোম্পানি একধরনের নিবন্ধিত কোম্পানি,
 যাহার সদস্যদের দায়িত্ব সীমাবদ্ধ নয়। যেমন, ব্যবসা গুটাইয়া ফেলা হইলে,
 পাওনাদারদের দাবি মিটাইবার জন্য পর্যাপ্ত তহবিলের সংস্থান না হওয়া পর্যন্ত
 কোম্পানি উহার সদস্যদের উপর তাহা দাবি করিতে পারে।
- unliquidated damages অপরিশোধিত ক্ষতিপূরণ damages দ্র.।
- unliquidated debt অনির্ধারিত দেনা আর্থিক মূল্য নির্ধারণ করা হয় নাই, এমন কোনো দায়, বাধ্যবাধকতা বা ঋণ।
- unioading n. মালখালাস বি. কোনো যানবাহন হইতে পণ্যদ্রব্য খালাস করিবার অথবা ভার, বোঝা ইত্যাদি নামাইবার কাজ।
- unmarried adj. অবিবাহিত, অনৃচ বিণ. শব্দটির অভিধানিক অর্থ ইইল 'বিবাহিত নহে', তবে 'কখনও বিবাহিত হয় নাই' অর্থেও ইহা ব্যাখ্যাত ইইয়াছে। দ্বার্থবাধক ও নমনীয় এই শব্দটি সাধারণত উভয় অর্থেই ব্যবহৃত হয়, ফলে প্রসঙ্গ হইতে যথাযথ অর্থ নিরূপণ করিতে হয়। যে-সকল দলিল ও ইচ্ছাপত্রের ক্ষেত্রে কোনো প্রসঙ্গ নাই এবং ইচ্ছাপত্রেটি সম্পূর্ণ বর্ণবিরহিত, সেখানে লোকগ্রাহ্য অর্থই সাধারণত গ্রহণীয়।
- unnatural death অস্বাভাবিক মৃত্যু স্বাভাবিক নহে, এইরূপ পরিস্থিতিতে মৃত্যু।
 কৌজদারি কার্যবিধির ১৭৪ ধারায় পুলিশ-কর্মকর্তাকে আত্মহত্যা ইত্যাদি অস্বাভাবিক
 মৃত্যু সম্পর্কে তদন্তপূর্ব স্মাজস্ট্রেটের নিকট তৎসম্পর্কে প্রতিবেদন প্রেরণ করিতে
 বলা হইয়াছে।

unnatural offence অস্বাভাবিক অপরাধ সাধারণত প্রাকৃতিক নিয়মের বিরুদ্ধে কোনো মানুষ বা পশুর সহিত যৌন সহবাস করিলে যে-অপরাধ হয়। পায়ুকাম ইহার অন্তর্ভুক্ত। বাংলাদেশ দণ্ডবিধির ৩৭৭ ধারায় বলা হইয়াছে যে, যে-ব্যক্তি স্বেচ্ছাকৃতভাবে কোনো পুরুষ, নারী বা জন্তুর সহিত প্রাকৃতিক নিয়মের বিরুদ্ধে যৌন সহবাস করেন, সেই ব্যক্তি যাবজ্জীবন কারাদণ্ডে বা দশ বৎসর পর্যন্ত কারাদণ্ডে দণ্ডিত হইবেন এবং তদুপরি অর্থাদণ্ডেও দণ্ডনীয় হইবেন। এই ধারায় বর্ণিত অপরাধীরণে গণ্য হইবার জন্য যৌন সহবাসের নিমিত্তে অনুপ্রবেশই যথেষ্ট বিবেচিত হইবে। এতৎসহ buggery দ্র.।

unopposed proceedings আপন্তিবিহীন মোকদ্দমা যে-মোকদ্দমার বিরোধিতা করিবার অধিকারসম্পন্ন কোনো ব্যক্তি, তাঁহাকে বিরোধিতা করার সুযোগ দেওয়া সত্ত্বেও, কোনো পদক্ষেপ (কিংবা অধিক কোনো পদক্ষেপ) গ্রহণে ব্যর্থ হন। আপন্তিবিহীন মোকদ্দমা প্রায়শ গরহাজিরহেতু একতরফা রায়ে পর্যবসিত হয়, তবে যে-সকল মোকদ্দমায় প্রার্থিত প্রতিকার কেবল কোনো বিচারঘটিত (judicial determination) মীমাংসার দ্বারা প্রাপ্ত হওয়া সম্ভবপর (যেমন, তালাকঘটিত বিচারকার্যে প্রতিপক্ষতাহীন মামলায়), সেইসকল ক্ষেত্রে এইরূপ না-ও হইতে পারে। in default ও undefended cause দ্র.।

unpaid capital অনাদায়ী মূলধন তলবি মূলধনের যে-অংশ শেয়ার-গ্রহীতাগণ নির্দিষ্ট তারিখের মধ্যে পরিশোধ করেন নাই, উক্ত তারিখ হইতে ওই মূলধনের ওই অংশকে অনাদায়ী মূলধন বলা হইয়া থাকে।

unpaid seller অপ্রাপ্তমূল্য বিক্রেভা, বাকি-বিক্রেভা যে-পণ্যবিক্রেভা তাঁহার বিক্রীত পণ্যের সম্পূর্ণ মূল্য পান নাই কিংবা যিনি এমন-কোনো চেক বা হস্তান্তরযোগ্য অন্য দলিল পাইয়াছেন, যাহা আদৃত হয় নাই। ক্রেভার নিকট পণ্যের মালিকানা হন্তান্তরিত ইইলেও পণ্যগুলি সম্বন্ধে অপ্রাপ্তমূল্য বিক্রেভার কতকগুলি অধিকার রহিয়াছে। পণ্য-বিক্রেয় আইনের ৪৫ ধারায় বলা হইয়াছে যে, (১) এই আইনের প্রেক্ষাপটে পণ্যবিক্রেভা তথন একজন বাকি-বিক্রেভা বলিয়া গণ্য হইবেন— (ক) যখন সমূদ্য মূল্য প্রদান বা প্রদানের প্রস্তাব করা হয় নাই; (খ) যখন কোনো হুন্তি বা অন্য কোনো হন্তান্তরযোগ্য দলিল শর্তসাপেক্ষে পরিশোধ হইয়াছে বলিয়া গৃহীত হয় এবং উক্ষ দলিল অমান্য হইবার কারণে অথবা অন্য কোনো কারণে সম্পূর্ণ হয় নাই। পণ্য-বিক্রয় আইনের ৪৬ ধারায় বলা হইয়াছে যে, পণ্যবিক্রয়ের পর পণ্যম্বত্ব হস্তান্তরিত হইয়া থাকিলেও বাকি বিক্রেভা (ক) তাঁহার দখলে পণ্য থাকাকালে পণ্যের মূল্য বাবদ পণ্য দখলে রাখিবার অধিকারী; (খ) পণ্যের দখল ভ্যাণ করিবার পর পণ্যপরিবহণকালে ক্রেভার দেউলিয়াত্বের ক্ষেত্রে উক্ত পণ্যের গতিরোধ করিবার অধিকারী; এবং (গ) সীমিত আকারে পুনরায় পণ্য বিক্রয় করিবার অধিকারী। যে-

ক্ষেত্রে পণ্যস্বত্ব ক্রেতার নিকট হস্তান্তরিত হয় নাই, সেক্ষেত্রে বাকি-বিক্রেতা অন্য প্রতিকার ছাড়াও তাঁহার প্রাপ্য মূল্য পরিশোধের জন্য পণ্য দখলে রাখিবার অধিকারের অনুরপ ও সমবিস্কৃত পণ্যের অর্পন স্থগিত রাখিবার, এবং যে-ক্ষেত্রে পণ্য ক্রেতার নিকট স্থানান্তরিত ইইয়াছে, সেক্ষেত্রে পরিবহণকালে উহার গতিরোধের অধিকারী। negotiable instrument দ্র.।

unpaid seller's lien অপ্রাপ্তমূল্য বিক্রেভার পূর্বস্বত্ব একজন জমি-বিক্রেভা জমির ক্রম্নুল্য সম্পূর্ণরূপে প্রাপ্ত হইবার পূর্বে ক্রেভাকে জমির দখল দিয়া থাকিলে, ক্রেভার বিরুদ্ধে বিক্রেভার অনুকূলে উদ্ভূত একটি ন্যায়পরভানির্ভর অধিকার। এইরূপ পূর্বস্বত্ব বিক্রেজাকে জমিদখলের অধিকার প্রদান করে না, তবে তিনি যাহাতে ক্রেভার কাছে তাঁহার পাওনা অর্থ আদায় করিতে পারেন, তাহা নিশ্চিত করিবার জন্য জমি বিক্রয়ার্থে তাঁহাকে আদালতের একটি আদেশপ্রাপ্তির অধিকার প্রদান করে। পণ্য-বিক্রয় আইনের ৪৭ ধারায় বাকিতে পণ্য-বিক্রেভার পূর্বস্বত্বের উল্লেখ আছে। possession, equitable right ও lien দ্র.।

unreasonable adj. অযৌক্তিক বিণ. অন্যায্য; যুক্তিহীন; অসংগত; যুক্তিসমত নহে বা যুক্তি মানিতে নারাজ। যুক্তিগ্রাহ্য নহে, এমন।

unreasonable behaviour অযৌজিক আচরণ প্রতিবাদীর যে-আচরণ একটি বিবাহকে অনুদারযোগ্যভাবে ভঙ্গ করিয়াছে ভাহা সাক্ষ্য হিসাবে প্রার্থীর বিবাহকিছেদের জন্য ব্যবহৃত হইতে পারে। আচরণটি বয়ং অযৌজিক হইবার প্রয়োজন নাই; উভয়পক্ষের আচরণ এবং তাহাদের নিজ নিজ ব্যক্তিত্ব ও বৈশিষ্ট্যসমূহ বিবেচনা করিলে, প্রার্থী যে উত্তরবাদীর সহিত বাস করিতে থাকিবেন, এমন প্রভ্যাশা করা যুক্তিসংগত কি না, ভাহাই প্রকৃত মাপকাঠি। আচরণ 'ইতিবাচক' (যেমন, ক্রমাগত পানোনান্তভা, সহিংসভা বা আবেশজ আচরণ) হইতে পারে, 'নেতিবাচক'ও (যেমন, অবহেলা বা ঔদাসীন্য) হইতে পারে। প্রতিবাদী কোনো পীড়ার কারণে ওই আচরণের জন্য দায়ী না হইলেও প্রার্থনা সফল হইতে পারে। ১৯৩৯ সালের মুসলিম বিবাহবিচ্ছেদে আইনের ২(৮) ধারা-অনুসারে, স্বামীর নির্মম বা নিষ্ঠুর আচরণ বিবাহিতা ব্রীকে বিবাহবিচ্ছেদের ডিক্রিলাভের অধিকারী করে।

unreasonable decision অযৌক্তিক সিদ্ধান্ত কোনো প্রশাসনিক এজেন্সির এমন একটি সিদ্ধান্ত, যাহা এত স্পষ্টরূপে ভ্রান্ত যে, উহার ভ্রান্ত প্রকৃতি সম্বন্ধে যুক্তিমান মানুষদের মধ্যে কোনো মতানৈক্য থাকিতে পারে না।

unregistered company অনিবন্ধিত কোম্পানি যে-কোম্পানিকে কোম্পানি আইন-অনুযায়ী নিবন্ধিত না করিয়া অন্যভাবে নিগমবদ্ধ করা হইয়াছে। সংবিধিবদ্ধ কোম্পানি ও বিদেশি কোম্পানি অনিবন্ধিত কোম্পানির অন্তর্ভুক্ত, যাহা ইংল্যান্ডের ১৯৮৫ সালের কোম্পানি আইনের কতিপয় বিধানের কিছু কিছু বিধানের অধীন। company, statutory companies ও foreign companies দ্র.।

unregistered land অনিবন্ধিত জমি ইংল্যান্ডে ভূমি-নিবন্ধন কার্যালয়ে যে-জমির স্বত্ব নিবন্ধিত করা হয় নাই।

unsecured creditor জামানতহীন পাওনাদার যে-ব্যক্তি কোনো জামানতথাও ন ইইয়া অর্থ কর্জ দিয়াছেন। secured creditor তু.।

unsolicited goods অ্যাচিত পণ্য যে-পণ্য এমন-কোনো ব্যক্তির (কোনো ব্যবসায়ী ব্যতীত) নিকট পাঠানো হইয়াছে, যিনি উহা পাঠাইতে বলেন নাই। শুধু অ্যাচিত পণ্য (মানুষের যৌন কলাকৌশলের বর্ণনামূলক লিখিত বা মুদ্রিত বস্তু কিংবা ওইরপ বতুর বিজ্ঞাপন ব্যতীত) প্রেরণ করিলেই কোনো অপরাধ হয় না, তবে সেজন্য মূল্য দাবি করা একটি দণ্ডনীয় অপরাধ।

unsound mind অপ্রকৃতিস্থতা বি. নিজের ভালোমন্দ বা কাজের প্রকৃতি বৃথিতে পারিবার অপারণতা। দপ্রবিধির ৮৪ ধারা-অনুসারে এমন কোনো ব্যক্তি কর্তৃক কৃত কোনো কিছুই অপরাধ নহে, যে-ব্যক্তি অনুরূপ অপরাধ-অনুষ্ঠানকালে অপ্রকৃতিস্থতার কারণে কার্যটির প্রকৃতি সম্পর্কে অবহিত হইতে সমর্থ ছিলেন না অথবা তিনি যে আইনের দৃষ্টিতে অপরাধ বা আইনের পরিপন্থী কাজ করিতেছেন তাহা বৃঝার বা জানার অযোগ্য। চুক্তি আইন-অনুসারে, অপ্রকৃতিস্থ অবস্থায় কোনো ব্যক্তি চৃঠি করিলে তাহা উক্ত আইনের ১৩ ধারা-অনুসারে বাভিলযোগ্য হইবে। তামাদি আইনের ৬ ধারা-অনুসারে, অপ্রকৃতিস্থতা কোনো মোকদ্দমা দায়েরের ক্ষেত্রে বৈধ অপারণতা বিন্যা গণ্য হইবে এবং প্রকৃতিস্থ হইবার পরে মামলার তামাদি গণ্য হইবে। কোনো ব্যক্তি অপ্রকৃতিস্থ ছিলেন কি না তাহা প্রমাণের ভার, সাক্ষ্য আইনের ১০৫ ধারা-অনুসারে, যিনি দাবি করেন, তাঁহার।

unsworn evidence অকৃতশপথ সাক্ষ্যপ্রমাণ ইংল্যান্ডে ১৯৯৯ সালের কমব্যন্ধদের বিচার ও ফৌজদারি সাক্ষ্য আইনের বিধান-অনুযায়ী, কোনো ফৌজদারি মামলায় ১৪ বংসরের কমব্যন্ধ কোনো বালক-বালিকাকর্তৃক প্রদন্ত সাক্ষ্য। বালক বা বালিকাটির সাক্ষ্যপ্রহণের যৌক্তিকতা প্রতিপাদনের জন্য তাহাকে অবশ্যই যথেষ্ট বৃদ্ধিমান হইতে ইইবে এবং তাহাকে সত্যকথনের কর্তব্য উপলব্ধি করিতে ইইবে।

unsworn statement অকৃতশপথ বিবৃতি কাঠগড়ায় একজন আসামিকর্তৃক শপথপাঠ ব্যতিরেকে প্রদন্ত একটি বিবৃতি। এইরূপ বিবৃতির সাক্ষ্যপ্রমাণঘটিত পরিণাম সম্বন্ধে বহু বিতর্ক হইয়াছে, তবে এইরূপ বিবৃতি প্রদানের অধিকার ইংল্যান্ডের ১৯৮২ সালের ফৌজদারি বিচার আইনদারা বাতিল করা হইয়াছে। বাংলাদেশে ফৌজদারি কার্যবিধির ৩৪২ ধারা-অনুসারে, আসামির বিরুদ্ধে প্রদত্ত সাক্ষ্যগ্রহণ সমাও হইবার পর তাহার বিবৃতি শপথপাঠ ব্যতিরেকে গৃহীত হয়।

- until further order পুনরাদেশ না দেওয়া পর্যন্ত যে-পর্যন্ত না অন্য কোনো আদেশ দেওয়া হয়। পুনরাদেশ না হওয়া অবধি; অন্য কোনো আদেশ উচ্চারিত না হওয়া পর্যন্ত।
- unwritten law অণিখিত আইন যে-আইন কখনো সংবিধি বা অধ্যাদেশ আকারে প্রণীত না হইলেও প্রথা বা সামাজিক রীতিনীতিদ্বারা সমর্থিত। ঐতিহ্যগতভাবে, নজিরভিত্তিক আইন ইহার অন্তর্ভুক্ত। মামলার নজিরের প্রয়োগ সরাসরি নয়, এইজন্য ইহা বিচারকের প্রজ্ঞার ব্যবহারদ্বারা নিয়ন্ত্রিত হয়। মামলার নজিরকে অলিখিত আইনের শ্রেণীভুক্ত করা হয়।
- uplift n. উন্নমন বি. একজন সলিসিটর সংশ্লিষ্ট কাজের ব্যয়বাবদ মূল দাবির উপর যে-পরিমাণ দাবি বৃদ্ধি করিতে পারেন। এতৎসহ conditional fee agreement ও costs দ্র.।

urine specimen প্রসাবের নমুনা specimen of urine দ্র.।

- usage n. ১. প্রথা বি, প্রথা হইল এমন নিয়ম যাহা দীর্ঘকাল যাবং বিরামহীন এবং পরিবর্তনহীনভাবে প্রতিপালিত হইয়া যে-কোনো এলাকার বা বিশেষ কোনো প্রেণীর লোকের মধ্যে আইনের শক্তি অর্জন করে। তবে প্রথা সুনির্দিষ্ট হইতে হইবে এবং তাহা অযৌক্তিক এবং সর্বসাধারণের জন্য নির্মিত নীতির পরিপন্থী হইলে চলিবে না। সংবিধানের ১৫২ অনুচ্ছেদে আইনের ক্ষমতাসম্পন্ন যে-কোনো প্রথা বা রীতিও আইন। ২. দস্তুর বি, কোনো বাজার বা ব্যবসায় সুদীর্ঘকালব্যাপী প্রতিষ্ঠিত ও সুবিদিত রীতিনীতি। ইহা ওই বাজার বা ব্যবসায় সম্পাদিত একটি চুক্তির এবং চুক্তির নিহিত শর্তাবলির ব্যাখ্যাকে প্রভাবিত করিতে পারে। implied terms দ্র.।
- use n. ১. হিত বি. পূর্বকালে, গুধু ইংল্যান্ডের চানসারি আদালতে স্বীকৃত, জমির আইনসমত মালিকের বিরুদ্ধে একজন হিতগ্রাহীর অধিকার। মধ্যযুগের সাধারণ আইন কেবলমাত্র আইনসমত অধিকার স্বীকার করিত, যাহার উপর প্রায়শ বিধিনিষেধ

আরোপ করা হইত। কিন্তু যাঁহাদের ব্যবহার বা হিতার্থে জমি দেওয়া হইত, তাঁহার আইনসম্মত মালিক না হইলেও চানসারি আদালত তাঁহাদের সুরক্ষা দিতেন। cestui que use দ্র.। ২. ব্যবহার বি. ১৯৯৫ সালের বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইনের ২(ঝ) ধারা-অনুসারে, কোনো পদার্থের ক্ষেত্রে, উহার উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, ক্রিয়াশীলকরণ, মোড়কজাতকরণ, গুদামজাতকরণ, পরিবহণ, সংগ্রহ, বিনষ্ট, রূপান্তর বিক্রয়ের প্রস্তাব, হস্তান্তর বা এইরূপ পদার্থ-সম্পর্কিত অনুরূপ কোনো ব্যবস্থা।

use and occupation ব্যবহার ও দখল একজন অবৈধ দখলদারকর্তৃক জমির ভোগদখল অথবা ব্যবহার অথবা উভয়। আদালতে মামলার দ্বারা ওই জমির দখল পুনরুদ্ধার করিবার দাবিদার একজন ব্যক্তি বিবাদী কর্তৃক অবৈধ ব্যবহার ও দখনের ক্ষতিপূরণ হিসাবে অর্থও দাবি করিতে পারেন।

use classes ব্যবহারের শ্রেণী development দ্র.।

use of force বলপ্রয়োগ বি. আক্রমণাত্মক সামরিক শক্তিপ্রয়োগ যুদ্ধের শামিল হউক বা না হউক, উহা জাতিসংঘ সনদের ২(৪) ধারা-অনুযায়ী নিষিদ্ধ। এই কঠোর বিধানটির একমাত্র ব্যতিক্রম: (১) বলপ্রয়োগ যদি একটি বলবৎকরণার্থক ব্যবস্থা হয় (জাতিসংঘ সনদের ৭ম পরিচ্ছেদের অন্তর্ভুক্ত ৩৯ ধারা); (২) বলপ্রয়োগ যদি আত্মরক্ষার উদ্দেশ্যে করা হয় (৭ম পরিচ্ছেদের ৫১ ধারা); এবং (৩) বিতর্কিতভাবে, কোনো রাষ্ট্র প্রচলিত আন্তর্জাতিক আইন (৫১ ধারার দ্বারা সংরক্ষিত বলিয়া যুক্তি দেখানো যাইতে পারে)-অনুসারে যদি আত্মরক্ষার্থে বলপ্রয়োগ করে। অন্য যে-কোনো ভিত্তিতে শক্তির আশ্রয় লওয়া আন্তর্জাতিক আইন-অনুযায়ী অবৈধ। enforcement action ও self-defence দ্র.।

user n. ব্যবহার বি. সম্পত্তির ভোগদখল বা ব্যবহার।

use upon a use হিতের উপর হিত ইংল্যান্তে ১৫৩৫ সালের হিতবিষয়ক সংবিধিঅনুযায়ী পরে চানসারি কর্তৃক স্বীকৃত একটি অধিকার। কোনো পরিস্থিতিতে ক খ-এর
হিতার্থ সম্পন্তির অধিকারী হইলে এবং খ গ-এর হিতার্থে উহা অধিকার করিলে,
সংবিধি-অনুযায়ী খ আইনসম্মত মালিক হইতেন কিন্তু তাহা গ-এর দ্বিতীয় হিত
(হিতের উপর হিত) ক্ষুণ্ন করিত না, গ-এর হিতের অধিকার বহাল থাকিত। use দ্র.।

ushr and khiraj উশর ও খিরাজ উশর আরবি শব্দটির অর্থ এক-দশমাংশ। যে-দেশের সকল অধিবাসী ইসলাম ধর্মাবলম্বী, সেদেশের সকল জমির উপর উশর (উৎপন্ন ফসলের দশমাংশ) কর ধার্য করা হয়। উশর প্রদান করা মুসলমানদের জন্য ইবাদত। জাকাতুল আর্দ্র বা ভূমির জাকাত হিসাবে উশর অভিহিত। এই করের বোঝা খুব ভারি নহে এবং সেই কারণে ইহা সকল মুসলমানের উপর আরোপ করা ন্যায়সংগত বলিয়া বিবেচিত। মুসলমানগণ প্রবল বাধা অতিক্রম করিয়া যে-দেশ জয় করেন অথবা যে-দেশ মুসলমানদের নিকট নতিস্বীকার করে, সে-দেশের সকল অধিবাসীর উপর বিরাজ ধার্য করা হয়। বিরাজের হার ছিল সর্বনিম্ন উৎপন্ন ফসলের এক-ষষ্ঠাংশ হইতে সর্বোচ্চ অর্ধাংশ পর্যন্ত।

uslul tiqh উস্পুল ফিক্হ শান্দিক অর্থে ফিক্হের মূলসূত্র। যে-জ্ঞান প্রত্যক্ষ বা সরাসরিভাবে ফিকহ-তত্ত্ব আলোচনা করে, তাহাকে উস্পুল ফিক্হ বলে। সূতরাং আইন বা তৎসংশ্লিষ্ট বিষয়াদির উৎস এবং ওই উৎসসমূহের প্রতিপাদ্য বিষয়ে আলোচনা করাই ইহার কাজ। এই আলোচনার মধ্যে চারিটি প্রধান বিষয়বন্তু অন্তর্ভুক্ত: আইনদাতা (হাকিম), আইন (হুকুম), আইনের বিষয়বন্তু অর্থাৎ কর্ম, অধিকার ও দায়িত্ব (মাহকুম বিহি) এবং যাঁহাদের জন্য আইন তাঁহারা অর্থাৎ ব্যক্তিগণ (মাহকুম আলাইহি)।

usual covenants প্রথাসিদ্ধ করারসমূহ একজন উত্তম দলিললেখক একটি ইজারার যে-সকল কড়ার লিপিবদ্ধ করিতেন। একটি ইজারার সম্বতিপত্রে ইজারার শর্তসমূহ সুনির্দিষ্টভাবে উল্লেখ করা না হইলে, সম্বতিপত্রে একটি নিহিত শর্ত থাকে যে, ইজারায় প্রথাসিদ্ধ কড়ারগুলি বিধৃত থাকিবে। ইংল্যান্ডে নিম্নোক্ত কড়ারগুলি সাধারণত প্রথাসিদ্ধ বলিয়া গৃহীত: ভূম্যধিকারীকর্তৃক ভাড়াটিয়ার নিরুপদ্রব ভোগদখলের নিমিত্ত একটি কড়ার; ইজারাদারকর্তৃক ভাড়া দেওয়া, ইজারাদারের দেয় খাজনা ও কর পরিশোধ করা, গৃহবাটিকাদি উত্তম অবস্থায় রাখা এবং উহার অবস্থা স্বচন্দ্ধে দেখিবার জন্য ভূম্যধিকারীকে প্রবেশ করিতে দেওয়া। ভাড়া পরিশোধ না করা হেতু পুনর্দখলের একটি শর্তও বর্তমান থাকে। অন্য কোনো কড়ার প্রথাসিদ্ধ কি না, তাহা সাক্ষ্যপ্রমাণের বিষয়। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০৮ ধারায় ইজারাদাতা ও ইজারাপ্রহীতার অধিকার ও দায়ের উল্লেখ আছে। agreement, lease, quiet enjoyment ও re-entry দ্রি.।

usually adv. সচরাচর ক্রি. বিণ. কোনো প্রচলিত পদ্ধতিতে; প্রথাগত, প্রতিষ্ঠিত বা প্রায়শ সংঘটিত ব্যবহার-অনুযায়ী। চুক্তি আইনের ১২ ধারা-অনুসারে, যিনি সাধারণত অসুস্থচিত্ত থাকেন অথচ মাঝে মাঝে সুস্থচিত্তর অধিকারী হন, তিনি সুস্থচিত্ত অবস্থায় চুক্তি করিতে পারেন। যিনি সাধারণত সুস্থচিত্তের অধিকারী, কিন্তু মাঝে মাঝে অসুস্থচিত্ত থাকেন, তিনি অসুস্থচিত্ত অবস্থায় কোনো চুক্তি করিতে পারেন না।

usufructuary mortgage খাইখালাসি বন্ধক যে-ব্যক্তির অনুকূলে কোনো খাইখালাসি বন্ধক বিদ্যমান। সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৮(ঘ) ধারা-অনুসারে, যখন দাতা গ্রহীতাকে বন্ধকি সম্পত্তির দখল অর্পণ করেন, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দখল uti possidetis

দিতে নিজেকে বাধ্য করেন, এবং বন্ধকির টাকা পরিশোধ না হওয়া পর্যন্ত দখন রাখিবার অনুমতি দেন, এবং এইরূপ সম্পত্তি হইতে উন্তুত খাজনা ও লাত বা এইরূপ খাজনা বা লাভের অংশবিশেষ গ্রহণের অনুমতি দেন, এবং উহা বন্ধকি টাকার সুদ বা বন্ধকি টাকা পরিশোধের জন্য বা উহার আংশিক সুদ পরিশোধের জন্য এবং আংশিক বন্ধকি টাকা পরিশোধের জন্য ব্যয় করিতে অনুমতি দেন, তখন তাহাকে খাইখালাসি বন্ধকি টাকা পরিশাধের জন্য ব্যয় করিতে অনুমতি দেন, তখন তাহাকে খাইখালাসি বন্ধক বলে। ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৯৫ ধারার বিধানমতে কৃষিজমির খাইখালাসি বন্ধকি ছাড়া অন্য কোনোরূপ বন্ধক চলিতে পারে না। ৯৫ ধারা-অনুসারে, অন্য আইনে যাহাই থাকুক না কেন, কোনো রায়ত তাহার জমি বা জমির অংশ পূর্ণ খাইখালাসি বন্ধকি ছাড়া অন্য কোনোপ্রকার বন্ধক দিবেন না এবং উহার মেয়াদ সাত বৎসরের বেশি হইবে না। তবে ওই মেয়াদের পূর্বে হারাহারি টাকা দিয়া রায়ত তাহার জমিকে বন্ধকমুক্ত করিতে পারিবেন। এই বন্ধক রেজিন্ট্রিকৃত দলিলের দ্বারা হইবে। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের বিধান-অনুসারে, সাত বৎসরের মধ্যে বন্ধকগ্রহীতার বন্ধকি টাকা উসুল না হইলেও তিনি সাত বৎসরের বেশি বন্ধকি সম্পত্তি নিজ দখলে রাখিতে পারিবেন না।

uti possidetis যথাধিগত, যেমন তোমার অধিগত আন্তর্জাতিক আইনে সীমানানিরপণের ক্ষেত্রে সচরাচর প্রযুক্ত একটি মূলসূত্র। একটি উপনিবেশ স্বাধীনতালাত করিলে, ঔপনিবেশিক সীমানাগুলি নৃতন স্বাধীন রাষ্ট্রটির সীমানা বলিয়া গৃহীত হইয়া থাকে। আমেরিকার হিস্পানি উপনিবেশগুলি স্বাধীনতা ঘোষণা করার পর সাময়িক উপযোগিতার স্বার্থে এই রীতি সর্বপ্রথম অবলম্বন করিলেও, সাম্রাক্তাবাদের অবসানের পরে ইহা পৃথিবীর অন্যস্থানেও ব্যবহৃত হইয়াছে। যথাধিগত মূলসূত্রটি যুধ্যমান রাষ্ট্রগুলির স্থাবর সরকারি সম্পত্তির অবস্থান সম্বন্ধেও প্রয়োগ করা হয়। একটি শান্তিচুক্তিতে অন্যপ্রকার ব্যবস্থা করা না হইলে, প্রতিটি পক্ষ, বৈরিতা অবসানের দিনে যে-সকল সম্পত্তি উহার অধিগত ছিল, তাহা নিজের দখলে রাখিবে।

utter Bar কনিষ্ঠ আইনজীবীগণ outer Bar দ্ৰ.।

vacancy n. কর্মখালি, শূন্যাবস্থা বি. ১. কোনো চাকুরি বা পদ শূন্য থাকিবার অবস্থা বা ঘটনা অথবা কোনো সম্পত্তি দখলহীন থাকিবার অবস্থা বা ঘটনা। ২. যেসময়ব্যাপী কোনো চাকুরি, পদ বা সম্পত্তি শূন্য থাকে। ৩. কোনো চাকুরি, পদ বা
সম্পত্তির অপূর্ণ বা দখলহীন অবস্থা; কোনো শূন্যস্থান। যদিও এই শব্দটির দ্বারা
কখনো কখনো সাময়িকভাবে পূর্ণ চাকুরি বা পদকে বুঝায়, তবে অধিকতর প্রচলিত
প্রয়োগে ইহা সেই চাকুরি বা পদ নির্দেশ করে, যাহা সাময়িকভাবেও পূরণ করা হয়
নাই। কোনো কর্মকর্তার অসদাচরণ, এমনকি তাঁহাকে সাময়িক অব্যাহতি প্রদান করা
হইলেও, শূন্যপদ সৃষ্টি করে না। একজন কর্মকর্তা আনুষ্ঠানিকভাবে অপসারিত না
হওয়া পর্যন্ত তাঁহার স্থলে কোনো শূন্যপদ সৃষ্টি হয় না।

vacantia bona উত্তরাধিকারহীন সম্পত্তি bona vacantia দ্র.।

vacant possession রিক্ত দখল লেনদেন সমাপ্ত হইবার পর একজন ক্রেতা জমির একচেটিয়া ব্যবহারের যে-অধিকারপ্রাপ্ত হন, যদি না তিনি অন্য কাহারো দখলের অধিকার-সাপেক্ষে ক্রয় করিবার জন্য চুক্তিবদ্ধ হইয়া থাকেন।

vacate vb. খালি করা, রদ করা ক্রি. বসত তুলিয়া লওয়া; কোনো পদের অধিকার ত্যাগ করা বা কোনো স্থানের দখল ছাড়িয়া দেওয়া। ইহা একতরফা বা একপাক্ষিক কার্যের প্রতি ইঙ্গিত করে এবং এতদুদ্দেশ্যে প্রয়োজন গুধু দখলদার ব্যক্তি-কর্তৃক দখল ছাড়িয়া দেওয়া। কোনো কিছু রদ করা বা বাতিল করা; অকার্যকর করা; কর্তৃত্ববিহীন করা; অসিদ্ধ করা।

vacation bench অবকাশকালীন বিচারক দেওয়ানি আদালত ও সুপ্রিম কোর্টের অবকাশকালে যে-সকল বিচারক গুরুত্বপূর্ণ বিষয় নিষ্পত্তির জন্য আইননির্দিষ্ট পদ্ধতিতে বিচারকার্য করেন।

vacations n. অবকাশ বি. সুপ্রিম কোর্টের যে-কোনো একটি অধিবেশনের সমাপ্তি এবং পরবর্তী অধিবেশনের শুরুর মধ্যবর্তী সময়, অর্থাৎ দীর্ঘ অবকাশ। ক্ষেত্রমতো বড়দিনের অবকাশ, ইন্টারের অবকাশ ও হইট্সান অবকাশ ইহার অন্তর্ভুক্ত। বাংলাদেশ সুপ্রিম কোর্টের দীর্ঘকালব্যাপী ছুটিজনিত বিচারকার্য বন্ধ থাকাকে অবকাশ বলা হয়। যেমন, শরৎকালীন অবকাশ বা শীতকালীন অবকাশ। এতৎসহ sitting দ্র.।

vaccine damage payment টিকাজনিত ক্ষতিপূরণ ব্রিটিশ সরকারের টিকাদান কর্মসূচীর অধীনে প্রদন্ত কোনো টিকা হইতে উদ্ভূত গুরুতর পঙ্গুত্বের ক্ষতিপূরণ হিসাবে ১৯৭৯ সালের ভ্যাকসিনজনিত ক্ষতিপূরণ আইন-অনুযায়ী একবারে প্রদন্ত করমুক্ত অর্থ।

vagabond n. বাউডুলে বি. সাধারণত খাঁহার জীবিকানির্বাহের সৃনির্দিষ্ট পন্থা নাই
এবং যিনি নিজের সম্পর্কে সন্তোষজনক বিবরণ দিতে পারেন না। ফৌজদারি
কার্যবিধির ১০৯ ধারার (৯) উপধারা-অনুসারে, যখন কোনো মেট্রোপলিটান
ম্যাজিস্ট্রেট, উপজেলা ম্যাজিস্ট্রেট অথবা প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট খবর পান যে,
তাঁহার অধিক্ষেত্রের স্থানীয় সীমার মধ্যে এইরূপ কোনো ব্যক্তি রহিয়াছেন, থাঁহার
জীবিকানির্বাহের কোনো প্রকাশ্য পন্থা নাই অথবা যে-ব্যক্তি নিজের সম্পর্কে কোনো
সন্তোষজনক বিবরণ দিতে পারেন না, তখন উক্ত ম্যাজিস্ট্রেট উক্ত ব্যক্তিকে কেন
অনধিক এক বৎসরের জন্য অথবা ম্যাজিস্ট্রেট যত দিনের জন্য মনে করেন,
ততদিনের জন্য সদাচরণের নিমিত্ত জামিনদারসহ মুচলেকা সম্পোদনের আদেশ
দেওয়া হইবে না, এই মর্মে কারণ দর্শাইতে বলিতে পারেন।

vagrant n. ভবঘুরে বি. ইংল্যান্ডে ১৮২৪ সালের ভবঘুরে আইন-অনুযায়ী, 'অলস ও উচ্চ্ছ্ব্লা', 'দুর্বৃত্ত ও বাউভুলে' কিংবা 'অশোধনীয় দুর্বৃত্ত' হিসাবে শ্রেণীকৃত কোনো ব্যক্তি। এই বর্গগুলির প্রথমটির অন্তর্ভুক্ত যে-সকল ফেরিওয়ালা লাইসেন্স ছাড়া ক্রয়বিক্রয় করেন, যে-সকল বারাঙ্গনা সর্বসাধারণের জন্য উন্মুক্ত স্থানে অশোভন আচরণ করেন, এবং যাঁহারা সর্বসাধারণের জন্য উন্মুক্ত স্থানে ভিক্ষা করেন। দুর্বৃত্ত বাউভুলের অন্তর্ভুক্ত যাঁহারা অলস ও উচ্ছ্ব্র্লেল হইবার দরুন দ্বিতীয়বার দোষী সাব্যন্ত ইয়াছেন, যাঁহারা মিথ্যা অজুহাতে দাতব্য অর্থ আদায় করেন, এবং যে-সকল ভবঘুরে লভ্য আশ্রয়স্থলের সদ্যবহার করেন না। অশোধনীয় দুর্বৃত্তদের অন্তর্ভুক্ত যে-সকল ব্যক্তি দুর্বৃত্ত ও বাউভুলে ইইবার দরুন দ্বিতীয়বার দোষী সাব্যন্ত হইয়াছেন। ভবঘুরেদের সাধারণত এক মাস হইতে এক বৎসর পর্যন্ত কারাদণ্ড ইইতে পারে, যদিও গৃহের বাহিরে নিদ্রা যাওয়ার জন্য ভিক্ষুক ও বিচরণকারীদের গুধুমাত্র জরিমানা হইতে পারে। এতৎসহ vagabond দ্র.।

vagueness n. অস্পষ্টতা বি. ১. অর্থের অনিশ্চিত বিস্তার। যেমন, 'যুক্তিসংগত সময়ের মধ্যে' বাক্যাংশটি অস্পষ্টতা দ্বারা পীড়িত— যুক্তিসংগত কী ? যদিও সাধারণভাবে লেখার ক্ষেত্রে বহুলদৃষ্ট, অস্পষ্টতা যথাযথ প্রক্রিয়াঘটিত দুশ্চিন্তার কারণ হয়— কোনটা আবশ্যক এবং কোনটা নিষিদ্ধ সে-বিষয়ে আইন যদি পরিষ্কার করিয়া কিছু না বলে এবং সেই কারণে আইনের বলবৎকরণ অনেকটা স্বৈরবৃত্ত হইয়া পড়ে। ২. (শিথিলভাবে) দ্বার্থকতা।

کردر valuation

vakalatnama n. ওকালতনামা বি. মকেল কর্তৃক আইনজীবী-নিয়োগের পত্র।
দেওয়ানি কার্যবিধির ৩ আদেশের ৪ নিয়মে আইনজীবী-নিয়োগের নিয়মাবলি
রহিয়াছে। ওকালতনামা কর্তৃক অধিকারপ্রাপ্ত হইয়া আইনজীবী মক্কেলের পক্ষে
মোকদমা পরিচালনা করেন।

valid adj. আইনসম্মত, বৈধ বিণ. ১. আইনগতভাবে পর্যাপ্ত, অবশ্যমান্য। যেমন, কোনো বৈধ চুক্তি। ২. যোগ্য বিণ. যেমন, এই মোকদ্দমায় উপস্থাপিত ঘটনার ভিত্তিতে উহাই বৈধ সিদ্ধান্ত।

valid contract বৈধ চুক্তি বৈধ চুক্তি বলিতে আইনদারা কার্যকর চুক্তি বুঝায়। বৈধ চুক্তির ক্ষেত্রে আইনগত দায়দায়িত্বের সৃষ্টি হয় এবং কোনোপক্ষ এইরূপ চুক্তি করিলে তাহার বিরুদ্ধে আইনগত প্রতিকার পাওয়া যায়। বৈধ চুক্তিতে নিয়লিখিত উপাদান থাকিতে হইবে: (ক) বৈধ চুক্তির ক্ষেত্রে সম্পাদনের মূল ভিত্তি হইতেছে পক্ষগণের মতৈকা; (খ) বৈধ চুক্তির ক্ষেত্রে অবশ্যই আইনসংগত পণপ্রবৃত্তি থাকিতে হইবে; (গ) চুক্তিবন্ধ পক্ষগণের চুক্তি করিবার যোগ্যতা থাকিতে হইবে; (ঘ) চুক্তি-সম্পাদনের উদ্দেশ্য কোনো প্রস্তাব পেশ ও গ্রহণের ক্ষেত্রে উভয়পক্ষের স্বেচ্ছাকৃত সম্মতি থাকিতে হইবে; এবং (ঙ) চুক্তির উদ্দেশ্য আইনসংগত হইতে হইবে।

valuable consideration মূল্যবান প্রতিলাভ consideration দ্র.।

valuable security মূল্যবান জামানত দণ্ডবিধির ৩০ ধারা-অনুসারে, মূল্যবান জামানত বলিতে এমন একটি দলিল বুঝায়, যাহা বা যাহার তাৎপর্য হইতেছে যে, উজ দলিলবলে কোনো আইনানুগ অধিকার প্রতিষ্ঠিত, সম্প্রসারিত, হক্তান্তরিত, সীমিত, বিলুপ্ত বা খারিজ করা হয়, অথবা যদ্দারা কোনো ব্যক্তি এই মর্মে স্বীকার করেন যে, তিনি আইনানুগ দায়িত্বাধীন রহিয়াছেন কিংবা তাঁহার কোনো বিশেষ আইনানুগ অধিকার নাই। দণ্ডবিধির ৪৭৬ ধারায় মূল্যবান জামানত, উইল, দন্তকপুত্র-গ্রহণের অনুমতিপত্র ইত্যাদি জাল করিবার জন্য অপরাধীকে যাবজ্জীবন অথবা দশ বৎসর পর্যন্ত কারাদণ্ড এবং অর্থদণ্ড দেওয়ার বিধান রহিয়াছে।

valuation n. মৃল্যনির্ধারণ, মাননির্ণয় বি. ১. কোনো বস্তু বা স্বতন্ত্র মূল্য নির্ধারণ করিবার প্রক্রিয়া। দেওয়ানি কার্যবিধির ৭ আদেশের ১ নিয়ম-অনুসারে, আদালতের এখতিয়ার ও কোর্ট ফি নির্ধারণের উদ্দেশ্যে মামলার বিষয়বস্তুর মূল্য নির্ধারণ করিয়া একটি বিবৃতি অবশাই আরজিতে উল্লেখ করিতে হইবে। ৭ আদেশের ১১ নিয়ম-অনুসারে, যে-ক্ষেত্রে দাবিকৃত প্রতিকারের মূল্য কম নির্ধারণ করা হয় এবং আদালতের নির্দেশক্রমে বাদী নির্দিষ্ট সময়ের মধ্যে উহা সংশোধন না করেন, সেক্ষেত্রে আদালত আরজি প্রত্যাখ্যান করিবেন। দেওয়ানি মোকদ্দমায় নালিশি সম্পত্তির মূল্যনির্ধারণের উপর কোর্ট ফির পরিমাণ এবং কোন আদালতে উক্ত

value \$550

মোকদ্দমা বিচারযোগ্য হইবে তাহা স্থিরীকৃত হয়। নালিশি জমির মূল্য যথাযথভাবে নির্ধারণ করা না হইলে আদালত আরজি প্রত্যাখ্যান করিবেন। ২. কোনো বন্ধু বা স্বতন্ত্র সন্তার হিসাবকৃত বা নিরূপিত মূল্য।

value n. মূল্য বি. consideration দ্ৰ.।

value-added tax (VAT) মূল্য-সংযোজন কর ব্যবসাসূত্রে বহুবিধ পণ্য ও পরিসেব সরবরাহের উপর প্রদেয় করবিশেষ। সোজাসুজি বিক্রয় ছাড়াও, করারোপযোগ্য সরবরাহের অন্তর্ভুক্ত ভাড়া দেওয়া, অধিকার প্রদান এবং ব্যবসার প্রসারকল্পে উপহারসামগ্রী বিতরণ। আমদানিকৃত পণ্যের উপরও মূল্য-সংযোজন কর প্রদেয়। কোনো ব্যক্তি, ব্যবসা-প্রতিষ্ঠান বা সংগঠন নিয়মিতভাবে বংসরে একটি নির্দিষ্ট অঙ্কের অধিক মূল্যের পণ্য বা সেবা সরবরাহ করিলে, তাঁহাকে অবশ্যই তব্ধ ও আবকারি বিভাগে নাম নিবন্ধন করাইতে হইবে। একজন নিবন্ধিত ব্যক্তি বা করারোপযোগ্য ব্যক্তি নামে পরিচিত তাঁহার খরিদদারদের নিকট হইতে সরবরাহকৃত পণ্যের উপর প্রদেয় কর অবশ্যই আদায় করিতে হইবে। ১৯৯১ সালের মূল্য-সংযোজন কর আইনের ৫ ধারা-অনুসারে, ওই আইনের প্রথম তফসিলে উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত বাংলাদেশে আমদানিকত সকল পণ্য এবং উক্ত তফসিলে উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত সকল পণ্যের সরবরাহের উপর এবং দ্বিতীয় তফসিলে উল্লিখিত সকল সেবার উপর ৫ ধারায় বর্ণিত মূল্যের ভিত্তিতে ১৫ শতাংশ হারে মূল্য-সংযোজন কর ধার্য ও প্রদেয় হইবে। ১৯৯১ সালের মূল্য-সংযোজন কর আইনের ৫ ধারা-অনুসারে, (১) পণ্য আমদানির ক্ষেত্রে যে-মূল্যের উপর মূল্য-সংযোজন কর প্রদেয় হইবে তাহা নিরূপণ করা হইবে শুক্ক আইনের ২৫ ধারার অধীন আমদানি শুক্ক আরোপণীয় মূল্যের সহিত আগাম আয়কর ব্যতীত, আমদানি শুব্ধ এবং সম্পুরক শুব্ধসহ অন্যান্য শুব্ধ ও কর (যদি কিছু থাকে) যোগ করিয়া। (২) এই ধারার ৩ উপধারার বিধানসাপেক্ষে, পণ্য সরবরাহের ক্ষেত্রে যে-মূল্যের উপর মূল্য-সংযোজন কর প্রদেয় হইবে তাহা হইবে উক্ত পণ্যের প্রস্তুতকারক বা উৎপাদক কর্তৃক ক্রেতার নিকট হইতে প্রাপ্য পণ যাহাতে প্রস্তুতকারক বা উৎপাদকের যাবতীয় ব্যয় ও তৎকর্তৃক, প্রযোজ্য ক্ষেত্রে, প্রদত্ত কমিশন, চার্জ ও সম্পুরক গুল্কসহ সকল গুল্ক ও কর (মূল্য-সংযোজন কর ব্যতীত) অন্তর্ভুক্ত থাকিবে। (৩) যে-পণ্যের ক্ষেত্রে খুচরা মূল্যের ভিন্তিতে মূল্য-সংযোজন কর আরোপিত হইবে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দারা, সরকার তাহা স্থির করিতে পারিবে এবং মূল্য-সংযোজন কর আরোপের ক্ষেত্রে উক্ত পণ্যের খুচরা মূল্য হইবে উহার প্রস্তুতকারক বা উৎপাদক কর্তৃক সংশ্রিষ্ট কর্মকর্তার অনুমোদনক্রমে, নির্ধারিত সেই মূল্য যাহাতে সকলপ্রকার ব্যয়্ কমিশন, চার্জ, গুল্ক ও কর অন্তর্ভুক্ত থাকিবে এবং উক্ত পণ্যে বিশেষ ছাপ বা চিহ্নযুক্ত করিয়া উহা যে-মূল্যে (যাহা উক্ত পণ্যের গায়ে বা উহার প্রতিটি মোডক, থলিয়া বা কোষে সম্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত করা হয়) সাধারণ ভোক্তাদের নিকট বিক্রয় হইবে। (৪) সেবাপ্রদানের ক্ষেত্রে মূল্য-

۱۱۹۶۱ vandalism

সংযোজন কর ধার্য করা হইবে সর্বমোট প্রাপ্তির উপর: তবে শর্ত থাকে যে, কোনো নির্দিষ্ট সেবার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড বিধির মাধ্যমে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্য করিতে পারিবে। (৫) যে-পণ্যের ক্ষেত্রে বাণিজ্য-বাটা প্রদান করা হয় সেই পণ্যের ক্ষেত্রে, মূল্য-সংযোজন কর আরোপযোগ্য হইবে বাণিজ্য-বাটা প্রদানের পর যে-মূল্যে উহা সরবরাহ করা হয়, সেই মূল্যের উপর, তবে শর্ত থাকে যে, বাণিজ্য বাটা-প্রদানের পর যে-মূল্যে উক্ত পণ্য সরবরাহ করা হয়, উহা চালানপত্রে উল্লেখ করিতে হইবে এবং প্রদন্ত বাণিজ্য-বাটার পরিমাণ সাধারণ ব্যবসা-রীতির সহিত সংগতিপূর্ণ হইতে হইবে। এতৎসহ taxable person দ্র.।

- value added tax officer মূল্য-সংযোজন কর-কর্মকর্তা মূল্য-সংযোজন কর আইনের ২০ ধারার অধীনে নিযুক্ত কোনো কর্মকর্তা।
- value date মৃদ্যপ্রদানের ভারিখ যে-নির্দিষ্ট তারিখে বৈদেশিক বিনিময় ক্রয় বা বিক্রয়ের কথা বা তাহা কার্যকর করিবার কথা উল্লেখ করা হয়। অর্থাৎ যে-তারিখে উভয়প্রকার মুদ্যা অর্পিত হয়। আন্তর্জাতিক রীতি-অনুযায়ী, লেনদেন সম্পন্ন হইবার দুইদিন পরে অর্পণ সংঘটিত হয়।
- valued policy নির্ণীতমূল্য বিমাপত্র যে-বিমাপত্রে বিমাকৃত সম্পত্তির উভয়পক্ষের সমত মূল্য সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়। একটি বিমাপত্রে বিমাকৃত অঙ্ক বলিয়া একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ উল্লেখ করা হইলেই উহা নির্ণীতমূল্য বিমাপত্র হয় না, কেননা উহা বিমাকৃত ব্যক্তি-কর্তৃক মূল্যের একটি প্রাক্কলনমাত্র। নির্ণীতমূল্য বিমাপত্রের সারকথা হইতেছে এই যে, উহা উভয়পক্ষসম্বত একটি মূল্যায়নের ভিত্তিতে সম্পাদিত এবং ওই মূল্যায়ন চূড়ান্ত। সম্পত্তি ক্ষতিগ্রন্ত হইবার সময়ে বিমাপত্রে উল্লিখিত মূল্য উহার প্রকৃত মূল্যের অপেক্ষা অধিক হইলেও বিমাকৃত ব্যক্তি বিমাপত্রে উল্লিখিত সম্পূর্ণ অর্থ প্রাপ্ত হইবেন।
- value received মূল্য প্রাপ্ত একটি হন্তিতে সন্নিবিষ্ট হইতে পারে, এমন দুইটি শব্দ, যাহার দারা নির্দেশ করা হইয়া থাকে যে, হন্তিপ্রেরক প্রাপকের নিকট হইতে কিংবা গ্রহীতা হন্তিপ্রেরকের নিকট হইতে মূল্য প্রাপ্ত হইয়াছেন। এইরপ শব্দ আবশ্যিক নয়। হন্তিতে যেসব ব্যক্তির স্বাক্ষর রহিয়াছে, তাঁহারা প্রত্যেকে উক্ত মূল্যের সহিত সংশ্লিষ্ট একটি পক্ষ বলিয়া পরিগণিত হইবেন, যদি না ইহার বিপরীত প্রমাণিত হয়। bill of exchange দ্র.।
- vandalism n. ধাংসোনান্ততা বি. সম্পত্তির বিকৃতি বা ক্ষতিসাধন। নিছক
 ধাংসোনাত্ততা বলিয়া কোনো অপরাধ নাই, তবে ইহা সাধারণত অপরাধমূলক
 ক্ষতিসাধনের মতো একটি অপরাধ। দগুবিধির ৪২৬ ধারা-অনুসারে, যে-ব্যক্তি
 কোনো সম্পত্তি নষ্ট করেন বা তাহার অনিষ্টসাধন করেন, সে-ব্যক্তি তিনমাস পর্যন্ত
 কারাদও বা অর্থদতে বা উভয়বিধ দতে দণ্ডিত হইবেন। criminal damage দ্র.।

variance ১১२२

variance n. অসংগতি বি. মামলার বিবরণভূক্ত বিবৃতিগুলির মধ্যে কিংবা মামলার বিবরণভূক্ত কোনো বিবৃতি এবং বিচারকালে উহার সমর্থনে উপস্থাপিত সাক্ষ্যপ্রমাণের মধ্যে কোনো গরমিল। আধুনিক রীত্যনুসারে, সংশোধনীর দ্বারা ইহা শোধন করা যায়। amendment দ্ব.।

variation of trust ন্যাসের রদবদল একজন ন্যাসরক্ষক সাধারণত ন্যাসের সুম্পষ্ট শর্তাবলি-অনুসারে ন্যাস কার্যকর করিতে বাধ্য। তিনি ব্যর্থ ইইলে, তাঁহার হিতভোগীরা তাঁহার বিরুদ্ধে মামলা করিতে পারেন। তবে কিছু কিছু পরিস্থিতি (আদালতের নিজ এখতিয়ার এবং সংবিধি-অনুযায়ী) আছে, যখন একটি ন্যাসের রদবদল করা যাইতে পারে। ইংল্যান্ডে ১৯৫৮ সালের ন্যাসের রদবদল আইলে ন্যাসের রদবদল করার জন্য আদালতকে ব্যাপক স্ববিবেচনার অধিকার দেওয়া ইইয়াছে, (সাধারণত) এই শর্তে যে, আদালত যাঁহাদের পক্ষে কাজ করিতেছেন, রদবদল করা হইবে তাঁহাদের হিতার্থে। বাংলাদেশে ১৯২৫ সালের উত্তরাধিকার আইনের ২৬১ ও ২৬২ ধারা-অনুসারে আদালত কতিপয় ক্ষেত্রে প্রোবেট বা প্রশাসনপত্র সংশোধন করিতে পারেন।

vary vb. পরিবর্তন করা ক্রি. পরিবর্তিত হওয়া। সংশোধন করা; বদল করা; অদলবদল করা।

VAT মূস ক value-added tax দ্.।

vehicle n. যানবাহন বি. motor vehicle দ্ৰ.।

vehicle construction and maintenance যানবাহন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ যানবাহন নির্মাণ এবং তৎপরবর্তী রক্ষণাবেক্ষণের জন্য আনুপুঙ্খিক নিয়মাবনি রহিয়াছে, যাহা অমান্য করা ইংল্যান্ডে একটি ফৌজদারি অপরাধ। প্রধান প্রধান নিয়ম ব্রেক ও ন্টিয়ারিং-ব্যবস্থা, আয়না, ওয়াইপার ও ওয়াশার, পেট্রোল-ট্যাংক, দরজার কজা ও অর্গল, সাইলেঙ্গার, দূষণ-নিবারণ, ইভিকেটর, গতিমাপক যন্ত্র, আলাে ও টায়ারের সহিত সম্পৃক্ত। মােটরযানের ব্যবহার নিয়্তরণ করিবার জন্যও বিধিবিধান রহিয়াছে। ব্রেক, ক্টিয়ারিং-ব্যবস্থা বা টায়ার সম্পর্কিত নিয়মাবনি লজ্ঞান করা কিংবা নির্মাণ, রক্ষণাবেক্ষণ বা ব্যবহার সম্পর্কিত কোনাে বিধান বিপজ্জনকভাবে লজ্ঞান করা পৃষ্ঠাঙ্কনদারা শান্তিযােগ্য একটি অপরাধ। বাংলাদেশে ১৯৮৩ সালের মােটরযাান অধ্যাদেশের ৮২ ধারা-অনুসারে প্রত্যেকটি মােটরযান এমনভাবে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করিতে ইইবে যাহাতে উহা সর্বদা চালকের কার্যকর নিয়্তরণে থাকে। endorsement দ্র.।

vehicle insurance যানবাহন-বিমা ১৯৮৩ সালের মোটরযান অধ্যাদেশের ১০৯ ধারায় তৃতীয় পক্ষের ঝুঁকির জন্য বিমার প্রয়োজনীয়তার এবং ১১০ ধারায় এইরূপ বিমার শর্ত ও দায়ের উল্লেখ করা হইয়াছে। third-party insurance দ্র.।

১১২৩ venire de novo

vehicle interference যানবাহনে হস্তক্ষেপ interfering with vehicles দ্ৰ.।

vendee n. ক্রেতা বি. নিবন্ধিত দলিলের মাধ্যমে যিনি কোনো স্থাবর সম্পত্তি ক্রয় করেন।

- vendor n. বিক্রেডা বি. যিনি বিক্রয় করেন। বিশেষত, নিবন্ধিত দলিলের মাধ্যমে যিনি কোনো স্থাবর সম্পত্তির স্বতু বা অধিকার হস্তান্তর বা বিক্রয় করেন।
- vendor and purchase summons ক্রেডা ও বিক্রেডার উদ্দেশে সমন একটি
 লমি-বিক্রয়্টুজির দুই পক্ষের মধ্যে কোনো বিষয়ে মতানৈক্যের দরুন চুক্তি সম্পাদন
 ব্যাহত হইলে, পক্ষগুলি যাহাতে চুক্তি সম্পাদন করিতে পারে, সেই উদ্দেশ্যে একটি
 বিনর্দেশ চাহিয়া বিচারকের নিকট আবেদন করিবার একটি পদ্ধতি। চুক্তির শর্তাবলির
 ব্যাখ্যাঘটিত প্রশ্নাদির মীমাংসার জন্য ইহা প্রায়শ ব্যবহার করা হইয়া থাকে। সুনির্দিষ্ট
 প্রতিকার আইনের ১২ ধারা-অনুসারে চুক্তি বলবৎকরণের জন্য আদালতে নালিশ
 দায়ের করা যায়।
- vendor's charge বিক্রেতার দায় সম্পত্তি-হস্তান্তর আইনের ৫৫ ধারার ৪(খ) উপধারা-অনুসারে, যে-ক্ষেত্রে সম্পূর্ণ মূল্যপরিশোধের পূর্বে সম্পত্তির মালিকানা ক্রেতার নিকট চলিয়া গিয়াছে, সেক্ষেত্রে ক্রেতা বা ক্রেতার নিকট হইতে বিনামূল্যে গ্রহীতা বা মূল্য বাকি থাকা সম্পর্কে অবহিত কোনো গ্রহীতার নিকট রক্ষিত উক্ত সম্পত্তির উপর মূল্যের বকেয়া টাকার ও দখলপ্রদানের তারিখ হইতে বকেয়া টাকার সুদের দায় সৃষ্টি করিতে পারিবে।
- vendor's lien বিক্রেডার পূর্বস্বত্ব পণ্য-বিক্রয় আইনের ৪৭ হইতে ৪৯ ধারায় বিক্রেডার পূর্বস্বত্ব সম্পর্কে বর্ণনা করা হইয়াছে।
- venereal disease যৌনব্যাধি বি. যৌনসংগমের মাধ্যমে সঞ্চারিত যে-কোনো সংক্রামক ব্যাধি (যেমন, এইচ আই তি সংক্রমণ, সিফিলিস বা গনোরিয়া)। স্বামী বা প্রী যদি বিবাহকালে, তাঁহার পত্নী বা পতির অজ্ঞাতসারে, কোনো যৌনব্যাধিতে পীড়িত হইয়া থাকেন, তাহা হইলে ইংল্যান্ডে ইহা ওই বিবাহ বাতিল করিবার একটি কারণ বলিয়া গণ্য হয়। স্বামী বা স্ত্রী ইতিপূর্বে যৌনব্যাধিগ্রস্ত না হইয়া থাকিলে, বিবাহের পরে যৌনব্যাধিতে আক্রান্ত হওয়ার সাক্ষ্যপ্রমাণ আপাতদৃষ্টে ব্যাভিচারের একটি প্রমাণ হইতে পারে। বাংলাদেশে ১৯৩৯ সালের মুসলিম বিবাহবিচ্ছেদ আইনের ২(৬) ধারা-অনুসারে, স্বামী দীর্ঘ দুই বৎসর যাবৎ পাগল হইলে অথবা কুষ্ঠ কিংবা ভয়ানক ধরনের উপদংশ রোগে ভূগিলে স্ত্রী বিবাহবিচ্ছেদের ডিক্রিলাভের অধিকারী হইবেন।
- venire de novo আবার আসা বিচারকার্যে কোনো মৌলিক ক্রটির কারণে (যেমন, মামলা দায়েরে প্রয়োজনীয় সম্মতি আদায় করিবার ব্যর্থতা) একটি অভিযোগপত্রভিত্তিক বিচার বাতিল করিয়া এবং একটি নৃতন বিচারের আদেশ দিয়া

verbals 5538

ইংল্যান্ডের কোর্ট অফ আপিল (ফৌজদারি বিভাগ)-কর্তৃক জারিকৃত আদেশ। পূর্বে ইহা ছিল নৃতন জুরিদের দারা মামলাটি নৃতনভাবে বিচার করিবার ব্যবস্থা গ্রহণ করিবার জন্য শেরিফের উদ্দেশে একটি রিট বা নির্দেশ (venire lacias de novo juratores)। new trial দ্র.।

- verbals n. বাচন বি. পুলিশের উপস্থিতিতে একজন আসামিকৃত যে-কোনো মন্তবা। পুলিশ ইহা লিখিয়া রাখে এবং বিচারকালে ইহা সাক্ষ্যপ্রমাণ হিসাবে পড়িয়া তনানো যাইতে পারে। এতৎসহ caution দ্র.।
- verdict n. সিদ্ধান্ত, অভিমত বি. ১. কোনো ফৌজদারি বা দেওয়ানি বিচারে জুরির
 নিকট উপস্থাপিত বিষয়াদি সম্বন্ধে উহার সিদ্ধান্ত। জুরির নিকট যে-সকল প্রশ্ন
 উপস্থাপন করা হয়, উহাদের প্রত্যেকটির সম্বন্ধে আদালতের নিকট পৃথক সিদ্ধান্ত
 প্রদান করিতে বলা হয়। উত্তরটি সাধারণত জুরিদের মুখপাত্র দিয়া থাকেন। জুরিগণ
 সিদ্ধান্ত গ্রহণ করেন গোপনে এবং ওই সিদ্ধান্ত কীভাবে গৃহীত হইয়াছে, সে-বিষয়ে
 পরবর্তীকালে কোনো তদন্ত করা যায় না। ২. একজন করোনারের সুরতহানের
 সিদ্ধান্ত। inquisition ও jury দ্র.।
- verification n. সত্যাখ্যান বি. কোনো বিষয়ের সত্যতানিরূপণ। যেমন, চাকুরিতে
 নিযুক্ত ব্যক্তি কর্তৃক প্রদন্ত ব্যক্তিগত তথ্যাবলির সত্যতানিরূপণ। দেওয়ানি কার্যবিধির
 ৬ আদেশের ১৫ নিয়ম-অনুসারে, বর্তমানে প্রচলিত কোনো আইনে অন্যরূপ বিধান
 না থাকিলে, প্রত্যেক আরজি বা জবাবের নিম্নে সংশ্লিষ্ট পক্ষ বা পক্ষগণের একজন
 অথবা অপর কোনো ব্যক্তি, যিনি মামলার ঘটনা সম্বন্ধে জ্ঞাত বলিয়া আদানতের
 নিকট সন্তোষজনকভাবে প্রমাণিত, তিনি সত্যাখ্যান করিবেন। এতৎসহ attestation
 ও confirmation দ্ব
- verification of pleadings আরজি-জবাব সত্যাখ্যান দেওয়ানি কার্যবিধির ৬ আদেশের ১৫ নিয়ম-অনুসারে, (১) বর্তমানে প্রচলিত কোনো আইনে অন্যরূপ বিধান না থাকিলে প্রত্যেক আরজি বা জবাবের নিম্নে সংশ্লিষ্ট পক্ষ বা পক্ষগণের একজন বা অপর কোনো ব্যক্তি যিনি মামলার ঘটনা সম্বন্ধে জ্ঞাত বলিয়া আদালতের নিকট সন্তোষজনকভাবে প্রমাণিত, তিনি আরজি-জবাব সত্যাখ্যান করিবেন। (২) যে-ব্যক্তি অনুরূপভাবে আরজি-জবাব সত্যাখ্যান করিবেন, তিনি উক্ত আরজি-জবাবের অনুচ্ছেদসংখ্যা উল্লেখপূর্বক নির্দিষ্ট করিয়া বলিবেন যে, কোনগুলির সত্যতা তিনি সজ্ঞানে এবং কোনগুলির সত্যতা তাঁহার বিশ্বাস-অনুযায়ী সত্য তথ্যের তির্ত্তিতে সত্যাখ্যান করিতেছেন। (৩) যে-ব্যক্তি অনুরূপভাবে আরজি-জবাব সত্যাখ্যান করিবেন তিনি উহাতে স্বাক্ষর দিবেন এবং স্বাক্ষরদানের তারিখ ও স্থান উল্লেখ করিবেন।

vernacular n. দেশি ভাষা কোনো দেশের বা উহার কোনো অঞ্চলের জনসাধারণ যে-ভাষায় কথা বলে। ১৯০৮ সালের নিবন্ধন আইনের ৭৯ ধারা-অনুসারে, দেয় ফিসের তালিকা সরকারি গেজেটে প্রকাশিত হইবে এবং উহার এক কপি ইংরাজিতে ও আরেক কপি জেলার নিজস্ব ভাষায় সাধারণের জ্ঞাভার্থে প্রত্যেক সাব-রেজিট্রি অফিসে ও জেলা রেজিন্ত্রি অফিসের প্রকাশ্য স্থানে লটকাইয়া রাখিতে হইবে।

vertical agreement উল্লম্ব চুক্তি বাণিজ্যের ভিন্ন ভিন্ন স্তরে ব্যবসা-প্রতিষ্ঠানসমূহের মধ্যে চুক্তি। যেমন, সরবরাহকারী ও পরিবেশকদের মধ্যে কিংবা পাইকারি ও খুচরা বিক্রেতাদের মধ্যে চুক্তি। horizontal agreement তু.।

vertical union উন্নয় সংঘ industrial union দ্ৰ.।

vessel n. নৌযান বি. জেনারেল ক্লজেজ অ্যাক্টের ৩(৫৬) ধারা-অনুসারে, নৌযানের অন্তর্ভুক্ত হইতেছে নৌচালনায় ব্যবহৃত কোনো জাহাজ, নৌকা বা অন্য কোনো বর্ণনার নৌযান। দণ্ডবিধির ৪৮ ধারা-অনুসারে, জাহাজ বলিতে মনুষ্য বা সম্পত্তি পরিবহণের জন্য নির্মিত যে-কোনো জল্যান বঝাইবে।

vest vb. ন্যন্ত করা ক্রি. ১, কোনো ব্যক্তিকে জমির আইনসম্মত মালিকানা প্রদান করা। ২, কোনো ব্যক্তিকে আইনসম্মত অধিকার প্রদান করা।

্পested in interest শরিকানায় ন্যস্ত সম্পত্তিতে ভবিষ্যৎ শরিকানায় একটি বর্তমান অধিকার নির্দেশক। যেমন, কেহ যদি ইচ্ছাপত্রের দ্বারা ক-এর আজীবন এবং ক-এর অবর্তমানে তাঁহার প্রথম পুত্রের ভোগের জন্য সম্পত্তি রাখিয়া যান, তাহা হইলে, ইচ্ছাপত্রকারের মৃত্যুকালে ক নিঃসন্তান হইলে, ক-এর প্রথম সন্তানের জন্মের সঙ্গে সঙ্গে ওই সম্পত্তিতে তাঁহার অধিকার শরিকানায় ন্যন্ত এবং তাঁহার শরিকানা একটি ন্যন্ত উদ্বর্ত (vested remainder) হইবে। সম্পত্তি-হন্তান্তর আইনের ১৯ ধারা-অনুসারে, যে-ক্ষেত্রে সম্পত্তি-হন্তান্তর দ্বারা কোনো ব্যক্তি বরাবরে কোনো স্বার্থ সৃষ্টি করা হয় এবং কোন সময় উহা কার্যকর হইবে সে-সম্বন্ধে কিছু বলা না হয়, অথবা উহা তৎক্ষণাৎ কার্যকর হইবে বলিয়া পরিক্ষার বলা থাকে, অথবা বলা থাকে যে, অবশাস্থাবী কোনো ঘটনা ঘটিলে উহা কার্যকর হইবে, সেক্ষেত্রে হন্তান্তরের শর্তাবলিতে বিপরীত কোনো অভিপ্রায় প্রকাশ না পাইলে। এইরূপ স্বার্থ ন্যন্ত স্বার্থ হিসাবে গণ্য হইবে। ন্যন্ত স্বার্থর ক্ষেত্রে দখল পাওয়ার পূর্বে হন্তান্তরমগ্রহণকারী মারা গেলেও উক্ত স্বার্থ ব্যর্থ হইবে না। ন্যন্ত স্বার্থ দুই প্রকারের: (ক) উপভোগের অধিকার বাদে ন্যন্ত স্বার্থ, এবং (খ) উপভোগের অধিকারসহ ন্যন্ত স্বার্থ। vested in possession ত্র।

vested in possession দখলে ন্যস্ত সম্পন্তিতে শরিকানা ভোগ করিবার একটি অব্যবহিত অধিকার নির্দেশক। vested in interest ভূ.। vested property অর্পিত সম্পত্তি ১৯৬৫ সালে ভারত ও পাকিস্তানের মধ্যে যুক্ত আরম্ভ হইলে যে-সকল ব্যক্তি পাকিস্তান ত্যাগ করিয়া ভারতে বসবাস করিতেছিলেন তাঁহাদের পরিত্যক্ত সম্পত্তি পাকিস্তান সরকার শত্রু সম্পত্তি হিসাবে ঘোষণা করে। ১৯৭৪ সাল হইতে শক্র সম্পত্তির নতুন নাম দেওয়া হয় অর্পিত সম্পত্তি। ১৯৮৫ সালের ৬ সেপ্টেম্বর পাকিস্তানের কেন্দ্রীয় সরকার পাকিস্তান প্রতিরক্ষা অধ্যাদেশ জারি করে। এই অধ্যাদেশের ৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে একই তারিখে পাকিস্তান প্রতিরহ। বিধিমালা প্রণয়ন করা হয়। এই বিধিমালার ১৮২ বিধির (১)(খ) উপবিধিতে প্রদত্ত ক্ষমতাবলে পূর্ব পাকিস্তানের গভর্নর ১৯৬৫ সালের ৩ ডিসেম্বর একটি আদেশ জারি করেন। এই আদেশে উক্ত বিধিমালার ১৬৯(৪) বিধি-অনুসারে শক্রসম্পত্তি হিসাবে চিহ্নিত সকল জমি ও সেগুলির উপরে অবস্থিত ভবন ও অস্তাবর সম্পত্তি শক্রসম্পত্তির উপ-তত্ত্বাবধায়ক বরাবর ন্যন্ত হইবে বলিয়া উল্লেখ করা হয়। ৩ ডিসেম্বর ১৯১৫ তারিখ হইতে উপ-তত্ত্বাবধায়ক বরাবর ন্যন্ত স্থাবর ও অস্থাবর সম্পত্তি বিক্রয়, বিনিময়, দান, উইল, বন্ধক, ইজারা, উপ-ইজারা বা অন্য কোনো প্রকারে হয়তং নিষিদ্ধ করা হয় এবং এই আদেশের পরিপন্তী যে-কোনো প্রকার হস্তান্তর অবৈধ ও অকার্যকর ঘোষণা করা হয়। পূর্ব পাকিস্তানের গভর্নর ৮ জানুয়ারি ১৯৬৬ তারিখে ১৯৬৬ সালের পূর্ব পাকিস্তান শক্র সম্পত্তি (জমি ও ইমারত) প্রশাসন ও নিপাত্তিকরণ আদেশ জারি করেন। এই আদেশে তত্ত্বাবধায়ক, উপ-তত্ত্বাবধায়ক ও সহকারী তত্ত্বাবধায়কদের অনধিক একবংসর ভিত্তিতে ইজারা প্রদান করা হয়। পূর্ব পাকিস্তানের ভূমি রেকর্ড ও জরিপ বিভাগের পরিচালককে শক্র সম্পত্তির উপ-তত্তাবধায়ক (জমি ও ইমারত), এবং জেলা প্রশাসকদের সহকারী তত্তাবধায়ক হিসেবে নিয়োগ করা হয়। পরবর্তীকালে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এবং মহকুমা প্রশাসকদেরও সহকারী তত্ত্বাবধায়করপে নিয়োগ করা হয়। ১৯৬৬ সালের ১৫ ফ্রেন্সারি পাকিস্তানে জম্মরি অবস্থা তুলিয়া লইবার পর পাকিস্তান প্রতিরক্ষা অধ্যাদেশ এবং পাকিস্তান প্রতিরক্ষা বিধিমালার কার্যকরতা ও বৈধতা রহিত হইয়া যায়। পাকিস্তান প্রতিরক্ষা বিধিমালার ধারাবাহিকতা রক্ষার্থে ১৬ ফেব্রুয়ারি ১৯৬৯ তারিখে শক্রু সম্পত্তি (জর্মুর বিধানসমূহের ধারাবাহিকতা) অধ্যাদেশ জারি করা হয়। এই অধ্যাদেশটি শত্রু সম্পত্তি ব্যবস্থাপনায় এক নৃতন অধ্যায়ের সূচনা করে এবং ১৯৭১ সালে বাংলাদেশের অভাূদয় পর্যন্ত তাহা অব্যাহত থাকে i ১৯৭৪ সালে শত্রু সম্পত্তি (জরুরি বিধানসমূহের ধারাবাহিকতা রক্ষাকরণ (রহিতকরণ)) আইন পাশ করা হয়। পূর্বে তত্ত্বাবধায়ক-বরাবর ন্যস্ত সকল শত্রু সম্পত্তি এই আইনবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারে অর্পিত হয় এবং শক্র সম্পত্তি অর্পিত সম্পত্তি হিসাবে পরিগণিত হয়। ১৯৭৬ সালে এই আইনটি সংশোধন করিয়া একটি অধ্যাদেশ জারি করা হয়। অধ্যাদেশে সরকার-বরাবরে অর্পিত সকল শত্রু সম্পত্তির প্রশাসন, নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা, হস্তান্তর ইত্যাদি সরকার অথবা সরকার-নির্দেশিত কর্মকর্তা বা কর্তৃপক্ষের উপর ন্যন্ত করা হয়। ৬. ৯. ১৯৬৫ হইতে ১৬ ২ ১৯৬৯ তাবিখেব মধ্যে শিক্ত সম্পত্তি'র সংজ্ঞার্থে যে-সম্পত্তি

পড়ে তাহা ব্যতীত অন্য সম্পত্তিকে অর্পিত সম্পত্তি হিসাবে গণ্য করা যায় না। Dulichand Omraolal v. Bangladesh 33 DLR (AD) 30 দ্র.। ২০০১ সালের অর্পিত সম্পত্তি-প্রত্যর্পণ আইনের ২৯ক ধারা-অনুসারে, 'অর্পিত সম্পত্তি' অর্থ অর্পিত সম্পত্তি আইনের অধীনে সরকারে নাস্ত সম্পত্তি।

vested remainder ন্যস্ত অবশিষ্টাংশ vested in interest দ্ৰ. ।

- vested rights ন্যস্ত অধিকার একজন ব্যক্তি যে-সকল অধিকার অর্জন করিতে পারেন বা না-ও করিতে পারেন, তাহাদের সহিত বৈপরীত্যক্রমে, যে-সকল অধিকার তাঁহার উপর বর্তাইয়াছে। অনুমান করা হইয়া থাকে যে, ন্যস্ত অধিকারে হস্তক্ষেপ করা, বিশেষ করিয়া বিনা ক্ষতিপূরণে, সংসদের আইনের অভিপ্রায় নহে। interpretation of statutes দ্র.।
- vesting assent অর্পণের সম্মতিপত্র যে-লেখ্যপত্রের দ্বারা ইংল্যান্ডে বন্দোবন্তকৃত জমির মালিকানা একজন প্রয়াত আজীবন ইজারাদার বা সংবিধিবদ্ধ মালিকের ব্যক্তিগত প্রতিনিধিদের নিকট হইতে বন্দোবন্ত-অনুযায়ী ওই সম্পত্তির অধিকারী হিত্যাহীর নিকট হস্তান্তরিত হয়। settled land দ্র.।
- vesting declaration ন্যস্তকরণের ঘোষণা নৃতন অছি নিয়োগপূর্বক সম্পাদিত একটি দলিলে এই মর্মে একটি ঘোষণা যে, ন্যাসাধীন সম্পত্তি তাঁহাদের উপর ন্যস্ত ইইবে, অর্থাৎ তাঁহাদের দখলে থাকিবে।

vesting deed অর্পণের দলিল settled land দ্র.।

- vesting order অর্পণাদেশ বি. ভূমিতে একটি আইনসমত স্বার্থ সৃষ্টি বা হস্তান্তর করিয়া ইংল্যান্ডের হাইকোর্টের একটি আদেশ। এইরূপ আদেশ জারি করা যাইতে পারে, দৃষ্টান্তস্বরূপ, যদি একজন ন্যায়পরতানির্ভর বন্ধকগ্রহীতা তাঁহার বিক্রয়ের অধিকার প্রয়োগ করেন। আদালত সম্পন্তিটি ক্রেতার নিকট অর্পণ করিয়া একটি আদেশ জারি করিতে পারেন।
- veterinary adj. পশুরোগ-বিষয়ক গৃহপালিত প্রাণীর রোগসম্বন্ধীয়। বিজ্ঞান ও কৃৎকৌশলের যে-শাখার উপজীব্য পশুপ্রাণীর রোগ ও আঘাত বা জখম নিবারণ, নিরাময় বা লাঘব করা।
- veto n. ভেটো বি. ১. (আন্তর্জাতিক আইনে) কার্যপ্রণালিসংক্রান্ত নয়, এমন যে-কোনো প্রস্তাবে অসম্মতি জ্ঞাপনের ক্ষমতা, যাহা জাতিসংঘের নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী সদস্য-রাষ্ট্রকে প্রদন্ত হইয়াছে (কার্যপ্রণালিসংক্রান্ত বিষয়াদিতে এইরূপ কোনো ক্ষমতা নাই)। এই ক্ষমতাবলে একটি সদস্য-রাষ্ট্র প্রস্তাবটি বার্থ করিয়া দিতে

vexatious action

পারে। ২. (ইউরোপীয় ইউনিয়ন আইনে) কোনো ব্যবস্থার সপক্ষে সর্বসমত সিদ্ধান্তের প্রয়োজন হইলে, ইউরোপীয় ইউনিয়নের পরিষদে আইনপ্রণয়নে কোনো সদস্য-রাষ্ট্র কর্তৃক বাধাদানের ক্ষমতা।

vexatious action হ্যরানিকর মামলা, অকারণ মামলা যে-মামলা বিপদ্ধে উত্যক্ত করিবার জন্য রুজু করা হইয়াছে এবং যাহা সফল হইবার যুক্তিসংগত সম্বাবনাই। যে-ব্যক্তি নিয়মিতভাবে এইরূপ মামলা দায়ের করেন, তাঁহাকে হ্যরানিক্য মামলাবাজ বলা হয়। দেওয়ানি কার্যবিধির সংশোধিত ৩৫ক ধারা-অনুসারে, আপিদ নহে, এমন কোনো মোকদ্দমা বা ডিক্রিজারিসহ অন্য কোনো কার্যধারার কোনো শহ্ম যদি অপরপক্ষের দাবি বা অজুহাতকে বা তাহার কোনো অংশকে মিথ্যা বা হয়রানিক্র বিলয়া আপত্তি উত্থাপন করে এবং তাহার পর যদি ওই দাবি বা অজুহাত আংশিক বা সম্পূর্ণভাবে প্রত্যাখ্যাত হয়়, তখন আদালত যুক্তি লিপিবদ্ধ করিয়া এহেন দাবি বা অজুহাতকে মিথ্যা বা হয়রানিকর সাব্যন্ত করিয়া আপত্তিকারীকে ক্ষতিপূরণয়রূপ এমন খরচ প্রদানের আদেশ দিবেন, যাহা আদালতের আর্থিক এখতিয়ারের সীমা অতিক্রম না করিয়া বিশ হাজার টাকা পর্যন্ত হইতে পারে।

vexatious delay বিরক্তিকর বিলম্ব কেবল সন্দেহের ভিত্তিতে বিমাপত্রের দাবি
মিটাইতে কোনো বিমা কোম্পানির অযৌক্তিক অম্বীকৃতি। বিশেষত, যেখানে দাবিটি
যে-অসদুদ্দেশ্যপ্রণোদিত, তাহা প্রমাণ করিবার পক্ষে কোনো জোরালো তথ্য নাই।

vexed question বিরক্তিকর প্রশ্ন ১. যে-প্রশ্ন সম্পর্কে প্রায়শ বাদানুবাদ হয়, কিছু
যাহা আপাতদৃষ্টিতে কখনো মীমাংসিত হয় না। ২. এমন কোনো প্রশ্ন বা বিষয়, যাহা
বিভিন্ন ট্রাইব্যুনাল বা আদালত ভিন্ন ভিন্ন ভাবে মীমাংসা করিয়াছেন এবং সেইছেড়
সন্দেহের অবকাশ রহিয়া গিয়াছে।

vicarious liability পরার্থ দায় অন্য কোনো ব্যক্তি (সাধারণত একজন কর্মচারী, তবে কখনো কথনো একজন স্বাধীন ঠিকাদার বা নিয়োগী)-কর্তৃক সংঘটিত পূরণযোগ্য ক্ষতি বা অপরাধের জন্য কোনো ব্যক্তির উপর আরোপিত আইনগত দায়িতা, যদিও প্রাতিনিধিকভাবে দায়ীকৃত ব্যক্তি ব্যক্তিগতভাবে দোয়ী নহেন। একজন নিয়োগকর্তা তাঁহার কর্মচারীগণকর্তৃক সংঘটিত অনিস্টের জন্য প্রাতিনিধিকভাবে দায়ী ইইবেন, যদি তিনি উহা করিবার জন্য ক্ষমতা অপণ করিয়া থাকেন বা উহা অনুমোদন করিয়া থাকেন কিংবা যদি কর্মচারীদের কার্যসূত্রে অপকার সংঘটিত হইয়া থাকে। উদাহরণস্বরূপ, একজন মালিকের নিয়ুক্ত মোটরচালক দুর্ঘটনা ঘটাইয়া কোনো ব্যক্তির ক্ষতিসাধন করিলে মোটরযানের মালিক ক্ষতিপূরণ প্রদানের জন্য দায়ী হইবেন।

vicarious performance পরার্থ সম্পাদন performance of contract দ্র.। vicarious responsibility পরার্থ দায়িত্ব vicarious liability দ্র.।

१११४ video evidence

vice n. ১. পাপ, ব্যসন বি. দোষ, খুঁত, অধর্ম, অনাচার, ব্যভিচার, ব্যাধি, কু-অত্যাস। ২. উপপ্রাতিষ্ঠানিক প্রধানের স্থলে প্রতিনিধিত্ব করিবার জন্য নিয়োগকৃত প্রতিপুরুষ সম্বন্ধে বলা হয়। যেমন, উপ-রাষ্ট্রপতি, উপাধ্যক্ষ, উপাচার্য।

- vicinity n. নৈকট্য বি. সন্নিকর্ষ; সামীপ্য। সন্নিহিত অঞ্চল বা আশেপাশের এলাকা।
 শব্দটি আপেক্ষিক তাৎপর্য বহন করে এবং উহার প্রতি আরোপিত বিশেষ সংবিধিবদ্ধ
 গুরুত্বের অবর্তমানে শব্দটিকে উহার সাধারণ বা অভিধানিক অর্থেই গ্রহণ করিতে
 ইইবে। কোনো বর্ণিত এলাকা হইতে ভিনু পার্ম্ববর্তী এলাকা।
- victim n. শিকার, বলি বি. (মানবাধিকার আইনে) মানবাধিকার বিষয়ক ইউরোপীয় কনভেনশন-বিরোধী কোনো করণ বা অকরণের দ্বারা প্রকৃতপক্ষে ও প্রত্যক্ষভাবে ক্ষতিগ্রন্ত কিংবা প্রত্যক্ষভাবে ক্ষতিগ্রন্ত হইবার ঝুঁকিসম্পন্ন কোনো ব্যক্তি। কেবল এইরূপ শিকারদেরই আইনগত ব্যবস্থাগ্রহণের অধিকার রহিয়াছে। Human Rights Act দ্র.।
- victimization n. প্রতিহিংসাম্বক শান্তি যেখানে সংশ্রিট শ্রমিক বা কর্মচারী নির্দোষ হওয়া সত্ত্বেও শান্তিপ্রাপ্ত, কারণ তিনি কোনোভাবে তাঁহার নিয়োগকর্তাকে অসন্তুষ্ট করিয়াছেন। উদাহরণস্বরূপ, নিয়োগকর্তার স্বার্থের হানি ঘটায়, এইরূপ কার্যকলাপে দুরাগ্রহক্রমে জড়িত শ্রমিক-সংঘের সক্রিয় সদস্য হওয়া। যেখানে কোনো কর্মচারী কোনো অপরাধ করিয়াছেন, কিন্তু তাঁহাকে অপরাধের আপেক্ষিক গুরুত্বের অনুপাতে অধিক শান্তি দেওয়া হইয়াছে, যেহেতু উপরে বর্ণিত পদ্ধতিতে তিনি নিয়োগকর্তার অসন্তোষ বা বিরাগভাজন হইয়াছেন। প্রতিহিংসাত্মক শান্তিপ্রাপ্ত ব্যক্তি ইহার স্বাভাবিক অর্থে পক্ষপাতদৃষ্ট এবং স্বেচ্ছাচারী কার্যের শিকার।
- victuals n. খাদ্যসামগ্রী, রসদ বি. জীবনধারণের জন্য আবশ্যকীয় খাদ্যদ্রব্য । মানুষের খাদ্যের যে-কোনো উপাদান, যাহা অন্যান্য উপাদানের সহিত মিশ্রিত হইয়া খাদ্য প্রস্তুত করে। ভবিষ্যৎ প্রয়োজন মিটাইবার জন্য খাদ্যের সংস্থান।
- video evidence ভিডিও সাক্ষ্যপ্রমাণ সরাসরি ভিডিও সংযোগের মাধ্যমে কিংবা পূর্বধারণকৃত ভিডিওতে সাক্ষীদের সাক্ষ্যপ্রমাণ। ইংল্যান্ডে দেওয়ানি মামলার জন্য, বার কাউনসিল কর্তৃক জারিকৃত একটি ভিডিও সম্মন্ত্রণা প্রোটোকলে হাইকোর্টে ভিডিও সম্মন্ত্রণার যন্ত্রপাতি ব্যবহারের জন্য শর্তাবলি উপস্থাপন করা হয়। দৃষ্টাভ্যম্বরূপ, বিদেশবাসী একজন সান্ধীর সাক্ষ্য ভিডিও টেপে ধারণ করা যাইতে পারে, কিংবা সরাসরি সংযোগের মাধ্যমে সরবরাহ করা যাইতে পারে, যদিও উহা গ্রহণ করা না করা আদালতের স্ববিবেচনার বিষয়। বাংলাদেশে সাক্ষ্য আইনের বিধান-অনুসারে ভিডিও ক্যাসেট দলিলবিশেষ, সেইজন্য তাহা সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য। Mrs. Khaleda Akhter v. State 36 DLR 275 দ্র.। ২০০২ সালের আইনশৃঙ্গলা-

বিঘুকারী অপরাধ (দ্রুত বিচার) আইনের ১৪ ধারা-অনুসারে, কোনো পুলিশ বা আইন-প্রয়োগকারী বাহিনীর সদস্য বা অন্য কোনো ব্যক্তি এই আইনে বর্ণিত কোনে অপরাধ সংঘটন বা সংঘটনের প্রস্তুতিগ্রহণ বা উহা সংঘটনে সহায়তাসংক্রান্ত কোনো ঘটনার চলচ্চিত্র বা স্থিরচিত্র ধারণ বা গ্রহণ করিলে বা কোনো কথাবার্তা বা আলাপ-আলোচনা টেপ রেকর্ডে বা ডিস্কে ধারণ করিলে উক্ত চলচ্চিত্র বা স্থিরচিত্র বা টেপ বা ডিস্ক উক্ত অপরাধের বিচারে সাক্ষা হিসাবে গ্রহণযোগা হইবে।

video recordings ভিডিও নিবেশন (সাক্ষ্যপ্রমাণে) video evidence দ্র.।

vi et armis শক্তি ও অন্ত্রপ্রয়োগে শক্তি-প্রয়োগপূর্বক একটি অনধিকারপ্রবেশ সংঘটিত ইইয়াছে এবং সেইহেডু শান্তিভঙ্গের সহিত সংশ্লিষ্ট বলিয়া উহা রাজার আদালতসমূহের বিবেচ্য বিষয়, মধ্যযুগের উত্তরবাদে এইরূপ একটি অভিযোগ-উথাপন। ১৮৬২ সাল পর্যন্ত পরিশব্দটি উত্তরবাদের একটি আনুষ্ঠানিক শর্ত হিসাবে টিকিয়া ছিল। trespass দ্র.।

view n. সন্দর্শন বি. (আদালতের কার্যক্রমে) একজন বিচারক, কিংবা বিচারক ও জুরি কর্তৃক এমন যে-কোনো স্থান বা বস্তু পরিদর্শন, যাহার সম্বন্ধে মোকদমাসূত্রে কোনো প্রশ্ন উদ্ভূত হইয়াছে। প্রয়োজন হইলে, আদালতের এখতিয়ার-বহির্ভূত স্থান বা বস্তুও ইহার অন্তর্ভূক্ত হইতে পারে।

vigilantism n. অতন্ত্রবাদ বি. সন্দেহভাজন অপরাধী পাকড়াও করিয়া শান্তিদানের জন্য আইন স্বহন্তে তুলিয়া লওয়ার কার্য।

village forest থাম্য বন ১) কোনো গঠিত সংরক্ষিত বনে বা উহার উপর সরকারের অধিকার কোনো গ্রাম্য সম্প্রদায়ের উপর সরকার অর্পণ করিতে পারেন এবং উক্ত অর্পণ বাতিল করিতে পারেন। উক্তরূপ অর্পিত সকল বনকে গ্রাম্য বন বলা হইবে।
২) গ্রাম্য বনসমূহের ব্যবস্থাপনা নিয়ন্ত্রণার্থ কোন শর্তাধীনে সম্প্রদায়টিকে উক্ত অধিকার অর্পণ করা হইল তাহা ব্যাখ্যা করিয়া এবং উহাদেরকে কাঠ বা বনজাত পণ্য বা চারণের অধিকার এবং উক্তরূপ বন সংরক্ষণে ও উন্নয়নে উহাদের কর্তব্যসমূহ নির্ধারণ করিয়া, সরকার বিধি প্রণয়ন করিতে পারেন। ৩) সংরক্ষিত বন-সম্পর্কিত আইনের সমস্ত বিধান (এতদুদ্দশ্যে প্রণীত বিধিসমূহের সহিত সামঞ্জস্যহীন না হইলে) গ্রাম্য বনসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

vindicate vb. যথার্থতা প্রতিপাদন করা ক্রি. ১. কোনো ব্যক্তি বা বস্তুকে সংশ্য, সমালোচনা, নিন্দা বা সন্দেহ হইতে মুক্ত করা। ২. মামলা করিয়া কোনো কিছু জোরালোভাবে দাবি করা, রক্ষা করা বা (নিজের স্বার্থ সম্পর্কে) সাবুত করা। ৩. হস্তক্ষেপ বা সীমালজ্জনের বিরুদ্ধে নিজ স্বার্থ রক্ষা করা। ৪. প্রত্যক্ষ প্রমাণদারা

তিরস্কার বা সংশয় হইতে মৃক্ত করা। ৫. কোনো কিছুর উপর আইনগত অধিকার দাবি করা; আইনগত কার্যধারার মাধ্যমে কোনো কিছুর (যেমন, সম্পত্তির) পুনরুদ্ধার করিতে চাওয়া।

vindictive damages প্রতিহিংসামূলক ক্ষতিপূরণ exemplary damages দ্র.।

violation n. नष्णन বি. ১. চুক্তি ইত্যাদির লজ্ঞান বা আইনভঙ্গ; আইনের বরখেলাপ বা সীমালজ্ঞান। ২. আইনভঙ্গ করিবার বা আইনের অবমাননা করিবার কাজ। কোনো অধিকার বা কর্তব্যলজ্ঞান। ৩. ধর্ষণ; বলাংকার।

violence for securing entry প্রবেশলাভের জন্য সহিংসভা forcible entry দ্র.।

violent disorder সহিংস উচ্চ্ছখলতা তিন বা ততোধিক ব্যক্তি একত্রিত হইয়া বেআইনিভাবে সহিংস কার্যকলাপে লিপ্ত হইলে কিংবা লিপ্ত হইবার হুমকি দিলে যে-অপরাধ সংঘটিত হয়। সামষ্টিক আচরণ অবশ্যই এমন হইতে হবে যে, তাহাতে একজন সজ্ঞান ব্যক্তি তাঁহার নিরাপত্তা সম্বন্ধে শঙ্কিত হইতে পারেন, যদিও সেখানে অন্য কাহারো উপস্থিত থাকিবার প্রয়োজন নাই। সহিংস কার্যকলাপের অন্তর্ভক্ত ব্যক্তি ও সম্পত্তির প্রতি হিংসাত্মক আচরণ; আঘাত বা ক্ষতিজনক আচরণ এবং যে-আচরণের উদ্দেশ্য আঘাত বা ক্ষতিসাধন করা, তাহাও এইরূপ কার্যকলাপের শ্রেণীভুক্ত। ইংল্যান্ডে ১৯৮৬ সালের জনশঙ্খলা আইনে এই অপরাধ বর্ণিত হইয়াছে। ইহা জনস্থানে বা একান্তস্থানে সংঘটিত হইতে পারে। ইংল্যান্ডের সাধারণ প্রথানুগ আইনোক্ত বেআইনি সমাবেশের স্থলে ইহা প্রতিস্থাপিত হইয়াছে এবং ইহার শান্তি পাঁচ বৎসর পর্যন্ত কারাদণ্ড অথবা জরিমানা। বাংলাদেশে দণ্ডবিধির ১৪১ ধারা-অনুসারে, কতিপয় অপরাধ সংঘটনের উদ্দেশ্যে পাঁচ বা ততোধিক ব্যক্তি একত্রিত হওয়াকে বেআইনি সমাবেশ বলা হয়। দণ্ডবিধির ১৪৬ ধারা-অনুসারে, কোনো বেআইনি সমাবেশ বা ইহার কোনো সদস্য কর্তৃক সমাবেশের সাধারণ উদ্দেশ্য বাস্তবায়নের জন্য বল বা উগ্রতা প্রয়োগ করিলে তাঁহার দাঙ্গার অপরাধ হইবে এবং ১৪৭ ধারা-অনুসারে দুই বংসর পর্যন্ত কারাদণ্ড বা অর্থদণ্ড হইতে পারে। unlawful assembly 5. I

visitation right পরিদর্শনের অধিকার ১. (পারিবারিক আইনে) সন্তান বা নাতিনাতনিকে দেখিবার জন্য বা কিছু সময়ে নিজের কাছে রাখিবার জন্য আদালতকর্তৃক অভিভাবকর্মপে নিযুক্ত নহেন এইরূপ ব্যক্তির অধিকার। ২. (আন্তর্জাতিক আইনে) যুধ্যমান রাষ্ট্রকর্তৃক কোনো নিরপক্ষ জাহাজে তল্লাশি করিয়া উহা কোনো নিষিদ্ধ পণ্য বহনে অথবা পক্ষপাতপূর্ণ কার্যে নিয়োজিত কি না, সে-বিষয়ে নিশ্চিত হইবার অধিকার। যদি জাহাজটি ওইরূপ কার্যে নিযুক্ত থাকে, তাহা হইলে তল্লাশিকারীরা নিষিদ্ধ পণ্য জব্দ করিতে এবং একটি যথোচিত দণ্ড বিধান করিতে পারেন।

visitor ১১৩২

visitor n. ১. পরিদর্শক বি. বিশেষত অভ্যন্তরীণ অনিয়ম সম্বন্ধে অনুসন্ধানের নিমির, কোনো প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য নিযুক্ত কোনো ব্যক্তি। ১৯৬৫ সালের কারখানা আইনের ১০ ধারা-অনুসারে এবং কোম্পানি আইনের ১৯৫ ধারা-অনুসারে পরিদর্শক কারখানা বা কোম্পানির বিষয়াদি পরিদর্শন করিতে পারেন। ২. অভ্যাগত বি. যে-ব্যক্তি ভোগদখলকারীর আমন্ত্রণে বা অনুমতিক্রমে জমি বা গৃহবাটিকাদিতে প্রবেশ করেন। occupier's liability দ্র.।

- vis major দৈবদুর্বিপাক বি. অপ্রতিরোধ্য বা দুর্নিবার শক্তি। আইনে দৈবদুর্বিপাক বলিতে এইরূপ অপ্রতিরোধ্য দৈবঘটনা বা প্রাকৃতিক বিপর্যয় বুঝায়, যাহা বিধ্বন্ত বা অভিভূত করে, যাহা কেবল যে পূর্বে জানা যায় নাই, এইরূপ নহে, বরং পূর্বে জানিতে পারা সম্ভবণ্ড নহে এবং যাহা প্রতিহত করিবার বা যাহার সম্বন্ধে সতর্ক থাকিবার কোনো উপায় থাকে না।
- visual display unit (VDU) চাক্ষ্ম প্রদর্শন ইউনিট কম্পিউটারের পর্দা। বাহা ও
 নিরাপত্তা বিষয়ে ইউরোপীয় ইউনিয়নের চাক্ষ্ম প্রদর্শন পর্দা-সম্পর্কিত নির্দেশনামা
 এবং চাক্ষ্ম প্রদর্শন ইউনিট (কম্পিউটারের পর্দা)-সম্পর্কিত ৯০/২৭০ নির্দেশনামা
 কর্মস্থলে ব্যবহৃত কম্পিউটারের ঝুঁকিনিরূপণ প্রভৃতি বিষয়ে শর্তাবলি নিদের্শপূর্বক
 কর্মচারীদের নিরাপত্তা বিধান করে।
- vocation n. বৃত্তি, পেশা বি. কোনো পেশা বা বৃত্তি পরিচালনায় যোগ্যতাসম্পন্ন কোনো ব্যক্তির কর্মকাণ্ড, যাহা তাঁহার জীবিকা উপার্জনের উপায়।
- void adj. অসিদ্ধ, বাতিল বিণ. বলবন্তাহীন; আইনত অকার্যকর। বাতিল বা রদকৃত। বৈধ নহে: অবৈধ। যাহা আইনদ্বারা কার্যকর বা প্রয়োগ করা যায় না; কোনো আইনগত কার্যকরতা বা বাধ্যবাধকতা-রহিত। সম্পত্তি-হস্তান্তর আইনের ১০ ধারা-অনুসারে হস্তান্তরগ্রহীতাকে চূড়ান্তভাবে সম্পন্তি-হস্তান্তরে বাধাদানকারী কোনো শর্তারোপ বাতিল বলিয়া গণ্য হইবে। যাহা বাতিল ভাহা আদালতের মাধ্যমে বা কর্তৃপক্ষের মাধ্যমে রদ বা রহিত করা আবশ্যক নহে, তবে অনুরূপ করা হইলে তাহা কথনো কখনো সুবিধাজনক হইতে পারে। বিদ্যমান আইন সম্পর্কে সংবিধানের ২৬ নম্বর অনুচ্ছেদে বর্ণিত 'বাতিল' শব্দটি উহাদিগকে সর্বাংশে সংবিধি হইতে মুছিয়া ফেলা বা নিশ্চিহ্ন করা বুঝায় না— কেবল মৌলিক অধিকারসমূহের সহিত অসামঞ্জস্যপূর্ণ আইনের বলবৎযোগ্যতার বিলোপ বুঝায়। বিচারসম্পর্কিত কোনো কার্যের ক্ষেত্রে 'বাতিল' উক্তিদ্বারা আইনগত বলবন্তাহীন, ফলবিহীন, অবৈধ, অন্দ্র, শুরুত্বীন, অর্থীন, মূল্যহীন, অ-কার্যকর, বিফল বা কার্যসাধনে অক্ষম এইরূপ অর্থ প্রকাশ পায়। তবে ইহার অর্থ আপেক্ষিক হওয়ায় এবং নিরক্কুশ না হওয়ায় প্রসঙ্গ-

אסטע voidable trust

voidable adj. বাতিলযোগ্য বিণ্ অগ্রাহ্য করা যায়, এমন।

voidable contract বাতিলযোগ্য চুক্তি যে-চুক্তি সম্পন্ন হইবার সময়ে সিদ্ধ হইলেও পরবর্তীকালে অগ্রাহ্য করা যাইতে পারে। বাতিলযোগ্য চুক্তির উদ্ভব ঘটিতে পারে মিথ্যাবর্ণন, কোনো প্রকারের ভুল, অপ্রকাশন ও বলপ্রয়োগের কারণে। অপ্রাপ্তবয়স্কগণ কর্তৃক সম্পাদিত কোনো কোনো মালিকানা-সম্পর্কিত চুক্তিও বাতিলযোগ্য। একটি বাতিলযোগ্য চুক্তি নাকচ করা হয় বাদ দেওয়ার মাধ্যমে। চুক্তি আইনের ২(ঝ) ধারা-অনুসারে, যে-সম্মতি উহার এক বা একাধিকপক্ষের ইচ্ছাক্রমে বলবৎ করা যায় না, তাহা বাতিলযোগ্য চুক্তি। বাতিলযোগ্য চুক্তির ক্ষেত্রে উহা আইনত অচল, এই মর্মে ঘোষণা করিতে হয়। কোনো পক্ষ যদি এই ধরনের চুক্তি বাতিল বলিয়া ঘোষণা না করে, তবে তাহা আইনে অবশ্যই বৈধ চুক্তির ন্যায় বলবৎ থাকে। misrepresentation, mistake, nondisclosure, economic duress, undue influence ও capacity to contract দ্র.। void contract তু.।

voidable deed বাতিলযোগ্য দলিল যে-দলিল অনুচিত প্রভাব, প্রতারণা, মিথ্যাবর্ণন, বলপ্রয়োগ বা অপ্রকৃতিস্থ অবস্থার ফলে করিয়া লওয়া হয়, তাহা বাতিলযোগ্য দলিল। এইরপ দলিল ক্ষমতাসম্পন আদালত কর্তৃক বাতিল ঘোষণা না করিলে আইনত ইহা কার্যকর বা আইনসিদ্ধ দলিল বলিয়া গণ্য হইবে। সুনির্দিষ্ট প্রতিকার আইনের ৩৯ ধারা-অনুসারে, যে-কোনো ব্যক্তি যাহার বিরুদ্ধে কোনো লিখিত চুক্তি অবৈধ বা বাতিলযোগ্য, যাহার যুক্তিসংগত আশঙ্কা রহিয়াছে যে, তাহার বিরুদ্ধে লিখিত চুক্তির দলিল যদি অনিম্পন্ন অবস্থায় ছাড়িয়া দেওয়া হয় তাহা হইলে তাহার গুরুতর ক্ষতির কারণ হইবে, তবে তাহা বাতিল বা বাতিলযোগ্য ঘোষণার জন্য তিনি মামলা দায়ের করিতে পারেল এবং আদালত স্ববিবেচনার ক্ষমতাবলে তেমন রায় প্রদান করিতে এবং তাহা প্রত্যর্পণ ও বাতিল করিবার নির্দেশ প্রদান করিতে পারেন। আদালত যদি কোনো দলিল বাতিল বলিয়া ঘোষণা করেন তবে উক্ত দলিল যে-রেজিন্ট্রি অফিনে নির্বন্ধিত হইয়াছে, সেইখানে যে-বহিতে দলিলের অনুলিপি অন্তর্ভুক্ত, তাহাতে নোট রাখিবার জন্য ডিক্রির অনুলিপি প্রেরণ করিবেন।

voidable marriage বাতিলযোগ্য বিবাহ nullity of marriage বৃ. ।

voidable trust বাতিলযোগ্য ন্যাস যে-ন্যাস নাকচ করা যাইতে পারে। যেমন,
একটি শিশু কর্তৃক সৃষ্ট একটি ন্যাস। শিশু প্রাপ্তবয়স্ক (১৮) ইইবার সঙ্গে সঙ্গে বা
অপ্পদিনের মধ্যে উহা প্রত্যাখ্যান করিতে পারে, তবে প্রত্যাখ্যান করা না ইইলে উহা
বৈধ ও অবশ্যমান্য ইইবে। প্রতারণা, বলপ্রয়োগ বা অনুচিত প্রভাবের ফলম্বরূপ সৃষ্ট
একটি ন্যাস্থ বাতিলযোগ্য ইইতে পারে।

void contract 5508

void contract বাতিল চুক্তি যে-চুক্তি সম্পাদিত হওয়ার মুহূর্ত হইতেই আইনত বলবৎযোগ্য নহে। বাতিল চুক্তির উদ্ভব ঘটে, যখন চুক্তি-সম্পাদনে ক্ষমতার অভাব থাকে। চুক্তি আইনের ২(ছ) ধারা-অনুসারে, বাতিল চুক্তি হইল এমন চুক্তি যাহা আইনদ্বারা কার্যকর হয় না। চুক্তিভুক্ত পক্ষগণের উপর বাতিল চুক্তি কোনো অধিকার বা দায় সৃষ্টি করে না। চুক্তি আইনের ২৫ ধারা-অনুসারে, যে-চুক্তির পণ বা উদ্দেশ্য আইন, নৈতিকতা বা গণনীতি-বিরোধী অথবা যে-চুক্তি নাবালকের সহিত সম্পাদিত, তাহা বাতিল চুক্তি বলিয়া গণ্য হইবে। এতৎসহ capacity to contract ও mistake দ্রি.। voidable contract তু.।

- void deed বাতিল দলিল কোনো নাবালকের নিকট হইতে দলিল করিয়া লইলে তাহা বাতিল করিবার প্রয়োজন নাই। কারণ উক্ত দলিল বাতিল এবং উক্ত দলিলের কোনো আইনগত মর্যাদা নাই।
- void in Islamic Law (batil, fasid and makruh) ইসলামি আইনে পণ্চ (বাতিল, ফাসিদ এবং মকরুহ) যখন কোনো কাজ মন্দ হইবার কারণে নিষিদ্ধ করা হয়, তখন সেই কাজকে বাতিল বলা হয়। যখন কোনো কাজ ভাহার বিশেষ দোষের জন্য নিষিদ্ধ করা হয়, তখন সেই কাজ ফাসিদ বলিয়া গণ্য হয়। যখন কোনো কাজ অন্য কোনো পরিস্থিতির কারণে নিষিদ্ধ করা হয়, তখন তাহাকে মকরুহ বলা হয়।
- void marriage অসিদ্ধ বা বাতিল বিবাহ মুসলিম আইন-অনুসারে রজের সম্পর্কজনিত কারণে, বৈবাহিক সম্পর্কজনিত কারণে, এবং প্রতিপালনের সম্পর্কজনিত কারণে থাঁহাদের মধ্যে বিবাহ নিষিদ্ধ, সেই ধরনের সম্পর্কের মধ্যে যে-বিবাহ হয়, তাহা আইনে অসিদ্ধ। এই ধরনের বিবাহের বিরুদ্ধে বাধানিষেধ চিরস্থায়ী ও সামপ্রিক বিলিয়া এইরূপ বিবাহ আইনে অসিদ্ধ। এইরূপ বিবাহের ফলে পক্ষম্বয়ের পরশারের কোনোরূপ দেওয়ানি অধিকার বা দায়দায়িত্ব সৃষ্টি হয় না। আইনে অসিদ্ধ বিবাহের ফলে যে-সন্তান জন্মলাভ করে, সে অবৈধ সন্তান হিসাবে পরিগণিত হয়। হিন্দু আইন-অনুসারে একজন হিন্দু কোনো অবস্থাতেই তাঁহার নিজ গোত্রের কোনো কন্যাকে বিবাহ করিতে পারেন না এবং সপিওভুক্ত কোনো নারীকে বিবাহ করিতে পারেন না। এই নিষিদ্ধ পর্যায়ের মধ্যে কোনো বিবাহ হইলে তাহা অসিদ্ধ হইবে। nullity of marriage দ্র.।
- void trust বাতিল ন্যাস যে-ন্যাস বলবৎ করা আইনের নীতির পরিপন্থী। এইরপ ন্যাসের মধ্যে রহিয়াছে যে-সকল ন্যাস নিত্যত-বিরোধী নিয়ম কিংবা হস্তান্তর-অযোগ্যতা-বিরোধী নিয়ম লচ্ছান করে কিংবা যে-সকল ন্যাস সরকারি নীতির পরিপন্থী। rule against perpetuity ও rule against inalienability দ্র.।

- volenti non fit injuria সম্মতিপ্রদানকারী ব্যক্তির কোনো ক্ষতি করা হয় না দাবিদার ক্ষতিস্বীকারে কিংবা (আরো সচরাচর) ক্ষতির ঝুঁকি নিতে সম্মত ছিলেন বিন্যা বিবাদীর সাফাই। ক্ষতির ঝুঁকি সম্বন্ধে অবহিত থাকাই যথেষ্ট নহে; ক্ষতিস্বীকারে পূর্ণ ও স্বতঃক্ষুর্ত সম্মতিও অবশ্যই থাকিতে হইবে।
- volume n. ১. খণ্ড বি. অনেকণ্ডলি পরস্পরসম্পর্কিত পুস্তক বা সাময়িকী-পরস্পরার একটি। ২. পরিমাণ বি. কোনো বস্তুর আয়তন, স্তুপ, ব্যাপ্তি, পরিসর বা বহর।
- voluntarily adv. স্বেচ্ছাক্রমে ক্রি. বিণ. সাধারণত কাজের ফল জ্ঞাত হইয়া ইচ্ছাকৃতভাবে কোনো কাজ করা। দওবিধির ৩৯ ধারা-অনুসারে যে-মাধ্যমের সাহায্যে কোনো কার্যের অনুষ্ঠান অভিপ্রেত হইয়াছিল, তাহার সাহায্যে অথবা এইরূপ মাধ্যম যাহা প্রয়োগকালে উক্ত কার্য অনুষ্ঠান করিবার সম্ভাবনা রহিয়াছে বিলিয়া জানিয়া অথবা অনুষ্ঠা বিশ্বাস করিবার কারণ থাকা সত্ত্বেও যে-ব্যক্তি সেই মাধ্যমের সাহায্যে উক্ত কার্য অনুষ্ঠান করেন, সেই ব্যক্তি স্বেচ্ছায় উক্ত কার্য অনুষ্ঠান করেন বিলিয়া গণ্য হইবে। দওবিধির ২৯৯ হইতে ৩৩৭ ধারায়া স্বেচ্ছাকৃত শব্দটি বারংবার ব্যবহৃত হইয়াছে।
- voluntarily causing grievous hurt স্বেচ্ছাক্রমে গুরুতর আঘাত করা দওবিধির ৩২২ ধারা-অনুসারে, যে-ব্যক্তি আঘাত করেন, তিনি যে-আঘাত করিবার ইচ্ছা করেন বা আঘাত করিবার সম্ভাবন। রহিয়াছে বলিয়া জানেন, তাহা যদি গুরুতর হয় এবং তিনি যে-আঘাত করেন তাহা যদি গুরুতর আঘাত হয় তাহা হইলে সেই ব্যক্তি স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত করেন বলিয়া গণ্য হইবে।
- voluntarily causing hurt স্বেচ্ছাক্রমে আঘাত করা দণ্ডবিধির ৩২১ ধারাঅনুসারে, যে-ব্যক্তি কোনো কার্যের দ্বারা কোনো ব্যক্তিকে আঘাত করিবার অভিপ্রায়ে
 বা তদ্ধারা কোনো ব্যক্তিকে আঘাত করিবার সম্ভাবনা রহিয়াছে জানিয়া অনুরূপ কার্য
 করেন এবং তদ্ধারা কোনো ব্যক্তিকে আঘাতদান করেন, সেই ব্যক্তি স্বেচ্ছাকৃতভাবে
 আঘাত দান করেন বলিয়া গণ্য হইবে।
- voluntary adj. স্বেচ্ছাকৃত বিণ. মূল্যবান পণব্যতিরেকে। যে-জিনিস বা যে-কাজ স্বাধীন ইচ্ছায় বা নিজের ইচ্ছায় করা।
- voluntary accommodation স্বেচ্ছাকৃত আবাসন ইংল্যান্ডে যে-সকল শিশুর পিতামাভা সাময়িকভাবে তাহাদের দেখাশোনা করিতে অক্ষম, তাহাদের জন্য কিংবা পরিত্যক্ত শিশুদের জন্য কোনো স্থানীয় কর্তৃপক্ষকর্তৃক সরবরাহকৃত বাসস্থান।
- voluntary arrangement স্বেচ্ছাকৃত ব্যবস্থা ১. ইংল্যান্ডে ১৯৮৬ সালের দেউলিয়া আইন-অনুযায়ী একজন দেনাদার এবং তাঁহার পাওনাদারদের মধ্যে দেনা-পরিশোধ সম্পর্কিত একটি চুক্তি। ২. আর্থিকভাবে দুর্দশাগ্রস্ত একটি কোম্পানি এবং উহার

পাওনাদারদের মধ্যে অনুরূপ একটি চুক্তি। বাংলাদেশে ১৯৯৭ সালের দেউনিয়া-বিষয়ক আইনের ৪৩ ধারা-অনুসারে, দেনাদার ও পাওনাদার দেনাশোধের জন্য আপস-মীমাংসার চুক্তিতে উপনীত হইতে পারেন, তবে তাহার জন্য আদানতের অনুমোদন আবশ্যক হইবে।

voluntary bill procedure বেচ্ছাকৃত বিল-প্রক্রিয়া যে-প্রক্রিয়ায় ফরিয়াদিপফ আসামির বিরুদ্ধে একটি অভিযোগপত্র দাখিল করিবার জন্য সম্মতিলাভার্থে ইংলাভের হাইকোর্টের একজন বিচারকের নিকট আবেদন করিতে পারেন। কোনো ম্যাজিস্ট্রেটের আদালত সোপর্দকরণের কার্যপ্রণালি সম্পন্ন করিবার পর যদি আসামিকে লিখিত অভিযোগপত্রের ভিত্তিতে বিচারের জন্য ক্রাউন কোর্টে সোপর্দ করিতে অস্বীকার করেন, তাহা হইলে সাধারণত এই প্রক্রিয়া অবলম্বন করা হয়। trial on indictment ও bill of indictment দ

voluntary confession স্বেচ্ছাকৃত স্বীকারোক্তি যে-স্বীকারোক্তি প্রলোভন দেখাইয়া, ভীতিপ্রদর্শন করিয়া বা প্রতিশ্রুতি দিয়া আদায় করা হয় না অথবা প্রলোভন, ভীতিপ্রদর্শন বা প্রতিশ্রুতির বশবর্তী না হইয়া কেহ কোনো বিষয়ে স্বপ্রণোদিতভাবে সজ্ঞানে যাহা স্বীকার করেন। সাক্ষ্য আইনের ২৪ ধারা-অনুসারে, কোনো ফৌঙ্গদারি মোকদ্দমার আসামির নিকট হইতে প্রলোভন, ভীতিপ্রদর্শন বা প্রতিশ্রুতি প্রদানে কোনো স্বীকারোক্তি আদায় করা হইলে আসামির সেই উক্তি অপ্রাসঙ্গিক হইবে। সাক্ষ্য আইনের ২৮ ধারায় বলা হইয়াছে যে, যেরূপ স্বীকারের বিষয় ২৪ ধারায় উল্লেখ করা হইয়াছে, সেরূপ দোষস্বীকার যদি প্রলোভন, ভীতিপ্রদর্শন বা প্রতিশ্রুতিদানের ফলে সৃষ্টি নয় বলিয়া আদালতের পূর্ণ ধারণা হয়, তবে তাহা প্রাসঙ্গিক। confession দ্র.।

voluntary conveyance কেছামূলক হস্তান্তর-দলিল voluntary disposition দ্ৰ.।

voluntary disposition স্বেচ্ছাকৃত বিলিব্যবস্থা মূল্যবান পণগ্রহণ ভিন্ন অন্যভাবে কৃত জমির মালিকানা-হস্তান্তর। ইংল্যান্ডে ১৯২৫ সালের সম্পত্তি আইন-অনুযায়ী, ক্রেতাকে প্রতারিত করিবার অভিপ্রায়ে স্বেচ্ছাকৃত বিলিব্যবস্থা করা ইইলে, ক্রেতার উদ্যোগে উহা খারিজ করা যাইতে পারে।

voluntary liquidation কেছামূলক অবসায়ন voluntary winding-up দ্ৰ.।

voluntary settlement স্বেচ্ছাকৃত বন্দোবস্ত মূল্যবান পণব্যতিরেকে কৃত একটি বন্দোবস্ত। একটি স্বেচ্ছাকৃত বন্দোবস্ত বলবৎ করিবার জন্য অবশ্যই একটি ন্যাস সম্পন্ন করিতে হয়। সেই কারণেই এই প্রবচন: 'ন্যায়তা স্বেচ্ছাব্রতীকে সাহায্য করিবে না'। ۱۱۶۱ voters' list

voluntary waste স্বেচ্ছাকৃত পরিক্ষয় একজন ইজারাদার যে-জমি ইজারা নিয়াছেন, উহাতে তাঁহার গঠনমূলক কর্মকাণ্ডের দ্বারা ক্ষতি সাধিত হইলে যে-ধরনের ক্ষয়ের উদ্ভব ঘটে।

- voluntary winding-up স্বেচ্ছাকৃত অবলুপ্তি ইংল্যান্ডে কোম্পানির একটি বিশেষ বা অসাধারণ সিদ্ধান্তের দ্বারা সূচিত একটি অবসায়ন-পদ্ধতি। সদস্যদের স্বেচ্ছাকৃত অবসায়নের সিদ্ধান্তগ্রহণের পূর্ববর্তী পাঁচ সপ্তাহের মধ্যে পরিচালকদের অবশ্যই ঋণশোধনক্ষমতা-বিষয়ক একটি সংবিধিবদ্ধ ঘোষণা প্রদান করিতে হয়। উত্তমর্ণদের ক্ষেত্রকৃত অবসায়নের উদ্ভব ঘটে, যদি ঋণশোধনক্ষমতা-বিষয়ক ঘোষণা প্রদান না করা হয় কিংবা যদি সদস্যদের স্বেচ্ছাকৃত একটি অবসায়নে পরিচালকদের পূর্বাভানের সহিত অবসায়ক একমত না হন। বাংলাদেশে ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৮৬-৩১৫ ধারায় কোম্পানির স্বেচ্ছাকৃত অবলুপ্তির বিধানাবলি বর্ণিত হইয়াছে। winding up দ্র.।
- volunteer n. স্বেচ্ছাব্রতী বি. (কোনো লেনদেন সম্পর্কে) যে-ব্যক্তি মূল্যবান পণ প্রদান করেন নাই। consideration দ্র.।
- vote n. ভোট বি. কোনো ব্যক্তির বা মতের পক্ষে বা বিপক্ষে মতামত বা ইচ্ছার অভিব্যক্তি এবং ওইরূপ অভিব্যক্তি প্রকাশের অধিকার। ভোটের দ্বারা সিদ্ধান্তপ্রহণ; ভোটের দ্বারা সমর্থন বা জয়যুক্ত করা কিংবা নাকচ বা পরাজিত করা। ধানি উচ্চারণ করিয়া, হাত উত্তোলন করিয়া কিংবা ব্যালটে ছাপ প্রদান করিয়া বা না করিয়া ভোটাধিকার প্রয়োগ করা যায়। জনপ্রতিনিধি নির্বাচন আইন-অনুযায়ী ১৮ বৎসরের অধিকবয়সী সকল সুস্থমন্তিঙ্ক নাগরিকের ভোটাধিকার রহিয়াছে। গণতক্তে ইহা একটি অপরিহরণীয় অধিকার।
- voter n. ভোটার বি. যিনি ভোট দেন এবং যাঁহার ভোটদানের যোগ্যভা রহিয়াছে।
 সংবিধানের ১২২ অনুচ্ছেদে ভোটার-তালিকায় নামভুক্তির যোগ্যভার বিবরণ দেওয়া
 হইয়াছে। ওই অনুচ্ছেদ-অনুসারে, (১) প্রাপ্তবয়ক্ষের ভোটাধিকার-ভিত্তিতে সংসদের
 নির্বাচন অনুষ্ঠিত হইবে। (২) কোনো ব্যক্তি সংসদের নির্বাচনের জন্য নির্ধারিত
 কোনো নির্বাচনী এলাকায় ভোটার-তালিকাভুক্ত হইবার অধিকারী হইবেন, যদি (ক)
 তিনি বাংলাদেশের নাগরিক হন; (খ) তাঁহার বয়স আঠার বৎসরের কম না হয়; (গ)
 কোনো যোগ্য আদালত কর্তৃক তাঁহার সম্পর্কে অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষণা বহাল না
 থাকিয়া থাকে; এবং (ঘ) তিনি ওই নির্বাচনী এলাকার অধিবাসী বা আইনের দ্বারা ওই
 নির্বাচনী এলাকার অধিবাসী বিরেচিত হন।
- voters' list n. ভোটার-তালিকা বি. সংবিধানের ১২১ অনুচ্ছেদ-অনুসারে, সংসদের নির্বাচনের জন্য প্রত্যেক আঞ্চলিক নির্বাচনী এলাকার একটি করিয়া ভোটার-তালিকা

voting 330b

থাকিবে এবং ধর্ম, জাত, বর্ণ ও নারীপুরুষভেদের ভিত্তিতে ভোটারদের বিন্যন্ত করিয়া কোনো বিশেষ ভোটার-তালিকা প্রণয়ন করা যাইবে না। ভোটার-তালিকায় নামভূক্তির যোগ্যতার জন্য voter দ্র.।

- voting n. ভোটদান বি. ১. (নিবন্ধিত কোম্পানিতে) কোম্পানির সভায় উপস্থাপিত প্রস্তাব সম্পর্কে ভোটদানের প্রক্রিয়া। ১৯৯৪ সালের কোম্পানি আইনের ৮৫ ধারায় সভা ও ভোটদানের বিষয়ে বিধান করা হইয়াছে। ২. (সংসদীয় বা স্থানীয় সরকারের নির্বাচনে) election দ্র.।
- voucher n. রসিদ, প্রাপ্তিনিদর্শন বি. ১. কোনো অর্থপ্রদানের বা ঋণ পরিশোধের লেখ্য প্রমাণ; একটি রসিদ। ২. অর্থপ্রদানের জন্য লিখিত বা মুদ্রিত ক্ষমতাপ্রদান। ৩. বিশেষ করিয়া কোনো স্বত্বের কর্তৃত্ব বা গ্যারান্টির সমর্থনে যে-ব্যক্তি অপর কোনো ব্যক্তিকে সাক্ষী হিসাবে তলব করেন।
- voyage n. সমুদ্র্যাত্রা বি. সামুদ্রিক আইনে. সমুদ্রপথে কোনো নৌথানের এক স্থান, বন্দর, বা দেশে গমন। সাধারণত আদালত এই অভিমত পোষণ করেন যে, এই পরিশব্দটি গুধু গমনপথে নহে, সমগ্র উদ্যোগটি নির্দেশ করে।

voyage charter যাত্রার সনদ charterparty দ্র.। voyage policy যাত্রানীতি বি. time policy দ্র.।



wage-earners' scheme ওয়েজ-আর্নারস স্কিম, মজুরি-অর্জক পরিকল্পনা ১৯৭৪ সালের মাঝামাঝি সময়ে ওয়েজ আর্নারস স্কিম প্রবর্তন করা হয়। ইহা বিদেশে চাকুরিরত বাংলাদেশীদের অর্জিত মুদ্রা স্বদেশে প্রেরণের ক্ষেত্রে উৎসাহ দিবার জন্য এবং অত্যাবশকীয় দ্রব্যাদির আমদানি সম্প্রসারণের লক্ষ্যে প্রবর্তিত হয়।

wager n. বান্ধি বি. ১. কোনো অনিশ্চিত ঘটনার উপর অর্থ বা অন্য কোনো মূল্যবান পণের ঝুঁকি লওয়া। বান্ধি ধরা বা জুয়া খেলা বা বড় ধরনের ঝুঁকিপূর্ণ উদ্যোগ গ্রহণ। ২. কোনো অনিশ্চিত ঘটনা ঘটিবার শর্তে টাকাপয়সা বা অন্য মূল্যবান দ্রব্য প্রদানের অসীকার।

wagering contract জুয়ার চুক্তি gaming contract দ্র. ।

wages n. মজুরি বি. নিরপণযোগ্য যাবতীয় পারিশ্রমিক। ১৯৩৬ সালের মজুরি পরিশোধ আইনের ২(৬) ধারা-অনুসারে, নিয়োগচুক্তির প্রকাশ্য বা অপ্রকাশ্য শর্তাবলি পূরণসাপেক্ষে, নিয়োজিত ব্যক্তিকে নিয়মিত হাজিরা, ভালো কাজ বা আচরণ বা শর্তসাপেক্ষে, নিয়োজিত ব্যক্তিকে নিয়মিত হাজিরা, ভালো কাজ বা আচরণ বা শর্তসাপেক্ষে নিয়ুক্ত ব্যক্তিকে তাঁহার নিয়ুক্তির কারণে বা কৃতকাজের দরুদ্দ মজুরি দেওয়া যাইতে পারে। যে-কোনো অধিবৃত্তি বা বোনাস বা পরিশোধযোগ্য যে-কোনো বাড়িতি পারিশ্রমিক মজুরির মধ্যে পড়ে। নিয়োগকাল শেষ হইলে কোনো মজুরকে এককালীন যে-অর্থ দেওয়া যাইতে পারে, তাহাও মজুরির অন্তর্ভুক্ত। কিছু নিয়লিখিত বিষয়ণ্ডলি ইহার অন্তর্ভুক্ত হইবে না— আবাসিক সুবিধা, আলো ও পানি সরবরাহ, চিকিৎসার সুবিধা বা অন্যান্য সুযোগ-সুবিধা বাবদ মৃল্য, অথবা সরকার কর্তৃক সাধারণ বা বিশেষ নির্দেশে বাদ দেওয়া হইয়াছে, এমন অন্যান্য সুযোগ-সুবিধা বাবদ মৃল্য; যে-কোনো অবসরভাতা তহবিলে বা ভবিষ্য তহবিলে নিয়োগকারী কর্তৃক পরিশোধিত চাঁদা; যে-কোনো ভ্রমণভাতা বা যে-কোনো যাতায়াত-সুবিধার রেয়াতের মৃল্য; নিয়োগের প্রকৃতি-অনুসারে নিয়োগকর্তা-কর্তৃক কৃত খরচপত্র বাবদ পরিশোধিত যে-কোনো আর্গু; অথবা বরখাস্তের বেলায় পরিশোধ্য যে-কোনো আনুতেমিক।

wages council বেতন পর্ষদ ইংল্যান্ডের কোনো বিশেষ শিল্পে ন্যুনতম বেতন-হার নির্ধারণ করিবার জন্য ১৯৮৬ সালের বেতন আইনের দ্বারা ক্ষমতান্থিত একটি সংবিধিবদ্ধ সংস্থা। শ্রমিকদের নিম্নতম মজুরি নির্ধারণের জন্য ১৯৬১ সালের নিম্নতম মজুরি অধ্যাদেশের অধীনে বাংলাদেশ সরকার সময়ে-সময়ে নিম্নতম মজুরি বোর্ড গঠন করিয়া থাকেন।

wait and see principle অপেক্ষার নীতি rule against perpetuities দ্র.।

waiting period অপেক্ষাকাল বি. কোনো আইনগত অধিকার বা প্রতিকার ভোগ বা বলবৎ করিবার জন্য যে-সময় বা কাল অবশ্যই অপেক্ষা করিতে হয় বা অতিবাহিত হইতে হয়। উদাহরণস্বরূপ, অনেক দেশে আগ্নেয়ান্ত্র ক্রয় বা ব্যবহারের জন্য সরকারি অনুমতি বা সনদলাভের জন্য যে-সময় অতিবাহিত হওয়া আবশ্যক।

waived vb. অধিকার পরিত্যাগ বা দাবি ত্যাগ করা ক্রি. কোনো বিষয়ে দাবি করিবার অধিকারী হওয়া সত্ত্বেও যদি উক্ত বিষয়ে কোনো কিছু দাবি না করা হয়, তবে সে-বিষয় সম্পর্কে কেহ তাঁহার অধিকার ত্যাগ করিয়াছেন বলিয়া গণ্য হয়। পক্ষদোষসংক্রান্ত আপন্তি যতদূরসম্ভব প্রথম সুযোগেই উত্থাপন করিতে হইবে। যদি তাহা না করা হয়, তবে উক্ত আপন্তির অধিকার পরিত্যাগ করা হয়য়াছে বলিয়া গণ্য হয়বে। Abu Saber Aziz Mohammad and others v. Government and others 31 DLR (AD) 218 দ্র.। সম্পন্তি-হন্তান্তর আইনের ১১২ ধারায় বাজেয়াপ্তির দাবিত্যাগের বিষয় সম্পর্কে এবং ১১৩ ধারায় সম্পন্তির দখল ছাড়য়া দেওয়ার নোটিশের দাবিত্যাগের বিষয় সম্পর্কে বলা হয়য়াছে।

waiver n. দাবিত্যাগ, স্বত্বত্যাগ বি. ১. কোনো আইনগত অধিকার বিসর্জন কিংবা আইনগত অধিকার দাবি করা হইতে নিবৃত্তি। স্বত্বত্যাগের লিখিত বিবৃত্তি; না-দাবি। কোনো কার্যধারায় অনিয়ম হইতে উদ্ভূত সুবিধাগ্রহণে অম্বীকৃতি। ইচ্ছাকৃতভাবে এবং স্বতঃক্ষূর্তভাবে জ্ঞাত অধিকার ত্যাগ করা বা উৎসর্জন করা; এইরূপে দাবি ত্যাগ করিবার কার্য। ইহা কোনো ব্যক্তিকর্তৃক কোনো অধিকার আদায় না করিবার কিংবা অনুরূপ দাবি উত্থাপন না করিবার সম্মতিও বুঝায়। সম্পত্তি-হক্তান্তর আইনের ৩৫ ধারা-অনুসারে, কোনো ব্যক্তি সম্পত্তির স্বত্ব ত্যাগ না করিয়া ওই সম্পত্তি সম্পর্কে কোনো সুবিধা গ্রহণ করিলে তাহা রাখিতে পারেন না এবং সম্পত্তি বা সুবিধার মধ্যে কোনটি রাখিবেন তাঁহাকে তাহা নির্বাচন করিতে হইবে। স্বত্বত্যাগ করার অর্থ কোনো ব্যক্তিকর্তৃক সজ্ঞানে কোনো কিছুর অধিকার ত্যাগ করা কিংবা জ্ঞাতসারে এইরূপ কিছু করা যাহার দ্বারা যুক্তিসংগতভাবে অনুমান করা যায় যে, ওই ব্যক্তি উক্ত অধিকার ত্যাগ করিয়াছেন। এইরূপ ক্ষেত্রে অধিকারের বিলুপ্তি ঘটে এবং এইরূপ বিলুপ্তি প্রকাশ্যে বা পরোক্ষে ঘটিতে পারে। ২. যে দলিলদ্বারা স্বত্ব্ত্যাগ ঘোষণা করা হয়। ৩. কোনো চুক্তির রদবদল।

waiver of privilege অধিকারত্যাগ বি. absolute privilege দ্র.।

waiver of tort প্রণযোগ্য ক্ষতির অধিকারত্যাগ অন্য কোনো প্রতিকারের অনুকূলে, অপকারের ক্ষতিপূরণের জন্য মামলা করার অধিকার পরিত্যাগ করা। যেমন, অপকারকারী অপকারের দ্বারা যে-অর্থ উপার্জন করিয়াছেন, উহা প্রত্যর্পণের জন্য মোকদ্দমা করা।

want of jurisdiction এবতিয়ারের অভাব, অধিক্ষেত্র না থাকা একটি বিশেষ প্রকারে কার্য করিবার জন্য বা কোনো কোনো প্রকারের প্রতিকার মনজুর করিবার জন্য আদালতের এবতিয়ার না থাকা অথবা ক্ষমতার অভাব থাকা। কোনো আদালতের আদৌ বিচারকার্য করিবার ক্ষমতা না থাকিতে পারে, কোনো ব্যক্তির উপর কর্তৃত্ব না থাকিতে পারে, কিংবা কোনো মোকদ্দমার বিষয়়বস্তুর উপর ক্ষমতার অভাব থাকিতে পারে, অথবা অধিক্ষেত্র প্রয়োগের জন্য পূর্বশর্তসমূহ পূরণ না করা পর্যন্ত কোনো ক্ষমতা না থাকিতে পারে।

wanton adj. উচ্ছ্ঙাল, স্বৈরবৃত্ত, অসংযত বিণ. ফলাফলের প্রতি সম্পূর্ণ উদাসীন বা অসতর্ক থাকাবস্থায় অযৌক্তিকভাবে বা বিদ্বেষপূর্ণভাবে ক্ষতির ঝুঁকি গ্রহণ। ফৌজদারি আইনে 'স্বৈরবৃত্ত' সাধারণত বিদ্বেষ নির্দেশ করে, কিন্তু 'বেপরোয়া' শব্দটি তাহা করে না।

waqf n. ওয়াক্ফ বি. ১৯১৩ সালের ওয়াক্ফ বৈধকরণ আইনের ২ ধারায় বলা হইয়াছে যে, ইসলাম ধর্মাবলম্বী কোনো ব্যক্তি যখন কোনো সম্পত্তি ধর্মীয় বা দাতব্য উদ্দেশ্য বলিয়া মুসলিম আইনে স্বীকৃত কোনো উদ্দেশ্যে স্থায়ীভাবে উৎসর্গ করেন, তথন এই উৎসর্গকে ওয়াক্ফ বলা হয়। ওয়াক্ফের উৎসর্গ অবশ্যই স্থায়ী হইবে। ওয়াক্ফ আইন-অনুসারে স্থাবর ও অস্থাবর যে-কোনো ধরনের সম্পত্তি ওয়াক্ফের বিষয়বস্তু হইতে পারে। যে-কোনো সুস্থমনা সাবালক মুসলমান ওয়াকৃষ্ণ করিতে পারেন। ১৯৬২ সালের ওয়াক্ফ অধ্যাদেশের ২(১০) ধারায় বলা হইয়াছে যে, ওয়াক্ফ অর্থ পুণ্যময়, ধর্মীয় বা দাতব্যরূপে মুসলিম আইনে স্বীকৃত কোনো উদ্দেশ্যে ইসলাম ধর্মাবলম্বী কোনো ব্যক্তি কর্তৃক কোনো অস্থাবর বা স্থাবর সম্পত্তির চিরস্থায়ী উৎসর্গীকরণ। ওয়াকৃফ বলিতে উপরিউক্ত উদ্দেশ্যে যে-কোনো উৎসর্গ বা মনজুরি ভোগদখলসূত্রে ওয়াক্ফ এবং মুসলিম কর্তৃক সৃষ্ট ওয়াক্ফকেও বুঝাইবে। ওয়াক্ফের নিট লভ্য আয়ের শতকরা পঞ্চাশ শতাংশের অধিক যখন কেবল ধর্মীয় ও দাতব্য উদেশ্যে কাজে নাগানো হয়় তখন উক্ত ওয়াক্ফ ১৯৪৯ সালের অকৃষি প্রজাস্বত্ব আইনের ৮৫ ধারার (১) উপধারার (৬) দফার তাৎপর্যাধীন জনকল্যাণমূলক ওয়াক্ফরপে গণ্য হইবে এবং ১৯০৮ সালের দেওয়ানি কার্যবিধির ৯২ ধারায় ও ১৮৬৩ সালের ধর্মীয় দান আইনের ১৪ ধারার তাৎপর্যাধীন দাতব্য বা ধর্মীয় প্রকৃতির গণমুখী ন্যাসরূপে গণ্য হইবে। ওয়াকফ অধ্যাদেশের ৫ ধারা-অনুসারে, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং ওই উদ্দেশ্যে সরকার কর্তৃক প্রণীত বিধিমালাসাপেক্ষে প্রশাসক ওই অধ্যাদেশের সকল বা যে-কোনো বিধানের আওতা হইতে ওয়াক্ফকে অব্যাহতি দিতে পারেন। ওই অধ্যাদেশের ৭ ধারা-অনুসারে, সরকার কর্তৃক একজন ওয়াকফ-প্রশাসক নিয়োগের বিধান বর্ণিত হইয়াছে। ৬৫ ধারা-অনুসারে, (১) প্রশাসকের অনুমতি ছাড়া কোনো মোতওয়াল্লি পদত্যাগ বা অবসরগ্রহণ করিতে

পারিবেন না। (২) যদি কোনো মোতওয়াল্লি অবসরগ্রহণের প্রস্তাব দেন অথবা পদভ্যাগপত্র পেশ করেন তাহা ইইলে অবসরগ্রহণ, পদভ্যাগ অথবা অব্যাহতির তারিখ অবধি হিসাব বিবরণী দাখিল না করা পর্যন্ত, নিরীক্ষা না হওয়া পর্যন্ত, এবং ৭১ ধারার বিধানমতে প্রদেয় চাঁদা না দেওয়া পর্যন্ত তাঁহার অবসরগ্রহণের প্রস্তাব বা পদভ্যাগপত্র বা অব্যাহতির আবেদন গৃহীত হইবে না। ওয়াক্ফ সম্পত্তির যে-কোনো মোকদ্দমায় প্রশাসক একজন আবশ্যকীয় পক্ষ। waqif, waqf deed, ও waqf property দ্র.।

waqf alal awlad ওয়াক্ফ আলাল আওলাদ উত্তরাধিকারীদের ভরণপোষণ অথবা উপকারার্থে যে-ওয়াক্ফ করা হয়। ওয়াকিফ নিজের ভরণপোষণ ও উপকারার্থেও ওয়াক্ফ করিতে পারেন।

waqf deed ওয়াক্ফ দলিল ১৯৬২ সালের ওয়াক্ফ অধ্যাদেশের ২(১১) ধারাঅনুসারে, এইরূপ কোনো দলিল যদ্দারা ওয়াক্ফ সৃষ্টি করা হইয়াছে এবং ওয়াক্ফ
দলিল বলিতে এইরূপ কোনো বৈধ পরবর্তী দলিলও বুঝাইবে যদ্দারা মূল
উৎসগীকরণসংক্রান্ত কোনো শর্তের পরিবর্তন করা হইয়াছে। রেজিফ্রেশন আইনের
১৭(১)(খ) ধারা-অনুসারে, ওয়াক্ফনামা দ্বারা ১০০ টাকা বা তদ্ধ্ব মূল্যের স্থাবর
সম্পত্তি ওয়াক্ফ করা হইলে তাহা নিবন্ধন করা আবশ্যক।

waqf lillah ওয়াক্ফ লিলাহ ধর্মীয় ও দাতব্য কাজে যে-ওয়াক্ফ করা হয়।

waqf property ওয়াক্ফ সম্পত্তি অস্থাবর ও স্থাবর যে-কোনো সম্পত্তি ওয়াক্ফ সম্পত্তি উৎসর্গ করিবার সমরে উক্ত সম্পত্তিতে উৎসর্গকারীর মালিকানা থাকিতে হইবে। ওয়াক্ফ অধ্যাদেশের ২(১২) ধারায় বলা হইয়াছে যে, ওয়াক্ফ সম্পত্তি বলিতে ওয়াক্ফ সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থহারা বা উহার বিনিময়ে বা উহার আয়দ্বারা অর্জিত যে-কোনো প্রকারের সম্পত্তি বা ওয়াক্ফ সম্পত্তির নামে প্রদন্ত সকল অর্থ কিংবা নিবেদিত দান বুঝাইবে।

waqii n. ওয়াকিফ বি. ওয়াক্ফ অধ্যাদেশের ২(১৩) ধারা-অনুসারে, ওয়াক্ফ-সৃষ্টিকারী যে-কোনো ব্যক্তি। যে-কোনো সৃস্থমনা সাবালক মুসলমান ওয়াক্ফ সৃষ্টি করিতে পারেন। waqi দ্র,।

war n. যুদ্ধ বি. অধিকার-প্রতিপাদন কিংবা পরম্পরের বিবাদ-নিম্পত্তির জন্য রাষ্ট্রসমূহ শক্তিপ্রয়োগ করিলে যে-আইনগত অবস্থার উদ্ভব ঘটে। আইনগত সৃক্ষ্রবিচারে যুদ্ধাবস্থায় না থাকিলেও রাষ্ট্রসমূহ যুদ্ধবিগ্রহে (যেমন, প্রত্যাঘাত) নিপ্ত ইইতে পারে, আবার খুব বেশি লড়াই সংঘটিত না ইইলেও উহারা যুদ্ধাবস্থায় থাকিতে পারে। প্রথানুগ আইনে, আনুষ্ঠানিকভাবে যুদ্ধ ঘোষিত না হইলে কিংবা রাজশক্তি যুদ্ধবিগ্রহ শুরু না করিলে যুদ্ধাবস্থা বিরাজ করিতে পারিত না। আইনানুগ যুদ্ধাবস্থায় যুদ্ধে অংশগ্রহণকারী রাষ্ট্রগুলির মধ্যে কূটনৈতিক সম্পর্ক এবং কোনো কোনো প্রকার চুক্তির পরিসমাপ্তি ঘটে। বাংলাদেশ সংবিধানের ৬৩(১) অনুচ্ছেদ-অনুসারে, সংসদের সমতি ব্যতীত যুদ্ধ ঘোষণা করা যাইবে না কিংবা প্রজাতন্ত্র কোনো যুদ্ধে অংশগ্রহণ করিবে না। ১৪১ক(১) অনুচ্ছেদ-অনুসারে, যুদ্ধের জন্য দেশের নিরাপত্তা বা অর্থনৈতিক জীবন বিপদের সম্মুখীন হইলে প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষরের পর রাষ্ট্রপতি জরুরি অবস্থা ঘোষণা করিতে পারিবেন।

war crimes যুদ্ধাপরাধ বি. যুদ্ধের আইন বা রীতিনীতির এমন যে-কোনো লঙ্খন, যাহা অপরাধমূলক কার্যের শামিল। ১৯৪৬ সালের নুরেমবার্গ আন্তর্জাতিক সামরিক ট্রাইব্যনালের সনদ-অনুযায়ী যদ্ধাপরাধের অন্তর্ভুক্ত অসামরিক ব্যক্তিদের খুন, নির্বাসন কিংবা তাঁহাদের সহিত নিষ্ঠুর আচরণ, জিম্মিদের হত্যা, সম্পত্তির লুষ্ঠন এবং জনবসতিপূর্ণ এলাকার বেপরোয়া ধ্বংসসাধন, কিংবা যে-ধ্বংসযজ্ঞের যৌক্তিকতা সামরিক আবশ্যকতার দ্বারা প্রতিপন্ন হয় না। নুরেমবার্গ ট্রাইব্যুনাল মানবতাবিরোধী অপরাধ নামে এক নতন শ্রেণীর অপরাধের সংজ্ঞার্থ নিরূপণ করিয়াছে। এই শ্রেণীর অপরাধের অন্তর্ভক্ত ইইতেছে প্রধানত কোনো অসামরিক জনগোষ্ঠীর বিরুদ্ধে দিতীয় বিশ্বযুদ্ধের পূর্বে কিংবা যদ্ধচলাকালে সংঘটিত খন, বিনাশ, দাসত্ত্বন্ধন, নির্বাসন এবং অন্যান্য অমানবিক কার্যকলাপ এবং রাজনৈতিক, বিজাতিগত বা ধর্মীয় কারণে নিগ্রহ। ট্রাইব্যনাল শান্তির পরিপন্তী অপরাধ নামে আরো এক শ্রেণীর অপরাধ সৃষ্টি করিয়াছে, যথা আগ্রাসী যুদ্ধ কিংবা আন্তর্জাতিক চুক্তিসমূহ লজ্ঞনপূর্বক কোনো যুদ্ধের পরিকল্পনা, প্রস্তুতি কিংবা ওইরূপ যুদ্ধ পরিচালনা। বাংলাদেশে গণহত্যাজনিত অপরাধ, মানবতাবিরোধী অপরাধ বা যুদ্ধাপরাধ এবং আন্তর্জাতিক আইনের অধীনে অন্যান্য অপরাধের জন্য কোনো সশস্ত্রবাহিনী বা প্রতিরক্ষা বাহিনী বা সহায়ক বাহিনীর সদস্য বা যুদ্ধবন্দিকে আটক ও ফৌজদারিতে সোপর্দ বা দণ্ডদান করিবার জন্য ১৯৭৩ সালের আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) আইন পাশ করা হয়। সংবিধানের কোনো মৌলিক অধিকারের পরিপন্থী হওয়ার কারণে উক্ত আইন অসাংবিধানিক বলিয়া সুপ্রিম কোর্ট যেন ঘোষণা না দিতে পারেন, তাহার জন্য ১৯৭৩ সালে সংবিধান (প্রথম) সংশোধন আইনও পাশ করা হয়। আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) আইনের ৩ ধারায় মানবতাবিরোধী অপরাধ, শান্তিবিরোধী অপরাধ, গণহত্যা, যুদ্ধাপরাধ, সশস্ত্র সংঘর্ষে ১৯৪৯ সালের জেনেভা কনভেনশনের মানবহিতকর বিধানাবলির লঙ্মন, আন্তর্জাতিক আইনে অন্য কোনো অপরাধ, এইরূপ অপরাধ সংঘটনের চেষ্টা, উষ্কানিদান বা ষড়যন্ত্র বা এইসব অপরাধ-সংঘটনকে যোগসাজশে বাধা না দেওয়ার অপরাধ ইত্যাদির বিশদ ব্যাখ্যা দেওয়া হইয়াছে। ১৯৭৩ সালের আইনে ট্রাইব্যুনাল গঠন, অপরাধীকে আটক, ফৌজদারিতে সোপর্দ করা এবং দণ্ডদানের বিধান দেওয়া হয়। অভিযুক্ত ব্যক্তিকে আইনি সাহায্যেরও বিধান দেওয়া হয়। ট্রাইব্যনালের সিদ্ধান্তের বিরুদ্ধে যাট দিনের মধ্যে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আপিল করিবার অধিকার সেই আইনে সংবলিত থাকে। অভিজ্ঞতা ও অভিজ্ঞ আইনজীবীর অভাব, যুদ্ধাপরাধীদের বিচার সম্পর্কে দোদুল্যমানতা এবং সর্বোপরি উপমহাদেশের রাজনৈতিক বাধ্যবাধকতার জন্য শেষ পর্যন্ত বাংলাদেশে কোনো ট্রাইব্যুনাল গঠন করা সম্ভব হয় নাই এবং যুদ্ধাপরাধীদের কোনো বিচার হয় নাই।

- War Crimes Tribunals যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষে ইউরোপের অক্ষশক্তিভুক্ত দেশগুলি কিংবা জাপানের স্বার্থে কাজ করিবার সময়ে যাঁহারা যুদ্ধাপরাধ করিয়াছেন বলিয়া কথিত, তাঁহাদের বিচার ও শান্তিবিধানের এখতিয়ারসম্পন্ন যুদ্ধাপরাধ ট্রাইব্যুনালগুলি গঠিত হয়। আরো সাম্প্রতিককালে জাতিসংঘ সনদের ৭ম অধ্যায়-অনুযায়ী জাতিসংঘের নিরাপত্তা পরিষদ সাবেক যুগোগ্লাভিয়া ও রোয়াভার সংঘাত সম্পর্কে যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল স্থাপন করিয়াছে।
- ward of court আদালতের প্রতিপাল্য ১. (পিতামাতা বা আদালত-কর্তৃক নিয়োজিত) একজন অভিভাবকের তত্ত্বাবধানে ন্যস্ত একটি অপ্রাপ্তবয়ক্ষ শিও। অভিভাবক আদালতের সামগ্রিক নিয়ন্ত্রণ ও স্ববিবেচনাধীনে শিশুটির সহক্ষে অধিকার প্রয়োগ ও কর্তব্য পালন করেন। ২. যে-নাবালকের সহক্ষে একটি প্রতিপাল্যত্ত্বের আদেশ প্রদান করা ইইয়াছে এবং যাহার উপর আদালত পিতামাতার অধিকার প্রয়োগ ও কর্তব্য পালন করেন। কোনো নাবালক আদালতের প্রতিপাল্য হইলে ২১ বংসর বয়স পূর্ণ না হওয়া পর্যন্ত ওই নাবালক সম্পত্তির অধিকারের ক্ষেত্রে সাবালক বিলয়া গণ্য হইবে না।
- wardship n. প্রতিপাল্যত্ব বি. একটি শিশুকে আদালতের প্রতিপাল্য করিবার এবং তাহার কল্যাণার্থে দায়িত্বগ্রহণের ব্যাপারে ইংল্যান্ডের হাইকোর্টের এখতিয়ার। এই এখতিয়ার প্রায় সীমাহীন, যদিও ইহা শিশুটির কল্যাণ বিবেচনা এবং, কতক পরিমাণে, অন্য ব্যক্তিদের অধিকার ও জনস্বার্থ-সাপেক্ষ। ১৮৯০ সালের অভিভাবক ও প্রতিপাল্য আইনদ্বারা নাবালকের স্বার্থরক্ষার জন্য বাংলাদেশের অধন্তন আদালতসমূহকে, বর্তমানে পারিবারিক আদালতসমূহকে, দায়িত্ব প্রদান কবা হইযাছে।
- war injuries যুদ্ধঘটিত জখম যুদ্ধের সময়ে যুক্তরাজ্যে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ, অন্ত্রশন্ত্র, বিক্ষোরক সামগ্রী ইত্যাদির ব্যবহারজনিত জখমের জন্য পৌর দায়দায়িত্ব অস্বীকার করিয়া আইন প্রণয়ন করা (যেমন, শারীরিক জখম (আপৎকালীন ক্ষমতা) আইন ১৯৩৯) দন্তুরসমত ।

\$\$80 warrant

ইচ্ছাপত্র রাখিয়া কোনো ব্যক্তি মরিয়া গেলে ইচ্ছাপত্রের নির্দেশ-অনুযায়ী যে-কোনো ব্যক্তি মৃত ব্যক্তির সম্পত্তির মালিক হইতে পারেন। মুসলমানদের ক্ষেত্রে ইচ্ছাপত্র খুব বেশি কার্যকর হয় না। কারণ একজন মুসলমান এক-তৃতীয়াংশের অতিরিক্ত সম্পত্তি ইচ্ছাপত্রমৃলে দিতে পারেন না এবং ইচ্ছাপত্রে একজন ওয়ারিশকে কোনো সম্পত্তি দিলে ইচ্ছাপত্রকারীর মৃত্যুর পর অন্য ওয়ারিশগণ তাহাতে সম্বতি না দিলে তাহা কার্যকর হয় না।

warned list মামলার তালিকা cause list দু.।

warning of caveat বিরোধিতার বিজ্ঞপ্তি সম্পর্কে সত্রকীকরণ কোনো ব্যক্তি একটি বিরোধিতার বিজ্ঞপ্তি নথিভূক্ত করাইলে, আদালতে উপস্থিত হইয়া তাঁহার স্বার্থ বর্ণনা করিবার জন্য তাঁহাকে প্রদন্ত একটি বিজ্ঞপ্তি।

warrant n. ১. পরওয়ানা বি. সাধারণত কোনো ব্যক্তিকে আদালতে হাজির করিবার আদেশ। পরওয়ানা গ্রেপ্তার ও খানাতন্মাশির জন্যও হইতে পারে। ফৌজদারি কার্যবিধির ৭৫ হইতে ৭৬ ধারায় গ্রেপ্তারি পরওয়ানা সম্পর্কে এবং ৯৬ ধারা হইতে ১০৩ ধারা পর্যন্ত খানাতল্লাশি পরওয়ানা সম্পর্কে বিধান রহিয়াছে। ৭৫ ধারা-অনুসারে-(১) আদালত কর্তৃক প্রদত্ত প্রত্যেকটি গ্রেগুরি পরওয়ানা নিখিত ও প্রধান কর্মকর্তা কর্তৃক অথবা ম্যাজিস্ট্রেট বেঞ্চের ক্ষেত্রে উহার যে-কোনো সদস্য কর্তৃক সান্দরিত এবং আদালতের সিলমোহরযক্ত হইতে হইবে। (২) এইরূপ প্রত্যেকটি পরওয়ানা প্রদানকারী আদালত বাতিল না করা পর্যন্ত অথবা উহা কার্যকর না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে। ফৌজদারি কার্যবিধির ৮০ ধারা-অনুসারে, গ্রেপ্তারি পরওয়ানা কার্যকরকারী পুলিশ-কর্মকর্তা অথবা অপর কোনো ব্যক্তি, যাঁহাকে গ্রেপ্তার করা হইবে তাঁহাকে পরওয়ানার সারমর্ম জানাইবেন এবং প্রয়োজন হইলে তাঁহাকে পরওয়ানা দেখাইবেন। ৮২ ধারা-অনুসারে, গ্রেপ্তারি পরওয়ানা বাংলাদেশের যে-কোনো স্থানে কার্যকর করা যাইতে পারে। পরওয়ানা ছাডাই কোন কোন ক্ষেত্রে অপরাধীকে গ্রেপ্তার করিতে পারে, তাহা ফৌজদারি কার্যবিধির ৫৪ ও ৫৫ ধারায় বলা হইয়াছে। দেওয়ানি কার্যবিধির ১৬ আদেশের ১০ নিয়মের ৩ উপনিয়ম-অনুসারে, সাক্ষীকে আদালতে হাজির হইবার জন্য আদালত গ্রেপ্তারি পরওয়ানা জারি করিতে পারেন। দেওয়ানি কার্যবিধির ৩২ ধারা-অনুসারেও আদালত গ্রেগুরি পরওয়ানা জারি করিতে পারেন। ২. হুকুমনামা বি. কোনো কার্য করিবার, বিশেষত অর্থ পরিশোধ করিবার, অনুমতিসচক একটি দলিল। কোনো ব্যক্তিকে গ্রেপ্তার করা কিংবা তাঁহার সম্পত্তি তন্নাশ করিবার জন্য ইংল্যান্ডের একজন ম্যাজিস্ট্রেটকর্তৃক জারিকৃত একটি লিখিত দলিল। বাংলাদেশের ফৌজদারি ও দেওয়ানি আদালত কর্তক যথাক্রমে আসামি ও বিবাদীর উপর জারির জন্য প্রেরিত আদেশ ও নির্দেশ। যেমন, গ্রেপ্তারি পরওয়ানা, ক্রোকি পরওয়ানা, দখলি পরওয়ানা ইত্যাদি। এতৎসহ share warrant দ্র.।

warrant of arrest

warrant of arrest থেপ্তারি পরওয়ানা কোনো ব্যক্তির ব্যক্তিগত স্বাধীনতা বারিত করিবার, অর্থাৎ কোনো ব্যক্তিকে হেফাজতে লইবার জন্য কোনো কর্মকর্তাকে, সাধারণত কোনো পূলিশ কর্মকর্তাকে, ক্ষমতা অর্পণ করিয়া কোনো কর্তৃপক্ষকর্তৃক প্রদন্ত একটি আদেশ।

7789

warranty n. ১. নিশ্চয়ভা, নির্ভরপত্র বি. (চুক্তি আইনে) চুক্তির কোনো শর্ত বা প্রতিশ্রুতি, যাহা ভঙ্গ হইলে নিরপরাধ পক্ষ ক্ষতিপূরণ দাবি করিতে পারে, তবে শর্তভঙ্গের কারণে চুক্তিটি খারিজ হইয়া গিয়াছে বলিয়া গণ্য করিতে পারে না। ২. প্রতিশ্রুতিবাক্য বি. (বিমা আইনে) বিমায়াহক কর্তৃক একটি প্রতিশ্রুতি যাহা ভঙ্গ হইলে বিমাকারী প্রতিশ্রুতিভঙ্গের দরুন চুক্তিটি খারিজ হইয়া গিয়াছে বলিয়া গণ্য করিতে পারেন। ৩. নির্ভরপত্র, গ্যারান্টি বি. শিথিল অর্থে, একজন প্রস্তুতকারক ক্রটিপূর্ণ পণ্য কতটা সংস্কার বা সংশোধন করিবেন, পালটাইয়া দিবেন কিংবা অন্যভাবে উহার ক্ষতিপূরণ করিবেন, সে-বিষয়ে তৎকর্তৃক প্রদন্ত একটি লিখিত প্রতিশ্রুতি। ৪. নিশ্চয়তা বি. পণ্য-বিক্রয় আইনের ১২(৩) ধারা-অনুসারে, নির্ভরপত্র ইতৈছে এমন একটি কড়ার, যাহা চুক্তির মূল উদ্দেশ্যের সহায়ক এবং যাহা ভঙ্গ হইলে ক্ষতিপূরণ দাবির উদ্ভব হয়, কিল্পু তদ্মারা পণ্য প্রত্যাখ্যান করা এবং উক্ত চুক্তি প্রত্যাখ্যাত বলিয়া গণ্য করিবার অধিকার সৃষ্টি হয় না। এতৎসহ condition তু.।

war risks যুদ্ধঘটিত ঝুঁকি ইংল্যাভের ১৯৫২ সালের নৌ ও বিমান বিমা (যুদ্ধঘটিত ঝুঁকি) আইন-অনুযায়ী, যুদ্ধবিগ্রহ, বিদ্রোহ, বিপ্লব ও গৃহযুদ্ধ কিংবা ওইরূপ ঘটনাবলিজনিত অভ্যন্তরীণ বিবাদ হইতে উদ্ভূত ঝুঁকি।

Warsaw Convention ওয়ারস কনভেনশন আন্তর্জাতিক বিমানভ্রমণ হইতে উদ্ভূত ব্যক্তিগত ক্ষতি সম্বন্ধে উত্থাপিত দাবি নিয়ন্ত্রণের জন্য সমরূপ বিধি বা নিয়মাবিল-সংবলিত একটি সমঝোতা চুক্তি, যাহা ১৯২৯ সালে পোল্যান্ডের ওয়ারস নগরে অনুষ্ঠিত সম্খেলনে গৃহীত হয়।

wasiatnama n. ওয়াসিয়তনামা, অছিয়তনামা বি. ইচ্ছাপত্র। will দ্র.।

waste n. ১. বর্জা বি. ১৯৯৫ সালের বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইনের ২(ঠ) ধারা-অনুসারে, বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, যে-কোনো তরল, বায়বীয়, কঠিন, তেজক্রিয় পদার্থ যাহা নির্গত, নিক্ষিপ্ত বা স্কৃপীকৃত হইয়া পরিবেশের ক্ষতিকর পরিবর্তন সাধন করে। ২. পরিক্ষয় বি. ইজারাদারের কার্যকলাপ বা অবহেলার দ্বারা ঘটিত ইজারাধীন সম্পত্তির যে-কোনো পরিবর্তন, ক্ষতিসাধন, অবনতি ও উনুতিসাধন পরিক্ষয়ের অন্তর্ভুক্ত। পরিক্ষয়-সংঘটক ইজারাদারদের বিরুদ্ধে ভৃষামীগণ ব্যবস্থা গ্রহণ করিতে পারেন। permissive waste, voluntary waste দ্র.। ৩. বর্জ্য ও দৃষণ-প্রসঙ্গে pollution দ্র.।

3389 waterworks

wasted costs order অপচিত পরিব্যয় আদেশ কোনো পক্ষের আইনি বা অন্য প্রতিনিধির বিরুদ্ধে ইংল্যান্ডের আদালত কর্তৃক প্রদন্ত খরচা-সম্পর্কিত একটি আদেশ। প্রতিনিধি বা তাঁহার কর্মচারীর কোনো অনুচিত, অযৌক্তিক বা অবহেলাপূর্ণ করণ বা অকরণের দক্ষন ওই খরচা উদ্ভূত হইয়াছে, এই যুক্তিতে এই আদেশ জারি করা হয়। costs দ্র.।

- wasteland n. পতিত জমি পতিত জমি বলিতে মনুষ্যবসতিহীন, হতশ্রী এবং পরিত্যক্ত জমি বুঝায়, যাহা সাধারণত দালান বা কোনো নির্মাণকার্যের জন্য ব্যবহারের অনুপযুক্ত। মাটি ভরাট করিয়া এবং প্রয়োজনীয় যত্নাদিপূর্বক চাষাবাদের যোগ্য করা হয় নাই, এইরূপ অনুনুত ও অনুৎপাদনশীল জমি, যাহা উনুতিসাধন ব্যতিরেকে কোনোভাবেই উৎপাদনশীল করা যায় না।
- wasting assets পরিক্ষীয়মাণ পরিসম্পৎ যে-সম্পত্তি একজন মৃত ব্যক্তির পরিসম্পদের অংশ এবং যাহার মূল্য ক্রমান্ত্রয়ে ব্রাস পাইতে থাকে। ইচ্ছাপত্রে অন্যরূপ নির্দেশ না থাকিলে, এইরূপ পরিসম্পৎ বিক্রয় করা ব্যক্তিগত প্রতিনিধিদের একটি কর্তব্য।
- wasting police time পুলিশের সময়ের অপচয় কোনো অপরাধ সম্বন্ধে মিথ্যা
 সংবাদ দিয়া, অথবা কোনো ব্যক্তি বা সম্পত্তি বিপন্ন হইয়াছে কিংবা পুলিশের কোনো
 তদন্ত সম্বন্ধে তাঁহার কাছে প্রাসদিক তথ্য আছে, এইরূপ ইন্ধিত দিয়া, কোনো ব্যক্তি
 অপচয়জনকভাবে পুলিশ নিয়োজিত করাইলে ইংল্যান্ডে যে-অপরাধ সংঘটিত হয়।
 বাংলাদেশে দওবিধির ১৮২ ধারায় অনুরূপ অপরাধ ও শান্তির বিধান করা হইয়াছে।

water n. জল, পানি বি. right of water দ্ৰ.।

- watercourse n. জলমার্গ বি. তলদেশ ও দুই তীরসহ একটি যুক্তিসংগতভাবে সুনির্দিষ্ট প্রণালিতে প্রবহমান একটি জলরাশি।
- watermark n. জলচিহ্ন বি. ১. পানি উঠা বা নামার সর্বোচ্চ বা সর্বনিদ্ধ স্থাননির্দেশক একটি চিহ্ন। ২. জলছাপযুক্ত কাগজ আলোর সামনে ধরিলে, যে-স্বচ্ছ নকশা বা প্রতীক চোখে পড়ে, যাহা দলিলের বা দলিল-প্রস্তুতকারীর অকৃত্রিমতা নির্দেশ করে।

water pollution পানিদৃষণ বি. pollution দ্ৰ. !

waterworks n. পানি-সরবরাহশালা নগরাদিতে পানি সরবরাহের কারখানা। পানি সরবরাহের জন্য নির্মিত সংরক্ষণাগার, পাম্পিং স্টেশন, সরবরাহ-লাইন ইত্যাদি। কারুকার্যময় ফোয়ারা বা কৃত্রিম ঝরনা। ব্রুদ, জলপ্রবাহ, ঝরনা, কুয়া, পাম্প, জলাধার waybill \$586

বা পানির ট্যাংক, ভবনের ছাদে বা গৃহাভ্যন্তরে পানি-সংরক্ষণের পাত্র, নন, জলকপাট, কালভার্ট, ইঞ্জিন, যন্ত্রপাতি, দালান, ভূমি ইভ্যাদি, যাহা নগরে পানি-সরবরাহের কাজে ব্যবহৃত হয়— সকলই ইহার অন্তর্ভুক্ত।

waybill n. যাত্রাপথের ফর্দ sea waybill দু.।

wealth tax সম্পদ-কর ১৯৬৩ সালের ১ জুলাই সম্পদ-কর আইন প্রবর্তিত হয় এবং ১৯৬৩-৬৪ আর্থিক বৎসরের জন্য পূর্ববর্তী বৎসরের শেষ তারিখে করদাতার নিট সম্পদের নির্ধারিত মূল্যের উপর এই বাৎসরিক কর ধার্য হয়। বর্তমানে কেবল একক ব্যক্তি এবং অবিভক্ত হিন্দু পরিবারের ক্ষেত্রে এই কর প্রযোজ্য। ১৯৯৯-২০০০ কর বৎসর হইতে আয়করের অধিভার হিসাবে ইহা আদায় হইতেছে।

weapon of offence আক্রামক অন্ত্র কোনো ব্যক্তিকে অক্ষম বা দুর্বল করিবার জন্য প্রস্তুত, অভিযোজিত বা অভীষ্ট যে-কোনো আক্রমণাত্মক অন্ত্র। যেমন, কোনো ব্যক্তিকে বাঁধিবার জন্য দড়ি বা তাঁহার হাঁচির উদ্রেক করিবার জন্য মরিচের গুঁড়া। আক্রমণাত্মক অন্ত্রসহ সিধেল চুরি ও অনধিকারপ্রবেশ অপরাধের দুইটি বিশেষ গুরুতর রূপ। এতৎসহ firearms, offens.ve weapon ও burglary দ্র.।

wear and tear ব্যবহারজনিত ক্ষয় ইজারার দলিলে ব্যবহৃত বাক্যাংশ। যদিও
ভাড়াটিয়া বাড়ির স্বাভাবিক ব্যবহারজনিত ক্ষয়ের মেরামতের জন্য দায়ী নহেন, তবে
ব্যবহারের অনুবর্তী ক্ষতিরোধে তাঁহার দায়িত্ব থাকে। ছাদের একটি অংশ উড়িয়া গেদে
তাহা প্রতিস্থাপনের দায়িত্ব ভাড়াটিয়ার নহে, তবে এই স্থান দিয়া বৃষ্টির পানি প্রবেশ
করিয়া যাহাতে গৃহের অধিকতর ক্ষতিসাধন না করে, তাহা দেখা তাঁহার কর্তব্য।

weekly holiday সাগুহিক ছুটি কোনো কারখানায় কোনো প্রাপ্তবয়স্ক শ্রমিককে ক্ষেত্রানুসারে রবিবার ও শুক্রবার কাজ করিতে দেওয়া যাইবে না, যদি না ক্ষেত্রানুসারে উক্ত শুক্রবার অথবা রবিবারের পূর্ববর্তী অথবা পরবর্তী তিনদিনের কোনো একদিন তিনি ছুটি ভোগ করিয়া থাকেন অথবা ছুটি ভোগ করিবেন। কারখানার ব্যবস্থাপক উক্ত রবিবার অথবা শুক্রবারের পূর্বে অথবা বিকল্প ছুটির দিনের পূর্বে, যাহা আগে হয়, রবিবার বা শুক্রবার উক্ত শ্রমিককে কাজ করাইবার প্রয়োজনীয়তা এবং ইয়ার পরিবর্তে কোন দিন তাঁহাকে ছুটি দেওয়া ইইতেছে, তাহা উল্লেখপূর্বক পরিদর্শকের নিকট নোটিশ দিয়া থাকেন এবং, উপরিউক্তমতে, একটি নোটিশ কারখানায় টাসাইয়া রাখেন। তবে শর্ত হইতেছে, ছুটির দিন এমনভাবে নির্ধারণ করা যাইবে না যাহাতে একজন শ্রমিককে পুরা একদিনের ছুটিভোগ ছাড়াই একটানা দশদিনের বেশি কাজ করিতে হয়। পরিদর্শকের নিকট নোটিশ দিয়া উপরিউক্ত বিধান-অনুসারে প্রদর বেন্টিশ এবং কারখানায় টাঙ্গানো নোটিশ আলোচ্য শুক্রবার অথবা রবিবার অথবা ইহার বিকল্প ছুটির, যেটি আগে হয় ভাহার, কমপক্ষে একদিন আগে বাতিল করা যাইতে পারে।

3388 welfare state

weekly tenancy সাপ্তাহিক প্রজাস্বত্ব সাপ্তাহিক নিয়তকালিক প্রজাস্বত্ব । periodic tenancy দ্র. ।

weights and measures ওজন ও পরিমাপ মেট্রিক পদ্ধতি প্রচলিত হওয়ায় বর্তমানে সের ও মণ এবং গ্যালনের মাপের পরিবর্তে বাংলাদেশে কেজি বা কিলোগ্রাম, লিটার, মিটার প্রভৃতি মাপ ও ওজনের পদ্ধতি প্রচলিত হইয়াছে। দণ্ডবিধির ২৬৪ হইতে ২৬৭ ধারায় ওজন সম্পর্কে অপ্রকৃত বাটখারা বা মাপ্যন্ত্র ব্যবহার, প্রস্তুত ও দখলে রাখা সম্পর্কে অপরাধের বিধান ও তাহার শাস্তি বর্ণনা করা হইয়াছে। দণ্ডবিধির ২৬৪ ধারা-অনুসারে, যে-ব্যক্তি ওজনের জন্য প্রতারণামূলকভাবে এমন কোনো যন্ত্র ব্যবহার করেন, যাহা তিনি অপ্রকৃত বলিয়া জানেন, সে-ব্যক্তি এক বংসর পর্যন্ত কারাদত্তে বা অর্থদত্তে বা উভয়বিধ দত্তে দণ্ডিত হইবেন। ফৌজদাবি কার্যবিধির ২৬০ ধারা-অনুসারে, মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট অথবা জেলা ম্যাজিস্ট্রেট এবং সরকার কর্তৃক বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রথম শ্রেণীর ম্যাজিট্রেটেরও ওজন ও পরিমাপ সম্পর্কে সংক্ষিপ্ত বিচারের ক্ষমতা রহিয়াছে। ফৌজদারি কার্যবিধির ১৫৩ ধারা-অনুসারে, কোনো থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা যখন যক্তিসংগতভাবে মনে করেন যে, তাঁহার এখতিয়ারের সীমার মধ্যে অবস্থিত কোনো স্থানে এমন ওজন, পরিমাপ ও অপ্রকৃত ওজনের যন্ত্রপাতি ব্যবহৃত বা রক্ষিত হয়, যাহা ঠিক নহে, তখন তিনি ওজন, পরিমাপ বা ওজনের যন্ত্রপাতি পরিদর্শন বা তল্পাশির জন্য বিনা পরওয়ানায় উক্ত স্থানে প্রবেশ করিতে পারিবেন। উক্ত স্থানে যদি তিনি এমন কোনো ওজন, পরিমাপ বা ওজনের যন্ত্রপাতি দেখিতে পান, যাহা প্রকৃত নহে, তাহা হইলে তিনি উহা আটক করিতে পারিবেন এবং সঙ্গে সঙ্গে এখতিয়ারসম্পন্ন কোনো ম্যাজিস্ট্রেটের নিকট এই আটকের সংবাদ দিবেন।

welfare n. কল্যাণ বি. ১. যে-কোনো বিষয়ে মঙ্গল, সমৃদ্ধি, সাফল্য, সৌভাগ্য।

২. কোনো কোনো দেশে একটি সামাজিক বিমা-পদ্ধতি, যাহাতে খাবারের টিকিট ও
পারিবারিক ভাতা প্রদানপূর্বক অভাবী ব্যক্তিদের সাহায্য করা হয়।

welfare law কল্যাণ আইন ব্যক্তির সুখবাছন্দ্যবিধানের জন্য সমাজের যে-দায়িত্ব রহিয়াছে, উহা কার্যে পরিণত করিবার জন্য প্রণীত আইন। ইহা সামাজিক নিরাপত্তা ও আয়-সহায়তা, চাকুরির সুরক্ষা, কর্মস্থলে স্বাস্থ্য ও নিরাপত্তা, গৃহসংস্থান প্রভৃতি বিষয়ের সহিত সম্পুক্ত।

welfare state কল্যাণমূলক রাষ্ট্র যে-রাষ্ট্রে সরকার সামাজিক বিমার বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেন। যেমন, বেকারভাতা, বয়ন্ধভাতা, পারিবারিক ভাতা, খাবারের টিকিট এবং অন্ধ ও বধিরগণকে সাহায্যপ্রদান প্রভৃতি বিভিন্ন সামাজিক বিমাকার্যসূচি। wharf 3300

wharf n. জাহাজঘাট বি. ইংল্যান্ডে ১৮৯৪ সালের বাণিজ্যিক নৌচলাচল আইন-অনুযায়ী, (জেটি ও ডকসহ) এমন যে-কোনো গৃহপ্রাঙ্গণাদি, যেখানে বা যাহার উপরে জাহাজ হইতে খালাস করা মালামাল আইনসম্মতভাবে রাখা যাইতে পারে।

wharfage n. ওয়ারফেজ, ঘাটমাণ্ডল জাহাজ-ঘাট বা রেলস্টেশন ব্যবহারবাবদ দেয়
ভাড়া বা শুল্ক। জাহাজঘাটে বা রেলস্টেশনে উক্ত স্থানের সুবিধা ব্যবহার করিয়া
মালপত্র নামাইবার জন্য বা শুইস্থানে সাময়িকভাবে মালপত্র রাখিবার জন্য আরোপিত
ভাড়া বা শুল্ক। জাহাজঘাটে জাহাজ থাকার জায়গা।

white paper শ্বেতপত্র বি. command paper দ্র.।

whole blood রক্তসম্পর্ক বি. consanguinity দ্র. ৷

- wholly and exclusively (used) সম্পূর্ণ এবং অনন্যভাবে (ব্যবহৃত) এই উক্তিদ্বারা কোনো কিছুর পুরাপুরি এবং একক ব্যবহার বুঝায়। যেমন, কোনো বিশেষ বা দাতব্য উদ্দেশ্যে অনুমোদিত কোনো তহবিলের পুরাপুরি ও অনন্য ব্যবহার।
- widow's benefit বিধবা-ভাতা পূর্বকালে বিধবাদের প্রদেয় একটি ভাতা। ২০০১ সালের এপ্রিল মাসে ইংল্যান্ডে ইহার নৃতন নামকরণ করা হইয়াছে মৃত্যুজনিত বিচ্ছিন্নতা ভাতা। এখন ইহা নারী ও পুরুষের ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য।
- widow's estate বিধবার সম্পত্তি বাংলাদেশে প্রযোজ্য হিন্দু দায়ভাগ আইন-অনুসারে বামীর মৃত্যুর পর স্বামীর সম্পত্তি হিসাবে একজন হিন্দু বিধবা যে-ভূসম্পত্তি লাভ করেন, তাহাই বিধবার সম্পত্তি হিসাবে গণ্য হয়। বিধবার সম্পত্তি জীবনস্বত্বও বলা হইয়া থাকে। বিধবার সম্পত্তি উক্ত বিধবা আজীবন ভোগদখল করিতে পারেন, কিছু আবশ্যকীয় বা আইনানুগ প্রয়োজন ব্যতীত উক্ত সম্পত্তি হস্তান্তর করিতে পারেন না। বিধবার মৃত্যুর পর তাঁহার স্বামীর উত্তরাধিকারিগণ উক্ত সম্পত্তিতে মালিক হন। উক্ত বিধবা যথেচ্ছাভাবে বা সম্পত্তির চিরস্থায়ী ক্ষতিসাধন করিয়া বিধবার সম্পত্তি ব্যবহার করিতে পারেন না।
- wife n. স্ত্রী, পত্মী বি. বিবাহের মাধ্যমে কোনো পুরুষের সহিত দাম্পত্যবন্ধনে আবদ্ধ নারীকে ওই পুরুষের স্ত্রী বা পত্নী বলা হয়। যে-মহিলার স্বামী জীবিত আছেন এবং যিনি তালাকপ্রাপ্তা নহেন।

- wild animals বন্যখাণী বি. classification of animals, dangerous animals ও poaching দ্ৰ.।
- wilful adj. ইচ্ছাকৃত বিণ. যে-সকল অন্যায় কার্যে আচরণটি উদ্দিষ্ট এবং একজন স্বাধীন নিয়োগী কর্তৃক কৃত, সচরাচর উহাদের সম্বন্ধে ব্যবহার করা হয়।
- wilful and malicious injury ইচ্ছাকৃত এবং বিদ্বেষপ্রসৃত ক্ষতি দেউলিয়াবিষয়ক আইনে, দেনাদারকর্তৃক ন্যায্য কারণ বা অজুহাত ছাড়া ইচ্ছাকৃতভাবে কোনো অন্যায় কার্য সম্পাদনের কারণে সংঘটিত অন্য কোনো স্বতন্ত্র সন্তার (যেমন, কোনো খণদাতার) ক্ষতি, যে-কার্যটি নিশ্চিতভাবে বা বেশ নিশ্চিতভাবে ক্ষতিসাধন করিবে বিন্যা দেনাদার জানিতেন।
- wilful and wanton misconduct স্বেচ্ছাকৃত এবং স্বৈরবৃত্ত অসদাচরণ অন্যের নিরাপত্তার প্রতি স্বেচ্ছাকৃত ঔদাসীন্য। যেমন, কোনো জ্ঞাত বিপদ নিবারণ করিতে বা অজানা বিপদ সম্পর্কে সচেতন করিতে স্বাভাবিক সাবধানতা বা যত্ন লইবার ব্যর্থতা দ্বারা অন্যের নিরাপত্তার প্রতি ইচ্ছাকৃত অথবা উচ্চুঙ্খন অবহেলামূলক আচরণ।
- wilful default ইচ্ছাকৃত খেলাপ কোনো ব্যক্তির যাহা করা উচিত, উদ্দেশ্যপ্রণোদিতভাবে বা অবিবেচনাবশত তাহা না করা। যেমন, আদালতে নোটিশ পাওয়ার পরও হাজির না হওয়া।
- wilful disobedience স্বেচ্ছাকৃত অবাধ্যতা কর্তব্যে ইচ্ছাকৃত অবহেলা বা অবাধ্যতা। অবাধ্যতা যদি এমন পারিপার্শ্বিক অবস্থার চাপে ঘটে, যখন আদেশপালন করা সম্ভব নহে, তবে তাহা স্বেচ্ছাকৃত অবাধ্যতা হয় না।
- wilful misconduct ইচ্ছাকৃত অসদাচরণ উদ্দেশ্যপ্রণোদিতভাবে কোনো অন্যায় কার্য করা কিংবা অন্যায়ভাবে কোনো কার্য না করা; কিংবা এমন কিছু করা বা না করা, যাহা সম্ভাব্য পরিণতি সম্বন্ধে বেপরোয়া ঔদাসীন্য প্রমাণ করে।
- wilful neglect ইচ্ছাকৃত অবহেলা কোনো কর্তব্যপালনে ইচ্ছাকৃত বা উদ্দেশ্যপ্রণোদিত বার্থতা।
- wilful neglect to maintain রক্ষণাবেক্ষণে অবহেলা failure to maintain দ্রি.।
- wilful refusal to consummate বিবাহসিদ্ধিতে ইচ্ছাকৃত অস্বীকৃতি (যৌনমিলনের দারা) একটি বিবাহ সিদ্ধ না করিবার অযৌক্তিক সিদ্ধান্ত, যাহা একটি বিবাহ-রদের হেতু হইতে পারে। বিবাহ সিদ্ধ করিবার অনিচ্ছা সাময়িক, লচ্জাজনিত, কিংবা অস্ত্রোপচার দারা নিরাপদে সংশোধনীয় নয়, এমন কোনো শারীরিক অস্বাভাবিকতাজনিত হইলে, উহা উদ্দেশ্যপ্রণোদিত অস্বীকৃতি বলিয়া গণ্য হইবে না। এতৎসহ consummation of marriage দ্র.।

n. উইল, ইচ্ছাপত্র বি. মুসলিম আইন-অনুসারে, অতঃপর বর্ণিত শর্তাবনি সাপেক্ষে প্রত্যেক সুস্থমনা সাবালক মুসলমান উইল করিয়া তাঁহার সম্পত্তি হন্তাত্তর করিতে পারেন। কোনো মুসলমান তাঁহার দাফন-কাফনের ব্যয় এবং দেন পরিশোধের পর উদ্বন্ত সম্পত্তির এক-তৃতীয়াংশের বেশি উইল করিয়া হস্তান্তর করিতে পারেন না। এক-তৃতীয়াংশের বেশি উইল করা হইলে এবং ওয়ারিশগণ সমতি প্রদান না করিলে এক-তৃতীয়াংশের অধিক সম্পত্তির উইল কার্যকর হইবে না। কোনো ওয়ারিশের অনুকূলে উইল করা আইনসংগত হইবে না, যদি উইলকারীর মৃত্যুর পর তাঁহার অন্যান্য ওয়ারিশ উহাতে সম্মতি না দেন। গর্ভস্থ সন্তানের অনুকূলে উইল করা যায়, যদি উইল করিবার ছয়মাসের মধ্যে তাহার জন্ম হয়। ১৯২৫ সালের উত্তরাধিকারী আইনের ২(জ) ধারা-অনুসারে, ইচ্ছাপত্রকারীর সম্পত্তি সম্পর্কে এরপ আইনত ঘোষণা, যাহার দারা তাঁহার মৃত্যুর পর তাঁহার অভিপ্রায় কার্যকর হইবার ইচ্ছা ব্যক্ত হয়। উক্ত আইনের ৫৯ ধারা-অনুসারে, একজন সুস্থমনা সাবালক ব্যক্তি তাঁহার যাবতীয় পৃথক অথবা স্বোপার্জিত সম্পত্তি অন্যের বরাবর উইল করিয়া দিতে পারেন। ব্যাখ্যা : ১. একজন বিবাহিত রমণী যে-সম্পত্তি তাঁহার জীবৎকালে হস্তান্তর করিতে পারিতেন, সে-সম্পত্তি ইচ্ছাপত্রমূলে বিলিবন্দেজ করিতে পারেন। ২. অন্ধ, বোবা ও বধির ব্যক্তি ইচ্ছাপত্র করা হইতে অক্ষম না হইলে, যদি তাঁহারা কী করিতেছেন তাহা বুঝিতে পারেন, তাহা হইলে ইচ্ছাপত্র করিতে পারিবেন। ৩, সাময়িকভাবে অপ্রকৃতিস্থ ব্যক্তি যখন সৃস্তমনা থাকেন তখন তিনি ইচ্ছাপত্র করিতে পারেন। ৪, চিরঞ্গু বা অসুস্থতার কারণে উইলের মর্ম অবগত হইতে অপারগ হইলে তিনি উইল করিতে পারিবেন না। উত্তরাধিকার আইনের ৬১ ধারা-অনুসারে, প্রতারণা বা বলপ্রয়োগের দারা ইচ্ছাপত্র করা হইলে তাহা বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত আইনের ৬২ ধারা-অনুসারে, ইচ্ছাপত্রকারী যে-কোনো ইচ্ছাপত্র রদ ও পরিবর্তন করিতে পারেন এবং তাঁহার সর্বশেষ ইচ্ছাপত্র কার্যকর বলিয়া গণ্য হইবে। উক্ত আইনের ৬৩ ধারা-অনুসারে, ইচ্ছাপত্র অবশ্যই লিখিত দলিলদ্বারা হইতে হইবে এবং ইচ্ছাপত্রকারী দলিলের সমস্ত বিষয় অবগত হইয়া ইহাতে স্বাক্ষর করিবেন। দুইজন বা তাহার অি ব্যক্তি প্রত্যয়নকারী হিসাবে ইচ্ছাপত্রে স্বাক্ষর করিবেন। অজ্ঞাত ব্যক্তির অনুক উইল করিতে হইলে সীমিত স্বত্ব সৃষ্টি করিয়া তাহার মাধ্যমে উইল করা যায়। এই ধরনের হস্তান্তরের বিধান সম্পত্তি-হস্তান্তর আইনের ১৩, ১৪, ১৬ ধারায় বর্ণনা করা হইয়াছে। উইল প্রোবেটের জন্য জেলা জজ আদালতে দরখান্ত করিতে হয়। এতৎসহ testamentary capacity ও execution of will দ্ৰ.।

wind and water-tight বাতাস ও জ্বলরোধক যেখানে ভাড়াটিয়ার উপর ফ্ল্যাট-বাড়ি বা বসতবাড়িকে বাতাস ও জ্বলরোধক রাখিবার বাধ্যবাধকতা থাকে, সেইখানে উজিটি কঠোরভাবে ভাড়াটিয়ার অনুকূলে ব্যাখ্যা করিতে হয়। windfalls n. আকন্দিক লাভ অপ্রত্যাশিতভাবে পাওয়া সুফল, বিশেষত, অর্থপ্রাপ্ত।
বাতাসে গাছ হইতে পড়া ফল। ঝড়ে পতিত গাছ-গাছালি ইত্যাদি ইহার অন্তর্ভুক্ত।
তবে অধিকারের ক্ষেত্রে নির্মাণ বা আসবাবপত্র ইত্যাদির উপযোগী কাঠের উৎসরূপে
বিবেচিত উত্তম বাড়ন্ত বৃক্ষ হইলে সাধারণত উহার উপর জমিদারের বা বাড়ির
মানিকের অধিকার বর্তায় এবং খারাপ বা ক্ষয়প্রাপ্ত গাছ হইলে উহার উপর
তাড়াটিয়ার অধিকার থাকে।

winding-up (liquidation) অবসায়ন বি. যে-পদ্ধতিতে একটি কোম্পানি বিলুপ্ত করা যাইতে পারে। অবসায়নের সূত্রপাত কোম্পানির সদস্য বা উত্তমর্ণগণ করিতে পারেন, কিংবা আদালতের আদেশেও ইহার সূচনা হইতে পারে। উভয় ক্ষেত্রে পরিচালকদের নিকট হইতে কোম্পানির নিয়ন্ত্রণ গ্রহণ করিবার জন্য একজন অবসায়ক নিয়োগ করা হয় । তিনি পরিসম্পৎ সংগ্রহ ও দেনা পরিশোধ করেন এবং কোনো উদ্বন্ত থাকিলে তাহা কোম্পানির সদস্যদের মধ্যে তাঁহাদের অধিকার-অনুযায়ী বন্টন করেন। কোম্পানি আইনের ২৩৪ ধারা-অনুসারে, নিম্নলিখিত যে-কোনো পদ্ধতিতে কোনো কোম্পানির অবসায়ন ঘটানো বা ব্যবসা গুটাইয়া ফেলা যাইবে: (ক) আদালত কর্তৃক বাধ্যতামূলক অবসায়ন; (খ) স্বেচ্ছাকৃতভাবে অবসায়ন; এবং (গ) আদালতের তত্ত্বাবধানে অবসায়ন। অবসায়নসংক্রান্ত ওই আইনের বিধানসমূহের পরিপন্থী কিছু না থাকিলে উপরিউল্লিখিত যে-কোনো পদ্ধতিতে কোম্পানির অবসায়নের ক্ষেত্রে ওই বিধানসমূহ প্রযোজ্য হইবে। যে-পরিস্থিতিতে আদালত কর্তৃক কোম্পানির অবসায়ন হইবে, তাহা কোম্পানি আইনের ২৪১ ধারায় বলা হইয়াছে। উক্ত আইনের ২৪৭ ধারা-অনুসারে, কোনো কোম্পানি গুটাইয়া ফেলিবার জন্য যখন দরখান্ত দাখিল করা হইবে, তখন হইতে আদালত কর্তৃক কোম্পানির অবসায়ন শুরু হইয়াছে বলিয়া গণ্য করিতে হইবে। voluntary winding-up, compulsory winding-up ও liquidator দ্র. ।

window dressing বাতায়ন-সজ্জা সাধারণভাবে ইহার অর্থ ভিনু হইলেও ব্যাংকিং জগতে বাতায়ন-সজ্জা বলিতে স্বল্প সময়ের জন্য স্ফীত আমানত সৃষ্টি করিয়া উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা বুঝায়। ব্যাংকের অর্ধ-বার্ষিক এবং বার্ষিক হিসাব-সমাপনীর সময়ে এই কৌশল ব্যবহার করিয়া প্রকৃত আমানত হইতে বেশি আমানত প্রদর্শন করা হয়।

wiretapping n. টেলিফোনে আড়িপাতা সাধারণত আদালতের আদেশে আইন বলবংকরণের দায়িত্বে নিযুক্ত কর্মকর্তাগণ কর্তৃক ব্যক্তিগত কথোপকথন শুনিবার জন্য বা ধারণ করিবার জন্য ইলেকট্রনিক বা অন্য কোনো যন্ত্রের সাহায্যে টেলিফোনে আড়িপাতা বা গোপনে অন্য লোকের কথা শ্রবণ করা। টেলিফোনে আড়িপাতার বিষয়টি আইনদ্বারা নিয়ন্ত্রিত। সংবিধানের ৪৩ অনুচ্ছেদ-অনুসারে, রাষ্ট্রের নিরাপন্তা, with costs \$368

জনশৃঙ্খলা, জনসাধারণের নৈতিকতা বা জনস্বাস্থ্যের স্বার্থে আইনদারা আরেণিত যুক্তিসংগত বিধিনিষেধসাপেক্ষে প্রত্যেক নাগরিকের চিঠিপত্রের ও যোগাযোগের অন্যান্য উপায়ের গোপনীয়তা রক্ষার অধিকার থাকিবে। ২০০৫ সালের বাংলাদেশ টেলিযোগাযোগ (সংশোধন) অধ্যাদেশ-অনুসারে, ওই আইন বা অন্য কোনো আইনে যাহা কিছু থাকুক না কেন, রাষ্ট্রের নিরাপত্তা বা জনশৃঙ্খলার স্বার্থে যে-কোনো টেলিযোগাযোগ সেবা–ব্যবহারকারীর প্রেরিত বার্তা ও কথোপকথন প্রতিহত, রেকর্ড-ধারণ বা তৎসম্পর্কিত তথ্যাদি সংগ্রহের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী বা প্রতিমন্ত্রী সময়ে সময়ে নির্ধারিত কালের জন্য গোয়েন্দা সংস্থা, জাতীয় নিরাপত্তা সংস্থা বা আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণের দায়িত্বে নিয়োজিত সংস্থার কোনো কর্মকর্তাকে ক্ষমতাপ্রদান করিতে পারিবেন এবং উক্ত কার্যক্রমে সার্বিক সহায়তাপ্রদানের জন্য টেলিযোগাযোগ সেবা–প্রদানকারীকে নির্দেশ দিতে পারিবেন এবং পরিচালনাকারী উক্ত নির্দেশ পালন করিতে বাধ্য থাকিবেন।

- with costs খরচাসহ আদালতের আদেশের সহিত সংযুক্ত একটি বাক্যাংশ, যাহা
 সফল পক্ষকে মামলার খরচা মনজুর করা হইয়াছে, এই তাৎপর্য বহন করে। দেওয়ানি
 মোকদ্দমায় মামলার ফলাফল খরচাসহ নির্ধারণ হইতে পারে। খরচাসহ ডিক্রি হইলে
 বিবাদীর নিকট হইতে ডিক্রিপ্রাপক বা বাদী মোকদ্দমার খরচা আদায় করিতে
 পারিবেন। অনুরূপভাবে মামলা খরচাসহ খারিজ হইলে বাদীপক্ষের নিকট হইতে
 বিবাদীপক্ষ মামলার খরচা আদায় করিতে পারিবেন। মামলার খরচা কীভাবে
 নির্ধারিত হইবে, সে-সম্পর্কে দেওয়ানি কার্যবিধির ৩৫ ধারায় এবং দেওয়ানি বিধি ও
 আদেশাবলিতে বলা হইয়াছে। costs of the proceedings দ্র্য়.।
- withdrawal n. প্রত্যাহার, অপনয়ন, অপসরণ বি. ১. স্থানান্তর; (কোনো কিছু)
 ফিরাইয়া লইবার বা দূরে সরাইবার কার্য; সন্মতি-প্রত্যাহার। ২. কোনো স্থান, অবস্থান
 বা পরিস্থিতি হইতে পশ্চাদপসারণ। ৩. গচ্ছিত রাখিবার স্থান বা ভাগ্যর হইতে অর্থ
 সরাইয়া অপসারণ। ৪. পরিত্যাগ (যেমন, ইচ্ছাকৃতভাবে আগুন লাগাইবার দৃষ্কর্মের
 ষড়যন্ত্র হইতে সরিয়া আসা বা নিজেকে প্রত্যাহার করিয়া লওয়া)।
- withdrawal from prosecution মামলা পরিচালনা হইতে সরিয়া যাওয়া ফৌজদারি কার্যবিধির ৪৯৪ ধারায় বলা হইয়াছে যে, সরকারি অভিযোক্তা আদালতের অনুমতি লইয়া কোনো ব্যক্তির বিরুদ্ধে আনীত মোকদ্দমায়, সাধারণভাবে যে-সকল অপরাধে তাঁহার বিচার হইতেছে তাহার যে-কোনো এক বা একাধিক অপরাধ সম্পর্কে পরিচালনা হইতে সরিয়া যাইতে পারেন। (ক) অভিযোগনামা প্রণয়নের পূর্বে সরিয়া গেলে উক্ত এক বা একাধিক অপরাধ সম্পর্কে আসামির অব্যাহতি হইবে; এবং (খ) অভিযোগ প্রণয়নের পর সরিয়া গেলে অথবা এই আইন-অনুসারে কোনো অভিযোগনামা প্রণয়ন করা প্রয়োজন না হইলে উক্ত এক বা একাধিক অপরাধ সম্পর্কে

আসামিকে খালাস দিতে হইবে। মোকদ্দমা পরিচালনা হইতে সরিয়া যাওয়ার উপযুক্ত কারণ সম্পর্কে সরকারি অভিযোক্তা আদালতকে সন্তুষ্ট করিবেন। সরকার কর্তৃক সরিয়া যাইবার আদেশ আদালত কর্তৃক অনুমতিপ্রদানের জন্য যথেষ্ট কারণ হইবে না।

- withdrawal of complaint অভিযোগ বা নালিশ-প্রত্যাহার ফৌজদারি কার্যবিধির ২৪৮ ধারায় বলা হইয়াছে যে, এই অধ্যায়-অনুসারে কোনো মোকদমার চূড়ান্ত আদেশ হওয়ার পূর্বে ফরিয়াদি যদি ম্যাজিস্ট্রেটের সন্তুষ্টিবিধান করিতে পারেন যে, তাঁহাকে নালিশ-প্রত্যাহারের অনুমতি দেওয়ার পর্যাপ্ত কারণ রহিয়াছে, তাহা হইলে ম্যাজিস্ট্রেট তাঁহাকে উহা প্রত্যাহারের অনুমতি দিবেন এবং অতঃপর আসামিকে খালাস দিবেন। উল্লেখযোগ্য যে, এই ধারাটি শুধু নিষ্পন্তিযোগ্য মোকদমার ক্ষেত্রে প্রযোজ্য, যাহা ফৌজদারি কার্যবিধির ৩৪৫ ধারায় বর্ণনা করা হইয়াছে। সেইজন্য অভিযোগকারী এই ধারা-অনুসারে নালিশ প্রত্যাহার করিতে পারেন।
- withdrawał of defence জবাব-প্রত্যাহার যে-পদ্ধতিতে ইংল্যান্ডে হাইকোর্ট বিচারাধীন একটি মামলায় একজন বিবাদী আত্মপক্ষসমর্থন করিবেন না বলিয়া দাবিদারের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি জারি করিতে পারেন। বিবাদী তখন আত্মপক্ষসমর্থনের খেলাপি হইবেন এবং দাবিদার সেক্ষেত্রে আবেদনের মাধ্যমে রায় প্রার্থনা করিতে পারিবেন। default দ্র.।
- withdrawal of issue from jury জুরির নিকট হইতে প্রশ্ন প্রভ্যাহার ইংল্যান্ডে একজন বিচারক যদি নিঃসংশয় না হন যে, কোনো পক্ষের উপর ন্যন্ত সাক্ষ্যপ্রমাণ-সম্পর্কিত প্রমাণের দায় পালন করিবার মতো পর্যাপ্ত সাক্ষ্যপ্রমাণ রহিয়াছে, তাহা হইলে যে-পদ্ধতিতে তিনি জুরিকে অব্যাহতি দিয়া প্রতিপক্ষের অনুকূলে রায় দিতে পারেন, যদি প্রশুটি মোকদ্দমার জন্য বিনিশ্চায়ক হয়। প্রশুটি মোকদ্দমার জন্য সাম্প্রিকভাবে বিনিশ্চায়ক না হইলে, তিনি ওই প্রশুটি সম্বন্ধে জুরিকে উক্তপক্ষের বিরুদ্ধে সিদ্ধান্ত দিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারেন। burden of proof দ্র.।
- withdrawal of suit মোকদ্দমা-প্রত্যাহার দেওয়ানি কার্যবিধির ২৩ আদেশের ১ নিয়ম-অনুসারে, মোকদ্দমা দায়ের হইবার পর যে-কোনো সময়ে বাদী সকল বা যে-কোনো বিবাদীর বিরুদ্ধে মোকদ্দমা প্রত্যাহার করিতে বা আংশিক দাবি পরিত্যাগ করিতে পারেন। যে-ক্ষেত্রে আদালত এই মর্মে সন্তুষ্ট হন যে, কোনো পদ্ধতিগত ক্রেটির জন্য মোকদ্দমাটি ব্যর্থ হইতে বাধ্য এবং মামলার বিষয়বস্তুর জন্য কিংবা কোনো দাবির অংশের জন্য নৃতনভাবে মোকদ্দমা দায়ের করিবার জন্য বাদীকে অনুমতি দিবার যথেষ্ট অজুহাত রহিয়াছে, সেই ক্ষেত্রে আদালত উপযুক্ত শর্তে বাদীকে তাঁহার মোকদ্দমা প্রত্যাহার করিবার অথবা তাঁহার আংশিক দাবি পরিত্যাগ করিবার

within ১১৫৬

অনুমতি দিতে পারিবেন এবং উক্ত মোকদ্দমার বিষয়বস্তু সম্পর্কে বা উক্তরূপ আংশিক দাবি সম্পর্কে পুনরায় মোকদ্দমা দায়ের করিবার অনুমতি মনজুর করিতে পারেন। আদালতের উল্লিখিত অনুমতি ছাড়া যে-ক্ষেত্রে বাদী মোকদ্দমা প্রত্যাহার করেন বা আংশিক দাবি পরিত্যাগ করেন, সেইক্ষেত্রে বাদী আদালতের সিদ্ধান্ত-অনুসারে মোকদ্দমার খরচার জন্য তিনি দায়ী হইবেন, এবং উক্ত বিষয়বস্তু বা আংশিক দাবি সম্পর্কে নৃতনভাবে কোনো মোকদ্দমা দায়ের করিবার অধিকার হইতে বঞ্চিত হইবেন। এই নিয়মের কোনো বিধানবলে আদালত কতিপয় বাদীর মধ্যে একজনকে অন্যান্য বাদীর সম্পতিব্যতীত মোকদ্দমা প্রত্যাহার করিবার অনুমতি দিতে পারেন না।

- within adv. & prep. মধ্যে, ভিতরে ক্রি. বিণ. অভ্যন্তরে। বাহিরে বা ছাড়াইয়া নহে: নাগালের মধ্যে; সীমার মধ্যে। সাধারণত ইহার অর্থ, বর্ণিত দূরত্ব, পরিমাণ বা সময়ের মধ্যে, এবং উহাদের নির্দিষ্ট সীমার বাহিরে নহে। আইনে যেখানে রায়ের ৩০ দিনের মধ্যে আপিল দায়ের করিবার বিশেষ বিধান থাকে, সেখানে রায়ের প্রতায়িত নকল পাওয়াসাপেক্ষে ত্রিশতম দিনের ভিতরেই আপিল দায়ের করিতে হয়।
- without notice application বিনা বিজ্ঞপ্তির আবেদন যে-পদ্ধতিতে দেওয়ানি মোকদ্দমায় একটি পক্ষ অন্যপক্ষের অজ্ঞাতসারে একটি আদেশ জারি করিবার জন্য আদালতের নিকট আবেদন করিতে পারেন। একটি পক্ষ অন্যপক্ষের পরিসম্পৎ সংরুদ্ধ করিতে চাহিলে এইরূপ আবেদনের প্রয়োজন হইতে পারে। অন্যপক্ষ যাহাতে পরিসম্পদের বিলিব্যবস্থা করিবার সুযোগ না পায়, সেইজন্য গোপনীয়তা অপরিহার্য। এইরূপ ক্ষেত্রে তল্লাশের আদেশ বা সংরোধক নিষেধাজ্ঞা বিনা বিজ্ঞপ্তিতে প্রদানের জন্য আবেদন করা যাইতে পারে। দেওয়ানি মামলা দায়েরের পর বিবাদীর উপর সমনজারি হইবার পূর্বে বিবাদীকে পূর্ববিজ্ঞপ্তি-ব্যতিরেকে তাঁহার বিরুদ্ধে নিষেধাজ্ঞা ইত্যাদি আদেশলাভের জন্য আবেদন করা যায়। search order ও freezing injunction দ্র.।
- without prejudice ক্ষুপ্ন না করিয়া দুই পক্ষ যাহাতে কোনোরূপ দায়িতা স্বীকারের আভাস না দিয়া আলোচনার মাধ্যমে কোনো দাবি নিম্পত্তি করিতে পারে, এতদুদেশ্যে ব্যবহৃত একটি বাক্যাংশ। ক্ষুণ্ন না করিয়া শিরোনামযুক্ত চিঠিপত্র ও অন্যান্য দিনি উভয়পক্ষের সম্বাতিব্যতিরেকে কোনো মামলায় সাক্ষ্যপ্রমাণ হিসাবে পেশ করা যায় না। তবে আদালতের খরচাদির আলোচনাকালে ইহা প্রাসন্ধিক হইতে পারে।
- without recourse to me আমার আশ্রয় ব্যতীত sans recours দ্র.।
- with prejudice (অধিকার বা ক্ষমতার) হানিকরভাবে সকল অধিকারের হানি ঘটাইয়া। যে-পদ্ধতিতে একটি পক্ষের দাবি চূড়ান্তরূপে নিষ্পত্তি করা হয় এবং উক্ত দাবির বিষয়ে ভবিষ্যৎ মামলা বারিত হয় (যেমন, পুনরায় দাবির হানি ঘটাইয়া খারিজ করা হইন)।

እንዸዓ work

witness n. সাক্ষী বি. কে বা কাহারা সাক্ষী দেওয়ার যোগ্য বা সাক্ষী দিতে পারেন, সে-সম্পর্কে সাক্ষ্য আইনের ১১৮ ধারা হইতে ১৩৪ ধারায় বলা হইয়াছে এবং ১৩৫ ধারা ইইতে ১৬৫ ধারা পর্যন্ত সাক্ষীর জবানবন্দি এবং পুনর্জবানবন্দি-সম্পর্কিত বিধান বর্ণিত হইয়াছে। সাক্ষ্য আইনের ১১৮ ধারা-অনুসারে, সব ব্যক্তিই সাক্ষ্য দেওয়ার যোগ্যতাসম্পন্ন, যদি না আদালত মনে করেন যে, কোনো ব্যক্তির অল্পবয়স, অতি বার্ধক্য, দৈহিক ও মানসিক ব্যাধি বা অনুরূপ অন্য কোনো কারণে তিনি জিজ্ঞাসিত প্রশ্ন বৃঝিতে এবং সেই প্রশ্নের যুক্তিসংগত উত্তর দিতে অক্ষম। কোনো অপ্রকৃতিস্থ ব্যক্তি তাঁহার অপ্রকৃতিস্থতার জন্য সাক্ষীদানের অযোগ্য হইবেন না, যদি না জিজ্ঞাসিত প্রশু বুঝিতে ও উহার যুক্তিসংগত উত্তর দিতে তিনি অপারগ না হন। সাক্ষ্য আইনের ১৯৯ ধারা-অনুসারে, যে-সাক্ষী কথা বলিতে পারেন না, তিনি যদি তাঁহার বক্তব্য অন্য কোনোভাবে অর্থাৎ লিখিয়া বা ইশারা করিয়া বুঝাইতে পারেন, তাহা হইলে সেইভাবে সাক্ষী দিতে পারিবেন, তবে সেই লেখা বা ইশারা প্রকাশা আদালতে করিতে হইবে। এইরপভাবে যে-সাক্ষ্য দেওয়া হইবে, তাহা মৌখিক সাক্ষ্য বলিয়া গণ্য হইবে। সাক্ষ্য আইনের ১২০ ধারা-অনুসারে, সকল দেওয়ানি মোকদ্দমার পক্ষগণ এবং কোনো পক্ষের স্বামী বা স্ত্রী অবশ্যই যোগ্যতাসম্পন্ন সাক্ষী। কোনো ব্যক্তির বিরুদ্ধে ফৌজদারি মামলায় সেই ব্যক্তির স্বামী বা গ্রী অবশ্যই যোগ্যতাসম্পন্ন সাক্ষী। সাক্ষ্য আইনের ১৩৩ ধারা-অনুসারে, আসামির সহযোগী উক্ত আসামির বিরুদ্ধে সাক্ষ্যদানের উপযুক্ত বাক্তি বলিয়া গণা । সহযোগীর অসমর্থিত সাক্ষোর ভিত্তিতে আসামিকে গুরুতর সাজা দেওয়া হইলে কেবল সেই কারণে উক্ত সাজা বেআইনি হইবে না। সংবিধানের ৩৫(৪) অনুচ্ছেদ-অনুসারে, কোনো অপরাধের দায়ে অভিযুক্ত ব্যক্তিকে তাঁহার নিজের বিরুদ্ধে সাক্ষ্য দিতে বাধ্য করা যাইবে না।

woman's property নারীর সম্পত্তি হিন্দু আইনে একজন নারী জীবনস্বত্ব, স্ত্রীধন এবং নারীর সম্পত্তি হিসাবে সম্পত্তি লাভ করিতে পারেন। সম্পত্তিপ্রাপ্তির উৎস এবং ভোগদখল ও হস্তান্তরের ক্ষেত্রে জীবনস্বত্ব, স্ত্রীধন ও নারীর সম্পত্তির পার্থক্য রহিয়াছে। মুসলিম আইনে কোনো নারীর প্রাপ্ত সম্পত্তিতে তাঁহার একচ্ছত্রভাবে হস্তান্তরসহ ভোগদখল এবং উত্তরাধিকারত্ব বরাবরে বর্তায়, কিন্তু হিন্দু আইনে নারীর প্রাপ্ত সম্পত্তির প্রেণীভেদ রহিয়াছে। সাধারণত কোনো হিন্দু রমণী পিতার উত্তরাধিকারী হিসাবে এবং পিতার নিকট হইতে দানসূত্রে যে-সম্পত্তি প্রাপ্ত হন, তাহা নারীর সম্পত্তি হিসাবে গণ্য হয়। নারীর সম্পত্তি একজন নারী ভোগদখল এবং হস্তান্তর করিতে পারেন এবং তাঁহার উত্তরাধিকারীদের উপর উক্ত সম্পত্তি বর্তায়।

work n. কর্ম, বৃত্তি, পেশা, চাকুরি বি. কোনো ব্যক্তি জীবননির্বাহ করিবার জন্য যে-কাজে বা দায়িত্বে নিয়োজিত থাকেন। যাহা করা হইয়াছে। মেধা ও কল্পনা-প্রসূত কাজ বা শিল্পকর্ম: ইহাদারা দক্ষ শ্রম এবং অদক্ষ শ্রম প্রয়োজন হয়, এইরূপ উভয় ধরনের কাজই বুঝায়। শব্দটি ব্যাপক অর্থবোধক। যে-শ্রম প্রদান করা হয় এবং যাহার উপর বা যে-বিষয়ের জন্য শ্রম প্রদান করা হয়, উভয়কেই ইহা নির্দেশ করে। বহুবচনে ব্যবহৃত হইলে শব্দটি শ্রমদানের ফলে যে-বিশিষ্ট ও গুরুত্বপূর্ণ কর্মটি সাধিত হয়— যেমন্, বড শিল্প ও বৈজ্ঞানিক প্রতিষ্ঠান ইত্যাদি— তাহাও বুঝায়।

worker and workman শ্রমিক ও কায়িক শ্রমিক ১৯৬৯ সালের শিল্প-সম্পর্ক অধ্যাদেশের ২ ধারা-অনুসারে, শ্রমিক ও কায়িক শ্রমিক বলিতে বুঝাইবে, মালিকের সংজ্ঞায় পড়েন না, এমন যে-কোনো ব্যক্তি, তাঁহার নিয়োগের শর্ত ব্যক্ত হউক বা নিহিত হউক শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত ব্যক্তিসহ কোনো প্রতিষ্ঠান বা শিল্পের চাকুরিতে নিযুক্ত আছেন এবং সে-নিযুক্তি মজুরি বা পারিতোষিকের ভিত্তিতে সরাসরিভাবে বা ঠিকাদারের মাধ্যমে কোনো দক্ষ, অদক্ষ কায়িক, কারিগরি বা করণিক কাজ করিবার জন্য নিযুক্ত ব্যক্তি। উক্ত নিযুক্তি যেভাবে হউক না কেন, কোনো শিল্পবিরোধের প্রশ্নে উক্ত অধ্যাদেশের অধীনে কার্যক্রম শুরু করিবার বেলায় সে-সকল ব্যক্তি এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইতে পারিবেন, যাঁহাদের শান্তিমূলকভাবে বরখাস্ত, কর্মচ্যুতি, ছাঁটাই অথবা লে-অফ করা হইয়াছে, অথবা উক্ত বিরোধের সূত্র ধরিয়া বা উক্ত বিরোধের কারণে অন্য কোনোভাবে চাকরি হইতে অপসারিত হইয়াছেন, অথবা যাঁহার শান্তি পদচ্যতি, বরখান্ত, লে-অফ অথবা অপসারণের কারণে উক্ত বিরোধের উৎপত্তি হইয়াছে। কিন্ত নিম্নোক্ত ব্যক্তি ইহার অন্তর্ভুক্ত হইবেন না: (ক) কোনো প্রতিষ্ঠানে ওয়াচ অ্যান্ড ওয়ার্ড বা সিকিউরিটি ক্টাফ হিসাবে বা কনফিডেনসিয়াল অ্যাসিস্ট্যান্ট ও সাইফার অ্যাসিস্ট্যান্ট হিসেবে নিযুক্ত ব্যক্তি: (খ) ব্যবস্থাপনা বা প্রশাসনিক দায়িতে নিযুক্ত ব্যক্তি: এবং (গ) তদারকি কর্তৃতে নিযুক্ত ব্যক্তি যিনি পদাধিকারবলে বা তাঁহার উপর অর্পিত ক্ষমতাবলে ব্যবস্থাপনা বা প্রশাসনিক ধরনের কাজ করিয়া থাকেন। তবে (ক) উপ-অনুচ্ছেদে কোনো কিছু থাকা সত্তেও কোনো প্রতিষ্ঠানের প্রহরী বা নিরাপত্তা কর্মী বা আগু সহকারী হিসেবে নিযুক্ত ব্যক্তি অনুরূপ গ্রেড বা পর্যায়ের অপর শ্রমিক বা কায়িক শ্রমিকদের সমান যাবতীয় আর্থিক সুযোগ-সুবিধা ভোগ করিবেন।

working capital কার্যকর মূলধন কোনো অংশীদারি কারবারের স্বল্পমেয়াদি অথবা চলতি সম্পদে মোট বিনিয়োগ। এই কার্যকর সম্পদের মধ্যে নগদ অর্থ, বিক্রয়য়োগ্য জামানত, লেনদেনের হিসাবে ফেরতযোগ্য, স্বল্পমেয়াদি ফেরতযোগ্য, কাঁচামাল, প্রক্রিয়াধীন কর্মকাণ্ড ও চূড়ান্ত পণ্যের মজুদ প্রভৃতি পরিসম্পৎ অন্তর্ভুক্ত যাহা এক বৎসরের মধ্যে নগদ অর্থে রূপান্তরযোগ্য।

working day কার্যদিবস, কর্মদিবস বি. যেদিনে সাধারণত কাজকর্ম যথারীতি চলে। ইহা সাপ্তাহিক ছুটির দিন ও আইনানুগ বন্ধের দিন হইতে ভিন্ন এবং কর্মময়। সাপ্তাহিক ছুটি, সরকারি ছুটি কিংবা ঘোষিত বন্ধের দিন সাধারণত কর্মদিবসের অন্তর্ভুক্ত হয় না, তবে ঝড-বাদলের দিন কর্মদিবসের অন্তর্ভুক্ত। ንንሬቃ wreck

working hours for children শিশুদের জন্য কাজের ঘণ্টা কোনো কারখানায় কোনো শিশুকে বা কিশোরকে একদিনে পাঁচ ঘণ্টার বেশি এবং সন্ধ্যা ৭টা হইতে জের ৭টা পর্যন্ত সময়ের মধ্যে কাজ করানো অথবা কাজ করিতে দেওয়া যাইবে না। কারখানায় নিযুক্ত সকল কাজের সময় দুইটি শিক্টে সীমাবদ্ধ রাখিতে হইবে এবং ইয়র কোনো শিক্টের সময়সীমা সাড়ে সাত ঘণ্টার বেশি হইবে না। একজন শিশুকে একটিমাত্র রিলেতে কাজ করিতে হইবে এবং প্রধান পরিদর্শকের লিখিত পূর্বানুমতি ছাড়া ত্রিশদিনের মধ্যে একবারের অতিরিক্ত তাহার রিলে বদলানো যাইবে না। শিশু শ্রমিকের বেলায় শ্রম ও শিল্প আইনের ৫২ ধারার বিধানসমূহ প্রযোজ্য হইবে এবং কোনো শিশুর ক্ষেত্রে উক্ত ধারার কোনো বিধান হইতে অব্যাহতি দেওয়া যাইবে না। কোনো শিশু যেদিন কোনো কারখানায় কাজ করিয়াছে, সেদিন তাহাকে অন্য কোনো কারখানায় কাজ করিতে দেওয়া হইবে না এবং তাহাকে দিয়া কোনো কাজ করিতে দেওয়া যাইবে না।

work of joint authors যৌথ গ্রন্থকার-কর্ম ২০০০ সালের কপিরাইট আইন-অনুসারে, দুই বা ততোধিক গ্রন্থকারের সহযোগিতায় প্রণীত কর্ম, যাহাতে একজন গ্রন্থকারের অবদান অপর গ্রন্থকার হইতে স্বতন্ত্র নহে।

work of sculpture ভাক্কর্যকর্ম বি. ২০০০ সালের কপিরাইট আইন-অনুসারে, ছাঁচে ঢালা বন্ধু এবং মডেল ইহার অন্তর্ভুক্ত হইবে।

work permit কর্মের অনুমতিপত্র কাজ করিবার জন্য কোনো বিদেশিকে অভিবাসন দপ্তর হইতে প্রদত্ত দালিলিক অনুমতি। কাজ করিবার জন্য অনুমতিপত্রহীন কোনো বিদেশিকে কোনো নিয়োগকর্তাকর্তৃক নিয়োগ করা বা চাকুরি দেওয়া অনেক দেশে অভিবাসন আইনের অধীনে একটি অপরাধ।

worth n. মৃল্য, দাম বি. কোনো বন্তু বা বিষয়ের বাজার-দর। পণ্যের মান, যাহার উপর উহার মৃল্য নির্ভরশীল।

wreck n. নৌভঙ্গ, জাহাজড়বি, ধ্বংসাবশেষ বি. সমুদ্রবন্ধে বিনষ্ট জাহাজের সম্পত্তি; ঝড়ে ক্ষতিগ্রস্ত জাহাজ; যে-জাহাজ ঝঞুগতাড়িত হইয়া ধ্বংসপ্রাপ্ত হইয়াহে; ভয়ানকভাবে ক্ষতিগ্রস্ত যানবাহন প্রভৃতির ধ্বংসাবশেষ বা ছিন্নভিন্ন অংশসমূহ; ঢেউ, ঝড়, আঘাত বা অন্য কোনো দুর্ঘটনার ফলে ধ্বংসপ্রাপ্ত জাহাজের যে-অংশ ঢেউয়ের দোলায় সমুদ্রতীরে পৌছে এবং তীরবর্তী রাষ্ট্র যাহার মালিকানা লাভ করে। জাহাজের ভার কমাইবার জন্য জাহাজ হইতে যেসব মালপত্র সমুদ্রে ফেলিয়া দেওয়া হয় এবং ওই নিক্ষিপ্ত মালের যে-অংশ ভাসিয়া তীরে পৌছে, কিংবা উহার ইতস্তত ভাসমান বিক্ষিপ্ত অংশ বা পরিত্যক্ত অংশ, যাহা তীরে কিংবা বেলাভূমিতে পাওয়া যায় উহাও শব্দটির অন্তর্ভূক্ত।

- writ n. রিট বি. বাংলাদেশ সংবিধানের ১০২ অনুচ্ছেদ-অনুসারে কোনো সংক্ষ্ ব্যক্তি যে-দরখাস্ত হাইকোর্ট বিভাগে আনয়ন করেন। সংবিধানের ১০২(২) অনুচ্ছেদে বলা হইয়াছে যে, হাইকোর্ট বিভাগের নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, আইনের দ্বারা অন্য কোনো সমফলপ্রদ বিধান করা হয় নাই, তাহা হইলে কোনো সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনক্রমে প্রজাতন্ত্র বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবনির সহিত সংশ্লিষ্ট যে-কোনো দায়িত্বপালনে রত ব্যক্তিকে আইনের দারা অনুমোদিত নহে এমন কোনো কার্য করা হইতে বিরত রাখিবার জন্য কিংবা আইনের দারা করণীয় কার্য করিবার জন্য নির্দেশ প্রদান করিয়া, অথবা প্রজাতন্ত্র বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলির সহিত সংশ্লিষ্ট যে-কোনো দায়িত্বপালনে রত ব্যক্তির কৃত কোনো কার্য বা গহীত কোনো কার্যধারা আইনসংগত কর্তত ব্যতিরেকে করা হইয়াছে বা গহীত হইয়াছে ও তাহার কোনো আইনগত কার্যকরতা নাই বলিয়া ঘোষণা করিয়া উক্ত বিভাগ আদেশদান করিতে পারিবেন: অথবা যে-কোনো ব্যক্তির আবেদনক্রমে, আইনসংগত কর্তৃত্ব ব্যতিরেকে বেআইনি উপায়ে কোনো ব্যক্তিকে প্রহরায় আটক রাখা হয় নাই বলিয়া যাহাতে উক্ত বিভাগের নিকট সম্ভোষজনকভাবে প্রতীয়মান হইতে পারে, সেইজন্য প্রহরায় আটক উক্ত ব্যক্তিকে উক্ত বিভাগের সম্থ্যে আনয়নের নির্দেশ প্রদান করিয়া, অথবা কোনো সরকারি পদে আসীন বা আসীন বলিয়া বিবেচিত কোনো ব্যক্তিকে তিনি কোন কর্তৃত্বলে অনুরূপ পদমর্যাদায় অধিষ্ঠানের দাবি করিতেছেন, তাহা প্রদর্শনের নির্দেশ প্রদান করিয়া, উক্ত বিভাগ আদেশদান করিতে পারিবেন। ফৌজদারি কার্যবিধির ৪৯১ ধারায় হাইকোর্ট বিভাগের হেবিয়াস কর্পাস জাতীয় রিট জারির ক্ষমতা আছে।
- write-off n. অবলোপন বি. ১. যে-সকল যানবাহন মেরামতের অযোগ্যরূপে ক্ষতিপ্রন্ত ! ২. যেসব ক্ষেত্রে ঋণ্গ্রহীতা দেশত্যাগকারী, অস্থায়ী, চেষ্টা সন্ত্বেও অপ্রাপ্য, এবং যেসব ঋণ বহুদিন পূর্বে তামাদিতে রূপান্তরিত হইয়াছে ও ঋণ আদায়ের সকল বাস্তব পদক্ষেপ গ্রহণ করিবার পরও ঋণ আদায় সম্ভবপর হয় নাই, সর্বোপরি ঋণ জামানতবিহীন, যথেষ্ট যৌক্তিকতা থাকিলে এই সকল ঋণের অবলোপন করা হয় ।
- writing n. লিখন বি. জেনারেন ক্লজেজ অ্যাক্ট-অনুযায়ী, লিখন উল্লেখ করিয়া যে-ভাবধারা প্রকাশ করা হয়, উহা মুদ্রণ, প্রস্তরে অঙ্কিত মুদ্রণকৌশল, আলোকচিত্র-গ্রহণকৌশল এবং দৃশ্যমান অবস্থার চিত্রিত বা পুনরায় প্রদর্শন, বা অন্য পদ্ধতি বিলিয়া ব্যাখ্যাও অন্তর্ভুক্ত করিবে।
- written objection লিখিত আপন্তি অস্থায়ী নিষেধাজ্ঞায় বিবাদী যে-লিখিত বিবৃতি দাখিল করেন। অনুরূপভাবে অগ্রক্রয়ের মোকদ্দমা এবং দেওয়ানি কার্যবিধির ৯ আদেশের ১৩ নিয়ম-অনুসারে বর্ণিত মোকদ্দমায় প্রতিপক্ষ যে-লিখিত বিবৃতি দেন।

written statement জবাব বি. মামলার বিবাদী মোকদ্দমায় হাজির হইয়া আত্মপক্ষসমর্থনের জন্য যে-বর্ণনা দাখিল করেন। দেওয়ানি কার্যবিধির ৮ আদেশে জবাব দাখিলের নিয়মাবলি বর্ণিত হইয়াছে। ৮ আদেশের ১ নিয়ম-অনুসারে, ১. মামলার প্রথম ন্দুনানির তারিখে বা তৎপূর্বে অথবা আদালতের অনুমতিক্রমে অনধিক দুই মাসের মধ্যে বিবাদী একটি লিখিত বিবৃতি দাখিল করিবেন। ২. আত্মপক্ষসমর্থনে বিবাদী লিখিত দলিলপত্রের উপর নির্ভর করিলে লিখিত বিবৃতির সহিত ওইসব দলিলপত্র আদালতে দাখিল করিবেন। ৩. ওই সমস্ত দলিলের ফটোস্ট্যাট কপি বা নিযুক্ত কৌসুলির দ্বারা প্রত্যয়িত অবিকল নকল জমা দিয়া মূল কাগজপত্র পুনরায় দাখিলের অঙ্গীকারে আদালত হইতে তাহা ফেরত লইতে পারেন। ৪. যে-সমস্ত দলিলপত্র বিবাদীর আওতাধীন নাই, কিন্তু আত্মপক্ষসমর্থনের জন্য তাহার উপর নির্ভর করেন, সেইসব দলিলপত্রের তালিকা এবং কোথায় এবং কাহার নিকট সেইসব দলিলপত্র আছে তাহার তালিকা লিখিত বিবৃতির সহিত উল্লেখ করিবেন। ২ নিয়ম-অনুসারে জবাবে নতুন ঘটনা অবশ্যই উল্লেখ করিতে হইবে। ৩ নিয়ম-অনুসারে লিখিত বিবৃতিতে কেবল বাদীর উত্থাপিত অভিযোগসমূহ সাধারণভাবে অস্বীকার করিলেই যথেষ্ট হইবে না, বরং ক্ষতিসাধনের অভিযোগ ব্যতীত অপর যে-সকল অভিযোগের সভ্যতা স্বীকার করা হয় না, উহার প্রত্যেকটি সম্পর্কে সুস্পষ্ট জবাব দান করিতে হইবে। ৫ নিয়ম-অনুসারে, আরজিতে উল্লিখিত তথ্যসূলক অভিযোগের প্রত্যেকটি যদি স্পষ্টভাবেই ইঙ্গিতে অস্বীকার করা না হয়, অথবা বিবাদীর হেতুভাষণে তাহা স্বীকৃত হয় নাই বলিয়া যদি উল্লেখ করা না হয়, তবে অক্ষম ব্যক্তি ব্যতীত অপর সকলের প্রসঙ্গেই তাহা স্বীকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে। ৮ ও ৯ নিয়ম-অনুসারে বিবাদী অতিরিক্ত জবাব দাখিল করিতে পারেন। ১০ নিয়ম-অনুসারে, তলব করা সত্ত্তেও বিবাদী জবাব দাখিল না করিলে আদালত একতরফা সূত্রে মোকদ্দমা নিষ্পত্তি অথবা মোকদ্দমা সম্পর্কে অন্য কোনো উপযুক্ত আদেশ দিতে পারেন।

written statement, time-limit of লিখিত জবাব দাখিলের সময়সীমা বিবাদী উপস্থিত হইবার ৪০ (চরিশ) দিবসের পরবর্তীকালে বিবাদী কর্তৃক দাখিলকৃত কোনো লিখিত জবাব অর্থঝণ আদালত গ্রহণ করিবেন না এবং এইরূপ ক্ষেত্রে আদালত অবিলম্বে একতরফা মামলা নিষ্পত্তি করিবেন। উপরিউক্ত বিধান সত্ত্বেও অন্যূন ২০০০ (দুই হাজার) এবং অনুর্ধ্ব ৫০০০ (গাঁচ হাজার) টাকা পর্যন্ত খরচ প্রদানের পূর্বশর্তসাপেক্ষে আদালত উপরিউক্ত সময়সীমা অনুর্ধ্ব আরো ২০ (বিশ) দিন পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন। এইরূপ খরচ সরকারি রাজস্ব হিসাবে নির্ধারিত খাতে জমা করিয়া উহার চালান প্রমাণস্বরূপ আদালতে দাখিল করিতে ইইবে।

wrong n. অন্যায়, ক্ষতি, অপরাধ, অপকার, অবৈধ বি. অধিকার-বিরুদ্ধ যে-কোনো ক্ষতি বা আঘাত। (১) আইনের লঙ্খন। সীমালঙ্খন বা পরাধিকারহরণ; কাহারও ক্ষতি করিয়া তাঁহার অধিকারের উপর আঘাত; (২) ন্যায়বিচার, সমতা ও সদ্গুণাবলি হইতে বিচ্যুতি; যাহা নৈতিকভাবে যথার্থ কিংবা ন্যায্য নহে; (৩) ভ্রম; অযথার্থ। (৪) যাহা সত্য ও ন্যায়ানুগ নহে; (৫) গুরুতর অসদাচরণ।

wrongful act অন্যায় কাজ এমন কাজ যাহা অধিকার ও বিচারনীতির পরিপন্থী।

wrongful confinement অবৈধ অবরোধ দণ্ডবিধির ৩৪০ ধারা-অনুসারে, যে-ব্যক্তি কোনো ব্যক্তিকে কোনো নির্দিষ্ট সীমাবদ্ধ এলাকার বাহিরে গমনে নিরন্ত করিবার জন্য অবৈধভাবে বাধাদান করেন, সেই ব্যক্তি অবৈধভাবে অবরোধ করেন বলিয়া গণ্য হইবেন।

wrongful gain অবৈধ লাভ দওবিধির ২৩ ধারায় বলা হইয়াছে যে, অবৈধ লাভ হইতেছে বেআইনিভাবে এইরূপ সম্পত্তি লাভ করা, যে-সম্পত্তিতে লাভকারী ব্যক্তির কোনো আইনানুগ অধিকার নাই।

wrong prescription ভূল ব্যবস্থাপত্ৰ prescription, wrong দ্ৰ.।



- X chromosome n. এক্স-ক্রোমোসোম বি. মানুষ ও অন্য ন্তন্যপায়ী প্রাণীর একটি থৌন ক্রোমোসোম (কোষের প্রতিটি কেন্দ্রে অবস্থিত জিন-বহনকারী অতি সৃক্ষ্য তত্ত্ব)। নারীর কোষে সাধারণত ইহা দুইটি করিয়া থাকে এবং ইহা XX দ্বারা চিহ্নিত হয়। পুরুষের কোষে সাধারণত ইহা একটি করিয়া থাকে এবং XY দ্বারা চিহ্নিত হয়। Y chromosome তু.।
- xenodochium n. জেনোডকিয়ম বি, রোমক আইন ও ইংল্যান্ডের প্রাচীন আইনে ব্যবহৃত। ১. সরাই বি. অনুমতিপ্রাপ্ত সরাইখানা, অতিথি-নিবাস। ২. হাসপাতাল বি, রোগীর চিকিৎসাগৃহ। ৩. অতিথি-সৎকার বি. অতিথিসেবার কার্য।
- XYY-chromosome defence জীবকোষঘটিত আত্মপক্ষসমর্থন অপ্রকৃতিস্থতার অজ্বতে প্রদণ্ড আত্মপক্ষসমর্থন। পুরুষ আসামি যখন এই মর্মে আত্মপক্ষসমর্থন করেন যে, তাঁহার অপরাধপ্রবণ আচরণের হেতু হইল তাঁহার জীবকোষে অস্বাভাবিকভাবে একটি অতিরিক্ত Y chromosome থাকা, যাহার ফলে তাঁহার ব্যবহারে অনিয়ন্ত্রিত আক্রমণাত্মক ও অসামাজিক প্রবণতা প্রকাশ পায়। ইহাকে XYY-defence-ও বলা হয়। এইরূপ দাবির বৈজ্ঞানিক ভিত্তি অনিশ্চিত বলিয়া অধিকাংশ আদালত এই অজুহাত প্রত্যাখ্যান করেন।

yard n. ১. গন্ধ বি. দৈর্ঘ্যের পরিমাপ; ৩৬ ইঞ্চি বা ৩ ফুট; যে-মাপকাঠি দ্বরা সাধারণত কাপড় পরিমাপ করা হয়; ইংল্যান্ডের রাজা প্রথম হেনরির আদেশে ইহা তাঁহার বাহুর দৈর্ঘ্যের ভিত্তিতে চালু করা হইয়াছিল বলিয়া কথিত আছে। ২. গৃহাঙ্গন বি. কোনো বাড়ি, ভবন বা অট্টালিকার সন্নিহিত পরিবেটিত ফাঁকা জায়গা। বাগান বা উঠান; কোনো বিশেষ কাজের জন্য পরিবেটিত স্থান।

Y chromosome n. ওয়াই-ক্রোমোসোম বি, মানুষ ও অন্য ন্তন্যপায়ী প্রাণীর একটি যৌন ক্রেমোসোম (কোষের প্রতিটি কেন্দ্রে অবস্থিত জিন-বহনকায়ী অতি সৃষ্ট্র তন্ত্র)। সাধারণত ইহা কেবল পুরুষের কোষেই থাকে এবং ইহা XY দ্বারা চিহ্নিত হয়। X chromosome তা.।

year books বৰ্ষহা law reports দ্ৰ.।

yearly tenancy বার্ষিক প্রজাস্বত্ব একটি বার্ষিক নিয়তকালিক প্রজাস্বত্ব । periodic tenancy দ্র. ।

yellow book হলুদ বহি stock exchange দ্ৰ.।

yielding and paying প্রদান পরিশোধপূর্বক একটি ইজারার দলিলে যে-অনুচ্ছেদে ভাড়ার পরিমাণ উল্লেখ করা হয়, উহা সাধারণত এই শব্দসুইটি দ্বারা সূচিত হয়। lease দ্র.।

York-Antwerp rules ইয়র্ক-অ্যান্টওয়ার্প বিধি average দ্র.।

young offender কমবয়ক্ষ অপরাধী juvenile offender দ্ৰ.।

young offender institution কমবয়ক অপরাধীদের জন্য প্রতিষ্ঠান detention in a young offender institution দ্র.।

young workers কমবয়ক শ্রমিক child employee দ্র.।

youth court কমবয়ঙ্কদের জন্য আদালত কিশোর অপরাধীদের দ্বারা সংঘটিত অপরাধ এবং ১৮ বৎসরের কমবয়সী শিশুদের সম্পর্কিত অন্যান্য বিষয়ে এখতিয়ারসম্পন্ন ইংল্যান্ডের একটি ম্যাজিস্ট্রেট-আদালত। পূর্বকালে ইহা কিশোর-আদালত নামে পরিচিত ছিল। ইহা গঠিত হয় তিনজন অবিশেষজ্ঞ ম্যাজিস্ট্রেট (যাঁহাদের মধ্যে সাধারণত একজন অন্তত পুরুষ এবং একজন অন্তত নারী হওয়া উচিত) কিংবা একজনমাত্র জেলা জজকে লইয়া যাঁহার সঙ্গে থাকেন সচরাচর বিপরীত নিঙ্গের একজন ম্যাজিস্ট্রেট। এইসব ম্যাজিস্ট্রেটকে সাধারণত মনোনীত করা হয় কিশোর-আদালতের তালিকা হইতে, যাহার সদস্যগণ কিশোরদের লইয়া কাজ করিতে বিশেষ যোগ্যতাসম্পন্ন বলিয়া বিবেচিত এবং যাঁহারা এতদুদ্দেশ্যে অতিরিজ্ঞ প্রশিক্ষণপ্রাপ্ত হইয়াছেন। juvenile court দ্র.।

youth custody কমবয়স্কদের জিমা detention in a young offender institution দ.।

- zealous witness উদ্ব্যগ্র সাক্ষী যে-সাক্ষী মামলার কোনো পক্ষের প্রতি অনুচিত পক্ষপাত প্রদর্শন করেন।
- zebra crossing জ্বো ক্রসিং, পথচারী-পারাপার-স্থান যানবাহন-চলাচনের পথের উপর পর্যায়ক্রমে সাদা ও কালো রেখা এবং গজাল দ্বারা চিহ্নিত পথচারী-পারাপারের স্থান। পুলিশের নিয়ন্ত্রণে না থাকিলে এখানে পথচারীরা যানবাহনের উপর অ্প্রাধিকার লাভ করেন।
- zero-rated supply শূন্যহারযুক্ত সরবরাহ মূল্য-সংযোজন করের আওডাভুক হইলেও, ইংল্যান্ডে যে-সরবরাহের উপর শূন্যহারে করারোপ করা হয়। যেমন, খাদ্য (রেন্ডোরার খাবার বাদে), বই ও সাময়িকপত্র, এবং শিশুদের পোশাক। value-added tax দ্র.।

অ

অংশ part অংশগ্ৰহণ champerly অংশগ্রাহী অধিকারলজ্ঞান contributory infringement অংশদান subscription অংশপ্রদায়ক contributory অংশপ্রদায়ক অবহেলা contributory negligence অংশধারী shareholder অংশ-পূঁজি share-capital অংশপ্রদান contribution অংশ ভাগ করিয়া জমির সীমারেখা নির্ধারণ করা metes and bounds অংশানুপাতে বিভাজন apportionment অংশী partner অংশীদার partner অংশীদার হওয়া subscribe to অংশীদারি partnership অংশীমূলধনের পরিবর্তন alternation of share অকঠোর আইন soft law অকরণ omission অকারণ মামলা vexatious action অকার্যকরণ defeasance অকার্যকর ডিক্রি infructuous decree অকাল অবসানের ধারা cesser clause অকিঞ্চিৎকর frivolous অকৃতইচ্ছাপত্ৰতা intestacy অকৃতশপথ বিবৃতি unsworn statement অকৃতশপথ সাক্ষ্যপ্রমাণ unsworn evidence অকৃষি জমি non-agricultural land অকৃষি প্ৰজা non-agricultural tenant অকুস্থল locus delecti অকেজো invalid অক্ষ incapable; unfit অক্ষমতা disability; inability; incapacity; infirmity অক্ষমতা ভাতা incapacity benefit অক্ষর letter অখণ্ড বন্তু res integra অখণ্ডনীয় প্রাক্প্রত্যয় irrefutable presumption অগম্য inaccessible অগ্রি fire অগ্রিকাণ্ডঘটিত ক্ষয়ক্ষতি fire damage অগ্রিকাঞ্চের বিরুদ্ধে সতর্কতা fire precautions অগ্নিবিমা fire insurance অগ্রিসংযোগ arson অগ্নিসংযোগ করা set fire অগ্রক্রয় pre-emption অগ্রক্রয়াধিকার pre-emptive right

আইন-শব্দকোষ ১১৬৮

অগ্রক্রয়ের অধিকার haq-shuffa অ্থসর্মান under way অগ্রগণ্য স্বার্থ overriding interests অ্যসর হওয়া be underway অগ্রহণযোগ্য ব্যক্তি persona nongrata অগ্রিম advance অগ্রাধিকার priority অগ্রাধিকারপ্রাপ্ত ঋণসমূহ preferential debts অগ্রাধিকার শেয়ার preference share অগ্রাহ্য করিবার বিজ্ঞপ্তি notice of dishonour অগ্রাহা dishonour অগ্রিম advance অগ্রিম করপ্রদান advance payment of tax অগ্রিম চুক্তি forward contract অগ্রম বিনিময়হার forward exchange rate অগ্রিম মার্জিন foreign margin অগ্রিম মূল্য earnest money অঙ্কনবিদ্যা draught অঙ্গপ্ৰত্যন্ত parts of human body অঙ্গসংবাহন physiotherapy অঙ্গীকার covenant; promise; undertaking অঙ্গীকারপত্র promissory note অঙ্গীকারাত্মক স্বকার্যজনিত বাধা promissory esloppel অঙ্গীকারাবদ্ধ করা bind over অঙ্গীভূত বস্তু appurtenance অচলন desuetude

অচলিত obsolele অছি Iruslee অছিয়তনামা wasiatnama অছির প্রাপ্য পারিশ্রমিকের বিধান charging clause অছিদের অবসরগ্রহণ retirement of trustees অছির ক্ষমতা trust power অজাচার incest অজুহাত plea অজুহাত দেওয়া plead অজুহাত পরিত্যাগ abandonment of plea অজহাত-প্রদর্শনে অনুপয়ক unfit to plead অজ্ঞতা ignorance অঞ্চল locality অতঃপর thereupon; thereof to অতস্ত্রবাদ vigilantism অ-তলবী মূলধন uncalled capital অতিথি-সংকার xenodochium অতিদিষ্ট করা overrule অতিবাহন lapse অতিবেগে গাড়িচালনা speeding অতিবাহিত দোষনিক্ষয় spent conviction অতি ভাড়া rack rent অতিমূল্যায়িত করা overrale অতিরাষ্ট্রিকতা extraterritoriality অতিরিক্ত excess অতিরিক্ত উন্নয়ন additional development

অতিরিক্ত ক্রয় প্রস্তাব over subscription অতিরিক্ত চাঁদা প্রদান over subscription অতিরিক্ত জবাব additional written statement অতিবিক্ত জামানত collateral securities অতিরিক্ততাজনিত যৌথ চাকুরিচ্যুতি collective redundancy অতিরিক্ত সাক্ষ্য additional evidence অতীত পণ past consideration অতীতপ্রভাবী retroactive অতীতপ্ৰভাবী আইন retroactive legislation অত্যধিক বলপ্রয়োগ excessive force অত্যনুসন্ধানমূলক ব্যবস্থা inquisitorial system অদম্য মনোবেগ irresistible impulse; uncontrollable impulse অদৃষ্টপূৰ্ব unforeseen অদৈতবাদ monism অধর্মাচরণ sacrilege অধন্তন junior অধন্তন আইন-প্রণয়ন delegated legislation অধ্যন আদালত subordinate court অধিকতর তদন্ত further enquiry অধিকতর বা অপরাপর প্রতিকার further or other relief অধিকতব বিবেচনাসাপেক্ষ ad referendum অধিকর surcharge

आउन-गम्दकाव : 98

অধিকর্তা master অধিকার right অধিকারক্ষমতাবলৈ ex debito justitiae অধিকারগ্রহণ capture অধিকারগ্রহণ, জব্দকরণ ও যুদ্ধধন capture, seizure and prize অধিকার-জিজ্ঞাসা quo-warranto অধিকারত্যাগ waiver of privilege অধিকারপত্র bill of rights অধিকারপ্রদান authorization অধিকার-বদল devolution অধিকার-বলে as of right অধিকাব বা দাবি ত্যাগ করাabdication অধিকারভঙ্গ ব্যতিরেকে ক্ষতি damnum sine iniuria অধিকারভাগ royalty অধিকারলঙ্ঘন infringement; breach of privilege অধিকারলজ্ঞানে প্ররোচনা infringement in the inducement অধিকারিতার একত্ব unity of seisin অধিকারী হওয়া shall and may অধিকারগ্রহণ capture অধিক্ষেত্র jurisdiction অধিক্ষেত্ৰ না থাকা want of jurisdiction অধিগ্ৰহণ acquisition অধিগ্ৰহণ ও হ্কুমদখল acquisition and requisition অধিনিয়ম enactment অধিবাসী inhahitant

অধিবিকর্ষ overdraft অধিবেশন session অধিভার surcharge অধিমুদ্ৰণ surcharge অধিরাজ্য dominion অধীন ancillary; subject to; under অধীনতা servitude অধীন কোম্পানি subsidiary company অধীন ভূখণ্ড dependent territory অধিষ্ঠান installation অধুনা lately অধোমৃত্তিকা subsoil অধ্যক্ষতা control অধ্যাদেশ ordinance অধ্যায় chapter অন-উপজাতীয় (স্থানীয়) বাসিন্দা nontribal resident অন্ধিকারপ্রবেশ house trespass; trespass অন্ধিকারপ্রবেশকারী সমাবেশ trespassary assembly অননুমোদিত ক্যাম্পিং unauthorized camping অননুমোদিত পদ্ধতিতে রক্ত সংগ্রহ ও পরিস্ঞালন unauthorized blood collection and transfusion অননুমোদিত ভবিষ্য তহবিল unauthorized provident fund অনন্য অধিকার exclusive rights অনবধানতা ও অসদাচরণ carelessness and misconduct অনবধানতাবশত per incuriam

অনবসিত unexpired অনবেক্ষিত কর-নির্ধারণ escaped assessment অনমনীয় ও নমনীয় মুদ্রা hard and soft currency অনলাইন online অনাক্ষরিক অধিকারলক্ষন nonliteral infringement অনাথ orphan অনাদায়ী মূলধন unpaid capital অনানুষ্ঠানিকতা informality অনাপত্তিমূলক অনুমতি sufferance অনামা পরওয়ানা general warrant অনাহত প্রবেশ intrusion অনিগমবদ্ধ সংস্থা unincorporated body অনিচ্ছাকৃত আচরণ involuntary conduct অনিবন্ধিত কোম্পানি unregistered company অনিবন্ধিত জমি unregistered land অনিবার্য unavoidable অনিষ্কন্ত্রণযোগা প্রবণতা uncontrollable impulse অনিয়ম irregularity অনিয়মিত বাহিনী militia অনিরূপিত পণ্য unascertained goods অনির্ধারিত দেনা unliquidated debt অনিৰ্দিষ্ট indefinite অনিক্য়তা uncertainly অনিশ্চিত উত্তরদান imaginary damages

১১৭১ আইন-শব্দকোষ

অনিষ্টকর noxious; offensive অনিষ্টকর বাণিজ্য offensive trade অনিষ্টকরভাবে উপহত injuriously affected অনিষ্টসাধন mischief অনিষ্পন্ন শর্ভ outstanding term অনুকম্পা clemency অনুকরণ imitation অনুকল্প substitute অনুকল্প প্রতিকার alternative remedy অনুগামী শর্ত attendant terms অনুগ্ৰহ দিবস days of grace অনুগ্ৰহপূৰ্বক ex gratia অনুচ্ছেদ article; passage; section অনুদান grant অনুপযুক্ত unfit অনুচিত নৌচলাচল improper navigation অনুপযুক্তা বা অযোগ্যতা unfitness or incompetence অনুপযোগী unfit অনুপস্থিতি absence অনুপস্থিতিতে in absentia অনুপস্থিতি বা ক্রটির জন্য খারিজ dismissed for default অনুপাতে in proportion to অনুপ্ৰবেশ intrusion অনুপ্রবেশকারীর পশ্চাদ্ধাবনের অধিকার hot pursuit, right of অনুবন্ধ rider অনুবন্ধক submortgage

অনুবাদ translation

অনুবৰ্তী হওয়া be subject to অনুব্যবহার shifting use অনুবিধান byelaw অনুভূমিক চুক্তি horizontal agreements অনুভূমিক সংঘ horizontal union অনুমতি consent; leave; licence অনুমতি দেওয়া allow; permit অনুমতিপত্ৰ licence অনুমতিপত্রের অধিকারী licensee অনুমতিপ্রাপক licensee অনুমতিপ্রাপ্ত দলিল-লেখক licensed conveyancer অনুমতিসূচক পারা shall and may অনুমতিসূত্রে মুক্তি release on license অনুমান inference; presumption অনুমান করিতে পারে may presume অনুমান করিবে shall presume অনুমানমূলক লেনদেন speculative transactions অনুমানসিদ্ধ supposed অনুমানের উপর অনুমান বিধি inference on inference rule অনুমিত পিতা putative father অনুমিতি inference অনুমোদন এবং অনুমতি approval and permission অনুমোদন করা allow; approve অনুমোদনসাপেক্ষে বিক্রয় sale on approval অনুমোদিত approved অনুমোদিত ক্ষয়ক্ষতি permissive waste

আইন-শব্দকোষ ১১৭২

অনুমোদিত ভবিষ্য তহবিল recognized provident fund অনুমোদিত মূলধন authorised capital অনুরষ্ট্রে microstate অনুরূপ similar অনুরূপ-তথ্যভিত্তিক সাক্ষ্যপ্রমাণ similar-fact evidence অনুরূপ বিষয়ে in pari materia অনুরোধপত্র letter of request; letter rogatory; rogatory letter অনুলিপি copy অনুলিপিকারী যন্ত্র copier অনুষ্ঠান-সংঘটনের স্থানিক আইন lex loci celebrationis অনুসন্ধানমূলক বিচারব্যবস্থা inquisitorial system অনুসমর্থন ratification অনুসাক্ষর initial অনুস্বাক্ষরকারী সাক্ষী subscribing witness অনুহরণ tracing অনুঢ় unmarried অনৈতিক wrong অনৈতিক আয়ের দারা জীবনধারণ living on immoral earnings অন্ততপক্ষে at least অন্তনাম surname অন্তরায় impediment অন্তর্ঘাত sabotage অন্তর্দেশীয় হুন্ডি inland bill অন্তর্নিহিত ক্ষমতা inherent power অন্তর্বতী অর্থপ্রদান interim payment

অন্তৰ্বতী ও অস্তায়ী নিষেধাজ্ঞা interim and temporary injunction অন্তর্বতী নিষেধাজা interim injunction অন্তৰ্বৰ্তীকালীন নিষেধাজ্ঞা ad-interim injunction অন্তৰ্বতী আপিল interlocutory appeal অন্তর্বতী কার্যধারা interlocutory proceedings অন্তৰ্বতীকালীন আদেশ interlocutory order অন্তৰ্বতীকালীন ডিক্ৰি interlocutory decree অন্তর্বর্তী প্রতিকার interim relief অন্তৰ্বৰ্তী ভাড়া interim rent অন্তর্বর্তী রায় interlocutory judgment অন্তৰ্ভুক্ত ancillary অন্তর্ভুক্তকরণ including অন্তর্ভক্ত করে অথবা অন্তর্ভুক্ত করে বলিয়া গণ্য হইবে include or shall be deemed to include অন্তর্ভূমি subsoil অন্তর্যৃত্তিকা subsoil অন্য other অন্য কথায় that is to say অন্যত্র থাকিবার অজহাত alibi অনাত্র বিচারাধীন মামলা lis alibi pendens অনাথাকরণ misfeasance অন্যথাকরণ সমন misfeasance summons অন্যায় wrong অন্যায় কাজ wrongful act অন্যায্য অপকার unfair prejudice

অপরাধ-উত্তর সহায়ক accessory

অপরাধকর্মে প্ররোচনা ও সহায়তা দান

after the fact

infringement

করা aid and abet

অপরাধগোপন misprision অপরাধজনক অধিকারলজ্ঞ্যন criminal

অপরাধজনক অনধিকার প্রবেশ

অপরাধজনক বলপ্রয়োগ criminal

criminal trespass

অনাায্য প্রতিযোগিতা unfair competition অন্যায্য কর্তৃত্বদাবি holding out অনোর সম্পত্তিতে অধিকার বা পারতন্ত্র্য jura in re-aliena or servitudes অনাায় দখল encroachment অনায্য শ্রম-আচরণ unfair labour practice অন্যায্য বরখান্ত unfair dismissal অন্যায্য সমৃদ্ধি unjust enrichment অন্যন ওজন dead weight অপকর্ম malpractice অপকার wrong অপকারক offensive অপকার নিয়ম mischief rule অপকারী injurious অপচিত পরিব্যয় আদেশ wasted costs order অপনয়ন withdrawal অপবাদ slander অপব্যবসায় trafficking অপব্যবহার abuse অপর other অপমানজনক ব্যবহার insulting behaviour অপর কোনো ব্যক্তি any other

অপরাধজনক বিশ্বাসভঙ্গ criminal breach of trust অপরাধজনক ভীতিপ্রদর্শন criminal intimidation অপরাধজনক ষডযন্ত্র criminal conspiracy অপচিত খরচ costs thrown away অপরাধজনিত আঘাত criminal injury অপরাধজনিত কুৎসা criminal libel অপরাধজনিত আঘাতের ক্ষতিপূরণ প্রকল্প Criminal Injuries Compensation Scheme অপরাধ, দোষ বা ব্যসন, পাপ crime, vice, sin অপরাধপ্রবর্ণতা recidivism অপরাধ-পূর্ব সহায়ক accessory before the fact অপরাধবিজ্ঞান criminology অপরাধমূলক অবহেলা criminal person negligence অপর পক্ষকে শুনা audi alteram অপরাধমূলক অভিপ্রায় criminal intent partem অপরাধ-পারঙ্গম doli cafax অপরাধ crime; offence; wrong অপরাধমূলক জ্ঞান guilty knowledge অপরাধ আমলে লওয়া cognizance

অপরাধজনিত ক্ষতি criminal damage অপরাধ-শরীর corpus delecti অপরাধসহায়ক accessory অপরাধসহায়তার দায়িতা accessory liability অপরাধসহায়তা abet অপরাধসমূহের সংযুক্তি joinder of offences অপরাধস্বীকার confession অপরাধিতা culpability অপরাধ-স্বীকারোক্তি ও পরিহার confession and avoidance অপরাধী offender অপরাধীকে আশ্রয়দান harbouring an offender অপবাধীভবন criminalization অপরাধী মন mens rea অপরাধে অংশগ্রহণকারী accomplice অপরাধে রূপান্তরীকরণ criminalization অপরাধের বিষয়ে রফা বা আপস-মীমাংসা compounding an offence অপরাধের সংজ্ঞার্থ definition of an offence অপরিচিত stranger অপরিজ্ঞাত unforeseen অপরিণত অধিকার inchoate right অপরিশোধিত ক্ষতিপূরণ unliquidated damages অপরিমিত শক্তি excessive force অপরিহার্য essential; unavoidable অপরিহার্য শর্ত sine qua non

অপরের জমি হইতে লভ্যসংগ্রহের অধিকার pur cause de vicinage অপরের জমি হইতে সুফল লাভ করিবার অধিকার a prendre অপরের জীবনকাল পর্যন্ত সম্পত্তিতে কোনো স্বাৰ্থ per autre vie অপরের দারা গর্ভবতী অবস্থা pregnancy per alium অপরের সম্পত্তিতে অধিকার jus in re aliena অপর্যাপ্ত কোর্ট ফি inadequate court fee অপশাসন maladministration; misgovernance অপসরণের চুক্তি knock-out agreement অপসহায়তা abetment অপসহায়তাকারী abettor অপসারণ removal: withdrawal: অপহরণ abduction; kidnapping অপারগতা inability অপারেটিং সিস্টেম operating system অপেক্ষাকাল waiting time অপেক্ষার নীতি wait and see principle অপ্রকাশ্য নিয়োগকর্তা undisclosed principal অপ্রকৃতিস্থতা insanity; unsound mind অপ্রকৃতিস্থ ব্যক্তির বিচার trial of insane person অপ্রচলন desuetude অপ্রচলিত obsolete

অপ্রতুল সাক্ষ্য insufficient evidence অপ্রতিরোধ্য-রাষ্ট্রীয়-স্বার্থ নিকষ compelling-state-interest test অপ্রতিরোধ্য বলপ্রয়োগ irresistible force অপ্রতিরোধ্য হেতু force majeure অপ্রধান সাক্ষ্য econdary evidence অপ্রমাণিত not proved; not proven অপ্রাপ্তবয়ক্ষতা minority: nonage অপ্রাপ্তমূল্য বিক্রেতা unpaid seller অপ্রাপ্তমূল্য বিক্রেতার পূর্বস্বত্ব unpaid seller's lien অফিস-কপি office copy অফিসিয়াল জার্নাল Official Journal (OJ) অবকাঠামো infrastructure অবকাশ interval; opportunity; vacations অবকাশকালীন বিচারক vacation bench অবচয় depreciation অবতরণ-ঘাট landing অবধি limit অবনতি attrition অববিক্রয় dumping অববিক্রয়-বিরোধী প্রবিধান antidumping regulation অবর ন্যাস sub-trust অবর বন্ধক puisne mortgage অবর বিচারক puisne judge অববোধ blockade অব্যার্জনা obliteration

অবমূল্যায়ন devaluation অবলিখন underwriting অবলেখন subscription অবশিষ্ট ভূসম্পত্তি residuary estate অবশিষ্টাংশ remainder অবশিষ্টাংশ ব্যক্তি remainder man অবশ্যই must অবশ্যগ্ৰাহ্য অজুহাত peremptory pleas অবশ্যগ্রাহ্য আপত্তি peremptory challenge অবশ্যমান্য আইন jus cogens অব্যামান্য নজির binding authority অবশাম্ভাবী দর্ঘটনা মতবাদ unavoidable accident doctrine অবশ্যমাবী ব্যবহার resulting use অবসরভাতা pension অবসরভাতা নির্দিষ্টকরণ pension earmarking অবসরগ্রহণের বয়স retirement age অবসহন প্রজাস্বত্ব tenancy at sufferance অবসান cesser: demise অবসান ঘটানো demise অবসায়ক liquidator অবসায়ন liquidation অবসায়ন কমিটি liquidation committee অবলোপন write-off অবস্থা-অনুযায়ী as the case may be অবহার rebate অবস্থানস্থলের আইন lex loci situs

অবহিত করা inform অবহেলা neglect; negligence অবহেলা ও হঠকারিতা negligence and rashness অবহেলার পূর্বানুমান presumption of negligence অবাঞ্চিত প্রবেশ intrusion অবাঞ্চিত হস্তক্ষেপ interference অবাণিজ্যিক চুক্তি noncommercial agreement অবাধ নিৰ্বাচন free elections অবাধ বাণিজ্য free trade অবাধ সঞ্চলন free movement অবাধা wanton অবাধাতা insubordination অবান্তব impracticable অবিচ্ছেদ্য চাকুরি continuous employment অবিনিমেয় not negotiable অবিবাহিত unmarried অবিবাহিতা নারী feme sole অবিবেকিতা unconscionability অবিভক্ত পরিবার undivided family অবিভক্ত হিসুসা undivided shares অবিমিশ্র নির্ব্যুঢ় দখলি স্বত্তু fee simple absolute in possession অবিলম্ব কারণ immediate cause অবিলম্ব দৃষ্টি আকর্ষণ-অনুচ্ছেদ immediate notice clause অবিলম্বে immediately; thereupon অবিলম্বে মোকদ্দমাব বায় দেওয়া decide the suit forthwith

অবান্তর impracticable অবেক্ষণ-আদেশ probation order অবেক্ষণ-কর্মকর্তা probation officer অবেক্ষণ-ব্যবস্থা probationary system অবেক্ষণ probation অবেক্ষণাধীনদের আবাস probation hostel অবৈধ illegal; unlawful; wrong অবৈধ অবরোধ false imprisonment; wrongful confinement অবৈধ কর্ম illegal practices অবৈধ চক্তি illegal contract অবৈধ জখমকরণ unlawful wounding অবৈধ তালাবদ্ধকরণ illegal lock-out অবৈধ দখল unauthorized occupation অবৈধ ন্যাস illegal trust অবৈধ পন্থায় বৈধ কর্মসাধন misfeasance অবৈধ অনুপ্রবেশ illegal entry অবৈধ পশুশিকার poaching অবৈধ প্রভাববিস্তার tampering অবৈধ লাভ wrongful gain অবৈধ বলপ্রয়োগ বা জুলুম duress অবৈধ যৌনসংগম illicit intercourse অবৈধ সন্তান bastard অব্দ abda অব্যবস্থা mismanagement অবাবহার non-user অব্যবহিত কারণ immediate cause

১১৭৭ আইন-শব্দকোষ

অবাবহিত ভোগ immediate consumption অব্যাহত অন্যায় continuing wrong অব্যাহত অপরাধ continuing offence অব্যাহতি discharge অব্যাহতিপ্রাপ্ত সম্পত্তি discharged property; exempted property অব্যাহতিলাভের ধারা exemption clause অভয়পত্ৰ safe conduct অভয়াশ্রম sanctuary অভাবনীয় লাভ windfalls অভিকর rates অভিক্রয় ademption অভিগম access অভিগমন accession; migration অভিগ্ৰহণ seizure অভিজ্ঞান token অভিদান bounty; gift over অভিনয় acting অভিন্ন অভিপ্রায় common intention অভিন্ন উদ্দেশ্য common object অভিপ্রায় animas; intent; intention অভিপ্ৰেত কাৰ্য act purported to be done অভিবাসন immigration অভিভাবক custodian; guardian অভিভাবকত্ব tutelage অভিযোগ বা নালিশ-প্রত্যাহার withdrawal of complaint অভিমত opinion; verdict অভিমুখে toward

অভিযান adventure অভিযুক্ত করা arraign; incriminate অভিযুক্তকে শনাক্ত করিবার সাক্ষ্য · evidence of identity অভিযোগ accusation; allegation; charge; complaint অভিযোক্তব্য অপচয় impeachable waste অভিযোগকারী complainant; prosecutor; relator অভিযোগপত্ৰ charge sheet; indictment অভিযোগ-পরিবর্তন alteration of charge অভিযোগপত্রের ভিন্মিতে বিচার্য অপরাধ indictable offence অভিযোগমলক বিচারপদ্ধতি accusatorial procedure অভিযোগ হইতে মুক্তি দেওয়া exonerate অভিযোগের সংখ্যা count অভিযোগের ব্যাপারে আপত্তি objection to indictment অভিযোগের সংযুক্তি ioinder of charges অভিযোগের সত্যতাস্বীকার plea of quilty অভিযোজন adaptation অভিযোজন আদেশ adaptation order অভিশংসন impeachment অভিরক্ষক custodian অভিষেক induction অভিসন্ধি design

আইন-শব্দকোষ ১১৭৮

অভিহিত nominal অভান্তরপ্রবেশ insinuation অভান্তরীণ জলভাগ internal waters অভান্তরীণ নৌ-যান inland water transport অভান্তরীণ নৌ-সীমা inland water limit অভান্তরীণ বিল inland bill অভান্তরীণ ব্যক্তির লেনদেন insider dealing অভ্যাস habit অভ্যাসগত অপরাধী habitual offender অভ্যাসগত খেলাপ habitual default অভ্যাগত visitor অভ্যপায়ন tampering অমানবিক inhuman অ-মারাত্মক শক্তি non-deadly force অমিতাচার intemperance অমিল variance অমীমাংসিত debatable অযথা বিলম্ব laches অ্যাচিত পণ্য unsolicited goods অযোগ্য unfit অযোগ্যকারী আইন disabling statute অযোগ্যতা disqualification; incapacity অযোগাতা বা অক্ষমতা আবোপ imputation of unfitness or incompetence অথৌক্তিক unreasonable; wrong অযৌক্তিক আচরণ unreasonable behaviour

অযৌক্তিক দর-ক্ষাক্ষি catching bargain; unconscionable bargain অথৌক্তিক সিদ্ধান্ত unreasonable decision অরাজকতা anarchy অর্জন acquisation; gain অৰ্জিভ আয় earned income অর্থ cash; meaning; money অর্থঝণ-সরবরাহকারী সংস্থা moneylending organization অর্থ খরচ, দায় ও ব্যয় money, costs, charges and expenses অর্থ, নগদ money, cash অর্থনৈতিক চাপ economic duress অর্থ প্রদান করা pay অর্থ প্রেরণ remittance অর্থ ফেরত দেওয়া reimburse অর্থ-বৎসর financial year অর্থবিল finance bill অর্থশোধন money laundering অর্থসংস্থানকারী পত্র accommodation llid অর্থসংস্থান-বিষয়ক আদেশ financial provision order অর্থহীন শব্দ nonsense অর্থাৎ that is to say; namely অর্থোপার্জনের উপায় livelihood অর্ধ-পরিবাহী বিলিখন semiconductor topography অর্ধবৈতন half-pay অর্ধ-বৈচারিক semi-judicial অর্ধাংশ moiety

অৰ্পণ delivery অর্পণ করা bequeath অর্পণাদেশ vesting order অর্পণযোগ্য পর্যায় deliverable state অর্পিত ক্ষমতাবলে প্রণীত আইন delegated legislation অর্পিত ক্ষমতাবলে সমাদিষ্ট আইন subdelegated legislation অর্পিত সম্পত্তি vested property অর্পণের দলিল vesting deed অর্পণের সম্মতিপত্র vesting assent অলংকরণ illustration অলভা inaccessible অলিখিত আইন unwritten law অলীক কথা fiction অলীক ব্যক্তি lictitious person শক্তা infirmity এশালীন indecent অশালীন অনাবৃতি indecent exposure অশালীনতা indecency অশালীন হামলা indecent assault অশিষ্টতা indecency অশোভন unfit অশোভন আচরণ mishehaviour অনিষ্টকর বাণিজ্য offensive trade অশ্লীল কর্ম obscenity অশীল কাজ ও গান obscene acts and songs অশ্লীলতা obscenity অশ্রীল প্রকাশনা obscene publications

অশ্লীল রচনা pornography অষ্ট্ৰম সংশোধন Eighth Amendment অসংগতি variance অসংগৃহীত দ্রব্যাদি uncollected goods অসংগৃহীত পণ্যের বিলিব্যবস্থা disposal of uncollected goods অসংযত wanton অসংয্ম intemperance অসংশ্লিষ্ট ব্যক্তি stranger অসংগত দুর্ভোগ undue hardship অসংগত প্ৰভাব undue influence অসতর্কতা negligence অসতৰ্ক বক্তব্য careless statement অসতর্ক ভুল উপস্থাপনা negligent misrepresentation অসতৰ্ক ভুল বিবৃতি negligent misstatement অসতী unchaste অসতীত্ব আরোপ imputation of unchastity অসত্য বিবৃতি false statement অসত্য হিসাব false accounting অসদভিপ্ৰায় bad faith অসদাচরণ misconduct অসদদেশ্য mala fide অসমর্থ incapable অসমর্থতা সুবিধা incapacity benefit অসম্পাদিত ন্যাস executory trust অসম্মান dishonour অসমানজনক derogatory অসময়ে unexpired

অসম্পূৰ্ণ inchoate অসম্ভাব্যতা impossibility অসাংবিধানিক unconstitutional অসাক্ষাৎ ভ্রাতা বা ভগ্নী second cousins অসহায়ক সাক্ষী unfavourable witness অসাধারণ ঝুঁকি extraordinary risk অসাধারণ পরিস্থিতি extraordinary circumstances অসাধারণ প্রতিকার extraordinary remedies অসাধুতা dishonesty অসাধ্য impracticable অসাধ্যতা impracticability অসাবধানতা neglect অসাবধানে গাড়ি চালাইয়া মৃত্যু ঘটানো causing death by careless driving অসামজস্য repugnancy অসামর্থ্য incapacity অনুপযুক্তা unfitness অযোগ্যতা incompetence অসামরিক প্রতিরক্ষা civil defence অসামরিক সরকারি কর্ম civil service অসার frivolous অসিক্রীডা-চর্চা fence অসিদ্ধ invalid: void অসিদ্ধতা nullity অসিদ্ধ বা বাতিল বিবাহ void marriage অন্তিত্বহীন বিষয় res extincta

অন্ত arms অস্ত্রবহনের অধিকার right to bear অস্ত্রশস্ত্রের অনুমতিপত্র arms license অস্ত্রোপচার operation অশ্রোপচারক surgeon অস্থাবর বন্ধক pledge অস্থাবর বস্তু movables অস্থাবর সম্পত্তি movable properly অস্থাবর সম্পত্তি নিলাম বিক্রয় auction of movable property অস্থাবর সম্পত্তির বন্টন partition of chattels অস্তাবর সম্পত্তির সাধনপত্র chattel paper অস্থায়ী temporary অস্থায়ী নিষেধাজ্ঞা temporary injunction অস্থায়ী ব্যৰ্থতা temporary frustration অস্পষ্টতা vagueness অস্বাভাবিক অপরাধ unnatura! offence অস্বাভাবিক মৃত্যু unnatural death অস্বামিক সম্পত্তি bona vacantia অস্বাভাবিক abnormal অম্বীকার করা renounce: traverse অস্বীকারমূলক চুক্তিপত্র negative contract অমীকৃতি denial; traverse

আ

আংশিক চুক্তিপালন part performance of contract

১১৮১ আইন-শন্দকোষ

আংশিক স্বীকৃতি acceptance partial আইন Act; law; legislation আইন অপেক্ষা কাহারো অধিক বিজ্ঞ হওয়া সমীচীন নহে neminem oportet esse sapienitorem leaibus আইন অসম্ভব লক্ষ্য চরিতার্থ করিতে বলে না lex non cogit ad impossibilia আইন কমিশন Law Commission আইনগত অন্তরায় impediments in আইনগত কার্যধারা legal proceeding আইনগত চরিত্র legal character আইনগত বিচার্য বিষয় issue of law আইনগত প্রয়োজনীয়তা legal necessilv আইনগত বিদেষ malice in law আইনগতভাবে legally আইনঘটিত প্রশ্ন question of law আইনঘটিত ভুল error of law; mistake of law আইনজীবী lawyer; legal practitioner আইনজীবী সমিতি bar association আইনজীবী সাক্ষী বিধি lawyer witness rule আইনজীবীর পেশাগত অধিকার বিলোপ করা dishar আইনজীবীর সহায়তালাভের অধিকার right to counsel আইনজীবীর সার্টিফিকেট lawyer's certificate আইনত de jure; lawfully

আইনত করিতে বাধ্য legally bound to do আইনত স্বীকৃতিদান de jure recognition আইন তৃচ্ছ বিষয় বিবেচনা করে না de minimis non curat lex; lex non curat de minimis আইনদারা নির্ধারিত prescribed by laws আইন-প্ৰণয়ন ক্ষমতা legislative power আইনত বাধা impediments in law আইনবিরুদ্ধ unlawful আইন ব্যতীত শান্তি দেওয়া যায় না nulla poena sine lege আইনব্যবসা practice of law আইনলজ্মনের স্তানিক আইন lex delicti: lex loci delicti আইনশান্ত jurisprudence আইনশৃঙ্খলা এবং জনশৃঙ্খলা law and order and public order আইনশৃঙ্খলা-বিঘুকারী অপরাধ crime against law and order আইন-সংকলন code আইনসংগত lawful আইন-সংহিতা code আইনসভা legislature আইনসমূহের সমন্বয়করণ harmonization of laws আইনসম্বন্ধীয় ও আইন হইতে juris et de jure আইনসমত de jure; lawful; valid

আইনসম্মত অভিভাবক lawful guardian আইনসম্ভ ইজারা legal lease আইনসমত কর্তৃপক্ষ lawful authorities আইনসমত পণ্দ্ৰেব্য lawful merchandise আইনসমত বন্ধক legal mortgage আইনসমত বন্ধকজনিত দায় charge by way of legal mortgage আইনসম্বত বর্তস্বত্ব legal easement আইনসম্মতভাবে lawfully আইনসম্বত ভূসম্পত্তি legal estate আইনসমত স্বতাৰ্পণ legal assignment আইন সর্বদাই বিলম্বকে ঘৃণা সহকারে পরিহার করে lex dilationes semper exhorret আইন-সাময়িকী law reports আইন হইল মানুষের যুক্তিবোধের নির্দেশ lex est dictamen rationis আইনানুগ উত্তরাধিকারী legal heirs আইনানুগ কর্তব্যসম্পাদন jure imperii আইনানুগ কার্যনির্বাহ jure gestionis আইনানুগ কার্যসম্পাদনকালে দুর্ঘটনা accident in doing a lawful act আইনানুগতার পূর্বানুমান presumption of legality আইনানুগ পৃথগ্বাসের আদেশ judicial separation order আইনানুগ প্রতিনিধি attorney; legal representative আইনানুভাবে lawfully

আইনি অধিকার legal rights আইনি শ্বতি legal damage আইনি জিমা legal custody আইনি তঞ্চকতা legal fraud আইনি নির্দোষত্ব legal innocence আইনি প্রক্রিয়া legal process আইনি প্রশ্রে আপত্তি objection in point of law আইনি বৎসর legal year আইনি বলপ্রয়োগ legal force; reasonable force আইনি বিচ্ছেদ legal separation আইনি সহায়তা legal aid আইনি স্থৃতি legal memory আইনে পর্যাপ্ত প্রতিকার adequate remedy at law আইনে বিদেষ malice in law আইনের অজ্ঞতা ignorance of the law আইনের অজ্ঞতা (অব্যাহতির) কোনো অজুহাত নহে ignorantia juris non excusat আইনের অধীনে ভিন্ন কোনো অপরাধ নাই nullum crimen sine lege আইনের অধিবেশনসমূহ law sittings আইনের আক্ষরিক ব্যাখ্যা strict construction আইনের আশ্রয় protection of law আইনের আশ্রয়চ্যুত ব্যক্তি oullaw আইনের কার্যকরতা operation of law আইনের দৃষ্টিতে সমতা equality before the law আইনের প্রয়োগ operation of law

আইনের প্রয়োজন requirements of আইনের প্রক্রিয়াব মাধ্যমে প্রত্যর্পণ surrender by operation of law আইনের প্রাথমিক প্রশ্ন preliminary point of law আইনের বিশুদ্ধতত্ত্ব pure theory of আইনের যথাযথ প্রক্রিয়া due process of law আইনের শাসন rule of law আইনের সংঘাত conflict of law আইনের সমান আগ্রয় equal protection of the law আইনের সাধারণ মূলসূত্রাবলি general principles of law আইনের সারগত প্রশ্ন substantial question of law আংশিক ব্যক্তিমালিকানাসহ যৌথ অধিকার condominium আংশিক স্বীকৃতি partial acceptance আংশিক ক্ষতি partial loss আংশিক চুক্তিপালন part performance of contract আকর mine আকশ্বিক accidental আকলপত্ৰ credit note; letter of credit আক্ষিক বল impulse আকশ্বিক ভুল বা বিচ্যুতি accidental slip or omission আক্ষিক লাভ windfalls

আকাশপথে পণ্যসামগ্রী বহন carriage of goods by air আকাশসীমা airspace আক্রমণ করা attack আক্ৰমণাত্মক offensive আক্রমণাত্মক অন্ত্র offensive weapon আক্রামক offensive আক্রামক অন্ত weapon of offence আক্ষরিক অধিকারলঙ্গন literal infringement আক্ষরিক নিয়ম literal rule আক্ষরিক ব্যাখ্যা literal interpretation আখ্যা designation আগমনপত্ৰ bill of entry আগাপাশতলা lock, stock and barrel আগাম advance আগাম জামিন anticipatory bail আগার repository আগুন fire আগুন লাগানো set fire আগ্রেয়ান্ত firearms আগ্রাসন aggression আঘাত hurt, shock আচরণ conduct; demeanor; treatment আচরণ-বিধি code of conduct আচ্ছনতা-উদ্রেককর মাদক narcotic drugs আজীবনভোগী cestui que vie আজ্ঞাধীন সাক্ষী compellable witness আডাআডি হার cross rate

আটক detention আটক করা detain আড়াল করা cover up for আঠালো টিকেট adhesive stamp আড়িপাতা bugging আত্মদোষারোপণের বিরুদ্ধে অপরাধ right against self-incrimination আত্মনিয়ন্ত্রণাধিকার selfdetermination আত্ম-নিয়মাত্মক সংগঠন selfregulatory organization (SRO) আত্মপক্ষসমর্থনস্বরূপ দাবি claim in the nature of defence আত্মরক্ষা self-defence আত্মসমর্পণ capitulation; defense; submission: surrender আতাহত্যা suicide আত্মসাৎকরণ embezzlement আত্মাভিযোগ self-accusation আত্মীকরণ মতবাদ doctrine of incorporation আত্মীভূতকরণ absorption আত্মীয়স্বজন kindred আদায়কৃত মূলধন paid up capital আদায়ের নির্দেশ charge আদালত adalat; court আদালত-অবমাননা contempt of court আদালত-বহিৰ্ভূত extra-judicial আদালত বিষয়টি বিবেচনা করিতে চান cur. adv. vult (c.a.v.) আদালতের অগোচবে টাকা পবিশোধ payment of money out of court

আদালতের আদেশনামা process আদালতের কর্মকর্তা officer of the court আদালতের কোনো কাজ কোনো মানুষের অধিকার ক্ষুণ্ন বা ক্ষতিগ্রস্ত করে না actio curiae (or legis) neminem gravabit আদালতের দারা per curiam (per cur.) আদালতের নির্দেশ rule আদালতের প্রতিপালা ward of court আদালতের বিধি rules of court আদালতের ভাষা language of the court আদালতের মিত্র amicus curiae আদালতের রায় বলবংকরণ enforcement of judgment আদালতের সম্মুখে যাহা উপস্থিত হয় নাই, সে-ব্যাপারে আদালতের কিছু করণীয় নাই nihil habet forum ex scena আদালতের সহিত প্রবঞ্চনা fraud on the court আদিবাসী aborigine আদিম aboriginal আদেয় receivable আদেয়ক bill আদেশ command আদেশমূলক নিষেধাজ্ঞা mandatory injunction আদেশের বিরুদ্ধে আপিল appeal against order আদেষ্টা drawer

আধা quasi আধা-বৈচারিক quasi-judicial আধিয়ার bargadar আধিরাজ্য suzerainty আনসিড UNCID আনুতোষিক gratuity আনুক্রমিক successive আনুষঙ্গিক এবং অঙ্গীভূত বস্ত appendage and appurtenances আনুগত্য adherence; allegiance আনুগত্যের শপথ oath of allegiance আনুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতি proportional representation system আনুপাতিক হারে in proportion to আনুমানিক প্রমাণ presumptive evidence আনুষঙ্গিক appurtenant আনুষঙ্গিক চুক্তি accessory contract আনুষঙ্গিক সাক্ষ্য secondary evidence আনুষ্ঠানিক formal আনুষ্ঠানিক ক্রটি formal defect আনুষ্ঠানিক দলিল formal document আনুষ্ঠানিক দাবিনামা formal demand আনুষ্ঠানিকভাবে পেশ করা introduce আন্তর্জাতিক আইন international law (jus gentium) আন্তর্জাতিক আইন কমিশন International Law Commission আন্তর্জাতিক আইন প্রণয়ন international legislation

पाইन-गद्भाव : १৫

আন্তর্জাতিক আইন-বিরুদ্ধ অপরাধ crime against international law আন্তর্জাতিক আইন-শৃঙ্খলাবিরোধী অপরাধ offences against international law and order আন্তর্জাতিক আদালত International Court of Justice আন্তৰ্জাতিক চুক্তি international trealies আন্তর্জাতিক চেম্বার অব কমার্স International Chamber of Commerce (ICC) আন্তর্জাতিক নদী international river আন্তর্জাতিক ন্যুনতম মান international minimum standard আন্তর্জাতিক বণিক সমিতি International Chamber of Commerce (ICC) আন্তর্জাতিক বাণিজ্যিক সালিশ international commerce arbitration আন্তর্জাতিক শিষ্টাচার comity of nations আন্তর্জাতিক সংঘ international union আন্তর্জাতিক সমুদ্রতল সংস্থা International Sea-bed Authority আন্তর্জাতিক সরবরাহ চুক্তি international supply contract আন্তর্জাতিক সালিশ international arbitration আন্তর্নষ্ট্রীয় বাণিজ্য interstate trade আন্দাজ, অনুমান ও ধারণা conjecture, supposition and surmise আপতিক accidental; contingent

আইন-শব্দকোষ ১১৮৬

আপতিক অধিকার conlingent right আপত্তি exception; objection; protest আপত্তিকর offensive আপত্তিকর বিষয় objectionable matter আপত্তিবিহীন মোকদ্দমা unopposed proceedings আপত্তির বিবরণী statement of objections আপত্তিসহকারে under protest আপনাকে করাইতে হইবে fieri facias (fi.fa.) আপস composition; compromise আপস করা compound আপস করিবার জন্য মামলায় জবাবদানে বিলম্বন imparlance আপস মীমাংসা এবং পুনর্বিন্যাস পরিকল্পনা composition and scheme of arrangement আপাত nisi আপাতকালীন pro tempore আপাতগ্ৰহণযোগ্য সাক্ষ্যপ্ৰমাণ primafacie evidence আপাতত pro tempore আপাতদৃষ্ট prima facie আপিল appeal আপিল-আদালত appellate court; Court of Appeal আপিল আদালতের রায় judgment of appellate court আপিলকারী appellant আপিল বিভাগ Appellate Division

আপিলযোগ্য আদেশ appealable order আপিলের এখতিয়ার appellate jurisdiction আপিলের গুনানি hearing of appeal আপিলের স্মারকলিপি memorandum of appeal আপেঞ্চিক অসিদ্ধতা relative nullity আপ্যায়ন entertainment; treating আফিম opium আবওয়াব abwab আবকারি abkari আবগারি abgari আবগারি তক excise duty আবরণ-উন্মোচন lifting the veil আবর্তমান প্রত্যয়পত্র revolving letter of credit অবিশ্যক necessary আবশ্যকতা necessarily আবশ্যকত্বের নিয়ম rule of necessity আবশ্যকীয় পক্ষ neccessary parties আবশ্যকীয় সুখাধিকার easement of necessity আবশ্যিক উন্মক্ত স্থান compulsory open space আবশ্যক সময় time requisite আবার আসা venire de novo আবাসস্থল abode আবাসন কর্ম-ন্যাস housing action trust আবাসিত settled আবিষ্কৃত ঘটনা fact discovered

১১৮৭ আইন-শনকোষ

আবু হানিফা Abu Hanifa আয়ের একত্রীভবন accrual of আবেগঘটিত ক্রেশ emotional income আয়ের জ্ঞাত উৎসসমূহ known distress sources of income আবেদন motion আয়ের বিবরণী return আবেদনপত্র application আয়ুহানি loss of expectation of life অবিশ induction আর্বজি বা জবাবের সমাপ্তি close of অবোনতাবোল nonsense pleadings আমদানি import আরজি plaint; pleading আমদানিকত পণ্যের বিপরীতে ঋণ আরজি-জবাব কর্তন striking out:of Loan Against Imported pleading Merchandise (LIM) আরজিসংযুক্ত সমন originating আমদানি তব্ধ import duty summons আমদানি হকদারি প্রত্যয়নপত্র Import আৱজি-জবাব সত্যাখ্যান verification Entitlement Certificate (I.E.C) of pleadings আয়ন্ত্ৰক host আয় করিয়া পরিশোধ pay as you আমল-অযোগ্য অপরাধ nonearn (PAYE) cognizable offence আরম্ভ করা begin আমলনামা amainama আরামকেদারা নিয়মসূত্র armchair আমনযোগ্য অপরাধ ও আমলযোগ্য principle मामना cognizable offence and আরোগ্যসদন nursing home cognizable case আমলাতন্ত্ৰ bureaucracy আরোধ embargo আরোপ বা আরোপণ imposition আমলে লওয়া taking cognizance আরোপযোগ্য attributable to; আমাদের সমুদ্র mare nostrum আমার আশ্রয় ব্যতীত without leviable আরোপিত অবগতি imputed notice recourse to me আমি করাইয়াছি fieri feci আরোই induction আমিন amin আরোহণ accession আরোহণ করা ascend আমোদ-প্রমোদ amusement আর্থিক অবস্থায় পরিবর্তন change in আম্পায়ার umpire circumstances আয় income আর্থিক উত্তরদান pecuniary legacy আয়ুকুর income tax

আইন-শব্দকোষ ১১৮৮

আর্থিক এখতিয়ার pecuniary jurisdiction আর্থিক ত্রাণ financial relief আর্থিক দায় financial obligation আর্থিক প্রতিষ্ঠান financial institution আর্থিক সহায়তা financial assistance আর্থিক সামর্থোর প্রতিবেদন credit report আলাদা করিয়া রাখা set apart আলম্বনের অধিকার right of support আলম্বিত করা support আলামত alamat; token আলো light আলোর অধিকার right of light আলোকস্তম্ভ lighthouse আলোচনা deliberation আলোচনার জন্য আহ্বান invitation to treat আলোচনার জন্য উপস্থাপন করা table আশকা apprehension আশঙ্কা করা apprehend আশানুরূপ adequate আশ্রয় asylum আশ্রমদান harbour; harbouring আগ্রয়স্থল sanctuary আশ্রয়লাভের অধিকার right of asylum আশ্রিত রাজ্য protectorate আশ্রিতা নারী feme covert আশ্বন্ত করা ensure আসন seat

আসন impending

আসনু বন্ধ next friend আসল principal আসামি accused আসামিকে অবাাহতিদান discharge of the accused আসামির অনুপস্থিতিতে বিচার trial in absentia আসামির পক্ষসমর্থনমূলক বক্তব্য defence statement আসামির বক্তব্য allocution আস্থাভাজন ব্যক্তি fiduciary আস্থায় in trust আস্থা স্থাপন করিয়া in trust আস্থাহানি breach of confidence আহমদ ইবনে হামবল Ahmad ibn-Hambal আহরণ abstraction আহার ও নিবাস mensa et thoro আহুত সভা called meeting আহ্বান করা ও তলব করা convene and summon আজাম্পসিট assumpsit অ্যাটর্নি attorney আটির্নি-জেনারেল Attorney General আডিমিরালটি আদালত admirally court অ্যাডজুটান্ট জেনারেল Adjutant General আডভোকেট advocate আনকোহল alcohol অ্যালিমনি alimony অ্যালোঙ্গে allonge

আসিড acid আসিডদারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি acidaffected person

ই

ইংলিশ বন্ধক English mortgage ইকরারনামা ikrarnama ইক্যুইটি শেয়ার equity share ইখতিয়ারনামা ikhtiarnama ইদিতপূর্ণ প্রশু leading question ইচ্ছাকৃত wilful ইচ্ছাকৃত অবহেলা wilful neglect ইচ্ছাকৃত অসদাচরণ wilful misconduct ইচ্ছাকৃত এবং বিদেষপ্রসূত ক্ষতি wilful and malicious injury ইচ্ছাকৃত খেলাপ wilful default ইচ্ছাকৃতভাবে intentionally ইচ্ছাকৃতভাবে বিরত থাকা abstention ইচ্ছাধীন প্ৰজাস্বত্ব tenancy at will ইচ্ছাপত্ৰ testament; will ইচ্ছাপত্র উপস্থাপনকারী propounder ইচ্ছাপত্র করিবার যোগাতা testamentary capacity ইচ্ছাপত্র করিবার স্বাধীনতা testamentary freedom ইচ্ছাপত্রকারী testator ইচ্ছাপত্রকারীর অভিপ্রায় intention of testator ইচ্ছাপত্ৰগত অভিপ্ৰায় testamentary intention

ইচ্ছাপত্রদারা সৃষ্ট ন্যাস testamentary trust ইচ্ছাপত্র-নির্বাহকের কার্যবৎসর executor's year ইচ্ছাপত্ৰ-পুনঃসম্পাদন republication of a will ইচ্ছাপত্ৰ-পুনরুজ্জীবন revival of will ইচ্ছাপত্র-প্রণয়নের স্বাধীনতা freedom of testation ইচ্ছাপত্র প্রতায়নের জনা প্রতিদ্বন্দ্বিতামূলক দরখাস্ত contentious probate business ইচ্ছাপত্ৰ-প্ৰমাণক probate ইচ্ছাপত্র প্রমাণ করা proving a will ইচ্ছাপত্র-প্রমাণক বাতিলকরণ revocation of probate ইচ্ছাপত্ৰ-প্ৰমাণক সম্পৰ্কিত মামলা probate action ইচ্ছাপত্র বা উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পত্তির হ্রাসপ্রাপ্তি abatement of legacies ইচ্ছাপত্র বাতিলকরণ revocation of will ইচ্ছাপত্র রাখিয়া মৃত্যুবরণ করা testate ইচ্ছাপত্ৰ সংশোধন rectification of will ইচ্ছাপত্র-সম্পর্কিত এখতিয়ার testamentary jurisdiction ইচ্ছাপত্ৰ-সম্পাদন execution of will ইচ্ছাপত্রে স্বাক্ষর signature of will ইচ্ছাপত্রের দারা নিযুক্ত অভিভাবক testamentary guardian ইচ্ছাপত্রের দারা সম্পত্তিপ্রদান devise

আইন-শব্দকোষ ०४८८

ইচ্ছাপত্রের ব্যয় testamentary expenses ইচ্ছাপত্রের ব্যাখ্যা interpretation of wills ইচ্ছাপত্রের সত্যতাপ্রমাণকারী আদালত Court of Probate ইচ্ছাপত্রের সম্পুরক সংযোজনী দলিল codicil ইজমা iima ইজারা iiara: lease ইজারা ও অনুমতি lease and licence ইজারাদাতা lessor ইজারাদার ijaradar; lessee ইজারাধীন leasehold ইজারাধীন মালিকানা leasehold ownership ইজারা নবায়ন renewal of lease ইজারার চুক্তি agreement for a lease ইজাহার izahar ইতঃপূৰ্বে already; lately; ইতন্তত বিচরণ loitering ইদানীং lately ইদ্দত iddat ইনার টেম্পল Inner Temple ইনকোটার্ম incoterm ইন্চমারি অনুচ্ছেদ Inchmaree clause ইনুস অব কোর্ট Inns of Court ই পি জেড EPZ (Export Processing Zone) ইপিজেড শ্রম ট্রাইব্যুনাল EPZ labour tribunal

ই-বাণিজ্য e-commerce

ইমাম আবু হানিফা Imam Abu Hanifa ইমাম আহমদ ইবন হামবল Imam Ahmad ibn-Hambal ইমাম মালিক ইবনে আনাস Imam Malik ibn-Anas ইমাম মহাম্মদ ইবনে আশ-শাফিয়ি Imam Muhammad ibn Ash-Shafee ইমামবাড়া imambara ইমারত building ই-মেইল e-mail ইয়র্ক-অ্যান্টওয়ার্প বিধি York-Antwerp rules ইলেক্টনিক ব্যাংকিং electronic banking ইট benefit ইসতিদ্বাৰ istidlal ইস্তিহ্সান istihsan ইসলামি আইনে পণ্ড void in Islamic Law sovereignty in Islamic law valebat

ইসলামি আইনে সার্বভৌমত্ত ইহার যাহা মূল্য হইত quantum ইন্তফা resignation



উইল testament; will উকিল lawyer, advocate; pleader উকিলের নথি brief উচিত shall and may উচ্চতর আদালত superior court

উচ্চ আদালত High Court of Justice উচ্চ জলচিহ্ন high-water mark উচ্চ্*ঙ্*খল wanton উচ্চ্ড্রলতা recklessness উচ্ছেদ ejectment; eviction উৎকর্ষের মাত্রা quality উৎকৃলন stranding উৎকোচ bribery; illegal gratification উৎকোচ ও দুৰ্নীতি bribery and corruption উৎকোচ প্রদান bribery; tampering উৎখাতের বিজ্ঞপ্তি notice to quit উত্তমর্ণদেব বঞ্চিত করিবার অভিপ্রায় intent to defraud creditors উত্তম স্বত্ব good title উত্তর answer: reply উত্তরজীবিতার অধিকার ius accrescendi উত্তরজীবিতার অনুমান presumption of survivorship উত্তরণ passage উত্তরদান legacy উত্তরদান গ্রাহক legatee উত্তরপ্রাপক reversioner উত্তরসূরি successor উন্মবাধিকারী successor উত্তরাধিকার heriditament: inheritance: succession উত্তরাধিকার-কর inheritance tax উত্তরাধিকারপ্রাপ্ত সম্পত্তি hereditary property

উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত ভৌত সম্পত্তি corporeal hereditament উত্তবাধিকাবহীন সম্পত্তি vacantia bona উত্তরাধিকারিত্বের আশা spes successionis উম্বরাধিকারী heirs: successor; waris: warish উত্তরাধিকারীগণ ও স্বত্যূর্পিত ব্যক্তি heirs and assigns উত্তবাধিকারী হওয়া succeed উত্তীৰ্ণ মেয়াদ satisfied term উত্থাপন presentment উত্থাপিত বিবৃতি বা বক্তব্য presents উথিত হওয়া arise উৎপন্ন product উৎপনু দলিল derivative deed উৎপন্ন দ্রব্য product উৎপুনুদব্যের দায় products liability উৎপাত nuisance উৎপাদনকারী manufacturer উৎপাদনকারীর দায় manufacturer's liability উৎপীডন molestation, oppression উৎপীড়ন না করিবার আদেশ nonmolestation order উৎস original উৎসব-ছটি festival holidays উৎসর্গ dedication উৎসানুসন্ধান tracing aldiculatives ex agriculturille at source

আইন-শব্দকোষ ১১৯২

উৎসের সার্টিফিকেট certificate of উদ্যোক্তা promoter উদ্যোক্তা কোম্পানি sponsor origin উদার ব্যাখ্যা liberal interpretation company উদাসীনতা recklessness উদ্যোক্তা মূলধন equity capital উদাহরণ illustration উদ্যোগ attempt; undertaking উদ্ঘাটনে ব্যৰ্থতা failure to make উন্নতিবিধান improvement disclosure উন্নতিসাধনের পূর্বানুমান presumption উদ্দেশ্য purpose of advancement উদ্দেশ্যজ্ঞাপক বিবৃতি objects clause উন্নমন uplift উদ্দেশ্যহীন wanton উনুয়ন development উদ্দেশ্যে toward উন্নয়ন-কর্মসূচি development উদ্ধার rescue programme উদ্ধারকারী salvor উনুয়ন-ব্যয় improvement cost উদ্ধারকার্য salvage উন্মক্ত ন্যাস bare trust; naked trust উদ্ধারকার্যের পারিতোষিক salvage উন্মুক্ত বাজার market overt উনাক্ত স্থান open space উদ্ধৃতি quotation উদবর্তিতার অধিকার right of উপকরণ input; material survivorship উপকল্পন surrogacy উদ্বান্ত সম্পত্তি evacuee property উপকার advantage উদ্বেগ anxiety উপকূলীয় জলসীমা coastal water উদ্বৰ্ত saving; surplus উপক্রমনিকা opening উদ্ব্যুগ্ৰ সাক্ষী zealous witness উপগৃহ outhouse উদ্ভবসূচক পদ্ধতি origin system উপচ্ছায়া penumbra উদ্ভাবন invention উপজাতীয় Irihal উদ্ভূত ন্যাস resulting trust উপদৰ nuisance উদ্ধৃত হওয়া arise উপদ্রব-সৃষ্টিকারী পড়শি nuisance উদ্যয industry neighbours উদ্যান park উপদেষ্টামূলক এখতিয়ার advisory উদ্যানবিদ্যা horticulture jurisdiction উদ্দেশ্যমূলক ন্যাস purpose trust উপধারা sub-section উদ্দেশ্যানুগ উপযুক্ততা fitness for উপনিৰ্বাচন by-election উপনীত জাহাজ arrived ship purpose

উপপত্নীত্ব concubinage উপপথ by-way উপ-প্রতিনিধি sub-agent উপবর্থ by-way উপবিভাগ section উপবেশন sittings উপযাচন soliciting উপযুক্ত appropriate; eligible; fit উপযুক্ত পণ good consideration উপযুক্ত মজুরি fair wage উপযুক্ত মনে করা think fit উপযোজক হস্তি accommodation bill উপযোজন পত্ৰ accommodation paper 'উপরওয়ালার হুকুম superior orders .উপবিভাগ surface উপযুক্ত fit উপযোজন adjustment উপলক্ষিত implied উপলক্ষিত অনুমতি implied licence উপশমক পরিস্থিতি extenuating circumstances উপশাখা section উপসম্প্রদায় denomination উপসাগর bay উপস্থাপন representation উপস্থাপন করা introduce উপস্থাপনা preferment উপস্থিত করানো introduce উপস্থিতি attendance উপাত্ত-ভাগুর database উপাত্ত-রক্ষা data protection

উপাত্ত স্থানান্তর করা download উপায়প্রয়োগ treatment উপাদান কারণ proximate cause উপায় means উপাৰ্জন earnings উপাসনার স্বাধীনতা liberty of worship উবফ urf উল্লম্ব চুক্তি vertical agreement উল্লম্ব সংঘ vertical union উশর ও খিরাজ ushr and khiraj উসকানি provocation উসকানিদাতা চর agent provocateur উসলুল ফিক্হ uslul figh উল্লেখ citation উল্লেখপূৰ্বক মীমাংসা referential settlement উল্লেখযোগ্য substantial উহার thereof উহা হইতে Ihereof উহার পরে thereupon

উ

উন-উদ্ধৃতায়ন under-invoice

ঝ

ঝণ credit; debt; loan ঝণ করা borrow ঋণদাতাদেরকে বঞ্চনার অভিপ্রায়ে intent to defraud creditors ঝণদাতার সহিত বন্দোবস্ত বা সমঝোতা
arrangement with creditors
ঝণপত্র letter of credit
ঝণপত্রছারা বাধ্য stand by letter of
credit
ঝণপরিশোধ সামর্থ্যের প্রতিবেদন
credit report
ঝণ পাওনাদার loan creditor
ঝণমুক্তির আদেশ order of discharge
loan capital
ঝণপরিশোধের বরাদ্দ appropriation
of payments
ঝণের সর্বোচ্চ credit limit

g

এওয়াজ ও এওয়াজনামা iwaj and iwajnama এক one একই জাতির বা প্রকৃতির ejusdem eneris একই ধরনের similar এ ও বি তালিকা A and B list একই বিষয়ে in pari materia একই বিষয়ে কাহাকেও দুইবার বিরক্ত করা যায় না nemo debet bis vexari একই বিষয়ে সমতি consensus ad idem একক অর্থনৈতিক অঞ্চল exclusive economic zone (EEZ) একক এখতিয়ার exclusive iurisdiction একক জুরি juror

একক ন্যাস unit trust একক প্রশাসনিক দলিল single administrative document (SAD) একক-সংঘ সংবিদা single-union agreement একক সদস্যের কোম্পানি singlemember company একক সলিসিটর sole solicitor একচেটিয়া অধিকার exclusive rights এককালীন প্রদত্ত টাকা lump sum একচেটিয়া ব্যবসা monopoly একচেটিয়া বাবসাবিরোধী আইন antitrust law একচেটিয়া লাইসেন্স exclusive licence একজন one একজন মানুষ person একটানা শর্তসাপেক্ষ জামিন continuous bail একটি অপরাধের জন্য কাহাকেও দুইবার দণ্ডিত করা যায় না nemo debet bis puniri pro uno delicto একটির অন্তর্ভুক্তি অন্যটির অন্তর্হিতি expressio urius est exclusio alterius একতবফা ডিক্রি রদ set aside of ex parte decree একত্র দগুদেশ concurrent sentence একনেবাস না কবিবাব আদেশ noncohabitation order একত্রিত-উদ্ভত accrue-arise একত্রীকরণ merger একত্রিত করা amalgamate

একত্রে বসবাস cohabitation; living together একপাক্ষিক অব্যাহতি unilateral discharge একপাক্ষিক চুক্তি unilateral contract একপান্ধিক ভ্রান্তি unilateral mistake এক বংশসম্ভূত lineal একবার once একমাত্র only একর acre धक्त्रभूद्ध sometime একাঙ্গীভবন integration একাদশ সংশোধন Fleventh Amendment একাদিক্রম কারাদগুদেশ consecutive sentences একান্ত জীবন private life একান্ত তথ্য confidential information একান্ত তথ্যজ্ঞাপন confidential communication একান্ততা privacy একিনি এবং জান্লি আইন akini and janni ain এক্স-ক্রোমোসোম X-chromosome এখতিয়ার jurisdiction এখতিয়ারনামা ikhtiarnama এখতিয়ার-প্রয়োগে ব্যর্থতা failure to exercise jurisdiction এখতিয়ার-বহির্ভৃত এলাকায় জারি service out of the jurisdiction এখতিয়ারবিষয়ক অনুচ্ছেদ iurisdiction clause

এখতিয়ারের অভাব want of iurisdiction এখতিয়ারের ক্রটি defect of jurisdiction এখন now এখনকার মতো for the time being এজমালি ijmali এজলাস bench এজলাসের পরওয়ানা bench warrant এজাহার first information report (FIR); ijahar এডাইয়া যাওয়া fence এতৎসত্ত্রেও notwithstanding এফিডেভিট affidavit এবং and (&) এলাকা section: territory এলাকা-নাম লম্ভন domain-name infringement এতিম orphan এশীয় উনুয়ন ব্যাংক Asian Development Bank এশীয় ডলার Asian Dollar এশীয় নিকাশ ইউনিয়ন Asian Clearing Union (ACU) এশীয় মুদ্রা একক Asian Monetary Unit এস এ ৰতিয়ান S.A. Khatian এল্রাদা মতবাদ Estrada doctrine ক্র

ঐচ্ছিক দফা oplional clause

V

ওই উপায়ে Ihereby ওই পর্যন্ত pro tanto ওকালতনামা vakalatnama ওই সময়ে বা তৎপূর্বে on or before ওকালতি actino ওকালতি করা plead ওজন ও পরিমাপ weights and measures ওভারভাফট overdraft ওয়াই-ক্রোমোসোম Y-chromosome ওয়াক্ফ wakf; waqf ওয়াক্ফ আলাল আওলাদ waqf alal awlad ওয়াকফ দলিল waqt deed ওয়াক্ফ লিলাহ waat lillah ওয়াকফ সম্পত্তি waqf property ওয়াকিফ waqif ওয়ারফেজ wharfage ওয়ারস কনভেনশন Wareaw convention ওযাসিয়তনামা wasiatnama ওয়েজ-আর্নারস ক্ষিম wage-earner's scheme

ঔ

উরসজাত সন্তান natural child ঔষধ medicine

क

কটকবালা katakhala কঠোর ও বিবেকবিরুদ্ধ harsh and unconscionable কঠোর দায়িতা strict liability কঠোর বন্দোবস্ত strict settlement কডা মদ liquor কতিপয় অধিকার-নিয়ন্ত্রণমূলক বর্তস্বত্ব easement restrictive of certain rights কতিপয় বৎসরমেয়াদি নির্দিষ্ট শর্ত term of vears absolute কতিপয় বৎসরের প্রজাস্থ্র tenancy for years কথিত supposed কদর্য আচরণ misbehavior কনসাল consul কনসোর্টিয়াম consortium কনসিউলার অফিসার consular officer কনিষ্ঠ junior কনিষ্ঠ আইনজীবীগণ utter Bar কনিষ্ঠ বিচারক puisne iudge কনিষ্ঠ ব্যারিস্টার junior barrister কপট অজুহাত sham plea কপট পরিচয়দান false personation কপিরাইট copyright কপিরাইট-অধিকারলজ্ঞান copyright infringement কপিরাইট ও অন্যান্য অধিকার লজ্যনজনিত অপরাধ offences for violation of copyright and other rights কপিরাইট-লজ্মন infringing copyright

কবর হইতে মৃতদেহ উত্তোলন exhumation কবালা kabala কবৃলিয়ত kabuliyat কমনওয়েলথ Commonwealth ক্মনস-সভা House of Commons কমবয়ন্ধ অপরাধী young offender কমবয়ক্ষ অপরাধীদের জন্য প্রতিষ্ঠান young offender institution ক্মব্য়ঙ্কদের জন্য আদালত vouth court কমবয়স্কদের জিম্মা youth custody কমিশন commission কমিশনার commissioner কম্পিউটার computer কম্পিউটার দলিলাদি computer documents কম্পিউটার প্রোগ্রাম computer programme কম্পিউটার প্রোগ্রাম লজ্মনের অপরাধ offence relating to violation of computer programmes কম্পিউটারের অপব্যবহার computer misuse ক্ব tax কর-অবকাশ tax holiday কর-আইন taxing statute কর-আরোপযোগ্য লাভ chargeable gain কর এডান tax avoidance কর-দায়ের তারিখ tax point কব-নির্ধারণ assessment of tax কর-ন্যায়পাল tax ombudsman

কর-ন্যায়পালের নিকট প্রেরণ reference to tax-ombudsman করপোরেশনের শেয়ার share in a corporation কর-ফাঁকি tax evasion করবর্ষ fiscal year করমুক্ত tax-exempt করমুক্ত আয় exempted income কর-মেয়াদ tax duration করযোগ্য আয় taxable income করযোগ্য পণ্য taxable goods করযোগ্য ব্যক্তি taxable person কর্যোগ্য সরবরাহ taxable supply করার stipulation করারোপ imposition; taxation করারোপণীয়তা ও করনিরূপণীয়তা chargeability and assessability করিতে পারে এবং করিবে may and shall করোনার coroner কর্ণধার master কর্তন deductions কর্তনযোগ্য deductible কর্তব্য duty কর্তব্যজনিত বাধ্যবাধকতা ought কর্তব্যপরায়ণ নহে এমন in officious কর্তব্যপালনকারী সলিসিটর বা আইনজীবী duty solicitor কর্তব্যপালনকালীন in discharge of his duty কর্তব্যপালনে ব্যর্থতা nonfeasance কর্তব্যরত on duty

কর্তব্যলন্ত্রন breach of duty কর্তব্য হওয়া shall and may কর্তব্যে অবহেলা delinquency; nonfeasance কর্তা karta কৰ্তিত ক্ষত incised wound কর্তৃত্ব authority; command; mandate কর্তৃত্ব করা control কর্তৃথহণ takeover কর্তৃত্বহণের প্রস্তাব takeover bid কর্তৃত্বের অবসান functus officio কর্তৃপক্ষ authority কর্পোরেশন body corporate কর্ম work কর্ম অবসানের কার্যকর তারিখ effective date of termination কর্মখালি vacancy কর্মচারী employee কর্মচারীদের শেয়ার-প্রকল্প employees' share scheme কর্মচারীর উদ্ভাবন employee's inventions কর্মচ্যুতি discharge from the service কর্মদিবস working day কর্ম বা বিরতি act or omission কর্মসম্পাদনকারী সতর্ক থাকুক caveat actor কর্মস্থল ও কর্মসংস্থান office and employment কর্মস্থলে নিরাপত্তা safely at work

কৰ্ম হইতে উদ্ভুত arising out of employment কৰ্ম হইতে এবং কৰ্মসূত্ৰে out of and in the course of employment কর্মের অনুমতিপত্র work permit কর্মের চুক্তি contract of service কর্মোদ্যম industry कर्षा karsha कन mill কল্পিত ক্ষতিপূরণ imaginary damages কল্যাণ welfare কল্যাণ আইন welfare law কল্যাণকর de bene esse কল্যাণমূলক রাষ্ট্র welfare state কল্যাণার্থে pro bono কষ্ট hardship: pain কষ্টকর পরিস্থিতি hardship কাউনসিলে প্রণীত আদেশ Orders in Council কাউনসিলের আদেশ Orders of Council কাঁকর gravel কাগজপত্ৰ paper কাণ্ডজে মুদ্রা প্রমোচন issue banknotes কাচনলবৰ্তী নিষেক In vitro fertilization (IVF) কাছাকাছি approximately; thereabouts: towards; কাছারি বাড়ি kutchery bari কাছে near কাজি kazi, qazi

কাজি এবং মির আদিল kazi and miradil কাজি-উল-কূজাত kazi-ul-kuzzat কাজিল কুজাত gazi'l quzat কাজের সময়ের ব্যাপ্তি spread over কাটা জখম incised wound কঠি timber কাঠগডা dock काठारमा structure কাঠামোগত পরিকল্পনা structure plan কানুনগো kanungo; qanungo কাবিননামা kabinnama কামরার কার্য chamber business কামান cannon কায়িক ভৃত্য menial servant কায়িক শ্রম manual labour কায়েম মুকাররি qaim muqarari কায়েম-মোকাম substitution কায়েমি মোকররি kayemi mokarari কারকত্ব instrumentality কারখানা factory কারখানা ও কর্মশালা factory and workshop কারথানার পরিষ্কার-পরিচ্ছন্নতা factory cleanliness কাবণ দর্শানো show cause কারবারি বিল trade bill কারবারি বেসাত stock in trade কারণ হইতে কার্য a priori কারাগার civil prison কারিগর artificer: artisan কারুশিল্প handicraft

कार्य act কার্যকর অংশ operative part কার্য করণ বা অকরণ act or omission কার্যকর নিবেদন effective representation কার্যকর বক্তব্যপ্রকাশ effective representation কার্যকর ভুল operative mistake কার্যকর হওয়া operate কার্যকর মূলধন working capital কাৰ্যক্ৰম proceeding কার্যকারণ সম্বন্ধ causation কাৰ্যত de facto কার্যত সরকার de facto government কাৰ্যত স্বীকৃতিদান de facto recognition কার্যদিবস working day কার্যধারা proceedings; procedure কার্যধারা বাতিল quashment of the proceeding কাৰ্যপন্থা modus operandi কার্যপ্রক্রিয়া operation কার্যপ্রণালি manner কার্যপ্রণালিঘটিত চরম অযৌক্তিকতা procedural unconscionability কার্যবিধি procedure; procedural law কার্যবিবরণী minutes কার্যসংঘটনের স্থানিক আইন lex loci actus কার্য হইতে কারণ a posteriori কার্যাবেক্ষণ supervision

কাৰ্যোপলক্ষে in the course of business কাল time কালপর্যায় period কালপৰ্ব period কালভো ধারা Calvo clause কালাত্যয় efflux of time কাল্পনিক ক্ষয়ক্ষতি imaginary damages কালেকটর collector কালেষ্ট্রর কর্তৃক ডিক্রিজারি execution of decree by collector কালো টাকা black money কালো তালিকা blacklist কাল্পনিক ব্যক্তি fictitious person কাহারো চাকুরি হারাইবার হেতু per quod servitium amisit কাহারো নিজ মামলার বিচারক হওয়া উচিত নহে nemo debet esse judex in propria causa কাহারো সন্তান নহে filius nullius কিংস কাউনসেল King's Counsel কিশোর অপরাধী juvenile offender কিশোর অপরাধী প্রতিষ্ঠানে আটক detention in a young offender institution কিশোর আদালত juvenile court কিন্তি instalment কুইন্স কাউনসেল Queen's Counsel ককৰ্মসাধন malfeasance কুকর্মসাধন, অবৈধ পত্মায় বৈধ কর্মসাধন, কর্তব্যে অবহেলা malfeasance, misfeasance, non-feasance

কুকার্যসাধনে নিয়োজন subornation কুখ্যাতি notoriety কুটুম্বিতা affinity কুৎসাজনক scandalous কুৎসাপূর্ণ বিবৃতি scandalous statement কুৎসিত offensive কৃটনীতি diplomacy কৃটনৈতিক প্রতিনিধি Charge d'affaires; legation ক্টনৈতিক বিষুক্তি diplomatic immunity কল shore কৃতঋণ মূলধন borrowed capital কৃতনিক্ষয় করা persuade কত বা অভিপ্ৰেত কাৰ্য act purporting to be done কত্রিম অর্দ্রতা artificial humidification কত্রিম গর্ভসঞ্চার artificial insemination কৃত্রিম ব্যক্তি artificial person কুপা clemency কৃষি agriculture; husbandry কৃষি-আয় agricultural income কৃষিকাজের উদ্দেশ্যে agricultural purposes কৃষি-জমি agricultural land কৃষি-বৎসর agricultural year কৃষি-সংক্রান্ত agricultural কেন্দ্ৰ seat কেবল only

কেস ভায়রি police diary কেসবই পদ্ধতি casebook method কেহ আইনের উর্ধেষ নহে nemo est supra leges কেহ কোনো জীবিত ব্যক্তির ওয়ারিশ न्दर nemo est haeres viventis কেহ নিজেকে অভিযুক্ত করিতে বা নিজের দোষ স্বীকার করিতে বাধ্য নহে nemo tenetur seipsum accusare কেই নিজের মামলা নিজে বিচার করিতে পারে না nemo judex in causa sua (nemo judex in propria causa) কৈশোর অপরাধ juvenile delinquency কৈফিয়ত plea কোওয়ারান্টো quo-warranto কৈফিয়ত দেওয়া plead কোটা quota কোনো any কোনো অপরাধ যখন ঘোরতর infragrante delicto কোনো অসম্মানজনক অনৈতিক কারণের ভিত্তিতে কোনো মামলা হইতে পারে না ex turpi causa non oritur action কোনো এক সময়ে sometime কোনো কাজের উদ্দেশ্য অপরাধমূলক না হইলে তাহার জন্য একজনকে অপরাধী সাব্যস্ত করা হয় না। অভিপ্রায় ও কর্ম উভয়ের সংযোগে অপরাধের সৃষ্টি actus non facit reum, nisi mens sit rea কোনো কিছ করিবার উপক্রম about to

কোনো কিছুর স্তপ বা পরিমাণ aggregate কোনো পুরষের কোনো স্ত্রীলোকের সাহচর্য হারাইবার হেতু per quod consortium amisit কোনো বিচারকের সম্মুখে নয় coram no judice কোনো ভৃখণ্ডে সম্পুক্ত belonging to a territory কোনো মানুষ নিজের মামলার বিচার করেন না, কারণ তিনি যুগপৎ একজন বিচারক ও একজন পক্ষ হইতে পারেন না aliquis non debet ese judex in propria causa, quia non potest esse judex et pars কোপজনক offensive কোম্পানি company কোম্পানি-আদালত Companies Court কোম্পানিব নিবন্ধন-অফিস Companies Registry কোম্পানি-কর corporate tax কোম্পানি-নিবন্ধন registration of company কোম্পানি-কল্যাণ corporate welfare কোম্পানি-সংঘ company union কোম্পানির ঋণপত্র debenture কোম্পানির তদন্ত investigation of a company কোম্পানির নাম company name কোম্পানির পুনর্গঠন reconstruction of a company কোম্পানির সচিব company secretary কোম্পানির সদস্য company member

act

কোম্পানির সভা company meeting কোয়ান্টাম মেরুইট quantum meruit কোয়ারান্টাইন quarantine কোরাম quorum কোর্ট অফ ওয়ার্ডস court of wards কোর্ট অফ রেকর্ড court of record কোর্ট ফি court fee কোর্ট ফি ও স্ট্রাম্প আইন Courl Fee and Stamp Act কোর্ট ফি এবং স্যুট ভ্যালুয়েশন অ্যান্ট Court Fee and Suit Valuation Act কোৰ্ফা প্ৰজা korfa tenant কোষাগার treasury কোষাগার বিভাগ treasury কোষাগার বিল treasury bill কৌসুলি counsel কৌসুলির নিকট কত যোগাযোগ communication made to a counsel কোষ্ঠি horoscope ক্যাঙ্গাৰু kangaroo ক্যাঙ্গাৰু কোৰ্ট kangaroo court ক্যান্টিন canteen ক্যামেরা ও রেকর্ডে ধৃত ছবি ও কথাবার্তার সাক্ষ্যমূল্য evidentiary value of photo, film and recorded conversation ক্ৰমক্ষয় attrition ক্ৰমশোধ amortization ক্রমাগত successive ক্রয় ও বিক্রয়ের হার buying and selling rate

ক্রয়মূল্যের উপশম abatement of purchase-money ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলি transitory and temporary provisions ক্রিয়াশীল হওয়া operate ক্রেডিট কার্ড credit card ক্রেডিট প্রতিবেদন credit report ক্ৰেতা buyer; purchaser; vendee ক্রেতা ও বিক্রেতার উদ্দেশ্যে সমন vendor and purchase summons ক্রেতার পণা পরীক্ষা করিবার অধিকার buyer's right of examining the goods ক্ৰেতা সতৰ্ক থাকুক caveat emptor ক্ৰোক attachment ক্লিয়ারিং এজেন্ট clearing agent ক্রোধজনক offensive ক্রোধোদ্দীপনা provocation ক্রেটনের মামলা Clayton's case ক্ৰেশ hardship ক্ষতি damage; injury; injuria; prejudice; wrong ক্ষতি অথবা খেসারত loss or damage ক্ষতিকর injurious; offensive ক্ষতিকর কার্য prejudicial act ক্ষতিকরভাবে প্রভাবিত injuriously affected ক্ষতিহাস্ত affected ক্ষতিগ্ৰস্ত হওয়া incurred ক্ষতিপুরণ compensation; damages; reparations

ক্ষতিপূরণ-চুক্তি contract of indemnity

ক্ষতিপূরণমূলক ছুটি compensatory holiday

ক্ষতিপ্রণের নিশ্চয়তা indemnity ক্ষতিপ্রণের মাপকাঠি measure of

damages ক্ষতিপূরণের প্রকার compensation, different kinds of

ক্ষতি ব্যতীত আইনগত অধিকার ভঙ্গ

করা *injuria sine damnum* ফতির দূরবর্তিতা remoteness of

ক্ষাতর দূরবাউতা remoteness o damage

ক্ষ্মতা power

ক্ষমতাঘটিত প্ৰবঞ্চনা fraud on a power

ক্ষমতাপত্ৰ letter of attorney

ক্ষমতা প্রদান authorization; delegation

ক্ষমতাপ্রয়োগের লক্ষ্য objects of a power

ক্ষমতাবহির্ভূত ultra vires

ক্ষ্যতায়ন empowerment

ক্ষমতার পৃথক্করণ separation of powers

ক্ষমতার ভারসাম্য checks and balances

ক্ষমতার মধ্যে intra vires

ক্ষমতার্পণ delegation

ক্ষমা mercy; pardon

ক্ষমাপ্রদর্শনের বিশেষাধিকার prerogative of mercy

ক্ষমাপ্রার্থনা apology

ক্ষমার্থ নরহত্যা excusable homicide ক্ষয়কারী, বিষাক্ত অথবা দাহ্য পদার্থ দারা মৃত্যু ঘটানো causing death by corrosive substance ক্ষয়কারী, বিষাক্ত বা দাহ্য পদার্থ দারা গুরুতর আঘাতের শাস্তি causing

grievous injury by corrosive

substance কান্ত হওয়া cease ক্ষুণ্ন না করিয়া without prejudice ক্ষুদ্র জাতিগোষ্ঠী ethnic minority ক্ষুদ্র জাতিগোষ্ঠীর ধ্বংসসাধন ethnic

ক্ষুদ্র আকারে জাহাজি দলিল short form bill of lading

ন্ধুদ্র সংবিদা small agreement

কুদ্রাংশ moiety

cleansing

ক্ষেপণাত্রবিদ্যা ballistics

ক্ষোভ grievance

뉙

খণ section; volume

খণ্ডন rebuttal

খণ্ডনীয় অনুমান rebuttable presumption

খণ্ডনীয় সাক্ষ্যপ্রমাণ evidence in rebuttal

খণ্ডসমূহ parcels

খতিয়ান khatian

খতিয়ানি ঋণ book-debt

খতিয়ানি মূল্য book-value

খনি mine

খনি ইজারা mining lease খনিজ mineral খরুচ debit খবচ-নির্ধারণকারী কর্মকর্তা costs officer খরচ-সংরক্ষিতকরণ costs reserved খরচার জন্য জামানত security for cost খুরচাসহ with costs খসডা draft: khasra খসডা আইন Bill খাইখালাসি বন্ধক usufructuary mortgage খাইখালাসি বন্ধকগ্ৰহীতা usufructuary mortgagee খাজনা rent খাজনা-কর্মকর্তা rent officer খাজনা ত্যাগ quit rent খাজনা দায় rentcharge খাজনাপ্রাপক rent receiver খাজনা মেয়াদ reddendum: rental period খাজনাপ্রাপক rent receiver খাতক হয়রানি harrasment of debtors খাদা food খাদ্যশস্য বা শস্যকণা grain খাদাসাম্থী victuals খানকা khangah খানাপুরি khanapuri খামার ভাড়ার দায় free firm rent খারিজ দাখিলা kharii dakhila

খারিজা তালুক estate খালাস acquital খালি করা vacate খাস কামরার কাজ chamber business খাস জমি khas land খাস দখল khas possession খাস মহাল khas mahal খচরা বিক্রয় retail খুলা khoola খন murder খুন করিতে প্ররোচনাদান persuading to murder খেতাৰ designation খেলাপ default খেসারতপত্র letter of indemnity খোদ কশত khud kasht খোদ কান্ত khud khasht খোরপোশ alimony; khorposh খোলা চুক্তি open contract খোলা সংঘ open alimony খ্যাতমালিকানা reputed ownership খ্যাতি reputation খিষ্টধৰ্মীয় আইন canon law: ecclesiastical law খ্রিষ্টান আইন Christian law

গ

গজ yard গঠনমূলক অভিপ্ৰায় constructive intent গঠনমূলক সার্বিক ক্ষতি constructive total loss গড় ক্ষতি general average গড় ক্ষতি হইতে মুক্ত free from average গড়পড়তামুক free from average গড় মজুরি average pay গণউপদ্ৰব public nuisance গণগৃহ public house গণ দাতব্য প্রতিষ্ঠান public charities গণনৈতিকতা-বিরোধী দুর্নীতি corruption of public morals গণ্দ্ৰব্য res publicae গণবিষয় public domain গণভোট referendum গণহত্যা genocide ข่า deemed গতানুগতিক ordinary গতিরোধক hump গতিরোধ করা hinder গনিমত booty গন্তব্যে পৌছা arrive গন্তব্যে পৌছান জাহাজ arrived ship গবাদি পশু cattle গবাদি পত্তর অন্ধিকারপ্রবেশ cattle trespass গভীরতা draught ขมาแชงการ passage গরহাজির non-appearance গবহাজিরা absence গর্ভগ্র sanctuary গর্ভপাত abortion; miscarriage

গইন censure গাটরি package গনিমা booty গুণ quality গার্নিশি garnishee গার্নিশি অর্ডার garnishee order गार्निणि कार्यधात्रा garnishee proceedings গিয়ারিং রেশিও gearing ratio গিলোটিন guillotine গুটানো অজুহাত rolled up plea তণ quality গুণগত মান-নিয়ন্ত্রণ প্রত্যয়নপত্র quality control certificate গুন-টানা towage গুণ-টানার মজুরি towage গুণমান quality গুণাগুণের ভিত্তিতে ফয়সালা করা decide on the merits গুদামজাতকরণ storage গুদাম ভাড়া storage গুপ্তচরবৃত্তি espionage; spying গুপ্তধন treasure trove গুরুতর অপরাধ felony গুরুতর আঘাত grievous hurt গুরুতর পঙ্গুত্র ভাতা severe disablement allowance গুৰুত্ব মানসিক দৌৰ্বলা severe mental impairment গুরুতর চুরি aggravated larceny গুরুত্বপূর্ণ অনিয়ম material irregularity

আইন-শৰ্কাষ ১২০৬

গুরুত্বপূর্ণ ঘটনা material facts গুরুত্বপূর্ণ পরিবর্তন material alterations গুরুত্বপূর্ণ বর্ণনা material particulars গুরুত্বপূর্ণ সাক্ষী material witness গুৰুতুপূৰ্ণ সাক্ষ্য substantial evidence তরুত্বপূর্ণ সাক্ষ্যপ্রমাণ material evidence: substantial evidence গুরুভার কর rack rent ওঁহা মুনাফা secret profits গৃঢ় অভিপ্রায় ulterior intent গৃঢ়তা secrecy গৃহপালিত বা পোষমানা পণ্ডপক্ষী domitae naturae গৃহবন্দিত্ব house arrest গৃহভেদ housebreaking গৃহাঙ্গন yard গৃহায়ণ করপোরেশন Housing corporation গৃহায়ণ কর্ম-এলাকা housing action area গহায়ণ ন্যাস housing trust গৃহায়ণ ভর্তুকি housing subsidy গ্হায়ণ সমিতি housing association গ্রায়ণ সমিতির ভাড়াটিয়াতু housing association tenancy গেজেট gazette গেজেট-বিজ্ঞপ্তি gazette notification গেজেটেড অফিসার gazetted officer গেট্ ghet গোটা aggregate

গোপন নিৰ্বাচন ballot গোপন ন্যাস secret trust গোপন লাভ secret profit গোপনীয়তা secrecy গোলাবারুদ ammunition গোষ্ঠীপতির শাসন patriarchy গৌণ পক্ষ secondary party গৌণ স্বাৰ্থ minor interests গ্যারাজ-নির্মাণ garage construction গ্যারান্টি guarantee গ্যারান্টি-চুক্তি contract of quarantee গ্যাস gas গ্রন্থস্ত্-অধিকার লব্দন copyright infringement গ্রন্থ incurred গ্ৰহণ taking গ্রহণ-অযোগ্য হেতু inadmissible reason গ্রহণ ও বর্জন করা approbate and reprobate গ্রহণ করা admit: allow গ্রহণযোগ্য admissible: receivable গ্রাম-সরকার gram sarkar থাম্য বন village forest গ্রাসাচ্ছাদন alimony গ্রাসাচ্ছাদন-ভাতা subsistence allowance গ্রাহক হওয়া subscribe গ্রাহা করা honour গ্রেপ্তার arrest

গ্রেপ্তার এবং কারাবাস arrest and imprisonment প্রেপ্তার ও দেওয়ানি ফাটকে আটক arrest and detention in the civil prison প্রেপ্তার করা apprehend প্রেপ্তার বা অভিশংসনে বাধাদান impeding apprehension or prosecution প্রেপ্তারযোগ্য অপরাধ arrestable offence প্রেপ্তারি পরওয়ানা warrant of arrest

গ্রেপ্তারের ক্ষমতা power of arrest

ঘটকালির চুক্তি marriage brokage

ঘ

contract

ঘটনা fact; factum
ঘটনাগত বিদ্বেষ malice in fact
ঘটনাঘটিত ভুল mistake of fact
ঘটনা-বিচারকারী trier of facts
ঘটনার বিষয় matter of fact
ঘটনা-সম্পর্কিত বিচার্য বিষয় issue of fact
ঘটনা-সম্পর্কিত বিচার্য বিষয় issue of fact
ঘটনাস্থল locality fact; locus
delecti
ঘটনাসাপেক্ষ চুক্তি contingent
contract
ঘরোয়া বিচারসভা domestic tribunal
ঘর্ষণজনিত ক্ষয় attrition
ঘর্ষণজনিত জব্ম abrasion
ঘটমাওল wharfage

মুস bribery; illegal gratification
মুস প্রদান bribery
ঘোষণা announcement;
declaration; proclamation
ঘোষণামূলক ডিক্রি declaratory
decree
ঘোষিত express
ঘোষণামূলক রায় declaratory
judgement

Ъ

চতুর্থ সংশোধন Fourth Amendment চতুৰ্দশ সংশোধন Fourteenth Amendment চমক surprise চর informer চরম অবহেলা gross negligence চরম অযৌক্তিকতা unconscionability চরম অশালীন আচরণ gross indecency চরমপত্র ultimatum চরমভাবে absolutely চরিত্র character চরিত্রাঙ্কন qualification চলচ্চিত্ৰ cinematographic picture চলতি সুলধন running capital চলমান আপত্তি continuing objection চলাকালে in the course of চলাচল করা ply চলাচলের অধিকার right of way চাঁদা প্রভৃতি দেওয়া subscribe

চাকরান প্রজাস্বত্ব service tenancy চাকুরি work চাকুরিতে কর্মরত অবস্থা course of employment চাকুরির চুক্তি contract of employment চাকুরি হইতে অব্যাহতি discharge from the service চাকুরিয়া employee চাপরাশ livery চারণভূমি pasture চার শর্ত four unities চারিত character চারিত্রিক সাক্ষ্যপ্রমাণ evidence of character চার্চ-আইন canon law চার্জনিট charge sheet চালক driver চালাইয়া দেওয়া passing off गनान shipment চালানো, চালু করা বা হওয়া consignment; invoice; operate চালু মামলা lis mota চাষযোগ্য জমি arable land চাৰি রায়ত rayat chasi চাষি দর-রায়ত rayat chasi চাহিবামাত্র on demand চিকিৎসক doctor চিকিৎসকের সাক্ষ্য medical witness চিকিৎসা treatment চিকিৎসা-আইনতত্ত্ব medical jurisprudence

চিকিৎসা-প্রতিষ্ঠান medical institution চিকিৎসা প্রতিবেদন-বিনিময় exchange of medical reports চিকিৎসাবিদ্যা medicine চিকিৎসাসম্বন্ধীয় medical চিকিৎসাসম্বন্ধীয় চিঠিপত্ৰ medical letter िं chita চিঠিপত্ৰসম্ভূত অধিক্ষেত্ৰ epistolary jurisdiction চিত্রিত delineated চিন্তা, বিবেক ও ধর্মের স্বাধীনতা freedom of thought. conscience, and religion हिंश chip চিরন্তনতা-বিরোধী বিধি rule against perpetuity চিরন্তন ন্যাস perpetual trust চিবল্ডন ন্যাস-বিরোধী বিধি rule against perpetual trust চিরস্থায়ী permanent চিরস্থায়ী নিষেধাজ্ঞা perpetual injunction চিরস্থায়ী বা স্থায়ী নিষেধাজ্ঞা perpetual or permanent injunction চক্তিতে সময়-সম্পর্কিত ধারা time provision in contract চুক্তি agreement; contract; pact; treaty চুক্তিতে পারস্পরিক সম্মতি mutuality of contracts

চক্তিনামা indenture চুক্তিপত্ৰ instrument চ্কিপালন performance of contract চুক্তিবদ্ধ বাহন contract carriage চক্তি-বিনিময় exchange of contracts চ্ক্তি বা চ্ক্তির শর্তলভ্যন breach of covenant চক্তি বিফলীকরণ frustration of contract চুক্তিভঙ্গ breach of contract চুক্তিভঙ্গ সংঘটন procuring breach of contract চুক্তিমাফিক দায় বর্জন ও সীমিতকরণ exclusion and restriction of contractual liability চুক্তির অংশবিভাজন apportionment of contract চুক্তি রদ rescission of contracts চুক্তির ব্যাখ্যা interpretation of treaties চুক্তির দলিল specialty চক্তির যথাযথ আইন proper law of contract চুক্তির সারাৎসার essence of a contract চক্তির সুনির্দিষ্ট কার্য সম্পাদন specific performance of contracts চক্তির স্বার্থসংখ্রিষ্ট সম্পর্ক privity of contract চ্ক্তিলজ্মন breach of contract

চুক্তিসমূহ অবশ্যই পালনীয় pacta sunt servanda চুক্তিসাপেক্ষ subject to contract চুক্তি-স্বাক্ষর signature of treaty চক্তি সম্পাদনের স্থানিক আইন lex loci contractus চক্তি হইতে অব্যাহতি discharge of contract চুরি larceny; theft চড়ান্ত last চড়ান্ত অব্যাহতি absolute discharge চড়ান্ত অসিদ্ধতা absolute nullity চড়ান্ত ওজর pleas in bar চড়ান্ত দাবি ultimatum চড়ান্ত দায় absolute liability চূড়ান্ত পরওয়ানা final process চডাত্ত প্ৰমাণ conclusive evidence: conclusive proof চড়ান্ত বিবরণী final act চূড়ান্তভাবে মীমাংসিত finally decided চড়ান্ত রায় final judgment চড়ান্ত ত্বনানি peremptory hearing চডান্ত সম্পর্কচ্ছেদ irretrievable breakdown চড়ান্ত স্ববিবেচনা absolute discretion চডান্ত হিসাবের অনুপাত acid test ratio চেক cheque চেয়ারম্যান chairman চেরাগি cheragi চোরাই মাল stolen property

চোরাইমান গ্রহণ receiving of stolen property
চোরাই মাল বলিয়া প্রতীত believed to be stolen property
চোরাই মাল নেনদেন fence
চোরাই মালামাল চালাচালি করা handling stolen goods
চোরাই মালের প্রতিগ্রহীতা receiver of stolen property
চোরের দল gang of thieves
চোরাচালান smuggling
চৌকদার chowkidar
চৌরোন্মাদ kleptomania
চৌহদ্দি boundary
চানসারি chancery

Ð

চ্যালেজ challenge

ছক্ষবদ্ধ করা table
ছক্ষবিচার personation
ছক্ষবিচার moot
ছক্ষবিবাই sham marriage
ছাঁটাই retrenchment
ছাঁটাইকৃত শ্রমিকের পাওনা-পরিশোধ
redundancy payment
ছাড়পত্র clearence; passport
ছায়া-পরিচালক shadow director
ছিদ্রপথে নির্গত বা ভাঙ্গনজনিত ক্ষয়ক্ষতি
leakage and breakage
ছিনতাই hijacking
ছিন্ন ক্ষত, ছেঁড়া জখম lacerated
wounds

ST

জজ অ্যাডভোকেট judge advocate জঞ্চাল refuse জঞ্জাল-পরিষ্কার refuse disposal জটিল চুরি complicated larceny জডবৃদ্ধি idiot জন-আহ্বান offer to the public জন-উদ্দেশ্য public purpose জনকল্যাণই সর্বোচ্চ আইন saius populi suprema জনকল্যাণে কোনো কাজ বা সেবা probono publico জনগণ public জনগণের আইন jus gentium জননিরাপত্তা public safety; public security জননীতি public policy জনন্যাস public trust জনপথ highway; thoroughfare জনপদ locality জনপ্রতি per capita জন-বিনোদনের স্থান place of public amusement জনব্যক্তিত্ব public figure জনরবভিত্তিক সাক্ষ্য hearsay evidence জনশৃঙ্খলাবিরোধী অপরাধ offences against public order জনশৃঙ্খলারক্ষার ক্ষমতা police power জনশ্রুতি hearsay জনশ্রুতিমূলক hearsay জনসাধারণ public

১২১১ আইন-শব্দকোষ

জনসাধারণের জন্য প্রস্তাব offer to the public জনসাধারণের সহিত যোগাযোগ public communication জনসেবক public servant জনহিতকর উদ্দেশ্য philanthropic purpose; public purpose জনহিতকর দাতব্য কর্ম public charity জনাকীৰ্ণতা overcrowding জন্ম birth জন্ম-নিবন্ধন registration of birth জন্ম বা মৃত্যুর সনদ birth or death certificate জনাসত্রে প্রজা natural-born subject জনোর প্রত্যয়নপত্র birth certificate জন্মের প্রমাণ proof of birth জন্মসত্রে নাগরিক native-born subject; nature-born জবরদখলকারী squatter জবরদখলকারীর স্বত্ব squatter little জবরদন্তি compulsion; duress জবরদন্তি শ্রম forced labour জবানবন্দি defense; deposition; examination; examination-inchief জবাব answer; pleading; written statement জবাব-প্রত্যাহার withdrawal of defence জবাবদিহি accountability জবাবদিহি করিবার মতো কোনো মামলা নাই no case to answer জবাবের সমাপ্তি close of pleadings

জব্দ impound জন্দকরণ seizure; sequestration জব্দকরণ ও আটক seizure and detention জমা deposit জমাখরচ jamakharach জমাতিরিক্ত অর্থ উত্তোলন overdraft জমাবন্দি jamabandi জমি land জমিজমা jamijama; livery জমিজমায় ন্যায়সঙ্গত স্বত্বাধিকার equitable interests জমিদার landlord জমিতে প্রবেশাধিকার entry into possession জমিদারি মহাল estate জমি-বন্ধকি ব্যাংক land mortgage bank জ্রমির মালিক estate owner জয়সাপেক্ষ ফি contingent fee জয়ী না হইলে ফি নাই no win no fee জয়েন্ট ক্টক কোম্পানি joint stock company জরিপ survey; survey of island জরিপ-কর্মকর্তা settlement officer জরিপ নকশা survey map জরিমানা fine: penalty জরুরি অবস্থা emergency; state of emergency জরুরি অবস্থা ঘোষণা emergency declaration

জরুরি অবস্থার সময়ে মৌলিক অধিকারসমূহ স্থগিতকরণ suspension of certain rights during emergency জরুরি ক্ষমতা emergency power জরুরি পরিস্থিতি তত্ত্ব emergency doctrine জরুরি বিধানাবলি emergency provisions জল water জলকর fishery: jalkar জলচিহ্ন watermark জলদস্যুতা piracy জলমার্গ water course জলপ্রবাহের খাত water course জলের অধিকার right of water জলের চিহ্ন water mark জন্পাত্মক লেনদেন speculative transactions জাতপত্ৰিকা horoscope জাতিভেদ প্রথা caste system জাতিবৈষম্য racial discrimination জাতিসংঘ UN; United Nations জাতিসমূহের পারস্পরিক সম্প্রীতি comity জাতীয়তা nationality জাতীয়তা ও নাগরিকত্ব nationality and citizenship জাতীয় প্রতীক national emblem জাতীয় রাজস্ব বোর্ড National Board of Revenue জাতীয় পতাকা national flag জাতীয় সংগীত national anthem

জাতীয় সংঘ national union জাতীয় সংসদ house of the nation; parliament জাতীয় সংস্কৃতি national culture জাত্যতিশায়ী আইন transnational law জাতীয় স্মৃতি নিদর্শন national monuments জামানত bond; guarantee; security জামানতধারী পাওনাদার secure creditor জামানত বা দলিল-দস্তাবেজ সংগোপন concealment of securities জামানতযুক্ত ঋণ secured advances জামানতি ঋণ বা অগ্রিম security loan or advance জামানতের চুক্তি contract of quarantee জামানতহীন পাওনাদার unsecured creditor জামিন bail: surety জামিন-অযোগ্য অপরাধ non-bailable offence জামিননামা bail bond জামিনযোগ্য অপরাধ bailable offence জামিনের যৌক্তিকতা প্রতিপাদন justifying bail জামিনের মুচলেকা bail bond জায়মান জীবন lives in being জারজ bastard জারজতা illegitimacy জারিকরণ promulgation জারিকারক executing court

জারির ঠিকানা address of service জারির প্রাপ্তিস্বীকার acknowledgement of service জাল counterfeit জালিয়াতি forgery জান্টিস অফ দি পিস Justice of the Peace (JP) জাহাজ ship জাহাজঘাট wharf জাহাজডুবি shipwreck জাহাজ-তল্মাশি search of ship জাহাজ ধ্বংস করা shipwreck জাহাজবাহিত পণ্যসামগ্ৰী cargo জাহাজভাড়ার চুক্তি charter party জাহাজিকরণ-উত্তর ঋণ postshipment credit জাহাজিকরণ-পূর্ব অর্থসংস্থান preshipment finance জাহাজি বন্ধক bottomry জাহাজির ইচ্ছাপত্র seaman's will জিজ্ঞাসাবাদ interrogation জিপসি gipsy জিমা bailment; custody জিম্মাদাতা bailor জিম্মাদার bailee; custodian জিম্মায় in trust জিশি hostage জীবকোষঘটিত আত্মপক্ষসমর্থন XYYchromosome defence জীবন life জীবন ও মৃত্যু সম্পর্কে অনুমান presumption of life and death

জীবনবিমা life insurance জীবনবিমাপত্র life policy জীবনবৃত্তান্ত curriculum vitae জীবনস্বত্ব life instate; life interest; tenancy for life জীবনস্বত্তোগী প্রজা life tenant; tenant for life জীবন, স্বাধীনতা ও সম্পত্তি life, liberty and property জীবন, স্বাধীনতা ও সুখের অন্বেষণ life, liberty and pursuit of happiness জীবনের অধিকার right to life জীবনের প্রত্যাশার হানি loss of expectation of life জীবনোপায়ী livelihood জীবন্ত live জীবিকা livelihood জীবিত live জুয়াখেলা gambling; gaming জুয়াখেলার চুক্তি gaming contract জুয়ার চুক্তি wagering contract জুরিগণের প্রতি নির্দেশ direction to jury জুরিদের নিভূতে গমন retirement of jury জুরিমণ্ডলী jury জুরির নিকট হইতে প্রশু প্রত্যাহার withdrawal of issue from jury জুরির সাহায্যে বিচার trial by jury জুস jus জেনেভা কনভেনশন Geneva conventions জ্বো ক্রসিং Zebra crossing

জেরা cross examination জেলা district জেলা আদালত district magistrate জেলা জজ district judge জেলা বিচারক district judge জেলা ম্যাজিই্রেট district magistrate জোগান ও চাহিদার পারস্পরিক ক্রিয়া জোটবদ্ধ রাষ্ট্র federating states জোটবদ্ধ শ্রমিক-সংঘ federal labour union জোতজমি agricultural holding জোনস অ্যান্ট জাহাজ Jones Act vessel জোয়ারের পানির সর্বোচ্চতা এবং ভাটার পানির সর্বনিম্নতা high water and low water জ্ঞাত থাকা knew জ্ঞাতসারে knowingly জ্ঞাতসারে উৎস-বহির্ভূত সম্পত্তি অর্জনের অপরাধ offence of possession of property beyond known source of income জ্ঞাতসারে গ্রহণ knowing receipt জ্ঞাতি kindred জ্ঞান knowledge; learning জ্যেষ্ঠ কৌসুলি senior counsel জ্যেষ্ঠত্ব seniority জুলা light জ্বালানি সংগ্রহের অধিকার turbary

ঝ

বুঁকি risk

জালানো light

ঝুঁকিবহ মূলধন venture capital ঝুঁকিমুক্ত secure ঝুঁকিমুক্ত করা secure ঝুঁকি সম্পর্কে পূর্ব ধারণা assumption of risk ঝুঁকি-হস্তান্তর transfer of risk ঝুলন্ত পার্লামেন্ট hung parliament

ট

টনেজ tonnage টমলিন আদেশ Tomlin order चर्चे tort টর্ট বা পুরণযোগ্য ক্ষতি ও অপরাধ lort and crime টর্ট বা পুরণযোগ্য ক্ষতি ও চুক্তিভঙ্গ lorl and breach of contract টর্ট বা পুরণযোগ্য ক্ষতির অবসান discharge of tort টটের প্রতিকার remedy against torts টাউট tout; touting টাউটগিরি touting টাকাপয়সা money টাকা সাফাই money laundering টানিয়া লইবার মজুরি towage টার্নওভার turnover টার্নওভার কর turnover tax টার্মিনাল terminal টার্মিনাল ভাড়া terminal charges টি ডি.আর. T.D.R টিকাজনিত ক্ষতিপূরণ vaccine damage payment টীকা note

টকিয়া লওয়া note টেভার tender টেপ রেকর্ডিং tape recording টেল কুয়েল রেট tale qual rate টেলিগ্রাফ telegraph টেলিফোনে কর্মসম্পাদন teleworking টেলিফোনে আডিপাতা wiretapping টোকা note টোকিও কনভেনশন Tokyo convention ট্যাব্রিং মান্টার taxing master उत्तरिक tariff ট্রাইব্যনাল tribunal ট্রাক্টর tractor ট্রাফিক সিগন্যাল অমান্য করা ignoring traffic signal ট্রাক বা ট্রাক্টরে টানা যানবাহন trailer trust হাট ট্রান্ট রসিদ trust receipt ট্রান্টি trustee টেইলার trailer ট্রেড ইউনিয়ন trade union টেড ইউনিয়ন-কর্মকর্তা trade union official ট্রেড্মার্ক trade mark এডমার্কের অধিকার লঙ্গন trademark infringement ট্ৰেসিং tracing

ড

ডক প্রমাণপত্র dock warrant ডক ব্রিফ dock brief ডাইরেক্টর অফ পাবলিক প্রসিকিউশনস director of public of prosecution ডাউনলোড download ডাক অথবা প্রস্তাব-হার bid or offer rate ডাকবান্ধ বিধি mailbox rule ডাক্মাত্তন postage ডাকযোগে অর্থপ্রদানের নির্দেশ mail transfer ডাকযোগে ক্রয় আদেশ mail order ডাকযোগে পরিশোধ payment by post ডাকাত-দল gang of dacoits ডাকাতি dacoity ডাটাবেইস database ডি.এন.এ. শনাক্তকরণ DNA fingerprinting ডিক্রি decree ডিক্রি বা আদেশ জারি execution of decree or order ডিক্রি ও সার্টিফিকেট decree and certificate ডিক্রিজারি স্থগিতকরণ stay of execution ডিক্রিদানকারী আদালত court which passed a decree ডিক্রিদার decree holder ডিক্রি বা আদেশ জারিকরণ execution of decree or order ডিক্রিব তারিখ date of decree ডিপজিটরি depository ডিপজিটরি রেজিস্টার depository

register

আইন-শৰুকোষ ১২১৬

ভিভিশনাল কোর্ট Divisional Court ডিক্টিলারি distillery ডেপুটি কমিশনার Deputy Commissioner ডেপুটি স্পিকার Deputy Speaker ডোমিনিয়ন dominion ড্রাইভিং লাইসেঙ্গ driving licence

ট

िंना loose

ত

তকলিদ taqlid তাকিয়া takia তঞ্চকতা defrauding তট shore তৎক্ষণাৎ at once; immediately; thereupon তৎক্ষণাৎ তদন্তপূর্বক বিচারের জন্য সোপর্দকরণ instant committal তত্ত্বাবধান superintendence; supervision তত্ত্বাবধানের আদেশ supervision order তত্ত্ববিধায়ক caretaker; custodian তত্তাবধায়ক সরকার caretaker government তত্ত্বাবধানকারী কর্তৃপক্ষ supervisory authority তথাপি notwithstanding তথ্য fact; information তথ্যগোপন concealment

তথ্যঘটিত প্রশ্ন question of fact তথ্যঘটিত ভূল error of fact; mistake of fact তথ্যপ্ৰকাশ disclosure তথ্যপ্রদানকারী relater তথ্য-বাক্স black box তথ্যসভা information meeting তথ্যাপহরণ hacking তথ্যাপহরণকারী hacker তদনন্তর thereafter তদনুযায়ী thereby তদন্ত inquiry; inquisition তদন্ত আদালত court of inquiry তদন্তকারী ম্যাজিস্ট্রেট investigating magistrate তদন্ত-পর্ষদ board of enquiry তদন্তমূলক বিচারপ্রণালি inquisitional procedure তদ্ধারা thereby তদবির lobbying তফসিল-১ Schedule-1 তফসিলি ব্যাংক scheduled bank তরজমা translation তরণ passage তরল আবর্জনা sewage তৰ্কসাপেক debatable তর্জন menace; stalking তলবি ঋণ call loan তলবি মূলধন demand capital তল্লাশ ও জব্দকরণ search and seizure তল্মাশি search

তন্মাশি আদেশ search order ত্তাশি পরওয়ানা search warrant তন্নাশির ক্ষমতা power of search তন্নাশের অধিকার right of search তসদিক attestation; tasdiq তসৰুফ misappropriation তহবিল-তসরুফ defalcation তহসিল tahsil তহসিলদার tahsildar তাত্ত্বিক প্রশ্ন academic question তামাক tobacco তামাদি limitation তামাদি ঋণ statute-barred debt তামাদি কাল limitation of action; period of limitation তামাদির সংবিধি statute of limitations তায়দাদ taidad তারপর thereafter তারযোগে প্রেরণ telegraphic transfer (T.T) তারল্য liquidity তারিখ date তারিখ ব্যতিরেকে sine die তারিখের সিলমোহর date stamp তালাক divorce; talaq তালাবদ্ধকরণ lock-out তালাবন্দি চুক্তি lock-out agreement তালিকা lists: table তালিকাবদ্ধ করা lable তালিকাভুক্তকরণ enrolment जारेन-गम्बद्धार : ११

তালিকাভুক্ত কোম্পানি listed company তালিকাভুক্ত দালান listed building তালুক tenure তালকদার taluqdar তালকদার ও রায়ত tenure-holder and rayat তাহা না হইলে unless তাহার thereof তাহা হইতে Ihereof তাহার নিজ অধিকারে sui juris তাহার নিজ শ্রেণীর sui generis তাহার ফলে thereupon তিবমিজি Tirmizi তিরস্কার admonition তিরন্ধার করা reprove তীব share তীরবর্তী riparian তীরস্থ riparian তীরস্থজনের অধিকার riparian rights তচ্ছ frivolous তৃচ্ছ ক্ষতিপুরণ frivolous damages তুল্যমান benchmark তৃণশয্যা litter তৃতীয় পক্ষ third party ততীয় পক্ষসংক্রান্ত কার্যধারা third party proceeding তৃতীয় পক্ষসংক্রান্ত বিমা third party insurance তৃতীয় পক্ষের অধিকার jus tertii তৃতীয় মাত্রা third degree তৃতীয় সংশোধন third amendment

তোবারের মত্বাদ Tobar doctrine তোমার সম্পত্তি এমনভাবে ব্যবহার করো. যেন অন্যের সম্পত্তির ক্ষতি না হয় sic utere tuo ut alienum non laedas তৌজি tauji ত্যাগ করা renounce tenant ত্রোদশ সংশোধন Thirteenth Amendment liability ত্রিপক্ষীয় tripartite দখলকৃত held ত্রিপাক্ষিক tripartite कि defect: fault ক্রটিপূর্ণ ঘরবাড়ি defective premises ত্রুটিপূর্ণ সরঞ্জাম defective equipment occupier তুরণ acceleration ত্রান্থিত পর্যায় accelerated succession ত্রিত খালাসের মাণ্ডল dispatch দখলাধিকার spisin money

থ

থাকবন্ত জরিপ thakbast survey থাকা remain থানা police station থানার ভারপ্রাপ্ত পুলিশ-কর্মকর্তা officer in charge of police station থামানো cease থোক টাকা lump-sum থোক রোয়েদাদ lump-sum award

দ

দক্ষতা skill

দখল capture; occupancy; occupation: possession দখল উদ্ধারের মামলা suit for recovery of possession দখলকারী ভাড়াটিয়া occupying দখলকারীর দায়দায়িত্ব occupier's দখলচ্যতি dispossession দখল, জব্দকরণ ও আটক capture, seizure and detention দখলদারের হয়রানি harassment of দখলনামা dakhalnama দখল প্ৰদান delivery of possession দখল হইতে উচ্ছেদ ouster দখলি পূর্বস্থতু possessory lien দখলি সম্পত্তি possession দখলি স্বত্ত্ব possessory title দখলে ন্যন্ত vested in possession দ্র্বলে রাখা held দও penalty; punishment দণ্ডনীয় অধিকারলজ্ঞান criminal infringement দণ্ডনীয় বিজ্ঞপ্তি penal notice দণ্ডবিরাম respite দণ্ডবিলম্বন reprieve দণ্ডরাহিত্য impunity দণ্ডসংশয় jeopardy দণ্ডসম্বন্ধী অনুচ্ছেদ penalty clause

দ্ওসুদ penal interest দলত্যাগ cross the floor দণ্ডস্থান respite দলিল deed; documents; দ্বাদেশ sentence instrument: kabala; testatum দলিল আটককরণ impounding of দ্ধায়মান দারুবৃক্ষ standing timber document দথার্হ নরহত্যা culpable homicide দলিলটি তাহার নহে non est factum দণ্ডের সংবিধি penal statute ' দলিল দাখিল production of দ্তাপহার resumption document দত্তকগ্ৰহণ adoption দলিল প্রকাশ ও পরিদর্শন disclosure দত্তকগ্রহণের জন্য বিমোচন freeing for and inspection of documents adoption দলিলাদি বাতিলকরণ cancellation of দপ্তর chambers documents पर्ग clause দলিলসমূহ পরিদর্শন inspection of দ্মন subjugation documents দমন করা control দলিল সম্পাদন execution of deed দর-ইজারা sublease; underlease দলিলাদি গোপনকরণ suppression of দর-ইজারাদার subtenant document দর-ইজারাপ্রদান subletting দলিলাদির সংযুক্তি joinder of documents দরখান্ত petition দলিলের আলোকচিত্র-অনুলিপি দরখান্তকারী applicant photographic copies of দরখান্ত বা আপত্তি দাখিলে বিলম্ব delay documents in making application or দলিলের বিষয় matter in deed objection দশ্য সংশোধন Tenth Amendment দর-ঠিকাদার subcontractor দরদস্তব negotiation দন্তথত signature দন্তর usage দরদাম negotiation দন্তরি commission দরপত্র tender দস্যতা robbery দরপত্রের প্রস্তাব tender offer দাখিলা dakhila: rent book দর-প্রজাস্বত্র subtenancy দর্শন বা পরিদর্শন করিবার অধিকার দাগ dag (plot) visitation right দাগসমূহ parcels দাগচিটা dagchitta দর্শনাধিকার access দাগি অপরাধী repeat offender দর্শনী বিল sight bill

দাঙ্গা riot দাতব্য উদ্দেশ্য charitable purpose দাতবা ও ধর্মীয় charitable and religious দাতব্য ন্যাস charitable trust দাতব্য প্রতিষ্ঠান charity দাতা donor দাদন dadan; earnest money দান endowment; gift; gratuity দানকর gift tax দান্গ্ৰহীতা donee দানপত্ৰ danpatra; deed of gift দাপ্তরিক আস্থা official confidence দাপ্তরিক আস্থাপ্রণোদিত সম্প্রবদন communication in official confidence দাপ্তরিক রেকর্ড register দাবি claim; demand দাবি উত্থাপনের অধিকার standing দাবিত্যাগ surrender; waiver দাবি ত্যাগ করা waive দাবিদার claimant দাবিনামা claim form দাবির পূর্বে দায়শোধ-প্রস্তাব tender before claim দাবির প্রমাণ proof of claim দাবির বিবরণ statement of claim দাবিস্বীকার admission of claim দাম worth দামদুপাত damdupat দাম্পত্য অধিকার conjugal rights

দাম্পত্য অধিকার-পুনরুদ্ধার restitution of conjugal rights দায় charge, day; incumbrance; liability; obligation দায় ও দায়হীনতা charge and discharge দায় ও ব্যয় charges and expenses দায়গন্ত দেউলিয়া insolvent: liable undischarged bankrupt দায়গ্রাহক underwriter দায়-নিবন্ধন registration of encumbrances দায়বন্ধক hypothecation দায়বন্ধন বহি charges register দায় বলবৎ করিবার স্থানিক আইন lex loci solution দায়ভাগ davabhaga দায়-ভার encumbrance দায়মুক discharged দায়মুক্ত করা exonerale দায়মুক্তি immunity, impunity দায়মক্তিবিধানের ক্ষমতা power to provide indemnity দায়সৃষ্টিকারী আদেশ charging order দায়স্বীকৃতি রায় বা মুচলেকা contract of record দায়রা আদালত court of session দায়িতা liability; responsibility দায়িত্ব obligation দায়িত্বগ্ৰহণ assumption দায়িত্বপালন করা administer দায়িত্বভার undertaking দায়িতুলজ্ঞান nonfeasance

দায়ী হওয়া inceer দুর্নীতি দমন কমিশনের ক্ষমতা power দায়ের প্রত্যয়নপত্র charge certificate of the Anti-Corruption Commission দারপোষ alimony দুৰ্বলতা infirmity দারুল ইসলাম এবং দারুল হর্ব darul দুৰ্বল স্বত্ব bad title Islam and darul Harb দৰ্বহ onerous দারিদ্য poverty দুৰ্বৃতায়ন criminalization मानान building; structure দুৰ্লভ ও সুলভ মুদ্ৰা hard and soft मानान broker; tout; touting currency मानानि touting দৃশ্চরিত্র ব্যক্তি bad character দালিনিক বিল documentary bill দত্ত destitute দালিলিক সাক্ষ্য documentary দুস্থ শিভ child in need evidence দৃত charge d' affaires; envoy দাসব্যবসা slave trade দূতাবাস legation দিকে toward দূরসমুদ্র high seas দিন date; day দূরভবিষ্যতে বর্তানো-বিরোধী নিয়ম দিনবৃত্তান্ত journals rule against remoteness of দিবস day future vesting দিবস-প্রশিক্ষণ কেন্দ্র day-training দুষণ pollution centre দৃঢ়ভাবে নির্মিত substantial দীর্ঘকালীন ভোগ-দখলজনিত অধিকাব দঢ়ভাবে প্রতিপন্ন করা confirm prescription দৃশ্যত prima facie; quasi দীর্ঘমেয়াদি প্রজাস্বত্ব long tenancy দশ্যমান দ্ব্যর্থতা এবং সুপ্ত দ্ব্যর্থতা দীর্ঘ শিরোনাম long title patent ambiguity and latent দই কৌসুলির নিয়ম two counsel rule ambiguity দুইভাবে বিচারযোগ্য অপরাধ offences দ্টান্ত illustration triable either way দৃষ্টান্তসূলক ক্ষতিপূরণ exemplary দূৰ্গত destitute damages দুৰ্ঘটনা accident দেউলিয়া bankrupt; insolvent দুর্ঘটনাক্রমে accidentally দেউলিয়া ও ঋণশোধনাক্ষম ব্যক্তি দূর্জন bad character bankrupt and insolvent দুৰ্নীতি corruption দেউলিয়াতু bankruptcy

আইন-শৰুকোষ ১২২২

দৈনিক বহি daybook

দেউলিয়াত্ত্বের আদেশ bankruptcy order দেউলিয়াত্ত্বের আরজি bankruptcy petition দেউলিয়া-বিষয়ক আদালত bankruptcy court দেউলিয়া-বিষয়ক পেশাজীবী insolvency practitioner দেউলিয়া সম্পত্তি গ্রহণের আদেশ receiving order দেওয়ানি অপকৃতা civil wrong দেওয়ানি আইন civil law দেওয়ানি আদালত civil court দেওয়ানি কয়েদ বা কারাগার civil prison দেওয়ানি কার্যবিধি civil procedure code দেওয়ানি দায়ের অংশপ্রদান civil liability contribution দেওয়ানি পূরণযোগ্য ক্ষতি civil wrong দেওয়ানি প্রতিকার civil remedy দেওয়ানি মামলা civil action দেনগ্ৰন্ত indebted দেনাদার debtor দেবমূর্তি idol দেবোত্তর debutter (devattar); devattar দেয় বিল bill payable দেরাজে রক্ষিত অর্থ till money দেশি ভাষা vernacular দেশীয় আইন jus civil দেশীয়করণ naturalization দেহ person

দৈনিক তুনানির তালিকা daily cause দৈবদুর্বিপাক acl of God; vis major দৈবদুর্বিপাক মানুষের কোনো অধিকার ক্ষুণ্র করে না। দৈবদূর্বিপাকের জন্য আইনে কাহাকেও দায়ী করা হয় না actus dei neminem gravabit (or nemini nocet) দৈবনির্ভর চুক্তি aleatory contract দৈবযোগ chance দৈহিক অক্ষমতাজনিত সুবিধা disablement benefit দোকান shop দোকান ও বাণিজ্য প্রতিষ্ঠান shop and commercial establishment দোকানের পণ্যচুরি shoplifting দোদল্যমান ambiralent দোবারা বিষয় res judicata দোবারা সাজা double jeopardy দোষ defect: vice দোষনিশ্চয় conviction দোষমোচক বিবৃতি বা সাক্ষ্য exculpatory statement or evidence দোষ-সংশোধন reformation দোষাবহ কাৰ্য actus reus দোষিতা culpability; responsibility দোষিত্ব culpability দোষী সাব্যস্ত হওয়া conviction দ্ৰবণ ও ভাঙ্গন leakage and breaking দ্রুত প্রেরণ dispatch

দ্রুত বিচার speedy trial দত বিচারপ্রণালি first trace দন্দুমূলক বিচারপদ্ধতি adversary procedure দিকক্ষবিশিষ্ট bicameral ম্বাদশ সংশোধন Twelfth Amendment দ্বিগামিতা bigamy দ্বিগণিত জনশ্রুতি double hearsay দিতীয় সংশোধন Second Amendment দিগাগুন্ত dubitante দ্বিপাক্ষিক চুক্তি bilateral contract দ্বিপাক্ষিক মৃক্তি bilateral discharge দিবিবাহ bigamy দৈত করারোপ double taxation দৈত জনশ্রুতিমূলক double hearsay দৈত শাসন diarchy দৈতীয়িক ব্যবহার secondary use দৈতীয়িক সাক্ষ্য secondary evidence দ্বৰ্থবোধকতা ambiguity

ধ

ধরিয়া লওয়া assume
ধরিয়া লওয়া যায় যে, মৃত্যুমুখে পতিত
ব্যক্তি মিথ্যা ভাষণ করিবেন না nemo
moriturus praesumitur mentira
ধর্ম religion
ধর্ম ও অপরাধ religion and crime
ধর্ম ও রাজনীতি religion and politics
ধর্মঘট strike
ধর্মদোহিতা sacrilege
ধর্মনিরপেক্ষতা secularism

ধর্মসম্প্রদায় denomination ধর্মাবমাননা blasphemy धर्मण rape ধাতব মুদ্ৰা specie ধাতু specie ধাত্ৰী midwife ধার loan ধারক holder ধার ঘেঁষে alongside ধারণ করা hold; support ধারা section ধারে over ধার্য করা levy ধার্য তারিখ appointed day ধার্যকৃত মূল্য assessed valuation ধমপান smoking ধুসর অর্থনীতি grey economy ধৃত hold ধাংস collapse; destruction ধ্বংস ও বিনাশ destruction and ruin ধ্বংস করা demolish ধ্বংসপ্রাপ্ত পণ্য perished good ধ্বংসাবশেষ wreck ধ্বংসোনাত্ততা vandalism ধাংসোনাখ derelict

ন

নকল counterfeit
নকলকরণ counterfeiting
নকশাস্থ্ design right; patent
নকশাস্থ্-দালাল patent agent

নকশাস্বত্বাধিকারী patentee নগদ cash; money নগদ অৰ্থ ready money নগু সমঝোতা naked agreement নজরদারি surveillance নজরসালামি nazarsalami নজির precedent; ruling নজির পার্থক্য করা distinguishing a case নজিরমূলক মামলা leading case নঞৰ্থক চুক্তিপত্ৰ negative covenant নথি record নথিবহি paperbook নথিতে লিখিয়া রাখা enter নথিতে লিপিবদ্ধ বিষয়ের গ্রাহ্যতা admissibility of record নথি সংরক্ষণকারী আদালত court of record নথিতে স্পষ্ট আইনি ভূল error of law on the face of the record नमी river নদীর গতি-পরিবর্তন avulsion নবম সংশোধন Ninth Amendment নবাধিকার প্রবেশ induction নবজাতক শিভ newborn baby নবরপায়ণ narration নবায়িত করা renew নমুনা চালানপত্ৰ pro-forma invoice নমুনানির্ভর বিক্রয় sale by sample নম্বর number নরহত্যা homicide नर्म्या drain

নষ্ট ঋণ baddebt नष्टानुमकान tracing নস্তো ও ভক্তো হিসাব nostro and vostro account নাইসাই nisi নাকচ করিবার অধিকার right to rescind নাগরিক citizen নাগরিক অধিকার civil rights নাগরিক কর্তৃক গ্রেপ্তার citizen's arrest নাগরিকতার মৃত্যু civil death নাগরিকত্ব citizenship নাগরিক দায়িত্ব public duties নাগরিক স্বাধীনতা civil liberty নাছোড অপরাধী persistent offender নাট্যকর্ম dramatic work নাট্যশালা theatre ना-मावि disclaimer না-দাবিনামা nadabinama না-দাবিপত্র nadahinama নাবালক minor নাবালকতু minority নানাপ্রকার ক্ষতিপুরণ different kinds of compensation নাবিক seaman নাবিকের ইচ্ছাপত্র sailor's will; seaman's will নাম name নামকর্তন striking off নামজারি mutation না-মনজুর করা refuse নাম পরিবর্তন change of name

2448

নামমাত্র nominal নামমাত্র ক্ষতিপূরণ nominal damages নামমাত্র মূলধন nominal capital নাম-সংক্রান্ত nominal नामशैन anonymous নারীর বিবাহকালীন মর্যাদা converter নারী ব্যবসায়ের শান্তি punishment for trafficking in women নারীর সমকাম lesbianism নারীর সম্পত্তি woman's property নালা drain नानिन action complain; grievance নালিশ করা sue नानिशनामा bill of indictrnant নালিশ প্রত্যাহার withdrawal of complaint নালিশযোগ্য দাবি cause in action; actionable claim নালিশি সম্পত্তি disputed land নাশকতামূলক কাৰ্য subversive activity নিঃশর্ত unconditional নিঃসঙ্গ destitute নিঃসম্পর্ক ব্যক্তি stranger নিঃসাডতাজনক মাদক narcotic drugs নিঃস্থ destitute; pauper নিঃস্ব ব্যক্তির আপিল pauper's appeal নিঃস্ব ব্যক্তি হিসেবে in forma pauperis নিকটবতী adjacent

নিকটে near নিকাশ-ঘর clearing house নিকাশকারী নিয়োগী clearing agent নিখোঁজ ব্যক্তি missing person নিগম corporation নিগমকরণ incorporation নিগমবদ্ধ অছি trust corporation নিগমবদ্ধতার পূর্বচুক্তি preincorporation contract নিগমবন্ধনের প্রত্যয়নপত্র certification of incorporation নিগৃহীত শিভ battered child নিগহীত স্বামী, ব্রী বা একত্রবাসী battered spouse or cohabitant নিগ্ৰহ battery নিছক ন্যায়পরতা mere equity নিজেকে অপরাধী সাবাস্ত করিতে কোনো वाकित्क वाधा कता याग्र ना nemo tenure seipsum accusare নিজের অবৈধ কার্যের দ্বারা do son tort নিজের প্রতি দোষারোপ না করিবার नियम rule against selfincrimination নিজের মামলায় নিজেই বিচারক judge in his own case নিজের মামলায় বিচারক হওয়া যায় না in propria causa nemo judex নিট আয় net income নিট ক্ষতি net loss निष् भूनाका net profits নিট মূল্য net value নিত্যস্থায়ী ইজারা perpetual lease निদर्भन token

निन्मन censure নিন্দা করা reprimand নিপীড়ন oppression নিবন্ধ nibandha নিবন্ধক registrar নিবন্ধনপত্ৰ registration certificate নিবন্ধন-বহি register নিবন্ধিত registered নিবন্ধিত কার্যালয় registered office নিবন্ধিত কোম্পানি registered company নিবন্ধিত জমি registered land নিবন্ধিত নকশা registered design নিৰ্বতন reformation নিবন্ধকার registrar নিবর্তনমূলক শান্তি deterrent punishments নিবারিত করা hinder; prevent নিবাস domicite নিবাসী inmate নিবাসের অনুমতিপত্র green card নিবাসের আইন lex domicilli নিবৃত্ত হওয়া cease নিবৃত্তি cessation; cesser নিবৃত্তি অনুচ্ছেদ break clause নিবেদন submission নিবেশ domicile নিবেশস্থল stowage নিবেশিত পণ্যসামগ্ৰী stowage নিবেশিত বিল domiciled bill নিবেশীকরণ stowage নিবেশীকরণের মান্তল stowage

নিভূতে in camera নিম্পুন manslaughter নিমগোপন ন্যাস half-secret trust নিমচ্কি quasi contract নিমন্ত্ৰিত invitee নিমিত্তত্ব instrumentality নিম্ন আদালত inferior court নিম্ন জলচিহ্ন low-watermark निदम under নিয়ন্ত্ৰক controller নিয়ন্ত্রণ control নিয়ন্ত্রণ করা control; regulate নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ regulatory agency নিয়ন্ত্ৰণ-ক্ষমতা control: command নিয়ন্ত্ৰণমুক্তি deregulation নিয়ন্ত্রণে আনা subject to নিয়ন্ত্রিত করা regulate নিয়ন্ত্ৰিত চুক্তি regulated agreement নিয়ন্ত্ৰিত প্ৰজাৰত regulated lenancy নিয়ন্ত্ৰিত মাদক্দব্যাদি controlled drugs নিয়ম rule: rules নিয়ম-বহির্ভূত irregular নিয়মবিক্লতা irregularity নিয়মিত করা control নিয়মিত বাহিনী regular force নিয়মিত বেতনের অতিরিক্ত প্রাপ্য perquisites নিয়মিতভাবে regularly নিয়মিত সভা regular meeting নিয়ামক শরিকানা controlling interest

নিযুক্ত appointed নিযুক্ত করা nominate নিযুক্ত ব্যক্তি appointee নিযুক্ত মূলধন issued capital নিয়োগ appointment নিয়োগকর্তা employer; master নিয়োগকর্তা ও কর্মচারী employer and employee নিয়োগকর্তার দায় employer's liability নিয়োগকর্তা-সমিতি employer's association নিয়োগকারী appointer; principal নিয়োগকারীর জবাবদিহিকরণ respondeat superior নিয়োগিতা agency निरम्राशी agent নিয়োগের ক্ষমতা power of appointment নিয়োজন retainer নিয়োজন ফি retainer নিয়োজন-ব্যাপ্তি scope of employment নিরকুশ unconditional নিরস্কুশভাবে absolutely নিরকুশ মালিকানা absolute ownership নিবন্তর নিবাসন continuous residence নিরপেক্ষ impartial নিরপেক্ষতা neutrality নিরপেক্ষ পরামর্শ impartial advice; independent advice

নিরপেক্ষ ব্যক্তিগণ independent persons নিরবচ্ছিন্র দখল continuous possession নিবপেক্ষায়ণ neutralization নিরস্ত হওয়া cease নিরন্ত্রীকরণ disarmament নিরাপত্তা কমিটি safety committee নিরাপত্তা পরিষদ security council নিরাপত্তাপ্রাপ্ত ব্যক্তি protected person নিরাপতা বন্ধনী seat belt নিরাপত্তামূলক হেফাজত safe custody নিরাপত্তা-সম্বন্ধী সামগ্রিক আবশ্যকতা general safety requirement নিরাপদ secure নিরাপদ আশ্রয় safe haven নিরাপদ করা ensure নিরাপদ নোসরস্থান safe berth নিরাপদ মালবোঝাই স্থান safe loading-place নিরুত্তর থাকিবার অধিকার right of silence নিরুপদ্রব ভাড়াস্বত্ত্ব secure tenancy নিরূপিত পণ্য ascertained goods নিবোধ restraint নিরোধ বিজ্ঞপ্তি stop notice নিরোধমূলক প্রতিকার preventive relief নির্ঘণ্ট index নির্জন কারাবাস solitary confinement নিৰ্ণীত বিষয় res adjudicata

নিণীত বিষয়াদির প্রতি অনুগত থাকা stare decisis নির্দলীয় তত্তাবধায়ক সরকার Non-Party Care-taker government নিৰ্দিষ্ট specified নির্দিষ্ট অঙ্কের ঋণ fixed-sum credit নির্দিষ্টকরণ appropriation নির্দিষ্ট জরিমানার বিজ্ঞপ্তি fixed penalty notice নিৰ্দিষ্ট দায় fixed charge নিৰ্দিষ্ট ব্যক্তি person designate নির্দিষ্ট সময়ের ভূসম্পত্তি estate of years নির্দিষ্ট সুদে স্বল্পমেয়াদি ঋণকে দীর্ঘমেয়াদি ঋণে পরিণতকরণ funding a debt নিৰ্দেশপত advice note; letter of advice নির্দেশসূচক শব্দাবলি precatory words निर्फिनाङ्का precept নির্দোষ not guilty নির্দোষ অধিকারলজ্ঞান innocent infringement নিৰ্দোষিতা innocence নির্ধারক assessor নির্ধারণ allocation; assessment; determination: নির্ধারিত ক্ষতিপূরণ liquidated damages নির্ধারিত তারিখ appointed day নির্ধারিত দাবি liquidated demand নির্ধারিত সীমা prescribed limit

নিণীত মূল্য বিমাপত্র valued policy নিৰ্ব্যঢ় ডিক্ৰি absolute decree election নির্বনীকরণ deforestation নিৰ্বল invalid নিৰ্বাচক elector নির্বাচক-তালিকা electoral roll নির্বাচকশ্রেণী electoral college নির্বাচন choice; election নির্বাচন কমিশন Election Commission নির্বাচন-কর্মকর্তা returning officer নিৰ্বাচনী আদালত electoral court নির্বাচনী আরজি election petition নির্বাচনী এলাকা constituency নির্বাচনী প্রতিনিধি polling agent নির্বাচনী ব্যয় election expenses নির্বাচনী অধিকার election right নির্বাচিত পর্যায় selection grade নিৰ্বাসন deportation: exile নিৰ্বাসিত exiled নির্বাহকের পদের দাবিত্যাগ renouncing probate নির্বাহী এজেন্সি executive agency নিৰ্বাহী ক্ষমতা executive power নিৰ্বাহী ব্যবস্থা executive action নির্বিঘ্নে দখলাধিকার quiet possession নির্বিঘ্নে ভোগাধিকার quiet enjoyment নির্ব্যুঢ় অধিকার absolute right নিৰ্ব্যুঢ় স্বত্ব absolute title নিৰ্ব্যুঢ় স্বাৰ্থ absolute interest

নির্ভরপত্র warranty নির্ভরযোগ্য ও মূল্যবান শেয়ার blue নির্ভরযোগ্য সাক্ষ্যপ্রমাণ reliable evidence নির্ভরশীল dependent নিৰ্ভুল exact নির্মাণ-চুক্তি building contract নির্মাণার্থে ইজারা building lease নিৰ্মাতা artisan: maker নির্মিতি structure নির্যাস abstract নির্যাতন torture নিলাম auction নিলাম খরিন্দার auction purchaser নিলামডাক bid নিলামদার auctioneer নিলাম-বহাল confirmation of sale নিলাম-বিক্রয় auction sale নিলাম-বিক্রয়ের ইশতেহার proclamation of sale নিচয় certainty নিকয়তা assurance নিক্যুতা-প্রদানকারী ব্যাংক confirming bank নিশ্যতাবিধান করা assure নিক্যতা warranty নিশ্যুতার শর্ত condition of warranty নিশ্চিত করা affirm; assure; ensure; secure নিশ্বাসের নমুনা specimen of breath

নিষিদ্ধ অস্ত্ৰ prohibited weapon

নিষিদ্ধ আত্মীয়তার ধারা prohibited degrees of relationships নিষিদ্ধকরণ proscription নিষিদ্ধ কর্ম mala prohibita নিষিদ্ধ ধাপ prohibited degree নিষিদ্ধ পণ্য contraband নিষেধ inhibition নিষেধপত্র prohibition নিষেধাজ্ঞা injunction; prohibition নিষেধাত্মক আদেশ prohibition order নিষেধাত্মক বিজ্ঞপ্তি prohibition notice নিষ্কত্টকত্ত freedom from encumbrance নিষ্ণটক বহনপত্ৰ clean bill of lading নিদ্রিয় অংশীদার sleeping partner নিষ্কর স্বত্ত্ব lakhirai নিষ্ঠর cruel নিষ্ঠর, অমানবিক, বর্বরোচিত, পাশবিক, ক্র cruel, inhuman, barbarous, brutal and savage নিষ্ঠরতা cruelty নিষ্পত্তি determination নিষ্পাদিত চুক্তি executed contract নিস্তারক দফা escape clause নিহিত implied নিহিত অঙ্গীকার implied promise নিহিত চুক্তি implied contract নিহিত ন্যাস implied trust নিহিত বিদেষ implied malice নিহিত বিধান implied term নিহিত রহিতকরণ implied repeal নিহিত শর্ত implied condition

নিহিতার্থ implication নীতিবিগর্হিত চুক্তি immoral contract নীতিশাস্ত ethics নীরবতা silence নীল বই blue book নুড়ি gravel নৃতন করিয়া শুরু হইতে বিচার de nova trial নৃতন কোনো মধ্যবতী কারণ nova causa interveniens নুতন কোনো মধ্যবৰ্তী কাৰ্য nova actus interveniens নৃতনভাবে মোকদ্দমা fresh suit নৃতনভাবে তনানি de novo trial নেটওয়ার্ক network নেতা leader নেতিবাচক অধীনতা negative servitude নৈকট্য vicinity নৈতিক আইন moral law নৈতিকতা morality নৈতিক শ্বলন moral turpitude নৈমিত্তিক occasional নৈরাজ্য anarchy নৈৰ্ব্যক্তিক জামানত impersonal security নৈৰ্বাক্তিক মালিকানা dead hand নৈষ্ঠিত্য certainty নোঙ্গর বাঁধার স্থান anchorage নোপর মাওল anchorage toll নোট note

নোটারি (নোটারি পাবলিক) notary (notary public) নোটিশ প্রেরণ issue notice নৌ-আইন naval law নৌ-আদালত admiralty court; marine court: naval court নৌচালনবিদ্যা navigation নৌছেদন scuttling নৌসজ্জা Jackle নৌ-দুৰ্ঘটনা marine accident নৌ-পূর্বদায় maritime line নৌ-বিমা marine insurance নৌভঙ্গ wreck নৌযান vessel নৌসজ্জা outfit ন্যক্কারজনক offensive নান্ত in trust ন্যন্ত অধিকার vested rights নান্ত অবশিষ্টাংশ vested remainder ন্যন্তকরণ consignment; entrustment ন্যস্তকরণের ঘোষণা vesting declaration নান্ত করা vest ন্যায়-নির্ণয় adjudication ন্যায়-নির্ণয় আদেশ adjudication order ন্যায়পরতা equity ন্যায়পরতাই সমতা equality is equity ন্যায়পরতা তুল্যীকরণ balancing the equities

ন্যায়পরতার প্রবচনমালা maxims of equity ন্যায়পর প্রাক্প্রতায় equitable assumptions नाग्रभान ombudsman न्गाग्रविष्ठात्र fair trial; justice ন্যায়বিচার, ন্যায়পরতা ও সুবিবেচনা justice, equity and good conscience নাায়বিচারের ব্যর্থতা failure of justice ন্যায়ত্ৰষ্ট সিদ্ধান্ত perverse verdict ন্যায়সংগত equitable ন্যায়সংগত অধিকার equitable title ন্যায়সংগত ইজারা equitable lease ন্যায়সংগত পূর্বস্বত্ব equitable lien ন্যায়সংগত প্ৰতিবন্ধক বা বাধা equitable estoppels ন্যায়সংগত বন্ধক equitable mortgage ন্যায়সংগতভাবে রায় বলবৎকরণ equitable execution ন্যায়সংগত ভূসম্পত্তি equitable estate ন্যায়সংগত স্বতু equitable title ন্যায়সংগত স্বত্নিয়োগ equitable assignment ন্যায্য, উচিত, ন্যায়সংগত, যুক্তিযুক্ত, পরিমিত fair, just, equitable. reasonable, moderate ন্যায়্য ও ন্যায়সংগত অবসায়ন just and equitable winding-up ন্যায্য কারণ good cause; just cause ন্যায্য নরহত্যা justifiable homicide

ন্যায্য পদ্যুতি fair dismissal ন্যায্য পরিতোষণ just satisfaction ন্যায্য প্রত্যাশা legitimate expectation ন্যায্য বিচার fair trial न्याया ভाডा fair rent নাায্য মন্তব্য fair comment नाम trust ন্যাস-ঘোষণা declaration of trust नाञ-प्रनिन trust instrument ন্যাস-ভূমি trust land ন্যাস-সম্পত্তি trust property ন্যাস-সম্পত্তির অনুসরণ following trust property ন্যাস-সম্পত্তি উদ্ধার tracing or following trust property ন্যাস-সম্পত্তির উদ্ধারকার্য salvage of trust property ন্যাসাধীন ভূখণ্ড trust territory ন্যাসের ন্যায় ক্ষমতা power in the nature of trust নামের রদবদল variation of trust ন্যাসের হিত্থাহী cestui que trust ন্যুনতম দণ্ডভোগ minimum term ন্যুন্ত্য মজুরি minimum wage

위

পক্ষ party পক্ষগণের সংযুক্তি joinder of parties পক্ষদোষ defect of parties পক্ষপাত bias পক্ষপাতদৃষ্টতা prejudice

পক্ষপাতবিরোধী নিয়ম rule against bias পক্ষপাতহীন impartial পক্ষভুক্ত না করা nonjoinder পক্ষ-সংযোজন addition of parties পক্ষ সমূর্থন defence পক্ষ প্রতিস্থাপন substitution of parties পক্ষ সমর্থন defence পক্ষসমূহ parties পক্ষসমূহের ভুল সংযুক্তিকরণ misjoinder of parties পক্ষে on behalf of পঙ্কিমধ্যবতী লেখা . interlineations পঙ্গু করা maim পছন choice; preference পছন্দমতো ক্রয়ের অধিকার option to purpchase পছন্দের শেয়ার preference share পঞ্জম সংশোধন Fifth Amendment পঞ্চায়েত panchayet পঞ্জিকার মাস calendar month পণ consideration; pawn পণ বন্ধক পণ্য goods পণ্য-উদ্ধার মোকদ্দমা delinue পণ্যত্তণ merchantable quality পণ্যাহণ acceptance of goods পণ্যচালান consignment পণ্যচিহ্ন trademark পণ্যদায় মামলা trover পণ্ডেব্য merchandise পণ্য-পরিবহন shipment

পণ্য-পরিবাহক carrier পণ্যবহন চক্তি affreightment পণ্যবাহী সমুদ্রথাত্রা freighting voyage পণ্যবিক্রয় sale of goods পণ্যবিক্রয়-চুক্তি sale and agreement পণাবিনিম্য harter পণাবিনিময়-বাণিজ্য barter trade পণ্য বোঝাই ও খালাসের নির্ধারিত দিন lay days পণ্যমূল্য, বিমা ও পরিবহন ভাড়া cost, insurance, freight পণ্যশালা shop পণ্যসম্পর্কিত অপবাদ disparagement of goods পণ্যসাংকর্য confusion of goods পণ্যের অপবাদ slander of goods পণ্যের বিপরীতে ঋণ Ioan against merchandise (LAM) পুণ্যের বৈশিষ্ট্য quality of goods পতন রোধ করা support পতাকার আইন law of the flag পত্ৰ collapse পতাকা-রাষ্ট্রের এখতিয়ার flag-state iurisdiction পতিত জমি wasteland পতিতাবৃত্তি prostitution পত্তন pattan পত্তনি pattani পত্ৰ proclamation পত্রযোগে দোষস্বীকার pleading guilty by post পত্রস্থ মূল্য book value

পথকর toll পথচারী-পারাপার স্থান zebra crossing পথ-পরিবর্তন deviation পথভাষ্টতা deviation পদ ও চাকরি office and employment পদ্চিহ্ন footprint পদচিহ্ন-বিশেষজ্ঞ footprint expert পদ্যুতি dismissal পদত্যাগ resignation পদবি rank: surname পদমর্যাদা rank পদানতকরণ subjugation পদাধিকারবলে ex officio পদাধিকারী incumbent পদাঙ্ককরণ subjugation পদাপন্ৰ ও অস্থায়ী officiating and temporary পদাপন্ন কর্ম ও স্থায়ী কর্ম officiating service and substantive service পদের মেয়াদ term of office পদ্ধতি means পদ্ধতিগত আইনে পরিবর্তন change in law of procedure পদ্ধতিগত আইন adjective law পদ্ধতিগত ক্রটি formal defect পয়ঃ-অভিকর sewerage surcharge প্যন্তি accretion পরওয়ানা parwana; process; warrant পরওয়ানা প্রেরণ issue of process व्यार्थेन-भन्मकाष : १४

পরবর্তী after পরবর্তী শর্ত condition subsequent পরম প্রতায়াত্মক uberrimae fidei প্রম বিশেষাধিকার absolute privilege পররাষ্ট্র মন্ত্রী secretary of state পরস্পরবিরোধিতা repugnancy পরস্পরসংসর্গ intercourse পরহিতার্থক benevolent পরহিতার্থক, দাতব্য ও ধর্মীয় benevolent, charitable and religious পরাবর্তন revocation পরাবর্তনপ্রবণতা recidivism পরাবৃত্ত স্বার্থ reversionary interest পরাবৃত্তি reversion পরাবৃত্তিধারী reversioner পরাবৃত্তিভোগী reverter পরাবৃত্তিভোগীর প্রত্যাবর্তনের সম্ভাবনা possibility of reverter প্রামর্শ consultation পরামর্শদাতা counsel পরামর্শদাতা ব্যাংক advising bank পরামর্শপত্র letter of advice পরার্থ দায় responsibility; vicarious liability: পরার্থ দায়িত্ব vicarious responsibility পরার্থ সম্পাদন vicarious performance পরিকল্পনা design পরিক্রিয়া operation

পরিবর্তন change; alteration পরিক্রীত redeemed পবিবর্তন করা alter পরিক্রেয় শেয়ার redeemable share পরিক্ষয় waste পরিবর্তন, বদল, বিনিময় change পরিক্ষীয়মাণ পরিসম্পৎ wasting পরিবর্তিত বিছেষ transferred malice পরিবহন transport assets পরিচয় identity পরিবহনকালীন পণ্যবন্ধক পরিচয়পত্র letter of credence respondentia পরিবহন মাতল freight পরিচল মূলধন circulating capital পরিচালক director পরিবহন-যান transport vehicle পরিবহন-সেবা cabolage পরিচালক-পর্যৎ board of directors পরিবার family পরিচালন-পদ্ধতি operating system পরিবার-পরিজন household পরিচালন-পর্যৎ management পরিচালনা করা administer পরিবাহকের পূর্বস্থত carrier's lien পরিবেশ environment পরিচালনাকারী বিচারক presiding পরিবেশদৃষক environment pollutant judge পরিবেশ-সংরক্ষণ environment পরিচ্ছন ঋণপত্র clear letter of credit পরিজনবর্গ household protection পরিব্যয় outlay পরিণত ও অপরিণত অধিকারসমূহ পরিভোক্তা occupier perfect and imperfect rights পরিণত ন্যাস perfect trust পরিমাণ quantity; volume পরিণামদর্শিতা foresight পরিমাণাত্মক বিধি quantitive rule পরিমাণের পার্থক্য amount differ পরিতাক্ত derelict পরিতাক সম্পত্তি abandoned পরিমার্জনা condonation পরিমিত moderate property পরিত্যজন renunciation পরিমিত বিভাজন qualifying division পরিত্যাগ abandonment; desertion; পরিমুক্ত redeemed relinquishment পবিযান traffic পরিত্যাগ করা abandon পরিযান অপরাধসমূহ traffic offences পরিত্যজ্য খরচ costs thrown away পরিযান-সংকেত অমান্য করা ignoring পরিদর্শক visitor traffic signals পরিদর্শন inspection পরিশিষ্ট appendix পরিদর্শনের অধিকার visitation right পরিশোধ payment

পরিশোধকারী ব্যাংক paying bank পরিশোধনীয় payable পরিশ্রম industry পরিষ্কার express পরিষ্কার মন clean hands পরিসমাপ্তি abatement পরিসম্পৎ assets পরিসম্পৎ একত্রীকরণ marshalling of assets পরিস্থিতি-পরম্পরা claim of circumstances পরিহার করা divest পরীক্ষা করা prove পরীক্ষাসাপেক্ষ বিক্রয় sale on trial পরীক্ষিত অনুলিপি examined copy পরে after পরের ইচ্ছাধীন দখল precarious possession পরোক্ষ collateral; constructive পরোক্ষ চক্তি collateral contract পরোক্ষ চুরি constructive larceny পরোক্ষ দখল constructive possession পরোক্ষ দোবারা দোষ constructive res iudicata পরোক্ষ ন্যাস constructive trust পরোক্ষ পদচ্যুতি constructive dismissal পরোক্ষ পরিত্যাগ constructive desertion পরোক্ষ প্রমাণ indirect evidence পরোক্ষ প্রতারণা constructive fraud

- পরোক্ষ বলপ্রয়োগ constructive force . পরোক্ষ বিজ্ঞপ্তি constructive notice পরোক্ষ ব্যবহার implied use পরোক্ষ শক্তি constructive force পরোক্ষ সমূহহানি constructive total loss পরোক্ষ সুবিধা collateral benefit পরোক্ষ হরণ constructive পরোক্ষে বিনির্মিত constructive পরওয়ানা parwana; process; warrant পরওয়ানা ছাড়া প্রবেশ entry without warrant পर्ना parcha পর্দানশিন মহিলা pardanashin woman পৰ্ব term পর্যবেক্ষক observer পর্যাপ্ত adequate; sufficient পর্যাপ্ত ক্ষতিপুরণ adequate compensation পর্যাপ্ত বিজ্ঞপ্তি adequate notice পর্যাপ্ত সাক্ষ্যপ্রমাণ substantial evidence পর্যাবৃত্ত অন্তর্বতী অর্থপ্রদানের আদেশ interim periodice payment order পর্যায়বৃত্ত প্রজাস্বত্ব, পর্যায়বৃত্ত ভাড়াস্বত্ব periodic tenancy পর্যায়েক্তি innuendo পলাতক আসামি fugitive offender পলায়ন desertion; escape পর্যালোচনা revision পন্নী-এলাকা rural area

আইন-শৰকোষ ১২৩৬

পত animal পত্ৰ্যমন bestiality পত্তচারণ pasture পতজাত পণ্য animal products পতরোগ-বিষয়ক veterinary পশ্চাতে after পশ্চাদপসরণ departure পকাদোদক back-water পক্চাদোৎসর্জন retrocession পশ্বাচার bestiality পাইকন্ত paikasht পাইকারি বিক্রয় wholesale পাইপে চলাচলের পথ pipeline পাউন্তপ্রতি দন্তুরি poundage পাওনা অর্থ money due পাওনাদার creditor পাওনাদারগণের সভা creditor's meeting পাওনাদারগণের সহিত আপস-মীমাংসা composition with creditors পাওনাদারগণের সহিত ব্যবস্থা বা বনোবন্ত arrangement with creditors পাওনাদার-দেনাদার চুক্তি debtorcreditor agreement পাওনাদার-দেনাদার-সরবরাহকারী চুক্তি debtor-creditor-supplier agreement পাওনাদার সমিতি creditors' committee পাওনার চিঠি credit note পাঠ্যপুস্তক textbooks পাণ্ডিত্য learning

পাণ্ডলিপি manuscript পানাসক্তি intemperance পানি water পানিদৃষণ water pollution পানি-সরবরাহশালা waterworks পানীয় জলের ব্যবহার provision for drinking water পাপ sin; vice পাবলিক ডোমেইন public domain পাবলিক ফিগার public figure পায়খানার বন্দোবস্ত latrine accommodation পায়ুকাম buggery; sodomy পাররিক successive পায়ে চলার পথ footway পারতন্ত্র servilute পারস্পরিক আকলন back to back credit পারস্পরিক ইচ্ছাপত্র mutual wills পারস্পরিক ঋণ mutual credits পারস্পরিক সম্মতি mutuality of contract পারস্পরিকতা reciprocity পারস্পরিক চুক্তি synallagmatic contract পাবস্পবিক দায় পরিশোধ set off পারস্পরিক দেনা mutual credits পারস্পরিক ভুল mutual mistake পারম্পরিক হিসাব mutual accounts পারানি passage পারিতোষিক gratification

পারিপার্শ্বিক অবস্থাগত প্রমাণ circumstantial evidence পারিপার্শ্বিকতার পরিবর্তন change of circumstances পারিবারিক অট্টালিকা family mansion পারিবারিক আইন family law পারিবারিক আদালত family court পারিবারিক জীবন family life পারিবারিক নাম family name পারিবারিক পরিসম্পৎ family assets পারিবারিক বংশতালিকা family pedigree পারিবারিক বন্দোবন্ত family arrangement পারিবারিক ব্যবস্থা family arrangement পারিবারিক মামলা family proceedings পারিবারিক সংস্থান family provision পারিবারিক সমঝোতা family arrangement পারিবারিক সহিংসতা domestic violance পারিভাব্য surity পারিশ্রমিক remuneration পার্ক park পার্কিং অপরাধ parking offences পার্থকা difference পার্বত্য চট্টগ্রাম Hill Chittagong পার্বত্য চট্টগ্রাম ভূমি-বিরোধ নিষ্পত্তি কমিশন Commission for the settlement of land right in Hill Chittagong

পার্বতা জেলা hill district পাৰ্বত্য প্ৰধান hill chief পার্লামেন্ট parliament পার্নামেন্ট-সদস্য member of parliament (MP) পার্শ্ববর্তী জমির মালিক বা পাশালি contiguous landholder পার্শ্বস্থজন bystander পালক পিতা বা মাতা loster parent পালিত শিত foster child পালটা আপিল cross-appeal পালটা দাবি counterclaims: crossclaims: set-off পালটা প্রত্যুত্তর surrejoinder পালটা বাণিজ্য countertrade পালটা হলফনামা counter-affidavit পাশবিক brutal পাশাপাশি alongside; in pari passu পাশ করা বা হওয়া pass পাসপোর্ট passport পি.এস.আই. P.S.I. পিকেটিং picketing পিটিশন অফ রাইট petition of right পিঠাপিঠি প্রতায় back to back credit পিতা father পিতা বা মাতা parent পিতা বা মাতার দায় parent's liability পিতা বা মাতার দায়িত্ব parental responsibility পিতা বা মাতা সম্পর্কিত আদেশ parental order পিতা-মাতার স্থলে in loco parentis

পিতৃত্ব paternity পিতৃসুলভ ক্ষমতা patria potestas পিতৃমরণোত্তর সন্তান posthumous child পিতৃস্থানীয় ব্যক্তি loco parentis পীঠস্থান seal পীড়ন battery পীড়াজনিত সুযোগ-সুবিধা sickness benefit পীড়াদায়ক পত্রপ্রেরণ sending distressing letters পুঁজি capital পুঁজি-পরিক্রয় তহবিল capital redemption reserve পুঁজি-বাজার capital market পুঁজি হন্তান্তর কর capital transfer tax (CTT) পুঞ্জিত দণ্ড cumulative punishment পুঞ্জিত দগুদেশ cumulative sentences পুঞ্জিত প্রতিকার cumulative remedy পুঞ্জিত ভোটদান cumulative voting পঞ্জীভবন accumulation পুঞ্জীভূত মুনাফা accumulated profit · পুঁটুলি package পুত্ৰ son পুনঃতলব করা recall পুনঃপরীক্ষা re-examination পুনঃপ্রবেশ re-entry পুনঃপ্রবেশের অধিকার right of reentry পুনঃপ্রেরণ করা remand

পুনঃতনানি rehearing পুনঃসম্প্রচার re-broadcasting পুনঃস্থাপন restitution পুনরাটক করা remand পুনরাদেশ না দেওয়া পর্যন্ত until further order পুনরায় প্রত্যয়িত ইচ্ছাপত্র-প্রমাণক reseal probate পুনরারম্ভ resumption পুনরীক্ষণ review পুনরুজ্জীবন revival পুনরুদ্ধরণীয় recoverable পুনরুদ্ধার recovery; restoration পুনরুদ্ধার-অযোগ্য ঋণপত্র irredeemable debentures পুনর্জবাব rejoinder পুনর্দখল recaption; repossession পুনর্নিবন্ধন re-registration পুনর্নির্মাণ ও নির্মাণ rebuilding and building পুনর্নিয়োগের আদেশ re-engagement order পুনর্নিকয়ন reaffirmation পুনর্বহালের আদেশ reinstatement order পুনর্বাসন rehabilitation পুনর্বাসন-আদেশ rehabilitation order পুনর্বাসিত শরণার্থী rehabilitated refugee পুনর্বিক্রয় resale পুনর্বিক্রয়ের অধিকার right of resale পুনর্বিচার new trial (retrial); review

পনর্বিন্যাস-পরিকল্পনা scheme of rearrangement পুনর্বিপদগ্রন্ততা double jeopardy পুনর্বিমা reinsurance পুনর্মিলন reconciliation পুনর্ভরণকারী ব্যাংক reimbursing bank পুনর্যুক্তিখণ্ডন rebutter পুনৰ্লভ্য recoverable পুরস্কার prize: reward পুরাপুরি aggregate পুরুষ ও নারী man and woman পুরুষসন্তান male issue পুৰুষে সীমাবদ্ধ সীমিত স্বত্ব tail male পুলিশ-কর্মকর্তা police officer পুলিশ-কর্মকর্তাকে বাধাদান obstructing a police officer পুলিশ-কর্তৃপক্ষ police force পুলিশ-ডায়রি police diary পুলিশ-প্রতিবেদন police report পুলিশদ্বারা রক্ষার আদেশ police protection order পুলিশ-বাহিনী police force পুলিশের অনুসন্ধান police investigation পুলিশের সময়ের অপচয় wasting police time পুন্তক book পুরণযোগ্য ক্ষতি tort পুরণযোগ্য ক্ষতি ও অপরাধ tort and crime পুরণযোগ্য ক্ষতি ও চুক্তিভঙ্গ tort and contract

পুরণযোগ্য-ক্ষতিকারক tortious পরণযোগ্য ক্ষতির অধিকার ত্যাগ waiver of tort পূরণযোগ্য ক্ষতির অপরাধী tortfeasor পূৰ্ণ ক্ষমতা full powers পূৰ্ণ ক্ষমতাৰিত plenipolentiary পূর্ণত পারস্পরিক গহায়ণ সমিতি fully mutual housing association পূৰ্ণতাসাধন completion পূৰ্ণভাবে গঠিত ন্যাস completely constituted trust পূর্ণরূপে অবগত হওয়া certiorari পূর্বজ্ঞান anticipation পূৰ্বতন previous পূর্বতন মামলার আইনি দৃষ্টান্ত case law পূর্বদথাজ্ঞা previous convictions পূর্বপুরুষ ancestor; ascendant; predecessor পূৰ্ববৰ্তী predecessor; previous পূৰ্ববৰ্তী ঋণ antecedent debt পূৰ্ববৰ্তী দাবি antecedent claim পূৰ্ববৰ্তী শৰ্ভ conditional precedent পূৰ্ববৃত্তান্ত antecedent পূর্ব সংস্থার prejudice পূর্বসম্পর্ক relation back পূর্বস্বত্ব lien পূৰ্বাদেশ surface পূর্বানুমান presumption পূর্বাভাস anticipation পূৰ্বে before

পূর্বেকার খালাস বা দণ্ড previous acquittal or punishment পূর্বে খালাসপ্রাপ্ত autrefois acquit পূর্বে দঙ্গ্রাপ্ত autrefois convict পূর্বের aforesaid পূর্বোক্ত বিপরীতবাদ retraction পৃথক separate পৃথক্করণ segregation; severance পৃথক দায়িত্বের আদেশ split order পৃথক বিচার separate trial পৃথক সম্পত্তি separate property পৃথক বসবাস living apart পৃথগ্ৰাস separation পৃথগ্বাসের আদেশ separation order পথগ্বাসের চুক্তি separation agreement পৃথগাত্মক several পৃথগাত্মক প্রজাস্বত্ব several tenancy পৃষ্ঠান্ধন endorsement পৃষ্ঠান্ধনদারা হস্তান্তর transfer by endorsement পেটেন্ট patent পেটেন্ট-অধিকার লজ্ঞ্যন patent infringement পেট্রোলিয়ামজাত পদার্থ petrolium product পেনশন pension পেশকরণ submission পেশকার bench clerk পেশা vocation; work পেশাগত professional

পেশাগত অসদাচরণ professional misconduct পেশাগত ঝুঁকি occupational hazard পেশাদার practitioner পেশা বা বৃত্তির স্বাধীনতা freedom of profession or occupation পেশার হাতিয়ার tools of trade পৈতৃক সম্পত্তি ancestral property; ijmali পোতবাহ seaman পোতভগ্ন shipwreck পোতান্তরে প্রেরণ trans-shipment পোতারোপণ shipment পোতারোপণ চুক্তি free on board (f.o.b.) contract পোতাশ্রয় dock পোষকতা ও অংশগ্রাহিতা maintenance and champerty পোষ্য dependant পৌরোহিত্যকারী বিচারক presiding judge পৌর্বিক সনদ scrip প্যাকিং ক্রেডিট packing credit প্যাকিং লিস্ট packing list প্যারোল parole প্রকল scheme প্রকার manner প্রকার ও রূপ manner and form প্রকাশতার অধিকার right of publicity প্ৰকাশনা publication প্রকাশে বার্থতা nondisclosure প্রকাশ্য আদালত open court

প্রকাশ্য কাজ overt act প্রকাশ্য তদন্ত public examination প্রকাশ্য পদ্ধতি open procedure প্রকাশ্য বিচার open justice প্রকাশাভাবে গঠিত ন্যাস express trust প্রকাশ্য স্থান public place প্ৰকৃত real; substial প্রকত অযৌক্তিকতা substantive unconscionability প্রকৃত আয় actual income প্ৰকৃত ক্ষতি actual loss প্রকৃত খরচ actual cost প্রকত চরম অযৌক্তিকতা substantive unconscionability প্ৰকৃত দখল actual possession প্রকৃত ধারক holder in due course প্রকৃত প্রতারণা actual fraud প্ৰকৃত বলপ্ৰয়োগ actual force প্রকৃত বাসস্থান actual residence প্ৰকৃত বিদেষ malice in fact প্রকৃত বিরোধ actual controversy প্রকত শারীরিক অনিষ্ট actual bodily harm প্রকৃত সমূহহানি actual total loss প্রকৃতিস্থতা sanity প্রকৃতিস্থতার পূর্বানুমান presumption of sanity প্রকোপবর্ধক পরিস্থিতি aggravating circumstances প্রকৌশল, সংগ্রহ ও নির্মাণ চুক্তি turnkey contract

প্রচলন-অনুযায়ী usually প্রক্রিয়া means প্রক্সি proxy প্রচলিত ordinary প্রচলিত আইন existing law প্রচলিত আইনসম্বন্ধী de lege lata প্রচলিত আইনের হেফাজত saving for existing laws প্রচেষ্টা attempt প্রচ্ছন্র ক্রটি latent defect প্ৰচ্ছনু দ্বাৰ্থতা latent ambiguity প্রচ্ছাদন coverage প্রজননের অধিকার reproductive right প্রজন্ম generation প্ৰজা tenant প্ৰজাতন্ত্ৰ republic প্রজাতন্ত্রের কর্ম Service of the Republic প্রজার ব্যবহারোপযোগী মেরামত tenantable repair প্রজার স্থাপনা tenant's fixures প্ৰজাৰত্ব tenancy প্রজাম্বত্ব-সমর্পণ surrender of tenancy প্রজাম্বতের নিরাপত্তা security of tenure প্রজাম্বত্তের সম্প্রসারণ enlarge প্রজ্ঞাপন notification প্রজুলিত করা light প্রণেতা author প্রণোদনা motive

প্রতারণা cheat; cheating; deceit; fraud in banking প্রতারণামূলক অগ্রাধিকার fraudulent preference প্রতি toward প্রতিকল্পন commutation; substitution প্রতিকল্পনাত্মক উত্তরদায় substitutional legacy প্রতিকার redress; relief; remedy প্রতিকারক দ্রব্য medicine প্রতিকার দাবির সমর্থন espousal of claim প্রতিকার নিংশেষীকরণ exhaustion of remedies প্রতিকার বা প্রতিবিধান redress প্রতিকারসমূহের সংযুক্তি joinder of remedies প্রতিকূলতা repugnancy প্রতিকূল বাধা interruption প্রতিকৃল সাক্ষী adverse witness প্রতিকূলে against প্রতিগ্রাহ্য receivable প্রতিচ্ছবি map প্রতিজ্ঞাভঙ্গ breach of covenant প্রতিজ্ঞাপত্র bond প্রতিদান quid pro quo প্রতিদন্দিতা করিবার অনুমতি leave to defend প্রতিদন্দিতামূলক ব্যবসা contentious business প্রতিনিধি agent; representative প্রতিনিধিত্ব agency; representation

প্রতিনিধিত্বমূলক মামলা representative action প্রতিনিধিত্ব হাতবদল না করা delegatus nor potest delegare প্রতিপক্ষতাহীন মোকদ্দমা undefended cause প্রতিপক্ষের সাক্ষ্য defence witness প্রতিপাল্যত্ব wardship প্রতিপ্রাপক reversioner প্রতিপ্রাপ্তি reversion প্রতিফল quid pro quo প্রতি বংশধর per stripes প্ৰতিবন্ধ bar প্রতিবন্ধকতা cessation; obstruction প্রতিবন্ধী handicapped প্রতিবাদী respondent প্রতিবিধান redress প্রতিবিধানের প্রস্তাব tender of amends প্রতিবেদন credit report; report; representation প্রতিবেশব্যবস্থা ecosystem প্রতিষেধাত্মক নিষেধাজ্ঞা prohibitory injunction প্রতিভূ representative প্রতিযোগিতা আইন competition law প্রতিযোগিতাপূর্ণ নির্বাচন contested election প্রতিযোগিতামূলক দরপত্র ব্যবস্থা competitive tendering প্রতিযোগী প্রার্থী contesting candidate প্রতিরক্ষক শক্তি protecting power

প্রতিরক্ষা কর্মবিভাগ defence swice প্রতিরোধমূলক শান্তি deterrent punishments প্রতিলাভ consideration প্রতিলিপি copy; transcription প্রতিনিপি প্রস্তুতকরণ engross প্রতিশোধ reprisal; retribution প্রতিশ্রুত বস্তু bid bond প্রতিশ্রুত মূলধন promised capital: subscribed capital প্রতিশ্রুতি undertaking প্রতিশ্রুতিবাক্য warranty প্রতিষ্ঠা করা set up প্রতিষ্ঠান institution প্রতিষ্ঠান স্থাপনের অধিকার right of establishment প্রতিষ্ঠান-হস্তান্তর transfer of undertakings প্রতিষ্ঠিত instituted প্রতিসারণ commutation: refoulement প্রতিস্থাপন substitution প্রতিস্থাপন করা substitute প্রতিস্বাক্ষর counter signature প্রতিহিংসাত্মক শান্তি victimisation প্রতিহিংসামূলক ক্ষতিপুরণ vindictive damages প্রতীকী অর্পণ symbolic delivery প্রতীয়মান apparent প্রতীয়মান কর্তৃত্ব apparent authority প্রতীয়মান ক্রটি patent defect প্রতীয়মান ভ্রম apparent error

প্রতাক্ষ অধিকারলঙ্গন direct infringement প্রত্যক্ষদশী eyewilness প্রতাক সাক্ষা direct evidence প্রত্যনুসরণ monitoring প্রত্যভিজ্ঞান acknowledgement প্রতায়ন attestation প্রতায়ন করা attest প্রতায়নকারী কর্মকর্তা certification officer প্রত্যয়নকারী সাক্ষী attesting witness প্রতায়নপত্র certificate প্রত্যয়ন পত্রানুমোদিত বিবাহ marriage by certificate প্রতায়িত attested প্রতার্পণ restoration; restitution; surrender: প্রতার্পণযোগ্য সম্পত্তি restorable property প্রত্যাকলিত introduced প্রত্যাখ্যান repudiation প্রত্যাখ্যান করা refuse প্রত্যাগম surrender প্রত্যাঘাত reprisal প্রত্যানয়ন restoration প্রত্যাপত্ন escheat প্রত্যাবর্তন return প্রত্যাবাসন repatriation প্রত্যাশা expectation প্রত্যাশিত ভাডা rack rent প্রত্যাশিত লঙ্গন anticipatory breach

প্রত্যাশিত স্বার্থ interest in expectancy প্রত্যাশী উত্তরাধিকারী expectant heir প্রত্যাহরণ retraction প্রত্যাহার retraction; withdrawal প্রত্যাহারযোগ্য ইচ্ছাপত্র ambulatory will প্রত্যুৎপাদন reproduction প্রত্যুত্তর answer: rejoinder: replication; reply; surrebutter প্রত্যেক ইচ্ছাপত্র মৃত্যুর দ্বারা নিষ্পনু বা সম্পাদিত হয় omne testamentum morte consumonatum est প্রথম অপরাধী first offender প্রথম আদালত court of first instance প্রথমবারের মতো দোষী first offender প্রথম দায় first charge প্রথম সংশোধন First Amendment প্রথম সুযোগ first instance প্ৰথমাবধি ab initio প্রথমাবধি অনধিকারপ্রবেশ trespasser ab initio প্রথা custom; usage প্রথাগত আইন customary law প্রথানুসারে usually প্রথাসিদ্ধ করারসমূহ usual covenants প্রথম দৃষ্টিতে যাহা দৃশ্যমান prima facie প্রদর্শনী; প্রদর্শিত বস্তু exhibit প্রদান bequest প্রদানকারী ব্যাংক issuing bank

প্রদান ও পরিশোধপূর্বক yielding and paying প্রদান্য শেয়ারের অধিকার rights issue প্রদেয় payable প্রধান chief; principal প্রধান আসামি principal accused প্রধান উপদেষ্টা Chief Adviser প্রধান কৌসুলি leading counsel প্রধানতম অনুচ্ছেদ paramount clause প্রধান নির্বাচন কমিশনার Chief Election Commissioner প্রধান বিচারপতি Chief Justice প্রধানমন্ত্রী Prime Minister প্রধান হার prime rate প্রণীতি treatment প্রবঞ্চনা deceit: deception; fraud প্রবঞ্জনাবিষয়ক সংবিধি slatule of frauds প্রবঞ্চনামূলক অসত্য বর্ণনা fraudulent misrepresentation প্রবঞ্চনামূলক ব্যবসা fraudulent tradino প্রবঞ্চনামূলকভাবে fraudulently প্রবঞ্চনামলক সম্পত্তি হস্তান্তর fraudulent conveyance প্রবর্জন exclusion প্রবর্তন করা introduce প্রবর্তন-প্রচারপত্র pathlinder prospectus প্রবর্তিত introduced প্রবর্ধন advancement প্রবহ্মান দায় flotation charge

প্ৰবাহ stream প্রবিধান regulation প্রবেশ ingress প্রবেশ-কর impost প্রবেশলাভের জন্য সহিংসতা violence for securing entry প্রবেশাধিকার ingress; right of entry প্রভাব influence প্রভাববিস্তার করা control প্রভাবসৃষ্টিকারী কর্তৃত্ব persuasive authority প্রভাবাধীন ভূমি servient tenement প্রভাবিত করা affect প্রভু ও ভূত্য master and servant প্রভুত্ব করা control প্রমত্তা intoxication প্রমাণ proof প্রমাণ-অযোগ্য ঋণ non provable debt প্রমাণ করা prove প্রমাণকত ইচ্ছাপত্রের সত্যায়িত নকলকে অনুমোদনক্রমে পুনঃসত্যায়িত করা resealable probate প্রমাণপত্র certificate প্রমাণযোগ্য ঝণ provable debt প্রমাণযোগ্য সাক্ষ্য probative evidence প্রমাণিত proved প্রমাণীকরণ authentication: probation প্রমাণের দায়ভার burden of proof প্রমাণের দায়িত্বভার onus of proof

প্রমাণের ভার onus of proof প্রমাণের মান standard of proof প্রমাণের শক্তি probating force প্রমিত ছক চুক্তি standard-form contract প্রযোচন flotation প্রযন্ত্র ও পরিনিয়ন্ত্রণ care and control প্রযত্নপরায়ণতা activism প্রযত্মধীন শিন্ত protected child প্রয়াস attempt প্রয়োগ করা apply প্রয়োগকৃত applied প্রযোজক producer প্রয়োজন need প্রয়োজনাতিরিক্ততা redundancy প্রয়োজনীয় উপকরণ necessaries প্রযোজনীয় ক্ষমতা না থাকা want of jurisdiction প্রয়োজনীয়তা necessity প্রয়োজনীয়তায় প্রতিনিধিত্ব agency of necessity প্রয়োজনীয় পক necessary parties প্রয়োজনীয় পরিবর্তনসহ mutatis mutandis প্রযোজ্য আইন applicable law প্রবোচক abettor প্ররোচনা abetment; incitement; inducement; provocation; প্রলম্ভ barratry প্রবৃদ্ধকরণ seduction প্রলুব্ধ করা entice প্রবোতন allurement; seduction

প্রশাসক administrator প্রশাসন administration প্রশাসনপত Jetter of administration প্রশাসনবিষয়ক আদেশ administration order প্রশাসনবিষয়ক মুচলেকা administration bond প্রশাসনসংক্রান্ত সংসদীয় কমিশনার Parliamentary Commissioner for Administration প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল administrative appeal tribunal প্রশাসনিক ক্ষমতা administrative powers প্রশাসনিক ট্রাইব্যুনাল administrative tribunal প্রশাসনিক ট্রাইব্যনাল এবং প্রশাসনিক আপিল টাইব্যনাল administrative tribunal and administrative appeal tribunal প্রশাসনিক বিষয়ে আদেশ administration order প্রশাসনিক বিষয়ে মুচলেকা administrative bond প্রশাসনিক ব্যয় administrative expense প্রা question প্রশালা interrogatory প্রবেধন proscription প্রসঙ্গে in relation to প্রসৃতি-অধিকার maternity rights প্রসৃতি-ঘটনাবলি maternity facts প্রসৃতি-ছুটি maternity leave

প্রসৃতি-বেতন maternity pay প্রস্তাব offer; proposal; resolution প্রস্তাব-অতিবাহন lapse of offer প্রস্তাব করা offer; resolution; প্রস্তাবনা preamble প্রস্তাব-প্রত্যাখ্যান rejection of offer প্রস্তাব-প্রদান proposal offer প্রস্তাব-প্রদানকারী proponent প্রস্তাব বাতিলকরণ revocation of offer প্রস্তাবিত বিষয়ে প্রবেশ entering upon reference প্রস্তুত ও ইচ্ছক থাকা readiness and willingness প্রস্তৃতিমূলক ত্বনানি preparatory hearing প্রসপেষ্টাস prospectus প্রস্রাবের নমুনা specimen of urine; urine specimen প্রাইম রেট prime rate প্রাইজ কোর্ট prize court প্রাইমেজ primage প্রাকৃতিক আইন jus naturales; natural law প্রাকৃতিক গ্যাস natural gas প্রাকৃতিক বিচার natural justice প্রাকৃতিক বিধান natural law প্রাকৃতিক বিপর্যয় act of God প্রাক্তনানি পূর্ব-নির্ধারণ pre-hearing assessment প্রাগবিবাহ নিষ্পত্তি ante-nuplial settlements

প্রাগবিবাহ সমঝোতা pre-marital agreement প্রাচীন আলোক ancient lights थाहीन प्रतिन ancient document প্রাচীন মনজুরি ancient grant প্রাচীন স্বৃতিসৌধ ancient monument প্রাণঘাতী অস্ত্র lethal weapon প্ৰাণঘাতী আঘাত fatal injury প্রাণঘাতী শক্তি deadly force প্রাণদও কার্যকরণ execution প্রাণহানিকর দুর্ঘটনাজনিত ক্ষতি casualty loss প্রাণান্তকর দুর্ঘটনা fatal accidents প্রাণিকুল livestock প্রাতিজনিক আইন private law প্রাতিজনিক আইন বা সংবিধি personal Act প্রাতিজনিক আইনের খসডা বা বিল private bill প্রাতিজনিক আন্তর্জাতিক আইন private international law প্রাতিজনিক উপদ্রব private nuisance প্রাতিজনিক কোম্পানি private company প্রাতিজনিক ন্যাস private trust প্রাতিজনিক পরিবহণ private carrier প্রাতিজনিক বিধিবদ্ধ আইন private act প্রাতিষঙ্গিক আইন corresponding law প্রাতিম্বিক subjective প্ৰাথমিক original প্রাথমিক অনুসন্ধান preliminary investigation

প্রাথমিক ঘটনা primary facts প্রাথমিক চিকিৎসার সরপ্তামাদি first aid appliances প্রাথমিক জিজ্ঞাসাসমূহ preliminary inquiries প্রাথমিক ডিক্রি preliminary decree প্রাথমিক তদন্ত preliminary inquiry প্রাথমিক সাক্ষ্য primary evidence প্রান্ত terminal প্রান্তিক মাতল terminal charges প্রান্তীয় marginal প্রাপকের ব্যাংক-হিসাবে প্রদেয় চেক account payee cheque প্ৰাপ্ত গৃহীত অৰ্থ money had and received প্রাপ্ত তথ্য finding প্রাপ্ত হওয়া ohtain প্রাপ্ত gain প্রাপ্তিনিদর্শন voucher প্রাপ্তিস্বীকারপত্র acquittance প্রাপা বিল bill receivable প্রামাণিক দলিল testimonium প্রামাণিক সাক্ষ্য testimonial evidence; testimony প্রামাণিকতা authenticity প্রায় thereabouts; quasi প্রায়চুক্তি quasi contract প্রায়-দেওয়ানি এবং প্রায়-ফৌজদারি quasi civil and quasi criminal প্রায়-বৈচারিক quasi judicial প্রায়োগিক কর্মকাণ্ড operational activities

প্রারম্ভিক in limine প্রারম্ভিক বক্তৃতা opening speech প্রারম্ভিক বর্ণনা recital প্রারম্ভে ab initio; in limine প্রার্থী candidate প্রাসঙ্গিক in relation to প্রাসন্থিক ঘটনা relevant fact প্রাসঙ্গিকতা relevance প্রাসঙ্গিক বদলি relevant transfer প্রাসঙ্গিক সাক্ষ্য relevant evidence প্রিভি কাউনসিল Privy Council প্রিভি কাউনসিলের বিচারপর্ষদ Judicial Committee of the Privy Council প্রিমিয়াম ও বাটা premium and discount প্রেক্ষাগৃহ showhouse প্রেরণ reference প্রেরণা impulse প্রেরিত অর্থ remittance প্রোটোকল protocol গ্রোৎসাহন inducement প্রোবেট probate প্রোবেট, ডিভোর্স অ্যান্ড অ্যান্ডমিরালটি ডিভিশন Probate, Divorce and Admiralty Division প্রোবেট বা ইচ্ছাপত্র-প্রমাণক সম্পর্কিত মামলা probate action প্রোবেট বা প্রমাণকৃত ইচ্ছাপত্রের অনুলিপি বাতিলকরণ revocation of probate প্লেট plate প্লেজ pledge প্রোসেভ্যেরবাল proces-verbal

ফ

ফটকাবাজারি লেনদেন speculative transactions ফটোকপি photocopy ফটোগ্রাফ photograph ফটোগ্রাফির দারা দলিলের নকল photographic copies of documents ফতোয়া fatwa ফতোয়া-ই-আলমগিরি Fatwa-i-Alamgiri ফয়সালা করা decide ফরিয়াদি complainant ফরিয়াদি পক্ষ prosecution ফলত লোকসান consequential loss ফলপ্রদ প্রতিকার effective remedy ফলাফল মানিয়া লওয়া ও অনুসরণ করা abide and follow the result ফাঁকা অনুমোদন blank endorsement ফাঁকা প্ৰচান্ধন end endorsement ফাঁকা চেক blank cheque काँकि evasion काँप trap ফাঁদে ফেলা entrapment फाँति hanging ফার্ম firm ि fee ফিকহ fikkah: figh ফিরিন্তি firisti ফুটপাত footpath ফুসলানো entice

ফেডারেল শ্রমিক-সংঘ federal labour union ফেরত return, renvoi ফেরত-কবলা reconveyance deed ফেরত-বিবরণী return ফেরার absconding ফেরারি absconded; fugitive offender ফেরি ferry ফোরাম forum ফৌজদাবি অপবাধে সাজাপ্রাপ্তিব প্রতায়নপত্র criminal conviction certificate ফৌজদারি আইনে শিশুর দণ্ডিত হওয়ার যোগ্যতা capacity of child in criminal law ফৌজদারি আদালত criminal court ফৌজদারি কার্যক্রম criminal proceeding ফৌজি আইন military law ফ্যান্ট্রম ভ্যানেট নীতি factum valet ফিবোর্ড freehoard ফ্রেইট ফরওয়ার্ডস এবং ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং সংস্থা freight forwarders and clearing and forwarding body

ব

বংশক্রমাগত lineal বংশগত সম্পত্তি hereditary property বংশধর descendant বংশধর প্রতি per stripes আইন-শন্দকোষ : ৭৯ বংশানুগতিসূচক শনাক্তকরণ genetic fingerprinting বংশপরিচয় family pedigree বকশিস gratification বকা chide বকেয়া arrears বক্তব্য presents; speech বক্তব্যবহুল আপত্তি speaking objection বক্তা lecture বঞ্চিত করা deprive; divest বড়রকম চুরি grand larceny বণিক merchant বণিক সমিতি chamber of commerce বণিক আইন merchant law বন্টন partition বন্টনের অনুপাত gearing ratio বন্টনের মামলা partition suit বৎসরে per annum বদল করা change বন্ধ সমুদ্ৰ mare clausum বন্ধ অপরাধপ্রবর্ণতা recidivism বন-অপরাধ forest offence বন-আধিকারিক forest officer বন-উৎপাত হ্রাসকরণ abatement of forest nuisance বন-কর্মকর্তা forest officer বনজ দ্ৰব্য forest produce বনজ উৎপন্ন দ্রব্য সরকারের বলিয়া অনুমিত forest produce presumed to belong to government

বনায়ন aforestation বন্দর port বন্দি detenu বন্দিত্ব detention বন্দি হাজির habeas corpus বন্দোবস্তকারী settler বন্দোবস্ত জমি settled land বন্ধক mortgage; pawn বন্ধবহাতা mortgagee বন্ধকদাতা mortgagor বন্ধ করা cease বন্ধক খালাসের আইনত অধিকারে বাধা clog on the equity of redemption বন্ধকসমূহের অগ্রাধিকার priority of mortgages বন্ধকসমূহের একত্রীকরণ consolidation of mortgages বন্ধকি দলিল mortgage deed বন্ধকি মামলা mortgage action বন্ধকি সম্পত্তি খালাসের অধিকার হরণ foreclosure বন্ধকের অগ্রাধিকার priority of mortgages বন্ধকের দায়মোচন-সংক্রান্ত ন্যায়পরতা equity of redemption বন্ধন-মুক্তি emancipation বন্ধ bandhu বন্যপ্রকৃতির পশুপক্ষী ferae naturae বন্যপ্রাণী wild animals ব্য়নামা sale certificate; sale deed বয়ঃকনিষ্ঠ junior

বয়ঃসন্ধিক্ষণে ইচ্ছাপ্রকাশ option of puberty বয়ঃসীমা age limit বয়কট boycott বয়স age ব্ৰথান্ত ও অপসাৱণ dismissal and removal বরখান্ত-ভাতা severance pay ব্রখান্তের কারণ-বর্ণন statement of reasons for dismissal বরণাধিকার option to purchase; right of election বরাদ্দ portion বরাদ্দকরণ allotment বৰ্গাচাষ sharecropping বর্গাচাষি sharecropper বৰ্গা জমি barga land বর্গাদার bargadar বর্জন boycott বৰ্জন আদেশ exclusion order বর্জন করা exclude বৰ্জন শৰ্ত exclusion requirement বর্জনের বিধি exclusionary rules বৰ্জিত ঝুঁকি excepted perils বৰ্ণ letter বর্ণগত হয়রানি racial harassment বৰ্ণনা statement বৰ্ণাশ্ৰম প্ৰথা caste system বৰ্ণিত delineated বর্ণিত মামলা caste state বর্তমান দলিল বা লিখনাবলি these presents

বর্ধিত খেসারত aggravated damages বর্ধিত দণ্ড extended sentence বর্তস্থ easement বর্তস্বত্সম quasi easement বর্বরোচিত harbarous বৰ্ণনামূলক তালিকা inventory বর্ণনার মাধ্যমে বিক্রয় sale by description বৰ্ণবাদ apartheid বৰ্ণবাদী কুৎসা racial abuse বৰ্ণবিদেষ racial hatred বৰ্ণবৈষম্য racial discrimination বৰ্ণভদ্ধি ethnic cleansing বর্ণানুক্রমিক তালিকা index বর্মার বৌদ্ধ আইন Burmese **Buddhist Law** বৰ্ষগ্ৰন্থ yearbooks বলপূৰ্বক আদায় extortion বলপূর্বক বাধ্যকরণ duress বলপূৰ্বক প্ৰবেশ break in; forcible entry বলপ্রয়োগ coercion; force; use of force বলবৎ-অযোগ্য চুক্তি unenforceable contract বলবৎ-অযোগ্য ন্যাস unenforceable trust বলবৎকরণ sanction বলবৎকরণ ব্যবস্থা enforcement action বলবংকরণ-বিজ্ঞপ্তি enforcement notice বলবতাহীন invalid

বলবংযোগ্য enforceable বলাৎকার rape বলি victim বশ্যতা submission বশ্যতাস্বীকার submission বসতবাড়ি homestead বসতবাড়ির জন্য খাস জমি বন্দোবস্ত settlement of khas land for homestead বসতিস্থাপনকারী settler বসবাস করা live বন্তি bustee বন্ত chose; res; substance বস্তুগত অৰ্থ objective meaning বন্তুর বিরুদ্ধে রায় judgment in rem বন্তুর স্থানিক আইন rex loce situs বহনপত্ৰ bill of lading বহিঃপাতন extrapolation বহিঃসমূর্পণ extradition বহিঃসমর্পণ চুক্তি extradition treaty বহিঃস্থ কর্ম অপ্রকাশিত চিন্তার ইঙ্গিত দেয়, অভিপ্রায়ের ইঙ্গিত দেয় acta exteriora indicant interiora secretor বহিরাঙ্গন শ্রমিক outworker বহিৰ্বাটি outhouse বহিষ্কার expulsion বহিঃস্থ আইনজীবী সম্প্রদায় outer Bar বহুগামিতা polygamy বহুধা গ্ৰহণযোগ্যতা multiple admissibility বহুধা চুক্তি multiple agreement

বহুপক্ষীয় চুক্তি convention বহু বিচারপ্রণালি multy-track বহুবিবাহ polygamy বহুবৃত্তিক সংঘ multicraft union বহুমাধ্যমাত্মক multimedia বহুমুখী multilateral বহল গ্রহণযোগ্যতা multiple admissibility বহুলতা prolixity বহুশিল্পকৌশলসংক্রান্ত সংঘ multicraft union বাউণ্ডলে vagabond বাংলাদেশ আইন Bangladesh Law বাংলাদেশ ব্যাংক Bangladesh Bank বাংলাদেশী কর্ম Bangladeshi work বাংলাদেশী বিমান Bangladeshi Biman; Plane of Bangladesh বাংলাদেশের আইন Bangladesh Law বাংলাদেশের সংবিধান Constitution of Bangladesh বাংলাদেশের সামরিক আইন martial law in Bangladesh বাংলাদেশের সুপ্রিম কোর্ট Supreme Court of Bangladesh বাগ্দান engagement to marry বাক্ speech বাকিতে বিক্রয়-চুক্তি credit-sale agreement বাকি বিক্ৰেতা unpaid seller বাগান plantation বাগাতিরেক্য surplusage বাগ্রোধের আদেশ gag order

বাচন verbals বাচনিক ইচ্ছাপত্ৰ noncupative will বাচনিক বিষয় matter in rais বাচনিক সাক্ষ্য parol evidence বাচনিক সাক্ষ্যের নিয়ম parol evidence rule বাছাই choice: option বাছাই কমিটি select committee বাছাইয়ের অধিকার option বাজার bazar: market বাজার-উপযোগী জামানত marketable security বাজার অর্থনীতি market economy বাজার-মূল্য market value বাজার যাচাই market testing বাজারের শক্তি market forces বাজি wager বাজিধরা ও জুয়াখেলা betting and gaming বাজেট budget বাজেয়াপ্তকরণ confiscation বাজেয়াপ্তি forfeiture বাজেয়াপ্তি আদেশ confiscation order বাজেয়াপ্তি হইতে অব্যাহতি relief from forfeiture বাটা rebate বাটা দাগ bata plot বাটোয়ারা batwara; partition वाष्ट्री discount বাড়ন্ত ফসল growing up crop বাড়তি দিন days of grace বাডি abode; house; premises

বাড়িঘর পুনরুদ্ধার recovery of premises বাডির মালিক landlord; houseowner; owner of premises বাণিজ্য traffic বাণিজ্য ও শুল্ক বিষয়ক সাধারণ চক্তি General Agreement on Tariffs and Trade (GATT) বাণিজ্য-জাহাজ নিবন্ধন merchant shipping registration বাণিজ্য জোট cartel বাণিজ্য-দৃতের চালান consular invoice বাণিজ্য প্রতিষ্ঠান firm বাণিজ্য-বিরোধ trade dispute বাণিজ্য শৰ্ত term of trade বাণিজ্যিক অসাধ্যতা commercial impracticability বাণিজ্যিক আইন commercial law বাণিজ্যিক আদালত commercial court বাণিজ্যিক এজেন্ট mercantile agent বাণিজ্যিক জাহাজ-নিবন্ধন registration of merchant ship বাণিজ্যিক টিকিট trading stamp বাণিজ্যিক পরিশব্দ incoterm বাণিজ্যিক প্রতিনিধি commercial agent; factor; mercantile agent বাণিজ্যিক প্রতিষ্ঠান commercial establishment বাণিজ্যিক বর্ণনা trade description বাণিজ্যিক বিফলতা commercial frustration

বাণিজ্যিক বিরোধ commercial dispute বাণিজ্যিক ভারসাম্য balance of trade বাণিজ্ঞাক সফলতা commercial frustration বাণিজ্যিক সমুদ্রযাত্রা freighting voyages বাণিজ্ঞাক সাধনপত্ৰ commercial paper বাণিজ্যিক ভারসাম্য balance of trade বাণিজ্যিক স্থাপনা trade fixture বাণিজ্যের শ্রীবৃদ্ধির জন্য বণিকদের মধ্যে উত্তরজীবিতার অধিকারের স্থান নাই jus accresendi inter mercatores pro beneficio commercic loum non habet বাতায়ন-সজ্জা window dressing বাতাস ও জলরোধক wind and water-tight বাৎসরিক প্রজাস্বত্ব tenancy from year to year বাতিঘর lighthouse বাতিল invalid; nullity; repeal; void বাতিল-অযোগ্য irrevocable বাতিলকরণ abatement; cancellation; rescission; revocation; setting aside বাতিলকরণ আদেশ quashing order বাতিল করা guash বাতিল করিবার অধিকার right of rescission বাতিল চুক্তি void contract বাতিল দলিল void deed

বাতিল ন্যাস void trust বাতিল, ফাসিদ এবং মক্রুহ batil, fasid and makruh বাতিল বিবাহ nullity of marriage; void marriage বাতিলযোগ্য voidable বাতিলযোগ্য চুক্তি voidable contract বাতিলযোগ্য দলিল voidable deed বাতিলযোগ্য ন্যাস voidable trust বাতিলযোগ্য বিবাহ voidable marriage বাতুলতা insanity বাৎসরিক প্রজাস্বত্ব tenancy from year to year বাদ দেওয়া exclude বাদানুবাদ controversy বাদী plaintiff, complainant বাদীর বিরুদ্ধে গৃহীত admitted against the plaintiff বাধা disturbance; impediment বাধা দেওয়া hinder বাধানিষেধ embargo বাধানিষেধের আদেশ restriction order বাধ্যতামূলক খরিদ compulsory purchase বাধ্যতামূলক নিষেধাজ্ঞা mandatory injunction বাধ্যতামূলকভাবে ব্যবসায় গুটানো compulsory winding-up বাধ্যবাধকতা necessity; obligation বাধ্যবাধকতার নিয়ম rule of necessity

বাভিল package বাবদ on account of বায়না advances; earnest (money) বায়নানামা বা বায়নাপত্ৰ baynanama or bynapatra; sale deed বায়ুর অধিকার right of air বার bar বার কাউনসিল bar council বার্তা message বার্ন কনভেনশন Berne convention বাৰ্ষিক আৰ্থিক বিবৃতি annual financial statement; budget বার্ষিক গোপনীয় প্রতিবেদন annual confidential report (ACR) বার্ষিক প্রজাস্বত্ব yearly tenancy বার্ষিক বিবরণী annual return বার্ষিক বৃত্তি annuity বার্ষিক সভা annual meeting বার্ষিক সাধারণ সভা annual general meeting বাৰ্ষিক স্বেচ্ছাকৃত চাঁদা annual voluntary contributions বাসগৃহ dwelling house বাসযোগ্য fit for habitation বাসস্থান accommodation; habitation: home; residence বাসস্থান, বাডি, নিবাস habitation, abode, domicile বাসস্থানের অধিকার right of abode বাসি চেক stale cheque বাসিন্দা inmate বাসী inmate

বাস্তব real; substantial বাস্তব অর্থ objective meaning বাস্তব জামানত real securing বাস্তব নিৰ্দোষত্ব actual innocence বাস্তব শক্তি actual force; physical force বাস্তব সাক্ষ্য real evidence বাস্তবিক de facto বাস্তবিক দখল actual occupation বাস্তবিকভাবে প্রভাবিত materially affected বাস্থবাটি messuage বাস্তভিটা homestead বান্ত হইতে উচ্ছেদহীনতা homestead non-ejectibility বাহক bearer বাহক ড্রাফট bearer draft বাহককে প্রদেয় চেক bearer cheque বাহকপত্ৰ bearer paper বাহকের চেক bearer cheque বাহািক external বাহ্যিক প্রমাণ extrinsic evidence বাহন carriage; litter বিকলন debit বিকল্প substitute বিকল্প ও পুঞ্জীভূত প্রতিকার alternative and cumulative remedy বিকল্প জারি substituted service বিকল্প দফা optional clause বিকল্প দাবি pleading in the alternative বিকল্প প্রতিকার alternative remedy

বিকৃত করা deface বিক্তমনা unsound mind বিকেন্দ্রীকরণ decentralization; devolution বিক্রয় sale বিক্রয়-অযোগ্য লব্ধ সম্পত্তির অংশ entailed interest বিক্ৰয় ও বন্ধক sale and mortgage বিক্রয় ও বিক্রয়-চুক্তি sale and agreement to sale বিক্রয় ও বিনিময় sale and exchange বিক্রয় কিংবা প্রতার্পণ sale or return বিক্রয়-চক্তি contract of sale বিক্রয়পত্র bill of sale: sale certificate বিক্রয়ার্থে পণ্যাদি বিদেশে প্রেরণ export বিক্রয়ের উদ্দেশ্যে নাস trust for sale বিক্রয়ের ক্ষমতা power of sale বিক্রয়ের প্রতায়নপত্র sale certificate বিক্রয়ের সম্বতি agreement of sale বিক্রেতা seller; vendor বিক্রেতার দায় vendor's charge বিক্রেতার পূর্বস্বত্ব vendor's lien; seller's lien বিক্রেতার পূর্বস্বত্ব অধিকার seller's lien বিক্ৰেতা সতৰ্ক থাকক coveat venditor বিঘা bigha

বিঘ্ন interruption বিচারক judge বিচারক কর্তৃক পরিদর্শন inspection by judge বিচারককর্তৃক আইন judge-made law বিচারকগণের নিয়মাবলি judge's rules বিচারক তথ্যের প্রশ্নের এবং জুরিগণ আইনি প্রশ্নের সিদ্ধান্ত দেন না ad quaestiones facti non respondent judices; ad quaestiones legis non respondent juratores বিচারকমণ্ডলী judiciary বিচারক লর্ডগণ Law Lords বিচারকার্য trial বিচার-কার্যক্রম judicial proceedings বিচারকার্যসম্বন্ধীয় juridical বিচার-কার্যক্রমের এখতিয়ার-বহির্ভূত হওয়া ouster of jurisdiction বিচারকার্য স্থগিতকরণ stay of proceeding বিচারকের একার কক্ষ chambers বিচারকের সম্মুখে voram judice বিচারকের করণিক justice's clerk বিচারণীয় justifiable বিচারকের নিকট স্বীকারোক্তি judicial confession বিচার-প্রক্রিয়া judicial process বিচারবিভাগীয় তদন্ত judicial inquiry বিচার-বিপত্তি miscarriage of justice বিচারবিভাগ judiciary বিচারবিভাগীয় ক্ষমতা judicial power

বিচারবিভাগের ন্যায় কাব্দ করা act judicially বিচারবিভাট mistrial বিচারব্যবস্থা judiciary বিচারযোগ্য justiciable বিচারশেষে খালাস acquittal on merits বিচার-সহায়ক চিকিৎসাবিদ্যা forensic medicine বিচারস্থল forum rei বিচারস্থান forum বিচারস্থান সন্ধান forum shopping বিচারস্থানের সহিত সংগতিপূর্ণ নয় forum non conveniens বিচারাধীন pending বিচারাধীন মামলা lis pendens; pending action বিচাবাধীন মোকদ্দমা-ঘটিত বিধি sub iudice rule বিচারিত বিষয় res judicata বিচারের গতি রুদ্ধ করা perverting the course of justice বিচারের জন্য সোপর্দকরণ commital for trial বিচার্য ঘটনা facts in issue বিচার্য বিষয় facts in issue; issue বিচার্য বিষয়-নির্ধারণ settling issues বিচার্য বিষয়সমূহ গঠন frame issues বিচার্য বিষয়ের নিষ্পত্তি settlement of issues বিচার্য বিষয়ের সংযুক্তি joinder of issues বিচ্যুতি default; omission

বিচ্যুতিজনিত রায় judgment in default বিচ্ছিন্ন separate বিচ্ছিন্নতা separation বিচ্ছিন্নকরণ segregation বিচ্ছিন্র বিবাহ পিতামাতার শিশুসন্তানের সংরক্ষণ child protection in divorce বিচ্ছিন্ন হওয়া secession বিজড়িত করা involve বিজয় conquest বিজলি electricity বিজ্ঞান্তি notice: notification বিজ্ঞপ্তি জারি citation; service of notice বিজ্ঞপ্তি প্রেরণ issue notice বিজ্ঞপ্তি মতবাদ notice doctrine বিজ্ঞাপন advertisement বিতং specification বিতরণ disbursement; distribution বিতৰ্ক deliberation বিতর্কিত debatable বিত্ত substance বিত্তবান substantial বিত্তসঞ্চয় gain বিদেশ foreign country বিদেশি alien: foreigner বিদেশি আইন foreign law বিদেশি আদালত foreign court বিদেশি কোম্পানি foreign company; overseas company বিদেশি খেতাব foreign title বিদেশি খেতাব প্রভৃতি গ্রহণ নিষিদ্ধকরণ r hibition of foreign titles

বিদেশি চুক্তি foreign agreement বিদেশি জাহাজ foreign vessel বিদেশি তালিকাভুক্তি foreign enlistment বিদেশি দলিল foreign instrument বিদেশি পরণযোগ্য ক্ষতি foreign torts বিদেশি বিনিয়োগ foreign investment বিদেশি বিল বা হুন্ডি foreign bill বিদেশি রাষ্ট্র foreign state বিদেশি রায় foreign judgment বিদেশি সালিসি রোয়েদাদ foreign arbitral award বিদেশে ঘটিত বিবাহবিচ্ছেদ overseas divorce विरमरम সাদিত দলিল documents executed in a foreign country বিদ্যমান কোম্পানি existing company বিদামান চক্তিতে হস্তক্ষেপ interfering with subsisting contract বিদ্যমান বা ভবিষ্যৎ পণ্য existing or future goods বিদ্যা learning বিদ্যাৎ electricity বিদ্যুৎ শিল্প electric industry বিদ্যুৎ সরবরাহ charge বিদ্যুৎ সরবরাহ লাইন electric supply line বিদোহ rebellion বিদ্রোহ-দমনমূলক অভিযান counterinsurgency বিদ্বানগণের উত্তর responsa prudentium বিদেষ malice

বিদ্বেষপূর্ণ অভিযোগ malicious accusation বিদেষপ্রসূত গ্রেফতার malicious arrest বিদ্বেষমূলকভাবে অভিযুক্তকরণ malicious prosecution বিদেষী against বিধবা-ভাতা widow's benefit বিধবার সম্পত্তি widow's estate বিধি rule বিধিগ্ৰন্থ manual বিধি প্রণয়ন করা provide বিধিবদ্ধ আইন enactment বিধিবদ্ধকরণ enactment বিধিবদ্ধকরণের পূর্ববাণী enacting words বিধিবদ্ধকরণের শব্দাবলি enacting words বিধিবদ্ধ দণ্ড আইন penal statute বিধিবদ্ধ ভবিষ্য তহবিল statutory provident fund বিধিব্যবসাহীন বিষয় casus omissus বিধিসংগত নহে এইরূপ unlawful বিধিসম্বত উপায়ে lawfully বিধিসম্বতকরণ regularization বিধিসম্মতভাবে regularly বিনা অবগতিতে মূল্যপ্রদানে ক্রেতা purchaser for value without notice বিনা আপন্তিতে ফেরত দেওয়া retour sans protet বিনা ছুটিতে অনুপস্থিতি absence without leave

বিনা দলিলে বাণিজ্য paperless trading বিনাদোষে ক্ষতিপুরণ no-fault compensation বিনাপন্তিতে ফেরত retour sans protet বিনা পরওয়ানায় গ্রেপ্তার arrest without warrant বিনা বিজ্ঞপ্তির আবেদন without notice application বিনামূল্যে প্রদন্ত gratuitous विनिभग्न change; commutation; exchange বিনিময় অবস্থা exchange position বিনিময়-চুক্তি cartel; contract of exchange বিনিময়-ঝুঁকি exchange risk বিনিময় বিল bill of exchange বিনিময়-বিল বাট্টাকরণ discounting of Ы বিনিময়্যোগ্য দলিল negotiable instrument বিনিময়-হার নির্ধারণ তত্ত্ব exchange rate: rate of exchange বিনিময়-হার mint parity theory বিনিময়-হার-ব্যবস্থা exchange rate mechanism বিনিময়-হার স্থির রাখা exchange pegging বিনিয়ত করা regulate বিনিযোগ investment বিনিয়োগ করা invest বিনিয়োগ কোম্পানি investment company

বিনিয়োগের প্রমিত মান standard investment criteria বিনির্দেশ ruling বিনির্মিত constructive বিনির্মিত ন্যাস constructive trust বিন্যাস marshalling বিন্যাসিত নিষ্পত্তি structured settlement বিপক্ষে against বিপজ্জনক অস্ত্ৰ dangerous weapon বিপজ্জনক গাড়িচালনা dangerous driving বিপজ্জনক পদার্থ dangerous materials বিপজ্জনক যন্ত্ৰপাতি dangerous machinery বিপণি shop বিপদসঙ্গুল hazardous বিপদসঙ্কুল যাত্ৰা adventure বিপরীতে against বিপ্ৰব revolution বিফলতা frustration বিবরণ statement বিবরণ-নির্ভর বিক্রয় sale by description বিপদ-মীমাংসার বিকল্প প্রক্রিয়া alternative dispute resolution (ADR) বিবাদমূলক মামলা contentious suit বিবাদী defendant বিবাদীগণের সংযুক্তি joinder of defendants বিবাদীর সাক্ষী defend witness

বিফলতা frustration বিবাদের বিষয় matter in dispute বিবাহ marriage বিবাহকৈতব jactitation of marriage বিবাহঘটিত মোকদ্দমা matrimonial proceedings বিবাহ-নিবন্ধন registration of marriage বিবাহপূৰ্ব বন্দোবন্ত pretnuptial settlement বিবাহবন্ধন হইতে নিষ্কৃতি vinculo matrimonic বিবাহবাতিল nullity of marriage বিবাহবিচ্ছেদ dissolution of marriage; divorce; talag বিবাহসংক্রান্ত মামলা matrimonial causes বিবাহ সম্পর্কে অচলাবস্থা breakdown of marriage বিবাহসিদ্ধিতে ইচ্ছাকৃত অস্বীকৃতি wilful refusal to consummate विवाशनुष्ठीन marriage ceremony বিবাহিত পুরুষ married man বিবাহিতা নারী married woman বিবাহে বাধা restraint of marriage বিবাহের প্রমাণ proof of marriage বিবাহোত্তর বন্দোবন্ত postnuptial settlement বিবিক্ততা privacy বিবৃতি representation; statement বিবেকী বিরুদ্ধবাদী conscientious objector

বিবেচনা consideration

বিবেচনা বা গ্রহণ করিবার জন্য উপস্থাপিত কোনো বিষয় proposal বিবেচিত হওয়া hold বিবেচা ad referendum বিভক্ত separate বিব্ৰতকর অবস্থা embarrassment বিভাগীয় তদন্ত departmental enquiry বিভিনুপ্রকার অবচয় depreciation of different kinds বিভ্রান্তিকর বিজ্ঞাপন misleading advertisement বিমা insurance বিমা কোম্পানি insurance company বিমা-গাণনিক actuary বিমাতা বা বিপিতা step-parent বিমান biman বিমান ছিনতাই ও উহার দণ্ড punishment for hijacking of plane বিমান ছিনতাইসংক্রান্ত সহিংস কার্যকলাপের দণ্ড punishment for hijacking of plane-related violence বিমাপত্ৰ insurance policy বিমাযোগ্য স্বার্থ insurable interest বিমার কিন্তি premium বিমূৰ্ত abstract বিমোক্ষ exemption বিয়ার beer বিযুক্তকরণ segregation বিয়োগ করিবার যোগ্য deductible বিরক্তি annoyance

বিবত করা hinder বিবত থাকা abstain বিরত হওয়া cease বিরতি cessation: omission বিরক্তিকর বিলম্ব vexatious delay বিরক্তিকর সমস্যা vexed question বিবলাগত occasional বিরাম cessation বিরামের সংবিধি statute of repose বিরাষ্ট্রায়ত্তকরণ privatization বিরুদ্ধ adverse বিরুদ্ধ দখল adverse possession বিরুদ্ধে against বিরোধ নিম্পত্তি reconciliation বিরোধাবসান reconciliation বিরোধিতা objection বিরোধিতা করা impuan বিবোধিতার বিজ্ঞপ্তি সম্পর্কে সত্রকীকরণ warning of caveat বিরোধী দলের নেতা I eader of the Opposition বিরোধীয় বিষয় matter dispute বিরোধীয়-সম্পত্তি disputed land বিল bill বিল অব রাইটস Bill of Rights বিল-উত্থাপন presentation of bill বিল-উপস্থাপন presentation of bill বিলম্ভান contravention বিল নিরস্তকরণ retirement of bill বিল প্রত্যাখ্যান dishonour of bill বিলম্ব delay বিলম্বজনিত ক্ষতিপুরণ demurrage

১২৬১ আইন-শদকোষ

বিলম্বন respite বিলম্বন মওকুফ condonation of delay বিলম্বের খেসারত demurrage বিলাত বাকি bad debt বিলাসিতা luxury বিলিবন্দেজ disposal বিলিবন্দোবস্ত settlement বিলিব্যবস্থা disposition বিলের উপস্থাপন presentation of bill বিলের নবায়ন renewal of bill বিলের নিরস্তকরণ retirement of bill বিলোপ extinguishment বিলোপসাধন abolition: obliteration বিন্ডিং সোসাইটি building society বিশদ বর্ণনা particulars বিশদ বিবরণ specifications বিশিষ্ট ব্যাংক specialized bank বিশৃঙ্খলা anarchy বিশেষ অজুহাত special defences; special plea বিশেষ অধিকার দাবি claim of privilege বিশেষ অনুসন্ধানের বিষয় speciality বিশেষ আইন special law বিশেষ কারণসমূহ special reasons বিশেষ কাৰ্য special business বিশেষ ক্ষতিপূরণ special damages বিশেষ ক্ষমতা special power বিশেষজাতীয় specific বিশেষজ্ঞদের অভিমত opinion of experts

বিশেষজ্ঞের সাক্ষ্য expert evidence বিশেষজ্ঞের মত expert opinion বিশেষ ধর্ম quality বিশেষ ন্যাস special trust বিশেষ পদ্ধতি special procedure বিশেষ পদ্ধতি-অনুযায়ী আদেশ special procedure orders বিশেষ পদ্ধতির সামগ্রী special procedure material বিশেষ পরিস্থিতি special circumstances বিশেষ পূৰ্বান্ধন special endorsement বিশেষ বিচারপদ্ধতি trial at bar বিশেষ বিজ্ঞপ্তি special notice বিশেষ বিবরণ particulars বিশেষ ব্যবস্থাপনা special administration বিশেষ ব্যবহারঘটিত মূল্য নির্ধারণ special-use valuation বিশেষভাবে প্রদত্ত সাক্ষ্য evidence of disposition বিশেষ মামলা special case বিশেষ সভা special meeting বিশেষ সিদ্ধান্ত extraordinary resolution; special resolution; special verdict বিশেষ সীমিত স্বত্ব tail special বিশেষাধিকার privilege বিশেষাধিকাবজনিত নির্দেশ prerogative orders বিশেষাধিকারপ্রযুক্ত ইচ্ছাপত্র privileged will

বিশেষাধিকারপ্রাপ্ত যোগাযোগ privileged communication বিশেষায়িত ব্যাংক specialized bank বিশোষণ absorption বিশ্বজনীন মানবাধিকারের ঘোষণাপত্র Universal Declaration of Human Rights বিশ্বাস ও জ্ঞান belief and knowledge বিশ্বাসঘাতকতা treachery বিশ্বাসপূর্বক গোপন যোগাযোগ confidential communication বিশ্বাসপূর্বক গোপনে প্রদত্ত তথ্য confidential information বিশ্বাসভঙ্গ breach of trust বিশ্বাসযোগ্য তথ্য credible information বিশ্বাসযোগ্যতা credibility বিশ্বাসের কারণ reason to believe বিশ্বাসের সম্পর্ক fiduciary relationship বিষ poison বিষয় matter বিষয়বৃদ্ধি gain বিষয়স্থল forum rei বিষয়ীনিষ্ঠ subjective বিষয়ে in re; in respect of বিষয়ের বিরুদ্ধে in rem বিসংগত বিচারস্থান forum non conveniens বিসর্জন relinquishment বিস্তৃত হওয়া ও অন্তর্ভুক্ত করা extend to and include

বিস্ফোরক explosive বুদ্ধিবৃত্তিক সম্পত্তি intellectual property বীভৎসজনক offensive বৃক্ষ tree বৃত্তান্ত প্ৰদান laying an information বৃত্তি property; vocation বৃতিল্ভ্যন breach of close বৃদ্ধি increase বৃদ্ধি করা বা পাওয়া enlarge বৃহত্তর ঢাকা এলাকা greater Dhaka area বেআইনি illegal বেআইনি ও দুর্নীতিপরায়ণ আচরণ corrupt and illegal practices বেআইনি ন্যাস unlawful trust বেআইনি বলপ্রয়োগ unlawful force বেআইনি বাধ্যতামূলক শ্রম unlawful compulsory labour বেআইনিভাবে প্রাপ্ত সাক্ষ্যপ্রমাণ evidence obtained illegally বেআইনিভাবে মাদক রাখা unlawful possession of drugs বেআইনি লক-আউট illegal lock-out বেআইনি সমাবেশ unlawful assembly বেকার-ভাতা unemployment benefit বেঞ্চ bench বেড়া fence; hoarding বেতন salary; pay বেতন তালিকা payroll বেতন পর্ষদ wages council বেতন-বিবরণী pay statement

বেতন-ভাতাদি emoluments বেতনভক ম্যাজিট্রেট stipendiary magistrate বেতনের দফাওয়ারি বিবরণ itemized pay statement বেদখল dispossession; ouster বেদনা pain বেদে gipsy বেনামদার benamdar বেনামি benami বেনামি অংশীদার nominee shareholder বেনামি লেনদেন benami transaction বে-বন্দোবন্ত mismanagement বেলাভূমি shore বেশ্যা prostitute বেশ্যাবৃত্তি prostitution বেশ্যালয় brothel বেসরকারীকরণ privatization বেসরকারি বিশ্ববিদ্যালয় private university বেসবকাবি শিক্ষা প্রতিষ্ঠান nongovernmental educational institutions বেসরকারি সদস্যের বিল private member's bill বেসিস পয়েন্ট basis point বৈকল্পিক দায়িতা vicarious responsibility বৈকল্পিক সংসাধন vicarious performance বৈচারিক judicial বৈচারিক অবগতি iudicial notice

বৈচারিক অবধারণ judicial cognizance বৈচারিক ও নির্বাহী ক্ষমতা iudicial and ministerial powers বৈচারিক কার্য judicial act বৈচারিক ক্ষমতা judicial power বৈচারিক তদন্ত judicial inquiry বৈচারিক দায়মুক্তি judicial immunity বৈচারিক নিষেধ বা সংযমন judicial restraint বৈচারিক পুনর্বিবেচনা judicial review বৈচারিক প্রতিকার judicial remedies বৈচারিক প্রযন্তপরায়ণতা judicial activism বৈচারিক ফাঁসি judicial hanging বৈচারিক মতামত dictum বৈচারিক মন্তব্য judicial dictum বৈচারিক সক্রিয়তা judicial activism বৈদেশিক বিনিময় বাজার foreign exchange market বৈদেশিক বিল foreign bill বৈদেশিক মুদ্ৰা foreign exchange বৈদেশিক সমুদ্রথাত্রা foreign voyage বৈদ্যুতিন উপাত্ত-বিনিময় electronic data interchange (EDI) বৈদ্যুতিক ডাক e-mail বৈদ্যুতিন পদ্ধতিতে সম্পত্তি-হস্তান্তর electronic conveyancing (econveyancing) বৈদ্যতিন প্রহরা electronic surveillance বৈদ্যুতিন স্বাক্ষর electronic signature বৈধ valid: lawful

বৈধ অজুহাত lawful excuse বৈধ অধিকার লব্যনবিহীন ক্ষতি damnum absque injuria বৈধ অপারগতা legal disability বৈধকরণ legitimation বৈধ চুক্তি valid contract বৈধ ছুতা lawful excuse বৈধ জন্মের পূর্বানুমান presumption of legitimacy বৈধতা (সন্তানের) legitimacy বৈধতার নীতি principle of legality বৈধ পারিশ্রমিক legal remuneration বৈধতার পূর্বানুমান presumption of legality বৈধ পণ্য lawful merchandise বৈধ প্রতিকার legal remedy বৈধভাবে legally বৈধ মর্যাদা legal character বৈধ মুদ্ৰা legal tender বৈধ লক্ষ্য legitimate aim বৈধ সন্তান legitimate son বৈধ সুদ legal interest বৈধ হাজত legal custody বৈধিক normal বৈবাহিক অপরাধ matrimonial offence বৈবাহিক আদেশ matrimonial order বৈবাহিক গৃহ matrimonial home বৈবাহিক চুক্তি marriage articles বৈবাহিক বন্দোবস্ত marriage settlement বৈবাহিক বিশেষাধিকার marital privileges

বৈমাত্রেয় বা বৈপিত্রেয় সম্বন্ধ half blood বৈরী against বৈরী অধিবাসন adverse occupation বৈরী কার্য act of hostility বৈরী সাক্ষী hostile witness বৈশিষ্ট্যসূচক চিহ্ন descriptive mark বৈষম্যবিরোধী বিজ্ঞপ্তি nondiscrimination notice বৈষম্যমূলক আচরণ discrimination বোখারি Bukhari বোঝাই ও খালাসের দিন lying days বোনাস honus বোনাস প্রযোচন bonus issue বোবা ও বধির deaf and dumb বৌদ্ধ উত্তরাধিকার আইন Buddhist law of inheritance ব্যক্ত express ব্যক্তি individual; person ব্যক্তিগত subjective ব্যক্তিগত অস্থাবর সম্পত্তির সাধনপত্র chattel paper ব্যক্তিগত অনিষ্ট personal injury ব্যক্তিগত আইন personal law ব্যক্তিগত উপস্থিতি personal attendance ব্যক্তিগত ঋণ-সমঝোতা personal credit agreement ব্যক্তিগত খরচাপত্র personal expenses ব্যক্তিগত চুক্তি personal contract ব্যক্তিগত জারি personal service

ব্যক্তিগত জিনিসপত্ৰ personal effects ব্যক্তিগত তথ্য-সংগ্রহের প্রকাশ-সংঘটন procuring disclosure of personal data ব্যক্তিগত দলিল private document ব্যক্তিগত পুরণযোগ্য ক্ষতি personal tort ব্যক্তিগত প্ৰতিনিধি personal representative ব্যক্তিগত প্রতিরক্ষা private defence ব্যক্তিগত প্রাতিভাব্য personal security ব্যক্তিগতভাবে in person ব্যক্তিগত মামলা ব্যক্তির মৃত্যুর ফলে শেষ হইয়া যায় actio personalis moritur cum persona ব্যক্তিগত মুচলেকা recognizance ব্যক্তিগত সম্পত্তি property: personally ব্যক্তিগত সম্পদ personal chattel ব্যক্তিগত স্বাৰ্থ personal interest ব্যক্তিগোপনীয়তার অধিকার right to privacy ব্যক্তিত্বের একত্ব unity of personality ব্যক্তিপ্ৰভাবী নালিশ actio in personam ব্যক্তিপ্রভাবী রায় judgment in personam ব্যক্তির বিরুদ্ধে in personam ব্যক্তির বিরুদ্ধে অপরাধ offences against the person ব্যক্তির বিরুদ্ধে প্রযোজ্য অধিকার right in personam ব্যক্তির বিরুদ্ধে রায় judgment in personam

ব্যক্তির মৃত্যুর সঙ্গে ব্যক্তিসম্পর্কিত মামলার বিলুপ্তি actio personalis moritor cum persona ব্যক্তিসন্তা person ব্যতিক্রম departure; exception; saving ব্যতিক্রমাত্মক অনুচ্ছেদ saving clause বাতিক্রমী নিয়মবিধি exclusionary rule ব্যতিহার reciprocity ব্যথা pain ব্যবকলনযোগ্য ব্যবধান deductible interval ব্যবধান margin ব্যবসা প্রতিষ্ঠান firm ব্যবসা-বাণিজ্যে বাধা restraint of trade ব্যবসা বা বাণিজ্যে হস্তক্ষেপ interfering with trade or business ব্যবসা-বিবরণী statement of affairs ব্যবসায় নিয়োজিত মালপত্র stock in trade ব্যবসায় business ব্যবসায়, বাণিজ্য, পেশা business, trade, profession ব্যবসাসূত্রে নিয়মিতভাবে রক্ষিত regularly kept in the course of business ব্যবসায়িক business homestead বাবসায়িক দায়িতা business liability ব্যবসায়িক নাম business name ব্যবসায়িক বাস্তুভিটা business homestead

ব্যবসায়িক ভাড়াস্বত্ব business tenancy ব্যবসায়ের গোপনীয়তা trade secret ব্যবসায়ের সুনাম goodwill ব্যবস্থা arrangement ব্যবস্থাপক manager ব্যবস্থাপক-অছি managing trustee ব্যবস্থাপক-প্রতিনিধি manager agent ব্যবস্থাপক-স্বত্যাধিকারী managing owner ব্যবস্থাপনা control; management ব্যবস্থাপনা-আদেশ management order ব্যবস্থাপনা করা administer ব্যবস্থাপনাপত্র letter of administration ব্যবস্থাপনাপত্রের সহিত ইচ্ছাপত্রের সংযুক্তি cum testamento annexo ব্যবস্থাপনা পরিচালক managing director ব্যবস্থাপনাপত্ৰ letters of administration ব্যবস্থাপনা প্রতিনিধি manager agent ব্যবস্থাপনা বা প্রয়োগ করা administer ব্যবস্থিত ন্যাস executed trust ব্যবস্থাপনার কর্তৃত্ব মনজুরি grant of administration ব্যবহার treatment; use; user ব্যবহার ও দখল use and occupation ব্যবহারকারীর সাক্ষ্য evidence of user ব্যবহারজনিত দায় wear and tear ব্যবহারশান্ত jurisprudence ব্যবহার-সংহিতা code of practice

ব্যবহারসিদ্ধ অধিকার prescriptive right ব্যবহারিক জ্ঞান knowhow ব্যবহারের শ্রেণী use classes ব্যভিচার adultery ব্যয় expense; outgoings ব্যয় ও লোকসান expenditure and loss বায়-নির্ধারণ assessment of costs বাৰ্থতা default: frustration বাৰ্থতাজনিত সমন default summons বাষ্টিক micro ব্যসন vice ব্যাংক bank বাাংকনোট প্রমোচন issue of banknotes ব্যাংক-কোম্পানি bank company ব্যাংক ছুটি bank holiday ব্যাংক নোট bank note ব্যাংক-ব্যবসা bank business ব্যাংকার banker ব্যাংকে গ্রহণযোগ্য দলিল bankable paper ব্যাংকের লিয়েন banker's lien ব্যাখ্যা construction; interpretation ব্যাখ্যাত্মক expository statute ব্যাখ্যার আইন Interpretation Act ব্যাখ্যার দফা interpretation clause ব্যাঘাত interruption ব্যাপক নিশ্চয়তা comprehensive guarantee ব্যাপক দফা omnibus clause ব্যাপারে toward

ব্যবর্তক মূলধন circulating capital
ব্যারাট্রি barratry
ব্যারিন্টার barrister
ব্যালট ballot
ব্যালট পেপার ballot-paper
ব্যালট বাক্ত ballot-box
ব্যাহত করা hinder
ব্রিজ ফিনাঙ্গিং bridge financing
বিটিশ কমনওয়েলথ British
Commonwealth
ব্রেটন উভ্স সম্মেলন Bretton Woods
Conference
র্যাক বন্ধ black box
র্যাক্মেইল blackmail

ভ

ভগু করা break ভগ্নাবস্থা dilapidation ভঙ্গ dissolution ভদ্রলোকের চুক্তি gentleman's agreement ভদ্রাসন messuage ভবঘুরে vagrant ভবন building ভবন পরিরক্ষণ বিজ্ঞপ্তি building preservation notice ভবিষ্য ব্যবস্থা provision ভবিষ্যৎকালের সহায়ক ক্রিয়া shall and may ভবিষ্যৎ পণ্য future goods ভবিষ্যৎ স্বার্থ future interest ভবিষ্যতের আইন de lege ferenda ভরণপোষণ khorposh; maintenance ভরণপোষণে ব্যর্থতা failure to maintain ভরণপোষণের ব্যবস্থা করা provide ভর্ৎসনা reprimand ভর্ৎসনা করা rebut ভাগ করা apportion ভাগিনেয় nephew ভাঙ্গা break ভাটিখানা brewery; distillery ভাড়া charge; fare; hoarding; rent ভাডা করা hire ভাডা-কর্মকর্তা rent officer ভাডা-ক্রয় hire-purchase ভাডা-ক্রয় পদ্ধতি hire-purchase system ভাড়াটিয়া lessee; tenant ভাডাটিয়া হিসেবে ভোগদখলের অধিকার enfranchisement of tenancy ভাড়াটে সৈনিক mercenary ভাড়া ট্রাইব্যুনাল rent tribunal ভাড়া-দেওয়া letting ভাডা-নিবন্ধন rent registration ভাডা-নিয়ন্ত্রক rent controller ভাড়াবাড়ি lodging house ভাড়া-মূল্য letting value ভাড়ার মেয়াদ rental period ভাডা-ব্রাস rent rebate ভাণার depository ভাতা allowance ভাবী পণ্য future goods ভারবহন করা support ভারমুক্ত করা exonerate ভারসাম্য আদেশ balance order

ভাসমান চার্জ floating charge ভাসমান দায় floating charge ভাসমান দায় বা চলতি জামানত floating charge of security ভাসমান বা সঞ্চরণশীল বিনিময়-হার floating rate of exchange ভাস্কর্য sculpture ভান্কর্যকর্ম work of sculpture ভিড়ন ও অবস্থান touch and stay ভিডিও নিবেশন video recordings ভিডিওতে ধারণকৃত video recordings ভিডিও সাক্ষ্যপ্রমাণ video evidence ভিতরে under within ভিত্তিবিন্দু basis point ভিত্তিহীন অভিযোগ groundless charge ভিন্ন separate ভিন্ন কিছুর উল্লেখপূর্বক মীমাংসা referential settlement ভিন্নমতসূচক রায় dissenting opinion; dissenting judgment ভিনুমত, মতানৈক্য, অমিল, পার্থক্য dissent, disagreement, variance, difference ভীতি menace ভীতিপ্ৰদ in terrorem ভীতিপ্রদ আচরণ threatening behaviour ভীতিপ্রদর্শন intimidation; threat ভুল error; mistake ভুল আরজি-জবাব mispleading ভুল বিতরণ misdelivery ভুল ব্যবস্থাপত্ৰ wrong prescription

ভুল সংশোধন rectification ভুয়া স্ট্যাম্প fictilious stamp ভূখণ্ড territory ভূতপূৰ্ব lately ভূতাপেক ex post facto ভূতাপেক্ষ আইন retrospective legislation ভূমি land ভূমি আপিল বোর্ড Land Appellate Board ভূমি-উনুয়ন কর development land ভূমিখণ্ড plot ভূখণ্ড বিসৰ্জন cession of territory ভূমি জরিপ cadastral survey ভূমি ট্রাইব্যুনাল Lands Tribunal ভূমিদায় land charge ভূমি-নিবন্ধন land registration ভূমি-বিক্রেতার কথার বরখেলাপ gazumping ভূমির খাজনা ground rent ভূমির প্রত্যয়নপত্র land certificate ভূমিরেখা baseline ভূমিলভ্য সংগ্রহের অধিকার profit a prendre ভূম্যধিকারী landlord ভূম্যধিকারীর নিবন্ধন বহি proprietorship register ভূসম্পত্তি estate; real estate ভূসম্পত্তিতে মালিকানা সৃষ্টি, বাতিল ও হস্তান্তরের প্রক্রিয়া conveyancing ভূসম্পত্তির কর estate duty ভূসম্পত্তির চুক্তি estate contract

ভূসম্পত্তির দালাল estate agent ভূসম্পত্তির সহিত চলমান অঙ্গীকার covenant running with the land ভূসদের স্বার্থসংশ্রিষ্ট সম্পর্ক privity of estate ভূত্যবেশ livery ভেজাল adulteration ভেটো veto ভেষজ medicine ভোক্তা consumer ভোক্তার প্রতি অন্যায্য ব্যবহার unfair consumer practices ভোক্তার ভাড়ার চুক্তি consumer-hire agreement ভোক্তার ভাড়ার ব্যবসা consumerhire business ভোক্তা-সংক্রান্ত ব্যবসায়িক আচরণ consumer trade practice ভোক্তা-সংরক্ষণ consumer protection ভোগাধিকার prescription ভোগাধিকারী cestui que use ভোগ্যপণ্য consumer goods ভোট suffrage ভোটগ্রহণ division; vote ভোটদাতা elector ভোটদান voting ভোটদানের অধিকার right to vote ভোটপত্ৰ ballot paper ভোটপ্রদান suffrage ভোট-বাব্ধ ballot box ভোটাধিকার right to vote; suffrage ভোটাধিকার দান করা enfranchise ভোটার voter

ভোটার তালিকা voters' list
ত্রমণকারীর চেক traveller's cheque
ত্রমাঝাক পরামার্শ mistaken advice
ত্রষ্টাচার sacrilege
ত্রাতৃম্পুত্র, ভাগিনেয় nephew
ত্রাতৃম্পুত্রী, ভাগিনেয়ী niece
ত্রান্ত বর্ণনা কোনো দলিলকে হীনবল করে
না lalsa demonstratio non nocet
ত্রান্ত বিচার mistrial
ত্রাম্যমাণ ঋণপত্র circular letter of
credit
ত্রাম্যমাণ চিঠা circular note
ভ্রমণহত্যা feticide

ম

মওকুফ remission মওক্ফকরণ remission भक्ति clearing মজুত hoarding মজ্রত-দানাল stockbroker মজুরি wages মজুরি-অর্জক পরিকল্পনা wageearner's scheme মজুরিসহ বার্ষিক ছুটি annual leave with wages মনজুর করা allow মত opinion মতভিত্তিক সাক্ষ্য opinion evidence মতভিত্তিক সাক্ষ্য বিধি opinion rule মতানৈক্য disagreement মতামতপ্রকাশের স্বাধীনতা freedom of expression

মতামত সাক্ষ্য evidence of opinion মতৈক্য accord; ad idem; concurrence মতৈকা ও সন্তোষণ accord and satisfaction মত্তা intoxication মত্ততাজনক সুরা intoxicating liquor মৎস্য-আহরণের ব্যবসা বা স্থান বা অধিকার fishery মদোনাত্ত অবস্থায় গাডি চালনা drunken driving মদোনাত্ততা drunkenness মধ্যখাত mid-channel মধ্য দিয়া through মধ্যবতী intervening মধাবতীকাল interval মধ্যবতীকালীন intervening মধ্যবৰ্তী দালাল matching broker মধ্যবৰ্তী মুনাফা mesne profits মধ্যস্থ middleman মধ্যস্থজন mediation; conciliation মধ্যস্তা conciliation মধ্যস্থতা আদালত conciliation court মধ্যস্থতাকারী umpire মধ্যৰত্ব intermediary interest; tenure মধ্যস্বতাধিকারী এবং রায়ত tenure holder and rayat মধ্যে within মনজুরি grant; sanction মনিব ও চাকর master and servant মনিব, কর্মচারী এবং স্বাধীন ঠিকাদার master, servant and independent contractor

মনুষ্য-বাসস্থান human dwelling মন্ধ্য-সহায়তায় প্রজনন humanassisted reproduction মনুষ্য-হরণ kidnapping মনোগত অর্থ subjective meaning মনোনয়ন nomination মনোনীত অংশীদার nominee shareholder মনোনয়নের ধারা optional clause মনোনীত আইনজীবী legal practitioner of his choice মনোনীত করা nominate মনোবেগ impulse মনোবৈকল্য mental disorder মলব্য লিপিবদ্ধ করা note মন্ত্ৰিসভা cabinet মন্ত্ৰী minister মন্ত্রীদের দায়িত্ব ministerial responsibilities মন্দ আচরণ misdemeanor মবলগ lump sum মনজুর করা allow ময়নাতদন্ত autopsy; post-mortem ময়নাতদন্তের প্রতিবেদন post-mortem report মরণব্যাধি marz-ul-maut মর্ম tenor মর্মার্থ purport; report; tenor মসজিদ mosque মস্তিষ্কবিকৃতি insanity মক্তিক্ষেব অবসান brain death মহাজন creditor; moneylender

মহাজনি ঋণ moneylender's loan; mahajani loan মহানগরী এলাকা metropolitan area মহানগরীর বেতনভুক ম্যাজিন্ট্রেট metropolitan stipendiary magistrate মহাপরাধ felony মহাপরিকল্পনা master plan মহাফেজখানা archives মহাসন্দ Magna Carta মহাহিসাব-নিরীক্ষক auditor-general মহিলাদের চাকরি বিষয়ে অতিরিক্ত বিধিনিষেধ further restriction on the employment of women মাইক্রোপ্রসেসর microprocessor মাগনা কার্তা Magna Carta মাচান hoarding মাটি soil মাটির সহিত সংযুক্ত attached to the earth মাতাল ব্যক্তি drunken person মাতৃত্ব maternity মাথট poll tax মাথাপিছু per capita মাথাপিছু কর poll tax মাদক্দ্রব্য drugs মাদকব্যবসায়-গৃহের অনুমতি licensing of premises মাদকাসক drug-addict মাদকাসক্তি নিরাময় কেন্দ্র drug addicts' rehabilitation centre মাদকের বেআইনি অধিকার unlawful possession of drugs মাদারবোর্ড motherboard

মান norm মানচিত্র map মানদণ্ড norm মাননির্ণয় valuation মানবকল্যাণাত্মক হস্তক্ষেপ humanitarian intervention মানবজাতিব সাধাবণ উন্তব্যধিকাব নীতি common heritage of mankind principles মানবতাবিরোধী অপরাধ crime against humanity মানব-সহায়ক প্ৰজনন in vitro fertilization (IVF) মানবাধিকার human rights মানবিক হস্তক্ষেপ humanitarian intervention মানসম্বত ভাড়া standard rent মানসম্বত হিসাবরক্ষণ রীতির বিবরণ statements of standard accounting practice (SSAP) মানসিক অস্থিরতা psychopathic disorder মানসিক বিকলতা mental impairment মানসিক বিকার mental disorder মানহানি defamation মানানসই appropriate মানিতে বাধ্য করা bind মানিলন্ডারিং money laundering মানুষের বাসগৃহ human dwelling योगना case; cause; litigation; suit মামলা ও শ্রম দফা sue-and-labor clause মামলা করা sue

মামলা করিবার অধিকার locus standi; right of action মামলা করিবার যোগ্যতা capacity to মামলাকারী litigant মামলাকারীর বন্ধু litigation friend মামলা-খরচ costs মামলা-খরচ হিসাবকারী costs draftsman মামলা গঠন framing of suit মামলা চলাকালীন pendente lite মামলা চলাকালীন ভরণপোষণ maintenance pending suit মামলা দায়ের institution of suit মামলা পরিচালনা prosecution মামলা পরিচালনায় অনিচ্ছা nolle prosequi মামলা পরিচালনা হইতে সরিয়া যাওয়া withdrawal from prosecution মামলাপূর্বক দায়শোধ প্রস্তাব tender before action মামলা-প্রত্যাহার nonsuit মামলা বদলিকরণ removal of action মামলাবহির্ভূত ব্যবসা noncontentious business মামলা বা কার্যধারা খারিজ dismissal of suit or proceeding মামলা-ব্যবস্থাপনা case management মামলায় আদালত নিযুক্ত-অভিভাবক guardian ad litem মামলার অধিকার right of action মামলার আপাত যাথার্থ্য prima facie case

মামলার কারণ cause of action মামলার কারণসমূহের অপসংযোগ misjoinder of causes of action মামলার খরচপত্র bill of costs মামলার খরচ উদ্ধার recovery of costs মামলার খরচ-নির্ধারণ taxation of costs মামলার গঠন frame of suit মামলার তালিকা cause list: warned list মামলার পক্ষণণ parties to a suit মামলার বিশিষ্ট নাম title মামলার বিবরণ statement of case মামলার বিষয়বস্তু subject-matter of the suit মামলার নিষ্পত্তিসাপেক্ষে প্রশাসন administration pending suit যামলার গুনানি trial মামলার হেতুসমূহের সংযুক্তি joinder of causes of action মামলার্থে ad litem মামলা গুনানির তালিকা lists মামলা ভরু করার প্রক্রিয়া originating process মামলা-সম্পর্কীয় আইন lex causae মামলাসমূহের একত্রীকরণ consolidation of actions মামলাসমূহের সারণি table of cases মামলা সরানো removal of action মামলা-স্থানাত্তর transfer of case মামলা-স্থানান্তরকরণ transfer of a case

মারণাক্ত lethal weapon মারাত্মক অস্ত্র lethal weapon মারাত্মক নহে, এমন বলপ্রয়োগ nondeadly force মারাত্মক বলপ্রয়োগ deadly force মারামারি affray মার্চেন্ট ব্যাংক merchant bank মারেভা নিষেধাজ্ঞা Mareva injunction মার্জনা pardon মার্টেনস অনুচ্ছেদ Martens clause মার্শাল marshall মাল ক্রোক করা distrain মাল-খালাস landing মাল-খালাস ব্যবসায়ী slevedore মাল বোঝাইয়ের নিরাপদ স্থান safe loading place মালামাল goods মালামালের মালিকানা property in goods মালিক employer; malik; owner; proprietor মালিক ইবনে আনাস Malik ibn Anas মালিক ও চাকুরিয়া employer and employee মালিক-দখলদার owner-occupier মালিকবিহীন বস্তু res nullius মালিক ব্যতীত অন্য কেহ কোনো কিছু দিতে পারে না nemo dat qui non habet মালিক-সমিতি employers' association মালিকানা ownership মালিকানামূলক স্বকার্যজনিত বাধা proprietory estoppel

মালিকানার মূল দলিল root of title মালিকের দায় employer's liability মাতল charge; fee; tariff মাস month মাসে per month মান্টার master (of a ship) মিটমাট composition মিউচুয়াল অ্যাসোসিয়েশন mutual association মিউচুয়াল কোম্পানি mutual company মিতাক্ষরা Mitakshara মিত্রসংঘ confederation মিথ্যা অজুহাত false plea (sham plea) মিথ্যা অভিযোগ false charge মিথ্যা উপস্থাপন false representation মিথ্যা ওজর false pretense; sham plea মিথ্যা চিহ্ন false mark মিথ্যা দলিল false document भिथा पिनन-अन्यन making false document যিথ্যা দাবি false claim মিথ্যা পরিচয়দান impersonation মিথ্যাবর্ণন misrepresentation মিথ্যা বর্ণনা misdescription মিথ্যা বাণিজ্যিক বর্ণনা false trade description মিথ্যা মামলা বা অভিযোগ false case or complaint মিখ্যা সাক্ষ্য false evidence; perjury মিথ্যা সার্টিফিকেট বা প্রত্যয়নপত্র false certificate

মিন্ট প্যারিটি তত্ত্ব Mint parity theory মুদ্রা coin মিলিশিয়া militia মুদাঙ্কন করা stamp মিশ্র অনুমান mixed presumption মুদ্রান্ধ তব্ধ stamp duty মিশ্র তহবিল mixed fund মুদ্রাঙ্কিত sealed মিশ্র মামলা mixed action মুদ্রার ছাড় issue মিশ্র সম্পত্তি mixed property মুদ্রা তুলিবার বিশেষ অধিকার মিক্তি artisan Special Drawing Rights (SDR) মুদ্রার বিনিময়যোগ্যতা convertibility মিলিশ্যা militia of currency মীমাংসা-সভা settlement মুদ্রার বিনিময়-হার currency rate conference মুদ্রা-সংকোচন deflation মুকুটধারী crown মূদ্রিত nominal মুক্ত আদালত open court মূনাফাখোরি profiteering মুক্ত বাজার free market মুনাফার হিসাব account of profits মুক্ত সংঘ open union মুনাফাশিকারি stag মুক্তি emancipation; liberty; release মফতি mufti মুক্তিপণ ransom মুমুর্ব্যক্তির জবানবন্দি dying মুক্তিপত্ৰ quittance declaration মুখবন্ধ recital মুরতাদ murtad মুখোমুখি opposite মূলতবি adjournment মুখ্য কোম্পানি parent company মূলতবিকৃত এখতিয়ার forum মুখ্য খাজনা chief rent prorogatum মুখ্য নিবাস main residence মূশা mushaa মুখ্য বা মূলধনী ও রাজস্ব বা আবর্তক মুশারিকা musharika ব্যয় capital expenditure and মুসলিম Muslim revenue expenditure মুসলিম আইনে তালাক divorce under মুখ্য বিবরণ head note Muslim law মুখ্যাধিকার supremacy মুসলিম ইব্ন আল-হাজ্জাজ Muslim মুচলেকা contract of record ibn al-Hajaj মুচলেকাবদ্ধ গুদাম bonded মুসলিম বিবাহবিচ্ছেদে মধ্যস্থতা warehouse conciliation in Muslim divorce মুছিয়া ফেলা expunge মুসাবিদা draft মৃতওয়াল্লি mutawalli মুহম্মদ ইবনে আশ-শাফিয়ি মুদারাবা mudaraba Muhammad ibn Ash-Shafee

মহাদ্দিস এবং ফকিহ Muhaddis and Faqih মৃক mute মূৰ্থতা ignorance মূল original মূল আদর্শ basic norm মূল উদ্দেশ্য-বিধি main purpose rule মূল কপি original মূলগত substantial মূলগত আইন substantive laws মূলধন capital মূলধন ক্ষতি capital loss মূলধন-বর্ধন capitalization মূলধন-বাজার capital market মূলধন-সংস্থান capitalization মূলধন-হ্রাসকরণ reduction of capital মূলধনি অর্থ capital money মূলধনি অর্থের রূপান্তর প্রক্রিয়া overreaching মূলধনি দন্তরি capital allowance মূলধনি মুনাফা-কর capital gains tax মূলধনি লাভ capital gains মূলধনি সম্পদ capital assets মূলধনীকরণের প্রমোচন capitalization issue মূল পদ্ধতি original system মূলপুস্তক textbooks মূল ব্যক্তি propositus মূল সাক্ষ্য original evidence মূল্য charge; consideration; price; value; worth

মূল্য অনুসারে বা মূল্যের আনুপাতিক হারে ad valorem মূল্য তালিকাভুক্তি quotation মূল্য এবং ভাড়া C and F(cost and freight) মূল্য দাবি করা charge भृनानिजनन ascertainment of price युनानिर्धात्रव appraisement; valuation মৃল্য-নির্ধারণকারী appraiser মূল্যপার্থক্য হইতে মুনাফা arbitrage মৃল্যপ্রদানপূর্বক বিনিময় negotiation মৃল্যপ্রদানপূর্বক হুন্তি-বিনিময় negotiation of a bill মূল্যপ্রদানের তারিখ value date মূল্যপ্রাপ্ত value received মূল্যবান valuable মূল্যবান জামানত valuable security মূল্যবান প্রতিলাভ valuable consideration; value মূল্য, বিমা ও পরিবহন ভাড়া c.i.f, cost, insurances, freight মূল্যবৃদ্ধি করা mark up भृनारगाजन markup মূল্য সংযোজন কর value-added tax (VAT) মূল্য সংযোজন কর-কর্মকর্তা valueadded tax officer মূল্য্রোস markdown মূল্যায়ন appraisal; valuation মূল্যের জন্য মামলা suit for price মৃত ঋণ dead loan মত জামানত dead security

মত ব্যক্তির সম্পত্তি বিলিব্যবস্থার মামলা মেমোরি memory administration suit মেয়াদ time মৃত ব্যক্তির সম্পত্তির কুনির্বাহক মেয়াদ-উত্তীর্ণ দখল holding over executor de son tort মেয়াদপূর্তি maturity মৃতের অব্যবস্থিত সম্পত্তিঘটিত de মেয়াদবৃদ্ধি respite bonis non administratis মেয়াদি ইজারা fixed term মত্তিকা soil মেয়াদি স্বত্ব term for years; term of মৃত্তিকা-সম্পর্কিত আইন jus soli years মেয়াদোত্তীর্ণ আইনসমূহের চালু থাকিবার মৃত্যু death আইন expiring laws continuance মৃত্যুকর death duties act মৃত্যুকালীন ঘোষণা dying declaration মেরামত repairs মৃত্যুচিন্তায় দান gift in contemplation মোকদ্দমা cause; judicial of death proceedings; suit মৃত্যুদণ্ড capital punishment; death মোকদ্মা-আপস compromise of sui penalty মোকদ্দমা-প্রত্যাহার withdrawal of মৃত্যুদণ্ডিতদের সারি death row suit মৃত্যু নিবন্ধনকরণ registration of মোকদ্দমার আপস-নিষ্পত্তি settlement death of action মৃত্যু-পরওয়ানা death warrant যোকদ্দমা করিবার অধিকারের উদ্ভব: মৃত্যুতে মামলার কারণের বিদ্যুমানতা মামলার কারণ accrual of right to survival of cause of action on sue: cause of action death মোকদ্দমা দায়েরের স্থান place of মৃত্যু-নিবন্ধন registration of death suing মৃত্যুর পূর্বানুমান presumption of মোকদ্দমা পরিচালনা হইতে সরিয়া death যাওয়া withdrawal from মৃত্যুর প্রত্যয়নপত্র death certificate prosecution মৃত্যু সম্পর্কে অনুমান presumption of মোকদ্দমা-প্রত্যাহার withdrawal of suit life and death মোকদ্দমায় সমন্ত্র সাধন adjustment মৃত্যু-সম্ভাবনায় দান donatio mortis of suit causa মোকদ্দমার অপব্যবহার abuse of भुप light process মে দিবস May day

মেধাসত্ intellectual property

মোকদ্দমার অভিভাবক quardian ad

litem

মোকদ্দমার গুনানি hearing of the suit মোকদ্দমা-স্থানান্তর transfer of suit মোকাম substitution মোক্তারনামা letter of attorney: power of altorney মোট দেয় অর্থের যে-অংশবিশেষ জমা দিয়া কোনো পণ্যের বা বস্তুর যোগান লওয়া যায় deposit payment মোট বিক্রয়মূল্য turnover মোট বিক্রয়মূল্যের ওপর কর turnover মোটরগাড়ি motor car মোটর চালনা-সংক্রান্ত অপরাধ motoring offences মোটর-বিমা motor insurance মোটর্যান motor vehicle মোটরযান চালনার অনুমতিপত্র driving licence মোটর সভকে যানবাহন-চালনা motorway driving মোটামুটি approximate মোটামুটিভাবে approximately মোটারকমে বলবৎকরণ substantial performance মোটের উপর as a whole যোতওয়াল্লি motwalli মোহরান্ধনের স্থান locus sigilli মৌখিক অপবাদ slander মৌখিক ইজারা parol lease মৌখিক চুক্তি oral agreement; parol contract; simple contract মৌখিক সাক্ষা oral evidence মৌখিক সাক্ষ্যরীতি orality

মৌখিক হস্তান্তর oral transfer মৌজা mouza মৌজাপ্রধান headman মৌন সম্বতি connivance; acquiescence মৌনাবলম্বন standing mute মৌল আদর্শ basic norm মৌলবাদ fundamentalism মৌলিক অধিকারসমূহ fundamental rights মৌলিক আইন organic law; positive law; substantive laws মৌলিকতু originality মৌলিক বিধিমালা fundamental rules মৌলিক সাহিত্যকর্ম original literary work মৌসুমি কারখানা seasonal factory ম্যাজিইেট magistrate ম্যাজিস্ট্রেটের করণিক বা সেরেস্তাদার magistrate clerk মাভেমাস mandamus

য

যখন একা dum sola
যখন যেভাবে as and when
যভদ্রসম্ভব as far as possible
যত্ন লইবার কর্তব্য duty of care
যত্রভত্র শয়িত থাকা lying about
যথা namely
যথাংশ quota
যথাধিগত uti possidetis
যথাযথ উপায় due course

যথাযথ পথ due course যথাযথ বা কাছাকাছি সময়ে at or about the time. যথাবিধি regularly যথাযথ পন্থা due course যথাযথ প্রক্রিয়া due process যথাযথ মূল্যায়ন করা appreciate যথায়থ সময় due course যথাযথ সতৰ্কতা due care যথাযুক্ত-ভিত্তি নিক্ষ rational-basis test যথাযোগ্য দেনাদার proper deblor যথাযোগ্য পাওনাদার proper creditor যথার্থতা প্রতিপাদন করা vindicale যথার্থ প্রকোপন just provocation যথাশীঘ্ৰসম্ভব as soon as may be যথাসময়ে পরিশোধ payment in due course যথাসম্ভব নিকটবর্তিতা মতবাদ cy-pres doctrine যথাসাধ্য শীঘ as soon as practicable যথেষ্ট adequate; sufficient যথেষ্ট কারণ sufficient cause যথেষ্ট যুক্তি sufficient reason যথোপযোগী পতাকা flag of convenience যদিও notwithstanding यिन ना unless যদি ... না unless যদি না আদেশ unless order

যন্ত্ৰ instrument

যন্ত্রণা ও যন্ত্রণাভোগ pain and sufferina যন্ত্রণাহীন মৃত্যু euthanasia যন্ত্ৰপাতি apparatus যন্ত্রপাতি ও কলকজা machinery and plant যন্ত্ৰপাতি ও যন্ত্ৰী machinery and plant यञ्जी artisan যাচনাক্রমে on demand যাতাযাত traffic যাত্রানীতি voyage policy যাত্রাপথের ফর্দ waybill যাত্রার সন্দ voyage charter যাত্রাবম্ব করা sail যাথার্থিক প্রকোপন just provocation যান carriage: vehicle যান চলাচলে বাধাদান vehicle interference যানবাহন conveyance; vehicle যানবাহন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ vehicle construction and maintenance যানবাহনে হস্তক্ষেপ interfering with vehicles; vehicle interference যানবাহন-বিমা vehicle insurance যানবাহনের সড়ক দুর্ঘটনা road traffic accidents যান্ত্রিক আচরণ automatism যাবজ্জীবন কারাদণ্ড life imprisonment যাবজ্জীবন দ্বীপান্তর transportation for life

যাবতীয় all যাহা অতীত হইতে কার্যকর ex post facto যাহা কিছু ভূমিতে প্রোথিত তাহা ভূমির অন্তর্গত quicquid plantatur solo, solo credit যাহার দ্বারা তিনি চাকরি হারান per quod servitium amisit যিনি নিজের খলন ও দুর্নামের কথা বলেন, তাঁহাকে গুনিবার প্রয়োজন নাই allegans suam turpitisdinem non est audiendus যিনি পরস্পরবিরোধী অভিযোগ করেন, তাঁহাকে ওনিবার কোনো প্রয়োজন নাই allegans contraria non est audiendus যিনি হ্যা বলেন তাঁহার উপরে প্রমাণের দায়ভার, যিনি অস্বীকার করেন তাহার উপরে নয় affirmanti, non neganti, incumbit probatis যুক্তরাষ্ট্রীয় পদ্ধতির রাষ্ট্র federal state যুক্তিতৰ্ক argument; oral argument যুক্তিবান মানুষ reasonable man যুক্তিমান reasonable যুক্তিযুক reasonable যুক্তিযুক্ত কারণ justifiable cause যুক্তিসংগত reasonable যুক্তিসংগত অজুহাত reasonable excuse যুক্তিসংগত অভিনিবেশ reasonable diligence যুক্তিসংগত আর্থিক ব্যবস্থা reasonable financial provision

যুক্তিসঙ্গত ও সম্ভাব্য কারণ reasonable and probable cause যুক্তিসংগত কারণ reasonable cause যুক্তিসংগত বলপ্রয়োগ reasonable force যুক্তিসংগত বল বা শক্তি reasonable force যুক্তিসংগত বাধানিষেধ reasonable restriction যক্তিসংগত শক্তি legal force; reasonable force যুক্তিসংগত সন্দেহ reasonable doubt যুক্তিসংগত সুযোগ reasonable opportunity যুক্তিসংগত হেতু reasonable ground যুগপৎ simultaneously যুগা দায়িতা joint liability যুদ্ধ war যুদ্ধঘটিত জখম war injuries যুদ্ধঘটিত ঝুঁকি war risks যদ্ধযোষণা declaration of war যুদ্ধধন prize যুদ্ধধন আদালত prize court যুদ্ধবিরতি armistice যুদ্ধবিরতি ও শাস্তি armistice and peace যুদ্ধরত সেনাবাহিনীর মধ্যে আইন নীরব inter arma leges silent যুদ্ধাপরাধ war crimes যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল War Crimes Tribunals যুদ্ধের আইন laws of war যুদ্ধের কারণ cesus belli

যুদ্ধোপকরণ ammunition; munition of war যুধ্যমানতা belligerency যুধ্যমান সম্প্রদায়সমূহের স্বীকৃতি recognition of belligerent communities যুধ্যমানের অধিকার angary যুব আদালত youth court যে-কাৰ্য স্বয়ং মন্দ mala in se যে-কোনো anv যে-কোনো কিছু anything যে-কোনো পর্যায়ে at any stage যে-কোনো ব্যক্তি any person যে-কোনো সময়ে at any time যে-ক্ষতিকর কর্মের আইনি প্রতিকার নাই damnum sine injuria যে-চুক্তি সুনির্দিষ্টভাবে কার্যকর করা যায় না contracts not specially enforceable যে-পরিমাণ পাইবার যোগ্য quantum meruit যে-পিতা বা মাতার সহিত সন্তান বসবাস করে parent with care যেমন তোমার অধিগত uti possidetis যে-বিষয় পূর্বেই নিষ্পত্তি করা হইয়াছে res adjudicata যেমনি আয় করেন, তেমনি পরিশোধ করেন pay as you earn (PAYE) যে-সকল ঘটনা ঘটিয়াছে res gestae যে-সম্পত্তি ক্রোকযোগ্য নয় property, which cannot be attached যেহেতু সে ভীত quia timet যোগ করিয়া বৃদ্ধি totting up

যোগফল aggregate যোগসাজশ collusion যোগাযোগ communication যোগাযোগের গোপনীয়তা privacy of correspondence যোগ্য eligible; valid যোগ্য শিভ qualified child যোগ্যতা capacity; competence; qualification যোগ্যতাসম্পন্ন eligible যোগ্য শিভ qualifying child যোগ্য সাক্ষী competent witness যোজন accession যৌক্তিকতা প্ৰতিপাদন justification যৌগপদিক সম্পাদন simultaneous execution যৌগিক চুরি complicated larceny যৌতুকের জন্য মৃত্যু ইত্যাদি ঘটাইবার শান্তি punishment for causing death etc. for dowry যৌথ অংশীদারিত্ব কোম্পানি joint stock company যৌথ অধিকার condominium যৌথ অনধিকার প্রবেশ collective trespass যৌথ অপকারকৃৎ joinI tortfeasors যৌথ অভিযান joint operation যৌথ অভিযানে কৃত কার্যাদির জন্য দায়মুক্তি indemnity of action under joint operation যৌথ অভিসন্ধি common design যৌথ ইচ্ছাপত্ৰ joint will যৌথ উদযোগ joint venture যৌথ ও পৃথগাত্মক joint and several

যৌথ কল্যাণ corporate welfare যৌথ কারবার partnership যৌথ গ্রন্থকার-কর্ম work of joint authors যৌথ চক্তি collective agreement যৌথ দরকষাক্ষি collective bargaining যৌথ দায়িত্ব collective responsibility যৌথ নিরাপত্তা collective security যৌথ পরিচালনা joint administration যৌথ পরিবার joint family যৌথ পুরণযোগ্য ক্ষতিকারক joint tortfeasors যৌথ প্ৰজাস্বতু joint tenancy; tenancy in common যৌথ বহনপত্ৰ joint bill of lading যৌথভাবে conjunction যৌথভাবে ও পৃথগভাবে jointly and severally যৌথ সার্বভৌমত্ব condominium যৌথ হিন্দু পরিবার joint Hindu family যৌন অক্ষমতা impotence যৌনকর্মী prostitute যৌন অপরাধী sex offenders যৌনাপরাধ sexual offence যৌনপীড়ন sexual torture যৌনবাাধি venereal disease যৌন মিলন intercourse যৌনসংগ্ম sexual intercourse যৌন সহবাস না করিবার আদেশ noncohabitation order যৌন হয়রানি sexual harassment আইন-শব্দকোষ: ৮১

র

রক্তথলি blood bag বক্তপরীক্ষা blood test রক্তসম্পর্ক consanguinity; whole blood রক্তসম্পর্কিত আইন jus sanguinis রক্তের নমুনা blood specimen; specimen of blood রক্ষণাবেক্ষণে অবহেলা milful neglect to maintain বক্ষিত বন reserved forest রসমধ্য Iheatre রদ abrogation; return রদকরণ annulment: revocation রদ করা abrogate; vacate রপ্তানি export রপ্তানি উন্রয়ন ব্যারো Export Promotion Bureau রপ্তানি নিষেধাজ্ঞা export bans রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকা Export Processing Zone রপ্তানিমূল্য নিয়ন্ত্রণ Export Price Check (E.P.C.) রমণার্থ সংগ্রহ করা procurement রসদ victuals রসিদ receipt: voucher রসুম court fee রাজকীয় ঘোষণা royal proclamation রাজকীয় বিশেষাধিকার royal prerogative রাজকীয় সনদ letters patent রাজকীয় সম্বতি royal assent

রাজকৌসুলি King's Counsel রাজত্ব-মধ্যবতীকাল interregnum রাজদ্রোহিতা treason রাজনৈতিক অধিকার political rights রাজনৈতিক অপরাধ political offence রাজনৈতিক আশ্রয় political asylum রাজনৈতিক দল political party রাজনৈতিক প্রশ্ন political questions রাজনৈতিক বন্দী political prisoner রাজসাক্ষী approver রজিম্ব revenue রাজস্ব আইন revenue statute রাজস্ব-কর্মকর্তা revenue officer রাজা বা রানী crown রাজ্যজয় conquest রাজ্যপ্রাপ্তি accession রাজ্যযোগ annexation রাজ্যাধিকার annexation রাতের পালা night shift রাত্রি বা রাত্রিকাল night or night-time রানীর কৌসুলি Queen's Counsel; Q.C. রাপোর্টার rapporteur রায় judgment রায় ও রোয়েদাদ judgment and award রায়ঘোষণার পূর্বে গ্রেপ্তার arrest before judgment রায়ঘোষণার পূর্বে ক্রোক atlachment before judgment রায়ত tenant রায়তি স্বত্ব tenancy

রায় তালিকাভুক্তকরণ entering judgment রায়-পুনরীক্ষণ review of judgment রায়-পুনর্বিবেচনা review of judgment বায় বাতিলকরণ reversal of judgment রায়দানকালে বিচারকের প্রাসঙ্গিক মন্তব্য obiter dictum রায় দেওয়া decide রায়সিদ্ধ অধমর্ণ judgment debtor রায়সিদ্ধ উত্তমর্ণ judgment creditor রায়সিদ্ধ সমন judgment summons রায়ে ভুল mistakes in judgment রাষ্ট্র state রষ্ট্রেদৃত ambassador রষ্ট্রেদতের প্রত্যয়নপত্র exequalur রাষ্ট্রদ্রোহ sedition রষ্ট্রেদোহিতা treason রাষ্ট্রপতি president রাষ্ট্রপতির সন্তোষ pleasure of president রাষ্ট্রপ্রধানের বিশেষ ক্ষমতা eminent domain রাষ্ট্রবিরহিত ব্যক্তি stateless person রাষ্ট্রবিরোধী অপরাধ offences against the state রাষ্ট্রহীন ব্যক্তি stateless person রষ্ট্রাঘাত coup d'etat রাষ্ট্রানুগামিতা escheat রষ্ট্রোয়ত্তকরণ বা স্বত্বনিরসন nationalization or expropriation বাষ্ট্ৰায়ত্ত শিল্প nationalized industries

রাষ্ট্রীয় আইন state act রাষ্ট্রীয় ক্ষমা amnesty রাষ্ট্রীয় গুহাবিষয়-ঘটিত বিশেষাধিকার state secrets privilege রাষ্ট্রীয় জলসীমা territorial waters রাষ্ট্রীয় বিষয়াবলি affairs of state রাষ্ট্রীয় সাহায্য State aid রাষ্ট্রে বর্তানো escheat রাষ্ট্রের নিরাপত্তা security of the State রাসায়নিক পরীক্ষক chemical examiner রান্তা road; street রান্তায় উৎপাত kerb crawling রাস্তায় গাড়ি চলাচল-সম্পর্কিত অপরাধ offences relating to road traffic রিক্ত দখল vacant possession বিট writ রিটার্ন return রিটার্নিং অফিসার returning officer রিবেট rebate রিমেইভার remainder রিসিভার receiver রীতি practice বীতিসিদ্ধ formal রীত্যনুসারী আইন customary law ৰুজুক্ত instituted ৰুদ্ধাবকক্ষে in camera রুদ্ধ-বিপণি চুক্তি closed-shop agreement ৰুদ্ধ সংগঠন closed union ৰুদ্ধ হিসাব blocked account

ৰুল নাইসাই rule nisi কল নিশি rule nisi রপান্তর conversion: transformation রূপান্তরিত প্রজাস্থত্ব converted tenancy রেওয়াজ practice বেকর্ডার recorder রেজিন্টার registrar রেজিন্টারের নিকট উইল বা ইচ্ছাপত্র জমা deposit will to registrar রেজিট্রেশন আইন registration law রেডেনডাম reddendum রেপ্রভাঁা replevin রেফারি referee রেফারেন্স reference রেয়াতপ্রাপ্ত জোগান exempt supply রেলক্রসিং rail crossing রেস ইপসা লোকুইটুর res ipsa loquitur রেস জুডিকাটা res judicata রেসপন্ডেন্ট respondent রেহাননামা letter of hypothecation রোক ready money রোগী patient রোয়েদাদ award রোল roll রোলিং উক rolling slock র্যাকেটিয়ারিং racketeering

ল লক্ষণ token লঘু light

লঘু অপরাধ misdemeanour লজ্ঞান violation লজ্জাকর shameful লজ্জাজনক shameful লটারি lottery লটকাইয়া জারি substituted service লঙ্গমন্তি accretion

লবিং lobbying

লভ্য royalty

লভাাংশ dividend

লভ্যাংশ অধিপত্ৰ dividend warrant

লয়েডস Lloyd's

ল-রিপোর্ট law reports লরো হিসাব loro account

লর্ড উপাধিধারী বিচারক Law Lords

লর্ড-সভা House of Lords

ল সোসাইটি Law Society

লাউডম্পিকার loudspeaker

লাখেরাজ lakhiraj

লাপ্থ্নাকর দণ্ড অথবা ব্যবহার degrading punishment or

treatment

লাভ gain

লাভজনক পদ office of profit

লাভলোকসানের হিসাব profit and

loss account

लालमा lust

লিকার liquor

লিখন writing

লিখিত in writing

লিখিত আপত্তি written objection

লিখিত কুৎসা libel

লিখিত জবাব দাখিলের সময়সীমা timelimits of written statement

লিখিতরূপে সাক্ষ্যপ্রমাণ দান evidence in writing

লিখিত সাক্ষ্য evidence in writing

লিখিত স্থারক memorandum in writing

লিগ অব নেশনস League of Nations

निञ्ज gender

লিঙ্গ-বৈষম্য sex-discrimination

লিঙ্গান্তর sex change

লিজিং কোম্পানিং leasing company

লিপি letter

লিবর LIBOR

লিভেরি livery

লুষ্ঠন করা plunder

লুপ্তনমূলক মূল্য predatory pricing লুপ্ত আধুনিক অনুদান lost modern

grant

লে-অফ Lay-off

লেকচার lecture লেখ্য bill

লেখ্য আদালত court of record

লেখ্যপ্রমাণক notary (notary public)

লেনদেন Iransaction

লেনদেনের সাধারণ ক্রমধারা ordinary

course of business

লেবেল label

লেসবিয়ানিজম lesbianism লোকসান damage; loss

লোকহিতকর উদ্দেশ্য benevolent

purposes

লোল সামগ্ৰী rolling stock

퍽

শক্তি force শক্তি ও অস্ত্র প্রয়োগে vi et armis শক্ৰ enemy শক্র ব্যবসা-প্রতিষ্ঠান enemy firm শক্র-সম্পত্তি enemy property শপথ oath শপথ করা swear শপথপূর্বক পরিত্যাগ abjuration শপথ পাঠ করানো administer oath

र्भेष noise শব্দ রেকর্ডিং sound recording শব্দের নিহিত বা গুপ্ত দ্বার্থতার জন্য প্রমাণ দেওয়া যাইতে পারে: বহিঃস্থ কোনো তথা হইতে দ্বর্থতার উদ্ধব হইলে বাহিরের প্রমাণ দারা তাহা অপনোদন

শবোৎখনৰ exhumation

করা যাইতে পারে ambiguitas verborum latens verificatione suppletur: nam quod ex facto oritur ambiguum verificatione facfi tollitur

শয়তান devil শরণাপন্ন না হইয়া sans recours শরণার্থী refugee শরিকানায় ন্যন্ত vested in interest শরিয়াত shariyat শরণাথী refuuee শরিক co-sharer; partner; sharik শরীর person

শরীরের অভিভাবক guardian of the

person

শর্ত condition; proviso; stipulation; term শর্ত দেওয়া provide শর্ত বা অনুবিধির প্রয়োগ applying the proviso শর্তবিহীন চুক্তিতে মামলার অধিকারের প্রা exnudo pacto non oritur action শৰ্তযুক্ত স্বীকৃতি conditional acceptance শর্তসাপেন্ধ অব্যাহতি conditional discharge শর্তসাপেক্ষ গ্রহণযোগ্যতা conditional admissibility শর্তসাপেক চুক্তি conditional agreement শর্তসাপেক্ষ জামিন conditional bail শর্তসাপেক ডিক্রি decree nisi শর্তসাপেক্ষ দলিল escrow শর্তসাপেক্ষ ফি প্রদানের চুক্তি conditional fee agreement শর্তসাপেক্ষ বিক্রয়-চুক্তি conditional sale agreement শর্তসাপেক স্বার্থ contingent interest; determinable interest শর্তসাপেক্ষ স্বীকৃতি conditional acceptance শর্তহীন unconditional শর্তহীন আত্মসমর্পণ unconditional surrender শর্তাধীন subject to

শর্তাধীন অধিকার qualified right

শর্তাধীন অব্যাহতি conditional discharge; qualified privilege

শর্তাধীন ফি প্রদানের চুক্তি conditional fee agreement শর্তাধীন বিক্রয়-চুক্তি conditional sale agreement শর্তাধীন সাময়িক মুক্তি parole শর্তাধীন স্বত্ব qualified title শর্তাধীন স্বীকৃতি qualified acceptance শল্যচিকিৎসক, শল্যবিদ surgeon শহর lown শহর ও অঞ্চল পরিকল্পনা town and country planning শান pavement শান বাঁধানো pave শান্তি peace শান্তিতে ও নিরুপদ্রবে peaceably and auietív শান্তিভঙ্গ breach of the peace শান্তিরক্ষা করা keeping the peace শান্তিরক্ষার মুচলেকা security for keeping the peace শান্তির জন্য ঐক্যবদ্ধ হওয়ার সিদ্ধান্ত United for Peace Resolution শান্তির বিরুদ্ধে অপরাধ crime against peace भाषिषि Satti শারীরিক আঘাত দান bodily harm শারীরিক ক্ষতি bodily harm শারীরিক দূর্বলতার অজহাত বিধি eggshell skull rule শারীরিক নিরাপত্তার আদেশ personal protection order শারীরিক শক্তি actual force; physical force

শার্জে দাফেয়ার charge d'affaires শাসন chastisement শাসন করা administer; control শান্তি penalty; sanction শাস্তিমূলক খেসারত punitive damages শাস্তির সংখ্যা penalty points শান্তিলাঘবের উদ্দেশ্যে দোষদ্বীকার plea bargaining শিকার game; victim শিক্ষাক্ষেত্রের স্বাধীনতা academic freedom শিক্ষাগত শৃঙ্গলা discipline শিক্ষানবিশ apprentice শিক্ষানবিশি probation শিক্ষাবর্ষেব পর্ব term শিথিল loose শিবিকা letter শিয়া shia শিরোনাম headings; title শিল্প industry শিল্পকর্ম artistic work শিল্পকৌশল-সংশ্লিষ্ট সংঘ craft union শিল্প-গণতন্ত্ৰ industrial democracy শিল্লঘটিত আঘাতজনিত অসমর্থতার ভাতা industrial injuries disablement benefit শিল্পঘটিত মৃত্যুজনিত ভাতা industrial death benefit শিল্প ট্রাইব্যানাল industrial tribunal শিল্প-সংক্রান্ত সংঘ industrial union

শিল্প-প্রতিষ্ঠান industrial establishment শিল্পবিরোধ industrial dispute; trade dispute শিল্ল-শ্রমিক সংঘ industrial union শিল্পী artist শিশু (নাবালক) child; infant (minor) শিতকর্মী child employee শিশুদের জন্য কাজের ঘণ্টা working hours for children শিশুনিৰ্যাতন abusing of children শিশুদের অভিভাবক children's guardian শিতপীড়ন abusing of children; child abuse শিশু-বিনাশ child destruction শিশু-ভবন creches শিতর ভরণপোষণ child support maintenance শিশু সাক্ষী child witness শিতহত্যা infanticide শীৰ্ষ আইন apex juris শীৰ্ষলেখ heading তকনা গোলমরিচ বীজে খাজনা peppercorn rent ত্তন exact ভনানি hearing প্রর only গুনানি বা বিচাব অগ্রগামী কবা advancement of trial খনানির বিজ্ঞপ্তি notice of hearing তনানি আরম্ভ করিবার অধিকার right to begin

তনানিপূর্ব নির্ধারণ pre-hearing assessment তনানিপূর্ব পুনরীক্ষণ pre-trial review ওফা shuffa তক commencement তরু করা begin শুরু হইতে শেষ পর্যন্ত through তক customs duty; duties তব্ধ ও বাণিজ্যবিষয়ক সাধারণ চুক্তি General Agreement on Tariffs and Trade (GATT) তন্ধ-প্রতার্পণ drawback গুল্ধাপেক পণ্যাগার honded warehouse শূন্যগর্ভ পরিশোধ balloon payment শুন্য-হারযুক্ত সরবরাহ zero-related supply শূন্যাবস্থা vacancy শৃঙ্গলা discipline শুঙ্খলা-বাহিনী disciplined force শৃঙ্খনামূলক আইন disciplinary law শেয়ার share শেয়ার-ওয়ারেন্ট share-warrant শেয়ার ক্রেয় করা subscribe শেয়ার-প্রমোচন issue of share শেয়ারধারী shareholders শেয়ার-সার্টিফিকেট share certificate শেয়ার-হন্তান্তর transfer of shares: share transfer শেয়ার হস্তান্তরিত হওয়া transmission of shares শেয়ারহোন্ডার shareholder

শেয়ারের অধিমূল্য share premium শেয়ারের শ্রেণী-অধিকার class rights শেয়ারের প্রমাণপত্র share warrant শেয়ারের সন্দপত্র share certificate শেরিফ sheriff

শেষ last

শেষ বেতনের প্রত্যয়নপত্র last pay certificate (L.P.C.)

শোধক নিয়োগী clearing agent শোধন করা make-up শোনা সাক্ষ্য hearsay evidence

শোভনতা-লজ্ঞন outraging public decency

শৌরগোল hue and crv

শ্রদ্ধাকরা honour

শ্ৰম labour

শ্রম আদালত labour court

শ্রম আপিল ট্রাইব্যনাল labour appellate tribunal

শ্রম আদালতের ক্ষমতা এবং কার্যবিধি powers and procedure of labour courts

শ্রম আদালতের রোয়েদাদ এবং সিদ্ধান্ত awards and decisions of labour courts

শ্রমজীবী মানুষ labouring man শ্রম-বিরোধী labour dispute শ্রম-বিরোধের মধ্যস্থতা conciliation of labour dispute

শ্রমশিল্প industry শ্রম, শ্রমিক, শ্রমজীবী মানুষ labour, labourer, labouring man

শ্রম-সংশ্লিষ্ট অন্যান্য আচরণ unfair labour practice শ্রমিক employee; labourer; worker শ্রমিক ইউনিয়ন labour union শ্রমিক ও কায়িক শ্রমিক worker and workman

শ্রমিকদের জন্য পানীয় জলের ব্যবস্থা provision for drinking water for workers

শ্রমিক প্রতিনিধিত্ব ও কল্যাণ কমিটি labour representation and welfare committee

শ্রমিক-সংঘ labour union; trade union

শ্রমিকের দায়-দায়িত obligation of workers

শ্রুত এবং চূড়ান্তরূপে মীমাংসিত heard and finally decided

শ্রুত হইবার অধিকার right of audience

শ্রুতি shruti; sruti

শ্রুতিমূলক hearsay

শ্রেণী-মোকদ্দমা class action শ্রেয়োনীতি ethics

শ্রেষ্ঠ সাক্ষ্যপ্রমাণ বিধি best-evidence rule

শ্বাসরোধ asphyxia শ্বেতপত্ৰ white paper

ষড়যন্ত্ৰ conspiracy ষষ্ঠ সংশোধন Sixth Amendment ষান্যাসিক half-yearly

স

সওয়াল-জবাব argument; oral argument সংকীর্ণ জায়গায় অতিরিক্ত লোকের বসবাস overcrowding সংকোচক পৃষ্ঠান্ধন restrictive endorsement সংকোচক ব্যবসায়িক রীতি restrictive trade practices সংক্রমণ transit সংক্রম পথে নিরোধন stoppage in transit সংক্ষিপ্ত আর্থিক বিবরণ summary financial statement সংক্ষিপ্ত কাৰ্যক্ৰম summary procedure সংক্ষিপ্ত বিচার mini-trial; summary সংক্ষিপ্ত বিচারে দোষ সাব্যস্তকরণ summary conviction সংক্ষিপ্ত বিচারের এখতিয়ারসম্পন্ন আদালত court of summary iurisdiction সংক্ষিপ্ত বিচারের রায় summary judgment সংক্ষিপ্ত মামলা-তালিকা short cause list সংক্ষিপ্ত মোকদ্দমা summary suits সংক্ষিপ্ত শিরোনাম short title সংক্ষিপ্তসার abstract সংক্ষিপ্তসার-বর্ণন summing up সংক্ষুদ্ধ ব্যক্তি person aggrieved সংক্ষেপ abbreviation

সংক্ষেপে বিচারযোগ্য অপরাধ summary offence সংক্ষোভ grievance; shock সংখ্যা number সংখ্যালঘু minority সংখ্যালঘুর সহিত প্রবঞ্চনা fraud on the minority সংখ্যালঘুর সুরক্ষা minority protection সংখ্যালঘু সম্পর্কিত অনুচ্ছেদ minority clauses সংগত প্রত্যাশা legitimate expectation সংগঠন organization সংগঠনের স্বাধীনতা freedom of association সংগম intercourse সংগীতকর্ম musical work সংগ্ৰহ collection সংগ্রহ করা levy; raise সংগ্ৰহণ procurement সংঘ association সংঘ চুক্তি association agreement সংঘটিত ব্যাপার res gestae সংঘবদ্ধ দৌরাত্ম্য racketeering সংঘবিধি articles of association সংঘর্ষ-সংক্রান্ত ধারা collision clause সংঘ-স্মারক memorandum: memorandum of association সংজ্ঞার্থ definition সংবাদপত্র newspaper

সংবাহ traffic

সংবিদাপ্রযুক্ত সুবিধার নিয়ম benefitof-the-bargain rule

সংবিধান constitution

সংবিধানের ব্যাখ্যা interpretation of the Constitution

সংবিধানের মূল বৈশিষ্ট্য বা কাঠামো basic features or structure of the Constitution

সংবিধানের সংশোধন amendment of the Constitution

সংবিধানের সহিত প্রবঞ্চনা fraud of the Constitution

সংব্যবহার transaction

সংবিধি statute

সংবিধি-আইন statute law

সংবিধি-পুস্তক statute book

সংবিধিবদ্ধ আইন statutory law সংবিধিবদ্ধ আমানত statutory

reserve

সংবিধিবদ্ধ কর্তব্যলজ্ঞ্মন breach of statutory duty

সংবিধিবদ্ধ কোম্পানি statutory company

সংবিধিবদ্ধ ঘোষণা statutory declaration

সংবিধিবদ্ধ চাহিদাপত্ৰ statutory demand

সংবিধিবদ্ধ দলিল statutory

সংবিধিবদ্ধ নিয়তকালিক বছায়ত্ব statutory periodic tenancy সংবিধিবদ্ধ নিয়ম ও আদেশ statutory rules and order

সংবিধিবদ্ধ ন্যাস statutory trust

সংবিধিবদ্ধ প্রজাস্বত্ব statutory lenancy

সংবিধিবদ্ধ ভবিষ্য তহবিল statutory provident fund

সংবিধিবদ্ধ সংস্থা statutory corporation

সংবিধিবদ্ধ সতর্কবাণী statutory warning

সংবিধিবদ্ধ স্বত্বাধিকারী statutory owner

সংবিধিবদ্ধ স্বত্মার্পণ statutory assignment

সংবিভাগী অবসর-ভাতা stakeholder pension

সংবৃত সংঘ closed union

সংব্যবহার transaction সংভার stock

সংভার-বিনিময় কেন্দ্র stock

সংভার-হস্তান্তর ফরম stock transfer form

সংমিশ্ৰণ amalgamation; hotchpotch

সংযত করা check; control

সংযত করা, বকা, নিন্দা করা, তিরস্কার করা, ভর্ৎসনা করা check, chide,

reprimand, reprove, rebuke

সংযত বাখা control

সংবৰ restraint

সংবিদ্য ক্ষমতা control

সংযুতি fixture সংযুক্ত তহবিল consolidated fund সংযুক্ত মূলধনি কোম্পানি joint stock company সংযুক্ত স্বাৰ্থ concurrent interests সংযুক্তি annexation; fixture সংযোগকরণ adjunction সংযোগকারী rapporteur সংযোগত conjunctim সংযোজন accession: addition: amalgamation; annexation; attach; tacking সংযোজন করা, বিচ্ছেদযোগ্য যোজন করা, যোজন করা, সংলগ্ন করা add. attach, affix, annex সংরক্ষণ reservation; saving সংরক্ষণকারী আদালত Court of Protection সংরক্ষণকারী ন্যাস protective trust সংরক্ষণকারী রোয়েদাদ protective award সংরক্ষণমূলক ন্যাস protective trust সংরক্ষণমূলক রোয়েদাদ protective award সংরক্ষিত reserve সংরক্ষিত এলাকা conservation area সংরক্ষিত তহবিল reserve fund সংরক্ষিত দখল protected occupancy সংরক্ষিত পণ্য protected goods সংরক্ষিত প্রজাস্বত্ব, protected tenancy সংরক্ষিত বন protected forest

সংবক্ষিত বাহিনী reserve forces সংরক্ষিত ব্যক্তি protected person সংরক্ষিত মূলধন reserve capital সংরক্ষিত রাষ্ট্র protected state সংরক্ষিত শিত protected child সংরক্ষিত স্বল্পমেয়াদি প্রজাস্বত protected shorthold tenancy সংরক্ষিত স্থান protected site সংরচনাত্মক অভিপ্রায় constructive intent সংরচনাত্মক দখল-সম্প্রদান constructive delivery সংরুদ্ধ হিসাব blocked account সংরোধক নিষেধাজ্ঞা freezing injunction সংলগ্ন এলাকা contiguous zone সংশক্তিতা synergism সংশোধন amendment সংশোধন করা amend সংশোধনী restification সংশ্লিষ্ট appurtenant সংশ্রিষ্ট করা involve সংশ্লিষ্ট থাকা appertaining সংশ্ৰিষ্ট সাক্ষী material witness সংসদ parliament সংসদ-নেতা Leader of the House সংসদ-সদস্য Member of Parliament (MP) সংসদীয় উপদেষ্টা parliamentary counsel সংসদীয় क्यिंगिमृह partiamentary committees

সংস্দীয় ন্যায়পাল Parliamentary Ombudsman সংসদীয় বিশেষাধিকার parliamentary privilege সংসদীয় বিশেষ পদ্ধতি special parliamentary procedure সংসদে উপস্থাপিত দলিল Command **Papers** সংসদের অবমাননা contempt of Parliament সংসদের আইন Act of Parliament সংসদে সংরক্ষিত মহিলা আসন reserve seats for women members in parliament সংসদের সার্বভৌমত্ব sovereignly of parliament সংসর্গ contact; intercourse সংসর্গের অধিকার consortium সংস্থা body corporate; corporation; undertaking সংস্থা-কর corporation tax সংস্থার ব্যক্তিত্ব corporate personality সংহতকরণ সংবিধি consolidating statute সংহিতাকরণের সংবিধি codifying statute সংহিতাবদ্ধকরণ codification সকলপ্রকার জবরদন্তি শ্রম নিষিদ্ধকরণ prohibition of forced labour সকলের জন্য আইনগত বাধ্যবাধকতা orge omnes obligations সকলের বিরুদ্ধে প্রযোজ্য অধিকার right in rem

সক্রিয় ভুল operative mistake সগোত্রতা consanguinity সঙ্গরোধ quarantine সঙ্গে করিয়া আনিবে duces tecum সঙ্গোপনে অনধিকার গৃহপ্রবেশ lurking house trespass সচল ন্যাস active trust সচিব secretary সঞ্চয় saving সঠিক just সঠিক পক্ষ ও প্রয়োজনীয় পক্ষ proper party and necessary party সঠিক সম্পাদনের পূর্বানুমান presumption of due execution সঠিক স্ট্যাম্পযুক্ত duly stamped সডক road: street সডক অপরাধ street offence সভকে যান-দুর্ঘটনা road traffic accidents সততাপ্রণোদিত বিশ্বাস belief in good faith সতর্কতামূলক রায় cautionary judgment সতর্কতার মান standard of care সত্রকীকরণ caution সত্তা entity সত্যতার বিবৃতি statement of truth সতাসস্কাশ সংব্যবহার colourable transaction সত্যসঙ্কাশ বৈকৃত্য colourable alteration সত্যাখ্যান tasdiq

সন্তোষণ satisfaction

সত্যাপন করা affirm সত্যায়ন endorsement সত্যায়িত attested; tasdik সত্ত্বান subsisting সদর দেওয়ানি আদালত Sudder Dewanny Adawlat সদর নিজামত আদালত Sudder Nizamut Adawlat সদস্য-বহি register of members সদস্যের ব্যক্তিগত বিল বা আইনের খসড়া private member's bill সদাচরণ good behaviour সদাচরণ ও সুবিবেক অনুযায়ী ex aequo et bono সদাচরণের মৃচলেকা security for good behaviour সদৃশ resembling; similar সদ্বিশ্বাস good faith সদবিশ্বাসে in good faith সন্দ charter সন্ডার্স বনাম ভটিয়ার Saunders V. Vautier সন্তান জন্মাইবার সম্ভাবনাহীন সীমিত স্বত্ভোগী প্ৰজা tenant in tail after possibility of issue extinct সন্মানদের জনা বন্দোবস্তের বিবরণী statement of arrangement for children সন্তানসন্ততি issue সন্তোষজনক satisfactory সন্তোষজনক তুণমান satisfactory quality

সন্ত্রাসবাদ terrorism সন্দর্শন view সন্দেহ apprehension; doubt সন্দেহজনক পরিস্থিতি suspicious circumstance সন্দেহবশত গ্রেপ্তার arrest on suspicion সন্দেহপ্রযুক্ত ছাড় benefit of the doubt সন্দেহভাজন ব্যক্তিকে প্রশ্ন জিজ্ঞাসা করা questioning of suspects সন্দেহাতীত প্ৰমাণ proof beyond reasonable doubt সন্দেহাবকাশ henefit of the doubt সন্ধি pact; treaty সন্রিকটবর্তীকরণ মতবাদ doctrine of approximation সন্নিকটে near সন্থিপান juxtaposition সন্নিবৃত্তি forbearance সন্নিহিত এলাকা contiguous zone সপিও sapinda সপিনা subpoena সপ্তম সংশোধন Seventh Amendment সপ্রাণ live সফ্টওয়্যার software সবকিছু যথার্থভাবে ও বিধিসংগতভাবে করা হইয়াছে বলিয়া ধারণা করা হয় omnia praesumuntur rite et solemniter esse acta সবটা all

সবুজ কার্ড green card সভা assembly; meeting সমকাম homosexuality সমকামী আচরণ homosexual conduct সমকালীন ব্যাখ্যা contemporanea expositio সমক্রক্ষ্যতা তত্ত্ব purchasing power parity theory সমগামী অপকর্তা concurrent tortfeasor সমতাই ন্যায়পরতা equality is equity সমতার ধারা equality clause সমদোষে দুষ্ট in pari delicto সমন summons সমনজারি service of summons সমনে উল্লিখিত তারিখ return day সমবংশোভূত collateral সমবায় বর্ষ cooperative year সমবায় সমিতি cooperative society সমভাবে in pari passu সমভোগ্য দেওয়াল party wall সম্মর্থাদা equal treatment সমম্যাদায় in pari passu সমমূল্য par value সময় time সময়-সম্বন্ধীয় স্বীকৃতি acceptance as to time সময়ের অগ্রাধিকার priority of time সমরূপ বাণিজ্য সংহিতা uniform commercial code

সমরূপ ব্যবসায়িক দর Uniform Business Rate (UBR) সমর্থন ও অনুমোদন করা confirm সম্থীকরণ সংবিধি enabling statute সমর্পণ surrender সমষ্টি aggregate সমস্ত all সমন্তটা lock, stock and barrel সমহারে pari passu সমাজ society সমাদিষ্ট আইন subordinate legislation সমান ক্ৰীডাক্ষেত্ৰ level playing around সমান চোখে দেখা equal treatment সমান বৈতন equal pay সমানুপাতিকতা proportionality সমান্তরাল আমদানি parallel import সমান্তরাল দ্বাদেশ concurrent sentence সমান্তরাল সংঘ horizontal union সমাবেশ assembly সমাবেশের অধিকার right of assembly সমাবেশের স্বাধীনতা freedom of assembly সমাহর্তা collector সমিতি society সমুচিত উত্তর retortion সমৃচিত জবাব retortion সমুদয় পরিস্থিতির নিক্ষ totality of the circumstances test

সমুদয় সংখ্যা aggregate সমুদ্ৰ sea সমুদ্র এলাকা maritime belt সমুদ্র গমনোপযোগী seaworthy সমুদ্রগমনোপযোগী জাহাজ seaworthy vessel সমুদ্রগর্ভে নিক্ষেপ করা jettison সমুদ্রগামী জাহাজ seagoing vessel সমুদ্রবিক্ষোভ sea সমুদ্রবিমা sea insurance সমুদ্রথাতা voyage সমুদ্রযাত্রাপত্র sea waybill সমুদ্রযাত্রার উপযোগী seaworthy vessel সমূদ্ৰে at sea সমুদ্রে ধৃত করা taking at sea সমুদ্রের একটি বৃহৎ ভূবেষ্টিত অংশ sea সমুদ্রের বিপদ perils of the sea সমুপস্থিত impending সমূহ ক্ষতি total loss সমেত including সমোদ্ভব জ্ঞাতি cognate সম্পত্তি property সম্পত্তি কর estate duty গম্পত্তি ক্রোক attachment of property সম্পতিঘটিত অপরাধ offences against property সম্পত্তিতে স্বার্থ interest in property সম্পত্তি ত্যাগ relinquishment সম্পত্তিতে হস্তান্তর-অযোগ্য স্বার্থ entailed interest

সম্পত্তিদান-নিবন্ধন registration of gift of property সম্পত্তি পরিদর্শন inspection of property সম্পত্তি বিনষ্টকরণ devastavit সম্পত্তি বাটোযারার জন্য কমিশন commission for partition সম্পত্তি ভোগদখলকারীর সাধারণ কর্তব্য common duty of care সম্পত্তির অভিভাবক guardian of property সম্পত্তির আইনসমত অভিভাবক legal guardian of property সম্পত্তির বিনিময়-চুক্তি commutative contract সম্পত্তির বিরুদ্ধে অপরাধ offences against property সম্পত্তির নিবন্ধনবহি property register সম্পত্তির স্বতুচ্যতি expropriation সম্পত্তির হস্তান্তর-প্রক্রিয়া conveyancing সম্পত্তি-সমন্বয়ের আদেশ property adjustment order সম্পত্তি-হন্তান্তর transfer of property সম্পর্কিত অনধিকারপ্রবেশ trespass by relation সম্পর্কে in relation of; in respect to; loward সম্পদ-কর wealth tax সম্পাদন performance সম্পাদনকারী editor সম্পাদনকারীর অধিকার performer's rights

আইন-শব্দেষ ১২৯৬

সম্পাদিত executed সম্পাদনীয় চুক্তি executory contract সম্পাদনীয় ন্যাস executory trust সম্পাদনের অসাধ্যতা impossibility of performance সম্পাদ্য executory সম্পাদ্য স্বত্ব executory interest সম্পার্শ্বিক চুক্তি তত্ত্ব collateral contract doctrine সম্পূৰ্ণ aggregate সম্পূৰ্ণ অক্ষমতা total disability সম্পূর্ণ এবং অনন্যভাবে (ব্যবহৃত) wholly and exclusively (used) সম্পূৰ্ণ খাইখালাস বন্ধক complete usufructuary mortgage সম্পূর্ণ ন্যায়বিচার complete justice সম্পূর্ণ পরিশোধিতমূল্য শেয়ার fully paid shares সম্পূৰ্ণ বস্তু res integra সস্পূৰ্ণভাবে all সম্পৃক্ত করা involve সম্প্রচার broadcasting সম্প্রতি lately সম্প্রতিপন্ন সিদ্ধান্ত concurrent findings সম্প্রতিনিরোধ restraint সম্প্রদায় section সম্প্রসারিত হইয়া অন্তর্ভুক্ত করা extend to and include সম্বৰ্কো in relation to সম্ভবপর possible সম্ভাবনা likelihood; possibility

সম্ভাবনা ও সম্ভাব্যতা possibility and probability সম্ভাবনীয়তা likelihood সম্ভাব্য উত্তরাধিকারী spes successionis সম্ভাব্য ও স্বাভাবিক probable and natural সম্ভাব্য কারণ probable cause সম্ভাব্যতা likelihood; probability সম্ভাব্য দায় contingent liabilities সম্বত আদেশ agreed order সম্মত হওয়া agree সম্বতি agreement; assent; consent সম্বতিদান করা subscribe সম্মতিপ্রদানকারী ব্যক্তির কোনো ক্ষতি করা হয় না volenti non fit injuria সম্মতিপ্রদানের বয়স age of consent সন্মানার্থে স্বীকৃতি acceptance for honour সন্মানার্থে স্বীকৃতিদাতা acceptor for honour সম্মানাম্পদভাবে খালাস honourable acquittal সম্মানাম্পদ অব্যাহতি honourable discharge সधानी honorarium সম্মথে before সমিলিত জাতিপুঞ্জ League of Nations সম্মিলিত রাষ্ট্রপ্রধান personal union সম্মিলিত সংঘ consortium সম্মুখবতী opposite সম্বাব্য before

সরকার government সরকার কর্তৃক প্রেরণ করা accredit সরকারি অছি public trustee সরকারি অনুদান government grant সরকারি অভিযোক্তা public prosecutor সরকারি আইন public Act; public সরকারি আবেদনকারী official petitioner সরকারি আসাদন public procurement সরকারি উকিল government pleader সরকারি ঋণ government debts সরকারি ঋণপত্র government securities সরকারি কর্ম government work; official act: public office সরকারি কর্মচারী government servant; public servant; public officer; servant of the government সরকারি কর্মচারীকে দায়িত্রপালনে বাধাদান obstructing public servant in discharge of public functions সরকারি কর্মে স্থাপিত আস্থা official confidence সরকারি কোষাগার public exchequer সরকারি গেজেট official gazette সরকারি গোপনীয় বিষয় official secrets সরকারি চুক্তি government contracts সরকারি জামানত government security আইন-শব্দকোষ : ৮২

সরকারি জায়গা public place সরকারি জাহাজ public vessel সরকারি তালাস official search সরকারি দলিল public document সরকারি দায় government liabilities সরকারি দায়িত্ব পালনে সরকারি কর্মচারীকে বাধাদান obstructing public servant in discharge of public functions সরকারি দায়িত্ব public duties সরকারি পরিপত্র government circular সরকারি প্রতিদ্বন্দ্রিতাকারী public defender সরকারি পাওনা আদায় আইন Public **Demand Recovery Act** সরকারি ফৌজদারি মামলা পরিচালক Director of Public Prosecutions সরকারি বিজ্ঞপ্তি public notification সরকারি বিভাগ government department সরকারি বিল public bill সরকারি মধ্যস্থতাকারী official referee সরকারি রিসিভার official receiver সরকারি শিল্প বা বাণিজ্য প্রতিষ্ঠান public industry or commercial organization সরকারি সংগ্রহ public procurement সরকারি সন্দ letters patent সরকারি সম্পত্তি government property সরকারি সলিসিটর Official Solicitor সরকারি সিকিউরিটি public securities সরকারি স্ট্যাম্প government stamp

সরকারি স্ট্যাম্প জালকরণ counterfeiting government stamp সরকারি হিসাব কমিটি Public Accounts Committee সরকারের আইন কর্মকর্তাগণ Jaw officers of the government সরকারের গোপন বিষয় official secrets সরকারের বলিয়া অনুমিত বনজদুব্য forest produce presumed to belong to government সরবরাহ supply সরল অর্থ plain meaning সরল ন্যাস bare trust সরলবিশ্বাসপ্রসৃত তুল bona fide; mistake সরল বিশ্বাসে bona fide; in good faith সরল রেহেন simple mortgage সরাই sarai সরাসরি অধিকার লঙ্খন direct infringement সরাসরি ঋণপত্র straight letter of credit সরাসরি ও পরোক্ষ হার direct and indirect rate সরাসরি চলাচল through traffic সরাসরি বহনপত্র straight bill of lading সরেজমিনে তদন্ত local investigation সরেজমিনে পরিদর্শন local inspection

সবকিছু যথার্থভাবে ও বিধিসংগতভাবে করা হইয়াছে বলিয়া ধারণা করা হয় omnia praesumuntur rite et solemniter esse acta সর্বজনপরিচিত ব্যক্তিত্ব public figure সর্বজনীন মানবাধিকারের ঘোষণাপত্র Universal Declaration of Human Rights সর্বপ্রভাবী নালিশ actio in rem সর্বপ্রভাবী রায় judgment in rem সর্ববিষয়ে on all fours সর্বমান্য আইন jus cogens সর্বপ্রভাবী নালিশ actio in rem সর্বপ্রযোজ্য আইন public act সর্বপ্রযোজ্য বিল বা আইনের খসডা public bill সর্বশেষ আপিল আদালত court of last resort সর্বসাধারণের চিত্তবিনোদনের স্থান place of public amusement সর্বসাকুল্য লোকসান net loss সর্বসাধারণের ও সাধারণ অধিকারসমূহ public and general rights সর্বসাধারণের জন্য উন্মক্ত করা go public সর্বসাধারণের ব্যবহারযোগ্য স্থান common সর্বসাধারণের স্থান public place সর্বোচ্চ paramount সর্বোচ্চ আইন supreme law সর্বোচ্চ আদর্শ basic norm সর্বোচ্চ দফা paramount clause সর্বোচ্চ নিলামডাককারী highest bidder

সর্বোচ্চ পরিমাণ maximum সর্বোচ্চ সীমা maximum সর্বোচ্চ বিচার-আদালত Supreme Court of Judicature সর্বোচ্চ শান্তি capital punishment সলিসিটর solicitor সলিসিটর ও নিজ মক্লেলভিত্তিক খরচাদির হিসাব solicitor and own client basis of costs সলিসিটর জেনারেল Solicitor General সলিসিটরের পূর্বস্থত solicitor's lien সলিসিটরের সনদ practicing certificate সশস্ত্র অভ্যথান armed insurrection সশস্ত্র বাহিনীর আইন service law সশস্ত্র বাহিনীর আদালত service court সশস্ত সংঘৰ্ষ armed conflict সশ্রদ্ধ পদ্ধতি solemn form সশ্রম কারাদও rigorous imprisonment সসম্মান অব্যাহতি honourable discharge সসম্মানে খালাসপ্রাপ্ত honourably acquitted সহ-অংশীদার sharik সহ-উত্তরবাদী co-respondent সহ-উত্তরাধিকারী coparcener সহকারিতা collaboration সহকারী assistant সহগামী অপকর্তা concurrent tortfeasors সহগামী শর্ত attendant terms

সহজাত ক্রটি inherent vice সহ-নিয়োগী sub-agent সহবর্তমান ইজারা concurrent lease সহবর্তমান এখতিয়ার concurrent jurisdiction সহমৃত commorientes সহযোগী associate: partner সহায়ক ancillary সহায়ক-অধিকার লঙ্ঘন contributory infringement সহায়ক ঋণ-ব্যবসা ancillary credit business সহায়ক কাগজপত্ৰ accommodation সহায়তা assistance সহায়ক দাবি ancillary claim সহায়-সংঘ consortium সহিংস উচ্চ্ ঙ্খলতা violent disorder সাইডিং siding সাইবার-অপরাধ cyber crime সাইবারশ্পেস cyberspace সাংগঠনিক সভা organizational meeting সাংবিধানিক প্রশ্ন constitutional questions সাংবিধানিক রীতি constitutional conventions সাংবিধানিক রীতি constitutional conversions সাক্ষী witness সাক্ষীকে পুনঃতলব recall of witness সাক্ষীৰ আচৰণ demeanor of witness

সাক্ষীর জবানবন্দি গ্রহণের জন্য কমিশন commission to examine witnesses সাক্ষীর পরওয়ানা subpoena সাক্ষ্য deposition; evidence; testament সাক্ষ্য উপস্থাপন করা adduce evidence সাক্ষ্য গোপনকরণ suppression of evidence সাক্ষ্যদম্ম suppression of evidence সাক্ষ্যদানে হস্তক্ষেপ interfering with witness সাক্ষ্য দেওয়া depose সাক্ষ্য প্রদান lead evidence সাক্ষ্যপ্রমাণ বিষয়ক পরামর্শ advice on evidence সাক্ষ্যপ্রমাণ evidence সাক্ষ্যপ্রমাণে গৃহীত admitted in evidence সাক্ষ্যপ্রমাণের গ্রাহ্যতা admissibility of evidence সাক্ষ্য বিনাশকরণ suppression of evidence সাক্ষ্য স্থায়ীকরণ perpetuating testimony সাগর sea সাজ্জাদানশিন sajjadanashin সাত বংসর যাবং অনুপস্থিত absence for seven years সাত্ত্বিক আইন substantive laws সাথী partner সাদৃশ্য analogy সাদৃশ্যযুক্ত resembling

সাধনপত্র instrument সাধারণ ordinary সাধারণ অজুহাত general defences সাধারণ অভিপ্রায় general intent সাধারণ আইন common law nations সাধারণ আইনের পণ্যচিক trademark of common law সাধারণ আইনের বিবাহ common law marriage সাধারণ আপত্তি general objection সাধারণ আর্থিক মুচলেকা common money bond সাধারণ উক্তি general words সাধারণ উদ্দেশ্য common object সাধারণ উন্তয়ন এলাকা general improvement area সাধারণ ও বিশেষ ক্ষতি general and special damage সাধারণ ও বিশেষ ক্ষতিপূরণ general and special damages সাধারণ কল্যাণ general welfare সাধারণ গড় general average সাধারণ গড ক্ষতির অংশপ্রদান general average contribution সাধারণত usually সাধারণ ন্যায়ানুগ দায় general equitable charge সাধারণ পরিবহন public carrier সাধারণ পরিবাহক common carrier সাধারণ বন্ধক simple mortgage সাধারণ বিচার্য বিষয় general issue সাধারণ বিষয় সুনির্দিষ্ট বিষয়ের গুরুত্ব খর্ব করে না generale specialibus non derogant

সাধারণ বৃত্তি ordinary calling সাধারণ ব্যতিক্রমসমূহ general exceptions সাধারণ রায় general verdict সাধারণ ভুল common mistake সাধারণ শেয়ার equity share; ordinary share সাধারণ সভা general meeting সাধারণ সাফাই general defences সাধারণ সীমিত স্বত্ব tail general সাধারণ সিদ্ধান্ত বা রায় general verdict সাধারণ সুবিধাদানের বিধি Generalised System of Preference (G.S.P.) সাধারণ স্বীকৃতি general acceptance সাধারণের অধিকার right of common সানুভৰ subjective সান্ত্রনাপ্রদ ক্ষতিপুরণ solalium সান্ধ্য আইন আদেশ curlew order সাপরাধতা responsibility সাপেক subject to সাপ্তাহিক ছুটি weekly holiday সাপ্তাহিক প্ৰজাস্বত্ব weekly tenancy সাপ্তাহিক ভাড়া weekly tenancy সাফ মুনাফা net profits সাফ মূল্য net value সাফাই প্রত্যাহার withdrawal of defence সাফাই বিবৃতি বা সাক্ষ্য exculptory statement or evidence সাব-এজেন্ট sub-agent সাবালক adult

সাবালকত্ব full age; majority সাবেক অবস্থায় প্রত্যর্পণ restitio in integrum সামগ্রিকভাবে as a whole সামপ্তস্যপূর্ণ ব্যাখ্যা harmonious construction সামন্ততন্ত্ৰ feudal system সামন্তসদন mansion; mansion house সাময়িক casual সাময়িক অপ্রকৃতিস্থতা temporary insanity সাময়িক অবসায়ক provisional liquidator সাময়িক ক্ষতিপুরণ provisional damages সাময়িক নিঃস্ব casual pauper সাময়িক নৌযান ভাড়া time charter সাময়িক প্রত্যর্পণ replevin সাময়িক বরখাস্ত suspension সাময়িক বিফলতা temporary frustration সাময়িক বিভাগ casual ward সাময়িক বিমাপত্র time policy সাময়িকভাবে pro tempore সাময়িকভাবে স্থলাভিষিক্ত acting সামরিক অভ্যত্থান coup detat সামরিক আইন martial law সামরিক আদালত court martial; military court সামরিক হেফাজত military custody সামর্থ্য ability; capacity

সামর্থ্য ও ধারণক্ষমতা ability and capacity সামষ্টিক macro সামষ্টিক শান্তি collective punishment সামাজিক চুক্তি social contract সামাজিক তদন্ত প্রতিবেদন social inquiry report সামাজিক তহবিল social fund সামাজিক নীতিবিধি social policy rule সামাজিক বনায়ন social forestry সামাজিক মর্যাদা quality সামাজিক মৃত্যু civil death সামান্য ordinary সামুদ্রিক আইন law of the sea সামূদ্রিক পূর্বস্বত্ব দায় maritime lien সামুদ্রিক বিপদ dangers of the seas সামুদ্রিক মহীসোপান continental shelf সারকথা operative words সারগত essential সারগর্ভ substantial সারণি table সার্ণি 'ক' Table A সারবতা substance সারবান substantial সারবান সাক্ষ্য বা সাক্ষ্যপ্রমাণ substantial evidence সারসংক্ষেপ abstract সারাংশ substance সার্কেল চিফ circle chief সার্টিফিকেট certificate

সার্টিফিকেট অফিসার certificate officer সার্টিফিকেট অফিসারের পদমর্যাদা status of certificate officer সার্টিফিকেট জারি execution of certificate সার্টিফিকেট দেনাদার certificate debtor সার্টিফিকেট ধারক certificate holder সার্বজনিক উপদ্রব common nuisance সার্বজনিক কর্পোরেশন public corporation সার্বজনিক সংস্থা বা কোম্পানি public company সার্বজনিক সংস্থা public body; public company; public corporation সার্বজনিক সীমিতদায় কোম্পানি public limited company সাৰ্বজনিক স্থান forum সার্বজনিকীকরণ going public সার্বজনীন কোম্পানি public company সার্বজনীন সাধারণ আইন public general Act সার্বভৌম sovereign সার্বভৌমত্ব sovereignty সার্বলৌকিক এলাকা public domain সার্বভৌম দায়মুক্তি sovereign immunity সালামি premium; salami সালিশ arbitration; referee ञानिनि arbitration সালিশ চুক্তি arbitration agreement সালিশি দফা arbitration clause

সালিশি পরিষদ arbitration council; conciliation council সালিশি মীমাংসা compromis d'arbitrage সালিশি আদালত conciliation court সালিশির জন্য পেশ submission সাহায্য assistance সাহায্যার্থে মনজুরি grant in aid সাহিত্যকর্ম literary work সাহিত্য ও শিল্পকর্ম literary and artistic work সিংহাসন বা পদ ছাড়িয়া দেওয়া abdication সিঁধ কাটা housebreaking সিঁধেল চুরি burglary সিকিউরিটি security সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন Securities and Exchange Commission (SEC) সিদ্ধ কার্য factum valet সিদ্ধান্ত decision: finding: resolution: verdict সিদ্ধান্তজনিত মামলা derivative action সিদ্ধান্তের হেতু ratio decidendi সিলমোহর adhesive stamp; seal সিলমোহরাঞ্চিত sealed সিলেকশন গ্রেড selection grade সীমা limit সীমা-আরোপকারী শর্ত restrictive covenant সীমানা-নির্ধারণ demarcation সীমাবদ্ধ limited company

সীমাবদ্ধকর শর্ত restrictive covenant সীমাবদ্ধ চুক্তি restricted contract সীমাবদ্ধতা restriction সীমাবদ্ধ প্রজা tenant in lail সীমাবদ্ধ প্রজা, যাহার সন্তান জন্মাইবার সম্ভাবনা তিরোহিত tenant in tail after possibility of issue extinct সীমানা boundary সীমানা কমিশন boundary commission সীমাবদ্ধ স্বীকৃতি qualified acceptance সীমাহীন দায়যুক্ত কোম্পানি unlimited company সীমিতকরণ qualification সীমিতদায় যৌথ কারবার limited liability partnership সীমিতদায় কোম্পানি limited company সীমিত নিৰ্বাহক limited executor সীমিত ব্যবস্থাপনা limited administration সীমিত মালিক limited owner সীমিত মালিকের দায় limited owner's charge সীমিত যৌথ কারবার limited partnership সীমিত সময়ের অথবা শর্তসাপেক্ষ বর্তসত্ত্ব easement for limited time or condition সীমিত স্বতু tail সীমিত স্বত্বভোগী প্ৰজা tenant in tail সুখসুবিধার ক্ষতি loss of amenity সুখস্বাচ্ছন্দ্যের হানি loss of amenity

সুখাধিকার easement সুখাধিকারসম quasi easement সুদক্ষ চালনা manipulation সৃদ বিচালন interest arbitrage সুদের হার rate of interest সুনাম goodwill; reputation সুনির্দিষ্ট specific সুনির্দিষ্ট অর্পণ specific delivery সুনির্দিষ্ট অভিপ্রায় specific intent সুনির্দিষ্ট আপত্তি specific objection সুনির্দিষ্ট উত্তরদায় specific legacy সুনির্দিষ্ট নির্দেশ specific directions সুনির্দিষ্ট পণ্য specific goods সুনির্দিষ্ট প্রতিকার specific relief স্নির্দিষ্ট প্রদান specific devise সুনির্দিষ্ট বলবংকরণ specific performance সুনির্দিষ্টভাবে উল্লিখিত specified সুনীতি অনুচ্ছেদ honour clause সনৈতিকতা-বিরোধী contra bonus mores সুন্নাই sunnah সুন্নি sunni সুপ্ত জাহাজ ভাড়া dead freight সুপ্রিম কোর্ট Supreme Court সূপ্রিম কোর্টের আসন seat of Supreme Court সূপ্রিম কোর্টের বিধি কমিটি Supreme Court Rule Committee সুপ্রিম কোর্টের রায় iudgment of the Supreme Court সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল Supreme Judicial Council

সুবিধা advantage; benefit; convenience সুবিচারের জন্য ends of justice সুবিনান্ত তথ্যসংগ্ৰহ data base সুযোগ opportunity সুযোগের সমতা equality of opportunity সুরক্ষা ও দায়মুক্তি সংঘ (বা ক্লাব) protection and indemnity association (or club) সুরক্ষাপত securities সুরতহাল inquest সুরতহাল প্রতিবেদন inquest report সুরাজাতীয় পানীয় liquor সুস্থ মনের পূর্বানুমান presumption of sanity সুস্থমন্তিষ্ক sound mind সুস্থাবস্থায় ব্যক্ত ইচ্ছা living will সুস্টি express; obvious সুস্পষ্ট অবিচার manifest injustice সুস্পষ্ট ন্যাস express trust সুস্পষ্টভাবে প্রকাশিত শর্ত express term সুস্পষ্ট ভূল manifest error সুস্পষ্ট শর্ত express term সৃষ্টিশীলতা creativity সেই সময়ে বা তাহার নিকটবর্তী সময়ে at or about the time সেনাবিদ্রোহ mutiny সেপ্টিক ট্যাংক পায়খানা septic tank latrine সেবক servant সেবায়েত sebayet; shebayet

সেবা হইতে বঞ্চিত হওয়া loss of service সে সতৰ্ক থাকুক caveat সৈনিক soldier সৈনিক, নাবিক অথবা বৈমানিকের বিরুদ্ধে মামলা soldier's, mariner's or airman's suit সৈনিকের ইচ্ছাপত্র soldier's will সৈনিকদের ইচ্ছাপত্র military testament সোনা gold সোনালি আহ্বান golden hello সোনালি করমর্দন golden handshake সোপর্দকারী ম্যাজিন্ট্রেট committing magistrate সোলে compromise of suit ,সৌজন্যমূলক অনুচ্ছেদ honour clause শ্বলনঘটিত বিধি slip rule ন্টকবোকার stockbroker ইক এক্সচেঞ্জ stock exchange স্টল stall স্টার্লিং এলাকা starling area ন্টিভেডোর stevedore ন্যাম্প stamp ন্ট্যাম্প ডিউটি stamp duty ন্তপীকরণ stocking श्री wife স্ত্রীধন stridhan স্ত্রী-ভাতা alimony স্থাতি ঋণ deferred debt স্থগিতকরণ adjournment; prorogation

স্থগিত দণ্ডাদেশ suspended sentence স্থগিত শাস্তি deferred senlence স্থগিতাবস্থা abeyance স্থলাভিষেক subrogation স্থলাভিষিক্ত হওয়া succeed স্থান place; site স্থানাধিকার supercession স্থানান্তরীকরণ removal স্থানাপন্নকরণ subrogation স্থানাপন্ন ব্যক্তি proxy স্থানিক আইন lex loci স্থানিকতা territoriality স্থানিক সীমা territorial limits স্থানীয় আইন local law স্থানীয় আদালতের আইন lex fori স্থানীয় কর্তৃপক্ষ local authority স্থানীয় প্রতিকারের নিঃশেষীকরণ exhaustion of local remedies স্থানীয় শাসন local government স্থানীয় সংঘ local union স্থানীয় সরকার local government স্থানীয় সরকার এলাকা local government area স্থাপন করা set up স্থাবর সম্পত্তি immovable property; immovables; real property; realty স্থাবর সম্পত্তির নিলাম auction of immovable property স্থায়ী permanent স্থায়ী অসামরিক আদালত standing civilian court

স্থায়ী আদেশ standing order স্ব-উৎপাদিত বিফলতা self-induced স্থায়ী আবাস habitual residence frustration স্থায়ী কমিটি standing committee স্ব-উদ্যোগ suo moto স্থায়ী নিবাস domicile স্ব-উদ্যোগে ex proprio motu স্বকার্যজনিত বাধা estoppel স্থায়ী নিষেধাজ্ঞা perpetual injunction স্বকার্যজনিত বাধায় সৃষ্ট প্রজাস্বত্ব স্থায়ী পরিসম্পৎ fixed assets tenancy by estoppel স্থায়ী মূলধন fixed capital স্বকার্যজনিত বাধার দারা অভদ্ধ হস্তান্তর স্থিতাবস্থা status quo সিদ্ধ হওয়া feeding the grant by স্থিতিপত্ৰ balance sheet estoppel স্থির ঋণপত্র fixed letter of credit স্বকার্যজনিত বাধার বিচার্য বিষয় issue স্থির বিনিময়হার fixed rate of estoppels exchange স্বকৃত অন্যায়বশত executor de son স্নায়বিক আঘাত nervous shock tort স্পর্শনযোগ্য সম্পত্তি tangible property স্বগৃহে নিরাপত্তা লাভ protection of স্পর্শযোগ্য সম্পত্তি tangible property homes স্পর্শাগম্য সম্পত্তি intangible property ৰক্ষতা transparency স্পষ্ট আদেশ speaking order ৰতঃশ্ৰষ্ট obvious স্পষ্ট ও বিদ্যমান বিপদ নীতি clear ৰতন্ত্ৰ distinct; separate and present danger doctrine স্বতন্ত্ৰ সংঘ independent union স্পষ্টত প্রতীয়মান বর্তস্বত্ব apparent ৰত্ব copyright; fee; title easement স্বত্ত্যাগ cession; renunciation; স্পষ্ট বৈষম্য positive discrimination waiver ম্পিকার Speaker স্বত্ধারণ retention of title শ্বণকাল living memory স্থানিবন্ধন registration of title স্মরণাতীত কাল time immemorial স্বত্ব-নিরসন expropriation স্মরণাতীতকালের ব্যবহার immemorial স্বত্ত-সংরক্ষণ reservation of title user স্বত্ব সম্প্রসারণ করা enlarge শৃতি memory; Smriti সত্য-হস্তান্তর cession স্থৃতি জাগ্রত করা refreshing memory স্থাধিকার entitlement; property সৃতিনিদর্শন monument right স্তিভংশ amnesia; dementia স্বত্যাধিকারভুক্ত বলিয়া বিবেচিত held শৃতিসৌধ monument স্বতাধিকারী বা মালিক হওয়া own

স্বত্বার্পণ assignment স্থতের অপবাদ slander of title স্বত্যাধিকারী থাকা held স্বত্বের দলিল title deeds স্বত্যের মালিকানার মূল দলিল rool of স্থত্রে সারসংক্ষেপ abstract of title স্বদোষারোপের বিরুদ্ধে অধিকার right against self-incrimination ৰদেশত্যাগ expatriation স্বধর্মত্যাগ apostasy স্বনিযুক্ত self-employed স্ব-নির্ধারণ self-assessment স্ব-নির্মাণ সমিতি self-build society স্ববিরোধিতা repugnancy স্বব্যক্ত ঘটনা res ipsa loquitu ৰভাব habit স্বমতবর্জন apostasy ৰয়ং in person স্বয়ংক্রিয় গণনাকারী যন্ত্র Automated Teller Machine (ATM) স্বয়ংক্রিয় শর্ত automatic reservation স্বয়ংক্রিয়তা automatism স্বয়মধিকারী sui juris ব্রাজ self-government স্বৰ্ণ gold স্বন্ধ এখতিয়ারসম্পন্ন আদালত small causes court স্বল্পকালীন নোটিশের জমা Short Notice Deposit (SND) স্বল্পকালের আমানত Short Term Deposit (STD) স্থাসন self-government

স্বল্পসংখ্যক ব্যবসায়ীর একচেটিয়া কারবার oligopoly স্বল্লসময়ের বিজ্ঞপ্তি short notice স্বল্পসময়ে সোপর্দকরণ short committal স্ব-সম্পর্কিত সাক্ষ্য self-regarding evidence স্বহন্তলিখিত দলিল holograph ৰান্ধর sign; signature; subscription স্বাক্ষরকরণ subscription বাক্ষর করা sign; subscribe বাক্ষরকারী সতর্ক থাকুক caveat subscriptor স্বাক্ষরিত signed স্বাত্ত্য distinctiveness স্বাধীন ইচ্ছা বা মতামত free consent স্বাধীন ঠিকাদার independent contractor স্বাধীনতা liberty স্বাধীন নিৰ্ব্যুঢ় স্বত্ত্ব freehold স্বাধীন ব্যক্তিবৰ্গ independent persons স্বাধীন স্বত্বাধিকার freehold স্বাবলম্বন self-help স্বাভাবিক অধিকার natural rights স্বাভাবিক normal; ordinary স্বাভাবিক অভিভাবক natural guardian স্বাভাবিক অর্থ plain meaning স্বাভাবিক আইন law of nature স্বাভাবিক ক্ষয়ক্ষতি fair wear and tear

স্বাভাবিক ন্যায়পরতা natural justice স্বাভাবিক ন্যায়বিচার natural justice স্বাভাবিক ব্যক্তি natural person স্বাভাবিক যতু ordinary care স্বামী ও স্ত্রী husband and wife স্বামীর আশ্রয়ে বসবাসকারী বিবাহিত স্ত্রীলোক feme covert স্বায়ত্তশাসন autonomy স্বাৰ্থ interest স্বার্থবিহীন ব্যবহার মোকদ্দমা interpleader suit স্বার্থবিহীন ব্যবহার-সংক্রান্ত পরওয়ানা inter-pleader summons স্বার্থবিহীন মামলা interpleader suit স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি person interested ন্বার্থসংশ্লিষ্ট সম্পর্ক privity বার্থের সংঘাত conflict of interest স্বীকরণ adoption স্বীকার করা admit স্বীকারোক্তি admission; confession স্বীকারোক্তি ও স্বীকৃতি confession and admission স্বীকৃত supposed দ্বীকৃত পারস্পরিক দাবি-পরিশোধ admitted set-off স্বীকৃত হিসাব account stated খীকৃতি acceptance; acknowledgement; recognition স্বীকৃতি ঋণ acceptance credit স্বীকৃতিকারী acceptor শ্বীকৃতিদান attornment; recognition স্বীকৃতিদানের প্রশ্ন recognition issue স্বীকৃতি প্রত্যাহার derecognition

স্বীকৃতির বাধা বা প্রতিবন্ধক estoppel স্বীয় অবৈধ কর্মে সৃষ্ট ন্যাস trustee de son tort স্বেচ্ছাকৃত voluntary স্বেচ্ছাকৃত অবলুপ্ত voluntary winding-স্বেচ্ছাকৃত অবাধ্যতা wilful disobedience ম্বেচ্ছাকৃত আবাসন voluntary accommodation স্বেচ্ছাকৃত এবং বেপরোয়া অসদাচরণ voluntary and wanton misconduct স্বেচ্ছাকৃত পরিক্ষয় voluntary waste ম্বেচ্ছাকৃত বন্দোবস্ত voluntary settlement স্বেচ্ছাকৃত বিল-ব্যবস্থা voluntary bill procedure ম্বেচ্ছাকৃত বিলিব্যবস্থা voluntary disposition ম্বেচ্ছাকৃত ব্যবস্থা voluntary arrangement স্বেচ্ছাকৃত স্বীকারোক্তি voluntary confession বেচ্ছাক্রমে voluntarily স্বেচ্ছাক্রমে আঘাত করা voluntarily causing hurt স্বেচ্ছাক্রমে গুরুতর আঘাত করা voluntarily causing grievous hurt স্বেচ্ছাচারী arbitrary স্বেচ্ছাবৃত্ত এবং স্বৈয়বৃত্ত অসদাচরণ wilful and wanton misconduct স্বেচ্ছব্রতী volunteer স্বেচ্ছামূলক অবসায়ন voluntary

liquida 41

ষেচ্ছামূলক হস্তান্তর-দলিল voluntary coveyance কেন্দ্রায় অবসরগ্রহণ optional retirement ষেচ্ছায় সম্মতি free consent ধৈরতন্ত্র tyranny ধৈরবৃত্ত wanton মোপার্জিত সম্পত্তি self-acquired property

হ

হকওফা haq-shuffa ইত্যা assassination হয়রানি harassment হয়রানিকর মামলা vexatious action হরণ larceny হরতাল strike হরফ letter হলফ halaf: oath হলফ কমিশনার commissioner for oath হলফনামা affidavit হলুদৰ্বহি vellow book হতকেপ interference: intervention হন্তলিপি handwriting হস্তশিল্প handicraft হস্তসাধ্য পেশা manual occupation হস্তাক্ষর handwriting হস্তাক্ষরের প্রমাণ proof of handwriting হস্তাঙ্গুলির ছাপ fingerprint হস্তান্তর alienation: demise: transfer হস্তান্তর-অযোগ্যতা-বিরোধী নিয়ম rule against inalienability হস্তান্তর করা demise হস্তান্তরকালীন কর্তব্য lurnover duty হস্তান্তর-দলিল conveyance হস্তান্তরযোগ্য alienable হস্তান্তরযোগ্য লেখা বা দলিল negotiable instrument হস্তান্তরযোগ্য শরিকানা transferable interest হস্তান্তরিত বিষেষ transferred malice হস্তান্তরিত সম্পত্তির বিবরণ habendum হস্তান্তরে বাধা restraint of alienation হন্তান্তরের অগ্রাধিকার priority of assignment হাইগ্রোমিটার hygrometer হাইকোর্ট High Court হাইকোর্ট বিভাগ High Court Division হাকিম judge হাজত custody হাজত বা বন্দি দশা হইতে মুক্ত করা enlarge হাজির করিবার বিজ্ঞপ্তি notice to produce হাজির ইইতে ব্যর্থ fails to appear হাজির হওয়া appear হাজিরা attendance হাট market হাটবাজার hat-bazar হাতবন্দুক handgun হাতেনাতে in flagrante delicto হাতের ছাপ palm's print হাতের লেখা handwriting

হাদিস hadith হিসাব বহি books of accounts হানাফি Hanafi হিসাবসংক্রান্ত মামলা account suit হানিকরভাবে with prejudice হিসাবরক্ষণ-পদ্ধতি method of হামবুর্গ বিধানাবলি Hamburg rules accounting হিসাবশোধন rest হামলা assault হিসাবের একক denomination হামলা ও পীড়ন assault and battery হিসাবের পাওনা book-debt হালকা light হুঁশিয়ারি admonition হাশিয়ার মন্তব্য marginal notes হকুম mandate হাসপাতাল hospital হিংসাত্মক উচ্ছুঙ্খলতা violent disorder হুকুমদখল requisition হুকুমনামা warrant হিজানত hizanat হন্ডি bill of exchange; draft; hundi হিত ॥১৯ হডিতে টোকা noting a bill হিতকরভাবে দখলের অধিকারী হডিস্বীকার acceptance of a bill beneficially entitled হিত্যাহী beneficiary ছবছ on all fours হিত্যাহীর স্বত্ব beneficial interest হুবহু নকল true copy হিত্গাহী মালিক beneficial owner হলিয়া proclamation হিতের উপর হিত use upon use হেগ কনভেনশন Hague Conventions হেগ বিধানাবলি Hague Rules হিন্দু Hindu হেতু cause; ground হিন্দু আইন Hindu law হেতুতে on account of হিবা hiha হেফাজত custody হিবা-বিল-এওয়াজ hiba-bil-iwaz হেফাজতে আত্মসমর্থন surrender to হিসাব account custody হিসাব অন্যথাকরণ falsification of হেবা hiba accounts হেবিয়াস কর্পাস habeas corpus হিসাব তদন্তের আদেশ order for হোন্ডিং holding accounts হোন্ডিং কোম্পানি holding company হিসাবনিকাশ accounts হিসাব-নিরীক্ষক auditor হ্যাকিং hacking হিসাব নিষ্পত্তি settlement of accounts হ্যানসার্ড Hansard হিসাবপত্ৰ accounting records হ্রাসকরণ commutation হিসাব পরীক্ষার জন্য কমিশন হ্রাসকৃত দায়িত্ব diminished commission for examination of responsibility accounts হ্রাসকৃত মূল্য cut price, cut rate

গ্রন্থপঞ্জি

Mohammad Ali, Mohammad Moniruzzaman and Jahangir Tareque, Bangla Academy Bengali-English Dictionary (14th reprint; Dhaka: Bangla Academy, 2002).

Edward J. Bander, *Dictionary of Selected Legal Terms and Maxims* (2nd edn.; New York: Oceana Publications, 1979).

Roger Bird, Osborn's Concise Law Dictionary (7th edn.; London: Sweet & Maxwell, 1983).

Shamik Bandyopadhyay (ed), *The New Samsad English-Bengali Dictionary of Contemporary English* (Calcutta: Shishu Sahitya Samsad, 2001).

The Canadian Bar Association, Canadian Common Law Dictionary: Law of Property and Estates (Cowansville: les editions Yvon Blais Inc., 1997).

Birendramohan Dasgupta (ed.), Samsad English-Bengali Dictionary (5th edn., reprinted; Calcutta: Shishu Sahitya Samsad, 2001).

Y. Y. Chandrachud (ed.), *P. Ramanatha Aiyer's The Law Lexicon* (2nd edn., revised; Nagpur: Wadhwa and Company, 2002).

L. B. Curzon, *Dictionary of Law* (4th edn.; London: Pitman Publishing, 1997).

Brian A. Garner (ed), *Black's Law Dictionary* (7th edn.; St Paul, Minn.: West Group, 1999).

Daniel Greenberg and Alexandra Millbrook (ed.), *Stroud's Judicial Dictionary of Words and Phrases* (6th edn.; London: Sweet & Maxwell, 2000).

Shaikh Ghulam Maqsud Hilali, *Perso-Arabic Elements in Bengali* (2nd edn.; Dhaka: Hilali Foundation, 2003).

Elizabeth A. Martin (ed), A Dictionary of Law (5th edn.; Oxford: Oxford University Press, 2002).

A.W. Motion, *The Pocket Law Lexicon* (8th edn., 1st Indian reprint; Delhi: Universal Book Traders, 1996).

Judy Pearsall (ed.), *The Concise Oxford Dictionary* (10th edn.; New Delhi: Oxford University Press, 2002).

Ghazi Shamsur Rahman, *Law Dictionary* (4th edn.; Dhaka: Kamrul Book House, 2000).

John Robinson, *Dictionary of Law and other terms* commonly employed in the courts of Bengal including many commercial words and idiomatic phrases in English and Bengali (Calcutta: Thacker, Spink & Co., 1860).

গৌরচরণ বন্দ্যোপাধ্যায় (সংকলিত) Shorter English-Bengali (Legal and Official) Dictionary (কলকাতা: বেলা বন্দ্যোপাধ্যায়, ১৯৯৪)।

বাংলা একাডেমী প্রশাসনিক পরিভাষা (ষষ্ঠ পুনর্মুদ্রণ; ঢাকা: বাংলা একাডেমী, ২০০৩)।

মুহম্মদ এনামূল হক ও শিবপ্রসন্ন লাহিড়ী (সম্পাদিত), *বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান* (পরিমার্জিত সংস্করণ; ঢাকা: বাংলা একাডেমী, ২০০০)।

মুহাম্মন হাবিবুর রহমান (সংকলিত), *বাংলাদেশ সংবিধানের শব্দ ও খণ্ডবাক্য* (ঢাকা: বাংলা একাডেমী, ১৯৯৭)।

মুহাম্মদ হাবিবুর রহমান, *যথাশব্দ* (পরিবর্ধিত দ্বিতীয় সংকরণ, পুনর্মুদ্রণ; ঢাকা: ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, ২০০৩)।

মোঃ আবদুল হামিদ, *আইন কোষ* (ঢাকা: বাংলা একাডেমী, ১৯৯১)।

শৈলেন্দ্র বিশ্বাস ও অন্যান্য (সংকলিত ও সংশোধিত), সংসদ বাংলা অভিধান (পঞ্চম সং, দ্বিতীয় মুদ্রণ; কলিকাতা: শিশু সাহিত্য সংসদ, ২০০১)।

হীরেন্দ্রনাথ রায় ও ধীরেশচন্দ্র ভট্টাচার্য, *সংসদ অর্থবিদ্যা অভিধান* (কলিকাতা: শিশু সাহিত্য সংসদ, ২০০৬)। বাংলাভাষায় আইনচর্চার ক্ষেত্রে আইন-শব্দকোষ একটি অভিনব প্রচেষ্টা। ইহাতে প্রায় ৬০০০ ভুক্তি আছে। ভুক্তি নির্বাচিত হইয়াছে মূলত বাংলাদেশের সংবিধান ও সংবিধিবদ্ধ আইন হইতে, তবে ঐতিহাসিক পটভূমি ও বর্তমান প্রাসঙ্গিকতার কারণে ইংরাজি আইন, ইউরোপীয় আইন ও আন্তর্জাতিক আইন এবং অর্থনীতি ও তথ্যপ্রযুক্তিবিষয়ক অনেক ভুক্তি ইহাতে গৃহীত হইয়াছে। দেশি-বিদেশি আইনবিশারদদের রচনার সাহায্যে প্রতিটি ভুক্তি সুস্পষ্টরূপে ব্যাখ্যাত হইয়াছে, এক ভুক্তিতে প্রায়শই নির্দেশ করা হইয়াছে অপর প্রাসঙ্গিক ভুক্তির। কিছু কিছু ক্ষেত্রে প্রাসঙ্গিক নজিরের উল্লেখ রহিয়াছে। ইতিমধ্যে নির্মিত ও প্রচলিত পারিভাষিক শব্দের সহিত যুক্ত হইয়াছে কিছু নূতন প্রণীত ও উদ্ভাবিত শব্দ। নির্মিতে ভুক্তিগুলির বাংলা সমার্থশব্দ সংকলিত হইয়াছে— তৎসংলগ্ন ইংরাজি শব্দদ্বারা মূল ভুক্তির সন্ধান পাওয়া যাইবে। দুরূহতার জন্য আইনি ভাষার কিছু দুর্নাম আছে, তবে এই কোষগ্রস্থের ভাষা যথেষ্ট সরল ও সহজ-বোধগম্য।

বাংলাদেশে কর্মরত কানাডার আন্তর্জাতিক উন্নয়ন-সংস্থার (CIDA) আইনি সংস্কার প্রকল্পের প্রথম ভাগ এবং ইহার নির্বাহীরূপে কানাডার বিচার বিভাগের উদ্যোগে আইন-শব্দকোষ-প্রণয়নের পরিকল্পনা গৃহীত হয়। ইহার আণ্ড লক্ষ্য বাংলাভাষার আইন-প্রণয়নের বিদ্যমান ধারাকে সাহায্য ও পুষ্ট করা। আশা করা যায়, আইন-শব্দকোষ কেবল আইনপ্রণেতা ও আইনের খসড়া-রচয়িতাদের নয়, আইনের ছাত্র ও শিক্ষক, আইনজীবী ও বিচারক, অন্যান্য পেশাজীবী এবং আইনে উৎসাহী সাধারণজনের কৌতৃহল ও প্রয়োজন নিবৃত্ত করিবে।

এই গ্রন্থ সংকলন ও সম্পাদন করিয়াছেন বাংলাদেশের সাবেক প্রধান বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সংখ্যাতিরিক্ত অধ্যাপক আনিসুজ্জামান।



AIN-SABDAKOS

compiled and edited by Muhammad Habibur Rahman and Anisuzzaman price Bdt 1800.00 only US \$ 80.00

cover design :: Masum Rahman anyaprokash<< dhaka<< bangladesh www.anyaprokash.com an ANYAPROKASH publication

Bdt 1500

ISBN 984 868 414 X